


ফেলুদা



ফেলুদা
সমগ্র

সব বয়সী, সব পাঠকের প্রিয় গোয়েন্দা ফেলুদার রহস্য
রোমাঞ্চ অ্যাডভেঞ্চার। গোয়েন্দা গল্প বাংলায় কম
লেখা হয়নি, কিন্তু এমন টানটান, মেদবিহীন গল্প
বিরল। ফেলুদার রহস্য কাহিনীর কোনওটাতেই
আড়ষ্টতা নেই। নেই কোনও বাহুল্য। একটা বাড়তি
শব্দও খুঁজে পাওয়া ভার। গল্পজুড়ে ছবির পর ছবি
ফুটে ওঠে।

ফেলুদার একটা পোশাকি নাম আছে—প্রদোষ মিত্র।
কিন্তু ফেলু মিত্রের নামেই তাঁর সমস্ত খ্যাতি। রহস্যের
জট খুলতে ফেলুদার জুড়ি নেই। তাঁর সহকারী
তোপসে নিজের জবানিতে যেসব গল্প লিখেছে তার
মধ্যে ফেলুদার চরিত্রটি স্পষ্ট হয়ে উঠেছে স্ব-মহিমায়।
গল্পের শুরুতে তিনি নিজেকে রহস্যের আড়ালে
লুকিয়ে রাখলেও শেষ মুহূর্তে সাফল্যের শীর্ষ স্পর্শ
করেন। সব সময়ই তিনি তদন্তের গলিঘুঁজি কিংবা
গোলকধাঁধা পেরিয়ে বিশ্বাসযোগ্যভাবে ফাঁস করে দেন
যাবতীয় রহস্য-জাল। কোনও বাধাই ফেলুদার কাছে
বড় নয়।

গোয়েন্দা ফেলুদার অ্যাডভেঞ্চারে তৃতীয় যিনি
অপরিহার্য, তিনি লালমোহন গাঙ্গুলী। ‘জটায়ু’ ছদ্মনামে
তিনি অদ্ভুত সব রহস্য-উপন্যাস লেখেন। তোপসের
গল্পে বর্ণিত রহস্যের দুর্দান্ত ঘনঘটা ও মগজের
ব্যায়ামের ফাঁকে ফাঁকে, অনাবিল হাসি ও সরসতার
আশ্চর্য দরজাটা খুলে দেয় লালমোহনবাবুর অতি
সরল সাবলীল উপস্থিতি।

শুধু তো গল্প নয়, ফেলুদার গল্প-উপন্যাসে যেসব
জায়গায় রহস্য ঘনিয়েছে, সে দেশে কিংবা বিদেশে
যেখানেই হোক, সেখানকার নিখুঁত ইতিহাস ও
ভূগোলবর্ণনা পাঠকদের চমকে দেয়। কোথাও
এতটুকু ভুলচুক নেই। স্থান-কাল-পাত্র সম্পর্কে
ফেলুদার জ্ঞান তো গভীর বিষয় জাগায়।

সব মিলিয়ে গোয়েন্দা ফেলু মিত্রকে তুড়ি মেরে
উড়িয়ে দেওয়ার সাধ্য কারও নেই। ফেলুদা, তোপসে
আর লালমোহনবাবুকে নিয়ে লেখা সত্যজিৎ রায়ের
প্রতিটি অ্যাডভেঞ্চার-অভিযান অবশ্যই পড়তে হবে।
না পড়লে ঠকতে হবে। এই পড়ার কাজটি যাতে
আরও সহজসাধ্য হয় তারজন্য পাঠকদের হাতে এবার
দু খণ্ডে ফেলুদা সমগ্র।

বিশ্ববরেণ্য চলচ্চিত্রশ্রষ্টা সত্যজিৎ রায়ের জন্ম উত্তর কলকাতার গড়পার রোডে ২ মে ১৯২১ সালে। সুকুমার রায় ও সুপ্রভা রায়ের একমাত্র সন্তান। স্কুলের শিক্ষা বালিগঞ্জ গভর্নমেন্ট হাইস্কুলে। প্রেসিডেন্সি কলেজ থেকে সাম্মানিক স্নাতক (১৯৪০)। ওই বছরই শান্তিনিকেতন কলাভবনে ভর্তি হন। কিন্তু '৪২-এ শিক্ষা অসমাপ্ত রেখে ফিরে আসেন। চাকুরিজীবনের শুরু (১৯৪৩) বিজ্ঞাপন সংস্থা ডি জে কিমার-এ। বিবাহ ১৯৪৯-এ। এই সময়ের মধ্যেই বিভিন্ন বইয়ের প্রচ্ছদ ও চিত্রাঙ্কনের জন্য পুরস্কার লাভ করেছেন। রচনা করেছেন বেশ কয়েকটি চিত্রনাট্য। ১৯৫৫-তে তাঁর 'পথের পাঁচালী' চলচ্চিত্রটি মুক্তি পায়। কান ফিল্ম ফেস্টিভ্যালে 'পথের পাঁচালী' পায় শ্রেষ্ঠত্বের সম্মান। 'অ্যাবস্ট্রাকশান' নামে একটি ইংরেজি গল্প দিয়ে লেখার জগতে সত্যজিৎের আত্মপ্রকাশ (১৯৪১)। 'সন্দেশ' পত্রিকার পুনঃপ্রকাশ (১৯৬১) উপলক্ষে বাংলা সাহিত্য রচনা শুরু। প্রোফেসর শঙ্কুকে নিয়ে প্রথম গল্প 'ব্যোমযাত্রীর ডায়েরি'। প্রথম প্রকাশিত গ্রন্থ 'প্রোফেসর শঙ্কু' (১৯৬৫)। বইটি ১৯৬৭-তে শ্রেষ্ঠ শিশুসাহিত্য গ্রন্থরূপে অকাদেমি পুরস্কার লাভ করে। 'ফেলুদার গোয়েন্দাগিরি' (১৯৬৫) ফেলুদা সিরিজের সূচনা-গল্প। তাঁর অবিস্মরণীয় সৃজনশীলতার স্বীকৃতি স্বরূপ সত্যজিৎ বহু সম্মান ও পুরস্কারে ভূষিত হয়েছেন। এর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য ভারতরত্ন ও লিজিয়ন অফ অনার (ফ্রান্স) সম্মান। পুরস্কারের মধ্যে আনন্দ, বিদ্যাসাগর, গোল্ডেন লায়ন (ভেনিস) এবং 'লাইফটাইম অ্যাচিভমেন্ট'-এর জন্য বিশেষ অস্কার। কল্পবিজ্ঞান কাহিনী, গোয়েন্দাকাহিনী, উপন্যাস, গল্প, প্রবন্ধ, স্মৃতিকথা, চিত্রনাট্য, সম্পাদিত, সংকলিত ও অনূদিত গ্রন্থ মিলিয়ে সত্যজিৎের বইয়ের সংখ্যা ষাটের অধিক।

মৃত্যু ২৩ এপ্রিল ১৯৯২।

প্রচ্ছদ সমীর সরকার, সুনীল শীল

সত্যজিৎ রায়ের আলোকচিত্র: তপন দাশ

ফেলুদা ১ সমগ্র

খসড়া খাতায় ফেলুদা

ভারী বিপদে পড়লাম। ‘সন্দেশ’-এর এই বিশেষ সংখ্যায় ফেলুদাকে নিয়ে এতজনে লিখছেন যে, বিষয়ের মিল হয়ে যাবার একটা আশঙ্কা থাকে। এখন এই সমস্যাকে এড়ানো যায় কীভাবে? অগত্যা সব থেকে নিরাপদ রাস্তাটাই বেছে নিলাম—ফিরে গেলাম বাবার খসড়া খাতায়। এ-খাতা কিন্তু ওঁর বিখ্যাত লাল খেরোর কাপড় দিয়ে বাঁধানো ফিল্মের খাতা নয়—পার্ক স্ট্রিটের অক্সফোর্ড বুক কোম্পানি থেকে কেনা হার্ড কভারের খাতা—যার উপর সোনার জল দিয়ে ছোট করে লেখা: ‘নোটস’। ১৯৬১ সাল, অর্থাৎ, নতুন ‘সন্দেশ’-এর প্রথম বছর থেকে এই খাতা কেনা শুরু হয়, এবং সেই অভ্যাস বজায় থাকে ১৯৯১ অবধি। এই তিরিশ বছরের প্রায় ৭০-৮০টা খাতা থেকে ফেলুদাকে নিয়ে যে কত অজানা তথ্য বেরিয়ে এল, তার ইয়ত্তা নেই। সেইসব কিছু তথ্যের কথাই আজ তোমাদের বলব।

১৯৬১ থেকে ১৯৬৪—এই চার বছরের কোনও খাতাতেই ফেলুদার নাম-গন্ধটি নেই। তারপর হঠাৎই, ১৯৬৫-তে, খাতার একেবারে তৃতীয় পাতায় ‘ফেলুদা’র গোয়েন্দাগিরি’ শুরু হয়ে গেছে। প্রথম পাতায় শুধু ইংরিজিতে লেখা বাবার সেই ও সাল। এক নতুন চরিত্রের জন্মের আগে, একজন লেখক সাধারণত যে-সব প্রাথমিক খসড়া করে থাকেন, উনি তা কিছুই করেননি। গত চার বছরে লেখা অন্যান্য গল্পের মতো সরাসরি আরম্ভ করে দিয়েছেন। ফেলুদাকে নিয়ে যে একটা জবরদস্ত, সাড়া-জাগানো সিরিজ হতে পারে, সেই চিন্তা কিন্তু তখনও তাঁর মাথায় আসেনি। ২৭ পাতার বারবারে খসড়াটি শেষ করেই ধরেছেন ‘আর্চার’ পত্রিকার জন্য কল্প-বিজ্ঞানের গল্প ‘ময়ূরকণ্ঠী জেলি’। এ ছাড়া ওঁর প্রথম প্রকাশিত বই ‘প্রোফেসর শঙ্কু’র প্রচ্ছদের কিছু এলোমেলো নকশা এঁকেছেন।

ফেলুদা যে হিট, সেটা অবিশ্যি তার পরের বছরের খাতা দেখলেই বোঝা যায়। প্রায় এক নিশ্বাসে লিখে ফেলেছেন বারোটা কিস্তিতে ভাগ করা ‘বাদশাহী আংটি’। তবে ১৯৬৯ অবধি ফেলুদার গল্পে বা উপন্যাসে কোনও তারিখ নেই, খালি খাতার প্রথম পাতায় যথারীতি বাবার সেই ও সালটা লেখা। যদিও ‘গ্যাংটকে গণ্ডগোল’ লেখার শুরুর তারিখটা উনি দিয়েছিলেন, কিন্তু কবে লেখা শেষ করলেন, সেটা দেননি। তবে ১৯৭২ সাল থেকে উনি ফেলুদার অধিকাংশ লেখাতেই দুটো তারিখই দিতে আরম্ভ করেন। এবার পরের পাতার ছকটা দেখে ফেলুদার কোন লেখা কবে লেখা হয়েছে, বা কত দিনে লেখা হয়েছে, সেটা জেনে নিতে পারো।

এতে দেখা যাচ্ছে—দুই থেকে পাঁচ দিনে গল্প লেখা হচ্ছে, তিন থেকে নয় নভেলোট, আর ছয় থেকে তেত্রিশে উপন্যাস। গোড়ার দিকে বছরে একটা, কিন্তু পরে চাহিদা বেড়ে যাওয়ার ফলে দুটো, এমনকী তিনটে করেও ফেলুদা লিখতে হয়েছে বাবাকে। আর এটাও ভুলে গেলে চলবে না যে, এইসব লেখার ফাঁকে ফাঁকে তিনি ফিল্মও তুলে যাচ্ছেন! তবে রেকর্ড করলেন ১৯৮৯ সালে। শুধু জুন মাসেই একটানা এগারো দিন লিখে শেষ করলেন তিন-তিনটে ফেলুদা কাহিনী—‘ডাঃ মুনসীর ডায়রি’, ‘গোলাপী মুক্তা রহস্য’ ও ‘লন্ডনে ফেলুদা’।

‘কৈলাস রহস্য’ নামে বাবা একটা ফেলুদা-উপন্যাস শুরু করেন ১৯৭২ সালের ৬ জুন। মাত্র

নাম	প্রথম খসড়ার নাম	রচনাকাল	ক'দিনে লেখা
১ ফেলুদা'র গোয়েন্দাগিরি		১৯৬৫	
২ বাদশাহী আংটি		১৯৬৬	
৩ কৈলাস চৌধুরীর পাথর		১৯৬৭	
৪ শেয়াল-দেবতা রহস্য	ফেলুদা ও আনুবিস রহস্য/আনুবিস রহস্য	১৯৬৯	
৫ গ্যাংটকে গণ্ডগোল	গ্যাংটকে ফেলুদা	১৭.৬.৭০-?	
৬ সোনার কেল্লা		১৯৭১	
৭ বাব্ব-রহস্য		৭.৬.৭২-১৭.৬.৭২	১১
৮ সমাদ্দারের চাবি		১৪.৬.৭৩-১৬.৬.৭৩	৩
৯ কৈলাসে কেলেকারি	কৈলাস রহস্য	১৫.৭.৭৩-২৭.৭.৭৩	১৩
১০ রয়েল বেঙ্গল রহস্য	ফেলুদার অরণ্যকাণ্ড/ যেখানে বাঘের ভয়	১৮.৫.৭৪-?	
১১ জয় বাবা ফেলুনাথ	কাশীধামে ফেলুদা	৭.৬.৭৫-২১.৬.৭৫	১৫
১২ ঘুরঘুটিয়ার ঘটনা	তোতা রহস্য	১৫.৮.৭৫-১৬.৮.৭৫	২
১৩ বোম্বাইয়ের বোম্বেটে		?-২১.৭.৭৬	
১৪ গোসাঁইপুর সরগরম	গোসাঁইপুরের ঠগী	১১.৮.৭৬-১৩.৮.৭৬	৩
১৫ গোরস্থানে সাবধান!	সাবধান গোরস্থান	২৭.৮.৭৭-১.৯.৭৭	৪
১৬ ছিন্নমস্তার অভিষাপ		৮.৮.৭৮-?	
১৭ হত্যাপুরী		১৯.৭.৭৯-২০.৮.৭৯	৩৩
১৮ গোলকধাম রহস্য	প্রফেসর দাশগুপ্তের ফরমুলা	১৯.৮.৮০-২৭.৮.৮০	৯
১৯ যত কাণ্ড কাঠমাণ্ডুতে		৫.৭.৮০-২৬.৭.৮০	২২
২০ নেপোলিয়নের চিঠি		২৪.৭.৮১-২৯.৭.৮১	৬
২১ টিনটোরেরটোর যীশু		৫.৮.৮২-১১.৮.৮২	৭
২২ অম্বর সেন অন্তর্ধান রহস্য		৪.২.৮৩-৬.২.৮৩	৩
২৩ জাহাঙ্গীরের স্বর্ণমুদ্রা	নন্দন কানন রহস্য	২১.৬.৮৩-২৪.৬.৮৩	৪
২৪ এবার কাণ্ড কেদারনাথে	কেদারদা', বদ্রিদা' আর ফেলুদা	৬.১১.৮৩, ১৪-২৩.১১.৮৩	১১
২৫ বোসপুকুরে খুনখারাপি	বোসপুকুরের মামলা/ ফেলুদা করল ফাঁস	৭.৫.৮৫-১০.৫.৮৫	৪
২৬ দার্জিলিং জমজমাট	হিল স্টেশনে হত্যাকাণ্ড	১৮.২.৮৬-২৩.২.৮৬	৬
২৭ ভূস্বর্গ ভয়ংকর		৩১.৩.৮৭-৩.৪.৮৭	৪
২৮ ইন্দ্রজাল রহস্য		২২.৪.৮৭-২৬.৪.৮৭	৫
২৯ অঙ্গরা থিয়েটারের মামলা	অঙ্গরা মঞ্চের মামলা	৫.৫.৮৭-৭.৫.৮৭	৩
৩০ শকুন্তলার কণ্ঠহার	কণ্ঠহার রহস্য	১৩.১.৮৮-১৫.১.৮৮	৩
৩১ ডাঃ মুনসীর ডায়রি	ডাঃ নন্দীর ডায়রি	১৯.৬.৮৯-২৩.৬.৮৯	৫
৩২ গোলাপী মুক্তা রহস্য	গোলাপী মুক্তার মামলা	২৩.৬.৮৯-২৬.৬.৮৯	৪
৩৩ লন্ডনে ফেলুদা		২৭.৬.৮৯-২৯.৬.৮৯	৩
৩৪ নয়ন রহস্য		২০.৩.৯০-২৫.৩.৯০	৬
৩৫ রবার্টসনের রুবি		২১.৫.৯১-?	

তিন পাতা লিখে তাঁর হঠাৎ একটা নতুন প্লট মাথায় আসে। ফলে, ‘কৈলাস...’কে ধামা-চাপা দিয়ে, পবদিনই খাতাটা উলটে চালু হয়ে যায় ‘বাক্স-রহস্য’। কিন্তু তার ঠিক এক বছর বাদে, তিনি আবার সেই তিন পাতার আইডিয়াতে ফিরে আসেন। তখন অবিশ্যি নাম পালটে সেটা ‘কৈলাসে কেলেকারি’ হয়ে গেছে।

বাবা যখন খসড়া থেকে ফুলস্ক্র্যাপ কাগজে ফাইনাল কপি করতেন, তখনও নানারকম অদল-বদল হত। যেমন ‘হত্যাপুরী’ ও ‘টিনটোরেটোর যীশু’র প্রথম খসড়ায় যথাক্রমে ‘ডুংরুর কথা’ ও ‘রুদ্রশেখরের কথা (১)’ উনি লেখেননি—সোজা দ্বিতীয় পরিচ্ছেদ থেকে গল্প শুরু করেছেন। ‘কৈলাসে কেলেকারি’র কথাই ধরা যাক। প্রকাশিত অবস্থায় এই উপন্যাসের প্রথম দু’টি বাক্য হল—‘জুন মাসের মাঝামাঝি। স্কুল ফাইনাল দিয়ে বসে আছি, রেজাল্ট কবে বেরোবে জানি না।’ কিন্তু খসড়ায় সে-উপন্যাস শুরু হচ্ছে একেবারে সিধুজ্যাঠার উক্তি দিয়ে, যা বইতে আসছে তিন নম্বর পাতার গোড়ায়—‘মানুষ খুন ত আকচাঁর হচ্ছে; তার চেয়েও সাংঘাতিক খুন কী জান?’

‘কৈলাসে কেলেকারি’র এই ১১২ পাতার খসড়াটা লিখতে বাবার ন’দিন সময় লেগেছিল। কিন্তু তার মাঝখানে যে উনি চার দিন ধরে সাইনাস রোগে ভুগেছিলেন, তারও উল্লেখ পাওয়া যাচ্ছে শেষ পাতায়।

এভাবেই খুঁজতে খুঁজতে ১৯৮৭ সালের একটা খাতা থেকে বেরিয়ে পড়ল ‘ইন্দ্রজাল রহস্য’। ছোটগল্প ‘গণেশ মুৎসুদ্দির পোর্ট্রেট’ আর ফেলুদার ‘অঙ্গরা থিয়েটারের মামলা’র মাঝখানে ছাকিঁশ পাতার এই সম্পূর্ণ লেখাটা দেখে তো আমি অবাক! চাপা উত্তেজনা নিয়ে এক নিমেষে লেখাটা পড়ে ফেলে নিশ্চিন্ত হলাম। না, এর সঙ্গে অন্য ফেলুদা-গল্পের কোনও মিলই নেই। অথচ, যেখানে ‘অঙ্গরা থিয়েটারের মামলা’ প্রকাশিত হল, সেখানে তার ঠিক আগে লেখা ‘ইন্দ্রজাল রহস্য’ বাদ পড়ল কেন? রহস্যই বটে!

এ ছাড়াও বেরুল এস্তার অসমাপ্ত ফেলুদা-গল্পের খসড়া—যার থেকে একটা এবার শারদীয়া ‘সন্দেশ’-এ বেরিয়েছে। বাকিগুলো যে কয়েক মাসের মধ্যেই পাবে, তা বলাই বাহুল্য।

ফেলুদার লেখার এক বাড়তি আকর্ষণ যে দেশ-ভ্রমণ, সেটা তোমরা সকলেই মানবে। ফেলুদার যাওয়া সব জায়গাতেই বাবা কোনও-না-কোনও সময় গেছেন। এর মধ্যে দার্জিলিং ওঁর অত্যন্ত প্রিয় ছিল। কাজেই, তাঁর প্রথম মৌলিক চিত্রনাট্য ‘কাঞ্চনজঙ্ঘা’ আর প্রথম ফেলুদার গল্পের ঘটনা যে দার্জিলিং শহরেই ঘটেবে, তাতে আর আশ্চর্য কী?

দার্জিলিং ছাড়াও, প্রতি বছর পুজোর ছুটিতে আমাদের পুরী যাওয়াটা ছিল বাঁধা। যার ফল অবশ্যই ‘হত্যাপুরী’। আর বাবার ছেলেবেলায় যোরা লখনৌ ও কাশ্মীরের স্মৃতি থেকেই লেখা হয়েছে ‘বাদশাহী আংটি’ ও ‘ভূস্বর্গ ভয়ংকর’। ১৯৮২-তে বাবা-মা ফিলিপাইনস দ্বীপপুঞ্জের প্রথম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে ম্যানিলা শহরে আমন্ত্রিত হন। যাবার পথে তাঁরা একদিন হংকং-এ ছিলেন। যদিও সে-শহর বাবার আগেই দেখা, কিন্তু এবারের জাঁকজমক তাঁর চোখ ঝলসে দিল। ফেলুদাকে তাই আর শুধু ভারতবর্ষ-নেপালে আটকে রাখা গেল না—লেখা হল ‘টিনটোরেটোর যীশু’। বিদেশের আরও দুটো জাঁদরেল শহর বাবাকে ভীষণ টানত—লন্ডন ও নিউ ইয়র্ক। লন্ডনে ফেলুদা গেল ঠিকই, কিন্তু নিউ ইয়র্কে আর তার যাওয়া হয়ে উঠল না।

বাবার ফিল্মের জীবনও যে ফেলুদার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত, তারও প্রমাণ পাওয়া যায় বার বার। সিকিমের উপর এক তথ্যচিত্র করার পরেই লেখা হয় ‘গ্যাংটকে গুণগোল’। ‘গুপী গাইন বাঘা বাইন’-এর সময় জয়সলমীয়ে তোলা হাঙ্গা রাজার দুর্গ হয়ে ওঠে ‘সোনার কেলা’। সেই একই ছবিতে গুপী-বাঘা যখন ‘ঝুণ্ডি!’ বলে তালি মেরে বরফের দেশে পৌঁছে যায়, তার গুটিং হয় সিমলার কাছে কুফরি অঞ্চলে। সেই সিমলা, এবং বিশেষ করে কুফরিতে ঘটে যায়

তিন বছর বাদে লেখা ‘বাক্স-রহস্য’র দুর্ধর্ষ ক্লাইম্যাক্স। ‘অপরাজিত’ তুলতে গিয়ে বাবা বেনারস চষে ফেলেছিলেন, আর সেই অভিজ্ঞতাই তাঁকে সাহায্য করে ‘জয় বাবা ফেলুনাথ’ লিখতে। ‘হীরক রাজার দেশে’র একটা দৃশ্য নিতে আমরা সকলে নেপাল যাই। কাঠমাণ্ডু থেকে কাকনি নামের একটা জায়গায় গিয়ে, গুপী-বাঘাকে নিয়ে তোলা হয় ‘এবারে দেখ গর্বিত বীর...’ গানটি। তারপরেই কলকাতায় ফিরে ফেলুদার যে উপন্যাসটা বাবা লেখেন তার নাম তোমরা সকলেই জানো। এমনকী, ফেলুদার শেষ লেখা ‘রবার্টসনের রুবি’তেও বাবার ফিল্ম-জীবনের এক জায়গা ও এক ঘটনা পাওয়া যাবে। জায়গাটা হল দুবরাজপুরের মামা-ভাগনে পাহাড় (‘অভিযান’), আর ঘটনাটা হল সাঁওতাল নাচের দৃশ্য (‘আগন্তুক’)।

১৯৮৩ সালের ১ অক্টোবর বাবার প্রথম হার্ট-অ্যাটাক হয়; এবং সেই দিনই তিনি ভর্তি হয়ে যান বেলভিউ নার্সিং হোমে। ৭২ ঘণ্টা কড়া নজরে রাখার পর, ডাক্তাররা মোটামুটি হাঁফ ছেড়ে জানান যে, এ যাত্রার ফাঁড়াটা কেটেছে—তবে ঘরে এখনও তাঁকে নামানো হবে না, ইনটেনসিভ কেয়ারেই থাকবেন। সেই বেলভিউতেই, ৬ নভেম্বর বাবা শুরু করেন ‘এবার কাণ্ড কেদারনাথে’। কিন্তু মাত্র একদিন লিখে, সাত দিনের বিরতি। তারপর ১৪ থেকে একনাগাড়ে দশ দিন লিখে, নার্সিং হোমেই উপন্যাসটি শেষ করেন তিনি। আর সেই লেখার প্রথম খসড়ার যে নাম উনি দিয়েছিলেন, সেটা একমাত্র ওই অবস্থাতে ওঁর পক্ষেই দেওয়া সম্ভব—‘কেদারদা’, বদ্রিদা’ আর ফেলুদা’!

সন্দীপ রায়

সন্দেশ ‘ফেলুদা ৩০’ বিশেষ সংখ্যা (অগ্রহায়ণ ১৪০২)

সূচিপত্র

•

ফেলুদা'র গোয়েন্দাগিরি ১
বাদশাহী আংটি ২০
কৈলাস চৌধুরীর পাথর ৮২
শেয়াল-দেবতা রহস্য ১০০
গ্যাংটকে গুপ্তগোল ১১৯
সোনার কেল্লা ১৮১
বাক্স রহস্য ২৪৪
সমাদারের চাবি ২৯৪
কৈলাসে কেলেকারি ৩১৬
রয়েল বেঙ্গল রহস্য ৩৭৩
জয় বাবা ফেলুনাথ ৪৩০
ঘুরঘুটিয়ার ঘটনা ৪৯৫
বোম্বাইয়ের বোস্বেটে ৫১১
গোসাঁইপুর সরগরম ৫৫৪
গোরস্থানে সাবধান ৫৮৭
ছিন্নমস্তার অভিশাপ ৬৪৫

গ্রন্থ-পরিচয় ৬৯৫



ফেলুদা'র গোয়েন্দাগিরি

রাজেনবাবুকে রোজ বিকেলে ম্যাল-এ আসতে দেখি। মাথার চুল সব পাকা, গায়ের রং ফরসা, মুখের ভাব হাসিখুশি। পুরনো নেপালি আর তিব্বতি জিনিস-টিনিসের যে দোকানটা আছে, সেটায় কিছুক্ষণ কাটিয়ে বাইরে এসে বেষ্টিতে আধঘণ্টার মতো বসে সঙ্গে হব-হব হলে জলাপাহাড়ে বাড়ি ফিরে যান। আমি আবার একদিন ঠুঁর পেছন পেছন গিয়ে ঠুঁর বাড়িটাও দেখে এসেছি। গেটের কাছাকাছি যখন পৌঁছেছি, হঠাৎ আমার দিকে ফিরে জিজ্ঞেস করলেন, 'কে হে তুমি, পেছু নিয়েছ?' আমি বললাম, 'আমার নাম তপেশরঞ্জন বোস।' 'তবে এই নাও লজেঞ্চুস' বলে পকেট থেকে সতিই একটা লেমন-ড্রপ বার করে আমায় দিলেন, আর দিয়ে বললেন, 'একদিন সকাল সকাল এসো আমার বাড়িতে—অনেক মুখোশ আছে; দেখাব।'

সেই রাজেনবাবুর যে এমন বিপদ ঘটতে পারে, তা কেউ বিশ্বাস করবে?

ফেলুদাকে কথটা বলতেই সে খ্যাক করে উঠল।

'পাকামো করিসনে। কার কীভাবে বিপদ ঘটবে না-ঘটবে সেটা কি মানুষকে দেখলে বোঝা যায়?'

আমি দস্তুরমতো রেগে গেলাম।

'বা রে, রাজেনবাবু যে ভাল লোক, সেটা বুঝি দেখলে বোঝা যায় না? তুমি তো তাকে দেখেইনি। দার্জিলিং-এ এসে অবধি তো তুমি বাড়ি থেকে বেরোওইনি। রাজেনবাবু নেপালি বস্তিতে গিয়ে গরিবদের কত সেবা করেছেন জান?'

'আচ্ছা বেশ বেশ, এখন বিপদটা কী তাই শুনি। আর তুই কচি খোকা, সে বিপদের কথা তুই জানলি কী করে?'

কচি খোকা অবিশ্যি আমি মোটেই না, কারণ আমার বয়স সাড়ে তেরো বছর। ফেলুদার বয়স আমার ঠিক ডবল।

সতি বলতে কী ব্যাপারটা আমার জানার কথা নয়। ম্যাল-এ বেষ্টিতে বসেছিলাম—আজ রবিবার, ব্যান্ড বাজাবে, তাই শুনব বলে। আমার পাশে বসেছিলেন তিনকড়িবাবু, যিনি রাজেনবাবুর ঘর ভাড়া নিয়ে দার্জিলিং-এ গরমের ছুটি কাটাতে এসেছেন। তিনকড়িবাবু 'আনন্দবাজার' পড়ছিলেন, আর আমি কোনওরকমে উকিঝুঁকি মেরে ফুটবলের খবরটা দেখার চেষ্টা করছিলাম। এমন সময় হাঁপাতে হাঁপাতে ফ্যাকাশে মুখ করে রাজেনবাবু এসে ধপ্ করে তিনকড়িবাবুর পাশে বসে গায়ের চাদরটা দিয়ে কপালের ঘাম মুছতে লাগলেন।

তিনকড়িবাবু কাগজ বন্ধ করে বললেন, 'কী হল, চড়াই উঠে এলেন নাকি?'

রাজেনবাবু গলা নামিয়ে বললেন, 'আরে না মশাই। এক ইন্ফ্রেডিবল ব্যাপার!'



ইনফ্রেডিবল কথাটা আমার জানা ছিল। ফেলুদা ওটা প্রায়ই ব্যবহার করে। ওর মানে ‘অবিশ্বাস্য’।

তিনকড়িবাবু বললেন, ‘কী ব্যাপার?’

‘এই দেখুন না।’

রাজেনবাবু পকেট থেকে একটা ভাঁজ করা নীল কাগজ বার করে তিনকড়িবাবুর হাতে দিলেন। বুঝতে পারলাম সেটা একটা চিঠি।

আমি অবিশ্যি চিঠিটা পড়িনি, বা পড়ার চেষ্টাও করিনি; বরঞ্চ আমি উল্টো দিকে মুখ ঘুরিয়ে গুনগুন করে গান গেয়ে এমন ভাব দেখাচ্ছিলাম যেন বুড়োদের ব্যাপারে আমার কোনও ইন্টারেস্টই নেই। কিন্তু চিঠিটা না পড়লেও, তিনকড়িবাবুর কথা আমি শুনতে পেয়েছিলাম।

‘সত্যিই ইনফ্রেডিবল। আপনার ওপর কার এমন আক্রোশ থাকতে পারে যে আপনাকে এ ভাবে শাসিয়ে চিঠি লিখবে?’

রাজেনবাবু বললেন, ‘তাই তো ভাবছি। সত্যি বলতে কী, কোনও দিন কারও অনিষ্ট করেছি বলে তো মনে পড়ে না।’

তিনকড়িবাবু এবার রাজেনবাবুর দিকে ঝুঁকি ফিসফিস করে বললেন, ‘হাটের মাঝখানে এ সব ডিসকাস না করাই ভাল। বাড়ি চলুন।’

দুই বুড়ো উঠে পড়লেন।

* * *

ফেলুদা ঘটনাটা শুনে কিছুক্ষণ ভুরু কঁচকে গুম্ হয়ে বসে রইল। তার পর বলল, ‘তুই তা হলে বলছিস যে একবার তলিয়ে দেখা চলতে পারে?’

‘বা রে—তুমিই তো রহস্যজনক ঘটনা খুঁজছিলে। বললে, অনেক ডিটেক্টিভ বই পড়ে তোমারও ডিটেক্টিভ বুদ্ধিটা খুব ধারালো হয়ে উঠেছে।’

‘তা তো বটেই। এই ধর—আমি তো আজ ম্যাগে যাইনি, তবু বলে দিতে পারি তুই কোন দিকের বেঞ্চে বসেছিলি।’

‘কোন দিক?’

‘রাধা রেস্টুরান্টের ডান পাশের বেঞ্চগুলোর একটাতে?’

‘আরেকবার! কী করে বুঝলে?’

‘আজ বিকেলে রোদ ছিল। তোর বাঁ গালটা রোদে ঝলসেছে, ডান ধারেরটা ঝলসায়নি। একমাত্র ওই বেঞ্চগুলোর একটাতে বসলেই পশ্চিমের রোদটা বাঁ গালে পড়ে।’

‘ইনফ্রেডিবল।’

‘যাক্ গে। এখন কথা হচ্ছে—রাজেন মজুমদারের বাড়িতে একবার যাওয়া দরকার।’

* * *

‘আর সাতাত্তর পা।’

‘আর যদি না হয়?’

‘হবেই, ফেলুদা। আমি সেবার গুনেছিলাম।’

‘না হলে গাঁট্টা তো?’

‘হ্যাঁ—কিন্তু বেশি জোরে না। জোরে মারলে মাথার ঘিলু এদিক-ওদিক হয়ে যায়।’

কী আশ্চর্য—সাতাত্তরে রাজেনবাবুর বাড়ি পৌঁছলাম না। আরও তেইশ পা গিয়ে তবে ওর বাড়ির গেটের সামনে পড়লাম।

ফেলুদা ছোট্ট করে একটা গাঁট্রা মেরে বলল, ‘আগের বার ফেরার সময় গুনেছিলি, না আসার সময়?’

‘ফেরার সময়।’

‘ইডিয়ট! ফেরার সময় তো ঢালে নামতে হয়। তুই নিশ্চয়ই ধাঁই ধাঁই করে ইয়া বড়া বড়া স্টেপস ফেলেছিলি!’

‘তা হবে।’

‘নিশ্চয়ই তাই। আর তাই স্টেপস সেবার কম হয়েছিল, এবার বেশি হয়েছে। জোয়ান বয়সে ঢালে নামতে মানুষ বড় বড় পা ফেলে দৌড়ানোর মতো। আর বুড়ো হলে ঢালুর বেলা ব্রেক ক’ষে ক’ষে ছোট ছোট পা ফেলতে হয়—তা না হলে মুখ খুবড়ে পড়ে।’

কাছাকাছি কোনও বাড়ি থেকে রেডিওতে গান শোনা যাচ্ছে। ফেলুদা এগিয়ে কলিং বেল টিপল।

‘কী বলবে সেটা ঠিক করেছ ফেলুদা?’

‘যা খুশি তাই বলব। তুই কিন্তু স্পিকটি-নট। যতক্ষণ থাকবি এ বাড়িতে, একটি কথা বলবিনে।’

‘কিছু জিজ্ঞেস করলেও না!’

‘শাটাপ!’

একটা নেপালি চাকর এসে দরজা খুলে দিল।

‘অন্দর আইয়ে।’

বৈঠকখানায় ঢুকলাম। বেশ সুন্দর পুরনো প্যাটার্নের কাঠের বাড়ি। শুনেছি রাজেনবাবু দশ বছর হল রিটারির করে দার্জিলিং-এ আছেন। কলকাতায় বেশ নাম-করা উকিল ছিলেন।

চেয়ার টেবিল যা আছে ঘরে, সব বেতের। যেটা সবচেয়ে বেশি চোখে পড়ে সেটা হচ্ছে, চারিদিকে দেওয়ালে টাঙানো সব অভূত দাঁত-খিচোনো চোখ-রাঙানো মুখোশের সারি। আর আছে পুরনো ঢাল, তলোয়ার, ভোজালি, থালা, ফুলদানি এই সব। কাপড়ের উপর রং করা বুদ্ধের ছবিও আছে—কত পুরনো কে জানে? কিন্তু তাতে যে সোনালি রংটা আছে সেটা এখনও ঝলমল করছে।

আমরা দুজনে দুটো বেতের চেয়ারে বসলাম।

ফেলুদা দেওয়ালের এদিক-ওদিক দেখে বলল, ‘পেরেকগুলো সব নতুন, মর্চে ধরেনি। ভদ্রলোকের প্রাচীন জিনিসের শখটা বোধহয় বেশি প্রাচীন নয়।’

রাজেনবাবু ঘরে ঢুকলেন।

আমি অবাক হয়ে দেখলাম ফেলুদা উঠে গিয়ে টিপ করে এক পেন্নাম ঠুকে বলল, ‘চিনতে পারছেন? আমি জয়কৃষ্ণ মিত্তিরের ছেলে ফেলু।’

রাজেনবাবু প্রথমে চোখ কপালে তুললেন, তার পর চোখের দু পাশ কুঁচকিয়ে একগাল হেসে বললেন, ‘বা-বা! কত বড় হয়েছে তুমি, অ্যাঁ? কবে এলে এখানে? বাড়ির সব ভাল? বাবা এসেছেন?’

ফেলুদা জবাব দিচ্ছে, আর আমি মনে মনে বলছি—কী অন্যায়, এত কথা হল, আর ফেলুদা একবারও বলল না সে রাজেনবাবুকে চেনে?

এবার ফেলুদা আমার পরিচয়টাও দিয়ে দিল। রাজেনবাবুর মুখ দেখে মনেই হল না যে, এই সাত দিন আগে আমাকে লজেঞ্চুস দেবার কথাটা ওঁর মনে আছে।

ফেলুদা এবার বলল, ‘আপনার খুব প্রাচীন জিনিসের শখ দেখছি।’

রাজেনবাবু বললেন, ‘হ্যাঁ। এখন তো প্রায় নেশায় দাঁড়িয়েছে।’

‘কদ্দিনের ব্যাপার ?’

‘এই তো মাস ছয়েক হবে । কিন্তু এর মধ্যেই অনেক কিছু সংগ্রহ করে ফেলেছি ।’

ফেলুদা এবার একটা গলা-খাঁকরানি দিয়ে, আমার কাছ থেকে শোনা ঘটনাটাই শুনিয়ে বলল, ‘আপনি আমার বাবার মামলার ব্যাপারে যেভাবে সাহায্য করেছিলেন, তার প্রতিদানে আপনার এই বিপদে যদি কিছু করতে পারি...’

রাজেনবাবুর ভাব দেখে মনে হল তিনি সাহায্য পেলে খুশিই হবেন, কিন্তু তিনি কিছু বলবার আগেই তিনকড়িবাবু ঘরে ঢুকলেন । তাঁর হাঁপানোর বহর দেখে মনে হল বোধহয় বেড়িয়ে ফিরলেন । রাজেনবাবু আমাদের সঙ্গে ভদ্রলোকের আলাপ করিয়ে দিয়ে বললেন, ‘আমার বিশেষ বন্ধু অ্যাডভোকেট জ্ঞানেশ সেন হচ্ছেন তিনকড়িবাবুর প্রতিবেশী । আমি ঘরভাড়া দেব শুনে জ্ঞানেশই ওঁকে সাজেস্ট করে আমার এখানে আসতে । গোড়ায় উনি হোটেলের কথা ভেবেছিলেন ।’

তিনকড়িবাবু হেসে বললেন, ‘আমার ভয় ছিল আমার এই চুরুটের বাতিকটা নিয়ে । এমনও হতে পারত যে রাজেনবাবু হয়তো চুরুটের গন্ধ সহ্য করতে পারেন না । তাই সেটা আমি আমার প্রথম চিঠিতেই লিখে জানিয়ে দিয়েছিলাম ।’

ফেলুদা বলল, ‘আপনি কি বায়ু পরিবর্তনের জন্য এসেছেন ?’

‘তা বটে । তবে বায়ুর অভাবটাই যেন লক্ষ করছি বেশি । পাহাড়ে ঠাণ্ডা আর একটু বেশি এক্সপেক্ট করে লোকে ।’

ফেলুদা হঠাৎ বলল, ‘আপনার বোধহয় গান-বাজনার শখ ?’

তিনকড়িবাবু অবাক হাসি হেসে বললেন, ‘সেটা জানলে কী করে হে ?’

‘আপনি যখন কথা বলছেন তখন লক্ষ করছি যে, লাঠির উপর রাখা আপনার ডান হাতের তর্জনীটা রেডিওর সঙ্গে তাল রেখে যাচ্ছে ।’

রাজেনবাবু হাসতে হাসতে বললেন, ‘মোক্ষম ধরেছ । উনি ভাল শ্যামা সংগীত গাইতে পারেন ।’

ফেলুদা এবার বলল, ‘চিঠিটা হাতের কাছে আছে ?’

রাজেনবাবু বললেন, ‘হাতের কাছে কেন, একেবারে বুকের কাছে ।’

● রাজেনবাবু কোটের বুক-পকেট থেকে চিঠিটা বার করে ফেলুদাকে দিলেন । এইবার সেটা দেখার সুযোগ পেলাম ।

হাতে-লেখা চিঠি নয় । নানান জায়গা থেকে ছাপা বাংলা কথা কেটে কেটে আঠা দিয়ে জুড়ে চিঠিটা লেখা হয়েছে । যা লেখা হয়েছে, তা হল এই—‘তোমার অন্যায়ে শাস্তি ভোগ করিতে প্রস্তুত হও ।’

ফেলুদা বলল, ‘এ চিঠি কি ডাকে এসেছে ?’

রাজেনবাবু বললেন, ‘হ্যাঁ । লোক্যাল ডাক—বলা বাহুল্য । দুঃখের বিষয় খামটা ফেলে দিয়েছি । দার্জিলিং-এরই পোস্টমার্ক ছিল । ঠিকানাটাও ছাপা বাংলা কথা কেটে কেটে লেখা ।’

‘আপনার নিজের কাউকে সন্দেহ হয় ?’

‘কী আর বলব বলো ! কোনও দিন কারও প্রতি কোনও অন্যায়ে বা অবিচার করেছি বলে তো মনে পড়ে না ।’

‘আপনার বাড়িতে যাতায়াত করেন এমন কয়েকজনের নাম করতে পারেন ?’

‘খুব সহজ । আমি লোকজনের সঙ্গে মিশি কমই । ডাক্তার ফণী মিত্তির আসেন অসুখ-বিসুখ হলে...’

‘কেমন লোক বলে মনে হয় ?’

‘ডাক্তার হিসেবে বোধহয় সাধারণ স্তরের । তবে তাতে আমার এসে যায় না, কারণ আমার ব্যারামও সাধারণ—সর্দি-জ্বর ছাড়া আর কিছুই হয়নি দার্জিলিং এসে অবধি । তাই ভাল ডাক্তারের প্রয়োজন হয় না ।’

‘চিকিৎসা করে পয়সা নেন ?’

‘তা নেন বইকী । আর আমারও তো পয়সার অভাব নেই । মিথ্যে অবলিগেশনে যাই কেন ?’

‘আর কে আসেন ?’

‘সম্প্রতি মিস্টার ঘোষাল বলে এক ভদ্রলোক যাতায়াত...এই দ্যাখো !’

দরজার দিকে ফিরে দেখি একটি ফরসা, মাঝারি হাইটের, সুট-পর্যায় ভদ্রলোক হাসিমুখে ঘরে ঢুকছেন ।

‘আমার নাম শুনলাম বলে মনে হল যেন !’

রাজেনবাবু বললেন, ‘এইমাত্র আপনার নাম করা হয়েছে । আপনারও আমার মতো পুরনো জিনিসের শখ—সেটাই এই ছেলেটিকে বলতে যাচ্ছিলুম । আপনার সঙ্গে আলাপ করিয়ে দিই—’

নমস্কার-টমস্কারের পর মিস্টার ঘোষাল—পুরো নাম অবনীমোহন ঘোষাল—রাজেনবাবুকে বললেন, ‘আপনাকে আজ দোকানে দেখলুম না, তাই একবার ভাললুম খোঁজ নিয়ে যাই ।’

রাজেনবাবু বললেন, ‘নাঃ,—আজ শরীরটা ভাল ছিল না ।’

বুঝলাম রাজেনবাবু চিঠিটার কথা মিস্টার ঘোষালকে বলতে চান না । ফেলুদা মিস্টার ঘোষাল আসার সঙ্গে সঙ্গেই চিঠিটা হাতের তেলের মধ্যে লুকিয়ে ফেলেছে ।

ঘোষাল বললেন, ‘আপনি ব্যস্ত থাকলে আজ বরং...আসলে আপনার ওই তিব্বতি ঘণ্টাটা একবার দেখার ইচ্ছে ছিল ।’

রাজেনবাবু বললেন, ‘সে তো খুব সহজ ব্যাপার । হাতের কাছেই আছে ।’

রাজেনবাবু ঘণ্টা আনতে পাশের ঘরে চলে গেলেন ।

ফেলুদা ঘোষালকে জিজ্ঞেস করল, ‘আপনি কি এখানেই থাকেন ?’

ভদ্রলোক দেওয়াল থেকে একটা ভোজালি নামিয়ে সেটা দেখতে দেখতে বললেন, ‘আমি কোনও এক জায়গায় বেশি দিন থাকি না । আমার ব্যবসার জন্য প্রচুর ঘুরতে হয় । আমি কিউরিও সংগ্রহ করি ।’

বাড়ি ফেরার পথে ফেলুদাকে জিজ্ঞেস করে জেনেছিলাম, ‘কিউরিও’ মানে দুপ্রাপ্য প্রাচীন জিনিস ।

রাজেনবাবু ঘণ্টাটা নিয়ে এলেন । দারুণ দেখতে জিনিসটা । নীচের অংশটা রূপোর তৈরি, হাতলটা তামা আর পেতল মেশানো, আর তার উপরে লাল নীল সব পাথর বসানো ।

অবনীবাবু চোখ-টোখ কুঁচকে বেশ অনেকক্ষণ ধরে ঘণ্টাটা এদিক-ওদিক ঘুরিয়ে-ফিরিয়ে দেখলেন ।

রাজেনবাবু বললেন, ‘কী মনে হয় ?’

‘সত্যিই দাঁও মেরেছেন । একেবারে খাঁটি পুরনো জিনিস ।’

‘আপনি বললে আমার আর কোনও সন্দেহই থাকে না । দোকানদার বলে, এটা নাকি একেবারে খোদ লামার প্রাসাদের জিনিস ।’

‘কিছুই আশ্চর্য না । ...আপনি বোধহয় এটা হাতছাড়া করতে রাজি নন ? মানে, ভাল দাম পেলেও ?’

রাজেনবাবু মিষ্টি করে হেসে ঘাড় নাড়তে নাড়তে বললেন, ‘ব্যাপারটা কী জানেন ? শখের জিনিস—ভালবেসে কিনেছি । সেটাকে বেচে লাভ করব, এমন কী কেনা দরেও বেচব—এ হচ্ছে আমার নৈ ।’

অবনীবাবু ঘণ্টাটা ফিরিয়ে দিয়ে বললেন, ‘আজ আসি । কাল আশা করি বেরোতে পারবেন একবার ।’

রাজেনবাবু বললেন, ‘ইচ্ছে তো আছে ।’

অবনীবাবু বেরিয়ে যাওয়ার পর ফেলুদা রাজেনবাবুকে বলল, ‘কটা দিন একটু না বেরিয়ে-টেরিয়ে সাবধানে থাকা উচিত নয় কি ?’

‘সেটাই বোধ হয় ঠিক । কিন্তু মুশকিল কী জান ? সেই চিঠির ব্যাপারটা এতই অবিশ্বাস্য যে, এটাকে ঠিক যেন সিরিয়াসলি নিতেই পারছি না । মনে হচ্ছে এটা যেন একটা ঠাট্টা—যাকে বলে প্র্যাক্টিক্যাল জোক ।’

‘যদিই না সেটা সম্বন্ধে ডেফিনিট হওয়া যাচ্ছে, তদ্বিন বাড়িতেই থাকুন না ! আপনার নেপালি চাকরটা কদিনের ?’

‘একবারে গোড়া থেকেই আছে । কম্প্লিটলি রিলায়েবল ।’

ফেলুদা এবার তিনকড়িবাবুর দিকে ফিরে বলল, ‘আপনি কি বেশির ভাগ সময় বাড়িতেই থাকেন ?’

‘সকাল বিকেল ঘণ্টাখানেক একটু এদিক-ওদিক ঘুরে আসি আর কী । কিন্তু বিপদ যদি ঘটেই, আমি বুড়ো মানুষ খুব বেশি কিছু করতে পারি কি ? আমার বয়স হল চৌষটি, রাজেনবাবুর চেয়ে এক বছর কম ।’

রাজেনবাবু বললেন, ‘উনি চেঞ্জ এসেছেন, ওঁকে আর বাড়িতে বন্দি করে রাখার ফন্দি করছ কেন তোমরা ? আমি থাকব, আমার চাকর থাকবে, এই যথেষ্ট । তোমরা চাও তো দু বেলা খোঁজ-খবর নিয়ে যেয়ো এখন ।’

‘বেশ তাই হবে ।’

ফেলুদার দেখাদেখি আমিও উঠে পড়লাম ।

আমরা যেখানে বসেছিলাম তার উলটোদিকেই একটা ফায়ারপ্লেস । ফায়ারপ্লেসের উপরেই একটা তাক, আর সেই তাকের উপর তিনটে ফ্রেমে-বাঁধানো ছবি । ফেলুদা ছবিগুলোর দিকে এগিয়ে গেল ।

প্রথম ছবিটা দেখিয়ে রাজেনবাবু বললেন, ‘ইনি আমার স্ত্রী । বিয়ের চার বছর পরেই মারা গিয়েছিলেন ।’

দ্বিতীয় ছবি, একজন আমার বয়সী ছেলের, গায়ে ভেলভেটের কোট ।

ফেলুদা জিজ্ঞেস করল, ‘এটি কে ?’

রাজেনবাবু হো হো করে হেসে বললেন, ‘সময়ের প্রভাবে মানুষের চেহারার কী বিচিত্র পরিবর্তন ঘটতে পারে, সেইটে বোঝানোর জন্য এই ছবি । উনি হচ্ছেন আমারই বাল্য সংস্করণ । বাঁকুড়া মিশনারি স্কুলে পড়তাম তখন । আমার বাবা ছিলেন বাঁকুড়ার ম্যাজিস্ট্রেট ।’

সত্যি, ভারী ফুটফুটে চেহারা ছিল রাজেনবাবুর ছেলেবয়সে ।

‘অবিশ্যি, ছবি দেখে ভুলো না । দূরন্ত বলে ভারী বদনাম ছিল আমার । শুধু যে মাস্টারদের জ্বালায়েছি তা নয়, ছাত্রদেরও । একবার স্পোর্টসের দিন হান্ড্রেড ইয়ার্ডস-এ আমাদের বেস্ট রানারকে কাত করে দিয়েছিলাম, ল্যাং মেরে ।’

তৃতীয় ছবিটা ফেলুদার বয়সী একজন ছেলের। রাজেনবাবু বললেন, সেটা তাঁর একমাত্র ছেলে প্রবীরের।

‘উনি এখন কোথায়?’

রাজেনবাবু গলা খাঁকরিয়ে বললেন, ‘জানি না ঠিক। বহুকাল দেশ ছাড়া! প্রায় সিক্সটিন ইয়ার্স।’

‘আপনার সঙ্গে চিঠি লেখালেখি নেই?’

‘নাঃ।’

ফেলুদা দরজার দিকে এগোতে এগোতে বলল, ‘ভারী ইন্টারেস্টিং কেস।’

আমি মনে মনে বললাম, ফেলুদা একেবারে বইয়ের ডিটেকটিভের মতো কথা বলছে।

বাইরেটা হুমহুমে অন্ধকার হয়ে এসেছে। জলাপাহাড়ের গায়ের বাড়িগুলোতে বাতি জ্বলে উঠেছে। পাহাড়ের নীচের দিকে চেয়ে দেখলাম রঞ্জিত উপত্যকা থেকে কুয়াশা ওপর দিকে উঠছে।

রাজেনবাবু আর তিনকড়িবাবু আমাদের সঙ্গে গেট অবধি এলেন। রাজেনবাবু গলা নামিয়ে ফেলুদাকে বললেন, ‘তুমি ছেলেমানুষ, তাও তোমাকে বলছি—একটু যে নারভাস বোধ করছি না তা নয়। এমন শাস্তিপূর্ণ পরিবেশে এ-চিঠি যেন বিনামেঘে বজ্রপাত।’

ফেলুদা বেশ জোরের সঙ্গেই বলল, ‘আপনি কিছু ভাববেন না। আমি এর সমাধান করবই। আপনি নিশ্চিন্তে বিশ্রাম করুন গিয়ে।’

রাজেনবাবু ‘গুডনাইট অ্যান্ড থ্যাঙ্ক ইউ’ বলে চলে গেলেন।

এবার তিনকড়িবাবু ফেলুদাকে বললেন, ‘তোমার—তোমাকে “তুমি” করেই বলছি—তোমার অবজারভেশনের ক্ষমতা দেখে আমি সত্যিই ইম্প্রেসড হইচি। ডিটেক্টিভ গল্প আমিও অনেক পড়িচি। এই চিঠিটার ব্যাপারে আমি হয়তো তোমাকে কিছুটা সাহায্যও করতে পারি।’

‘তাই নাকি?’

‘এই যে টুকরো টুকরো ছাপা কথা কেটে চিঠিটা লেখা হয়েছে, এর থেকে কী বুঝলে বলো তো?’

ফেলুদা কয়েক সেকেন্ড ভেবে বলল, ‘এক নম্বর—কথাগুলো কাটা হয়েছে খুব সম্ভব ব্রেন্ড দিয়ে—কাঁচি দিয়ে নয়।’

‘ভেরি গুড।’

‘দুই নম্বর—কথাগুলো নানারকম বই থেকে নেওয়া হয়েছে—কারণ হরফ ও কাগজে তফাত রয়েছে।’

‘ভেরি গুড। সেই সব বই সম্বন্ধে কোনও আইডিয়া করেচ?’

‘চিঠির দুটো শব্দ “শাস্তি” আর “প্রস্তুত”—মনে হচ্ছে খবরের কাগজ থেকে কাটা।’

‘আনন্দবাজার।’

‘তাই বুঝি?’

‘ইয়েস। ওই টাইপটা আনন্দবাজারেই ব্যবহার হয়—অন্য বাংলা কাগজে নয়। আর অন্য কথাগুলোও কোনওটাই পুরনো বই থেকে নেওয়া হয়নি, কারণ যে হরফে ওগুলো ছাপা, সেটা হয়েছে, মাত্র পনেরো-বিশ বছর।...আর যে আঠা দিয়ে আটকানো হয়েছে সেটা সম্বন্ধে কোনও ধারণা করেছ?’

‘গন্ধটা গ্রিপেন্স আঠার মতো।’

‘চমৎকার ধরেছ।’

‘কিন্তু আপনিও তো ধরার ব্যাপারে কম যান না দেখছি।’

তিনকড়িবাবু হেসে বললেন, ‘কিন্তু তোমার বয়সে আমি ডিটেক্টিভ কথাটার মানে জানতুম কি না সন্দেহ!’

বাড়ি ফেরার পথে ফেলুদা বলল, ‘রাজেনবাবুর মিস্ত্রি সলুভ করতে পারব কি না জানি না—কিন্তু সেই সূত্রে তিনকড়িবাবুর সঙ্গে আলাপটা বেশ ফাউ পাওয়া গেল।’

আমি বললাম, ‘তা হলে উনিই ব্যাপারটা তদন্ত করুন না। তুমি আর মিথ্যে মাথা ঘামাচ্ছ কেন?’

‘আহা—বাংলা হরফের ব্যাপারটা জানা আছে বলে কি সবই জানবেন নাকি?’

ফেলুদার কথাটা শুনে ভালই লাগল। ওর মতো বুদ্ধি আশা করি তিনকড়িবাবুর নেই। মাঝে মাঝে ফোড়ন দিলে আপত্তি নেই, কিন্তু আসল কাজটা যেন ফেলুদাই করে।

‘কাকে অপরাধী বলে মনে হচ্ছে ফেলুদা?’

‘অপরা—’

কথাটার মাঝখানেই ফেলুদা থেমে গেল। তার দৃষ্টি দেখলাম একজন লোককে ফলো করে পিছন দিকে ঘুরছে।

‘লোকটাকে দেখলি?’

‘কই, না তো। মুখ দেখিনি তো।’

‘ল্যাম্পের আলোটা পড়ল, আর ঠিক মনে হল’—ফেলুদা আবার থেমে গেল।

‘কী মনে হল ফেলুদা?’

‘নাঃ, বোধহয় চোখের ভুল। চ’ পা চালিয়ে চ’, ক্ষিদে পেয়েছে।’

ফেলুদা হল আমার মাসতুতো দাদা। ও আর আমি আমার বাবার সঙ্গে দার্জিলিং-এ বেড়াতে এসে শহরের নীচের দিকে স্যানাটোরিয়ামে উঠেছি। স্যানাটোরিয়াম ভর্তি বাঙালি; বাবা তাদেরই মধ্য থেকে সমবয়সী বন্ধু জুটিয়ে নিয়ে তাসটাস খেলে গল্পটল্প করে সময় কাটাচ্ছেন। আমি আর ফেলুদা কোথায় যাই, কী করি, তা নিয়ে বিশেষ মাথা ঘামান না।

আজ সকালে আমার ঘুম থেকে উঠতে একটু দেরি হয়েছে। উঠে দেখি বাবা রয়েছেন, কিন্তু ফেলুদার বিছানা খালি। কী ব্যাপার?

বাবাকে জিজ্ঞেস করতে বললেন, ‘ও এসে অবধি কাঞ্চনজঙ্ঘা দেখিনি। আজ দিনটা পরিষ্কার দেখে বোধহয় আগেভাগে বেরিয়েছে।’

আমি কিন্তু মনে মনে আন্দাজ করছিলুম যে ফেলুদা তদন্তের কাজ শুরু করে দিয়েছে, আর সেই কাজেই বেরিয়েছে। কথাটা ভেবে ভারী রাগ হল। আমাকে বাদ দিয়ে কিছু করার কথা তো ফেলুদার নয়।

যাই হোক, আমিও মুখটুখ ধুয়ে চা-টা খেয়ে বেরিয়ে পড়লাম।

লেডেন লা রোডে ট্যাক্সি স্ট্যান্ডটার কাছাকাছি এসে ফেলুদার সঙ্গে দেখা হয়ে গেল। আমি বললাম, ‘বা রে, তুমি আমায় ফেলে বেরিয়েছ কেন?’

‘শরীরটা ম্যাজম্যাজ করছিল—তাই ডাক্তার দেখাতে গেসলাম।’

‘ফণী ডাক্তার?’

‘তোরও একটু একটু বুদ্ধি খুলেছে দেখছি।’

‘দেখালে?’

‘চার টাকা ভিজিট নিল, আর একটা ওষুধ লিখে দিল।’

‘ভাল ডাক্তার ?’

‘অসুখ নেই তাও পরীক্ষা করে ওষুধ দিচ্ছে—কেমন ডাক্তার বুঝে দ্যাখ ; তার পর বাড়ির যা চেহারা দেখলাম, তাতে পসার যে খুব বেশি তাও মনে হয় না ।’

‘তা হলে উনি কখনওই চিঠিটা লেখেননি ।’

‘কেন ?’

‘গবির লোকের অত সাহস হয় ?’

‘তা টাকার দরকার হলে হয় বইকী ।’

‘কিন্তু চিঠিতে তো টাকা চায়নি ।’

‘ওই ভাবে খোলাখুলি বুঝি কেউ টাকা চায় ?’

‘তবে ?’

‘রাজেনবাবুর অবস্থা কাল কী রকম দেখলি বল তো ?’

‘কেমন যেন ভিত্তি ভিত্তি ।’

‘ভয় পেয়ে মনের অসুখ হতে পারে, সেটা জানিস ?’

‘তা তো পারেই ।’

‘আর মনের অসুখ থেকে শরীরের অসুখ ?’

‘তাও হয় বুঝি ?’

‘ইয়েস । আর শরীরের অসুখ হলে ডাক্তার ডাকতে হবে, সেটা আশা করি তোর মতো ক্যাবলারও জানা আছে ।’

ফেলুদার বুদ্ধি দেখে আমার প্রায় নিশ্বাস বন্ধ হয়ে এল । অবিশ্যি ফণী ডাক্তার যদি সত্যিই এত সব ভেবে-টেবে চিঠিটা লিখে থাকে, তা হলে ওরও বুদ্ধি সাংঘাতিক বলতে হবে ।

ম্যালের মুখে ফোয়ারার কাছাকাছি যখন এসেছি তখন ফেলুদা বলল, ‘কিউরিও সম্বন্ধে একটা কিউরিয়সিটি বোধ করছি ।’

‘কিউরিও’র মানে আগেই শিখেছিলাম, আর কিউরিয়সিটি মানে যে কৌতূহল, সেটা ইকুলেই শিখেছি ।

আমাদের ঠিক পাশেই ‘নেপাল কিউরিও শপ’ । রাজেনবাবু আর অবনীবাবু এখানেই আসেন ।

ফেলুদা সটান দোকানের ভেতর গিয়ে ঢুকল ।

দোকানদারের গায়ে ছাই রঙের কোট, গলায় মাফলার আর মাথায় সোনালি কাজ করা কালো টুপি । ফেলুদাকে দেখে হাসি হাসি মুখ করে এগিয়ে এল । দোকানের ভেতরটা পুরনো জিনিসপত্রে গিজগিজ করছে, আলোও বেশি নেই, আর গন্ধটাও যেন সেকেলে ।

ফেলুদা এদিক-ওদিক দেখে গম্ভীর গলায় বলল, ‘ভাল পুরনো থান্ডা আছে ?’

‘এই পাশের ঘরে আসুন । ভাল জিনিস তো বিক্রি হয়ে গেছে সব । তবে নতুন মাল আবার কিছু আসছে ।’

পাশের ঘরে যাবার সময় আমি ফেলুদার কানের কাছে মুখ নিয়ে গিয়ে বললাম, ‘থান্ডা কী জিনিস ?’

ফেলুদা দাঁতে দাঁত চেপে বলল, ‘দেখতেই তো পারি ।’

পাশের ঘরটা আরও ছোট—যাকে বলে একেবারে ঘুপ্টি ।

দোকানদার দেওয়ালে ঝোলানো সিল্কের উপর আঁকা একটা বুদ্ধের ছবি দেখিয়ে বলল, ‘এই একটাই ভাল জিনিস আছে—তবে একটু ড্যামেজড ।’

একেই বলে থান্ডা ? এ জিনিস তো রাজেনবাবুর বাড়িতে অনেক আছে ।

ফেলুদা ভীষণ বিজ্ঞের মতো থাঙ্কাটার গায়ের উপর চোখ ঠেকিয়ে উপর থেকে নীচে অবধি প্রায় তিন মিনিট ধরে দেখে বলল, 'এটার বয়স তো সত্তর বছরের বেশি বলে মনে হচ্ছে না। আমি অন্তত তিনশো বছরের পুরনো জিনিস চাইছি।'

দোকানদার বলল, 'আমরা আজ বিকেলে কিন্তু এক লট মাল পাচ্ছি। তার মধ্যে ভাল স্বাক্ষর পাবেন।'

'আজই পাচ্ছেন?'

'আজই।'

'এ খবরটা তাহলে রাজেনবাবুকে জানাতে হয়।'

'মিস্টার মজুমদার? ওনার তো জানা আছে। রেগুলার খদ্দের যে দু-তিন জন আছেন, তাঁরা সকলেই নতুন মাল দেখতে বিকেলে আসছেন।'

'অবনীবাবুও খবরটা পেয়ে গেছেন? মিস্টার ঘোষাল?'

'জরুর!'

'আর বড় খদ্দের কে আছে আপনাদের?'

'আর আছেন মিস্টার গিলমোর—চা বাগানের ম্যানেজার। সপ্তাহে দু দিন বাগান থেকে আসেন। আর মিস্টার নাওলাখা। উনি এখন সিকিমে।'

'বাঙালি আর কেউ নেই?'

'না স্যার।'

'আচ্ছা দেখি, বিকেলে যদি একবার টু মারতে পারি।'

তার পর আমার দিকে ফিরে বলল, 'তোপসে, তুই একটা মুখোশ চাস?'

তোপসে যদিও আমার আসল ডাকনাম নয়, তবু ফেলুদা তপেশ থেকে ওই নামটাই করে নিয়েছে।

মুখোশের লোভ কি সামলানো যায়? ফেলুদা নিজেই একটা বাছাই করে আমাকে কিনে দিয়ে বলল, 'এইটেই সবচেয়ে হরেনডাস্—কী বলিস?'

ফেলুদা বলে 'হরেনডাস্' বলে আসলে কোনও কথা নেই। 'ট্রিমেনডাস্' মানে সাংঘাতিক, আর 'হরিবল্' মানে বীভৎস। এই দুটো একসঙ্গে বোঝাতে নাকি কেউ কেউ 'হরেনডাস্' ব্যবহার করে। মুখোশটা সম্বন্ধে যে ওই কথাটা দারুণ খাটে, সে বিষয়ে কোনও সন্দেহ নেই।

দোকান থেকে বেরিয়ে ফেলুদা আমার হাত ধরে কী একটা বলতে গিয়ে হঠাৎ থেমে গেল। এবারও দেখি ফেলুদা একজন লোকের দিকে দেখছে। বোধ হয় কাল রাতে যাকে দেখেছিল, সেই লোকটাই। বয়স আমার বাবার মতো, মানে চল্লিশ-বেয়াল্লিশ, গায়ের রং ফরসা, চোখে কালো চশমা। যে সূটটা পরে আছে সেটা দেখে মনে হয় খুব দামি। ভদ্রলোক ম্যালের মাঝখানে দাঁড়িয়ে পাইপ ধরাচ্ছেন। আমার দেখেই কেমন যেন চেনা চেনা মনে হল, কিন্তু কোথায় দেখেছি ঠিক বুঝতে পারলাম না।

ফেলুদা সোজা লোকটার দিকে এগিয়ে গিয়ে তার পাশে দাঁড়িয়ে ভীষণ সাহেবি কায়দার উচ্চারণে বলল, 'এক্সকিউজ মি, আপনি মিস্টা ছ্যাঠাঝি?'

ভদ্রলোকও একটু গম্ভীর গলায় পাইপ কামড়ে বলল, 'নো, আই অ্যাম নট।'

ফেলুদা খুবই অবাক হবার ভান করে বলল, 'স্ট্রেঞ্জ—আপনি সেন্ট্রাল হোটেলে উঠেছেন না?'

ভদ্রলোক একটু হেসে অবজ্ঞার সুরে বললেন, 'না। মাউন্ট এভারেস্ট। অ্যান্ড আই ডোন্ট হ্যাভ এ টুইন ব্রাদার।'

এই বলে ভদ্রলোক গটগটিয়ে অবজারভেটরি হিলের দিকে চলে গেলেন। যাবার সময় লক্ষ করলাম যে তার কাছে একটা ব্রাউন কাগজে মোড়া প্যাকেট, আর কাগজটার গায়ে লেখা ‘নেপালি কিউরিও শপ’।

আমি চাপা গলায় বললাম, ‘ফেলুদা, উনিও কি মুখোশ কিনেছেন নাকি?’

‘তা কিনতে পারে। মুখোশটা তো আর তোর-আমার একচেটিয়া নয়। ...চ’, কেভেনটার্সে গিয়ে একটু কফি খাওয়া যাক।’

কেভেনটার্সের দিকে যেতে যেতে ফেলুদা বলল, ‘লোকটাকে চিনলি?’

আমি বললাম, ‘তুমিই চিনলে না, আমি আর কী করে চিনি বলো। তবে চেনা চেনা লাগছিল।’

‘আমি চিনলাম না?’

‘বা রে। কোথায় চিনলে? ভুল নাম বললে যে?’

‘তোর যদি এতটুকু সেন্স থাকে। ভুল নাম বলেছি হোটেলের নামটা বের করার জন্য, সেটাও বুঝলি না? লোকটার আসল নাম কী জানিস?’

‘কী?’

‘প্রবীর মজুমদার।’

‘ও হো! হ্যাঁ ঠিক বলেছ, ঠিক বলেছ। রাজেনবাবুর ছেলে, তাই না? যার ছবি রয়েছে তাকের উপর? অবিশ্যি বয়সটা এখন অনেক বেড়ে গেছে তো।’

‘শুধু যে চেহারা মিল তা নয়—গালের আঁচিলটা নিশ্চয় তুইও লক্ষ করেছিস—আসল কথাটা হচ্ছে, ভদ্রলোকের জামা-কাপড় সব বিলিতি। সুট লন্ডনের, টাই প্যারিসের, জুতো ইটালিয়ান, এমন কী রুমালটা পর্যন্ত বিলিতি। সদ্য বিলেত-ফেরত সে বিষয়ে কোনও সন্দেহ নেই।’

‘কিন্তু ওঁর ছেলে এখানে রয়েছে সে খবর রাজেনবাবু জানেন না?’

‘বাপ যে এখানে রয়েছে, সেটা ছেলে জানে কি না সেটাও খোঁজ নিয়ে দেখা দরকার।’

রহস্য ক্রমেই ঘনিয়ে আসছে, এই কথাটা ভাবতে ভাবতে কেভেনটার্সের দোকানে পৌঁছলাম।

দোকানের ছাতে যে বসার জায়গাটা আছে, সেটা আমার ভীষণ ভাল লাগে। চারদিকে দার্জিলিং শহরটা, আর ওই নীচে বাজারটা দারুণ ভাল দেখায়।

ছাতে উঠে দেখি, কোণের টেবিলটায় চুরুট হাতে তিনকড়িবাবু বসে কফি খাচ্ছেন। ফেলুদাকে দেখতে পেয়েই হাত তুলে তাঁর টেবিলে গিয়ে বসতে বললেন আমাদের।

আমরা তিনকড়িবাবুর দু দিকে দুটো টিনের চেয়ারে বসলাম।

তিনকড়িবাবু ফেলুদাকে বললেন, ‘ডিটেকশনে তোমার পারদর্শিতা দেখে খুশি হয়ে আমি তোমাদের দুজনকে দুটো হট চকোলেট খাওয়াব—আপত্তি আছে?’

হট চকোলেটের নাম শুনে আমার জিভে জল এসে গেল।

তিনকড়িবাবু তুড়ি মেরে একটা বেয়ারাকে ডাকলেন।

বেয়ারা এসে অর্ডার নিয়ে গেলে পর তিনকড়িবাবু কোটের পকেট থেকে একটা বই বার করে ফেলুদাকে দিয়ে বললেন, ‘এই নাও। একটা এক্সট্রা কপি ছিল—আমার লেটেস্ট বই। তোমায় দিলুম।’

বইয়ের মলাটটা দেখে ফেলুদার মুখটা হাঁ হয়ে গেল।

‘আপনার বই মানে? আপনার লেখা? আপনিই ‘গুপ্তচর’ নাম নিয়ে লেখেন?’

তিনকড়িবাবু আধ-বোজা চোখে অল্প হাসি হেসে মাথা নেড়ে ‘হ্যাঁ’ বললেন।

ফেলুদার অবাক ভাব আরও যেন বেড়ে গেল।

‘সে কী ! আপনার সব ক’টা উপন্যাস যে আমার পড়া। বাংলায় আপনার ছাড়া আর কারুর রহস্য উপন্যাস আমার ভাল লাগে না।’

‘থ্যাঙ্ক ইউ, থ্যাঙ্ক ইউ ! ব্যাপারটা কী জানো ? এখানে একটা প্লট মাথায় নিয়ে লেখার জন্যই এসেছিলাম। এখন দেখছি, বাস্তব জীবনের রহস্য নিয়েই মাথা ঘামিয়ে ছুটিটা ফুরিয়ে গেল।’

‘আমার সত্যিই দারুণ লাক্—আপনার সঙ্গে এভাবে আলাপ হয়ে গেল।’

‘দুঃখের বিষয় আমার ছুটির মেয়াদ সত্যিই ফুরিয়ে এসেছে। কাল সকালে চলে যাচ্ছি আমি। আশা করছি, যাবার আগে তোমাদের আরও কিছুটা হেল্প করে দিয়ে যেতে পারব।’

ফেলুদা এবার তার এক্সাইটিং খবরটা তিনকড়িবাবুকে দিয়ে দিল।

‘রাজেনবাবুর ছেলেকে আজ দেখলাম।’

‘বল কী হে ?’

‘এই দশ মিনিট আগে।’

‘তুমি ঠিক বলছ ? চিনতে পেরেছ তো ঠিক ?’

‘চোদ্দ আনা শিওর। মাউন্ট এভারেস্ট হোটেলে গিয়ে খোঁজ করলে বাকি দু আনাও পুরে যাবে বোধ হয়।’

তিনকড়িবাবু হঠাৎ একটা দীর্ঘশ্বাস ফেললেন।

‘রাজেনবাবুর মুখে তার ছেলের কথা শুনেছ ?’

‘কাল যা বললেন, তার বেশি শুনিনি।’

‘আমি শুনেছি অনেক কথা। ছেলেটি অল্পবয়সে বখে গিয়েছিল। বাপের সিঁদুক থেকে টাকা চুরি করে ধরা পড়েছিল। রাজেনবাবু তাকে ত্যাজ্যপুত্র করেন। বাড়ি থেকে বেরিয়ে যেতে বলেন। ছেলেটি গিয়েওছিল তাই। ২৪ বছর বয়স তখন তার। একেবারে নিখোঁজ। রাজেনবাবু অনেক অনুসন্ধান করেছিলেন, কারণ পরে তাঁর অনুতাপ হয়। কিন্তু ছেলে কোনও খোঁজখবর নেয়নি বা দেয়নি। বিলেতে তাকে দেখেছিলেন রাজেনবাবুরই এক বন্ধু। তাও সে দশ-বারো বছর আগে।’

‘রাজেনবাবু তাহলে জানেন না যে তাঁর ছেলে এখানে আছে ?’

‘নিশ্চয়ই না। আমার মনে হয় ওঁকে না জানানোই ভাল। একে এই চিঠির শব্দ, তার উপর...’

তিনকড়িবাবু হঠাৎ থেমে গেলেন। তার পর ফেলুদার দিকে ফিরে বললেন, ‘আমার বুদ্ধিশুদ্ধি সব লোপ পেয়েছে। রহস্য উপন্যাস লেখা ছেড়ে দেওয়া উচিত।’

ফেলুদা হাসতে হাসতে বলল, ‘প্রবীর মজুমদার যে চিঠি লিখে থাকতে পারেন, সেটা আপনার খেয়াল হয়নি তো ?’

‘এগজ্যাক্টলি। কিন্তু...’

তিনকড়িবাবু অন্যমনস্ক হয়ে গেলেন।

বেয়ারা হট চকোলেট এনে টেবিলে রাখতে তিনকড়িবাবু যেন একটু চাগিয়ে উঠলেন। ফেলুদার দিকে ফিরে বললেন, ‘ফণী মিত্তিরকে কেমন দেখলে ?’

ফেলুদা যেন একটু হকচকিয়ে গেল।

‘সে কি, আপনি কী করে জানলেন আমি ওখানে গেসলাম ?’

‘তুমি যাওয়ার অল্পক্ষণ পরেই আমিও গেসলাম।’

‘আমাকে রাস্তায় দেখেছিলেন বুঝি ?’

‘না ।’

‘তবে ?’

ডাক্তারের ঘরের মেঝেতে একটি মরা সিগারেট দেখে জিজ্ঞেস করলাম, কে খেয়েছে । ডাক্তার ধূমপান করেন না । ফণীবাবু তখন বর্ণনা দিলেন । তাতে তোমার কথা মনে হল, যদিও তোমাকে আমি সিগারেট খেতে দেখিনি । কিন্তু এখন তোমার আঙুলের গায়ে হলদে রং দেখে বুঝেছি, তুমি খাও ।’

ফেলুদা তিনকড়িবাবুর বুদ্ধির তারিফ করে বলল, ‘আপনারও কি ফণী মিত্তিরকে সন্দেহ হয়েছিল না কি ?’

‘তা হবে না ? লোকটাকে দেখলে অভক্তি হয় কি না ?’

‘তা হয় । রাজেনবাবু যে কেন ওকে আমল দেন জানি না ।’

‘তাও জানো না বুঝি ? দার্জিলিং-এ আসার কিছু দিনের মধ্যে রাজেনবাবুর ধর্মকন্মের দিকে মন যায় । তখন ফণীবাবুই তাকে এক গুরুর সন্ধান দিয়েছিলেন । একই গুরুর শিষ্য হিসেবে ওদের যে প্রায় ভাই-ভাই সম্পর্ক হে !’

ফেলুদা জিজ্ঞেস করল, ‘ফণী মিত্তিরের সঙ্গে কথা বলে কী বুঝলেন ?’

‘কথা তো ছুতো । আসলে বইয়ের আলমারিগুলোর দিকে একবার চোখ বুলিয়ে নিচ্ছিলুম ।’

‘বাংলা উপন্যাস আছে কিনা দেখার জন্য ?’

‘ঠিক বলেছি ।’

‘আমিও দেখেছি, প্রায় নেই বললেই চলে । আর যা আছে, তাও আদ্যিকালের ।’

‘ঠিক ।’

‘তবে ফণী ডাক্তার অন্যের বাড়ির বই থেকেও কথা কেটে চিঠি তৈরি করতে পারে ।’

‘তা পারে । তবে লোকটাকে দেখে ভারী কুঁড়ে বলে মনে হয় । এ ব্যাপারে অতটা কাঠখড় পোড়াবে, সেটা কেন যেন বিশ্বাস হয় না ।’

ফেলুদা এবার বলল, ‘অবনী ঘোষাল লোকটা সম্বন্ধে আপনার কী ধারণা ?’

‘বিশেষ সুবিধের লোক নয় বলেই আমার বিশ্বাস । ভারী ওপর-চালাক । আর ও সব প্রাচীন শিল্প-টিল্প কিছু না । ওর আসল লোভ হচ্ছে টাকার । এখন খরচ করে জিনিস কিনছে, পরে বিদেশিদের কাছে বিক্রি করে পাঁচগুণ প্রফিট করবে ।’

‘ওর পক্ষে এই হুমকি-চিঠি দেওয়ার কোনও কারণ থাকতে পারে বলে আপনার মনে হয় কি ?’

‘সেটা এখনও তলিয়ে দেখিনি ।’

‘আমি একটা কারণ আবিষ্কার করেছি ।’

আমি অবাক হয়ে ফেলুদার দিকে চাইলাম । ওর চোখ দুটো জ্বলজ্বল করছে ।

তিনকড়িবাবু বললেন, ‘কী কারণ ?’

ফেলুদা গলাটা নামিয়ে নিয়ে বলল, ‘যে দোকান থেকে ওঁরা জিনিস কেনেন, সেখানে কিছু ভাল নতুন মাল আজ বিকেলে আসছে ।’

এবার তিনকড়িবাবুর চোখও জ্বলজ্বল করে উঠল ।

‘বুঝেছি । হুমকি চিঠি পেয়ে রাজেন মজুমদার ঘরে বন্দি হয়ে রইলেন, আর সেই ফাঁকতালে অবনী ঘোষাল দোকানে গিয়ে সব লুটেপুটে নিলেন ।’

‘এগজ্যাক্টলি !’

তিনকড়িবাবু চকোলেটের পয়সা দিয়ে উঠে পড়লেন । আমরা দুজনেও উঠলাম ।

উৎসাহে আর উত্তেজনায় আমার বুকটা টিপ্ টিপ্ করছিল ।

অবনী ঘোষাল, প্রবীর মজুমদার আর ফণী মিস্ত্রি—তিনজনকেই তাহলে সন্দেহ করার কারণ আছে !

পনেরো মিনিটের মধ্যেই মাউন্ট এভারেস্ট হোটেলে গিয়ে ফেলুদা সেই খবরটা জেনে নিল । প্রবীর মজুমদার বলে একজন ভদ্রলোক সেই হোটেলের যোল নম্বর ঘরে পাঁচ দিন হল এসে রয়েছেন ।

বিকেলের দিকে রাজেনবাবুর বাড়িতে যাবার কথা ফেলুদা বলেছিল, কিন্তু দুপুর থেকে মেঘলা করে চারটে নাগাত তেড়ে বৃষ্টি নামল । আকাশের চেহারা দেখে মনে হল বৃষ্টি সহজে থামবে না ।

ফেলুদা সারাটা সন্কে খাতা-পেনসিল নিয়ে কী সব যেন হিসেব করল । আমার ভীষণ জানতে ইচ্ছে করছিল কী লিখছে, কিন্তু জিজ্ঞেস করতে সাহস হল না । শেষটায় আমি তিনকড়িবাবুর বইটা নিয়ে পড়তে আরম্ভ করলাম । দারুণ থ্রিলিং গল্প । পড়তে পড়তে রাজেনবাবুর চিঠির ব্যাপারটা মন থেকে প্রায় মুছেই গেল ।

আটটা নাগাত বৃষ্টি থামল । কিন্তু তখন এত শীত যে, বাবা আমাদের বেরোতে দিলেন না ।

পরদিন ভোরবেলা ফেলুদার ধাক্কার চোটে ঘুম ভাঙল । ‘ওঠ, ওঠ—এই তোপসে—ওঠ !’

আমি ধড়মড়িয়ে উঠে পড়লাম । ফেলুদা কানের কাছে মুখ এনে দাঁতে দাঁত চেপে এক নিশ্বাসে বলে গেল, ‘রাজেনবাবুর নেপালি চাকরটা এসেছিল । বলল, বাবু এখন যেতে বলেছেন—বিশেষ দরকার । তুই যদি যেতে চাস তো—’

‘সে আর বলতে !’

পনেরো মিনিটের মধ্যে তৈরি হয়ে রাজেনবাবুর বাড়িতে পৌঁছে দেখি, তিনি ফ্যাকাশে মুখ করে খাটে শুয়ে আছেন । ফণী ডাক্তার তাঁর নাড়ি টিপে খাটের পাশটায় বসে, আর তিনকড়িবাবু এই শীতের মধ্যেও একটা হাতপাখা নিয়ে মাথার পিছনটায় দাঁড়িয়ে হাওয়া করছেন ।

ফণীবাবুর নাড়ি দেখা হলে পর রাজেনবাবু যেন বেশ কষ্ট করেই জোরে নিশ্বাস নিতে নিতে বললেন, ‘কাল রাত্রে—বারোটোর কিছু পরে ঘুমটা ভাঙতে বিদ্যুতের আলোয় আমার মুখের ঠিক সামনে আই স এ মাস্কড্ ফেস্ !’

মাস্কড্ ফেস্ ! মুখোশ পরা মুখ !

রাজেনবাবু দম নিলেন । ফণী মিস্ত্রির দেখলাম একটা প্রেসক্রিপশন লিখছেন ।

রাজেনবাবু বললেন, ‘দেখে এমন হল যে চিৎকারও বেরোল না গলা দিয়ে । রাতটা যে কীভাবে কেটেছে—তা বলতে পারি না ।’

ফেলুদা বলল, ‘আপনার জিনিসপত্তর কিছু চুরি যায়নি তো ?’

রাজেনবাবু বললেন, ‘নাঃ, তবে আমার বিশ্বাস, আমার বালিশের তলা থেকে আমার চাবির গোছটা নিতেই সে আমার উপর ঝুঁকেছিল । ঘুম ভেঙে যাওয়াতে জানালা দিয়ে লাফিয়ে...ওঃ—হরিবল্, হরিবল্ !’

ফণী ডাক্তার বললেন, ‘আপনি উত্তেজিত হবেন না । আপনাকে একটা ঘুমের ওষুধ

দিচ্ছি। আপনার কম্প্লিট রেস্টের দরকার।’

ফণীবাবু উঠে পড়লেন।

ফেলুদা হঠাৎ বলল, ‘ফণীবাবু কাল রাতে রুগি দেখতে গেস্লেন বুঝি? কোটের পিছনে কাদার ছিটে লাগল কী করে?’

ফণীবাবু তেমন কিছু না ঘাবড়িয়ে বললেন, ‘ডাক্তারের লাইফ তো জানেনই—আর্তের সেবায় যখন জীবনটাই উৎসর্গ করিচি, তখন ডাক যখনই আসুক না কেন, বেরোতেই হবে। সে ঝড়ই হোক, আর বৃষ্টিই হোক, আর বরফই পড়ুক।’

ফণীবাবু তাঁর পাওনা টাকা নিয়ে চলে গেলেন। রাজেনবাবু এবার সোজা হয়ে উঠে বসে বললেন, ‘তোমরা আসাতে অনেকটা সুস্থ বোধ করছি। বেশ খানিকটা ঘাবড়ে গেস্লুম, জানো। এখন বোধহয় বৈঠকখানায় গিয়ে একটু বসা চলতে পারে।’

ফেলুদা আর তিনকড়িবাবু হাত ধরাধরি করে রাজেনবাবুকে বৈঠকখানায় এনে বসালেন।

তিনকড়িবাবু বললেন, ‘স্টেশনে ফোন করেছিলুম যদি যাওয়াটা দু দিন পেছোনো যায়। রহস্যের সমাধান না করে যেতে মন চাইছে না। কিন্তু ওরা বললে এ-টিকিট ক্যানসেল করলে দশ দিনের আগে বুকিং পাওয়া যাবে না।’

এটা শুনে আমার ভালই লাগল। আমি চাইছিলাম ফেলুদা একাই ডিটেক্টিভের কাজটা করুক। তিনকড়িবাবু যেন ফেলুদার অনেকটা কাজ আগে-আগেই করে দিচ্ছিলেন।

রাজেনবাবু বললেন, ‘আমার চাকরটার পাহারা দেবার কথা ছিল, কিন্তু আমি নিজেই কাল দশটার সময় তাকে ছুটি দিয়ে দিয়েছি। ওর বাড়িতে খুব অসুখ। বুড়ো বাপ আছে, তার এখন-তখন অবস্থা।’

ফেলুদা বলল, ‘মাস্টা কেমন ছিল মনে আছে?’

রাজেনবাবু বললেন, ‘খুবই সাধারণ নেপালি মুখোশ, দার্জিলিং শহরেই অন্তত আরও তিন-চার শ’ খোঁজ করলে পাওয়া যাবে। আমার এই ঘরেই তো আরও পাঁচখানা রয়েছে—ওই যে, দ্যাখো-না।’

রাজেনবাবু যে মুখোশটার দিকে আঙুল দেখালেন, ঠিক সেই জিনিসটা কাল ফেলুদা আমার জন্য কিনে দিয়েছে।

তিনকড়িবাবু এতক্ষণ বেশি কথা বলেননি, এবার বললেন, ‘আমার মতে এবার বোধহয় পুলিশে একটা খবর দেওয়া উচিত। একটা প্রোটেকশনেরও তো দরকার। কাল যা ঘটেছে, তার পরে তো আর ব্যাপারটাকে ঠাট্টা বলে নেওয়া চলে না। ফেলুবাবু, তুমি তোমার নিজের ইচ্ছে মতো তদন্ত চালিয়ে যেতে পারো, তাতে তোমায় কেউ বাধা দেবে না। কিন্তু আমি সব দিক বিবেচনা করে বলছি, এবার পুলিশের সাহায্য নেওয়া দরকার। আমি বরং যাই, গিয়ে একটা ডায়েরি করে আসি। প্রাণের ভয় আছে বলে মনে হয় না, তবে রাজেনবাবু, আপনার ঘণ্টাটা একটু সাবধানে রাখবেন।’

আমরা যখন উঠছি, তখন ফেলুদা রাজেনবাবুকে বলল, ‘তিনকড়িবাবু তো চলে যাচ্ছেন। তার মানে আপনার একটি ঘর খালি হয়ে যাচ্ছে। আমরা যদি আজ রাতটা ও ঘরে এসে থাকি, তা হলে আপনার কোনও আপত্তি আছে কি?’

রাজেনবাবু বললেন, ‘মোটাই না। আপত্তি কী? তুমি তো হলে আমার প্রায় আত্মীয়ের মতো। আর সত্যি বলতে কী, যত বুড়ো হচ্ছি তত যেন সাহসটা কমে আসছে। ছেলেবয়সে দুরন্ত হলে নাকি বুড়ো বয়সে মানুষ ম্যাদা মেরে যায়।’

তিনকড়িবাবুকে ফেলুদা বলল স্টেশনে ওঁকে ‘সি-অফ’ করতে যাবে।

ফেরার পথে যখন নেপাল কিউরিও শপের পাশ দিয়ে যাচ্ছি, তখন আমাদের দুজনেরই

চোখ গেল দোকানের ভিতর ।

দেখলাম দুজন ভদ্রলোক দোকানের ভিতর জিনিসপত্র দেখছে আর পরস্পরের সঙ্গে কথা বলছে । দেখে মনে হয় দুজনের অনেক দিনের আলাপ ।

একজন অবনী ঘোষাল, আর একজন প্রবীর মজুমদার ।

আমি ফেলুদার দিকে চাইলাম ।

তার মুখের ভাব দেখে মনে হল না সে কোনও আশ্চর্য জিনিস দেখেছে ।

সাড়ে দশটার সময় স্টেশনে গেলাম তিনকড়িবাবুকে গুড বাই করতে । উনি এলেন আমাদেরও পাঁচ মিনিট পরে ।

‘চড়াই উঠে উঠে পায়ে ব্যথা হয়ে গেছে তাই আস্তে হাঁটতে হল ।’ সত্যিই ভদ্রলোক একটু খোঁড়াছিলেন ।

নীল রঙের ফার্স্ট ক্লাস কামরায় উঠে তিনকড়িবাবু তাঁর অ্যাটাচিকেস খুলে একটা ব্রাউন কাগজের প্যাকেট ফেলুদাকে দিলেন ।

‘এটা কিনতেও একটু সময় লাগল । রাজেনবাবু তো আর কিউরিওর দোকানে যেতে পারলেন না, অথচ কাল সত্যিই অনেক ভাল জিনিস এসেছে । তার থেকে একটি সামান্য জিনিস বাছাই করে ওঁর জন্যে এনেছি । তোমরা আমার নাম করে শুভেচ্ছা জানিয়ে ওঁকে দিয়ে দিও ।’

ফেলুদা প্যাকেটটা নিয়ে বলল, ‘আপনার ঠিকানা দিয়ে গেলেন না ? মিষ্টিটা সল্ভ করে আপনাকে জানিয়ে দেব ভাবছিলাম যে ।’

তিনকড়িবাবু বললেন, ‘আমার প্রকাশকের ঠিকানাটা আমার বইতেই পাবে—তার কেয়ারে লিখলেই চিঠি আমার কাছে পৌঁছে যাবে । গুড লাক !’

ট্রেন ছেড়ে দিল । ফেলুদা আমাকে বলল, ‘লোকটা বিদেশে জন্মালে দারুণ নাম আর পয়সা করত । পর পর এতগুলো ভাল রহস্য উপন্যাস খুব কম লোকেই লিখেছে ।’

সারা দিন ধরে ফেলুদা রাজেনবাবুর ব্যাপারটা নিয়ে নানান জায়গায় ঘোরাফেরা করল । আমি অনেক করে বলতেও আমাকে সঙ্গে নিল না । সন্ধ্যাবেলা যখন রাজেনবাবুর বাড়ি যাচ্ছি, তখন ফেলুদাকে বললাম, ‘কোথায় কোথায় গেলে সেইটে অন্তত বলবে তো !’

ফেলুদা বলল, ‘দুবার মাউন্ট এভারেস্ট হোটেল, একবার ফণী মিত্তিরের বাড়ি, একবার নেপাল কিউরিও শপ, একবার লাইব্রেরি, আর এ ছাড়াও আরও কয়েকটা জায়গা ।’

‘ও ।’

‘আর কিছু জানতে চাস ?’

‘অপরাধী কে বুঝতে পেরেছ ?’

‘এখনও বলার সময় আসেনি ।’

‘কাউকে সন্দেহ করেছ ?’

‘ভাল ডিটেক্টিভ হলে প্রত্যেককেই সন্দেহ করতে হয় ।’

‘প্রত্যেককে মানে ?’

‘এই ধর—তুই ।’

‘আমি ?’

‘যার কাছে এই মুখোশ আছে, সে-ই সন্দেহের পাত্র, সে যে-লোকই হোক ।’

‘তা হলে তুমিই বা বাদ যাবে কেন ?’

‘বেশি বাজে বকিস্নি ।’

‘বা রে—তুমি যে রাজেনবাবুকে আগে চিনতে, সে কথা তো গোড়ায় বলোনি । তার

মানে সত্য গোপন করেছে। আর আমার মুখোশ তো ইচ্ছে করলে তুমিও ব্যবহার করতে পারো—হাতের কাছেই থাকে।’

‘শাটাপ্, শাটাপ্!’

রাজেনবাবুকে এ বেলা দেখে তবু অনেকটা ভাল লাগল। কেমন আছেন জিজ্ঞেস করতে বললেন, ‘দুপুরের দিকটা বেশ ভাল বোধ করছিলাম। যত সন্ধে হয়ে আসছে ততই যেন কেমন অসোয়াস্তি লাগছে।’

ফেলুদা তিনকড়িবাবুর দেওয়া প্যাকেটটা রাজেনবাবুকে দিল। সেটা খুলে তার থেকে একটা চমৎকার বুদ্ধের মাথা বের হল। সেটা দেখে রাজেনবাবুর চোখ ছলছল করে এল। ধরা গলায় বললেন, ‘খাশা জিনিস, খাশা জিনিস!’

ফেলুদা বলল, ‘পুলিশ থেকে লোক এসেছিল?’

‘আর বলো না। এসে বত্রিশ রকম জেরা করলে। কন্দূর কী হৃদিস পাবে জানি না, তবে আজ থেকে বাড়িটা ওয়াচ করার জন্য লোক থাকবে, সেই যা নিশ্চিন্তি। সত্যি বলতে কী, তোমরা হয়তো না এলেও চলত।’

ফেলুদা বলল, ‘স্যানাটোরিয়ামে বড্ড গোলমাল। এখানে হয়তো চুপচাপ আপনার কেসটা নিয়ে একটু ভাবতে পারব।’

রাজেনবাবু হেসে বললেন, ‘আর তা ছাড়া আমার চাকরটা খুব ভাল রান্না করে। আজ মুরগির মাংস রাঁধতে বলেছি। স্যানাটোরিয়ামে অমনটি খেতে পাবে না।’

রাজেনবাবু আমাদের ঘরটা দেখিয়ে দিয়ে নিজের ঘরে চলে গেলেন।

ফেলুদা স্টান খাটের উপর শুয়ে পড়ে একটা সিগারেট ধরিয়ে কড়িকাঠের দিকে তাগ করে পর পর পাঁচটা ধোঁয়ার রিং ছাড়ল।

তার পর আধবোজা চোখে বেশ কিছুক্ষণ চুপ করে থেকে বলল, ‘ফণী মিত্তির কাল সত্যিই রুগি দেখতে গিয়েছিলেন। কার্ট রোডে একজন ধনী পাঞ্জাবি ব্যবসায়ীর বাড়ি। আমি খোঁজ নিয়েছি। সাড়ে এগারোটা থেকে সাড়ে বারোটা অবধি ওখানে ছিলেন।’

‘তা হলে ফণী মিত্তির অপরাধী নন?’

ফেলুদা আমার কথার জবাব না দিয়ে বলল, ‘প্রবীর মজুমদার যোলো বছর ইংলন্ডে থেকে বাংলা প্রায় ভুলেই গেছেন।’

‘তা হলে ওই চিঠি ওর পক্ষে লেখা সম্ভব নয়?’

‘আর ওর টাকার কোনও অভাবই নেই। তা ছাড়া দার্জিলিং-এ এসেও লেবং-এ ঘোড়দৌড়ের বাজিতে উনি অনেক টাকা করেছেন।’

আমি দম আটকে বসে রইলাম। ফেলুদার আরও কিছু বলার আছে সেটা বুঝতে পারছিলাম।

আধখাওয়া জলন্ত সিগারেটটা ক্যারমের ঘুঁটি মারার মতো করে প্রায় দশ হাত দূরের জানালা দিয়ে বাইরে ফেলে দিয়ে ফেলুদা বলল, ‘আজ চা বাগানের গিলমোর সাহেব দার্জিলিং-এ এসেছে। প্লান্টারস ক্লাবে গিয়ে ওর সঙ্গে দেখা করেছিলাম। লামার প্রাসাদের আসল ঘণ্টা একটাই আছে, আর সেটা গিলমোরের কাছে। রাজেনবাবুরটা নকল। অবনী ঘোষাল সেটা জানে।’

‘তা হলে রাজেনবাবুর ঘণ্টা তেমন মূল্যবান নয়?’

‘না।..আর অবনী ঘোষাল কাল রাতে একটা পার্টিতে প্রবীর মজুমদারের সঙ্গে রাত নটা থেকে ভোর তিনটে অবধি মাতলামি করেছে।’

‘ও । আর মুখোশ পরা লোকটা এসেছিল বারোটোর কিছু পরেই ।’

‘হ্যাঁ ।’

আমার বুকের ভেতরটা কেমন খালি খালি লাগছিল । বললাম, ‘তা হলে ?’

ফেলুদা কিছু না বলে একটা দীর্ঘনিশ্বাস ফেলে খাট থেকে উঠে পড়ল । ওর ভুরু দুটো যে এতটা কুঁচকোতে পারে, তা আমার জানাই ছিল না ।

কয়েক সেকেন্ড চুপ করে দাঁড়িয়ে থেকে কী যেন ভেবে ফেলুদা বৈঠকখানার দিকে চলে গেল । যাবার সময় বলল, ‘একটু একা থাকতে চাই । ডিস্টার্ব করিস না ।’

কী আর করি । এবার ওর জায়গায় আমি বিছানায় শুলাম ।

সন্ধে হয়ে আসছে । ঘরের বাতিটা আর জ্বালতে ইচ্ছে করল না । খোলা জানলা দিয়ে অবজারভেটরি হিলের দিকটায় অন্যান্য বাড়ির আলো দেখতে পাচ্ছিলাম । বিকেলে ম্যাল থেকে একটা গোলমালের শব্দ পাওয়া যায় । এখন সেটা মিলিয়ে আসছে । একটা ঘোড়ার খুরের আওয়াজ পেলাম । দূর থেকে কাছে এসে আবার মিলিয়ে গেল ।

সময় চলে যাচ্ছে । জানালা দিয়ে শহরের আলো কেমন যেন ঝাপসা হয়ে আসছে । বোধহয় কুয়াশা হচ্ছে । ঘরের ভিতরটা এখন আরও অন্ধকার । একটা ঘুম-ঘুম ভাব আসছে মনে হল ।

চোখের পাতা দুটো কাছাকাছি এসে গেছে, এমন সময় মনে হল, কে যেন ঘরে ঢুকছে ।

মর্মে হতেই এমন ভয় হল যে, যে দিক থেকে লোকটা আসছে, সে দিকে না তাকিয়ে আমি জোর করে নিশ্বাস বন্ধ করে জানালার দিকে তাকিয়ে রইলাম ।

কিন্তু লোকটা যে আমার দিকেই আসছে আর আমার সামনেই এসে দাঁড়াল যে !

জানালার বাইরে শহরের দৃশ্যটা ঢেকে দিয়ে একটা অন্ধকার কী যেন এসে আমার সামনে দাঁড়িয়েছে ।

তার পর সেই অন্ধকার জিনিসটা নিচু হয়ে আমার দিকে এগিয়ে এল ।

এইবার তার মুখটা আমার মুখের সামনে, আর সেই মুখে একটা—মুখোশ !

আমি যেই চিৎকার করতে যাব অমনি অন্ধকার শরীরটার একটা হাত উঠে গিয়ে মুখোশটা খুলতেই দেখি—ফেলুদা !

‘কী রে—ঘুমিয়ে পড়েছিলি নাকি ?’

‘ওঃ—ফেলুদা—তুমি ?’

‘তা আমি না তো কে ? তুই কি ভেবেছিলি... ?’

ফেলুদা ব্যাপারটা বুঝে একটা অট্টহাস্য করতে গিয়ে হঠাৎ থেমে গম্ভীর হয়ে গেল । তার পর খাটের পাশটায় বসে বলল, ‘রাজেনবাবুর মুখোশগুলো সব কটা পরে দেখছিলাম । তুই এইটে একবার পর তো ।’

ফেলুদা আমাকে মুখোশটা পরিয়ে দিল ।

‘অস্বাভাবিক কিছু লাগছে কি ?’

‘কই না তো । আমার পক্ষে একটু বড়, এই যা ।’

‘আর কিছু না ? ভাল করে ভেবে দেখ তো ।’

‘একটু...একটু যেন...গন্ধ ।’

‘কীসের গন্ধ ?’

‘চুরুট ।’

ফেলুদা মুখোশটা খুলে নিয়ে বলল, ‘এগজ্যাক্টলি ।’

আমার বুকের ভিতরটা আবার টিপ টিপ করছিল। মুখ দিয়ে বেরিয়ে গেল, ‘তি-তিনকড়িবাবু ?’

ফেলুদা দীর্ঘশ্বাস ফেলে বলল, ‘সুযোগের দিক দিয়ে সবচেয়ে বেশি ছিল ঐরই। বাংলা উপন্যাস, খবরের কাগজ, ব্রেড, আঠা কোনওটারই অভাব নেই। আর তুই লক্ষ্য করেছিলি নিশ্চয়ই—স্টেশনে আজ যেন একটু খোঁড়াছিলেন। সেটা বোধহয় কাল জানালার বাইরে লাফিয়ে পড়ার দরুন। কিন্তু আসল যেটা রহস্য, সেটা হল—কারণটা কী ? রাজেনবাবুকে তো মনে হয় রীতিমতো সমীহ করতেন ভদ্রলোক। তা হলে কী কারণে, কী উদ্দেশ্য নিয়ে তিনি এই চিঠি লিখেছিলেন ? এটার উত্তর বোধ হয় আর জানা যাবে না...কোনও দিনও না।’

রাত্রে কোনও দুর্ঘটনা ঘটেনি।

সকালে খাবার ঘরে বসে রাজেনবাবুর সঙ্গে চা খাচ্ছি, এমন সময় নেপালি চাকরটা একটা চিঠি নিয়ে এল। আবার সেই নীল কাগজ—আর খামের উপর দার্জিলিং পোস্ট মার্ক।

রাজেনবাবু ফ্যাকাশে মুখ করে কাঁপতে কাঁপতে চিঠির ভাঁজ খুলে ফেলুদাকে দিয়ে বললেন, ‘তুমিই পড়ো। আমার সাহস হচ্ছে না।’

ফেলুদা চিঠিটা নিয়ে জোরে জোরে পড়ল। তাতে লেখা আছে—

‘প্রিয় রাজু, কলকাতায় জ্ঞানেশের কাছ থেকে তোমার ঘরের খবর পেয়ে যখন তোমায় চিঠি লিখি, তখনও জানতাম না আসলে তুমি কে। তোমার বাড়িতে এসে তোমার ছেলেবয়সের ছবিখানা দেখেই চিনেছি, তুমি সেই পঞ্চাশ বছর আগের বাঁকুড়া মিশনারি স্কুলের আমারই সহপাঠী রাজু !

‘এতকাল পরেও যে পুরনো আক্রোশ চাগিয়ে উঠতে পারে, সেটা আমার জানা ছিল না। অন্যায়ভাবে ল্যাং মেরে তুমি যে শুধু আমায় হাণ্ডেড ইয়ার্ডস-এর নিশ্চিত পুরস্কার ও রেকর্ড থেকে বঞ্চিত করেছিলে, তাই নয়—আমাকে রীতিমতো জখমও করেছিলে। বাবা বদলি হলেন তখনই, তাই তোমার সঙ্গে বোঝাপড়াও হয়নি, আর তুমিও আমার মন আর শরীরের কষ্টের কথা জানতে পারোনি। তিন মাস পায়ে প্লাস্টার লাগিয়ে হাসপাতালে পড়ে ছিলাম।

‘এখানে এসে তোমার জীবনের শান্তিময় পরিপূর্ণতার ছবি আমাকে অশান্ত করেছিল। তাই তোমার মনে খানিকটা সাময়িক উদ্বেগের সঞ্চার করে তোমার সেই প্রাচীন অপরাধের শাস্তি দিলাম। শুভেচ্ছা নিও। ইতি—তিনু (শ্রীতিনকড়ি মুখোপাধ্যায়)।



বাদশাহী আংটি

১

বাবা যখন বললেন, ‘তোর ধীরুকাকা অনেকদিন থেকে বলছেন—তাই ভাবছি এবার পুজোর ছুটিটা লখনৌতেই কাটিয়ে আসি’—তখন আমার মনটা খারাপ হয়ে গিয়েছিল। আমার বিশ্বাস ছিল লখনৌটা বেশ বাজে জায়গা। অবিশ্যি বাবা বলেছিলেন ওখান থেকে আমরা হরিন্দার লছমনঝুলাও ঘুরে আসব, আর লছমনঝুলাতে পাহাড়ও আছে—কিন্তু সে আর কদিনের জন্য ? এর আগে প্রত্যেক ছুটিতে দার্জিলিং না হয় পুরী গিয়েছি। আমার পাহাড়ও ভাল লাগে, আবার সমুদ্রও ভাল লাগে। লখনৌতে দুটোর একটাও নেই। তাই বাবাকে

বললাম, ‘ফেলুদা যেতে পারে না আমাদের সঙ্গে?’

ফেলুদা বলে ও কলকাতা ছেড়ে যেখানেই যাক না কেন, ওকে ঘিরে নাকি রহস্যজনক ঘটনা সব গজিয়ে ওঠে। আর সত্যিই, দার্জিলিং-এ যেবার ও আমাদের সঙ্গে ছিল, ঠিক সেবারই রাজেনবাবুকে জড়িয়ে সেই অদ্ভুত ঘটনাগুলো ঘটল। তেমন যদি হয় তা হলে জায়গা ভাল না হলেও খুব ক্ষতি নেই।

বাবা বললেন, ‘ফেলু তো আসতেই পারে, কিন্তু ও যে নতুন চাকরি নিয়েছে, ছুটি পাবে কি?’

ফেলুদাকে লখনৌয়ের কথা বলতেই ও বলল, ‘ফিফ্টি-এইটে গেস্লাম—ক্রিকেট খেলতে। জায়গাটা নেহাত ফেলনা নয়। বড়াইমামবড়ার ভুলভুলাইয়ার ভেতরে যদি ঢুকিস তো তোর চোখ আর মন একসঙ্গে ধাঁধিয়ে যাবে। নবাব-বাদশাহের কী ইম্যাজিনেশন ছিল—বাপ্পরে বাপ্প!’

‘তুমি ছুটি পাবে তো?’

ফেলুদা আমার কথায় কান না দিয়ে বলল, ‘আর শুধু ভুলভুলাইয়া কেন—গুম্‌তী নদীর ওপর মাক্সি ব্রিজ দেখবি, সেপাইদের কামানের গোলায় বিধবস্ত রেসিডেন্সি দেখবি।’

‘রেসিডেন্সি আবার কী?’

‘সেপাই বিদ্রোহের সময় গোরা সৈনিকদের ঘাঁটি ছিল ওটা। কিস্যু করতে পারেনি। ঘেরাও করে গোলা দেগে ঝাঁঝরা করে দিয়েছিল সেপাইরা।’

দু বছর হল চাকরি নিয়েছে ফেলুদা, কিন্তু প্রথম বছর কোনও ছুটি নেয়নি বলে পনেরো দিনের ছুটি পেতে ওর কোনও অসুবিধে হল না।

এখানে বলে রাখি—ফেলুদা আমার মাসতুতো দাদা। আমার বয়স চোদ্দো, আর ওর সাতাশ। ওকে কেউ কেউ বলে আধপাগলা, কেউ কেউ বলে খামখেয়ালি, আবার কেউ কেউ বলে কুঁড়ে। আমি কিন্তু জানি ওই বয়সে ফেলুদার মতো বুদ্ধি খুব কম লোকের হয়। আর ওর মনের মতো কাজ পেলে ওর মতো খাটতে খুব কম লোকে পারে। তা ছাড়া ও ভাল ক্রিকেট জানে, প্রায় একশো রকম ইনডোর গেম বা ঘরে বসে খেলা জানে, তাসের ম্যাজিক জানে, একটু একটু হিপ্‌নটিজম্‌ জানে, ডান হাত আর বাঁ হাত দুহাতেই লিখতে জানে। আর ও যখন স্কুলে পড়ত তখনই ওর মেমারি এত ভাল ছিল যে ও দুবার রিডিং পড়েই পুরো ‘দেবতার গ্রাস’ মুখস্থ করেছিল।

কিন্তু ফেলুদার যেটা সবচেয়ে আশ্চর্য ক্ষমতা, সেটি হল—ও বিলিতি বই পড়ে আর নিজের বুদ্ধিতে দারুণ ডিটেক্টিভের কাজ শিখে নিয়েছে। তার মানে অবশ্যি এই নয় যে চোর ডাকাত খুনি এইসব ধরার জন্য পুলিশ ফেলুদাকে ডাকে। ও হল যাকে বলে শেখের ডিটেক্টিভ।

সেটা বোঝা যায় যখন একজন অচেনা লোককে একবার দেখেই ফেলুদা তার সম্বন্ধে অনেক কিছু বলে দিতে পারে।

যেমন লখনৌ স্টেশনে ট্রেন থেকে নেমে ধীরুকাঁকাকে দেখেই ও আমায় ফিসফিস করে বলল, ‘তোর কাকার বুঝি বাগানের শখ?’

আমি যদিও জানতাম ধীরুকাঁকার বাগানের কথা, ফেলুদার কিন্তু মোটেই জানার কথা নয়, কারণ, যদিও ফেলুদা আমার মাসতুতো ভাই, ধীরুকাঁকা কিন্তু আমার আসল কাকা নন, বাবার ছেলেবেলার বন্ধু।

তাই আমি অবাক হয়ে জিজ্ঞেস করলাম, ‘তুমি কী করে জানলে?’

ফেলুদা আবার ফিসফিস করে বলল, ‘উনি পিছন ফিরলে দেখবি ওঁর ডান পায়ের জুতোর

গোড়ালির পাশ দিয়ে একটা গোলাপ পাতার ডগা বেরিয়ে আছে। আর ডান হাতের তর্জনীটায় দেখ টিনচার আয়োডিন লাগানো। সকালে বাগানে গিয়ে গোলাপ ফুল ঘাঁটার ফল।’

স্টেশন থেকে বাড়ি আসার পথে বুঝলাম লখনৌ শহরটা আসলে খুব সুন্দর। গম্বুজ আর মিনারওয়ালা বাড়ি দেখা যাচ্ছে চারদিকে, রাস্তাগুলো চওড়া আর পরিষ্কার, আর তাতে মোটরগাড়ি ছাড়াও দুটো নতুন রকমের ঘোড়ার গাড়ি চলতে দেখলাম। তার একটার নাম টাঙ্গা আর অন্যটা এক্কা। ‘এক্কা গাড়ি খুব ছুটেছে—এই জিনিসটা নিজের চোখে এই প্রথম দেখলাম। ধীরুকাকার পুরনো সেব্রোলে গাড়ি না থাকলে আমাদের হয়তো ওরই একটাতে চড়তে হত।’

যেতে যেতে ধীরুকাকা বললেন, ‘এখানে না এলে কি বুঝতে পারতে শহরটা এত সুন্দর? আর কলকাতার মতো আবর্জনা কি দেখতে পাচ্ছ রাস্তাঘাটে? আর কত গাছ দেখো, আর কত ফুলের বাগান।’

বাবা আর ধীরুকাকা পিছনে বসেছিলেন, ফেলুদা আর আমি সামনে। আমার পাশেই বসে গাড়ি চালাচ্ছে ধীরুকাকার ড্রাইভার দীনদয়াল সিং। ফেলুদা আমার কানের কাছে মুখ এনে ফিসফিস করে বলল, ‘ভুলভুলাইয়ার কথাটা জিজ্ঞেস কর।’

ফেলুদা কিছু করতে বললে সেটা না করে পারি না। তাই বললাম, ‘আচ্ছা ধীরুকাকা, ভুলভুলাইয়া কী জিনিস?’

ধীরুকাকা বললেন, ‘দেখবে দেখবে—সব দেখবে। ভুলভুলাইয়া হল ইমামবড়ার ভেতরে একটা গোলকধাঁধা। আমরা বাঙালিরা অবিশ্যি বলি ঘুলঘুলিয়া; কিন্তু আসল নাম ওই ভুলভুলাইয়া। নবাবরা তাঁদের বেগমদের সঙ্গে লুকোচুরি খেলতেন ওই গোলকধাঁধায়।’

এবার ফেলুদা নিজেই বলল, ‘ওর ভেতরে গাইড ছাড়া ঢুকলে নাকি আর বেরোনো যায় না?’

‘তাই তো শুনিচি। একবার এক গোরাপল্টন—অনেকদিন আগে—মদটদ খেয়ে বাজি ধরে নাকি ঢুকেছিল ওর ভেতরে। বলেছিল কেউ যেন ধাওয়া না করে—ও নিজেই বেরিয়ে আসবে। দুদিন পরে ওর মৃতদেহ পাওয়া যায় ওই গোলকধাঁধার এক গলিতে।’

আমার বুকের ভেতরটা এর মধ্যেই টিপটিপ করতে শুরু করেছে।

ফেলুদাকে জিজ্ঞেস করলাম, ‘তুমি কি একা গিয়েছিলে, না গাইড নিয়ে?’

‘গাইড নিয়ে। তবে একাও যাওয়া যায়।’

‘সত্যি?’

আমি তো অবাক। তবে ফেলুদার পক্ষে কিছুই অসম্ভব নয়।

‘কী করে একা যাওয়া যায় ফেলুদা?’

ফেলুদা চোখটা চুলচুল করে ঘাড়টা দুবার নাড়িয়ে চুপ করে গেল। বুঝলাম ও আর কথা বলবে না। এখন ও শহরের পথঘাট বাড়িঘর লোকজন এক্কা টাঙ্গা সব খুব মন দিয়ে লক্ষ করছে।

ধীরুকাকা কুড়ি বছর আগে লখনৌতে প্রথম আসেন উকিল হয়ে। সেই থেকে এখানেই আছেন, এবং এখন নাকি ওঁর বেশ নামডাক। কাকিমা তিনবছর হল মারা গেছেন, আর ধীরুকাকার ছেলে জামানির ফ্র্যাংকফার্ট শহরে চাকরি নিয়ে চলে গেছেন। ওঁর বাড়িতে এখন উনি থাকেন, ওঁর বেয়ারা জগমোহন থাকে, আর রান্না করার বাবুর্চি আর একটা মালী। ওঁর বাড়িটা যেখানে সে জায়গাটার নাম সেকেন্দার বাগ, স্টেশন থেকে প্রায় সাড়ে তিন মাইল দূরে। বাড়ির সামনে গেটের উপর লেখা—‘ডি. কে. সান্যাল এম. এ., বি.এল. বি.,

অ্যাডভোকেট'। গেট দিয়ে ঢুকে খানিকটা নুড়ি পাথর ঢালা রাস্তার পর একতলা বাড়ি, আর রাস্তার দুদিকে বাগান। আমরা যখন পৌঁছলাম তখন মালী 'লন মোয়ার' দিয়ে বাগানের ঘাস কাটছে।

দুপুরে খাওয়া-দাওয়ার পর বাবা বললেন, 'ট্রেন জার্নি করে এসেছ, আজ আর বেরিয়ে না। কাল থেকে শহর দেখা শুরু করা যাবে।' তাই সারা দুপুর বাড়িতে বসে ফেলুদার কাছে তাসের ম্যাজিক শিখেছি। ফেলুদা বলে—'ইন্ডিয়ানদের আঙুল ইউরোপিয়ানদের চেয়ে অনেক বেশি ফ্লেক্সিবল। তাই হাত সাফাইয়ের খেলাগুলো আমাদের পক্ষে রপ্ত করা অনেক সহজ।'।

বিকেলে যখন ধীরুকাচার বাগানে ইউক্যালিপটাস গাছটার পাশে বেতের চেয়ারে বসে চা খাচ্ছি, তখন গেটের বাইরে একটা গাড়ি থামার আওয়াজ পেলাম। ফেলুদা না দেখেই বলল 'ফিয়াট'। তারপর রাস্তার পাথরের উপর দিয়ে খচমচ খচমচ করতে করতে ছাই রঙের সুট পরা একজন ভদ্রলোক এলেন। চোখে চশমা, রং ফরসা আর মাথার চুলগুলো বেশির ভাগই সাদা। কিন্তু তাও দেখে বোঝা যায় যে বয়স বাবাদের চেয়ে খুব বেশি নয়।

ধীরুকাচা হেসে নমস্কার করে উঠে দাঁড়িয়ে প্রথমে বললেন, 'জগমোহন, আউর এক কুরসি লাও', তারপর বাবার দিকে ফিরে বললেন, 'আলাপ করিয়ে দিই—ইনি ডক্টর শ্রীবাস্তব, আমার বিশিষ্ট বন্ধু।'।

আমি আর ফেলুদা দুজনেই চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়েছিলাম। ফেলুদা ফিসফিস করে বলল, 'নার্ভাস হয়ে আছে। তোর বাবাকে নমস্কার করতে ভুলে গেল।'।

ধীরুকাচা বললেন, 'শ্রীবাস্তব হচ্ছেন অস্টিওপ্যাথ, আর একেবারে খাস লখনৌইয়া।'।

ফেলুদা চাপা গলায় বলল, 'অস্টিওপ্যাথ মানে বুঝলি?'

আমি বললাম, 'না।'।

'হাড়ের ব্যারামের ডাক্তার। অস্টিও আর অস্থি—মিলটা লক্ষ করিস। অস্থি মানে হাড় সেটা জানিস তো?'

'তা জানি।'।

আরেকটা বেতের চেয়ার এসে পড়াতে আমরা সকলেই বসে পড়লাম। ডক্টর শ্রীবাস্তব হঠাৎ ভুল করে বাবার চায়ের পেয়ালাটা তুলে আরেকটু হলেই চুমুক দিয়ে ফেলতেন, এমন সময় বাবা একটু খুক খুক করে কাশাতে 'আই অ্যাম সো সরি' বলে রেখে দিলেন।

ধীরুকাচা বললেন, 'আজ যেন তোমায় একটু ইয়ে বলে মনে হচ্ছে। কোনও কঠিন কেসটেন দেখে এলে নাকি?'

বাবা বললেন, 'ধীরু, তুমি বাংলায় বলছ—উনি বাংলা বোঝেন বুঝি?'

ধীরুকাচা হেসে বললেন, 'ওরে বাবা, বোঝেন বলে বোঝেন! তোমার বাংলা আবৃত্তি একটু শুনিয়ে দাও না।'।

শ্রীবাস্তব যেন একটু অপ্রস্তুত হয়েই বললেন, 'আমি বাংলা মোটামুটি জানি। ট্যাগোরও পড়েছি কিছু কিছু।'।

'বটে?'

'ইয়েস। গ্রেট পোয়েট।'।

আমি মনে মনে ভাবছি। এই বুঝি কবিতার আলোচনা শুরু হয়, এমন সময় কাঁপা হাতে তারই জন্যে ঢালা চায়ের পেয়ালাটা তুলে নিয়ে শ্রীবাস্তব বললেন, 'কাল রাতে আমার বাড়িতে ডাকু আসিয়াছিল।'।

ডাকু? ডাকু আবার কে? আমাদের ক্লাসে দক্ষিণা বলে একটা ছেলে আছে যার ডাকনাম ডাকু।

কিন্তু ধীরূপাকার কথাতেই ডাকু ব্যাপারটা বুঝে নিলাম ।

‘সেকী—ডাকাত তো মধ্য প্রদেশেই আছে বলে জানতাম । লখনৌ শহরে আবার ডাকাত এল কোথেকে ?’

‘ডাকু বলুন, কি চোর বলুন । আমার অঙ্গুরীর কথা তো আপনি জানেন মিস্টার সানিয়াল ?’

‘সেই পিয়ারিলালের দেওয়া আংটি ? সেটা কি চুরি গেল নাকি ?’

‘না, না । লেकिन আমার বিশ্বাস কি, ওই আংটি নিতেই চোর আসিল ।’

বাবা বললেন, ‘কী আংটি ?’

শ্রীবাস্তব ধীরূপাকাকে বললেন, ‘আপনি বোলেন । উর্দুভাষা ঐরা বুঝবেন না আর অত কথা আমার বাংলায় হবে না ।’

ধীরূপাকা বললেন, ‘পিয়ারিলাল শেঠ ছিলেন লখনৌ-এর নামকরা ধনী ব্যবসায়ী । জাতে গুজরাটি । এককালে কলকাতায় ছিলেন । তাই বাংলাও অল্প অল্প জানতেন । ওর ছেলে মহাবীরের যখন বারো কি তেরো বছর বয়স, তখন তার একটা কঠিন হাড়ের ব্যারাম হয় । শ্রীবাস্তব তাকে ভাল করে দেন । পিয়ারিলালের স্ত্রী নেই, দুই ছেলের বড়টি টাইফয়েডে মারা যায় । তাই বুঝতেই পারছ, সবেধন নীলমণিটিকে মৃত্যুর দরজা থেকে ফিরিয়ে আনার জন্য শ্রীবাস্তবের উপর পিয়ারিলালের মনে একটা গভীর কৃতজ্ঞতাবোধ ছিল । তাই মারা যাবার আগে তিনি তাঁর একটা বহুমূল্য আংটি শ্রীবাস্তবকে দিয়ে যান ।’

বাবা বললেন, ‘কবে মারা গেছেন ভদ্রলোক ?’

শ্রীবাস্তব বললেন, ‘লাস্ট জুলাই । তিনমাস হল । মে মাসে ফার্স্ট হাট অ্যাটাক হল । তাতেই প্রায় চলে গিয়েছিলেন । সেই টাইমে আংটি দিয়েছিলেন আমায় । দেবার পরে ভাল হয়ে উঠলেন । তারপর জুলাই মাসে সেকেন্ড অ্যাটাক হল । তখনও আমি দেখা করতে গিয়েছিলাম । তিন দিনে চলে গেলেন । ...এই দেখুন—’

শ্রীবাস্তব তাঁর কোটের পকেট থেকে একটা দেশলাই-এর বাক্সের চেয়ে একটু বড় নীল রঙের ভেলভেটের কৌটো বার করে ঢাকনাটা খুলতেই তার ভেতরটায় রোদ পড়ে রামধনুর সাতটা রঙের একটা চোখ ঝলসানো ঝিলিক খেলে গেল ।

তারপর শ্রীবাস্তব এদিক ওদিক দেখে সামনে ঝুঁকে পড়ে খুব সাবধানে ডানহাতের বুড়ো আঙুল আর তার পাশের আঙুল দিয়ে আলতো করে ধরে আংটিটা বার করলেন ।

দেখলাম আংটিটার উপরে ঠিক মাঝখানে একটা প্রায় চার আনির সাইজের ঝলমলে পাথর—নিশ্চয়ই হিরে—আর তাকে ঘিরে লাল নীল সবুজ সব আরও অনেকগুলো ছোট ছোট পাথর ।

এত অদ্ভুত সুন্দর আংটি আমি কোনওদিন দেখিনি ।

ফেলুদার দিকে আড়চোখে চেয়ে দেখি সে একটা শুকনো ইউক্যালিপটাসের পাতা নিয়ে কানের মধ্যে ঢুকিয়ে সেটাকে পাকাচ্ছে, যদিও তার চোখটা রয়েছে আংটির দিকে ।

বাবা বললেন, ‘দেখে তো মনে হয় জিনিসটা পুরনো । এর কোনও ইতিহাস আছে নাকি ?’

শ্রীবাস্তব একটু হেসে আংটিটা বাক্সে পুরে বাক্সটা পকেটে রেখে চায়ের পেয়ালাটা আবার হাতে তুলে নিয়ে বললেন, ‘তা একটু আছে । এর বয়স তিনশো বছরের বেশি । এ আংটি ছিল আওরঙ্গজেবের ।’

বাবা চোখ কপালে তুলে বললেন, ‘বলেন কী ! আমাদের আওরঙ্গজেব বাদশা ?’



শাজাহানের ছেলে আওরঙ্গজেব ?

শ্রীবাস্তব বললেন, ‘হাঁ—তবে আওরঙ্গজেব তখনও বাদশা বনেননি। গদিতে শাজাহান। সমরকন্দ দখল করবেন বলে ফৌজ পাঠাচ্ছেন বার বার—আর বার বার ডিফিট হচ্ছে। একবার আওরঙ্গজেবের আন্ডারে ফৌজ গেল। আওরঙ্গজেব মার খেলেন খুব। হয়তো মরেই যেতেন। এক সেনাপতি সেভ করল। আওরঙ্গজেব নিজের হাত থেকে আংটি খুলিয়ে তাকে দিলেন।’

‘বাবা ! এ যে একেবারে গল্পের মতো।’

‘হাঁ। আর পিয়ারিলাল ওই আংটি কিনলেন ওই সেনাপতির এক বংশধরের কাছ থেকে আগ্রাতে। দাম কত ছিল তা পিয়ারিলাল বলেননি। তবে—দ্যাট বিগ স্টোন ইজ ডায়ামন্ড, আমি যাচাই করিয়ে নিয়েছি। বুঝতেই পারছেন কতো দাম হবে।’

ধীরুকাকা বললেন, ‘কমপক্ষে লাখ দুয়েক। আওরঙ্গজেব না হয়ে যদি জাহান্না খাঁ হত, তা হলেও লাখ দেড়েক হত নিশ্চয়ই।’

শ্রীবাস্তব বললেন, ‘তাইতো বলছি—কালকের ঘটনার পর খুব আপসেট হয়েছি। আমি একেলা মানুষ, রোগী দেখতে হামেশাই বাইরে যাচ্ছি। আজ যদি পুলিশকে বলি, কাল আমি বাইরে গেলে রাস্তায় কেউ যদি ইট পাটকেল ছুঁড়িয়ে মারে ? একবার ভেবেছিলাম কি কোনও ব্যাঙ্কে রেখিয়ে দিই। তারপর ভাবলাম—এত সুন্দর জিনিস বন্ধুবান্ধবকে দেখিয়েও আনন্দ। ওই জন্যেই তো রেখে দিলাম নিজের কাছে।’

ধীরুকাকা বললেন, ‘অনেককে দেখিয়েছেন ও আংটি ?’

‘মাত্র তিনমাস হল তো পেলাম। আর আমার বাড়িতে খুব বেশি কেউ তো আসে না। যাঁরা এলেন—বন্ধুলোক, ভদ্রলোক, তাঁদেরই দেখিয়েছি।’

সম্বা হয়ে এসেছে। ইউক্যালিপটাসের মাথায় একটু রোদ লেগে আছে, তাও বেশিক্ষণ থাকবে না। শ্রীবাস্তবকে দেখছিলাম কিছুতেই স্থির হয়ে বসে থাকতে পারছিলেন না।

ধীরুকাকা বললেন, ‘চলুন ভিতরে গিয়ে বসা যাক। ব্যাপার নিয়ে একটু ভাবা দরকার।’

আমরা সবাই বাগান ছেড়ে গিয়ে বৈঠকখানায় বসলাম। ফেলুদাকে দেখে মনেই হচ্ছিল না যে ওর এই আংটির ব্যাপারটা একটুও ইন্টারেস্টিং লাগছে। ও সোফাতে বসেই পকেট

থেকে তাসের প্যাকেট বার করে হাতসাফাই প্র্যাকটিস করতে লাগল।

বাবা এমনিতে বেশি কথা বলেন না, কিন্তু যখন বলেন তখন বেশ ভেবেচিন্তে ঠাণ্ডা মাথায় বলেন। বাবা বললেন, ‘আচ্ছা, আপনি কেন ভাবছেন যে আপনার ওই আংটিটা নিতেই ওরা এসেছিল? আপনার অন্য কোনও জিনিস চুরি যায়নি? এমনও তো হতে পারে যে ওরা সাধারণ চোর, টাকাকড়ি নিতেই এসেছিল?’

শ্রীবাস্তব বললেন, ‘ব্যাপার কী বলি। বনবিহারীবাবু আছেন বলে এমনিতেই আমাদের পাড়ায় চোর-টোর আসে না। আর আমার পাশের বাড়িতে থাকেন মিস্টার বুনবুনওয়ালা, আর তার পাশের বাড়িতে থাকেন মিস্টার বিলিমোরিয়া—বোথ ভেরি রিচ। আর সেটা তাদের বাড়ি দেখলেই বোঝা যায়। তাদের কাছে আমি কী? তাদের বাড়ি ছেড়ে আমার বাড়ি আসবে কেন চোর?’

ধীরুকাকা বললেন, ‘তারা যেমন ধনী, তেমনি তাদের পাহারার বন্দোবস্তও নিশ্চয়ই খুব জমকালো। সুতরাং চোর সে বাড়িতে যাবে কেন? তারা তো বিরাট ধনদৌলতের আশায় যাবে না। শ’ পাঁচেক টাকা মারতে পারলে তাদের ছ মাসের খোরাক হয়ে যায়। কাজেই আমার-আপনার বাড়িতে চোর আসার ব্যাপারে অবাক হবার কিছু নেই।’

শ্রীবাস্তব তবু যেন ভরসা পাচ্ছিলেন না। উনি বললেন, ‘আমি জানি না মিস্টার সানিয়াল—আমার কেন জানি মনে হচ্ছে চোর ওই আংটি নিতেই এসেছিল। আমার পাশের ঘরের একটা আলমারি খুলেছিল। দেরাজ খুলেছিল। তাতে অন্য জিনিস ছিল। নিতে পারত। টাইম ছিল। আমার ঘুম ভাঙতে চোর পালিয়ে গেলো, একেবারে কিছু না নিয়ে। আর, কথা কী জানেন?—’

শ্রীবাস্তব হঠাৎ থামলেন। তারপর ভুকুটি করে কিছুক্ষণ ভেবে বললেন, ‘পিয়ারিলাল যখন আমাকে আংটি দিয়েছিলেন, তখন মনে হল কী—উনি আংটি নিজের বাড়িতে রাখতে চাইলেন না। তাই আমাকে দিয়ে দিলেন। আউর—’

শ্রীবাস্তব আবার থেমে ভুকুটি করলেন।

ধীরুকাকা বললেন—‘আউর কেয়া, ডক্টরজি?’

শ্রীবাস্তব একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘দ্বিতীয়বার যখন হার্ট অ্যাটাক হল, আর আমি ওঁকে দেখতে গেলাম, তখন উনি একটা কিছু আমাকে বলতে চেষ্টা করলেন, কিন্তু পারলেন না। তবে একটা কথা আমি শুনতে পেয়েছিলাম।’

‘কী কথা?’

‘দুবার বলেছিলেন—“এ স্পাই...” “এ স্পাই...”।’

ধীরুকাকা সোফা ছেড়ে উঠে পড়লেন।

‘না ডক্টরজি—পিয়ারিলাল যাই বলে থাকুক—আমার দৃঢ় বিশ্বাস ও চোর সাধারণ চোর, ছাঁচড় চোর। আপনি বোধহয় জানেন না, ব্যারিস্টার ভূদেব মিত্তিরের বাড়িতেও রিসেস্ট্রলি চুরি হয়ে গেছে। একটা আস্ত রেডিয়ো আর কিছু রূপোর বাসন-কোসন নিয়ে গেছে। তবে আপনার যদি সত্যিই নার্ভস লাগে, তা হলে আপনি ও আংটি স্বচ্ছন্দে আমার জিন্মায় রেখে যেতে পারেন। আমার গোদরেজের আলমারিতে থাকবে ওটা, তারপর আপনার ভয় কেটে গেলে পর আপনি ওটা ফেরত নিয়ে যাবেন।’

শ্রীবাস্তব হঠাৎ হাঁফ ছেড়ে একগাল হেসে ফেললেন।

‘আমি ওই প্রস্তাব করতেই এলাম, लेकिन নিজে থেকে বলতে পারছিলাম না। থ্যাঙ্ক ইউ ভেরি মাচ, মিস্টার সানিয়াল। আপনার কাছে আংটি থাকলে আমি নিশ্চিত থাকব।’

শ্রীবাস্তব তাঁর পকেট থেকে আংটি বার করে ধীরুকাকাকে দিলেন, আর ধীরুকাকা সেটা

নিয়ে শোবার ঘরে চলে গেলেন ।

এইবার ফেলুদা হঠাৎ একটা প্রশ্ন করে বসল ।

‘বনবিহারীবাবু কে ?’

‘পার্ডন ?’ শ্রীবাস্তব বোধহয় একটু অন্যমনস্ক ছিলেন ।

ফেলুদা বলল, ‘আপনি বললেন না যে, বনবিহারীবাবু পাড়ায় আছেন বলে চোর-টোর আসে না—এই বনবিহারীবাবুটি কে ? পুলিশ-টুলিশ নাকি ?’

শ্রীবাস্তব হেসে বললেন, ‘ও নো নো । পুলিশ না । তবে পুলিশের বাড়ি । ইন্টারেস্টিং লোক । আগে বাংলাদেশে জমিদারি ছিল । তারপর সেটা গেল—আর উনি একটা ব্যবসা শুরু করলেন । বিদেশে জানোয়ার চালান দেবার ব্যবসা ।’

‘জানোয়ার ?’ বাবা আর ফেলুদা একসঙ্গে প্রশ্ন করল ।

‘হাঁ । টেলিভিশন, সার্কাস, চিড়িয়াখানা—এইসবের জন্য এদেশ থেকে অনেক জানোয়ার চালান যায় ইউরোপ, আমেরিকা, অস্ট্রেলিয়া, এইসব জায়গায় । অনেক ইন্ডিয়ান এই ব্যবসা করে । বনবিহারীবাবু ওতে অনেক টাকা করেছিলেন । তারপর রিটায়ার করে এখানে চলে এলেন আজ দু-তিন বছর । আর আসার সময় সঙ্গে কিছু জানোয়ার ভি নিয়ে এসে একটা বাড়ি কিনে সেখানে একটা ছোটখাটো চিড়িয়াখানা বানিয়ে নিলেন ।’

বাবা বললেন, ‘বলেন কী—ভারী অদ্ভুত তো ।’

‘হাঁ । আর ওই চিড়িয়াখানার স্পেশালিটি হল কি, ওর প্রত্যেক জানোয়ার হল ভারী...ভারী...কী বলে—’

‘হিংস্র ?’

‘হাঁ, হাঁ—হিংস্র ।’

লখনৌতে এমনিতেই যে চিড়িয়াখানাটা আছে সেটা শুনেছি খুব ভাল । ওখানে বাঘ সিংহ নাকি খাঁচায় থাকে না । জাল দিয়ে ঘেরা দ্বীপের মতন তৈরি করা আছে, তার মধ্যে মানুষের তৈরি পাহাড় আর গুহার মধ্যে থাকে ওরা । তার উপর আবার এই প্রাইভেট চিড়িয়াখানা !

শ্রীবাস্তব বললেন, ‘ওয়াইল্ড ক্যাট আছে ওঁর কাছে । হাইনা আছে, কুমির আছে, স্করপিয়ন আছে । আওয়াজ শুনা যায় । চোর আসবে কী করিয়ে ?’

এর পরে আমি যেটা জিজ্ঞেস করতে যাচ্ছিলাম, ফেলুদা আমার আগেই সেটা জিজ্ঞেস করে ফেলল ।

‘চিড়িয়াখানাটা একবার দেখা যায় না ?’

ধীরুকাকা ঠিক এই সময় ঘরে ফিরে এসে বললেন, ‘সে তো খুব সহজ ব্যাপার । যে কোনও দিন গেলেই হল । উনি মানুষটি মোটেই হিংস্র নন ।’

শ্রীবাস্তব উঠে পড়লেন । বললেন, ‘লাটুশ রোডে আমার এক পেশেন্ট আছে । আমি চলি ।’

আমরা সবাই শ্রীবাস্তবের সঙ্গে গেটের বাইরে অবধি গেলাম । ভদ্রলোক সকলকে গুড নাইট করে ধীরুকাকাকে আবার ধন্যবাদ জানিয়ে ওঁর ফিয়াট গাড়িতে উঠে চলে গেলেন । বাবা আর ধীরুকাকা বাড়ির দিকে রওনা দিলেন । ফেলুদা সবে একটা সিগারেট ধরাতে যাচ্ছে, এমন সময় হুশ্ করে একটা কালো গাড়ি আমাদের সামনে দিয়ে শ্রীবাস্তবের গাড়ির দিকে চলে গেল ।

ফেলুদা বলল, ‘স্ট্যান্ডার্ড হেরাল্ড । নম্বরটা মিস্ করে গেলাম ।’

আমি বললাম, ‘নম্বর দিয়ে কী হবে ?’

‘মনে হল শ্রীবাস্তবকে ফলো করছে । রাস্তায় ওদিকটা কেমন অন্ধকার দেখলিস ?

ওইখানে গাড়িটা ওয়েট করছিল। আমাদের গেটের সামনে গিয়ার চেঞ্জ করল দেখলি না ?’

এই বলে ফেলুদা রাস্তা থেকে বাড়ির দিকে ঘুরল।

বাড়ির গেট থেকে প্রায় পঞ্চাশ গজ দূরে। আমার আন্দাজ আছে, কেননা আমি স্কুলে অনেকবার হান্ড্রেড ইয়ার্ডস দৌড়েছি। ধীরুকাবার বৈঠকখানায় বাতি জ্বলছে। জানালা দিয়ে ভিতরের দরজাটাও দেখা যাচ্ছে। বাবা আর ধীরুকাবাকে দরজা দিয়ে ঘরে ঢুকতে দেখলাম। ফেলুদা দেখি হঠাৎ থমকে দাঁড়িয়ে সেই জানালার দিকে দেখছে। ওর চোখে লুকুটি আর দাঁত দিয়ে ঠোঁট কামড়ানোর ভাবটা দেখে বুঝলাম ও চিন্তিত।

‘জানিস তোপসে—’

আমার ডাকনাম কিন্তু আসলে ওটা নয়। ফেলুদা তপেশ থেকে তোপসে করে নিয়েছে।

আমি বললাম, ‘কী ?’

‘আমি থাকতে এ ভুলটা হবার কোনও মানে হয় না।’

‘কী ভুল ?’

‘ওই জানালাটা বন্ধ করে দেওয়া উচিত ছিল। গেট থেকে জানালা দিয়ে ঘরের ভিতরটা পরিষ্কার দেখা যায়। ইলেকট্রিক লাইট হলে তাও বা কথা ছিল, কিন্তু তোর কাকা আবার লাগিয়েছেন ফ্লুরোসেন্ট।’

‘তাতে কী হয়েছে ?’

‘তোর বাবাকে দেখতে পাচ্ছিস ?’

‘শুধু মাথাটা। উনি যে চেয়ারে বসে আছেন।’

‘ওই চেয়ারে দশ মিনিট আগে কে বসেছিল ?’

‘ডক্টর শ্রীবাস্তব।’

‘আংটির কৌটোটা তোর বাবাকে দেবার সময় উনি উঠে দাঁড়িয়েছিলেন মনে পড়ে ?’

‘এর মধ্যেই ভুলে যাব ?’

‘সেই সময় এই গেটের কাছে কেউ থেকে থাকলে তার পক্ষে ঘটনাটা দেখে ফেলা অসম্ভব নয়।’

‘এই রে ! কিন্তু কেউ যে ছিল সেটা তুমি ভাবছ কেন ?’

ফেলুদা নিচু হয়ে নুড়ি পাথরের উপর থেকে একটা ছোট্ট জিনিস তুলে আমার দিকে এগিয়ে দিল। হাতে নিয়ে দেখলাম সেটা একটা সিগারেটের টুকরো।

‘মুখটা ভাল করে লক্ষ কর।’

আমি সিগারেটটা চোখের খুব কাছে নিয়ে এলাম, আর রাস্তার ল্যাম্পের অল্প আলোতেই যা দেখবার সেটা দেখে নিলাম।

ফেলুদা হাত বাড়িয়েই সিগারেটটা ফেরত নিয়ে নিল।

‘কী দেখলি ?’

‘চারমিনার। আর যে লোকটা খাচ্ছিল, তার মুখে পান ছিল, তাই পানের দাগ লেগে আছে।’

‘ভেরি গুড। চ’ ভেতরে চ’।’

রাত্রে শোবার আগে ফেলুদা ধীরুকাবার কাছ থেকে আংটিটা চেয়ে নিয়ে সেটা আরেকবার ভাল করে দেখে নিল। ওর যে পাথর সম্বন্ধে এত জ্ঞান ছিল সেটা আমি জানতাম না। ল্যাম্পের আলোতে আংটিটা ধরে সেটাকে ঘুরিয়ে ঘুরিয়ে বলতে লাগল—

‘এই যে নীল পাথরগুলো দেখছিস, এগুলোকে বলে স্যাফায়ার, যার বাংলা নাম নীলকান্ত মণি। লালগুলো হচ্ছে চুনি অর্থাৎ রুবি, আর সবুজগুলো পান্না—এমারেল্ড। অন্যগুলি

যতদূর মনে হচ্ছে পোখরাজ—যার ইংরেজি নাম টোপ্যাজ। তবে আসল দেখবার জিনিস হল মাঝখানের ওই হিরেটা। এমন হিরে হাতে ধরে দেখার সৌভাগ্য সকলের হয় না।’

তারপর ফেলুদা আংটিটা বাঁ হাতের কড়ে আঙুলের পাশের আঙুলে পরে বলল, ‘আওরঙ্গজেবের আঙুল আর আমার আঙুলের সাইজ মিলে যাচ্ছে, দেখেছিস।’

সত্যিই দেখি ফেলুদার আঙুলে আংটিটা ঠিক ফিট করে গেছে।

ল্যাম্পের আলোতে বলমলে পাথরগুলির দিকে একদৃষ্টে তাকিয়ে থেকে ফেলুদা বলল, ‘কত ইতিহাস জড়িয়ে আছে এ আংটির সঙ্গে কে জানে। তবে কী জানিস তোপ্‌সে—এর অতীতে আমার কোনও ইন্টারেস্ট নেই। এটা আওরঙ্গজেবের ছিল কি আলতামসের ছিল কি আক্রম খাঁর ছিল, সেটা আনিস্পিরট্যান্ট। আমাদের জানতে হবে এর ভবিষ্যৎটা কী, আর বর্তমানে কোনও বাবাজি সত্যি করেই এর পেছনে লেগেছেন কি না, আর যদি লেগে থাকেন তবে তিনি কে এবং তাঁর কেন এই দুঃসাহস।’

তারপর ফেলুদা আংটি হাত থেকে খুলে নিয়ে আমার হাতে দিয়ে বলল, ‘যা, ফেরত দিয়ে আয়। আর এসে জানালাগুলো খুলে দে।’

২

পরদিন দুপুরে একটু তাড়াতাড়ি খেয়ে নিয়ে আমরা ইমামবড়া দেখতে বেরিয়ে পড়লাম। বাবা আর ধীরুকাাকা মোটরে গেলেন। গাড়িতে যদিও জায়গা ছিল, তবু ফেলুদা আর আমি দুজনেই বললাম যে আমরা টাঙ্গায় যাব।

সে দারুণ মজা। কলকাতায় থেকে তো ঘোড়ার গাড়ি চড়াই হয় না। সত্যি বলতে কী, আমি কোনও দিনই কোনওরকম ঘোড়ার গাড়ি চড়িনি। ফেলুদা অবিশ্যি চড়েছে। ও বলল কলকাতার ঠিকা গাড়ির চেয়ে টাঙ্গায় নাকি অনেক বেশি ঝাঁকুনি হয়, আর সেটা নাকি হজমের পক্ষে খুব ভাল।

‘তোর কাকার বাবুর্চি যা ফাস্ট ক্লাস রাঁধে, বুঝছি এখানে খাওয়ার ব্যাপারে হিসেব রাখাটা খুব মুশকিল হবে। কাজেই মাঝে মাঝে এই টাঙ্গা রাইডটার এমনিতেই দরকার হবে।’

নতুন শহরের রাস্তাঘাট দেখতে দেখতে আর টাঙ্গার ঝাঁকুনি খেতে খেতে যে জায়গাটায় পৌঁছলাম, গাড়োয়ানকে জিজ্ঞেস করাতে ও বলল সেটার নাম কাইজার-বাগ। ফেলুদা বলল, ‘জার্মান আর উর্দুতে কেমন মিলিয়েছে দেখছিস?’

নবাবি আমলের যত প্রাসাদ-টাসাদ সব নাকি এই কাইজার-বাগের আশেপাশেই রয়েছে। গাড়োয়ান এদিকে ওদিকে আঙুল দেখিয়ে সব নাম বলে দিতে লাগল।

‘উয়ো দেখিয়ে বাদশা মনজিল...উয়ো হ্যায় চাঁদিওয়ালি বরাদরি...উস্কো বোলতা লাখুফটক...’

কিছুদূর গিয়ে দেখি রাস্তাটা গেছে একটা বিরাট গেটের মধ্যে দিয়ে। গাড়োয়ান বলল, ‘রুমি দরওয়াজা।’

রুমি দরওয়াজা পেরিয়েই ‘মচ্ছি ভওয়ন’ আর মচ্ছি ভওয়নেই হল বড়া-ইমামবড়া।

ইমামবড়ার সাইজ দেখে আমার মুখের কথা বন্ধ হয়ে গেল। এত বড় প্রাসাদ যে হতে পারে সেটা আমার ধারণাই ছিল না।

টাঙ্গা থেকেই ধীরুকাাকার গাড়িটা দেখতে পেয়েছিলাম। গাড়োয়ানকে ভাড়া চুকিয়ে দিয়ে আমরা বাবাদের দিকে এগিয়ে গেলাম। বাবা আর ধীরুকাাকা একজন লম্বা মাঝবয়সী লোকের সঙ্গে কথা বলছেন।

ফেলুদা হঠাৎ আমার কাঁধে হাত দিয়ে চাপা গলায় বলল, ‘ব্লাক স্ট্যান্ডার্ড হেরাল্ড ।’
সত্যিই তো ! ধীরুকাকার গাড়ির পাশে একটা কালো স্ট্যান্ডার্ড গাড়ি দাঁড়িয়ে আছে ।
‘মাদগার্ডে একটা টাটকা ঘষটার দাগ দেখছিস ?’

‘টাটকা কী করে জানলে ?’

‘চুনের গুঁড়ো সব ঝরে পড়েনি এখনও—লেগে রয়েছে । রং-করা পাঁচিল কিংবা গেটের গায়ে ঘষটে ছিল বোধ হয় । আজ সকালে যদি গাড়ি ধোওয়া না হয়ে থাকে, তা হলে ও দাগ কাল রাত্রে লেগে থাকতে পারে ।’

ধীরুকাকা আমাদের দেখে বললেন, ‘এসো আলাপ করিয়ে দিই । ইনিই বনবিহারীবাবু—যাঁর চিড়িয়াখানা আছে ।’

আমি অবাক হয়ে নমস্কার করলাম । ইনিই সেই লোক ! প্রায় ছ ফুট লম্বা, ফরসা রং, সরু গোঁফ, ছুঁচলো দাড়ি, চোখে সোনার চশমা । সব মিলিয়ে চেহারাটা বেশ চোখে পড়ার মতো ।

আমার পিঠে একটা চাপড় মেরে ভদ্রলোক বললেন, ‘লক্ষ্মণের রাজধানী কেমন লাগছে খোকা ? জানো তো, রামায়ণের যুগে লখনৌ ছিল লক্ষ্মণাবতী ।’

ভদ্রলোকের গলার আওয়াজও দেখলাম বেশ মানানসই ।

ধীরুকাকা বললেন, ‘বনবিহারীবাবু চৌক-বাজারে যাচ্ছিলেন, আমাদের গাড়ি দেখে চলে এলেন ।’

ভদ্রলোক বললেন, ‘হ্যাঁ । দুপুরবেলাটা আমি বাইরে কাজ সারতে বেরোই । সকালসন্ধে আমার জানোয়ারগুলোর পেছনে অনেকটা সময় চলে যায় ।’

ধীরুকাকা বললেন, ‘আমরা ভাবছিলাম দলেবলে একবার আপনার ওখানে ধাওয়া করব । এদের খুব শখ একবার আপনার চিড়িয়াখানাটা দেখার ।’

‘বেশ তো । এনি ডে । আজই আসুন না । আমি তো কেউ এলে খুশিই হই । তবে অনেকেই দেখেছি ভয়েই আসতে চায় না । তাদের ধারণা আমার খাঁচা বুঝি জু গার্ডেনের খাঁচার মতো অত মজবুত নয় । তাই যদি হবে তো আমি আছি কী করে ?’

এ কথায় ফেলুদা ছাড়া আমরা সকলেই হাসলাম । ফেলুদা আমার দিকে সামান্য ঝুঁকে পড়ে চাপা গলায় বলল, ‘জানোয়ারের গন্ধ ঢাকার জন্য কবে আতর মেখেছে ।’

স্ট্যান্ডার্ড গাড়িটা দেখলাম বনবিহারীবাবুর নয়, কারণ তিনি তার পাশের একটা নীল অ্যান্ডারসনের গাড়ি থেকে তাঁর ড্রাইভারকে ডেকে তার হাতে দুটো চিঠি দিয়ে বললেন ডাকবাংলো ফেলে দিয়ে আসতে, তারপর আমাদের দিকে ফিরে বললেন, ‘আপনারা ইমামবড়া দেখবেন তো ? তারপরই না হয় সোজা চলে যাব আমার ওখানে ।’

ধীরুকাকা বললেন, ‘তা হলে আপনিও ভেতরে আসছেন আমাদের সঙ্গে ?’

‘চলুন না । নবাবের কীর্তিটা দেখে নেওয়া যাবে । সেই সিংহাটখিত্তে গিয়েছিলাম লখনৌতে আসার দুদিন বাদেই । তারপর আর যাওয়া হয়নি ।’

গেট দিয়ে ঢুকে একটা বিরাট চত্বরের উপর দিয়ে প্রাসাদের দিকে হাঁটতে হাঁটতে বনবিহারী বললেন, ‘দুশো বছর আগে নবাব আসাফ-উদ্-দৌল্লা তৈরি করেছিলেন এই প্রাসাদ । ভেবেছিলেন আগ্রা দিল্লিকে টেকা দেবেন । ভারতবর্ষের সেরা প্রাসাদ-করনে-ওয়ালাদের নিয়ে একটা কম্পিটিশন করলেন । তারা সব নকশা পাঠাল । তার মধ্যে বেস্ট নকশা বেছে নিয়ে হল এই ইমামবড়া । বাহারের দিক দিয়ে মোগল প্রাসাদের সঙ্গে কোনও তুলনা হয় না, তবে সাইজের দিক থেকে একেবারে নান্দার ওয়ান । এত বড় দরবার-ঘর পৃথিবীর কোনও প্রাসাদে নেই ।’

দরবার-ঘরটা দেখে মনে হল তার মধ্যে অনায়াসে একটা ফুটবল গ্রাউন্ড ঢুকে যায়। আর একটা কুয়ো দেখলাম, অত বড় কুয়ো আমি কখনও দেখিনি। গাইড বলল অপরাধীদের ধরে ধরে ওই কুয়োর মধ্যে ফেলে দিয়ে নাকি তাদের শাস্তি দেওয়া হত।

কিন্তু সবচেয়ে আশ্চর্য লাগল ভুলভুলাইয়া। এদিক ওদিক এঁকেবেঁকে সুড়ঙ্গ চলে গেছে সেগুলো এমন কায়দায় তৈরি যে, যতবারই এক একটা মোড় ঘুরছি, ততবারই মনে হচ্ছে যেন যেখানে ছিলাম সেইখানেই আবার ফিরে এলাম। একটা গলির সঙ্গে আরেকটা গলির কোনও তফাত নেই—দুদিকে দেয়াল, মাথার ওপরে নিচু ছাত, আর দেওয়ালের ঠিক মাঝখানটায় একটা করে খুপরি। গাইড বলল, নবাব যখন বেগমদের সঙ্গে লুকোচুরি খেলতেন, তখন ওই খুপরিগুলোতে পিদিম জ্বলত। রাত্তিরবেলা যে কী ভুতুড়ে ব্যাপার হবে সেটা বেশ বুঝতে পারছিলাম।

ফেলুদা যে কেন বারবার পেছিয়ে পড়ছিল, আর দেওয়ালের এত কাছ দিয়ে হাঁটছিল সেটা বুঝতেই পারছিলাম না। আমিও গোলকধাঁধাটা দেখতে দেখতে, আর তার মধ্যে লুকোচুরি খেলার কথা ভাবতে ভাবতে এত মশগুল হয়ে গিয়েছিলাম যে ওর বিষয় খেয়ালই ছিল না। এর মধ্যে হঠাৎ বাবা বলে উঠলেন, ‘আরে ফেলু কোথায় গেল?’

সত্যিই তো! পেছন ফিরে দেখি ফেলুদা নেই। আমার বুকের ভিতরটা টিপ করে উঠল। তারপর ‘ফেলু, ফেলু’ বলে বাবা দুবার ডাক দিতেই ও আমাদের পিছন দিকের একটা গলি দিয়ে বেরিয়ে এল। বলল, ‘অত তাড়াতাড়ি হাঁটলে গোলকধাঁধার প্ল্যানটা ঠিক মাথায় তুলে নিতে পারব না।’

গোলকধাঁধার শেষ গলিটার শেষে যে দরজা আছে, সেটা দিয়ে বেরোলেই ইমামবড়ার বিরাট ছাতে গিয়ে পড়তে হয়। গিয়ে দেখি সেখান থেকে প্রায় সমস্ত লখনৌ শহরটাকে দেখা যায়। আমরা ছাড়াও ছাতে কয়েকজন লোক ছিল। তাদের মধ্যে একজন অল্পবয়সী ভদ্রলোক ধীরকাকাকে দেখে হেসে এগিয়ে এল।

ধীরকাকা বললেন, ‘মহাবীর যে—কবে এলে?’

ভদ্রলোককে দেখলে যদিও বাঙালি মনে হয় না, তবু তিনি বেশ পরিষ্কার বাংলায় বললেন, ‘তিন দিন হল। এই সময়টাতে আমি প্রতি বছরই আসি। দেওয়ালিটা সেরে ফিরে যাই। এবারে দুজন বন্ধু আছেন, তাদের লখনৌ শহর দেখাচ্ছি।’

ধীরকাকা বললেন, ‘ইনি পিয়ারিলালের ছেলে—বোম্বাইতে অভিনয় করছেন।’

মহাবীর দেখলাম বনবিহারীবাবুর দিকে কী রকম যেন অবাক হয়ে দেখছেন—যেন ওকে আগে দেখেছেন, কিন্তু কোথায় সেটা মনে করতে পারছেন না।

বনবিহারীবাবু বললেন, ‘চেনা চেনা মনে হচ্ছে কি?’

মহাবীর বলল, ‘হ্যাঁ—কিন্তু কোথায় দেখেছি বলুন তো?’

বনবিহারীবাবু বললেন, ‘তোমার স্বর্গত পিতার সঙ্গে একবার আলাপ হয়েছিল বটে, তুমি তো তখন এখানে ছিলে না।’

মহাবীর যেন একটু অপ্রস্তুত হয়েই বলল, ‘ও। তা হলে বোধহয় ভুল করছি। আচ্ছা, আসি তা হলে।’

মহাবীর নমস্কার করে চলে গেল। ভদ্রলোকের বয়স হয়তো ফেলুদার চেয়েও কিছুটা কম—আর চেহারা বেশ সুন্দর আর শক্ত। মনে হল নিশ্চয়ই এক্সারসাইজ করেন, কিংবা খেলাধুলা করেন।

বনবিহারীবাবু বললেন, ‘আমার মনে হয় এবার আমার ওখানে গিয়ে পড়তে পারলে ভালই হয়। জানোয়ারগুলো যদি দেখতেই হয়, তা হলে আলো থাকতে থাকতে দেখাই ভাল।’



খাঁচাগুলোতে আলোর ব্যবস্থা এখনও করে উঠতে পারিনি ।’

আমরা গাইডকে বকশিশ দিয়ে ছাত থেকে সোজা সিঁড়ি দিয়ে একদম নীচে নেমে এলাম ।

গেটের বাইরে এসে দেখলাম মহাবীর আরও দুজন ভদ্রলোককে নিয়ে সেই কালো স্ট্যান্ডার্ড গাড়িটায় উঠছে ।

৩

বনবিহারীবাবুর বাড়িতে পৌঁছতে প্রায় চারটে বাজল । বাইরে থেকে বোঝার কোনও উপায় নেই যে ভিতরে একটা চিড়িয়াখানা আছে, কারণ যা আছে তা বাড়ির পিছন দিকটায় ।

‘মিউটিনিরও প্রায় ত্রিশ বছর আগে এক ধনী মুসলমান সওদাগর এ বাড়ি তৈরি করেছিলেন’ বনবিহারীবাবু বললেন । ‘আমি বাড়িটা কিনি এক সাহেবের কাছ থেকে ।’

দেখেই বোঝা যায় বাড়িটা অনেক পুরনো । আর দেওয়ালের গায়ে যে সব কারুকার্য আছে তা থেকে নবাবদের কথাই মনে হয় ।

বাড়ির ভিতর ঢুকে বনবিহারীবাবু বললেন, ‘আপনারা সবাই কফি খান তো ? আমার বাড়িতে কিন্তু চায়ের পাট নেই ।’

আমাকে বাড়িতে বেশি কফি খেতে দেওয়া হয় না, কিন্তু আমার খেতে খুব ভাল লাগে, তাই আমার তো মজাই হয়ে গেল । কিন্তু কফি পরে—আগে জানোয়ার দেখা ।

বৈঠকখানা পেরিয়ে একটা বারান্দা, তার পরেই প্রকাণ্ড বাগান, আর সেই বাগানেই এদিকে ওদিকে রাখা বনবিহারীবাবুর সব খাঁচা । বাগানের মাঝখানে ছুঁচলো শিক দিয়ে ঘেরা একটা পুকুর । সেটায় একটা কুমির রোদ পোহাচ্ছে ।

বনবিহারীবাবু বললেন, ‘এটাকে বছর দশেক আগে মুঙ্গের থেকে এনেছিলাম একেবারে বাচ্চা অবস্থায় । প্রথমে আমার কলকাতার বাড়ির চৌবাচ্চায় ছিল । একদিন দেখি বেরিয়ে এসে একটা আস্ত বেড়ালছানা খেয়ে ফেলেছে ।’

পুকুরের চারপাশ থেকে বাঁধানো রাস্তা অন্য খাঁচাগুলোর দিকে গেছে । একটা খাঁচার দিক থেকে ফ্যাঁস ফ্যাঁস শব্দ শুনে আমরা কুমির ছেড়ে সেইদিকেই গেলাম ।

গিয়ে দেখি খাঁচার ভেতরে একটা মাঝারি গোছের কুকুরের সাইজের বেড়াল, তার চোখ দুটো সবুজ আর জ্বলজ্বলে, আর গায়ের রং ডোরাকাটা খয়েরি । এত বড় বেড়ালকে বাঘ বলতেই ইচ্ছে করে । বনবিহারীবাবু বললেন, ‘এটার বাসস্থান আফ্রিকা । এটা কিনি কলকাতায় রিপন স্ট্রিটের এক ফিরিঙ্গি পশু ব্যবসায়ীর কাছ থেকে । এ জিনিস আলিপুরের চিড়িয়াখানাতেও নেই ।’

বেড়ালের পর হাইনা, হাইনার পর নেক্‌ড়ে, নেক্‌ড়ের পর আমেরিকান র্যাটল স্নেক । দারুণ বিষাক্ত সাপ । একরকম সরু ছুঁচলো শামুক পুরী থেকে আমরা অনেকবার এনেছি ; এই সাপের ল্যাজের ডগায় সেইরকম একটা শামুকের মতো জিনিস আছে । সাপটা এদিক ওদিক চলার সময় ল্যাজটাকে কাঁপায়, আর তাতে ওই জিনিসটা মাটিতে লেগে একটা ঝুমঝুমির মতো কব্‌কব্‌ কব্‌কব্‌ শব্দ হয় । আমেরিকার জঙ্গলে অনেকদূর থেকেই এরকম শব্দ শুনতে পেয়ে নাকি লোকে বুঝতে পারে যে র্যাটল স্নেক ঘোরাফেরা করছে ।

আরও দুটো জিনিস দেখে ভয়ে গা শিউরে উঠল । একটা কাচের বাস্কর মধ্যে দেখলাম নীল রঙের বিদ্রী বিরাট এক কাঁকড়া বিছে । এটাও আমেরিকার বাসিন্দা । এর নাম ব্লু স্করপিয়ন । আর আরেকটা কাচের বাস্কর দেখলাম, একটা মানুষের আঙুল ফাঁক করা হাতের

মতো বড় কালো রোঁয়াওয়ালা মাকড়সা—আফ্রিকার বিষাক্ত ‘ব্ল্যাক উইডো’ মাকড়সা ।

বনবিহারীবাবু বললেন, ‘ওই বিছে আর ওই মাকড়সা—ওই দুটোরই বিষ হল যাকে বলে নিউরোটক্সিক । অর্থাৎ এক কামড়ে একটা আস্ত মানুষ মেরে ফেলার শক্তি রাখে ওই দুটোই ।’

চিড়িয়াখানা দেখে আমরা বৈঠকখানায় এলাম । আমরা সোফায় বসার পর নিজে একটা চেয়ারে বসে বনবিহারীবাবু বললেন, ‘রাত্রে চারিদিক নিস্তব্ধ হলে মাঝে মাঝে আমার বাগান থেকে বনবেড়ালের ফ্যাঁসফ্যাঁসানি, হাইনার হাসি, নেকড়ে’র খ্যাঁকরানি আর র্যাটল স্নেকের করকরানি মিলে এক অদ্ভুত কোরাস শুনতে পাই । তাতে ঘুমটা হয় বড় আরামের । এরকম বডিগার্ডের সম্ভার আর কজনের আছে বলুন । অবিশ্যি চোর এলে এরা খুব হেল্প করতে পারে না বটে, কারণ এরা খাঁচায় বন্দি । তার জন্যে আমার আলাদা ব্যবস্থা আছে । —বাদশা !

হাঁক দিতেই পাশের ঘর থেকে বেরিয়ে এল এক বিরাট কালো হাউন্ড কুকুর । এটাকেই নাকি বনবিহারীবাবু পাহারার জন্য রেখেছেন । শুধু যে বাড়ি পাহারা তা নয়—চিড়িয়াখানারও কোনও অনিষ্ট নাকি এই বাদশা করতে দেবে না ।

ফেলুদা আমার পাশেই বসে ছিল । কুকুরটা দেখে আমার কানে ফিস্ ফিস্ করে বলল, ‘ল্যাব্রেডর হাউন্ড । বাস্কেটবলের কুকুরের জাত ।’

বাবা এতক্ষণ একটাও কথা বলেননি । এবার বললেন, ‘আচ্ছা, সত্যিই আপনার এইসব হিংস্র জানোয়ারের মধ্যে বাস করতে ভাল লাগে ?’

বনবিহারীবাবু তাঁর পাইপে তামাক ভরতে ভরতে বললেন, ‘কেন লাগবে না বলুন ? ভয়টা কীসের ? এককালে কত বাঘ ভালুক মেরেছি জানেন ? ওয়াইল্ড অ্যানিম্যাল ছাড়া মারতুম না । অব্যর্থ টিপ ছিল । একবার কী যে ভীমরতি ধরল । চাঁদার জঙ্গলে এক মার্কিনি সাহেবকে বড়াই করে টিপ দেখাতে গিয়ে দেড়শো গজ দূর থেকে এক হরিণ মেরে ফেললুম । আর তারপর সে কী অনুতাপ ! সেই থেকে শিকার ছেড়ে দিয়েছি । তবে জানোয়ার ছাড়াও থাকতে পারব না, তাই চালান দেবার ব্যবসা ধরলুম । ব্যবসা যখন ছাড়লুম, তখন বাধ্য হয়েই বাড়িতে চিড়িয়াখানা করলুম । এদের নিয়ে বাস করার কী আনন্দ জানেন ? এরা যে হিংস্র ও বিষাক্ত, সেটা সকলেরই জানা । এরা তো নিরীহ ভালমানুষ বলে চালাতে চাইছে না নিজেদের ! অথচ মানুষের মধ্যে দেখুন—একজনকে আপনি ভাবছেন সংলোক, শেষে হঠাৎ বেরিয়ে গেল সে আসলে একটা ক্রিমিনাল । অন্তরঙ্গ বন্ধুকেই কি আর আজকের দিনে বিশ্বাস করার জো আছে ? তাই স্থির করেছি জানোয়ার পরিবেষ্টিত হয়েই বাকি জীবনটা কাটাতে—তাতে শান্তি অনেক বেশি । আমি মশাই সাতোও নেই পাঁচোও নেই । নিজের সম্পত্তি একা নিজে ভোগ করছি—তাতে কে কী ভাবছে না ভাবছে সেই নিয়ে মাথা ঘামিয়ে কী হবে ? তবে শুনিচি আমার এ চিড়িয়াখানার দৌলতে পাড়ায় নাকি চুরিচামারি বন্ধ হয়ে গেছে । তা হলে বলতে হয় অজান্তে আমি লোকের উপকারই করছি !’

এই শেষ কথাটা শুনে আমি প্রথমে ধীরুকাকার দিকে, তারপর ফেলুদার দিকে চাইলাম । বনবিহারীবাবু কি তা হলে শ্রীবাস্তবের বাড়ির ঘটনাটা জানেন না ?

এই প্রশ্নের উত্তরের জন্য বৈঠকখানা অপেক্ষা করতে হল না, কারণ বনবিহারীবাবুর বেয়ারা কফি আর মিষ্টি এনে দেবার প্রায় সঙ্গে সঙ্গেই শ্রীবাস্তব এসে হাজির হলেন ।

সকলকে নমস্কার-টমস্কার করে ধীরুকাকাকে বললেন, ‘আপনাদের বাড়ির কাছেই কেলভিন রোডে একটি ছেলে গাছ থেকে পড়ে হাত ভেঙেছে । তাকে দেখে আপনার বাড়ি গিয়ে দেখি আপনারা ফেরেননি । তাই এখানে চলে এলাম ।’

ধীরুস্বাক্ষর শ্রীবাস্তবের দিকে চোখ দিয়ে একটা ইশারা করে বুঝিয়ে দিলেন যে তাঁর আংটি ঠিকই আছে।

বনবিহারীবাবুর সঙ্গে দেখলাম শ্রীবাস্তবের যথেষ্ট আলাপ। ছোট শহরে পাড়ার লোকদের পরস্পরের মধ্যে আলাপটা বোধহয় সহজেই হয়।

শ্রীবাস্তব ঠাট্টার সুরে বললেন, ‘বনবিহারীবাবু, আপনার পাহারাদারেরা কিন্তু আজকাল ফাঁকি দিচ্ছে।’

বনবিহারীবাবু একটু অবাক হয়েই বললেন, ‘কী রকম?’

‘কাল আমার বাড়িতে চোর এল, আর আপনার একভি জানোয়ার কিছু সাড়াশব্দ করল না।’

‘সে কী? চোর? আপনার বাড়িতে? কখন?’

‘রাত তিনটের কাছাকাছি। নেয়নি কিছুই। ঘুমটা ভেঙে গেল আমার, তাই পালিয়ে গেল।’

‘না নিলেও—খুব এক্সপার্ট বলতে হবে। আমার ‘বাদশা’ অন্তত খুবই সজাগ। দুশো গজের মধ্যে আপনার বাড়ি—আর চোর এলেও আমার কম্পাউন্ডের পিছন দিয়েই তাকে যেতে হবে।’

‘যাক গে! আপনাকে ঘটনাটা জানিয়ে রাখলাম।’

কফির সঙ্গে একরকম মিষ্টি দিয়ে গিয়েছিল প্লেটে। শ্রীবাস্তব বললেন সেটার নাম সাভিলা লাড্ডু।

‘সাভিলা লাড্ডু, গুলাবি রেউরি, আর ভুনা পোঁড়া—এই তিন মিষ্টি হল লখনৌয়ের স্পেশালিটি।’

আমার নিজের মিষ্টি জিনিসটা খুব ভাল লাগে না, তাই আমি ও সব কথায় বিশেষ কান না দিয়ে বনবিহারীবাবুকে লক্ষ্য করছিলাম। ওঁকে যেন একটু অন্যমনস্ক মনে হচ্ছিল। ফেলুদা কিন্তু দেখি এর মধ্যেই দুটো লাড্ডু শেষ করে নিয়ে, আমার কফির পেয়ালার উপর মাছি তড়াবার মতো করে হাত নাড়িয়ে দারুণ কায়দায় আমার প্লেট থেকে আরেকটা লাড্ডু তুলে নিল।

বনবিহারীবাবু হঠাৎ শ্রীবাস্তবের দিকে ফিরে বললেন, ‘আপনার সেই বাদশাহী আংটি ঠিক আছে তো?’

শ্রীবাস্তবের হঠাৎ বিষম লেগে গেল। তারপর কোনওরকমে নিজেকে সামলে নিয়ে কাশিটাকে হাসিতে চেঞ্জ করে বললেন—‘ও বাবা—আপনার দেখি মনে আছে!’

বনবিহারীবাবু পাইপের ধোঁয়া ছেড়ে বললেন, ‘মনে থাকবে না! আমার যদিও ও সব ব্যাপারে কোনও ইন্টারেস্ট নেই, তবুও ওরকম আংটি তো সচরাচর দেখা যায় না।’

শ্রীবাস্তব বললেন, ‘আংটি ঠিকই আছে। ওর ভ্যালু আমার জন্য আছে।’

বনবিহারীবাবু এবার হঠাৎ উঠে পড়ে বললেন, ‘এক্সকিউজ মি—আমার বেড়ালের খাবার সময় হয়ে গেছে।’

এ কথার পর আর থাকা যায় না—তাই আমরাও উঠে পড়লাম।

বাইরে এসে একজন লোককে হাতে একটা ব্যাগ নিয়ে বনবিহারীবাবুর গেট দিয়ে ভেতরে ঢুকতে দেখলাম। তার যে দারুণ মাসল সেটা গায়ে জামা থাকলেও বোঝা যায়। শুনলাম তার নাম নাকি গণেশ গুহ। বনবিহারীবাবুর যখন জানোয়ার চালান দেবার কারবার ছিল তখন থেকেই নাকি ইনি আছেন; এখন নাকি চিড়িয়াখানা দেখাশোনা করেন।

বনবিহারীবাবু বললেন, ‘গণেশকে ছাড়া আমার চিড়িয়াখানা মেনটেন করা হত না। ওর

ভয় বলে কোনও বস্তুই নেই। একবার ওয়াইল্ড ক্যাটের আঁচড় খাওয়া সত্ত্বেও ও আমার চাকরি ছাড়েনি।’

আমরা যখন গাড়িতে উঠছি তখন বনবিহারীবাবু বললেন, ‘আপনারা আসাতে খুব ভাল লাগল। মাঝে মাঝে এসে পড়বেন না হয়! এখন এখানেই আছেন তো?’

বাবা বললেন, ‘কদিন আছি। তারপর ভাবছি এদের একবার হরিদ্বারটা দেখিয়ে আনব।’

‘বটে? লছমনঝুলা থেকে একটা বারো ফুট পাইথনের খবর এসেছে। আমিও তাই একবার ওদিকটায় যাব যাব করছিলাম।’

শ্রীবাস্তবকে আমরা ওঁর বাড়ির সামনে নামিয়ে দিলাম। ঠিক সেই সময় বনবিহারীবাবুর বাড়ির দিক থেকে একটা বিকট চিৎকার শুনতে পেলাম।

ফেলুদা একটা হাই তুলে বলল, ‘হাইনা।’

বাপরে!—একেই বলে হাইনার হাসি!

শ্রীবাস্তব বললেন তাঁর নাকি প্রথম প্রথম এই হাসি শুনে গা ছম্ ছম্ করত, এখন অভ্যেস হয়ে গেছে।

‘আপনার বাড়িতে কাল আর কোনও উপদ্রব হয়নি তো?’ ধীরুকাকা প্রশ্ন করলেন।

শ্রীবাস্তব হেসে বললেন, ‘নো, নো। নাথিং।’

আমরা যখন বাড়িতে ফিরলাম তখন প্রায় সন্ধ্যা হয়ে গেছে। গাড়ি থেকে নেমে শুনতে পেলাম দূর থেকে একটা ঢাক-ঢোলের শব্দ আসছে। ধীরুকাকা বললেন, ‘দেওয়ালির সময় এখানে রামলীলা হয়। এটা তারই প্রিয়ারেশন হচ্ছে।’

আমি বললাম ‘রামলীলা কী রকম?’

‘প্রায় দশটা মানুষের সমান উঁচু একটা রাবণ তৈরি করে তার ভিতর বারুদ বোঝাই করা হয়। তারপর দুজন ছেলেকে মেকআপ-টেকআপ করে রাম লক্ষ্মণ সাজায়। তারা রথে চড়ে এসে তীর দিয়ে রাবণের দিকে তাগ করে মারে—আর সেই সঙ্গে রাবণের গায়ে আগুন লাগিয়ে দেওয়া হয়। তারপর গা থেকে তুবড়ি হাউই চরকি রংমশাল ছড়াতে ছড়াতে রাবণ পুড়ে ছাই হয়ে যায়। সে একটা দেখবার জিনিস!’

বাড়িতে ঢুকতে বেয়ারা শ্রীবাস্তবের আসার খবরটা দিল। তারপর বলল, ‘আউর এক সাধুবাবা ভি আয়া থা। আধঘণ্টা বইঠকে চলা গিয়া।’

‘সাধুবাবা?’

ধীরুকাকার ভাব দেখে বুঝলাম উনি কোনও সাধুবাবাকে এক্সপেক্ট করছিলেন না।

‘কোথায় বসেছিলেন?’

বেয়ারা বলল, ‘বৈঠকখানায়।’

‘আমার সঙ্গে দেখা করতে চাইছিলেন?’

‘হ্যাঁ।’

‘আমার নাম করেছিলেন?’

বেয়ারা তাতেও বলল হ্যাঁ।


‘তাজ্জব ব্যাপার!’

হঠাৎ কী মনে করে ধীরুকাকা ঝড়ের মতো শোবার ঘরে গিয়ে ঢুকলেন। তারপর গোদরেজ আলমারি খোলার শব্দ পেলাম। আর তার পরেই শুনলাম ধীরুকাকার চিৎকার—

‘সর্বনাশ!’

বাবা, আমি আর ফেলুদা প্রায় একসঙ্গে হুড়মুড় করে ধীরুকাকার ঘরে ঢুকলাম।

গিয়ে দেখি উনি আংটির কৌটোটা হাতে নিয়ে চোখ বড় বড় করে দাঁড়িয়ে আছেন।



কৌটোর ঢাকনা খোলা, আর তার ভিতরে আংটি নেই।

ধীরুকাকা কিছুক্ষণ বোকার মতো দাঁড়িয়ে থেকে ধপ্প করে তাঁর খাটের উপর বসে পড়লেন।

8

পরদিন সকালে মনে হল যে শীতটা একটু বেড়েছে, তাই বাবা বললেন গলায় একটা মাফলার জড়িয়ে নিতে। বাবার কপালে ভ্রুকুটি আর একটা অন্যমনস্ক ভাব দেখে বুঝতে পারছিলাম যে উনি খুব ভাবছেন। ধীরুকাকাও কোথায় জানি বেরিয়ে গেছেন—আর কাউকে কিছু বলেও যাননি। কালকের ঘটনার পর থেকেই কেবল বললেন—শ্রীবাস্তবকে মুখ দেখাব কী করে? বাবা অবিশ্যি অনেক সাস্তুনা দেবার চেষ্টা করেছিলেন। ‘বিকেল বেলা সন্ধ্যাসী সঙ্গে চোর এসে তোমার বাড়ি থেকে আংটি নিয়ে যাবে সেটা তুমি জানবে কী করে। তার চেয়ে তুমি বরং পুলিশে একটা খবর দিয়ে দাও। তুমি তো বলছিলে ইন্স্পেক্টর গরগরির সঙ্গে তোমার খুব আলাপ আছে।’ এও হতে পারে যে ধীরুকাকা হয়তো পুলিশে খবর দিতেই বেরিয়েছেন।

সকালে যখন চা আর জ্যামরুটি খাচ্ছি, তখন বাবা বললেন, ‘ভেবেছিলাম আজ তোদের রেসিডেন্সিটা দেখিয়ে আনব, কিন্তু এখনও মনে হচ্ছে আজকের দিনটা যাক। তোরা দুজনে বরং কোথাও ঘুরে আসিস কাছাকাছির মধ্যে।’

কথাটা শুনে আমার একটু হাসি পেয়ে গেল, কারণ ফেলুদা বলছিল ওর একটু পায়ে হেঁটে শহরটা দেখার ইচ্ছে আছে, আর আমিও মনে মনে ঠিক করেছিলাম ওর সঙ্গে যাব। আমি জানতাম শুধু শহর দেখা ছাড়াও ওর অন্য উদ্দেশ্য আছে। আমি সন্ধ্যাবেলা থেকেই দেখছি ওর চোখের দৃষ্টিটা মাঝে মাঝে কেমন জানি তীক্ষ্ণ হয়ে উঠছে।

আটটার একটু পরেই আমরা দুজনে বেরিয়ে পড়লাম।

গেটের কাছাকাছি এসে ফেলুদা বলল, ‘তোকে ওয়ার্নিং দিচ্ছি—বক্ বক্ করলে বা বেশি প্রশ্ন করলে তোকে ফেরত পাঠিয়ে দেব। বোকা সঙ্গে থাকবি, আর পাশে পাশে হাঁটবি।’

‘কিন্তু ধীরুকাকা যদি পুলিশে খবর দেন?’

‘তাতে কী হল?’

‘ওরা যদি তোমার আগে চোর ধরে ফেলে?’

‘তাতে আর কী? নিজের নামটা চেঞ্জ করে ফেলব!’

ধীরুকাকার বাড়িটা যে রাস্তায় সেটার নাম ফ্রেজার রোড। বেশ নির্জন রাস্তাটা। দুদিকে গেট আর বাগান-ওয়ালা বাড়ি, তাতে শুধু যে বাঙালিরা থাকে তা নয়। ফ্রেজার রোডটা গিয়ে পড়েছে ডাপলিং রোডে। লখনৌতে একটা সুবিধে আছে—রাস্তার নামগুলো বেশ বড় বড় পাথরের ফলকে লেখা থাকে। কলকাতার মতো খুঁজে বার করতে সময় লাগে না।

ডাপলিং রোডটা যেখানে গিয়ে পার্ক রোডে মিশেছে, সেই মোড়টাতে একটা পানের দোকান দেখে ফেলুদা হেলতে দুলতে সেটার সামনে গিয়ে বলল, ‘মিঠা পান হ্যাঁ?’

‘মিঠা পান? নেহি, বাবুজি। লেकिन মিঠা মাসালা দেকে বানা দেনে সেকতা।’

‘তাই দিজিয়ে।’ তারপর আমার দিকে ফিরে বলল, ‘বাংলা দেশ ছাড়লেই এই একটা প্রবলেম।’

পানটা কিনে মুখে পুরে দিয়ে ফেলুদা বলল, ‘হ্যাঁ ভাই, আমি এ-শহরে নতুন লোক। এখানকার রামকৃষ্ণ মিশনটা কোথায় বলতে পার?’

ফেলুদা অবিশ্যি হিন্দিতে প্রশ্ন করছিল, আর লোকটাও হিন্দিতে জবাব দিয়েছিল, কিন্তু আমি বাংলাতেই লিখছি।

দোকানদার বলল, ‘রামকিষণ মিসির?’

‘রামকৃষ্ণ মিশন। শহরে একজন বড় সাধুবাবা এসেছেন, আমি তাঁর খোঁজ করছি। শুনলাম তিনি রামকৃষ্ণ মিশনে উঠেছেন।’

দোকানদার মাথা নেড়ে বিড় বিড় করে কী জানি বলে বিড়ি বাঁধতে আরম্ভ করে দিল। কিন্তু দোকানের পাশেই একটা খাটিয়ায় একটা ইয়াবড় গোঁফওয়ালা লোক একটা পুরনো মরচে ধরা বিস্কুটের টিন বাজিয়ে গান করছিল, সে হঠাৎ ফেলুদাকে জিজ্ঞেস করল, কালো গোঁফদাড়িওয়ালা কালো চশমা পরা সাধু কি? তাই যদি হয় তা হলে তাকে কাল সন্কেবেলা টাঙ্গার স্ট্যান্ড কোথায় বলে দিয়েছিলাম।

‘কোথায় টাঙ্গার স্ট্যান্ড?’

‘এখান থেকে পাঁচ মিনিট। ওই দিকে প্রথম চৌমাথাটায় গেলেই সার সার গাড়ি দাঁড়ানো আছে দেখতে পাবেন।’

‘শুক্ৰিয়া!’

শুক্ৰিয়া কথাটা প্রথম শুনলাম। ফেলুদা বলল ওটা হল উর্দুতে থ্যাঙ্ক ইউ।

টাঙ্গা স্ট্যান্ডে পৌঁছে সাতটা টাঙ্গাওয়ালাকে জিজ্ঞেস করার পর আট বারের বার সাতম্ন নম্বর গাড়ির গাড়োয়ান বলল যে গতকাল সন্ধ্যায় একজন গেরুয়াপরা দাড়িগোঁফওয়ালা লোক তার গাড়ি ভাড়া করেছিল বটে।

‘কোথায় নিয়ে গিয়েছিলে সাধুবাবাকে?’—ফেলুদা প্রশ্ন করল।

গাড়োয়ান বলল, ‘ইস্টিশান।’

‘স্টেশন?’

‘হাঁ।’

‘কত ভাড়া এখান থেকে?’

‘বারো আনা।’

‘কত টাইম লাগবে পৌঁছুতে?’

‘দশ মিনিটের মতো।’

‘চার আনা বেশি দিলে আট মিনিটে পৌঁছে দেবে?’

‘টিরেন পাকাড়না হ্যায় কেয়া?’

‘টিরেন বলে টিরেন! বঢ়িয়া টিরেন—বাদশাহী এক্সপ্রেস!’

গাড়োয়ান একটু বোকার মতো হেসে বলল, ‘চলিয়ে—আট মিনিটমে পৌঁছা দেঙ্গে!’

গাড়ি ছাড়বার পর ফেলুদাকে একটু ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম, ‘সেই সাধুবাবা কি এখনও বসে আছেন স্টেশনে আংটি নিয়ে?’

এটা বলতে ফেলুদা আমার দিকে এমন কটমট করে চাইল যে আমি একেবারে চুপ মেরে গেলাম।

কিছুক্ষণ যাবার পর ফেলুদা গাড়োয়ানকে জিজ্ঞেস করল, ‘সাধুবাবার সঙ্গে কোনও মালপত্তর ছিল কি?’

গাড়োয়ান একটুক্ষণ ভেবে বলল, ‘মনে হয় একটা বাস্র ছিল। তবে, বড় নয়, ছোট!’

‘হুঁ।’

স্টেশনে পৌঁছে টিকিট ঘরের লোক, গেটের চেকার, কুলি-টুলি এদের কাউকে জিজ্ঞেস করে কোনও ফল হল না। রেস্টুরেন্টের ম্যানেজার বাঙালি; তিনি বললেন, ‘আপনি কি

পবিত্রানন্দ ঠাকুরের কথা বলছেন ? যিনি দেৱাদুনে থাকেন ? তিনি তো তিনদিন হল সবে এসেছেন । তাঁর তো এখনও ফিরে যাবার সময় হয়নি । আর তাঁর সঙ্গে তো দেদার সান্ধোপান্দ চেলাচামুণ্ডা !

সবশেষে ফার্স্টক্লাস ওয়েটিং রুমের যে দারোয়ান, তাকে জিজ্ঞেস করতে সে বলল একজন গেরুয়াপরা দাড়িওয়ালা লোক গতকাল সন্ধ্যায় এসেছিল বটে ।

‘ওয়েটিংরুমে বসেছিলেন ?’

‘আজ্ঞে না । বসেননি ।’

‘তবে ?’

‘বাথরুমে ঢুকেছিলেন । হাতে একটা ছোট বাক্স ছিল ।’

‘তারপর ?’

‘তারপর তো জানি না ।’

‘সে কী ? বাথরুমে ঢোকার পর তাকে আর দেখিনি ?’

‘দেখেছি বলে তো মনে পড়ছে না ।’

‘তুমি এখানেই ছিলে তো ?’

‘তা তো থাকবই । ডুন এক্সপ্রেস আসছে তখন । ঘরে অনেক লোক যে ।’

‘তা হলে হয়তো খেয়াল করোনি । এমনও হতে পারে তো ?’

‘তা পারে ।’

কিন্তু লোকটার হাবভাব দেখে মনে হল যে সে বলতে চায় যে সাধুবাবা বেরোলে সে নিশ্চয়ই দেখতে পেত । কিন্তু তা হলে সে সাধুবাবা গেলেন কোথায় ?

স্টেশনে আর বেশিক্ষণ থেকে এ রহস্যের উত্তর পাওয়া যাবে না, তাই আমরা বাইরে বেরিয়ে এলাম ।

এখানেও বাইরে টাঙ্গার লাইন, আর তারই একটাতে আমরা উঠে পড়লাম । টাঙ্গা জিনিসটাকে আর অবজ্ঞা করতে পারছিলাম না, কারণ সাতান্ন নম্বরের গাড়োয়ান আমাদের ঠিক সাত মিনিট সাতান্ন সেকেন্ডে স্টেশনে পৌঁছে দিয়েছিল ।

এবারেও কিন্তু গাড়ি ছাড়বার পরে আমার মুখ থেকে একটা প্রশ্ন বেরিয়ে পড়ল—

‘সাধুবাবা বাথরুমে গিয়ে ভ্যানিস করে গেল ?’

ফেলুদা দাঁতের ফাঁক দিয়ে হিঁক করে খানিকটা পানের পিক রাস্তায় ফেলে দিয়ে বলল, ‘তা হতে পারে । আগেকার দিনে তো সাধুসন্ন্যাসীদের ভ্যানিস-ট্যানিস করার ক্ষমতা ছিল বলে শুনেছি ।’

বুঝলাম ফেলুদা কথাটা সিরিয়াসলি বলছে না, যদিও ওর মুখ দেখে সেটা বোঝার কোনও উপায় নেই ।

স্টেশনের গেট ছাড়িয়ে বড় রাস্তায় পড়তেই একটা ব্যান্ডের আওয়াজ পেলাম । ভোঁপ্পর ভোঁপ্পর ভোঁপ্পর...আওয়াজটা এগিয়ে আসছে ।

তারপর দেখলাম আমাদেরই মতো একটা টাঙ্গা, কিন্তু সেটার গায়ে কাগজের ফুল, বেলুন, ফ্যাগ—এই সব দিয়ে খুব সাজানো হয়েছে । বাজনাটা বাজছে একটা লাউডস্পিকারে, আর একটা রঙিন কাগজের গাধার টুপি পরা লোক গাড়ির ভিতর থেকে গোছা গোছা করে কী একটা ছাপানো কাগজ রাস্তার লোকের দিকে ছুঁড়ে দিচ্ছে ।

ফেলুদা বলল, ‘হিন্দি ফিল্মের বিজ্ঞাপন ।’

সত্যিই তাই । গাড়িটা আরেকটু কাছে আসতেই রংচঙে ছবি আঁকা বিজ্ঞাপনের বোর্ডটা দেখতে পেলাম । ছবির নাম ‘ডাকু মনসুর ।’

হ্যান্ডবিলের দু-একটা আমাদের গাড়ির ভিতর এসে পড়ল, আর ঠিক সেই সময় একটা দলাপাকানো সাদা কাগজ বেশ জোরে গাড়ির মধ্যে এসে ফেলুদার বুক পকেটে লেগে গাড়ির মেরুতে পড়ল।

আমি চোঁচিয়ে বলে উঠলাম, ‘লোকটাকে দেখেছি ফেলুদা ! কাবলিওয়ালার পোশাক, কিন্তু—’

আমার কথা শেষ হল না। ফেলুদা চট করে কাগজটা তুলে নিয়ে একলাফে চলন্ত টাঙ্গা থেকে রাস্তায় নেমে পাই পাই করে যে দিকে লোকটাকে দেখা গিয়েছিল সেইদিকে ছুটে গেল। ভিড়ের মধ্যে কলিশন বাঁচিয়ে একটা মানুষ কত স্পিডে ছুটতে পারে সেটা এই প্রথম দেখলাম।

এর মধ্যে অবিশ্যি টাঙ্গাওয়ালা গাড়ি থামিয়েছে। আমি আর কী করব ? অপেক্ষা করে রয়েছি। ব্যান্ডের আওয়াজ ক্রমশ মিলিয়ে আসছে, তবে রাস্তায় কতগুলো বাচ্চা বাচ্চা ছেলে এখনও হ্যান্ডবিল কুড়োচ্ছে। এমন সময় হাঁপাতে হাঁপাতে ফিরে এসে গাড়োয়ানকে ইশারা করে চালানোর হুকুম দিয়ে এক লাফে গাড়িতে উঠে ধপ করে সিটে বসে পড়ে ফেলুদা বলল, ‘নতুন জায়গাতে অলিগলিগুলো জানা নেই, তাই বাবাজি রক্ষ পেয়ে গেলেন।’

আমি জিজ্ঞেস করলাম, ‘তুমি লোকটাকে দেখেছিলে ?’

‘তুই দেখলি, আর আমি দেখব না ?’

আমি আর কিছু বললাম না। ফেলুদা লোকটাকে না দেখে থাকলে আমি ওকে বলতাম যে যদিও লোকটার গায়ে কাবলিওয়ালার পোশাক ছিল, কিন্তু অত কম লম্বা কাবলিওয়ালা আমি কখনও দেখিনি।

ফেলুদা এবার পকেট থেকে দলাপাকানো কাগজটা খুলে হাত দিয়ে ঘষে সমান করে, চোখের খুব কাছে নিয়ে তার মধ্যে যে লেখাটা ছিল সেটা পড়ে ফেলল। তারপর সেটাকে তিনভাঁজ করে ওর মানিব্যাগের ভিতর নিয়ে নিল। লেখাটা যে কী ছিল সেটা আর আমার জিজ্ঞেস করার সাহস হল না।

বাড়ি ফিরে দেখি ধীরুকাচার সঙ্গে শ্রীবাস্তব এসেছেন। শ্রীবাস্তবকে দেখে মনে হল না যে আংটিটা যাওয়াতে তাঁর খুব একটা দুঃখ হয়েছে। তিনি বললেন, ‘উ আংটি ছিল অপয়া। যার কাছে যাবে তারই দৃষ্টিস্তা হোবে, বিপদ হোবে, বাড়িতে ডাকু আসবে। আপনি তো লাকি, ধীরুবাবু। ধরুন যদি ডাকু এসে ঝামেলা করত, গোলাগোলি চালাতো !’

ধীরুকাচা একটু হেসে বললেন, ‘তা হলে তবু একটা মানে হত। এ যে একেবারে ভাঁওতা দিয়ে বুদ্ধু বানিয়ে জিনিসটা নিয়ে চলে গেল। এটা যেন কিছুতেই হজম করতে পারছি না।’

শ্রীবাস্তব বললেন, ‘আপনি কেন ভাবছেন ধীরুবাবু। আংটি আমার কাছে থাকলেও যেত, আপনার কাছে থাকলেও যেত। আর আপনি যে বলেছিলেন পুলিশে খবর দেবেন—তাও করবেন না। ওতে আপনার বিপদ আরও বেড়ে যাবে। যারা চুরি করল, তারা খেপে গিয়ে ফির আপনাদের উপর হামলা করবে।’

ফেলুদা এতক্ষণ একটা সোফায় বসে একটা ‘লাইফ’ ম্যাগাজিন দেখছিল, এবার সেটাকে বন্ধ করে টেবিলে রেখে দিয়ে হাত দুটোকে সোফার মাথার পিছনে এলিয়ে দিয়ে বলল, ‘মহাবীরবাবু জানেন এ আংটির কথা ?’

‘পিয়ারিলালের ছেলে ?’

‘হ্যাঁ।’

‘সে তো আমি জানি না ঠিক। মহাবীর ডুন স্কুলে পড়ত, ওখানেই থাকত। তারপর মিলিটারি একাডেমিতে জয়েন করেছিল। তারপর সেটা ছেড়ে দিল, বোম্বাই গিয়ে ফিল্মে



অ্যাকটিং শুরু করল ।’

‘উনি ফিল্মে নামার ব্যাপারে পিয়ারিলালের মত ছিল ?’

‘সে বিষয়ে আমায় কিছু বলেননি পিয়ারিলাল । তবে জানি উনি ছেলেকে খুব ভালবাসতেন ।’

‘পিয়ারিলাল মারা যাবার সময় মহাবীর কাছে ছিলেন ?’

‘না । বোম্বাই ছিল । খবর পেয়ে এসে গেলো ।’

ধীরুকাকা বললেন, ‘ফেলুবাবু যে একেবারে পুলিশের মতো জেরা করছ ।’

বাবা বললেন, ‘ও যে শখের ডিটেক্টিভ । ওর ওদিকে বেশ ইয়ে আছে ।’

শুনে শ্রীবাস্তব খুব অবাক হয়ে ফেলুদার দিকে তাকিয়ে বললেন, ‘বাঃ—ভেরি গুড, ভেরি গুড !’

কেবল ধীরুকাকাই যেন একটু ঠাট্টার সুরে বললেন, ‘খোদ ডিটেক্টিভের বাড়ি থেকেই মালটা চুরি হল, এইটেই যা আপশোস ।’

ফেলুদা এ সব কথাবার্তায় কোনও মন্তব্য না করে শ্রীবাস্তবকে আরেকটা প্রশ্ন করল, ‘মহাবীরবাবুর ফিল্মে অ্যাকটিং করে ভাল রোজগার হচ্ছে কি ?’

শ্রীবাস্তব বললেন, ‘সেটা ঠিক জানি না । মাত্র দুবছর তো হল ?’

‘ওঁর এমনিতে টাকার কোনও অভাব আছে ?’

‘নাঃ । কারণ, পিয়ারিলাল ওকেই সম্পত্তি দিয়ে গেছেন । সিনেমাটা ওর শখের ব্যাপার ।’

‘হুঁ—বলে ফেলুদা আবার লাইফটা তুলে নিল ।

শ্রীবাস্তব হঠাৎ তাঁর রিস্ট ওয়াচের দিকে তাকিয়ে বললেন, ‘এই দেখুন, আপনাদের সঙ্গে কথা বলতে বলতে আমার পেশেন্টের কথাই ভুলে গেছি । আমি চলি !’

শ্রীবাস্তবকে তাঁর গাড়িতে পৌঁছে দিতে বাবা আর ধীরুকাকা বাইরে গেলে পর ফেলুদা ম্যাগাজিনটা বন্ধ করে একটা বিরাট হাই তুলে বলল, ‘তোর চাঁদে যেতে হচ্ছে করে, না মঙ্গল গ্রহে ?’

আমি বললাম, ‘আমার এখন শুধু একটা জিনিসই হচ্ছে করছে ।’

ফেলুদা আমার কথায় কান না দিয়ে বলল, ‘লাইফে চাঁদের সারফেসের ছবি দিয়েছে । দেখে জায়গাটাকে খুব ইন্টারেস্টিং বলে মনে হচ্ছে না । মঙ্গল সম্বন্ধে তবু একটা কৌতূহল হয় ।’

আমি এবার একেবারে চেয়ার ছেড়ে উঠে বললাম, ‘ফেলুদা আমার কৌতূহল হচ্ছে তোমার ম্যানিভ্যাগে যে কাগজটা আছে সেইটি দেখার জন্যে ।’

‘ওঃ—ওইটে !’

‘ওটা দেখাবে না বুঝি ?’

‘ওটা উর্দুতে লেখা ।’

‘তবু দেখি না !’

‘এই দ্যাখ ।’

ফেলুদা ভাঁজ করা কাগজটা বার করে সেটা দু আঙুলের ফাঁকে ধরে ক্যারামের গুটির মতো করে আমার দিকে ছুঁড়ে দিল । খুলে দেখি সেটায় লেখা আছে—‘খুব ইঁশিয়ার !’

আমি বললাম, ‘তবে যে বললে উর্দু ?’

‘বোকচন্দর—খুব আর ইঁশিয়ার—এই দুটো কথাই যে উর্দু সেটাও বুঝি তোরা জানা নেই ?’

সত্যিই তো ! মনে পড়ল একবার বাবা বলেছিলেন—যে-কোনও বাংলা উপন্যাস নিয়ে তার যে-কোনও একটা পাতা খুলে পড়ে দেখো, দেখবে প্রায় অর্ধেক কথা হয় উর্দু, নয় ফারসি, না হয় ইংরাজি—, না হয় পর্তুগিজ, না হয় অন্য কিছু । এ সব কথা বাংলায় এমন চলে গেছে যে, আমরা ভুলে গেছি এগুলো আসলে বাংলা নয় ।

আমি লাল অক্ষরে লেখা কথা দুটোর দিকে চেয়ে আছি দেখে প্রায় যেন আমার মনের প্রশ্নটা আন্দাজ করেই ফেলুদা বলল, ‘একটা সাজা পানের ডগা দিয়ে অনেক সময় চুন খয়ের মেশানো লাল রস চুঁইয়ে পড়ে দেখেছিস ? এটা সেই পানের ডগা দিয়ে লাল রস দিয়ে লেখা ।’

আমি লেখাটা নাকের কাছে আনতেই পানের গন্ধ পেলাম ।

‘কিন্তু কে লিখেছে বলো তো ?’

‘জানি না ।’

‘লোকটা বাঙালি তো বটেই ?’

‘জানি না ।’

‘কিন্তু তোমাকে কেন লিখতে যাবে ? তুমি তো আর আংটি চুরি করোনি ।’

ফেলুদা হো হো করে হেসে বলল, ‘হুমকি জিনিসটা কি আর চোরকে দেয় রে বোকা ? ওটা দেয় চোরের যে শত্রু তাকে । অর্থাৎ ডিটেক্টিভকে । তাই এ সব কাজে নামতে হলে ডিটেক্টিভের একেবারে প্রাণটি হাতে নিয়ে নামতে হয় ।’

আমার বুকের ভিতরটা টিপ টিপ করে উঠল, আর বুঝতে পারলাম যে গলাটা কেমন জানি শুকিয়ে আসছে । কোনও রকমে ঢোক গিলে বললাম, ‘তা হলে এবার থেকে সত্যিই হুঁশিয়ার হওয়া উচিত ।’

‘হুঁশিয়ার হইনি সে কথা তোকে কে বললে ?’—এই বলে ফেলুদা পকেট থেকে একটা গোল কৌটো বার করে আমার নাকের সামনে ধরল । দেখলাম বাস্তার ঢাকনায় লেখা রয়েছে—‘দশংসংস্কারচূর্ণ ।’

ওটা যে একটা দাঁতের মাজনের নাম সেটা আমি ছেলেবেলা থেকে জানি—কারণ দাদু ওটা ব্যবহার করতেন । তাই আমি একটু অবাক হয়েই বললাম, ‘দাঁতের মাজন দিয়ে কী করে হুঁশিয়ার হবে ফেলুদা ।’

‘তোর যেমন বুদ্ধি !—দাঁতের মাজন হতে যাবে কেন ?’

‘তবে ওটায় কী আছে ?’

চোখ দুটো গোল করে গলাটা বাড়িয়ে আর নামিয়ে নিয়ে ফেলুদা বলল, ‘চূর্ণীকৃত ব্রহ্মাস্ত্র ।’

৫

রাত্রে খাওয়া-দাওয়ার পর ফেলুদা হঠাৎ বলল, ‘তোপ্সে, কী মনে হচ্ছে বল তো ?’

আমি বললাম, ‘কীসের কী মনে হচ্ছে ?’

‘এই যে-সব ঘটনা ঘটছে-টটছে ।’

‘বারে বা, সে তো তুমি বলবে । আমি আবার কী করে বলব ? আমি কি ডিটেক্টিভ নাকি ? আর সন্ধ্যাসীটা কে, সেটা না জানা অবধি তো কিছুই বোঝা যাবে না ।’

‘কিন্তু কিছু কিছু জিনিস তো বোঝা যাচ্ছে । যেমন, সন্ধ্যাসীটা বাথরুমে ঢুকে আর বেরোল না । এটা তো খুব রিভিলিং ।’

‘রিভিলিং মানে ?’

‘রিভিলিং মানে যার থেকে অনেক কিছু বোঝা যায় ।’

‘এখানে কী বোঝা যাচ্ছে ?’

‘তুই নিজে বুঝতে পারছিস না ?’

‘আমি বুঝতে পারছি যে ওয়েটিংরুমের দারোয়ানটা অন্যমনস্ক ছিল ।’

‘তোর মুণ্ডু ।’

‘তবে ?’

‘সন্ন্যাসী বেরোলে নিশ্চয়ই দারোয়ানের চোখে পড়ত ।’

‘তা হলে ? সন্ন্যাসী বেরোয়নি ?’

‘সন্ন্যাসীর হাতে কী ছিল মনে আছে ?’

‘আমি তো আর...ও হ্যাঁ হ্যাঁ—অ্যাটাচি কেস ।’

‘সন্ন্যাসীর হাতে অ্যাটাচি কেস দেখেছিস কখনও ?’

‘তা দেখিনি ।’

‘সেই তো বলছি । ওটা থেকেই সন্দেহ হয় ।’

‘কী সন্দেহ হয় ?’

‘যে সন্ন্যাসী আসলে সন্ন্যাসী নন । উনি প্যান্ট শার্ট কি ধুতি-পাঞ্জাবি পরা আমাদের মতো অ-সন্ন্যাসী, আর সেই পোশাক ছিল ওই অ্যাটাচি কেসে । গেরুয়াটা ছিল ছদ্মবেশ । খুব সম্ভবত দাড়িগোঁফটাও ।’

‘বুঝেছি । সেগুলো ও বাস্তব পুরে নিয়েছে, আর অন্য পোশাক পরে বেরিয়ে এসেছে । তাই দারোয়ান ওকে চিনতে পারেনি ।’

‘গুড । এইবার মাথা খুলেছে ।’

‘কিন্তু আজ সকালে তা হলে কে তোমার গায়ে কাগজ ছুঁড়ে মারল ?’

‘হয় ও নিজেই, না হয় ওর কোনও লোক । স্টেশনের আশেপাশে ঘোরাফেরা করছিল । আমি যে একে-তাকে সন্ন্যাসীর কথা জিজ্ঞেস করছি, সেটা ও শুনেছিল—আর তাই হুমকি দিয়ে গেল ।’

‘বুঝেছি । কিন্তু এ ছাড়া আর কোনও রহস্য আছে কি ?’

‘বাবা, বলিস কী ! রহস্যের কোনও শেষ আছে নাকি ? শ্রীবাস্তবকে স্ট্যান্ডার্ড গাড়িতে কে ফেলা করল ? সেও কি ওই সন্ন্যাসী, না অন্য কেউ ? গেটের বাইরে দাঁড়িয়ে চারমিনার আর পান খেতে খেতে কে ওয়াচ করছিল ? পিয়ারিলাল কোন ‘স্পাই’-এর কথা বলতে চেয়েছিলেন ? বনবিহারীবাবু হিংস্র জানোয়ার পোষেন কেন ? পিয়ারিলালের ছেলে বনবিহারীবাবুকে আগে কোথায় দেখেছে ? সে আংটির ব্যাপার কতখানি জানে ?’...

* * *

রাত্রে বিছানায় শুয়ে এই সব রহস্যের কথাই ভাবছিলাম । ফেলুদা একটা নীল খাতায় কী যেন সব লিখল । তারপরে সাড়ে দশটায় শুয়ে পড়ল, আর শোবার কিছুক্ষণ পরেই জোরে জোরে নিশ্বাস । বুঝলাম ও ঘুমিয়ে পড়েছে ।

দূর থেকে রামলীলার ঢাকের শব্দ ভেসে আসছে । একবার একটা জানোয়ারের ডাক শুনলাম—হয়তো শেয়াল কিংবা কুকুর, কিন্তু হঠাৎ কেন জানি হাইনার হাসি বলে মনে হয়েছিল ।

বনবিহারীবাবু যে হিংস্র জানোয়ার পোষেন, তাতে ফেলুদার আশ্চর্য হবার কী আছে ? সব সময় কি সব জিনিসের পিছনে লুকোনো কারণ থাকে ? অনেক রকম অদ্ভুত অদ্ভুত শখের কথা তো শুনতে পাওয়া যায় । বনবিহারীবাবুর চিড়িয়াখানাও হয়তো সেই রকমই একটা

অদ্ভুত শখের নমুনা ।

এই সব ভাবতে ভাবতে কখন যে ঘুমিয়ে পড়েছি, আর কখন যে আবার ঘুমটা ভেঙে গেছে তা জানি না । জাগতেই মনে হল চারিদিক ভীষণ নিস্তব্ধ । ঢাকের বাজনা থেমে গেছে, কুকুর শেয়াল কিছু ডাকছে না । খালি ফেলুদার জোরে জোরে নিশ্বাস ফেলার শব্দ, আর মাথার পিছনে টেবিলের উপর রাখা টাইম পিসটার টিক্ টিক্ শব্দ । আমার চোখটা পায়ের দিকের জানালায় চলে গেল ।

জানালা দিয়ে রোজ রাত্রে দেখেছি আকাশ আর আকাশের তারা দেখা যায় । আজ দেখি আকাশের অনেকখানি ঢাকা । একটা অন্ধকার মতো কী যেন জানালার প্রায় সমস্তটা জুড়ে দাঁড়িয়ে আছে ।

ঘুমের খোরটা পুরো কেটে যেতেই বুঝতে পারলাম সেটা একটা মানুষ । জানালার গরাদ ধরে দাঁড়িয়ে আমাদেরই ঘরের ভিতর দেখছে ।

যদিও ভয় করছিল সাংঘাতিক, তবু লোকটার দিক থেকে চোখ ফেরাতে পারলাম না । আকাশে তারা অল্প অল্প থাকলেও ঘরের ভিতর আলো নেই, তাই লোকটার মুখ দেখা অসম্ভব । কিন্তু এটা বুঝতে পারছিলাম যে তার মুখের নীচের দিকটা—মানে নাক থেকে থুতনি অবধি—একটা কালো কাপড়ে ঢাকা !

এবার দেখলাম লোকটা ঘরের ভিতর হাত ঢুকিয়েছে, তবে শুধু হাত নয়, হাতে একটা লম্বা ডান্ডার মতো জিনিস রয়েছে ।

একটা মিষ্টি অথচ কড়া গন্ধ এইবার আমার নাকে এল । একে ভয়েতেই প্রায় দম বন্ধ হয়ে আসছিল, এখন হাত-পাও কী রকম যেন অবশ হয়ে আসতে লাগল ।

আমার মনে যত জোর আছে, সবটা এক সঙ্গে করে, শরীরটা প্রায় একদম না নাড়িয়ে, আমার বাঁ হাতটা আমার পাশেই ঘুমন্ত ফেলুদার দিকে এগিয়ে দিলাম ।

আমার চোখ কিন্তু জানালার দিকে । লোকটা এখনও হাতটা বাড়িয়ে রয়েছে, গন্ধটা বেড়ে চলেছে, আমার মাথা ভেঁে ভেঁে করছে ।

আমার হাতটা ফেলুদার কোমরে ঠেকল । আমি একটা ঠেলা দিলাম । ফেলুদা একটু নড়ে উঠল । নড়তেই ক্যাঁচ করে খাটের একটা শব্দ হল । আর সেই শব্দটা হতেই জানালার লোকটা হাওয়া !

ফেলুদা ঘুমো ঘুমো গলায় বলল, ‘খোঁচা মারছিস কেন ?’

আমি শুকনো গলায় কোনওরকমে ঢোক গিলে বললাম, ‘জানালায় ।’

‘কে জানালায় ? ইস্—গন্ধ কীসের ?’—বলেই ফেলুদা একলাফে উঠে জানালার সামনে গিয়ে দাঁড়াল । তারপর কিছুক্ষণ একদৃষ্টে বাইরের দিকে চেয়ে থেকে ফিরে এসে বলল, ‘কী দেখলি ঠিক করে বল তো !’

আমি তখনও প্রায় কাঠের মতো পড়ে আছি । কোনওমতে বললাম, ‘একটা লোক...হাতে ডান্ডা...ঘরের ভেতর—’

‘হাত বাড়িয়েছিল ?’

‘হ্যাঁ ।’

‘বুঝেছি । লাঠির ডগায় ক্লোরোফর্ম ছিল । আমাদের অজ্ঞান করবার তালে ছিল ।’

‘কেন ?’

‘বোধহয় আরেক আংটি-চোর । ভাবছে এখনও আংটি এখানেই আছে । যাক্গে—তুই এ ব্যাপারটা আর বাবা কাকাকে বলিস না । মিথ্যে নার্ভাস-টার্ভাস হয়ে আমার কাজটাই ভেস্তে দেবে ।’

পরদিন সকালে বাবা আর ধীরুকাকা দুজনেই বললেন যে আর বিশেষ কোনও গোলমাল হবে বলে মনে হচ্ছে না। আংটি উদ্ধারের ভার পুলিশের উপর দিয়ে দেওয়া হয়েছে, ইন্সপেক্টর গর্গরি কাজ শুরু করে দিয়েছেন।

পুলিশে আংটি খুঁজে পেলে ফেলুদার উপর টেকা দেওয়া হবে, আর তাতে ফেলুদার মনে লাগবে, এই ভেবে আমি মনে মনে প্রার্থনা করলাম পুলিশ যেন কোনওমতেই আংটি খুঁজে না পায়। সে ফ্রেডিটটা যেন ফেলুদারই হয়।

বাবা বললেন, ‘আজ তোদের আরও কয়েকটা জায়গা দেখিয়ে আনব ভাবছি।’

ঠিক হল দুপুরে খাওয়ার পর বেরোনো হবে। কোথায় যাওয়া হবে সেটা ঠিক করে দিলেন বনবিহারীবাবু।

আমরা সবে খেয়ে উঠেছি, এমন সময় বনবিহারীবাবু এসে হাজির। বললেন, ‘আপনাদের বাড়ি দিনে ডাকাতির খবর পেয়ে চলে এলাম। একটা ভাল দেখে হাউন্ড পুষলে এ-কেলেঙ্কারি হত না। সাধুবাবার উদ্দেশ্য সাধু না অসাধু, সেটা বুঝতে একটা ওয়েল-ট্রেন্ড জেতো হাউন্ডের লাগত ঠিক পাঁচ সেকেন্ড। যাক চোর পালানোর পর আর বুদ্ধি দিয়ে কী হবে বলুন।’

বনবিহারীবাবু সঙ্গে কাগজে মোড়া পান নিয়ে এসেছিলেন। বললেন, ‘লখনৌ শহরের বেস্ট পান। খেয়ে দেখুন। এক বেনারস ছাড়া কোথাও পাবেন না এ জিনিস।’

আমি মনে মনে ভাবছি, বনবিহারীবাবু যদি বেশিক্ষণ থাকেন তা হলে আমাদের বাইরে যাওয়া ভেঙ্গে যাবে, এমন সময় উনি নিজেই বললেন, ‘বাড়িতে থাকছেন, না বেরোচ্ছেন?’

বাবা বললেন, ‘ভেবেছিলাম এদের নিয়ে একটা কিছু দেখিয়ে আনব। ইমামবড়া ছাড়া তো আর কিছুই দেখা হয়নি এখনও।’

‘রেসিডেন্স দেখোনি এখনও?’ প্রশ্নটা আমাকেই করলেন ভদ্রলোক। আমি মাথা নেড়ে না বললাম।

‘চলো—আমার মতো গাইড পাবে না। মিউটিনি সম্বন্ধে আমার থরো নলেজ আছে।’

তারপর ধীরুকাকার দিকে ফিরে বললেন—‘আমার কেবল একটা জিনিস জানার কৌতূহল হচ্ছে। আংটিটা কোথেকে গেল। সিদ্ধুকে রেখেছিলেন কি?’

ধীরুকাকা বললেন, ‘সিদ্ধুক আমার নেই। একটা গোদরেজের আলমারি খুলে নিয়ে গেছে। চাবি অবিশ্যি আমার পকেটেই ছিল। বোধহয় ডুপ্লিকেট চাবি দিয়ে খুলেছে।’

‘শুনলাম বাস্‌ট নাকি রেখে গেছে?’

‘হ্যাঁ।’

‘ভেরি স্ট্রেঞ্জ! বাস্‌ দেবোজের ছিল?’

‘হ্যাঁ।’

‘দেবোজ ভাল করে খুঁজে দেখেছেন তো?’

‘তন্ন তন্ন করে।’

‘কিন্তু একটা জিনিস তো করতে পারেন। আলমারির হাতলে, বাস্‌টার গায়ে ফিঙ্গার প্রিন্ট আছে কি না সেটা তো...’

‘থাকলে সবচেয়ে বেশি থাকবে আমারই আঙুলের ছাপ। ওতে সুবিধে হবে না।’

বনবিহারীবাবু মাথা নেড়ে বললেন, ‘খাসা লোক ছিলেন বাবা পিয়ারিলাল। আংটিটা ইনসিওর পর্যন্ত করেননি। আর যাঁকে দিয়ে গেলেন তিনিও অবশ্যি তথৈবচ। যাক—হাড়ের ডাক্তারের এবার হাড়ে হাড়ে শিক্ষা হয়েছে।’

এবার আর আমাদের টাঙ্গায় যাওয়া হল না। বনবিহারীবাবুর গাড়িতেই সবাই উঠে পড়লাম। ফেলুদা আর আমি সামনে ড্রাইভারের পাশে বসলাম।

ক্লাইভ রোড দিয়ে যখন যাচ্ছি, তখন বনবিহারীবাবু আমাদের দুজনকে উদ্দেশ্য করে বললেন, ‘তোমরা এখানে এসে এমন একটা রহস্যের ব্যাপারে জড়িয়ে পড়বে ভেবেছিলে কি?’

আমি মাথা নেড়ে না বললাম। ফেলুদা খালি হিঃ হিঃ করে একটু হাসল।

বাবা বললেন, ‘ফেলুবাবুর অবিশ্যি পোয়া বারো, কারণ ওর এ সব ব্যাপারে খুব ইন্টারেস্ট। ও হল যাকে বলে শখের ডিটেকটিভ।’

‘বটে?’

বনবিহারীবাবু যেন খবরটা শুনে খুবই অবাক আর খুশি হলেন। বললেন, ‘ব্রেনের ব্যায়ামের পক্ষে ওটা খুব ভাল জিনিস। তা, রহস্যের কিছু কিনারা করতে পারলে ফেলুবাবু?’

ফেলুদা বলল, ‘এ তো সবে শুরু।’

‘অবিশ্যি তুমি কোন রহস্যের কথা ভাবছ জানি না। আমার কাছে অনেক কিছুই রহস্যজনক।’

ধীরুকাকা বললেন, ‘কী রকম?’

‘এই যেমন ধরুন—সন্ন্যাসী গোদরেজের আলমারির চাবি পেল কোথেকে। তারপর বাড়িতে চাকর-বাকর থাকতে সে-সন্ন্যাসীর এত সাহসই বা হবে কোথেকে যে সে একেবারে আপনার বেডরুমে গিয়ে ঢুকবে। তা ছাড়া একটা ব্যাপার তো অনেকদিন থেকেই খটকা লেগে আছে।’

ধীরুকাকা বললেন, ‘কী ব্যাপার?’

‘শ্রীবাস্তবকে সত্যিই পিয়ারিলাল আংটি দিয়েছিলেন, না শ্রীবাস্তব সেটা অন্য ভাবে—’

ধীরুকাকা বাধা দিয়ে বললেন, ‘সে কী মশাই, আপনি কি শ্রীবাস্তবকেও সন্দেহ করেন নাকি?’

‘সন্দেহ তো প্রত্যেককেই করতে হবে—এমন কী আমাকে আপনাকেও—তাই নয় কি ফেলুবাবু?’

ফেলুদা বলল, ‘নিশ্চয়ই। আর যেদিন সন্ন্যাসী আমাদের বাড়ি এসেছিলেন, সেদিন তো শ্রীবাস্তবও এসেছিলেন—ওই বিকলেই। তারপর আমাদের না পেয়ে বনবিহারীবাবুর বাড়িতে এলেন।’

‘এগ্জ্যাক্টলি!’ বনবিহারীবাবু যেন রীতিমতো উত্তেজিত হয়ে উঠলেন।

এবারে বাবা যেন বেশ খতমত খেয়েই বললেন, ‘কিন্তু শ্রীবাস্তব যদি অসদুপায়ে আংটি পেয়ে থাকেন, তা হলে তিনি সেটা আমাদের কাছে রাখবেনই বা কেন, আর রেখে সেটা চুরিই বা করবেন কেন?’

বনবিহারীবাবু হো হো করে হেসে উঠে বললেন, ‘বুঝলেন না? অত্যন্ত সহজ। শ্রীবাস্তবের পেছনে সত্যিই ডাকাত লেগেছিল। ভিত্তি মানুষ—তাই ভয় পেয়ে আংটিটা আপনাদের কাছে এনে রেখেছিলেন। এদিকে লোভও আছে ষোলো আনা, তাই তিনি নিজেই আবার সেটা চুরি করে চোরদের ধান্দা দিয়ে এক টিলে দুই পাখি মেরেছেন।’

আমার মাথার মধ্যে সব কেমন জানি গুণ্ডগোল হয়ে যাচ্ছিল। শ্রীবাস্তবের মতো এত ভালমানুষ হাসিখুশি লোক, তিনি কখনও চোর হতে পারেন? ফেলুদাও কি বনবিহারীবাবুর সঙ্গে একমত, নাকি বনবিহারীবাবুর কথাতেই ওর প্রথম শ্রীবাস্তবের ওপর সন্দেহ পড়েছে?

বনবিহারীবাবু বললেন, ‘শ্রীবাস্তব অমায়িক লোক তাতে সন্দেহ নেই। কিন্তু একবার ভেবে দেখুন—লখনৌ—এর মতো জায়গা—এমন আর কী—সেখানে শ্রেফ হাড়ের ব্যারামের চিকিৎসা করে এত বড় বাড়ি গাড়ি বাগান আসবাবপত্র—ভাবতে একটু ইয়ে লাগে না কি?’

ধীরুকাকা বললেন, ‘ওর বাপের হয়তো টাকা ছিল?’

বনবিহারীবাবু বললেন, ‘বাপ ছিলেন এলাহাবাদ পোস্ট আপিসের সামান্য কেরানি।’

এই সময় ফেলুদা হঠাৎ একটা বাজে প্রশ্ন করে বসল—

‘আপনার কোনও জানোয়ার কখনও আপনাকে কামড়েছে কি?’

‘নো নেভার।’

‘তা হলে আপনার ডান হাতের কবজিতে ওই দাগটা কী?’

‘ও হো হো—বাঃ বাঃ, তুমি তো খুব ভাল লক্ষ করেছ—কারণ ও দাগটা সচরাচর আমার আঙ্গিনের ভেতরেই থাকে। ওটা হয়েছিল ফেন্সিং করতে গিয়ে। ফেন্সিং বোঝো?’

ফেলুদা কেন—আমিও জানতাম ফেন্সিং কাকে বলে। রেপিয়ার বলে একরকম সরু লম্বা তলোয়ার দিয়ে খেলাকে বলে ফেন্সিং।

‘ফেন্সিং করতে গিয়ে হাতে খোঁচা খাই। এটা সেই খোঁচার দাগ।’

রেসিডেন্সিটা সত্যিই একটা দেখবার জিনিস। প্রথমত জায়গাটা খুব সুন্দর। চারিদিকে বড় বড় গাছপালা—তার মাঝখানে এখানে ওখানে এক একটা মিউটিনির আমলের সাহেবদের ভাঙা বাড়ি। গাছগুলোর ডালে দেখলাম ঝাঁকে ঝাঁকে বাঁদর। লখনৌ শহরের বাঁদরের কথা আগেই শুনেছি, এবার নিজের চোখে তাদের কাণ্ডকারখানা দেখলাম।

কতগুলো রাস্তার ছেলে গুলতি দিয়ে বাঁদরগুলোর দিকে তাগ করে ইঁট মারছিল—বনবিহারীবাবু তাদের কষে ধমক দিলেন। তারপর আমাদের বললেন, ‘জন্তুজানোয়ারের ওপর দুর্ব্যবহারটা আমি সহ্য করতে পারি না। আমাদের দেশেই এ-জিনিসটা সবচেয়ে বেশি দেখা যায়।’

ইতিহাসে সিপাহি বিদ্রোহের কথা পড়েছি, রেসিডেন্সি দেখার সময় সেই বইয়ে পড়া ঘটনাগুলো চোখের সামনে ভেসে উঠল।

একটা বড় বাড়ির ভিতর আমরা ঘুরে ঘুরে দেখছি, আর বনবিহারীবাবু বর্ণনা দিয়ে চলেছে—

‘সেপাই মিউটিনির সময় লখনৌ শহরে নবাবদেরই রাজত্ব। ব্রিটিশরা তাদের সৈন্য রেখেছিলেন এই বাড়িটার ভেতরেই। স্যার হেনরি লরেন্স ছিলেন তাদের সেনাপতি। বিদ্রোহ লাগল দেখে প্রাণের ভয়ে লখনৌ শহরের যত সাহেব মেমসাহেব একটা হাসপাতালের ভিতর গিয়ে আশ্রয় নিল। কদিন খুব লড়েছিলেন স্যার হেনরি, কিন্তু আর শেষটায় পেরে উঠলেন না। সেপাই—এর গুলিতে তাঁর মৃত্যু হল। আর তার পরে ব্রিটিশদের কী দশা হল সেটা এই বাড়ির চেহারা দেখেই কিছুটা আন্দাজ করতে পারছ। স্যার কলিন ক্যাম্পবেল যদি শেষটায় টাটকা সৈন্য সামন্ত নিয়ে না—এসে পড়তেন, তা হলে ব্রিটিশদের দফা রফা হয়ে যেত। ...এ ঘরটা ছিল বিলিয়ার্ড খেলার ঘর। দেয়ালে সেপাইদের গোলা লেগে কী অবস্থা হয়েছে দেখো।’

বাবা আর ধীরুকাকা আগেই রেসিডেন্সি দেখেছেন বলে মাঠে পায়চারি করছিলেন। আমি আর ফেলুদাই তন্ময় হয়ে বনবিহারীবাবুর কথা শুনছিলাম। আর দুশো বছরের পুরনো পাতলা অথচ মজবুত ইটের তৈরি ব্রিটিশদের ঘরবাড়ির ভগ্নাবশেষ দেখছিলাম, এমন সময় ঘরের দেয়ালের একটা ফুটো দিয়ে হঠাৎ কী একটা জিনিস তীরের মতো এসে ফেলুদার কান



ঘেঁষে ধাঁই করে পিছনের দেয়ালে লেগে মাটিতে পড়ল। চেয়ে দেখি সেটা একটা পাথরের টুকরো।

তার পরমুহূর্তেই বনবিহারীবাবু একটা হ্যাঁচকা টানে ফেলুদাকে তার দিকে টেনে নিলেন, আর ঠিক সেই সময় আরেকটা পাথর এসে আবার ঘরের দেয়ালে লেগে মাটিতে পড়ল। পাথরগুলো যে গুলতি দিয়ে মারা হয়েছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই।

বনবিহারীবাবুর বয়স হলেও এখনও যে কত চটপটে সেটা এবার বেশ বুঝতে পারলাম। উনি এক লাফে দেয়ালের একটা বড় গর্তের ভেতর দিয়ে গিয়ে বাইরের ঘাসে পড়লেন। আমি আর ফেলুদাও অবিশ্যি তক্ষুনি লাফিয়ে গিয়ে ওঁর কাছে পৌঁছলাম। আর গিয়েই দেখলাম যে-দিক দিয়ে পাথর এসেছে, সেই দিকে বেশ খানিক দূরে, একটা লাল ফেজটুপি আর কালো কোট পরা দাড়িওয়ালা লোক দৌড়ে পালাচ্ছে।

ফেলুদা আর এক মুহূর্ত সময় নষ্ট না করে সোজা লোকটার দিকে ছুটল। আমি ফেলুদার পিছনে পিছনে যাব বশ্শে পা বাড়িয়েছিলাম, কিন্তু বনবিহারীবাবু আমার জামার আস্তিনটা ধরে বললেন, ‘তুমি এখনও স্কুলবয় তপেশ; তোমার এ সব গোলমালের মধ্যে না যাওয়াই ভাল।’

কিছুক্ষণ পরে ফেলুদা ফিরে এল। বনবিহারীবাবু বললেন, ‘ধরতে পারলে?’

ফেলুদা বলল, ‘নাঃ। অনেকটা ডিস্ট্যান্স। একটা কালো স্ট্যান্ডার্ড গাড়িতে উঠে ভেগেছে লোকটা।’

বনবিহারীবাবু চাপা গলায় বললেন, ‘স্কাউন্ডেল!’ তারপর আমাদের দুজনের পিঠে হাত দিয়ে বললেন, ‘চলো—আর এখানে থাকা ঠিক হবে না।’

একটু এগিয়ে গিয়ে বাবা আর ধীরুকাকার সঙ্গে দেখা হল। বাবা বললেন, ‘ফেলু এত হাঁপাচ্ছ কেন?’

বনবিহারীবাবু বললেন, ‘ওর বোধহয় গোয়েন্দাগিরিটা বেশি না করাই ভাল। মনে হচ্ছে

ওর পেছনে গুণ্ডা লেগেছে ।’

বাবা আর ধীরুকাকা দুজনেই ঘটনাটা শুনে বেশ ঘাবড়ে গেলেন ।

তখন বনবিহারীবাবু হাসতে হাসতে বললেন, ‘চিন্তা করবেন না । আমি রসিকতা করছিলাম । আসলে পাথরগুলো আমাকেই লক্ষ্য করে মারা হয়েছিল । ওই যে ছোকরাগুলোকে তখন ধমক দিলুম এ হচ্ছে তারই প্রতিশোধ ।’

তারপর ফেলুদার দিকে ঘুরে বললেন, ‘তবে তাও বলছি ফেলুবাবু, তোমারও বয়সটা কাঁচাই । বিদেশ-বিভূয়ে একটা গোলমালে জড়িয়ে পড়বে সেটা কি খুব ভাল হবে ? এবার থেকে একটু খেয়াল করে চলো ।’

কথাটা শুনে ফেলুদা চুপ করে রইল ।

গাড়ির দিকে হাঁটার সময় দুজনে একটু পেছিয়ে পড়েছিলাম—সেই সুযোগে ফেলুদাকে ফিস ফিস করে বললাম, ‘পাথরটা তোমাকে মারছিল, না ঝুঁকে ?’

ফেলুদা দাঁতে দাঁত চেপে বলল, ‘ঝুঁকে মারলে কি উনি চুপ করে থাকতেন নাকি ? হল্লাটল্লা করে রেসিডেন্সির বাকি ইঁট কটা খসিয়ে দিতেন না ?’

‘আমারও তাই মনে হয় ।’

‘তবে একটা জিনিস পেয়েছি । লোকটা পালানোর সময় ফেলে গিয়েছিল ।’

‘কী জিনিস ?’

ফেলুদা পকেট থেকে একটা কালো জিনিস বার করে দেখাল । ভাল করে দেখে বুঝলাম সেটা একটা নকল গোঁফ, আর তাতে এখনও শুকনো আঠা লেগে রয়েছে ।

গোঁফটা আবার পকেটে রেখে ফেলুদা বলল, ‘পাথরগুলো যে আমাকেই মারা হয়েছে, সেটা ভদ্রলোক খুব ভাল ভাবেই জানেন ।’

‘তা হলে বললেন না কেন ?’

‘হয় আমাদের নার্ভাস করতে চান না, আর না হয়...’

‘না হয় কী ?’

ফেলুদা উত্তরের বদলে মাথা বাঁকিয়ে একটা তুড়ি মেরে বলল, ‘কেসটা জমে আসছে রে তোপসে । তুই এখন থেকে আর আমাকে একদম ডিস্টার্ব করবি না ।’

বাকি দিনটা ও আর একটাও কথা বলেনি আমার সঙ্গে । বেশির ভাগ সময় বাগানে পায়চারি করেছে, আর বাকি সময়টা ওর নীল নোটবইটাতে হিজিবিজি কী সব লিখেছে । ও যখন বাগানে ঘুরছিল, তখন আমি একবার লুকিয়ে লুকিয়ে বইটা খুলে দেখেছিলাম, কিন্তু একটা অক্ষরও পড়তে পারিনি, কারণ সেরকম অক্ষর এর আগে আমি কখনও দেখিনি ।

৬

টাঙ্গায় উঠে ফেলুদা গাড়োয়ানকে বলল, ‘হজরতগঞ্জ ।’

আমি বললাম, ‘সেটা আবার কোন জায়গা ?’

‘এখানকার চৌরঙ্গি । শুধু নবাবি আমলের জিনিস ছাড়াও তো শহরে দেখবার জিনিস আছে । আজ একটু দোকান-টোকান ঘুরে দেখব ।’

গতকাল রেসিডেন্সি থেকে আমরা বনবিহারীবাবুর বাড়িতে কফি খেতে গিয়েছিলাম । সেই সুযোগে ওঁর চিড়িয়াখানাটাও আরেকবার দেখে নিয়েছিলাম । সেই হাইনা, সেই র্যাটল স্নেক, সেই মাকড়সা, সেই বনবেড়াল, সেই কাঁকড়া বিছে ।

বৈঠকখানায় বসে কফি খেতে খেতে ফেলুদা একটা দরজার দিকে দেখিয়ে বলল, ‘ও

দরজাটায় সেদিনও তালা দেখলাম, আজও তালা ।’

বনবিহারীবাবু বললেন, ‘হ্যাঁ—ওটা একটা একুস্তা ঘর । এসে অবধি তালা লাগিয়ে রেখেছি । খোলা রাখলেই ঝাড়পোঁছের হ্যাঙ্গামা এসে যায়, বুঝলে না ।’

ফেলুদা বলল, ‘তা হলে তালাটা নিশ্চয়ই বদল করা হয়েছে, কারণ এটায় তো মরচে ধরেনি ।’

বনবিহারীবাবু ফেলুদার দিকে একটু হাসি-হাসি অথচ তীক্ষ্ণ দৃষ্টি দিয়ে বললেন, ‘হ্যাঁ—এর আগেরটায় এত বেশি মরচে ধরেছিল যে ওটা বদলাতে বাধ্য হলাম ।’

বাবা বললেন, ‘আমরা ভাবছিলাম হরিদ্বার লছমনঝুলাটা এই ফাঁকে সেরে আসব ।’

বনবিহারীবাবু পাইপ ধরিয়ে একটা লম্বা টান দিয়ে কড়া গন্ধওয়ালা ধোঁয়া ছেড়ে বললেন, ‘কবে যাবেন ? পরশু যদি যান তো আমিও আসতে পারি আপনাদের সঙ্গে । আমার এমনিতেই সেই বারো ফুট অজগর সাপটা দেখার জন্য একবার যাওয়া দরকার । আর ফেলুদাবুও যেভাবে গোয়েন্দাগিরি শুরু করেছেন, কয়েকদিনের জন্য শহর ছেড়ে কোথাও যেতে পারলে বোধহয় সকলেরই মঙ্গল ।’

ধীরকাকা বললেন, ‘আমার তো শহর ছেড়ে যাওয়ার উপায় নেই । তোমরা কজন ঘুরে এসো না । ফেলু তপেশ দুজনেরই লছমনঝুলা না-দেখে ফিরে যাওয়া উচিত হবে না ।’

বনবিহারীবাবু বললেন, ‘আমার সঙ্গে গেলে আপনাদের একটা সুবিধে হবে—আমার চেনা ধরমশালা আছে, এমন কী হরিদ্বার থেকে লছমনঝুলা যাবার গাড়ির ব্যবস্থাও আমি চেনাশুনার মধ্যে থেকে করে দিতে পারব । এখন আপনারা ব্যাপারটা ডিসাইড করুন ।’

ঠিক হল পরশু শুক্রবারই আমরা রওনা দেব । দুদিন আগে যদি বনবিহারীবাবু বলতেন আমাদের সঙ্গে যাবেন, তা হলে আমার খুব ভালই লাগত । কিন্তু আজ বিকেলে রেসিডেন্সির ঘটনার পর থেকে আমার লোকটা সম্বন্ধে মনে একটা কীরকম খটকা লেগে গেছে । তবুও যখন দেখলাম ফেলুদার খুব একটা আপত্তি নেই, তখন আমিও মনটাকে যাবার জন্য তৈরি করে নিলাম ।

আজ সকালে উঠে ফেলুদা বলল, ‘দাড়ি কামাবার ব্লেড ফুরিয়ে গেছে—ওখানে গিয়ে মুশকিলে পড়ে যাব । চল ব্লেড কিনে আনিগে ।’

তাই দুজনে টাঙ্গা করে বেরিয়েছি । হজরতগঞ্জে নাকি সব কিছুই পাওয়া যায় ।

কাল থেকেই দেখছি ফেলুদা আংটি নিয়ে আর কিছুই বলছে না । আজ সকালে ও যখন স্নান করতে গিয়েছিল, তখন আমি আরেকবার ওর নোটবইটা খুলে, দেখেছিলাম, কিন্তু পড়তে পারিনি । অক্ষরগুলোর এক একটা ইংরিজি মনে হয়, কিন্তু বেশির ভাগই অচেনা ।

গাড়িতে যেতে যেতে আর কৌতূহল চেপে রাখতে না পেরে ফেলুদাকে জিজ্ঞেস করে ফেললাম ।

ও প্রথমে লুকিয়ে ওর খাতা দেখার জন্য দারুণ রেগে গেল । বলল, ‘এটা তুই একটা জঘন্য কাজ করেছিস । তোকে প্রায় ক্রিমিন্যাল বলা যেতে পারে ।’

তারপর একটু নরম হয়ে বলল, ‘তোর পক্ষে ওটা পড়ার চেষ্টা করা বৃথা, কারণ ও অক্ষর তোর জানা নেই ।’

‘কী অক্ষর ওটা ?’

‘গ্রিক ।’

‘ভাষাটাও গ্রিক ?’

‘না ।’

‘তবে ?’

‘ইংরিজি ।’

‘তা তুমি গ্রিক অক্ষর শিখলে কী করে ?’

‘সে অনেকদিনের শেখা । ফার্স্ট-ইয়ারে থাকতে । আল্ফা বিটা গামা ডেল্টা পাই মিউ এপসাইলন—এ সব তো অঙ্কতেই শিখেছি, আর বাকিগুলো শিখে নিয়েছিলাম এন্সাইক্লোপিডিয়া ব্রিটানিকা থেকে । ইংরিজি ভাষাটা গ্রিক অক্ষরে লিখলে বেশ একটা সাংকেতিক ভাষা হয়ে যায় । এমনি লোকের কারুর সাধ্য নেই যে পড়ে ।’

‘লখনৌ বানান কী হবে গ্রিকে ?’

‘ল্যামডা উপসাইলন কাপা নিউ ওমিক্রন উপসাইলন ! C আর Wটা গ্রিকে নেই, তাই বানানটা হচ্ছে L-U K-N O U ।’

‘আর ক্যালকাটা বানান ?’

‘কাপা আল্ফা ল্যামডা কাপা উপসাইলন টাউ টাউ আল্ফা’ ।

‘বাস্রে বাস্ ! তিনটে বানান করতেই পিরিয়ড কাবার !’

চৌরঙ্গি বললে অবিশ্যি বাড়িয়ে বলা হবে—কিন্তু হজরতগঞ্জের দোকান-টোকানগুলো বেশ ভালই দেখতে ।

টাক্সার ভাড়া চুকিয়ে দিয়ে ফেলুদা আর-আমি হাঁটতে আরম্ভ করলাম ।

‘ওই তো মনিহারি দোকান ফেলুদা—ওখানে নিশ্চয়ই ব্রেড পাওয়া যাবে ।’

‘দাঁড়া, আগে একটা অন্য কাজ সেরে নিই ।’

আরও কিছুদূর গিয়ে ফেলুদা হঠাৎ একটা দোকান দেখে সেটার দিকে এগিয়ে গেল । দোকানের সামনে লাল সাইনবোর্ডে সোনালি উঁচু উঁচু অক্ষরে লেখা আছে—

MALKANI & CO

ANTIQU & CURIO DEALERS

কাচের মধ্যে দিয়ে দোকানের ভিতরটা দেখেই বুঝতে পেরেছিলাম সেটা সব পুরনো আমলের জিনিসের দোকান । ঢুকে দেখি হরেক রকমের পুরনো জিনিসে দোকানটা গিজগিজ করছে—গয়নাগাটি কার্পেট ঘড়ি চেয়ার টেবিল ঝাড়লঠন বাঁধানো ছবি আর আরও কত কী ।

পাকাচুলওয়ালা সোনার চশমা পরা একজন বুড়ো ভদ্রলোক আমাদের দিকে এগিয়ে এলেন ।

ফেলুদা বলল, ‘বাদশাদের আমলের গয়নাগাটি কিছু আছে আপনাদের এখানে ?’

‘গয়না তো নেই । তবে মুগল আমলের ঢাল তলোয়ার জাজিম বর্ম, এই সব কিছু আছে । দেখাব ?’

ফেলুদা একটা কাচের আতরদান হাতে নিয়ে দেখতে দেখতে বলল, ‘পিয়ারিলালের কাছে কিছু মুগল আমলের গয়না দেখেছিলাম । তিনি তো আপনার খুব বড় খদ্দের ছিলেন, তাই না ?’

ভদ্রলোক যেন অবাক হলেন ।

‘বড় খদ্দের ? কোন পিয়ারিলাল ?’

‘কেন—পিয়ারিলাল শেঠ, যিনি কিছুদিন আগে মারা গেলেন ।’

মালকানি মাথা নেড়ে বললেন, ‘আমার কাছ থেকে কখনই কিছু কেনেননি তিনি, আর আমার চেয়ে বড় দোকান এখানে আর নেই ।’

‘আই সি । তা হলে বোধহয় যখন কলকাতায় ছিলেন তখন কিনেছিলেন ।’

‘তাই হবে ।’

‘এখানে বড় খদ্দের বলতে কাকে বলেন আপনি ?’

মালকানির মুখ দেখে বুঝলাম বড় খন্দের তার খুব বেশি নেই। বললেন, ‘বিদেশি টুরিস্ট এসে মাঝে মাঝে ভাল জিনিস ভাল দামে কিনে নিয়ে যায়। এখানের খন্দের বলতে মিস্টার মেহতা আছেন, মাঝে মাঝে এটা সেটা নেন, আর মিস্টার পেস্টনজি আমার অনেক দিনের খন্দের—সেদিন তিন হাজার টাকায় একটা কার্পেট কিনে নিয়ে গেছেন—খাস ইরানের জিনিস।’

ফেলুদা হঠাৎ একটা হাতির দাঁতের তৈরি নৌকোর দিকে আঙুল দেখিয়ে বলল, ‘ওটা বাংলা দেশের জিনিস না?’

‘হ্যাঁ, মুরশিদাবাদ।’

‘দেখেছিস তোপসে—বজরাটা কেমন বানিয়েছে।’

সত্যি, এত সুন্দর হাতির দাঁতের কাজ করা নৌকা আমি কখনও দেখিনি। বজরার ছাতে সামিয়ানার তলায় নবাব বসে গড়গড়া টানছে, তার দুপাশে পাত্রমিত্র সভাসদ সব বসে আছে, আর সামনে নাচগান হচ্ছে। ষোলোজন দাঁড়ি দাঁড় বাইছে, আর একটা লোক হাল ধরে বসে আছে। তা ছাড়া সেপাই বরকন্দাজ সব কিছুই আছে, আর সব কিছুই এত নিখুঁতভাবে করা হয়েছে যে দেখলে তাক লেগে যায়।

ফেলুদা বলল, ‘এটা কোথেকে পেলেন?’

‘ওটা বেচলেন মিস্টার সরকার।’

‘কোন মিস্টার সরকার?’

‘মিস্টার বি. সরকার—যিনি বাদশানগরে থাকেন। উনি মাঝে মাঝে এটা সেটা কিনে নিয়ে যান। ভাল জিনিস আছে ওঁর কাছে।’

‘আই সি। ঠিক আছে। থ্যাঙ্ক ইউ। আপনার দোকান ভারী ভাল লাগল। গুড ডে।’

‘গুড ডে, স্যার।’

বাইরে এসে ফেলুদা বলল, ‘বনবিহারী সরকারের তা হলে এ সব দোকানে যাতায়াত আছে। অবিশ্যি সে সন্দেহটা আমার আগেই হয়েছিল।’

‘কিন্তু উনি যে বলেছিলেন এ সব ব্যাপারে ওঁর কোনও ইন্টারেস্ট নেই।’

‘ইন্টারেস্ট না থাকলে পাথর দেখেই কেউ বলতে পারে সেটা আসল কি নকল?’

মালকানি ব্রাদার্সের সামনে দেখি এম্পায়ার বুক স্টল বলে একটা বইয়ের দোকান। ফেলুদা বলল ওর হরিদ্বার লছমনঝুলা সন্মুখে একটা বই কেনা দরকার, তাই আমরা দোকানটায় ঢুকলাম, আর ঢুকেই দেখি পিয়ারিলালের ছেলে মহাবীর।

ফেলুদা ফিস্‌ফিস্‌ করে বলল, ‘ক্রিকেটের বই কিনছে। ভেরি গুড।’

মহাবীর আমাদের দিকে পিঠ করে দাঁড়িয়ে বই কিনছিল তাই আমাদের দেখতে পায়নি।

ফেলুদা দোকানদারের দিকে এগিয়ে গিয়ে বলল, ‘নেভিল কার্ডাসের কোনও বই আছে আপনার?’

বলতেই মহাবীর ফেলুদার দিকে ফিরে তাকাল। আমি জানতাম নেভিল কার্ডাস ক্রিকেট সন্মুখে খুব ভাল ভাল বই লিখেছে।

দোকানদার বলল, ‘কোন বইটা খুঁজছেন বলুন তো?’

‘Centuries বইটা আছে?’

‘আজ্ঞে না—তবে অন্য বই দেখাতে পারি।’

মহাবীর মুখে হাসি নিয়ে ফেলুদার দিকে এগিয়ে এসে বলল, ‘আপনার বুঝি ক্রিকেটে ইন্টারেস্ট?’

‘হ্যাঁ। আপনারও দেখছি...’

মহাবীর তার হাতের বইটা ফেলুদাকে দেখিয়ে বলল, ‘এটা আমার অর্ডার দেওয়া ছিল। ব্র্যাডম্যানের আত্মজীবনী।’

‘ওহো—ওটা পড়েছি। দারুণ বই।’

‘আপনার কী মনে হয়—রণজি বড় ছিলেন, না ব্র্যাডম্যান?’

দুজনে ক্রিকেটের গল্পে দারুণ মেতে গেল। কিছুক্ষণ দাঁড়িয়ে কথা বলার পর মহাবীর বলল, ‘কাছেই কোয়ালিটি আছে, আসুন না একটু বসে চা খাই।’

ফেলুদা আপত্তি করল না। আমরা তিনজনে গিয়ে কোয়ালিটিতে ঢুকলাম। ওরা দুজনে চা আর আমি কোকা-কোলা অর্ডার দিলাম। মহাবীর বলল, ‘আপনি নিজে ক্রিকেট খেলেন?’

ফেলুদা বলল, ‘খেলতাম। স্লো স্পিন বল দিতাম। লখনৌয়ে ক্রিকেট খেলে গেছি।...আর আপনি!’

‘আমি ডুন স্কুলে ফাস্ট ইলেভেনে খেলেছি। বাবাও স্কুলে থাকতে ভাল খেলতেন।’

পিয়রিলালের কথা বলেই মহাবীর কেমন জানি গভীর হয়ে গেল।

ফেলুদা চা ঢালতে ঢালতে বলল, ‘আপনি আংটির ঘটনাটা জানেন নিশ্চয়ই।’

‘হ্যাঁ। ডক্টর শ্রীবাস্তবের বাড়ি গিয়েছিলাম। উনি বললেন।’

‘আপনার বাবার যে আংটি ছিল, আর উনি যে সেটা শ্রীবাস্তবকে দিয়েছিলেন সেটা আপনি জানতেন তো?’

‘বাবা আমাকে অনেকদিন আগেই বলেছিলেন যে আমাকে ভাল করে দেবার জন্য শ্রীবাস্তবকে উনি একটা কিছু দিতে চান। সেটা যে কী, সেটা অবিশ্যি আমি বাবা মারা যাবার পর শ্রীবাস্তবের কাছেই জেনেছি।’

তারপর হঠাৎ ফেলুদার দিকে তাকিয়ে মহাবীর বলল, ‘কিন্তু আপনি এ ব্যাপারে এত ইন্টারেস্ট নিয়েছেন কেন?’

ফেলুদা একটু হেসে বলল, ‘ওটা আমার একটা শখের ব্যাপার।’

মহাবীর চায়ে চুমুক দিয়ে একটু যেন অন্যমনস্ক হয়ে পড়ল।

ফেলুদা বলল, ‘আপনার বাড়িতে আর কে থাকেন?’

‘আমার এক বুড়ি পিসিমা আছেন, আর চাকর-বাকর।’

‘চাকর-বাকর কি পুরনো?’

‘সবাই আমার জন্মের আগে থেকে আছে। অর্থাৎ কলকাতায় থাকার সময় থেকে প্রীতম সিং বেয়ারা আছে আজ পঁয়ত্রিশ বছর।’

‘আংটিটার মতো আর কোনও জিনিস আপনার বাবার কাছে ছিল?’

‘বাবার এ-শখটার কথা আমি প্রায় ভুলেই গিয়েছিলাম। এটা অনেক দিন আগের ব্যাপার। তখন আমি খুবই ছোট। এবার এসে এই সেদিন বাবার একটা সিন্দুক খুলেছিলাম, তাতে বাদশাহী আমলের আরও কিছু জিনিস পেয়েছি। তবে আংটিটার মতো অত দামি বোধহয় আর কোনওটা নয়।’

আমি ‘স্টু’ দিয়ে আমার ঠাণ্ডা কোকা-কোলায় চুমুক দিলাম। মহাবীর একটুক্ষণ চুপ করে থেকে গলাটা একটু নামিয়ে নিয়ে বলল, ‘প্রীতম সিং একটা অদ্ভুত কথা বলেছে আমাকে।’

ফেলুদা চুপ করে অপেক্ষা করতে লাগল। রেস্টুরেন্টের চারিদিকে একবার চোখ বুলিয়ে নিয়ে ফেলুদার দিকে একটু ঝুঁকে পড়ে মহাবীর বলল, ‘বাবার যেদিন দ্বিতীয় বার হার্ট অ্যাটাক হল, সেদিন সকালে অ্যাটাকটা হবার কিছু আগেই প্রীতম সিং বাবার ঘর থেকে বাবারই গলায় একটা আর্তনাদ শুনতে পেয়েছিল।’

‘বটে?’

‘কিন্তু প্রীতম সিং তখন খুব বিচলিত হয়নি, কারণ বাবার মাঝে মাঝে কোমরে একটা ব্যথা হত, তখন চেয়ার বা বিছানা থেকে উঠে দাঁড়াবার সময় উনি একটা আত্ননাদ করতেন। কিন্তু তা সত্ত্বেও কারুর সাহায্য নিতেন না। প্রীতম সিং প্রথমে ভেবেছিল ব্যথার জন্যই উনি চিৎকার করছেন, কিন্তু এখন বলে যে ওর হয়তো ভুল হতে পারে, কারণ চিৎকারটা ছিল বেশ জোরে।’

‘আচ্ছা, সেদিন আপনার বাবার সঙ্গে কেউ দেখা করতে গিয়েছিলেন কি না সে খবর আপনি জানেন? প্রীতম সিং-এর কিছু মনে আছে কি?’

‘সে কথা আমি ওকে জিজ্ঞেস করেছি, কিন্তু ও ডেফিনিটলি কিছু বলতে পারছে না। সকালের দিকটায় মাঝে মাঝে বাবার কাছে লোকজন আসত—কিন্তু বিশেষ করে সেদিন ওঁর কাছে কেউ এসেছিল কি না সে কথা প্রীতম বলতে পারছে না। প্রীতম যখন বাবার ঘরে গিয়েছিল, তখন ওঁর অবস্থা খুবই খারাপ, আর তখন ঘরে অন্য কোনও লোক ছিল না। তারপর প্রীতমই ফোন করে শ্রীবাস্তবকে আনায়। বাবার হাটের চিকিৎসা যিনি করতেন—ডক্টর গ্রেহাম—তিনি সেদিন এলাহাবাদে ছিলেন একটা কন্ফারেন্সে।’

‘আর স্পাই ব্যাপারটা সম্বন্ধে আপনার কী ধারণা?’

‘স্পাই?’—মহাবীর যেন আকাশ থেকে পড়ল।

‘ও, তা হলে আপনি এটা জানেন না। আপনার বাবা শ্রীবাস্তবকে ‘স্পাই’ সম্বন্ধে কী যেন বলতে গিয়ে কথাটা শেষ করতে পারেননি।’

মহাবীর মাথা নেড়ে বলল, ‘এটা আমার কাছে একেবারে নতুন জিনিস। এ সম্বন্ধে আমি কিছুই জানি না, আর বাবার সঙ্গে গুপ্তচরের কী সম্পর্ক থেকে থাকতে পারে তা আমি কল্পনাই করতে পারছি না।’

আমি কোকো-কোলাটাকে শেষ করে সবে স্ট্র-টাকে দুমড়ে দিয়েছি, এমন সময় দেখলাম একজন ষণ্ডা মার্কা লোক আমাদের কাছেই একটা টেবিলে বসে চা খেতে খেতে আমাদেরই দিকে দেখছে। আমার সঙ্গে চোখাচোখি হতেই ভদ্রলোক টেবিল ছেড়ে উঠে এগিয়ে এলেন, আর ফেলুদার দিকে ঘাড়টা কাত করে বললেন, ‘নমস্কার। চিনতে পারছেন?’

‘হ্যাঁ—কেন পারব না।’

আমি প্রথমে চিনতে পারিনি, এখন হঠাৎ ধাঁ করে মনে পড়ে গেল—ইনিই বনবিহারীবাবুর বাড়িতে থাকেন আর ওঁর চিড়িয়াখানা দেখাশোনা করেন। ভদ্রলোকের থুতনিতে একটা তুলোর উপর দুটো স্টিকিং প্লাস্টার ক্রসের মতো করে লাগানো রয়েছে। বোধহয় দাড়ি কামাতে গিয়ে কেটে গেছে।

ফেলুদা বলল, ‘বসুন। ইনি হচ্ছেন মহাবীর শেঠ—আর ইনি গণেশ গুহ।’

এবার লক্ষ করলাম যে ভদ্রলোকের ঘাড়েও একটা আঁচড়ের দাগ রয়েছে—যদিও এ দাগটা পুরনো।

ফেলুদা বলল, ‘আপনার থুতনিতে কী হল?’

গণেশবাবু তার নিজের টেবিল থেকে চায়ের পেয়ালাটা তুলে এনে আমাদের টেবিলে রেখে বলল, ‘আর বলবেন না—সমস্ত শরীরটাই যে অ্যাডিন ছিড়ে ফুঁড়ে শেষ হয়ে যায়নি সেই ভাগ্যি! আমার চাকরিটা কী সে তো জানেনই।’

‘জানি। তবে আমার ধারণা ছিল চাকরিটা খুশি হয়েই করেন আপনি।’

‘পাগল! সব পেটের দায়ে। এক কালে বিজু সার্কাসের বাঘের ইন্-চার্জ ছিলাম—তা সে বাঘ তো আফিম খেয়ে গুম হয়ে পড়ে থাকত। বনবিহারীবাবুর এই সব জানোয়ারের কাছে তো সে দুশ্চিন্তাশীল শিশু। সেদিন বেড়ালের আঁচড়, আর কাল এই থুতনিতে হাইনার চাপড়!

আর পারলুম না। সকালে গিয়ে বলে এসেছি—আমার মাইনে চুকিয়ে দিন। আমি ফিরে যাচ্ছি সার্কাস পার্টিতে। তা ভদ্রলোক রাজি হয়ে গেলেন।’

ফেলুদা যেন খবরটা শুনে অবাক হয়ে গেল। বলল, ‘সেকী, আপনি বনবিহারীবাবুর চাকরি ছেড়ে দিলেন? কাল বিকেলেও তো আমরা ওঁর ওখানে ঘুরে এলাম।’

‘জানি। শুধু আপনারা কেন, অনেকেই যাবেন। কিন্তু আমি আর ও তল্লাটেই নয়। এই এখন স্টেশনে যাব, গিয়ে হাওড়ার টিকিট কাটব। ব্যস—ঘরের ছেলে ঘরে ফিরে গিয়ে নিশ্চিন্ত। আর—’ ভদ্রলোক নিচু হয়ে ফেলুদার কানের কাছে মুখ নিয়ে এলেন, ‘—একটা কথা বলে যাই—উনি লোকটি খুব সুবিধের নন।’

‘বনবিহারীবাবু?’

‘আগে ঠিকই ছিলেন, ইদানীং হাতে একটি জিনিস পেয়ে মাথাটি গেছে বিগড়ে।’

‘কী জিনিস?’

‘সে আর না হয় নাই বললাম’—বলে গণেশ গুহ তার চায়ের পয়সা টেবিলের উপর ফেলে দিয়ে রেস্টুরেন্ট থেকে হাওয়া হয়ে গেল।

ফেলুদা এবার মহাবীরের দিকে ফিরে বললেন, ‘আপনি দেখেছেন বনবিহারীবাবুর চিড়িয়াখানা?’

‘ইচ্ছে ছিল যাওয়ার—কিন্তু হয়নি। বাবার আপত্তি ছিল। ওই ধরনের জানোয়ার-টানোয়ার উনি একদম পছন্দ করতেন না। একটা আরশোলা দেখলেই বাবার প্রায় হার্ট প্যালপিটেশন হয়ে যেত! তবে এবার ভাবছি একদিন গিয়ে দেখে আসব।’

মহাবীর তুড়ি মেরে বেয়ারাকে ডাকল। ফেলুদা অবিশ্যি চায়ের দামটা দিতে চেয়েছিল, কিন্তু মহাবীর দিতে দিল না। আমি মনে মনে ভাবলাম যে ফিল্মের অ্যাক্টরের অনেক টাকা, কাজেই মহাবীর দিলে কোনও ক্ষতি নেই।

বিলটা দেবার পর মহাবীর তার সিগারেটের প্যাকেটটা বের করে ফেলুদার দিকে এগিয়ে দিল। দেখলাম প্যাকেটটা চারমিনারের।

‘আপনি কদিন আছেন?’ মহাবীর জিজ্ঞেস করল।

‘পরশু দিন-দুয়েকের জন্য হরিদ্বার যাচ্ছি, তারপর ফিরে এসে বাকি এ মাসটা আছি।’

‘আপনারা সবাই যাচ্ছেন হরিদ্বার?’

‘ধীরেনবাবুর কাজ আছে তাই উনি যাবেন না। আমরা তিনজন যাচ্ছি, আর বোধ হয় বনবিহারীবাবু। উনি লছমনঝুলায় একটা অজগরের সন্ধানে যাচ্ছেন।’

রেস্টুরেন্টের বাইরে এসে পড়লাম। মহাবীর বলল, ‘আমার কিন্তু গাড়ি আছে—আমি লিফট দিতে পারি।’

ফেলুদা ধন্যবাদ দিয়ে বলল, ‘না, থাক। মোটর তো কলকাতায় হামেশাই চড়ি। এখানে টাক্সাটা বেড়ে লাগছে।’

এবার মহাবীর ফেলুদার কাছে এসে ওর হাতটা নিজের হাতের মুঠোর মধ্যে নিয়ে বলল, ‘আপনার সঙ্গে আলাপ করে সত্যিই ভাল লাগল। একটা কথা আপনাকে বলছি—যদি জানতে পারি যে বাবার মৃত্যু স্বাভাবিক ভাবে হয়নি, তার জন্য অন্য কেউ দায়ী, তা হলে সেই অপরাধী খুনিকে খুঁজে বার করে তার প্রতিশোধ আমি নেবই। আমার বয়স বেশি না হতে পারে, কিন্তু আমি চার বছর মিলিটারি অ্যাকাডেমিতে ছিলাম। রিভলভারের লাইসেন্স আছে, আমার মতো অব্যর্থ টিপ খুব বেশি লোকের নেই। ...গুড বাই।’

মহাবীর রাস্তা পেরিয়ে গিয়ে একটা কালো স্ট্যান্ডার্ড গাড়িতে উঠে হুশ্ করে বেরিয়ে চলে গেল।

ফেলুদা খালি বলল, ‘সাবাস্ ।’

আমি মনে মনে বললাম, ফেলুদা যে বলেছিল প্যাঁচের মধ্যে প্যাঁচ সেটা খুব ভুল নয় ।

টাঙ্গার খোঁজে আমরা হাঁটতে শুরু করলাম । এটাও বুঝতে পারছিলাম যে ব্রেড জিনিসটার খুব বেশি দরকার বোধহয় ফেলুদার নেই ।

৭

হরিদ্বার যেতে হয় ডুন এক্সপ্রেসে । লখনৌ থেকে সন্ধ্যায় গাড়ি ছাড়ে, আর হরিদ্বার পৌঁছায় সাড়ে চারটায় ।

লখনৌ আসার আগে যখন হরিদ্বার যাবার কথা হয় তখন আমার খুব মজা লেগেছিল । কারণ পুরী ছাড়া আমি কোনও তীর্থস্থান দেখিনি । কিন্তু লখনৌতে এসে আংটির ব্যাপারটা ঘটে যাওয়ায় আর সে রহস্যের এখনও কোনও সমাধান না হওয়ায়, আমার এখন আর লখনৌ ছেড়ে যেতে খুব বেশি ইচ্ছা করছিল না ।

কিন্তু ফেলুদার দেখলাম উৎসাহের কোনও অভাব নেই । ও বলল, হরিদ্বার, হৃষীকেশ আর লছমনঝুলা—এই তিনটে জায়গা পর পর দেখতে দেখবি কেমন ইন্টারেস্টিং লাগে । কারণ তিন জায়গার গঙ্গা দেখবি তিন রকম । যত উত্তরে যাবি তত দেখবি নদীর ফোর্স বেড়ে যাচ্ছে । আর ফাইন্যালি লছমনঝুলায় গিয়ে দেখবি একেবারে উত্তাল পাহাড়ে নদী । তোড়ের শব্দে প্রায় কথাই শোনা যায় না ।’

আমি বললাম, ‘তোমার এ সব দেখা আছে বুঝি ?’

‘সেই যেবার ক্রিকেট খেলতে লখনৌ এলাম, সেবারই দেখা সেরে গেছি ।’

ধীরুকাাকা অবিশ্যি আমাদের সঙ্গে যেতে পারলেন না, তবে উনি নিজে গাড়ি চালিয়ে আমাদের সকলকে স্টেশনে নিয়ে এলেন । কামরাতে মালপত্র রাখতে না রাখতে আরেকজন ভদ্রলোক এসে পড়লেন, তিনি হচ্ছেন ডাঃ শ্রীবাস্তব । আমি ভাবলাম উনিও বুঝি ধীরুকাাকার মতো ‘সি-অফ্’ করতে এসেছেন, কিন্তু তারপর দেখলাম কুলির মাথা থেকে সুটকেস নামাচ্ছেন । আমাদের সকলেরই অবাক ভাব দেখে শ্রীবাস্তব হেসে বললেন, ‘ধীরুবাবুকে বলিয়েছিলাম যেন আপনাদের না বোলেন । উনি জানতেন আমি যাব আপনাদের সঙ্গে । কেমন সারপ্রাইজ দিলাম বোলেন তো !’

বাবা দেখলাম খুশি হয়েই বললেন, ‘খুব ভালই হল । আমি ভারতে পারিনি আপনি আসতে পারবেন, তা না হলে আমি নিজেই আপনাকে বলতাম ।’

শ্রীবাস্তব বেশির একটা কোণ ঝেড়ে সেখানে বসে বললেন, ‘সত্যি জানেন কী—কদিন বড্ড ওয়ারিড আছি । আমাকে বাইরে থেকে দেখলে বুঝতে পারবেন না । পিয়ারিলালের দেওয়া জিনিসটা এইভাবে গেল—ভাবলে বড় খারাপ লাগে । শহর ছেড়ে দুদিনের জন্য আপনাদের সঙ্গে ঘুরে আসতে পারলে খানিকটা শান্তি পাব ।’

পাঁচ মিনিটের মধ্যে বনবিহারীবাবুও এসে পড়লেন । তাঁর মালপত্র যেন একজনের পক্ষে একটু বেশিই মনে হল । ভদ্রলোক হাসিমুখে নমস্কার করে বললেন, ‘এইবার রগড় দেখবেন । পবিত্রানন্দস্বামী চলেছেন এ-গাড়িতে । তাঁর ভক্তরা তাঁকে বিদায় দিতে আসছেন । ভক্তির বহরটা দেখবেন এবার ।’

সত্যিই, কিছুক্ষণ পরে অনেক লোকজন ফুলের মালাটালা নিয়ে একজন মোটামতো গেরুয়াপরা লম্বা চুলওয়ালা সন্ন্যাসী এসে আমাদের পাশের ফার্স্টক্লাস গাড়িটায় উঠলেন । ওঁর সঙ্গে আরও চার-পাঁচজন গেরুয়াপরা লোক উঠল—আর কিছু গেরুয়াপরা, আর অনেক

এমনি পোশাক পরা লোক কামরার সামনে ভিড় করে দাঁড়াল। বুঝলাম এরাই সব ভক্তের দল।

গাড়ি ছাড়তে আর পাঁচ মিনিট দেরি, তাই আমরা সব উঠে পড়েছি, ধীরুকাকা কেবল জানালার বাইরে থেকে বাবার সঙ্গে কথা বলছেন, এমন সময় একজন গেরুয়াপরা লোক হঠাৎ ধীরুকাকার দিকে হাসিহাসি মুখ করে হাত বাড়িয়ে এগিয়ে এল।

‘ধীরেন না ? চিনতে পারছ ?’

ধীরুকাকা কিছুক্ষণ হতভম্বের মতো চেয়ে থেকে, হঠাৎ—‘অম্বিকা নাকি ?’—বলে এগিয়ে গিয়ে ভদ্রলোককে প্রায় জড়িয়ে ধরলেন। ‘বাপুরে বাপ !—তোমার আবার এ-পোশাক কী হে ?’

‘কেন, এ তো প্রায় সাত বছর হতে চলল।’

ধীরুকাকা তখন ভদ্রলোকের সঙ্গে আমাদের পরিচয় করিয়ে দিয়ে বললেন, ‘অম্বিকা হল আমার স্কুলের সহপাঠী। প্রায় পনেরো বছর পরে দেখা ওর সঙ্গে।’

গার্ড হুইসল দিয়েছে। ঘ্যাঁ—চ্ করে গাড়ি ছাড়ার শব্দ হবার সঙ্গে সঙ্গে আমরা সকলেই শুনতে পেলাম অম্বিকাবাবু ধীরুকাকাকে বলছেন, ‘আরে, সেদিন বিকেলে তোমার বাড়ি গিয়ে প্রায় আধঘণ্টা বসে রইলাম। তুমি ছিলে না। তোমার বেয়ারা তোমাকে সে কথা বলেনি ?’

ধীরুকাকা কী উত্তর দিলেন সেটা আর শোনা গেল না, কারণ গাড়ি তখন ছেড়ে দিয়েছে।

আমি অবাক হয়ে প্রথমে ফেলুদা, আর তারপর বাবার দিকে চাইলাম। ফেলুদার কপালে দারুণ ভূকুটি।

বাবা বললেন, ‘ভেরি স্ট্রেন্জ।’

বনবিহারীবাবু বললেন, ‘ওই ভদ্রলোককেই কি আপনারা আংটিচোর বলে সাসপেক্ট করছিলেন ?’

বাবা বললেন, ‘সে-প্রশ্ন অবিশ্যি আর ওঠে না। কিন্তু আংটিটা তা হলে গেল কোথায় ? কে নিল ?’

ট্রেনটা ঘটাং ঘটাং করে লখনৌ স্টেশনের প্ল্যাটফর্ম ছাড়িয়ে বেরোল। স্টেশনের মাথার গম্বুজগুলো ভারী সুন্দর দেখতে, কিন্তু এখন আর ও সব যেন চোখেই পড়ছিল না। মাথার মধ্যে সব যেন কীরকম গুণ্ডগোল হয়ে যাচ্ছিল। ফেলুদা নিশ্চয়ই মনে মনে খুব অপ্রস্তুত বোধ করছে। ও-তো সেই সম্মাসীর খোঁজ নিতে নিতে একেবারে লখনৌ স্টেশন অবধি পৌঁছে গিয়েছিল।

কিন্তু তা হলে স্টেশনের সেই অ্যাটাচি-কেসওয়ালা সম্মাসী কে ? আজকে যাকে দেখলাম সে তো আর ছদ্মবেশধারী সম্মাসী নয়—একেবারে সত্যিকার সম্মাসী। সে কি তা হলে আরেকজন লোক ? আর সেও কি ধীরুকাকার বাড়ির আশেপাশে ঘোরাফেরা করছিল ? আর সেটার কারণ কি ওই আংটি, না অন্য কিছু ? আর ফেলুদার গায়ে ‘খুব ইঁশিয়ার’ লেখা কাগজ কে ছুঁড়ে মেরেছিল—আর কেন ?

ফেলুদার মাথাতে কি এখন এই সব প্রশ্নই ঘুরছে—না সে অন্য কিছু ভাবছে ?

ওর দিকে চেয়ে দেখি ও সেই গ্রিক অক্ষরে হিজিবিজি লেখা খাতাটা বার করে খুব মন দিয়ে পড়ছে—আর মাঝে মাঝে কলম দিয়ে আরও কী সব জানি লিখছে।

বনবিহারীবাবু হঠাৎ একটা প্রশ্ন করে বসলেন : ‘আচ্ছা, ডক্টর শ্রীবাস্তব—পিয়ারিলাল মারা যাবার আগে আপনিই বোধহয় শেষ তাঁকে দেখেছিলেন, তাই না ?’

শ্রীবাস্তব একটা থলি থেকে কমলালেবু বার করে সকলকে একটা একটা করে দিতে দিতে

বললেন, ‘আমি ছিলাম, ওনার বিধবা বোন ছিলেন, ওনার বেয়ারা ছিল, আর অন্য একটি চাকরও ছিল।’

বনবিহারীবাবু একটু গম্ভীর হয়ে বললেন, ‘হঁ।...ওঁর অ্যাটাকটা হবার পর আপনাকে খবর দিয়ে আনানো হয়?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আপনি কি হাটের চিকিৎসাও করেন?’

‘হাটের চিকিৎসা করলে হাটের যে করা যায় না এমন তো নয় বনবিহারীবাবু! আর ওঁর ডাক্তার গ্রেহ্যাম শহরে ছিলেন না, তাই আমাকে ডেকেছিলেন।’

‘কে ডেকেছিল?’

‘ওঁর বেয়ারা।’

‘বেয়ারা?’ বনবিহারীবাবু ভূ কপালে তুলে জিজ্ঞেস করলেন।

‘হ্যাঁ। প্রীতম সিং। অনেক দিনের লোক। খুব বুদ্ধিমান, বিশ্বস্ত, কাজের লোক।’

বনবিহারীবাবু মুখ থেকে পাইপ নামিয়ে কমলালেবুর একটা কোয়া মুখে পুরে দিয়ে বললেন, ‘আপনি বলেছেন পিয়ারিলাল আংটিটা দিয়েছেন প্রথম অ্যাটাকের পর। আর দ্বিতীয় অ্যাটাকের পর আপনাকে ডাকা হয়, আর সেই অ্যাটাকেই তাঁর মৃত্যু হয়।’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আংটিটা দেবার সময় ঘরে কেউ ছিল কি?’

‘তা কী করে থাকবে বনবিহারীবাবু? এ সব কাজ কি আর বাইরের লোকের সামনে কেউ করে? বিশেষ করে পিয়ারিলাল কী রকম লোক ছিলেন তা তো আপনি জানেন। ঢাক বাজিয়ে নোবল কাজ করার লোক তিনি একেবারেই ছিলেন না। ওনার কত সিক্রেট চ্যারিটি আছে তা জানেন? লাখ লাখ টাকা হাসপাতালে অনাথাশ্রমে দান করেছেন, অথচ কোনও কাগজে তার বিষয়ে কখনও কিছু বেরোয়নি।’

‘হঁ।’

শ্রীবাস্তব বনবিহারীবাবুর দিকে কিছুক্ষণ চেয়ে থেকে বললেন, ‘আপনি কি আমার কথা অবিশ্বাস করছেন?’

বনবিহারীবাবু বললেন, ‘আসলে ব্যাপারটা কী জানেন—এই আংটি দেওয়ার ঘটনার অন্তত একজন সাক্ষী রাখলে আপনি বুদ্ধিমানের কাজ করতেন। এমন একটা মূল্যবান জিনিস হাত বদল হল—অথচ কেউ জানতে পারল না।’

শ্রীবাস্তব একটুক্ষণ গম্ভীর থেকে হঠাৎ হো হো করে হেসে বললেন, ‘বাঃ বনবিহারীবাবু, বাঃ! আমি পিয়ারিলালের আংটি চুরি করলাম, আমিই ধীরেনবাবুর কাছে সেটা রাখলাম, আবার আমিই সেটা ধীরেনবাবুর বাড়ি থেকে চুরি করলাম? ওয়াভারফুল!’

বনবিহারীবাবু তাঁর মুখের ভাব একটুও না বদলিয়ে বললেন, ‘আপনি বুদ্ধিমানের কাজই করেছেন। আমি হলেও তাই করতাম। কারণ আপনার বাড়িতে ডাকাত পড়াতে আপনি সত্যিই ভয় পেয়েছিলেন, তাই আংটিটা ধীরুবাবুর কাছে রাখতে দিয়েছিলেন। তারপর ধীরুবাবু আলমারি থেকে সরিয়ে সেটা আবার নিজের কাছে রেখে ভাবছেন এইবার ডাকাতের হাত থেকে রেহাই পাওয়া গেল। কী বলো, ফেলু মাস্টার? আমার গোয়েন্দাগিরিটা কি নেহাত উড়িয়ে দেবার মতো?’

ফেলুদা তার খাতা বন্ধ করে কমলালেবুর খোসা ছাড়াতে ছাড়াতে বলল, ‘ডাক্তার শ্রীবাস্তব যে মহাবীরকে প্রায় দুরারোগ্য ব্যারাম থেকে বাঁচিয়ে তুলেছিলেন, তার কি কোনও সাক্ষীর অভাব আছে?’

বনবিহারীবাবু বললেন, ‘না তা হয়তো নেই।’

ফেলুদা বলল, ‘আমি বিশ্বাস করি, আংটির দাম যত লাখ টাকাই হোক না কেন, একটি ছেলের জীবনের মূল্যের চেয়ে তার মূল্য বেশি নয়। শ্রীবাস্তব যদি আংটি চুরি করে থাকেন, তা হলে তাঁর অপরাধ নিশ্চয় আছে, কিন্তু এখন যারা ওঁর আংটির পিছনে লেগেছে, তাদের অপরাধ আরও অনেক বেশি, কারণ তারা একেবারে খাঁটি চোর এবং খুব ডেঞ্জারাস জাতের চোর।’

‘বুঝেছি।’ বনবিহারীবাবুর গলার স্বর গম্ভীর। ‘তা হলে তুমি বিশ্বাস করো না যে শ্রীবাস্তবের কাছেই এখনও আংটিটা আছে।’

‘না। করি না। আমার কাছে তার প্রমাণ আছে।’

কামরার সকলেই চুপ। আমি অবাক হয়ে ফেলুদার দিকে চাইলাম। বনবিহারীবাবু কিছুক্ষণ ফেলুদার দিকে চেয়ে থেকে বললেন, ‘কী প্রমাণ আছে তা জিজ্ঞেস করতে পারি কি?’

‘জিজ্ঞেস নিশ্চয়ই করতে পারেন, কিন্তু উত্তর এখন পাবেন না—তার সময় এখনও আসেনি।’

আমি ফেলুদাকে এরকম জোরের সঙ্গে কথা বলতে এর আগে কখনও শুনিনি।

বনবিহারীবাবু আবার ঠাট্টার সুরে বললেন, ‘আমি বেঁচে থাকতে সে উত্তর পাব তো?’

ফেলুদা বলল, ‘আশা তো করছি। একটা স্পাই-এর রহস্য আছে—সেটা সমাধান হলেই পাবেন।’

‘স্পাই?’ বনবিহারীবাবু অবাক হয়ে ফেলুদার দিকে চাইলেন। ‘কী স্পাই?’

শ্রীবাস্তব বললেন, ‘ফেলুবাবু বোধহয় পিয়ারিলালের লাস্ট ওয়ার্ডস-এর কথা বলছেন। মারা যাবার আগে দুবার ‘স্পাই’ কথাটা বলেছিলেন।’

বনবিহারীবাবুর ভুকুটি আরও বেড়ে গেল। বললেন, ‘আশ্চর্য! লখনৌ শহরে স্পাই?’

তারপর কিছুক্ষণ পাইপটা হাতে নিয়ে চুপ করে কামরার মেঝের দিকে চেয়ে বললেন ‘হতে পারে...হতে পারে...আমার একবার একটা সন্দেহ হয়েছিল বটে।’

‘কী সন্দেহ?’—শ্রীবাস্তব জিজ্ঞেস করলেন।

‘নাঃ। কিছু না।...আই মে বি রং।’

বুঝলাম বনবিহারীবাবু আর ও বিষয় কিছু বলতে চান না। আর এমনিতেই হরদৌই স্টেশন এসে পড়াতে কথা বন্ধই হয়ে গেল।

‘একটু চা হলে মন্দ হয় না’—বলে ফেলুদা প্ল্যাটফর্মে নেমে পড়ল। আমিও নামলাম, কারণ ট্রেন স্টেশনে থামলে গাড়ির ভিতর বসে থাকতে আমার ইচ্ছে করে না।

আমরা নামতেই আরেকজন গেরুয়াপরা দাড়িওয়ালা লোক কোথেকে জানি এসে আমাদের গাড়িতে উঠে পড়ল। বনবিহারীবাবু ব্যস্ত হয়ে বললেন, ‘কামরা রিজার্ভড—জায়গা নেই, জায়গা নেই!’

তাতে গেরুয়াধারী ইংরিজিতে বলল, ‘বেরিলি পর্যন্ত যেতে দিন দয়া করে। তারপর আমি অন্য গাড়িতে চলে যাব। রাতে আপনাদের বিরক্ত করব না।’

অগত্যা বনবিহারীবাবু তাকে উঠতে দিলেন।

ফেলুদা বলল, ‘সন্ন্যাসীদের জ্বালায় দেখছি আর পারা গেল না। এই চা-ওয়ালা!’

চা-ওয়ালা দৌড়ে এগিয়ে এল।

‘তুই খাবি?’

‘কেন খাব না?’

অন্যদের জিজ্ঞেস করাতে ওঁরা বললেন যে খাবেন না ।

গরম চায়ের ভাঁড় কোনও রকমে এ-হাত ও-হাত করতে করতে ফেলুদাকে বললাম, ‘শ্রীবাস্তব চোর হলে কিন্তু খুব খারাপ হবে ।’

ফেলুদা ওই সাংঘাতিক গরম চায়ে চুমুক দিয়ে বলল, ‘কেন ?’

‘কারণ ওঁকে আমার বেশ ভাল লাগে—আর মনে হয় খুব ভালমানুষ ।’

‘বোকচন্দর—তুই যে ডিটেকটিভ বই পড়িসনি । পড়লে জানতে পারতিস যে যে-লোকটাকে সবচেয়ে নিরীহ বলে মনে হয়, সে-ই শেষ পর্যন্ত অপরাধী প্রমাণ হয় ।’

‘এ ঘটনা তো আর ডিটেকটিভ বইয়ের ঘটনা নয় ।’

‘তাতে কী হল ? বাস্তব জীবনের ঘটনা থেকেই তো লেখকরা আইডিয়া পান ।’

আমার ভারী রাগ হল । বললাম, ‘তা হলে শ্রীবাস্তব যখন প্রথম দিন আমাদের বাড়িতে বসে গল্প করছিলেন, তখন বাইরে থেকে কে ওঁকে ওয়াচ করছিল, আর চারমিনার খাচ্ছিল ?’

‘সে হয়তো ডাকাতের দলের লোক ।’

‘তা হলে তুমি বলছ শ্রীবাস্তবও খারাপ লোক, আর ডাকাতরাও খারাপ লোক ? তা হলে তো সকলেই খারাপ লোক—কারণ গণেশ গুহ বলছিল বনবিহারীবাবুও লোক ভাল নয় ।’

ফেলুদা উত্তরের বদলে চায়ের ভাঁড়ে একটা বড় রকম চুমুক দিতেই কোথেকে জানি একটা দলা পাকানো কাগজ ঠাই করে এসে ওর কপালে লেগে রিবাউন্ড করে একেবারে ভাঁড়ের মধ্যে পড়ল ।

এক ছোবলে কাগজটা ভাঁড় থেকে তুলে নিয়ে ফেলুদা প্ল্যাটফর্মের ভিড়ের দিকে চাইতেই গার্ডের হুইস্‌ল শোনা গেল । এখন আর কারুর সন্ধানে ছোট্টাছুটি করার কোনও উপায় নেই ।

কম্পার্টমেন্টে ওঠার আগে কাগজটা খুলে একবার নিজে দেখে তারপর আমাকে দেখিয়ে ফেলুদা সেটাকে আবার দলা পাকিয়ে প্ল্যাটফর্মের পাশ দিয়ে একেবারে ট্রেনের চাকার ধারে ফেলে দিল ।

কাগজে লেখা ছিল ‘খুব হুঁশিয়ার’—আর দেখে বুঝলাম এবারও পানের রস দিয়েই লেখা ।

বাদশাহী আংটির রহস্যজনক আর রোমাঞ্চকর ব্যাপারটা আমরা মোটেই লখনৌ শহরে ছেড়ে আসিনি । সেটা আমাদের সঙ্গে সঙ্গেই চলেছে ।

৮

সন্ধ্যা হয়ে এসেছে । কামরার বাতিগুলো এইমাত্র জ্বলেছে । ট্রেন ছুটে চলেছে বেরিলির দিকে ।

কামরায় সবসুদু সাতজন লোক । আমি আর ফেলুদা একটা বেঞ্চিতে, একটায় বাবা আর শ্রীবাস্তব, আর তৃতীয়টায় বনবিহারীবাবু আর সেই সন্ন্যাসী । বাবাদের উপরের বান্ধে বনবিহারীবাবুর একটা কাঠের প্যাকিং কেস আর একটা বড় ট্রান্স রয়েছে । আমাদের উপরের বান্ধে একটা লোক আপাদমস্তক চাদর মুড়ি দিয়ে ঘুমোচ্ছে । লখনৌ স্টেশনে গাড়িতে উঠে অবধি তাকে এই ঘুমন্ত আর চাদরমুড়ি অবস্থাতেই দেখেছি । তার পায়ের ডগাদুটো শুধু বেরিয়ে আছে, উপরের দিকে চাইলেই দেখা যায় ।

বনবিহারীবাবু বেঞ্চির উপর পা তুলে বাবু হয়ে বসে পাইপ টানছেন, শ্রীবাস্তব ‘গীতাঞ্জলি’



পড়ছেন, আর বাবাকে দেখলেই মনে হয় ওঁর ঘুম পেয়েছে। মাঝে মাঝে চোখ রগড়িয়ে টান হয়ে বসছেন। সন্ধ্যাসীর যেন আমাদের কোনও ব্যাপারেই কোনও ইন্টারেস্ট নেই। সে একমনে একটা হিন্দি খবরের কাগজের পাতা উলটোচ্ছে। ফেলুদা জানালার বাইরে চেয়ে গাড়ির তালে তালে একটা গান ধরেছে। সেটা আবার হিন্দি গান। তার প্রথম দুলাইন হচ্ছে—

যব ছোড় চলে লখনৌ নগরী

তব হাল আদম্ পর ক্যা গুজরী...

বাকিটা ফেলুদা হুঁ হুঁ করে গাইছে। বুঝলাম ওই দুলাইন ছাড়া আর কথা জানা নেই।

বনবিহারীবাবু হঠাৎ বললেন, ‘ওয়াজিদ আলি শা-র গান তুমি জানলে কী করে?’

ফেলুদা বলল, ‘আমার এক জ্যাঠামশাই গাইতেন। খুব ভাল ঠুংরি গাইয়ে ছিলেন।’

বনবিহারীবাবু পাইপে টান দিয়ে জানালার বাইরে সন্ধ্যার লাল আকাশের দিকে চেয়ে বললেন, ‘আশ্চর্য নবাব ছিলেন ওয়াজিদ আলি। গান গাইতেন পাখির মতো। গান রচনাও করতেন। ভারতবর্ষের প্রথম অপেরা লিখেছিলেন—একেবারে বিলিতি ঢং-এ। কিন্তু যুদ্ধ করতে জানতেন না এক ফোঁটাও। শেষ বয়সটা কাটে কলকাতার মেটেবুরুজে—এখন যেখানে সব কলকাতার মুসলমান দরজিগুলো থাকে। আর সবচেয়ে ইন্টারেস্টিং ব্যাপার কী জানো? তখনকার বিখ্যাত ধনী রাজেন মল্লিকের সঙ্গে একজোটে কলকাতার প্রথম চিড়িয়াখানার পরিকল্পনা করেন ওয়াজিদ আলি শা।’

কথা শেষ করে বনবিহারীবাবু দাঁড়িয়ে উঠে বাস্কে রাখা ট্রান্সটা খুলে তার ভিতর থেকে একটা ছোট গ্রামোফোনের মতো বাস্কে বার করে বেক্সির উপরে রেখে বললেন, ‘এবার আমার প্রিয় কিছু গান শোনাই। এটা হচ্ছে আমার টেপ রেকর্ডার। ব্যাটারিতে চলে।’

এই বলে বাস্কেটার ঢাকনা খুলে হারমোনিয়ামের পর্দার মতো দেখতে একটা সাদা জিনিস টিপতেই বুঝতেই পারলাম কী একটা জিনিস জানি চলতে আরম্ভ করল।

বনবিহারীবাবু বললেন, ‘এ গান যদি সত্যি করে উপভোগ করতে হয় তা হলে জানালা দিয়ে বাইরের দিকে দেখতে দেখতে শোনো।’

আমি বাইরের দিকে চেয়ে আবার আলোতে দেখলাম, বিরাট গাছওয়ালা ঘন অন্ধকার জঙ্গল ছুটে চলেছে ট্রেনের উলটো দিকে। সেই জঙ্গল থেকেই যেন শোনা গেল বনবিহারীর কর্কশ চিৎকার।

বনবিহারীবাবু বললেন, ‘ভলুম ইচ্ছে করে বাড়াইনি—যাতে মনে হয় চিৎকারটা দূর থেকেই আসছে।’

তারপর শুনলাম হাইনার হাসি। সে এক অদ্ভুত ব্যাপার। ট্রেনে করে জঙ্গলের পাশ দিয়ে ছুটে চলেছি—আর সারা জঙ্গল থেকে হাইনার হাসির শব্দ ভেসে আসছে।

বনবিহারীবাবু বললেন, ‘এর পরের শব্দটা আরেকটু কমানো উচিত, কারণ ওটা শোনা যায় খুব আন্তেই। তবে গাড়ির শব্দের জন্য আমি ওটা একটু বাড়িয়েই শোনাচ্ছি।’

‘কিররর্ কিট্ কিট্ কিট্...কিররর্ কিট্ কিট্ কিট্...’

আমার বুকের ভিতরটা যেন টিপ টিপ করতে লাগল। সন্ধ্যাসীর দিকে চেয়ে দেখি তিনিও অবাক হয়ে শুনছেন।

বনবিহারীবাবু বললেন, ‘র‍্যাটল স্নেক।...আওয়াজটা শুনলে যদিও ভয় করে, কিন্তু আসলে ওরা নিজের অস্তিত্বটা জানিয়ে দেবার জন্যই শব্দটা করে—যাতে অন্য কোনও প্রাণী অজান্তে ওদের মাড়িয়ে না ফেলে।’

বাবা বললেন, ‘তা হলে ওরা এমনিতে মানুষকে অ্যাটাক করে না?’

‘জঙ্গলে-টঙ্গলে এমনিতে করে না। সে আমাদের দিশি বিবাক্ত সাপেরাই বা কটা অ্যাটাক করে বলুন। তবে কোণঠাসা হয়ে গেলে করে বইকী। যেমন ধরুন, একটা ছোট ঘরের মধ্যে আপনার সঙ্গে যদি সাপটাকে বন্দি করে রাখা যায়—তা হলে কি আর করবে না? নিশ্চয়ই করবে। আর এদের আরেকটা আশ্চর্য ক্ষমতা কী জানেন তো—ইন্ফ্রা রেড রশ্মি এদের চোখে ধরা পড়ে। অর্থাৎ, এরা অন্ধকারে স্পষ্ট দেখতে পায়।’

তারপর রেকর্ডার বন্ধ করে দিয়ে বনবিহারীবাবু বললেন, ‘দুঃখের বিষয় আমার বাকি যে-কটি প্রাণী আছে—বিছে আর মাকড়সা—তারা দুটিই মৌন। এবার যদি অজগরটি পাই, তা হলে তার ফোঁসফোঁসানি নিশ্চয়ই রেকর্ড করে রাখব।’

বাবা বললেন, ‘ভয় ভয় করছিল কিন্তু শব্দগুলো শুনে।’

বনবিহারীবাবু বললেন, ‘তা তো বটেই। কিন্তু আমার কাছে এ-শব্দ সংগীতের চেয়েও মধুর! বাইরে যখন যাই, জানোয়ারগুলোকে তো তখন নিয়ে যেতে পারি না, তাই এই শব্দগুলোকেই নিয়ে যাই সঙ্গে করে।’

বেরিলিতে আমাদের ডিনার দিল, আর সন্ধ্যাসী ভব্রলোক নেমে গেলেন।

ফেলুদা এক প্লেট খাবার পরেও আমার প্লেট থেকে মুরগির ঠ্যাং তুলে নিয়ে বলল, ‘ব্রেনের কাজটা যখন বেশি চলে, তখন মুরগি জিনিসটা খুব হেল্ল করে।’

‘আর আমি বুঝি ব্রেনের কাজ করছি না!’

‘তোরটা কাজ নয়, খেলা।’

‘তোমার এত কাজ করে কী ফলটা হচ্ছে শুনি।’

ফেলুদা গলাটা নামিয়ে নিয়ে শুধু আমি যাতে শুনতে পাই এমনভাবে বলল, ‘পিয়ারিলাল কোন স্পাই—এর কথা বলেছিলেন সেটার একটা আন্দাজ পেয়েছি।’

এইটুকু বলে ফেলুদা একেবারে চুপ মেরে গেল।

গাড়ি বেরিলি ছেড়েছে। বাবা বললেন, ‘ভোর চারটায় উঠতে হবে। তোরা সব এবার শুয়ে পড়।’

বেষ্টির অর্ধেকটা আমি নিয়ে বাকি অর্ধেকটা ফেলুদাকে ছেড়ে দিলাম। বনবিহারীবাবু বললেন উনি ঘুমোবেন না। ‘তবে আপনারা নিশ্চিন্তে ঘুমোন, আমি হরিদ্বার আসার ঠিক আগেই আপনারদের তুলে দেব।’

বাবা আর শ্রীবাস্তব ঔঁদের বেষ্টিটায় ভাগাভাগি করে শুয়ে পড়লেন। বনবিহারীবাবু দেখলাম বাতিগুলো নিভিয়ে দিলেন। ঘরের ভিতরটা অন্ধকার হতেই বুঝতে পারলাম বাইরে চাঁদের আলো রয়েছে। শুধু তাই না, আমি যেখানে শুয়ে আছি সেখান থেকে চাঁদটা দেখাও যাচ্ছে। বোধহয় পূর্ণিমার আগের দিনের চাঁদ, আর সেটা আমাদের গাড়ির সঙ্গে সঙ্গেই ছুটে চলেছে।

চাঁদ দেখতে দেখতে আমার মন কেন জানি বলল যে, হরিদ্বারে শুধু তীর্থস্থানই দেখা হবে না—আরও কিছু ঘটবে সেখানে। কিংবা এও হতে পারে যে আমার মন চাইছে হরিদ্বারেও কিছু ঘটুক। শুধু গঙ্গা আর গঙ্গার ঘাট আর মন্দির দেখলেই যেন ওখানে যাওয়াটা সার্থক হবে না।

‘আচ্ছা, ট্রেনের এত দোলানি আর এত শব্দের মধ্যে কী করে ঘুম এসে যায়? কলকাতায় আমার বাড়ির পাশে যদি এরকম ঘটাং ঘটাং শব্দ হত, আর আমার খাটটাকে ধরে কেউ যদি ক্রমাগত ঝাঁকুনি দিত, তা হলে কি ঘুম আসত? ফেলুদাকে কথাটা জিজ্ঞেস করাতে ও বলল, ‘এরকম শব্দ যদি অনেকক্ষণ ধরে হয়, তা হলে মানুষের কান তাতে অভ্যস্ত হয়ে যায়; তখন আর শব্দটা ডিস্টার্ব করে না। আর ঝাঁকুনিটা তো ঘুমকে হেল্লই করে। খোকাদের দোল

দিয়ে ঘুম পাড়ায় দেখিসনি ? বরং শব্দ আর দোলানি যদি হঠাৎ বন্ধ হয়ে যায় তা হলেই ঘুম ভেঙে যাবার চাপ থাকে । তুই লক্ষ করে দেখিস, অনেক সময় স্টেশনে গাড়ি থামলেই ঘুম ভেঙে যায় ।’

ঘুমে যখন প্রায় চোখ বুজে এসেছে, তখন একবার মনে হল বাস্কের উপর যে লোকটি চাদর মুড়ি দিয়ে ঘুমোচ্ছিল, সে যেন উঠে বাস্ক থেকে নেমে একবার ঘরের মধ্যে ঘোরাফেরা করল । তারপর একবার যেন কার একটা হাসি শুনতে পেলাম—সেটা মানুষও হতে পারে, আবার হইনাও হতে পারে । তারপর দেখলাম আমি ভুলভুলাইয়ার ভেতর পথ হারিয়ে পাগলের মতো ছুটোছুটি করছি, আর যতবারই এক একটা মোড় ঘুরছি, ততবারই দেখছি একটা প্রকাণ্ড মাকড়সা আমার পথ আগলিয়ে দাঁড়িয়ে আছে, আর প্রকাণ্ড দুটো জ্বলজ্বলে সবুজ চোখ দিয়ে আমাকে দেখছে । একবার একটা মাকড়সা হঠাৎ আমার দিকে এগিয়ে এসে তার একটা প্রকাণ্ড কালো লোমে ঢাকা পা আমার কাঁধের উপর রাখতেই আমার ঘুম আর স্বপ্ন একসঙ্গে ভেঙে গেল, আর দেখলাম ফেলুদা আমার কাঁধে হাত রেখে ঠেলা দিয়ে বলছে—

‘এই তোপসে ওঠ ! হরিদ্বার এসে গেছে ।’

৯

‘পাণ্ডা চাই, বাবু পাণ্ডা ?’

‘বাবুর নামটা কী ? নিবাস কোথায় ?’

‘এই যে বাবু, এদিকে ! কোন ধর্মশালায় উঠেছেন বাবু ?’

‘বাবা দক্ষেশ্বর দর্শন হবে তো বাবু ?’

প্ল্যাটফর্মে নামতে না নামতে পাণ্ডারা যে এভাবে চারিদিক থেকে হেঁকে ধরবে সেটা ভাবতেই পারিনি । ফেলুদা অবিশ্যি আগেই বলেছিল যে এরকম হয় । আর এই সব পাণ্ডাদের কাছে নাকি প্রকাণ্ড মোটা মোটা সব খাতা থাকে, তাতে নাকি আমাদের সব দুশো তিনশো বছরের পূর্বপুরুষদের নাম ঠিকানা লেখা থাকে—অবিশ্যি তাঁরা যদি কোনওদিন হরিদ্বার এসে থাকেন তা হলেই । বাবার কাছে শুনেছি আমার ঠাকুরদাদার ঠাকুরদা নাকি সন্ন্যাসী হয়ে বাড়ি থেকে বেরিয়ে গিয়েছিলেন, আর তিনি নাকি অনেকদিন হরিদ্বারে ছিলেন । হয়তো এই সব খাতার মধ্যে তাঁর নাম, ঠিকানা আর হাতের লেখা পাওয়া যাবে ।

বনবিহারীবাবু বললেন, ‘পাণ্ডাটান্ডার কোনও দরকার নেই । এতে সুবিধের চেয়ে উৎপাতটাই বেশি । চলুন, আমার জানা শীতল দাসের ধর্মশালায় নিয়ে যাই আপনাদের । একসঙ্গে থাকা যাবে, খাওয়াও মন্দ না । একদিনের তো মামলা । তারপর তো মোটরে করে হযীকেশ-লছমনঝুলা ।’

কুলির মাথায় জিনিস চাপিয়ে প্রায় রাতের মতো অন্ধকারে আমরা পাঁচজন তিনটে টাঙ্কায় উঠে পড়লাম । —একটায় ফেলুদা আর আমি, একটায় বনবিহারীবাবু, আর একটায় বাবা আর শ্রীবাস্তব ।

যেতে যেতে ফেলুদা বলল, ‘তীর্থস্থান মানেই নোংরা শহর । তবে একবার গঙ্গার ধারটায় গিয়ে বসতে পারলে দেখবি ভালই লাগবে ।’

খট্ খট্ ঘড় ঘড় করতে করতে আমাদের টাঙ্কা অলিগলির মধ্যে দিয়ে চলেছে । দোকান-টোকান এখনও একটাও খোলেনি । রাস্তার দুপাশে লোক কন্সল মুড়ি দিয়ে খাটিয়ায় শুয়ে ঘুমোচ্ছে । কেরোসিনের বাতি দু-একটা টিম্ টিম্ করে জ্বলছে এখানে সেখানে । কিছু বুড়ো লোক দেখলাম হাতে ঘটি নিয়ে রাস্তা হেঁটে চলেছে । ফেলুদা বলল ওরা গঙ্গাস্নান ৬৬

যাত্রী । সূর্য যখন উঠবে তখন কোমরজলে দাঁড়িয়ে সূর্যের দিকে চেয়ে স্তব করবে । বাকি শহর এখনও ঘুমন্ত বললেই চলে ।

আমাদের সামনের গাড়িটায় বনবিহারীবাবু ছিলেন । একটা সাদা একতলা থামওয়ালা বাড়ির সামনে সেটা থামল । আমাদের আর বাবাদের গাড়িও তার পিছনে থামল । বুঝলাম এটাই শীতলদাসের ধর্মশালা ।

বাড়ির সামনের ফটকের ভিতর দেখতে পেলাম একটা বেশ বড় খোলা জায়গা, আর তার তিন পাশে বারান্দা আর ঘরের সারি ।

ধর্মশালার চাকর এসে মালগুলো তুলে নিয়ে গেল । আমরা তার ফটকের পিছন গেট দিয়ে ঢুকছি, এমন সময় আরেকটা টাঙ্গা এসে ফটকের সামনে দাঁড়াল । তারপর দেখি, বেরিলি পর্যন্ত যে সম্যাসী আমাদের সঙ্গে গিয়েছিলেন, তিনি সেই টাঙ্গা থেকে নামলেন । লোকটাকে দেখে আমি ফেলুদার কোটের আস্তিন ধরে একটা টান দিয়ে বললাম, ‘এই সেই ট্রেনের সম্যাসী, ফেলুদা !’

ফেলুদা একবার আড় চোখে লোকটার দিকে দেখে মুখ ঘুরিয়ে নিয়ে বলল, ‘এই বাবাজির মধ্যেও তুই রহস্যজনক কিছু পেলি নাকি ?’

‘কিন্তু বার বার—’

‘চোপ্ ! চ’ ভেতরে চ’ ।’

দুটো পাশাপাশি ঘরে আমাদের থাকার বন্দোবস্ত হল । একটাতে চারটে খাটিয়া পাতা রয়েছে, তার মধ্যে একটাতে একজন লোক ঘুমোচ্ছে, আর বাকি তিনটে আমি, বাবা আর ফেলুদার জন্য ঠিক হল । পাশের ঘরে শ্রীবাস্তব আর বনবিহারীবাবুর ব্যবস্থা হল । বনবিহারীবাবুর ঘরেই দেখলাম সেই বাবাজিও আশ্রয় নিলেন ।

মুখটুখ ধুয়ে চা বিস্কুট খেতে খেতে সূর্য উঠে গেল, আর ধর্মশালাতেও লোকজন উঠে গিয়ে বেশ একটা গোলমাল শুরু হয়ে গেল । এখন বুঝতে পারলাম কতরকম লোক সেখানে এসে রয়েছে । ছেলে বড়ো মেয়ে পুরুষ বাঙালি হিন্দুস্থানি মাড়োয়াড়ি গুজরাটি মারাঠি মিলে হইচই হট্টগোল ব্যাপার ।

বাবা বললেন, ‘তোরা কি বেরোবি নাকি ?’

ফেলুদা বলল, ‘সেরকম তো ভাবছিলাম । একবার ঘাটের দিকটা ঘুরে এলে...’

‘তা হলে সেই ফাঁকে আমি বনবিহারীবাবুর সঙ্গে গিয়ে কাল সকালের জন্য দুটো ট্যাক্সির ব্যবস্থা দেখি । আর একটা কাজ করো তো ফেলু—বাজারের দিকটা গিয়ে একবার দেখো তো যদি এভারেডি টর্চ পাওয়া যায় । এ তো আর লখনৌ শহর না—ও জিনিস একটা হাতে রাখা ভাল ।’

আমরা দুজনে বেরিয়ে পড়লাম । ফেলুদা বলল এত ছোট শহরে টাঙ্গা না নিয়ে হাঁটাই ভাল ।

হাঁটতে হাঁটতে বুঝলুম হরিদ্বার শহরে সত্যিই বেশ ঠাণ্ডা । আর গঙ্গার পাশে বলেই বোধহয় সমস্ত শহরটা একটা আবছা কুয়াশায় ঢেকে রয়েছে । ফেলুদাকে জিজ্ঞেস করতে ও বলল, ‘যত না কুয়াশা তার চেয়ে বেশি উনুনের ধোঁয়া ।’

ধর্মশালার সামনের রাস্তা দিয়ে কিছুদূর এগিয়ে গিয়ে একজন লোককে জিজ্ঞেস করতেই সে ঘাটের পথ দেখিয়ে দিয়ে বলল, ‘ইহাসে আধা মিল যানেসেই ঘাট মিল যায়গা ।’

ঘাটে পৌঁছানোর কিছু আগে থেকেই একটা গুণ্ডগোল শুনতে পাচ্ছিলাম, শেষে বুঝতে পারলাম যে সেটা আসলে এত লোক একসঙ্গে স্নান করার গুণ্ডগোল । তার উপর ঘাটের পথের দুদিকে ভিখিরি আর ফেরিওয়ালার সারি, তারাও কম চেষ্টামেচি করছে না ।

আমরা ভিড় ঠেলে ঘাটের সিঁড়ির দিকে এগিয়ে গেলাম। এরকম দৃশ্য আমি আর কখনও দেখিনি। জলের মধ্যে যেন একটা মেলা বসেছে। ঘাটের উপরেই একটা মন্দির, তার থেকে আরতির ঘণ্টার আওয়াজ আসছে। এক জায়গায় গলায় কষ্টী পরা, কপালে তিলক কাটা একজন বৈষ্ণব গান গাইছে। তাকে ঘিরে একদল বুড়োবুড়ি বসে আছে। মানুষের আশেপাশে ছাগল কুকুর গোরুবাছুরও কিছু কম নেই।

ফেলুদা ঘাটের ধাপে একটা খালি জায়গা বেছে নিয়ে বসে পড়ে বলল, ‘প্রাচীন ভারতবর্ষ যদি দেখতে চাস তো এই ঘাটের ধাপে কিছুক্ষণ বসে থাক।’

লখনৌ থেকে এই জায়গার ব্যাপারটা এত অন্যরকম যে, আমার মন থেকে আংটির ঘটনাটা প্রায় মুছেই যাচ্ছিল। ফেলুদারও কি তাই—না কি ও মনে মনে রহস্য সমাধানের কাজ চালিয়েই চলেছে? ওকে সে কথাটা আর জিজ্ঞেস করতে সাহস হল না। ওর দিকে ফিরে দেখি, ও বেশ একটা খুশি খুশি ভাব নিয়ে পকেট থেকে দেশলাই আর সিগারেট বার করেছে। বাবাদের সামনে তো খেতে পারে না, তাই এই সুযোগে খেয়ে নেবে।

সিগারেটটা মুখে পুরে দেশলাইয়ের বাজ্ঞটা খুলতেই দেখলাম তার মধ্যে কী যেন একটা জিনিস ঝলমল করে উঠল।

আমি চমকে উঠে বললাম, ‘ওটা কী, ফেলুদা?’

ফেলুদা ততক্ষণে দেশলাই বার করে বাজ্ঞ বন্ধ করে দিয়েছে। সে অবাক হবার ভাব করে বলল, ‘কোনটা?’

‘ওই যে চক্ চক্ করে উঠল—দেশলাইয়ের বাজ্ঞে?’

ফেলুদা কায়দা করে দুহাতের আড়ালে গঙ্গার হাওয়ার মধ্যেও সিগারেটটা ধরিয়ে ধোঁয়া ছেড়ে বলল, ‘দেশলাইতে ফসফরাস থাকে জানিস তো? সেইটেই রোদে চক্চক্ করে উঠেছে আর কী।’

আমি আর কিছু জিজ্ঞেস করতে পারলাম না, কিন্তু দেশলাইয়ের উপর রোদ পড়ে এতটা ঝলমল করে উঠতে পারে, এ জিনিসটা আমি কিছুতেই বিশ্বাস করতে পারছিলাম না।

হরি-কা-চরণ ঘাট থেকে গঙ্গার দৃশ্য দেখে, দক্ষেশ্বরের মন্দির দেখে বাজারের মনিহারি দোকান থেকে যখন আমরা তিন-সেলের একটা টর্চ কিনছি, তখন প্রায় সাড়ে দশটা বাজে। যতই ঘুরি না কেন, আর যা-ই দেখি না কেন, ফেলুদার দেশলাইয়ের বাজ্ঞর মধ্যে ওই চক্-চকানির কথাটা আমি কিছুতেই ভুলতে পারছিলাম না। বারবার খালি মনে হচ্ছিল যে ওটা আসলে ওই আওরঙ্গজেবের আংটির হিরের চক্চকানি। ফেলুদা যদি বলত ওটা একটা সিকি বা আধুলি—তা হলেও হয়তো বিশ্বাস করতে পারতাম, কিন্তু ফসফরাসের ব্যাপারটা যে একেবারে গুল, সেটা আমার বুঝতে বাকি ছিল না।

আর আংটিটা যদি সত্যিই ফেলুদার কাছে থেকে থাকে, আর সেটার পিছনে যদি সত্যিই ডাকাত লেগে থাকে, আর সে ডাকাত যদি জেনে থাকে যে ফেলুদার কাছেই আংটিটা আছে—তা হলে? সেটা সে জানে বলেই কি ফেলুদা ও সব হুমকি দেওয়া-দেওয়া কাগজ পাচ্ছে, আর ওর দিকে গুলতি দিয়ে ‘ইট মারছে, আর লাঠির ডগায় ক্রোরোফর্মের ন্যাকড়া বেঁধে আমাদের ঘরের মধ্যে ঢুকিয়ে দিচ্ছে?’

ফেলুদা কিন্তু সারা রাত্তা গুনগুন করে গান গেয়েছে। একবার গান থামিয়ে আমায় বলল, ‘খট্ বলে একটা রাগ আছে জানিস? এটা সেই রাগ। সকালে গাইতে হয়।’

আমি বলতে চেয়েছিলাম যে ‘খট্‌ট্‌ জানি না, রাগ-রাগিণী জানি না—কিন্তু আমার ভীষণ রাগ হচ্ছে আর খটকা লাগছে তুমি আমায় ধাপ্পা দিলে কেন।’ কিন্তু কথাটা আর বলা হল না, কারণ তখন আমরা ধর্মশালায় পৌঁছে গেছি। মনে মনে ঠিক করলাম যে আজকের মধ্যেই

ফেলুদার সঙ্গে এ বিষয়ে কথা বলতেই হবে।

ধরমশালার বারান্দায় দেখি বাবা, বনবিহারীবাবু, শ্রীবাস্তব আর একজন ধুতি-পাঞ্জাবি পরা বাঙালি ভদ্রলোক বসে গল্প করছেন।

বাবা আমাদের দেখেই বললেন, 'ট্যাক্সির ব্যবস্থা হয়ে গেছে—কাল ভোর ছটায় রওনা। বনবিহারীবাবুর চেনা থাকায় বেশ শস্তায় হয়ে গেল।'

বাঙালি ভদ্রলোক শুনলাম এলাহাবাদে থাকেন—নাম বিলাসবাবু। তিনি নাকি একজন নামকরা হাত-দেখিয়ে। আপাতত বনবিহারীবাবুর হাত দেখছেন। বনবিহারীবাবু বললেন, 'কোনও জানোয়ারের কামড়-টামড় খেয়ে মরব কি না সেটা একবার দেখুন তো।'

ভদ্রলোক হাতে একটা লবঙ্গ নিয়ে বনবিহারীবাবুর হাতের উপর বুলোতে বুলোতে বললেন, 'কই, তা তো দেখছি না। স্বাভাবিক মৃত্যু বলেই তো মনে হচ্ছে।'

হতে পারেন বিলাসবাবু হাত-দেখিয়ে, আমার কিন্তু তাঁর পা-টা দেখে ভারী অদ্ভুত লাগল। বুড়ো আঙুলটা তার পাশের আঙুলের চেয়ে প্রায় আধ ইঞ্চি বড়। আর সেটা দেখে মনে হল খুব রিসেন্টলি যেন আমি সেরকম পা দেখেছি। কিন্তু কোথায় বা কার পা সেটা মনে করতে পারলাম না।

বনবিহারীবাবু একটা হাঁফ-ছাড়ার শব্দ করে বললেন, 'যাক, বাঁচা গেল।'

'কেন মোশাই, আপনি কি শিকার করেন নাকি? বাঘ-ভাল্লুক মারেন?'

বিলাসবাবুর বাংলায় একটা অবাঙালি টান লক্ষ করলাম।

বনবিহারীবাবু বললেন, 'নাঃ। তবু—এ সব জেনে-টেনে রাখা ভাল। আমার এক খুড়তুতো ভাই—কোথাও কিছু নেই—হঠাৎ এক পাগলা কুকুরের কামড় খেয়ে হাইড্রোফোবিয়ায় মরল। তাই আর কী...

'আপনি কি আগে কলকাতায় ছিলেন?' বিলাসবাবু জিজ্ঞেস করলেন।

বনবিহারীবাবু একটু অবাক হয়েই বললেন, 'ওটাও কি হাতের রেখায় পাওয়া যায় নাকি?'

'তাই তো দেখছি। আর...আপনার কি পুরনো আমলের শিল্পদ্রব্য বা অন্য দামি জিনিস জমানোর শখ আছে?'

'আমার? না না—আমার কেন? সে ছিল পিয়ারিলালের। আমার শখ জন্তু জানোয়ারের।'

'তাই কি? তাই কামড় খাওয়ার কথা বলছিলেন? কিন্তু...'

'কিন্তু কী?'

বনবিহারীবাবুকে বেশ উত্তেজিত বলে মনে হল। বিলাসবাবু প্রশ্ন করলেন, 'আপনার কি সম্প্রতি কোনও উদ্বেগের কারণ ঘটেছে?'

'সম্প্রতি মানে?'

'এই ধরুন—গত মাসখানেকের মধ্যে?'

বনবিহারীবাবু বেশ জোরে হেসে উঠে বললেন, 'মশাই—আমার, যাকে বলে, নট এ কেয়ার ইন দ্য ওয়র্ল্ড। কোনও উদ্বেগ নেই। তবে হ্যাঁ—একটা অ্যাংজাইটি আছে এই যে, কাল লছমনঝুলায় গিয়ে একটা বারো ফুট অজগরের দেখা পাব কি না পাব।'

বিলাসবাবুর বোধহয় আরেকটু দেখার ইচ্ছে ছিল, কিন্তু বনবিহারীবাবু হঠাৎ হাত দুটো সরিয়ে নিয়ে একটা হাই তুলে বললেন, 'আসলে ব্যাপারটা কী জানেন—কিছু মনে করবেন না—এ সব পামিস্তি-ফামিস্তিতে আমার বিশ্বাস নেই। আমাদের ভূত ভবিষ্যৎ বর্তমান সবই আমাদের হাতে বটে—কিন্তু সেটা হাতের রেখায় নয়। হাত বলতে আমি বুঝি ক্ষমতা, সামর্থ্য। সেইটের উপরেই সব নির্ভর করে।'

এই বলে বনবিহারীবাবু চেয়ার ছেড়ে উঠে সোজা ঘরের ভিতর চলে গেলেন ।
আমার চোখ আবার চলে গেল বিলাসবাবুর পায়ের দিকে ।
অনেক ভেবেও কিছুতেই মনে করতে পারলাম না কোথায় দেখেছি ওরকম লম্বা
বুড়োআঙুলওয়ালা পা ।

১০

সারাদিনের মধ্যে একবারও ফেলুদাকে সেই বলমলে জিনিসটার কথা জিজ্ঞেস করার সুযোগ
পেলাম না ।

রাত্রে বাবা যদিও বললেন, ‘তাড়াতাড়ি শুয়ে পড়, ভোরে উঠতে হবে—’ তবুও
খাওয়া-দাওয়া করে বিছানা পেতে শুতে শুতে প্রায় দশটা হয়ে গেল ।

লেপের তলায় যখন ঢুকছি, তখন আমাদের পাশাপাশি দুটো ঘরের মাঝখানের দরজা দিয়ে
একটা বিকট নাক ডাকার আওয়াজ পেলাম ।

ফেলুদা বলল, ‘বিলাসবাবু ।’

আমি বললাম, ‘কী করে জানলে ?’

‘কেন, কাল ট্রেনেও ডাকছিল—শুনিসনি ?’

ট্রেনে ? বিলাসবাবু ট্রেনেও ছিলেন ? তাই তো ! একটা রহস্যের হঠাৎ সমাধান হয়ে
গেল ।

‘ওই বুড়ো আঙুল !’

ফেলুদা আস্তে করে আমার পিঠ চাপড়ে বলল, ‘গুড ।’

ঠিক কথা । আমাদের উপরের বান্ধে উনিই সারা রাত্তা চাদর মুড়ি দিয়ে শুয়ে ছিলেন ।
কেবল পায়ের ডগা দুটো বেরিয়ে ছিল বান্ধ থেকে, আর তখনই দেখেছিলাম ওই বুড়ো
আঙুল ।

কিন্তু এবার যে আসল প্রশ্নটা করতে হবে ফেলুদাকে । বাবার নড়াচড়া দেখে বুঝতে
পারছিলাম উনি এখনও ঘুমোননি । বাবা না ঘুমোলে কথাটা বলা চলে না, তাই আরেকটু
অপেক্ষা করতে হবে ।

ধরমশালাটা ক্রমেই আরও নিঝুম হয়ে আসছে, আর তার সঙ্গে সমস্ত শহরটা । শীতকাল,
তাই এমনিতেই লোকে তাড়াতাড়ি শুয়ে পড়ে । আমাদের ঘরের ভিতর অন্ধকার । বাইরে
উঠোনে বোধহয় একটা লাইট জ্বলছে আর তারই আলো আমাদের দরজার চৌকাঠে এসে
পড়েছে । একবার আমাদের ঘরের মেঝে থেকে যেন খুঁট করে একটা শব্দ এল । বোধহয়
ইদুর-টিদুর কিছু হবে ।

এবার বাবার খাটিয়া থেকে শুনলাম ওঁর জোরে জোরে নিশ্বাস পড়ার শব্দ । বুঝলাম উনি
ঘুমিয়ে পড়েছেন । আমি ফেলুদার দিকে ফিরলাম । তারপর গলা নামিয়ে একেবারে
ফিস্‌ফিস্‌ করে বললাম, ‘ওটা আংটিই ছিল, তাই না ?’

ফেলুদা কিছুক্ষণ চুপ । তারপর একটা দীর্ঘশ্বাস ফেলে আমারই মতো ফিস্‌ফিস্‌ করে
বলল, ‘তুই যখন জেনেই ফেলেছিস, তখন আর তোর কাছে লুকোনোর কোনও মানে হয়
না । আংটিটা আমার কাছেই রয়েছে, সেই প্রথম দিন থেকেই । তোরা সব ঘুমিয়ে পড়ার
পর, ধীরুকাবাবু ঘরে আলনায় ঝোলানো ওঁর পাঞ্জাবির পকেট থেকে চাবি নিয়ে আলমারি
খুলে আংটিটা বার করে নিই । বান্ধটা নিইনি যাতে ডেফিনিটলি বোঝা যায় আংটিটা
গেছে ।’

‘কিন্তু কেন নিলে আংটিটা ?’

‘কারণ ওটা সরিয়ে রাখলে আসল ডাকাতকে উস্কে দিয়ে তাকে ধরার আরও সুবিধে হবে বলে ।’

‘তা হলে সেই সন্ন্যাসী কি আংটিটাই নিতে এসেছিলেন ?’

‘অস্বিকাবাবু নয় ; আরেকজন সন্ন্যাসী, যে নকল । যার হাতে অ্যাংটিটি কেস ছিল । সে-ই এসেছিল চুরি করতে, কিন্তু গেট থেকেই বৈঠকখানায় আরেকজন গেরুয়াধারীকে দেখে চম্পট দেয় । তারপর টান্সা করে স্টেশনে গিয়ে ওয়েটিংরুমে ঢুকে পোশাক বদলে নেয় ।’

‘সেই নকল সন্ন্যাসী কে ?’

‘একটা সন্দেহ আছে মনে, কিন্তু এখনও প্রমাণ পাইনি ।’

‘এতদিন ধরে তুমি ওই আংটি পকেটে নিয়ে ঘুরে বেড়িয়েছ ?’

‘না ।’

‘তবে ?’

‘একটা নিরাপদ জায়গায় রেখে দিয়েছিলাম ।’

‘কোথায় ?’

‘ভুলভুলাইয়ার একটা খুপরির ভিতর ।’

‘বাপ্‌রে বাপ্‌ । কী সাংঘাতিক বুদ্ধি ! এতদিনে বুঝতে পারলাম ফেলুদার দ্বিতীয়বার ভুলাভুলাইয়া যাবার এবং গিয়ে কিছুক্ষণের জন্য হারিয়ে যাবার কারণটা । কিন্তু তবু মনে একটা খটকা লাগল, তাই জিজ্ঞেস করলাম, ‘কিন্তু তুমি তো ভুলভুলাইয়ার প্ল্যান জানতে না ।’

‘প্রথম দিনই সেটার একটা ব্যবস্থা করেছিলাম । আমার বাঁ হাতের কড়ে আঙুলের নখটা বড় সেটা জানিস তো ? প্রথম দিনে হাটবার সময় ভুলভুলাইয়ার প্রত্যেকটি গলির মুখে দেওয়ালের গায়ে নখ দিয়ে ঘষে ১, ২, ৩ করে নম্বর দিয়ে রেখেছিলাম । সাত নম্বর গলির খুপরির মধ্যে ছিল আংটিটা । আমি জানতাম ওর চেয়ে নিরাপদ জায়গা আর নেই । এদিকে হরিদ্বার যাব, অথচ আংটিটা লখনৌয়ে থেকে যাবে, এটা ভাল লাগছিল না, তাই সেদিন গিয়ে বার করে নিয়ে আসি ।’

আমার বুকের ভিতরটা আবার টিপ টিপ করতে আরম্ভ করেছে । বললাম—

‘কিন্তু সে ডাকাত যদি সন্দেহ করে যে তোমার কাছে আংটিটা আছে ?’

‘সন্দেহ করলেই বা । প্রমাণ তো নেই । আমার বিশ্বাস সন্দেহ করেনি, কারণ অত বুদ্ধি ওদের নেই ।’

‘কিন্তু তা হলে তোমার পিছনে এভাবে লেগেছিল কেন ?’

‘তার কারণ, আংটির লোভ ওরা ছাড়তে পারছে না । আর ওরা জানে যে আমি যদিও আছি, তদ্দিন ওদের সব প্ল্যান ভুল করে দেবার ক্ষমতা আমার আছে ।’

‘কিন্তু—’ আমার গলা শুকিয়ে প্রায় আওয়াজই বেরোচ্ছিল না ; কোনও রকমে ঢোক গিলে তবে কথাটা শেষ করতে পারলাম,—‘তার মানে তো তোমার সাংঘাতিক বিপদ হতে পারে ।’

‘বিপদের মুখে ঝাঁপিয়ে পড়াই তো ফেলু মিস্তিরের ক্যারেক্টার ।’

‘কিন্তু—’

‘আর কিন্তু না । এবার ঘুমো ।’

ফেলুদা একটা তুড়ি মেরে হাই তুলে পাশ বদল করল ।

ধরমশালা এখন একেবারে চুপ । দূরে রাস্তায় একটা কুকুর ডেকে উঠল । পাশের ঘরে

নাক ডাকার শব্দ একটানা চলেছে। ঘুম কি আসবে? ফেলুদার টেক্সমার্ক দেশলাইয়ের বাস্ত্বে রোদের আলোতে ঝলমল করা বাদশাহী আংটির কথাটা কিছুতেই ভুলতে পারছিলাম না। এই আংটির ব্যাপারে কী অদ্ভুত সাহসের সঙ্গে ফেলুদা নিজেকে জড়িয়ে ফেলেছে তা ভাবতেও অবাক লাগে। অথচ এটাও ঠিক যে, ও যদি না থাকত, তা হলে হয়তো আংটি চুরিও হয়ে যেত, আর চোর ধরাও পড়ত না।

‘কিররর্ কিট্ কিট্ কিট...কিররর কিট্ কিট্ কিট...কিরর কিট্ কিট্ কিট্ কিট্...’

পাশের ঘর থেকে—কিন্তু মনে হয় যেন অনেক দূর থেকে—র্যাটল স্নেকের আওয়াজ পেলাম। বুঝলাম বনবিহারীবাবু তাঁর প্রিয় সংগীত শুনছেন।

আর এই ঝুমঝুমির আওয়াজ শুনতে শুনতে বোধহয় ঘুমটা এসে গিয়েছিল।

বাবার ট্র্যাভলিং ক্লক—এ পাঁচটার সময় অ্যালার্ম দেওয়া ছিল, কিন্তু আমার ঘুম ভেঙে গেল সেটা বাজার একটু আগেই। তাড়াতাড়ি মুখটুখ ধুয়ে চা-টা খেয়ে তৈরি হয়ে নিলাম। সঙ্গে নিয়ে যাবার জন্য খাবারের কথা বলতে শ্রীবাস্তব বললেন, ‘লছমনঝুলায় একেবারে ব্রিজের মুখেই দোকানে চমৎকার পুরি-তরকারি পাবেন। খাবার নেবার দরকার নেই।’

সকলেই বেশ ভাল করে গরম জামা পরে নিয়েছিলাম। কারণ পথে তো ঠাণ্ডা হবেই, আর লছমনঝুলার হাইট বেশি বলে সেখানে এমনিতেই এখানের চেয়ে বেশি ঠাণ্ডা।

পৌনে ছটার সময় দুটো ট্যাক্সি পর পর এসে ধরমশালার গেটের সামনে দাঁড়াল। আমাদের সঙ্গে সঙ্গে দেখলাম বিলাসবাবুও এসেছেন। শুনলাম উনিও লছমনঝুলা যাবেন বলে আমাদের দলে ঢুকে পড়েছেন। কোন গাড়িতে উঠব ভাবছি, এমন সময় বনবিহারীবাবু এগিয়ে এসে বললেন, ‘তিনজন তিনজন করে ভাগাভাগি হয়ে যেতে হবে অবশ্যই। জানোয়ার সম্বন্ধে আমার কিছু ইন্টারেস্টিং গল্প আছে, তপেশবাবু যদি চাও তো আমার গাড়িতে আসতে পারো।’

আমি বললাম, ‘শুধু আমি কেন, ফেলুদাও নিশ্চয় শুনতে চাইবে।’

ফেলুদা কোনও আপত্তি করল না। তাই শেষ পর্যন্ত আমি, ফেলুদা আর বনবিহারীবাবু একটা গাড়িতে, আর বাবা, শ্রীবাস্তব আর বিলাসবাবু অন্য গাড়িটায় উঠলাম। শ্রীবাস্তবের সঙ্গে দেখলাম বিলাসবাবুর বেশ ভাব হয়ে গেছে।

সামনের সিটে ড্রাইভারের পাশে বনবিহারীবাবু তাঁর কাঠের বাস্ত্বে রাখলেন। বললেন, ‘এইটেতে আমার অজগর আসবে।’ পিছনের সিটের মাঝখানে ফেলুদা, আর দুপাশে আমি আর বনবিহারীবাবু বসলাম।

ঠিক সোয়া ছটার সময় আমাদের গাড়ি দুটো একসঙ্গে রওনা দিল।

শহর ছাড়িয়ে খোলা জায়গায় পৌঁছতে আরও পাঁচ মিনিট লাগল। সামনে পাহাড়। ডান দিকে চেয়ে থাকলে মাঝে মাঝে গঙ্গা দেখা যাচ্ছে। আমার মনটা খুশিতে ভরে উঠল। বনবিহারীবাবুও বোধহয় বেশ ফুটিতেই আছেন, কারণ গুনগুন করে শব্দ ধরেছেন। বোধহয় অজগরের আশাতেই ওঁর মনের এই ভাব।

ফেলুদাই কেবল দেখলাম একেবারে চুপ মেরে গেছে। কী ভাবছে ও? আংটিটা কি এখনও ওর পকেটেই আছে? সেটা জানার কোনও উপায় নেই। কারণ ও বনবিহারীবাবুর সামনে সিগারেট খাবে না।

বাবাদের ট্যাক্সিটা আমাদের সামনেই চলেছে। ট্যাক্সির পিছনের কাচের ভিতর দিয়ে দেখা যাচ্ছে বিলাসবাবু শ্রীবাস্তবকে কী সব যেন বোঝাচ্ছেন। হয়তো শ্রীবাস্তব এই ফাঁকতালে তাঁর হাতটা দেখিয়ে নিচ্ছেন।

বনবিহারীবাবু হঠাৎ বললেন, ‘শিশির-ভেজা রাস্তা থেকে এখনও ধুলো উঠছে না, কিন্তু রোদের তেজ বাড়লে উঠবে। আমার মনে হয় ওদের একটু এগিয়ে যেতে দেওয়া উচিত। এই ড্রাইভার—একটু আস্তে চালাও তো দিকি।’

দাড়িওয়ালা পাগড়িপরা পাঞ্জাবি ড্রাইভার বনবিহারীবাবুর কথা মতো গাড়ির স্পিড কমিয়ে দিল, আর তার ফলে বাবাদের ট্যাক্সি বেশ কিছুদূর এগিয়ে গেল। ধুলো হোক আর যাই হোক, আমি মনে মনে চাইছিলাম গাড়ি দুটো যেন কাছাকাছি একসঙ্গে চলে, কিন্তু বনবিহারীবাবুর আদেশের উপর কিছু বলতে সাহস হল না। ভদ্রলোক জানোয়ারের গল্প আরম্ভ করবেন কখন?

একটা গাড়ি যেন পিছন থেকে বেশ কিছুক্ষণ ধরে বার বার হর্ন দিচ্ছে। বনবিহারীবাবু বললেন, ‘এ তো জ্বালাল দেখছি! পাশ দাও হে ড্রাইভার, পাশ দাও—নইলে প্যাঁক প্যাঁক করে কান ঝালাপালা করে দেবে।’

ড্রাইভার বাধ্যভাবে গাড়িটাকে রাস্তার একটু বাঁদিকে নিল, আর অমনি একটা পুরনো ধরনের শোভোলে ট্যাক্সি আমাদের গাড়ির পাশ দিয়ে হুশ করে বেরিয়ে এগিয়ে গেল। যাবার সময় দেখলাম যে সে-গাড়ির পিছনের সিটে বসা একজন লোক মুখ বার করে আমাদের দিকে দেখে নিল।

এ আমাদের চেনা লোক—সেই বেরিলি পর্যন্ত যাওয়া গেরুয়াধারী সন্ন্যাসী।

১১

আমরা আগেই ঠিক করেছিলাম যে প্রথমে লছমনঝুলা যাব, তারপর সেখানে বেশ কিছুক্ষণ থেকে দুপুরের খাওয়া সেরে ফেরার পথে হরীকেশটা দেখে আসব। সত্যি বলতে কী, হরীকেশটা সম্বন্ধে আমার খুব বেশি উৎসাহ ছিল না। সেও তো তীর্থস্থান—পাণ্ডা ধর্মশালা অলিগলি ঘাট মন্দির, এই সব—কেবল গঙ্গাটা একটু অন্যরকম।

বনবিহারীবাবু এখন ফেলুদার গানটা ধরেছেন—

‘যব ছোড় চলে লখনৌ নগরী
তব হাল আদ পর ক্যা গুজরী!’...

গান থামিয়ে হঠাৎ বনবিহারীবাবু বললেন, ‘এই গানের সুরে জ্যোতি ঠাকুরের একটা বাংলা গান আছে জানো?’

ফেলুদা বলল, ‘জানি—কত কাল রবে বল ভারত হে।’

‘ঠিক বলেছ।’

‘তারপর আমার দিকে ফিরে বনবিহারীবাবু বললেন, Steal মানে হরণ, Horn মানে শিং, Sing মানে গান, Gun মানে কামান, Come on মানে আইস, I Saw মানে আমি দেখিয়াছিলাম—এটা জানো?’

এটা আমি জানতাম না; শুনে খুব মজা লাগল, আর মনে মনে মুখস্থ করে নিলাম।

বনবিহারীবাবু বললেন, ‘এটার জন্যই বোধহয় আমার গান বলতেই বন্দুকের কথা মনে পড়ে, আর বন্দুক বলতেই জিম করবেট। শিকারি করবেটের কথা জান তো?’

ফেলুদা বলল, ‘জানি।’

‘তিনি কিন্তু এই সব অঞ্চলে মানুষকে বাঘ মেরে গেছেন। আমার করবেটকে কেন এত ভাল লাগে জান? কারণ উনিও আমার মতো জানোয়ারদের স্বভাব বুঝতেন, ওদের ভালবাসতেন।’

এই বলে আবার গুনগুন করে গান ধরলেন বনবিহারীবাবু ।

গাড়ি ছুটে চলেছে লছমনঝুলার দিকে । বাঁদিকে পাহাড়, সামনে পাহাড়, ডানদিকে মাঝে মাঝে গঙ্গাটা দেখা যাচ্ছে, মাঝে মাঝে ঘন জঙ্গল । আকাশে মেঘ জমছে । সূর্যটা এক একবার মেঘে ঢেকে যাচ্ছে, আর তক্ষুনি বাতাসটা আরও ঠাণ্ডা হয়ে যাচ্ছে ।

আমি প্রথম দিকে কেবল লছমনঝুলার কথাই ভাবছিলাম, এখন আবার মাঝে মাঝে আংটির ব্যাপারটা মনটাকে খোঁচা দিতে আরম্ভ করেছে । অনেক কিছু নতুন জিনিস এ দুদিনে জানতে পেরেছি, কিন্তু আরও অনেক কিছুই যে এখনও জানতে বাকি আছে ! মহাবীর কেন সন্দেহ করে যে পিয়ারিলাল স্বাভাবিক ভাবে মারা যাননি ? পিয়ারিলাল কীসের জন্য চিংকার করেছিলেন মারা যাবার আগে ? পিয়ারিলাল কোন স্পাই-এর কথা বলতে চেয়েছিলেন ? সে স্পাই কি আমাদের চেনার মধ্যে কেউ, না চেনার বাইরে ?

এই সব ভাবতে ভাবতে আমার চোখটা গাড়ির সামনে আয়নাটার দিকে চলে গেল । আয়নায় ফেলুদাকে দেখা যাচ্ছে । সে অদ্ভুত তীক্ষ্ণ দৃষ্টি দিয়ে সামনের দিকে চেয়ে কী জানি দেখছে ।

এবার আমি আড়চোখে ফেলুদার দিকে চেয়ে দেখি সে দেখছে তার সামনেই বসা ড্রাইভারের দিকে ।

আমার চোখটাও প্রায় আপনা থেকেই ঘুরে ড্রাইভারের দিকে গেল, আর সেদিকে দৃষ্টি পড়তেই আমার বৃকের ভিতরটা ছাঁৎ করে উঠল ।

ড্রাইভারের পাগড়ির নীচে আর কোটের কলারের ঠিক উপরে ঘাড়ের মাঝখানে আঁচড়ের দাগ ।

এ রকম দাগ আমরা আরেকজনের ঘাড়ে দেখেছি ।

সে হল গণেশ গুহ ।

আবার ফেলুদার দিকে চেয়ে দেখি সে দৃষ্টি ঘুরিয়ে নিয়ে জানালার বাইরে দেখছে । তাকে এমন গভীর এর আগে আমি কখনও দেখিনি ।

কোয়ালিটি রেস্টুরেন্টে বসে গণেশ গুহ বলেছিল সে বনবিহারীবাবুর চাকরি ছেড়ে দিয়ে সেই দিনই কলকাতায় চলে যাচ্ছে । আর আজ সে পাঞ্জাবি ড্রাইভারের ছদ্মবেশে আমাদের নিয়ে চলেছে লছমনঝুলা ! হঠাৎ মনে পড়ল বনবিহারীবাবুই এই ট্যাক্সি ঠিক করে দিয়েছেন । তা হলে কি... ?

আমি আর ভাবতে পারলাম না । আমার মাথা ভেঁ ভেঁ করতে আরম্ভ করেছে । আমরা কোথায় চলেছি এখন ? লছমনঝুলা, না অন্য কোথাও ? বনবিহারীবাবুর উদ্দেশ্যটা কী ? অথচ তাকে দেখে তো তাঁর মনে কোনও রকম উত্তেজনা বা দুরভিসন্ধি আছে বলে মনে হয় না ।

হঠাৎ বনবিহারীবাবুর গলার আওয়াজে চমকে উঠলাম ।

‘আমরা বাঁয়ে একটা রাস্তা ধরব এবার । ওই জঙ্গলের মধ্যে দিয়ে রাস্তাটা গেছে । কিছুদূর গেলেই একটা বাড়ি পাব, সেখানেই আমার অজগরটা থাকার কথা । যাবার সময় একবার দেখে যাই, ফেরার পথে একেবারে বাজ্রে পুরে নিয়ে গাড়িতে তুলে নেব । কী বলেন ফেলুবাবু ?’

আশ্চর্য শান্তভাবে ফেলুদা বলল, ‘বেশ তো ।’

আমি কিন্তু একটা কথা না বলে পারছিলাম না—

‘আপনি যে বলেছিলেন অজগরটা লছমনঝুলায় আছে ?’

বনবিহারীবাবু হো হো করে হেসে উঠে বললেন, ‘এটা যে লছমনঝুলা নয় সেটা তোমাকে

কে বলল তপেশবাবু ? হাওড়া বলতে কি কেবল হাওড়ার পুল আর তার আশপাশটা বোঝায় ? লছমনঝুলা শুরু হয়ে গেছে এখান থেকেই । গঙ্গার ব্রিজ এখান থেকে মাইল দেড়েক ।’

শালবনের মধ্যে দিয়ে আগাছায় ঢাকা, প্রায় দেখা যায় না, এমন একটা পথ ধরে গাড়িটা বাঁ দিকে ঘুরল । লক্ষ করলাম ড্রাইভারটা এবার বনবিহারীবাবুর নির্দেশের অপেক্ষাও করল না—যেন তার আগে থেকেই জানা ছিল এ রাস্তা দিয়ে যেতে হবে ।

‘কেমন লাগছে ফেলুবাবু ?’

বনবিহারীবাবুর গলায় একটা নতুন সুর । কথাগুলোর পিছনে যেন একটা চাপা উত্তেজনা লুকোনো রয়েছে ।

‘দারুণ !’

কথাটা বলেই ফেলুদা তার বাঁ হাতটা দিয়ে আমার ডান হাতটা ধরে আস্তে একটা চাপ দিল । বুঝতে পারলাম ও বলতে চাইছে—ভয় পাস না, আমি আছি ।

‘রুমাল এনেছিস, তোপ্‌সে ?’

ফেলুদার এ প্রশ্নটার জন্য আমি একেবারেই তৈরি ছিলাম না, তাই কীরকম ভ্যাবাচ্যাকা খেয়ে গেলাম ।

‘রু-রুমাল ?’

‘রুমাল জানিস না ?’

‘হ্যাঁ—কিন্তু...ভুলে গেছি ।’

বনবিহারী বললেন, ‘ধুলোর জন্য বলছ ? এখানে কিন্তু ধুলোটা কম হবে ।’

‘না, ধুলো না’—বলে ফেলুদা তার কোটের পকেট থেকে একটা রুমাল বার করে আমার পকেটে গুঁজে দিল । কেন যে সে এটা করল তা বুঝতেই পারলাম না ।

বনবিহারীবাবু তাঁর টেপ রেকর্ডারটা নিজের কোলের উপর নিয়ে সেটাকে চালিয়ে দিলেন । শালবনের ভিতর হাইনা হেসে উঠল ।

বন এখন আরও গভীর । সূর্যের আলো আর আসছে না এখানে । এমনিতেই মেঘ আরও ঘন হয়েছে । বাবাদের গাড়ি এখন কোথায় ? লছমনঝুলা পৌঁছে গেছে কি ? আমাদের যদি কিছু হয়, ওঁরা টেরও পাবেন না । সেই জন্যেই কি বনবিহারীবাবু ওঁদের গাড়িটা এগিয়ে যেতে দিলেন ?

মনে যত জোর আছে, সাহস আছে, সব একসঙ্গে জড়ো করার চেষ্টা করলাম । কেন জানি বুঝতে পারছিলাম না ফেলুদার উপর যতই ভরসা থাকুক না কেন, আজ যে অবস্থায় পড়তে হবে ওকে তাতে ওর যত বুদ্ধি, যত সাহস আছে, সবটুকু দরকার হবে ।

গাড়ি আরও গভীর বনের মধ্যে দিয়ে চলেছে এখন । বনবিহারীবাবু আর গান গাইছেন না । এখন কেবল ঝিঁঝির ডাক আর মোটরের চাকার তলায় আগাছার খসখসানি ।

প্রায় দশ মিনিট চলার পর গাছের গুঁড়ি আর পাতার ফাঁক দিয়ে কিছু দূরে একটা বাড়ি দেখা গেল । এরকম জায়গায় এত গভীর বনের ভেতর কে আবার বাড়ি তৈরি করল ? হঠাৎ মনে পড়ল, আমার এক দূর সম্পর্কের কাকা আছেন যিনি সুন্দরবনের কোথায় যেন ফরেস্ট অফিসার । তারও এরকম একটা বাড়ি আছে শুনেছি—আশেপাশে বাঘ ঘোরাফেরা করে । এও হয়তো সেই ধরনের একটা বাড়ি ।

আরেকটু কাছে গিয়ে বুঝতে পারলাম বাড়িটা কাঠের তৈরি, আর সেটা বহু পুরনো । শুধু তাই না, বাড়িটা আসলে একটা মাচার ওপর তৈরি । একটা কাঠের সিঁড়ি দিয়ে সেই মাচার উঠতে হয় । বাইরে থেকে দেখে মনেই হয় না সেখানে কোনও লোক থাকে ।



আমাদের ট্যাক্সি বাড়িটার সামনে এসে থামল। বনবিহারীবাবু বললেন, ‘পাঁড়ে আছেন বলে তো মনে হয় না। তবে এসেছি যখন, তখন ভেতরে গিয়ে একটু অপেক্ষা করা যাক। হয়তো কাছাকাছির মধ্যেই কোথায় গেছেন কাঠটাঠ সংগ্রহ করতে বোধ হয়। একা মানুষ তো, সব নিজেই করেন। আর ওঁর অত জানোয়ারের ভয় নেই। আমারই মতো। এসো ফেলুচন্দ্র তপেশচন্দ্র ভেতরে গিয়ে বসা যাক। মেকি সন্ন্যাসী তো অনেক দেখলে। এবার একজন সত্যিকারের সাধুপুরুষ কী ভাবে থাকেন দেখবে চলো।’

আমরা তিনজন গাড়ি থেকে নামলাম। ফেলুদা না থাকলে আমার মনের অবস্থা যে কী হত জানি না। এখনও যে সাহস পাচ্ছি তার একমাত্র কারণ হল ফেলুদার নির্বিকার ভাব। এক এক সময় তাই মনে হয় বিপদটা হয়তো আসলে আমার কল্পনা। আসলে ড্রাইভার সত্যিকারের শিখ ড্রাইভার, আর বনবিহারীবাবু খুব ভাল লোক, আর এই বাড়িটায় সত্যিকারের ৭৬

পাঁড়েজি বলে একজন সাধুপুরুষ থাকেন যাঁর কাছে একটা বারো ফুট লম্বা অজগর সাপ আছে, আর সেটা দেখার জন্যই বনবিহারীবাবু এখানে আসছেন।

আগাছা আর শুকনো শালপাতার উপর দিয়ে হেঁটে কাঠের সিঁড়িটা দিয়ে উঠে আমরা বাড়িটার ভেতরে ঢুকলাম।

যে ঘরটায় ঢুকলাম সেটা সাইজে আমাদের ট্রেনের কামরার চেয়ে খুব বেশি বড় নয়। ঢোকার দরজা ছাড়াও আরেকটা দরজা আছে, সেটা দিয়ে পাশের আরেকটা ঘরে যাওয়া যায়—কিন্তু মনে হল সে দরজাটা বাইরে থেকে বন্ধ। দুটো দরজার উলটো দিকে দুটো ছোট জানালাও রয়েছে। জানালা দিয়ে বাইরের শালবন দেখা যাচ্ছে। মাচাটার হাইট একটা মানুষের বেশি নয়।

বনবিহারীবাবু কাঁধে ঝোলানো টেপ রেকর্ডার মাটিতে নামিয়ে রেখে বললেন, ‘পাঁড়েজির কেমন সরল জীবনযাত্রা, দেখেই বুঝতে পারছ।’

ঘরের মধ্যে একটা ভাঙা টেবিল, একটা হাতল ভাঙা বেঞ্চি, আর একটা টিনের চেয়ার। ফেলুদা বেঞ্চিটার উপর বসল দেখে আমিও তার পাশে গিয়ে বসলাম।

বনবিহারীবাবু তাঁর পাইপে তামাক ভরে তাতে আগুন দিয়ে, দেশলাইটা জানালা দিয়ে বাইরে ফেলে দিয়ে, টিনের চেয়ারটা মজবুত কি না হাত দিয়ে চেপে পরীক্ষা করে, মুখ দিয়ে একটা আরামের শব্দ করে সেটার উপর বসলেন। তারপর পাইপটাতে একটা বিরাট টান দিয়ে ঘরটাকে প্রায় ধোঁয়ায় ভরে দিয়ে, চাপা অথচ পরিষ্কার গলায় ভীষণ স্পষ্ট উচ্চারণে বললেন—

‘তারপর, ফেলুবাবু—আমার আংটিটা যে এবার ফেরত চাই!’

১২

‘আপনার আংটি?’

বনবিহারীবাবুর কথাটা যে ফেলুদাকে বেশ অবাক করেছে সেটা বুঝতে পারলাম।

বনবিহারীবাবু ঠোঁটের কোণে পাইপ আর একটা অল্প হাসি নিয়ে চুপ করে বসে রইলেন। বাইরে ঝিঝির শব্দ কমে এসেছে। ফেলুদা বলল—

‘আর সে আংটি যে আমার কাছে রয়েছে তা আপনি কী করে জানলেন?’

বনবিহারীবাবু এবার কথা বললেন।

‘অনুমান অনেক দিন থেকেই করছিলাম। বাইরের একটা লোক এসে ধীরুবাবুর শোবার ঘরের আলমারি খুলে তার থেকে আংটি বার করে নিয়ে যাবে, এটা প্রথম থেকেই কেমন যেন অবিশ্বাস্য লাগছিল। তবে তোমার ওপর সন্দেহ গেলেও, এতদিন প্রমাণ পাইনি। এখন পেয়েছি।’

‘কী প্রমাণ?’

বনবিহারীবাবু উত্তরে কিছু না বলে মেঝে থেকে টেপ রেকর্ডারটা কোলে তুলে নিয়ে ঢাকনা খুলে সুইচ টিপে দিলেন। যা শুনলাম তাতে আমার রক্ত জল হয়ে গেল। চাকা ঘুরছে, আর যন্ত্রটা থেকে আমার আর ফেলুদার গলার স্বর বেরোচ্ছে—

‘ওটা আংটিই ছিল—তাই না?’

‘তুই যখন জেনেই ফেলেছিস, তখন আর তোর কাছে লুকোনোর কোনও মানে হয় না। আংটিটা আমার কাছেই রয়েছে—সেই প্রথম দিন থেকেই।—’

বনবিহারীবাবু খট করে রেকর্ডারের সুইচ বন্ধ করে দিলেন। তারপর বললেন, ‘কাল রাতে

তোমরা শোবার আগেই মাইক্রোফোনটা তোমাদের খাটিয়ার তলায় রেখে এসেছিলাম । অবিশ্যি তোমরা যে ঠিক এই বিষয়েই কথাবার্তা বলবে সেটা আমার জানা ছিল না, কিন্তু যখন বলেইছ, তখন কি আর এ সুযোগ ছাড়া যায় ? এর চেয়ে বেশি প্রমাণ কি দরকার আছে তোমার—আঁ, ফেলুবাবু ?’

‘কিন্তু আংটিটা আপনার, সে কথা আপনি বলছেন কী করে ?’

বনবিহারীবাবু রেকর্ডারটা টেবিলের উপর রেখে দিয়ে পায়ের উপর পা তুলে চেয়ারে হেলান দিয়ে বললেন, ‘১৯৪৮ সালে, অর্থাৎ আজ থেকে আঠারো বছর আগে, কলকাতার নৌলাখা কোম্পানি থেকে দুলাখ টাকা দিয়ে আমি ও আংটিটা কিনি । পিয়ারিলালের সঙ্গে আমার আলাপ হয় তার কিছু পরেই । তাঁর যে এ সব জিনিসের শখ ছিল সেটা তিনি আমাকে বলেননি, কিন্তু আংটিটা আমি তাঁকে দেখিয়েছিলাম । দেখে তাঁর চোখ-মুখের অবস্থা যা হয়েছিল, তাতেই আমার মনে একটা সন্দেহ জাগে । তার দুদিন পরেই আংটিটা আমার বাড়ি থেকে লোপ পেয়ে যায় । পুলিশে খবর দেওয়া হয়েছিল, কিন্তু চোর ধরা পড়েনি । তারপর লখনৌ এসে কবছর থাকার পর এই সেদিন শ্রীবাস্তবের কাছে আংটিটা দেখে জানতে পারি পিয়ারিলাল সেটা তাঁকে দিয়েছেন । পিয়ারিলাল ভাবেননি তিনি প্রথম আংটাকটা থেকে বেঁচে উঠবেন । তাই মানে মানে চোরাই মাল অন্যের হাতে চালান করে দিয়েছিলেন । কিন্তু তারপর তিনি সুস্থ হয়ে উঠলেন । আমি তাঁর আরোগ্যের সুযোগ নিয়ে তাঁর সঙ্গে দেখা করতে গেলাম । ভাবলাম, তিনি যদি ব্যাপারটা স্বীকার করেন, তা হলে শ্রীবাস্তবকে বললে তিনি নিশ্চয়ই আমাকে আংটিটা দিয়ে দেবেন । শ্রীবাস্তবকে তার দরুন কিছু টাকাও দিতে রাজি ছিলাম আমি । কিন্তু আশ্চর্য কী জানো ? পিয়ারিলাল চুরির ব্যাপারটা বেমালাম অস্বীকার করে গেলেন ! বললেন, আমার কাছে ওরকম আংটি উনি কোনওদিন দেখেননি । অথচ সে আংটির রসিদ পর্যন্ত এখনও আমার কাছে ।’

এবার ফেলুদা কথা বলল, আর তার গলার স্বরে ভয়ের কোনও চিহ্নমাত্র নেই ।

‘কিন্তু বনবিহারীবাবু, আমি এবার আপনাকে একটা প্রশ্ন করতে চাই—আশা করি আপনি তার জবাব দেবেন ।’

বনবিহারীবাবু বললেন, ‘আগে বলো সে-আংটি এখনও তোমার কাছেই রয়েছে, না তুমি সেটা অন্য কোথাও রেখে এসেছ । নিজের জিনিস আমি নিজের হাতেই ফেরত নিতে চাই ।’

এবার ফেলুদার গলার বিদ্রূপের ইঙ্গিত—

‘কিন্তু এত দিন তো অন্য লোক লাগিয়ে আংটি চুরির চেষ্টার ব্যাপারে, এবং আমার পিছনে লাগার ব্যাপারে আপনার উৎসাহের কোনও অভাব দেখিনি । আপনার ওই গণেশ গুহ লোকটি—যিনি আজ দাড়ি-পাগড়ি পরে পাঞ্জাবি ড্রাইভার সেজেছেন, তিনিই তো বোধ হয় সেই নকল সন্ন্যাসী, তাই না ? শ্রীবাস্তবের বাড়ির ডাকাতও তো বোধ হয় তিনিই, আর প্রথম দিন শ্রীবাস্তবকে ধাওয়া করার ভারও তো তার উপরেই ছিল । অবিশ্যি পরে শ্রীবাস্তবকে ছেড়ে আমার পিছনে লাগানো হয় তাকে । রেসিডেন্সিতে গুলতি মারা, ক্রোরোফর্ম দিয়ে আমাকে অজ্ঞান করার চেষ্টা, হুমকি-কাগজ ছুঁড়ে মারা—এ সবই তো তার কাজ, তাই না ?’

বনবিহারীবাবু একটু হেসে বললেন, ‘সব কাজ তো আর নিজে করা যায় না ফেলুরাম । এমন কিছু কিছু কাজ সব সময়েই থাকে যার ভার অন্যের উপর দিতে হয় । আর বুঝতেই তো পারো—গণেশের স্বাস্থ্যটা তো ভাল, কারণ সে এককালে সাকার্সে বাঘ সিংহ হ্যান্ডল করেছে—সুতরাং ডানপিটেমোর কাজগুলো সে ভালই করে । আর এটা আমি অবশ্যই বলব যে, আমার হুকুমে এ সব কাজগুলো করে সে যে-অপরাধ করেছে, তোমার অপরাধ তার

চেয়ে অনেক বেশি। কারণ তুমি যে-আংটি তোমার কাছে ধরে রেখেছ, তাতে তোমার কোনও অধিকার নেই। ওটা আমার জিনিস, আমার প্রপার্টি। এবং সেটা আমার ফেরত চাই—আজই, এখনই।’

শেষ কথাগুলো বনবিহারীবাবু বললেন প্রায় চিৎকার করে। মনে সাহস আনার অনেক চেষ্টা সত্ত্বেও আমার হাত-পা কীরকম যেন ঠাণ্ডা হয়ে আসছিল।

ফেলুদার উত্তরটা এল ইস্পাতের মতো কঠিন স্বরে—

‘খুনের দায়ে অভিযুক্ত হলে পর ও-আংটি কি আপনার কোনও কাজে আসবে?’

বনবিহারীবাবু প্রায় কাঁপতে কাঁপতে চেয়ার ছেড়ে উঠে দাঁড়ালেন।

‘তুমি তো কম বেয়াদব নও হে ছোকরা! যাকে তাকে ফস্ করে খুনি বলে দিচ্ছ।’

‘যাকে তাকে বলতে যাব কেন। আমার বিশ্বাস খুনিকেই খুনি বলছি। আপনি পিয়ারিলালের স্পাই-এর ব্যাপারটা একটু খুলে বলবেন কি? পরশু আপনার কথা শুনে মনে হয়েছিল আপনার ও সম্বন্ধে কিছু জানা আছে।’

বনবিহারীবাবু একটা শুকনো হাসি হেসে বললেন, ‘ভেরি সিম্পল। খুলে বলার কিছু নেই। আমি আংটিটা সম্পর্কে খোঁজ-খবর করার জন্য ওঁর পেছনে কিছু লোক লাগিয়েছিলাম। পিয়ারিলাল নিশ্চয়ই তাদের সম্পর্কে কিছু বলতে চেয়েছিলেন।’

‘আমি যদি বলি পিয়ারিলালের স্পাই-এর সঙ্গে গুপ্তচরের কোনও সম্পর্ক নেই?’

‘তার মানে? কী বলতে চাইছ তুমি?’

‘আপনি পিয়ারিলালের দ্বিতীয় অ্যাটাকের দিন সকালে তাঁর বাড়িতে গিয়েছিলেন, তাই না?’

‘তাতে কী হয়েছে? আমি গেলেই তাঁর অ্যাটাক হবে? তাঁর বাড়িতে তো আগেও গিয়েছি আমি।’

‘তখন তো খালি হাতে গেছেন।’

‘খালি হাতে মানে?’

‘কিন্তু এই শেষবার আপনি খালি হাতে যাননি। আপনার সঙ্গে একটা বাস্ক ছিল, আর সেই বাস্কের মধ্যে ছিল আপনার চিড়িয়াখানার একটা অধিবাসী—আপনার বিশাল, বিষাক্ত আফ্রিকান মাকড়সা—ব্র্যাক্ উইডো স্পাইডার, তাই না? পিয়ারিলাল বলতে চেয়েছিলেন ‘স্পাইডার’, কিন্তু পুরো কথাটা সেই অবস্থায় উচ্চারণ করা সম্ভব হয়নি, তাই স্পাইডার হয়ে গিয়েছিল ‘স্পাই’।’

বনবিহারীবাবুর মুখ হঠাৎ জানি কেমন ফ্যাকাশে হয়ে গেল তিনি আবার চেয়ারে বসে পড়লেন। বললেন, ‘কিন্তু...তাকে আমি মাকড়সা দেখিয়ে করবটা কী?’

ফেলুদা বলল, ‘পিয়ারিলালের আরশুলা দেখে হৃৎকম্প হয় সেটা বোধহয় আপনার জানা ছিল না। আপনি হয়তো মাকড়সাটা দেখিয়ে ভয় পাইয়ে আংটিটা আদায় করে নিতে চেয়েছিলেন, কিন্তু হয়ে গেল একেবারে হার্ট অ্যাটাক, এবং শেষ পর্যন্ত মৃত্যু। এ মৃত্যুর জন্য আপনি ছাড়া আর কে দায়ী বলুন? আর আপনি বলছেন আংটি আপনি কিনেছিলেন এবং পিয়ারিলাল সেটা চুরি করেন। আমি যদি বলি, আংটি পিয়ারিলাল কিনে কলকাতায় আঠারো বছর আগে আপনাকে দেখিয়েছিলেন। আর সেই থেকে আপনার ও আংটির উপর লোভ—আর আপনার বাড়ির ওই তালা-দেওয়া বন্ধ ঘরে এরকম আরও অনেক পুরনো জিনিস আপনার আছে, আর ওই সব মূল্যবান জিনিস চোর ডাকাতির হাত থেকে সামলানোর জন্যেই আপনার ওই চিড়িয়াখানা?’

বনবিহারীবাবু গম্ভীর গলায় বললেন, ‘তুমি আর কী বিশ্বাস করো সেটা শুনতে পারি কি?’



ফেলুদা গভীর গলায় বলল, ‘নিশ্চয় পারেন। আমার বিশ্বাস পিয়ারিলালের ওই বাদশাহী আংটি আপনি আর কোনওদিন চোখেও দেখতে পাবেন না, আর আমার বিশ্বাস আপনার ভবিষ্যতে রয়েছে আপনার অপরাধের উপযুক্ত শাস্তি।’

‘গণেশ!’

বনবিহারীবাবুর গুরুগভীর চিৎকারে কাঠের ঘরটা গম্গম্ করে উঠল।

ফেলুদা হঠাৎ বলল, ‘মুখে রুমাল চাপা দে!’

কেন এ কথা বলল জানি না—কিন্তু আমি তৎক্ষণাৎ পকেট থেকে ফেলুদার দেওয়া রুমালটা বার করে মুখের উপর চাপা দিলাম।

গণেশ গুহ ঘরের ভিতর এসে ঢুকল—হাতে সেই কাঠের বাস্ক।

বনবিহারীবাবু দেখি টেপ রেকর্ডারটা নিয়ে দরজার দিকে পিছিয়ে যাচ্ছেন।

ফেলুদা নিজের পকেট থেকে রুমাল বার করল, আর তার সঙ্গে সেই মাজনের কৌটোটা—যাতে লেখা ‘দশংসংস্কারচূর্ণ’।

গণেশ গুহ বাস্কটা মাটিতে রেখে ঢাকনাটা খুলে যেই পিছিয়ে যাবে, সেই মুহূর্তে ফেলুদা কৌটোটার ঢাকনা খুলে তার ভিতর থেকে এক খাবলা কী জানি গুঁড়ো তুলে নিয়ে গণেশ আর বনবিহারীবাবুর দিকে ছুঁড়ে দিয়ে নিজের মুখে রুমাল চাপা দিল।

আমার রুমালের ফাঁক দিয়ে সামান্য যে গন্ধ এল তাতে বুঝলাম সেটা গোলমরিচ।

সেই গোলমরিচের গুঁড়ো দুজনের চোখে নাকে ঢুকে ওদের যে কী অবস্থা হল তা বলে

বোঝাতে পারব না । প্রথমে যন্ত্রণায় তাদের মুখ একেবারে বেঁকে গেল, তারপরে একসঙ্গে দুজনের আরম্ভ হল হাঁচি আর আর্তনাদ । বনবিহারীবাবু টলতে টলতে দরজার বাইরে গিয়ে সিঁড়ি দিয়ে গড়িয়ে একেবারে সোজা মাটিতে গিয়ে পড়লেন । গণেশ গুহরও প্রায় একই অবস্থা । তবু সে যাবার সময় কোনওরকমে দরজাটা টেনে বন্ধ করে আমাদের বন্দি করে দিয়ে গেল ।

এবার মেঝেতে খোলা বাস্কেটের দিকে চেয়ে দেখি তার ভিতর থেকে একটা সাপের মাথা বেরিয়েছে, আর সেই সঙ্গে আরম্ভ হয়েছে সেই হাড়কাঁপানো শব্দ—

‘কিরব্ব কিট্ কিট্ কিট্...কিরব্ব কিট্ কিট্ কিট্ কিট্—কিরব্ব কিট্ কিট্ কিট্...’

আমি বুঝতে পারলাম আমার মাথার ভিতরটা কেমন জানি করছে, বুঝতে পারলাম ফেলুদা আমাকে ধরে বেঞ্চির উপর দাঁড় করিয়ে দিল, আর বুঝলাম যে ফেলুদা নিজেও বেঞ্চির উপর উঠে দাঁড়িয়েছে ।

খুব বেশি ভয় পেলে একটা অদ্ভুত ব্যাপার হয় সেটা এখন বুঝতে পারলাম । যার থেকে ভয়, তার দিকেই যেন চোখটা চলে যায় । কিংবা হয়তো সাপ জিনিসটার সত্যি করেই একটা হিপনোটাইজ করার ক্ষমতা আছে । মাথা ঝিম্ ঝিম্ অবস্থাতেই স্পষ্ট দেখলাম র্যাটল স্নেকটা বাস্কে থেকে বেরিয়ে ঝুমঝুমির শব্দ করতে করতে এদিক ওদিক দেখে আমাদের দিকে চোখটা ফেরাল, আমাদের দিকে চেয়ে রইল, তারপর কাঠের মেঝের উপর দিয়ে দিয়ে ঐক্যেবেঁকে আমাদেরই বেঞ্চির দিকে প্রায় যেন আমাকে লক্ষ্য করেই এগোতে লাগল ।

বুঝলাম আমার চোখের দৃষ্টি ক্রমশ বাপসা হয়ে আসছে । সাপটা যখন বেঞ্চি থেকে তিন হাত দূরে, তখন হঠাৎ মনে হল যেন একটা বাজ পড়ল, আর সেটা যেন আমাদের ঘরেরই ভেতর । একটা চোখ বলসানো আলো, একটা কানফাটা আওয়াজ, আর তার পরেই বারুদের গন্ধ ।

আর সাপ ?

সাপের মাথা দেখলাম খেঁতলে শরীর থেকে আলাগা হয়ে পড়ে আছে । ঝুমঝুমিটা দু-একবার নড়ে থেমে গেল ।

তারপর আর কিছু মনে নেই ।

যখন জ্ঞান হল, তখন দেখি আমি শালবনের মধ্যেই একটা শতরঞ্চির উপর শুয়ে আছি । কপাল আর মাথাটা ঠাণ্ডা ঠাণ্ডা লাগছে—বুঝলাম জল দেওয়া হয়েছে । শ্রীবাস্তবের মুখটা প্রথম চোখে পড়ল—আর তার পরেই বাবা ।

‘কেমন আছেন তপেশবাবু—’

গলাটা শুনে চমকে উঠে পাশ ফিরে দেখি—মহাবীর ! কিন্তু গায়ে গেরুয়া পোশাক কেন ?

মহাবীর বলল, ‘ট্রেনে বেরিলি পর্যন্ত একসঙ্গে এলাম, আর চিনতে পারলে না ?’

দারুণ মেক-আপ করে তো লোকটা ! দাড়িওয়ালা অবস্থায় সত্যিই চিনতে পারিনি । আর তা ছাড়া গলার আওয়াজ আর কথা বলার ঢংও বদলে ফেলেছিল ।

মহাবীর বলল, ‘আমার রিভলবারের টিপ দেখলে তো ? আসলে যেদিন ভুলভুলাইয়ায় দেখা হল, আর উনি বললেন আমাকে চেনেন না—সেদিন থেকেই বনবিহারীবাবুর উপর আমার সন্দেহ হয়েছিল । কারণ কলকাতায় উনি আমাদের বাড়ি অনেকবার এসেছেন, আমার সঙ্গে কথাও বলেছেন । একদিন বাবার সঙ্গে খুব কথা কাটাকাটি হয়েছিল—ওই আংটিটা নিয়েই । সেটাও আমার কিছুদিন আগেই মনে পড়েছে ।’

বাবা বললেন, ‘তোদের দেরি দেখে লছমনঝুলা থেকে গাড়ি ঘুরিয়ে নিয়ে শেষটায় টায়ারের দাগ দেখে বনের রাস্তাটা ধরে ভিতরে ঢুকেছি। মহাবীরবাবুই অবিশ্যি গাড়ি ঘোরানোর কথা প্রথম বলেন।’

‘আর ওরা দুজন কোথায় গেলেন?’

‘গোলমরিচের ঝাঁজে খুব শাস্তি পেয়েছে। ফেলুর ব্রহ্মাস্ত্রের তুলনা নেই। ওরা এখন পুলিশের জিম্মায় আছে।’

‘পুলিশ কোথেকে এল?’

‘সঙ্গেই তো ছিল! বিলাসবাবু তো আসলে ইন্স্পেক্টর গরগরি!’

কী আশ্চর্য! ওই হাত-দেখিয়ে ভদ্রলোকই ইন্স্পেক্টর গরগরি! এমন অদ্ভুত ভাবে যে আংটির ঘটনাটা শেষ হবে তা ভাবতেই পারিনি।

কিন্তু ফেলুদা? ফেলুদা কোথায়?

ওর কথা মনে পড়তেই আমার চোখে একটা ঝিলিক-মারা আলো এসে পড়ল। যেদিক থেকে আসছে সেদিকে তাকিয়ে দেখি ফেলুদা আঙুলে আংটিটা পরে কিছুদূরে একটা খোলা জায়গায় দাঁড়িয়ে, গাছের পাতার ফাঁক দিয়ে এসে পড়া সূর্যের আলোটা আংটির হিরের উপর ফেলে সেটা রিফ্লেক্ট করে আমার চোখে ফেলছে।

আমি মনে বললাম—এই আংটি রহস্য সমাধানের ব্যাপারে কেউ যদি সত্যি করে বাদশা হয়ে থাকে, তবে সে ফেলুদাই।



কৈলাস চৌধুরীর পাথর

‘কার্ডটা কীরকম হয়েছে দ্যাখ তো।’

ফেলুদা ওর মানিবাগের ভিতর থেকে সড়াৎ করে একটা ভিজিটিং কার্ড বার করে আমায় দেখতে দিল। দেখি তাতে ছাপার অক্ষরে লেখা রয়েছে Prodosh C. Mitter, Private Investigator। বুঝতে পারলাম ফেলুদা এবার তার গোয়েন্দাগিরির ব্যাপারটা বেশ ফলাও করে জাহির করছে। আর তা করবে নাই বা কেন। বাদশাহি আংটির শয়তানকে ফেলুদা যে-ভাবে শায়েস্তা করেছিল, সে কথা ও ইচ্ছে করলে সকলকে বুক ফুলিয়ে বলে বেড়াতে পারত। তার বদলে ও শুধু একটি ভিজিটিং কার্ড ছাপিয়েছে এই তো!

ফেলুদার নাম আপনা থেকেই বেশ রটে গিয়েছিল। আমি জানি ও এর মধ্যে দু তিনটে রহস্যের ব্যাপারে গোয়েন্দাগিরির অফার পেয়েছে, কিন্তু কোনওটাই ওর মনের মতো হয়নি বলে না করে দিয়েছে।

কার্ডটা ব্যাগের মধ্যে পুরে রেখে পা দুটো টেবিলের উপর তুলে লম্বা করে ছড়িয়ে দিয়ে ফেলুদা বলল, ‘বড়দিনের ছুটিতে কিছুটা মাথা খাটানোর প্রয়োজন হবে বলে মনে হচ্ছে।’

আমি বললাম, ‘নতুন কোনও রহস্য বুঝি?’

ফেলুদার কথাটা শুনে ভীষণ এক্সাইটেড লাগছিল—কিন্তু বাইরে সেটা একদম দেখালাম না।

ফেলুদা তার প্যাণ্টের পাশের পকেট থেকে একটা ছোট্ট কৌটো বার করে তার থেকে

খানিকটা মাদ্রাজি সুপুরি নিয়ে মুখে পুরে দিয়ে বলল, 'তোরা খুব উত্তেজিত লাগছে বলে মনে হচ্ছে?'

সে কী, ফেলুদা বুঝল কী করে?

ফেলুদা নিজেই আমার প্রশ্নের জবাব দিয়ে দিল। 'কী করে বুঝলাম ভাবছিস? মানুষ তার মনের ভাব যতই গোপন করার চেষ্টা করুক না কেন, তার বাইরের ছোটখাটো হাবভাব থেকেই সেটা ধরা পড়ে যায়। কথাটা যখন তোকে বললাম, ঠিক সেই সময়টা তোর একটা হাই আসছিল। কিন্তু কথাটা শুনে মুখটা খানিকটা খুলেই বন্ধ হয়ে গেল। তুই যদি আমার কথায় উত্তেজিত না হতিস, তা হলে কিন্তু যথারীতি হাইটা তুলতিস—মাঝপথে থেমে যেতিস না।'

ফেলুদার এই ব্যাপারগুলো সত্যিই আমাকে অবাক করে দিত। ও বলত, পর্যবেক্ষণ ক্ষমতা না থাকলে ডিটেক্টিভ হবার কোনও মানে হয় না। এ ব্যাপারে যা খাঁটি কথা বলার সবই শার্লক হোমস বলে গেছেন। আমাদের কাজ শুধু তাঁকে ফলো করা।'

আমি বললাম, 'কী কাজে তোমাকে মাথা ঘামাতে হবে বললে না?'

ফেলুদা বলল, 'কৈলাস চৌধুরীর নাম শুনেছিস? শ্যামপুকুরের কৈলাস চৌধুরী?'

আমি বললাম, 'না, শুনিনি। কত বিখ্যাত লোক আছে কলকাতা শহরে—তার ক'জনের নামই বা আমি শুনেছি। আর আমার তো সবমাত্র পনেরো বছর বয়স।'

ফেলুদা একটা সিগারেট ধরিয়ে বলল, 'এরা রাজসাহিতে বড় জমিদার ছিল। কলকাতায় বাড়ি ছিল; পাকিস্তান হবার পর এখানে চলে আসে। কৈলাসবাবুর পেশা হচ্ছে ওকালতি। তা ছাড়া শিকারি হিসাবে নামডাক আছে। দুখানা শিকারের বই লিখেছেন। এই কিছুদিন আগে জলদাপাড়া রিজার্ভ ফরেস্টে একটা হাতি পাগল হয়ে গিয়ে উৎপাত আরম্ভ করেছিল উনি গিয়ে সেটাকে মেরে এলেন। কাগজে নামটাম বেরিয়েছিল।'

'কিন্তু তোমার মাথা খাটাতে হচ্ছে কেন? ভদ্রলোকের জীবনে কোনও রহস্য আছে নাকি?'

ফেলুদা জবাব না দিয়ে, তার কোটের বুক পকেট থেকে একটা চিঠি বার করে আমাকে দিল। 'পড়ে দ্যাখ।'

আমি চিঠির ভাঁজ খুলে পড়ে দেখলাম। তাতে এই লেখা ছিল—

'শ্রীপ্রদোষচন্দ্র মিত্র সমীপেষু।

সবিনয় নিবেদন,

অমৃতবাজার পত্রিকায় আপনার বিজ্ঞাপন দেখিয়া আপনাকে এই পত্র দেওয়া স্থির করিলাম। আপনি উপরোক্ত ঠিকানায় আসিয়া আমার সহিত সাক্ষাৎ করিলে বাঞ্ছিত হইব। কারণ সাক্ষাতে বলিব। আমি এক্সপ্রেস ডেলিভারি যোগে এই পত্র পাঠাইতেছি, সুতরাং আগামীকাল ইহা আপনার হস্তগত হইবে। আমি পরশু অর্থাৎ শনিবার, সকাল ১০টায় আপনার আগমন প্রত্যাশা করিব। ইতি ভবদীয় শ্রীকৈলাসচন্দ্র চৌধুরী।'

চিঠিটা পড়ামাত্র আমি বললাম, 'শনিবার সকাল দশটা মানে তো আজই, আর এক ঘণ্টার মধ্যেই।'

ফেলুদা বলল, 'তোরা দেখছি বেশ ইমপ্রুভমেন্ট হয়েছে। তারিখ-তারিখগুলো বেশ খেয়াল রাখছিস।'

আমার মনে এর মধ্যেই একটা সন্দেহ জেগে উঠেছে। বললাম, 'তোমাকেই যখন ডেকেছে, তখন কি আর সঙ্গে অন্য কেউ...'

ফেলুদা চিঠিটা আমার হাত থেকে নিয়ে সযত্নে ভাঁজ করে পকেটে রেখে বলল, 'তোরা বয়সটা কম বলেই হয়তো তোকে সঙ্গে নেওয়া যেতে পারে। কারণ তোকে হয়তো মানুষ বলেই ধরবেন না ভদ্রলোক। কাজেই তোরা সামনে কথাবার্তা বলতে আপত্তি করবেন না। যদি করেন,

তা হলে তুই না হয় পাশের ঘরে-টরে কোথাও অপেক্ষা করিস, সেই ফাঁকে আমরা কথা সেরে নেব।’

আমার বকের মধ্যে টিপ টিপ শুরু হয়ে গিয়েছে। ছুটিটা কী করব কী করব ভাবছিলাম। এখন মনে হচ্ছে হয়তো দারুণ ইন্টারেস্টিং ভাবেই কেটে যাবে।

দশটা বাজতে পাঁচ মিনিটে আমরা ট্রামে করে কর্নওয়ালিশ স্ট্রিট আর শ্যামপুকুর স্ট্রিটের মোড়ে পৌঁছলাম। পথে একবার ট্রাম থেকে নেমে ফেলুদা দাশগুপ্ত অ্যান্ড কোম্পানি থেকে কৈলাস চৌধুরীর লেখা একটা শিকারের বই কিনেছিল, সেটার নাম ‘শিকারের নেশা’। বাকি পথটা বইটা উলটেপালটে দেখল। ট্রাম থেকে নামার সময় সেটা কাঁধে ঝোলানো থলির মধ্যে রেখে বলল, ‘এমন সাহসী লোকের কেন ডিটেক্টিভের দরকার পড়েছে কে জানে।’

একান্ন নম্বর শ্যামপুকুর স্ট্রিট, একটা মস্ত পুরনো আমলের ফটকওয়ালা বাড়ি—যাকে বলে অট্টালিকা। সামনের দিকে বাগান, ফোয়ারা, পাথরের মূর্তি ইত্যাদি পেরিয়ে বাড়ির দরজায় কলিং বেল টেপার আধ মিনিটের মধ্যেই ভিতর থেকে পায়ের আওয়াজ পেলাম। দরজা খুলতে দেখি একজন ভদ্রলোক, যাকে দেখে কেন জানি মনে হল, তিনি কখনই কৈলাসবাবু নন, কারণ বাঘ মারা মানুষের এমন গোবেচারা চেহারা হতেই পারে না। মাঝারি সাইজের মোটা-সোটা ফরসা ভদ্রলোক বয়স ত্রিশের বেশি বলে মনে হয় না। চোখের চাহনিতে কেমন জানি একটা সরল, ছেলেমানুষি ভাব। লক্ষ করলাম ভদ্রলোকের হাতে একটা ম্যাগনিফাইং গ্লাস রয়েছে।

‘কাকে চান আপনারা?’ গলার আওয়াজ দেখলাম মানানসই রকমের মিহি ও নরম।

ফেলুদা একটা কার্ড বার করে ভদ্রলোককে দিয়ে বলল, ‘কৈলাসবাবুর সঙ্গে আমার একটা অ্যাপয়েন্টমেন্ট আছে। উনি চিঠি দিয়েছিলেন।’

ভদ্রলোক কার্ডটায় চোখ বুলিয়ে বললেন, ‘আসুন ভিতরে।’

দরজা দিয়ে ঢুকে একটা সিঁড়ি পেরিয়ে ভদ্রলোক একটা আপিস ঘরে নিয়ে গিয়ে আমাদের অপেক্ষা করতে বললেন।

‘আপনারা একটু বসুন—আমি মামাবাবুকে খবর দিচ্ছি।’

বহুদিনের পুরনো একটা কালো টেবিলের সামনে দুটো পুরনো হাতলওয়ালা চেয়ারে আমরা বসলাম। ঘরের তিনদিকে আলমারি বোঝাই পুরনো বই। সামনে টেবিলের উপর নজর যেতে একটা মজার জিনিস দেখলাম। তিনখানা মোটা স্ট্যাম্প অ্যালবাম একটার উপর আরেকটা স্তূপ করে রাখা রয়েছে, আরেকটা অ্যালবাম খোলা অবস্থায় পড়ে আছে, যাতে সারি সারি স্ট্যাম্প যত্ন করে আটকানো রয়েছে। কয়েকটা সেলোফেনের মধ্যে কিছু আলগা স্ট্যাম্পও রয়েছে, আর তা ছাড়া রয়েছে স্ট্যাম্প-কালেক্টারদের অত্যন্ত দরকারি ও আমার খুব চেনা কয়েকটা জিনিস, যেমন হিঞ্জ, চিমটে, স্ট্যাম্পের ক্যাটালগ ইত্যাদি। এখন বুঝতে পারলাম ভদ্রলোকের হাতের ম্যাগনিফাইং গ্লাসটাও এই কাজেই ব্যবহার হয়, আর তিনিই এই সব স্ট্যাম্পের কালেক্টর।

ফেলুদাও ওই সবে দিকেই দেখছিল, কিন্তু ও নিয়ে আমাদের মধ্যে কিছু কথা হবার আগেই ভদ্রলোক ফিরে এসে বললেন, ‘আপনারা বৈঠকখানায় এসে বসুন, মামা এফুনি আসছেন।’

মাথার উপর বিরাট ঝাড়লঠনওয়ালা বৈঠকখানায় গিয়ে আমরা দু’জনে সাদা খোলস দিয়ে ঢাকা একটা প্রকাণ্ড সোফার উপর বসলাম। ঘরের চারিদিকে পুরনো বড়লোকি ছাপ। একবার বাবার সঙ্গে বেলেঘাটার মল্লিকদের বাড়িতে ঠিক এইরকম সব আসবাব, পেন্টিং, মূর্তি আর ফুলদানির ছড়াছড়ি দেখেছিলাম। এছাড়া রয়েছে মেঝের উপর একটা রয়েল বেঙ্গল টাইগারের ছাল, আর দেয়ালে চারটে হরিণ, দুটো চিতাবাঘ আর একটা মহিষের মাথা।

প্রায় দশ মিনিট বসে থাকার পর একজন মাঝবয়সী কিন্তু বেশ জোয়ান গোছের ভদ্রলোক ঘরে ঢুকলেন। তাঁর রং ফরসা, নাকের তলায় সরু গোঁফ আর গায়ে সিল্ভার পাঞ্জাবি পায়জামা

আর ড্রেসিং গাউন।

আমরা দুজনেই উঠে দাঁড়িয়ে নমস্কার করলাম। ভদ্রলোক আমাকে দেখে যেন ভুরুটা একটু কপালে তুললেন। ফেলুদা বলল, ‘এটি আমার খুড়তুতো ভাই।’

ভদ্রলোক আমাদের পাশের সোফাতে বসে বললেন, ‘আপনারা কি দুজনে একসঙ্গে ডিটেক্টিভগিরি করেন?’

ফেলুদা হেসে বলল, ‘আজ্ঞে না। তবে ঘটনাচক্রে আমার সব কটা কেসের সঙ্গেই তপেশ জড়িত ছিল। ও কোনও অসুবিধা করেনি কখনও।’

‘বেশ!...অবনীশ, তুমি যেতে পারো। এদের জন্যে একটু জলযোগের ব্যবস্থা দেখো।’

স্ট্যাম্প-জমানো ভদ্রলোকটি দরজায় এসে দাঁড়িয়েছিলেন; তিনি তাঁর মামার আদেশ শুনে চলে গেলেন। কৈলাস চৌধুরী ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘কিছু মনে করবেন না আমার চিঠিটা কি আপনি সঙ্গে এনেছেন?’

ফেলুদা একটু হেসে বলল, ‘আমিই যে প্রদোষ মিস্ত্রির সেটার প্রমাণ চাইছেন তো? এই যে আপনার চিঠি।’

ফেলুদা পকেট থেকে কৈলাসবাবুর চিঠিটা বার করে ভদ্রলোকের হাতে দিল। উনি সেটায় একবার চোখ বুলিয়ে ‘থ্যাঙ্ক ইউ’ বলে ফেলুদাকে ফেরত দিয়ে দিলেন।

‘এ সব প্রিকশন নিতেই হয়, বুঝতেই পারছেন। যাই হোক—শিকারি বলে আমার একটা নামডাক আছে জানেন বোধ হয়।’

ফেলুদা বলল, ‘আজ্ঞে হ্যাঁ।’

ঘরের দেয়ালে জানোয়ারের মাথাগুলির দিকে আঙুল দেখিয়ে ভদ্রলোক বললেন, ‘এগুলো সব আমারই শিকার। সতেরো বছর বয়সে বন্দুক চালাতে শিখি। তার আগে অবিশ্যি এয়ার গান দিয়ে পাখি-টাখি মেরেছি। সম্মুখ সমরে জানোয়ার কোনওদিন আমার সঙ্গে পেরে উঠবে বলে মনে হয় না। কিন্তু...যে শত্রু অদৃশ্য ও অজ্ঞাত—সে আমাকে বড় ভাবিয়ে তোলে।’

ভদ্রলোক একটু থামলেন। আমার বুকের ভিতরটায় আবার টিপটিপ শুরু হয়েছে। জানি এফুনি ভদ্রলোক রহস্যের কথাটা বলবেন, কিন্তু এত কায়দা করে আস্তে আস্তে আসল কথাটায় যাচ্ছেন যে তাতে যেন সাসপেন্স আরও বেড়ে যায়।

কৈলাসবাবু আবার শুরু করলেন।

‘আপনার বয়স যে এত কম তা জানা ছিল না। কত হবে বলুন তো?’

ফেলুদা বলল, ‘টুয়েন্টি এইট।’

‘কাজেই, যে কাজের ভার আপনাকে দিতে যাচ্ছি সেটা আপনার পক্ষে কতদূর সম্ভব তা জানি না। পুলিশকে আমি এ ব্যাপারে জড়াতে চাই না, কারণ এর আগে আরেকটা ব্যাপারে তাদের সাহায্য নিয়ে ঠকেছি। ওরা অনেক সময় কাজের চেয়ে অকাজটা করে বেশি, আর এটাও ঠিক যে আমি তরুণদের অশ্রদ্ধা করি না মোটেই। কাঁচা বয়সের সঙ্গে পাকা বুদ্ধির সমাবেশটা খুব জোরাল হয় বলেই আমার বিশ্বাস।’

এবারে কৈলাসবাবুর থামার সুযোগ নিয়ে ফেলুদা গলা খাঁকরিয়ে বলল, ‘ঘটনাটা কী সেটা যদি বলেন...।’

কৈলাসবাবু এ কথার কোনও উত্তর না দিয়ে পকেট থেকে একটা ভাঁজ করা কাগজ বার করে ফেলুদাকে দিয়ে বললেন, ‘দেখুন তো এটা পরে কী বোঝেন।’

ফেলুদা কাগজটা খুলে ধরতে আমি পাশ থেকে ঝুঁকে পড়ে সেটায় চোখ বুলিয়ে নিলাম। তাতে ইংরেজিতে যা লেখা রয়েছে তার মানে হয় এই ‘পাপের বোঝা বাড়িয়ে না। যে জিনিসে তোমার অধিকার নেই, সে-জিনিস তুমি আগামী সোমবার বিকেল চারটের মধ্যে ভিস্টোরিয়া

মেমোরিয়ালের দক্ষিণ গেটের বিশ হাত ভিতর দিকে, রাস্তার বাঁ ধারে লিলি ফুলের প্রথম সারির প্রথম গাছটার নীচে রেখে আসবে। আদেশ অমান্য করার, বা পুলিশ-গোয়েন্দার সাহায্য নেওয়ার ফল ভাল হবে না—তোমার অনেক শিকারের মতোই তুমিও শিকারে পরিণত হবে একথা জেনে রেখো।’

‘কী মনে হয়?’ গভীর গলায় কৈলাসবাবু প্রশ্ন করলেন।

ফেলুদা কিছুক্ষণ মনোযোগ দিয়ে চিঠিটা দেখে বলল, ‘হাতের লেখা ভাঁড়ানো হয়েছে, কারণ একই অক্ষর দু-তিন জায়গায় দু-তিন রকম ভাবে লেখা হয়েছে। আর, নতুন প্যাডের প্রথম কাগজে লেখা।’

‘সেটা কী করে বুঝলেন?’

‘প্যাডের কাগজে লেখা হলে তার পরের কাগজে সে লেখার কিছুটা ছাপ থেকে যায়। এ কাগজ একেবারে মসৃণ।’

‘ভেরি গুড। আর কিছু?’

‘আর কিছু এ থেকে বলা অসম্ভব। এ চিঠি ডাকে এসেছিল?’

‘হ্যাঁ। পোস্টমার্ক পার্ক স্ট্রিট। তিনদিন আগে এ চিঠি পেয়েছি। আজ শনিবার ২০শে।’

ফেলুদা চিঠিটা ফেরত দিয়ে বলল, ‘এবার আপনাকে আমি কয়েকটি প্রশ্ন করতে চাই, কারণ আপনার শিকারের কাহিনী ছাড়া আপনার সম্বন্ধে কিছুই জানা নেই আমার।’

‘বেশ তো। করুন না। মিষ্টি মুখে পুরে খেতে খেতে করুন।’

চাকর রূপোর প্লেটে রসগোল্লা আর অমৃতি রেখে গেছে। ফেলুদাকে খাবার কথা বলতে হয় না। সে টপ করে একটা আস্ত রসগোল্লা মুখে পুরে দিয়ে বলল, ‘চিঠিতে যে জিনিসটার কথা লেখা হয়েছে সেটা কী জানতে পারি?’

কৈলাসবাবু বললেন, ‘ব্যাপারটা কী জানেন—যাতে আমার অধিকার নেই, এমন কোনও জিনিস আমার কাছে আছে বলে আমার জানা নেই। এ বাড়িতে যা কিছু আছে তা সবই হয় আমার নিজের কেনা, না হয় পৈতৃক সম্পত্তি। আর তার মধ্যে এমন কোনও জিনিস নেই যেটা আদায় করার জন্য কেউ আমাকে এমন চিঠি দিতে পারে। তবে একটিমাত্র জিনিস আছে যেটা বলতে পারেন মূল্যবান ও লোভনীয়।’

‘সেটা কী?’

‘একটা পাথর।’

‘পাথর?’

‘প্রেশাস স্টোন।’

‘আপনার কেনা?’

‘না, কেনা নয়।’

‘পৈতৃক সম্পত্তি?’

‘তাও না। পাথরটা পাই আমি মধ্যপ্রদেশে চাঁদার কাছে একটা জঙ্গলে। একটা বাঘকে ধাওয়া করে আমরা তিন-চার জন একটা জঙ্গলে ঢুকেছিলাম। শেষ পর্যন্ত সেটাকে মারা হয়। কাছেই একটা বহু পুরনো ভাঙা পরিত্যক্ত মন্দিরে একটা দেবমূর্তির কপালে পাথরটা লাগানো ছিল। ওটার অস্তিত্ব বোধহয় আমাদের আগে কেউই জানত না।’

‘ওটা কি আপনার চোখেই প্রথম পড়ে?’

‘মন্দিরটা সকলেই দেখেছিল, তবে পাথরটা প্রথম আমিই দেখি।’

‘সঙ্গে আর কে ছিল সেবার?’

‘রাইট বলে এক মার্কিন ছোকরা, কিশোরীলাল বলে এক পাঞ্জাবি, আর আমার ভাই কৈদার।’

‘আপনার ভাইও শিকার করেন?’
‘করত। এখন করে কি না জানি না। বছর চারেক হল ও বিদেশে।’
‘বিদেশ মানে?’
‘সুইজারল্যান্ড। ঘড়ির ব্যবসার ধান্দায়।’
‘যখন পাথরটা পেলেন তখন ওটা নিয়ে আপনাদের মধ্যে কাড়াকাড়ি হয়নি?’
‘না। তার কারণ ওটার যে কত দাম সেটা কলকাতায় এসে জুহুরিকে দেখাবার পর জানতে পারি।’

‘তারপর সে খবর আর কে জেনেছে?’
‘খুব বেশি লোককে বলিনি। এমনিতে আত্মীয়-স্বজন বিশেষ কেউ নেই। দু-একজন উকিল বন্ধুকে বলেছি, কেদার জানত, আর বোধহয় আমার ভাগনে অবনীশ জানে।’
‘পাথরটা বাড়িতেই আছে?’
‘হ্যাঁ। আমার ঘরেই থাকে।’
‘এত দামি জিনিস ব্যাঙ্কে রাখেন না যে?’
‘একবার রেখেছিলাম। যেদিন রেখেছিলাম তার পরের দিনই একটা মোটর অ্যাক্সিডেন্ট হয়—প্রায় মরতে মরতে বেঁচে যায়। তারপর থেকে ধারণা হয় ওটা কাছে না রাখলে ব্যাড লাক আসবে, তাই ব্যাঙ্ক থেকে আনিয়ে নিই।’
‘হুঁ...।’

ফেলুদার খাওয়া শেষ হয়ে গেছে। ওর ভ্রুকুটি দেখে বুঝলাম ও ভাবতে আরম্ভ করে দিয়েছে। জল খেয়ে রুমাল দিয়ে মুখ মুছে বলল, ‘আপনার বাড়িতে কে কে আছেন?’
‘আমি, আমার ভাগনে অবনীশ, আর তিনটে পুরনো চাকর। আর আমার বাবাও আছেন, তবে তিনি একেবারে অথর্ব, জরাগ্রস্ত। একটি চাকর তার পিছনেই লেগে থাকে সারাক্ষণ।’
‘অবনীশবাবু কী করেন?’
‘বিশেষ কিছুই না। ওর নেশা ডাকটিকিট সংগ্রহ করা। বলছে একটা টিকিটের দোকান করবে।’

ফেলুদা একটু ভেবে মনে মনে কী জানি হিসাব করে বলল, ‘আপনি কি চাইছেন আমি এই পত্রলেখকের অনুসন্ধান করি?’

কৈলাসবাবু যেন একটু জোর করেই হেসে বললেন, ‘বুঝতেই তো পারছেন এই বয়সে এ ধরনের অশাস্তি কি ভাল লাগে? আর শুধু যে চিঠি লিখছে তা নয়—কাল রাতে একটা টেলিফোনও করেছিল। ইংরেজিতে ওই একই কথা বলল। গলা শুনে চিনতে পারলাম না। কী বলল জানেন? বলল, নির্দিষ্ট জায়গায় এবং নির্দিষ্ট সময়ের মধ্যে জিনিসটা রেখে না এলে আমার বাড়িতে এসে আমাকে ঘায়েল করে দিয়ে যাবে। অথচ এ পাথর হাতছাড়া করতে আমি মোটেই রাজি নই। তা ছাড়া লোকটার যখন ন্যায্য দাবি নেই, অথচ হুমকি দিচ্ছে—তখন বুঝতে হবে সে বদমাইশ, সুতরাং তার শাস্তি হওয়া দরকার। সেটা কী করে সম্ভব সেটাই আপনি একটু ভেবে দেখুন।’

‘উপায় তো একটাই। বাইশ তারিখে সন্ধ্যাবেলা ভিক্টোরিয়া মেমোরিয়ালের আশেপাশে ঘাপটি মেরে বসে থাকা। তাকে তো আসতেই হবে।’

‘সে নিজে নাও আসতে পারে।’

‘তাতে ক্ষতি নেই। যে-ই এসে লিলি গাছের পাশে ঘুরঘুর করুক না কেন, সে যদি আসল লোক নাও হয়, তাকে ধরতে পারলে আসল লোকের সন্ধান পাওয়া অসম্ভব হবে না।’

‘কিন্তু আপনি বুঝতে পারছেন না। লোকটা ডেনজারাস হতে পারে। সে যখন দেখবে লিলি

গাছের তলায় পাথরটা নেই, তখন যে কী করতে পারে তা বলা যায় না। তার চেয়ে বাইশ তারিখের আগে—অর্থাৎ আজ আর কালের মধ্যে এই লোকটি কে তা যদি জানা সম্ভব হত তা হলে খুবই ভাল হত। এই চিঠি, আর ওই একটা টেলিফোন কল এই দুটো থেকে কিছু বার করা যায় না?’

ফেলুদা সোফা ছেড়ে উঠে পায়চারি শুরু করে দিয়েছে। ও বলল, ‘দেখুন কৈলাসবাবু, চিঠিতে সে লিখেছে যে, গোয়েন্দার সাহায্য নিলে ফল ভাল হবে না—সুতরাং আমি কিছু করি বা না করি, আপনি যে আমাকে ডেকেছেন, এতেই আপনার বিপদের একটা আশঙ্কা আছে। সুতরাং আপনি বরঞ্চ ভেবে দেখুন যে আমাদের সাহায্য চান কি না।’

কৈলাসবাবু ঠাণ্ডার মধ্যেও রুমাল দিয়ে তাঁর কপাল মুছে বললেন, ‘আপনি, এবং আপনার সঙ্গে আপনার ভাইটি—এ দুজনকে দেখলে কেউ মনে করবে না যে আপনাদের সঙ্গে গোয়েন্দার কোনও সম্পর্ক আছে। এটা একটা অ্যাডভানটেজ। আপনার নাম লোকে জেনে থাকলেও, আপনার চেহারা জানে কি? মনে তো হয় না। সুতরাং সেদিকে আমার বিশেষ ভয় নেই। আপনি রাজি হলে কাজটা নিন। উপযুক্ত পারিশ্রমিক আমি দেব।’

‘থ্যাঙ্ক ইউ। তবে যাবার আগে একবার পাথরটা দেখে যেতে চাই!’

‘নিশ্চয়ই।’

কৈলাসবাবুর পাথর ওঁর শোবার ঘরে আলমারির ভিতর থাকে। আমরা ভদ্রলোকের পিছন পিছন একটা শানবাঁধানো সিঁড়ি দিয়ে উঠে দোতলায় পৌঁছলাম। সিঁড়িটা গিয়ে পড়েছে একটা লম্বা, অন্ধকার বারান্দায়। তার দুদিকে সারি সারি প্রায় দশ-বারোটা ঘর, তার অনেকগুলো আবার তালা-বন্ধ। চারিদিকে একটা থমথমে ভাব, আর লোকজন নেই বলেই বোধ হয় সামান্য একটু আওয়াজ হলেই তার প্রতিধ্বনি হয়।

বারান্দার শেষ মাথায় ডানদিকের ঘর হল কৈলাসবাবুর শোবার ঘর। আমরা যখন বারান্দার মাঝামাঝি এসেছি, তখন দেখি পাশের একটা ঘরের দরজা অর্ধেক খোলা, আর তার ভিতর দিয়ে একজন ভীষণ বুড়ো লোক গলা বাড়িয়ে ঘোলাটে চোখে আমাদের দিকে দেখছে। আমরা তো দেখেই কীরকম ভয় ভয় করতে লাগল। কৈলাসবাবু বললেন, ‘উনিই আমার বাবা। মাথার ঠিক নেই। সব সময়েই এখান দিয়ে ওখান দিয়ে উঁকি মারেন।’

কাছাকাছি যখন এসেছি, তখন বুড়োর চাহনি দেখে সত্যিই আমার রক্ত জল হয়ে গেল। আর সেই ভয়াবহ চাহনি দিয়ে উনি তাকিয়ে রয়েছেন কৈলাসবাবুর দিকে।

বাবার ঘর পেরিয়ে কিছুদূর গেলে পর কৈলাসবাবু বললেন, ‘বাবার সকলের উপরেই আক্রোশ। ওঁর ধারণা সকলেই ওঁকে নেগলেস্ট করে। আসলে কিন্তু ওঁর দেখাশোনার ক্রটি হয় না।’

কৈলাসবাবুর ঘরে দেখলাম প্রকাণ্ড উঁচু খাট, আর তার মাথার দিকে ঘরের কোনায় আলমারি। সেটা খুলে তার দেরাজ থেকে একটা নীল ভেলভেটের বাক্স বার করে বললেন, ‘সাতরামদাসের দোকান থেকে এই বাক্সটা কিনে নিয়েছিলুম এই পাথরটা রাখার জন্য।’

বাক্সটা খুলে নীল আর সবুজ রং মেশানো লিচুর সাইজের একটা ঝলমলে পাথর বার করে কৈলাসবাবু ফেলুদার হাতে দিয়ে বললেন—

‘একে বলে ব্লু বেরিল। ব্রিজিল দেশে পাওয়া যায়। ভারতবর্ষে যে খুব বেশি আছে তা নয়। অন্তত এত বড় সাইজের বেশি নেই সে-বিষয়ে আমি নিঃসন্দেহ।’

ফেলুদা পাথরটা হাতে নিয়ে এদিক ওদিক নাড়িয়ে দেখে ফেরত দিয়ে দিল। এবার কৈলাসবাবু তাঁর পকেট থেকে একটা মানিব্যাগ বার করলেন। তারপর তার থেকে পাঁচটা দশটাকার নোট বার করে ফেলুদার দিকে এগিয়ে দিয়ে বললেন, ‘এইটে আগাম। কাজটা ভালয়



रिप्लाइंग

ভালয় উতরে গেলে বাকিটা দেব, কেমন?’

‘থ্যাঙ্ক ইউ’ বলে ফেলুদা নোটগুলো পকেটে পুরে নিল। চোখের সামনে ওকে রোজগার করতে এই প্রথম দেখলাম।

সিঁড়ি দিয়ে নীচে নামতে নামতে ফেলুদা বলল, ‘আমাদের ওই চিঠিখানা আমাকে দিতে হবে, আর অবনীশবাবুর সঙ্গে একটু কথা বলব।’

নীচে যখন পৌঁছলাম, ঠিক সেই সময় বৈঠকখানা থেকে টেলিফোন বাজতে আরম্ভ করেছে। কৈলাসবাবু তাড়াতাড়ি এগিয়ে গিয়ে ফোনটা ধরলেন।

‘হ্যালো।’

তারপর আর কোনও কথা নেই। আমরা বৈঠকখানায় ঢুকতেই কৈলাসবাবু ফ্যাকাশে মুখ করে ধপ করে টেলিফোনটা রেখে দিয়ে বললেন, ‘আবার সেই লোক, সেই হুমকি।’

‘কী বলল?’

‘এবার আর কোনও সন্দেহ রাখিনি।’

‘তার মানে?’

‘বলল—কোন জিনিসটা চাইছি বুঝতে পারছ বোধহয়। চাঁদার জঙ্গলের মন্দিরে যেটা ছিল সেইটে।’

‘আর কী বলল?’

‘আর কিছু না।’

‘গলা চিনলেন?’

না। তবে এইটুকু বলতে পারি যে গলাটা শুনতে ভাল লাগে না। আপনি বরং আরেকবার ভেবে দেখুন।’

ফেলুদা একটু হেসে বলল, ‘আমার ভাবা হয়ে গিয়েছে।’

কৈলাসবাবুর কাছ থেকে অবনীশবাবুর ঘরে গিয়ে দেখি তিনি ম্যাগনিফাইং গ্লাস দিয়ে টেবিলের উপর রাখা কী একটা জিনিস খুব মন দিয়ে পরীক্ষা করছেন। আমরা ঢুকতেই টেবিলের উপর হাতটা চাপা দিয়ে উঠে দাঁড়ালেন।

‘আসুন, আসুন!’

ফেলুদা বলল, ‘আপনার ডাকটিকিটের খুব শখ দেখছি।’

অবনীশবাবুর চোখ দুটো জ্বলজ্বল করে উঠল। ‘আপ্তে হ্যাঁ, ওই আমার একমাত্র নেশা। বলতে গেলে আমার ধ্যান জ্ঞান চিন্তা।’

‘আপনি কি কোনও দেশ নিয়ে স্পেশলাইজ করেন, না সারা পৃথিবীর টিকিট জমান?’

‘আগে সারা পৃথিবীরই জমাতুম, কিন্তু কিছুদিন হল ইন্ডিয়াতে স্পেশলাইজ করছি। আমাদের এই বাড়ির দপ্তরে যে কী আশ্চর্য সব পুরনো টিকিট রয়েছে তা বলতে পারি না। অবশ্যি বেশির ভাগই ইন্ডিয়ায়। গত দু মাস ধরে হাজার হাজার পুরনো চিঠির গাদা ঘেঁটে টিকিট সংগ্রহ করেছি।’

‘ভাল কিছু পেয়েছেন?’

‘ভাল? ভাল?’ ভদ্রলোক চেয়ার ছেড়ে উঠে দাঁড়ালেন। ‘আপনাকে বললে বুঝবেন? আপনার এ ব্যাপারে ইন্টারেস্ট আছে?’

ফেলুদা একটু হেসে বলল, ‘একটা বয়সে তো সকলেই ওদিকটায় ঝাঁকে—তাই নয় কী? কেপ-অফ-গুড-হোপের এক পেনি, মরিশাসের দু পেনি আর ব্রিটিশ গায়নার ১৮৫৬ সনের সেই বিখ্যাত স্ট্যাম্পগুলো পাবার স্বপ্ন আমিও দেখেছি। বছর দশেক আগে লাখ খানেক টাকা দাম ছিল ওগুলোর। এখন আরও বেড়েছে।’

অবনীশবাবু উত্তেজনায় প্রায় লাফিয়ে উঠলেন।

‘তা হলে মশাই আপনি বুঝবেন। আপনাকে দেখাই। এই দেখুন।’

ভদ্রলোক তার চাপা হাতের তলা থেকে একটা ছোট্ট রঙিন কাগজ ফেলুদাকে দিলেন। দেখি খাম থেকে খোলা রং প্রায় মিলিয়ে যাওয়া একটা টিকিট।

‘কী দেখলেন?’ অবনীশবাবু প্রশ্ন করলেন।

ফেলুদা বলল, ‘শ’খানেক বছরের পুরনো ভারতবর্ষের টিকিট। ভিক্টোরিয়ার ছবি। এ টিকিট আগে দেখেছি।’

‘দেখেছেন তো? এবার এই গ্লাসের মধ্যে দিয়ে দেখুন।’

ফেলুদা ম্যাগনিফাইং গ্লাস চোখে লাগাল।

‘এবার কী দেখছেন?’ ভদ্রলোকের গলায় চাপা উত্তেজনা।

‘এতে তো ছাপার ভুল রয়েছে।’

‘এগজ্যাক্টলি।’

‘POSTAGE কথাটার G-এর জায়গায় C ছাপা হয়েছে।’

অবনীশবাবু টিকিট ফেরত নিয়ে বললেন, ‘তার ফলে এটার দাম কত হচ্ছে জানেন?’

‘কত?’

‘বিশ হাজার টাকা।’

‘বলেন কী?’

‘আমি বিলেত থেকে চিঠি লিখে খোঁজ নিয়েছি। এই ভুলটার উল্লেখ স্ট্যাম্প ক্যাটালগে নেই। আমিই প্রথম এটার অস্তিত্ব আবিষ্কার করলাম।’

ফেলুদা বলল, ‘কনথ্যাচুলেশন্স। কিন্তু আপনার সঙ্গে টিকিট ছাড়াও অন্য ব্যাপারে একটু আলোচনা ছিল।’

‘বলুন।’

‘আপনার মামা—কৈলাসবাবু—তাঁর যে একটা দামি পাথর আছে সেটা আপনি জানেন?’

অবনীশবাবুকে যেন কয়েক সেকেন্ড ভাবতে হল। তারপর বললেন, ‘ও হ্যাঁ হ্যাঁ। শুনেছিলাম বটে। দামি কি না জানি না—তবে ‘লাকি’ পাথর সেটা একবার বলেছিলেন বটে। কিছু মনে করবেন না। আমার মাথায় এখন ডাকটিকিট ছাড়া কিছু নেই।’

‘আপনি এ বাড়িতে কদিন আছেন?’

‘বাবা মারা যাবার পর থেকেই। প্রায় পাঁচ বছর।’

‘মামার সঙ্গে আপনার গোলমাল নেই তো?’

‘কোন মামা? এক মামা তো বিদেশে।’

‘আমি কৈলাসবাবুর কথা বলছি।’

‘ও। ইনি অত্যন্ত ভাল লোক, তবে...’

‘তবে কী?’

অবনীশ ভুরু কুঁচকালেন।

‘ক’দিন থেকে—কোনও একটা কারণে—ওঁকে যেন একটু অন্যরকম দেখছি।’

‘কবে থেকে?’

‘এই দু-তিন দিন হল। কাল ওঁকে আমার এই স্ট্যাম্পটার কথা বললাম—উনি যেন শুনেও শুনলেন না। অথচ এমনিতে রীতিমতো ইন্টারেস্ট নেন। আর তা ছাড়া, ওঁর কতগুলো অভ্যেস কীরকম যেন বদলে যাচ্ছে।’

‘উদাহরণ দিতে পারেন?’

‘এই যেমন, এমনিতে রোজ সকালে উঠে বাগানে পায়চারি করেন, গত দুদিন করেননি। ঘুম থেকে উঠেইছেন দেহিতে। বোধহয় রাত জাগছেন বেশি।’

‘সেটার কোনও ইঙ্গিত পেয়েছেন?’

‘হ্যাঁ। আমি তো একতলায় শুই। আমার ঠিক উপরের ঘরটাই আমার। পায়চারি করার শব্দ পেয়েছি মাঝ রাত্রে। গলার স্বরও পেয়েছি। বেশ জোরে। মনে হল ঝগড়া করছেন।’

‘কার সঙ্গে?’

‘বোধহয় দাদু। দাদু ছাড়া আর কে হবেন। সিঁড়ি দিয়ে ওঠা-নামা করারও শব্দ পেয়েছি। একদিন তো সন্দেহ করে সিঁড়ির নীচটায় গিয়ে দাঁড়িয়ে ছিলাম। দেখলাম মামা ছাত্ত থেকে দোতলায় নামলেন, হাতে বন্দুক।’

‘তখন কটা?’

‘রাত দুটো হবে।’

‘ছাতে কী আছে?’

‘কিছুই নেই। কেবল একটা ঘর আছে—চিলেকোঠা যাকে বলে। পুরনো চিঠিপত্র কিছু ছিল ওটায়, সে সব আমি মাস খানেক হল বের করে এনেছি।’

ফেলুদা উঠে পড়ল। বুঝলাম তার আর কিছু জিজ্ঞেস করার নেই।

অবনীশবাবু বললেন, ‘এ সব কেন জিজ্ঞেস করলেন বলুন তো।’

ফেলুদা একটু হেসে বলল, ‘আপনার মামা কোনও কারণে একটু উদ্ভিগ্ন আছেন। তবে সে নিয়ে আপনি ভাববেন না। আপনি স্ট্যাম্প নিয়েই থাকুন। এদিকের ঝামেলা মিটলে একদিন এসে আপনার কালেকশান দেখব’খন।’

কৈলাসবাবুর সঙ্গে একবার শেষ দেখা করে ফেলুদা বলল, ‘আপনাকে ষোলো আনা ভরসা দিতে পারছি না, তবু এটুকু বলছি যে আপনার ভাবনাটা আমায় ভাবতে দিন। রাত্রে ঘুমোতে চেষ্টা করুন, দরকার হলে ওষুধ খেয়ে। আর ছাতে যাবেন না দয়া করে। এপাড়ার বাড়িগুলো যেরকম ঘেঁষাঘেঁষি আপনার শত্রু পাশের কোনও বাড়িতে এসে আস্তানা গেড়ে থাকলে বিপদ হতে পারে।’

কৈলাসবাবু বললেন, ‘ছাতে গিয়েছিলাম বটে, তবে সঙ্গে বন্দুক ছিল। একটা আওয়াজ পেয়েই গিয়েছিলাম, যদিও গিয়ে কিছুই দেখতে পাইনি।’

‘বন্দুকটা সব সময়ই কাছে রাখেন তো?’

‘তা রাখি। তবে মানুষের মনের উদ্বেগ অনেক সময় তার হাতের আঙুলে সঞ্চারিত হয় সেটা জানেন তো? বেশিদিন এইভাবে চললে আমার টিপের কী হবে জানি না।’

* * *

পরের দিন ছিল রবিবার। সারা দিনের মধ্যে বেশির ভাগটা সময় ফেলুদা ওর ঘরে পায়চারি করেছে। বিকেলে চারটে নাগাত ওকে পায়জামা ছেড়ে প্যান্ট পরতে দেখে জিজ্ঞেস করলাম, ‘তুমি কি বেরোচ্ছ?’

ফেলুদা বলল, ‘ভিক্টোরিয়া মেমোরিয়ালের লিলি গাছগুলো একবার দেখে আসব ভাবছি। যাবি তো চা।’

ট্রামে করে গিয়ে লোয়ার সারকুলার রোডের মোড়ে নেমে হাঁটতে হাঁটতে পাঁচটা নাগাত ভিক্টোরিয়া মেমোরিয়ালের দক্ষিণ গেটটায় পৌঁছলাম। এদিকটায় লোকজন একটু কম আসে। বিশেষ করে সন্দের দিকটায় যা লোক আসে সবই সামনের দিকে—মানে, উত্তরে—গড়ের মাঠের দিকে।

গেট দিয়ে ঢুকে বিশ হাত আন্দাজ করে এগিয়ে গিয়ে দেখি বাঁ দিকে সত্যিই লিলি গাছের

কেয়ারি। তার প্রথম সারির প্রথম গাছটার নীচেই পাথরটা রাখার কথা।

লিলি গাছের মতো এত সুন্দর জিনিস দেখেও গা-টা কেমন জানি না হুম্‌হুম্‌ করে উঠল। ফেলুদা বলল, ‘কাকার একটা বাইনোকুলার ছিল না—যেটা সেবার দার্জিলিং নিয়ে গেছিলেন?’ আমি বললাম, ‘আছে।’

মিনিট পনেরো ভিক্টোরিয়া মেমোরিয়ালে ঘুরে আমরা একটা ট্যাক্সি নিয়ে সোজা চলে গেলাম লাইটহাউসের সামনে। ফেলুদার কি সিনেমা দেখার শখ হল নাকি? কিন্তু শেষ পর্যন্ত সিনেমায় না ঢুকে ও গেল উলটোদিকের একটা বইয়ের দোকানে। এ বই সে বই ঘেঁটে ফেলুদা দেখি একটা বিরাট মোটা স্ট্যাম্প ক্যাটালগ নিয়ে তার পাতা উলটোতে আরম্ভ করল। আমি পাশ থেকে ফিসফিস করে বললাম, ‘তুমি কি অবনীশবাবুকে সন্দেহ করছ নাকি?’

ফেলুদা বলল, ‘এত যার স্ট্যাম্পের শখ, তার কিছুটা কাঁচা টাকা হাতে পেলে সুবিধে হয় বইকী?’

আমি বললাম, ‘কিন্তু আমরা যখন দোতলা থেকে একতলায় এলাম, তখন যে টেলিফোনটা এল, সেটা তো আর অবনীশবাবু করেননি।’

‘না। সেটা করেছিল মসলন্দপুরের আদিত্যনারায়ণ সিংহ।’

বুঝলাম ফেলুদা এখন ঠাট্টার মেজাজে রয়েছে, ওর সঙ্গে আপাতত আর এ-বিষয়ে কথা বলা চলবে না।

বাড়ি যখন ফিরলাম তখন আটটা বেজে গেছে। ফেলুদা কোটটা খুলে বিছানায় ছুঁড়ে ফেলে দিয়ে বলল, ‘আমি যতক্ষণ হাতমুখ ধুচ্ছি, তুই ডিরেক্টরি থেকে কৈলাসবাবুর টেলিফোন নাম্বারটা বার কর তো।’

ডিরেক্টরি হাতে নিয়ে টেলিফোনের সামনে বসা মাত্র ক্রিং করে ফোনটা বেজে উঠে আমায় বেশ চমকে দিল। আমাকেই ধরতে হয়। তুলে নিলাম রিসিভারটা।

‘হ্যালো।’

কে কথা বলছেন?’

এ কী অদ্ভুত গলা! এ গলা তো চিনি না! বললাম, ‘কাকে চাই?’

কর্কশ গভীর গলায় উত্তর এল, ‘ছেলেমানুষ বয়সে গোয়েন্দাদের সঙ্গে ঘোরাফেরা করা হয় কেন? প্রাণের ভয় নেই?’

আমি ফেলুদার নাম ধরে ডাকতে গেলাম, কিন্তু গলা দিয়ে আওয়াজ বেরোল না। কাঁপতে কাঁপতে টেলিফোনটা রেখে দেওয়ার আগে শুনতে পেলাম লোকটা বলল, ‘সাবধান করে দিচ্ছি—তোমাকেও, তোমার দাদাকেও। ফল ভাল হবে না।’

আমি কাঠ হয়ে চেয়ারে বসে রইলাম। বাথরুম থেকে বেরিয়ে এসে ফেলুদা বলল, ‘ও কী—ওরকম থুম মেরে বসে আছিস কেন? কার ফোন এসেছিল?’

কোনওমতে ঘটনাটা ফেলুদাকে বললাম। দেখলাম ও-ও গভীর হয়ে গেল। তারপর পিঠে একটা চাপড় মেরে বলল, ‘বাবড়াস না। লোক থাকবে—পুলিশের লোক। বিপদের কোনও ভয় নেই। ভিক্টোরিয়া মেমোরিয়ালে একবার যেতেই হবে কালকে।’

রাত্রে ভাল ঘুম হল না। শুধু যে টেলিফোনের জন্য তা নয়; কৈলাসবাবুর বাড়ির ভিতরের অনেক কিছুই বার বার চোখের সামনে ভেসে উঠছিল। সেই লোহার রেলিং দেওয়া ছাদ পর্যন্ত উঠে যাওয়া সিঁড়ি, দোতলায় মার্বেল-বাঁধানো অঙ্ককার লম্বা বারান্দা, আর তার দরজার ফাঁক দিয়ে বার করা কৈলাসবাবুর বাবার মুখ। কৈলাসবাবুর দিকে ওরকম ভাবে চেয়েছিলেন কেন তিনি? আর কৈলাসবাবু বন্দুক হাতে ছাতে গিয়েছিলেন কেন? কীসের শব্দ পেয়েছিলেন উনি?

ঘুমোতে যাবার আগে ফেলুদা একটা কথা বলেছিল—‘জানিস, তোপসে—যারা চিঠি লিখে

আর টেলিফোন করে হুমকি দেয়—তারা বেশির ভাগ সময়েই আসলে কাওয়ার্ড হয়।’ এই কথাটার জন্যই বোধ হয় শেষ পর্যন্ত ঘুমটা এসে গেল।

* * *

পরদিন সকালে ফেলুদা কৈলাসবাবুকে ফোন করে বলল তিনি যেন নিশ্চিন্তে বাড়িতে বসে থাকেন; যা করবার ফেলুদাই করবে।

আমি জিজ্ঞেস করলাম, ‘কখন যাবে ভিক্টোরিয়া মেমোরিয়ালে?’

ফেলুদা বলল, ‘কাল যে সময় গিয়েছিলাম, সেই সময়। ভাল কথা, তোর স্কুলের ড্রইং-এর খাতা, পেনসিল-টেনসিল আছে তো?’

আমি একটু ঘাবড়ে গেলাম।

‘কেন, তা দিয়ে কী হবে?’

‘আছে কি না বল না!’

‘তা তো থাকতে হবেই।’

‘সঙ্গে নিয়ে নিবি। লিলি গাছের উলটো দিকে কিছুদূরে দাঁড়িয়ে তুই ছবি আঁকবি—গাছপালা, মেমোরিয়াল বিল্ডিং—যা হয় একটা কিছু। আমি হব তোর মাস্টার।’

ফেলুদার আঁকার হাত রীতিমতো ভাল। বিশেষ করে, মাত্র একবার যে-মানুষকে দেখেছে, পেনসিল দিয়ে খসখস করে মোটামুটি তার একটা পোর্ট্রেট আঁকার আশ্চর্য ক্ষমতা ফেলুদার আছে। কাজেই ড্রইংমাস্টারের কাজটা তার পক্ষে বেমানান হবে না।

শীতকালের দিন ছোট হয়, তাই আমরা চারটের কিছু আগেই ভিক্টোরিয়া মেমোরিয়াল পৌঁছে গেলাম। সোমবার ভিড়টা আরও কম। তিনটে পেরামবুলেটার সাহেবের বাচ্চাদের নিয়ে নেপালি আয়ারা ঘোরাফেরা করছে; একটা পরিবারকে দেখে মাড়োয়ারি বলে মনে হল; আর তা ছাড়া দু-একজন বুড়ো ভদ্রলোক। এদিকটায় আর বিশেষ কেউ নেই। কম্পাউন্ডের মধ্যেই, কিন্তু গেট থেকে বেশ কিছুটা দূরে চৌরঙ্গির দিকটায় একটা বড় গাছের তলায় দুজন প্যান্টপরা লোককে দেখলাম, যাদের দিকে দেখিয়ে ফেলুদা আস্তে করে আমায় কনুই দিয়ে একটা খোঁচা দিল। বুঝলাম ওরাই হচ্ছে পুলিশের লোক। ওদের কাছে নিশ্চয়ই লুকোনো রিভলবার আছে। ফেলুদার সঙ্গে পুলিশের কিছু লোকের বেশ খাতির আছে এটা জানতাম।

লিলি ফুলের সারির উলটো দিকে কিছুটা দূরে খাতা-পেনসিল বার করে ছবি আঁকতে আরম্ভ করলাম। এ অবস্থায় কি আঁকায় মন বসে? চোখ আর মন দুটোই অন্য দিকে চলে যায়, আর ফেলুদা মাঝে মাঝে এসে ধমক দেয়, আর পেনসিল দিয়ে খসখস করে হিজিবিজি এঁকে দেয়—যেন কতই না কারেক্ট করছে! আমার কাছ থেকে দূরে সরে গেলেই ফেলুদা বাইনোকুলার চোখে লাগিয়ে এদিক ওদিক দেখে।

সূর্য প্রায় ডুবু ডুবু। কাছেই গির্জার ঘড়িতে ঢং ঢং করে পাঁচটা বাজল। লোকজন কমে আসছে, কারণ একটু পরেই বেশ ঠাণ্ডা পড়বে। মাড়োয়ারিরা একটা বিরাট গাড়িতে উঠে চলে গেল। আয়াগুলোও পেরামবুলেটার ঠেলতে ঠেলতে রওনা দিল। লোয়ার সারকুলার রোড দিয়ে আপিস ফেরতা গাড়ির ভিড় আরম্ভ হয়েছে, ঘন ঘন হর্নের শব্দ কানে আসছে। ফেলুদা আমার পাশে এসে ঘাসের উপর বসতে গিয়ে বসল না। দেখলাম তার চোখ ভিক্টোরিয়া মেমোরিয়ালের গেটের দিকে। আমি সেইদিকে চেয়ে গেটের বেশ কিছুটা বাইরে রাস্তার ধারে একজন ব্রাউন চাদর জড়ানো লোক ছাড়া আর কাউকে দেখতে পেলাম না। ফেলুদা চোখে বাইনোকুলার লাগিয়ে কিছুক্ষণ ওই দিকে দেখে বাইনোকুলারটা আমার হাতে দিয়ে বলল, ‘দ্যাখ।’

‘ওই চাদর গায়ে দেওয়া লোকটাকে?’

‘হঁ।’

বাইনোকুলার চোখে লাগাতেই লোকটা যেন দশ হাতের মধ্যে চলে এল, আর আমিও চমকে উঠে বললাম, ‘এ কী—এ যে কৈলাসবাবু নিজে এসে দাঁড়িয়ে রয়েছেন!’

‘হ্যাঁ। চল—নিশ্চয়ই আমাদের খুঁজতে এসেছেন।’

কিন্তু আমরা রওনা হবার সঙ্গে সঙ্গেই দেখলাম ভদ্রলোক হাঁটতে আরম্ভ করলেন। গেটের বাইরে এসে কৈলাসবাবুকে আর দেখা গেল না।

ফেলুদা বলল, ‘চল শ্যামপুকুর। ভদ্রলোক বোধ হয় আমাদের দেখতে পাননি, আর না দেখে নিশ্চয়ই চিন্তিত হয়ে পড়েছেন।’

ট্যাক্সি পেলে ট্যাক্সিই নিতাম, কিন্তু আপিস টাইমে সেটা সম্ভব নয়, তাই ট্রাম ধরার মতলবে চৌরঙ্গির দিকে রওনা দিলাম। রাস্তা দিয়ে পর পর লাইন করে গাড়ি চলেছে। হঠাৎ ক্যালকাটা ক্লাবের সামনে এসে একটা কাণ্ড হয়ে গেল যেটা ভাবলে এখনও আমার ঘাম ছুটে যায়। কথা নেই বার্তা নেই, ফেলুদা হঠাৎ একটা হ্যাঁচকা টান মেরে প্রায় আমাকে ছুঁড়ে রাস্তার একেবারে কিনারে ফেলে দিল। আর সেই সঙ্গে নিজেও একটা লাফ দিল। পরমুহূর্তে, দারুণ স্পিডে আর দারুণ শব্দ করে একটা গাড়ি আমাদের প্রায় গা ঘেঁষে চলে গেল।

‘হোয়াট দ্য ডেভিল!’ ফেলুদা বলে উঠল। ‘গাড়ির নান্দারটা...’

কিন্তু সেটার আর কোনও উপায় নেই। সন্ধ্যার অন্ধকারে অন্য গাড়ির ভিড়ের মধ্যে সে গাড়ি মিলিয়ে গেছে। আমার হাতের খাতা-পেনসিল কোথায় ছিটকে পড়েছে তার ঠিক নেই, তাই সেটা খুঁজে আর সময় নষ্ট করলাম না। এটা বেশ বুঝতে পারছিলাম যে ফেলুদা ঠিক সময় বুঝতে না পারলে আমরা দুজনেই নির্ঘাত গাড়ির চাকার তলায় চলে যেতাম।

ট্রামে ফেলুদা সারা রাস্তা ভীষণ গভীর মুখ করে রইল। কৈলাসবাবুর বাড়িতে পৌঁছে সোজা বৈঠকখানায় গিয়ে সোফায় বসা কৈলাসবাবুকে ফেলুদা প্রথম কথা বলল, ‘আপনি দেখতে পেলেন না আমাদের?’

ভদ্রলোক কেমন যেন থতমত খেয়ে গেলেন। বললেন, ‘কোথায় দেখতে পেলাম না? কী বলছেন আপনি?’

‘কেন, আপনি ভিক্টোরিয়া মেমোরিয়াল যাননি?’

‘আমি? সে কী কথা! আমি তো এতক্ষণ শোবার ঘরে বিছানায় শুয়ে ভাবনায় ছুটফট করছিলাম—এই সবে মাত্র নীচে এসেছি।’

‘তা হলে কি আপনার কোনও যমজ ভাই আছে নাকি?’

কৈলাসবাবু কীরকম যেন একটু অবাক হয়ে গেলেন। তারপর বললেন, ‘সে কী, আপনাকে সেদিন বলিনি?’

‘কী বলেননি?’

‘কেদারের কথা? কেদার যে আমার যমজ ভাই।’

ফেলুদা সোফার উপর বসে পড়ল। কৈলাসবাবুর মুখটা যেন কেমন শুকিয়ে গেল। কাঁপা কাঁপা গলায় বললেন, ‘আপনি কেদারকে দেখেছেন? সে ওখানে ছিল?’

‘উনি ছাড়া আর কেউ হতেই পারেন না।’

‘সর্বনাশ!’

‘কেন বলুন তো? কেদারবাবুর কি ওই পাথরটার উপর কোনও অধিকার ছিল?’

কৈলাসবাবু হঠাৎ কেমন যেন নেতিয়ে পড়লেন। সোফার হাতলে মাথাটা এলিয়ে দিয়ে একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘তা ছিল...তা ছিল। কেদারই প্রথম পাথরটা দেখে। আমি মন্দিরটা দেখি, কিন্তু দেবমূর্তির কপালে পাথর কেদারই প্রথম দেখে।’

‘তারপর?’

‘তারপর আর কী। একরকম আবদার করেই পাথরটা আমি নিই। অবিশ্যি মনে জানতুম ওটা আমার কাছে থাকলে থাকবে, কেদার নিলে ওটা বেচে দেবে, দিয়ে টাকাটা নষ্ট করবে। আর ওটার যে কত দাম সেটা আমি জেনেও কেদারকে জানাইনি। সত্যি বলতে কী, কেদার যখন বিদেশে চলে গেল, তখন আমার মনে একটা নিশ্চিত্ত ভাব এল। কিন্তু ওখানে হয়তো ও বিশেষ সুবিধা করতে পারেনি, তাই ফিরে এসেছে। হয়তো পাথরটাকে নিয়ে বিক্রি করে সেই টাকায় নতুন কিছু ব্যবসা ফাঁদবো।’

একটুকু চুপ করে থেকে ফেলুদা বলল, ‘এখন উনি কী করতে পারেন সেটা বলতে পারেন?’
কৈলাসবাবু বললেন, ‘জানি না। তবে আমার মুখোমুখি তো একবার তাকে আসতেই হবে। বাড়ি থেকে যখন বেরোই না, আর লিলি গাছের নীচে পাথর যখন রাখিনি, তখন সে আসবেই।’
‘আপনি কি চান আমি এখানে থেকে একটা কোনও ব্যবস্থা করি?’

‘না। তার কোনও প্রয়োজন হবে না। সে আমাকে কথা বলার সুযোগ না দিয়ে কিছু করবে বলে মনে হয় না। আর কথা যদি বলতে আসে, তা হলে ভাবছি পাথরটা দিয়েই দেব। আপনার কর্তব্য এখানেই শেষ। আপনি যে লাইফ রিস্ক করে আজ ভিক্টোরিয়া মেমোরিয়ালে গিয়েছিলেন, তার জন্যে সত্যিই আমি কৃতজ্ঞ। আপনি বিলটা পাঠিয়ে দেবেন, একটা চেক আমি দিয়ে দেব।’

ফেলুদা বলল, ‘লাইফ রিস্কই বটে। একটা গাড়ি তো পিছন থেকে এসে প্রায় আমাদের শেষ করে দিয়েছিল!’

আমার কনুইটা খানিকটা ছড়ে গিয়েছিল, আমি সেটা এতক্ষণ হাত দিয়ে ঢাকবার চেষ্টা করছিলাম, কিন্তু চেয়ার ছেড়ে ওঠবার সময় ফেলুদা সেটা দেখে ফেলল।

‘ও কী রে, তোর হাতে যে রক্ত!’ তারপর কৈলাসবাবুর দিকে ফিরে বলল, ‘কিছু যদি মনে না করেন—আপনার এখানে একটু ডেটল বা আয়োডিন হবে কি? এই সব ঘাগুলো আবার বড্ড চট করে সেপটিক হয়ে যায়।’

কৈলাসবাবু ব্যস্ত হয়ে বললেন, ‘ইস—যা হয়েছে কলকাতার রাস্তাঘাট! দেখি, অবনীশকে জিজ্ঞেস করি!’

অবনীশবাবুর ঘরের সামনে গিয়ে ডেটলের কথা জিজ্ঞেস করতেই উনি কেমন যেন একটু অবাক হয়ে বললেন, ‘তুমি যে এই দিন সাতেক আগেই আনলে। সে কি এর মধ্যেই ফুরিয়ে গেল?’

কৈলাসবাবু একটু অপ্রস্তুত হয়ে বললে, ‘ওহো, তাই তো! এই দ্যাখ, খেয়ালই নেই। আমার কি আর মাথার ঠিক আছে?’

ডেটল লাগিয়ে কৈলাসবাবুর বাড়ি থেকে বেরিয়ে এসে দেখি ফেলুদা কর্নওয়ালিশ স্ট্রিটে ট্রামের দিকে না গিয়ে যাচ্ছে উলটো দিকে। আমি কিছু জিজ্ঞেস করার আগেই ও বলল, ‘গণপতিদা’র কাছে একবার টেস্টম্যাচের টিকিটের কথাটা বলে যাই। এত কাছেই যখন এসেছি...’

কৈলাসবাবুর দুটো বাড়ি পরেই গণপতি চ্যাটার্জির বাড়ি। আমি ওর নাম শুনেছি ফেলুদার কাছে, কিন্তু দেখিনি কখনও। রাস্তার উপরেই সামনের ঘর, টোকা মারতেই গেঞ্জির উপর পুলোভার পরা একজন নাদুসনুদুস ভদ্রলোক দরজা খুলল।

‘আরে, ফেলু মাস্টার যে—কী খবর?’

‘একটা খবর তো বুঝতেই পারছেন।’

‘তা তো বুঝছি, তবে সশরীরে তাগাদা না দিতে এলেও চলত। তোমার রিকোর্ডে কি ভুলি? যখন বলিচি দেব তখন দেবই।’

‘আসার কারণ অবিশ্যি আরেকটা আছে। আপনার বাড়ির ছাত থেকে গুনিচি উত্তর কলকাতার একটা খুব ভাল ভিউ পাওয়া যায়। একটা ফিল্ম কোম্পানির জন্য সেইটে একবার দেখতে চাইছিলাম।’

‘স্বচ্ছন্দে! সটান সিঁড়ি দিয়ে চলে যাও। আমি এদিকে চায়ের আয়োজন করছি।’

চারতলার ছাতে উঠে পূর্ব দিকে চাইতেই দেখি—কৈলাসবাবুদের বাড়ি। একতলার বাগান থেকে ছাত অবধি দেখা যাচ্ছে। দোতলার একটা ঘরে আলো জ্বলছে—আর তার ভিতরে একজন লোক খুটখুট করে এদিক ওদিক ঘুরে বেড়াচ্ছে। খালি চোখেই বুঝতে পারলাম সেটা কৈলাসবাবুর বাবা। ছাতের ওপর ওই যে চিলেকোঠা—তার জানলার দিকে দেয়ালটা দেখা যাচ্ছে। দরজাটা বোধহয় উলটো দিকে।

দোতলার একটা বাতি জ্বলে উঠল। বুঝলাম সেটা সিঁড়ির বাতি। ফেলুদা বাইনোকুলার চোখে লাগাল। একজন লোক সিঁড়ি দিয়ে উঠছে। কে? কৈলাসবাবু। এতদূর থেকেও তার লাল সিন্ধের ড্রেসিং গাউনটা দেখেই বোঝা যায়। কয়েক সেকেন্ডের জন্য কৈলাসবাবুকে দেখা গেল না। তারপর হঠাৎ দেখি উনি ছাতে উঠে এসেছেন। আমরা দুজনেই চট করে একসঙ্গে নিচু হয়ে শুধু চোখদুটো পাঁচিলের ওপর দিয়ে বার করে রাখলাম।

কৈলাসবাবু এদিক ওদিক দেখে চিলেকোঠার উলটোদিকে চলে গেলেন। তারপর ঘরের বাতি জ্বলে উঠল। কৈলাসবাবুকে জানালায় দেখা গেল। উনি আমাদের দিকে পিঠ করে দাঁড়িয়ে আছেন। আমার বকের ভিতরে ভীষণ জোরে টিপ টিপ আরম্ভ হয়ে গেছে। কৈলাসবাবু কিছুক্ষণ দাঁড়িয়ে থেকে মাটিতে বসে পড়লেন।

কিছুক্ষণ পর কৈলাসবাবু আবার ঘরের বাতি নিভিয়ে সিঁড়ি দিয়ে নীচে চলে গেলেন।

ফেলুদা শুধু বলল, ‘গোলমাল, গোলমাল।’

ফেলুদার এরকম অবস্থায় আমি ওকে বিশেষ কিছু বলতে সাহস পাই না। অন্য সময় মাথায় চিন্তা থাকলেও পায়চারি করে, কিন্তু আজ দেখলাম ও সটান বিছানায় শুয়ে সিলিং-এর দিকে তাকিয়ে আছে। রাত সাড়ে নটায় দেখলাম ও নোট বইয়ে কী যেন হিজিবিজি লিখছে। ও আবার এ সব লেখা ইংরিজি ভাষায় কিন্তু গ্রিক অক্ষরে লেখে, আর সে অক্ষর আমার জানা নেই। এইটুকুই শুধু বুঝতে পারছিলাম যে, কৈলাসবাবুর বারণ সত্ত্বেও ও এই পাথরের ব্যাপারে কাজ চালিয়ে যাচ্ছে।

ঘুমোতে রাত হয়েছিল বলেই বোধহয় সকালে নিজে থেকে ঘুমটা ভাঙেনি—ভাঙল ফেলুদার ঠেলাতে।

‘এই তোপসে ওঠ ওঠ, শ্যামপুকুর যেতে হবে।’

‘কীসের জন্য?’

‘ফোন করেছিলাম। কেউ ধরছে না। গুগুগোল মনে হচ্ছে।’

দশ মিনিটের মধ্যে ট্যাক্সিতে উঠে উর্ধ্বশ্বাসে ছুটে চললাম শ্যামপুকুরের দিকে। গাড়িতে ফেলুদা শুধু একটা কথাই বলল, ‘কী সাংঘাতিক লোক রে বাবা! আরেকটু আগে বুঝতে পারলে বোধহয় গুগুগোলটা হত না।’

কৈলাসবাবুর বাড়িতে পৌঁছে ফেলুদা বেল-টেল না টিপেই ভেতরে চলে গেল। অবিশ্যি দরজাটা যে খোলাই ছিল সেটাও আমাদের ভাগ্য। সিঁড়ি পেরিয়ে অবনীশবাবুর ঘরের সামনে পৌঁছতেই চক্ষুস্থির! টেবিলের সামনে একটা চেয়ার উলটে পড়ে আছে, আর তার ঠিক পাশেই মেঝেতে হাত দুটো পিছনে জড়ো করে বাঁধা আর মুখে রুমাল বাঁধা অবস্থায় পড়ে আছেন অবনীশবাবু। ফেলুদা হুমড়ি দিয়ে পড়ে আধ মিনিটের মধ্যে দড়ি রুমাল খুলে দিতেই ভদ্রলোক

বললেন,—‘উঃ—থ্যাক্স গড!’

ফেলুদা বলল, ‘কে করেছে এই দশা আপনার?’

ভদ্রলোক হাঁপাতে হাঁপাতে উঠে বসে বললেন, ‘মামা! কৈলাসমামা। মামার মাথা খারাপ হয়ে গেছে—সেদিন বলছিলাম না আপনাকে? ভোরে এসে বসেছি ঘরে—বাতি জ্বালিয়ে কাজ করছিলাম। মামা ঘরে ঢুকেই আগে বাতি নিভিয়েছেন। তারপর মাথায় একটা বাড়ি। তারপর আর কিছু জানি না। কিছুক্ষণ হল জ্ঞান ফিরেছে—কিন্তু নড়তে পারি না, মুখে শব্দ করতে পারি না—উঃ!’

‘আর কৈলাসবাবু?’ ফেলুদা প্রায় চিৎকার করে উঠল।

‘জানি না!’

ফেলুদা এক লাফে উঠে ঘর থেকে বেরিয়ে গেল। আমিও ছুটলাম তার পিছনে।

একবার বৈঠকখানায় ঢুকে কাউকে না দেখে, তিন ধাপ সিঁড়ি এক এক লাফে উঠে দোতলায় পৌঁছে ফেলুদা স্টান কৈলাসবাবুর ঘরে গিয়ে উপস্থিত হল। খাটের চেহারা দেখে মনে হল সেখানে লোক শুয়েছিল, কিন্তু ঘর এখন খালি। আলমারির দরজা দেখি হাঁ করে খোলা। ফেলুদা দৌড়ে গিয়ে দেরাজ খুলে জিনিসটা বার করল সেটা মখমলের সেই নীল বাস্ম। খুলে দেখা গেল ভিতরে সেই পাথর যেমন ছিল তেমনিই আছে।

এতক্ষণে দেখি অবনীশবাবু এসে হাজির হয়েছেন, তার মুখের অবস্থা শোচনীয়। তাকে দেখেই ফেলুদা বলল, ‘ছাতের ঘরের চাবি কার কাছে?’

ভদ্রলোক ততমত খেয়ে বললেন, ‘সে-সে-সেতো মামার কাছে।’

‘তবে চলুন ছাতে’—বলে ফেলুদা তাকে হিড় হিড় করে টেনে বার করে নিয়ে গেল।

অন্ধকার সিঁড়ি দিয়ে তিনজনে ছাতে উঠে দেখি—চিলেকোঠার দরজা বাইরে থেকে তালা দিয়ে বন্ধ। এইবার দেখলাম ফেলুদার গায়ের জোর। দরজা থেকে তিন হাত পিছিয়ে কাঁধটা আগিয়ে বাঘের মতো কাঁপিয়ে পড়ে চার বার ধাক্কা দিতেই কড়াগুলো পেরেক সুদ্ধ উপড়ে বেরিয়ে এসে দরজাটা ঝটং করে খুলে গেল।

ভিতরে অন্ধকার। তিনজনেই ঘরের মধ্যে ঢুকলাম। ক্রমে চোখটা সয়ে আসতে দেখলাম—এক কোণে অবনীশবাবুরই মতো দড়ি বাঁধা মুখ বাঁধা অবস্থায় পড়ে আছেন—ইনি কে? কৈলাস চৌধুরী, না কৈদার চৌধুরী?

দড়ির বাঁধন খুলে দিয়ে তাঁকে কোলপাঁজা করে নিয়ে ফেলুদা সিঁড়ি দিয়ে দোতলায় নেমে কৈলাসবাবুর ঘরে নিয়ে বিছানার উপর শোয়াল। ভদ্রলোক তখন ফেলুদার দিকে ফ্যাল ফ্যাল করে চেয়ে ক্ষীণ গলায় বললেন, ‘আপনিই কি...?’

ফেলুদা বলল, ‘আজ্ঞে হ্যাঁ। আমারই নাম প্রদোষ মিত্তির। চিঠিটা বোধ হয় আপনিই আমাকে লিখেছিলেন—কিন্তু আপনার সঙ্গে সাক্ষাৎ পরিচয় হবার সৌভাগ্য হয়নি।...অবনীশবাবু, ঐর জন্য একটু গরম দুধের ব্যবস্থা দেখুন তো।’

আমি অবাক হয়ে ভদ্রলোকের দিকে চেয়ে আছি। ইনিই তা হলে কৈলাস চৌধুরী! ভদ্রলোক বালিশের উপর ভর দিয়ে খানিকটা সোজা হয়ে বসে বললেন, ‘শরীরে জোর ছিল, তাই টিকে আছি। অন্য কেউ হলে...এই চার দিনে...!’

ফেলুদা বলল, ‘আপনি বেশি স্টেন করবেন না।’

কৈলাসবাবু বললেন, ‘কিছু কথা তো বলতেই হবে—নইলে ব্যাপারটা আপনার কাছে পরিষ্কার হবে না। আপনার সঙ্গে আর সাক্ষাৎ হবে কী করে—যেদিন চিঠি দিলুম আপনাকে, সেইদিনই তো ও আমাকে বন্দি করে ফেলল। তাও চায়ের সঙ্গে ওষুধ মিশিয়ে অজ্ঞান করে—নইলে গায়ের জোরে পারত না।’

‘আর সেদিন থেকেই উনি কৈলাস চৌধুরী সেজে বসেছিলেন?’

কৈলাসবাবু দুঃখের ভাব করে মাথা নেড়ে বললেন, ‘দোষটা আমারই, জানেন। বানিয়ে বানিয়ে বড়াই করাটা বোধহয় আমাদের রক্তে একেবারে মিশে আছে। পঞ্চাশ টাকা দিয়ে একটা পাথর কিনেছিলুম জব্বলপুরের বাজার থেকে। কী দুর্মতি হল, ফিরে এসে চাঁদার জঙ্গলের এক দেবমন্দিরের গল্প ফেঁদে কেদারকে তাক লাগিয়ে দিলুম। সেই থেকেই ওর ওইটের উপর লোভ। আমার ভাগ্যটা ও সহ্য করতে পারেনি। অনেক কিছুই সহ্য করতে পারেনি। বোধহয় ভাবত—দুজনে যমজ ভাই—চোখে দেখে কোনও তফাত করা যায় না, অথচ আমার গুণ, আমার রোজগার, আমার ভাগ্য—এ ব্যাপারে ওর সঙ্গে এত তফাত হবে কেন? ও নিজে ছিল বেপরোয়া রেকলেস। একবার তো নোট জাল করার কেসে পড়েছিল। আমিই কোনও রকমে ওকে বাঁচাই। বিলেত গেল আমারই কাছ থেকে টাকা ধার করে। ভাবলুম আপদ গেল। এই সাতদিন আগে—গত মঙ্গলবার—বাড়ি ফিরে দেখি পাথরটা নেই। তার কথা মনেই হয়নি। চাকরদের উপর চোটপাট করলুম—কোনও ফল হল না। বিয়ুদবার সকালে আপনাকে চিঠি দিলাম। সেদিনই রাত্রে ও এল। বাজারে যাচাই করে জেনেছে ও পাথরের কোনও দাম নেই, অথচ ও দেখেছিল লাখ টাকার স্বপ্ন। ক্ষেপে একেবারে লাল। টাকার দরকার—অন্তত বিশ হাজার! চাইল—রিফিউজ করলুম। তাতে ও আমাকে অজ্ঞান করে বন্দি করল। বলল যতদিন না টাকা দিই ততদিন ছাড়বে না—আর সে ক’দিন ও কৈলাস চৌধুরী সেজে বসে থাকবে—কেবল আদালতে যাবে না—অসুখ বলে ছুটি নেবে।’

ফেলুদা বলল, ‘আমি যখন আপনার চিঠি পেয়ে এসে পড়লাম, তখন ভদ্রলোক একটু মুশকিলে পড়েছিলেন, তাই আমাদের দশ মিনিট বসিয়ে রেখে একটা হুমকি চিঠি, আর একজন কাল্পনিক শত্রু খাড়া করলেন। এইটে না করলে আমাদের সন্দেহ হত। অথচ আমি থাকলেও বিপদ—তাই আবার টেলিফোনে হুমকি দিয়ে আর গাড়ি চাপা দিয়ে আমাদের হটাতেও চেষ্টা করলেন!’

কৈলাস ঝকুটি করে বললেন, ‘কিন্তু আমি ভাবছি, কেদার এ ভাবে হঠাৎ আমাকে রেহাই দিয়ে চলে গেল কেন। আমি তো কাল রাত অবধি ওকে টাকা দিতে রাজি হইনি। ও কি শুধু হাতেই চলে গেল?’

অবনীশবাবু যে কখন দুধ নিয়ে হাজির হয়েছেন তা লক্ষ্যই করিনি। হঠাৎ ভদ্রলোকের চিংকার শুনে চমকে উঠলাম।

‘খালি হাতে যাবেন কেন তিনি? আমার টিকিট—আমার মহামূল্য ভিক্টোরিয়ার টিকিট নিয়ে গেছেন তিনি।’

ফেলুদা অবনীশবাবুর দিকে চেয়ে চোখ বড় বড় করে বলল, ‘সে কী—সেটা গেছে নাকি?’

‘গেছে বইকী! আমাকে শেষ করে দিয়ে গেছেন কেদার মামা।’

‘কত দাম যেন বলেছিলেন টিকিটটার?’

‘বিশ হাজার।’

‘কিন্তু’—ফেলুদা অবনীশবাবুর দিকে ঝুঁকে পড়ে গলাটা নামিয়ে বলল, ‘ক্যাটালগে যে বলছে ওটার দাম পঞ্চাশ টাকার বেশি নয়।’

অবনীশবাবুর মুখ হঠাৎ ফ্যাকাশে হয়ে গেল।

ফেলুদা বলল, ‘আপনার মধ্যেও তো চৌধুরী বংশের রক্ত রয়েছে—তাই না? আপনিও বোধহয় একটু রং চড়িয়ে কথা বলতে ভালবাসেন?’

ভদ্রলোক এবার একেবারে ছেলেমানুষের মতো কাঁদো কাঁদো মুখ করে বললেন, ‘কী করি বলুন! তিন বছর ধরে চার হাজার ধুলোমাখা চিঠি যেঁটেও যে একটা ভাল টিকিট পেলাম না!

তাও তো মিথ্যে বলে লোককে অবাক করে কিছুটা আনন্দ পাওয়া যায়।’

ফেলুদা হো হো করে হেসে উঠে অবনীশবাবুর পিঠ চাপড়ে বললেন, ‘কুছ পরোয়া নেই। আপনার কেদার মামাকে আপনি ষে টাইটটি দিলেন, সেটার কথা ভাবলেই দেখবেন প্রচুর আনন্দ পাবেন।...যাক গে, এবার দমদম এয়ারপোর্টে একটা টেলিফোন করে দেখি। কেদারবাবু পালাবেন আন্দাজ করে আজ সকালে এয়ার ইন্ডিয়াতে ফোন করে জেনেছি আজই একটা বোম্বাই-এর প্লেনে ওঁর বুকিং আছে। পুলিশ থাকবে ওখানে, তাই পালাবার কোনও রাস্তা নেই। ভাগ্যে তপেশের কনুই ছড়েছিল! ডেটলের ব্যাপারটাতেই আমার ওর উপর প্রথম সন্দেহ হয়।’

কেদারবাবুকে গ্রেপ্তার করতে কোনও বেগ পেতে হয়নি, আর অবনীশবাবুও তাঁর পঞ্চাশ টাকার টিকিটটা ফেরত পেয়েছিলেন। ফেলুদা যা টাকা পেল, তাই দিয়ে আমাদের তিনদিন রেস্টুর্যান্টে খাওয়া আর দুটো সিনেমা দেখার পরেও ওর পকেটে বেশ কিছু বাকি রইল।

আজ বিকেলে বাড়িতে বসে চা খেতে খেতে ফেলুদাকে বললাম, ‘ফেলুদা, একটা জিনিস আমি ভেবে বার করেছি, সেটা ঠিক কি না বলবে?’

‘কী ভেবেছিস শুনি।’

‘আমার মনে হয় কৈলাসবাবুর বাবা বুঝতে পেরেছিলেন যে কেদারবাবু কৈলাসবাবু সেজে বসে আছেন, আর সেই জন্যেই সেদিন ওর দিকে কটমট করে চাইছিলেন। বাবারা নিশ্চয়ই নিজেদের যমজ ছেলেদের মধ্যে তফাত ধরতে পারে—তাই না?’

‘এক্ষেত্রে তা যদি নাও হয়, তা হলেও, তোর ভাবনাটা আমার ভাবনার সঙ্গে মিলে গেছে বলে আমি তোকে সম্মানিত করছি’—এই বলে ফেলুদা আমার প্লোট থেকে একটা জিলিপি তুলে নিয়ে মুখে পুরে দিল।



শেয়াল-দেবতা রহস্য

‘টেলিফোনটা কে করেছিল ফেলুদা?’

প্রশ্নটা করেই বুঝতে পারলাম যে বোকামি করেছি, কারণ যোগব্যায়াম করার সময় ফেলুদা কথা বলে না। এক্সারসাইজ ছেড়ে ফেলুদা এ-জিনিসটা সবে মাস ছয়েক হল ধরেছে। সকালে আধঘণ্টা ধরে নানারকম ‘আসন’ করে সে। এমনকী, কনুইয়ের উপর ভর দিয়ে মাথা নীচের দিকে আর পা উপর দিকে শূন্যে তুলে শীর্ষাসন পর্যন্ত। এটা স্বীকার করতেই হবে যে একমাসে ফেলুদার শরীর আরও ‘ফিট’ হয়েছে বলে মনে হয়; কাজেই বলতে হয় যে যোগাসনে রীতিমতো উপকার হচ্ছে।

প্রশ্নটা জিজ্ঞেস করেই পিছন দিকে টেবিলের উপরে রাখা ঘড়ির টাইমটা দেখে নিলাম। ঠিক সাড়ে সাত মিনিট পরে আসন শেষ করে ফেলুদা জবাব দিল—

‘তুই চিনবি না।’

এতক্ষণ পরে এরকম একটা উত্তর পেয়ে ভারী রাগ হল। চিনি না তো অনেককেই, কিন্তু নামটা বলতে দোষ কী? আর না চিনলেও, চিনিয়ে দেওয়া যায় না কি? একটি গম্ভীরভাবেই জিজ্ঞেস করলাম, ‘তুমি চেনো?’

ফেলুদা জলে-ভেজানো ছোলা খেতে খেতে বলল, ‘আগে চিনতাম না। এখন চিনি।’

কয়েকদিন হল আমার পুজোর ছুটি হয়ে গেছে। বাবা তিনদিন হল জামসেদপুরে গেছেন কাজে। বাড়িতে এখন আমি, ফেলুদা আর মা। এবার আমরা পুজোয় বাইরে যাব না। তাতে আমার বিশেষ আপশোস নেই, কারণ পুজোয় কলকাতাটা ভালই লাগে, বিশেষ করে যদি ফেলুদা সঙ্গে থাকে। ওর আজকাল শখের গোয়েন্দা হিসাবে বেশ নামটাম হয়েছে, কাজেই মাঝে মাঝে যে রহস্য সমাধানের জন্য ওর ডাক পড়বে তাতে আর আশ্চর্য কী? এর আগে প্রত্যেকটা রহস্যের ব্যাপারেই আমি ফেলুদার সঙ্গে ছিলাম। ভয় হয় ওর নাম বেশি হওয়াতে হঠাৎ যদি ও একদিন বলে বসে ‘নাঃ, তোকে আর এবার সঙ্গে নেব না।’ কিন্তু এখন পর্যন্ত সেটা ঘটেনি। আমার বিশ্বাস ওর আমাকে সঙ্গে রাখার একটা কারণ আছে। হয়তো সঙ্গে একটা অল্পবয়স্ক ছেলেকে দেখে অনেকেই ওকে গোয়েন্দা বলে ভাবতে পারে না। সেটা তো একটা মস্ত সুবিধে। গোয়েন্দারা যতই আত্মগোপন করে থাকতে পারে ততই তাদের লাভ।

‘ফোনটা কে করল জানতে খুব ইচ্ছে করছে বোধহয়?’

এটা ফেলুদার একটা কায়দা। ও যখনই বুঝতে পারে আমার কোনও একটা জিনিস জানবার খুব আগ্রহ, তখনই সেটা চট করে না বলে আগে একটা সাসপেন্স তৈরি করে। সেটা আমি জানি বলেই বিশেষ উৎসাহ না দেখিয়ে বললাম, ‘ফোনটার সঙ্গে যদি কোনও রহস্যের ব্যাপার জড়িয়ে থাকে তা হলে জানতে ইচ্ছে করে বইকী।’

ফেলুদা গেঞ্জির উপর তার সবুজ ডোরাকাটা শার্টটা চাপিয়ে নিয়ে বলল, ‘লোকটার নাম নীলমণি সান্যাল। রোল্যান্ড রোডে থাকে। বিশেষ জরুরি দরকারে আমাকে ডেকে পাঠিয়েছে।’

‘কী দরকার বলেনি?’

‘না। সেটা ফোনে বলতে চায় না। তবে গলা শুনে মনে হল ঘাবড়েছে।’

‘কখন যেতে হবে?’

‘ট্যাক্সিতে করে যেতে মিনিট দেশেক লাগবে। ন’টায় অ্যাপয়েন্টমেন্ট। সুতরাং আর দুমিনিটের মধ্যে বেরিয়ে পড়া উচিত।’

ট্যাক্সি করে নীলমণি সান্যালের বাড়ি যেতে যেতে ফেলুদাকে বললাম, ‘অনেক রকম তো দুষ্ট লোক থাকে; ধরো নীলমণিবাবুর যদি কোনওরকম বিপদ না হয়ে থাকে—তিনি যদি শুধু তোমাকে প্যাঁচে ফেলার জন্যই ডেকে থাকেন।’

ফেলুদা রাস্তার দিক থেকে চোখ না সরিয়ে বলল, ‘সে রিস্ক তো থাকেই। তবে সেরকম লোক বাড়িতে ডেকে নিয়ে প্যাঁচে ফেলবে না, কারণ সেটা তাদের পক্ষেও রিস্কি হয়ে যাবে। সে সব কাজের জন্য অল্প টাকায় ভাড়াটে গুণ্ডার কোনও অভাব নেই।’

একটা কথা বলা হয়নি—ফেলুদা গত বছর অল ইন্ডিয়া রাইফল কম্পিটিশনে ফার্স্ট হয়েছে। মাত্র তিনমাস বন্দুক শিখেই ওর যা টিপ হয়েছিল সে একেবারে থ মেরে যাবার মতো। ফেলুদার এখন বন্দুক রিভলবার দুই-ই আছে, তবে বইয়ের ডিটেকটিভের মতো ও সারাঞ্চণ রিভলবার নিয়ে ঘোরে না। সত্যি বলতে কী, এখন পর্যন্ত ফেলুদাকে ও দুটোর একটাও ব্যবহার করতে হয়নি; তবে কোনওদিন যে হবে না সে কথা কী করে বলি?

ট্যাক্সি যখন ম্যাডক্ স্কোয়ারের কাছাকাছি এসেছে, তখন জিজ্ঞেস করলাম, ‘ভদ্রলোক কী করেন সেটা জান?’

ফেলুদা বলল, ‘ভদ্রলোক পান খান, বোধহয় কানে একটু কম শোনে, “ইয়ে” শব্দটা একটু বেশি ব্যবহার করেন, আর অল্প সর্দিতে ভুগছেন—এ ছাড়া আর কিছুই জানি না।’

এর পরে আর আমি কিছু জিজ্ঞেস করিনি।

নীলমণি সান্যালের বাড়িতে পৌঁছতে ট্যাক্সিভাড়া উঠল এক টাকা সত্তর পয়সা। একটা দুটাকার নোট বার করে ট্যাক্সিওয়ালার হাতে দিয়ে ফেলুদা হাতের একটা কায়দার ভঙ্গিতে বুঝিয়ে দিল যে তার চেঞ্জ ফেরত চাই না। গাড়ি থেকে নেমে পোর্টিকোর তলা দিয়ে গিয়ে সামনের দরজায় পৌঁছে কলিং বেল টেপা হল।

দোতলা বাড়ি, তবে খুব যে বড় তাও নয়, আর খুব পুরনোও নয়। সামনের দিকে একটা বাগানও আছে, তবে সেটা খুব বাহারের কিছু নয়।

একজন দারোয়ান গোছের লোক এসে ফেলুদার কাছ থেকে ভিজিটিং কার্ড নিয়ে আমাদের বৈঠকখানায় বসতে বলল। ঘরে ঢুকে চারদিকে তাকিয়ে বেশ তাক লেগে গেল। সোফা, টেবিল, ফুলদানি, ছবি, কাচের আলমারিতে সাজানো নানারকম সুন্দর পুরনো জিনিস-টিনিস মিলিয়ে বেশ একটা জমকালো ভাব। মনে হয় অনেক খরচ করে মাথা খাটিয়ে কিনে সাজানো হয়েছে।

ফেলুদা নিজেই উঠে পাখার রেগুলেটরটা ঘোরানোর সঙ্গে সঙ্গেই একজন ভদ্রলোক এসে ঢুকলেন। গায়ে স্লিপিং সুটের পায়জামার উপর একপাশে বোতামওয়ালা আদির পাঞ্জাবি, পায়ে হরিশের চামড়ার চটি, আর দুহাতের আঙুলে অনেকগুলো আংটি। হাইট মাঝারি, দাড়ি গোঁফ কামানো, মাথায় চুল বেশি নেই, রং মোটামুটি ফরসা, আর চোখ দুটো ঢুলুঢুলু—দেখলে মনে হয় এই বুঝি ঘুম থেকে উঠে এলেন। বয়স কত হবে? পঞ্চাশের বেশি নয়।

‘আপনারই নাম প্রদোষ মিস্ত্রি?’ জিজ্ঞেস করলেন। ‘আপনি যে এত ইয়ং সেটা জানা ছিল না।’

ফেলুদা একটু হেঁ হেঁ করে আমার দিকে দেখিয়ে বলল, ‘এটি আমার খুড়তুতো ভাই। খুব বুদ্ধিমান ছেলে। আপনি চাইলে আমাদের কথাবার্তার সময় আমি ওকে বাইরে পাঠিয়ে দিতে পারি।’

আমার বুকটা ধুকপুক করে উঠল। কিন্তু ভদ্রলোক আমার দিকে একবার চোখ বুলিয়ে নিয়েই বললেন, ‘কেন, থাকুক না—কোনও ক্ষতি নেই।’ তারপর ফেলুদার দিকে ফিরে বললেন, ‘ইয়ে—আপনারা কিছু খাবেন-টাবেন? চা বা কফি?’

‘নাঃ। এই সব চা খেয়ে বেরিয়েছি।’

‘বেশ, তা হলে আর সময় নষ্ট না করে কেন ডেকেছি সেইটে বলি। তবে তার আগে আমার নিজের পরিচয়টা একটু দিই। বুঝতেই পারছেন আমি একজন শৌখিন লোক। পয়সা কড়িও কিছু আছে সেটাও নিশ্চয়ই অনুমান করেছেন। তবে বললে বিশ্বাস করবেন না, আমি চাকরিও করি না, ব্যবসাও করি না, বা বাপের সম্পত্তিও এক পয়সাও পাইনি।’

নীলমণিবাবু রহস্য করার ভাব করে চুপ করলেন।

ফেলুদা বলল, ‘তা হলে কি লটারি?’

‘আজ্ঞে?’

‘বলছিলাম—তা হলে কি কখনও লটারি-টটারি জিতেছিলেন?’

‘এগজাক্টলি?’ ভদ্রলোক প্রায় ছেলেমানুষের মতো চোঁচিয়ে উঠলেন। ‘এগারো বছর আগে রেঞ্জার্স লটারি জিতে এক ধাক্কায় পেয়ে যাই প্রায় আড়াই লাখ টাকা। তারপর সেই টাকা দিয়ে, খানিকটা বুদ্ধি আর খানিকটা ভাগ্যের জোরে, বেশ ভালভাবেই চালিয়ে এসেছি। বাড়িটা তৈরি করি বছর আটেক আগে। আপনি হয়তো ভাবছেন, এরকম অকেজোভাবে একটা মানুষ বেঁচে থাকে কী করে; কিন্তু আসলে একটা কাজ আমার আছে—একটাই কাজ—সেটা হল, অকশন থেকে এইসব জিনিসপত্র কিনে ঘর সাজানো!’

ভদ্রলোক তাঁর ডান হাতটি বাড়িয়ে চারিদিকের সাজানো জিনিসপত্রগুলোর দিকে দেখিয়ে দিলেন। তারপর বললেন—

‘যে ঘটনাটা ঘটেছে তার সঙ্গে আমার এইসব আর্টিস্টিক জিনিসপত্রের কোনও সম্পর্ক আছে কি না জানি না, কিন্তু আমার মনে সন্দেহ হয় যে হয়তো থাকতেও পারে। এই যে—’

নীলমণিবাবু তাঁর পাঞ্জাবির পকেটে হাত ঢুকিয়ে কয়েকটা কাগজের টুকরো বার করে ফেলুদার দিকে এগিয়ে দিলেন। ফেলুদার সঙ্গে সঙ্গে আমিও কাগজগুলো দেখে নিলাম। তিনটে কাগজ, তার প্রত্যেকটাতেই লেখার বদলে লাইন করে ছোট ছোট ছবি আঁকা। সেই ছবির মধ্যে কিছু কিছু বেশ বোঝা যায়—যেমন, প্যাঁচা, চোখ, সাপ, সূর্য—এইসব। আমার কেমন যেন ব্যাপারটাকে দেখা দেখা বলে মনে হচ্ছিল, এমন সময় ফেলুদা বলল, ‘এসব তো হিয়েরোগ্লিফিক লেখা বলে মনে হচ্ছে।’

ভদ্রলোক একটু থতমত খেয়ে বললেন, ‘আজ্ঞে?’

ফেলুদা বলল, ‘প্রাচীনকালে ইজিপ্সিয়ানরা যে লেখা বার করেছিল, এটা সেই জিনিস বলে মনে হচ্ছে।’

‘তাই বুঝি?’

‘হঁ। তবে এ লেখা পড়তে পারে এমন লোক কলকাতায় আছে কি না সন্দেহ।’

ভদ্রলোক যেন একটু মুগ্ধে পড়ে বললেন, ‘তা হলে? যে জিনিস দুদিন অন্তর অন্তর ডাকে আমার নামে আসছে, তার মানে না করতে পারলে তো ভারী অস্বস্তিকর ব্যাপার হবে! ধরুন যদি এগুলো সাংকেতিক হুমকি হয়—কেউ হয়তো আমাকে খুন করতে চাইছে, আর তার আগে আমাকে শাসাচ্ছে।’

ফেলুদা একটুক্ষণ চুপ করে থেকে বলল, ‘আপনার যে-সমস্ত জিনিসপত্র সাজানো রয়েছে—তার মধ্যে ইজিপ্সিয়ান কিছু আছে?’

নীলমণিবাবু হেসে বললেন, ‘দেখুন, আমার কোন জিনিস যে কোথাকার, সেটা আমি নিজেই ঠিক ভালভাবে জানি না। আমি কিনি, কারণ আমার পয়সা আছে এবং আর পাঁচজন শৌখিন লোককে এ সব জিনিস কিনতে দেখেছি, তাই।’

‘কিন্তু আপনার এত জিনিসের মধ্যে একটিকেও তো খেলো বলে মনে হচ্ছে না। যারা শুধু এগুলো দেখবে, তারা তো আপনাকে রীতিমতো সমঝদার লোক বলে মনে করবে।’

ভদ্রলোক হেসে বললেন, ‘ওটা কী জানেন? এ সব ব্যাপারে সচরাচর জিনিস ভাল হলেই তার দাম বেশি হয়। টাকা যখন আছে, তখন আমি সেরা জিনিসটা কিনব না কেন! অনেক ভারী ভারী খদ্দেরের উপরে টেকা দিয়ে নিলাম থেকে এ সব কিনেছি মশাই, কাজেই ভাল জিনিস আমার কাছে থাকাটা কিছু আশ্চর্য নয়।’

‘কিন্তু মিশরের জিনিস কিছু আছে কি না জানেন না?’

নীলমণিবাবু সোফা ছেড়ে উঠে একটা কাচের আলমারির দিকে গিয়ে তার উপরের তাক থেকে একটা বিষতখানেক লম্বা মূর্তি নামিয়ে এনে সেটা ফেলুদার হাতে দিলেন। সবুজ পাথরের মূর্তি, তার গায়ে আবার নানা রঙের বলমলে পাথর বসানো। দু-এক জায়গায় যেন সোনাও রয়েছে। তবে আশ্চর্য এই যে, মূর্তিটার শরীর মানুষের মতো হলেও, তার মুখটা শেয়ালের মতো। ‘এটা দিন দশেক আগে কিনেছি অ্যারাতুন ব্রাদার্সের একটা নিলাম থেকে। এটা বোধহয়—’

ফেলুদা মূর্তিটায় একবার চোখ বুলিয়েই বলল, ‘আনুবিস।’

‘আনুবিস? সে আবার কী?’

ফেলুদা মূর্তিটা সাবধানে নেড়েচেড়ে নীলমণিবাবুর হাতে ফেরত দিয়ে বলল, ‘আনুবিস ছিল প্রাচীন মিশরের গড অফ দ্য ডেড। মৃত আত্মাদের দেবতা।...চমৎকার জিনিস পেয়েছেন এটা।’

‘কিন্তু—’ ভদ্রলোকের গলায় ভয়ের সুর ‘—এই মূর্তি আর এইসব চিঠির মধ্যে কোনও



সম্পর্ক আছে কি? আমি কি এটা কিনে ভুল করলাম? কেউ কি এটা আমার কাছ থেকে ছিনিয়ে নেবে বলে শাসাচ্ছে?’

ফেলুদা মাথা নেড়ে বলল, ‘সেটা বলা মুশকিল। চিঠিগুলো কবে থেকে পেতে শুরু করেছেন?’

‘গত সোমবার থেকে।’

‘অর্থাৎ, মূর্তিটা কেনার ঠিক পর থেকেই?’

‘হ্যাঁ।’

‘খামগুলো আছে?’

‘না, ফেলে দিয়েছি। রেখে দেওয়া হয়তো উচিত ছিল—তবে খুবই সাধারণ খাম, সাধারণ টাইপরাইটারে ঠিকানা লেখা। পোস্টঅফিস এলগিন রোড।’

‘ঠিক আছে।’ ফেলুদা উঠে পড়ল। ‘আপাতত কিছু করার আছে বলে মনে হয় না। শুধু সেফ

সাইডে থাকার জন্য মূর্তিটাকে ওই আলমারিতে না রেখে আপনার হাতের কাছে রাখবেন। সম্প্রতি একজনদের বাড়ি থেকে এ ধরনের কিছু জিনিস চুরি হয়েছিল।’

‘তাই বুঝি?’

‘হ্যাঁ। একজন সিন্ধি ভদ্রলোক। যদূর জানি এখনও সে চোর ধরা পড়েনি।’

আমরা ঘর থেকে বেরিয়ে বাইরে ল্যান্ডিং-এ এলাম।

ফেলুদা বলল, ‘আপনার সঙ্গে রসিকতা করতে পারে এমন কারুর কথা মনে পড়ছে?’

ভদ্রলোক মাথা নেড়ে বললেন, ‘কেউ না। পুরনো বন্ধুদের সঙ্গে অনেকদিন ছাড়াছাড়ি হয়ে গেছে।’

‘আর শত্রু?’

ভদ্রলোক কয়েক মুহূর্ত চুপ থেকে বললেন, ‘ধনীর তো শত্রু সব সময়ই থাকে, তবে তারা তো কেউ আর শত্রু বলে নিজেদের পরিচয় দেয় না! সামনাসামনি দেখা হলে সকলেই খাতির করে কথা বলে।’

‘আপনি মূর্তিটা তো নিলামে কিনেছিলেন বললেন।’

‘হ্যাঁ। অ্যারটুন ব্রাদার্সের নিলামে।’

‘ওটার ওপর আর কারও লোভ ছিল না?’

কথাটা শুনে ভদ্রলোক হঠাৎ যেন বেশ একটু উত্তেজিত হয়ে হাত কচলাতে শুরু করলেন। তারপর বললেন, ‘আপনি কথাটা জিজ্ঞেস করে আমার ভাবনার একটা নতুন দিক খুলে দিলেন। আমার সঙ্গে একটি ভদ্রলোকের অনেকবার নিলামে ঠোকাঠুকি হয়েছে—সেদিনও হয়েছিল।’

‘তিনি কে?’

‘প্রতুল দত্ত।’

‘কী করেন?’

‘বোধহয় উকিল ছিলেন। রিটারার করেছেন। সেদিন ওর আর আমার মধ্যে শেষ অবধি রেষারেষি চলে। তারপর আমি বারো হাজার বলার পর উনি থেমে যান। মনে আছে, নিলামের পর আমি যখন বাইরে এসে গাড়িতে উঠছি, তখন হঠাৎ ওর সঙ্গে একবার চোখাচুখি হয়ে পড়ে। ওর চোখের চাহনিটা মোটেই ভাল লাগেনি।’

‘আই সি।’

আমরা নীলমণিবাবুর বাড়ি থেকে বেরোলাম। গেটের দিকে হাঁটতে হাঁটতে ফেলুদা প্রশ্ন করল, ‘এ বাড়িতে কি আপনারা অনেকে থাকেন?’

নীলমণিবাবু হেসে বললেন, ‘কী বলছেন মশাই? আমার মতো একা মানুষ বোধহয় কলকাতায় দুটি নেই। ড্রাইভার, মালি, দুটি পুরনো বিশ্বস্ত চাকর, ও আমি—ব্যস!’

ফেলুদার পরের প্রশ্নটা একেবারেই এত্পপেক্ষ করিনি—

‘বাচ্চা ছেলে কি কেউ থাকে না এ বাড়িতে?’

ভদ্রলোক একমুহূর্তের জন্য একটু অবাক হয়ে তারপর হো হো করে হেসে বললেন, ‘দেখেছেন—ভুলেই গেছি! আসলে আমি লোক বলতে বয়স্ক লোকের কথাই ভাবছিলাম! আজ দিন দশেক হল আমার ভাগনে বুস্টু এখানে এসে রয়েছে। ওর বাবা ব্যবসা করেন। এই সেদিন সস্ত্রীক জাপানে গেছেন! বুস্টুকে রেখে গেছেন আমার জিম্মায়। বেচারি এসে অবধি ইনফ্লুয়েঞ্জায় ভুগছে।’

তারপর হঠাৎ ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘আপনার বাচ্চার কথা মনে হল কেন?’

ফেলুদা বলল, ‘বৈঠকখানার একটা আলমারির পিছন থেকে একটা ঘুড়ির কোনো উঁকি মারছিল। সেইটে দেখেই...’

নীলমণিবাবুর চাকর একটা ট্যাক্সি ডাকতে গিয়েছিল, সেটা নুড়ি ফেলা পথের উপর দিয়ে কড় কড় শব্দ করে পোর্টিকোর তলায় ঠিক আমাদের সামনে এসে দাঁড়াল। ফেলুদা ট্যাক্সিতে ওঠার সময় বলল, ‘সন্দেহজনক আরও কিছু যদি ঘটে তা হলে তৎক্ষণাৎ আমাকে জানানো। আপাতত আর কিছু করার আছে বলে মনে হয় না।’

বাড়ি ফেরার পথে ফেলুদাকে বললাম, ‘শেয়াল-দেবতার চেহারাটা দেখে কীরকম ভয় করে—তাই না?’

ফেলুদা বলল, ‘মানুষের ধড়ে অন্য যে-কোনও জিনিসের মাথা জুড়ে দিলেই ভয় করে—শুধু শেয়াল কেন?’

আমি বললাম, ‘পুরনো ইজিপ্সিয়ান দেবদেবীর মূর্তি ঘরে রাখা তো বেশ বিপজ্জনক।’

‘কে বলল?’

‘বাঃ—তুমিই তো বলেছিলে।’

‘মোটাই না। আমি বলেছিলাম, যে সব প্রত্নতাত্ত্বিকরা মাটি খুঁড়ে প্রাচীন ইজিপ্সিয়ান মূর্তি-টুর্তি বার করেছে, তাদের মধ্যে কয়েকজনকে বেশ নাজেহাল হতে হয়েছে।’

‘হ্যাঁ-হ্যাঁ—সেই যে একজন সাহেব—সে তো মরেই গিয়েছিল—কী নাম না?’

‘লর্ড কারনারভন।’

‘আর তার কুকুর...?’

‘কুকুর তার সঙ্গে ছিল না। কুকুর ছিল বিলেতে। সাহেব ছিলেন ইজিপ্টে। তুতানখামেনের কবর খুঁড়ে বার করার কিছুদিনের মধ্যেই কারনারভন হঠাৎ ভীষণ অসুখে পড়ে মারা যান। তারপরে খবর পাওয়া গিয়েছিল যে, যে সময় সাহেব মারা যান, ঠিক সেই একই সময় বিনা অসুখে রহস্যজনকভাবে বেশ কয়েক হাজার মাইল দূরে তার কুকুরটিও মারা যায়।’

প্রাচীন ইজিপ্টের কোনও জিনিস দেখলেই আমার ফেলুদার কাছে শোনা এই অদ্ভুত ঘটনাটা মনে পড়ে যায়। শেয়াল দেবতা আনুবিসের মূর্তিটাও নিশ্চয়ই কোনও মাস্কাতার আমলের ইজিপ্সিয়ান সম্রাটের কবর থেকে এসেছে। নীলমণিবাবু কি এ সব কথা জানেন না? সাধ করে বিপদ ডেকে আনার মধ্যে কী মজা থাকতে পারে তা তো আমি ভেবেই পাই না।

পরদিন ভোর পৌনে ছটায় আমাদের বারান্দায় খবরের কাগজের বাউন্ডলটা পড়ার প্রায় সঙ্গে সঙ্গেই টেলিফোনটা বেজে উঠল। আমি ফোনটা তুলে ‘হ্যালো’ বলেছি, কিন্তু উলটোদিকের কথা শোনার আগেই ফেলুদা সেটা আমার হাত থেকে ছিনিয়ে নিল। পর পর তিনবার ‘হু’, দুবার ‘ও’, আর একবার ‘আচ্ছা ঠিক আছে’ বলেই ফোনটা ধপ করে রেখে দিয়ে ও ধরাগলায় বলল, ‘আনুবিস গায়েব। এফুনি যেতে হবে।’

সকালবেলায় ট্রাফিক কম বলে নীলমণি সান্যালের বাড়ি পৌঁছাতে লাগল ঠিক সাত মিনিট। ট্যাক্সি থেকে নেমেই দেখি নীলমণিবাবু কেমন যেন ভ্যাভাচ্যাকা ভাব করে বাড়ির বাইরেই আমাদের অপেক্ষায় দাঁড়িয়ে আছেন। ফেলুদাকে দেখেই বললেন, ‘নাইটমেয়ারের মধ্যে দিয়ে গেছি মশাই। এরকম হরিবল অভিজ্ঞতা আমার কক্ষনও হয়নি।’

আমরা ততক্ষণে বৈঠকখানায় ঢুকেছি। ভদ্রলোক আমাদের আগেই সোফায় বসে প্রথমে তাঁর হাতের কজিগুলো দেখালেন। দেখলাম, লোকে যেখানে ঘড়ি পরে, তার ঠিক নীচ দিয়ে দুই হাতে দড়ির দাগ বসে গিয়ে হাতটা লাল হয়ে গেছে।

ফেলুদা বলল, ‘কী ব্যাপার বলুন।’

ভদ্রলোক দম নিয়ে ধরা গলায় বলতে শুরু করলেন, ‘আপনার কথা মতো গতকাল মূর্তিটা শোবার ঘরে নিয়ে গিয়ে একেবারে বালিশের তলায় রেখে দিয়েছিলাম। এখন মনে হচ্ছে

যেখানে ছিল সেখানেই রাখলে আর কিছু না হোক, অন্তত শারীরিক যন্ত্রণাটা ভোগ করতে হত না। যাক গে—মূর্তিটা তো মাথার তলায় নিয়ে দিবি ঘুমোচ্ছি, এমন সময়—রাত কত জানি না—একটা বিদ্রোহী অবস্থায় ঘুম ভেঙে গেল। দেখি কে জানি আমার মুখটা আষ্টেপৃষ্ঠে গামছা দিয়ে বাঁধছে। গলা দিয়ে আওয়াজ বেরোবার পথ বন্ধ দেখে হাত দিয়ে বাধা দিতে গেলুম, আর তখনই বুঝতে পারলুম যে আমার চেয়ে অনেক বেশি শক্তিশালী লোকের পাল্লায় পড়েছি। দেখতে দেখতে আমার হাত পিছমোড়া করে দিলে। ব্যাস্—তারপর বালিশের তলা থেকে মূর্তি নিতে আর কী?’

ভদ্রলোক দম নেবার জন্য কয়েক মুহূর্ত চূপ করে রইলেন। তারপর বললেন, ‘ঘণ্টা তিনেক বোধহয় হাত বাঁধা অবস্থায় পড়েছিলুম। সমস্ত শরীরে ঝি ঝি ধরে গেসল। সকালে চাকর নন্দলাল চা নিয়ে এসে আমাকে ওই অবস্থায় দেখে বাঁধন খুলে দেয়, আর তৎক্ষণাৎ আমি আপনাকে ফোন করি।’

ফেলুদার দেখলাম চোখ-মুখের ভাব বদলে গেছে। সে সোফা ছেড়ে উঠে দাঁড়িয়ে বলল, ‘আপনার ঘরটা একবার দেখব, আর প্রয়োজন হলে আপনার বাড়ির কিছু ছবি তুলব।’ ক্যামেরাটাও ফেলুদার নতুন বাতিকের মধ্যে একটা।

নীলমণিবাবু দোতলায় তাঁর শোবার ঘরে নিয়ে গেলেন। ঘরে ঢুকেই ফেলুদা বলল, ‘এ কী—জানলার শিক নেই?’

ভদ্রলোক মাথা নেড়ে বললেন, ‘আর বলবেন না—বিলিতি কায়দার বাড়ি তো! আর আমি আবার জানলা বন্ধ করে শুতেই পারি না।’

ফেলুদা জানলা দিয়ে গলা বাড়িয়ে নীচের দিকে দেখে বলল, ‘খুব সহজ—পাইপ রয়েছে, কার্নিশ রয়েছে। একটু জোয়ান লোক হলেই অনায়াসে জানলা দিয়ে ঘরে ঢুকে আসতে পারে।’

তারপর ফেলুদা ঘরের চারদিকে খুব ভাল করে দেখে নিয়ে ছবি-টবি তুলে বলল, ‘বাড়ির অন্য অংশও এবার ঘুরে দেখতে চাই।’ নীলমণিবাবু প্রথমে দোতলা দেখালেন। পাশের ঘরটাতে দেখলাম একটা খাটে বারো-তেরো বছর বয়সের একটা ছেলে গলা অবধি লেপ মুড়ি দিয়ে শুয়ে আছে। তার চোখগুলো বড় বড়, আর দেখলেই মনে হয় তার স্বাস্থ্য মোটেই ভাল নয়। বুঝলাম এই হল ঝুন্টু। নীলমণিবাবু বললেন, ‘কালই আবার ডাক্তার বোস ঝুন্টুকে ঘুমের ওষুধ দিয়ে গেছেন। তাই ও রাত্রে কিছুই শুনতে পায়নি।’

দোতলার আরও দুটো ঘর দেখে, একতলার ঘরগুলোতে চোখ বুলিয়ে আমরা বাড়ির বাইরে এলাম। নীলমণিবাবুর ঘরের জানলার ঠিক নীচেই দেখলাম কয়েকটা ফুলের টবে পামজাতীয় গাছ লাগানো। ফেলুদা টবগুলোর ভিতর কিছু আছে কি না দেখতে লাগল। প্রথম দুটোয় কিছু পেল না। তৃতীয়টার পাতার ভিতর হাতড়ে একটা ছোট টিনের কৌটো পেল। সেটার ঢাকনা খুলে নীলমণিবাবুর দিকে এগিয়ে দিয়ে ফেলুদা বলল, ‘এ বাড়িতে কারুর নসিয়ার বাতিক আছে?’

নীলমণিবাবু মাথা নেড়ে না বললেন। ফেলুদা কৌটোটা নিজের প্যাক্টের পকেটে রেখে দিল।

এবার নীলমণিবাবু যেন বেশ মরিয়া হয়েই বললেন, ‘মিস্টার মিস্তির—আর কিছু না—মূর্তি একটা গেছে, আরেকটা না হয় কিনব—কিন্তু একটা ডাকাত আমার বাড়িতে এসে আমার ঘরে ঢুকে আমার উপর যা-তা অত্যাচার করে চলে যাবে—এ কিছুতেই বরদাস্ত করা যায় না। আপনার এর একটা বিহিত করতেই হবে। যদি লোকটাকে ধরে দিতে পারেন তা হলে আমি আপনাকে ইয়ে—মানে, ইয়ে আর কী—’

‘পারিশ্রমিক?’

‘হ্যাঁ হ্যাঁ। পারিশ্রমিক—মানে, রিওয়ার্ড দেব।’

ফেলুদা বলল, ‘রিওয়ার্ডটা বড় কথা নয়। সে আপনি দিতে চান দেবেন। কিন্তু আমি কাজটার

ভার নিষি তার প্রধান কারণ হল, এ ধরনের অনুসন্ধান একটা চ্যালেঞ্জ আছে, একটা আনন্দ আছে।’

এটা শুনে আমার মনে হল, বড় বড় গোয়েন্দাকাহিনীতে ডিটেকটিভরা যে ভাবে কথা বলে, ফেলুদাও যেন ঠিক সেইভাবেই কথাটা বলল।

এর পরে প্রায় দশ মিনিট ধরে ফেলুদা নীলমণিবাবুর ড্রাইভার গোবিন্দ, চাকর নন্দলাল আর পাঁচু, আর মালি নটবরের সঙ্গে কথা বলল। তারা সবাই বলল রাতে অস্বাভাবিক কিছু দেখেনি। বাইরের লোক আসার মধ্যে এক রাত নটা নাগাত ডাক্তার বোস এসেছিলেন ঝুন্টুকে দেখতে। নীলমণিবাবু নিজে নাকি তারপর একবার বেরিয়েছিলেন—ও এ মুখার্জির ডাক্তারখানা থেকে ঝুন্টুর জন্য ওষুধ কিনে আনতে।

ফেরার পথে একটু অন্যমনস্ক ছিলাম। হঠাৎ খেয়াল হল ট্যাক্সি আমাদের বাড়ির রাস্তা ছাড়িয়ে অন্য কোথাও চলেছে। ফেলুদাকে গভীর দেখে তাকে আর কিছু জিজ্ঞেস করলাম না। ট্যাক্সি থামল ফ্রি স্কুল স্ট্রিটের একটা বাড়ির সামনে। দেখলাম বাড়ির সদর দরজার উপরে সাইনবোর্ডে উঁচু উঁচু রুপোলি অক্ষরে লেখা রয়েছে—‘আরাটুন ব্রাদার্স—অকশনিয়ার্স’। এটাই সেই নিলামের দোকান।

আমি কোনওদিন নিলামঘর দেখিনি। এই প্রথম দেখে একেবারে চোখ ছানাবড়া হয়ে গেল। এত রকম হিজিবিজি জিনিস একসঙ্গে এর আগে কখনও দেখিনি।

ফেলুদার কাজ দুমিনিটের মধ্যে সারা হয়ে গেল। প্রতুল দত্তের ঠিকানা সেভেন বাই ওয়ান লাভলক স্ট্রিট। আমি মনে ভাবলাম প্রতুল দত্তের বাড়ি গিয়েও যদি ফেলুদাকে হতাশ হতে হয়, তা হলে আর ওর কোথাও যাবার থাকবে না। তার মানে এবার ফেলুদাকে হার স্বীকার করতে হবে। আর তা হলে আমার যে কী দশা হবে তা জানি না। কারণ এখন পর্যন্ত ফেলুদা কোথাও হার মানেনি। ও কোনও ব্যাপারে হাল ছেড়ে দিয়ে মুখ চুন করে বসে আছে—এ দৃশ্য আমি কল্পনাই করতে পারি না। আশা করি শিগ্গিরই ও একটা ‘ক্লু’ পেয়ে যাবে। আমি অন্তত এখন পর্যন্ত চোখে অন্ধকার দেখছি।

দুপুরে খেতে খেতে ফেলুদাকে বললাম, ‘এর পর?’

ও ভাতের টিপির মধ্যে একটা গর্ত করে তাতে এক বাটি সোনামুগ ডাল ঢেলে বলল, ‘এর পর মাছ। তারপর চাটনি, তারপর দই।’

‘তারপর?’

‘তারপর জল খেয়ে মুখ ধোব। তারপর একটা পান খাব।’

‘তারপর?’

‘তারপর একটা টেলিফোন করে আধঘণ্টা ঘুম দেব।’

এর মধ্যে টেলিফোনটাই একমাত্র ইন্টারেস্টিং খবর, কাজেই আমি সেটার অপেক্ষায় বসে রইলাম।

ডিরেকটরি থেকে প্রতুল দত্তের নম্বরটা আমি বার করে দিয়েছিলাম। নম্বরটা ডায়াল করে ‘হ্যালো’ বলার সময় দেখলাম ফেলুদা গলাটা একদম চেঞ্জ করে বুড়োর গলা করে নিয়েছে। যে কথাটা হল ফোনে, তার শুধু একটা দিকই আমি শুনতে পেয়েছিলাম, আর সেইভাবেই সেটা লিখে দিচ্ছি—

‘হ্যালো—আমি নাকতলা থেকে কথা কইচি।’

‘আজ্ঞে, আমার নাম শ্রীজয়নারায়ণ বাগচি। আমি প্রাচীন কারুশিল্প সম্পর্কে বিশেষ উৎসাহী। এই বিষয় নিয়ে আমি একটি পুস্তক রচনা করচি।’

‘হ্যাঁ...আপ্তে হ্যাঁ। আপনার সংগ্রহের কথা শুনেছি। আমার একান্ত অনুরোধ, আপনি যদি অনুগ্রহ করে আপনার কিছু জিনিস আমাকে দেখতে দেন...’

—
‘না না না! পাগল নাকি!’

—
‘আচ্ছা।’

—
‘হ্যাঁ—নিশ্চয়ই!’

—
‘আপনাকে অশেষ ধন্যবাদ। নমস্কার।’

টেলিফোন শেষ করে ফেলুদা বলল, ‘ভদ্রলোকের বাড়িতে চুনকাম হচ্ছে—তাই জিনিসপত্রগুলো সরিয়ে রেখেছেন। তবে সন্ধ্যার দিকে গেলে দেখতে পাওয়া যাবে।’

আমি একটা কথা না বলে পারলাম না।

‘কিন্তু প্রতুলবাবু যদি সত্যিই আনুবিসের মূর্তি চুরি করে থাকেন, তা হলে তো আর সেটা আমাদের দেখাবেন না।’

ফেলুদা বলল, ‘যদি তোর মতো বোকা হয় তা হলে দেখাতেও পারে; তবে না দেখানোটাই সম্ভব। আমি মূর্তি দেখার জন্য যাচ্ছি না, যাচ্ছি লোকটাকে দেখতে।’

তার কথা মতো ফেলুদা টেলিফোনটা করেই নিজের ঘরে চলে গেল ঘুমোতে। ফেলুদার একটা আশ্চর্য ক্ষমতা হল, ও যখন তখন প্রয়োজন মতো একটু-আধটু ঘুমিয়ে নিতে পারে। শুনেছি নেপোলিয়নেরও নাকি এ ক্ষমতা ছিল; যুদ্ধের আগে ঘোড়ায় চাপা অবস্থাতেই একটু ঘুমিয়ে নিয়ে শরীরটাকে চাঙ্গা করে নিতেন।

আমার বিশেষ কিছুই করার ছিল না, তাই ফেলুদার তাক থেকে একটা ইজিগ্লিয়ান আর্টের বই নিয়ে সেটা উলটে পালটে দেখছিলাম, এমন সময় ক্রি—ং করে ফোনটা বেজে উঠল।

আমি এক দৌড়ে বসবার ঘরে গিয়ে ফোনটা তুলে নিলাম।

‘হ্যালো!’

কিছুক্ষণ কেউ কিছু বলল না, যদিও বেশ বুঝতে পারছিলাম ফোনটা কেউ ধরে আছে।

আমার বুকের ভিতরটা টিপ টিপ করতে শুরু করল।

প্রায় দশ সেকেন্ড পরে একটা গভীর, কর্কশ গলা শুনে পেলাম।

‘প্রদোষ মিস্তির আছেন?’

আমি কোনওমতে ঢোক গিলে বললাম, ‘উনি একটু ঘুমোচ্ছেন। আপনি কে কথা বলছেন?’

আবার কয়েক সেকেন্ড চুপ। তারপর কথা এল, ‘ঠিক আছে। আপনি তাকে বলে দেবেন যে মিশরের দেবতা যেখানে যাবার সেখানেই গেছেন। প্রদোষ মিস্তির যেন ও ব্যাপারে আর নাক গলাতে না আসেন, কারণ তাতে কারুর কোনও উপকার হবে না। বরং অনিষ্ট হবার সম্ভাবনা বেশি।’

এর পরেই কট করে ফোনটা রাখার শব্দ পেলাম, আর তার পরেই সব চুপ।

কতক্ষণ যে ফোনটা হাতে ধরে প্রায় দম বন্ধ করে বসেছিলাম জানি না, হঠাৎ ফেলুদার গলা পেয়ে তাড়াতাড়ি রিসিভারটাকে জায়গায় রেখে দিলাম।

‘কে ফোন করেছিল?’

আমি ফোনে যা শুনেছি তা বললাম। ফেলুদা গভীর মুখ করে ভুরু কুঁচকে সোফায় বসে বলল, ‘ইস—তুই যদি আমাকে ডাকতিস!’

‘কী করব? কাঁচা ঘুম ভাঙলে যে তুমি রাগ করো।’

‘লোকটার গলার আওয়াজ কীরকম?’

‘ঘড়ঘড়ে গভীর।’

‘হুঁ...। যাক গে, আপাতত প্রতুল দত্তর চেহারাটা একবার দেখে আসি। মনে হচ্ছিল একটু আলো দেখতে পাচ্ছি; এখন আবার সব ঘোলাটে।’

ছ’টা বাজতে পাঁচ মিনিটে আমরা প্রতুল দত্তর বাড়ির গেটের সামনে ট্যান্ডি থেকে নামলাম। আমি বাজি ফেলে বলতে পারি যে বাবাও আমাদের দেখে চিনতে পারতেন না। ফেলুদা সেজেছে একটা ষাট বছরের বুড়ো। কাঁচা-পাকা মেশানো ঝোলা গোঁফ, চোখে মোটা কাচের চশমা, গায়ে কালো গলাবন্ধ কোট, হাঁটুর উপর তোলা ধুতি, আর মোজার উপর বাটার তৈরি ব্রাউন কেড্‌স জুতো। আধঘণ্টা ধরে ঘরের দরজা বন্ধ করে মেক-আপ করে বাইরে এসেই বলল, ‘তোমার জন্য দু-তিনটে জিনিস আছে—চট করে পরে নে।’

আমি অবাক হয়ে বললাম, ‘আমাকেও মেক-আপ করতে হবে নাকি?’

‘আলবাৎ!’

দুমিনিটের মধ্যে আমার মাথায় একটা কদম-ছাঁট পরচুলা, আর আমার নাকের উপর একটা চশমা বসে গেল। তারপর একটা কালো পেল্লি দিয়ে আমার পরিষ্কার করে ছাঁটা-জুলপিটা ফেলুদা একটু অপরিষ্কার করে দিল। তারপর বলল—

‘তুই আমার ভাগনে, তোমার নাম সুবোধ—অর্থাৎ শান্তশিষ্ট লেজবিশিষ্ট ভালমানুষটি। ওখানে মুখ খুলেছ কি বাড়ি এসে রদ্দা!’

প্রতুলবাবুর বাড়ির চুনকাম প্রায় হয়ে এসেছে। ডিজাইন দেখে বোঝা যায় বাড়ি অন্তত পঁচিশ-ত্রিশ বছরের পুরনো, তবে নতুন রঙের জন্য দরজা জানলা দেয়াল সব কিছু ঝলমল করছে।

গেট দিয়ে ঢুকে এগিয়ে গিয়েই দেখি বাইরে একটা খোলা বারান্দায় একটা বেতের চেয়ারে একজন মাঝবয়সী ভদ্রলোক বসে আছেন। আমাদের এগোতে দেখেও তিনি চেয়ার ছেড়ে উঠলেন না। সন্ধ্যার আবছা অন্ধকারেও বুঝলাম তাঁর মুখটা বেশ গভীর।

ফেলুদা দুহাত তুলে মাথা হেঁট করে নমস্কার করে তার নতুন বুড়ো মিহি গলায় বলল, ‘মাপ করবেন—আপনিই কি প্রতুলবাবু?’

ভদ্রলোক গভীর গলায় বললেন, ‘হ্যাঁ।’

‘আজ্ঞে আমারই নাম জয়নারায়ণ বাগচি। আমিই আপনাকে আজ দুপুরে টেলিফোন করেছিলাম। এটি আমার ভাগনে সুবোধ।’

‘আবার ভাগনে কেন? ওর কথা তো টেলিফোনে হয়নি।’

আমার মাথায় পরচুলা কুটকুট করতে শুরু করেছে।

ফেলুদা গলা ভীষণ নরম করে বলল, ‘আজ্ঞে ও ছবি আঁকা শিখছে তাই...’ ভদ্রলোক চেয়ার ছেড়ে উঠলেন।

‘আপনারা আমার জিনিসগুলি দেখতে চাইছেন তাতে আপত্তি নেই; তবে সরিয়ে রাখা জিনিস সব টেনে বার করতে হয়েছে। অনেক হ্যাঙ্গাম। একে বাড়িতে রাতদিন মিস্ত্রিদের ঝামেলা, এটা ঠেলো, ওটা ঢাকো...চারিদিকে কাঁচা রং...রঙের গন্ধটাও ধাতে যায় না। সব ঝক্কি শেষ হলে যেন বাঁচি। আসুন ভেতরে...’

লোকটাকে ভাল না লাগলেও, ভিতরে গিয়ে তার জিনিসপত্তর দেখে চোখ ছানাবড়া হয়ে গেল।

ফেলুদা বলল, ‘আপনার কাছে মিশর দেশের শিল্পকলার অনেক চমৎকার নিদর্শন রয়েছে দেখছি।’

‘তা আছে। কিছু জিনিস কায়রোতে কেনা, কিছু এখানে অকশনে।’

‘দ্যাখো বাবা সুবোধ ভাল করে দ্যাখো।’ ফেলুদা আমার পিঠে একটা চিমটি কেটে আমায় জিনিসগুলোর দিকে ঠেলে দিল। ‘কতরকম দেবদেবী—দ্যাখো! এই যে বাজপাখি, এও দেবতা, এই যে প্যাঁচা—এও দেবতা। মিশরদেশে কতরকম জিনিসকে পূজা করত লোকেরা দ্যাখো।’

প্রতুলবাবু একটা সোফায় বসে চুরুট ধরালেন।

হঠাৎ কী খেয়াল হল, আমি বলে উঠলাম, ‘শেয়াল দেবতা নেই, বড় মামা?’

প্রশ্নটা শুনেই প্রতুলবাবু যেন হঠাৎ বিষম খেয়ে উঠলেন। বললেন, ‘চুরুটের কোয়ালিটি ফল করেছে। আগে এত কড়া ছিল না।’

ফেলুদা সেই রকমই মিহি সুরে বললেন, ‘হেঁ হেঁ—আমার ভাগনে আনুবিসের কথা বলছে। কালই ওকে বলছিলাম কিনা?’

প্রতুলবাবু হঠাৎ ফোঁস করে উঠলেন, ‘হুঁ!—আনুবিস! স্টুপিড ফুল!’

‘আজ্ঞে?’ ফেলুদা চোখ গোল গোল করে প্রতুলবাবুর দিকে চাইলেন। ‘আনুবিসকে মুখ বলছেন আপনি?’

‘আনুবিস না। সেদিন নিলামে—লোকটাকে আগেও দেখেছি আমি—হি ইজ এ ফুল। ওর বিডিং—এর কোনও মাথাযুগু নেই। চমৎকার একটা মূর্তি ছিল। এমন এক অ্যাবসার্ড দাম হাঁকল যে যার ওপর আর চড়া যায় না। অত টাকা কোথায় পায় জানি না।’

ফেলুদা চারিদিকে আরেকবার চোখ বুলিয়ে নিয়ে ভদ্রলোককে নমস্কার করে বললেন, ‘অশেষ ধন্যবাদ। আপনি মহাশয় ব্যক্তি। পরম আনন্দ পেলাম আপনার শিল্প সংগ্রহ দেখে।’

এ সব জিনিসপত্র ছিল দোতলায়। আমরা এবার নীচে রওনা দিলাম। সিঁড়ি দিয়ে নামতে নামতে ফেলুদা বলল, ‘আপনার বাড়িতে লোকজন আর বিশেষ...?’

‘গিন্নি আছেন। ছেলে বিদেশে।’

প্রতুল দত্তর বাড়ি থেকে বেরিয়ে ট্যাক্সির জন্য হাঁটতে হাঁটতে বুঝলাম পাড়াটা কত নির্জন। সাতটাও বাজেনি, অথচ রাস্তায় প্রায় লোক নেই বললেই চলে। দুটি বাচ্চা ভিখারি ছেলে শ্যামাসংগীত গাইতে গাইতে এগিয়ে আসছে। একটু কাছে এলে পরে বুঝলাম একজন গাইছে আর অন্যজন বাজাচ্ছে। ভারী সুন্দর গান করে ছেলেটা। ফেলুদা তাদের সঙ্গে গলা মিশিয়ে গেয়ে উঠল—

বল মা তাঁরা দাড়াই কোথা

আমার কেহ নাই শঙ্করী হেথা...

বালিগঞ্জ সার্কুলার রোড দিয়ে কিছুদূর হেঁটে একটা চলন্ত খালি ট্যাক্সির দেখা পেয়েই ফেলুদা হাঁক দিয়ে সেটাকে থামাল। ওঠার সময় দেখি বুড়ো ড্রাইভার ভারী অবাক হয়ে ফেলুদার দিকে দেখছে। এই চিমড়ে বুড়োর গলা দিয়ে ওরকম জোয়ান চিৎকার বেরোল কী করে সেটাই বোধহয় চিন্তা করছে ও।

পরদিন সকালে যখন টেলিফোনটা বাজল, তখন আমি বাথরুমে দাঁত মাজছি। কাজেই ফোনটা ফেলুদাই ধরল।

জিস্টেস করে জানলাম নীলমণিবাবু ফোন করেছিলেন একটা খবর দেবার জন্য।

প্রতুলবাবুর বাড়িতেও কাল ভাকাতি হয়ে গিয়েছে, আর এ খবরটা কাগজেও বেরিয়েছে। টাকা পয়সা কিছু যায়নি; গেছে শুধু কিছু প্রাচীন কারুশিল্পের নমুনা। আট-দশটা ছোট ছোট

জিনিস, সব মিলিয়ে যার দাম বিশ-পঁচিশ হাজার টাকার কম না। পুলিশ নাকি তদন্ত আরম্ভ করে দিয়েছে।

প্রতুলবাবুর বাড়িতে যে সকালেই পুলিশের দেখা পাব, আর তার মধ্যে যে ফেলুদার চেনা লোকও বেরিয়ে পড়বে সেটা কিছুই আশ্চর্য না। আমরা যখন পৌঁছেছি তখন সোয়া সাতটা। অবিশ্যি আজ আর মেক-আপ করিনি। ফেলুদা দেখলাম তার জাপানি ক্যামেরাটা নিতে ভোলেনি।

আমরা গেটের ভিতর সবে ঢুকেছি—এমন সময় একজন বেশ হাসিখুশি মোটাসোটা চশমা পরা পুলিশ—বোধহয় ইন্স্পেক্টর-টিনস্পেক্টর হবেন—ফেলুদাকে দেখেই এগিয়ে এসে ওর পিঠে একটা চাপড় মেরে বলল, ‘কী হে, ফেলুমাস্টার?—গন্ধে গন্ধে এসে জুটেছ দেখছি!’

ফেলুদা বেশ নরমভাবেই হেসে বলল, ‘আর কী করি বলুন—আমাদের তো ওই কাজ!’

‘কাজ বোলো না। কাজটা তো আমাদের। তোমাদের হল শখ। তাই না?’

ফেলুদা একথার কোনও উত্তর না দিয়ে বলল, ‘কিছু কিনারা করতে পারলেন। বার্গলারি কেস?’

‘তা ছাড়া আর কী? তবে ভদ্রলোক খুব আপসেট। খালি মাথা চাপড়াচ্ছেন আর বলছেন কাল এক বুড়ো নাকি এক ছোকরা সঙ্গে করে ওঁর জিনিস দেখতে এসেছিল। ওঁর ধারণা এই দুজনেই নাকি আছে এই বার্গলারির পেছনে।’

আমার কথাটা শুনেই গলা শুকিয়ে গেল। সত্যি, ফেলুদা মাঝে মাঝে বড্ড বেপরোয়া কাজ করে ফেলে।

ফেলুদা কিন্তু একটু ঘাবড়ে না গিয়ে বলল, ‘তা হলে তো সেই বুড়োর সন্ধান করতে পারলেই চোর ধরা পড়বে। এ তো জলের মতো কেস।’

গোলগাল পুলিশটি বললেন, ‘বেশ বলেছ—একেবারে খাঁটি উপন্যাসের গোয়েন্দাদের মতো বলেছ—বাঃ!’

ভদ্রলোকের পারমিশন নিয়ে ফেলুদা আর আমি বাড়ির দিকে এগিয়ে গেলাম। প্রতুলবাবু দেখি আজও সেই বারান্দাতেই বসে আছেন। বুঝলাম তিনি এতই অন্যমনস্ক যে আমাদের দেখেও দেখতে পেলেন না।

‘কোন ঘরটা থেকে চুরি হয়েছে দেখবে?’ মোটা পুলিশ জিজ্ঞেস করল।

‘চলুন না।’

কাল সন্ধ্যাবেলা দোতলার যে ঘরটায় গিয়েছিলাম, আজও সেটাতেই যেতে হল। অন্য কিছুর দিকে দৃষ্টি না দিয়ে ফেলুদা সটান ঘরের দক্ষিণ দিকের ব্যালকনিটার দিকে চলে গেল। সেটা থেকে ঝুঁকে নীচের দিকে চেয়ে বলল, ‘হুঁ, পাইপ বেয়ে অন্যায়সে উঠে আসা যায়—তাই না?’

মোটা পুলিশ বললেন, ‘তা যায়। আর মুশকিল হচ্ছে কী—দরজার রং কাঁচা বলে ওটাকে আবার দুদিন থেকে বন্ধ করা হচ্ছিল না।’

‘ঠিক কখন হয়েছে চুরিটা?’

‘রাত পৌনে দশটা।’

‘কে প্রথম টের পেল?’

‘এদের একটি পুরনো চাকর আছে, সে ওদিকের ঘরে বিছানা করছিল। একটা শব্দ পেয়ে আসে। ঘর তখন অন্ধকার। বাতি জ্বালানোর আগেই সে একটা প্রচণ্ড ঘুঁষি খেয়ে প্রায় অজ্ঞান হয়ে যায়। সেই সুযোগে চোর বাবাজি হাওয়া।’

ফেলুদার কপালে আবার সেই বিখ্যাত ঞ্জকুটি। বলল, ‘একবার চাকরটার সঙ্গে কথা বলব।’

চাকরের নাম বংশলোচন। দেখলাম ঘুঁষিটা খাওয়ার ফলে তার এখনও যন্ত্রণা আর ভয়—

কোনওটাই যায়নি। ফেলুদা বলল, ‘কোথায় ব্যথা?’

চাকরটা টি টি করে উত্তর দিল, ‘তলপেটে।’

‘তলপেটে? ঘুঁষি তলপেটে মেরেছিল?’

‘সে কী হাতের জোর—বাপুরে বাপ! মনে হল যেন পেটে এসে একখানা পাথর লাগল। আর তার পরেই সব অন্ধকার।’

‘আওয়াজটা শুনলে কখন? তখন তুমি কী করছিলে?’

‘টাইম তো দেখিনি বাবু। আমি তখন মায়ের ঘরে বিছানা করছি। দুটো ছেলে এসে কীর্তন গান করছিল তাই শুনছিলাম। মা ঠাকরুণ ছিলেন পুজোর ঘরে; বললেন ছেলেটাকে পয়সা দিয়ে আয়। আমি যাব যাব করছি এমন সময় বাবুর ঘর থেকে ঘটিবাটি পড়ার মতো একটা শব্দ পেলাম। ভাবলাম—কেউ তো নাই—তা জিনিস পড়ে কেন? তাই দেখতে গেছি—আর ঘরে ঢুকতেই...’

বংশলোচন আর কিছু বলতে পারল না।

সব শুনে-টুনে বুঝলাম, আমরা চলে যাবার ঘণ্টাখানেকের মধ্যেই চোর এসেছিল।

আমি ভাবলাম ফেলুদা বোধহয় আরও কিছু জিজ্ঞেস করবে, কিন্তু শেষ পর্যন্ত ও আর কোনও কথাই বলল না। সেই মোটা পুলিশকে ধন্যবাদ দিয়ে আমরা বাড়ি থেকে বেরিয়ে এলাম।

বাইরে রাস্তায় এসে ফেলুদার মুখের চেহারা একদম বদলে গেল। এ চেহারা আমি জানি। ফেলুদা কী জানি একটা রাস্তা দেখতে পেয়েছে, আর সে রাস্তা দিয়ে গেলেই রহস্যের সমাধানে পৌঁছানো যাবে।

পাশ দিয়ে খালি ট্যাক্সি বেরিয়ে গেল, কিন্তু ফেলুদা থামাল না। আমরা দুজনে হাঁটতে লাগলাম। ফেলুদার দেখাদেখি আমিও ভাবতে চেষ্টা করলাম, কিন্তু তাতে খুব বেশিদূর এগোতে পারলাম না। প্রতুলবাবু যে চোর নন সেটা তো পরিষ্কার বোঝা যাচ্ছে, যদিও প্রতুলবাবুকে বেশ জোয়ান লোক বলে মনে হয়, আর ওঁর গলার আওয়াজটা বেশ ভারী। কিন্তু তাও এটা কিছুতেই সম্ভব বলে মনে হচ্ছিল না যে, প্রতুলবাবু একটা বাড়ির পাইপ বেয়ে দোতলায় উঠতে পারেন। তার জন্য যেন আরও অনেক কম বয়সের লোকের দরকার। তা হলে চোর কে? আর ফেলুদা কোন জিনিসটার কথা এত মন দিয়ে ভাবছে?

কিছুক্ষণ হাঁটার পরে দেখি আমরা নীলমণিবাবুর বাড়ির পাঁচিলের পাশে এসে পড়েছি। ফেলুদা পাঁচিলটা বাঁয়ে রেখে ধীরে ধীরে হাঁটতে আরম্ভ করল।

কিছুদূর গিয়ে পাঁচিলটা বাঁ দিকে ঘুরেছে। ফেলুদাও ঘুরল, আর তার সঙ্গে সঙ্গে আমিও। এদিকে রাস্তা নেই, ঘাসের উপর দিয়ে হাঁটতে হয়। মোড় ঘুরে আঠারো কি উনিশ পা হাঁটার পর ফেলুদা হঠাৎ থেমে গিয়ে পাঁচিলের একটা বিশেষ অংশের দিকে খুব মন দিয়ে দেখল। তারপর সেই জায়গাটার খুব কাছ থেকে একটা ছবি তুলল। আমি দেখলাম সেখানে একটা ব্রাউন রঙের হাতের ছাপ রয়েছে। পুরো হাত নয়—দুটো আঙুল আর তেলের খানিকটা অংশ—কিন্তু তা থেকেই বোঝা যায় যে সেটা বাচ্চা ছেলের হাত।

এবার আমরা যে পথে এসেছিলাম সে পথে গিয়ে গেট দিয়ে ভিতরে ঢুকে সোজা একেবারে বাড়ির দিকে চলে গেলাম।

খবর পাঠাতেই নীলমণিবাবু বেশ ব্যস্ত হয়ে নীচে চলে এলেন। আমরা তিনজনেই বৈঠকখানায় বসার পর নীলমণিবাবু বললেন, ‘আপনি শুনলে কী বলবেন জানি না, তবে আমার মনটা আজ কালকের চেয়ে কিছুটা হালকা। আমার মতো দুর্দশা যে আরেকজনেরও হয়েছে, সেটা ভেবে খানিকটা কষ্টের লাঘব হচ্ছে। কিন্তু তাও একটা প্রশ্নের উত্তর না পাওয়া অবধি কষ্ট যাবে না—কোথায় গেল আমার আনুবিদ্য? বলুন? আপনি এত বড় ডিটেকটিভ—দু-দুটো

ডাকাতি দুদিন উপরি উপরি হয়ে গেল আর আপনি এখনও যেই তিমিরে সেই তিমিরে?’

ফেলুদা একটা প্রশ্ন করে ফেলল।

‘আপনার ভাগনেটি কেমন আছে?’

‘কে, ঝুন্টু? ও আজ অনেকটা ভাল। ওষুধে কাজ দিয়েছে। আজ ছুরটা অনেক কমে গেছে?’

‘আচ্ছা—বাইরের কোনও ছেলেটোলে কি পাঁচিল টপকে এখানে আসে? ঝুন্টুর সঙ্গে খেলতে-টেলতে?’

‘পাঁচিল টপকে? কেন বলুন তো?’

‘আপনার পাঁচিলের বাইরের দিকটায় একটা বাচ্চা ছেলের হাতের ছাপ দেখছিলাম।’

‘ছাপ মানে? কীরকম ছাপ?’

‘ব্রাউন রঙের ছাপ।’

‘টাটকা?’

‘বলা মুশকিল—তবে খুব পুরনো নয়।’

‘কই, আমি তো কোনওদিন কোনও বাচ্চাকে আসতে দেখিনি। বাচ্চা বলতে এক আসে—তাও সেটা পাঁচিল টপকে নয়—একটা ছোকরা ভিথিরি। দিব্যি শ্যামাসংগীত গায়। তবে হ্যাঁ—আমার বাগানের পশ্চিম দিকে একটা জামরুল গাছ আছে। মধ্যে মধ্যে বাইরের ছেলে পাঁচিল টপকে এসে সে গাছের ফল পেড়ে খায় না, এমন গ্যারান্টি আমি দিতে পারি না।’

‘হুঁ...’

নীলমণিবাবু এবার জিজ্ঞেস করলেন, ‘চোরের বিষয় আর কিছু জানতে পারলেন কি?’

ফেলুদা সোফা ছেড়ে উঠে পড়ল।

‘লোকটার হাতের জোর সাংঘাতিক। এক ঘুষিতে প্রতুলবাবুর চাকরকে অঙ্গান করে দিয়েছিল।’

‘তা হলে এচুরি-ওচুরি এক চোরই করেছে তাতে সন্দেহ নেই।’

‘হতে পারে। তবে গায়ের জোরটা এখানে বড় কথা বলে আমার মনে হয় না। একটা বীভৎস বুদ্ধিরও ইঙ্গিত যেন পাওয়া যাচ্ছে।’

নীলমণিবাবু যেন মুষড়ে পড়লেন। বললেন, ‘আশা করি সে বুদ্ধিকে জব্দ করার মতো বুদ্ধি আপনার আছে। না হলে তো আমার মূর্তি ফিরে পাবার আশা ছাড়তে হয়।’

ফেলুদা বলল, ‘আরও দুটো দিন অপেক্ষা করুন। এখন পর্যন্ত কখনও ফেলু মিস্ত্রিরের ডিফিট হয়নি।’

নীলমণিবাবুর বাড়ির গাড়িবারান্দা থেকে গেট অবধি নুড়ি পাথর দেওয়া রাস্তা। সেটার মাঝামাঝি যখন পৌঁছেছি তখন একটা কট্ কট্ শব্দ পেয়ে পিছন ফিরে দেখি নীলমণিবাবুর দোতলার একটা ঘরের জানালার পিছনে দাঁড়িয়ে একটা ছোট ছেলে—ঝুন্টুই বোধহয়—জানালার কাচটাতে হাত দিয়ে টোকা মারছে।

আমি বললাম, ‘ঝুন্টু।’

ফেলুদা বলল, ‘দেখেছি।’

সারা দুপুর ফেলুদা তার নীল খাতায় অভ্যাস মতো গ্রিক অক্ষরে কী সব হিজিবিজি লিখল। আমি জানি ভাষাটা আসলে ইংরিজি, কিন্তু অক্ষরগুলো গ্রিক, যাতে আর কেউ পড়ে মানে বুঝতে না পারে। আমার সঙ্গে ওর কথা একেবারেই বন্ধ, তবে সেটা এক হিসেবে ভাল। এখন ওর ভাববার সময়, কথা বলার সময় নয়। মাঝে মাঝে শুনছিলাম ও গুন গুন করে গান গাইছে। এটা সেই ভিথিরি ছেলেটার গাওয়া রামপ্রসাদী গানটা।

বিকেলে পাঁচটা নাগাত চা খেয়ে ফেলুদা বলল, ‘আমি একটু বেরুচ্ছি। পপুলার ফোটো থেকে আমার ছবির এনলার্জমেন্টগুলো নিয়ে আসতে হবে।’

আমি একাই বাড়িতে রয়ে গেলাম।

দিন ছোট হয়ে আসছে। তাই সাড়ে পাঁচটা বাজতে না বাজতেই সূর্য ডুবে অন্ধকার হয়ে এল। পপুলার ফোটো দোকানটা হাজরা রোডের মোড়ে। ফেলুদার ছবি নিয়ে ফিরে আসতে কুড়ি মিনিটের বেশি লাগা উচিত না। তবে এত দেরি হচ্ছে কেন? অবিশ্যি অনেক সময় ছবি তৈরি না হলে দোকানে বসিয়ে রাখে। আশা করি অন্য কোথাও যায়নি ও। আমাকে ফেলে ঘোরাঘুরিটা আমার ভাল লাগে না।

একটা করতালের অমওয়াজ কানে এল, আর তার সঙ্গে সঙ্গে চেনা গলায় সেই গান—

বল মা তারা দাঁড়াই কোথা

আমার কেহ নাই শঙ্করী হেথা...

সেই ছেলে দুটো। আজ আমাদের পাড়ায় ভিক্ষে করতে এসেছে।

গান ক্রমে এগিয়ে এল। আমি আমাদের ঘরের জানলাটার কাছে গিয়ে দাঁড়ালাম। এখান থেকে রাস্তাটা দেখা যায়। ওই যে ছেলে দুটো—একজন গাইছে, একজন করতাল বাজাচ্ছে। কী সুন্দর গলা ছেলেটার।

এবার গান থামিয়ে ছেলেটি ঠিক আমাদের বাড়ির সামনে দাঁড়িয়ে উপরের দিকে মুখ করে বলল, ‘মা দুটি ভিক্ষে দেবে মা?’

কী মনে হল, আমার ব্যাগ থেকে একটা পঞ্চাশ নয়া বার করে জানলা দিয়ে ছেলেটার দিকে ফেলে দিলাম। টিং শব্দ করে পয়সাটা মাটিতে পড়ল। দেখলাম ছেলেটা সেটা কুড়িয়ে নিয়ে ঝোলায় মধ্যে পুরে আবার গান গাইতে গাইতে হাঁটতে শুরু করল।

একটা ব্যাপারে আমার মাথাটা কেমন জানি গোলমাল হয়ে গেল। যদিও আমাদের রাস্তাটা বেশ অন্ধকার, তবু ভিখিরি ছেলেটা যখন ওপর দিকে মুখ করে ভিক্ষে চাইল তখন যেন মনে হল তার মুখের সঙ্গে বুন্টুর একটা আশ্চর্য মিল আছে। হয়তো এটা আমার দেখার ভুল, কিন্তু তাতে মনের মধ্যে কেমন খটকা লাগতে লাগল। আমি ঠিক করলাম ফেলুদা এলেই কথাটা ওকে বলব।

প্রায় সাড়ে ছটার সময় মেজাজ বেশ গরম করে ফেলুদা এনলার্জমেন্ট নিয়ে বাড়ি ফিরল। যা ভেবেছিলাম তাই, ওকে দোকানে বসে অপেক্ষা করতে হয়েছিল। বলল, ‘এবার থেকে নিজেই একটা ডার্করুম তৈরি করে ছবি ডেভেলপিং-প্রিন্টিং করব। বাঙালি দোকানের কথার কোনও ঠিক নেই।’

ফেলুদা যখন ওর বিছানার ওপর ছবিগুলো বিছিয়ে বসেছে, তখন আমি ওকে গিয়ে ভিখিরি ছেলেটার কথা বললাম। ও কিন্তু একটুও অবাক না হয়ে বলল, ‘সেটা আর আশ্চর্য কী?’

‘আশ্চর্য না?’

‘উহু।’

‘কিন্তু তা হলে ভীষণ গণ্ডগোল বলতে হবে।’

‘গণ্ডগোল তো বটেই। সেটা তো আমি প্রথম থেকেই বুঝেছি।’

‘তুমি বলতে চাও যে ওই ছেলেটা চুরির ব্যাপারে জড়িত?’

‘হতেও পারে।’

‘কিন্তু একটা বাচ্চা ছেলের ঘুঁষির এত জোর যে একটা ধেড়ে লোককে অজ্ঞান করে দেবে?’

‘বাচ্চা ছেলে ঘুঁষি মেরেছে তা তো বলিনি।’

‘তাও ভাল!’

যদিও ভাল বললাম, কিন্তু আসলে মোটেই ভাল লাগছিল না। ফেলুদাও যে কেন পরিস্কার করে কিছু বলছে না তা জানি না।

খাটের উপর বিছানো বারোটা ছবির মধ্যে দেখলাম একটা ছবি ফেলুদা বিশেষ মনোযোগ দিয়ে দেখছে। কাছে গিয়ে দেখি সেটা আজই সকালে তোলা নীলমণিবাবুর পাঁচিলে বাচ্চা ছেলের হাতের দাগের ছবিটা। এনলার্জমেন্টের ফলে হাতের তেলোটা স্পষ্ট বোঝা যাচ্ছে। বললাম, ‘তুমি তো বলো হাত দেখতে জান—বলো তো ছেলেটার কত আয়ু।’

ফেলুদা কোনও উত্তর দিল না। সে তন্ময় হয়ে ছবিটার দিকে চেয়ে আছে। লক্ষ করলাম যে তার মধ্যে একটা দারুণ কনসেনট্রেশনের ভাব।

‘কিছু বুঝতে পারছিস?’

হঠাৎ ওর প্রশ্নটা আমাকে একেবারে চমকে দিল।

‘কী বুঝব?’

‘সকালে কী বুঝেছিলি, আর এখন কী বুঝলি—বল তো।’

‘সকালে? মানে, যখন ছবিটা তুললে?’

‘হ্যাঁ।’

‘কী আর বুঝব? বাচ্চা ছেলের হাত—এ ছাড়া আর কী বোঝার আছে?’

‘ছাপের রংটা দেখে কিছু মনে হয়নি?’

‘রং তো ব্রাউন ছিল।’

‘তার মানে কী?’

‘তার মানে ছেলেটার হাতে ব্রাউন রঙের কিছু একটা লেগেছিল।’

‘কিছু মানে কী? ঠিক করে বল।’

‘পেন্ট হতে পারে।’

‘কোথাকার পেন্ট?’

‘কোথাকার পেন্ট...কোথাকার...?’

হঠাৎ মনে পড়ে গেল।

‘প্রতুলবাবুর ঘরের দরজার রং!’

‘এগজ্যাক্টলি। সেদিন তোরও শাটের বাঁদিকের আস্তিনে লেগে গিয়েছিল। এখনও গিয়ে দেখতে পারিস লেগে আছে।’

‘কিন্তু—আমার মাথাটা ভেঁ ভেঁ করছিল, —যার হাতের ছাপ, সেই কি প্রতুলবাবুর ঘরে ঢুকেছিল?’

‘হতেও পারে। এখন বল—ছবি দেখে কী বুঝিস।’

আমি অনেক ভেবেও নতুন কিছু বোঝার কথা বলতে পারলাম না।

ফেলুদা বলল, ‘তুই পারলে আশ্চর্য হতাম। শুধু আশ্চর্য হতাম না—শক পেতাম। কারণ তা হলে বলতে হত তোর আর আমার বুদ্ধিতে কোনও তফাত নেই।’

‘তোমার বুদ্ধিতে কী বলছে?’

‘বলছে যে এটা একটা সাংঘাতিক কেস। ভয়াবহ ব্যাপার। আনুবিষ যেরকম ভয়ঙ্কর—এই রহস্যটাও তেমনি ভয়ঙ্কর।’

পরদিন সকালে ফেলুদা প্রথম নীলমণি সান্যালকে ফোন করল।

‘হ্যালো—কে, মিস্টার সান্যাল?...আপনার রহস্য সমাধান হয়ে গেছে...মূর্তি এখনও হাতে আসেনি, তবে কোথায় আছে মোটামুটি আন্দাজ পেয়েছি...আপনি কি বাড়ি আছেন?...অসুখ
১১৬



বেড়েছে?...কোন হাসপাতালে নিয়ে যাচ্ছেন...ও, আচ্ছা। তা হলে পরে দেখা হবে...'

ফোনটা রেখেই ফেলুদা চট করে আরেকটা নম্বর ডায়াল করল। ফিস ফিস করে কী কথা হল সেটা ভাল শুনতে পেলাম না—তবে ফেলুদা যে পুলিশে টেলিফোন করছে সেটা বুঝলাম। ফোনটা রেখেই ও আমাকে বলল, 'এক্ষুনি বেরোতে হবে—তৈরি হয়ে নো।'

একে সকালে ট্র্যাফিক কম, তার উপর ফেলুদা আবার ট্যাক্সির ড্রাইভারকে বলল টপ স্পিডে যেতে। দেখতে দেখতে আমরা নীলমণিবাবুর বাড়ির রাস্তায় এসে পড়লাম।

গেটের কাছাকাছি যখন পৌঁছেছি, তখন দেখি নীলমণিবাবু তাঁর কালো অ্যাম্ব্যাসাডরে বেরিয়ে বেশ স্পিডের মাথায় আমরা যেদিকে যাচ্ছি তার উলটো দিকে রওনা দিলেন। সামনে ড্রাইভার আর পিছনে নীলমণিবাবু ছাড়া আর কাউকে দেখতে পেলাম না।

'আউর জোরসে'—ফেলুদা চুঁচিয়ে উঠল। ট্যাক্সি ড্রাইভারও কীরকম এক্সাইটেড হয়ে অ্যাক্সিলারেটরে পা চেপে দিল।

সামনের গাড়িটা দেখলাম বিশ্রী গোঁ গোঁ শব্দ করে ডান দিকে মোড় নিচ্ছে।

এইবার ফেলুদা যে জিনিসটা করল সেটা এর আগে কক্ষনও করেনি। কোটের ভিতরে হাত ঢুকিয়ে হঠাৎ তার রিভলভারটা বার করে গাড়ির জানলা দিয়ে ঝুঁকে পড়ে নীলমণিবাবুর গাড়ির পিছনের টায়ারের দিকে অব্যর্থ টিপ করে রিভলভারটা মারল।

প্রায় একই সঙ্গে রিভলভারের আর টায়ার ফাটার শব্দে কানে তালা লেগে গেল। দেখলাম নীলমণিবাবুর গাড়িটা বিশ্রীভাবে রাস্তার একপাশে কেন্দ্রে গিয়ে একটা ল্যাম্পপোস্টের সঙ্গে ধাক্কা খেয়ে থেমে গেল।

আমাদের গাড়িটা নীলমণিবাবুর গাড়ির পিছনে থামতেই দেখি উলটোদিক থেকে পুলিশের জিপ এসেছে।

এদিকে নীলমণিবাবু গাড়ি থেকে নেমে এসে ভীষণ বিরক্ত মুখ করে এদিক ওদিক চাইছেন।

ফেলুদা আর আমি ট্যাক্সি থেকে নেমে নীলমণিবাবুর দিকে এগিয়ে গেলাম।

পুলিশের জিপটাও কাছাকাছি এসে থেমেছে। দেখলাম সেটা থেকে নামলেন সেই মোটা অফিসারটি।

নীলমণিবাবু হঠাৎ বলে উঠলেন, 'এ সব কী হচ্ছে কী?'

ফেলুদা গম্ভীর গলায় বলল, 'আপনার সঙ্গে গাড়িতে ড্রাইভার ছাড়া আর কে আছে জানতে

পারি কি?’

‘কে আবার থাকবে?’ ভদ্রলোক চোঁচিয়ে উঠলেন। ‘বললাম তো আমি আমার ভাগনেকে নিয়ে হাসপাতালে যাচ্ছি।’

ফেলুদা এবার আর কিছু না বলে সোজা গিয়ে নীলমণিবাবুর গাড়ির দরজার হ্যান্ডেলটা ধরে একটানে দরজাটা খুলে ফেলল।

খোলার সঙ্গে সঙ্গে একটা বাচ্চা ছেলে গাড়ি থেকে তীরের মতো বেরিয়ে ফেলুদার উপর ঝাঁপিয়ে পড়ে ওর টুটি টিপে ধরল। কিন্তু ফেলুদা তো শুধু যোগব্যায়াম করে না? ও রীতিমতো যুযুৎসু আর কারাটে শিখেছে। ছেলেটার কব্জি দুটো ধরে উলটে তাকে অদ্ভুত কায়দায় মাথার উপর দিয়ে ঘুরিয়ে আছাড় মেরে রাস্তায় ফেলল। যন্ত্রণার চোটে একটা চিৎকার ছেলেটার মুখ দিয়ে বেরোল, আর সে চিৎকার শুনে আমার রক্ত জল হয়ে গেল!

কারণ সেটা মোটেই বাচ্চার গলা নয়।

সেটা একটা বয়স্ক লোকের বিকট হেঁড়ে গলার চিৎকার!

এই গলাই সেদিন আমি টেলিফোনে শুনেছিলাম!

ইতিমধ্যে পুলিশ এসে নীলমণিবাবুর গাড়ির ড্রাইভার আর ‘বাচ্চাটা’কে ধরে ফেলল।

ফেলুদা তার জামার কলারটা ঠিক করতে করতে বলল, ‘পাঁচিলের গায়ে হাতের ছাপ দেখেই ধরেছিলাম। অল্প বয়সের ছেলের হাতে এত লাইন থাকে না। তাদের হাত আরও অনেক মসৃণ থাকে। অথচ সাইজ যখন ছোট, তখন তার একটাই মানে হতে পারে। এটা আসলে একটা বেঁটে বামনের হাতের ছাপ। বাচ্চাটা আসলে আর কিছুই না—একটি ডোয়ার্ফ। কত বয়স হল আপনার সাকরেদের, নীলমণিবাবু?’

‘চল্লিশ!’ ভদ্রলোকের গলা দিয়ে ভাল করে আওয়াজ বেরোচ্ছে না।

‘খুব বুদ্ধি খাটিয়েছেন যা হোক। আগে জিনিস চুরির মিথ্যে ঘটনাটা খাড়া করে আমাকে ডেকে পাঠিয়ে, তারপর নিজেই লোক লাগিয়ে পরের জিনিস চুরি করছেন। আপনার বাড়িতে কাল যাকে দেখলাম সে কি সেই ভিখারি ছেলেটি?’

নীলমণিবাবু মাথা নেড়ে হ্যাঁ বললেন।

‘তার মানে আপনার ভাগনে বলে আসলে কেউ নেই। ওকে বাড়িতে এনে ধরে রেখেছেন এই চুরির ব্যাপারে হেঁচক করার জন্য?’

ভদ্রলোক মাথা হেঁট করে চুপ করে রইলেন।

ফেলুদা বলে চলল, ‘ছেলেটা গান গাইত আর বামনটা খঞ্জনি বাজাত। কেবল চুরির টাইম এলে খঞ্জনিটা ভিখারির হাতে দিয়ে যেত, এবং তখন সে-ই বাজাতে থাকত। বামন বলেই তার গায়ের জোরের অভাব নেই। এক ঘুঁষিতে একজন জোয়ান লোককে ঘায়েল করতে পারে। ওয়ান্ডারফুল! আপনার বুদ্ধির তারিফ না করে পারা যায় না নীলমণিবাবু।’

নীলমণিবাবু একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘মিশরের প্রাচীন জিনিসের উপর একটা নেশা ধরে গিয়েছিল। প্রচুর পড়াশুনা করেছে এই নিয়ে। সাথে কি প্রতুল দত্তের উপর হিংসা হয়েছিল।’

ফেলুদা বলল, ‘অতি লোভে শুধু তাঁতিই নষ্ট হয় না, বামনও হয়। কারণ আপনার ওই বেঁটেটিও বামন, আর আপনি সান্যাল—একেবারে উচ্চ শ্রেণীর বামন!...যাকগে—এবার একটা শেষ অনুরোধ আছে।’

‘কী?’

‘আমার রিওয়ার্ডটা।’

নীলমণিবাবু ফ্যাল ফ্যাল করে ফেলুদার দিকে চাইলেন।

‘রিওয়ার্ড!’

‘আনুবিসের মূর্তিটা আপনার কাছেই আছে বোধহয়?’
ভদ্রলোক কেমন যেন বোকার মতো ডান হাতটা নিজের পাঞ্জাবির পকেটে ঢুকিয়ে দিলেন।
হাতটা বার করতে দেখলাম তাতে রয়েছে এক বিষত লম্বা কালো পাথরের উপর রঙিন
মণিমুক্তা বসানো চার হাজার বছরের পুরনো মিশর দেশের শেয়ালমুখী দেবতা আনুবিসের মূর্তি।
ফেলুদা হাত বাড়িয়ে সেটা নিয়ে বলল, ‘থ্যাঙ্ক ইউ।’



গ্যাংটকে গণ্ডগোল

১

কিছুক্ষণ আগে অবধি জানালা দিয়ে বাইরে নীচের দিকে তাকালেই শুকনো হলদে মাটি আর
সরু সরু সিল্কের সুতার মতো এঁকে-বেঁকে যাওয়া নদী আর মাঝে মাঝে খুদে-খুদে গ্রামের
খুদে-খুদে ঘর বাড়ি গাছপালা দেখতে পাচ্ছিলাম। হঠাৎ কোথেকে জানি মেঘ এসে পড়াতে
সে-সব আর কিছুই দেখা যাচ্ছে না। তাই মুখ ঘুরিয়ে নিয়ে এখন প্লেনের যাত্রীদের দিকে
দেখছি।

আমার পাশেই বসেছে ফেলুদা, তার হাতে একটা মহাকাশ ভ্রমণ সম্বন্ধে বই। ফেলুদা
অনেক বই পড়ে, তবে আজ পর্যন্ত কখনও ওকে একই বিষয় নিয়ে পর পর দুটো বই পড়তে
দেখিনি। কালই রাত্রে কলকাতায় দেখেছি, ও তাকলামাকান মরুভূমির উপর একটা বই
পড়ছে। তার আগে ও দুটো বই একসঙ্গে পড়ছিল—সকালে একটা, রাত্রে একটা। একটা
গল্পের বই, অন্যটা পৃথিবীর নানান দেশের রান্না সম্পর্কে। ও বলে, একজন গোয়েন্দার পক্ষে
জেনারেল নলেজ জিনিসটা ভীষণ দরকারি; কখন যে কোন জ্ঞানটা কাজে লেগে যায়, তা
বলা যায় না।

আমাদের লাইনে প্যাসেজের উলটোদিকে পাশাপাশি দুটো সিটে দুজন ভদ্রলোক বসে
আছেন। যিনি দূরে বসে, তাঁর শুধু ডান হাতটা আর নীল প্যাণ্টের খানিকটা অংশ দেখতে
পাচ্ছি। হাতের আঙুল দিয়ে তিনি হাঁটুর উপর তাল ঠুকছেন। বোধহয় আপন মনে গান
গাইছেন। যিনি কাছে বসে আছেন, তিনি বেশ আঁটসাঁট চক্চকে ভদ্রলোক। হাতের
কবজিটা দেখে বেশ জোয়ান মনে হলেও, জুলপির কাছে পাকা চুল থাকাতে মনে হয়
ভদ্রলোকের বয়স অন্তত পঁয়তাল্লিশ তো হবেই। একটা স্টেটসম্যান খুলে ভারী মনোযোগ
দিয়ে কী জানি পড়ছেন তিনি। ফেলুদা হলে শুধু চেহারা দেখেই লোকটা সম্বন্ধে অনেক
কিছু বলে দিতে পারত। আমি সময় কাটানোর জন্য অনেকক্ষণ একদৃষ্টে চেয়ে থেকেও
কিছুই বার করতে পারলাম না।

‘ও রকম হাঁ করে কী দেখছিস?’

চাপা গলায় ফেলুদার হঠাৎ-প্রশ্নটা চমকে দিয়েছিল। কথাটা বলে ও একবার আড়চোখে
ভদ্রলোকের দিকে দেখে নিয়ে বলল, ‘যে রেটে খায় লোকটা, সে তুলনায় শরীরে তেমন চর্বি
জমেনি এখনও।’

এটা বলতে মনে পড়ল সত্যিই ভদ্রলোক এই এক ঘণ্টার মধ্যেই দুবার চেয়ে চা খেয়েছেন,
আর তার সঙ্গে গোটা তিনেক করে বিস্কুটও। বললাম, ‘আর কী বুঝলে?’

‘ভদ্রলোকের প্লেনে চড়া অভ্যেস আছে।’

‘কী করে জানলে?’

‘একটু আগেই প্লেনটা একটা এয়ার পকেটে পড়ে ধড়াস্ করে বাষ্প করেছিল—মনে আছে?’

‘হ্যাঁ হ্যাঁ—ওরে বাবা—আমার তো পেটের ভিতরটা কী রকম করে উঠেছিল।’

‘শুধু তুই কেন, আশেপাশের সকলেই নড়েচড়ে উঠেছিল, একমাত্র উনিই দেখলাম কাগজ থেকে চোখটি পর্যন্ত তুললেন না।’

‘আর কী বুঝলে?’

‘লোকটার মাথার সামনের দিকের চুল বেশ পরিপাটি রয়েছে, কিন্তু পেছনটা এলোমেলো হয়ে মোরগের ঝুঁটি হয়ে গেছে।’

‘সে তো দেখতেই পাচ্ছি।’

‘অথচ প্লেনে লোকটা সিটে মাথা ঠেকিয়ে শোয়নি একবারও, একটানা সোজা হয়ে বসে কাগজ পড়েছে, আর না হয় চা-বিস্কুট খেয়েছে। তার মানে দমদমে ওয়েটিং রুমে—’

‘বুঝেছি, বুঝেছি—তার মানে ও প্লেন ছাড়ার বেশ কিছুক্ষণ আগেই দমদম পৌঁছেছিল, আর তাই—’

‘ভেরি গুড। হাতে সময় আছে দেখে সোফায় বসে পা ছড়িয়ে মাথা চিতিয়ে বিশ্রাম করে নিয়েছে। তাই পিছনের চুলের ওই দশা।’

ফেলুদার এই ক্ষমতাটা সত্যিই অবাক করে দেবার মতো। আরও আশ্চর্য এই যে, এগুলো বুঝে ফেলার জন্য ওকে আমার মতো ড্যাব-ড্যাব করে চেয়ে থাকতে হয় না অচেনা লোকের দিকে। দু-একবার আড়চোখে দেখে নিলেই কাজ হয়ে যায়।

‘লোকটা কোন দেশি বল তো।’ ফেলুদা প্রশ্ন করল।

এটার জবাব দেওয়া ভারী কঠিন। বললাম, ‘লোকটা পরে আছে সুট, হাতে আবার ইংরেজি কাগজ—কী করে বুঝব? বাঙালি, মারাঠি, গুজরাটি, পাঞ্জাবি—এনিথিং হতে পারে।’

ফেলুদা ছিক্ করে জিভ দিয়ে একটা শব্দ করে মাথা নেড়ে বলল, ‘কবে যে অবজারভেশন শিখবি তা জানি না। লোকটার ডান হাতে কী রয়েছে?’

‘খবরের—না না, একটা আংটি!’

‘আংটিতে কী আছে?’

চোখ কুঁচকে ভাল করে চেয়ে দেখলাম সোনার আংটির মাঝখানে লেখা রয়েছে ‘মা’।

অন্য যাত্রীদের সম্বন্ধেও প্রশ্ন করার ইচ্ছে ছিল, কিন্তু ঠিক সেই সময়ে লাউডস্পিকারে বলে উঠল বাগডোগরা পৌঁছাতে আর বেশি সময় নেই—‘প্লিজ ফাস্ট ইয়োর সিট বেল্টস অ্যান্ড অবজার্ভ দ্য নো-স্মোকিং সাইন।’

বাগডোগরা বলতে অনেকেই মনে করবে, আমরা হয়তো দার্জিলিং কিম্বা কালিম্পং যাচ্ছি। আসলে তা নয়। আমরা যাচ্ছি সিকিমের রাজধানী গ্যাংটকে। এর আগে গ্রীষ্মের ছুটিতে দুবার দার্জিলিং গেছি; এবারও প্রথমে দার্জিলিং—এর কথাই হয়েছিল, কিন্তু শেষ মুহূর্তে ফেলুদা গ্যাংটকের নাম করল। বাবার হঠাৎ ব্যঙ্গালোরে একটা কাজ পড়ে গেল বলে উনি আর এলেন না। বললেন, ‘তুই পরীক্ষা দিয়ে বসে আছিস, ফেলুরও ছুটি পাওনা হয়েছে—দিন পনেরোর জন্য ঘুরে আয়। কলকাতায় বসে ভ্যাপসা গরমে পচার কোনও মানে হয় না।’

ফেলুদা গ্যাংটক বলল তার কারণ বোধহয় এই যে, ইদানীং ও তিব্বত নিয়ে পড়াশুনা করেছে। (সেই ফাঁকে আমিও একটা শ্বেন হেদিনের লেখা ভ্রমণ কাহিনী পড়ে ফেলেছি)।

সিকিমে তিব্বতের অনেক কিছুই এসে জমা হয়েছে। সিকিমের রাজা তিব্বতি, সিকিমের গুম্ফাগুলোতে তিব্বতি লামাদের দেখা যায়, সিকিমের অনেক গ্রামে তিব্বতি রেফিউজিরা এসে রয়েছে। তিব্বতের গান, তিব্বতের খাবার, তিব্বতের পোশাক, তিব্বতের মুখোশ-পরা নাচ—এ সবই নাকি সিকিমে রয়েছে। আমিও তাই আর গ্যাংটক নিয়ে আপত্তি করিনি। সত্যি বলতে কী, আমার এই খুড়তুতো দাদাটির সঙ্গে যদি উলুবেড়েতেও ছুটি কাটাতে হয়, তাতেও আমি রাজি। অবিশ্যি তার সঙ্গে যদি সে-জায়গায় কোনও রহস্যের সন্ধান মেলে, তা হলে তো পোয়াবারো। গোয়েন্দাগিরিতে ফেলুদার জুড়ি আর কেউ আছে বলে আমার জানা নেই।

বাগডোগরা এয়ারপোর্টে এসে প্লেন নামল ঠিক সাড়ে সাতটায়। কলকাতা থেকেই বাবা ব্যবস্থা করে দিয়েছিলেন যাতে আমাদের জন্য এখানে একটা জিপ মজুত থাকে। আমরা সটান জিপে না উঠে আগে এয়ারপোর্টের রেস্টোরাণ্টে গিয়ে বেশ ভাল করে ব্রেকফাস্ট করে নিলাম; কারণ এখান থেকে গ্যাংটক যেতে লাগবে প্রায় ছ-সাত ঘণ্টা। রাস্তা খারাপ থাকলে আরও বেশি লাগতে পারে। তবে ভরসা এই যে আজ সব চোদ্দোই এপ্রিল; মনে হয় এখনও তেমন বর্ষা নামেনি।

অমলোঁটা শেষ করে মাছ ভাজা ধরেছি, এমন সময় দেখি প্লেনের সেই ভদ্রলোকটি একটা কোনার টেবিল থেকে উঠে রুমালে মুখ মুছতে মুছতে আমাদেরই দিকে হাসিমুখে এগিয়ে আসছেন।

‘আপনারা কি ড্যাং, না ক্যাং, না গ্যাং?’

আমি তো প্রশ্ন শুনে ঘাবড়েই গেলাম। এ আবার কী হৈয়ালিতে কথা বলছেন ভদ্রলোক? কিন্তু ফেলুদা তৎক্ষণাৎ হেসে উত্তর দিল ‘গ্যাং।’

গ্যাং শুনে ভদ্রলোক বললেন, ‘জিপের ব্যবস্থা আছে? মানে, সোজা কথা—আপনাদের সঙ্গে শেয়ারে লটকে পড়তে পারি কি?’

ফেলুদা বলল, ‘স্বচ্ছন্দে’, আর আমিও বুঝে ফেললাম যে ড্যাং হচ্ছে দার্জিলিং, ক্যাং কালিম্পং আর গ্যাং গ্যাংটক।

ভদ্রলোক বললেন, ‘থ্যাঙ্ক ইউ। আমার নাম শশধর বোস।’

‘কী ব্যাপার?’ ভদ্রলোক জিজ্ঞেস করলেন। ‘হলিডে?’

‘তা ছাড়া আর কী!’

‘আই লাভ গ্যাংটক। আগে গেছেন কখনও?’

‘আজ্ঞে না।’

‘কোথায় উঠছেন?’

ফেলুদা বেয়ারাকে ডেকে বিল আনার কথা বলে দিয়ে ভদ্রলোককে একটি চারমিনার অফার করে নিজে একটা ধরিয়ে বলল, ‘একটা হোটেলে ঘর বুক করা আছে। নাম বোধ হয় ন্নো-ভিউ।’

শশধরবাবু বললেন, ‘গ্যাংটকের নাড়ি-নক্ষত্র আমার জানা। শুধু গ্যাংটক কেন—সারা সিকিম চষে বেড়িয়েছি। লাচেন, লাচুং, নামচে, নাথুলা—কিছুই বাদ নেই। গ্লোরিয়াস! যেমন দৃশ্য, তেমনি শান্তি। পাহাড় চান পাহাড়, অর্কিড চান অর্কিড—রোদ চান, মেঘ চান, বৃষ্টি চান, মিস্ট চান—সব পাবেন। তিস্তা, রঙ্গিত—নদীগুলোর কোনও তুলনা নেই। তবে গগুগোল হল রাস্তা নিয়ে—রোড্‌স্—বুঝেছেন। আসলে এ দিকের পাহাড়গুলো, যাকে বলে গ্রোইং মাউন্টেনস। এখনও বাড়ছে। তাই একটু অস্থির, বুঝেছেন—আর কাঁচা। ইয়াং বয়সে যা হয় আর কী—হে হে!’

‘তার ফলেই বুঝি ল্যান্ডস্কাইড হয় ?’

‘ইয়েস, আর সে বড় বেয়াড়া ব্যাপার । যাচ্ছেন যাচ্ছেন, হঠাৎ দেখলেন সামনে রাস্তা বন্ধ—ধসে গেছে । তার মানে ব্লাস্টিং, পাথর ভাঙো, দেয়াল তোলা, মাটি ফেলো—সে অনেক ব্যক্তি । তাও আর্মি আছে বলে রক্ষা, চটপট সরিয়ে নেয় । তবে এখনও বৃষ্টিটা তেমন নামেনি, তাই খুব একটা গোলমাল হবে বলে মনে হয় না । যাক—আপনাদের পেয়ে খুব আনন্দ হল, সুবিধেও হল । একা একা এতখানি পথ যেতে হবে ভাবতে বিস্ত্রী লাগছিল । কম্পানি পেলো গল্লোটোল্লো করে সময়টা কেটে যায় ।’

ফেলুদা বলল, ‘আপনিও কি চেঞ্জ যাচ্ছেন ?’

‘আরে না মশাই !’ ভদ্রলোক হেসে উঠলেন । ‘আমি যাচ্ছি কাজে । তবে সে এক পিকিউলিয়ার কাজ । অ্যারোম্যাটিক প্লান্টস জানেন ?’

‘আপনার বুঝি পারফিউমারির ব্যবসা ?’

‘ঠিক ধরেছেন । কেমিক্যাল ফার্ম । তার অনেক কাজের একটা হচ্ছে এসেন্স তৈরি করা । সিকিমে কিছু আমাদের প্রয়োজনীয় গাছ আছে সেটা জানি । সেগুলো সংগ্রহ করতেই যাওয়া । আমার পার্টনার আগেই গেছে—দিন সাতক হল । গাছপালা সম্বন্ধে অগাধ জ্ঞান—বটানিতে ডিগ্রি আছে । আমারও ওর সঙ্গে যাবার কথা ছিল—শেষটায় এক ভাগনের বিয়ের ব্যাপারে ঘাটশিলা চলে যেতে হল । কাল রাট্রেই কলকাতা ফিরেছি ।’

বিল দেওয়া হয়ে গিয়েছিল, তাই আমরা উঠে পড়লাম । মালপত্র তুলে নিয়ে জিপের দিকে যেতে যেতে ফেলুদা বলল, ‘আপনাদের কোম্পানিটা কোথায় ?’

শশধরবাবু বললেন, ‘বম্বে । কোম্পানি প্রায় বিশ বছর হতে চলল । আমি জয়েন করেছি বছর সাতক । এস্ এস্ কেমিক্যালস । শিবকুমার শেলভাক্কার—ওর নামেই নাম ।’

বাগডোগরা থেকে শিলিগুড়ি হয়ে সেবক রোড । সেবক রোড থেকে ডান দিকে তিস্তা নদীকে রেখে রাস্তা চড়াই উঠতে আরম্ভ করে । তারপর মাঝে মাঝে নীচেও নামে, দার্জিলিং-এর মতো সমানে চড়াই ওঠে না । রংপো-তে গিয়ে পশ্চিমবাংলার শেষ আর সিকিমের শুরু ।

তিস্তার ধারেই তিস্তা বাজার বলে একটা জায়গা আছে, যেখানে একটা প্রকাণ্ড ব্রিজের উপর দিয়ে নদী পেরিয়ে উলটোদিকের পাহাড়ের রাস্তা ধরতে হয় । তিস্তা বাজারে আমাদের জিপ থামানো হল । রোড থাকার ফলে বেশ গরম লাগছিল, তাই শশধরবাবু বললেন, ‘কোকা-কোলা খাবেন ?’ এ জায়গাটা নাকি দুবছর আগে তিস্তার বন্যায় একেবারে ভেসে গিয়েছিল । দোকানপাট ঘরবাড়ি যা দেখছি, সবই নাকি নতুন তৈরি হয়েছে । দেখেও তাই মনে হয় । ব্রিজটাও নতুন ; আগেটা জলের তোড়ে ভেঙে চুরমার হয়ে গিয়েছিল ।

শশধরবাবু দেখলাম পর পর দু বোতল কোকা-কোলা সাবাড় করে দিলেন । সেই সঙ্গে অবিশ্যি আমাদেরও খাওয়ালেন । মনে মনে ভাবলাম—গ্যাংটকে আশা করি কোল্ড ড্রিঙ্ক খেয়ে শরীর ঠাণ্ডা রাখতে হবে না । পাঁচ হাজার ফুট হাইট যখন, নিশ্চয়ই এখানের চেয়ে অনেক বেশি ঠাণ্ডা হবে ।

‘কোক’ খাওয়া সেরে যখন দোকানে বোতলগুলো ফেরত দিচ্ছি, তখন লক্ষ করলাম কিছু দূরেই একটা জিপের পাশে দাঁড়িয়ে কয়েকজন লোক (তার মধ্যে দুজন মিলিটারিও আছে) হাতটাত নেড়ে বেশ উত্তেজিতভাবে কী জানি আলোচনা করছে । জিপটা উলটোদিক থেকে এসেছে—বোধ হয় শিলিগুড়িই যাবে । ‘অ্যাক্সিডেন্ট’ কথাটা হঠাৎ কানে আসাতে আমরা তিনজনেই জিপটার দিকে এগিয়ে গেলাম, আর গিয়ে যা শুনলাম, সে এক বিস্ত্রী ব্যাপার । ও

12/10/2014



দিকে বৃষ্টি না হলেও, গ্যাংটকে নাকি দিন-সাতেক আগে বেশ বৃষ্টি হয়েছে, আর তার ফলে পাহাড় থেকে একটা পাথর গড়িয়ে একটা জিপের উপর পড়ে একজন লোক নাকি মারা গেছে। জিপটাও নাকি রাস্তা থেকে গড়িয়ে প্রায় পাঁচশো ফুট নীচে পড়ে ভেঙে চুরমার হয়ে গেছে। যে মরেছে, তার নাম-ধাম এরা কেউ বলতে পারল না, কারণ এরা কেউ গ্যাংটক থেকে আসছে না।

ফেলুদা খবরটা শুনে বলল, ‘একেই বলে নিয়তি। লোকটার নেহাতই মরণ ছিল, না হলে একটা চলন্ত গাড়ির উপর একটা মাত্র খসা পাথর এসে পড়া—এ ঘটনা সচরাচর ঘটে না।’

শশধরবাবু বললেন, ‘ওয়ান চান্স ইন এ মিলিয়ন।’ তারপর জিপে উঠতে উঠতে বললেন, ‘যাবার সময় দৃষ্টিটা পাহাড়ের গায়ে রাখবেন, আর কানটা খোলা রাখবেন। সাবধানের মার নেই মশাই।’

তিস্তা ছাড়বার কিছুক্ষণ পর থেকেই চারিদিকের দৃশ্য এমন আদ্ভুত সুন্দর হয়ে উঠতে লাগল যে, অ্যাক্সিডেন্টের কথাটা মন থেকে মুছে গেল। রংপো পেরিয়ে কিছু দূর যাবার পর এক পশলা বৃষ্টি হওয়ায় গরমটা এমনিতেই কমে গিয়েছিল, তার উপরে তিন হাজার ফুট হাইটের মাথায় যখন কুয়াশা আরম্ভ হল, তখন রীতিমতো ঠাণ্ডা লাগতে লাগল। গ্যাংটক আসতে যখন দশ কিলোমিটার বাকি, তখন এক জায়গায় জিপ থামিয়ে সুটকেস খুলে কোট আর মাফলারটা বার করে পরে নিলাম। শশধরবাবুও দেখলাম এয়ার ইন্ডিয়ার একটা ব্যাগ খুলে একটা নীল পুলওভার বার করে সেটা তাঁর ঠাণ্ডা কোটের তলায় চাপিয়ে নিলেন।

ক্রমে কুয়াশার মধ্যে দিয়ে আবছা আবছা চোখে পড়ল, পাহাড়ের গায়ে নীল রঙের চিনে প্যাটার্নের ছাতওয়ালা সব ঘরবাড়ি। শশধরবাবু বললেন, ‘পাঁচ ঘণ্টাও লাগল না। উই আর ভেরি লাকি।’

ক্রমে মিলিটারি ক্যাম্পের পাশ দিয়ে, ফুলের টব সাজানো কাঠের বারান্দাওয়ালা দোতলা দোকান-বাড়ির সারি পেরিয়ে, লাল নীল সবুজ হলদে ডুরে কাটা পোশাকপরা কাঁধে বাচ্চা-নেওয়া মেয়ে, আর বাহারের টুপি আর রংবেরঙের জামা পরা সিকিমি নেপালি ভুটিয়া তিব্বতি পুরুষদের ভিড়ের মধ্যে দিয়ে আমাদের জিপ গিয়ে পৌঁছল স্নোভিউ হোটেলের সামনে। শশধরবাবু ডাকবাংলোয় যাবেন বলে আমাদের কাছ থেকে তখনকার মতো বিদায় নিলেন। যাবার সময় বললেন, ‘এ সব জায়গায়, জানেন তো, চান কি না চান, চারবেলা অন্তত একবার করে দেখা না হয়ে যায় না।’

ফেলুদা বলল, ‘আপাতত আপনি ছাড়া আর কাউকেই চিনি না এখানে। বিকেলে একবার ডাকবাংলোর দিকটা য়ুঁ মেরে আসব।’

‘বহুৎ আচ্ছা’ বলে হাত নেড়ে জিপের সঙ্গে ভদ্রলোকও কুয়াশায় মিলিয়ে গেলেন।

২

আমাদের হোটেলের নাম যদিও স্নো-ভিউ, আর যদিও সত্যি করেই নাকি পিছনের ঘরগুলোর জানালা দিয়ে কাঞ্চনজঙ্ঘা দেখা যায়, এসে অবধি এখনও পর্যন্ত কুয়াশা কাটেনি বলে আমাদের স্নো-ভিউ করা হয়নি। হোটেলের মালিক একজন পাঞ্জাবি ভদ্রলোক—নাম মিস্টার বিব্বা। আর যে-সব লোক হোটেলে রয়েছে, তার মধ্যে মনে হল মাত্র একজনই বাঙালি। এখনও আলাপ হয়নি। বাঙালি বুঝলাম, কারণ দুপুরে কাঁটা চামচ দিয়ে খাবার সময় তাঁর হাত থেকে কাঁটাটা ছিটকে মাটিতে পড়ার সঙ্গে সঙ্গে স্পষ্ট শুনলাম তিনি বলে উঠলেন, ‘ধুন্তুরি।’

খাওয়া-দাওয়া সেরে হোটেলের সামনেই সারি সারি দোকানওয়ালা বড় রাস্তায় বেরিয়ে দু মিনিটের মধ্যেই ফেলুদা একটা পানের দোকান আবিষ্কার করে সেখান থেকে মিঠে পান কিনল। বলল, ‘এ জিনিসটা যে এখানে পাওয়া যাবে তা ভাবিনি।’ ও দুপুরে আর রাত্রে রোজ খাবার পরে একটা করে মিঠে পান খায়—তবে খয়ের ছাড়া, কারণ ঠোঁট লাল হওয়াটা ও একেবারেই পছন্দ করে না।

গ্যাংটকের এ রাস্তাটা দেখলাম রীতিমতো চওড়া। রাস্তার মাঝখানে জিপ লরি স্টেশন ওয়াগন ইত্যাদি নানারকম গাড়ি লাইন বেঁধে পার্ক করা রয়েছে, আর রাস্তার দুদিকে দোকান। দোকানের নাম দেখে বোঝা যায় ভারতবর্ষের অনেক জায়গার লোক সিকিমে এসে ব্যবসা গেড়ে বসেছে। পাঞ্জাবি, মাড়োয়ারি, গুজরাটি, সিন্ধি—সব রকম লোক সিকিমে এসে দোকান করেছে। বাঙালি প্রায় চোখে পড়ে না বললেই চলে। কুয়াশার মধ্যে বেশি দূর অবধি দেখা না গেলেও একটা জিনিস বেশ বুঝতে পারছিলাম যে, দার্জিলিং-এর সঙ্গে এ জায়গাটার বেশ একটা তফাত রয়েছে। সবচেয়ে বড় তফাত এই যে, এখানে লোকজনের ভিড়টা কম, তাই গোলমালটা কম, আর তাই নোংরাটাও কম।

খাওয়া-দাওয়া হল, মিঠে পানও হল, সবে ভাবছি এবার জায়গাটা একটু ঘুরে দেখলে হয়, এমন সময় হঠাৎ দেখি কুয়াশার মধ্যে দিয়ে শশধরবাবুকে দেখা যাচ্ছে। তিনি যেন ব্যস্তভাবে এই হোটেলের দিকেই এগিয়ে আসছেন। ফেলুদাকে দেখতে পেয়েই ভদ্রলোক আরও জোরে পা ফেলে এগিয়ে এসে হাঁপাতে হাঁপাতে বললেন, ‘সর্বনাশ হয়ে গেছে!’

‘কী ব্যাপার?’

‘সকালে তিস্তায় যে অ্যাক্সিডেন্টের কথাটা শুনলেন সেটা কার জানেন?’

প্রশ্নটা শুনেই আমার মনের মধ্যে একটা সন্দেহ ধাক্কা দিয়ে উঠেছিল, ভদ্রলোকের কথায় সেটা সত্যি হয়ে গেল।

‘এস্ এস্। আমার পার্টনার।’

‘বলেন কী? কোথায় যাচ্ছিলেন ভদ্রলোক?’

‘মা গঙ্গাই জানেন। টেরিবল ব্যাপার!’

‘তৎক্ষণাৎ মারা গেছেন?’

‘ঘণ্টা চারেক বেঁচে ছিল। হাসপাতালে আনার আধ ঘন্টার মধ্যেই মারা যায়। মাথায় চোট, হাড়গোড় ভেঙেছিল। মারা যাবার আগে নাকি একবার জ্ঞান হয়েছিল। আমার নাম করে। ‘বোস’ ‘বোস’ করে দু-একবার বলে। তারপরই শেষ।’

‘খবরটা পাওয়া যায় কী করে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

আমারা হোটলে গিয়ে ঢুকলাম। একতলার ডাইনিং রুম এখন খালি। তিনজনে তিনটে চেয়ার দখল করে বসলাম। শশধরবাবু একটা সবুজ রুমাল কোটের বুক-পকেট থেকে বার করে কপালের ঘাম মুছলেন।

‘সেও এক ব্যাপার। ড্রাইভারটা মরেনি। পাথরটা গাড়িটায় এসে লেগেছে, আর ড্রাইভারও স্টিয়ারিং-এর কন্ট্রোল হারিয়ে ফেলেছে। এমনিতে পাথরটা নাকি খুব একটা বড় কিছু ছিল না, কিন্তু স্টিয়ারিং ঘুরে যাওয়াতে গাড়ি রাস্তা থেকে সরে একেবারে কাত হয়ে খাদে পড়েছে। ড্রাইভার ছিল খাদের উলটো দিকে—যেই না গাড়ি কাত হয়েছে, ব্যাটা লাফ দিয়ে একেবারে রাস্তায়। মাইনর ইন্জুরি—বাঁ চোখের পাশটায় সামান্য একটু ছড়েছে—দ্যাটস্ অল। জিপ এদিকে শেলভাক্সার সমেত একেবারে পাঁচশো ফুট নীচে। নর্থ সিকিম হাইওয়েতে অ্যাক্সিডেন্ট। ড্রাইভারটা সেখান থেকে গ্যাংটকের দিকে হাঁটতে আরম্ভ করেছে খবরটা দেবে বলে। পথে কিছু নেপালি মজুরদের দেখে তাদের সঙ্গে করে নিয়ে গিয়ে এস্

এস্-এর বডি উদ্ধার করে। তারাই বয়ে আনছিল, এমন সময় একটা আর্মি জিপ এসে পড়ে। তারপর হাসপাতাল। তারপর...ওয়েল...’

যে লোকটাকে দু ঘণ্টা আগেও ফুর্তিবাজ বলে মনে হয়েছিল, তাকে এ রকম ভেঙে পড়তে দেখে অদ্ভুত লাগছিল।

‘ডেডবডি কী হল?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘বসে পাঠিয়ে দেওয়া হয়েছে। বসেতে ওর ভাইকে কনট্যাক্ট করেছিল—ব্যারিস্টার ভাই। এস্ এস্-এর স্ত্রী নেই। দুবার বিয়ে করেছিল, দুই স্ত্রীই মারা গেছে। প্রথম পক্ষের একটি ছেলে ছিল—সে বছর-চোদ্দ আগে বাপের সঙ্গে ঝগড়া করে বাড়ি ছেড়ে চলে যায়। সে অনেক ব্যাপার। এস্ এস্ ছেলেকে ভীষণ ভালবাসত, তার অনেক খোঁজ করেছিল, কিন্তু তার আর কোনও পান্ডাই পাওয়া যায়নি। তাই ভাইকেই ইনফর্ম করেছিল। ভাই পোস্টমর্টেম করতে দেয়নি, তাই বডি তার পরদিন পাঠিয়ে দেওয়া হয়েছে।’

এখানে বলে রাখি—পোস্টমর্টেম কথাটার মানে আমি ফেলুদার কাছেই জেনেছিলাম। কেউ যদি অস্বাভাবিক বা সন্দেহজনকভাবে মারা যায়, তা হলে পুলিশের তদন্ত হয়, আর তখন পুলিশের ডাক্তার মৃতদেহ পরীক্ষা করে রিপোর্ট দেয়—কখন মরেছে, কোথায় চোট পেয়ে মরেছে, বিষ খাওয়ানো হয়েছিল কি না—এই সব আর কী। একেই বলে পোস্টমর্টেম।

ফেলুদা বলল, ‘কবে ঘটেছে ব্যাপারটা?’

শশধরবাবু বললেন, ‘ইলেভন্থ সকালে। সাতুই ও এখানে এসে পৌঁছেছিল।’ তারপর আক্ষেপের ভঙ্গিতে মাথা নেড়ে বললেন, ‘আমি তো এখনও বিশ্বাসই করতে পারছি না!...কার কপালে যে কখন কী ঘটে! তবে আমি থাকলে বোধহয় এ দুর্ঘটনা ঘটত না।’

‘আপনার গ্ল্যান্স কী?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘কী আবার? আর তো এখানে থাকার কোনও মানে হয় না। আমি এখন যাচ্ছি কাল সকালে যদি একটা ফ্লাইট পাওয়া যায় তার খোঁজ করতে। চেনাশোনা আছে, হয়ে যাবে বলে মনে হয়।’

শশধরবাবু উঠে পড়লেন।

‘চলি। যাবার আগে একবার দেখা হবে নিশ্চয়ই। আপনারা আর এ নিয়ে ভাববেন না। হ্যাড এ গুড টাইম।’

ভদ্রলোক হোটেল থেকে বেরিয়ে চলে গেলেন। ফেলুদা কিছুক্ষণ চুপ করে ভুরু কঁচকিয়ে বসে থেকে সকালে অ্যাক্সিডেন্টের কথা শুনে শশধরবাবু যে কথাটা বলেছিলেন, সেটাই ফিস ফিস করে দুবার বলল—‘ওয়ান চান্স ইন মিলিয়ন।’ তারপর বলল, ‘অবিশ্যি মাথায় বাজ পড়েও তো লোক মরে। সেটাও কম আশ্চর্য নয়।’

আমি এতক্ষণ লক্ষ করিনি, এখন দেখলাম, আমাদের কাছেই আরেকটা চেয়ারে হোটেলের সেই বাঙালি ভদ্রলোকটি হাতে ‘আনন্দবাজার’ খুলে বসে আছেন। শশধরবাবু চলে যেতেই তিনি কাগজটা ভাঁজ করে চেয়ার ছেড়ে উঠে এসে ফেলুদাকে নমস্কার করে তার পাশের চেয়ারে বসে বললেন, ‘সিকিমের রাস্তাঘাটে কখন যে কী হয় কিছুই বলা যায় না। এখানে পাথর পড়ে মানুষ মরাটা কিছুই আশ্চর্য না। আপনারা তো আজই এলেন?’

ফেলুদা একটা গস্তীর হুঁ-এর মতো শব্দ করল। ভদ্রলোক একটা সিলের ফ্রেমে হালকা সবুজ রঙের কাচওয়াল চশমা পরেছিলেন। বয়স বোধহয় ত্রিশ-পঁয়ত্রিশের বেশি নয়। ঠোঁট আর নাকের মাঝখানে একটা ছোট্ট চারকোনা গোঁফ আছে, যেটাকে বোধহয় ‘বাটারফ্লাই’ বলা হয়। আজকাল এ রকম গোঁফ খুব বেশি দেখা যায় না।

‘বেশ অমায়িক লোক ছিলেন মিস্টার শেলভাক্সার ।’

‘আপনার সঙ্গে পরিচয় ছিল ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘যেটুকু হয়েছিল তাতেই বুঝেছি । সমঝদার লোক—যাকে বলে রসিক আর কী । আর্টের দিকে খুব ঝোঁক । আমার কাছে একটা তিব্বতি মূর্তি ছিল, সেটা উনি কিনলেন মারা যাবার ঠিক দু দিন আগে ।’

‘উনি ওসব জিনিস কালেক্ট করতেন ?’

‘কালেক্ট-ফালেক্ট জানি না—আমার সঙ্গে আর্ট এম্পোরিয়ামে আলাপ, দেখি এটা-সেটা ঘেঁটেঘুঁটে দেখছেন । বললুম, আমার কাছে একটা পুরনো তিব্বতি মূর্তি আছে, তুমি দেখবে ? তা বললে, ডাকবাংলোয় নিয়ে এসো । গেলুম নিয়ে, দেখালুম । ভদ্রলোক অন দি স্পট কিনে নিলেন । অবিশ্যি জিনিসটাও ছিল খুব ডিসেন্ট । আমার ঠাকুরদা তিব্বত থেকে এনেছিলেন । নটা মাথা, চৌত্রিশটা হাত ।’

‘আই সি ।’

ফেলুদা গম্ভীর ভাব দেখালেও, আমার কিন্তু ভদ্রলোককে বেশ ইন্টারেস্টিং লাগছিল, বিশেষ করে ওর হাসিটা, যেটা ওর ঠোঁটের কোণে লেগেই আছে । শেলভাক্সারের মৃত্যুটাও যেন ওর কাছে একটা হাসির ব্যাপার ।

‘আমার নাম নিশিকান্ত সরকার ।’

ফেলুদা নিজের পরিচয় না দিয়ে কেবল একটা ছোট্ট নমস্কার করল ।

ভদ্রলোক বলে চললেন, ‘আমি থাকি দার্জিলিং-এ তিন পুরুষ ধরে আছি আমরা । তবে গায়ের রংটা দেখলে বিশ্বাস করা মুশকিল, তাই না ?’

ফেলুদা সামান্য একটু হেসে অভদ্রতা অ্যাভয়েড করল ।

‘ও দিকটা, আর কালিম্পিংটা থরলি ঘুরে দেখা আছে । সিকিমটা আসা হয়নি । অবিশ্যি সেটা আমার নেগ্—মানে নেগ্‌লিজেন্স । এসে বুঝছি কী মিস করছিলুম । কাছেপিঠে সব অভুত জায়গা আছে, জানেন তো ? নাকি আপনার সব দেখা ?’

ফেলুদা বলল যে সেও নতুন, আজই প্রথম সিকিমের মাটিতে পদার্পণ ।

‘বাঃ !’ ভদ্রলোকের এবার প্রায় ছাব্বিশ পাঁচ দাঁত দেখা গেল । ‘ক’দিন আছেন তো ? বেশ ঘুরে-টুরে দেখা যাবে ।’

‘ইচ্ছে তো আছে ।’

‘পেমিয়াংচিটা শুনিচি দারুণ জায়গা ।’

‘যেখানে সিকিমের পুরনো রাজধানীর ভগ্নাবশেষ আছে ?’

‘শুধু রাজধানী কেন ? গাইডবুকটা দেখুন না । ফরেস্ট আছে, ব্রিটিশ আমলের ডাকবাংলো আছে, প্রাচীন গুম্ফা আছে, কাঞ্চনজঙ্ঘার ফার্স্টক্লাস ভিউ আছে—আর কত চাই ?’

‘সুযোগ হলে নিশ্চয়ই যাব ।’ বলে ফেলুদা উঠে পড়ল ।

‘উঠছেন ?’

ফেলুদা বলল, ‘যাই, একটু ঘুরে দেখে আসি । এখানে কি বেরোবার সময় ঘরের দরজা-টরজা বন্ধ করে যেতে হয় নাকি ?’

‘তা হোটেলের ঘরের দরজায় চাবি দেওয়া ভাল । তবে চুরি-চামারি এখানে নেই বললেই চলে । সারা সিকিমে মাত্র একটি জেলখানা, আর সেটা গ্যাংটকেই । খোঁজ নিয়ে দেখুন—চারটির বেশি কয়েদি নেই সেখানে ।’

হোটেল থেকে বেরিয়ে দেখি তখনও কুয়াশা কাটেনি। ফেলুদা এদিক-ওদিক দেখে বলল, ‘একটা ভুল হয়ে গেল—দুজনের জন্যই এক জোড়া করে হাটিং বুট কিনে আনা উচিত ছিল। যা বুঝছি, এখানে বাদল হবে। তার মানেই রাস্তাঘাট পেছল। আর জুতোয় গ্রিপ না থাকলে পাহাড়ে ওঠা মুশকিল।’

আমি বললাম, ‘এখানে পাওয়া যাবে না?’

‘তা যেতে পারে। বাটার দোকান তো সর্বত্রই আছে। সঙ্গে নাগাত ফিরে এসে কিনে নেব। আপাতত চল একটু এক্সপ্লোর করা যাক।’

বাজার থেকে শহরের দিকে যেতে হলে চড়াই উঠতে হয়। কিছু দূর গিয়েই বুঝলাম, এদিকটায় লোকের ভিড় আর বাড়ির ভিড় আরও অনেকটা কম। অল্প যে সব লোক চলাচল করছে, তার মধ্যে কিছু স্কুলের ইউনিফর্ম-পরা ছেলে মেয়েও দেখলাম। দার্জিলিং-এর মতো ঘোড়া দেখলাম না। এখানে, তবে জিপ চলে ওখানের চেয়ে অনেক বেশি। সেটা বোধহয় মিলিটারিরা থাকার দরুন। গ্যাংটক থেকে যোলো মাইল দূরে ১৪,০০০ ফুট হাইটে নাথুলা। নাথুলাতে চিন আর ভারতের মধ্যের সীমারেখা। এদিকে ভারতীয় সৈন্য, আর ওদিকে পঞ্চাশ গজের মধ্যে চিন সৈন্য।

আরও কিছু দূর হেঁটে যাবার পর একটা মোড়ের মাথায় এসে কুয়াশার মধ্যে দিয়ে হঠাৎ একটা ঝলমলে রং চোখে পড়ল। একটু এগোতেই বুঝলাম সেটা আর কিছুই না—একটা লোক, ভারী বাহারের পোশাক পরে রাস্তার এক পাশে দাঁড়িয়ে আছে। তার পা থেকে মাথা অবধি রঙের বাহার। পায়ে হলদে জুতো, প্যান্টটা হল নীল রঙের জিন্স, সোয়েটারটা টকটকে লাল, আর তার গলার ফাঁক দিয়ে ভিতরে সবুজ শার্টের কলার দুটো বেরিয়ে আছে। শার্টের ঠিক উপরেই, খুতনির নীচে, একটা সাদার উপর কালো নকশা করা স্কার্ফ। লোকটার মুখের রং হালকা হলদে আর ফ্যাকাসে গোলাপি মেশানো, আর চুল—শুধু চুল নয়, গোঁফদাড়িও—বাদামি রঙের। দেখেই বোঝা যায় ইনি একজন বিদেশি হিপি। দাড়ি থাকার ফলে বয়স বোঝা মুশকিল, তবে মুখের চামড়া একটুও কুঁচকোয়নি। মনে হয় ফেলুদারই বয়সী—মানে ত্রিশের একটু নীচেই।

ভদ্রলোক আমাদের দেখে মৃদু হেসে ঠাণ্ডা মোলায়েম সুরে বললেন, ‘হ্যালো।’

ফেলুদাও উত্তরে ‘হ্যালো’ বলল। এবার লক্ষ করলাম হিপির কাঁধ থেকে দুটো ক্যামেরা ঝুলছে, আর তার সঙ্গে একটা চামড়ার ব্যাগ। তাতেও হয়তো ক্যামেরারই জিনিসপত্র রয়েছে। একটা ক্যামেরার নাম ‘ক্যানন’ দেখে বুঝলাম সেটা জাপানি। ফেলুদার সঙ্গেও তার জাপানি ক্যামেরাটা ছিল, আর সেটা দেখেই বোধহয় হিপি বললেন, ‘নাইস ডে ফর কালার।’


ফেলুদা হেসে বলল, ‘তোমাকে কিছু দূর থেকে কুয়াশার মধ্যে দিয়ে দেখে আমারও সেই কথাটাই মনে পড়ছিল, তবে দুঃখের বিষয় ভাল কালার ফিল্ম এখন আমাদের দেশে দুষ্প্রাপ্য না হলেও দুর্মূল্য।’

হিপি বলল, ‘সেটা জানি। আমার কাছে কালারের স্টক আছে, প্রয়োজন হলে আমাকে বোলো।’

হিপি যদিও ইংরেজিতে কথা বলছিল, উচ্চারণ শুনে তার জাতটা বুঝতে পারলাম না। ফরাসি অথবা আমেরিকান হলে চন্দ্রবিন্দুটা একটু বেশি ব্যবহার করত, আর ইংরেজ হলে তো বোঝাই যেত। ইনি কিন্তু ওই তিনটি জাতের একটিও নন।

ফেলুদা বলল, ‘তুমি কি বেড়াতে এসেছ?’

হিপি বলল, ‘আমি ছবি তুলতে এসেছি। সিকিম সম্বন্ধে একটা বই করার ইচ্ছে। আমি



একজন প্রোফেশন্যাল ফটোগ্রাফার ।’

‘কদিন আছ এখানে ?’

‘এসেছি নাইন্থ । পাঁচদিন হল । তিনদিনের ভিসা ছিল, বলে-কয়ে বাড়িয়ে নিয়েছি । আরও দিন-সাতেক থাকার ইচ্ছে ।’

‘কোথায় উঠেছ ?’

‘ডাকবাংলো । এই যে রাস্তাটা ডান দিকে উঠে গেছে—এইটে দিয়ে একটু উঠে গিয়েই ডাকবাংলো ।’

ডাকবাংলো শুনেই আমার কানটা খাড়া হয়ে উঠল । শেলভান্কারও তো বোধহয় ডাকবাংলোতেই ছিলেন ।

‘তা হলে যে-ভদ্রলোকটি অ্যাক্সিডেন্টে মারা গেলেন, তার সঙ্গে তোমার নিশ্চয়ই আলাপ ছিল ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

হিপি আক্ষেপের ভঙ্গিতে মাথা নেড়ে বললেন, ‘ভেরি স্যাড । আমার সঙ্গে যথেষ্ট আলাপ হয়েছিল । হি ওয়াজ এ ফাইন ম্যান, অ্যান্ড—’

এইটুকু বলেই হিপি থেমে গেল । দেখে মনে হল সে হঠাৎ কেন জানি চিন্তিত হয়ে পড়েছে । একটুক্ষণ চুপ করে থেকে সে প্রায় আপন মনেই বলল, ‘ভেরি স্ট্রেঞ্জ ।’

‘কী ব্যাপার ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘উনি এখানে এসে একটা আশ্চর্য মূর্তি সংগ্রহ করেছিলেন একটি বাঙালি ভদ্রলোকের কাছ থেকে । হি পেড ওয়ান থাউজ্যান্ড রুপিজ ফর ইট ।’

‘এক হাজার !’ ফেলুদা অবাক হয়ে বলল ।

‘হ্যাঁ । জিনিসটা কেনার পর ও এখানকার টিবেটান ইনস্টিটিউটে সেটা দেখাতে নিয়ে গিয়েছিল । তারা নাকি বলেছিল মূর্তিটা একটা আশ্চর্য উঁচু দরের দুস্ত্রাপ্য জিনিস । কিন্তু—’ ভদ্রলোক গম্ভীর হয়ে আবার কিছুক্ষণ চুপ করে রইলেন । তারপর বললেন, ‘আমার খটকা লাগছে এই ভেবে যে, মূর্তিটা গেল কোথায় ?’

‘তার মানে ?’ ফেলুদা জিজ্ঞেস করল । ‘তার ডেড বডি তো শুনলাম বসে পাঠিয়ে দেওয়া হয়েছে । সুতরাং তার জিনিসপত্রও নিশ্চয়ই সেই সঙ্গেই গেছে—তাই নয় কি ?’

হিপি মাথা নাড়ল । ‘অন্য সব জিনিস ফেরত গেছে সেটা ঠিকই, কিন্তু মিস্টার শেলভান্কার মূর্তিটা সব সময়ে তাঁর কোটের বুক-পকেটে রাখতেন । বলতেন, এটা আমার ম্যাসকট—আমার ভাগ্য ফিরিয়ে দেবে । সেদিন যখন বেরোন, তখনও সেটা ওঁর পকেটেই ছিল । এটা আমি জানি । অ্যাক্সিডেন্টের পর ওঁকে হাসপাতালে আনা হয় । তখন আমি সেখানে ছিলাম । ওঁর জামাকাপড় খুলে ওঁর পকেট থেকে সব জিনিসপত্র বার করে ফেলা হয় । একটা নোটবুক বেরোয়, মানিব্যাগ বেরোয়, খাপের মধ্যে ভাঙা অবস্থায় ওঁর চশমাটা বেরোয়, কিন্তু মূর্তি বেরোয়নি । অবিশ্যি এমন হতে পারে যে, মূর্তিটা পকেট থেকে বেরিয়ে মাটিতে পড়ে গিয়েছিল ; হয়তো সেটা সেখানেই পড়ে আছে, আর না হয় যারা তাকে তুলে আনে তাদেরই কেউ সেটাকে পকেটস্থ করেছে ।’

‘কিন্তু এখানের লোকেরা তো শুনেচি খুব অনেস্ট ।’

‘সেইজন্যেই তো গোলমাল লাগছে ।’ হিপি খুতনিতে হাত দিয়ে মাথা হেঁট করে কিছুক্ষণ ভাবল । ফেলুদা বলল, ‘মিস্টার শেলভান্কার সেদিন কোথায় যাচ্ছিলেন সেটা জানেন ?’

‘সিংগিকের রাস্তায় একটা গুম্ফা আছে, সেখানে আমারও যাওয়ার কথা ছিল, কিন্তু সেদিন সকালে উঠে দিনটা ভাল দেখে আমি ওঁর অনেক আগেই ক্যামেরা নিয়ে ছবি তুলতে বেরিয়ে পড়ি । উনি বলেছিলেন—পথে যদি তোমাকে দেখি তা হলে তুলে নেব ।’

‘হঠাৎ গুম্ফা সম্পর্কে আগ্রহ কেন ?’

‘সেটা ঠিক জানি না । বোধ হয় ডক্টর বৈদ্য এর জন্য কিছুটা দায়ী ।’

‘ডক্টর বৈদ্য ?’ ফেলুদা প্রশ্ন করল । নামটা এই প্রথম শুনছি ।

হিপি হেসে বলল, ‘এইভাবে রাস্তার মাঝখানে দাঁড়িয়ে কথা বলার কোনও মানে হয় কি ? চলো, ডাকবাংলোয় চলো—কফি খাবে ।’

ফেলুদা আপত্তি করল না । বুঝলাম ও শেলভাস্কার সম্বন্ধে যা কিছু জানবার সব জেনে নিতে চাইছে ।

ডান দিকের চড়াই রাস্তাটা দিয়ে উঠতে উঠতে হিপি বলল, ‘তা ছাড়া আমার পা-টাকেও একটু রেস্ট দেওয়া দরকার । সেদিন পাহাড়ে উঠতে গিয়ে স্লিপ করে একটু মচকেছে । বেশিক্ষণ একটানা দাঁড়িয়ে থাকলে টনটন করে ।’

কুয়াশা হালকা হয়ে আসছে । চারদিকে যে এত গাছপালা ছিল, তা এতক্ষণ বুঝতে পারিনি । হালকা হয়ে আসা কুয়াশার ফাঁক দিয়ে এখন পাইন গাছের মাথাগুলো দেখা যাচ্ছে ।

খানিক দূর হেঁটেই আমরা ডাকবাংলো পৌঁছে গেলাম । বেশ সুন্দর একতলা বাড়ি ; বেশিদিনের পুরনো বলেও মনে হল না ।

হিপি তার ঘরে নিয়ে গিয়ে দুটো চেয়ারের উপর থেকে কাগজপত্র সরিয়ে আমাদের বসবার জায়গা করে দিয়ে বলল, ‘আমার পরিচয়টাই এখনও দেওয়া হয়নি । আমার নাম হেলমুট উঙ্গার ।’

‘জার্মান নাম কি ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘ঠিকই ধরেছ ।’ হেলমুট তার খাটেই বসল । ঘরের চারিদিকে জিনিসপত্র ছড়ানো, আলনায় আরও রংচঙে পোশাক, বাস্তবগুলো আধখোলা, তার মধ্যে কাপড়ের চেয়ে কাগজপত্র ম্যাগাজিন ইত্যাদিই বেশি । কিছু ফোটা রাখা রয়েছে টেবিলের উপর, দেয়ালের গায়ে ঠেস দিয়ে দাঁড় করানো অবস্থায় । বেশির ভাগই বিদেশের ছবি, কিছু এদেশে তোলা । আমি খুব বেশি বুঝি না, তবে দেখে মনে হল ছবিগুলো বেশ ভাল ।

ফেলুদাও নিজের পরিচয় দিল, যদিও সে যে শখের ডিটেকটিভ সে কথা বলল না । তারপর হেলমুট ‘এক্সকিউজ মি’ বলে ঘর থেকে বেরিয়ে গিয়ে বোধ হয় কফির অর্ডার দিয়ে ফিরে এসে আবার খাটে বসে বলল, ‘ডক্টর বৈদ্য ভারী ইন্টারেস্টিং লোক, তবে কথাটা একটু বেশি বলেন । ডাকবাংলোতেই এসে ছিলেন কয়েকদিন । ভাগ্য গণনা জানেন, ভবিষ্যৎ বলতে পারেন, যে লোক মরে গেছে তার আত্মার সঙ্গে যোগস্থাপন করতে পারেন ।’

‘প্লানচেস্টে জাতীয় ব্যাপার ?’

‘কতকটা তাই । মিস্টার শেলভাস্কারকে অনেক কিছু বলে ভারী আশ্চর্য করে দিয়েছিলেন । আর পরলোকতত্ত্ব সম্বন্ধে মনে হল অনেক পড়াশুনা আছে ।’

‘তিনি এখন কোথায় ?’

‘কালিম্পং যাবার কথা ছিল । সেখানে নাকি কোনও এক তিব্বতি সাধুর সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট ছিল । বলেছেন তো আবার আসবেন ।’

‘মিস্টার শেলভাস্কারকে কী বলেছিলেন তিনি ? আপনি শুনেছেন সে সব কথা ?’

‘আমার সামনেই কথাবার্তা হয় । তার ব্যবসার কথা বললেন, স্ত্রীর মৃত্যুর কথা বললেন, ছেলের কথা বললেন । এমনকী, তিনি যে কিছুদিন থেকে মানসিক উদ্বেগে ভুগছেন সে কথাও বললেন ।’

‘সেটা কী কারণে ?’

‘তা জানি না ।’

‘আপনাকে কিছু বলেননি ?’

‘না । তবে বুঝতে পারতাম । মাঝে মাঝে অন্যমনস্ক হয়ে যেতেন, দীর্ঘশ্বাস ফেলতেন । একদিন বারান্দায় বসে চা খাচ্ছিলাম, এমন সময় ওঁর একটা টেলিগ্রাম আসে । উনি সেটা পড়ে রীতিমতো আপসেট হয়ে পড়েন ।’

ফেলুদা বলল, ‘মিস্টার শেলভাঙ্কার যে আকস্মিকভাবে মারা যাবেন, এ নিয়ে ডক্টর বৈদ্য কোনও ভবিষ্যদ্বাণী করেছিলেন ?’

‘ঠিক ভবিষ্যদ্বাণী না করলেও, একটা সপ্তাহ একটু সাবধানে থাকতে বলেছিলেন ।’ বলেছিলেন তার সময় ভাল যাচ্ছে না ।’

কফি এল । আমরা তিনজনেই চুপচাপ বসে খেলাম । শেলভাঙ্কারের মৃত্যুর মধ্যে কোনও রহস্য আছে কি না জানা না গেলেও, আমার মন বলছিল কোথায় যেন একটা গুণ্ডগোল রয়েছে । আমার বিশ্বাস ফেলুদারও আমার মতোই মনের অবস্থা । কারণ আগেও দেখেছি যে ওর মনে যখন একটা সন্দেহ জাগে, তখন ও চুপচাপ বসে থাকার ফাঁকে ফাঁকে আঙুল মটকায় । এখনও সে আঙুল মটকাচ্ছে ।

কফি শেষ করে ফেলুদা ধন্যবাদ দিয়ে উঠে পড়ল । বলল, ‘তুমি যখন আরও দিন-সাতেক রয়েছে, তখন নিশ্চয়ই আবার দেখা হবে । ডক্টর বৈদ্য যদি আসেন তা হলে যেন একটা খবর পাই । আমরা স্নো-ভিউ হোটেলে আছি ।’

হেলমুট আমাদের সঙ্গে বাংলোর গেট পর্যন্ত এল । গুডবাই করার সময় সে শুধু একটা কথাই বলল : ‘মূর্তিটা কোথায় গেল সেটা জানতে পারলে খানিকটা নিশ্চিত লাগত ।’

৩

কুয়াশা কাটলে কী হবে, আকাশে মেঘ এখনও কাটেনি । অল্প অল্প ঝিরঝিরে বৃষ্টিও পড়ছিল, তবে এ রকম বৃষ্টি ভালই লাগে । ছাতার দরকার হয় না, গা ভিজল কি না ভিজল বোঝাই যায় না, অথচ শরীরটা বেশ ঠাণ্ডা হয়ে যায় ।

বাটার দোকানটা দেখলাম আমাদের হোটেল থেকে খুব বেশি দূরে নয় । দুজনের জন্য হাষ্টিং বুট কেনা হলে পর ফেলুদা বলল, ‘রাস্তাঘাট যখন জানা নেই, তখন আজকের দিনটা অন্তত ট্যাক্সি ছাড়া গতি নেই । আপাতত টিবেটান ইনস্টিটিউট । দুর্দান্ত সব থাঙ্কা, পুঁথি আর তাত্ত্বিক জিনিসপত্রের সংগ্রহ আছে শুনেছি ।’

‘তোমার মনে কি কোনও সন্দেহ হচ্ছে ?’ উত্তর পাব কি না জানি না, তাও প্রশ্নটা না করে পারলাম না ।

‘কীসের সন্দেহ ?’

‘যে মিস্টার শেলভাঙ্কার স্বাভাবিকভাবে মরেননি ।’

‘এখনও সেটা ভাববার বিন্দুমাত্র কারণ ঘটেনি ।’

‘তবে যে মূর্তিটা পাওয়া যাচ্ছে না ।’

‘তাতে কী হল ? লোকটা পাথর চাপা পড়ে জখম হয়েছে, পকেট থেকে মূর্তি গড়িয়ে পড়েছে, যারা তাকে উদ্ধার করেছে তাদের মধ্যে কেউ সেটিকে দেখতে পেয়ে ট্যাক্সি করেছে—ব্যস ফুরিয়ে গেল । খুন করা এমনিতেই সহজ না, তার উপর মাত্র এক হাজার টাকার একটা মূর্তির জন্যে খুন—এ তো ভাবাই যায় না ।’

আমি আর কিছু বললাম না । খালি মনে মনে বললাম—একটা রহস্য যদি গজিয়ে ওঠে, ১৩২

তা হলে ছুটিটা জমবে ভাল ।

সারি সারি দাঁড়ানো জিপের একটার দিকে এগিয়ে গিয়ে তার নেপালি ড্রাইভারকে ফেলুদা জিজ্ঞেস করল, ‘ভাড়া যায়গা ?’

লোকটা বলল, ‘কাঁহা যায়গা ?’

‘টিবেটান ইনস্টিটিউট মালুম হয় ?’

‘হায় । বৈঠ যাইয়ে ।’

আমরা দুজনেই সামনে ড্রাইভারের পাশের সিটে বসলাম । ড্রাইভারটা গলায় মাফলারটা জড়িয়ে নিয়ে মাথায় একটা ক্যাপ চাপিয়ে, জিপটা ঘুরিয়ে যে-পথে আমরা শহরে এসে চুকেছিলাম, সেই পথে উলটোমুখে চলতে লাগল ।

ফেলুদা একটা সিগারেট ধরিয়ে লোকটার সঙ্গে বাতচিত আরম্ভ করে দিল । কথা অবিশ্যি হিন্দিতেই হল ; আমি সেটা বাংলায় লিখছি ।

‘এখানে সেদিন যে অ্যাক্সিডেন্টটা হয়েছে সেটার কথা তুমি জান ?’

‘সবাই জানে ।’

‘সে ড্রাইভার তো বেঁচে আছে, তাই না ?’

‘ওঃ—ওর খুব ভাগ্য ভাল । গত বছর একটা অ্যাক্সিডেন্ট হয়, সেও পাথর পড়ে—তাতে ড্রাইভারটা মরেছিল, আর যাত্রী বেঁচে গিয়েছিল ।’

‘তুমি এ ড্রাইভারকে চেন ?’

‘চিনব না ? এখানে সবাই সবাইকে চেনে ।’

‘সে কী করছে এখন ?’

‘আবার অন্য একটা ট্যাক্সি চালাচ্ছে—SKM 463 । নতুন ট্যাক্সি ।’

‘অ্যাক্সিডেন্টের জায়গাটা তুমি দেখেছ ?’

‘হ্যাঁ, ও তো নর্থ-সিকিম হাইওয়েতে । এখান থেকে দশ কিলোমিটার ।’

‘কাল একবার নিয়ে যেতে পারবে ?’

‘কেন পারব না ?’

‘তা হলে এক কাজ করো । আটটা নাগাত বেরোব—সকালে । আমরা স্নো-ভিউ হোটেলে থাকি—তুমি চলে এসো ।’

‘বহুৎ আচ্ছা ।’

একটা জঙ্গলের মধ্যে দিয়ে খাড়াই পথ ধরে উঠে গিয়ে টিবেটান ইনস্টিটিউট । ড্রাইভার বলল জঙ্গলে নাকি খুব ভাল অর্কিড আছে—কিন্তু সে সব দেখবার সময় এখন নয় । গাড়ি একেবারে সোজা ইনস্টিটিউটের দরজার সামনে গিয়ে থামল । প্রকাণ্ড দোতলা বাড়ি, তার গায়ে বোধহয় তিব্বতি ধাঁচেরই সব নকশা করা । চারদিক এত নির্জন আর নিস্তর্র যে, একবার মনে হল ইনস্টিটিউট হয়তো বন্ধ হয়ে গেছে । কিন্তু কাছে গিয়ে দেখি দরজা খোলা ।

দরজা দিয়ে ঢুকেই দেখি একটা প্রকাণ্ড হলঘরে এসে পড়েছি, তার দেয়ালে লম্বা লম্বা ছবি ঝুলছে (এগুলোকেই বলে থান্কা), আর মেঝেতে রয়েছে নানারকম খুঁটিনাটি জিনিসপত্রে বোঝাই সারি সারি কাচের আলমারি আর শো-কেস ।

কোনদিকে যাব বুঝতে পারছি না, এমন সময় একজন ঢোলা সিকিমি পোশাক আর চশমা-পরা ভদ্রলোক আমাদের দিকে এগিয়ে এলেন ।

ফেলুদা তাকে ভীষণ ভদ্রভাবে জিজ্ঞেস করল, ‘ডক্টর গুপ্তু আছেন কি ?’

ভদ্রলোক ইংরেজিতে উত্তর দিলেন, ‘দুঃখের বিষয় কিউরেটর সাহেব আজ অসুস্থ । আমি



তাঁর অ্যাসিসট্যান্ট । কীভাবে আপনাদের সাহায্য করতে পারি, বলুন ।’

ফেলুদা বলল, ‘না, মানে, একটা বিশেষ ধরনের তিব্বতি মূর্তি সম্বন্ধে আমি একটু ইনফরমেশন চাচ্ছিলাম । নামটা জানি না, তবে কোনও এক দেবতার মূর্তি । তার ন’টা মাথা আর চৌত্রিশটা হাত ।’

ভদ্রলোক হেসে মাথা নেড়ে বললেন, ‘ইয়েস ইয়েস—যমন্তক, যমন্তক । টিবেট ইজ ফুল অফ স্ট্রেন্জ গডস । আমাদের কাছে একটা যমন্তকের মূর্তি আছে, এসো দেখাচ্ছি । কিন্তু ওর বেস্ট স্পেসিমেন এই কিছুদিন আগে একটি ভদ্রলোক আমাদের দেখাতে এনেছিলেন । আনফরচুনেটলি হি ইজ ডেড নাইট ।’

‘আই সি !’

প্রয়োজনে ফেলুদার অ্যাকটিং দেখবার মতো ।

আমরা ভদ্রলোকের পিছন পিছন একটা আলমারির দিকে এগিয়ে গেলাম । যে মূর্তিটা ভদ্রলোক বার করে আমাদের সামনে ধরলেন সেটার চেহারা ভয়ঙ্কর । ন’টা মুখের প্রত্যেকটাতাই একটা হিংস্র ভাব—প্রায় রাক্ষসের মতো ।

এবার ভদ্রলোক মূর্তিটাকে চিত করে দেখালেন তার তলায় একটা ফুটো । এই ফুটোর ভিতরে নাকি মন্ত্র লেখা কাগজ পাকিয়ে ঢুকিয়ে রাখা হয়, আর তাকে বলে নাকি ‘সেক্রেড ইনস্টিটুট’ ।’

মূর্তিটাকে আলমারিতে রেখে ভদ্রলোক বললেন, ‘যিনি মারা গেছেন, তাঁর মূর্তিটা ছিল মাত্র তিন ইঞ্চি লম্বা, কিন্তু কী আশ্চর্য সুন্দর কারুকার্য ! সোনার মূর্তি, আর তাতে নানারকম পাথর বসানো । চোখ দুটো ছিল রুবি পাথরের । আমরা এত সুন্দর মূর্তি এর আগে কখনও দেখিনি ।’

ফেলুদা বলল, ‘কী রকম দাম হতে পারে সে মূর্তির ?’

ভদ্রলোক হেসে বললেন, ‘হি পেড এ থাউজ্যান্ড রুপিজ । আমার মতে জলের দরে পেয়েছিলেন । ওর দাম দশ হাজার টাকা হলেও বেশি হত না । আমাদের কিউরেটর নিজে তিব্বত গেছেন, দলাইলামার সঙ্গে বসে মড়ার মাথার খুলিতে চা খেয়েছেন, কিন্তু তিনিও অত ভাল মূর্তি কখনও দেখেননি ।’

ভদ্রলোক এর পরে আমাদের আরও অনেক জিনিস দেখিয়ে অনেক কিছু বোঝালেন । ফেলুদা সে সব মন দিয়ে শুনলেও, আমার কোনও কথাই কানে ঢুকল না । আমি শুধু ভাবছি—শেলভাস্কারের মূর্তির দাম ছিল দশ হাজার টাকা । এক হাজার নয়, দশ হাজার ! দশ হাজার টাকার মূর্তির লোভে কি একজন আরেকজনকে খুন করতে পারে না ? অবিশ্যি তার পরেই আবার মনে পড়ল যে পাহাড় থেকে পাথর গড়িয়ে পড়ে তার জিপে লাগার ফলেই শেলভাস্কার মারা গিয়েছিল । তাই যদি হয়, তা হলে তো খুনের কথাটা আসেই না ।

টিব্বেটান ইনস্টিটিউট থেকে বেরোবার সময় আমাদের গাইড ভদ্রলোক হেসে বললেন, ‘যমস্তুক সম্বন্ধে হঠাৎ লোকের এত কৌতূহল কেন বুঝতে পারছি না । তোমরা ছাড়া আরেকজন জিজ্ঞেস করে গেছে ।’

‘যিনি মারা গেছেন তিনি কি ?’

‘না না । তাঁর কথা বলছি না । আরেকজন ।’

‘কে মনে পড়ছে না ?’

ভদ্রলোক কিছুক্ষণ ভেবে মাথা নেড়ে বললেন, ‘নাঃ—শুধু প্রশ্নটা ছাড়া আর কিছুই মনে পড়ছে না । আসলে সেদিন এখানে একদল আমেরিকান এসেছিলেন, আমাদের চোগিয়ালের অতিথি—তাদের নিয়ে এত ব্যস্ত ছিলাম...’

ইনস্টিটিউট থেকে বেরিয়ে যখন জিপে উঠছি, তখন দেখি চারিদিক অন্ধকার হয়ে এসেছে । ঘড়িতে পাঁচটা বাজতে পাঁচ মিনিট । দিনের আলো এত শিগগির যাবার কথা নয় । জিপ জঙ্গল থেকে খোলা জায়গায় বেরোনো মাত্র বুঝতে পারলাম পশ্চিমে ঘন কালো মেঘই এই অন্ধকারের কারণ । ড্রাইভার বলল, ‘দিনের বেলাটা এখানে অনেক সময়ই ভাল যায়, যত দুর্যোগ রাত্তিরে ।’ আজ আর ঘোরাঘুরির কোনও মানে হয় না, তাই আমরা হোটেল ফিরে যাওয়াই স্থির করলাম ।

গাড়িতে ফেলুদা কোনও কথা বলল না । ও যে কী ভাবছে তা বোঝার কোনও উপায় নেই, তবে ওর চোখ যে কাজ করে চলেছে তাতে কোনও সন্দেহ নেই । চলন্ত গাড়ির

জানালায় বাইরের সব কিছুর দিকেই ওর সজাগ দৃষ্টি। কোনও নতুন জায়গায় এলেই, আগেও দেখেছি, ফেলুদা এইভাবেই প্রায় জায়গাটাকে গিলে খায়। আরেক দিন যদি আমরা এ রাস্তা দিয়ে যাই, আমার বিশ্বাস ফেলুদার পর পর সব দোকানের নামই মুখস্থ হয়ে যাবে। আমি যে কবে ফেলুদার চোখ আর মেমরি পাব তা জানি না। অবিশ্যি আমার বয়স এখন মাত্র পনেরো, আর ওর আঠাশ।

হোটেলের পৌঁছে যখন জিপের ভাড়া দিচ্ছি তখন আবার শশধরবাবুর সঙ্গে দেখা। এখনও সেই ব্যস্ত অন্যান্যমনস্কভাবে বাজারের দিক থেকে ফিরছেন। প্রথমে আমাদের দেখতেই পাননি, তারপর ফেলুদার ডাক শুনে একটু চমকে হেসে আমাদের দিকে এগিয়ে এলেন।

‘সব ব্যবস্থা হয়ে গেল। কালকের ফ্লাইটেই যাচ্ছি।’

ফেলুদা বলল, ‘বসে গিয়ে একটা ব্যাপারে একটু খোঁজ করে দেখতে পারেন কি? মিস্টার শেলভাক্সের এখানে একটা তিব্বতি মূর্তি কিনেছিলেন। একটা মূল্যবান দুস্ত্রাপ্য স্পেসিমেন। সেই মূর্তিটা তাঁর জিনিসপত্রের সঙ্গে ফেরত গেছে কি না।’

শশধরবাবু বললেন, ‘নিশ্চয়ই দেখব। কিন্তু আপনি ব্যাপারটা জানলেন কী করে?’

ফেলুদা সংক্ষেপে নিশিকান্তবাবু আর হিপির কাছে যা জেনেছে সেটা বলল। সব শুনেটুনে শশধরবাবু বললেন, ‘বুক পকেটে মূর্তিটা রাখাটাই ওর পক্ষে স্বাভাবিক বলে মনে হচ্ছে। হি হ্যাড এ গ্রেট প্যাশন ফর আর্ট অবজেক্টস।’

তারপর হঠাৎ মুখের ভাব একদম বদলে ফেলুদার দিকে চেয়ে একটা অবাধ হাসি হেসে বললেন, ‘ভাল কথা—আপনি যে ডিটেকটিভ সেটা তো আমাকে বলেননি!’

আমার তো চক্ষু ছানাবড়া। ফেলুদারও দেখি মুখ হাঁ হয়ে গেছে।

‘কী করে জানলেন?’

ভদ্রলোক হাসতে হাসতে তাঁর মানিব্যাগ থেকে একটা কার্ড বার করে ফেলুদাকে দেখালেন। আমি জানি সেটা ফেলুদারই কার্ড; তাতে লেখা আছে Prodosch C. Mitter, Private Investigator.

‘আপনি যখন জিপের শেয়ারটা দিচ্ছিলেন, তখনই বোধহয় আপনার কার্ডটা ব্যাগ থেকে সামনের সিটে পায়ের কাছে পড়ে গিয়েছিল। বাংলায় যখন নামছি, তখন ড্রাইভারটা আমায় কার্ডটা দেয়। ভাল করে পড়ে দেখিনি, কারণ চশমাটা ছিল না হাতের কাছে। তারপর থেকে যা গুণ্ডগোল—এটার কথা ভুলেই গিয়েছিলাম। এনিওয়ে, এটা আমি রাখছি—আর এই নিন আমার কার্ড। যদি কোনও গোলমাল দেখেন, আর মনে করেন আমার আসা দরকার—একটা টেলিগ্রাম করে দেবেন—আর্লিয়েস্ট অ্যাভেইলেবল ফ্লাইটে চলে আসব।’

‘কখন যাচ্ছেন আপনি?’

‘কাল ভোরে। হয়তো আপনাদের সঙ্গে আর দেখা হবে না। আসি। হ্যাড এ গুড টাইম।’

বড় বড় বৃষ্টির ফোঁটা পড়তে আরম্ভ করেছে। ভদ্রলোক হাত ভুলে গুড বাই করে হনহনিয়ে বাংলোর দিকে চলে গেলেন।

ঘরে এসে ফেলুদা বুট-মোজা খুলে হাত-পা ছড়িয়ে খাটের উপর শুয়ে পড়ে বলল—উফ্ফ!

সত্যিই, আজ এই প্রথম দিনে এত রকম ঘটনা ঘটল যে উফ্ফ ছাড়া আর কিছু বলা যায় না।

‘ভেবে দ্যাখ’, ফেলুদা সিলিং-এর দিকে তাকিয়ে বলল, ‘একটা ক্রিমিন্যালের যদি ন’টা

মাথা হত তা হলে কী সাংঘাতিক ব্যাপার হত । পেছন থেকে এসে খপ করে ধরার আর কোনও উপায় থাকত না ।’

‘আর চৌত্রিশটা হাত ?’

‘সেও সাংঘাতিক । চৌত্রিশ জোড়া হাতকড়া না হলে অ্যারেস্ট করা যেত না ।’

বাইরে বৃষ্টি আরম্ভ হয়ে গেছে ।

ঘরের আলোটা জ্বালিয়ে দিলাম ।

ফেলুদা তার হাতবান্ধটা খুলে তার থেকে তার বিখ্যাত নীল খাতাটা বের করল । তারপর শোয়া অবস্থাতেই খাতাটা খুলে বুকের উপর রেখে পকেট থেকে কলমটা বার করে লেখার জন্য তৈরি হল । শেলভাঙ্কার যেভাবেই মরে থাকুক না কেন, ফেলুদা যে অলরেডি রহস্যের গন্ধ পেয়েছে আর তদন্ত শুরু করে দিয়েছে, সেটা আমার বুঝতে বাকি রইল না ।

‘বল তো, এখানে এসে এখন পর্যন্ত কার কার সঙ্গে আলাপ হল ?’

প্রশ্নটার জন্য মোটেই তৈরি ছিলাম না, তাই প্রথমটা কী রকম হকচকিয়ে গেলাম । ঢোক গিলে বললাম, ‘একেবারে বাগডোগরা থেকে শুরু করতে হবে নাকি ?’

‘দূর গর্দভ । এখন যারা গ্যাংটকে রয়েছে, তার মধ্যে বল ।’

‘এক—শশধরবাবু ।’

‘পদবি ?’

‘দত্ত ।’

‘তোর মুণ্ডু ।’

‘সরি—বোস ।’

‘কেন এসেছেন এখানে ?’

‘ওই যে বললেন কী সুগন্ধী গাছের ব্যাপার ।’

‘অত দায়সারাভাবে বললে চলবে না ।’

‘দাঁড়াও । ভদ্রলোকের পার্টনার মিস্টার শেলভাঙ্কারকে মিট করতে । ওদের একটা কেমিক্যাল কোম্পানি আছে, যার অনেক কাজের মধ্যে একটা কাজ হল—’

‘ও কে—ও কে ! নেস্টট ?’

‘হিপি ।’

‘নাম ?’

‘হেলমেট—’

‘মুট । মেট নয় । হেলমুট ।’

‘হ্যাঁ, হ্যাঁ ।’

‘পদবি ?’

‘উস্কার ।’

‘আসার উদ্দেশ্য ?’

‘প্রোফেশনাল ফোটোগ্রাফার । সিকিমের ছবি তুলে একটা বই করতে চায় । তিনদিনের ভিসা পেয়েছিল, বলে-কয়ে বাড়িয়ে নিয়েছে ।’

‘নেস্টট ?’

‘নিশিকান্ত সরকার । দার্জিলিং-এ থাকেন । তিন পুরুষের বাস । কী করেন জানি না । একটা তিব্বতি মূর্তি ছিল, শেলভাঙ্কারকে—’

দরজায় টোকা পড়ল ।

‘কাম ইন !’ ফেলুদা ভীষণ সাহেবি কায়দায় বলে উঠল ।

‘ডিস্টার্ব করছি না তো ?’ নিশিকান্ত সরকারের প্রবেশ । ‘একটা খবর দিতে এলুম ।’
ফেলুদা সোজা হয়ে বসে ভদ্রলোককে খাটের পাশের চেয়ারটা দেখিয়ে দিল ।
নিশিকান্তবাবু তার সেই অদ্ভুত হাসি নিয়ে চেয়ারে বসে বললেন, ‘কাল লামা ডাঙ্গ হচ্ছে ।’

‘কোথায় ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘রুমটেক । এখান থেকে মাত্র দশ মাইল । দারুণ ব্যাপার । ভুটান কালিম্পং থেকে সব লোক আসছে । রুমটেকের যিনি লামা—তাঁর পোজিশন খুব হাই—জানেন দলাই, পাঞ্চেন, তারপরেই ইনি । ইনি তিব্বতেই থাকতেন । ইদানীং এসেছেন । মঠটাও নতুন । একবার দেখে আসবেন নাকি ?’

‘সকালে হবে না ।’ ফেলুদা ভদ্রলোককে একটা চারমিনার অফার করল । ‘দুপুরে খাওয়া-দাওয়া সেরে যাওয়া যেতে পারে ।’

‘আর পরশু যদি যান, তা হলে হিজ হোলিনেস-এর দর্শনও পেতে পারেন । বলেন তো গুটি চারেক সাদা স্কার্ফ জোগাড় করে রাখি ।’

আমি বললাম, ‘স্কার্ফ কেন ?’

নিশিকান্ত হেসে বললেন, ‘ওইটেই এখানকার রীতি । হাইক্লাস কোনও তিব্বতির সঙ্গে দেখা করতে গেলে স্কার্ফ নিয়ে যেতে হয় । তুমি গিয়ে তাঁকে স্কার্ফটা দিলে, তিনি আবার সেটা তোমাকে ফেরত দিলেন—ব্যস, ফরম্যালিটি কমপ্লিট ।’

ফেলুদা বলল, ‘লামাদর্শনে কাজ নেই । তার চেয়ে নাচটাই দেখা যাবে ।’

‘আমারও তাই মত । আর গেলে কালই যাওয়া ভাল । যা দিন পড়েছে, এর পরে রাস্তাঘাটের কী অবস্থা হবে বলা যায় না ।’

‘ভাল কথা—আপনি আপনার মূর্তির কথা কি শেলভাস্কার ছাড়া আর কাউকে বলেছিলেন ?’

নিশিকান্তবাবুর জবাব দিতে দেরি হল না । ‘ঘুগাক্ষরেও না । নট এ সোল । কেন বলুন তো ?’

‘না—এমনি জিজ্ঞেস করছি ।’

‘এখানকার দোকানে গিয়ে ওটা একবার যাচাই করব ভেবেছিলাম, তবে তারও প্রয়োজন হয়নি । দোকানেই শেলভাস্কারের সঙ্গে আলাপ হয়, তারপর সোজা ডাকবাংলোয় গিয়ে জিনিসটা দিয়ে আসি । অবিশ্যি উনি একদিন রেখে তারপর দামটা দিয়েছিলেন ।’

‘নগদ টাকা ?’

‘না না । সেটা হলে আমার সুবিধেই হত, কিন্তু ক্যাশ ছিল না ওঁর কাছে । চেক দিয়েছিলেন । দাঁড়ান—’

নিশিকান্তবাবু তাঁর ওয়ালেট থেকে একটা ভাঁজ করা চেক বার করে ফেলুদাকে দেখালেন । আমিও ঝুঁকে পড়ে দেখে নিলাম । ন্যাশনাল অ্যান্ড গ্রিন্ডলেজ ব্যাঙ্কের চেক—তলায় দারুণ পাকা সুই—এস শেলভাস্কার ।

ফেলুদা চেকটা ফেরত দিয়ে দিল ।

‘কোথাও কোন সাস—মানে, সাসপিশাস কিছু দেখলেন নাকি ?’ মুখে সেই হাসি নিয়ে নিশিকান্তবাবু জিজ্ঞেস করলেন ।

‘নাঃ ।’ ফেলুদা হাই তুলল । ভদ্রলোক উঠে পড়লেন । বাইরে একটা চোখ-ঝলসানো নীল বিদ্যুতের পর একটা প্রচণ্ড বাজের শব্দে ঘরের কাচের জানালা ঝন্ ঝন্ করে উঠল । নিশিকান্তবাবু দেখলাম ফ্যাকাসে হয়ে গেছেন ।

‘বাজ জিনিসটাকে মোটেই বরদাস্ত করতে পারি না, হেঁ হেঁ । আসি...’

যখন ডিনার খাচ্ছি তখনও বৃষ্টি, যখন শুতে গেলাম তখনও বৃষ্টি, যখন ঘুমোচ্ছি তখনও এক-একবার বাজের আওয়াজে ঘুম ভেঙে গেছে—আর বৃষ্টির শব্দ পেয়েছি। একবার ঘুম ভেঙে জানালার দিকে চোখ পড়াতে মনে হল, কে যেন জানালার বাইরের কাঠের বারান্দা দিয়ে হেঁটে গেল। কিন্তু এই দুর্বোধ্যের রাতে কে আর বাইরে বেরোবে? নিশ্চয়ই আমার দেখার ভুল। কিংবা হয়তো ঘুমই ভাঙেনি। পাহাড়ের দিকের জানালার কাচের মধ্যে দিয়ে বিদ্যুতের আলোয় দেখা লাল পোশাক পরা লোকটা হয়তো আসলে আমার স্বপ্নে দেখা।

8

কোন ভোরে বৃষ্টি থেমেছে জানি না। সাড়ে ছাঁটায় উঠে জানালার কাছে গিয়ে দেখি আকাশ বকবকে পরিষ্কার, চারিদিকে রোদ-ঝলমল, আর আমার ঠিক সামনের পাহাড়ের সারির পিছন দিয়ে মাথা উচিয়ে রয়েছে কাঞ্চনজঙ্ঘা। দার্জিলিং-এর চেয়ে অন্য রকম দেখতে, হয়তো অত সুন্দরও না, কিন্তু তা হলেও চেনা যায়, তা হলেও কাঞ্চনজঙ্ঘা।

ফেলুদা আমার আগেই উঠে যোগব্যায়াম সেরে স্নানে ঢুকেছিল, এইমাত্র বেরিয়ে এসে বলল, ‘চটপট সেরে নে—অনেক কাজ।’

পনেরো মিনিটের মধ্যেই আমার সব কিছু সারা হয়ে গেল। ব্রেকফাস্ট খেতে যখন নীচে নেমেছি তখন সবে সাতটা বেজেছে। একটু অবাক লাগল দেখে যে নিশিকান্তবাবু আমাদের আগেই ডাইনিং রুমে এসে হাজির হয়েছেন। ফেলুদা বলল, ‘আপনি তো খুব আলি রাইজার মশাই?’

কাছে গিয়ে বুঝলাম, মুখে সেই হাসিটা থাকা সত্ত্বেও ভদ্রলোককে কেমন জানি একটু নার্ভাস বলে মনে হচ্ছে।

‘আপনাদের, ইয়ে, মানে ভাল ঘুমটুম হয়েছিল?’

বুঝলাম আসলে ওর অন্য কিছু বলার দরকার, আগে একটু পাঁয়তারা কষছেন। ভদ্রলোকের গলাটা শুকনো শোনা।

‘মন্দ কী?’ ফেলুদা বলল। ‘কেন বলুন তো?’

ভদ্রলোক এ দিক ও দিক দেখে নিয়ে তার কোটের বুক পকেট থেকে একটা হলদেটে কাগজ বার করে ফেলুদার দিকে এগিয়ে দিলেন।

‘এটা কী ব্যাপার বলুন তো?’

দেখি কাগজটার উপর কালো কালি দিয়ে কয়েকটা অদ্ভুত অক্ষরে কী যেন লেখা রয়েছে।

ফেলুদা বলল, এ তো তিব্বতি লেখা বলে মনে হচ্ছে। কোথায় পেলেন?’

‘কাল রাত্রে—মানে মাঝরাত্রে—অ্যাট, মানে অ্যাট ডেড অফ নাইট—কেউ আমার ঘরে ফেলে দিয়ে গেছে।’

‘বলেন কী!’

আমার কিন্তু কথাটা শুনেই বুকটা ধড়াস করে উঠেছিল। নিশিকান্তবাবুর ঘর হল আমাদের পাশের ঘর। ওটাও হোটেলের পিছন দিকে। আমাদের আর ওর ঘরের জানালার বাইরে দিয়ে একই বারান্দা গেছে, আর সেই বারান্দায় ওঠার জন্য কাঠের সিঁড়ি রয়েছে হোটেলের পিছন দিকে।

‘এটা রাখতে পারি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘স্বচ্ছ—মানে স্বচ্ছন্দে। কিন্তু কী লিখেছে, সেটার একটা ইয়ে না করা অবধি...’

W. K. 290



‘সেটা আর এমন কী কঠিন। তিব্বতি ভাষা-জানা লোকের তো অভাব নেই এখানে। আর কিছু না হোক—টিব্বটান ইনস্টিটিউট তো আছে।’

‘হ্যাঁ। সেই আর কী।’

‘তবে আর কী। আপনি চিন্তা করছেন কেন? এটা হুমকি বা শাসানি গোছের একটা কিছু, সেটা ভাবার তো কোনও কারণ নেই। নাকি আছে?’

নিশিকান্তবাবু চমকে উঠে তৎক্ষণাৎ সামলে নিয়ে বললেন, ‘সার্টেনলি নট!’

‘এমনও তো হতে পারে যে এটায় বলা হয়েছে—তোমার মঙ্গল হোক বা তুমি দীর্ঘজীবী হও।’

‘তা তো বটেই। অবিশ্যি, মানে হঠাৎ, কথা নেই বার্তা নেই, আশীর্বাদটাই বা করবে কেন—হেঁ হেঁ।’

‘হুমকিরও কোনও কারণ নেই বলছেন?’

‘না না। আমি মশাই যাকে বলে নট ইন সেভেন, নট ইন ফাইভ।’

ফেলুদা বেয়ারাকে চা আর ডিম-রুটি অর্ডার দিয়ে বলল, ‘যাক গে—এ নিয়ে আর ভাববেন না। আমরা তো পাশের ঘরেই রয়েছি। আপনার কোনও চিন্তা নেই।’

‘বলছেন?’ আজ সকালে এই প্রথম ভদ্রলোকের অনেকগুলো দাঁত এক সঙ্গে দেখা গেল।

‘আলবাৎ। চা খেয়েছেন?’

‘এবার খাব আর কী।’

‘পেট ভরে ব্রেকফাস্ট করুন। রোদ উঠেছে। দুপুরে লামা-নাচ দেখার প্রোগ্রাম আছে। কুছ পরোয়া নেহি।’

‘আপনাকে যে কী বলে থ্যা—’

‘থ্যাঙ্কস দিতে হবে না। আপনার চেকটি যেন খোয়া না যায়, সেদিকে খেয়াল রাখবেন।’

জিপ ঠিক সময়ই হাজির হল। আমরা উঠতে যাব, এমন সময় দেখি আরেকটা জিপ বাংলোর দিক থেকে আসছে। নম্বরটা দেখে কেমন জানি চেনা মনে হল। SKM 463, ওহো—এই নম্বরের গাড়িই তো সেই নেপালি ড্রাইভার চালাচ্ছে, যে অ্যাক্সিডেন্ট থেকে পার পেয়েছিল। এবার নীল কোট পরা ড্রাইভারকে দেখতে পেলাম, আর তার পাশেই বসে—ওমা, এ যে শশধরবাবু।

ভদ্রলোক আমাদের দেখে গাড়ি থামিয়ে বললেন, ‘আর্মির কাছ থেকে খবরের জন্য ওয়েট করছিল। বৃষ্টির বহর দেখে ভয় হচ্ছিল রাস্তা বুঝি বন্ধ হয়ে গেছে।’

‘হয়নি বুঝি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘নাঃ। অবিশ্যি নেহাত বেগতিক দেখলে ঠিক করেছিলাম ভায়া কালিম্পং চলে যাব।’

‘ওই ড্রাইভারই তো শেলভান্কারের গাড়ি চালাচ্ছিল—তাই না?’

শশধরবাবু হেসে উঠলেন। ‘আপনি তো তদন্ত শুরু করে দিয়েছেন দেখছি। ইয়েস—ইউ আর রাইট। আমি ওকে ডেলিবারেটলি বেছে নিয়েছি। প্রথমত, গাড়িটা নতুন; দ্বিতীয়ত—বাজ কখনও একই জায়গায় দুবার পড়ে না, জানেন তো?’

শশধরবাবু দ্বিতীয়বার গুডবাই করে বাজারের রাস্তা দিয়ে নীচের দিকে চলে গেলেন। আমরা আমাদের জিপে উঠলাম। ড্রাইভারকে বলাই ছিল কোথায় যাব, তাই আর বৃথা বাক্যব্যয় না করে রওনা দিয়ে দিলাম।

ডাকবাংলোর কাছাকাছি গিয়ে একবার উপরের দিকে চেয়ে দেখলাম হেলমুটকে দেখা যায়

কি না। কাউকেই দেখতে পেলাম না। কাল কুয়াশায় কিছু দেখা যাচ্ছিল না, আর আজ আকাশে এক টুকরো মেঘও নেই। বাঁ দিকে শহর অনেক দূর পর্যন্ত নীচে নেমে গেছে। একটা বাড়ি দেখে ইস্কুল বলে মনে হল, কারণ তার সামনেই একটা চারকোনা খোলা জায়গা, আর তার দুদিকে দুটো খুদে খুদে সাদা গোলপোস্ট। এখনও ইস্কুলের সময় হয়নি, না হলে ইউনিফর্ম পরা খুদে খুদে ছেলেদেরও দেখা যেত।

আরও কিছু দূর গিয়ে একটা চৌমাথা পড়ল। ডান দিকে একটা পান-সিগারেটের দোকান, মাঝখানে পুলিশ, বাঁ দিকে একটা রাস্তা পিছনে নীচের দিকে চলে গেছে। সামনের দিকে রাস্তাটা দু ভাগ হয়ে গেছে। একটার মুখে একটা গেট—তাতে লেখা ইন্ডিয়া হাউস—সেটা পাহাড় বেয়ে উপর দিকে উঠে গেছে। আমরা নিলাম অন্য রাস্তাটা, যেটা সোজা সামনের দিকে এগিয়ে গেছে।

মিনিট খানেক চলার পরেই রাস্তার ডান পাশে পাহাড়ের গায়ে পাথরের ফলকে খোদাই করে বড় বড় অক্ষরে লেখা দেখলাম—নর্থ সিকিম হাইওয়ে।

ফেলুদা একটা অচেনা গান গুনগুন করে গাইছিল, সেটা থামিয়ে ড্রাইভারকে জিজ্ঞেস করল, 'ইয়ে রাস্তা কিতনা দূর তক গিয়া?'

ড্রাইভার বলল রাস্তা গেছে চুংখাম পর্যন্ত। সেখানে আবার দুটো রাস্তা আছে, যার একটা গেছে লাচেন, আরেকটা লাচুং। দুটোরই নাম শুনেছি, দুটোরই হাইট ন' হাজার ফুটের কাছাকাছি, আর দুটোই নাকি অদ্ভুত সুন্দর জায়গা।

'রাস্তা ভাল?' ফেলুদা জিজ্ঞেস করল।

'তা ভাল, তবে পানি হোনেসে কভি কভি বিগড় যাতা।'

'ল্যান্ডস্লাইড হয়?'

'হাঁ বাবু। রাস্তা তোড় যাতা, বিরিজ তোড় যাতা, ট্রাফিক সব বন্ধ হো যাতা।'

শহর ছাড়তে বেশি সময় লাগল না। একটা আর্মি ক্যাম্প পেরোতেই একেবারে নিরিবিলি জায়গায় এসে পড়লাম। এখন নীচের দিকে তাকালে পাকা বাড়ির বদলে ফসলের খেত দেখা যাচ্ছে। এখন ভুট্টা হয়েছে, ধানের সময় ধান হয়। পাহাড়ের গা কেটে সিঁড়ির মতো ধাপে ধাপে করা খেত—ভারী সুন্দর দেখতে।

মাঝে মাঝে রাস্তার ধারে মাইল পোস্ট পড়ছে, তবে তাতে সব কিলোমিটারে লেখা। প্রথম প্রথম অসুবিধে হচ্ছিল, তারপর মনে মনে হিসেব (৫ মাইল = ৮ কিলোমিটার) করে নেওয়ার অভ্যাস হয়ে গেল।

দশ কিলোমিটার ছাড়িয়ে কিছু দূরে গিয়ে এক জায়গায় গাড়ি থামিয়ে ড্রাইভার বলল, এই হচ্ছে অ্যাক্সিডেন্টের জায়গা।

আমরা গাড়ি থেকে নামলাম।

এতক্ষণ গাড়ির শব্দে যেটা বুঝতে পারিনি, সেটা এবার বুঝতে পারলাম।

জায়গাটা অস্বাভাবিক রকম নির্জন নিস্তব্ধ।

রাস্তা থেকে অনেকখানি নীচে খাদের মধ্যে দিয়ে নদী বয়ে চলেছে, তার একটা সর সর শব্দ আছে, আর আছে মাঝে মাঝে কে জানে কদ্দূর থেকে ভেসে আসা নাম-না-জানা পাহাড়ে পাখির শিস। এ ছাড়া আর কোনও শব্দ নেই।

আমরা যেদিকে যাচ্ছিলাম, সেদিকে মুখ করে দাঁড়ালে বাঁ দিক দিয়ে নেমেছে ঢাল, আর ডান দিক দিয়ে পাহাড় খাড়াই উপরে উঠে গেছে। এই পাহাড়ের গা দিয়েই পাথর গড়িয়ে পড়ে অ্যাক্সিডেন্টটা হয়েছিল। সেই পাথরকে ভেঙে টুকরো করে এখন রাস্তার ধারে ছড়িয়ে রাখা হয়েছে। সেগুলোকে দেখে আর অ্যাক্সিডেন্টের কথাটা ভেবে পেটের ভিতরটা কেমন

জানি করে উঠল ।

ফেলুদা প্রথমে চটপট কয়েকটা ছবি তুলে নিল, তারপর রাস্তার বাঁ পাশটায় গিয়ে নীচের দিকে দেখে কয়েকবার খালি হুঁ হুঁ বলল । তারপর ক্যামেরাটা কাঁধ থেকে খুলে আমার হাতে দিয়ে বলল, ‘এই ঢাল দিয়ে হ্যাঁচোড় প্যাঁচোড় করে কিছুদূর নেমে যাওয়া বোধহয় খুব কঠিন হবে না । তুই এখানেই থাক । আমার মিনিট পনেরোর মামলা ।’

আমি যে উত্তরে কিছু বলব, ওকে বাধা দেবার কোনও চেষ্টা করব, তার আর সুযোগই হল না । ও চোখের নিমেষে এবড়ো-খেবড়ো পাথর আর গাছগাছড়া লতাপাতা খামচাতে খামচাতে তরতরিয়ে নীচের দিকে নেমে গেল । আমার কাছে কাজটা বেশ দুঃসাহসিক বলে মনে হচ্ছিল, কিন্তু ফেলুদা দেখি তারই মধ্যে শিস দিয়ে চলেছে ।

ক্রমে ফেলুদার শিস মিলিয়ে গেল । আমি ভরসা করে নীচের দিকে চাইতে পারছিলাম না, কিন্তু এবার একবার না দেখলেই নয় মনে করে রাস্তার কিনারে গিয়ে মাথাটা বাড়িয়ে দিলাম । যা দেখলাম তাতে বুকটা কেঁপে উঠল । ফেলুদা পুতুল হয়ে গেছে ; না জানলে তাকে দেখে চিনতেই পারতাম না ।

ড্রাইভার বলল, ‘বাবু ঠিক জায়গাতেই পৌঁছেছেন । ওইখানেই গিয়ে পড়েছিল জিপটা ।’

ফেলুদার আন্দাজ অব্যর্থ । ঠিক পনেরো মিনিট পরে খচমচ খড়মড় শব্দ শুনে আবার এগিয়ে গিয়ে দেখি ফেলুদা যেভাবে নেমেছিল সেইভাবেই আবার এটা-ওটা খামচে ধরে উঠে আসছে । হাতটা বাড়িয়ে একটা হ্যাঁচকা টান মেরে তাকে রাস্তায় তুলেই জিজ্ঞেস করলাম—‘কী পেলে ?’

‘গাড়ির কিছু ভাঙা পার্টস, নাট-বোল্ট, কিছু ভাঙা কাচ, একটা তেলচিটে ন্যাকড়া । নো যমস্কক ।’

মূর্তিটা যে পাবে না সেটা আমারও মনে হয়েছিল ।

‘আর কিছু না ?’

ফেলুদা তার প্যান্ট আর কোটটা ঝেড়ে নিয়ে পকেট থেকে একটা ছোট্ট জিনিস বার করে আমাকে দেখাল । সেটা আর কিছুই না—একটা বিনুকের কিংবা প্লাস্টিকের তৈরি সাদা বোতাম—মনে হয় শার্টের । আমাকে দেখিয়েই বোতামটা আবার পকেটে রেখে ফেলুদা উলটোদিকে খাড়াই পাহাড়ের দিকে এগিয়ে গেল । ‘পাথর...পাথর...পাথর’ আপন মনে বিড়বিড় করে চলেছে সে । তারপর গলা চড়িয়ে বলল, ‘আরেকটু তেনজিসি না করলে চলছে না ।’

এবারে আর ফেলুদাকে একা ছাড়লাম না, কারণ খাড়াই খুব বেশি না, আর মাঝে মাঝে এমন এক-একটা জায়গা আছে যেখানে ইচ্ছে করলে একটু জিরিয়ে নেওয়া যায় । ফেলুদা আগেই বলে নিয়েছিল—‘তুই আগে ওঠ, তোর পিছনে আমি । তার মানে হচ্ছে আমি যদি পা হড়কে পড়ি, তা হলে ও আমাকে ধরবে ।

খানিক দূরে ওঠার পরেই ফেলুদা হঠাৎ পিছন থেকে বলল—‘থাম ।’

একটা খোলা সমতল জায়গায় এসে পড়েছি ।

সোজা হয়ে উঠে দাঁড়িয়ে হাত-পা ঝেড়ে চারদিকটা একবার দেখলাম । ফেলুদা আবার গুনগুন গান ধরেছে, আর দৃষ্টি মাটির দিকে রেখে পায়চারি করছে ।

‘হুঁ !’

শব্দটা এল প্রায় মিনিট খানেক পায়চারির পর । ফ্ল্যাট জায়গাটা যেখানে ঢালু হয়ে নীচে নেমেছে, তারই একটা অংশের দিকে ফেলুদা একদৃষ্টে চেয়ে রয়েছে । আশেপাশে ঘাস থাকলেও এই বিশেষ অংশটা নেড়া । মাটি আর দু-একটা নুড়ি পাথর ছাড়া আর কিছু নেই ।

‘এখান থেকেই পাথরবাজি গড়িয়েছেন। লক্ষ করে দ্যাখ—এইখান থেকে শুরু করে ঢাল বেয়ে গাছপালা ভেঙে চলেছে নীচে অবধি। ও ঝোপড়াটা দ্যাখ—ওই ফার্নের গোছাটা দ্যাখ—কীভাবে খেঁতলেছে। এগুলো সব পরিষ্কার ইনডিকেশন।’

আমি বললাম, ‘কত বড় পাথর বলে মনে হচ্ছে?’

ফেলুদা বলল, ‘নীচে তো টুকরোগুলো দেখলি। কত বড় আর হবে? আর এ হাইট থেকে গড়িয়ে পড়ে মারাত্মক দুর্ঘটনা সৃষ্টি করার জন্য একটা ছোটখাটো ধোপার পুঁটিলির সাইজের পাথরই যথেষ্ট।’

‘তাই বুঝি?’

‘তা ছাড়া আর কী? এ হল মোমেন্টামের ব্যাপার। ম্যাস ইনটু ভেলোসিটি। ধর, তুই যদি মনুমেন্টের তলায় দাঁড়িয়ে থাকিস, আর মনুমেন্টের উপর থেকে কেউ যদি তাগ করে একটা পায়রার ডিমের সাইজের নুড়িপাথরও তোর মাথায় ফেলে, তা হলে তার চোটেই তোর মাথা ফুটি-ফাটা হয়ে যাবে। একটা ক্রিকেট বল যত বেশি হাইটে ছোড়া যায়, সেটাকে লুফতে তত বেশি চোট লাগে হাতে। লোফার সময় কায়দা করে হাতে টেনে নিতে না পারলে অনেক সময় তেলো ফেটে যায়। অথচ বল তো সেই একই থাকছে, বদলাচ্ছে কেবল হাইট, আর তার ফলে মোমেন্টাম।’

ফেলুদা এবার নেড়া জায়গাটার পাশে ঘাসের উপর বসে পড়ে বলল, ‘পাথরটা কীভাবে পড়েছিল জানিস?’

‘কীভাবে?’ আমি ফেলুদার দিকে এগিয়ে গেলাম।

‘এই দ্যাখ।’

ফেলুদা নেড়া অংশটার একটা জায়গায় আঙুল দিয়ে দেখাল। আমি ঝুঁকে পড়ে দেখলাম সেখানে একটা ছোট গর্ত রয়েছে। সাপের গর্ত নাকি?

‘যদুদর মনে হয়’, ফেলুদা বলে চলল, ‘প্রায় পাঁচাত্তর পার্সেন্ট সিওর হয়ে বলা চলে যে একটা লম্বা লোহার ডান্ডা বা ওই জাতীয় একটা কিছু মাটিতে ঢুকিয়ে চাড়া দিয়ে পাথরটাকে ফেলা হয়েছিল। তা না হলে এখানে এ রকম একটা গর্ত থাকার কোনও মানে হয় না। অর্থাৎ—’

অর্থাৎ যে কী আমিও বুঝে নিয়েছিলাম। তবুও মুখে কিছু না বলে আমি ফেলুদাকে কথাটা শেষ করতে দিলাম।

‘অর্থাৎ মিস্টার শিবকুমার শেলভাকারের অ্যাক্সিডেন্টটা প্রকৃতির নয়, মানুষের কীর্তি। অর্থাৎ অত্যন্ত ক্রুর ও শয়তানি পদ্ধতিতে কেহ বা কাহারো তাহাকে হত্যা করিয়াছিল। অর্থাৎ—এক কথায়—গণ্ডগোল, বিস্তর গণ্ডগোল...’

৫

খুনের জায়গা (এখন থেকে আর অ্যাক্সিডেন্ট বলব না) থেকে হোটেলে ফিরে আমাকে নামিয়ে দিয়ে ফেলুদা বলল ওর একটু কাজ আছে—একটু পরে ফিরবে। আমি জানি যে যদি জিজ্ঞেস করি কী কাজ তা হলে উত্তর পাব না।

আমরা ফেরার পথে চৌমাথায় হেলমুটের সঙ্গে দেখা হয়েছিল; তাকে রুমটেকের নাচের কথা বলতে সেও যেতে চাইল। আর যাবেন নিশিকান্তবাবু। কোথায় গেলেন ভদ্রলোক? আর তার সেই হিজিবিজি তিব্বতি লেখার মানে করারই বা কী হল?

একবার মনে হল ফেলুদা না আসা পর্যন্ত বাজারের রাস্তায় পায়চারি করে কাটিয়ে দিই।

তারপর মনে হল—নাঃ, হোটেলেরই যাই। সঙ্গে একটা গল্পের বই এনেছি, ঘরে বসে সেটা পড়তে পড়তেই ফেলুদা এসে যাবে।

হোটেলের ঢুকতেই দেখলাম নিশিকান্তবাবু গোমড়া মুখ করে ডাইনিং রুমে বসে আছেন। অবিশ্যি আমাকে দেখেই তাঁর সে পুরনো হাসি ফিরে এল। বললেন, ‘দাদা কই?’ বললাম, ‘একটু কাজে বেরিয়েছেন; আসবেন এক্ষুনি।’

‘তোমার দাদার গায়ে খুব জোর, তাই না?’

এ আবার কী রকম প্রশ্ন করেন ভদ্রলোক? আমি কিছু বলার আগেই আবার বললেন, ‘উনি ভরসা দিচ্ছেন বলেই রয়ে গেলুম; তা না হলে আজই পাততাড়ি গুটিয়ে দার্জিলিং পালাতুম।’

‘কেন?’

ভদ্রলোক হাত কচলাতে শুরু করেছেন। বুঝলাম তাঁর নার্ভাসনেসটা আবার ফিরে এসেছে।

ভদ্রলোক এ দিক ও দিক দেখে আবার পকেট থেকে সেই কাগজটা বার করলেন।

‘জান তাই—সাতজন্মে কারুর কোনও অনিষ্ট করিনি, অথচ এ রকম শাসানি শেষটায় আমাকেই দিলে!’

‘ওটার মানে বের করেছেন নাকি?’

ভদ্রলোক বললেন, ‘একটা অ্যাং—মানে অ্যাংজাইটি ছিল, তাই সোজা চলে গেলুম তিব্বত ইনস্টিটিউটে। কাগজটা দেখালুম। কী বললে জান? বললে এ লেখাটার মানে হচ্ছে ‘মৃত্যু’। গিয়াংফুং—না ওই জাতীয় একটা কী তিব্বতি কথা। মানে হচ্ছে ডেথ। খার্টি সেভেনে আমার একটা ফাঁড়া আছে তাও জানি।’

আমার একটু বিরক্ত লাগল। বললাম, ‘শুধু তো বলেছে মৃত্যু। এমন তো বলেনি যে আপনাকেই মরতে হবে।’

ভদ্রলোক হঠাৎ যেন একটু আশার আলো দেখতে পেলেন।

‘তাও বটে। মৃত্যু মানে তো এনিবডিং ডেথ হতে পারে—তাই না?’

‘কাগজে লেখা আছে বলেই যে কাউকে মরতেই হবে তারই বা কী মানে আছে?’

কিন্তু তাও যেন ভদ্রলোক ভরসা পেলেন না। আবার তাঁর মুখ থেকে হাসি মিলিয়ে গেল। তারপর ভুরু কঁচকে কিছুক্ষণ ভেবে প্রায় নিজের মনেই বিড়বিড় করে বললেন, ‘দক্ষিণের জানালাটা খোলা ছিল...ঝড় বৃষ্টি হচ্ছিল...তার মানে হাওয়া ছিল...বাইরের জিনিস হাওয়ার সঙ্গে ঘরের ভিতর এসে পড়তে পারে। এটা যদি এমনি উটকো কাগজের টুকরো হয়...হয়তো ছেঁড়া পুঁথিখিঁথির পাতা—কাছাকাছি তো ছোটখাটো গুম্ফাও রয়েছে...একটা তো শহরে ঢোকান মুখটাতেই...হুঁ...হুঁ...’

আমি আর কাল রাতে জানালা দিয়ে কী দেখেছি সেটা বললাম না। তা হলে যেটুকু ভরসা পাচ্ছেন ভদ্রলোক, তাও আর পেতেন না। শেষে যেন আর ভাবতে না পেরেই ভদ্রলোক জোর করে তাঁর মন থেকে দুশ্চিন্তাটা ঝেড়ে ফেলে দিয়ে বললেন, ‘যাক্গে! তোমার দাদাই তোঁ রয়েছেন। বেশ কনফিডেন্স পাওয়া যায় ভদ্রলোককে দেখে। খেলোয়াড়-টেলোয়াড় ছিলেন নাকি? না, এক্সারসাইজ করেন?’

‘এককালে ক্রিকেট খেলেছেন। এখন যোগব্যায়াম করেন।’

‘ঠিক ধরেচি। আজকালকার বাঙালিদের মধ্যে অমন ফিট বডি চোখে পড়ে না। চা খাবে?’

পাহাড়ে ওঠানামা করতে বেশ পরিশ্রম হয়েছিল, তাই বললাম চায়ে আপত্তি নেই।

ভদ্রলোক বেয়ারাকে ডেকে দু কাপ চা অর্ডার দিলেন। চা এসে পৌঁছতে না পৌঁছতেই ফেলুদা ফিরে এল। আসার দশ সেকেন্ডের মধ্যেই নিশিকান্তবাবু তাঁর ‘মৃত্যু’-র কথাটা ফেলুদাকে বলে দিলেন।

ফেলুদা আরেকবার কাগজটা দেখে বলল, ‘আপনাকে এতটা ইম্পোর্ট্যান্স দিচ্ছে কেন সেটা আঁচ করতে পারছেন?’

নিশিকান্তবাবু মাথা নাড়লেন, ‘আমি স্যার আকাশ-পাতাল ভেবেও এর কূল-কিনারা করতে পারছি না।’

ফেলুদা বলল, ‘আর ভাববেন না। কারণ না থাকলে কেউ কারুর মৃত্যু কামনা করে না। আমার বিশ্বাস ওটা যে-ই ফেলে থাকুক না কেন, ঝড়ের রাতে অন্ধকারে ভুল করে ভুল ঘরে ফেলেছে। তিব্বতি তিব্বতিকেই তিব্বতি ভাষায় শাসায়। আপনাকে শাসাতে হলে যে ভাষা আপনি জানেন তাতেই শাসানো স্বাভাবিক। নইলে তো শাসানি মাঠে মারা—তাই নয় কি?’

‘তা তো বটেই।’

‘ব্যস—নিশ্চিন্ত থাকুন।’

‘আর গোলমাল হলে আপনি তো আছেনই।’

‘আমি থাকলে কিন্তু গোলমালটা মাঝে-মধ্যে একটু বেশিই হয়।’

‘তাই বুঝি?’

ভদ্রলোকের মুখ আবার ফ্যাকাসে হয়ে গেল।

ফেলুদা আর কোনওরকম সান্ত্বনা দেবার চেষ্টা না করে দোতলায় নিজের ঘরে চলে গেল। আমি জানি কাঁদুনে ভিত্তি লোকদের ফেলুদা বরদাস্ত করতে পারে না। নিশিকান্তবাবু যদি ওর সিমপ্যাথি পেতে চান, তা হলে ওঁকে কাঁদুনি বন্ধ করতে হবে।

আমি চা শেষ করে ঘরে গিয়ে দেখি ফেলুদা আবার তার নীল খাতার উপর ঝুঁকে পড়েছে। আমি ঢুকতেই বলল, ‘টেলিগ্রাফ অফিসগুলোতে বেশির ভাগ লোকই যে অশিক্ষিত সেটা আগেই জানা ছিল—তবে এটা একটু বেশি রকম বাড়বাড়ি।’

‘হঠাৎ টেলিগ্রাফ আপিসে কেন?’

‘শশধরবাবুকে একটা কেবল করে দিলাম। ও পৌঁছবার আগেই অবিশ্যি পৌঁছে যাবে—তাও দেরি করে কোনও লাভ নেই।’

‘কী লিখলে?’

‘হ্যাভ্‌ রিজন্‌ টু সাসপেক্ট্‌ শেলভাক্সারস্‌ ডেথ্‌ নট্‌ অ্যাক্সিডেন্টাল্‌। অ্যাম ইনভেস্টিগেটিং।’

‘বাড়াবাড়িটা কীসে দেখলে?’

‘ও। সে অন্য ব্যাপার।’

ফেলুদা নাকি টেলিগ্রাফ আপিসে কেরানিদের ঘুষ দিয়ে গত ক’ দিনে শেলভাক্সারের নামে কোনও টেলিগ্রাম এসেছিল কি না সেটা জেনে নিয়েছে। ‘একটা ছিল শশধরবাবুর টেলিগ্রাম—অ্যাম অ্যারাইভিং ফোর্টিন্থ।’

‘আর অন্যটা?’

‘পড়ে দ্যাখ’—বলে ফেলুদা তার নীল খাতাটা আমার দিকে এগিয়ে দিল। দেখলাম তাতে লেখা রয়েছে—

YOUR SON MAY BE IS A SICK MONSTER...PRITEX.

পড়ে তো চক্ষু চড়কগাছ। সিক্‌ মনস্টার? রুগ্‌ণ রাক্সস? সে আবার কী?

ফেলুদা বলল, ‘বোঝাই যাচ্ছে যে কোনও গোলমাল করেছে। কিন্তু প্রশ্নটা হচ্ছে—কী

গোলমাল । আসল টেলিগ্রামটা কী ছিল ।’

আমি বললাম, ‘প্রাইটেস্ট্র আবার কী ?’

ফেলুদা বলল, ‘ওটা বোধহয় ছাপার ভুল নয় । মনে হয়, ওটা কোনও গোয়েন্দা এজেন্সির টেলিগ্রাফিক অ্যাড্রেস । PRI অর্থাৎ প্রাইভেট, আর TEX হল TEC-এর বহুবচন । TEC মানে যে ডিটেকটিভ সেটা নিশ্চয়ই তোকে বলে দিতে হবে না ।’

‘এই টেলিগ্রামটা পেয়েই কি শেলভাস্কার ঘাবড়ে গিয়েছিল ?’

‘কিছুই আশ্চর্য না ।’

‘আর তার মানে এই এজেন্সিটা শেলভাস্কারের ছেলের খোঁজ করছিল ?’

‘তাই তো মনে হয় । কিন্তু Sick Monster!—হরি হরি !’

আমি বললাম, ‘কতগুলো রহস্য এক সঙ্গে সমাধান করবে বলো তো ।’

ফেলুদা বলল, ‘সেইটেই তো ভাবছি । প্রশ্নের পর প্রশ্ন । এইবেলা খাতায় নোট করে ফেলা উচিত । বল তো দেখি একটা একটা করে ।’

‘এক—Sick Monster ।’

‘তারপর ?’

‘পাথর কে ফেলল ।’

‘গুড ।’

‘তিন—মূর্তিটা কোথায় গেল ।’

‘ঠিক হয় ।’

‘চার—নিশিকান্তবাবুর ঘরে কাগজ কে ফেলল ।’

‘আর, কেন ফেলল । বহুত আচ্ছা ।’

‘পাঁচ—খুনের জায়গায় কার বোতাম ।’

‘অবিশ্যি সেটা শেলভাস্কারের নিজের শার্টের বোতামও হতে পারে । যাই হোক—বলে চল ।’

‘ছয়—তিব্বতি ইনস্টিটিউটে গিয়ে, কে মূর্তির কথা জিজ্ঞেস করেছিল ।’

‘স্প্রেনডিড । আর বছর দশেকের মধ্যেই তুই গোয়েন্দাগিরি শুরু করতে পারবি ।’

ফেলুদা ঠাট্টা করলেও বুঝতে পারলাম যে আমি পরীক্ষায় পাশ করেছি ।

‘শুধু একটি লোকের সঙ্গে এখন দেখা হওয়া দরকার । মনে হয় তিনি শেলভাস্কার সম্বন্ধে জরুরি ইনফরমেশন দিতে পারেন ।’

‘কে লোকটা ?’

‘ডক্টর বৈদ্য । যিনি ভবিষ্যৎ বলেন, আর প্রেতাত্মার সঙ্গে যোগ স্থাপন করেন, আর অন্যান্য যাবতীয় ভেল্কি প্রদর্শন করেন । শুনেটুনে লোকটাকে ইন্টারেস্টিং বলে মনে হচ্ছে ।’

৬

রুমটেক যেতে হলে যে পথে শিলিগুড়ি থেকে গ্যাংটক আসে, সে পথে খানিক দূর ফিরে গিয়ে তারপর ডান দিকে একটা মোড় নিয়ে নতুন পথে সটান সিধে রাস্তায় চলতে হয় । রুমটেকের হাইট গ্যাংটকের চেয়েও প্রায় এক হাজার ফুট বেশি, কিন্তু যাবার রাস্তা প্রথমে উতরাই নেমে একেবারে নদী পর্যন্ত গিয়ে একটা ব্রিজ পেরিয়ে উলটোদিকের পাহাড়ের গা বেয়ে চড়াই ওঠে । ছোট ছোট গ্রামের বাড়ি আর ভুটার খেতের পাশ দিয়ে রাস্তা এঁকেবেঁকে

চলে—চারিদিকের দৃশ্য দার্জিলিং-এর চেয়ে কোনও অংশে কম সুন্দর নয়।

সকালের রোদ এখন আর নেই। হোটেলে থাকতেই মেঘ উঠে আকাশ ছেয়ে ফেলেছে। তাতে অবিশ্যি এক হিসেবে ভালই, কারণ গরমের কোনও সম্ভাবনা নেই। কিছুদিন আগের দুর্ঘটনার জন্যেই বোধহয়, আমাদের ড্রাইভার খুব সাবধানে জিপ চালাচ্ছিল। সামনের সিটে ড্রাইভারের পাশে বসেছি আমি আর ফেলুদা। পিছনের দুটো সিটে মুখোমুখি বসে আছে হেলমুট উজ্জার আর নিশিকান্ত সরকার। হেলমুটের পায়ের ব্যথাটা নাকি সেরে গেছে। ওর কাছে নাকি কী জার্মান মলম ছিল, তাতেই কাজ দিয়েছে। নিশিকান্তবাবুর ভয়ের ভাবটা বোধহয় কেটে গেছে, কারণ এখন উনি গুনগুন করে হিন্দি ফিল্মের গানের সুর ভাঁজছেন। গ্যাংটক শহর এখন আমাদের উলটোদিকের পাহাড়ের গায়ে বিছিয়ে আছে। মনে হয় শহরটাকে আর খুব বেশিক্ষণ দেখা যাবে না, কারণ নীচের উপত্যকা থেকে কুয়াশা উঠতে শুরু করেছে উপরের দিকে।

ফেলুদা এখন পর্যন্ত একটাও কথা বলেনি। সেটা আশ্চর্য না। আমি জানি ওর মাথার ভিতর এখন সেই ছটা প্রশ্নের উত্তর বার করার প্রচণ্ড চেষ্টা চলেছে। নেহাত কাল কথা দিয়ে ফেলেছিল তাই, তা না হলে ও এখন হোটেলের ঘরে বসে নীল খাতায় হিজিবিজি লিখত আর হিসেব করত।

বাইরের ঠাণ্ডা থেকে বেশ বুঝতে পারছি যে আমরা এখন বেশ হাইটে উঠে গেছি। সামনে একটা মোড়। ড্রাইভার জিপে হর্ন দিতে দিতে সেটা ঘুরতেই দেখলাম সামনে রাস্তার দু ধারে ঘরবাড়ি দেখা যাচ্ছে। আর দেখা যাচ্ছে বাঁশের এক খুঁটির সঙ্গে আরেক খুঁটিতে বাঁধা দড়িতে টাঙানো সারি সারি রং-বেরঙের চারকোনা নিশান। এই নিশানগুলো টাঙিয়ে দিয়ে তিব্বতিরা নাকি অনিষ্টকারী প্রেতাছাদের দূরে সরিয়ে রাখে। কাছ থেকে দেখলে বোঝা যায় প্রত্যেকটা নিশানে নকশা করা আছে।

একটা ক্ষীণ শব্দ অনেকক্ষণ থেকেই কানে আসছিল। এবার সেটা ক্রমশ জোর হতে আরম্ভ করল। ভেঁ ভেঁ ভেঁ ভেঁ গুরুগম্ভীর শিঙার শব্দ, আর তার সঙ্গে থেকে থেকে ঝম ঝম করে কাঁসা বা পিতলের ঝাঁঝের আওয়াজ, আর চড়া বেসুরো সানাইয়ের মতো আওয়াজ। এটাই বোধহয় তিব্বতি নাচের বাজনা।

রাস্তাটা গিয়ে এক জায়গায় থেমে গেছে। তারপরে রয়েছে একটা বড় গ্যারাজ গোছের ঘর, যাতে কয়েকটা জিপ রয়েছে, আর বাঁ দিকে রয়েছে কিছু দোকান। রাস্তার দু ধারেও কয়েকটা জিপ আর স্টেশন ওয়গন দাঁড়িয়ে আছে, আর চারিদিকে ঘোরাফেরা করছে নানান রঙের পোশাক পরা ছেলেমেয়ে বুড়ো-বুড়ির দল।

আমাদের জিপটা রাস্তার ডান দিকে একটা প্রকাণ্ড গেটের সামনে গিয়ে দাঁড়াল। বুঝলাম এটাই ক্রমটেক মঠের ফটক। নিশিকান্তবাবু বোধহয় হেলমুটের খাতিরেই ইংরেজিতে বললেন, 'দ্য লামাজ আর ড্যা—মানে ড্যানসিং।' আমরা চারজনে গাড়ি থেকে নামলাম।

গেটের ভিতর ঢুকে দেখি সামনে একটা বিরাট খোলা উঠোন। সেটাকে একটা প্রকাণ্ড সাদা চাঁদোয়া দিয়ে ঢাকা হয়েছে; তাতে আবার গাঢ় নীল রঙের নকশা করা। এত সুন্দর চাঁদোয়া আমি কক্ষনও দেখিনি। চাঁদোয়ার নীচে উঠোনের মেঝেতে লোকেরা সব ভিড় করে বাবু হয়ে বসেছে, আর পিছন দিকে একটা প্রকাণ্ড নকশা করা পর্দার সামনে আট-দশ জন লোক ঝলমলে পোশাক আর বীভৎস সব মুখোশ পরে ঘুরে ঘুরে দুলে দুলে নাচছে। বাজিয়ার দল লাল পোশাক পরে বসেছে নাচিয়েদের ডান দিকে। শিঙাগুলোতে সবচেয়ে গম্ভীর আওয়াজ হচ্ছে। সেগুলো প্রায় পাঁচ-ছ হাত লম্বা। আর সেগুলো বাজাচ্ছে আট-দশ বছর বয়সের ছেলেরা। সব মিলিয়ে একটা অদ্ভুত থমথমে অথচ জমকালো ব্যাপার। এমন

জিনিস এর আগে আমি কখনও দেখিওনি বা শুনিওনি ।

হেলমুট উঠোনে পৌঁছানো মাত্র পটাপট ছবি তুলতে আরম্ভ করে দিল । আজ তার কাঁধে তিনটে ক্যামেরা । ব্যাগটাও সঙ্গে রয়েছে ; তার মধ্যে আরও ক্যামেরা আছে কি না কে জানে !

নিশিকান্তবাবু বললেন, ‘বসবেন নাকি ?’

‘আপনি কী করছেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘আমার তো জিনিস দেখা ; কালিম্পাঙে দেখেছি । আমি একটু পেছন দিকটায় গিয়ে মন্দিরটা দেখে আসছি । শুনিচি ভেতরে নাকি অদ্ভুত সব কারুকার্য রয়েছে ।’

আমি আর ফেলুদা ভিড়ের মধ্যে জায়গা করে নিয়ে মাটিতে বসে পড়লাম । ফেলুদা বলল, ‘এ সব দেখে-শুনে বিংশ শতাব্দীতে বাস করছি সে কথা ভুলে যেতে হয় । গত এক হাজার বছরে এ জিনিসের কোনও পরিবর্তন হয়েছে বলে মনে হয় না ।’

আমি বললাম, ‘গুম্ফা বলে কেন ফেলুদা ?’

ফেলুদা বলল, ‘এটা ঠিক গুম্ফা নয় । গুম্ফা হল গুহা । এটাকে বরং মঠ বা মন্দির বলা চলতে পারে । ওই যে উঠোনের দুপাশে একতলা ঘরের লাইন দেখছি—ওখানে সব লামারা থাকে । আর লক্ষ কর কত বাচ্চা ছেলে রয়েছে । সব মাথা মুড়োনো, গায়ে তিব্বতি জোব্বা । এদের এখন ট্রেনিং দেওয়া হচ্ছে । বড় হলে সব লামাটামা হবে ।’

‘মঠ আর মনাস্টেরি কি এক জিনিস ?’

‘হ্যাঁ, মঠ—’

এইটুকু বলেই ফেলুদা হঠাৎ থেমে গেল । তার দিকে চেয়ে দেখি তার চোখ দুটো কুঁচকে গেছে, তার মুখ হাঁ হয়ে গেছে । হঠাৎ কী মনে পড়ল ফেলুদার ?

মিনিট খানেক চুপ করে মাথা নেড়ে নিজের ওপর একটা ধিক্কারের ভাব দেখিয়ে ফেলুদা বলল, ‘পাহাড়ে এলে কি তা হলে আমার বুদ্ধিটা স্লো হয়ে যায় ? এই সহজ জিনিসটা বুঝতে পারিনি এতক্ষণ ?’

‘কী জিনিস ?’ জিজ্ঞেস করলাম । ‘কোনটা বুঝতে পারনি ?’

‘Sick Monster! Sick হল সিকিম, আর Monster হল মনাস্টেরি । থ্যাঙ্ক ইউ, তোপসে ।’

সত্যিই তো ! বুঝতে পারা উচিত ছিল । ‘তা হলে পুরো টেলিগ্রামটার কী মানে দাঁড়াচ্ছে ?’

ফেলুদা পকেট থেকে তার খাতাটা বার করে সেই পাতাটা খুলে ফের পড়ল—

‘YOUR SON MAY BE IS A SICK MONSTER—গোড়ার দিকটায় কোনও গোলমাল নেই । Is-টাকে In করে নে । তা হলে দাঁড়াচ্ছে—ইয়োর সান মে বি ইন এ সিকিম মনাস্টেরি । তোমার ছেলে হয়তো সিকিমের কোনও মঠে রয়েছে ।- ব্যস—পরিস্কার ব্যাপার ।’

‘তার মানে শেলভাক্সারের যে-ছেলে চোদ্দ না পনেরো বছর আগে বাড়ি ছেড়ে চলে গিয়েছিল, সে এখন এখানে রয়েছে ?’

‘প্রাইটেজ তো তাই বলছে । এখন, প্রাইটেজের কেরামতির দৌড় যে কতখানি তা তো জানি না । তবে এটা ঠিক যে শেলভাক্সার যদি টেলিগ্রামের ভুল সত্ত্বেও তার মানেটা আঁচ করে থাকে, তা হলে তার মনে আশার সঞ্চার হওয়া অস্বাভাবিক নয় । কারণ সে ছেলেকে ভালবাসত, অনেকদিন ধরে তার খোঁজ করেছে ।’

‘ও যেদিন একটা কোনও গুম্ফায় যাচ্ছিল, সেটাও হয়তো টেলিগ্রামটা পাবার পর ছেলের

সন্ধান।’

‘কোয়াইট পসিবল। আর ছেলে যদি সত্যি করে থেকেই থাকে এ তল্লাটে, তা হলে অবিশ্যি...’

ফেলুদা আবার চুপ করে গেল। মনে পড়ল শশধরবাবু বলেছিলেন শেলভাস্কারের ছেলে বাপের সঙ্গে ঝগড়া করে বাড়ি থেকে বেরিয়ে যায়। তার মানে সে তার বাপের শত্রু।

‘উইল...উইল...উইল’, ফেলুদা আপন মনে বিড়বিড় করে যাচ্ছে। ‘শেলভাস্কার যদি উইলে তাঁর ছেলেকে সম্পত্তি দিয়ে গিয়ে থাকেন, তা হলে সে অনেক টাকা পাবে।’

ফেলুদা ভিড়ের মধ্যে থেকে উঠে পড়ল, আর সেই সঙ্গে আমিও। বেশ বুঝতে পারলাম টেলিগ্রামের মানে করতে পেরে ফেলুদা চঞ্চল হয়ে উঠেছে। এদিকে ওদিকে দেখছে সে। ভিড়ের মধ্যে অ-তীব্রভাষিত ভারতীয় চেহারা খুঁজছে কি?

আমরা দুজনেই ভিড়ের দিকে চোখ রেখে এগিয়ে চললাম। বাঁ দিকের একতলা বাড়িগুলোর পাশ দিয়ে আমরা চললাম মঠের বাড়িটার দিকে—যেদিকে এই কিছুক্ষণ আগেই নিশিকান্তবাবু গেছেন। পিছন দিকটায় ক্রমে ভিড় হালকা হয়ে এসেছে। দু-একজন ভীষণ বুড়ো লামাকে দেখলাম ঘরের দরজায় চৌকাঠে বসে আপন মনে প্রেরার হুইল ঘুরিয়ে চলেছে, তাদের মুখের চামড়া এত কুঁচকোনো যে দেখলে মনে হয় অন্তত একশো বছর বয়স হবেই। এদের বেশির ভাগেরই গৌফ-দাড়ি কামানো, কিন্তু এক-একজনের দেখলাম নাকের নীচে গৌফ না থাকলেও, ঠোঁটের দু পাশে সফ্রা গোলা গৌফ রয়েছে—যেমন কোনও কোনও চিনেদের থাকে।

পর্দার পিছন দিক দিয়ে গিয়ে আমরা মনাস্টেরির দালানের বারান্দায় পৌঁছলাম। দেয়ালে বোধহয় বুদ্ধের জীবনী থেকেই নানারকম ঘটনার ছবি আঁকা রয়েছে। বারান্দার পিছনে অন্ধকার হলঘর রয়েছে, তার মধ্যে সারি সারি প্রদীপের আলো জ্বলতে দেখা যাচ্ছে। একটা প্রকাণ্ড লাল কাঠের দরজা দিয়ে এই ঘরে ঢুকতে হয়।

আশেপাশে প্রহরী জাতীয় কেউ নেই দেখে আমরা দুজনে চৌকাঠ পেরিয়ে হলঘরে ঢুকলাম। স্যাঁতস্যাঁতে ঠাণ্ডা ঘর। অদ্ভুত একটা ধূপের গন্ধ ভরে রয়েছে তাতে। কিন্তু অন্ধকার হলে কী হবে—তার মধ্যেই চারদিকের রঙিন সাজসজ্জার ঝলসানি ফুটে বেরোচ্ছে—তিন-তলা উঁচু সিলিং থেকে ঝুলছে লম্বা লম্বা আশ্চর্য কাজ করা সব সিল্কের নিশান। ঘরের দু দিকে রঙিন কাপড়ে ঢাকা লম্বা লম্বা বেষ্টিত পাতা রয়েছে, প্রকাণ্ড গোল ঢাকের মতো কয়েকটা জিনিস খুঁটিতে দাঁড় করানো রয়েছে। আর পিছন দিকের সবচেয়ে অন্ধকার অংশটায় লম্বা বেদিতে বসানো রয়েছে প্রকাণ্ড প্রকাণ্ড সব মূর্তি, তার কোনটা বুদ্ধ আর কোনটা বুদ্ধ না সেটা আমার পক্ষে বোঝা ভারী মুশকিল।

কাছে গিয়ে দেখলাম এই সব বড় বড় মূর্তির পায়ের কাছে আরও অনেক ছোট ছোট মূর্তি রয়েছে, নানারকম ফুলদানিতে ফুল রয়েছে, আর ছোট ছোট পতলের পিদিমে আগুন জ্বলছে।

এই সব জিনিস খুব মন দিয়ে দেখছি, এমন সময় হঠাৎ ফেলুদা আমার পিঠে হাত দিল। ঘুরে দেখি ও দরজার দিকে চেয়ে রয়েছে। এটা সামনের মেন গেট নয়, পাশের একটা ছোট দরজা।

‘বাইরে আয়।’

দাঁতে দাঁত চেপে কথাটা বলে ফেলুদা দরজাটার দিকে এগিয়ে গেল।

দরজা দিয়ে বেরিয়ে দেখি ডান দিকে ওপরে যাবার সিঁড়ি রয়েছে।

‘কোন দিকে গেল লোকটা জানি না ; তবে চান্স নেওয়া ছাড়া গতি নেই।’

‘কোন লোকটা ?’ সিঁড়ি দিয়ে উঠতে উঠতে ফিস্‌ফিসিয়ে জিজ্ঞেস করলাম।

‘লাল পোশাক। দরজার বাইরে থেকে উঁকি দিচ্ছিল। আমি চাইতেই সটকাল।’

‘মুখটা দেখনি ?’

‘আলো ছিল না।’

দোতলায় উঠে দেখি সামনে একটা ঘর রয়েছে, তার দরজা বন্ধ। এটাতেই কি সেই হাই পোজিশনের লামা থাকেন নাকি ? বাঁ দিকে খোলা ছাত, এখানে-ওখানে নিশান ঝুলছে। একতলা থেকে নাচের বাজনার শব্দ আসছে—ভোঁ ভোঁ ভোঁ ব্যাং ব্যাং ব্যাং। এদের নাচ নাকি একবার শুরু হলে সাত ঘণ্টার আগে থামে না।

আমরা ছাত দিয়ে হেঁটে উলটোদিকের পাঁচিলের দিকে এগিয়ে গেলাম। পিছনে পাহাড়ের দৃশ্য আবছা কুয়াশায় ক্রমে ঢেকে আসছে। ডান দিকের মঠের পিছন দিয়ে খাড়াই পাহাড় উঠে গেছে, তার উপর দিকটায় দেখলাম এক জায়গায় অনেকগুলো বাঁশের খুঁটিতে একসঙ্গে অনেকগুলো ভূত-তাড়ানো নিশান আস্তে আস্তে কুয়াশার পিছনে লুকিয়ে যাচ্ছে।

‘শেলভাক্সারের ছেলে যদি এখানে—’

ফেলুদার কথা শেষ হল না। একটা বিকট চিৎকারে আমরা দুজনেই চমকে থ মেরে গেলাম।

‘ওরে বাবা—ওঃ ! হেল্প ! হেল্প !’

এ যে নিশিকান্তবাবুর গলা !

আর কিছু ভাববার আগেই ফেলুদা দেখি দৌড় দিয়েছে।

সিঁড়ি দিয়ে নেমে বাইরে বেরিয়ে মঠের পিছন দিকের দরজা খুঁজে বার করতে সময় লাগল এক মিনিটেরও কম। দরজার বাইরে বেরিয়ে দেখি দশ হাতের মধ্যেই পাহাড় খাড়াই উঠে গেছে। হাষ্টিং বুট আজও পায়ে ছিল, তাই উঠতে কোনও অসুবিধা হল না। কোন দিকে যেতে হবে সেটা মোটামুটি আন্দাজ করতে পারছি, কারণ ‘হেল্প, হেল্প’ চিৎকারটা এখনও আমাদের হেল্প করছে।

খানিক দূর উঠে একটা ফ্ল্যাট জায়গা দিয়ে এগিয়ে গিয়ে যেখানে পৌঁছেলাম, সেটা পাহাড়ের কিনারা। তারপরেই খাদ, তবে সে খাদ বেশি দূর নামেনি—বড় জোর একশো ফুট। আর তাও ধাপে ধাপে। এরই একটা ধাপে—বোধহয় দু হাতের বেশি চওড়া নয়—একটা গাছড়াকে আঁকড়ে ধরে ঠিকরে বেরিয়ে-আসা চোখ উপরের দিকে করে ঝুলে আছেন নিশিকান্ত সরকার। আমাদের দেখেই ভদ্রলোক দ্বিগুণ জোরে চিৎকার করে উঠলেন—মরে গেলুম। বাঁচান !

নিশিকান্তবাবুকে উদ্ধার করা ফেলুদার পক্ষে এমন কিছু একটা কঠিন ব্যাপার ছিল না। কিন্তু মুশকিল হল এই যে, তাঁকে জাপটে ধরে টেনে তোলামাত্র ভদ্রলোক চোখ উলটে ভিরমি দিলেন। অবিশ্যি জিপে এনে চোখে-মুখে জলের ঝাপটা দিতেই জ্ঞান ফিরে এল।

‘কী ব্যাপার বলুন তো’—ফেলুদা জিজ্ঞেস করল।

নিশিকান্তবাবু কোঁকানির সুরে বললেন, ‘আরে মশাই, কী আর বলব—এই এতখানি পথ—একটু হালকা হবার দরকার পড়েছিল—তা ধর্মস্থান অ—মানস্—মানে যাকে বলে মনাস্থি—তাই ভাবলুম পেছন দিকটায় গিয়ে দেখি—ঝোপঝাড়ের তো অভাব নেই—তা জায়গাও পেলুম সুটেবল—কিন্তু আমাকে যে আবার ফলো করেছে, তা কী করে জানব বলুন !’

‘পেছন থেকে এসে ধাক্কা মারল ?’

‘সেন্ট পারসেন্ট। কী সাং—মানে সাংঘাতিক ব্যাপার বলুন তো ! নেহাত হাতের কাছে



একটা গাছ পেলুম বলে—নইলে তিব্বতি শাসানি তো, মানে, অক্ষরে অক্ষরে—’

‘লোকটাকে দেখেছেন ?’

‘পেছন দিক থেকে এসে ধাক্কা মারলে আবার দেখা যায় নাকি—হেঃ !’

এই দুর্ঘটনার পর রুমটেকে থাকার আর কোনও মানে হয় না—হয়তো নিরাপদও নয়—তাই আমরা আবার বাড়ি মুখো রওনা দিলাম । হেলমুটের একটু আপশোস হল, কারণ ও বলল, ছবি তোলার এত ভাল সাবজেক্ট ও এসে অবধি আর পায়নি । তবে নাচ আগামীকালও হবে, তাই ইচ্ছে করলে আরেকবার আসতে পারে ।

ফেলুদা অনেকক্ষণ চুপ করে ছিল—বোধহয় চিন্তা করছিল—কারণ ঘটনা এত দ্রুত ঘটে চলেছে, ওর মতো পরিষ্কার মাথাও হয়তো গুলিয়ে আসছিল । এবার সে নিশিকান্তবাবুকে উদ্দেশ্য করে বলল, ‘মশাই, আপনার একটা দায়িত্ব আছে সেটা বোধহয় বেশ ভাল করেই বুঝতে পারছেন ।’

‘দায়িত্ব ?’ ভদ্রলোকের গলা দিয়ে যেন পুরো আওয়াজ বেরোচ্ছে না ।

‘আপনি কার পিছনে লেগেছেন সেটা না বললে তো কে আপনার পিছনে লেগেছে সেটা বলা যাবে না ।’

নিশিকান্তবাবু ঢোক গিলে দু হাত তুলে কান মলে বললেন, ‘কী সাক্ষী করে বলতে হবে বলুন—আমি বলছি—জ্ঞানত আমি কোনও লোকের কোনও অনিষ্ট করিনি—কারুর পিছনে লাগিনি—এমনকী কারুরও বদনাম পর্যন্ত করিনি ।’

‘আপনার কোনও যমজ ভাই-টাই নেই তো ?’

‘আজ্ঞে না স্যার । আই অ্যাম ওন্লি অফস্প্রিং ।’

‘হুঁ... । মিথ্যে বললে অবিশ্যি আপনিই ঠকবেন । কাজেই ধরে নিচ্ছি আপনি সত্যি কথাই বলছেন । কিন্তু...’

ফেলুদা চুপ করে গেল । আর সেই যে চুপ করল, সে একেবারে ডাকবাংলো পর্যন্ত ।

ডাকবাংলোতে এসে হেলমুট গাড়ি থেকে নেমে জিপের ভাড়ার শেয়ার দিতে যাওয়াতে ফেলুদা বাধা দিল—‘তোমাকে তো আমরাই ইনভাইট করেছি, আর তুমি আমাদের দেশে অতিথি—কাজেই তোমার পয়সা তো আমরা নেব না ।’

‘অল রাইট’—হেলমুট হেসে বলল, ‘তা হলে একটু বসে চা খেয়ে যাও ।’

নিশিকান্তবাবুরও আপত্তি নেই দেখে আমরা তিনজনেই জিপটাকে পাওনা চুকিয়ে ছেড়ে দিয়ে বাংলায় হেলমুটের ঘরে গিয়ে হাজির হলাম ।

তিনজনে চেয়ারে বসেছি । হেলমুট ঘাড় থেকে ক্যামেরা নামিয়ে টেবিলের উপর রেখে চায়ের অর্ডার দিতে যাবে, এমন সময় একটা আওয়াজ পেয়ে দরজার দিকে চেয়ে দেখি একজন অদ্ভুত দেখতে ভদ্রলোক বাইরে দাঁড়িয়ে হেলমুটের দিকে চেয়ে হেসে ‘হ্যালো’ বললেন । ভদ্রলোকের মুখে কাঁচা-পাকা চাপ দাড়ি, মাথায় কাঁচা-পাকা চুল প্রায় কাঁধ অবধি নেমেছে, গায়ের উপর দিকে একটা গলাবন্ধ ঢলঢলে অরেঞ্জ রঙের সিকিম জ্যাকেট, আর তলার দিকে টিলে ফ্ল্যানেলের পাতলুন । তার হাতে একটা বেশ বড় হলদে লাঠিও রয়েছে—যাকে বোধহয় বলে যষ্টি ।

হেলমুট আমাদের দিকে ফিরে বলল, ‘পরিচয় করিয়ে দিই—ইনিই ডক্টর বৈদ্য ।’

‘আপনাদের দেখিয়ে বঙ্গালি মনে হতেছে।’

ডাক্তার বৈদ্য ঠিক আমার পাশের চেয়ারটায় বসলেন।

ফেলুদা বলল, ‘ঠিকই বলেছেন।... আপনার কথা আমরা আগেই হেলমুটের কাছে শুনেছি।’

‘হেলমুট ইজ এ নাইস বয়।’

ভদ্রলোক ইংরেজি বাংলা হিন্দি তিনরকম ভাষা মিশিয়ে কথা বলে গেলেন।

‘তবে হেলমুটকে আমি বলেছি যে এদেশের একটা সংস্কারের কথা ও যেন না ভোলে। এরা বিশ্বাস করে যে যার যত বেশি ছবি তোলা হবে, তার তত বেশি আয়ু কমে যাবে। কারণ, এই যে আমি, এই আমার খানিকটা যদি অন্য কোনও বস্তুতেও থেকে থাকে, তার মানে আমার ভাইটাল ফোর্সের খানিকটাও নিশ্চয়ই সেই অন্য বস্তুর মধ্যে রয়েছে। এবং সেই পরিমাণে আমার নিজের ভাইটাল ফোর্সও নিশ্চয়ই কমে যাচ্ছে।’

‘আপনিও কি এতে বিশ্বাস করেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘করলেই বা কী?’ ডাক্তার বৈদ্য হেসে বললেন। ‘হেলমুট কি আর আমার ছবি তুলতে বাদ রেখেছে? তবে কোনও জিনিস পরীক্ষা করে দেখার আগে বিশ্বাস-অবিশ্বাসের প্রশ্নটা ওঠে না। এখনও অনেক জিনিস শিখতে বাকি আছে, অনেক কিছু জানতে হবে, অনেক পরীক্ষা করতে হবে।’

ফেলুদা বলল, ‘কিন্তু আপনি তো সে সব না করেই অনেক দূর অগ্রসর হয়েছেন বলে মনে হয়। শুনলাম আপনি ভবিষ্যৎ বলে দিতে পারেন, মৃত ব্যক্তির আত্মার সঙ্গে কথাবার্তা বলতে পারেন।’

‘সব সময় না।’ বৈদ্য একটু মুচকি হাসলেন। ‘পারিপার্শ্বিক অবস্থার উপর অনেকটা নির্ভর করে। কিছু জিনিস খুব সহজে বলে দেওয়া যায়। যেমন—’ বৈদ্য নিশিকান্তবাবুর দিকে আঙুল দেখালেন—‘ওই ভদ্রলোকটি কোনও কারণে অত্যন্ত দুশ্চিন্তায় ভুগছেন।’

নিশিকান্তবাবু জিভ দিয়ে ঠোঁট চাটলেন।

ফেলুদা বলল, ‘আপনি ঠিকই বলেছেন। ওকে একজন অজ্ঞাত ব্যক্তি মৃত্যুভয় দেখাচ্ছেন। সেটা কে বলতে পারেন?’

ডাক্তার বৈদ্য কিছুক্ষণের জন্য চোখ বন্ধ করলেন। তারপর চোখ খুলে জানালা দিয়ে বাইরের পাহাড়ের দিকে তাকিয়ে বললেন, ‘এজেন্ট।’

‘এজেন্ট?’ ফেলুদা প্রশ্ন করল।

‘হ্যাঁ, এজেন্ট। মানুষ অন্যায় করলে তার শাস্তি হবেই। অনেক সময় ভগবান নিজেই শাস্তি দেন, আবার অনেক সময় তাঁর এজেন্টরা এই কাজটা করে।’

নিশিকান্তবাবু হঠাৎ কাঁপা গলায় বলে উঠলেন, ‘দ্যাট ইজ অল। আমি আর শুনতে চাই না।’

বৈদ্য হেসে বললেন, ‘আমি জোর করে কাউকে কিছু শোনাই না। ইনি জিজ্ঞেস করলেন, তাই বললাম। স্বেচ্ছায় লব্ধ জ্ঞান ছাড়া অন্য কোনও জ্ঞানের কোনও মূল্য নেই। তবে একটা কথা বলতে চাই—বাঁচতে হলে সাবধানতা অবলম্বন করতে হবে।’

‘কাইন্ডলি এক্সপ্লেন’, বললেন নিশিকান্তবাবু।

‘এর চেয়ে বেশি কিছু বলা আমার পক্ষে সম্ভব নয়।’

চা এসে গিয়েছিল। হেলমুট নিজেই চা ঢেলে সবাইকে জিজ্ঞেস করে দুধ-চিনি মিশিয়ে

আমাদের হাতে হাতে পেয়ালা তুলে দিল ।

চায়ে চুমুক দিয়ে ফেলুদা বলল, ‘আপনাদের সঙ্গে তো মিস্টার শেলভাক্সারের আলাপ হয়েছিল ।’

বৈদ্য মাথা নেড়ে বললেন, ‘বড় দুঃখের ব্যাপার । আমি ওকে সতর্ক করে দিয়েছিলাম যে, ওর সময়টা ভাল যাচ্ছে না । অবিশ্যি অকস্মাৎ মৃত্যুর ব্যাপারে তো কারুর কোনও হাত নেই । দোরোম পোরোবিংচিতেত বলেইছে—

হেম দোরমোং দোরজি সিংচিয়াম্
ওম্ পিরিয়ান হোতোরিবিরিচিয়াং !’

কিছুক্ষণ সবাই চুপচাপ বসে চা খেলাম । হেলমুট এই ফাঁকে তার টেবিলটা গোছগাছ করে নিল । নিশিকান্তবাবু চায়ের পেয়ালা হাতে করে বসে আছেন—বুঝতে পারছি তাঁর চা ঠাণ্ডা হয়ে আসছে—কিন্তু খাবার কথাটা তাঁর যেন মনেই আসছে না । এর মধ্যে নিশ্চিন্ত দেখলাম ফেলুদাকে । কিম্বা তার মনে উদ্বেগ থাকলেও সেটা সে একেবারেই বাইরে প্রকাশ করছে না, দিব্যি একটার পর একটা বিস্কুট খেয়ে চলেছে ।

বাইরে রোদ পড়ে আসছে । হেলমুট সুইচ টিপল, কিন্তু বাতি জ্বলল না । কী ব্যাপার ? নিশিকান্তবাবু বললেন, ‘পাওয়ার গেছে । এটা প্রায়ই ঘটে ।’

‘বেয়ারাকে মোমবাতি দিতে বলি’ বলে হেলমুট ঘর থেকে বেরিয়ে গেল ।

এবার ফেলুদা ডক্টর বৈদ্যকে আরেকটা প্রশ্ন করল ।

‘মিস্টার শেলভাক্সারের মৃত্যু কি সত্যি আকস্মিকভাবে হয়েছিল বলে আপনার বিশ্বাস ?’

ডক্টর বৈদ্য হাতের পেয়ালা সামনের বেতের টেবিলের উপর রেখে হাত দুটোকে পেটের উপর জড়ো করে বললেন, ‘এ কথার উত্তর তো শুধু একজনই দিতে পারে ।’

‘কে ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘যে মৃত—একমাত্র সে—ই সর্বজ্ঞ । তারই কাছে অজানা কিছু নেই । আমাদের জীবিতকালে অজস্র অবাস্তব জিনিস আমাদের জ্ঞান ও অনুভূতির পথে বাধার সৃষ্টি করে । ওই যে জানালা খোলা রয়েছে—সে জানালা দিয়ে আমরা দূরের পাহাড় দেখতে পাচ্ছি, আকাশ দেখতে পাচ্ছি, পাহাড়ের গায়ে গাছপালা বাড়িঘর সব দেখতে পাচ্ছি, আকাশে মেঘ দেখতে পাচ্ছি । এ সব হল অবাস্তব জিনিস—নির্ভেজাল জ্ঞানের পথে এ সব দৃশ্যবস্ত্ত বাধাস্বরূপ । অথচ জানালা যদি বন্ধ করে দিই তা হলে কী দেখব ? ঘরে যদি আলো না থাকে, তা হলে বাইরের আলোর পথ বন্ধ করে দিলে কী থাকে ? অন্ধকার । জীবন হল আলো, আর জীবন হল ওই জানালা দিয়ে দেখা দৃশ্য, যা আমাদের প্রকৃত জ্ঞানের পথ থেকে দূরে সরিয়ে নিয়ে যায় । আর মৃত্যু হল বন্ধ জানালার ফলে যে অন্ধকার, সেই অন্ধকার । এই অন্ধকারের ফলে আমাদের অন্তর্দৃষ্টি খুলে যায় । মৃত্যুই হল অন্ধকারের চরম অবস্থা ।’

এত বড় বক্তৃতা একটানা শুনে একটু বুঝতে কষ্ট হচ্ছিল, কিন্তু ভরসা ছিল যে ফেলুদা নিশ্চয়ই সব বুঝতে পারছে । ও বলল, ‘তা হলে আপনার মতে মিস্টার শেলভাক্সারই একমাত্র জানেন তাঁর মৃত্যু কীভাবে হয়েছিল ?’

‘মৃত্যুর মুহূর্তটিতে হয়তো জানত না—কিন্তু এখন নিশ্চয়ই জানে ।’

কেন বলতে পারি না—আমার একটু গা ছমছম করতে শুরু করেছিল । হয়তো অন্ধকার বেড়ে আসছে বলেই ; আর মৃত্যু-টিতু নিয়ে এত কথাবার্তা, আর ডক্টর বৈদ্যর চশমার কাছে বেগুনি মেঘে ভরা আকাশের ছায়া, আর তাঁর অস্বাভাবিক রকম কাঁপা কাঁপা গলার স্বর, এমনকী তাঁর ঠোঁটের কোণে লেগে থাকা হাসিটাও কেমন জানি থমথমে মনে হচ্ছিল ।

বেয়ারা ঘরে এসে চায়ের জিনিসপত্র তুলে নিয়ে তার জায়গায় টেবিলের উপর একটা

জ্বালানো মোমবাতি রেখে চলে গেল। ফেলুদা সবাইকে চারমিনার অফার করল, আর সবাই রিফিউজ করল। তখন ও একাই একটা সিগারেট ধরিয়ে পর পর দুটো বিং ছেড়ে বলল—‘মিস্টার শেলভাস্কারের মতামতটা জানতে পারলে মন্দ হত না।’

ফেলুদা অবিশ্যি প্ল্যানচেট-ট্যানচেট নিয়ে বই পড়েছে। ও বলে যে-জিনিসে বিশ্বাস নেই—সেই নিয়ে বইও পড়া উচিত না—এ কথাটা আমি মানি না। কারণ, যে বইটা লিখেছে, তার মতামতটা জানা মানে মানুষের চিন্তাধারার একটা বিশেষ দিক সম্বন্ধে জানা। ক্রাইম নিয়ে যারা ঘাঁটিঘাঁটি করবে, তাদের মানুষ সম্বন্ধে জানতেই হবে, আর মানুষ বলতে সব রকম মানুষই বোঝায়, কাউকেই বাদ দেওয়া চলে না।

ডক্টর বৈদ্য কিছুক্ষণ চোখ বন্ধ করে ছিলেন, হঠাৎ চোখ খুলে হাত দুটো উপরে তুলে বললেন, ‘দরজা এবং জানালা দুটো বন্ধ করো।’

কথাটা বললেন, হুকুম করার ভঙ্গিতেই, আর সে হুকুম পালন করলেন নিশিকান্তবাবু। মনে হল তিনি যেন হিপনোটাইজড হয়ে প্রায় যন্ত্রের মানুষের মতো কাজটা করলেন।

জানালা বন্ধ করার সঙ্গে সঙ্গে মোমবাতির আবছা হলদে আলো ছাড়া ঘরে আর কোনও আলোই রইল না।

আমরা সবাই বেতের টেবিলটাকে ঘিরে বসেছিলাম। আমার ডান পাশে বৈদ্য, বাঁ পাশে ফেলুদা। ফেলুদার অন্য পাশে নিশিকান্তবাবু। আর তার পাশে একটা মোড়ায় হেলমুট। ডক্টর বৈদ্য এবার বললেন, ‘তোমাদের হাতগুলো উপড় করে টেবিলের উপর রাখো। প্রত্যেকের হাত তার দু পাশের লোকের হাতের সঙ্গে ঠেকে থাকা চাই।’

ডক্টর বৈদ্য এতক্ষণ আমাদের ‘আপ’ আর ‘আপনি’ বলে বলছিলেন, এবার দেখলাম ‘তুম’ আর ‘তুমি’ আরম্ভ করলেন।

আমরা একে একে সবাই পরস্পরের সঙ্গে হাত ঠেকিয়ে টেবিলে রাখলাম। সব শেষে ডক্টর বৈদ্য আমার আর হেলমুটের হাতের মাঝখানে তাঁর নিজের হাত দুটো গুঁজে দিলেন। পাঁচ দশে পঞ্চাশটা উপড় করা হাতের আঙুল এখন ফুলের পাপড়ির মতো মোমবাতিটাকে গোল করে ঘিরে বেতের টেবিলের উপর রাখা হয়েছে।

‘তোমরা সবাই একদৃষ্টে মোমবাতির শিখার দিকে চেয়ে শেলভাস্কারের মৃত্যুর কথা চিন্তা করো।’

ঘরে বাতাস ঢোকার কোনও রাস্তা নেই, তাই মোমবাতির শিখা একেবারে স্থিরভাবে জ্বলছে। অল্প অল্প করে মোম গলে বাতির গা বেয়ে গড়িয়ে বেতের বুনুনির ওপর জমা হচ্ছে। একটা ফড়িং জাতীয় পোকা ঘরের ভিতরে ছিল, সেটা বাতির শিখার চারিদিকে পাক খেতে আরম্ভ করল।

কতক্ষণ যে এইভাবে বাতির দিকে চেয়েছিলাম জানি না। সত্যি বলতে কী, দু-একবার যে আড়চোখে ডক্টর বৈদ্যর দিকে চেয়ে দেখিনি তা নয়—কিন্তু সেটা তিনি নিশ্চয়ই বুঝতে পারেননি, কারণ তাঁর চোখ বন্ধ।

হঠাৎ—যেন অনেক দূর থেকে গলার স্বর আসছে—এইভাবে টি টি করে ডক্টর বৈদ্যর মুখ থেকে কথা বেরোল—‘হোয়াট ডু ইউ ওয়ান্ট টু নো?’

ফেলুদা বলল, ‘শেলভাস্কার কি অ্যাক্সিডেন্টে মরেছিল?’

আবার সেই চিটি গলায় উত্তর এল—‘নো।’

‘তা হলে কীভাবে মরেছিলেন তিনি?’

কিছুক্ষণ সব চুপ। এখন আমরা সবাই মোমবাতি ছেড়ে ডক্টর বৈদ্যর মুখের দিকে চেয়ে আছি। তাঁর চোখ বন্ধ, মাথা পিছন দিকে হেলানো। হেলমুট দেখলাম তার নীল নিম্পলক

ਅੰਤਿਮ



চোখে ডক্টর বৈদ্যকে দেখছে। নিশিকান্তবাবুর কৃতকৃতে চোখও তাঁরই দিকে।

ঘরে হঠাৎ এক ঝলক নীল আলো। বাইরে বিদ্যুৎ চমকাচ্ছে।

এবার আরও পরিষ্কার গলায় উত্তর এল—

‘মার্ভারি।’

‘মার্ভারি!’ এটা নিশিকান্তর গলা—শুকিয়ে খসখসে হয়ে গেছে। কথাটা একটানা বলতে পারলেন না তিনি। বললেন, ‘মা-হা-হারা-ডার!’

‘কে খুন করেছিল বলা সম্ভব কি?’ আবার ফেলুদাই প্রশ্ন করল।

আমার বুকের ভিতরে অসম্ভব টিপটিপানি আরম্ভ হয়েছে। নিশিকান্তবাবুর মতো আমারও গলা শুকিয়ে এসেছে। নেহাত কথা বলতে হচ্ছে না বলে, না হলে আমিও ধরা পড়ে যেতাম।

আবার কিছুক্ষণের জন্য সব চুপ। ফেলুদা দেখলাম একদৃষ্টে ডক্টর বৈদ্যর হাতের দিকে দেখছে। ভদ্রলোক কয়েকবার খুব জোরে জোরে—যেন বেশ কষ্ট করে—নিশ্বাস নিলেন। তারপর উত্তর এল—‘বীরেন্দ্র।’

বীরেন্দ্র? সে আবার কে?

ফেলুদাও নিশ্চয়ই এটা জানতে চাইত, কিন্তু ডক্টর বৈদ্য হঠাৎ তাঁর হাত দুটো টেবিলের উপর থেকে তুলে নিয়ে চোখ খুলে বললেন, ‘এ গ্লাস অফ ওয়াটার প্লিজ।’

হেলমুট মোড়া থেকে উঠে গিয়ে তার টেবিলের উপর রাখা ফ্লাস্ক থেকে গেলাসে জল ঢেলে বৈদ্যকে দিল। ভদ্রলোকের জল খাওয়া শেষ হলে পর ফেলুদা বলল, ‘বীরেন্দ্র যে কে, সেটা বোধহয় জানার কোনও সম্ভাবনা নেই?’

উত্তর এল হেলমুটের কাছ থেকে।

‘বীরেন্দ্র মিস্টার শেলভাক্সারের ছেলের নাম। আমাকে বীরেন্দ্রর কথা বলেছেন তিনি। একবার নয়—অনেকবার।’

জানালা খুলে দিতে গিয়ে দেখি, বাইরে ইলেকট্রিকের আলো দেখা যাচ্ছে। হেলমুটও বোধহয় দেখেছিল, কারণ ও সুইচ টিপে দিল, আর ঘরের বাতি জ্বলে উঠল। ঘড়িতে দেখি পৌনে সাতটা। আমরা সকলেই উঠে পড়লাম।

ডক্টর বৈদ্য নিশিকান্তবাবুর কাঁধে হাত রেখে বললেন, ‘আপনাকে খুব নার্ভাস লোক বলে মনে হচ্ছে।’

নিশিকান্তবাবু একটু হেঁ হেঁ করলেন।

‘যাক্ গে’ ডক্টর বৈদ্য বললেন, ‘মনে হয় আপনার ফাঁড়া কেটে গেছে।’

‘ওঃ!’ আহ্লাদে হাঁফ ছেড়ে নিশিকান্তবাবু তাঁর সব ক’টা দাঁত বার করে দিলেন।

ফেলুদা বলল, ‘আপনি ক’ দিন আছেন?’

ডক্টর বৈদ্য বললেন, ‘কাল দিনটা ভাল থাকলে পেমিয়াংচি যাবার ইচ্ছে আছে। ওখানকার মনাস্টেরিতে অনেক পুঁথিপত্র আছে শুনেছি।’

‘আপনি কি তিব্বত নিয়ে পড়াশুনা করছেন?’

‘প্রাচীন সভ্যতা বলতে তো ওই একটি বাকি আছে। মিশর, ইরাক, মেসোপটেমিয়া—এ সব তো বহুকাল আগেই নিশ্চিহ্ন হয়ে গেছে। ভারতবর্ষে কী আছে বলুন—সবই পাঁচমেশালি। যা ছিল তিব্বতেই ছিল—একেবারে খাঁটি অবস্থায়—এই সেদিনও পর্যন্ত। এখন তো আর তিব্বতে যাবার কোনও মানে হয় না। সৌভাগ্যক্রমে এই সিকিমের মঠগুলোতে সেই পুরনো সভ্যতার কিছুটা আভাস পাওয়া যায়।’

আমরা বাইরে বেরিয়ে এলাম। রাত্রে নিঘর্ষিত বৃষ্টি হবে। আকাশ কালো, আর মাঝে মাঝে

বিদ্যুতের ঝিলিক ।

ডক্টর বৈদ্য বললেন, ‘আপনারাও এসে পড়ুন না পেমিয়াংচি ।’

ফেলুদা বলল, ‘ঠিক কালই যেতে পারব বলে মনে হয় না । আপনি তো কয়েক দিন থাকবেন ওখানে ?’

‘অন্তত দিন চারেক থাকার ইচ্ছে আছে ।’

‘তা হলে হয়তো দেখা হতে পারে, কারণ পেমিয়াংচির কথা অনেকেই বলছে ।’

‘গেলে কিছু নুন সঙ্গে নিতে ভুলবেন না ।’ ডক্টর বৈদ্য হেসে বললেন ।

‘নুন ?’

‘জোঁক ছাড়াতে হলে নুন ছাড়া গতি নেই !’

৮

আমাদের হোটেলটা অন্যদিক দিয়ে খুব একটা কিছু না হলেও, রান্নাটা এখানে বেশ ভালই হয়—বিশেষ করে পাঁঠার মাংসের ঝোল । আমি আর ফেলুদা দুজনেই রাত্রে রুটি খাই, আর নিশিকান্তবাবু দুবেলাই খান ভাত । আজ তিনজনে এক সঙ্গে খেতে বসেছি । নিশিকান্তবাবু একটা নলি-হাড়ি চুষে চোঁ করে ম্যারো বার করে খেতে খেতে বললেন, ‘ডিসেন্ট লোক মশাই ।’

‘ডক্টর বৈদ্যর কথা বলছেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘আশ্চর্য ক্ষমতা । কী রকম সব বলে-বলে দিলে ।’

ফেলুদা হেসে ঠাট্টার সুরে বলল, ‘আপনার তো ভাল লাগবেই—বলেছে ফাঁড়া কেটে গেছে—আর কী চাই !’

‘আপনার বুঝি ওঁর কথাগুলো বিশ্বাস হয় না ?’

‘কথাগুলো যদি ফলে যায় তা হলে হবে নিশ্চয়ই । এখনও তো সে স্টেজে পৌঁছয়নি । এমনিতে এ সব লোকের উপর চট করে শ্রদ্ধা হওয়া কঠিন । এত বুজবুকের দল আছে এ লাইনে ।’

‘কিন্তু সত্যি করে গুণী লোকও তো থাকতে পারে । ওঁর কথাবার্তার স্টাইলই আলাদা । শুনলেই ইম্প্রেসড হতে হয় । আর যদি ধরুন গিয়ে মার্ভার হয়েই থাকে...’

ফেলুদা মাঝে মাঝে অন্যমনস্ক হয়ে পড়ছিল ; কেন, সেটা বুঝতে পারলাম না । হয়তো মনের মধ্যে কোনও খটকা রয়েছে । এত ভাল মাংস খাবার সময়ও তার চোখ থেকে ভ্রুকুটি যেতে চাইছে না ।

‘মার্ভারের কথা যে বললে সেটা আপনার বিশ্বাস হয় ?’ নিশিকান্তবাবু প্রশ্ন করলেন ।

ফেলুদা বলল, ‘হয় ।’

‘হয় ?’

‘হয় ।’

‘কেন বলুন তো ।’

‘কারণ আছে ।’

এর বেশি আর ফেলুদা কিছু বলল না ।

খাবার পরে কালকের মতোই দুজনে পান কিনতে বেরোলাম । বৃষ্টি এখনও নামেনি, তবে বাতাস একদম বন্ধ হয়ে গেছে । আজ আমাদের হোটেলের সামনে দিয়ে দু-একজন নতুন মুখকে হাঁটতে দেখলাম । তারা সবাই বিদেশি, বোধহয় আমেরিকান । এ সব বিদেশি

টুরিস্টরা সাধারণত এসে ‘নরখিল’ বলে একটা হোটেলে থাকে ; ওটাই এখানকার সবচেয়ে বড় হোটেল ।

ফেলুদা পান খেয়ে রাস্তায় পায়চারি করতে আরম্ভ করেছিল, হঠাৎ থেমে বলল, ‘সময় নষ্ট করে লাভ নেই । কিছু ক্যালকুলেশন আছে, সেরে ফেলি গে । তুই বরং এক কাজ কর । কাছাকাছির মধ্যে একটু ঘুরে আয় । আমি আধঘণ্টা আনডিস্টার্বড কাজ করতে চাই ।’

ফেলুদা হোটেলে ফিরে গেল । ওর কাজে ব্যাঘাত করার ইচ্ছে বা সাহস কোনওটাই আমার নেই—বিশেষ করে তদন্তের এই জট পাকানো অবস্থায় ।

দোকানপাট সব বন্ধ হয়ে গেছে । রাস্তায় লোক নেই বেশি । হোটেলের কাছেই একটা বন্ধ দোকানের সামনে কয়েকটা নেপালি গোল হয়ে বসে জুয়া খেলছে । মাঝে মাঝে ঘুঁটি নাড়ার শব্দ আর তাদের চিৎকার শোনা যাচ্ছে ।

আমি শহরের দিকের রাস্তা ধরে হাঁটতে লাগলাম । এখনও বিদ্যুৎ চমকাচ্ছে আর তার সঙ্গে অনেক দূর থেকে মেঘের গর্জন । তবে মনে হয় না বৃষ্টি খুব শিগগির আসবে । ধীরে ধীরে তোড়জোড় চলেছে, নামবে গিয়ে হয়তো সেই মাঝরাত্রে ।

রাস্তার বাতিগুলোর খুব জোর নেই, আর উপর দিক থেকে পড়ে বলে চেনা লোকের মুখ চিনতে সময় লাগে ।

উলটোদিক থেকে কে যেন আসছে । এখনও প্রায় বিশ-ত্রিশ গজ দূরে । এবার একটা আলোর তলায় এসে পড়াতে মাথার ব্রাউন চুলটা চক্চক্ করে উঠল ।

পরের আলোটাও পরিষ্কার চিনতে পারলাম হেলমুটকে । সে অন্যমনস্ক ভাবে মাটির দিকে চেয়ে হাঁটছে ।

এখন দশ হাতের মধ্যে হেলমুট । তার ভুরু কুঁচকোনো, হাত দুটো প্যান্টের পকেটে গোঁজা ।

হেলমুট আমার পাশ দিয়ে গটগটিয়ে হেঁটে চলে গেল, অথচ আমাকে যেন দেখতেই পেল না ।

আমি মুখ ঘুরিয়ে হতভম্বভাবে কিছুক্ষণ ওর ক্রমে-ছোট-হয়ে-যাওয়া চেহারাটার দিকে চেয়ে রইলাম । তারপর আস্তে আস্তে হোটেলের দিকে রওনা দিলাম ।

ঘরে এসে দেখি ফেলুদা বুকের ওপর খাতা খুলে চিত হয়ে খাটে শুয়ে আছে । বললাম, ‘আধঘণ্টা হয়ে গেছে ফেলুদা ।’

ফেলুদা বলল, ‘সাসপেক্টের তালিকাটা আপ-টু-ডেট করে ফেললাম ।’

আমি বললাম, ‘বীরেন্দ্র শেলভাঙ্কার যে সাসপেক্ট সেটা তো আগেই জানতাম, শুধু নামটা জানা ছিল না । ডক্টর বৈদ্যও কি সাসপেক্ট ?’

ফেলুদা একটু হেসে বলল, ‘লোকটা ভেল্কি দেখিয়েছে ভালই । অবিশ্যি, এমন ভেল্কি যে সম্ভব নয় তা বলছি না । আর আজকের ব্যাপারে একটা জিনিস মনে রাখা দরকার যে, বৈদ্যর শেলভাঙ্কারের সঙ্গে আলাপ হয়েছিল । শেলভাঙ্কার ওকে কী বলেছিল না-বলেছিল সেটা না জানা অবধি এই বৈদ্য ভণ্ড-বৈদ্য না খাঁটি-বৈদ্য সেটা জানা যাবে না ।’

‘কিন্তু নিশিকান্তবাবুর ব্যাপারটা যে বলে দিল ।’

‘জলের মতো সোজা । নিশিকান্ত যে-রেটে নখ কামড়াচ্ছিল, তার নার্ভাসনেস বুঝতে অলৌকিক ক্ষমতার দরকার হয় না ।’

‘আর মার্ভারি ?’

‘মার্ভারি না বলে স্বাভাবিক মৃত্যু বললে নাটক জমে না । লোকটা এসেনশিয়ালি নাটুকে । অনেক গুণী লোকই নাটুকে হয়, অভিনয় পছন্দ করে, লোককে চমকে দিতে ভালবাসে ।

এটা মানুষের অনেকগুলো স্বাভাবিক প্রবৃত্তির মধ্যে একটা ।’

‘তা হলে সাসপেন্স কাকে কাকে বলতে হয় ?’

‘যথারীতি সকলকেই ।’

‘ডক্টর বৈদ্যও ?’

‘হোয়াই নট ? মূর্তির কথাটা ভুলিস না ।’

‘আর হেলমুট ?’ আমি হেলমুটের ঘটনাটা বললাম ।

ফেলুদা কিন্তু খুব বেশি অবাক হল না । বলল, ‘হেলমুটও যে রহস্যময় চরিত্র সেটা আমি আগেই বুঝেছি । ও বলছে প্রোফেশনাল ফোটোগ্রাফার, সিকিম সম্বন্ধে একটা ছবির বই করছে, অথচ রুমটেকে যে এত বড় একটা উৎসব হচ্ছে, সে খবরটা সে জানত না । এখানেই তো খট্কার কারণ রয়েছে ।’

‘তার মানে কী হতে পারে ?’

‘তার মানে এই যে, ওর এখানে থেকে যাওয়ার অন্য কোনও একটা কারণ রয়েছে যেটা ও আমাদের কাছে প্রকাশ করছে না ।’

ফেলুদা আরও কিছুক্ষণ ধরে খাতায় হিজিবিজি লিখল । আমি আকাশ-পাতাল ভেবেও এই সব ঘটনার জট ছাড়াতে পারলাম না । আমরা এর আগেও অদ্ভুত সব রহস্যের জালে জড়িয়ে পড়েছি, কিন্তু কোনওটারই সমাধান এত কঠিন বলে মনে হয়নি । একবার মনে হল ফেলুদার পুলিশে খবর দেওয়া উচিত । ও একা কেন সমস্ত ব্যাপারটা ঘাড়ে নিচ্ছে ? শেলভাক্সারকে যে-ই খুন করুক না কেন, সে যে একটা ডাকসাইটে ক্রিমিন্যাল তাতে কোনও সন্দেহ নেই । যদি সেই লোক ফেলুদার তদন্তের কথা জেনে ফেলে, আর ওকে ঘায়েল করার চেষ্টা করে ? কিন্তু তারপরেই আবার মনে হল, পুলিশ যদি ফেলুদার আগে খুনিকে ধরে ফেলে, তা হলে সেটা আমার মোটেই ভাল লাগবে না । তার চেয়ে ফেলুদা যা করছে তা একাই করুক । যদি ও এই কঠিন রহস্যের সমাধান করতে পারে, তা হলে ওর গৌরব পঞ্চাশ গুণ বেড়ে যাবে ।

পৌনে এগারোটার সময় নিশিকান্তবাবু দরজায় টোকা মেরে ‘গুড নাইট’ করে গেলেন । আমি কিছুক্ষণ গল্পের বইটা পড়ার চেষ্টা করলাম । জুল ভার্নের ‘কার্পেথিয়ান কাসল’ । জানি খুব ইন্টারেস্টিং বই, কিন্তু তাও মন বসল না । কিছুক্ষণ পরে বই বন্ধ করে চোখ বুজলাম । ঘুম আসার আগে পর্যন্ত মাঝে মাঝে চোখ খুলে দেখেছি ফেলুদা তার খাতায় নোট করে চলেছে ।

মনে যত দুশ্চিন্তাই থাকুক না কেন—রাত্রে একবারও ঘুম ভাঙেনি । সকালে যখন উঠেছি, তখন জানালা দিয়ে পাহাড়ের গায়ে রোদ দেখা যাচ্ছে । ফেলুদা ঘরে নেই—বোধহয় স্নান করতে গেছে ।

যেখানেই যাক—যাবার আগে তার খাটের উপর একটা সাদা কাগজ অ্যাশ-ট্রে চাপা দিয়ে রেখে গেছে—বোধহয় আমারই দেখার জন্য ।

কাগজটা হাতে নিয়ে দেখলাম তাতে লেখা রয়েছে—আমাদের চেনা একটা তিব্বতি কথা—যার মানে হল মৃত্যু ।

আসলে ফেলুদা বাথরুমে যায়নি। ও খুব ভোর থাকতে উঠে নীচে চলে গিয়েছিল একটা টেলিফোন করতে। বসেতে ট্রান্স-কল। আমি স্নান-টান সেরে নীচে গিয়ে দেখি ফেলুদা টেলিফোনে কথা বলছে। শেষ হলে পর জিজ্ঞেস করলাম, ‘কী ব্যাপার?’ ও বলল, ‘শশধরবাবু বসেতে নেই। আজ ভোরেই বেরিয়ে পড়েছেন। বোধহয় এখানেই আসছেন। আমার আগের টেলিগ্রামটাতে হয়তো কাজ হয়েছে।’

চা খেতে খেতে ফেলুদা বলল, ‘আজ একটা এক্সপেরিমেন্ট করব। মনে হচ্ছে একটা ব্যাপারে একটু ছেলেমানুষি করে ফেলেছি। সেটা সত্যি কি না পরীক্ষা করে দেখতে হবে।’

এক্সপেরিমেন্টটা কী সেটা আর আগে থেকে জিজ্ঞেস করতে সাহস হল না। কোথায় সেটা হবে জিজ্ঞেস করাতে ফেলুদা বলল তার জন্য একটা নিরিবিলা জায়গা চাই। নিরিবিলা ঘর হলে হবে কি না জিজ্ঞেস করাতে ফেলুদা চটে গিয়ে বলল, ‘তোর মুণ্ডু! ঘর তো হোটেলেরই রয়েছে। চাই একটা রাস্তা, যেখানে লোকজনের ভিড় নেই। কারণ লোকে দেখে ফেললে ভাববে পাগল। একবার নাথুলা রোডের দিকটায় গিয়ে দেখতে হবে।’

সত্যি বলতে কী, এই দুদিনে গ্যাংটকের একটামাত্র রাস্তা ছাড়া আর বিশেষ কিছুই দেখা হয়নি। তাই একটু হেঁটে বেড়াবার ছুতো পেয়ে ভালই লাগছিল।

হোটেল থেকে বেরিয়েই ডক্টর বৈদ্যর সঙ্গে দেখা হয়ে গেল। রোদের বেশ ঝাঁঝ, তাই ভদ্রলোক দেখি সানপ্লাস পরেছেন। বললেন, ‘কোথায় চললেন আপনারা?’

ফেলুদা বলল, ‘শহরটা দেখাই হয়নি। ভাবছিলাম একটু ওপর দিকটায় যাব—প্যালেসের ও দিকে।’

‘আমি যাচ্ছি গাড়ির সন্ধানে। আজ দিনটা ভাল আছে। এ গুড ডে টু মেক দ্যাট ট্রিপ টু পেমিয়াংচি। আপনারা না এলে কিন্তু একটা খুব ভাল জায়গা মিস করবেন।’

‘যাবার তো হচ্ছে আছে।’

‘আমি থাকতে থাকতে চলে আসুন। গ্যাংটক জায়গাটা খুব সুবিধের না। বিশেষ করে আপনার পক্ষে নিরাপদ নয় মোটেই।’

ভদ্রলোক হাসিমুখে হাত নেড়ে চলে গেলেন।

আমি বললাম, ‘হঠাৎ ওকথাটা বললেন কেন ভদ্রলোক?’

ফেলুদা হাঁটতে হাঁটতে বলল, ‘তুখোড় আছেন বাবাজি। আমি যেমন ওকে সন্দেহ করছি, ও-ও তেমনি উলটে আমাকে সন্দেহ করছে। হয়তো বুঝে ফেলেছে যে আমি একটা গোলমালে জড়িয়ে পড়ছি।’

‘কিন্তু তোমাকে তো সত্যিই হুমকি দিয়ে লিখেছে ফেলুদা। খাটের উপর কাগজটা দেখলাম যে।’

‘এটা কি নতুন জিনিস হল?’

‘তা অবিশ্যি নয়।’

‘তবে! তোর যদি ধারণা হয়ে থাকে যে, ওই একটা তিব্বতি কথার জন্য আমি তদন্ত বন্ধ করে দেব, তা হলে তুই ফেলু মিস্তিরকে এখনও চিনিসনি।’

মুখে সেটা না বললেও, মনে মনে বললাম যে যদি কেউ ফেলু মিস্তিরকে চেনে তবে সেটা আমিই। বাদশাহী আংটির ব্যাপারে হুমকি সত্ত্বেও কী সাংঘাতিক বিপদের মুখে ঝাঁপিয়ে পড়েছিল ফেলুদা সেটা তো আমি দেখেছি।

চড়াই রাস্তাটা উঠে ক্রমে ফ্ল্যাট হয়ে গিয়ে শেষটায় একটা প্রকাণ্ড চওড়া—প্রায় ১৬২

দার্জিলিং-এর ম্যালের মতো—খোলা জায়গায় এসে পড়েছে। সেটার মাঝখানে একটা নিচু রেলিং দিয়ে ঘেরা ফুলের কেয়ারি করা গোল জায়গা রয়েছে। আবার সেটার মাঝখানে একটা হলদে কাঠের পোস্টে এদিকে-ওদিকে পয়েন্ট করা সব রাস্তা আর জায়গার নাম লেখা ফলক রয়েছে। ডান দিকে যে ফলকটা পয়েন্ট করা, তাতে লেখা রয়েছে ‘প্যালেস’। ডান দিকে চেয়ে দেখলাম, দুদিকে গাছের সারিওয়ালা একটা সোজা রাস্তার শেষ মাথায় একটা বাহারের গেট দেখা যাচ্ছে। বুঝলাম ওটাই হল প্যালেসের গেট।

বাঁ দিকে দেখানো ফলকটায় লেখা রয়েছে ‘নাথুলা রোড।’ আশেপাশে কোনও লোকজন নেই। দূরে প্যালেসের রাস্তায় কালকের দেখা বিদেশি টুরিস্টরা ক্যামেরা হাতে পায়চারি করছে। ফেলুদা বলল, ‘লক্ষণ ভালই। চ’ বাঁ দিকে চ’।’

যে নাথুলা রোড দিয়ে একেবারে বর্ডারে চলে যাওয়া যায়, সেটা দিয়ে আমি আর ফেলুদা এগিয়ে চললাম এক্সপেরিমেন্টের উদ্দেশ্যে। রাস্তাটা ক্রমেই নির্জন হয়ে এসেছে। ফেলুদা বাঁ দিকের খাড়াই পাহাড়ের দিকে দৃষ্টি রেখে এগিয়ে চলেছে। এদিকটা শহরের পূর্ব দিক। কাঞ্চনজঙ্ঘা হল পশ্চিম দিকে। এ দিকে বরফ দেখা যায় না, তবে নীচে বহু দূরে দুই পাহাড়ের মাঝখানে দিয়ে বয়ে যাওয়া একটা নদী দেখা যায়। আরেকটা জিনিস যেটা দেখা যায় সেটা হল রোপওয়ে। শূন্যে টাঙানো তারের রাস্তা দিয়ে ঝুলন্ত গাড়ি চলেছে মাল নিয়ে পাহাড়ের এ-মাথার এক স্টেশন থেকে ও-মাথার আরেক স্টেশনে।

রোপওয়ে দেখতে এত ভাল লাগছিল যে ফেলুদার প্রথম ডাকটা শুনতেই পাইনি। তারপর শুনলাম, ‘আই তোপসে—এদিকে আয়!’

পাহাড়ের গা বেয়ে খানিক দূরে উঠে গেছে ফেলুদা, আর সেখান থেকে আমায় হাতছানি দিয়ে ডাকছে।

আমিও উঠে গেলাম। ফেলুদার পাশে একটা পাথর পড়ে আছে—সাইজে সেটা একটা পাঁচ নম্বরের ফুটবলের মতো।

‘এই পাথরের পাশে দাঁড়া।’

দাঁড়লাম। এ রকম বাধ্য অ্যাসিস্ট্যান্ট কোনও গোয়েন্দা কখনও পেয়েছে বলে আমার মনে হয় না।

‘আমি যাচ্ছি নীচে। ও দিক থেকে এ দিকে হেঁটে যাব। আমি যখন বলব, তখন তুমি পাথরটা ঠেলে নীচের দিকে গড়িয়ে দিবি। যেভাবে রয়েছে পাথরটা, বুঝতেই পারছিস একটা ঠেলা দিলেই ওটা নীচের দিকে গড়িয়ে যাবে। পারবি তো?’

‘জলের মতো সোজা।’

ফেলুদা নীচে নেমে যেদিক দিয়ে এসেছি, সেদিকটায় চলে গেল। তারপর শুনতে পেলাম ওর হাঁক—‘রেডি?’

আমি চৌচিয়ে বললাম ‘রেডি’—আর তারপরেই পেলাম ফেলুদার পায়ের আওয়াজ।

আমার লাইনে আসার আট-দশ পা আগেই ফেলুদা চৌচিয়ে উঠল—‘গো!’ আমি পাথর ঠেলে দিলাম। ফেলুদা হাঁটা থামাল না। দেখলাম পাথর গড়িয়ে রাস্তায় পৌঁছানোর আগেই ফেলুদা তার অন্তত দশ পা সামনে এগিয়ে চলে গেছে।

‘দাঁড়া!’

ফেলুদা ফিরে এল, সঙ্গে পাথর।

‘এবার তুমি নীচে যা। তোকে হাঁটতে হবে। হাঁটা থামাবি না। আমি পাথর ফেলব। যদি দেখিস পাথর তোর দিকে তাগ করে আসছে—হয়তো তোর গায়ে এসে লাগবে—তুমি লাফিয়ে পাশ কাটাতে পারবি তো?’



‘জলের মতো সহজ ।’

এবার আমি হাঁটতে শুরু করলাম—আড়চোখ পাহাড়ের দিকে । ফেলুদা খুব হিসেব করে জিভটিব কামড়ে একটা বিশেষ টাইমে পাথরটাকে মারল ঠেলা । আমি থামলাম না । লাফিয়ে পাশ কাটানোরও দরকার হল না । পাথর আমি পৌঁছানোর আগেই রাস্তায় পড়ে দুটো পাক খেয়ে ডান দিকের পাহাড়ের ঢাল বেয়ে নীচের দিকে চলে গেল ।

ফেলুদা যেখানে ছিল সেখানেই বসে পড়ল । কী আর করি—আমিও তার কাছে গিয়ে হাজির হলাম ।

‘কী মূর্থ আমি ! কী মূর্থ ! এই সহজ—’

ফেলুদার কথা শেষ হল না । একটা শব্দ আমার কানে আসতেই এক ঝলক উপরে তাকিয়ে এক হ্যাঁচকা টানে আমি ফেলুদাকে তার জায়গা থেকে প্রায় তিন হাত পাশে সরিয়ে আনলাম, আর ঠিক সেই মুহূর্তেই একটা বিরাট পাথরের চাঁই এক সেকেন্ড আগে যেখানে ফেলুদা ছিল, সেখান দিয়ে গড়িয়ে গিয়ে বুনো লাল ফুলের একটা প্রকাণ্ড ঝোপড়াকে তছনছ করে দিয়ে রাস্তায় একবার মাত্র ঠোঁকুর দিয়ে পিছনের ঢাল দিয়ে নেমে অদৃশ্য হয়ে গেল ।

ফেলুদা ‘জায়গাটা সত্যিই নিরাপদ নয়’ বলে আমার হাত ধরে টেনে একেবারে রাস্তায় । তারপর দুজনে আর টু শব্দটি না করে পা চালিয়ে এক নিশ্বাসে একেবারে তেমাখায় পৌঁছে গেলাম । একটা মিলিটারি লরি আমাদের পাশ কাটিয়ে নাথুলার দিকে চলে গেল । ফেলুদা খালি একবার মৃদুস্বরে বলল, ‘থ্যাক্স, তোপ্সে ।’ তার দিকে চেয়ে দেখি সে গম্ভীর হয়ে গেছে । আমার মনের যে কী অবস্থা সে আর বলে কাজ নেই ।

কাছেই একটা ছাউনি দেওয়া বসবার ঘর ছিল । অনেকটা ইডেন গার্ডেনের ব্যান্ডস্ট্যান্ডের মতো দেখতে । আমরা তার ভিতরে গিয়ে বসিষ্কতে বসে হাঁপ ছাড়লাম । ফেলুদা কপালের ঘাম মুছে বলল—

‘কাউকে দেখতে পেয়েছিলি ?’

বললাম, ‘না । অনেক উঁচু থেকে পাথরটা এসেছিল । আমি যখন দেখেছি তখনই তার ভেলোসিটি অনেক ।’

ফেলুদা একটা সিগারেট ধরিয়ে ভাল করে একটা টান দিয়ে বলল, ‘আর ঢিলেঢালা চলবে না । একটা কুইক এসপার-ওসপার হওয়া দরকার ।’

আমি বললাম, ‘কিন্তু অনেক প্রশ্নের তো উত্তর পাওয়া যাচ্ছে না ফেলুদা ।’

‘কে বললে তোকে ?’ ফেলুদা খঁকিয়ে উঠল । ‘কাল রাত্রে কখন ঘুমিয়েছি জানিস ? আড়াইটে । ফেলু মিত্তির ঘোড়ার ঘাস কাটছে না । এক্সপেরিমেন্ট সাক্সেসফুল । যা সন্দেহ করেছিলাম তাই । পাথর এসে গাড়িতে পড়েনি । ওয়ান ইন এ মিলিয়ন চান্সের উপর নির্ভর করে কেউ খুন করে না । প্ল্যানটা ছিল অন্য, কিন্তু সেটাকে অ্যাক্সিডেন্টের চেহারা দেবার জন্য পাথরটা ফেলা হয়েছিল । মিস্টার শেলভাক্সরকে অজ্ঞান করা হয়েছিল আগেই । তারপর তাকে জিপ সমেত খাদের মধ্যে ফেলা হয়েছিল, তারপর সব শেষে ফেলা হয়েছিল পাথর ।’

‘কিন্তু তা হলে...ড্রাইভারটা যে...’

‘ড্রাইভারকে হাত করা হয়েছিল । এ বিষয়ে আমার কোনও সন্দেহ নেই, কারণ এ ছাড়া জিনিসটা সম্ভব নয় ।’

‘কিন্তু ড্রাইভার তো নিজেই খুন করে থাকতে পারে ?’

‘না । কারণ, মোটিভ কী ? তার পক্ষে মূর্তিটার কথা জানার বিন্দুমাত্র সম্ভাবনা ছিল বলে মনে হয় না ।’

ফেলুদা উঠে পড়ল ।

‘আমাদের টাগেট হচ্ছে SKM 463 ।’

কিন্তু দুঃখের বিষয় SKM 463-এর খোঁজ করে তাকে পাওয়া গেল না । সে গাড়ি কাল রাত্রেই নাকি শিলিগুড়ি চলে গেছে ।

‘আসলে কী জানিস, জিপটা নতুন বলে সকলেরই ওটার উপর চোখ । ওটা তাই আর বসে থাকে না ।’

‘তা হলে আমরা কী করব ?’

‘দাঁড়া, একটু ভাবতে দে । সব গণ্ডগোল হয়ে যাচ্ছে ।’

জিপ-স্ট্যান্ড থেকে হোটেলে ফিরে এলাম । ডাইনিং রুমে বসে বেয়ারাকে ডেকে কোন্ড ড্রিন্কার অর্ডার দিলাম । ফেলুদার চোখ লাল, চুল উসকো-খুসকো, মুঠো করা ডান হাত দিয়ে বাঁ হাতের তেলোতে বার বার ব্যর্থ ঘুঁষি মারছে ।

‘কবে পৌঁছেছি আমরা এখানে ?’ সে হঠাৎ প্রশ্ন করল ।

‘চোদ্দোই এপ্রিল ।’

‘চোদ্দোই না পনেরোই ?’

‘চোদ্দোই । তুমি ভুলে যাচ্ছ ফেলুদা—সেদিন ছিল পয়লা বৈশাখ—’

‘ইয়েস ইয়েস । আর খুন হয়েছে কবে ?’

‘এগারোই ।’

‘সেদিন গ্যাংটকে ছিল শেলভাক্সার, নিশিকান্ত, হেলমুট আর ডক্টর বৈদ্য ।’

‘আর বীরেন্দ্র ।’

‘ধরে নিচ্ছি বীরেন্দ্রও ছিল । ধরে নিচ্ছি প্রাইটেক্স ভুল করেনি । আচ্ছা...নিশিকান্তবাবুর জানালা দিয়ে কবে কাগজ ফেলল ?’

‘যেদিন আমরা এসেছি, সেদিনই রাত্রে ।’

‘চোদ্দোই রাত্রে । গুড । সে সময় কে কে ছিল শহরে ?’

‘হেলমুট, শশধর, ধরে নিচ্ছি বীরেন্দ্র, আর...আর...’

‘নিশিকান্ত ।’

‘নিশিকান্ত তো থাকবেই !’

‘শুধু থাকবেই না । ও যদি কোনও গোলমাল করে থাকে, তা হলে নিজের উপর থেকে সন্দেহ হটিয়ে দেবার জন্য নিজেই নিজের ঘরে কাগজ ফেলতে পারে, নিজেই খাদের মধ্যে লাফিয়ে পড়ে ‘হেল্প’ বলে চিৎকার করতে পারে ।’

‘কী গোলমাল করতে পারেন নিশিকান্তবাবু ?’

‘সেটা এখনও জানি না । খুন করার সাহস ওর আছে বলে মনে হয় না । লোকটা নেহাতই ভিত্তি, আর সেটা অভিনয় নয় ।’

‘তা হলে আর কেউ বাকি রইল কি ?’

‘ডক্টর বৈদ্য ! ডক্টর বৈদ্যকে বাদ দিবি না ! তিনি কবে কালিম্পং গেছেন, বা অ্যাট অল গেছেন কি না—সেটা তো আমরা জানি না ! ডাকবাংলো থেকে যে অন্য জায়গায় গিয়ে ঘাপটি মেরে বসে থাকেননি তার গ্যারান্টি কী ?’

ফেলুদা এক চুমুকে এক গেলাস সিকিম অরেঞ্জ শেষ করে বলল, ‘একমাত্র শশধরবাবুর গতিবিধি সম্বন্ধে সন্দেহের কোনও কারণ নেই—কারণ তিনি আমাদের সঙ্গে একই প্লেনে একই জিপে গ্যাংটক এসেছেন, এবং পরদিন বসে ফিরে গেছেন । ফিরে যে গেছেন সেটা ১৬৬

তাঁর বাড়ির লোকে টেলিফোনে কনফার্ম করেছে। অবিশ্যি এখন তিনি বসেই নেই। একটা চান্স আছে, হি ইজ অন হিজ ওয়ে হিয়ার। মনে হচ্ছে পেমিয়াংটিটা—

ফেলুদা কথা থামাল। বাইরে থেকে একজন লোক এসে হোটেলের ভিতর ঢুকে ম্যানেজারের টেবিলের দিকে এগিয়ে গেল। লোকটা আমাদের জার্মান হিপি হেলমুট উঙ্গার। ম্যানেজারকে কী জিজ্ঞাস করাতে তিনি আমাদের দিকে আঙুল দেখিয়ে দিলেন।

‘ওঃ—তোমরা এখানেই আছ ? আমি দেখতেই পাইনি।’

আমরা চেয়ার ছেড়ে উঠে দাঁড়লাম। হেলমুটের যেন একটু কিন্তু কিন্তু ভাব। বলল, ‘একটা জরুরি আলোচনা ছিল। তোমাদের ঘরে যাওয়া যায় কি?’

১০

ঘরে এসে ঢোকান পর হেলমুট বলল, ‘মে আই ক্রোজ দ্য ডোর?’ তারপর নিজেই গিয়ে ঘরের দরজাটা বন্ধ করে দিল।

আমার বুকের ভিতরে টিপ টিপ। বিরাট লম্বা লোক—ফেলুদার চেয়েও এক ইঞ্চি বেশি। তার উপর জার্মান। তার উপরে শুনেছি হিপিরা নানারকম নেশা করে। আর বিদেশিদের সঙ্গে বন্দুক-পিস্তল গোছের জিনিস থাকাটা কিছুই আশ্চর্য নয়। যদি কোনও বদ মতলবে এসে থাকে লোকটা?

ফেলুদা হেলমুটের দিকে একটা চেয়ার এগিয়ে দিল।

‘কোন্ড ড্রিঙ্ক বা চা-কফি কিছু চলবে?’

‘নো, থ্যাঙ্কস।’

হেলমুট কাঁধ থেকে ক্যামেরা নামিয়ে বিছানার উপর রেখে বগলদাবা করা আগুফা কোম্পানির একটা বড় লাল খামের ভিতর হাত ঢুকিয়ে বলল, ‘তোমাদের কয়েকটা ছবি দেখাতে এনেছি। এগুলো কালার নেগেটিভে তোলা। এখানে প্রিন্ট হয় না, তাই দার্জিলিং-এ পাঠিয়েছিলাম। আজই সকালে এনলার্জমেন্টগুলো হয়ে এসেছে।’

হেলমুট একটা ছবি বার করল।

‘এটা নর্থ সিকিম হাইওয়েতে তোলা। অ্যাক্সিডেন্টটা যেখানে হয়, সেখান থেকে রাস্তাটা পাহাড়ের গা দিয়ে গা দিয়ে একেবারে উলটোদিকের পাহাড়ে চলে গেছে। সৰু ফিতের মতো রাস্তাটাকে অ্যাক্সিডেন্টের জায়গা থেকে দেখা যায়। আমি ছবিটা তুলেছি ওই উলটোদিকের রাস্তা থেকেই। গ্রাম, নদী আর দশ কিলোমিটার দূরে সিকিমের খানিকটা অংশ মিলিয়ে একটা চমৎকার ভিউ পাওয়া যায় ওখান থেকে। কথা ছিল শেলভাক্সার গুম্ফা যাবার পথে আমাকে ওখান থেকে তুলে নিয়ে যাবে। কিন্তু তার গাড়ি আমার কাছ অবধি পৌঁছায়নি। ছবি তুলতে তুলতে একটা শব্দ পেয়ে সেদিকে মুখ ঘুরিয়ে আমি এই দৃশ্যটা পাই, যেটা আমি আমার টেলিফটো লেন্স দিয়ে তুলে রাখি।’

আশ্চর্য ছবি। এত দূর থেকে তোলা সত্ত্বেও মোটামুটি সবই বেশ বোঝা যাচ্ছে। একটা জিপ পাহাড়ের গা দিয়ে গড়িয়ে পড়ছে। তার কিছু উপরে রাস্তায় একটা লোক দাঁড়িয়ে পড়ন্ত জিপটার দিকে দেখছে। এটা বোধহয় ড্রাইভারটা। মুখ চেনার উপায় নেই, কিন্তু সে যে নীল রঙের জামা পরা রয়েছে সেটা বোঝা যাচ্ছে। এ ছাড়া আর কোনও লোক ছবিটাতে নেই।

এবার হেলমুট আরেকটা ছবি বার করল। এটা আগেরটার কয়েক সেকেন্ড পরে তোলা। এটা আরও অদ্ভুত ছবি। এটার তলার দিকে দেখা যাচ্ছে জিপটা পাহাড়ের গায়ে ভাঙা



অবস্থায় কাত হয়ে পড়ে আছে। আর ডান পাশে কিছু উপরে একটা ঝোপের পিছনে একটা কালো সুটপরা লোকের খানিকটা অংশ মাটিতে শোওয়া অবস্থায় দেখা যাচ্ছে। ছবির উপর দিকে রাস্তায় ড্রাইভারটা। এবার কোমরে হাত দিয়ে দাঁড়িয়ে আমাদের দিকে পিছন করে মাথা উঁচু করে উপর দিকে দেখছে। ছবির একেবারে উপরের অংশে পাহাড়ের গায়ে এবার আরেকজন নতুন লোককে দেখা যাচ্ছে; তারও মুখ চেনার কোনও উপায় নেই, কিন্তু গায়ের জামার রং লালচে। সে একটা বড় পাথরের পিছনে উপুড় হয়ে রয়েছে।

তৃতীয় ছবিতে লাল পোশাক পরা লোকটাকে আর দেখা যাচ্ছে না; নীল জামা পরা লোকটা দৌড়ানোর ভঙ্গিতে ছবি থেকে প্রায় বেরিয়ে চলে গেছে; গাড়ি আর কালো সুটপরা লোকটা যেমন ছিল তেমনই আছে। আর পাহাড়ের গায়ে যে পাথরটা ছিল, সেটা পড়ে আছে রাস্তার উপর, একটা গাছের পাশে।

‘রিমার্কেবল’, ফেলুদা বলে উঠল, ‘অদ্ভুত ছবি। এ রকম ছবি আমি কমই দেখেছি।’

‘এ রকম সুযোগও কমই পাওয়া যায়’, হেলমুট বলল।

‘তুমি ছবিগুলো তোলার পর কী করলে?’

‘গ্যাংটকে ফিরে এলাম। হেঁটেই গিয়েছিলাম—হেঁটেই ফিরলাম। অ্যাক্সিডেন্টের জায়গায় পৌঁছানোর আগেই শেলভাস্কারকে তুলে নিয়ে যাওয়া হয়েছে। আমি গিয়ে শুধু পাথর আর ভাঙা জিপ দেখেছি। গ্যাংটকে ঢুকতেই অ্যাক্সিডেন্টের খবর পেয়েছি, আর পেয়েই সোজা হাসপাতালে চলে গেছি। আমি যাবার পরেও শেলভাস্কার ঘণ্টা দু-এক বেঁচে ছিলেন।’

‘তোমার ছবি তোলার ব্যাপারটা তুমি কাউকে বলোনি?’

‘বলে কী লাভ? যতক্ষণ না সে-ছবি প্রিন্ট হয়ে আসছে, ততক্ষণ তো সেটাকে প্রমাণ হিসাবে ব্যবহার করা যায় না। মুখের কথা কে বিশ্বাস করবে! অথচ আমি সেই মুহূর্ত থেকেই জানি ঘটনাটা কীভাবে ঘটেছিল, জানি যে জিনিসটা অ্যাক্সিডেন্ট নয়, খুন। আরও কাছ থেকে তুললে অবিশ্যি খুনির চেহারাটাও বোঝা যেত। কিন্তু বুঝতেই পারছি সেটা সম্ভব ছিল না।’

ফেলুদা ম্যাগনিফাইং গ্লাস দিয়ে ছবিগুলো দেখতে দেখতে বলল, ‘ওই লাল পোশাক পরা লোকটা কি তা হলে বীরেন্দ্র?’

‘ইম্পসিবল।’ দৃঢ় গলায় বলে উঠল হেলমুট।

আমরা দুজনেই রীতিমতো অবাক হয়ে তার দিকে চাইলাম।

‘মানে?’ ফেলুদা বলল। ‘তুমি অত শিওর হচ্ছ কী করে?’

‘কারণ আমিই হচ্ছি বীরেন্দ্র শেলভাস্কার।’

ফেলুদার চোখ ছানাবড়া হতে এই প্রথম দেখলাম।

‘তুমি বীরেন্দ্র মানে? তোমার চুল কটা, তোমার চোখ নীল, তোমার ইংরিজিতে জার্মান টান...’

‘ভেরি সিম্পল।’ হেলমুট চেয়ার ছেড়ে উঠে পড়ল। ‘আমার বাবা দু বার বিয়ে করেন। আমি প্রথম স্ত্রীর সন্তান। আমার মা ছিলেন জার্মান। বাবা যখন হাইডেলবার্গে ছাত্র ছিলেন, তখনই আলাপ, আর বিদেশে থাকতেই বাবা বিয়ে করেন। মা-র নাম ছিল হেলগা। বিয়ের আগের পদবি ছিল উজ্জার। আমি যখন ভারতবর্ষ ছেড়ে জার্মানি গিয়ে সেটল করি, তখন বীরেন্দ্র নামটা ছেড়ে হেলমুট নামটা নিই, আর মা-র পদবিটা নিই।’

আমার মাথা ভোঁ ভোঁ করছে। সত্যিই তো—জার্মান স্ত্রী হলে ছেলের চেহারা সাহেবের মতো হওয়া কিছুই আশ্চর্য নয়।

‘বাড়ি ছেড়ে চলে গেলে কেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘মা মারা যাবার পাঁচ বছর পর বাবা যখন দ্বিতীয়বার বিয়ে করলেন, তখন মনটা ভেঙে গেল। মাকে আমি ভীষণ ভালবাসতাম। বাবার উপরেও টান ছিল, কিন্তু ঘটনাটার পর মনটা কেমন জানি বিগড়ে গেল। বাবার উপর একটা ঘৃণার ভাব এল মনে। তাই সব ছেড়েছুড়ে চলে গেলাম। বহু কষ্ট করে, বছর নিজের জীবন বিপন্ন করে অবশেষে আমি ইউরোপে পৌঁছই। গোড়ায় কয়েক বছর কুলিগিরি থেকে এমন কোনও কাজ নেই যা করিনি। প্রায় সাত-আট বছর এইভাবে কষ্টে কাটে। তারপর ছবি তুলতে শিখি। ভাল ফটোগ্রাফার হিসাবে নামও হয়। অনেক পত্রিকায় আমার তোলা ইউরোপের অনেক দেশের ছবি ছাপা হয়। বছর চারেক আগে ফ্লোরেন্সে ছবি তুলছিলাম, সেখানে হঠাৎ বাবার এক বন্ধুর সামনে পড়ে যাই। তিনি আমাকে চিনে ফেলেন, আর তিনিই বাবাকে আমার সম্বন্ধে লিখে জানান। তারপর বাবা ডিটেকটিভ লাগান আমাকে খুঁজে বার করার জন্য। সেই থেকে দাড়ি রাখতে শুরু করি, আর আমার চোখের মণির রংটাও বদলে ফেলি।’

‘কনট্রাক্ট লেন্স?’ ফেলুদা বলে উঠল।

হেলমুট একটু হেসে তার দুই চোখের ভিতর আঙুল ঢুকিয়ে দুটো পাতলা লেন্স খুলে বার করে আমাদের দিকে তাকাল। অবাক হয়ে দেখলাম যে তার চোখ আমাদেরই মতো কালো হয়ে গেছে। পরমুহূর্তেই আবার লেন্স দুটো পরে নিয়ে হেলমুট বলে চলল—

‘বছর খানেক আগে এক হিপির দলের সঙ্গে ভিড়ে ভারতবর্ষে আসি। দেশের উপর থেকে টান আমার কোনওদিনও যায়নি। আমার পিছনে তখনও লোক লেগে ছিল। বাবা অনেক পয়সা খরচ করেছেন এই খোঁজার ব্যাপারে। কাঠমাণ্ডুতে গিয়ে একটা মনাস্টেরিতে ছিলাম। যখন দেখলাম সেখানেও পিছনে টিকটিকি ঘুরছে, তখন সিকিমে চলে এলাম।’

ফেলুদা বলল, ‘তোমাকে ফিরে পেয়ে তোমার বাবা খুশি হননি?’

‘আমাকে চিনতেই পারেননি! আমি আগের চেয়ে রোগা হয়ে গেছি অনেক। তার উপরে আমার লম্বা চুল, আমার গাঁফ-দাড়ি, আমার চোখের নীল রং—এই সব কারণেই বোধহয় তিনি নিজের ছেলেকে চিনতেই পারলেন না। আমার কাছে বসে তিনি বীরেন্দ্র সম্বন্ধে আক্ষেপ প্রকাশ করলেন। ভারতবর্ষে ফিরে আসার আগেই বাবার উপর থেকে আমার বিরূপ ভাবটা অনেকটা চলে গিয়েছিল; বয়সের সঙ্গে সঙ্গে মানুষ অনেক জিনিস মেনে নিতে শেখে। কিন্তু যখন দেখলাম তিনি আমাকে চিনলেন না, তখন আর নিজের পরিচয়টা দিলাম না। শেষ পর্যন্ত হয়তো দিতাম, কিন্তু তার আর সুযোগ হল কই?’

‘খুনি কে, এ-সম্বন্ধে তোমার কোনও ধারণা আছে?’

‘ফ্র্যাঙ্কলি বলব?’

‘নিশ্চয়ই।’

‘আমার মতে ডক্টর বৈদ্যকে কোনও মতেই পালাতে দেওয়া উচিত নয়।’

ফেলুদা সম্মতির ভঙ্গিতে মাথা নেড়ে প্রায় ফিসফিস করে বলল, ‘আমি এ-ব্যাপারে তোমার সঙ্গে একমত।’

হেলমুট (নাকি বীরেন্দ্র বলা উচিত?) বলল, ‘ও তো জানে না আমিই বীরেন্দ্র, তাই ফস করে আমার সামনেই কালকে ওই নামটাই করে দিল। আর যে মুহূর্তে নামটা করল, সেই মুহূর্তেই আমার লোকটা সম্বন্ধে ধারণা সম্পূর্ণ পালটে গেল। আমার মতে লোকটা এক নম্বরের ভণ্ড শয়তান। ও-ই খুন করেছে। এবং ও-ই মূর্তিটা নিয়েছে।’

ফেলুদা বলল, ‘সেদিন শেলভাক্সার যখন গুমফাটা দেখতে যান, উনি কি একাই যান?’

‘সেটা বলতে পারি না। আমি তো অনেক সকালে বেরিয়ে পড়েছিলাম। অবিশ্যি ডক্টর বৈদ্য তাঁকে মাঝপথে থামিয়ে গাড়িতে উঠে থাকতে পারেন। সন্দেহ বাতিলকটা বাবার

একেবারেই ছিল না। এমনিতে অত্যন্ত সরল প্রকৃতির মানুষ ছিলেন তিনি।’

ফেলুদা বিছানা ছেড়ে উঠে গম্ভীরভাবে কিছুক্ষণ পায়চারি করে বলল, ‘আমাদের সঙ্গে পেমিয়াংচি যাবে?’

হেলমুট দৃঢ়স্বরে বলল, ‘বাবাকে যে খুন করেছে, তার হাতে হাতকড়া পরানোর জন্য আমি যে-কোনও জায়গায় যেতে প্রস্তুত আছি।’

‘এখান থেকে কত দূর জানো জায়গাটা?’

‘একশো মাইলের কাছাকাছি বলে শুনেছি। হয়তো সামান্য বেশিও হতে পারে।’

‘তার মানে ছ-সাত ঘণ্টা ধাক্কা।’

‘রাস্তা খারাপ না হলে আরও তাড়াতাড়ি পৌঁছানো যেতে পারে। আমার মতে আজই যত তাড়াতাড়ি সম্ভব বেরিয়ে পড়া উচিত।’

ফেলুদা বলল, ‘আমারও তাই মত। আমি একটা জিপের ব্যবস্থা দেখছি। জিনিসপত্র সঙ্গে বেশি না নেওয়াই ভাল।’

‘তুমি জিপ দেখো, আমি ডাকবাংলোর বুকিংটা সেরে রাখছি। বাই দ্য ওয়ে—’ হেলমুট ঘর থেকে বেরোতে গিয়ে থেমে ফেলুদার দিকে ঘুরে বলল, ‘লোকটা যে-পরিমাণে ডেঞ্জারাস বলে মনে হচ্ছে, ওর কাছে বন্দুক-টন্দুক থাকা কিছুই আশ্চর্য নয়। এদিকে আমার কাছে তো ফ্ল্যাশ-গান ছাড়া আর কিছুই নেই! তোমাদের কাছে—’

হেলমুটের কথা শেষ হবার আগেই ফেলুদা তার সুটকেসের ভিতর হাত ঢুকিয়ে রিভলবারটা বার করে হেলমুটকে দেখিয়ে দিল।

‘আর এই যে আমার কার্ড।’

ফেলুদা তার ‘প্রাইভেট ইনভেস্টিগেটর’ লেখা ভিজিটিং কার্ডের একটা হেলমুটের দিকে এগিয়ে দিল।

কিন্তু দুঃখের বিষয়, সেদিন আর কোনও জিপ ভাড়া পাওয়া গেল না। যে ক’টা ছিল, সবগুলো আমেরিকান টুরিস্টরা নিয়ে সারাদিনের জন্য রুমটেক চলে গেছে। আগামীকাল সকালের জন্য জিপের ব্যবস্থা করে বেশির ভাগ দিনটাই হেঁটে গ্যাংটক শহর দেখে কাটিয়ে দিলাম। দুপুরে বাজারের দিকটায় নিশিকান্তবাবুর সঙ্গে দেখা হল। তাঁকে পেমিয়াংচির কথা বলতে তিনি অবিশ্যি লাফিয়ে উঠলেন।

সন্দের দিকে ভদ্রলোক একটা অদ্ভুত জিনিস এনে আমাদের দেখালেন। হাতখানেক লম্বা একটা লাঠি, তার ডগায় বাঁধা ছোট্ট একটা কাপড়ের থলি।

‘কী জিনিস বলুন তো এটা’, একগাল হেসে জিজ্ঞেস করলেন নিশিকান্তবাবু। ‘জানেন না তো? এই থলের ভিতর আছে নুন আর তামাকপাতা। পায়ে যদি জোঁক ধরে, এই থলির একটা ঘষাতেই বাবাজি খসে পড়বেন।’

ফেলুদা জিজ্ঞেস করল, ‘নাইলনের মোজা ভেদ করেও জোঁক ঢোকে নাকি?’

‘কিছুই বিশ্বাস নেই মশাই। গেঞ্জি, শার্ট আর ডবল পুলওভার ভেদ করেও বুকের রক্ত খেতে দেখেছি জোঁককে। আর মজা কী জানেন তো? ধরুন, লাইন করে একদল লোক চলেছে জোঁকের জায়গা দিয়ে। এখন, জোঁকের তো চোখ নেই—জোঁক দেখতে পায় না—মাটির ভাইব্রেশনে বুঝতে পারে কোনও প্রাণী আসছে। লাইনের মাথায় যে লোক থাকবে, তাকে জোঁক অ্যাটাক করবে না—কিন্তু তার ভাইব্রেশনে তারা সজাগ হবে। দ্বিতীয় লোকের বেলা তারা মাথা উচিয়ে উঠবে, আর থার্ড যিনি রয়েছেন, তাঁর আর নিস্তার নেই—তাঁকে ধরবেই।’

ঠিক হল আমরা প্রত্যেকেই একটা করে জোঁক-ছাড়ানো লাঠি সঙ্গে নিয়ে নেব ।
শুতে যাবার আগে ফেলুদা বলল, ‘দুদিন বাদেই বুদ্ধ-পূর্ণিমা—এখানে উৎসব হবে ।’
‘সে উৎসব কি আমরা দেখতে পাব ?’ আমি ধরা গলায় জিজ্ঞেস করলাম ।

‘জানি না । তবে তার চেয়েও অনেক বড় পুণ্য কাজ হবে যদি আমরা শেলভাকারের
হত্যাকারীকে কব্জা করতে পারি ।’

সারারাত আকাশ পরিষ্কার ছিল, আর আমাদের জানালা দিয়ে ত্রয়োদশীর চাঁদের আলোয়
কাঞ্চনজঙ্ঘা দেখা যাচ্ছিল ।

পরদিন ভোর পাঁচটায় আমি, ফেলুদা, হেলমুট আর নিশিকান্ত সরকার সামান্য জিনিসপত্র,
চারটে কাগজের বাস্কে হোটেলের তৈরি দুপুরের লাঞ্চ আর চারখানা জোঁক-ছাড়ানো লাঠি
নিয়ে দুগ্গা বলে পেমিয়াংটির উদ্দেশে বেরিয়ে পড়লাম ।

১১

গ্যাংটক থেকে পেমিয়াংটি যাবার দুটো রাস্তা আছে—একটা কিউশিং হয়ে, আরেকটা নামচি
দিয়ে নয়াবাজার হয়ে । কিউশিং-এর রাস্তা দিয়ে গেলে দূরটা কম হয়, কিন্তু গত ক’দিনের
বৃষ্টিতে সে রাস্তা নাকি খারাপ হয়ে গেছে, তাই আমাদের নয়াবাজার দিয়েই যেতে হবে ।
একশো সাতাশ মাইল পথ । এমনিতে হয়তো দুপুরের খাওয়াটা সারার জন্য নামচিতে থামতে
হত, কিন্তু আমরা হোটেল থেকে লুচি, আলুর তরকারি আর মাংসের কাটলেট নিয়ে নিয়েছি ।
তা ছাড়া দুটো ফ্লাস্কে রয়েছে জল, আর দুটোতে গরম কফি ; কাজেই পথে আর খাওয়ার জন্য
থামতে হবে না । সাবধানে গেলেও ঘণ্টা আষ্টেকের বেশি সময় লাগা উচিত নয় । তাই মনে
হয়, বিকেলের আগেই আমরা পেমিয়াংটি পৌঁছে যাব । হেলমুট দেখলাম একটার বেশি
ক্যামেরা সঙ্গে নেয়নি, আর নিশিকান্তবাবু দেখি কোথেকে একজোড়া চামড়ার গোলোস জুতো
সঙ্গে নিয়ে নিয়েছেন । বললেন, ‘ভেবে দেখলাম, জোঁক যদি পায়ের পিছন দিকে ধরে, তা
হলে তো আর দেখতে পাব না ! নুনের থলি কোন কাজটা দেবে মশাই ? তার চেয়ে এই
গাম্বুটই ভাল—সেন্ট পারসেন্ট সেফসাইড ।’

‘যদি গাছ থেকে মাথায় পড়ে জোঁক ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

নিশিকান্তবাবু মাথা নাড়লেন । ‘ম্যাক্—মানে ম্যাক্সিমাম জোঁকের টাইম এটা নয় । সেটা
আরও পরে—জুলাই অগাস্টে । এখন বাবাজিরা সব মাটিতেই থাকেন ।’

নিশিকান্তবাবুকে বলা হয়নি যে আমরা খুনির সন্ধানে চলেছি । উনি জানেন আমরা ফুটি
করতে যাচ্ছি, তাই দিব্যি নিশ্চিত্তে আছেন । ওখানে গোলাগুলি চললে যে ওঁর কী দশা হবে
তা জানি না ।

সোয়া ছ’টার সময়ে আমরা সিংথাম পৌঁছে গেলাম । এ জায়গাটা গ্যাংটক আসার সময়ও
পড়েছিল । বাজারের মধ্যে দিয়ে রাস্তা গেছে । বেশ গিজগিজে ছোট শহর, তিস্তার
পাশেই । আমরা বাঁ দিকে ঘুরে তিস্তার উপর দিয়ে একটা ব্রিজ পেরিয়ে উলটোদিকের
পাহাড়ে উঠলাম । এখান থেকে শুরু করে বাকি রাস্তাটা হবে আমাদের কাছে নতুন ।

আমাদের জিপটা নতুন না হলেও খুব বেশি পুরনো নয় । স্পিডোমিটার, মাইলোমিটার,
দুটোই এখনও কাজ করছে, সিটের চামড়া-টামড়াও বিশেষ ছেঁড়েনি । ড্রাইভারের চেহারাটা
দেখবার মতো । লোকটা বোধহয় নেপালি নয়, কারণ নেপালিরা সাধারণত বেঁটে হয়—এ
রীতিমতো লম্বা । কালো প্যান্ট, কালো চামড়ার জার্কিন, আর কালো শার্ট পরেছে । শার্টের
বোতাম গলা অবধি লাগানো । মাথায় একটা ক্যাপ পরেছে যেটার রংও প্রায় কালোই ।

আমেরিকান গ্যাংস্টার ছবিতে মাঝে মাঝে এ রকম চেহারার লোক দেখা যায়। ফেলুদা ওর নাম জিজ্ঞেস করতে বলল ‘থোগুপ।’ নিশিকান্তবাবু বিজ্ঞের মতো বললেন, ‘তিব্বতি নাম’।

ব্রিজ পেরিয়ে পাহাড়ের গা দিয়ে উঠতে উঠতে বুঝলাম, এদিকের দৃশ্য একেবারে অন্য রকম। গাছপালা অনেক কম, আর মাটিটা লালচে আর শুকনো। হঠাৎ দেখলে মনে হয় যেন বিহারের কোনও পাহাড়ে জায়গা দিয়ে চলেছি। এক-এক জায়গায় রাস্তা খুবই খারাপ—আর তার মানেই সেখানে রাস্তা সারানোর কাজ হচ্ছে। নেপালি ছেলে-মেয়ের দল হয় পাথর সরাস্তে, না হয় পাথর ভাঙছে, না হয় মাটি ফেলছে। এই দু দিনে নেপালি মেয়েদের দেখে কী করে চিনতে হয়, সেটা ফেলুদার কাছে শিখে নিয়েছি। এদের কানে মাকড়ি, নাকে নথ আর গলায় মোটা হাঁসুলি। সিকিমের মেয়েরা প্রায় গয়না পরে না বললেই চলে। অবিশ্যি পোশাকেও তফাত আছে।

গ্যাংটক থেকে নামটি হল চৌষট্টি মাইল। আমি মাইল পোস্টের দিকে চোখ রাখছিলাম। বাইশ মাইল পেরোনোর কিছু পরেই কানে একটা শব্দ এল। পিছন থেকে একটা জিপ বার বার হর্ন দিচ্ছে। থোগুপ কিন্তু পাশ দেবার কোনও আগ্রহ না দেখিয়ে কেবল আমাদের গাড়ির স্পিডটা একটু বাড়িয়ে দিল। ফেলুদা বলল, ‘ও গাড়ির এত তাড়া কীসের?’

থোগুপ বলল, ‘হর্ন দিক ও। ওকে এগোতে দিলে আপনাদের ধুলো খেতে হবে।’

সেদিনের মতোই ফেলুদা আর আমি সামনে বসেছিলাম, আর পিছনে হেলমুট আর নিশিকান্ত। আমরা স্পিড বাড়ানো সত্ত্বেও পিছনের জিপটা বার বার এগিয়ে আসছে আর হর্ন দিচ্ছে, এমন সময় নিশিকান্তবাবু চোঁচিয়ে উঠলেন,—‘আরে, এ যে সেই ভদ্রলোক!’

‘কোন ভদ্রলোক?’ বলে ফেলুদা পিছনে ফিরল, আর সেই সঙ্গে আমিও।

ও মা—এ যে শশধরবাবু! আমাদের পিছনে ফিরতে দেখে আবার গ্যাঁ গ্যাঁ করে হর্ন, আর শশধরবাবুর মরিয়া হয়ে হাত নাড়া।

ফেলুদা বলল, ‘জারা রোক দিজিয়ে থোগুপজি—পিছনে চেনা লোক।’

আমাদের গাড়ি থামার সঙ্গে সঙ্গেই পিছনেরটাও থামল, আর শশধরবাবু নেমে আমাদের দিকে দৌড়ে এলেন।

‘আপনারা তো আচ্ছা লোক মশাই—সিংথামে এত চাঁচালুম আর শুনতেই পেলেন না!’

ফেলুদা অপ্রস্তুত। বলল, ‘আরে আপনি আসছেন জানলে কি আর আপনাকে ছেড়ে আসি?’

‘তা আপনি যেরকম টেলিগ্রাম করলেন তাতে কি আর ওখানে বসে থাকা যায়? আমি সেই তখন থেকে ফলো করছি আপনাদের।’

পিছনে থাকলে যে কী রকম ধুলো খেতে হয়, সেটা শশধরবাবুর চেহারা দেখেই বুঝতে পারছিলাম। আর কিছুক্ষণ এইভাবে চললে ভদ্রলোক একেবারে ভস্মমাখা সাধুবাবা হয়ে যেতেন।

‘কিন্তু ব্যাপার কী? এই বললেন সন্দেহজনক ব্যাপার, আর সেসব ছেড়েছুড়ে এখন এ দিকে কোথায় চলেছেন?’

ফেলুদা এ কথার কোনও জবাব না দিয়ে বলল, ‘আপনার সঙ্গে মালপত্তর কি অনেক?’

‘মোটাই না। কেবল একটা সুটকেস।’

‘তা হলে এক কাজ করা যাক। আপনার গাড়িটা সঙ্গে সঙ্গে চলুক; ওতে বরং আমাদের মালগুলো চাপিয়ে দিই। আপনি আমাদের এটার পেছনে বসে আসতে পারবেন তো?’

‘নিশ্চয়ই!’

জিপ চলতে চলতে ফেলুদা গত দুদিনের ঘটনাগুলো শশধরবাবুকে বলল। এমনকী হেলমুটের আসল পরিচয়টাও দিয়ে দিল। সব শুনেটুনে শশধরবাবু ভুরু কুঁচকে বললেন, ‘বাট হু ইজ দিস ডক্টর বৈদ্য ? শুনেই তো ভণ্ড বলে মনে হচ্ছে। আজকের দিনে এ সব বুজরুকির প্রশ্ন দেওয়ার কোনও মানে হয় না। আপনাদের ওর হাবভাব দেখেই ওকে সোজাসুজি হুমকি দেওয়া উচিত ছিল। সেটা না করে আপনারা ওকে পেমিয়াংচি পালাতে দিলেন ? সত্যি, আপনাদের কাছ থেকে—’

ফেলুদা বাধা দিয়ে বলল, ‘হেলমুটের আসল পরিচয়টা পাওয়াতেই তো ওর উপর সন্দেহটা গেল। আর আপনার দিক থেকেও খানিকটা গলতি হয়েছে শশধরবাবু। আপনি তো একবারও বলেননি, শেলভাঙ্কারের প্রথম স্ত্রী জার্মান ছিলেন।’

শশধরবাবু বললেন, ‘আরে সে কি আজকের কথা মশাই ? তাও জার্মান বলে জানতুমই না। বিদেশি, এইটুকুই শুনেছি। শেলভাঙ্কার প্রথম বিয়ে করে আজ থেকে প্রায় পঁয়ত্রিশ বছর আগে। ... আই হোপ, বৈদ্য ব্যাটা সেখান থেকে সটকে পড়েনি। না হলে এই এতখানি পথ যাওয়াটাই বৃথা হবে।’

নামচি পৌঁছালাম নাঁটার কিছু পরে। আকাশে মেঘ জমতে শুরু করেছে ; তবে নামচিতে নাকি বৃষ্টি হয় না বললেই চলে। এটা নাকি সিকিমের সবচেয়ে শুকনো আর সবচেয়ে স্বাস্থ্যকর জায়গা। তা ছাড়া সুন্দরও বটে, আর আশ্চর্য রকম পরিচ্ছন্ন। তা সত্ত্বেও আমরা মিনিট দশেকের বেশি থামলাম না। যেটুকু থামা, সেটুকু শুধু গাড়ির পেটে একটু ঠাণ্ডা জল, আর আমাদের পেটে একটু গরম কফি ঢালার জন্য। হেলমুট এর ফাঁকেই কয়েকটা ছবি তুলে নিল। লক্ষ করলাম, সে কথা-টথা বিশেষ বলছে না। ছবিটা তোলা যেন অভ্যাসের বশে। শশধরবাবুও চিন্তিত ও গম্ভীর। নিশিকান্তবাবু ফেলুদার মুখে সমস্ত ঘটনা শুনে একটু ঘাবড়েছেন বটেই, তবে ভিতরে ভিতরে মনে হল অ্যাডভেঞ্চারের গন্ধটা পেয়ে তিনি বেশ একটা রোমাঞ্চ বোধ করছেন। নামচির বাজার থেকে একটা কমলালেবু কিনে খোসা ছাড়াতে ছাড়াতে বললেন, ‘বিপদ যাই আসুক না কেন মশাই, একদিকে প্রদোষবাবু আর একদিকে জার্মান বীরেনবাবুকে নিয়ে ডরাবার কোনও কারণ দেখছি না।’

নামচি থেকে রাস্তা নামতে নামতে একেবারে নদীর লেভেলে পৌঁছে যায়। এই নদীর ধারেই নয়াবাজার। সেখান থেকে আবার একটা ব্রিজ পেরিয়ে অনেকখানি পথ এই নদীর ধার দিয়ে উঠে ন’ হাজার ফুটের উপর পেমিয়াংচি। এ নদী তিস্তা নয়। এর জল তিস্তার মতো ঘোলা নয়। এর জল স্বচ্ছ সবুজ। মাঝে মাঝে জলের স্রোত পাথরে বাধা পেয়ে ফেনিয়ে ফেনিয়ে উঠছে। এ নদীর নাম রঙ্গিত। এত সুন্দর পাহাড়ে নদী এর আগে আমি কখনও দেখিনি।

রঙ্গিতের পাশ দিয়ে পাক খেয়ে পাক খেয়ে আমরা যে পাহাড়ের উপর উঠছি, তাতে গাছপালা অনেক বেশি। এখানে মাটি লাল নয়, আর শুকনো নয়। এ যে বিহারের কোনও পাহাড় নয়, এ যে হিমালয়, তাতে কোনও ভুল নেই। শশধরবাবু বলেছিলেন ইয়াং মাউনটেনস—তাই ধস নামে। সেই ধসের যে কত চিহ্ন আশেপাশে পাহাড়ের গায়ে ছড়িয়ে রয়েছে, তার কোনও ঠিক-ঠিকানা নেই। সবুজ পাহাড়ের গায়ে এখানে-ওখানে ছাঁই রঙের সব ক্ষতচিহ্ন—ঠিক মনে হয় পাহাড়ের পায়ে বৃষ্টি শ্বেতি হয়েছে। অজস্র গাছপালা বনবাদাড় সমেত পাহাড়ের এক-একটা অংশ ধসে পড়েছে একেবারে নদীর কিনারে। এই সব ন্যাড়া অংশ নতুন করে গাছপালা হয়ে আবার কবে পাশের সবুজের সঙ্গে মিশে যাবে তা কে জানে।

একটা গুম্ফার পাশ দিয়ে যেতে যেতে দেখি সেই ভূত-তাড়ানো নিশানের ঝাড়। সবগুলো নিশানই তকতকে নতুন বলে মনে হচ্ছে। শশধরবাবু বললেন, ‘সামনে বুদ্ধ পূর্ণিমা—তারই তোড়জোড় চলছে।’

ফেলুদা প্রথমে বোধহয় কথাটা শোনেনি। প্রায় মিনিট খানেক পরে বলল, ‘কত তারিখে পড়ছে বুদ্ধ পূর্ণিমা?’

শশধরবাবু বললেন, ‘কালই বোধহয় পূর্ণিমা। কাল হল ১৭ই এপ্রিল।’

‘সতেরোই এপ্রিল...তার মানে হল চৌঠা বৈশাখ...চৌঠা বৈশাখ...’

ফেলুদার বিড়বিড়ানি জিপের শব্দে আর কেউ বোধহয় শোনেনি। তারিখ নিয়ে এত কী চিন্তা করছে ফেলুদা? আর ও এত গভীর কেন? আর হাতের আঙুল মটকাচ্ছে কেন?

পেমিয়াংটির আগের শহরের নাম গেজিং। এখানেও দেখি নিশানের ছড়াছড়ি। এখান থেকে পেমিয়াংটি তিন মাইল। জিপ ক্রমশ উপরে উঠছে। রাস্তা রীতিমতো খাড়াই। এখানে গাছ কম, তবে উপরের দিকে চাইলেই দেখতে পাচ্ছি কালচে সবুজ রঙের ঘন বন। খানিকটা রাস্তা রীতিমতো খারাপ। জিপকে খুব সাবধানে চলতে হচ্ছে। মনে হল এ দিকে বৃষ্টিটা গ্যাংটকের চেয়ে বেশি হয়েছে। জিপ ফোর-হুইলে অতি সন্তর্পণে একটা গোলমেলে এবড়ো-খেবড়ো রাস্তা পেরোল। ঝাঁকুনির চোটে নিশিকান্তবাবুর মাথাটা জিপের উপরের লোহার রডের সঙ্গে ঠকাং করে লাগায় ভদ্রলোক ‘উরেশশা’ বলে উঠলেন।

একটু পরেই ক্রমে আলো কমে এল। এটা শুধু মেঘের জন্যে নয়। আমাদের জিপের এক পাশে এখন একটা গাঢ় সবুজ পাতা আর সাদা ডালপালাওয়ালা গাছের বন। হেলমুট বলল, ‘ওগুলো বার্চ গাছ—বিলেতে খুব দেখা যায়।’

এখন আমাদের জিপ এই বনের মধ্যেই রাস্তা দিয়ে চলেছে। আমাদের দু পাশে বন। তার মধ্যে দিয়ে আমরা চড়াই উঠছি সাপের মতো প্যাঁচালো রাস্তা দিয়ে।

এবার আরও গভীর বন, আরও বড় বড় গাছ। ঠাণ্ডা স্যাঁতসেঁতে হাওয়া। জিপের আওয়াজ ছাপিয়ে বনের ভিতর থেকে অচেনা পাখির তীক্ষ্ণ শিস। নিশিকান্তবাবু বললেন, ‘বেশ থ্রি—মানে থ্রিলিং লাগছে।’

রাস্তা ফাঁকা হয়ে গেল।

সামনে একটা সবুজ টিপি। উপরে খোলা মেঘলা আকাশ।

ক্রমে একটা বাংলোর টালিওয়ালা ছাদ দেখা গেল। তারপর পুরো বাংলোটা। এই সেই ব্রিটিশ আমলের বিখ্যাত বাংলো। পিছন দিকে আকাশের নীচে সবুজ থেকে আবছা নীল হয়ে যাওয়া থরে থরে সাজানো পাহাড়।

জিপ থামল। আমরা নামলাম। চৌকিদার বেরিয়ে এল। আমাদের জন্য ঘর ঠিক করা আছে।

‘আউর কোই হ্যায় ইহা?’ শশধরবাবু জিজ্ঞেস করলেন।

‘নেহি সাব—বাংলা খালি হ্যায়।’

‘আর কেউ নেই?’ এবার ফেলুদা জিজ্ঞেস করল। ‘আর কেউ আসেনি?’

‘এসেছিল। তিনি কাল রাত্রেই চলে গেছেন। দাড়িওয়ালা চশমাপরা বাবু।’

চৌকিদারের কথা শুনে হেলমুটই সবচেয়ে বেশি হতাশ হয়েছে বলে মনে হল। সে কাঁধ থেকে ক্যামেরা নামিয়ে ঘাসের উপর বসে পড়ল।

শশধরবাবু বললেন, ‘যা বুঝছি—ইমিডিয়েটলি কিছু করার নেই। একটা বাজে। অন্তত ডান হাতের ব্যাপারটা সেরে নেওয়া যাক।’

আমরা মালপত্র সমেত বাংলোর ভিতরে গিয়ে ঢুকলাম। দেখেই বোঝা যায় আদ্যিকালের বাংলা। কাঠের ছাত, কাঠের মেঝে, সামনের দিকে কাঠের রেলিংওয়ালা বারান্দা, তাতে পুরনো ধরনের বেতের টেবিল-চেয়ার পাতা। বারান্দা থেকে সামনের দৃশ্য অদ্ভুত সুন্দর। এখন মেঘ করে আছে, তা না হলে নাকি বাইশ মাইলের মধ্যে কাঞ্চনজঙ্ঘা দেখা যায়। এক পাখির ডাক ছাড়া চারিদিকে কোনও আওয়াজ নেই। সব নিরুন্ম নিস্তব্ধ।

বারান্দা দিয়ে ঢুকে সামনের ঘরটা হল ডাইনিং রুম। টেবিলের চারিদিকে চেয়ার পাতা রয়েছে। এক পাশে আবার দুটো আরাম কেদারা। শশধরবাবু তার একটায় বসে পড়ে ফেলুদাকে উদ্দেশ্য করে বললেন, ‘আপনি ডিটেকটিভ হলেও আপনার অনুমান ঠিক কি না সে বিষয়ে সন্দেহ হচ্ছিল। কিন্তু বৈদ্য লোকটা এভাবে পালানোতে এখন আমি কন্‌ভিন্সড। এস. এস. তার এমন একটা দামি জিনিস যাকে-তাকে দেখিয়ে খুব ভুল করেছে।’

হেলমুট বারান্দাতেই রয়ে গেল। নিশিকান্তবাবু বোধহয় বাথরুমের খোঁজে ভেতরের ঘরে ঢুকে গেলেন। ফেলুদা বাংলোর অন্য ঘরগুলো ঘুরে ঘুরে দেখতে লাগল। আমি আর কী করি—খাবার টেবিলের পাশেই একটা চেয়ারে বসে পড়লাম। এত দূর আসা বৃথা হবে, শেলভাস্কারের আততায়ী অস্ত্রের জন্য হাত থেকে ফস্কে বেরিয়ে যাবে, আমরা বোকার মতো দৃশ্য দেখে গ্যাংটকে ফিরে যাব—এসব কথা ভাবতেও খারাপ লাগছিল।

ডাইনিং রুমের পিছন দিকের দুটো দরজা দিয়ে দুটো বেডরুমে যাওয়া যায়। ডান দিকের দরজাটা দিয়ে ফেলুদা বেরিয়ে এল, হাতে একটা লাঠি।

এই লাঠিটাই ডক্টর বৈদ্যর হাতে দেখছিলাম না?

‘ভদ্রলোক এসেছিলেন ঠিকই’, ফেলুদার গলার স্বর শুকনো আর ভারী, ‘কারণ তিনি চিহ্নস্বরূপ তাঁর লাঠিটা ফেলে গেছেন। ভেরি স্ট্রেন্জ!’

নিশিকান্তবাবু রুমাল দিয়ে মুখ মুছতে মুছতে ঘরে ঢুকলেন। তারপর ‘অদ্ভুত জায়গা’ বলে আমার পাশের চেয়ারটায় বসে বিশ্রী শব্দ করে হাই তুললেন।

ফেলুদা বসল না। ফায়ারপ্লেসের সামনে দাঁড়িয়ে ডক্টর বৈদ্যর লাঠিটা ডান হাতে নিয়ে বাঁ হাতের তেলোয় ঠক ঠক করে অন্যমনস্ক ভাবে ঠুকতে লাগল।

শশধরবাবু বললেন, ‘কই, মিস্টার সরকার—আপনাদের ওই খাবারের বাস্‌গুলো খুলুন! মিথ্যে খিদে বাড়িয়ে লাভটা কী?’

‘খাওয়া পরে হবে।’

কথাটা বলল ফেলুদা। আর যেভাবে বলল তাতে আমার হাত-পা ঠাণ্ডা হয়ে গেল। নিশিকান্তবাবু উঠতে গিয়ে থতমত খেয়ে থপ করে আবার চেয়ারে বসে পড়লেন। শশধরবাবুও অবাক হয়ে ফেলুদার দিকে চাইলেন। কিন্তু ফেলুদা আবার যেই কে সেই।

সে চেয়ারে বসল। লাঠিটা টেবিলের উপর শুইয়ে রেখে পকেট থেকে একটা চারমিনার বার করে ধরিয়ে দুটো টান দিয়ে বলল, ‘ঘাটশিলায় আমার এক পুরনো বন্ধু রয়েছে। আপনি এখানে আসার আগে তো ঘাটশিলায় গিয়েছিলেন—তাই না, শশধরবাবু?’

শশধরবাবুর জবাব দিতে দেরি হল না।

‘হ্যাঁ—এক ভাগনের বিয়ে ছিল ।’

‘আপনি তো হিন্দু ?’

হঠাৎ এ-প্রশ্ন করল কেন ফেলুদা ?

‘তার মানে ?’ শশধরবাবু ভুরু কঁচকে তাকালেন ফেলুদার দিকে ।

‘নাকি বৌদ্ধ—না খ্রিস্টান—না ব্রাহ্ম—না মুসলমান ?’

‘হোয়াট ডু ইউ মিন ?’

‘বলুন না ।’

‘হিন্দু—ন্যাচারেলি ।’

‘হুঁ !’ ফেলুদা গভীরভাবে সিগারেটে টান দিয়ে দুটো রিং ছাড়ল । তার একটা বড় হতে হতে শশধরবাবুর মুখের কাছে গিয়ে মিলিয়ে গেল ।

‘কিন্তু—’ ফেলুদার চোখে ভ্রুকুটি, দৃষ্টি সোজা শশধরবাবুর দিকে, ‘—আপনি আর আমরা তো এক দিনে এক সঙ্গে প্লেনে এলাম । আপনি তখন সবে ঘাটশিলা থেকে বিয়ে সেরে ফিরছেন, তাই না ?’

‘এতে আপনি গোলমালটা কোথায় দেখছেন মিস্টার মিস্তির ? আপনার কথার কোনও মাথামুণ্ড আমি খুঁজে পাচ্ছি না । ঘাটশিলার বিয়ের সঙ্গে আজকের ঘটনার কী সম্পর্ক ?’

‘সম্পর্ক এই যে, চৈত্র মাসে তো হিন্দুদের বিয়ে হয় না শশধরবাবু । ওটা যে নিষিদ্ধ মাস ! ও মাসে কোনও লগ্ন নেই—শাক্তের বারণ ! আপনি সেই চৈত্র মাসেই আপনার ভাগনের বিয়ে দিলেন ?’

শশধরবাবু সিগারেট ধরাতে গিয়ে থেমে গেলেন । কিংবা পারলেন না । তাঁর হাত দুটো কাঁপছে ।

‘আপনি কী ইম্প্লাই করছেন ? কী বলতে চাইছেন আপনি ?’

ফেলুদা নিরুদ্বেগ । সে চেয়ে রয়েছে সোজা শশধরবাবুর দিকে, তার চোখের পাতা পড়ছে না ।

প্রায় পুরো এক মিনিট এইভাবে তাকিয়ে থেকে সে বলল, ‘ইম্প্লাই করছি অনেক কিছু । এক নম্বর—আপনি মিথ্যেবাদী । আপনি ঘাটশিলায় যাননি । দু নম্বর—আপনি বিশ্বাসঘাতক—’

‘মানে ?’ শশধরবাবু চোঁচিয়ে উঠলেন ।

‘আমরা জানি শেলভাস্কার কোনও একটা কারণে ভীষণ মুষড়ে পড়েছিলেন । সেকথা তিনি বীরেন্দ্রকে বলেছিলেন—যদিও কারণ বলেননি । অনেক সময় খুব কাছের কোনও লোকের দ্বারা প্রতারণিত হলে এ-জিনিসটা হয় । আমার বিশ্বাস সে-লোক হলেন আপনি । আপনি ছিলেন তাঁর পার্টনার । তিনি ছিলেন সরল, বিশ্বাসী মানুষ । তাঁর সন্দেহ-ব্যতিকটা ছিল না একেবারেই । সুতরাং তাঁকে ঠকাবার অনেক সুযোগ ছিল । আপনি সে-সুযোগ নিয়েছিলেন । কিন্তু তিনি সে ব্যাপারটা জেনে ফেলেছিলেন—এবং জানতে পেরে তাঁর মন ভেঙে গিয়েছিল । তাঁর জানার ব্যাপারটা আপনি জানতে পারেন—আর জানার পর থেকেই তাঁকে সরাবার পথ খুঁজছিলেন । বস্তুতে সেটার সুবিধে হয়নি । তিনি সিকিমে এলেন । আপনার আসার কথা ছিল না । আপনিও এলেন । হয়তো তিনি আসার পরের দিনই । আপনি মানে নট শশধর বোস, বাট ডক্টর বৈদ্য—অর্থাৎ ছদ্মবেশী শশধর বোস । বৈদ্য শেলভাস্কারের সঙ্গে আলাপ করল, গণ্ডকার সেজে তাঁর বিষয় জানা কথাগুলোই তাঁকে বলল, তাঁকে ইম্প্রেস্‌স করল । দুজনে একসঙ্গে গুম্ফায় গেলেন বীরেন্দ্রর খোঁজ করতে । আপনি নিশ্চয়ই গাড়ির ব্যবস্থা করেছিলেন । পথে পিছন দিক থেকে মাথায় লাঠির বাড়ি মেরে তাঁকে

অজ্ঞান করলেন । ড্রাইভারকে আগেই হাত করেছিলেন—পয়সায় কী না হয় ! তারপর গাড়ি ফেলা । তারপর পাথর ফেলা—আপনার ওই লাঠির সাহায্যে । তখনও শেলভাঙ্কার মরেননি । হয়তো তিনি শেষ মুহূর্তে আপনাকে চিনে ফেলেছিলেন, এবং সেই কারণেই মরবার আগে আপনার নাম করেন ।’

‘ননসেন্স !’ শশধরবাবু চিৎকার করে উঠলেন, ‘কী আবোল-তাবোল বকছেন আপনি ! কী প্রমাণ আছে যে আমি ডক্টর বৈদ্য ?’

ফেলুদা এবার একটা অদ্ভুত প্রশ্ন করে বসল ।

‘আপনার আংটিটা কোথায় গেল শশধরবাবু ?’

শশধরবাবু কী রকম ভ্যাবাচ্যাকা খেয়ে গেলেন ।

‘আমার...’

‘হ্যাঁ, আপনার । আপনার ‘মা’ লেখা সোনার আংটি । আঙুলে দাগ রয়েছে, অথচ আংটি নেই কেন ?’

‘ও—ওটা...’ শশধরবাবু ঢোক গিললেন, ‘—ওটা আঙুলে টাইট হচ্ছিল, তাই—’ ভদ্রলোক কোটের পকেট থেকে আংটি বার করে দেখালেন ।

‘মেক-আপ চেঞ্জ করে পরতে ভুলে গেছিলেন—তাই না ? ওই একই আঙুলের দাগ সেদিন মোমবাতির আলোয় দেখেছিলাম শশধরবাবু । তখনই একটা খটকা লেগেছিল, কিন্তু কেন তা বুঝতে পারিনি ।’

শশধরবাবু চেয়ার ছেড়ে উঠতে যাচ্ছিলেন—ফেলুদা গর্জন করে উঠল—‘বসুন ! আরও আছে !’

শশধরবাবু বসলেন, ঘাম মুছলেন । ফেলুদা বলে চলল—

‘শেলভাঙ্কার খুন হল । ডক্টর বৈদ্য তার পরের দিন বললেন কালিম্পং যাচ্ছেন লামার সঙ্গে দেখা করতে । আসলে কিন্তু তা নয় ! আসলে ডক্টর বৈদ্য ওরফে শশধর বোস চলে এলেন কলকাতায় । এদিকে শশধর বোস আগেই টেলিগ্রাম করেছিলেন ‘অ্যারাইভিং ফোর্টিন্থ’ । সেটা পেয়ে শেলভাঙ্কার বিস্মিত ও বিচলিত হন—কারণ আপনার সিকিমে আসার কোনও কথা ছিল না—এবং শেলভাঙ্কার আপনাকে অ্যাভয়েড করতেই চাইছিলেন । যাই হোক—আপনি ফোর্টিন্থ এলেন—কারণ এই আসাটাই হবে আপনার অ্যালিবাই । চোদ্দোই এসে শেলভাঙ্কারের মৃত্যুতে আক্ষেপের ভাণ করে আপনি পনেরোই বললেন বসে ফিরছেন । আসলে আপনি বসে যাননি, গ্যাংটকের আশেপাশেই কোথাও রয়ে গেছিলেন গা-ঢাকা দিয়ে । সেদিনই সন্ধ্যায় ডক্টর বৈদ্যর বেশে আপনিই আমাদের ভেলকি দেখালেন । আপনি জেনেছিলেন আমি ডিটেকটিভ—তাই আপনিই পেমিয়াংচি রওনা হবার আগে পাথর গড়িয়ে আমাকে সাবাড় করার চেষ্টা করেছিলেন । এবং আপনিই রুমটেকে আমাদের ফলো করে গিয়ে—’

ঘরের মধ্যে একজন বিকট হু হু হু শব্দ করে উঠল—কান্না আর ভয়ের মাঝামাঝি । ইনি নিশিকান্ত সরকার ।

‘বসুন নিশিকান্তবাবু ।’ ফেলুদা বলল, ‘আর লুকিয়ে লাভ নেই । আপনি খুনের জায়গায় গিয়েছিলেন কেন ? আর কাকে দেখেছিলেন সেখানে ?’

নিশিকান্তবাবু হাত দুটোকে হ্যান্ডস্ আপের মতো করে মাথার উপর তুলে আবার সেই কোঁকানির সুরে বললেন, ‘মশাই, জানতুম না ওই মূর্তিটা এত ভ্যা—মানে ভ্যালুয়েবল । তারপর যখন জানলুম—’

‘টিবেটান ইনস্টিটিউটে আপনিই গেসলেন ?’

‘হ্যাঁ স্যার—আমিই। চাইতেই অন দি স্পট হাজার টাকা দিয়ে দিলেন। তাই সন্দেহ হল। তাই গেলাম—তা বলে কিনা ইউ—মানে ইউনিক জিনিস। তাই মানে—’

‘ভাবলেন মরা লোকের পকেট মারতে ক্ষতি কী? বিশেষ করে এককালে সে জিনিসটা যখন আপনারই ছিল!’

‘সেই—মানে, সেই আর কী!’

‘কিন্তু আপনি সেদিন খুনের জায়গায় কাউকে দেখেননি?’

‘না স্যার!’

‘আপনি না দেখলেও, সে আপনাকে নিশ্চয়ই দেখেছিল—এবং ভেবেছিল আপনি তাকে দেখে ফেলেছেন। নইলে আর আপনাকে শাসাবে কেন?’

‘তা হবে!’

‘মূর্তিটা কোথায়?’

‘মূর্তি?’ নিশিকান্তবাবু যেন আকাশ থেকে পড়লেন। ফেলুদাও অবাক।

‘সে কী!... আপনি তা হলে—’

হঠাৎ একটা হুড়মুড় শব্দ আর তার সঙ্গে একটা কেলেকারি। শশধরবাবু তার চেয়ার ছেড়ে উঠে একটা প্রচণ্ড লাফ দিয়ে দরজার মুখে দাঁড়ানো হেলমুটকে এক ধাক্কায় ধরাশায়ী করে বাংলা থেকে বেরিয়ে গেলেন। দরজা একটাই, আর তার সামনে হেলমুটের গড়িয়ে পড়া শরীর—তাই ফেলুদার বেরোতে দশ সেকেন্ডের মতো দেরি হয়ে গেল।

সবাই যখন বাইরে পৌঁছেছি তখন জিপের ইঞ্জিন গর্জন করে উঠেছে। এই ড্রাইভারটাকেও নিশ্চয়ই হাত করা ছিল, আর সে সেই ধরনের বিপদের জন্য তৈরিই ছিল। শশধরবাবুকে নিয়ে জিপ প্রচণ্ড বেগে ঢাল নেমে বনের দিকে এগিয়ে গেল।

এদিকে আমাদের জিপটাও গর্জিয়ে উঠেছে, কারণ থোপুপ বুঝেছে যে আমরা নিশ্চয়ই ফলো করব। কিন্তু তার আর দরকার হল না। গাড়ি অদৃশ্য হবার আগেই ফেলুদার রিভলভারের দুটো অব্যর্থ গুলি তার পিছনের দুটো টায়ারকে ফাঁসিয়ে দিল।


জিপটা রাস্তার একদিকে কেন্দ্রে গিয়ে একটা গাছের গায়ে ধাক্কা লেগে থেমে গেল। দেখলাম শশধরবাবু লাফিয়ে পড়ে উর্ধ্বশ্বাসে বনের দিকে ছুটলেন। ড্রাইভারটা উলটো দিক দিয়ে বেরিয়ে জিপের স্টার্টিং হ্যান্ডেলটা উচিয়ে এগিয়ে এল। ফেলুদা তাকে অগ্রাহ্য করে ছুটল বনের দিকে—আমরা তিনজন তার পিছনে। ড্রাইভারকে নিয়ে মাথা ঘামানোর কোনও প্রয়োজন নেই, কারণ আমাদের থোপুপও তার জিপের হ্যান্ডেলটা হাতে নিয়ে তার প্রতিদ্বন্দ্বীর দিকে এগিয়ে চলেছে।

আমরা চারজন অন্ধকার বনের ভিতর ঢুকে চারদিকে ছড়িয়ে পড়ে প্রায় দশ মিনিট খোঁজার পর হেলমুটের একটা হাঁক শুনে তার দিকে গিয়ে দেখি, শশধরবাবু একটা প্রকাণ্ড বুড়ো গাছের পাশে দাঁড়িয়ে অদ্ভুত মুখ করে অদ্ভুত ভাবে লাফাচ্ছেন আর ছটফট করছেন।

আরও কাছে যেতে বুঝলাম যে তাঁকে জোঁক ধরেছে—একটা নয়—অন্তত দুশো-তিনশো লক্কে জোঁক তাঁর দুই পায়ের হাঁটু অবধি, আর কাঁধে, ঘাড়ে আর কনুইয়ের কাছটায় কিলবিল করছে। হেলমুট বলল, ‘ভদ্রলোক বোধহয় এই আলগা শেকড়টায় হোঁচট খেয়ে মাটিতে পড়েছিলেন, তাতেই এই দশা।’

ফেলুদা শশধরবাবুর কোটের কলার ধরে টেনে-হিঁচড়ে তাকে বনের বার করল। তারপর আমাকে বলল, ‘দৌড়ে গিয়ে জোঁক-ছাড়ানো কাঠিগুলো নিয়ে আয়।’

আমাদের খাওয়া হয়ে গেছে। আমরা ডাকবাংলোর বারান্দায় বসে আছি। হেলমুট



বাইরে দাঁড়িয়ে অকির্ভের ছবি তুলছে। থোঙুপ গেজিং থেকে পুলিশ নিয়ে এসেছে। মূর্তিটা শশধরবাবুর কাছেই পাওয়া গেছে। খুনের সময় মূর্তিটা নেবার কথা তাঁর খেয়াল হয়নি। পরের দিন সেটার কথা মনে পড়ায় লোভ সামলাতে না পেরে খুনের জায়গায় ফিরে গিয়ে সেটা একটা ঝোপের পাশ থেকে খুঁজে বার করেন। উনি যখন মূর্তি নিয়ে উঠে আসছেন, তখন নিশিকান্তবাবু একই উদ্দেশ্যে নামছেন। নিশিকান্ত শশধরকে দেখেনি, কিন্তু শশধর নিশিকান্তকে দেখেছে, আর সেই থেকে তাকে শাসাতে শুরু করেছে।

আরও একটা ব্যাপার—বস্বেতে নাকি শশধরবাবুর একটি সাকরেন্দ ছিল—তার সঙ্গে গ্যাংটক থেকে শশধরবাবুর টেলিফোনে যোগাযোগ ছিল। সেই সাকরেন্দই নাকি ফেলুদার টেলিফোন ধরে, এবং ফেলুদার টেলিগ্রামের খবরটা সে-ই নাকি গ্যাংটকে শশধরবাবুকে জানায়।

ফেলুদা সঙ্গে পান এনেছিল; চিবোতে চিবোতে নিশিকান্তবাবুকে বলল, ‘আপনিও যে একটি ছোটখাটো ক্রিমিন্যাল সে বিষয়ে কোনও সন্দেহ নেই। নেহাত আপনার ভাগ্য ভাল তাই আপনি যমস্তকটা ফিরে পাননি। পেলে আপনার জন্যে একটা শাস্তির ব্যবস্থা করতে হত।’

নিশিকান্তবাবু কাঁচুমাচু ভাব করে বললেন, ‘পানিশমেন্ট তো হয়েচেই স্যার! তিন-তিনখানা জেঁক বেরিয়েছে আমার ডান পায়ের মোজার ভিতর থেকে। অনেক রক্ত খেয়েছে ব্যাটার। ফলে বেশ উইক বোধ করছি।’

‘যাই হোক—ঠাকুরদাদার সংগ্রহ করা কোনও তিব্বতি জিনিস আশা করি ভবিষ্যতে বিক্রি করবেন না। এই নিন আপনার বোতাম।’

এই প্রথম লক্ষ করলাম ভদ্রলোকের শার্টের গলার সবচেয়ে নীচের বোতামটা নেই।

নিশিকান্তবাবু বোতামটা ফেরত নিয়ে তাঁর চারকোনা গোঁফের নীচে সেই পুরনো হাসিটা হেসে বললেন, ‘থ্যা—মানে থ্যাঙ্কস!’



সোনার কেল্লা

১

ফেলুদা হাতের বইটা সশব্দে বন্ধ করে টক্ টক্ করে দুটো তুড়ি মেরে বিরাট হাই তুলে বলল, ‘জিয়োমেট্রি।’

আমি জিজ্ঞেস করলাম, ‘এতক্ষণ কি তুমি জিয়োমেট্রির বই পড়ছিলে?’

বইটায় একটা খবরের কাগজের মলাট দেওয়া, তাই নামটা পড়তে পারিনি। এটা জানি যে, ওটা সিধু জ্যাঠার কাছ থেকে ধার করে আনা। সিধু জ্যাঠার খুব বই কেনার বাতিক, আর বইয়ের খুব যত্ন। সবাইকে বই ধার দেন না, তবে ফেলুদাকে দেন। ফেলুদাও সিধু জ্যাঠার বই বাড়িতে এনেই আগে সেটায় একটা মলাট দিয়ে নেয়।

একটা চারমিনার ধরিয়ে পর পর দুটো ধোঁয়ার রিং ছেড়ে ফেলুদা বলল, ‘জিয়োমেট্রির বই বলে আলাদা কিছু নেই। যে-কোনও বই-ই জিয়োমেট্রির বই হতে পারে, কারণ সমস্ত জীবনটাই জিয়োমেট্রি। লক্ষ করলি নিশ্চয়ই—ধোঁয়ার রিংটা যখন আমার মুখ থেকে বেরোল, তখন ওটা ছিল পার্ফেক্ট সার্কল। এই সার্কল জিনিসটা কী ভাবে ছড়িয়ে আছে

বিশ্বব্রহ্মাণ্ডে সেটা একবার ভেবে দ্যাখ । তোর নিজের শরীরে দ্যাখ । তোর চোখের মণিটা একটা সার্কল । এই সার্কলের সাহায্যে তুই দেখতে পাচ্ছিস আকাশের চাঁদ তারা সূর্য । এগুলোকে ফ্ল্যাটভাবে কল্পনা করলে সার্কল, আসলে গোলক—এক-একটা সলিড বুদ্ধদ, অর্থাৎ জিয়োমেট্রি । সৌরজগতের গ্রহগুলো আবার সূর্যকে প্রদক্ষিণ করছে এলিপটিক কার্ভে । এখানেও জিয়োমেট্রি । তুই যে একটু আগে জানালা দিয়ে থুক করে রাস্তায় থুতু ফেললি—অবিশ্যি ফেলা উচিত নয়—ওটা আনহাইজিনিক—নেস্ফট টাইম ফেললে গাঁট্টা খাবি—ওই থুতুটা গেল কিন্তু একটা প্যারাবোলিক কার্ভে—জিয়োমেট্রি । মাকড়সার জাল জিনিসটা ভাল করে দেখেছিস কখনও । কী জটিল জিয়োমেট্রি রয়েছে তাতে জানিস ? একটা সরল চতুষ্কোণ দিয়ে শুরু হয় জাল বোনা । তারপর সেটাকে দুটো ডায়াগন্যাল টেনে চারটে ত্রিকোণে ভাগ করা হয় । তারপর সেই ডায়াগন্যাল দুটোর ইন্টারসেক্টিং পয়েন্ট থেকে শুরু হয় স্পাইর্যাল জাল ; আর সেটাই ক্রমশ বাড়তে বাড়তে পুরো চতুষ্কোণটাকে ছেয়ে ফেলে । ব্যাপারটা এমন তাজ্জব যে ভাবলে কূলকিনারা পাবি না । ...’

রবিবারের সকাল । আমরা দুজনে আমাদের বাড়ির একতলার বৈঠকখানায় বসে আছি । বাবা তাঁর রবিবারের নিয়ম মতো ছেলেবেলার বন্ধু সুবিমল কাকার বাড়িতে আড্ডা মারতে গেছেন । ফেলুদা সোফায় বসে তার পা দুটো সামনের নিচু টেবিলটার উপর তুলে দিয়েছে । আমি বসেছি তক্তাপোশে, দেয়ালের সঙ্গে তাকিয়াটা লাগিয়ে তাতে ঠেস দিয়ে । আমার হাতে রয়েছে প্লাস্টিকের তৈরি একটা গোলকধাঁধার ভিতর তিনটে ছোট্ট লোহার দানা । প্রায় আধ ঘণ্টা ধরে সেই দানাগুলোকে ঘুরিয়ে ঘুরিয়ে গোলকধাঁধার মাঝখানে আনবার চেষ্টা করছি । বুঝলাম যে, এ-ও একটা কঠিন জিয়োমেট্রির ব্যাপার ।

কাছেই নীহার-পিঁটুদের বাড়িতে পুজোর প্যাণ্ডেলে ‘কাটি পতঙ্গ’ ছবির ‘ইয়ে জো মহবৎ হ্যায়’ গানটা বাজছে । গোল গ্রামাফোন রেকর্ডে মিহি স্পাইর্যাল প্যাঁচ । অর্থাৎ জিয়োমেট্রি ।

‘কেবল চোখে দেখা যায় এমন জিনিস না,’ ফেলুদা বলে চলল, ‘মানুষের মনের ব্যাপারটাও জিয়োমেট্রির সাহায্যে বোঝানো যায় । সাদাসিধে মানুষের মন স্ট্রেট লাইনে চলে ; প্যাঁচালো মন সাপের মতো এঁকেবেঁকে চলে, আবার পাগলের মন যে কখন কোন দিকে চলবে তা কেউ বলতে পারে না—একেবারে জটিল জিয়োমেট্রি ।’

ফেলুদার দৌলতে অবিশ্যি আমার সোজা-বাঁকা পাগল-ছাগল অনেক রকম লোকের সঙ্গেই আলাপ হবার সুযোগ হয়েছে । ফেলুদা নিজে কীরকম জ্যামিতিক নকশার মধ্যে পড়ে, সেটাই এখন ভাবছিলাম । ওকে জিজ্ঞেস করাতে বলল, ‘একটা মেনি-পয়েন্টেড স্টার বা জ্যোতিষ্ক বলতে পারিস ।’

‘আর আমি কি সেই জ্যোতিষ্কের স্যাটিলাইট ?’

‘তুই একটা বিন্দু, যেটাকে অভিধানে বলে পরিমাণহীন স্থাননির্দেশক চিহ্ন ।’

আমার নিজেকে স্যাটিলাইট বলে ভাবতে ভালই লাগে । তবে সব সময় স্যাটিলাইট থাকা সম্ভব হয় না এই যা আফশোস । গ্যাংটকে গুণ্ডাগোলের ব্যাপারে অবিশ্যি ওর সঙ্গেই ছিলাম, কারণ তখন আমার ছুটি ছিল । তার পরের দুটো তদন্তের ব্যাপারে—একটা ধলভূমগড়ে খুন, আরেকটা পাটনায় একটা জাল উইলের ব্যাপার—এই দুটোতে আমি বাদ পড়ে গেছি । এখন পুজোর ছুটি । কদিন থেকেই ভাবছি এই সময় একটা কেস এলে মন্দ হয় না, কিন্তু সেটা যে সত্যিই এসে পড়বে তা ভাবতে পারিনি । ফেলুদা অবিশ্যি বলে, যে-কোনও জিনিস মনে মনে খুব জোর দিয়ে চাইলে অনেক সময় আপনা থেকেই এসে পড়ে । মোট কথা আজ যেটা ঘটল সেটা আমার এই চাওয়ার ফল বলে ভেবে নিতে আমার কোনও আপত্তি নেই ।

পিণ্ডদের বাড়ির লাউডম্পিকারে সবেমাত্র ‘জনি মেরা নাম’-এর একটা গান দিয়েছে, ফেলুদা আগ্নেয়-দ্রুতে ছাই ফেলে হিন্দুস্থান স্ট্যান্ডার্ড কাগজটা হাতে নিয়েছে, আমি একবার রাস্তায় বেরোব কি না ভাবছি, এমন সময় আমাদের বাইরের দরজার কড়াটা কে যেন সজোরে নেড়ে উঠল। বাবা বারোটার আগে ফিরবেন না, তাই বুঝলাম এ অন্য লোক। দরজা খুলে দেখি, ধুতি আর নীল শার্ট পরা একজন নিরীহ গোছের ভদ্রলোক দাঁড়িয়ে আছেন।

‘এ বাড়িতে প্রদোষ মিথির বলে কেউ থাকেন?’

লাউডম্পিকারের জন্য প্রশ্নটা করতে ভদ্রলোককে বেশ চোঁচাতে হল। নিজের নাম শুনে ফেলুদা সোফা ছেড়ে দরজার দিকে এগিয়ে এল।

‘কোথেকে আসছেন?’

‘আজ্ঞে, আমি আসছি সেই শ্যামবাজার থেকে।’

‘ভেতরে আসুন।’

ভদ্রলোক ঘরে ঢুকে এলেন।

‘বসুন। আমিই প্রদোষ মিথির।’

‘ওঃ! আপনি এত ইয়ং সেটা আমি ঠিক...’

ভদ্রলোক গদগদ ভাব করে সোফার পাশের চেয়ারটায় বসে পড়লেন। তাঁর হাসি কিন্তু বসার পরেই মিলিয়ে গেল।

‘কী ব্যাপার?’ ফেলুদা জিজ্ঞেস করল।

ভদ্রলোক গলা খাকরিয়ে বললেন, ‘কৈলাস চৌধুরী মশায়ের কাছ থেকে আপনার অনেক সুখ্যাতি শুনেছি। তিনি, মানে, আমার একজন খদ্দের আর কী। আমার নাম সুধীর ধর। আমার একটা বইয়ের দোকান আছে কলেজ স্ট্রিটে—ধর অ্যান্ড কোম্পানি—দেখে থাকতে পারেন হয়তো।’

ফেলুদা ছোট্ট করে মাথা নেড়ে ‘হ্যাঁ’ বুঝিয়ে দিল। তারপর আমায় বলল, ‘তোপসে—জানলাটা বন্ধ করে দে তো।’

রাস্তার দিকের জানালাটা বন্ধ করতে গানের আওয়াজটা একটু কমল আর তার ফলে ভদ্রলোকও আরেকটু স্বাভাবিকভাবে বাকি কথাগুলো বলতে পারলেন।

‘দিন সাতেক আগে খবরের কাগজে একটা খবর বেরিয়েছিল আমার ছেলের বিষয়ে—আপনি কি...?’

‘কী খবর বলুন তো?’

‘ওই জাতিস্মর...মানে...’

‘ওই মুকুল বলে ছেলেটি?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘খবরটা তা হলে সত্যি?’

‘মানে, ও আপনার যে ধরনের কথাবার্তা বলে তাতে তো...’

জাতিস্মর ব্যাপারটা আমি জানতাম। এক-একজন থাকে, তাদের নাকি হঠাৎ পূর্বজন্মের কথা মনে পড়ে যায়। তাদের বলে জাতিস্মর।

অবিশ্যি পূর্বজন্ম বলে কিছু আছে কি না সেটা ফেলুদাও নাকি জানে না।

ফেলুদা চারমিনারের প্যাকেটটা খুলে ভদ্রলোকের দিকে এগিয়ে দিল। ভদ্রলোক একটু হেসে মাথা নেড়ে বুঝিয়ে দিলেন তিনি খান না। তারপর বললেন, ‘বোধহয় মনে থাকবে, আমার এই ছেলেটি—আট বছর মাত্র বয়স—একটা জায়গার বর্ণনা দেয়, সেখানে নাকি সে গেছে। অথচ তেমন জায়গায়—আমার ছেলে তো দূরের কথা—আমার বা আমার

পূর্বপুরুষদের কারুর কখনও যাবার সৌভাগ্য হয়নি। ছা-পোষা লোক, বুঝতেই তো পারছেন। দোকান দেখি, এদিকে বইয়ের বাজার দিনে দিনে—’

‘একটা দুর্গের কথা বলে না আপনার ছেলে?’ ফেলুদা ভদ্রলোককে কতকটা বাধা দিয়েই বলল।

‘আজ্ঞে হ্যাঁ। বলে—সোনার কেলা। তার মাথায় কামান বসানো আছে, যুদ্ধ হচ্ছে, লোক মরছে—সে সব নাকি সে দেখেছে। সে নিজে পাগড়ি পরে উটের পিঠে চড়ে বালির উপর বেড়াত। বালির কথা খুব বলে। হাতি ঘোড়া এ সব অনেক কিছু বলে। আবার ময়ূরের কথা বলে। ওর হাতে একটা দাগ আছে কনুইয়ের কাছে। সেটা জন্মে অবধি আছে। আমরা তো জন্মদাগ বলেই জানতাম। ও বলে যে একবার নাকি একটা ময়ূর ওকে ঠোকর মেরেছিল, এটা নাকি সেই ঠোকরের দাগ।’

‘কোথায় থাকত সেটা পরিষ্কার ভাবে বলে?’

‘না—তবে তার বাড়ি থেকে নাকি সোনার কেলা দেখা যেত। মাঝে মাঝে কাগজে হিজিবিজি কাটে পেনসিল দিয়ে। বলে—এই দ্যাখো আমার বাড়ি। দেখে তো বাড়ির মতোই মনে হয়।’

‘বই-টাইয়ের মধ্যে এমন কোনও জায়গার ছবি সে দেখে থাকতে পারে না? আপনার তো বইয়ের দোকান আছে...’

‘তা অবিশ্যি পারে। কিন্তু ছবির বই তো অনেক ছেলেই দেখে—তাই বলে কি তারা অষ্টগ্রহর এইভাবে কথা বলে? আপনি আমার ছেলেকে দেখেননি তাই। সত্যি বলতে কী—তার মনটাই যেন পড়ে আছে অন্য কোথাও। নিজের বাড়ি, নিজের ভাই-বোন বাপ-মা আত্মীয়স্বজন—এর কোনওটাই যেন তার আপন নয়। আমাদের মুখের দিকে তাকিয়ে কথাই বলে না সে ছেলে।’

‘কবে থেকে এই সব বলতে শুরু করেছে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘তা মাস দুয়েক। ওই ছবি আঁকা দিয়েই শুরু, জানেন। সেদিন খুব জল হয়েছে, আমি দোকান থেকে সবে ফিরিচি, আর সে আমায় এসে ছবি দেখাচ্ছে। গোড়ায় গা করিনি। ছেলেবয়সে তো কত রকম পাগলামিই থাকে! কানের কাছে ভ্যানর ভ্যানর করেছে, কান পাতিনি। আমার গিন্নিই প্রথম খেয়াল করে। তারপর কদিন ধরে তার কথা শুনে-টুনে, তার হাবভাব দেখে, আমার আরেক খন্দের আছে—নাম শুনেছেন কি?—ডাক্তার হেমাঙ্গ হাজরা...’

‘হ্যাঁ হ্যাঁ। প্যারাসাইকলজিস্ট। শুনেছি বইকী। তা তিনি তো আপনার ছেলেকে নিয়ে বাইরে কোথায় যাবেন বলে কাগজে বেরিয়েছে।’

‘যাবেন না, চলে গেছেন অলরেডি। তিনদিন এলেন আমার বাড়িতে। বললেন, এ তো রাজপুতানার কথা বলছে বলে মনে হচ্ছে। আমি বললুম হতে পারে। শেষটায় বলেন কী, তোমার ছেলে জাতিস্মর; এই জাতিস্মর নিয়ে আমি রিসার্চ করছি। আমি তোমার ছেলেকে সঙ্গে নিয়ে রাজপুতানায় যাব। ঠিক জায়গায় গিয়ে ফেলতে পারলে তোমার ছেলের নিশ্চয়ই আরও অনেক কথা মনে পড়বে। তাতে আমার খুব সুবিধে হবে। ওর খরচাও আমি দেব, খুব যত্নে রাখব, তোমার কিছু ভাবতে হবে না।’

‘তারপর?’ ফেলুদার গলার স্বর আর তার এগিয়ে বসার ভঙ্গিতে বুঝলাম সে বেশ ইন্টারেস্ট পেয়েছে।

‘তারপর আর কী—মুকুলকে নিয়ে চলে গেলেন!’

‘ছেলে আপত্তি করেনি?’



ভদ্রলোক একটা শুকনো হাসি হেসে বললেন, ‘কোথায় আছেন আপনি ? যেই বললে সোনার কেল্লা দেখাবে অমনি এক কথায় রাজি হয়ে গেল। আপনি তো দেখেননি আমার ছেলেকে। ও, মানে, ঠিক আর পাঁচটা ছেলের মতো নয়। একেবারেই নয়। রাত তিনটের সময় উঠে বসে আছে। গুন-গুন করে গান গাইছে। ফিলিমের গানটান নয় মশাই—গেঁয়ো গেঁয়ো সুর—তবে বাংলাদেশের গাঁ নয় এটা জানি। আমি আবার একটু হারমোনিয়াম-টারমোনিয়াম বাজাই, বুঝেছেন...’

ভদ্রলোক এত কথা বললেন, কিন্তু ফেলুদার কাছে কেন এলেন, গোয়েন্দার কেন প্রয়োজন হতে পারে তাঁর, সেটা এখনও পর্যন্ত কিছুই বললেন না। হঠাৎ ফেলুদার একটা কথাতেই যেন ব্যাপারটা একটা অন্য চেহারা নিয়ে নিল।

‘আপনার ছেলে তো কী সব গুপ্তধনের কথা বলেছে না ?’

ভদ্রলোক হঠাৎ কেমন যেন মুষড়ে পড়ে একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘সেইখানেই তো গুগুগোল মশাই। আমায় বলেছে বলেছে, কিন্তু কাগজের রিপোর্টারের সামনে কথাটা বলেই তো সর্বনাশ করেছে।’

‘কেন, সর্বনাশ বলছেন কেন ?’ প্রশ্নটা করেই ফেলুদা আমাদের চাকর শ্রীনাথকে হাঁক দিয়ে চা আনতে বলল।

ভদ্রলোক বললেন, ‘কেন, সেটা বুঝতেই পারবেন। গতকাল সকালে তুফান এক্সপ্রেসে হোমস্‌বাবু আমার ছেলেকে নিয়ে রাজস্থান রওনা দিয়েছেন, আর—’

ফেলুদা বাধা দিয়ে বলল, ‘রাজস্থানের কোন জায়গায় গেছেন সেটা জানেন ?’

সুধীরবাবু বললেন, ‘যোধপুর বলেই তো বললেন। বললেন, ‘যখন বালির কথা বলেছে, তখন উত্তর-পশ্চিম দিকটা দিয়ে শুরু করব। তা, সে যাক গে—এখন কথা হচ্ছে কী, কালই

সন্ধ্যায় আমাদের পাড়া থেকে একটি মুকুলের বয়সী ছেলেকে কে বা কারা যেন ধরে নিয়ে যায় ।’

‘আপনার ধারণা তাকে আপনার ছেলে বলে ভুল করে ?’

‘সে বিষয়ে কোনও সন্দেহই নেই । দুজনের চেহারাতেও বেশ মিল আছে । শিবরতন মুখুজ্যে সলিসিটরের বাড়ি আছে আমাদের পাড়ায়, এটি সে বাড়িরই ছেলে, নাম নীলু, মুখুজ্যে মশায়ের নাতি । তাদের বাড়িতে, বুঝতেই পারছেন, কান্নাকাটি পড়ে গেস্‌ল । পুলিশ-টুলিস অনেক হাঙ্গামা । এখন অবিশ্যি তাকে ফিরে পেয়ে সব ঠাণ্ডা ।’

‘এর মধ্যেই ফেরত দিয়ে দিল ?’

‘আজই ভোরে । কিন্তু তাতে কী হল মশাই ! আমার তো এদিকে মাথা খারাপ হয়ে গিয়েছে । যারা কিডন্যাপ করেছিল তারা তো বুঝেছে ভুল ছেলে এনেছে । কিন্তু সে ছেলে যে এদিকে তাদের বলে দিয়েছে যে মুকুল যোধপুর গেছে । এখন ধরুন যদি সে গুপ্তার গুপ্তধনের লোভে রাজস্থান ধাওয়া করে তা হলে তো বুঝতেই পারছেন...’

ফেলুদা চুপ করে ভাবছে । তার কপালে চারটে ডেউ-খেলানো দাগ । আমার বুকের ভিতর টিপটিপানি । সেটা আর কিছু নয়—এই সুযোগে যদি পুজোয় রাজস্থানটা ঘুরে আসা যায়, সেই আশায় আর কী । যোধপুর, চিতোর, উদয়পুর—নামগুলো শুনেছি কেবল, আর ইতিহাসে পড়েছি । আর অবন ঠাকুরের রাজকাহিনীতে—যেটা আমার নরেশ কাকা আমাকে জন্মদিনে দেয় ।

শ্রীনাথ চা এনে রাখল টেবিলের উপর । ফেলুদা সুধীরবাবুর দিকে একটা পেয়ালা এগিয়ে দিলেন । ভদ্রলোক এবার একটা কিন্তু-কিন্তু ভাব করে বললেন, ‘আপনার বিষয় কৈলাসবাবু যা বলেছিলেন, তাতে তো আপনাকে খুবই ইয়ে বলে মনে হয় । তাই ভাবছিলুম, যদি ধরুন, আপনি যদি রাজস্থানটা যেতে পারতেন ! অবিশ্যি গিয়ে যদি দেখেন ওরা নিরাপদে আছে, তা হলে তো কথাই নেই । কিন্তু যদি ধরুন গিয়ে কিছু গোলমাল দেখেন ! মানে, আপনার সাহসের কথাও অনেক শুনিচি । অবিশ্যি আমি নেহাত ছা-পোষা লোক । আপনার কাছে আসাটাই আমার পক্ষে একটা ধুঁষ্টতা । কিন্তু যদি ধরুন আপনি যেতে রাজিই হন, তা হলে আপনার, মানে, যাতায়াতের খরচটা আমি আপনাকে নিশ্চয়ই দেব ।’

ফেলুদা কপালে ভূকুটি নিয়ে আরও অন্তত মিনিট খানেক ওইভাবে চুপ করে বসে রইল । তারপর বলল, ‘আমি কী স্থির করি, সেটা আপনাকে কাল জানাব । আপনার ছেলের একটা ছবি বাড়িতে আছে নিশ্চয়ই ? কাগজে যেটা বেরিয়েছিল সেটা তেমন স্পষ্ট নয় ।’

সুধীরবাবু চায়ে একটা বড় রকম চুমুক দিয়ে বললেন, ‘আমার খুড়তুতো ভাই ছবি-টবি তোলে—সে একটা তুলেছিল মুকুলের ছবি । আমার গিমির কাছে আছে ।’

‘ঠিক আছে ।’

ভদ্রলোক বাকি চা-টা শেষ করে হাত থেকে কাপ রেখে উঠে পড়লেন ।

‘আমার দোকানে অবিশ্যি টেলিফোন আছে—৩৪-৫১১৬ । দশটা থেকে আমি দোকানে থাকি ।’

‘আপনি এমনিতে থাকেন কোথায় ?’

‘মেহেবাজার । সাত নম্বর মেহেবাজার স্ট্রিট । মেন রোডের উপরেই ।’

ভদ্রলোক চলে যাবার পর দরজাটা বন্ধ করে দিয়ে ফেলুদাকে বললাম, ‘আচ্ছা, একটা কথার কিন্তু মানে বুঝতে পারলাম না !’

‘প্যারাসাইকলজিস্ট তো ?’

আমি বললাম, ‘হ্যাঁ ।’

ফেলুদা বলল, ‘মানুষের মনের কতগুলো বিশেষ ধরনের ধোঁয়াটে দিক নিয়ে যারা চর্চা করে তাদের বলে প্যারাসাইকলজিস্ট। যেমন টেলিপ্যাথি। একজন লোক আরেকজন লোকের মনের কথা জেনে ফেলল। কিংবা নিজের মনের জোরে আরেকজনের চিন্তার মোড় ঘুরিয়ে দিল। অনেক সময় এমন হয় যে, তুই ঘরে বসে আছিস, হঠাৎ একজন পুরনো বন্ধুর কথা মনে পড়ল—আর ঠিক সেই মুহূর্তেই সে বন্ধু তোকে টেলিফোন করল। প্যারাসাইকলজিস্টরা বলে যে ব্যাপারটা আকস্মিক নয়। এর পেছনে আছে টেলিপ্যাথি। আরও আছে। যেমন এক্সট্রা সেন্সরি-পারসেপশন—যাকে সংক্ষেপে বলে ই এস্ পি। ভবিষ্যতে কী ঘটতে যাচ্ছে সেটা আগে থেকে জেনে ফেলা। বা এই যে জাতিস্মর—পূর্বজন্মের কথা মনে পড়ে যাওয়া। এগুলো সবই হচ্ছে প্যারাসাইকলজিস্টদের গবেষণার বিষয়।’

‘এই হোমস্প হাজরা বুঝি খুব বড় প্যারাসাইকলজিস্ট?’

‘যে কটি আছেন, তাদের মধ্যে তো বেশ নামকরা বলেই জানি। বিদেশে-টিদেশে গেছে, লেকচার-টেকচার দিয়েছে, বোধহয় একটা সোসাইটিও করেছে।’

‘তোমার এ সব জিনিসে বিশ্বাস হয় বুঝি?’

‘আমি যেটা বিশ্বাস করি সেটা হল এই যে, প্রমাণ ছাড়া কোনও জিনিস বিশ্বাস বা অবিশ্বাস করাটা বোকামো। মনটা খোলা না রাখলে যে মানুষকে বোকা বনতে হয়, তার প্রমাণ ইতিহাসে অজস্র আছে। এককালে লোকে পৃথিবীটা ফ্ল্যাট বলে মনে করত জানিস? আর ভাবত যে একটা জায়গায় গিয়ে পৃথিবীটা ফুরিয়ে গেছে, যার পর আর যাওয়া যায় না। কিন্তু ভূপৃষ্ঠটুক ম্যাগেলান যখন এক জায়গা থেকে রওনা হয়ে ভূপ্রদক্ষিণ করে আবার সেই জায়গাতেই ফিরে এলেন, তখন ফ্ল্যাট-ওয়ালারা সব মাথা চুলকোতে লাগলেন। আবার লোকে এটাও বিশ্বাস করেছে যে, পৃথিবীটাই স্থির, গ্রহ-নক্ষত্র-সূর্য তাকে প্রদক্ষিণ করেছে। এক সময় একদল আবার ভাবত যে, আকাশটা বুঝি একটা বিরাট উপুড়-করা বাটি, যার গায়ে তারাগুলো সব মণিমুক্তোর মতো বসানো আছে। কোপারনিকাস প্রমাণ করল যে সূর্যই স্থির, আর সূর্যকে ঘিরেই পৃথিবী সমেত সৌরজগতের সব কিছু ঘুরছে। কিন্তু কোপারনিকাস ভেবেছিল যে, এই ঘোরাটা বুঝি বৃত্তাকারে। কেপলার এসে প্রমাণ করল, ঘোরাটা আসলে এলিপটিক কক্ষে। তারপর আবার গ্যালিলিও...যাক গে, তোকে এত জ্ঞান দিয়ে লাভ নেই। তোর নাবালক মস্তিষ্কে এ সব ঢুকবে না।’

ফেলুদা এত বড় গোয়েন্দা হয়েও বুঝতে পারল না যে আমাকে এখন খোঁচা-টোঁচা দিয়ে আমার ফুটিটা মাটি করা সহজ হবে না, কারণ আমার মন অলরেডি বলছে যে এবার ছুটিটা রাজস্থানেই কাটবে, আর নতুন দেশ দেখার সঙ্গে সঙ্গে চলবে নতুন রহস্যের জট ছাড়ানো। দেখা যাক আমার টেলিপ্যাথির দৌড় কদূর!

২

ফেলুদা যদিও একদিন সময় চেয়েছিল, সুধীরবাবু চলে যাওয়ার এক ঘণ্টার মধ্যেই ও রাজস্থান যাওয়া ঠিক করে ফেলল। কথাটা আমাকে বলতে আমি বললাম, ‘আমিও যাচ্ছি তো?’

ফেলুদা বলল, ‘এক মিনিটের মধ্যে রাজস্থানের পাঁচটা কেল্লাওয়ালা শহরের নাম করতে পারলে চান্স আছে।’

‘যোধপুর, জয়পুর, চিতোর, বিকানির আর...আর...বুঁদির কেল্লা!’

রিস্টওয়াচের দিকে এক ঝলক তাকিয়ে নিয়ে তড়াক করে সোফা থেকে উঠে পড়ে সাড়ে

তিন মিনিটের মধ্যে পায়জামা পাঞ্জাবি ছেড়ে প্যান্ট-শার্ট পরে নিয়ে ফেলুদা বলল, ‘আজ রোববার—দুটো পর্যন্ত ফেয়ারলি প্রেস খোলা—চট করে রিজার্ভেশনটা করে আসি।’

একটার মধ্যে ফেলুদা কাজ সেরে বাড়ি ফিরে এসে প্রথমই ডিরেক্টরি খুলে নম্বর বার করে ডক্টর হেমাঙ্গ হাজারার বাড়িতে একটা টেলিফোন করল। যে লোকটা নেই, তাকে ফোন করা হচ্ছে কেন জিজ্ঞেস করাতে বলল, ‘সুধীরবাবু লোকটা সত্যি কথা বলেছে কি না সেটার প্রশ্নের দরকার ছিল।’

‘পেলে প্রশ্ন?’

‘হ্যাঁ।’

দুপুরবেলাটা ফেলুদা বুকের তলায় বালিশ নিয়ে উপুড় হয়ে তার খাটে শুয়ে এক সঙ্গে পাঁচখানা বই ঘাঁটাঘাঁটি করল। দুটো বই পেলিক্যানের—সেগুলো প্যারাসাইকলজি সম্বন্ধে। এগুলো নাকি ফেলুদা তার কলেজের পুরনো বন্ধু অনুতোষ বটব্যালের কাছ থেকে ধার করে এনেছে। অন্য তিনটির মধ্যে একটা হল টড সাহেবের লেখা রাজস্থানের বই, আরেকটা হল গাইড টু ইন্ডিয়া, পাকিস্তান, বার্মা অ্যান্ড সিলোন, আর আরেকটা হল ভারতবর্ষের ইতিহাস, কার লেখা ভুলে গেছি।

বিকেলে চা খাবার পর ফেলুদা বলল, ‘তৈরি হয়ে নে। একবার সুধীরবাবুর বাড়ি যাওয়া দরকার।’

এখানে বলে রাখি যে, বাবাকে রাজস্থান যাচ্ছি বলাতে উনি খুব খুশি হলেন। উনি নিজে দাদুর সঙ্গে ছেলেবেলায় দুবার রাজস্থান ঘুরে এসেছেন। বললেন, ‘চিতোরটা মিস করিস না। চিতোরের কেলা দেখলে গায়ে কাঁটা দেয়। রাজপুতরা যে কত বড় বীর যোদ্ধা ছিল সেটা তাদের দুর্গের চেহারা দেখলেই বোঝা যায়।’

সন্ধ্যা সাড়ে ছটা নাগাত আমরা সাত নম্বর মেহোবাজার স্ট্রিটে গিয়ে হাজির হলাম। ফেলুদা যেতে রাজি হয়েছে শুনে সুধীরবাবুর মুখে আবার সেই গদগদ ভাব ফুটে উঠল।

‘কী বলে যে কৃতজ্ঞতা জানাব আপনাকে তা বুঝতে পারছি না।’

ফেলুদা বলল, ‘এখনও সেটার প্রয়োজন আসেনি সুধীরবাবু। এখন ধরে নিন আমরা এমনি বেড়াতে যাচ্ছি, আপনার অনুরোধে যাচ্ছি না!’

‘যাই হোক, একটু চা খাবেন তো?’

‘সময় খুব কম। আমরা কালই রওনা হচ্ছি। কিন্তু তার আগে দুটো কাজ আছে। এক হচ্ছে—আপনার ছেলের একটা ছবি চাই। আর দুই—যদি সম্ভব হয়, তা হলে সেই নীলু ছেলেটির সঙ্গে একবার দেখা করব—সেই যাকে কিডন্যাপ করেছিল।’

সুধীরবাবু বললেন, ‘এমনিতে সে ছেলে বিকেলে বাড়িতে থাকে না। তা ছাড়া পুজোর বাজার, বুঝতেই তো পারছেন। তবে আজ বোধহয় তাকে আর বেরোতে দেবে না। দাঁড়ান, আগে ছবিটা এনে দিই আপনাকে।’

সুধীরবাবুর বাড়ির তিনটে বাড়ি পরে একই ফুটপাথে হল সলিসিটর শিবরতন মুখার্জির বাড়ি। ভদ্রলোক বাড়িতেই ছিলেন; সামনের বৈঠকখানায় তক্তাপোশে একজন মুখে শ্বেতির দাগওয়ালা লোকের সঙ্গে বসে চা খাচ্ছিলেন। সুধীরবাবুর কথা শুনে বললেন, ‘আপনার ছেলের দৌলতে আমার নাতিরও যে খ্যাতি বেড়ে যাচ্ছে দেখতে পাচ্ছি।—বসুন আপনারা। মনোহর!’

চাকর এলে পর শিবরতনবাবু বললেন, ‘এঁদের তিনজনের জন্য চা কর। আর দেখ তো নীলু আছে কি না—বল আমি ডাকছি।’

আমরা একটা বড় টেবিলের পাশে তিনটে চেয়ারে বসেছিলাম। আমাদের দু পাশের



য়ালের সামনে সিলিং পর্যন্ত উচু আলমারি মোটা মোটা বইয়ে ঠাসা। ফেলুদা বলে যে ইনের ব্যাপারে যত বই লাগে, অন্য কিছুতেই নাকি তত লাগে না।

আমি এই ফাঁকে একবার মুকুলের ফোটোটা ভাল করে দেখে নিলাম। বাড়ির ছাতে গলা ছবি। ছেলেটি রোদে ভুরু কঁচকে গভীর মুখ করে সোজা ক্যামেরার দিকে তাকিয়ে যচ্ছে।

শিবরতনবাবু বললেন, 'নীলুকে আমরাও অনেক কিছু জিজ্ঞেস-টিজ্ঞেস করেছি। গোড়ার কে তো কথাই বলছিল না; নাভাস শকে গুম মেরে গিয়েছিল। বিকেলের দিক থেকে কটু নরম্যাল মনে হচ্ছে।'

'পুলিশে খবর দেওয়া হয়নি?' ফেলুদা জিজ্ঞেস করল।

'ধরে নিয়ে যাবার পর দেওয়া হয়েছিল। তবে তারা কিছু করবার আগেই তো দেখছি ম্রত এসে গেল।'

এইবার নীলু ছেলেটি এসে চাকরের সঙ্গে ঘরে ঢুকল। সত্যিই, ছবিতে মুকুলের যে হারা দেখছি, তার সঙ্গে বেশ মিল আছে। দেখে বেশ বোঝা যাচ্ছে ছেলেটির এখনও ভয় টেনি। সে সন্দেহের ভাব করে আমাদের দিকে চেয়ে রয়েছে।

ফেলুদা হঠাৎ প্রশ্ন করে বসল, 'তোমার হাতে বুঝি বাথা পেয়েছ, নীলু?'

শিবরতন কী জানি একটা বলতে যাচ্ছিলেন, কিন্তু ফেলুদা তাঁকে ইশারা করে থামিয়ে ল। নীলু নিজেই প্রশ্নটার জবাব দিল—

'ওরা যখন আমার হাত ধরে টানল, তখন আমার হাতে ভীষণ জ্বালা করল।'

কবজির কিছু ওপরে কাটা দাগটা স্পষ্ট বোঝা যাচ্ছে।

ফেলুদা বলল, 'ওরা বলছে—তার মানে একজনের বেশি লোক ছিল বুঝি?'

'একজন লোক আমার চোখটা আর মুখটা চেপে ধরলে, আর কোলে তুলে নিয়ে গাড়িতে চল। আর আরেকজন তো গাড়ি চালাল। আমার খুব ভয় করছিল।'

‘আমারও ভয় করত,’ ফেলুদা বলল, ‘তোমার চেয়েও বেশি। তুমি খুব সাহসী। তো তোমাকে যখন ধরল, তখন তুমি কী করছিলে?’

‘আমি ঠাকুর দেখতে যাচ্ছিলাম। মতিদের বাড়িতে পূজো হয়। মতি আমার ক্লাসে পড়ে।’

‘রাস্তায় তখন বেশি লোকজন ছিল না বুঝি?’

শিবরতনবাবু বললেন, ‘এ দিকটায় পরশু একটা গোলমাল হয়ে গেছে। বোমা-টোমা পড়েছিল। তাই কাল সন্দের দিকে লোক চলাচলটা একটু কমেছে।’

ফেলুদা মাথা নেড়ে একটা হুঁ শব্দ করে আবার নীলুর দিকে ফিরে বলল, ‘তোমাকে ওরা কোথায় নিয়ে গেল?’

‘জানি না। আমার চোখ বেঁধে দিয়েছিল। অনেকক্ষণ গাড়ি চলল।’

‘তারপর?’

‘তারপর একটা চেয়ারে বসাল। তারপর বসিয়ে একজন বলল, তুমি কোন ইন্সুলে পড়? আমি ইন্সুলের নাম বললাম। তারপর বলল, তোমাকে যা জিজ্ঞেস করছি তার ঠিক ঠিক উত্তর দাও, তা হলে তোমার ইন্সুলের সামনে নামিয়ে দেব, আর তা হলে তুমি বাড়ি যেতে পারবে তো? আমি বললাম, হ্যাঁ পারব। তারপর আমি বললাম, কী জিজ্ঞেস করবে তাড়াতাড়ি করো, দেরি হলে মা বকবে। তখন লোকটা বলল, সোনার কেলা কোথায়? তখন আমি বললাম, আমি জানি না, আর মুকুলও জানে না; ও খালি সোনার কেলা জানে। তখন ওরা সব কী ইংরিজিতে বলল, মিসটেক। তারপর বলল, তোমার নাম কী? আমি বললাম, মুকুল আমার বন্ধু কিন্তু সে রাজস্থানে চলে গেছে। তখন বলল, জায়গাটার নাম তুমি জান? আমি বললাম, জয়পুর।’

‘জয়পুর বললে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না না, যোধপুর। হ্যাঁ, যোধপুর বললাম।’

নীলু একটু থামল। আমরাও সকলে চুপ। চাকর চা আর মিষ্টি এনে রেখে গেছে, কিন্তু কারুরই সে দিকে দৃষ্টি নেই। ফেলুদা বলল, ‘আর কিছু মনে পড়ছে?’

নীলু একটু ভেবে বলল, ‘একজন লোক সিগারেট খাচ্ছিল। না না, চুরুট।’

‘তুমি চুরুটের গন্ধ জান?’

‘আমার মেসোমশাই খায় যে।’

‘সেই রাতে তুমি ঘুমোলে কোথায়?’ ফেলুদা প্রশ্ন করল।

নীলু বলল, ‘জানি না তো।’

‘জান না? জান না মানে?’

‘আমাকে একবার বলল, দুধ খাও। তারপর একটা খুব ভারী গেলাসে দুধ দিল আর আমি খেলাম। আর তারপর তো আমি ঘুমিয়ে পড়লাম বসে বসেই।’

‘তারপর? ঘুম ভাঙল কখন?’

নীলু একটু বেচারা-বেচারা ভাব করে শিবরতনবাবুর দিকে তাকাল। শিবরতনবাবু হেসে বললেন, ‘ওর ঘুম ভাঙে বাড়িতে আসার পর। ওকে ওর স্কুলের সামনে ফেলে দিয়ে গিয়েছিল। তখন ও ঘুমন্ত। বোধহয় ভোর রাত্রের দিকে। তারপর আমাদের বাড়িতে যে লোকটা খবরের কাগজ দেয়, সে ভোরে সাইকেল করে ওখান দিয়ে যাবার সময় দেখতে পায়। ও-ই এসে আমাদের বাড়িতে খবর দেয়। তারপর আমি আর আমার ছেলে গিয়ে ওকে নিয়ে আসি। ডাক্তার বললে যে, কোনও ঘুমের ওষুধ একটু হেভি ডোজে খাইয়ে দিয়েছিল আর কী।’

ফেলুদা গম্ভীর। চায়ের পেয়ালাটা তুলে নিয়ে চাপা গলায় একবার শুধু বলল, ‘স্কাউন্ডেলস্ !’ তারপর নীলুকে পিঠ চাপড়িয়ে দিয়ে বলল, ‘থ্যাক্স ইউ নীলুবাবু। এবার তুমি যেতে পারো।’

শিবরতনবাবুর কাছ থেকে বিদায় নিয়ে রাস্তায় বেরোবার পর সুধীরবাবু বললেন, ‘চিন্তার কারণ আছে বলে মনে করছেন কি?’

ফেলুদা বলল, ‘কয়েকজন অত্যন্ত লোভী এবং বেরোয়া লোক যে আপনার ছেলের ব্যাপারে একটু বেশি মাত্রায় কৌতূহলী হয়ে পড়েছে সে তো দেখতেই পাচ্ছি। তবে তারা রাজস্থান পর্যন্ত যাবে কিনা সেটা বলা মুশকিল। ভাল কথা, আপনি বরং আমাকে একটা চিঠি দিয়ে দিন। ডক্টর হাজরা তো আর আমাকে চেনেন না। আপনি আমাকে ইনট্রোডিউস করে দিলে সুবিধে হবে।’

চিঠিটা দেবার পর সুধীরবাবু আরেকবার ফেলুদাকে রাজস্থানের ভাড়াটা অফার করলেন। ফেলুদা তাতে কানই দিল না। বাসস্টপের কাছাকাছি এসে ভদ্রলোক বললেন, ‘গিয়ে অন্তত একটা খবর দেবেন স্যার। বড্ড চিন্তায় থাকব। অবিশ্যি ডাক্তারবাবু লিখবেন চিঠি, নিজেই কথা দিয়েছেন। কিন্তু যদি নাও লেখেন, আপনি অন্তত একখানা...’

বাড়িতে ফিরে এসে গোছগাছ করার আগে ফেলুদা তার বিখ্যাত নীল খাতা ভলিউম সিক্স খুলে খাটে বসে বলল, ‘কতগুলো তারিখের হিসেব বল তো দেখি—লিখে নি। ডক্টর হাজরা মুকুলকে নিয়ে রাজস্থান রওনা হয়েছেন কবে?’

‘গতকাল ৯ই অক্টোবর।’

‘নীলুকে কিডন্যাপ করেছিল কবে?’

‘কালই। সন্ধ্যাবেলা।’

‘ফেরত দিয়েছে আজ সকালে, অর্থাৎ ১০ই। আমরা রওনা হচ্ছি কাল ১১ই সকালে। আগ্রা পৌঁছাব ১২ই। সেদিনই বিকেলে ট্রেনে চড়ে সেদিনই রাত্রে পৌঁছাব বান্দিবুই। বান্দিবুই থেকে রাত ১২টায় গাড়ি, মাড়ওয়ার পৌঁছাব পরদিন ১৩ই দুপুরে। সেখান থেকে আবার গাড়ি বদল করে যোধপুর পৌঁছাব সেদিনই—অর্থাৎ ১৩ই—সন্ধ্যাবেলা, ১৩ই...১৩ই...’

এইভাবে ফেলুদা কিছুক্ষণ আপন মনে বিড়বিড় করে কী জানি ক্যালকুলেট করল। তারপর বলল, ‘জিয়োমেট্রি। এখানেও জিয়োমেট্রি। একটা বিন্দু—সেই বিন্দুর দিকে কনভার্জ করছে কতগুলো লাইন। জিয়োমেট্রি...’

৩

আমরা আধ ঘণ্টা হল আগ্রা ফোর্ট স্টেশন থেকে বান্দিবুইয়ের ট্রেনে চেপেছি। আগ্রায় হাতে তিন ঘণ্টা সময় ছিল। সেই ফাঁকে দশ বছর বাদে আরেকবার তাজমহলটা দেখে নিলাম, আর ফেলুদাও আমাকে তাজের জিয়োমেট্রি সম্পর্কে একটা ছোটখাটো লেকচার দিয়ে দিল।

গতকাল কলকাতা ছাড়ার আগে একটা জরুরি কাজ সেরে নিয়েছিলাম—সেটার কথা এখানে বলে রাখি। তুফান এক্সপ্রেস ছাড়বে সকাল সাড়ে নটায়, তাই আমরা ঘুম থেকে উঠেছিলাম খুব ভোরে। ছটা নাগাত চা খাবার পর ফেলুদা বলল, ‘একবার তোর সিধু জ্যাঠার ওখানে টু মারতে হচ্ছে। ভদ্রলোকের কাছ থেকে কিছু তথ্য জোগাড় করতে পারলে সুবিধে হবে।’

সিধু জ্যাঠা থাকেন সদার শঙ্কর রোডে। আমাদের তারা রোড থেকে হেঁটে যেতে লাগে

পাঁচ মিনিট। এখানে বলে রাখি, সিধু জ্যাঠা জীবনে নানারকম ব্যবসা করে অনেক টাকা রোজগারও করেছেন, আবার অনেক টাকা খুইয়েওছেন। আজকাল আর কাজকর্ম করেন না। বইয়ের ভীষণ শখ, তাই গুচ্ছের বই কেনেন, কিছুটা সময় সেগুলো পড়েন, বাকি সময়টা একা একা বই দেখে দাবা খেলেন, আর খাওয়া নিয়ে এক্সপেরিমেন্ট করেন। এক্সপেরিমেন্টটা হচ্ছে এক খাবারের সঙ্গে আরেক খাবার মিশিয়ে খাওয়া। উনি বলেন দইয়ের সঙ্গে অমলেট মেখে খেতে নাকি অমৃতের মতো লাগে। আসলে সম্পর্কে আমাদের কিছুই হন না উনি। আমাদের যে পৈতৃক গ্রাম (আমি যাইনি কক্ষনও) উনি সে গ্রামেরই লোক, আর আমাদের বাড়ির পাশেই ওঁর বাড়ি ছিল। উনি তাই আমার বাবার দাদা আর আমার জ্যাঠামশাই।

ওঁর বাড়িতে পৌঁছে দেখি সিধু জ্যাঠা দরজার ঠিক মুখটায় একটা মোড়ার উপর বসে নাপিতকে দিয়ে চুল ছাঁটাচ্ছেন, যদিও মাথার পিছন দিকে ছাড়া আর কোথাও চুল নেই তাঁর। আমাদের দেখে মোড়াটা পাশ করে বললেন, ‘বোসো। নারায়ণকে হাঁক দিয়ে বলো চা দেবে।’

একটা তক্তাপোশ, দুটো চেয়ার, আর ইয়া বড় বড় তিনটে বইয়ের আলমারি ছাড়া ঘরে আর কিছু নেই। তক্তাপোশটারও অর্ধেকটা বইয়ে বোঝাই। আমরা জানতাম ওই খালি জায়গাটাই সিধু জ্যাঠার জায়গা, তাই আমরা চেয়ার দুটোতে বসলাম। ফেলুদা তার ধার-করা মলাট দেওয়া বইটা সঙ্গে এনেছিল, সেটা একটা আলমারির একটা তাকের ফাঁকে গুঁজে দিল।

চুল কাটতে কাটতেই সিধু জ্যাঠা বললেন, ‘ফেলু যে গোয়েন্দাগিরি করছ, ক্রিমিন্যাল ইনভেস্টিগেশনের ইতিহাসটা একবার ভাল করে পড়ে নিয়েছ তো? যে কাজেই স্পেশলাইজ করো না কেন, তার ইতিহাসটা জানা থাকলে কাজে আনন্দ আর কনফিডেন্স দুটোই পাবে বেশি।’

ফেলুদা নরম সুরে বলল, ‘আজ্ঞে হ্যাঁ, তা তো বটেই।’

‘এই যে আঙুলের ছাপ দেখে ক্রিমিন্যাল ধরার পদ্ধতি, এটার আবিষ্কর্তা কে জানো?’

ফেলুদা আমার দিকে চোখ টিপে বলল, ‘ঠিক মনে পড়ছে না; পড়েছিলাম বোধহয়।’

আমি বুঝলাম ফেলুদার দিব্যি মনে আছে, কিন্তু সে সিধু জ্যাঠাকে খুশি করার জন্য ভুলে যাওয়ার ভান করছে।

‘হুঁ! জিজ্ঞেস করলে অনেকেই দেখবে ফস করে বলে বসবে আলফোর্স বোর্তিয়োঁ। কিন্তু সেটা ভুল। কারেক্ট নামটা হচ্ছে হুয়ান ভুকেটিচ। মনে রেখো। আর্জেন্টিনার লোক। বুড়ো আঙুলের ছাপের ওপর ইনিই প্রথম জোরটা দেন। আর সে ছাপকে চারটে ক্যাটেগরিতে ভাগ করেন উনিই। অবিশ্যি তার কয়েক বছর পরে ইংল্যান্ডের হেনরি সাহেব আরও মজবুত করেন এই সিস্টেমকে।’

ফেলুদা আর বেশি সময় নষ্ট না করে ঘড়ি দেখে বলল, ‘আপনি ডক্টর হেমাঙ্গ হাজারার নাম শুনেছেন বোধহয়। যিনি প্যারাসাইকলজি নিয়ে—’

‘পাড়া-ছাই-চলো-যাই?’

এটা সিধু জ্যাঠার একটা বাতিক। একেকটা ইংরিজি কথাতে উনি এইভাবেই বেকিয়ে বাংলা করে বলেন। Exhibition হল ইস্-কী ভীষণ, Impossible হল আম-পচে-বেল, Dictionary হল দ্যাখস-নাড়ী, Governor হল গোবর-নাড়ু—এই রকম আর কী।

‘শুনেছি বইকী!’ বললেন সিধু জ্যাঠা। ‘এই তো সেদিনও কাগজে নাম দেখলাম ওর। কেন—তাকে নিয়ে আবার কী? কিছু গোলমাল করেছে নাকি? ও তো গোলমাল করার লোক নয়। বরং উলটো। অন্যদের বুজরুকি ধরে দিয়েছে ও।’

‘তাই বুঝি ?’ ফেলুদা বুঝেছে যে একটা ইন্টারেস্টিং খবরের সম্ভাবনা দেখা দিয়েছে ।

‘সে জানো না বুঝি ? বছর চারেক আগের ব্যাপার । কাগজে বেরিয়েছিল তো । শিকাগোতে এক বাঙালি ভদ্রলোক—ভদ্র আর বলি কী করে, চরম ছোটলোক—এক আধ্যাত্মিক চিকিৎসালয় খুলে বসেছিল । খাস শিকাগো শহরে । তরতর করে আমেরিকান খন্দের জুটে যায়, বুঝেছ । হুজুগে জাত তো, আর পয়সা অটেল । হিপ্পনটিজম অ্যাপ্লাই করে দুরারোগ্য ব্যাধি সারিয়ে দেব বলে ক্লেম করেছিল । এইটিনথ সেঞ্চুরিতে ইউরোপে আনটন মেসমার যা করে । এর বেলা দু-একটা ছুটছাট লেগেও গিয়েছিল বোধ হয়—যেমন হয় আর কী । সেই সময় হাজারা শিকাগোতে বক্তৃতা দিয়ে যায় । সে জানতে পেরে ব্যাপারটা চাক্ষুষ করতে যায় ; গিয়ে ভগামি ধরে ফেলে । সে এক স্ক্যান্ডাল । শেষ পর্যন্ত লোকটাকে দেশছাড়া করে ছেড়েছিল আমেরিকান সরকার । হ্যাঁ হ্যাঁ—নাম নিয়েছিল ভবানন্দ ।...হাজারা খুব সলিড লোক । অন্তত লেখাটেখা পড়ে তো তাই মনে হয় । খান দুয়েক লেখা তো আমার কাছেই রয়েছে । বাঁদিকের আলমারির তলার তাকে ডান কোণে দেখো তো । প্যারাসাইকলজিক্যাল সোসাইটির তিনখানা জার্নাল পাবে...’

ফেলুদা ম্যাগাজিন তিনটে ধার করে নেয় । এখন ট্রেনে বসে ও সেগুলোই উলটে-পালটে দেখছে । আমি জানালা দিয়ে বাইরের দৃশ্য দেখছি । উত্তরপ্রদেশ পেরিয়ে রাজস্থানে ঢুকেছি কিছুক্ষণ আগেই ।

‘এখানে রোদের তেজই আলাদা । সাধে কি আর লোকগুলো এত পাওয়ারফুল !’

কথাটা এল আমাদের সামনের বেঞ্চি থেকে । ফোর-বার্থ কম্পার্টমেন্ট, আর যাত্রীও আছি সবসুদ্ধ চারজন । যিনি কথাটা বললেন তিনি দেখতে অত্যন্ত নিরীহ, রীতিমতো রোগা, আর হাইটে নিঘাতি আমার চেয়েও অন্তত দু ইঞ্চি কম । আমার তো তাও বয়স মাত্র পনেরো, তাই বাড়ার বয়স যায়নি । ইনি কমপক্ষে পঁয়ত্রিশ, কাজেই যেমন আছেন তেমনই থাকবেন । ইনি যে বাঙালি সেটা এতক্ষণ বুঝতে পারিনি, কারণ বুশ শার্ট আর প্যান্ট থেকে বোঝা খুব শক্ত । ভদ্রলোক ফেলুদার দিকে তাকিয়ে মুচকি হেসে বললেন, ‘অনেকক্ষণ থেকে আপনাদের কথা শুনচি । দূর দেশে এসে জাতভাইয়ের সাক্ষাৎ পাওয়া কি কম সৌভাগ্যের কথা ? আমি তো ধরেই নিয়েছিলুম এই একটা মাস মাতৃভাষাটাকে একরকম বাধ্য হয়েই বয়কট করতে হবে ।’

ফেলুদা হয়তো খানিকটা ভদ্রতার খাতিরেই জিজ্ঞেস করল, ‘কদরূর যাবেন ?’

‘যোধপুরটা তো পৌঁছই, তারপর দেখা যাবে । আপনারা ?’

‘আমরাও আপাতত যোধপুর ।’

‘বাঃ—চমৎকার হল । আপনিও কি লেখেন-টেখেন নাকি ?’

‘আজ্ঞে না ।’ ফেলুদা হাসল । ‘আমি পড়ি । আপনি লেখেন ?’

‘জটায়ু নামটা চেনা চেনা লাগচে কি ?’

জটায়ু ? সেই যে সব রোমহর্ষক অ্যাডভেঞ্চার উপন্যাস লেখেন ? আমি তো পড়েওছি তার দু-একটা বই—‘সাহারায় শিহরণ’, ‘দুর্ধর্ষ দুঃসমণ’—আমাদের স্কুলের লাইব্রেরি থেকে নিয়ে ।

‘আপনিই জটায়ু ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘আজ্ঞে হ্যাঁ—ভদ্রলোকের দাঁত বেরিয়ে গেল, ঘাড় নুয়ে পড়ল—‘এই অধমের ছদ্মনামই জটায়ু । নমস্কার ।’

‘নমস্কার । আমার নাম প্রদোষ মিত্তির । ইনি শ্রীমান তপেশরঞ্জন ।’

ফেলুদা হাসি চেপে রেখেছে কী করে ? আমার তো সেই যাকে বলে পেট থেকে

ভসভসিয়ে সোডার মতো হাসি গলা অবধি উঠে এসেছে। ইনিই জটায়ু! আর আমি ভাবতাম, যে রকম গল্প লেখে, চেহারা নিশ্চয়ই হবে একেবারে জেমস বন্ডের বাবা।

‘আমার আসল নাম লালমোহন গাঙ্গুলী। অবিশ্যি বলবেন না কাউকে। ছদ্মনামটা, মানে, ছদ্মবেশের মতোই—ধরা পড়ে গেলে তার আর কোনও ইয়ে থাকে না।’

আমরা আশ্রয় থেকে কিছু গুলাবি রেউড়ি নিয়ে এসেছিলাম, ফেলুদা ঠোঙাটা ভদ্রলোকের দিকে এগিয়ে দিয়ে বললেন, ‘আপনি তো বেশ কিছু দিন থেকেই ঘুরছেন বলে মনে হচ্ছে।’

ভদ্রলোক ‘হ্যাঁ, তা—’ বলে একটা রেউড়ি তুলে নিয়েই কেমন যেন থতমত খেয়ে গেলেন। ফেলুদার দিকে অবাক হয়ে চেয়ে বললেন, ‘আপনি জানলেন কী করে?’

ফেলুদা হেসে বললেন, ‘আপনার ঘড়ির ব্যান্ডের তলা দিয়ে আপনার গায়ের চামড়ার রোদে-না-পোড়া আসল রংটা মাঝে মাঝে বেরিয়ে পড়ছে।’

ভদ্রলোক চোখ গোল গোল করে বললেন, ‘ওরেব্বাসরে, আপনার তো ভয়ঙ্কর অবজারভেশন মশাই। ঠিকই ধরেছেন। দিল্লি, আগ্রা, ফতেপুর সিক্রি—এই সব একটু ঘুরে দেখলুম আর কী। দিন দশেক হল বেরিয়েছি। অ্যাডিন শ্রেফ বাড়িতে বসে বসে দেশ-বিদেশের গল্পো লিখিচি। থাকি ভদ্রেস্বরে। এবার তাই ভাবলুম—একটু ঘুরে দেখা যাক, লেখার সুবিধে হবে। আর অ্যাডভেঞ্চারের গল্পো এই সব দিকেই জমে ভাল, বলুন! দেখুন না কী রকম সব রুক্ষ পাহাড়, বাইসেপ-ট্রাইসেপের মতো ফুলে ফুলে রয়েছে! বাংলাদেশের—এক হিমালয় ছাড়া—মাস্লে নেই মশাই। সমতলভূমিতে কি অ্যাডভেঞ্চার জমে?’

আমরা তিনজনে রেউড়ি খেতে লাগলাম। জটায়ু দেখি মাঝে মাঝে আড়চোখে ফেলুদার দিকে দেখছেন। শেষটায় বললেন, ‘আপনার হাইট কত মশাই? কিছু মনে করবেন না।’

‘প্রায় ছয়’, ফেলুদা বলল।

‘ওঃ, দারুণ হাইট। আমার হিরোকেও আমি ছয় করিচি। প্রথর রুদ্র—জানেন তো? রাশিয়ান নাম—প্রথর, কিন্তু বাঙালিকেও কী রকম মানিয়ে গেছে বলুন! আসলে নিজে যা হতে পারলুম না, বুঝেছেন, হিরোদের মধ্যে দিয়ে সেই সব আশ মিটিয়ে নিচি। কম চেষ্টা করিচি মশাই হবার জন্যে? সেই কলেজে থাকতে চার্লস অ্যাটলাসের বিজ্ঞাপন দেখতুম বিলিতি ম্যাগাজিনে। বুক চিতিয়ে মাস্লে ফুলিয়ে কোমরে হাত দিয়ে দাঁড়িয়ে আছে। কী হাতের গুলি, কী বুকের ছাতি, কোমরখানা একেবারে সিংহের মতো। চর্বি নেই এক ফোঁটা সারা শরীরে। মাথা থেকে পা অবধি টেউ খেলে গেছে মাস্লের। বলছে—এক মাসের মধ্যে আমার মতো চেহারা হয়ে যাবে, আমার সিস্টেম ফলো করে। ওদের দেশে হতে পারে মশাই। বাংলাদেশে ইমপসিবল। বাপের পয়সা ছিল, কিছু নষ্ট করলুম, লেসন আনালুম, ফলো করলুম—কিস্যু হল না। যেই কে সেই। মামা বললেন—পর্দার রড ধরে ঝুলবি রোজ, দেখবি একমাসের মধ্যে হাইট বেড়ে যাবে। কোথায় একমাস! ঝুলতে ঝুলতে একদিন মশাই রড সুদ্ধ খসে মাটিতে পড়ে হাঁটুর হাড় ডিসলোকেট হয়ে গেল, অথচ আমি সেই পাঁচ সাড়ে তিন—সেই পাঁচ সাড়ে তিনই রয়ে গেলাম। বুঝলুম, টাগ অফ ওয়ারের দড়ির বদলে আমাকে ধরে টানলেও লম্বা আমি হব না। শেষটায় ভাবলুম—দুগোরি, গায়ের মাস্লের কথা আর ভাবব না, তার চেয়ে ব্রেনের মাস্লের দিকে অ্যাটেনশন দেওয়া যাক। আর মেনটাল হাইট। শুরু করলাম রোমাঞ্চ উপন্যাস লেখা। লালমোহন গাঙ্গুলী নাম তো আর চলে না, তাই নিলুম ছদ্মনাম—জটায়ু। ফাইটার। কী ফাইটটা দিয়েছিল রাবণকে বলুন তো!’

ট্রেনটাকে ফাস্ট প্যাসেঞ্জার বললেও কাছাকাছির মধ্যে এত স্টেশন পড়ছে যে

পনেরো-কুড়ি মিনিটের বেশি একটানা গাড়ি চলতেই পারছে না। ফেলুদা প্যারাসাইকলজিক্যাল পত্রিকা ছেড়ে এখন রাজস্থানের বিষয় একটা বই পড়তে শুরু করেছে। রাজস্থানের কেল্লার সব ছবি রয়েছে এ বইতে। সেগুলো সে খুব খুঁটিয়ে দেখছে আর মন দিয়ে তাদের বর্ণনা পড়ছে। আমাদের সামনে আপার বার্থে আরেকজন ভদ্রলোক রয়েছেন, তার গোর্ফ আর পোশাক দেখলেই বোঝা যায় তিনি বাঙালি নন। ভদ্রলোক একটার পর একটা কমলালেবু খেয়ে চলেছেন, আর তার খোসা আর ছিবড়ে ফেলছেন সামনে পাতা একটা উর্দু খবরের কাগজের উপর।

ফেলুদা পকেট থেকে একটা নীল পেনসিল বার করে হাতের বইটাতে দাগ দিচ্ছিল, এমন সময় লালমোহনবাবু বললেন, ‘কিছু মনে করবেন না—আপনি কি মশাই গোয়েন্দা জাতীয় কিছু?’

‘কেন বলুন তো?’

‘না, মানে, যেভাবে ফস করে তখন আমার ব্যাপারটা বলে দিলেন...’

‘আমার ও ব্যাপারে ইন্টারেস্ট আছে।’

‘বাঃ! তা আপনারাও তো যোধপুরেই যাচ্ছেন বলে বললেন।’

‘আপাতত।’

‘কোনও রহস্য আছে নাকি? যদি থাকে তো আমি কিন্তু আপনাদের সঙ্গে ঝুলে পড়ব—ইফ ইউ ডেন্ট মাইন্ড। এমন সুযোগ আর আসবে না।’

‘আপনার উটের পিঠে চড়তে আপত্তি নেই তো?’

‘আরেবাস, উট!’ ভদ্রলোকের চোখ জ্বলজ্বল করে উঠল। ‘শিপ অফ দি ডেজার্ট! এ তো আমার স্বপ্ন মশাই। আমার ‘আরক্ত আরব’ উপন্যাসে আমি বেদুইনের কথা লিখেছি যে! তা ছাড়া ‘সাহারায় শিহরণ’—এও আছে। অদ্ভুত জীব। নিজের ওয়াটার সাপ্লাই নিজের পাকস্থলীর মধ্যে নিয়ে বালির সমুদ্র দিয়ে সার বেঁধে চলেছে। কী রোমান্টিক—ওঃ!’

ফেলুদা বলল, ‘পাকস্থলীর ব্যাপারটা কি আপনার বইয়ে লিখেছেন নাকি?’

লালমোহনবাবু থতমত খেয়ে বললেন, ‘ওটা ঠিক নয় বুঝি?’

ফেলুদা মাথা নেড়ে বলল, ‘জল আসে উটের কুঁজ থেকে। কুঁজটা আসলে চর্বি। ওই চর্বিকে অক্সিডাইজ করে উট জল করে নেয়। এক নাগাড়ে দশ পনেরো দিন ওই চর্বির জোরে জল না খেয়ে থাকতে পারে। অবিশ্যি একবার জলের সন্ধান পেলে দশ মিনিটে পঁচিশ গ্যালনও খেয়ে নেয় বলে শোনা গেছে।’

লালমোহনবাবু বললেন, ‘ভাগ্যিস বললেন। নেক্সট এডিশনে ওটা কারেক্ট করে দেব।’

এখানকার ট্রেন টিমে হলেও, বেশি যে লেট করছে না এটাই ভাগ্যি। গাড়ি বদল করার ব্যাপার যেখানে থাকে, সেখানে লেট করলে অনেক সময় ভারী মুশকিল হয়।

ভরতপুর স্টেশনে এসে আমরা প্রথম ময়ূর দেখলাম। প্ল্যাটফর্মের উলটো দিকে তিনটে ময়ূর দিখি লাইনের উপর ঘুরে বেড়াচ্ছে। ফেলুদা বলল, ‘কলকাতায় যেমন কাক-চড়ুই দেখিস সর্বত্র, এখানে তেমনি দেখবি ময়ূর আর টিয়া।’

লোকজন যা দেখা যাচ্ছে, তাদের মধ্যে পাগড়ি আর গালপাট্টার সাইজ ক্রমেই বেড়ে চলেছে। এরা সবাই রাজস্থানি। এদের পরনে খাটো ধুতি হাঁটু অবধি তোলা, আর এক পাশে বোতামওয়ালা জামা। এ ছাড়া পায়ে আছে ভারী নাগরা, আর অনেকের হাতেই একটা করে

লাঠি।

বান্দিকুই স্টেশনের রিফ্রেশমেন্ট রুমে বসে রুটি আর মাংসের ঝোল খেতে খেতে লালমোহনবাবু বললেন, ‘এই যে সব লোক দেখছেন, এদের মধ্যে এক-আধটা ডাকাত থাকার সম্ভাবনা কিন্তু খুব বেশি। আরাবল্লী পাহাড় হল গিয়ে ডাকাতদের আস্তানা, জানেন তো? আর এ সব ডাকাত কী রকম পাওয়ারফুল হয়, সেটা নিশ্চয়ই আপনাকে বলে দিতে হবে না। জানালার লোহার শিক দু হাতে দু দিকে টেনে ফাঁক করে জেলখানা থেকে পালায় মশাই এরা।’

ফেলুদা বলল, ‘জানি। আর কারুর উপর খেপে গেলে এরা কীভাবে শাস্তি দেয় বলুন তো?’

‘মেরে ফেলে নিশ্চয়ই?’

‘উহু। ওইখানেই তো মজা। সে লোক যেখানেই থাকুক না কেন, তাকে খুঁজে বের করে তলোয়ার দিয়ে নাকটা কেটে ছেড়ে দেয়।’

লালমোহনবাবুর হাতের মাংসের টুকরোটা আর মুখে পোরা হল না।

‘নাক কেটে?’

‘তাই তো শুনেছি।’

‘এ যে সেই পৌরাণিক যুগের সাজার মতো মনে হচ্ছে মশাই। কী সাংঘাতিক!’

মাঝরাতিরে মাড়ওয়ারের ট্রেনে ওঠার সময় অন্ধকারে একটু ইঁপচোড় প্যাঁচোড় করতে হলেও, জায়গা পেতে অসুবিধা হল না। রাত্রে ঘুমও হল ভাল। সকালে ঘুম থেকে উঠে চলন্ত ট্রেনের জানালা দিয়ে একটা পাহাড়ের মাথায় একটা পুরনো কেল্লা দেখতে পেলাম। তার এক মিনিটের মধ্যেই গাড়ি কিষণগড় স্টেশনে এসে থামল। ফেলুদা বলল, ‘জায়গার নামে গড় আছে দেখলেই বুঝাবি কাছাকাছির মধ্যে কোথাও এ রকম একটা পাহাড়ের উপর একটা কেল্লা আছে।’

কিষণগড় স্টেশনে প্ল্যাটফর্মে নেমে চা খেলাম। এখানকার চায়ের ভাঁড়গুলো দেখলাম বাংলাদেশের ভাঁড়ের চেয়ে অনেক বেশি বড় আর মজবুত। চায়ের স্বাদও একটু অন্য রকম। ফেলুদা বলল যে, উটের দুধ দিয়ে তৈরি। সেটা শুনেই বোধহয় লালমোহনবাবু পর পর দু ভাঁড় চা খেলেন।

চা খেয়ে প্ল্যাটফর্মের কলে চট করে দাঁতটা মেজে চোখেমুখে জলের ঝাপটা দিয়ে গাড়িতে ফিরে এসে দেখি, বিরাট পাগড়ি মাথায় একটা রাজস্থানি লোক নাক অবধি চাদরে ঢেকে বেঞ্চির উপর পা তুলে হাঁটুর উপর থুতনি ভর করে লালমোহনবাবুর বেঞ্চির একটা পাশ দখল করে বসে আছে। চাদরের ফাঁক দিয়ে ভেতরের জামার রংটা দেখলাম টকটকে লাল।

লালমোহনবাবু কামরায় ঢুকে তাকে দেখেই সটান নিজের জায়গা ছেড়ে আমাদের বেঞ্চির একটা কোণে বসে পড়লেন। ফেলুদা ‘তোরা আরাম করে বোস’ বলে একেবারে সেই রাজস্থানিটার পাশেই বসে পড়ল।

আমি লোকটার পাগড়িটা লক্ষ করছিলাম। কত অজস্র প্যাঁচ আছে ওই পাগড়িতে সেটা ভেবে কুলকিনারা পাচ্ছিলাম না। লালমোহনবাবু চাপা গলায় ফেলুদাকে উদ্দেশ্য করে বলল, ‘পাওয়ারফুল সাস্পিশাস্। এ রকম চাষাভুষার মতো পোশাক অথচ দিব্যি প্রথম শ্রেণীতে উঠে বসে আছে। কত হিরে-জহরত আছে ওই পুঁটলিটার মধ্যে কে জানে!’

পুঁটলিটা পাশেই রাখা ছিল। ফেলুদা খালি একটু হাসল, মুখে কিছু বলল না।

গাড়ি ছেড়ে দিল। ফেলুদা তার ঝোলায় ভিতর থেকে রাজস্থানের বইটা বার করে নিল। আমি নিউম্যানের ব্র্যাডশ টাইম-টেবলটা খুলে সামনে কী কী স্টেশন পড়বে দেখতে ১৯৬



লাগলাম। অদ্ভুত নাম এখানকার সব স্টেশনের—গালোট্টা, তিলাওনিয়া, মাক্কেরা, ভেসানা, সেন্দ্রা। কোথেকে এল এ সব নাম কে জানে। ফেলুদা বলে জায়গার নামের মধ্যে নাকি অনেক ইতিহাস লুকোনো থাকে। কিন্তু সে সব ইতিহাস খুঁজে বার করবে কে?

গাড়ি ঘটর ঘটর করে চলেছে, আমি রাজকাহিনীর শিলাদিত্য বাপ্পাদিত্যের কথা ভাবছি, এমন সময় বুঝতে পারলাম আমার শার্টের পাশটায় একটা টান পড়ছে। পাশ ফিরে দেখি লালমোহনবাবুর মুখ ফ্যাকাশে হয়ে গেছে। চোখাচোখি হতেই তিনি ঢোক গিলে শুকনো গলায় ফিস ফিস করে বললেন, 'ব্লাড।'

ব্লাড? লোকটা বলে কী?

তারপর তার দৃষ্টি ঘুরে গেল সামনের রাজস্থানি লোকটার দিকে। লোকটা মাথা পিছন দিকে হেলিয়ে মুখ হাঁ করে ঘুমিয়ে আছে। এবার তার বেঞ্চির উপরে তোলা পা দুটোর দিকে চোখ গেল। দেখলাম, বুড়ো আঙুলের পাশটা ছাল উঠে রক্ত জমে রয়েছে। তারপর বুঝলাম এতক্ষণ কাপড়ে যেগুলোকে মাটির দাগ বলে মনে হচ্ছিল, সেগুলো আসলে শুকনো লালচে রক্ত।

ফেলুদার দিকে চেয়ে দেখি, ও দিব্যি একমনে বই পড়ে চলেছে।

লালমোহনবাবুর পক্ষে বোধহয় ফেলুদার নিশ্চিত ভাবটা সহ্য হল না। তিনি হঠাৎ সেই শুকনো গলাতেই বলে উঠলেন, 'মিস্টার মিটার, সাস্পিশাস্ ব্লাড-মার্কস্ অন আওয়ার নিউ কো-প্যাসেঞ্জার।'

ফেলুদা বই থেকে চোখ তুলে একবার ঘুমন্ত লোকটার দিকে দেখে নিয়ে বলল, 'প্রব্যাব্লি কজড বাই বাগ্‌স্।'

রক্তের কারণ ছারপোকা হতে পারে জেনে জটায়ু কেমন জানি মুষড়ে পড়লেন। কিন্তু তা সত্ত্বেও তার ভয় যে কটল না সেটা তার জড়োসড়ো ভাব আর বার বার ভুরু কঁচকে আড়চোখে ঘুমন্ত লোকটার দিকে চাওয়া থেকে বুঝতে পারছিলাম।

দুপুর আড়াইটার সময় গাড়ি মাড়ওয়ার জংশনে পৌঁছাল। খাওয়াটা স্টেশনের রিফ্রেশমেন্ট রুমে সেরে ঘণ্টাখানেক প্ল্যাটফর্মে পায়চারি করে সাড়ে তিনটেয় যোধপুরের গাড়িতে ওঠার সময় আর সেই লাল জামা-পরা লোকটাকে দেখতে পেলাম না।

আড়াই ঘণ্টার জার্নির মধ্যে ঘন ঘন উঠের দল চোখে পড়ায় লালমোহনবাবু বার বার

উত্তেজিত হয়ে পড়ছিলেন। যোধপুরে পৌঁছালাম ছটা বেজে দশ মিনিটে। ট্রেনটি কুড়ি মিনিট লেট করেছে। কলকাতা হলে এতক্ষণে সূর্য ডুবে যেত, কিন্তু এ দিকটা পশ্চিমে বলে এখনও দিব্যি রোদ রয়েছে।

আমাদের বুকিং ছিল সার্কিট হাউসে। লালমোহনবাবু বললেন তিনি নিউ বম্বে লজে থাকছেন। ‘কাল সকাল সকাল এসে পড়ব, একসঙ্গে ফোর্টে যাওয়া যাবে’ বলে ভদ্রলোক টাক্সার লাইনের দিকে এগিয়ে গেলেন।

আমরা একটা ট্যাক্সি নিয়ে স্টেশন থেকে বেরিয়ে পড়লাম। শুনলাম সার্কিট হাউসটা খুব কাছেই। যেতে যেতে বাড়ির ফাঁক দিয়ে ফাঁক দিয়ে লক্ষ করছিলাম একটা বিরাট পাথরের পাঁচিল—প্রায় একটা দোতলা বাড়ির সমান উঁচু। ফেলুদা বলল, এককালে পুরো যোধপুর শহরটাই নাকি ওই পাঁচিলটা দিয়ে ঘেরা ছিল। ওটার সাত জায়গায় নাকি সাতটা ফটক আছে। বাইরে থেকে সৈন্য আক্রমণ করতে আসছে জানলে ওই ফটকগুলো বন্ধ করে দেওয়া হত।

আরেকটা রাস্তার মোড় ঘুরতেই ফেলুদা বলল, ‘ওই দ্যাখ বাঁদিকে।’

চেয়ে দেখি শহরের বাড়ির মাথার উপর দিয়ে দূরে দেখা যাচ্ছে বিরাট থমথমে এক কেল্লা। বুঝলাম ওটাই হল বিখ্যাত যোধপুর ফোর্ট। আমি জানতাম এখানকার রাজারা মোগলদের হয়ে লড়াই করেছে।

কখন কেল্লাটা কাছ থেকে দেখতে পাব সেটা ভাবতে ভাবতেই সার্কিট হাউসে পৌঁছে গেলাম। গেটের ভিতর দিয়ে ঢুকে একটা বাগানের পাশ দিয়ে গিয়ে একটা পোর্টিকোর তলায় আমাদের ট্যাক্সি দাঁড়াল। মালপত্তর নামিয়ে ট্যাক্সির ভাড়া চুকিয়ে দিয়ে আমরা ভিতরে ঢুকলাম। একজন ভদ্রলোক এগিয়ে এসে ইংরেজিতে জিজ্ঞেস করলেন আমরা কলকাতা থেকে আসছি কি না আর ফেলুদার নাম মিস্টার মিটার কি না। ফেলুদা ‘হ্যাঁ’ বলাতে ভদ্রলোক বললেন—আপনাদের জন্য একতলায় একটা ডাবল রুম বুক করা আছে। খাতায় নাম সই করার সময় আমাদের নামের কয়েক লাইন উপরেই পর পর দুটো নাম চোখে পড়ল—ডক্টর এইচ বি হাজরা আর মাস্টার এম ধর।

সার্কিট হাউসের প্র্যান্টা খুব সহজ। ঢুকেই একটা বড় খোলা জায়গা, বাঁ দিকে রিসেপশন কাউন্টার আর ম্যানেজারের ঘর, সামনে দোতলার সিঁড়ি, ডাইনে আর বাঁয়ে দু দিকে লম্বা বারান্দার পাশে পর পর লাইন করে ঘর। বারান্দায় বেতের চেয়ার পাতা রয়েছে। একজন বেয়ারা এসে আমাদের মাল তুলে নিল, আমরা তার পিছন পিছন ডানদিকের বারান্দা দিয়ে রওনা দিলাম তিন নম্বর ঘরের দিকে। একজন সরু গোঁফওয়ালা মাঝবয়সী ভদ্রলোক একটা বেতের চেয়ারে বসে, একজন মাড়ওয়ারি টুপি পরা ভদ্রলোকের সঙ্গে কথা বলছিলেন; আমরা তাঁর পাশ দিয়ে যাবার সময় পরিষ্কার বাংলায় বললেন, ‘বাঙালি মনে হচ্ছে?’ ফেলুদা হেসে ‘হ্যাঁ’ বলল। আমরা তিন নম্বর ঘরে গিয়ে ঢুকলাম।

বেশ বড় ঘর। দুটো পাশাপাশি খাট, তাতে আবার মশারির ব্যবস্থা রয়েছে। এক পাশে একটা দুজন-বসার আর দুটো একজন-বসার সোফা, আর একটা গোল টেবিলের উপর একটা অ্যাশ-ট্রে। এ ছাড়া ড্রেসিং টেবিল, আলমারি আর খাটের পাশে দুটো ছোট টেবিলে জলের ফ্লাস্ক, গেলাস আর বেড-সাইড ল্যাম্প। ঘরের সঙ্গে লাগা বাথরুমের দরজাটা বাঁ দিকে।

ফেলুদা বেয়ারাকে চা আনতে বলে পাখাটা খুলে দিয়ে সোফায় বসে বলল, ‘খাতায় নাম দুটো দেখলি?’

আমি বললাম, ‘হ্যাঁ। কিন্তু ওই চাড়া-দেওয়া গোঁফওয়ালা লোকটা আশা করি ডক্টর হাজরা নন।’

‘কেন ? হলে ক্ষতি কী ?’

ক্ষতি যে কী সেটা অবিশ্যি আমি চট করে ভেবে বলতে পারলাম না। ফেলুদা আমার ইতস্তত ভাব দেখে বলল, ‘তোরা আসলে লোকটাকে দেখে ভাল লাগেনি। তুই মনে মনে চাইছিস যে ডক্টর হাজারা লোকটা খুব শান্তশিষ্ট হাসিখুশি অমায়িক হন—এই তো ?’

ফেলুদা ঠিকই ধরেছে। এ লোকটাকে দেখলে বেশ সেয়ানা বলেই মনে হয়। তা ছাড়া বোধহয় বেশ লম্বা আর জাঁদরেল। ডাক্তার বলতে যা বোঝায় তা মোটেই নয়।

ফেলুদা একটা সিগারেট শেষ করতে না করতেই চা এসে গেল, আর বেয়ারা ঘর থেকে বেরোতে না বেরোতেই দরজায় টোকা পড়ল। ফেলুদা ভীষণ বিলিতি কায়দায় বলে উঠল, ‘কাম ইন !’ পর্দা ফাঁক করে ভেতরে ঢুকলেন মিলিটারি গোর্ফ।

‘ডিসটার্ব করছি না তো ?’

‘মোটেই না। বসুন। চা খাবেন ?’

‘নাঃ। এই অল্পক্ষণ আগেই খেয়েছি। আর ফ্র্যাংকলি স্পিকিং—চা-টা এখানে তেমন সুবিধের নয়। শুধু এখানে বলছি কেন, ভারতবর্ষ হল খাস চায়ের দেশ, অথচ কটা হোটেলে কটা ডাকবাংলোয় কটা সার্কিট হাউসে ভাল চা খেয়েছেন আপনি বলুন তো ? অথচ বাইরে যান, বিদেশে যান—অ্যালবেনিয়ার মতো জায়গায় গিয়ে ভাল চা খেয়েছি জানেন ? ফার্স্ট ক্লাস দার্জিলিং টি। আর ইওরোপের অন্য বড় শহরে তো কথাই নেই। একমাত্র খারাপ যেটা লাগে সেটা হল কাপড়ের থলিতে চায়ের পাতার ব্যাপারটা—যাকে টি-ব্যাগস বলে। কাপে থাকবে গরম জল, আর একটা সুতো বাঁধা কাপড়ের থলিতে থাকবে চায়ের পাতা। সেইটে জলে ডুবিয়ে লিকার তৈরি করে নিতে হবে আপনাকে। তারপর তাতে আপনি দুখ দিন কি লেবু কচলে দিন সেটা আপনার রুচি। লেমন টি-টাই আমি বেশি প্রেফার করি। তবে তার জন্যে চাই ভাল লিকার। এখানকার চা খুব অর্ডিনারি।’

‘আপনার তো অনেক দেশ-টেশ ঘোরা আছে বুঝি ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘ওইটেই তো করেছি সারা জীবন ধরে’, ভদ্রলোক বললেন। ‘আমি হলাম যাকে বলে গ্লোব-ট্রাটার। তার সঙ্গে আবার শিকারের শখও আছে। সেটা অবিশ্যি আফ্রিকা থাকতেই হয়েছিল। আমার নাম মন্দার বোস।’

গ্লোব-ট্রাটার উমেশ ভট্টচার্যের নাম শুনেছি, কিন্তু ঐর নাম তো শুনিনি। ভদ্রলোক যেন আমার মনের কথাটা আন্দাজ করেই বললেন, ‘অবিশ্যি আমার নাম আপনাদের শোনার কথা নয়। যখন প্রথম বেরিয়েছিলাম, তখন কাগজে নাম-টাম বেরিয়েছিল। তারপর এই ছত্রিশ বছর পরে মাস তিনেক হল সবে দেশে ফিরেছি।’

‘সে অনুপাতে আপনার বাংলার উপর দখলটা তো ভালই আছে বলতে হবে।’

‘দেখুন মশাই, সেটা এন্টায়ারলি আপনার নিজের ইচ্ছে-অনিচ্ছের ওপর নির্ভর করে। আপনি যদি বিদেশে বাংলা ভুলবেন বলে ইচ্ছে করেন, তা হলে তিন মাসে ভুলে যেতে পারেন। আর তা যদি ইচ্ছে না করেন, তা হলে ত্রিশ বছরেও ভোলবার কোনও চান্স নেই। অবিশ্যি আমি আবার বাঙালির সঙ্গও পেয়েছি যথেষ্ট। কিনিয়াতে একবার হাতির দাঁতের ব্যবসা শুরু করেছিলাম, তখন আমার সঙ্গে একটি বাঙালি ছিলেন। আমরা এক সঙ্গে ছিলাম প্রায় সাত বছর।’

‘সার্কিট হাউসে আপনি ছাড়া আর কেউ বাঙালি আছেন কি ?’

এটা অনেকবার লক্ষ করেছি, বাজে কথায় সময় নষ্ট করার লোক ফেলুদা নয় !

ভদ্রলোক বললেন, ‘আছে বইকী। সেটাই তো আশ্চর্য লাগছে আমার। আসলে কলকাতায় বাঙালিদের আর সোয়াস্তি নেই সেটা বেশ বুঝতে পারছি। তাই সুযোগ পেলেই

এদিকে ওদিকে গিয়ে ঘুরে আসছে। অবিশ্যি দিস ম্যান হাজ কাম উইথ এ পারপাস্। ভদ্রলোক সাইকলজিস্ট। তবে গোলমালে ব্যাপার বলে মনে হয়। সঙ্গে একটি ছেলে আছে বছর আষ্টেকের, সে নাকি জাতিস্মর। পূর্বজন্মে রাজস্থানে কোন কেল্লার কাছে নাকি জন্মেছিল। ভদ্রলোক ছেলেটিকে সঙ্গে নিয়ে সেই কেল্লা খুঁজে বেড়াচ্ছেন। ডাক্তারটি বুজরুক না ছেলেটি ধাপ্পা দিচ্ছে বোঝা শক্ত। এমনিতেও ছেলেটির হাবভাব সাস্পিশাস্। কারুর সঙ্গে ভাল করে কথা বলে না। কিছু জিজ্ঞেস করলে জবাব দেয় না। ভেরি ফিশি। অনেক তো দেখলুম ভগামি এই ত্রিশ বছরে, আবার এখানে এসেও যে সেই একই জিনিস দেখতে হবে তা ভাবিনি।’

‘আপনি কি এখানেও ট্রটিং করতে এসেছেন নাকি?’

ভদ্রলোক হেসে সোফা ছেড়ে উঠে পড়ে বললেন, ‘টু টেল ইউ দ্য ট্রুথ—নিজের দেশটা ভাল করে দেখাই হয়নি এখনও। বাই দ্য ওয়ে—আপনার পরিচয়টা তো পাওয়া গেল না!’

ফেলুদা নিজের আর আমার পরিচয় দিয়ে বলল, ‘আমি আবার আমার দেশের বাইরে কোথাওই যাইনি।’

‘আই সি। ওয়েল—সাড়ে আটটা নাগাদ যদি ডাইনিং রুমে আসেন তো আবার দেখা হবে। আমার আবার আর্লি টু বেড, আর্লি টু রাইজ...’

ভদ্রলোকের সঙ্গে আমরাও দুজনে বাইরের বারান্দায় এলাম। এসে দেখলাম, গেট দিয়ে একটা ট্যাক্সি ঢুকছে। সেটা এসে সার্কিট হাউসের সামনে থামল, আর সেটা থেকে নামল একটি বছর চল্লিশের মাঝারি হাইটের ভদ্রলোক আর একটা রোগা ফরসা বাচ্চা ছেলে। বোঝাই গেল যে, এরাই হচ্ছে ডক্টর হেমাঙ্গ হাজরা এবং জাতিস্মর শ্রীমান মুকুল ধর।

৫

মিস্টার বোস ডক্টর হাজরাকে ‘গুড ইভনিং’ বলে নিজের ঘরের দিকে চলে গেলেন। ডক্টর হাজরা ছেলেটির হাত ধরে বারান্দা দিয়ে আমাদের দিকেই এগিয়ে এসে, বোধহয় হঠাৎ দুজন অচেনা বাঙালিকে দেখে কেমন যেন একটু থতমত খেয়ে গেলেন। ফেলুদা হেসে নমস্কার করে বলল, ‘আপনিই বোধহয় ডক্টর হাজরা?’

‘হ্যাঁ—কিন্তু আপনাকে তো—?’

ফেলুদা পকেট থেকে তার একটা কার্ড বার করে ডক্টর হাজরাকে দিয়ে বলল, ‘আপনার সঙ্গে একটু কথা ছিল। সত্যি বলতে কী, আমরা আপনার খোঁজেই এসেছি। সুধীরবাবুর অনুরোধে। সুধীরবাবু একটা চিঠিও দিয়ে দিয়েছেন আপনার নামে।’

‘ও। আই সি। মুকুল, তুমি ঘরে যাও, আমি এঁদের সঙ্গে একটু কথা বলে আসছি, কেমন?’

‘আমি বাগানে যাব।’

ছেলেটির গলা বাঁশির মতো মিষ্টি, যদিও কথাটা বলল একেবারে ন্যাড়াভাবে, এক সুরে। প্রায় যেন একটা যন্ত্রের মানুষের ভেতর থেকে কথা বেরোচ্ছে। ডক্টর হাজরা বললেন, ‘ঠিক আছে, বাগানে যাও, তবে লক্ষ্মী হয়ে থেকো, গেটের বাইরে যেয়ো না, কেমন?’

ছেলেটি আর কিছু না বলে বারান্দা থেকে এক লাফে নুড়ি-ফেলা জায়গাটায় নামল। তারপর একটা ফুলের লাইন উপরে বাগানের ঘাসের উপর পৌঁছে চুপ করে এক জায়গায় দাঁড়িয়ে রইল। ডক্টর হাজরা আমাদের দিকে ফিরে কেমন যেন একটা অপ্রস্তুত হাসি হেসে বললেন, ‘কোথায় বসবেন?’

‘আসুন আমাদের ঘরে ।’

ডক্টর হাজরার কানের চুলে পাক ধরেছে । চোখ দুটোয় বেশ একটা তীক্ষ্ণ বুদ্ধির ছাপ আছে । কাছ থেকে দেখে মনে হল বয়স প্রায় পঞ্চাশের কাছাকাছি । আমরা তিনজনে সোফায় বসলাম । ফেলুদা ডক্টর হাজরাকে সুধীরবাবুর চিঠিটা দিয়ে তাঁকে একটা চারমিনার অফার করল । ভদ্রলোক একটু হেসে ‘ও রসে বঞ্চিত’ বলে চিঠিটা পড়তে লাগলেন ।

পড়া হলে পর ডক্টর হাজরা চিঠিটা ভাঁজ করে খামে পুরে রাখলেন ।

ফেলুদা এবার নীলুকে কিডন্যাপ করার ঘটনা বলে বলল, ‘সুধীরবাবু ভয় পাচ্ছিলেন যে ওই লোকগুলো হয়তো মুকুলকে ধাওয়া করে একেবারে যোধপুর পর্যন্ত চলে এসেছে । সেই কারণেই উনি বিশেষ চিন্তিত হয়ে আমার কাছে এসেছিলেন । আমি খানিকটা তাঁর অনুরোধে পড়েই এসেছি । অবিশ্যি দুর্ঘটনা যদি কোনও না ঘটে তা হলেও আমাদের আসাটা যে একেবারে ব্যর্থ হবে তা নয়, কারণ রাজস্থান দেখার শখটা অনেক দিনের ।’

ডক্টর হাজরা একটুক্ষণ ভেবে বললেন, ‘দুর্শিষ্টতার কারণ যাকে বলে সে রকম অবিশ্যি এখনও পর্যন্ত কিছু ঘটেনি । তবে ব্যাপারটা কী জানেন, খবরের কাগজের রিপোর্টারদের অতগুলো কথা না বললেও চলত । আমি সুধীরবাবুকে বলেছিলাম যে ইনভেস্টিগেশনটা সেরে নিই, তারপর আপনি যত ইচ্ছা রিপোর্টার ডাকতে চান ডাকতে পারেন । বিশেষ করে যেখানে গুপ্তধনের কথাটা বলছে । আমি না হয় জানি যে কোনও কথাটারই হয়তো ভিত্তি নেই, কিন্তু কিছু লোক থাকে যারা সহজেই প্রলুব্ধ হয়ে পড়ে ।’

‘জাতিস্মর ব্যাপারটা সম্বন্ধে আপনি কী মনে করেন ?’

‘মনে যা করি সেটাকে তো এখনও পর্যন্ত অন্ধকারে ঢিল মারা ছাড়া আর কিছুই বলা চলে না । অথচ ঢিল না মেরেই বা কী করি বলুন । জাতিস্মর যে আগেও এক-আধটা বেরোয়নি তা তো নয় । আর তাদের অনেক কথাই তো হুবহু মিলে গেছে । সেই জন্যেই যখন এই মুকুল ছেলেটির খবর পাই, তখনই ঠিক করি যে একে নিয়ে একটা থরো ইনভেস্টিগেশন করব । যদি দেখি যে এর কথার সঙ্গে সব ডিটেল মিলে যাচ্ছে, তখন সেটাকে একটা প্রামাণ্য ঘটনা হিসেবে ধরে তার উপর গবেষণা চালাব ।’

‘কিছু দূর এগিয়েছেন কি ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘এইটে অন্তত বুঝেছি যে, রাজস্থান সম্বন্ধে কোনও ভুল করিনি । এখানকার মাটিতে পা দেওয়ার পর থেকে মুকুলের হাবভাব বদলে গেছে । বুঝতেই তো পারছেন, বাপ-মা-ভাই-বোনকে এই প্রথম ছেড়ে একজন অচেনা লোকের সঙ্গে চলে এল, অথচ এই কদিনে একটবার তাদের নাম পর্যন্ত করল না ।’

‘আপনার সঙ্গে সম্পর্ক কেমন ?’

‘কোনও গোলমাল নেই । কারণ, বুঝতেই তো পারছেন, আমি ওকে ওর স্বপ্নরাজ্যে নিয়ে চলেছি । ওর সমস্ত মনটাই তো পড়ে আছে ওর সোনার কেল্লার দেশে, আর এখানে এসে কেল্লা দেখলেই ও লাফিয়ে উঠছে ।’

‘কিন্তু সোনার কেল্লা দেখেছে কি ?’

ডক্টর হাজরা মাথা নাড়লেন ।

‘না । তা দেখেনি । আসবার পথে কিষণগড় দেখিয়ে এনেছি । গতকাল সন্ধ্যায় এখানকার ফোর্টটা দেখেছে বাইরে থেকে । আজ বারমের নিয়ে গিয়েছিলাম । প্রতিবারই বলে—এটা নয়—আরেকটা দেখবে চলো । এ ব্যাপারে ধৈর্য লাগে মশাই । অথচ চিতোর-উদয়পুরের দিকটা গিয়ে কোনও লাভ নেই, কারণ ওদিকে বালি নেই । বালির কথা ও বার বার বলে, আর বালি বলতে এদিকটাতেই আছে, আর আগেও তাই ছিল । কাল তাই

ভাবছি বিকানিরটা দেখিয়ে আনব ।’

‘আমরা আপনার সঙ্গে গেলে আপত্তি নেই তো ?’

‘মোটাই না । আর শুধু তাই না । আপনি সঙ্গে থাকলে কিছুটা নিশ্চিন্ত হতে পারব, কারণ...একটা ঘটনা...’

ভদ্রলোক চুপ করলেন । ফেলুদা সিগারেটের প্যাকেটটা পকেট থেকে বার করেছিল, কিন্তু সেটা আর খুলল না ।

‘কাল সন্ধ্যায় একটা টেলিফোন এসেছিল’, ডক্টর হাজরা বললেন ।

‘কোথায় ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘এই সার্কিট হাউসে । আমি তখন কেব্লা দেখতে গেছি । কেউ একজন ফোন করে জানতে চেয়েছিল, কলকাতা থেকে একজন ভদ্রলোক একটি ছেলেকে সঙ্গে নিয়ে এসেছে কি না । ম্যানেজার ন্যাচারেলি হ্যাঁ বলে দিয়েছে ।’

ফেলুদা বলল, ‘কিন্তু এমনও তো হতে পারে যে কলকাতার কাগজের খবরটা এখানে কেউ কেউ হয়তো জানে, এবং সেই জন্যেই সেটাকে ভেরিফাই করার জন্য এখানে ফোন করেছে । যোধপুরে তো বাঙালির অভাব নেই । এ সব ব্যাপারে কৌতূহল জিনিসটা স্বাভাবিক নয় কি ?’

‘বুঝলাম । কিন্তু সে লোক আমি এসেছি জেনেও আর খোঁজ করল না কেন ? বা এখানে এল না কেন ?’

‘হুঁ...’ ফেলুদা গম্ভীরভাবে মাথা নাড়ল । ‘আমার মনে হয় আমি আপনার সঙ্গে থাকাটাই ভাল । আর মুকুলকেও একা ছাড়বেন না বেশি ।’

‘পাগল !’

ডক্টর হাজরা উঠে পড়লেন ।

‘কালকের জন্যে একটা ট্যাক্সির বন্দোবস্ত করা আছে । আপনারা তো মাত্র দুজন, তাই একটা ট্যাক্সিতেই হয়ে যাবে ।’

ভদ্রলোক যখন দরজার দিকে এগোচ্ছেন তখন ফেলুদা হঠাৎ একটা প্রশ্ন করে বসল—

‘ভাল কথা—শিকাগোতে আপনাকে জড়িয়ে একবার কোনও ঘটনা ঘটেছিল কি ? এই বছর চারেক আগে ?’

ডক্টর হাজরা ভুরু কঁচকোলেন ।

‘ঘটনা ? শিকাগোতে আমি গেছি বটে...’

‘একটা আধ্যাত্মিক চিকিৎসালয় সংক্রান্ত ব্যাপার... ?’

ডক্টর হাজরা হো হো করে হেসে উঠলেন—‘ওহো—সেই স্বামী ভবানন্দের ব্যাপার ? যাকে আমেরিকানরা বলত ব্যাব্যানান্ডা ? ঘটেছিল বটে, কিন্তু কাগজে যেটা বেরিয়েছিল সেটা অতিরঞ্জিত । লোকটা ভণ্ড ঠিকই, কিন্তু সে রকম ভণ্ড অনেক হাতুড়ে, অনেক টোটকাওয়ালাদের মধ্যে পাওয়া যায় । তার চেয়ে বেশি কিছু না । ওর বুজরুকি আসলে ধরে ফেলে ওর পেশেন্টরাই । খবরটা রটে যায় । প্রেস থেকে আমার কাছে আসে ওপিনিয়নের জন্য । আমি বরং ওর সম্বন্ধে খানিকটা মোলায়েম করেই বলেছিলাম । কাগজে তিলটাকে তাল করে ছাপায় । তারপর আমার ভদ্রলোকের সঙ্গে পরিচয়ও হয়েছিল । আমি নিজেই ওর সঙ্গে দেখা করে ব্যাপারটা ক্লিয়ার করে নিই—অ্যান্ড উই পার্টেড অ্যাজ ফ্রেন্ডস্ ।’

‘ধন্যবাদ । কাগজের রিপোর্ট দেখে আমার ধারণা অন্যরকম হয়েছিল ।’

ডক্টর হাজরার সঙ্গে সঙ্গে আমরাও ঘর থেকে বেরোলাম । সন্ধ্যা হয়ে গেছে । পশ্চিমের আকাশটা এখনও লাল, তবে রাস্তার বাতি জ্বলে গেছে । কিন্তু মুকুল কোথায় ? বাগানে ছিল

সে, কিন্তু এখন দেখছি নেই। ডক্টর হাজরা চট করে একবার নিজের ঘরে খুঁজে ব্যস্তভাবে বেরিয়ে এলেন।

‘ছেলেটা গেল কোথায়’ বলে ভদ্রলোক বারান্দা থেকে বাইরে নামলেন। আমরা তার পিছন পিছন গেলাম বাগানে। বাগানে যে নেই সে ছেলে তাতে কোনও সন্দেহ নেই।

‘মুকুল!’ ডক্টর হাজরা ডাক দিলেন। ‘মুকুল!’

‘ও আপনার ডাক শুনেছে’, ফেলুদা বলল। ‘ও আসছে।’

আবস্থা অন্ধকারে দেখলাম মুকুল রাস্তা থেকে গेट দিয়ে ঢুকল। আর সেই সঙ্গে দেখলাম উলটোদিকের ফুটপাথ দিয়ে একটা লোক দ্রুত হেঁটে পুবদিকে নতুন প্যালেসের দিকটায় চলে গেল। লোকটার মুখ দেখতে পারলাম না বটে, কিন্তু তার গায়ের জামার টকটকে লাল রংটা এই অন্ধকারেও স্পষ্ট বুঝতে পারলাম। ফেলুদা দেখেছে কি লোকটাকে?

‘মুকুল এগিয়ে এল আমাদের দিকে। ডক্টর হাজরা হাসিমুখে হাত বাড়িয়ে এগিয়ে গেলেন। তারপর খুব নরম গলায় বললেন—

‘ওরকমভাবে বাইরে বেরোতে হয় না মুকুল!’

‘কেন?’ মুকুল ঠাণ্ডা গলায় জিজ্ঞেস করল।

‘অচেনা জায়গা—কতরকম দুষ্ট লোক আছে এখানে।’

‘আমি তো চিনি।’

‘কাকে চেন?’

‘মুকুল হাত বাড়িয়ে রাস্তার দিকে দেখাল—

‘ওই যে, যে লোকটা এসেছিল।’

হেমাঙ্গবাবু মুকুলের কাঁধে হাত দিয়ে ফেলুদার দিকে তাকিয়ে বললেন, ‘দ্যাটস্ দা ট্রাবল। কাকে যে সত্যি করে চেনে আর কাকে যে পূর্বজন্মে চিনত তা বলা মুশকিল।’

লক্ষ করলাম মুকুলের হাতে কী জানি একটা কাগজের টুকরো চক চক করছে। ফেলুদাও দেখেছিল সেটা। বলল, ‘তোমার হাতের কাগজটা একবার দেখব?’

‘মুকুল কাগজটা দিল। একটা দু ইঞ্চি লম্বা আধ ইঞ্চি চওড়া সোনালি রাংতা।

‘এটা কোথায় পেলো মুকুল?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘এইখানে’, বলে মুকুল ঘাসের দিকে আঙুল দেখাল।

‘এটা আমি রাখতে পারি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না। ওটা আমি পেয়েছি।’ সেই একই সুর। একই ঠাণ্ডা গলার স্বর। অগত্যা ফেলুদা কাগজটা ফেরত দিয়ে দিল।

ডক্টর হাজরা বললেন, ‘চলো মুকুল, ঘরে যাই। হাত-মুখ ধুয়ে তারপর খেতে যাব আমরা। চলি মিস্টার মিণ্ডির। কাল ঠিক সাড়ে সাতটায় আর্লি ব্রেকফাস্ট করে বেরোচ্ছি আমরা।’

খেতে যাবার আগেই ফেলুদা সুধীরবাবুকে পৌঁছ-খবর আর মুকুলের খবর দিয়ে একটা পোস্টকার্ড লিখে দিয়েছিল। স্নানটান সেরে যখন ডাইনিং রুমে পৌঁছেছি ততক্ষণে ডক্টর হাজরা আর মুকুল ঘরে চলে গেছেন। মন্দারবাবুকে দেখলাম উলটোদিকের কোনায় সেই অবাঙালি ভদ্রলোকের সঙ্গে বসে পুড়িং খাচ্ছেন। আমাদের সুপ আসতে আসতে তাঁরা উঠে পড়লেন। দরজার দিকে যাবার পথে মন্দার বোস হাত তুলে গুডনাইট জানিয়ে গেলেন।

দুদিন ট্রেনে পথ চলে বেশ ক্লান্ত লাগছিল। ইচ্ছে ছিল, খেয়ে এসেই ঘুমিয়ে পড়ব, কিন্তু ফেলুদার জন্য একটুক্ষণ জেগে থাকতে হল। ফেলুদা তার নীল খাতা নিয়ে সিগারেট ধরিয়ে

সোফায় বসেছে, আর আমি খাটে গিয়ে শুয়েছি। সঙ্গে অ্যান্টি-মশা মলম ছিল বলে আর মশারি টাঙাতে দিইনি।

ফেলুদা ডট পেনের পেছনটা টিপে নিবটা বার করে নিয়ে বলল, ‘কার কার সঙ্গে আলাপ হল বল।’

বললাম, ‘কবে থেকে শুরু করব?’

‘সুধীর ধরের আসা থেকে।’

‘তা হলে প্রথমে সুধীরবাবু। তারপর শিবরতন। তারপর নীলু। তারপর শিবরতনবাবুর চাকর—’

‘নাম কী?’

‘মনে নেই।’

‘মনোহর। তারপর?’

‘তারপর জটায়ু।’

‘আসল নাম কী?’

‘লালমোহন।’

‘পদবি?’

‘পদবি...পদবি...গাঙ্গুলী।’

‘গুড।’

ফেলুদা লিখে চলেছে। আমিও বলে চললাম।

‘তারপর সেই লাল জামা পরা লোকটা।’

‘আলাপ হয়েছিল তার সঙ্গে?’

‘না—তা হয়নি—’

‘ঠিক আছে। নেস্টট?’

‘মন্দার বোস। আর তার সঙ্গে যে লোকটা ছিল।’

‘আর মুকুল ধর, ডক্টর—’

‘ফেলুদা!’

আমার চিৎকারে ফেলুদার কথা থেমে গেল। আমার চোখ পড়েছে ফেলুদার বিছানার উপর। কী যেন একটা বিশ্রী জিনিস বালিশের তলা থেকে বেরোতে চেষ্টা করছে। আমি সেদিকে আঙুল দেখালাম।

ফেলুদা তড়াক করে লাফিয়ে উঠে এসে বালিশটাকে সরিয়ে ফেলতেই একটা কাঁকড়া বিছে বেরিয়ে পড়ল। ফেলুদা বিছানার চাদরটা ধরে একটা ঝটকা টান দিয়ে বিছেটাকে মাটিতে ফেলে দিয়ে চটি দিয়ে তিনটে প্রচণ্ড চাপড় মেরে সেটাকে সাবাড় করল। তারপর একটা খবরের কাগজের টুকরো ছিড়ে নিয়ে খেঁতলানো বিছেটাকে তার মধ্যে তুলে বাথরুমে গিয়ে পিছনের দরজাটা খুলে কাগজটাকে পুঁটলি পাকিয়ে বাইরে ফেলে দিল। তারপর ফিরে এসে বলল, ‘জমাদারের আসার দরজাটা খোলা ছিল, তাই এ ব্যাটা ঢুকতে পেরেছে। নে, তুই এবার ঘুমিয়ে পড়। কাল ভোরে ওঠা আছে।’

আমার কিন্তু মোটেই অতটা নিশ্চিত লাগছিল না। আমার মনে হচ্ছিল—নাঃ, থাক। যদি আমার টেলিপ্যাথির জোর থাকে, তা হলে হয়তো বিপদের কথা বেশি ভাবলেই বিপদ এসে পড়বে। তার চেয়ে ঘুমোনের চেষ্টা করে দেখি।

পরদিন সকালে উঠে দাঁত-টাত মেজে যেই ঘর থেকে বেরিয়েছি অমনি একটা চেনা গলায় শুনলাম, ‘গুড মর্নিং!’ বুঝলাম জটায়ু হাজির। ফেলুদা আগেই বারান্দায় বেরিয়ে বেতের চেয়ারে বসে চায়ের অপেক্ষা করছিল। লালমোহনবাবু চোখ গোল গোল করে বললেন, ‘ওঃ—কী থ্রিলিং জায়গা মশাই! ফুল অফ পাওয়ারফুল সাস্পিশাস্ ক্যারেকটারস্!’

‘আপনি অক্ষত আছেন তো?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘কী বলচেন মশাই! এখানে এসে দারুণ ফিট লাগছে। আজ আমাদের লজের ম্যানেজারকে পাঞ্জায় চ্যালেঞ্জ করেছিলুম।’ ভদ্রলোক রাজি হলেন না। ‘তারপর এগিয়ে এসে ফিসফিস করে বললেন, ‘আমার কাছে একটি অস্ত্র আছে সুটকেসে—’

‘গুলতি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘নো স্যার! একটি নেপালি ভোজালি। খাস কাটমাণ্ডুর জিনিস। কেউ অ্যাটাক করলে জয় মা বলে চালিয়ে দেব পেটের মধ্যে, তারপর যা থাকে কপালে। অনেকদিনের শখ একটা ওয়েপনের কালেকশন করব, বুঝেছেন।’

আমার আবার হাসি পেল, কিন্তু ক্রমেই সংযম অভ্যাস হয়ে আসছে, তাই সামলে গেলাম। লালমোহনবাবু ফেলুদার পাশের চেয়ারে বসে বললেন, ‘আজকের প্ল্যান কী আমাদের? ফোর্ট দেখতে যাচ্ছেন না?’

ফেলুদা বলল, ‘যাচ্ছি বটে, তবে এখানে নয়, বিকানির।’

‘হঠাৎ আগেভাগে বিকানির? কী ব্যাপার?’

‘সঙ্গী পাওয়া গেছে। গাড়ি যাচ্ছে একটা।’

বারান্দার পশ্চিমদিক থেকে আরেকটা ‘গুড মর্নিং’ শোনা গেল। গ্লোবট্রটার আসছেন। ‘ঘুম হল ভাল?’

লালমোহনবাবু দেখলাম মন্দার বোসের মিলিটারি গোর্ফ আর জাঁদরেল চেহারার দিকে বেশ প্রশংসার দৃষ্টিতে দেখছেন। ফেলুদা দুজনের আলাপ করিয়ে দিলেন।

‘আরেকবাস! গ্লোব-ট্রটার?’ লালমোহনবাবুর চোখ ছানাবড়া। ‘আপনাকে তো তা হলে কালটিভেট করতে হচ্ছে মশাই। অনেক লোমহর্ষক অভিজ্ঞতা আছে নিশ্চয়ই আপনার!’

‘কোন রকমটা চাই আপনার?’ মন্দার বোস হেসে বললেন, ‘এক ক্যানিবলের হাঁড়িতে সেক্স হওয়াটাই বাদ ছিল, বাকি প্রায় সব রকমই হয়েছে।’

মুকুল যে কখন বারান্দায় এসে দাঁড়িয়েছে তা টেরই পাইনি। এখন দেখলাম সে চুপচাপ এক ধারে দাঁড়িয়ে বাগানের দিকে তাকিয়ে রয়েছে।

এবার ডক্টর হাজরাও তৈরি হয়ে বেরিয়ে এলেন। তাঁর এক কাঁধে একটা ফ্লাস্ক, আরেকটায় একটা বাইনোকুলার, আর গলায় ঝুলছে একটা ক্যামেরা। বললেন, ‘প্রায় সাড়ে চার ঘণ্টার পথ। আপনাদের ফ্লাস্ক থাকলে সঙ্গে নিয়ে নেবেন। পথে কী পাওয়া যাবে ঠিক নেই। আমি হোটেলে বলে দিয়েছি—চারটে প্যাকড লাঞ্চ দিয়ে দেবে।’

মন্দার বোস বললেন, ‘কোথায় চললেন আপনারা সব?’

বিকানিরের কথা শুনে ভদ্রলোক মেতে উঠলেন—

‘যাওয়াই যদি হয়, তা হলে সব এক সঙ্গে গেলেই হয়!’

‘দি আইডিয়া!’ বললেন জটায়ু।

ডক্টর হাজরা একটু কাঁচুমাচু ভাব করে বললেন, ‘সবসুদ্ধ তা হলে ক জন যাচ্ছি আমরা?’

মন্দার বোস বললেন, ‘এক গাড়িতে সবাই যাবার প্রশ্নই ওঠে না। আই উইল অ্যারেঞ্জ

ফর অ্যানাদার ট্যাক্সি । আমার সঙ্গে মিস্টার মাহেশ্বরীও যাবেন বোধহয় ।’

‘আপনি যাবেন কি ?’ লালমোহনবাবুকে জিজ্ঞেস করলেন ডক্টর হাজরা ।’

‘গেলে শেয়ারে যাব । কারুর স্কন্ধে চাপতে রাজি নই । আপনারা চারজন একটাতে যান । আমি মিস্টার গ্লোব-ট্রটারের সঙ্গে আছি ।’

বুঝলাম, ভদ্রলোক মন্দারবাবুর কাছ থেকে গল্প শুনে ওঁর প্লটের স্টক বাড়াতে চাচ্ছেন । অলরেডি উনি কম করে পাঁচিশখানা অ্যাডভেঞ্চার উপন্যাস লিখেছেন । ভালই হল ; এক গাড়িতে পাঁচজন হলে একটু বেশি ঠাসাঠাসি হত । মন্দারবাবু ম্যানেজারকে বলে আরেকটা ট্যাক্সির বন্দোবস্ত করে ফেললেন । লালমোহনবাবু নিউ বম্বে লজে তৈরি হতে চলে গেলেন । যাবার সময় বলে গেলেন, ‘আমাকে কাইন্ডলি পিক আপ করে নেবেন । আমি হাফ অ্যান আওয়ারের মধ্যে রেডি হয়ে থাকছি ।’

আগেই বলে রাখি—বিকানিরের কেব্লাও মুকুল একবার দেখেই বাতিল করে দিয়েছিল । কিন্তু সেটাই আজকের দিনের আসল ঘটনা নয় । আসল ঘটনা ঘটল দেবীকুণ্ডে, আর সেটা থেকেই বুঝতে পারলাম যে, আমরা সত্যিই দুর্ধর্ষ দুশমনের পাল্লায় পড়েছি ।

বিকানির যাবার পথে বিশেষ কিছু ঘটেনি, কেবল মাইল ষাটেক যাবার পর একটা বেদের দলকে দেখতে পেলাম রাস্তার ধারে সংসার পেতে বসেছে । মুকুল গাড়ি থামাতে বলে তাদের মধ্যে কিছুক্ষণ ঘোরাঘুরি করে এসে বলল যে, তাদের চেনে ।

এর পরে ফেলুদার সঙ্গে ডক্টর হাজরার কিছু কথাবার্তা হয়েছিল মুকুলকে নিয়ে, সেটা এখানে বলে রাখি । এই সব কথা মুকুল ড্রাইভারের পাশে বসে শুনতে পেয়েছিল কি না জানি না ; কিন্তু পেলেও তার হাবভাবে সেটা কিছুই বোঝা যায়নি ।

ফেলুদা বলল, ‘আচ্ছা ডক্টর হাজরা, মুকুল তার পূর্বজন্মের কী কী ঘটনা বা জিনিসের কথা বলে সেটা একবার বলবেন ?’

হাজরা বললেন, ‘যে জিনিসটার কথা বার বারই বলে সেটা হচ্ছে সোনার কেব্লা । সেই কেব্লার কাছেই নাকি ওর বাড়ি ছিল । সেই বাড়ির মেঝের তলায় নাকি ধনরত্ন পোঁতা ছিল । যেরকমভাবে বলে তাতে মনে হয় যে এই ধনরত্ন লুকিয়ে রাখার ব্যাপারটা ওর সামনেই ঘটেছিল । এ ছাড়া যুদ্ধের কথা বলে । বলে, অনেক হাতি, অনেক ঘোড়া, সেপাই, কামান, ভীষণ শব্দ, ভীষণ চিংকার । আর বলে উটের কথা । উটের পিঠে সে চড়েছে । আর ময়ূর । ময়ূরে নাকি ওর হাতে ঠোকর মেরেছিল । রক্ত বার করে দিয়েছিল । আর বলে বালির কথা । বালি দেখলেই কী রকম চঞ্চল হয়ে উঠেছে সেটা লক্ষ করেননি ?’

বিকানির পৌঁছলাম পৌনে বারোটায় । শহরে পৌঁছবার কিছু আগে থেকেই রাস্তা ক্রমে চড়াই উঠেছে ; এই চড়াইয়ের উপরেই পাঁচিল দিয়ে ঘেরা শহর । আর শহরের মধ্যে সবচেয়ে চোখে পড়ার মতো জিনিস হচ্ছে লালচে রঙের পাথরের তৈরি প্রকাণ্ড দুর্গ ।

আমাদের গাড়ি একেবারে সোজা দুর্গের দিকে নিয়ে যাওয়া হল । লক্ষ করলাম, যতই কাছে যাচ্ছি ততই যেন দুর্গটাকে আরও বড় বলে মনে হচ্ছে । বাবা ঠিকই বলেছিলেন । রাজপুতরা যে দারুণ শক্তিশালী জাত ছিল সেটা তাদের দুর্গের চেহারা দেখলেই বোঝা যায় ।

দুর্গের গেটের সামনে গিয়ে ট্যাক্সি থামার সঙ্গে সঙ্গেই মুকুল বলে উঠল, ‘এখানে কেন থামলে ?’

ডক্টর হাজরা বললেন, ‘কেব্লাটা কি চিনতে পারছ মুকুল ?’

মুকুল গম্ভীর গলায় বলল, ‘না । এটা বিচ্ছিরি কেব্লা । এটা সোনার কেব্লা না ।’

আমরা সবাই গাড়ি থেকে নেমে বাইরে দাঁড়িয়েছিলাম । মুকুলের কথাটা শেষ হবার সঙ্গে সঙ্গেই কোথেকে জানি একটা কর্কশ আওয়াজ শোনা গেল আর তৎক্ষণাৎ মুকুল দৌড়ে এসে

ডক্টর হাজরাকে দু হাতে জড়িয়ে ধরল। আওয়াজটা এল কেল্লার উলটোদিকের পার্কটা থেকে।

ফেলুদা বলল, ‘ময়ূরের ডাক। এ রকম আগেও হয়েছে কি?’

ডক্টর হাজরা মুকুলের মাথায় হাত বুলোতে বুলোতে বললেন, ‘কাল যোধপুরেই হয়েছিল। হি কান্ট স্ট্যান্ড পিকক্স।’

মুকুল দেখলাম ফ্যাকাশে হয়ে গেছে। সে আবার সেই গভীর অথচ মিষ্টি গলায় বলল, ‘এখানে থাকব না।’

ডক্টর হাজরা ফেলুদাকে উদ্দেশ্য করে বললেন, ‘আমি বরং গাড়িটা নিয়ে এখানকার সার্কিট হাউসে গিয়ে অপেক্ষা করছি। আপনারা অ্যাদ্র এসেছেন, একটু ঘুরেটুরে দেখে নিন। আমি গিয়ে গাড়িটা ফেরত পাঠিয়ে দিচ্ছি। আপনাদের দেখা হলে সার্কিট হাউসে চলে আসবেন। তবে দুটোর বেশি দেরি করবেন না কিন্তু, তা হলে ওদিকে ফিরতে রাত হয়ে যাবে।’

ডক্টর হাজরার উদ্দেশ্য সফল হয়নি ঠিকই, কিন্তু আমার তাতে বিশেষ দুঃখ নেই। এই প্রথম একটা রাজপুত কেল্লার ভিতরটা দেখতে পাব ভেবেই আমার গায়ে কাঁটা দিচ্ছিল।

কেল্লার গেটের দিকে যখন এগোচ্ছি তখন ফেলুদা আচমকা থমকে দাঁড়িয়ে আমার কাঁধে একটা চাপ দিয়ে বলল, ‘দেখলি?’

বললাম, ‘কী জিনিস?’

‘সেই লোকটা।’

বললাম ফেলুদা সেই লাল জামা-পরা লোকটার কথা বলছে। কিন্তু ও যেরকম তাকিয়ে রয়েছে, সেদিকে কোনও লাল জামা দেখতে পেলাম না। অবিশ্যি লোকজন অনেক রয়েছে কারণ কেল্লার গেটের বাইরেটা একটা ছোটখাটো বাজার। বললাম, ‘কোথায় লোকটা?’

‘ইডিয়ট। তুই বুঝি লাল জামা খুঁজছিস?’

‘তবে কোন লোকের কথা বলছ তুমি?’

‘তোর মতো বোকচন্দর দুনিয়ায় নেই। তুই শুধু জামাই দেখেছিস, আর কিছুই দেখিসনি। ইট ওয়াজ দ্য সেম ম্যান, চাদর দিয়ে নাক অবধি ঢাকা। কেবল আজ পরেছিল নীল জামা। আমরা যখন বেদেদের দেখতে নেমেছিলাম, সেই সময় একটা ট্যাক্সি যেতে দেখি বিকানিরের দিকে। তাতে দেখেছিলাম এই নীল জামা।’

‘কিন্তু এখানে কী করছে লোকটা?’

‘সেটা জানলে তো অর্ধেক বাজি মাত হয়ে যেত।’

লোকটা উধাও। মনে একটা উত্তেজনার ভাব নিয়ে কেল্লার বিশাল ফটক দিয়ে ভিতরে ঢুকলাম। ঢুকেই একটা বিরাট চাতাল, সেটার ডানদিকে বুকের ছাতি ফুলিয়ে কেল্লাটা দাঁড়িয়ে আছে। দেয়ালের খোপরে খোপরে পায়রার বাসা। বিকানির নাকি হাজার বছর আগে একটা সমৃদ্ধ শহর ছিল, যেটা বহুকাল হল বালির তলায় তলিয়ে গেছে। ফেলুদা বলল যে, কেল্লাটা চারশো বছর আগে রাজা রায় সিং প্রথম তৈরি করতে শুরু করেন। ইনি নাকি আকবরের একজন বিখ্যাত সেনাপতি ছিলেন।

আমার মনের ভিতরটা কিছুক্ষণ থেকে খচখচ করছে একটা কথা ভেবে। লালমোহনবাবুরা এখনও এলেন না কেন? তাদের কি তা হলে রওনা হতে দেরি হয়েছে? নাকি রাস্তায় গাড়ি খারাপ হয়ে গেছে? যাক গে। ওদের কথা ভেবে আশ্চর্য ঐতিহাসিক জিনিস দেখার আনন্দ নষ্ট করব না।

যে জিনিসটা সবচেয়ে অদ্ভুত লাগল সেটা হল কেল্লার অঙ্গাগার। এখানে যে শুধু অস্ত্রই

রয়েছে তা নয়, আশ্চর্য সুন্দর একটা রূপোর সিংহাসনও রয়েছে, যার নাম ‘আলম আশ্বালি’ । এটা নাকি মোগল বাদশাহদের উপহার । এ ছাড়া রয়েছে যুদ্ধের বর্ম শিরস্ত্রাণ ঢাল তলোয়ার বল্লম ছোরা—আরও কত কী ! এক-একটা তলোয়ার এত বিরাট আর এত তাগড়াই যে দেখলে বিশ্বাসই হয় না সেগুলো মানুষের হাতে নিয়ে চালাতে পারে । এগুলো দেখে জটায়ুর কথা যেই মনে পড়েছে, অমনি দেখি আমার টেলিপ্যাথির জোরে ভদ্রলোক হাজির । বিরাট কেল্লার বিরাট ঘরের বিরাট দরজার সামনে তাকে আরও খুদে আর আরও হাস্যকর মনে হচ্ছে ।

লালমোহনবাবু আমাদের দেখতে পেয়ে এক গাল হেসে চারিদিকে চেয়ে শুধু বললেন, ‘রাজপুত্রা কি জায়েন্ট ছিল নাকি মশাই । এ জিনিস তো মানুষের হাতে ব্যবহার করার জিনিস নয় !’

যা ভেবেছিলাম তাই । সত্তর কিলোমিটারের মাথায় ওদের ট্যাক্সির একটা টায়ার পাংচার হয় । ফেলুদা বলল, ‘আপনার সঙ্গে আর দুজন কোথায় ?’

‘ওরা বাজারে কী সব কিনতে লেগেছে । আমি আর থাকতে না পেরে চুকে পড়লুম ।’

আমরা ফুলমহল, গজমন্দির, শিশমহল আর গঙ্গানিবাস দেখে যখন চিনি বুর্জে পৌঁছেছি, তখন মন্দার বোস আর মিস্টার মাহেশ্বরীর সঙ্গে দেখা হয়ে গেল । তাঁদের হাতে খবরের কাগজের মোড়ক দেখে বুঝলাম তাঁরা কেনাকাটা করেছেন । মন্দার বোস বললেন, ‘ইউরোপে মধ্যযুগের দুর্গ-টুর্গগুলোতে যে অস্ত্র দেখেছি, আর এখানেও যা দেখলাম, তাতে একটা জিনিসই প্রমাণ করে : মানুষ জাতটা দিনে দিনে দুর্বল হয়ে আসছে, আর আমার বিশ্বাস সেই সঙ্গে তারা আয়তনেও ছোট হয়ে আসছে ।’

‘এই আমার মতো বলছেন ?’ লালমোহনবাবু হেসে বললেন ।

‘হ্যাঁ । ঠিক আপনারই মতো’, মন্দার বোস বললেন, ‘আমার বিশ্বাস আপনার ডাইমেনশনের লোক ষোড়শ শতাব্দীর রাজস্থানে একটিও ছিল না । ওহো—বাই দ্য ওয়ে—’ মন্দারবাবু ফেলুদার দিকে ফিরলেন, ‘আপনার জন্য এইটে এসে পড়েছিল সার্কিট হাউসে রিসেপশন ডেস্কে ।’

ভদ্রলোক পকেট থেকে একটা খাম বার করে ফেলুদাকে দিলেন । তাতে টিকিট নেই । বোঝাই যায় কোনও স্থানীয় লোক সেটা দিয়ে গেছে ।

ফেলুদা চিঠি খুলতে খুলতে বলল, ‘আপনাকে কে দিল ?’

‘আমরা যখন বেরোচ্ছি, তখন বাগ্‌রি বলে যে ছোকরাটা রিসেপশনে বসে, সেই দিল । বললে কে কখন রেখে গেছে জানে না ।’

ফেলুদা ‘এক্সকিউজ মি’ বলে চিঠিটা পড়ে আবার খামে পুরে পকেটে রেখে দিল । তাতে কী লেখা আছে কিছুই বুঝতে পারলাম না, জিজ্ঞেসও করতে পারলাম না ।

আরও আধঘণ্টা ঘোরার পর ফেলুদা ঘড়ি দেখে বলল, ‘এবার সার্কিট হাউসে যেতে হয় ।’ কেল্লাটা ছেড়ে যেতে ইচ্ছে করছিল না, কিন্তু উপায় নেই ।

কেল্লার বাইরে দুটো ট্যাক্সিই দাঁড়িয়ে রয়েছে । ঠিক হল যে এবার আমরা এক সঙ্গেই ফিরব । যখন ট্যাক্সিতে উঠছি, তখন ড্রাইভার বলল ডক্টর হাজরারা নাকি সার্কিট হাউসে যাননি । উয়ো যো লেড়কা থা—ও নাকি বলেছে সার্কিট হাউসে যাবে না ।

‘তবে কোথায় গেছে ওরা ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

তাতে ড্রাইভার বলল, ওরা গেছে দেবীকুণ্ডে । সেটা আবার কী জায়গা ? ফেলুদা বলল, ওখানে নাকি রাজপুত যোদ্ধাদের স্মৃতিস্তম্ভ আছে ।

পাঁচ মাইল পথ, যেতে লাগল দশ মিনিট । জায়গাটা সত্যিই সুন্দর, আর তেমন সুন্দর



স্মৃতিস্তম্ভগুলো। পাথরের বেদির উপর পাথরের থাম, তার উপর পাথরের ছাউনি, আর মাথা থেকে পা অবধি সুন্দর কারুকর্ম। এই রকম স্মৃতিস্তম্ভ চারদিকে ছড়ানো রয়েছে কমপক্ষে পঞ্চাশটা। সমস্ত জায়গাটা গাছপালায় ভর্তি, সেই সব গাছে টিয়ার দল জটলা করছে, এ-গাছ থেকে ও-গাছ ফুরুৎ ফুরুৎ করে উড়ে বেড়াচ্ছে আর ট্যাঁ ট্যাঁ করে ডাকছে। এত টিয়া একসঙ্গে আমি কখনও দেখিনি।

কিন্তু ডক্টর হাজরা কোথায়? আর কোথায়ই বা মুকুল?

লালমোহনবাবুর দিকে চেয়ে দেখি, উনি উশখুশ করছেন। বললেন, ‘ভেরি সাস্পিশাস্ অ্যান্ড মিস্টেরিয়াস্।’

‘ডক্টর হাজরা!’ মন্দার বোস হঠাৎ এক হাঁক দিয়ে উঠলেন। তাঁর ভারী গলার চিৎকারে এক বাঁক টিয়া উড়ে পালাল, কিন্তু ডাকের কোনও সাড়া পাওয়া গেল না।

আমরা কজনে খুঁজতে আরম্ভ করে দিলাম। স্মৃতিস্তম্ভে স্মৃতিস্তম্ভে জায়গাটা প্রায় একটা গোলকধাঁধার মতো হয়ে রয়েছে। তারই মধ্যে ঘুরতে ঘুরতে ফেলুদাকে দেখলাম ঘাস থেকে একটা দেশলাইয়ের বাত্ম কুড়িয়ে নিয়ে পকেটে পুরল।

শেষকালে কিন্তু লালমোহনবাবুই আবিষ্কার করলেন ডক্টর হাজরাকে। তাঁর চিৎকার শুনে আমরা দৌড়ে গিয়ে দেখি, একটা আমগাছের ছায়ায় শেওলা-ধরা বেদির সামনে মুখ আর হাত পিছন দিকে বাঁধা অবস্থায় মাটিতে কঁকড়ে পড়ে আছেন ডক্টর হাজরা। তাঁর মুখ দিয়ে একটা অদ্ভুত অসহায় গোঁ গোঁ শব্দ বেরোচ্ছে।

ফেলুদা হুমড়ি খেয়ে ভদ্রলোকের উপর পড়ে তাঁর হাতের বাঁধন আর মুখের গ্যাগ খুলে দিল। দেখেই মনে হল যেটা দিয়ে বাঁধা হয়েছে সেটা একটা পাগড়ি থেকে ছেঁড়া কাপড়।

মন্দার বোস বললেন, ‘ব্যাপার কী মশাই, এমন দশা হল কী করে?’

সৌভাগ্যক্রমে ডক্টর হাজরা জখম হননি। তিনি মাটিতে ঘাসের উপরে বসে কিছুক্ষণ

হাঁপালেন। তারপর বললেন, ‘মুকুল বলল, সার্কিট হাউসে যাবে না। অগত্যা গাড়ি করে ঘুরতে লাগলাম। এখানে এসে তার জায়গাটা ভাল লেগে গেল। বলল—এগুলো ছত্ৰী। এগুলো আমি জানি। আমি নেবে দেখব।—নামলাম। ও এদিক ওদিক ঘুরছিল, আমি একটু গাছের ছায়ায় দাঁড়িয়েছিলাম। এমন সময় পেছন থেকে আক্রমণ। হাত দিয়ে মুখটা চেপে মাটিতে উপুড় করে ফেলে হাঁটুটা দিয়ে মাথাটা চেপে রেখে হাত দুটো পিছনে বেঁধে ফেলল। তারপর মুখে ব্যান্ডেজ।’

‘মুকুল কোথায়?’ ফেলুদা জিজ্ঞেস করল। তার গলার স্বরে উৎকণ্ঠা।

‘জানি না। একটা গাড়ির আওয়াজ পেয়েছিলাম বটে আমাকে বাঁধবার কিছুক্ষণ পরেই।’

‘লোকটার চেহারাটা দেখেননি?’ ফেলুদা প্রশ্ন করল।

ডক্টর হাজরা মাথা নাড়লেন। ‘তবে স্ট্রাগল-এর সময় তার পোশাকের একটা আন্দাজ পেয়েছিলাম। স্থানীয় লোকের পোশাক। প্যান্ট-শার্ট নয়।’

‘দেয়ার হি ইজ!’ হঠাৎ চোঁচিয়ে উঠলেন মন্দার বোস।

অবাক হয়ে দেখলাম, একটা ছত্ৰীর পাশ থেকে মুকুল আপনমনে ঘাস চিবোতে চিবোতে আমাদের দিকে এগিয়ে আসছে। ডক্টর হাজরা একটা হাঁপ ছাড়ার শব্দ করে ‘থ্যান্ক গড’ বলে মুকুলের দিকে এগিয়ে গেল।

‘কোথায় গিয়েছিলে মুকুল?’

কোনও উত্তর নেই।

‘কোথায় ছিলে তুমি এতক্ষণ?’

‘ওইটার পিছনে।’ মুকুল আঙুল দিয়ে একটা ছত্ৰীর দিকে দেখাল।

‘ও রকম বাড়ি আমি দেখেছি।’

ফেলুদা বলল, ‘যে লোকটা এসেছিল তাকে তুমি দেখেছিলে?’

‘কোন লোকটা?’

ডক্টর হাজরা বললেন, ‘ওর দেখার কথা নয়। এখানে এসেই ও দৌড়ে এক্সপ্লোর করতে চলে গেছে। বিকানিরে এসে এ রকম যে একটা কিছু ঘটতে পারে সেটাও ভাবিনি, তাই আমিও ওর জন্য চিন্তা করিনি।’

তা সত্ত্বেও ফেলুদা আবার প্রশ্ন করল, ‘তুমি দেখোনি লোকটাকে—যে ডক্টর হাজরার হাত-মুখ বাঁধল?’

‘আমি সোনার কেলা দেখব।’

বুঝলাম মুকুলকে কোনও প্রশ্ন করা বৃথা।

ফেলুদা হঠাৎ বলল, ‘আর টাইম ওয়েস্ট করে লাভ নেই। একদিক দিয়ে ভালই যে মুকুল আপনার সঙ্গে বা আপনার কাছাকাছি ছিল না। থাকলে হয়তো তাকে নিয়েই উধাও হত লোকটা। যদি সে লোক যোধপুর ফিরে গিয়ে থাকে তা হলে যথেষ্ট স্পিডে গাড়ি চালালে হয়তো এখনও তাকে ধরা যাবে।’

দু মিনিটের মধ্যে আমরা গাড়িতে উঠে রওনা হয়ে গেলাম। লালমোহনবাবু এবার আমাদের সঙ্গে এলেন। বললেন, ‘ও লোকগুলো বড্ড ড্রিংক করে। আমার আবার মদের গন্ধ সহ্য হয় না।’

পাঞ্জাবি ড্রাইভার হরমিত সিং ষাট মাইল পর্যন্ত স্পিড তুলল গাড়িতে। এক জায়গায় রাস্তার মাঝখানে একটা ঘুঘু বসেছিল, সেটা উড়ে পালাতে গিয়ে আমাদের গাড়ির উইন্ডস্ক্রিনে ধাক্কা খেয়ে মরে গেল। আমি আর মুকুল সামনে বসেছিলাম। একবার পিছন ফিরে দেখলাম, লালমোহনবাবু ফেলুদা আর ডক্টর হাজরার মাঝখানে কুঁকড়ে চোখ বন্ধ করে বসে

আছেন। তাঁর মুখ ফ্যাকাশে হলেও ঠোঁটের কোণে একটা হাসি দেখে বুঝলাম, তিনি অ্যাডভেঞ্চারের গন্ধ পেয়েছেন; হয়তো তাঁর সামনের গল্পের প্লটও মাথায় এসে গেছে।

শ'খানেক মাইল আসার পর বুঝতে পারলাম যে, শয়তানের গাড়ি ধরতে পারার কোনও সম্ভাবনা নেই। সে গাড়িটাও যে নতুন নয়, আর তাতেও যে স্পিড ওঠে না, এ কথা ভাবলে চলবে কেন!

যোধপুর যখন পৌঁছলাম, তখন শহরের বাতি জ্বলে উঠেছে। ফেলুদা বলল, 'লালমোহনবাবু, আপনাকে নিউ বোস্বে লজে নামিয়ে দেব তো?'

ভদ্রলোক মিহি গলায় বললেন, 'তা তো বটেই—আমার জিনিসপত্তর তো সব সেখানেই রয়েছে; কিন্তু ভাবছিলাম খাওয়াদাওয়া করে যদি আপনাদের ওখানে...মানে...'

'বেশ তো', ফেলুদা আশ্বাসের সুরে বলল, 'জিজ্ঞেস করে দেখব, সার্কিট হাউসে ঘর খালি আছে কি না। আপনি বরং ন'টা নাগাদ একটা টেলিফোন করে জেনে নেবেন।'

আমি ভাবছি আজকের ঘটনার কথা। শত্রু লোকের পাল্লায় পড়েছি আমরা, সে কথা বেশ বুঝতে পারছি। এ লোকই কি সেই লাল জামা পরা লোক? যে আজ বিকানির গিয়েছিল নীল জামা পরে? জানি না। এখন পর্যন্ত কিছুই বুঝতে পারছি না। আমার মনে হয় ফেলুদাও পারছে না। যদি পারত তা হলে ওর মুখের ভাবই অন্য রকম হয়ে যেত। অ্যাডিন ওর সঙ্গে থেকে আর ওর তদন্তের কায়দাটা দেখে আমি এটা খুব ভাল করেই জেনেছি।

সার্কিট হাউসে পৌঁছে যে যার ঘরের দিকে গেলাম। তিন নম্বরে ঢোকান আগে ফেলুদা ডক্টর হাজরাকে বলল, 'কিছু মনে করবেন না, আমি এই কাপড়টা আমার কাছে রাখছি।' ডক্টর হাজরাকে যে কাপড়টা দিয়ে বাঁধা হয়েছিল সেটা ফেলুদা সঙ্গে নিয়ে নিয়েছিল।

হাজরা বললেন, 'স্বচ্ছন্দে।' তারপর ফেলুদার দিকে এগিয়ে এসে গলা নামিয়ে বললেন, 'বুঝতেই তো পারছেন প্রদোষবাবু, ব্যাপার গুরুতর। যেটা আশঙ্কা করা গিয়েছিল, সেটাই হতে চলেছে। আমি কিন্তু এতটা গোলমাল হবে সেটা অনুমান করিনি।'

ফেলুদা বলল, 'আপনি ভাবছেন কেন? আমি তো রয়েছি। আপনি নির্ভয়ে নিজের কাজ চালিয়ে যান। আমার বিশ্বাস, আপনি যদি আজ দেবীকুণ্ডে না গিয়ে সার্কিট হাউসে যেতেন, তা হলে আপনাকে এতটা নাজেহাল হতে হত না। অবিশ্যি মুকুলকে যে কিডন্যাপ করতে পারেনি লোকটা এটাই ভাগ্য। এবার থেকে আমাদের কাছাকাছি থাকবেন, তা হলে দুর্যোগের ভয়টা অনেক কমবে।'

ডক্টর হাজরার মুখ থেকে দুশ্চিন্তার ভাবটা গেল না। বললেন, 'আমি কিন্তু আমার নিজের জন্য ভাবছি না। বৈজ্ঞানিকদের গবেষণার ব্যাপারে অনেক রিস্ক নিতে হয়। ভাবছি আপনাদের দুজনের জন্য। আপনারা তো একেবারে বাইরের লোক।'

ফেলুদা একটু হেসে বলল, 'ধরে নিন আমিও একজন বৈজ্ঞানিক, আমিও গবেষণা করছি, আর সেই কারণে আমিও রিস্ক নিচ্ছি।'

মুকুল এতক্ষণ বারান্দার এ-মাথা থেকে ও-মাথা পায়চারি করছিল, ডক্টর হাজরা এবার তাকে ডেকে নিয়ে আমাদের গুড নাইট জানিয়ে অন্যান্যনস্কভাবে তার ঘরে চলে গেলেন। আমরাও আমাদের ঘরে ঢুকলাম। বেয়ারাকে ডেকে ঠাণ্ডা কোকাকোলা আনতে বলে ফেলুদা সোফায় বসে পকেট থেকে সিগারেট আর লাইটার বার করে চিন্তিতভাবে সেগুলোকে টেবিলের উপর রাখল। তারপর অন্য পকেট থেকে বের করল একটা দেশলাই—যেটা দেবীকুণ্ডে কুড়িয়ে পেয়েছিল। টেক্স-মার্ক দেশলাই। বাতাস খালি। সেটার দিকে কিছুক্ষণ তাকিয়ে থেকে বলল, 'এই যে রেল আসতে এতগুলো স্টেশনে এতগুলো

পান-সিগারেটওয়ালাকে দেখলি, তাদের কাকুর কাছে টেক্সা দেশলাই ছিল কি না লক্ষ করেছিলি ?’

আমি সত্যি কথাটা বললাম । ‘না ফেলুদা, লক্ষ করিনি ।’

ফেলুদা বলল, ‘পশ্চিম অঞ্চলের কোনও দোকানে টেক্সা দেশলাই থাকার কথা নয় । রাজস্থানে টেক্সা বিক্রি হয় না । এ দেশলাই রাজস্থানের বাইরে থেকে আনা ।’

‘তার মানে এটা সেই লাল জামা-পরা লোকটার নয় ?’

‘তোর প্রশ্নটা খুবই কাঁচা হল । প্রথমত, রাজস্থানি পোশাক পরলেই একটা লোক রাজস্থানি হয় না । ওটা যে-কেউ পরতে পারে । আর দ্বিতীয়ত, ওই লোক ছাড়াও আরও অনেকেই আজ দেবীকুণ্ডে গিয়ে কুকীর্তিটা করার সুযোগ পেয়েছে ।’

‘তা তো বটেই ! কিন্তু তাদের তো কাউকেই আমরা চিনি না, কাজেই ও নিয়ে ভেবে কী লাভ ?’

‘এটাও খুব কাঁচা কথা হল । মাথা খাটাতে শিখলি না এখনও তুই । লালমোহন, মন্দার বোস এবং মাহেশ্বরী—এরা কত দেরিতে কেবলোয় পৌঁছেছে সেটা ভেবে দ্যাখ । আর তারপর ভেবে দ্যাখ—’

‘বুঝেছি, বুঝেছি ।’

সত্যিই তো ! এটা তো আমার মাথাতেই আসেনি । ওদের আসতে প্রায় পঁয়তাল্লিশ মিনিট দেরি হয়েছিল । লালমোহনবাবু বললেন, গাড়ির টায়ার পাংচার হয়েছিল । যদি না হয়ে থাকে ? যদি তিনি মিথ্যে কথা বলে থাকেন ? কিংবা সেটা যদি সত্যি হয়ে থাকে, আর লালমোহনবাবু যদি নির্দোষ হয়ে থাকেন, মন্দার বোস আর মাহেশ্বরী তো বাজার না করে দেবীকুণ্ডে গিয়ে থাকতে পারেন ।

ফেলুদা এবার একটা দীর্ঘনিশ্বাস ফেলে পকেট থেকে আরেকটা জিনিস বার করল । সেটা দেখেই হঠাৎ বুকটা ধড়াস করে উঠল । এটার কথা এতক্ষণ মনেই ছিল না । এটা সেই মন্দার বোসের দেওয়া চিঠিটা ।

‘ওটা কার চিঠি ফেলুদা ?’ কাঁপা গলায় জিজ্ঞেস করলাম আমি ।

‘জানি না,’ বলে ফেলুদা চিঠিটা আমার দিকে এগিয়ে দিল । হাতে নিয়ে দেখি, সেটা ইংরেজিতে লেখা চিঠি । মাত্র একটা লাইন—বড় হাতের অক্ষরে উট পেন দিয়ে লেখা—

‘ইফ ইউ ভ্যালু ইয়োর লাইফ—গো ব্যাক টু ক্যালকাটা ইমিডিয়েটলি ।’

অর্থাৎ তোমার জীবনের প্রতি যদি তোমার মায়া থাকে, তা হলে এক্ষুনি কলকাতায় ফিরে যাও ।

আমার হাতে চিঠিটা কাঁপতে লাগল । আমি চট করে সেটা টেবিলের উপর রেখে হাত দুটোকে কোলের উপর জড়ো করে নিজেকে স্টেডি করার চেষ্টা করলাম ।

‘কী করবে ফেলুদা ?’

সিলিং-এর ঘুরন্ত পাখাটার দিক থেকে দৃষ্টি না সরিয়ে ফেলুদা প্রায় আপন মনেই বলল, ‘মাকড়সার জাল...জিয়োমেট্রি... । এখন অন্ধকার...দেখা যাচ্ছে না...রোদ উঠলে জালে আলো পড়বে—চিক্ চিক্ করবে...তখন ধরা পড়বে জালের নকশা !...এখন শুধু আলোর অপেক্ষা...’

কাল মাঝরাতিরে ঘুম ভেঙে গিয়েছিল একবার, তখন সময় কটা জানি না, দেখলাম ফেলুদা বেড-সাইড ল্যাম্পটা জ্বালিয়ে তার নীল খাতায় কী যেন লিখছে। ও কত রাত পর্যন্ত কাজ করেছিল জানি না। কিন্তু সকাল সাড়ে ছটায় উঠে দেখলাম, ও তার আগেই উঠে দাড়ি-টাড়ি কামিয়ে রেডি। ও বলে, মানুষের ব্রেন যখন খুব বেশি কাজ করে, তখন ঘুম আপনা থেকেই কমে যায়; কিন্তু তাতে নাকি শরীর খারাপ হয় না। অন্তত ওর তো তাই ধারণা, আর ওর শরীর গত দশ বছরে এক দিনের জন্যেও খারাপ হয়েছে বলে তো মনে পড়ে না। আমি জানতাম যে যোধপুরে এসেও ও যোগব্যায়াম বন্ধ করেনি। আজকেও জানি, আমার ঘুম ভাঙার আগেই ওর সে-কাজটা সারা হয়ে গেছে।

ডাইনিং রুমে ব্রেকফাস্ট খেতে গিয়ে সকলের সঙ্গেই দেখা হল। লালমোহনবাবু কাল রাত্রেই সার্কিট হাউসে চলে এসেছিলেন। তিনি বারান্দার পশ্চিম অংশটাতে মন্দার বোসের দুটো ঘর পরেই রয়েছেন। ভদ্রলোক ডিমের অমলেট খেতে খেতে বললেন, তাঁর নাকি চমৎকার একটা প্লট মাথায় এসেছে। ডক্টর হাজরা একদম মুষড়ে পড়েছেন; বললেন যে, রাত্রে নাকি তার ভাল ঘুম হয়নি। একমাত্র মুকুলই দেখলাম নির্বিকার।

মন্দার বোস আজ প্রথম সরাসরি ডক্টর হাজরার সঙ্গে কথা বললেন—

‘কিছু মনে করবেন না মশাই, আপনি যে উদ্ভট জিনিস নিয়ে রিসার্চ করছেন, তাতে এ ধরনের গণ্ডগোল হবেই। যে দেশে কুসংস্কারের এত ছড়াছড়ি, সে দেশে এ সব জিনিস বেশি না ঘাটানোই ভাল। শেষকালে দেখবেন, ঘরে ঘরে সব কচি ছোকরারা নিজেদের জাতিস্মর বলে ক্রেম করছে। তলিয়ে দেখলে দেখবেন, ব্যাপারটা আর কিছুই না, তাদের বাপেরা একটু পাবলিসিটি চাইছে, ব্যস। তখন আপনি ঠাালা সামলাবেন কী করে? কটা ছেলেকে সঙ্গে নিয়ে বিদেশে বিড়ুইয়ে চরে বেড়াবেন?’

ডক্টর হাজরা কোনও মন্তব্য করলেন না। লালমোহনবাবু এর-ওর মুখের দিকে চাইলেন, কারণ জাতিস্মর ব্যাপারটা উনি এখনও কিছু জানেন না।

ফেলুদা আগেই বলেছিল যে, ব্রেকফাস্ট সেরে একটু বাজারের দিকে যাবে। আমি জানতাম, সেটা নিশ্চয়ই শুধু শহর দেখার উদ্দেশ্যে নয়। পৌনে আটটার সময় আমরা বেরিয়ে পড়লাম। দুজন নয়, তিনজন। লালমোহনবাবুও আমাদের সঙ্গে নিলেন। আমি এর মধ্যে দু-একবার ভদ্রলোককে দুষমন হিসেবে কল্পনা করার চেষ্টা করেছিলাম, কিন্তু প্রতিবারই এত হাসি পেল যে বাধ্য হয়ে সেটা মন থেকে দূর করতে হল।

সার্কিট হাউসের দিকটা নিরিবিলি আর খোলামেলা হলেও শহরটা গিজগিজে। প্রায় সব জায়গা থেকেই পুরনো পাঁচিলটা দেখা যায়। সেই পাঁচিলের গায়ে দোকানের সারি, টাঙ্গার লাইন, লোকের থাকবার বাড়ি আর আরও কত কী। পাঁচশো বছর আগেকার শহরের চিহ্ন আজকের শহরের সঙ্গে মিশে একাকার হয়ে গেছে।

আমরা এ-দোকান সে-দোকান দেখতে দেখতে হেঁটে চলেছি। ফেলুদা কিছু একটা খুঁজছে সেটা বুঝতে পারলাম, কিন্তু সেটা যে কী সেটা বুঝলাম না। লালমোহনবাবু হঠাৎ জিজ্ঞেস করলেন, ‘হাজরা কীসের ডাক্তার বলুন তো? আজ আবার টেবিলে মিস্টার ট্রটার কী-সব বলছিলেন...’

ফেলুদা বলল, ‘হাজরা একজন প্যারাসাইকলজিস্ট।’

‘প্যারাসাইকলজিস্ট?’ লালমোহনবাবুর ডুরু কঁচকে গেল। ‘সাইকলজির আগে যে আবার প্যারা বসে সেটা তো জানতুম না মশাই। টাইফয়েডের আগে বসে সেটা জানি। তার মানে

কি হাফ-সাইকলজি—প্যারা-টাইফয়েড যেমন হাফ-টাইফয়েড ?

ফেলুদা বলল, ‘হাফ নয়, প্যারা মানে হচ্ছে অ্যাবনরম্যাল। মনস্তত্ত্ব ব্যাপারটা এমনই ধোঁয়াটে ; তার মধ্যেও আবার যে দিকটা বেশি ধোঁয়াটে, সেটা প্যারাসাইকলজির আড়ারে পড়ে।’

‘আর জাতিস্মরের কথা কী যেন বলছিলেন !’

‘মুকুল ইজ এ জাতিস্মর। অন্তত তাই বলা হয় তাকে।’

লালমোহনবাবুর মুখ হাঁ হয়ে গেল।

‘আপনি প্লটের অনেক খোরাক পাবেন’, ফেলুদা বলল, ‘ছেলেটি পূর্ব জন্মে দেখা একটা সোনার কেল্লার কথা বলে। আর সে নাকি একটা বাড়িতে থাকত যার মাটিতে গুপ্তধন পোঁতা ছিল।’

‘আমরা কি সেই সবেবের খোঁজে যাচ্ছি নাকি মশাই ?’ লালমোহনবাবুর গলা ঘড়ঘড়ে হয়ে গেছে।

‘আপনি যাচ্ছেন কি না জানি না, তবে আমরা যাচ্ছি।’

লালমোহনবাবু রাস্তার মাঝখানে দু হাত দিয়ে খপ করে ফেলুদার হাত ধরে ফেলল।

‘মশাই—চানস্ অফ এ লাইফটাইম। আমায় ফেলে ফস্ করে কোথাও চলে যাবেন না—এইটেই আমার রিকোয়েস্ট।’

‘এর পরে কোথায় যাব এখনও কিছুই ঠিক হয়নি।’

লালমোহনবাবু কী জানি ভেবে বললেন, ‘মিস্টার টুটার কি আপনাদের সঙ্গে যাবেন নাকি ?’

‘কেন ? আপনার আপত্তি আছে ?’

‘লোকটা পাওয়ারফুল সাসপিশাস্।’

রাস্তার একধারে একটা জুতোওয়ালা বসেছে, তার চারিদিকে ঘিরে নাগরার ছড়াছড়ি। এখানকার লোকেরা এই ধরনের নাগরাই পরে। ফেলুদা জুতোগুলোর সামনে দাঁড়াল।

‘পাওয়ারফুল তো জানি। সাসপিশাস্ কেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘কাল গাড়িতে যেতে যেতে খুব বাক্তাল্লা মারছিল। বলে—ট্যাক্সনিকায় নাকি নেকড়ে মেরেছে নিজে বন্দুক দিয়ে। অথচ আমি জানি যে, সারা আফ্রিকার কোনও তল্লাটে নেকড়ে জানোয়ারটাই নেই। মার্টিন জনসনের বই পড়েছি আমি—আমার কাছে ধাপ্পা !’

‘আপনি কী বললেন ?’

‘কী আর বলব ? ফস্ করে মুখের ওপর তো লায়ার বলা যায় না ! দুজনের মাঝখানে স্যাভউইচ হয়ে বসে আছি। আর লোকটার ছাতি দেখেছেন তো ? কমপক্ষে ফটিফাইভ ইঞ্চের। আর রাস্তার দু ধারে দেখচি ইয়া ইয়া মনসার ঝোপড়া—কনট্র্যাডিক্ট করলুম, আর অমনি কোলপাঁজা করে তুলে নিয়ে যদি ওই একটা ঝোপড়ার পেছনে ফেলে দিয়ে চলে যায়—ইন নো টাইম মশাই শকুনির স্কোয়াড্রন এসে ল্যান্ড করে ফিস্টি লাগিয়ে দেবে।’

‘আপনার লাশে কটা শকুনের পেট ভরবে বলুন তো।’

‘হেঃ হেঃ হেঃ হেঃ...’

ফেলুদা ইতিমধ্যে পায়ের স্যাভেল খুলে নাগরা পরে পায়চারি শুরু করে দিয়েছে। লালমোহনবাবু বললেন, ‘ভেরি পাওয়ারফুল শুজ—কিনছেন নাকি ?’

‘একটা পরে দেখুন না’, ফেলুদা বলল।

ভদ্রলোকের পায়ের মাপের মতো ছোট জুতো অবিশ্যি দোকানে ছিল না, তাও তার মধ্যে যে জোড়াটা সবচেয়ে ছোট, সেটা পরে তিনি প্রায় আঁতকে উঠলেন। ‘এ যে গণ্ডারের চামড়া



মশাই ! এ তো গণ্ডার ছাড়া আর কারুর পায়ে সুট করবে না !’

‘তা হলে ধরে নিন রাজস্থানের শতকরা নব্বই ভাগ লোক আসলে গণ্ডার ।’

দুজনেই নাগরা খুলে যে যার জুতো পরে নিল । দোকানদারও হাসছিল । সে বুঝেছে, শহরের বাবুরা ছোটলোকদের জুতো পায়ে দিয়ে একটু রসিকতা করছে ।

আমরা এগিয়ে চললাম । একটা পানের দোকান থেকে বেদম জোরে রেডিয়োতে ফিল্মের গানের আওয়াজ বেরোচ্ছে । মনে পড়ে গেল কলকাতার পূজো-প্যাণ্ডেলের কথা । এখানে পূজো নেই, আছে দশেরা । কিন্তু তার এখনও অনেক দেরি ।

আরও কিছু দূর এগিয়ে ফেলুদা একটা পাথরের তৈরি জিনিসের দোকানের সামনে দাঁড়িয়ে গেল । দোকানটার চেহারা বেশ ভদ্র, নাম সোলাঙ্কি স্টোর্স । বাইরে কাচের জানালার পিছনে সুন্দর সুন্দর পাথরের ঘটি বাটি গেলাস পাত্র সাজানো রয়েছে । ফেলুদা একদৃষ্টে সেগুলোর দিকে চেয়ে আছে । দোকানদার দরজার মুখটাতে এগিয়ে এসে আমাদের ভিতরে আসতে অনুরোধ করল ।

ফেলুদা জানালার দিকে দেখিয়ে বলল, ‘ওই বাটিটা একবার দেখতে পারি ?’

দোকানদার জানালার বাটিটা না বার করে ভিতরের একটা আলমারি থেকে ঠিক সেই রকমই একটা বাটি বার করে দিল । সুন্দর হলদে রঙের পাথরের বাটি । আগে কখনও এ রকম জিনিস দেখেছি বলে মনে পড়ে না ।

‘এটা কি এখানকার তৈরি ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

দোকানদার বলল, ‘রাজস্থানেরই জিনিস, তবে যোধপুরের নয় ।’

‘তবে কোথাকার ?’

‘জয়সলমীর । এই হলদে পাথর শুধু ওখানেই পাওয়া যায় ।’

‘আই সি...’

জয়সলমীর নামটা আমি আবছা শুনেছি । জায়গাটা যে রাজস্থানের ঠিক কোনখানে সেটা আমার জানা ছিল না । ফেলুদা বাটিটা কিনে নিল । সাড়ে নটা নাগাত টাঙ্গার ঝাঁকুনি খেয়ে সকালের ডিম-রুটি হজম করে আমরা সার্কিট হাউসে ফিরলাম ।

মন্দার বোস বারান্দায় বসে খবরের কাগজ পড়ছিলেন । আমাদের হাতে প্যাকেট দেখে বললেন, ‘কী কিনলেন ?’

ফেলুদা বলল, ‘একটা বাটি । রাজস্থানের একটা মেমেন্টো রাখতে হবে তো ।’

‘আপনার বন্ধু তো বেরোলেন দেখলাম ।’

‘কে, ডক্টর হাজরা ?’

‘নটা নাগাত বেরিয়ে যেতে দেখলাম একটা ট্যাক্সি করে ।’

‘আর মুকুল ?’

‘সঙ্গেই গেছে । বোধ হয় পুলিশে রিপোর্ট করতে গেছেন । কালকের ঘটনার পর হি মাস্ট বি কোয়াইট শেকন ।’

লালমোহনবাবু ‘প্লটটা একটু চেঞ্জ করতে হবে’ বলে তাঁর ঘরে চলে গেলেন ।

ঘরে গিয়ে ফেলুদাকে জিজ্ঞেস করলাম, ‘হঠাৎ বাটিটা কিনলে কেন ফেলুদা !’

ফেলুদা সোফায় বসে বাটিটা মোড়ক থেকে খুলে টেবিলের উপর রেখে বলল, ‘এটার একটা বিশেষত্ব আছে ।’

‘কী বিশেষত্ব ?’

‘জীবনে এই প্রথম একটা বাটি দেখলাম যেটাকে সোনার পাথরবাটি বললে খুব ভুল বলা হয় না ।’

এর পরে আর কোনও কথা না বলে সে ব্র্যাড্‌শ-র পাতা উলটোতে আরম্ভ করল । আমি আর কী করি । জানি এখন ঘণ্টাখানেক ফেলুদার মুখ দিয়ে কোনও কথা বেরোবে না, বা তাকে কিছু জিজ্ঞেস করলে তার উত্তর পাওয়া যাবে না, তাই অগত্যা বাইরে বেরোলাম ।

লম্বা বারান্দাটা এখন খালি । মন্দারবাবু উঠে গেছেন । দূরে একজন মেমসাহেব বসেছিলেন, তিনিও উঠে গেছেন । একটা ঢোলকের আওয়াজ ভেসে আসছে । এবার তার সঙ্গে একটা গান শুরু হল । গেটের দিকে চেয়ে দেখলাম, দুটো ভিথিরি গোছের লোক—একটা পুরুষ আর একটা মেয়ে—গেট দিয়ে ঢুকে আমাদের বারান্দার দিকে এগিয়ে আসছে । ছেলেটা ঢোলক বাজাচ্ছে আর মেয়েটা গান গাইছে । আমি বারান্দা দিয়ে এগিয়ে গেলাম ।

মাঝখানের খোলা জায়গাটায় গিয়ে ইচ্ছে হল একবার দোতলায় যাই । সিঁড়িটা প্রথম দিন থেকেই দেখছি, আর জানি যে উপরে ছাত আছে । উঠে গেলাম সিঁড়ি দিয়ে ।

দোতলার মাঝখানে পাশাপাশি খান চারেক ঘর । সেগুলোর দু দিকে পুবে আর পশ্চিমে খোলা ছাত । ঘরগুলোতে লোকজন নেই বলেই মনে হল । কিংবা হয়তো যারা আছে তারা বেরিয়েছে ।

পশ্চিম দিকের ছাতটায় গিয়ে দেখি যোধপুরের কেলাটা দারুণ দেখাচ্ছে সেখান থেকে ।

নীচে ভিথিরির গান হয়ে চলেছে । সুরটা চেনা চেনা লাগছে । কোথায় শুনেছি এ সুর ? হঠাৎ বুঝতে পারলাম, মুকুল যে সুরে গুনগুন করে, তার সঙ্গে এর খুব মিল আছে । বার বার একই সুর ঘুরে ঘুরে আসছে, কিন্তু শুনতে একঘেয়ে লাগছে না । আমি ছাতের নিচু

পাঁচিলটার দিকে এগিয়ে গেলাম। এদিকটা হচ্ছে সার্কিট হাউসের পিছন দিক।

ও মা, পিছনেও যে বাগান আছে তা তো জানতাম না! আমাদের ঘরের পিছন দিকের জানালা দিয়ে একটা ঝাঁউ গাছ দেখা যায় বটে, কিন্তু এতখানি জায়গা জুড়ে এত রকম গাছ আছে এদিকটায়, সেটা বুঝতে পারিনি।

ঝলমলে নীল ওটা কী নড়ছে গাছপালার পিছনে? ওহো—একটা ময়ূর। গাছের পিছনে লুকোনো ছিল শরীরের খানিকটা, তাই বুঝতে পারিনি। এবারে পুরো শরীরটা দেখা যাচ্ছে। মাটি থেকে খুঁটে খুঁটে কী যেন খাচ্ছে। পোকাটোকা বোধ হয়; ময়ূর তো পোকা খায় বলেই জানি। হঠাৎ মনে পড়ল কোথায় যেন পড়েছিলাম যে, ময়ূরের বাসা খুঁজে পাওয়া খুব মুশকিল। তারা বেছে বেছে নাকি অদ্ভুত সব গোপন জায়গা বার করে বাসা তৈরি করে।

আস্তে আস্তে পা ফেলে ময়ূরটা এগোচ্ছে, লম্বা গলাটাকে বেকিয়ে এদিক ওদিক ঘুরে দেখছে, শরীরটা ঘুরলে সমস্ত লেজটা সঙ্গে সঙ্গে ঘুরে যাচ্ছে।

হঠাৎ ময়ূরটা দাঁড়াল। গলাটা ডান দিকে ঘোরাল। কী দেখছে ময়ূরটা? নাকি কোনও শব্দ শুনেছে?

ময়ূরটা সরে গেল। কী জানি দেখে ময়ূরটা সরে যাচ্ছে।

একজন লোক। আমি যেখানে দাঁড়িয়েছি, তার ঠিক নীচে। গাছের ফাঁক দিয়ে ফাঁক দিয়ে দেখা যাচ্ছে। লোকটার মাথায় পাগড়ি। খুব বেশি বড় না—মাঝারি। গায়ে সাদা চাদর জড়ানো। একেবারে ওপর থেকে দেখছি বলে লোকটার মুখ দেখা যাচ্ছে না। খালি পাগড়ি আর কাঁধ। হাত দুটো চাদরের তলায়।

লোকটা পা টিপে টিপে এগোচ্ছে। পশ্চিম দিক থেকে পূর্ব দিকে। আমি রয়েছি পশ্চিমের ছাতে। পূর্ব দিকে একতলায় আমাদের ঘর।

হঠাৎ ইচ্ছে করল লোকটা কোথায় যায় দেখি।

মাঝের ঘরগুলো দৌড়ে পেরিয়ে গিয়ে উলটো দিকের ছাতের পিছনের পাঁচিলের কাছে গিয়ে সামনে ঝুঁকে পড়লাম।

লোকটা এখন আবার আমার ঠিক নীচে। ছাতের দিকে চাইলে আমাকে দেখতে পাবে, কিন্তু দেখল না।

এগিয়ে আসছে সামনের দিকে লোকটা। আমাদের ঘরের জানালার দিকে এগিয়ে আসছে। হাতটা চাদরের ভিতর থেকে বার করল। কবজির কাছটায় চকচকে ওটা কী?

লোকটা থেমেছে। আমার গলা শুকিয়ে গেছে। লোকটা আরেক পা এগোল—

‘ক্যাঁ ও য্যাঁ!’

লোকটা চমকে পিছিয়ে গেল। ময়ূরটা কর্কশ স্বরে ডেকে উঠেছে। আর সেই সঙ্গে সঙ্গেই আমিও চোঁচিয়ে উঠলাম—

‘ফেলুদা!’

পাগড়ি পরা লোকটা ঊর্ধ্বশ্বাসে দৌড়ে যে দিক দিয়ে এসেছিল, সেদিকে অদৃশ্য হয়ে গেল, আর আমিও দুড়দাড় করে সিঁড়ি দিয়ে নেমে বারান্দা দিয়ে এক নিশ্বাসে দৌড়ে গিয়ে আমাদের ঘরের দরজার মুখে ফেলুদার সঙ্গে দড়াম করে কলিশন খেয়ে ভাবাচ্যাকা চুপ!

আমাকে ঘরে টেনে নিয়ে গিয়ে ফেলুদা বলল, ‘কী ব্যাপার বল তো?’

‘ছাত থেকে দেখলাম, একটা লোক...পাগড়ি পরে...তোমার জানালার দিকে আসছে...’

‘দেখতে কী রকম? লম্বা?’

‘জানি না...উপর থেকে দেখছিলাম তো!...হাতে একটা...’

‘হাতে কী?’

‘ঘড়ি...’

আমি ভেবেছিলাম ফেলুদা ব্যাপারটা হেসে উড়িয়ে দেবে কিংবা আমাকে বোকা আর ভিত্তি বলে ঠাট্টা করবে। কিন্তু তার কোনওটাই না করে ও গম্ভীরভাবে জানালার দিকে গিয়ে বাইরে মুখ বাড়িয়ে এদিক ওদিক দেখে নিল।

দরজায় একটা টোকা পড়ল।

‘কাম ইন।’

বেয়ারা কফি নিয়ে ঢুকল।

‘সেলাম সা’ব।’

টেবিলের উপর কফির ট্রেটা রেখে পকেট থেকে একটা ভাঁজ করা চিঠি বার করে ফেলুদাকে দিল।

‘মেনেজার সা’বনে দিয়া।’

বেয়ারা চলে গেল। ফেলুদা চিঠিটা পড়ে একটা হতাশার ভাব করে ধপ করে সোফার উপর বসে পড়ল।

‘কার চিঠি ফেলুদা?’

‘পড়ে দ্যাখ।’

ডক্টর হাজারার চিঠি। ডক্টর হাজারার নাম লেখা প্যাডের কাগজে ইংরিজিতে লেখা ছোট্ট চার লাইনের চিঠি—‘আমার বিশ্বাস আমাদের পক্ষে আর যোধপুরে থাকা নিরাপদ নয়। আমি অন্য আরেকটা জায়গায় চললাম, সেখানে কিছুটা সাফল্যের আশা আছে মনে হয়। আপনি আর আপনার ভাইটি কেন আর মিথ্যা বিপদের মধ্যে জড়াবেন; তাই আপনাদের কাছে বিদায় না নিয়েই চললাম। আপনাদের মঙ্গল কামনা করি।—ইতি এইচ. এম. হাজারা।’

ফেলুদা দাঁতে দাঁত চেপে বলল, ‘অত্যন্ত হেস্টি কাজ করেছেন ভদ্রলোক।’ তারপর কফি না খেয়েই সোজা চলে গেল রিসেপশন কাউন্টারে। আজ একটি নতুন ভদ্রলোক বসে আছেন সেখানে। ফেলুদা জিজ্ঞেস করল, ‘ডক্টর হাজারা কি ফিরবেন বলে গেছেন?’

‘না তো। উনি ভাড়া চুকিয়ে দিয়ে গেছেন। ফেরার কথা তো কিছু বলেননি।’

‘কোথায় গেছেন, সেটা আপনি জানেন?’

‘স্টেশনে গেছেন এটাই শুধু জানি।’

ফেলুদা একটুক্ষণ ভেবে বলল, ‘জয়সলমীর তো এখান থেকে ট্রেনে যাওয়া যায়, তাই না?’

‘আজ্ঞে হ্যাঁ। বছর দুয়েক হল ডিরেক্ট লাইন হয়েছে।’

‘কখন ট্রেন?’

‘রাত দশটা।’

‘সকালের দিকে কোনও ট্রেন নেই?’

‘যেটা আছে সেটা অর্ধেক পথ যায়, পোকরান পর্যন্ত। সেটা এই আধ ঘণ্টা হল ছেড়ে গেছে। পোকরান থেকে যদি গাড়ির ব্যবস্থা থাকে, তা হলে অবশিষ্ট এ ট্রেনটাতেও জয়সলমীর যাওয়া যায়।’

‘কতটা রাস্তা পোকরান থেকে?’

‘সত্তর মাইল।’

‘সকালে যোধপুর থেকে অন্য কী ট্রেন আছে?’

ভদ্রলোক একটা বইয়ের পাতা উলটে-পালটে দেখে বললেন, ‘আটটায় একটা প্যাসেঞ্জার

আছে, সেটা বারমের যায় । নটায় আছে রেওয়ারি প্যাসেঞ্জার । দ্যাট্‌স অল ।’

ফেলুদা কাউন্টারের উপর ডান হাতের আঙুলের ডগা দিয়ে কয়েকবার অসহিষ্ণুভাবে টোকা দিয়ে বলল, ‘জয়সলমীর তো এখান থেকে প্রায় দুশো মাইল, তাই না?’

‘আপ্তে হ্যাঁ ।’

‘আপনি অনুগ্রহ করে একটা ট্যাক্সির বন্দোবস্ত করে দেবেন? আমরা সাড়ে এগারোটা নাগাত বেরোতে চাই ।’

ভদ্রলোক সম্মতি জানিয়ে টেলিফোন তুললেন ।

‘কোথায় চললেন আপনারা?’

মন্দার বোস । স্নানটান করে ফিটফাট হয়ে হাতে সুটকেস নিয়ে বেরিয়েছেন ঘর থেকে ।

ফেলুদা বলল, ‘একটু থর মরুভূমিটা দেখার ইচ্ছে আছে ।’

‘ও, তার মানে নর্থ-ওয়েস্ট । আমি যাচ্ছি একটু ইস্টে ।’

‘আপনিও চললেন?’

‘মাই ট্যাক্সি শুড বি হিয়ার এনি মিনিট নাউ । বেশি দিন এক জায়গায় মন টেকে না মশাই । আর আপনারাও যদি চলে যান, তা হলে তো সার্কিট হাউস খালি হয়ে যাচ্ছে এমনতেও ।’

কাউন্টারের ভদ্রলোক কথা শেষ করে টেলিফোনটা নামিয়ে রেখে বললেন, ‘ইট্‌স অ্যারেঞ্জড্‌ ।’

ফেলুদা একবার আমাকে বলল, ‘দ্যাখ তো লালমোহনবাবুর দেখা পাস কিনা । বল যে, আমার এগারোটায় জয়সলমীর যাচ্ছি । যদি উনি আসতে চান আমাদের সঙ্গে, তা হলে যেন ইমিডিয়েটলি তৈরি হয়ে নেন ।’

আমি ছুটলাম দশ নম্বর ঘরের দিকে । কী উদ্দেশ্যে যে জয়সলমীর যাচ্ছি, জানি না । ফেলুদা অন্য সব জায়গা ফেলে এ জায়গাটা বাছল কেন? বোধ হয় মরুভূমির কাছে বলে ! ডক্টর হাজরাও কি জয়সলমীর গেছেন? এই কি আমাদের বিপদের শেষ? না এই সবে শুরু?

৮

যোধপুর থেকে পোকরান প্রায় একশো কুড়ি মাইল রাস্তা । সেখান থেকে জয়সলমীর আবার সত্তর মাইল । সবসুদ্ধ এই দুশো মাইল যেতে আন্দাজ সাড়ে ছ সাত ঘণ্টা লাগা উচিত । অন্তত আমাদের ড্রাইভার গুরুবচন সিং তাই বলল । বেশ গোলগাল হাসিখুশি শিখ ড্রাইভারটিকে লক্ষ করছিলাম মাঝে মাঝে স্টিয়ারিং থেকে হাত দুটো সরিয়ে নিয়ে মাথার পিছনে দিয়ে শরীরটা পিছন দিকে হেলিয়ে বিশ্রাম নিচ্ছে । গাড়ি অবশ্য তখনও চলছে, আর স্টিয়ারিং ঘোরানোর কাজটা সেরে নিচ্ছে ভুঁড়িটাকে এগিয়ে দিয়ে । কাজটা অবিশ্যি শুনতে যত কঠিন মনে হয় ততটা নয়, কারণ প্রথমত গাড়ি চলাচল এ রাস্তায় প্রায় নেই বললেই চলে, আর দ্বিতীয়ত পাঁচ ছ মাইল ধরে একটানা সোজা রাস্তা এর মধ্যে অনেকবারই লক্ষ করলাম । পথে কোনও গোলমাল না হলে মনে হয় সন্ধ্যা ছটা নাগাদ জয়সলমীর পৌঁছে যাব ।

যোধপুর ছাড়িয়ে মাইল দশেক পর থেকেই এমন সব দৃশ্য আরম্ভ হয়েছে, যেমন আমি এর আগে কখনও দেখিনি । যোধপুরের আশেপাশে অনেক পাহাড় আছে, যে সব পাহাড়ের লালচে রঙের পাথর দিয়েই যোধপুরের কেলা তৈরি । কিন্তু কিছুক্ষণ থেকেই মনে হচ্ছে যেন

পাহাড় ফুরিয়ে গেছে। তার বদলে আরম্ভ হয়েছে দিগন্ত অবধি গড়িয়ে যাওয়া ডেউ খেলানো জমি। এই জমির কিছুটা ঘাস, কিছুটা লালচে মাটি, কিছুটা বালি আর কিছুটা কাঁকর। সাধারণ গাছপালাও ক্রমশ কমে গিয়ে তার বদলে চোখে পড়ছে বাবলা গাছ, আর নাম-না-জানা সব কাঁটা গাছ আর কাঁটা ঝোপ।

আর দেখছি বুনো উট। গোরু ছাগলের মতো উট চরে বেড়াচ্ছে যেখানে সেখানে। তার কোনওটার রং দুধ-দেওয়া চায়ের মতো, আর কোনওটা আবার ব্ল্যাক কফির কাছাকাছি। একটা উটকে দেখলাম ওই শুকনো কাঁটা গাছই চিবিয়ে খাচ্ছে। ফেলুদা বলল, কাঁটা গাছ খেয়ে নাকি অনেক সময় ওদের মুখের ভিতরটা ক্ষতবিক্ষত হয়ে যায়। কিন্তু এ সব অঞ্চলে এটাই ওদের খাদ্য বলে ওরা নাকি সেটা গ্রাহ্যই করে না।

জয়সলমীরের কথাও ফেলুদা বলছিল। দ্বাদশ শতাব্দীতে তৈরি এই শহর নাকি ভাটি রাজপুতদের রাজধানী ছিল। ওখান থেকে মাত্র চৌষটি মাইল দূরে পাকিস্তানের বর্ডার। দশ বছর আগেও নাকি জয়সলমীরে যাওয়া খুব মুশকিল ছিল। ট্রেন তো ছিলই না, রাস্তাও যা ছিল, তা অনেক সময়ই বালিতে ঢাকা পড়ে হারিয়ে যেত। জায়গাটা নাকি এত শুকনো যে ওখানে বছরে একদিন বৃষ্টি হলেও লোকেরা সেটাকে সৌভাগ্য বলে মনে করে। যুদ্ধের কথা জিজ্ঞেস করতে ফেলুদা বলল যে আলাউদ্দীন খিলজি নাকি একবার জয়সলমীর আক্রমণ করেছিল।

নব্বুই কিলোমিটার বা ছাপান মাইলের কাছাকাছি এসে হঠাৎ আমাদের ট্যাক্সির একটি টায়ার পাংচার হয়ে গাড়িটা একটা বিশ্রী শব্দ করে রাস্তার একপাশে কেতরে থেমে গেল। গুরুবচন সিং-এর উপর মনে মনে বেশ রাগ হল। ও বলেছিল টায়ার চেক্ করে নিয়েছে, হাওয়া দেখে নিয়েছে ইত্যাদি। সত্যি বলতে কী, গাড়িটা বেশ নতুনই।

সর্দারজির সঙ্গে সঙ্গে আমরাও বাইরে বেরোলাম। টায়ার চেঞ্জ করার হ্যাঙ্গাম আছে, অন্তত পনেরো মিনিটের ধাক্কা।

চ্যাপটা টায়ারের দিকে চোখ যাওয়ার প্রায় সঙ্গে সঙ্গেই আমরা পাংচারের কারণটা বুঝতে পারলাম।

রাস্তার অনেকখানি জুড়ে ছড়িয়ে পড়ে আছে অজস্র পেরেক। সেগুলো দেখেই বোঝা যায় যে, সদ্য কেনা হয়েছে।

আমরা এ-ওর মুখ চাওয়াচাওয়ি করলাম। সিং সাহেব দাঁতের ফাঁক দিয়ে একটা কথা বলল, যেটা অবিশ্যি বইয়ে লেখা যায় না। ফেলুদা কিছুই বলল না, শুধু কোমরে হাত দিয়ে রাস্তার দিকে তাকিয়ে ডুর কুঁচকে ভাবতে লাগল। লালমোহনবাবু একটা পুরনো জাপান এয়ার লাইনসের ব্যাগ থেকে একটা ডায়েরি ধরনের সবুজ খাতা বার করে তাতে খসখস করে পেনসিল দিয়ে কী জানি লিখলেন।

নতুন টায়ার পরিয়ে, ফেলুদার কথামতো রাস্তা থেকে পেরেক সরিয়ে, যখন আবার রওনা হচ্ছি, তখন ঘড়িতে পৌনে দুটো। ফেলুদা ড্রাইভারকে বলল—একটু রাস্তার দিকে নজর রেখে চালাবেন সর্দারজি—আমাদের পেছনে যে দুশমন লেগেছে সে তো বুঝতেই পারছেন।

এদিকে বেশি আস্তে গেলে পৌঁছতে রাত হয়ে যাবে, কাজেই গুরুবচন সিং ষাট থেকে নামিয়ে চল্লিশে রাখলেন স্পিডোমিটার। সত্যি বলতে কী, রাস্তার উপর চোখ রাখতে গেলে ঘণ্টায় দশ-পনেরো মাইলের বেশি স্পিড তোলা চলে না।

প্রায় একশো ষাট কিলোমিটার অর্থাৎ একশো মাইলের কাছাকাছি এসে সর্বনাশটা আর এড়ানো গেল না।

এবার কিন্তু পেরেক না, এবার পিতলের বোর্ড পিন। আন্দাজে মনে হয় প্রায় হাজার দশক পিন বিশ-পঁচিশ হাত জায়গা জুড়ে ছড়ানো রয়েছে। বুঝতেই পারলাম যে, টায়ার ফাঁসানেওয়ালারা কোনও রিস্ক নিতে চাননি।

আর এটাও জানি, গুরুবচন সিং-এর ক্যারিয়ারে আর স্পেয়ার নেই।

চারজনেই আবার গাড়ি থেকে নামলাম। সিং সাহেবের ভাব দেখে মনে হল, মাথায় পাগড়ি না থাকলে তিনি নিশ্চয়ই মাথা চুলকোতেন।

ফেলুদা জিজ্ঞেস করল, ‘পোকরান টাউন হ্যায় ইয়া গাঁও হ্যায়?’

‘টাউন হ্যায় বাবু।’

‘কিতনি দূর ইহাসে?’

‘পঁচিশ মিল হোগা।’

‘সর্বনাশ!...তবু আভি হোগা কেয়া?’

গুরুবচন বুঝিয়ে দিল যে, এ লাইনে যে ট্যাক্সিই যাক না কেন, সেটা তার চেনা হবেই। এখানে অপেক্ষা করে যদি সেরকম ট্যাক্সি একটা ধরা যায়, তা হলে তাদের কাছ থেকে স্পেয়ার চেয়ে নিয়ে তারপর পোকরানে গিয়ে পাংচার সারিয়ে নেওয়া যাবে। কিন্তু কথা হচ্ছে, সে রকম ট্যাক্সি যাবে কি না, আর গেলেও, সেটা কখন যাবে! কতক্ষণ আমাদের এই ধু-ধু প্রান্তরের মধ্যে হাঁ করে দাঁড়িয়ে থাকতে হবে!

পাঁচটা উট আর তার সঙ্গে তিনটি লোকের একটা দল আমাদের পাশ দিয়ে যোধপুরের দিকে চলে গেল। লোকগুলোর প্রত্যেকটার রং একেবারে মিশকালো। তার মধ্যে আবার একজনের ধবধবে সাদা দাড়ি আর গালপাট্টা। তারা আমাদের দিকে দেখতে দেখতে চলেছে দেখেই বোধহয় লালমোহনবাবু একটু ফেলুদার দিক ঘেঁষে দাঁড়ালেন।

‘সবসে নজ্‌দিক কোন্ রেল স্টেশন হ্যায়?’ ফেলুদা বোর্ড পিন তুলতে তুলতে জিজ্ঞেস করল। আমরাও অন্য গাড়ির কথা ভেবে এই সংকায়টায় হাত লাগিয়েছিলাম।

‘সাত-আট মিল হোগা রামদেওরা।’

‘রামদেওরা...’

রাস্তা থেকে বোর্ড পিন সরানো হলে পর, ফেলুদা তার ঝোলা থেকে ব্র্যাড্‌শ টাইম টেবল বার করল। একটা বিশেষ পাতা ভাঁজ করা ছিল, সেখানটা খুলে চোখ বুলিয়ে নিয়ে বলল, ‘লাভ নেই। তিনটে পঁয়তাল্লিশে যোধপুর থেকে সকালের ট্রেনটা রামদেওরা পৌঁছনোর কথা। অর্থাৎ সে গাড়ি নিশ্চয়ই এতক্ষণে আমাদের ছাড়িয়ে চলে গেছে।’

আমি বললাম, ‘কিন্তু রাত্রের দিকে আর একটা ট্রেন যায় না জয়সলমীর?’

‘হঁ। কিন্তু সেটা রামদেওরা পৌঁছবে ভোর রাতিরে—তিনটে তিপান্ন। এখান থেকে এখন হাঁটা দিলে রামদেওরা পৌঁছতে ঝাড়া দু ঘণ্টা। সকালের ট্রেনটা ধরার যদি আশা থাকত, তা হলে হেঁটে যাওয়াতে একটা লাভ ছিল। অন্তত পোকরানটা পৌঁছনো যেত। এই মাঠের মাঝখানে...’

লালমোহনবাবু এই অবস্থার মধ্যেও হেসে একটু কাঁপা কাঁপা গলায় বললেন, ‘যাই বলুন মশাই, এ সব সিচুয়েশন কিন্তু উপন্যাসেই পাওয়া যায়। রিয়েল লাইফেও যে এ রকমটা—’

ফেলুদা হঠাৎ হাত বাড়িয়ে ভদ্রলোককে থামতে বললেন। চারিদিকে একটাও শব্দ নেই, সারা পৃথিবী যেন এখানে এসে বোবা হয়ে গেছে। এই নিস্তব্ধতার মধ্যে স্পষ্ট শুনতে পেলাম একটা ক্ষীণ আওয়াজ—ঝুক্-ঝুক্ ঝুক্-ঝুক্ ঝুক্-ঝুক্ ঝুক্-ঝুক্...

ট্রেন আসছে। পোকরানের ট্রেন। কিন্তু লাইন কোথায়?

শব্দের দিকে একদৃষ্টে চেয়ে থেকে হঠাৎ দূরে চোখে পড়ল ধোঁয়া। আর তার সঙ্গে সঙ্গেই

দেখতে পেলাম টেলিগ্রাফের পোল। জমিটা ঢালু হয়ে গেছে তাই বোঝাই যায় না।
পিছনের লাল মাটির সঙ্গে লাল টেলিগ্রাফ-পোল মিশে প্রায় অদৃশ্য হয়ে আছে। আকাশে
মাথা উচিয়ে থাকলে আগেই চোখে পড়ত।

‘দৌড়ো!’

ফেলুদা চিৎকারটা দিয়েই ধোঁয়া লক্ষ্য করে ছুট দিল। সঙ্গে সঙ্গে আমিও। আর আমার
পিছনে জটায়ু। আশ্চর্য! ভদ্রলোক ওই লিকুপিকে শরীর নিয়ে এমন ছুটতে পারেন, তা
আমি ভাবতে পারিনি। আমাকে ছাড়িয়ে প্রায় ফেলুদাকে ধরে ফেলেন আর কী!

পায়ের তলায় ঘাস, কিন্তু সে ঘাসের রং সবুজ নয়—একেবারে তুলোর মতো সাদা। তার
উপর দিয়ে পড়ি-কি-মরি ছুট দিয়ে আমরা ঢালুর নীচে লাইনের ধারে পৌঁছে দেখি, ট্রেনটা
আমাদের একশো গজের মধ্যে এসে পড়েছে।

ফেলুদা এক মুহূর্ত ইতস্তত না করে এক লাফে একেবারে লাইনের মাঝখানে দাঁড়িয়ে পড়ে
দুটো হাত মাথার উপর তুলে হই-হই করে নাড়তে আরম্ভ করে দিল। ট্রেন এদিকে হুইসল
দিতে আরম্ভ করেছে, আর সেই হুইসল ছাপিয়ে শোনা যাচ্ছে জটায়ুর চিৎকার—‘রোক্কে,
রোক্কে, হপ্ট, হপ্ট, রোক্কে!...’

কিন্তু কে কার কথা শোনে। এ ট্রেন যদিও ছোট, কিন্তু মার্টিন কোম্পানির ট্রেনের মতো
নয় যে, মাঝ-রাস্তায় দাঁড়িয়ে হাত দেখালে বাসের মতো থেমে যাবে। প্রচণ্ড হুইসল মারতে
মারতে স্পিড বিন্দুমাত্র না কমিয়ে ট্রেনটা একেবারে হই-হই করে আমাদের সামনে এসে
পড়ল। ফলে ফেলুদাকে বাধ্য হয়ে লাইন থেকে বাইরে চলে আসতে হল, আর ট্রেনও দিবা
আমাদের সামনে দিয়ে ঘ্যাচাং ঘ্যাচাং শব্দ করতে করতে কুচকুচে কালো ধোঁয়ায় সূর্যের তেজ
কিছুক্ষণের জন্য কমিয়ে দিয়ে দূরে অদৃশ্য হয়ে গেল। এই দুঃসময়েও মনে হল যে, এমন
অদ্ভুত ট্রেন একমাত্র হলিউডের ‘ওয়েস্টার্ন’ ছবিতেই দেখেছি, এ দেশে কোনওদিন দেখিনি,
দেখব ভাবিওনি।

‘স্ট্রোপোকোর রোয়াবটা দেখলেন?’ মস্তব্য করলেন লালমোহন গাঙ্গুলী।

ফেলুদা বলল, ‘ব্যাড লাক্। ট্রেনটা লেট ছিল। অথচ সেটার সুযোগ নিতে পারলাম
না। পোকরানে হয়তো একটা ট্যাক্সিও পাওয়া যেতে পারত।’

গুরুবচন সিং বুদ্ধি করে আমাদের মালগুলো সব হাতে করে নিয়ে আসছিল, কিন্তু এখন
আর তার প্রয়োজন হবে না। লাইনের দিকে চেয়ে দেখলাম, এখন আর ধোঁয়া ছাড়া কিছুই



দেখা যাচ্ছে না ।

‘বাট হোয়াট অ্যাবাইট ক্যামেলস্ ?’ উত্তেজিত স্বরে হঠাৎ বলে উঠলেন জটায়ু ।

‘ক্যামেলস্ ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘ওই তো !’

সত্যিই দেখি, আরেকটা উটের দল আসছে যোধপুরের দিক থেকে ।

‘গুড আইডিয়া । চলুন !’

ফেলুদার কথায় আবার দৌড় ।

‘সে রকম খেপে উঠলে নাকি উট টোয়েন্টি মাইলস্ পার আওয়ার ছুটতে পারে’—ছুটতে ছুটতেই বললেন লালমোহনবাবু ।


উটের দলকে থামানো হল । এবারে দুজন লোক আর সাতখানা উট । ফেলুদা প্রস্তাব করল—রামদেওরা যাব, তিনটে উট কত লাগবে বলো । এদের ভাষা আবার হিন্দি নয় ; স্থানীয় কোনও একটা ভাষায় কথা বলে । তবে হিন্দি বোঝে, আর ভাঙা ভাঙা বলতেও পারে । গুরুবচন সিং এসে আমাদের হয়ে কিছুটা কথাবার্তা বলে দিল । দশ টাকায় রাজি হয়ে গেল উট ভাড়া দিতে ।

‘দৌড়ানে সেকেরা আপকা উট ?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন । ‘ট্রেন ধরনে হোগা ।’

ফেলুদা হেসে বলল, ‘আগে তো উঠুন । দৌড়ের কথা পরে ।’

‘উঠব ?’

এই প্রথম বোধহয় লালমোহনবাবু উটের সামনে পড়ে তার পিঠে ওঠার ব্যাপারটা তলিয়ে দেখলেন । আমি জানোয়ারগুলোকে ভাল করে দেখছিলাম । কী বিদঘুটে চেহারা, কিন্তু কী



বাহারের সাজ পরিয়েছে তাদের। হাতির পিঠে যেমন ঝালরওয়ালা জাজিম দেখেছি ছবিতে, এদের পিঠেও তাই। একটা কাঠের বসবার ব্যবস্থা রয়েছে, তার নীচে জাজিম। জাজিমে আবার লাল-নীল-হলদে সবুজ জ্যামিতিক নকশা। উটের গলাও দেখলাম লাল চাদর দিয়ে ঢাকা, আর তাতে আবার কড়ি দিয়ে কাজ করা। বুঝলাম, যতই কুশী হোক, জানোয়ারগুলোকে এরা ভালবাসে।

তিনটে উট আমাদের জন্য মাটিতে হাঁটু গেড়ে বসেছে। আমাদের দুটো সূটকেস, দুটো হোল্ড-অল আর ছোটখাটো যা জিনিস ছিল, সবই গুরুবচন সিং এনে জড়ো করেছে। সে বলে দিল, ট্রেন ধরতে পারলে আমরা যেন পোকরানে অপেক্ষা করি; আজ রাত্রের মধ্যে সে অবশ্যই পৌঁছে যাবে। মালগুলো অন্য দুটো উটের পিঠে চাপিয়ে বেঁধে দেওয়া হল।

ফেলুদা লালমোহনবাবুকে বলল, ‘উটের বসাটা লক্ষ করলেন তো? সামনের পা দুটো প্রথমে দুমড়ে শরীরের সামনের দিকটা আগে মাটিতে বসছে। তারপর পেছন। আর ওঠার সময় কিন্তু হবে ঠিক উলটোটা। আগে উঠবে পিছন দিকটা, তারপর সামনেটা। এই হিসেবটা মাথায় রেখে শরীরটা আগু-পিছু করে নেবেন, তা হলে আর কোনও কলেঙ্কারি হবে না।’

‘কেলেঙ্কারি?’ জটায়ুর গলা কাঠ।

‘দেখুন’, ফেলুদা বলল, ‘আমি আগে উঠছি।’

ফেলুদা উটের পিঠে চাপল। উটওয়ালাদের মধ্যে একজন মুখ দিয়ে একটা আওয়াজ করতেই ঠিক যে রকমভাবে ফেলুদা বলেছিল, সেইভাবে উটটা তেরেবেঁকে ভীষণ একটা ল্যাগব্যাকে ভঙ্গিতে উঠে দাঁড়াল। এটা বুঝতে পারলাম যে, ফেলুদার বেলা কোনও কলেঙ্কারি হল না।

‘তোপুঁসে ওঠ। তোরা হালকা মানুষ, তোদের ঝামেলা অনেক কম।’

উটওয়ালারা দেখি বাবুদের কাণ্ড দেখে দাঁত বার করে হাসছে। আমিও সাহস করে উঠে পড়লাম, আর সেই সঙ্গে উটটাও উঠে দাঁড়াল। বুঝলাম যে আসল গোলমালটা হচ্ছে এই যে, পিছনের পা-টা যখন খাড়া হয়, সওয়ারির শরীরটা তখন এক ঝটকায় সামনের দিকে অনেকখানি এগিয়ে যায়। মনে মনে ঠিক করলাম যে, এর পরে যদি কখনও উঠি তা হলে প্রথম দিকে শরীরটাকে পিছনে হেলিয়ে টান করে রাখব, তা হলে ব্যালেন্সটা ঠিক হবে।

‘জয় ম্যা—’

লালমোহনবাবুর মা-টা ‘ম্যা’ হয়ে গেল এই কারণেই যে, তিনি কথাটা বলার সঙ্গে সঙ্গেই উটের পিছন দিকটা এক ঝটকায় উঁচু হয়ে গেল, যার ফলে তিনি খেলেন এক রাম-ছমড়ি। আর তারপরেই উলটো হ্যাঁচকায় ‘হেঁইক’ করে এক বিকট শব্দ করেই ভদ্রলোক একেবারে পারপেডিকুলার।

গুরুবচন সিং-এর কাছে বিদায় নিয়ে আমরা তিন বেদুইন রামদেওরা স্টেশনের উদ্দেশে যাত্রা করলাম।

‘আধা ঘণ্টে মে আট মিল যানা হ্যায়, টিরেন পাকড়না হ্যায়’, ফেলুদা উটওয়ালাদের উদ্দেশ্য করে হাঁক দিল। কথাটা শুনে একজন উটওয়ালা আরেকটা উটের পিঠে চড়ে খচমচ খচমচ করে সামনে এগিয়ে গেল। তারপর অন্য লোকটার মুখ দিয়ে হেঁই হেঁই করে কয়েকটা শব্দ বেরোতেই শুরু হল উটের দৌড়।

নড়বড়ে জানোয়ার, দৌড়ের সঙ্গে সঙ্গে শরীরটা ঝাঁকুনিও খায় রীতিমতো, কিন্তু তাও ব্যাপারটা আমার মোটেই খারাপ লাগছিল না। আর তা ছাড়া বালি আর সাদা ঝলসানো ঘাসের ওপর দিয়ে ছুটে চলেছি, জায়গাটাও রাজস্থান—সব মিলিয়ে বেশ একটা রোমাঞ্চই ২২৪

লাগছিল ।

ফেলুদা আমার চেয়ে খানিকটা এগিয়ে গিয়েছিল । লালমোহনবাবু আমার পিছনে । ফেলুদা এক বার ঘাড়টা পিছনে ফিরিয়ে হাঁক দিল—

‘শিপ অফ দ্য ডেজার্ট কী রকম বুঝছেন মিস্টার গাঙ্গুলী ?’

আমিও এক বার মাথা ঘুরিয়ে দেখে নিলাম লালমোহনবাবুর অবস্থাটা । খুব শীত লাগলে লোকে যেমন মুখ করে—তলার ঠোঁট ফাঁক হয়ে দেখা যায় দাঁতে দাঁত লেগে রয়েছে, আর গলার শিরাগুলো সব বেরিয়ে আসে—লালমোহনবাবুর দেখি সেই রকম অবস্থা ।

‘কী মশাই ?’ ফেলুদা হাঁকল, ‘কিছু বলছেন না যে ?’

পিছন থেকে এবার পাঁচটা ইনস্টলমেন্টে পাঁচটা কথা বেরোল—‘শিপ...অলরাইট...বাট...টকিং...ইম্পসিবল...’

কোনও রকমে হাসি চেপে সওয়ারির দিকে মন দিলাম । আমরা এখন রেল লাইনের ধার দিয়ে চলেছি । একবার মনে হল, দূরে যেন ট্রেনের ধোঁয়াটা দেখতে পেলাম, তারপর আবার সেটা মিলিয়ে গেল । সূর্য নেমে আসছে । দৃশ্যও বদলে আসছে । আবার আবছা পাহাড়ের লাইন দেখতে পাচ্ছি বহু দূরে । ডান দিকে একটা প্রকাণ্ড বালির স্তূপ পড়ল । দেখে বুঝলাম, তার উপরে মানুষের পায়ের ছাপ পড়ে নি । সমস্ত বালির গায়ে ঢেউয়ের মতো লাইন ।

উটগুলোর বোধহয় একটানা এত দৌড়ে অভ্যাস নেই, তাই মাঝে মাঝে তাদের স্পিড কমে যাচ্ছিল, তারপর পিছন থেকে হেঁই হেঁই শব্দে তারা আবার দৌড়তে শুরু করছিল ।

সোয়া চারটে নাগাদ আমরা দূরে লাইনের ধারে চৌকো ঘরের মতো একটা কিছু দেখতে পেলাম । এটা স্টেশন ছাড়া আর কী হতে পারে ?

আরও কাছে এলে পর বুঝলাম, আমাদের আন্দাজ ঠিকই । একটা সিগন্যালও দেখা যাচ্ছে । এটা একটা রেলওয়ে স্টেশন, এবং নিশ্চয়ই রামদেওরা স্টেশন ।

আমাদের উটের দৌড় টিমে হয়ে এসেছে । কিন্তু আর হেঁই হেঁই করার প্রয়োজন হবে না, কারণ ট্রেন এসে চলে গেছে । কতক্ষণের জন্য ট্রেনটা ফসকে গেল জানি না, তবে ফসকে যে গেছে, সে বিষয়ে কোনও সন্দেহ নেই ।

তার মানে এখন থেকে রাত তিনটে পর্যন্ত আমাদের এই জনমানবশূন্য প্রান্তরে এক অজানা জায়গায় একটা নাম-কা-ওয়াস্তে রেল স্টেশনের প্ল্যাটফর্মে বসে কাটাতে হবে ।

৯

স্টেশন বলতে একটা প্ল্যাটফর্ম, আর একটা ছোট্ট কাজ চালাবার মতো টিকিট ঘর । আসলে স্টেশন তৈরির কাজ এখনও চলছে ; কবে শেষ হবে তার কোনও ঠিক নেই । আমরা টিকিট ঘরের কাছেই একটা জায়গা বেছে নিয়ে সূটকেস আর হোল্ড-অল মাটিতে পেতে তার উপরে বসেছি । এখানে বসার একটা কারণ এই যে, কাছেই একটা কাঠের পোস্টে একটা কেরোসিনের বাতি ঝুলছে, কাজেই অন্ধকার হলেও সেই আলোতে আমরা অন্তত পরস্পরের মুখটা দেখতে পাব ।

স্টেশনের কাছে একটা ছোটখাটো গ্রাম জাতীয় ব্যাপার আছে । ফেলুদা একবার সে দিকটায় ঘুরে এসে জানিয়েছে যে, খাবারের দোকান বলে কিছুই নাকি সেখানে নেই । খাবার বলতে আমাদের এখন যা সম্বল দাঁড়িয়েছে, সেটা হচ্ছে ফ্লাস্কের মধ্যে সামান্য জল আর লালমোহনবাবুর কাছে এক টিন জিভেগজা । বুঝতে পারছি, আজ রাতটা এই গজা খেয়েই থাকতে হবে । মিনিট দশেক হল সূর্য ডুবেছে । কিছুক্ষণের মধ্যেই অন্ধকার ঘনিয়ে আসবে ।

গুরুবচন সিং আসবে বলে বিশেষ ভরসা হয় না, কারণ আমরা এই যে তিন ঘণ্টা হল এসেছি, তার মধ্যে একটা গাড়িও যায়নি রাস্তা দিয়ে—না যোধপুরের দিকে, না জয়সলমীরের দিকে । রাত তিনটে পর্যন্ত এই প্ল্যাটফর্মে বসে থাকা ছাড়া আর কোনও উপায় আছে বলে মনে হয় না ।

ফেলুদা ওর সুটকেসটার উপর বসে রেলের লাইনের দিকে চেয়ে আছে একদৃষ্টে । ওকে এর মধ্যে বার দু-তিন দেখেছি বাঁ হাতের তেলের চাপে ডান হাতের আঙুল মটকাতো । বেশ বুঝছি ওর ভেতর একটা চাপা উত্তেজনার ভাব রয়েছে, আর তাই ও কথাও বলছে না বেশি ।

দালদার টিনটা খুলে একটা জিভেগজা বার করে তাতে একটা কামড় দিয়ে লালমোহনবাবু বললেন, ‘কী থেকে কী হয়ে যায় মশাই । আগ্রা থেকে যদি এক কামরায় সিট না পড়ত, তা হলে কি আর এভাবে আমার হলিডের চেহারাটা পালটে যেত ?’

‘আপনার কি আপশোস হচ্ছে ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘বলেন কী মশাই !’ ফেলুদার প্রশ্নটা ভদ্রলোক হেসেই উড়িয়ে দিলেন । ‘তবে কী জানেন, ব্যাপারটা যদি আমার কাছে আর একটু ক্লিয়ার হত, তা হলে মজাটা আরও জমত ।’

‘কোন ব্যাপারটা ?’

‘কিছুই তো জানি না মশাই । খালি শাটলককের মতো এ দিকে থাপ্পড় খেয়ে ও দিকে যাচ্ছি, আর ও দিকে থাপ্পড় খেয়ে এ দিকে আসছি । এমনকী আপনি যে আসলে কে—হিরো না ভিলেন—তাই তো বুঝতে পারছি না, হে হে ।’

‘কী হবে জেনে ?’ ফেলুদা মুচকি হেসে বলল । ‘আপনি যখন উপন্যাস লেখেন, সব জিনিস কি আগে থেকে বলে দেন ? এই রাজস্থানের অভিজ্ঞতাটাকে একটা উপন্যাস বলে ধরে নিন না । গল্পের শেষে দেখবেন সব রহস্য পরিষ্কার হয়ে গেছে ।’

‘আমি আস্ত থাকব তো গল্পের শেষে ? জ্যাস্ত থাকব তো ?’

‘ঠেকায় পড়লে আপনি যে দৌড়িয়ে খরগোশকেও হার মানাতে পারেন, সেটা তো চোখেই দেখলাম । এটা কি কম ভরসার কথা ?’

একটা লোক এসে কখন জানি কেরোসিনের বাতিটা জ্বালিয়ে দিয়ে গেছে । সেই আলোয় দেখতে পেলাম স্থানীয় পোশাক পরা দুটো পাগড়িধারী লাঠি ঠক্ ঠক্ করতে করতে আমাদের দিকে এগিয়ে আসছে । তারা এসে আমাদের ঠিক চার-পাঁচ হাত দূরে মাটিতে উবু হয়ে বসে নিজেদের মধ্যে দুর্বোধ্য ভাষায় কথাবার্তা আরম্ভ করে দিল । লোক দুটোর একটা ব্যাপার দেখে আমার মুখ হাঁ হয়ে গেল । তাদের দুজনেরই গোঁফ জোড়া অন্তত চার বার পাক খেয়ে গালের দু পাশে দুটো ঘড়ির স্প্রিং—এর মতো হয়ে রয়েছে । মনে হয়, টেনে সোজা করলে এক এক দিকে অন্তত হাত দেড়েক লম্বা হবে । লালমোহনবাবুরও দেখি চক্ষুস্থির ।

ফেলুদা চাপা গলায় বলল, ‘ব্যান্ডিটস্ ।’

‘বলেন কী !’ লালমোহনবাবু ফ্লাস্ক থেকে জল ঢেলে খেলেন ।

‘নিঃসন্দেহে ।’

লালমোহনবাবু এবার দালদার টিনটা বন্ধ করতে গিয়ে ঢাকনাটা হাত থেকে ফসকে ফেলে একটা বিস্তীর্ণ খ্যানখেনে শব্দ করে নিজেই আরও বেশি নাভাস হয়ে পড়লেন ।

লোকগুলোর গায়ের রং একেবারে সদ্য কালি দিয়ে বুরুশ করা নতুন জুতোর মতো চকচকে । দুটোর মধ্যে একটা লোক এবার একটা সিগারেট বার করে মুখে পুরল, তারপর পকেট খাবড়ে-খুবড়ে একটা দেশলাইয়ের বাক্স বার করে সেটা খালি দেখে ট্রেনের লাইনের দিকে ছুঁড়ে ফেলে দিল । খচ করে একটা শব্দ শুনে ফেলুদার দিকে চেয়ে দেখি, সে তার লাইটারটা জ্বালিয়ে লোকটার দিকে এগিয়ে দিয়েছে । লোকটা প্রথমে একটু অবাক, তারপর

মুখ বাড়িয়ে সিগারেটটা ধরিয়ে ফেলুদার কাছ থেকে লাইটারটা নিয়ে নেড়েচেড়ে দেখে এখানে-সেখানে টিপে ফস করে সেটাকে জ্বালাল। লালমোহনবাবু কী জানি বলতে গেলেন, কিন্তু গলা দিয়ে পরিষ্কার আওয়াজ বেরোল না। লোকটা আরও তিনবার লাইটারটা জ্বালিয়ে-নিভিয়ে সেটা ফেলুদাকে ফেরত দিয়ে দিল। লালমোহনবাবু এবার ঢাকনা লাগানো টিনটা সুটকেসে ভরতে গিয়ে পুরো টিনটাই হাত থেকে ফেলে গতবারের চেয়ে আরও চারগুণ বেশি শব্দ করে বসলেন। ফেলুদা সে দিকে কোনও ভূক্ষেপ না করে তার থলি থেকে নীল খাতাটা বার করে এই টিমটিমে আলোতেই সেটা উলটে-পালটে দেখতে লাগল।

হঠাৎ লক্ষ করলাম, টিকিট ঘরের পিছনে কিছুটা দূরে একটা কাঁটা ঝোপের উপর কোথেকে জানি একটা আলো এসে পড়েছে।

আলোটা বাড়ছে। এবার একটা গাড়ির আওয়াজ পেলাম। জয়সলমীরের দিক থেকে আসছে গাড়িটা। যাক বাবা! মনে হচ্ছে গুরুবচনের সমস্যার সমাধান হলেও হতে পারে।

গাড়িটা হুশ করে নাকের সামনে দিয়ে যোধপুরের দিকে চলে গেল। ঘড়িতে দেখলাম সাড়ে সাতটা।

ফেলুদা খাতা থেকে মুখ তুলে লালমোহনবাবুর দিকে চাইল। তারপর বলল, ‘আচ্ছা লালমোহনবাবু, আপনি তো গল্প-টগ্প লেখেন, বলুন তো ফোসকা জিনিসটা কী এবং ফোসকা কেন পড়ে!’

‘ফোসকা?...ফোসকা?...’ লালমোহনবাবু থতমত খেয়ে গেছেন। ‘কেন পড়ে মানে, এই ধরুন আপনি সিগারেট ধরাতে গিয়ে হাতে ছাঁকা লাগল—’

‘সে তো বুঝলাম—কিন্তু ফোসকা পড়বে কেন?’

‘কেন? ও—আই সি—কেন...’

‘ঠিক আছে। এবার বলুন তো একটা লোককে মাথার উপর থেকে দেখলে তাকে বেঁটে মনে হয় কেন?’

লালমোহনবাবু চুপ করে হাঁ করে চেয়ে রইলেন। আবছা আলোয় দেখলাম তিনি হাত কচলাচ্ছেন। পাশের লোক দুটো এক সুরে একভাবে গল্প করে চলেছে। ফেলুদা একদৃষ্টে লালমোহনবাবুর দিকে তাকিয়ে রয়েছে।

লালমোহনবাবু ভিভ দিয়ে ঠোঁট চেটে বললেন, ‘আমাকে এ সব, মানে, কোশেন—’

‘আরেকটা প্রশ্ন আছে লালমোহনবাবু—এটার উত্তর আপনি নিশ্চয় জানেন।’

লালমোহনবাবু নির্বাক। ফেলুদা যেন তাঁকে হিপনোটাইজ করে ফেলেছে।

‘আজ সকালে আপনি সার্কিট হাউসের পিছনের বাগানে আমার জানালার কাছে কী করছিলেন?’

লালমোহনবাবু এক মুহূর্ত পাথর। তারপরেই তিনি একেবারে হাত-পা ছুঁড়ে হাউমাউ করে উঠলেন।

‘আরে মশাই—আপনার কাছেই তো যাচ্ছিলুম! আপনারই কাছে! এমন সময় ময়ূরটা এমন চৈচিয়ে উঠল—আর তারপর একটা চিংকার শুনলাম—কেমন জানি নার্ভাস-টার্ভাস হয়ে...’

‘আমার ঘরে যাবার কি অন্য রাস্তা ছিল না? আর আমার কাছে আসার জন্য মাথায় পাগড়ি আর গায়ে চাদর দিতে হয়?’

‘আরে মশাই, গায়ের চাদর তো বিছানার চাদর, আর পাগড়ি তো সার্কিট হাউসের তোয়ালে। একটা ডিজগাইজ না হলে লোকটার উপর স্পাইং করব কী করে?’

‘কোন লোকটা?’

‘মিস্টার টুটার ! ভেরি সাস্পিশাস্ ! ভাগ্যে গেসলুম । কী পেলুম দেখুন না, ওর জানলার বাইরে ঘাসের উপর । সিক্রেট কোড ! এইটেই তো আপনাকে দিতে যাচ্ছিলুম, আর ঠিক সেই সময় ময়ূরটা টেঁচামেটি লাগিয়ে সব ভণ্ডুল করে দিলে ।’

আমি লক্ষ করছিলাম লালমোহনবাবুর ঘড়িটা । সত্যি, এই ঘড়িটাই তো দেখেছিলাম ছাত থেকে ।

লালমোহনবাবু সুটকেস খুলে তার খাপ থেকে একটা কোঁকড়ানো কাগজের টুকরো বার করে ফেলুদাকে দিল । বুঝলাম কাগজটাকে দলা পাকানো হয়েছিল, সেটা আবার সোজা করা হয়েছে ।

ফেলুদার পাশে গিয়ে কেরোসিনের আলোতে দেখলাম কাগজটায় পেনসিল দিয়ে লেখা আছে—

IP 1625 + U

U—M

ফেলুদা ভীষণভাবে ভুরু কুঁচকে কাগজটার দিকে চেয়ে রইল । আমি এই অ্যালজেব্রার মাথামুণ্ডু কিছুই বুঝলাম না, যদিও লালমোহনবাবু দু বার ফিস্ ফিস্ করে বললেন, ‘হাইলি সাস্পিশাস্ ।’

ফেলুদা ভাবছে, আর ভাবতে ভাবতে আপন মনে বিড়বিড় করছে—

‘ষোল শ’ পঁচিশ...ষোল শ’ পঁচিশ...এই সংখ্যাটা কোথায় যেন দেখেছি রিসেটলি ?....’

‘ট্যাক্সির নম্বর ?’ আমি জিজ্ঞেস করলাম ।

‘উহু...ষোল শ’ পঁচিশ...সিক্সটিন টোয়েন্টি ফা—’

ফেলুদা কথাটা শেষ না করে এক ঝটকায় থলে থেকে ব্র্যাডশ টাইম টেবলটা বার করল । পাতা ভাঁজ করা জায়গাটায় খুলে পাতার উপর থেকে নীচের দিকে আঙুল চালিয়ে এক জায়গায় এসে থামল ।

‘ইয়েস । সিক্সটিন টোয়েন্টি ফাইভ হচ্ছে অ্যারাইভ্যাল ।’

‘কোথায় ?’ জিজ্ঞেস করলাম ।

‘পোকরানে ।’

বললাম, ‘তা হলে তো P-টা পোকরান হতে পারে । পোকরানে সিক্সটিন টোয়েন্টি ফাইভ । আর বাকিটা ?’

‘বাকিটা...বাকিটা...আই পি—আবার প্লাস ইউ ।’

‘তলার Mটা কিন্তু ভাল লাগছে না মশাই’, লালমোহনবাবু বললেন । M বললেই কিন্তু মার্ডার মনে পড়ে ।’

‘দাঁড়ান মশাই—আগে ওপরেরটার পাঠোদ্ধার করি ।’

লালমোহনবাবু বিড়বিড় করে বললেন, ‘মার্ডার...মিসট্রি...ম্যাসাকার...মনস্টার...’

ফেলুদা কোলের উপর কাগজটা খোলা রেখে ভাবতে লাগল ।

লালমোহনবাবু গজার টিনটা বার করে আমাদের আবার অফার করলেন । আমি একটা নেবার পর ফেলুদার দিকে টিনটা এগিয়ে দিয়ে ভদ্রলোক বললেন, ‘ভাল কথা—আমিই যে আপনার জানালার কাছে গিয়েছিলুম, সেটা কী করে বুঝলেন স্যার ? আপনি কি আমায় দেখে ফেলেছিলেন নাকি ?’

ফেলুদা একটা গজা তুলে নিয়ে বলল, ‘পাগড়িটা খোলার পর বোধহয় চুলটা আঁচড়াননি । ঘটনাটার কিছুক্ষণ পর যখন আপনার সঙ্গে দেখা হয়, তখন আপনার চুলের অবস্থাটা দেখেই সন্দেহ হয়েছিল ।’

‘ভদ্রলোক হেসে বললেন, ‘কিছু মনে করবেন না স্যার—আপনাকে কিন্তু সেন্ট-পারসেন্ট গোয়েন্দা বলেই মনে হচ্ছে।’

ফেলুদা এবার তার একটা কার্ড বার করে লালমোহনবাবুকে দিল। লালমোহনবাবুর দৃষ্টি উদ্ভাসিত হয়ে উঠল।

‘ওঃ!—প্রদোষ সি মিটার! এটা কি আপনার রিয়্যাল নাম?’

‘আজ্ঞে হ্যাঁ। সন্দেহের কোনও কারণ আছে কি?’

‘না, মানে ভাবছিলাম কী অদ্ভুত নাম!’

‘অদ্ভুত?’

‘অদ্ভুত নয়? দেখুন না কেমন মিলে যাচ্ছে।—প্রদোষ—প্র হচ্ছে প্রফেসন্যাল, দোষ হচ্ছে ক্রাইম আর সি হচ্ছে—টু সি—অর্থাৎ দেখা—অর্থাৎ ইনভেস্টিগেট। অর্থাৎ প্রদোষ সি ইজ ইকুয়াল টু প্রফেসন্যাল ক্রাইম ইনভেস্টিগেটর!’

‘সাধু সাধু!’—আর মিটার?’

‘মিটারটা একটু ভেবে দেখতে হবে’, লালমোহনবাবু মাথা চুলকে বললেন।

‘কিস্যু ভাবার দরকার নেই। আমি বলে দিচ্ছি। ট্যাক্সি মিটার জানেন তো? সেই মিটার—অর্থাৎ ইন্ডিকেটর। তার মানে শুধু ইনভেস্টিগেশন নয়, অলসো ইনডিকেশন। ক্রাইমের তদন্তই শুধু নয়, ক্রিমিন্যাল বার করে তার দিকে অঙ্গুলি নির্দেশ। হল তো?’

লালমোহনবাবু ‘ব্রাভো’ বলে হাততালি দিয়ে উঠলেন। ফেলুদা কিন্তু আবার সিরিয়াস। আরেকবার হাতের কাগজটার দিকে দেখে সেটাকে শার্টের বুক-পকেটে গুঁজে রেখে সিগারেটটা বার করে বলল, ‘I এবং U-এর অবিশ্যি খুব সহজ মানে হতে পারে। I অর্থাৎ আমি এবং U অর্থাৎ তুমি, কিন্তু প্লাস ইউ-টা গোলমালে। আর দ্বিতীয় লাইনটার কোনও কিনারাই করা যাচ্ছে না।...তোপসে, তুই বরং হোল্ড-অলটা বিছিয়ে শুয়ে পড়। আপনিও—লালমোহনবাবু। এখনও তো সাড়ে সাত ঘণ্টা দেরি ট্রেন আসতে। আমি আপনাদের ঠিক সময়ে তুলে দেব।’

কথাটা মন্দ বলেনি ফেলুদা। শুধু স্ট্যাপ দুটো খুলে হোল্ড-অলটাকে বিছিয়ে প্ল্যাটফর্মের উপর শুয়ে পড়লাম। চিত হওয়ামাত্র আকাশের দিকে চোখ গেল, আর তক্ষুনি বুঝতে পারলাম যে, একসঙ্গে এত তারা আমি জীবনে কখনও দেখিনি। মরুভূমিতে কি আকাশটা তা হলে একটু বেশি পরিষ্কার থাকে? তাই হবে।

আকাশ দেখতে দেখতে ক্রমে চোখটা ঘুমে বুজে এল। একবার শুনলাম লালমোহনবাবু বলছেন, ‘উটে চড়লে গাঁটে বেশ ব্যথা হয় মশাই।’ আর একবার যেন বললেন, ‘এম্ ইজ মার্ভার।’ এর পর আর কিছু মনে নেই।

ঘুম ভাঙল ফেলুদার ঝাঁকানিতে।

‘তোপসে—উঠে পড়—গাড়ি আসছে।’

তড়াক করে উঠে হোল্ড-অল বেঁধে ফেলতে ফেলতে ট্রেনের হেড-লাইট দেখা গেল।

মিটার গেজের প্যাসেঞ্জার গাড়ি। কামরাগুলো তাই খুবই ছোট। যাত্রীও বেশি নেই, তাই একটা খালি ফার্স্ট ক্লাস পাওয়াতে খুব একটা অবাক লাগল না।

কামরা অন্ধকার; হাতড়িয়ে সুইচ বার করে টিপে কোনও ফল হল না। লালমোহনবাবু বললেন, ‘সত্য দেশেই রেলের বাল্ব লোপাট হয়ে যায়, ডাকাতের দেশে তো ওটা আশা

করাই ভুল ।’

ফেলুদা বলল, ‘তোরা দুজন দু দিকের বেষ্টিতে শুয়ে পড় । আমি মাঝখানের মেঝেতে শতরঞ্চি পেতে ম্যানেজ করছি । ঝাড়া ছ ঘণ্টা সময় আছে হাতে, দিবি গড়িয়ে নেওয়া যাবে ।’

লালমোহনবাবু একবার একটু আপত্তি করেছিলেন—‘আপনি আবার ফ্লোরে কেন মশাই, আমাকে দিন না’—কিন্তু ফেলুদা একটু কড়া করে ‘মোটাই না’ বলাতে ভদ্রলোক বোধহয় গাঁটের ব্যথার কথা ভেবেই বেষ্টিতে হোল্ড-অল খুলে পেতে নিলেন ।

গাড়ি ছেড়ে প্ল্যাটফর্ম পেরনোর এক মিনিটের মধ্যেই কে একজন আমাদের দরজার পা-দানিতে লাফিয়ে উঠল । লালমোহনবাবু হেসে বলে উঠলেন, ‘আরে বাবা, গাড়ি রিজার্ভ হয় । জেনানা কামরা হয় ।’

এবারে ঝাড়া করে আমাদের দরজাটা খুলে গেল, আরেকটা উজ্জ্বল টর্চের আলো জ্বলে উঠে কয়েক মুহূর্তের জন্য আমার চোখ ধাঁধিয়ে দিল ।

সেই আলোতেই দেখলাম, একটা হাত আমাদের দিকে এগিয়ে এসেছে, আর সে হাতে চকচক করছে একটা লোহার নলওয়ালা জিনিস ।

আমাদের তিনজনেরই হাত মাথার উপর উঠে গেল ।

‘এবার উঠুন তো বাবুরা ! দরজা খোলা আছে, একে একে নেমে পড়ুন তো বাইরে ।’

এ যে মন্দার বোসের গলা !

‘গাড়ি যে চলছে !’—কাঁপা গলায় বলে উঠলেন লালমোহনবাবু ।

‘শাট আপ !’ মন্দার বোস গর্জন করে দু পা এগিয়ে এলেন । টর্চের আলোটা অনবরত আমাদের তিনজনের উপর ঘোরাফেরা করছে । ‘ন্যাকামো হচ্ছে ! কলকাতায় চলন্ত ট্রাম-বাস থেকে ওঠানামা করা হয় না ? উঠুন উঠুন—’

কথাটা শেষ হতে না হতে এমন একটা ব্যাপার ঘটে গেল, যেটা আমি জীবনে কোনও দিন ভুলব না । ফেলুদার ডান হাতটা একটা বিদ্যুতের শিখার মতো নেমে এসে তার নিজের শতরঞ্চির সামনের দিকটা খামচে ধরে মারল একটা প্রচণ্ড হ্যাঁচকা টান—আর তার ফলে মন্দার বোসের পা দুটো সামনের দিকে হড়কে ছটকে শূন্যে উঠে গিয়ে উপরের শরীরটা এক ঝটকায় চিতিয়ে দড়াম করে লাগল কামরার দেয়ালে । আর সেই সঙ্গে তার ডান হাত থেকে রিভলভারটা ছটকে বেরিয়ে গিয়ে পড়ল লালমোহনবাবুর বেষ্টিতে, আর বাঁ হাত থেকে জ্বলন্ত টর্চটা ফসকে গিয়ে পড়ল মেঝেতে ।

মন্দার বোসের পুরো শরীরটা মাটিতে পড়বার আগেই লাফ দিয়ে উঠে দাঁড়িয়েছে ফেলুদা—তার হাতে কোটের ভিতর থেকে বার করা তার নিজের রিভলভার ।

‘গেট আপ !’ ফেলুদা মন্দার বোসকে উদ্দেশ্য করে গর্জিয়ে উঠল ।

মিটার গেজের গাড়ি, প্রচণ্ড শব্দ করে দুলে দুলে এগিয়ে চলেছে মক্কাভূমির মধ্যে দিয়ে । লালমোহনবাবু ইতিমধ্যে মন্দারবাবুর রিভলভারটা তার জাপান এয়ার লাইনস্-এর ব্যাগের মধ্যে ঢুকিয়ে দিয়েছেন ।

‘উঠুন বলছি !’ ফেলুদা আবার গর্জিয়ে উঠল ।

টর্চটা মাটিতে গড়াগড়ি যাচ্ছে, অথচ বুঝতে পারছি সেটা মন্দার বোসের উপর ফেলা উচিত—নইলে লোকটা অন্ধকারের সুযোগ নিয়ে একটা গোলমাল করতে পারে । এই কথাটা ভেবে টর্চটা তুলতে গিয়েই হয়ে গেল সর্বনাশ ; আর সেটা এমনই সর্বনাশ যে, সেটার কথা ভাবতে এখনও আমার রক্ত ঠাণ্ডা হয়ে যায় । মন্দার বোসের শরীরের উপর দিকটা ছিল আমার বেষ্টির দিকে । আমি যেই টর্চটা তুলতে নিচু হয়েছি, ভদ্রলোক তৎক্ষণাৎ একটা

আচমকা ঝাঁপ দিয়ে আমাকে জাপটে ধরে আমাকে সুদ্ধ উঠে দাঁড়ালেন। তার ফলে মন্দার বোস আর ফেলুদার মাঝখানে পড়ে গেলাম আমি। এই চরম বিপদের সময়েও মনে মনে লোকটার শয়তানি বুদ্ধির তারিফ না করে পারলাম না। বুঝতে পারলাম, ফেলুদা প্রথম রাউন্ডে আশ্চর্য ভাবে জিতলেও, দ্বিতীয় রাউন্ডে বেকায়দায় পড়ে গেছে। এটাও বুঝলাম যে, এই অবস্থাটার জন্য দায়ী একমাত্র আমি।

মন্দার বোস আমাকে পিছন থেকে আঁকড়ে ধরে সামনের দিকে রেখে, খোলা দরজাটার দিকে পিছোতে লাগলেন। কাঁধের কাছটায় কী যেন একটা ফুটছে। বুঝলাম, সেটা মন্দার বোসের হাতের একটা নখ। নীলুর হাতের যন্ত্রণার কথা মনে পড়ে গেল।

ক্রমে বুঝলাম, দরজার খুব কাছে এসে গেছি। কারণ বাইরে থেকে কনকনে ঠাণ্ডা হাওয়া এসে আমার বাঁ কাঁধটায় লাগছে।

আরও এক পা পিছোলেন মন্দার বোস। ফেলুদা রিভলভার উচিয়ে রয়েছে কিন্তু কিছু



করতে পারছে না। জ্বলন্ত টর্চটা এখনও ট্রেনের দোলার সঙ্গে সঙ্গে মেঝের এদিকে-ওদিকে গড়াচ্ছে।

হঠাৎ পিছন থেকে একটা প্রচণ্ড ধাক্কা খেয়ে আমি ফেলুদার উপর হুমড়ি খেয়ে পড়লাম। আর তার পরেই একটা শব্দ পেলাম যাতে বুঝলাম যে, মন্দার বোস চলন্ত ট্রেন থেকে লাফিয়ে পড়েছেন। তিনি বাঁচলেন কি মরলেন, সেটা বোঝার কোনও উপায় নেই।

ফেলুদা দরজা দিয়ে গলা বাড়িয়ে কিছুক্ষণ দেখে ফিরে এল। তারপর যথাস্থানে রিভলভারটাকে চালান দিয়ে নিজের জায়গায় বসে পড়ে বলল, ‘দু-একটা হাড়গোড় অঙ্গুত না ভাঙলে খুব আশ্চর্যের কারণ হবে।’

লালমোহনবাবু যেন একটু অতিরিক্ত জোরেই হেসে উঠে বললেন, ‘বলেছিলাম না মশাই, লোকটা সাস্পিশাস্।’

আমি এর মধ্যে ফ্লাস্ক থেকে খানিকটা জল খেয়ে নিয়েছি। বকের ধড়ফড়ানিটা আস্তে আস্তে কমছিল, নিশ্বাস-প্রশ্বাস স্বাভাবিক হয়ে আসছিল। কী ভীষণ একটা ঘটনা কয়েক মুহূর্তের মধ্যে ঘটে গেল, সেটা যেন এখনও ঠিক বিশ্বাস করে উঠতে পারছিলাম না।

ফেলুদা বলল, ‘শ্রীমান তপেশ ছিলেন বলে লোকটা এ-যাত্রা পার পেয়ে গেল, নইলে বন্দুকটা নাকের সামনে ধরে ওর পেট থেকে সব বার করে নিতাম। অবিশ্যি—’

ফেলুদা থামল। তারপর বলল, ‘খুব বড় বিপদের সামনে পড়লেই দেখেছি, আমার মাথাটা বিশেষ রকম পরিষ্কার হয়ে যায়। ওই সংকেতের মানেরটা এখন স্পষ্ট বুঝতে পারছি।’

‘বলেন কী!’ বললেন লালমোহনবাবু।

ফেলুদা বলল, ‘আসলে খুবই সহজ। আই হচ্ছে আমি, পি হচ্ছে পোকরান, ইউ হচ্ছে তুমি, আর এম হচ্ছে মিস্তির—প্রদোষ মিস্তির।’

‘আর প্লাস-মাইনাস?’

‘আই পি ১৬২৫ + ইউ। অর্থাৎ আমি পোকরান পৌঁচছি বিকেল চারটে পঁচিশে, তুমি আমার সঙ্গে এসে যোগ দিয়ে।’

‘আর ইউ মাইনাস এম?’

‘আরও সহজ—তুমি মিস্তিরকে কাটাও।’

‘কাটাও!’ ধরা গলায় বললেন লালমোহনবাবু। ‘তার মানে মাইনাস হচ্ছে মার্ডার?’

‘মার্ডারের প্রয়োজন কী? মাঝপথে চলন্ত ট্রেন থেকে নামিয়ে দিলে এক তো জখম হবার সম্ভাবনা ছিলই, তার উপর চব্বিশ ঘণ্টা অপেক্ষা করতে হত পরের ট্রেনের জন্য। তার মধ্যে ওদের কার্যসিদ্ধি হয়ে যেত। দরকারটা ছিল আমাদের জয়সলমীর থেকে মাইনাস করা। সেই জন্যেই তো রাস্তায় এত পেরেকের ছড়াছড়ি। সেটায় কাজ হয়নি বুঝতে পেরে শেষটায় ট্রেন থেকে নামানোর চেষ্টা।’

এতক্ষণে হঠাৎ একটা জিনিস খেয়াল করলাম। ফেলুদাকে বললাম, ‘চুরুটের গন্ধ পাচ্ছি ফেলুদা।’

ফেলুদা বলল, ‘সেটা লোকটা কামরায় ঢোকামাত্র পেয়েছি। সার্কিট হাউসেও কোনও ব্যক্তি যে চুরুট খাচ্ছেন, সেটা আগেই বুঝেছি। মুকুলের হাতের সেই রাংটা চুরুটেই জড়ানো থাকে।’

‘আর ভদ্রলোকের একটা নখ ভীষণ বড়। আমার কাঁধটা বোধহয় নীলুর হাতের মতোই ছড়ে গেছে।’

‘কিন্তু যিনি ইন্সট্রাকশন দিচ্ছেন, সেই আই-টি কিনি?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

ফেলুদা গম্ভীর গলায় বলল, ‘সার্কিট হাউসে পাওয়া ইংরিজিতে লেখা হুমকি-চিঠির সঙ্গে

এই সংকেতের লেখা মিলিয়ে তো একটা লোকের কথাই মনে হয় ।’

‘কে ?’ আমরা দুজনে এক সঙ্গে জিজ্ঞেস করলাম ।

‘ডক্টর হেমঙ্গমোহন হাজরা ।’

রাত্রে সবসুদু বোধ হয় ঘণ্টা তিনেক ঘুমিয়েছি । যখন ঘুম ভাঙল তখন বাইরে রোদ । ফেলুদাকে দেখলাম মেঝে থেকে উঠে আমার বেঞ্চির এক কোণে বসে বাইরের দিকে চেয়ে রয়েছে । তার কোলে রয়েছে সেই নীল খাতা, আর হাতে রয়েছে দুখানা চিঠি—একটা সেই ইংরিজিতে লুমকি আর অন্যটা ডক্টর হাজরার লেখা চিঠি । ঘড়িতে দেখি পৌনে সাতটা । লালমোহনবাবু এখনও দিব্যি ঘুমোচ্ছেন । খিদে পাচ্ছিল ভীষণ, কিন্তু গজা খেতে আর মন চাইছিল না । জয়সলমীর পৌছবে প্রায় নটায় । বুঝলাম এই দু ঘণ্টা সময় খিদেটাকে কোনওরকমে চেপে রাখতে হবে ।

বাইরের দৃশ্য অদ্ভুত । মাইলের পর মাইল অল্প ঢেউ-খেলানো জমি দেখা যাচ্ছে দু দিকে—তার মধ্যে একটা বাড়ি নেই, একটা লোক নেই, একটা গাছ পর্যন্ত নেই । অথচ মরুভূমি বলা যায় না, কারণ, বালি মাঝে মাঝে থাকলেও, বেশির ভাগটাই শুকনো সাদা ঘাস, লালচে মাটি আর লাল-কালো পাথরের কুচি । এর পরেও যে আবার একটা শহর থাকতে পারে সেটা ভাবলে বিশ্বাস হতে চায় না ।

একটা স্টেশন এল—জেঠা চন্দন । আমি ব্র্যাডশ খুলে দেখলাম এটার পর থাইয়ৎ হামিরা, আর তারপরেই জয়সলমীর । স্টেশনে দোকান-টোকান নেই, লোকজন নেই, কুলি নেই, ফেরিওয়ালা নেই । সব মিলিয়ে মনে হয় যেন পৃথিবীর কোনও একটা অনাবিষ্কৃত জায়গায় এই ট্রেনটা কেমন করে জানি এসে পড়েছে—ঠিক যেমনি করে রকেট গিয়ে হাজির হয় চাঁদে ।

এবার গাড়ি ছাড়ার মিনিটখানেক পরেই লালমোহনবাবু উঠে পড়ে বিরাট একটা হাই তুলে বললেন, ‘ফ্যানটাস্টিক স্বপ্ন দেখলুম মশাই । একদল ডাকাত, তাদের গোঁফগুলো সব ভেড়ার শিঙের মতো প্যাঁচানো—তাদের আমি হিপনোটাইজ করে নিয়ে চলেছি একটা কেব্লার ভিতর দিয়ে । সেই কেব্লায় একটা সুড়ঙ্গ । তাই দিয়ে একটা আন্ডারগ্রাউন্ড চেস্বারে পৌঁছলুম । জানি সেখানে গুপ্তধন আছে, কিন্তু গিয়ে দেখি একটা উট মেঝেতে বসে জিভেগজা খাচ্ছে ।’

‘গজা খাচ্ছে সেটা জানলেন কী করে ?’ ফেলুদা জিজ্ঞেস করল । ‘হাঁ করে দেখাল ?’

‘আরে না মশাই । স্পষ্ট দেখলুম আমার দালদার টিনটা খোলা পড়ে আছে উটের ঠিক সামনে ।’

থাইয়ৎ হামিরা স্টেশন পেরনোর কিছুক্ষণ পরেই দূরে আবছা একটা পাহাড় চোখে পড়ল । এ-ও সেই রাজস্থানি চ্যাপটা টেবল মাউন্টেন । আমাদের ট্রেনটা মনে হল সেই পাহাড়ের দিকে যাচ্ছে ।

আটটা নাগাত মনে হল পাহাড়টার উপর একটা কিছু রয়েছে ।

ক্রমে বুঝতে পারলাম, সেটা একটা কেব্লা । সমস্ত পাহাড়ের উপরটা জুড়ে মুকুটের মতো বসে আছে কেব্লাটা—তার উপর সোজা গিয়ে পড়েছে ঝকঝকে পরিষ্কার সকালের ঝলমলে রোদ । আমার মুখ থেকে একটা কথা আপনা থেকেই বেরিয়ে পড়ল—

‘সোনার কেব্লা !’

ফেলুদা বলল, ‘ঠিক বলেছিস । এটাই হল রাজস্থানের একমাত্র সোনার কেব্লা । বাটিটা দেখেই সন্দেহ হয়েছিল । তারপর গাইডবুক দেখে কন্ফার্মড হলাম । বাটিটা যে পাথরের

তৈরি, কেবল সেই পাথরেরই তৈরি—ইয়েলো স্যান্ডস্টোন। মুকুল যদি সত্যি করেই জাতিস্মর হয়ে থাকে, আর পূর্বজন্ম বলে যদি সত্যিই কিছু থেকে থাকে, তা হলে মনে হয় ও এখানেই জন্মেছিল।’

আমি বললাম, ‘কিন্তু ডক্টর হাজার কি সেটা জানেন?’

ফেলুদা এ কথার কোনও উত্তর না দিয়ে একদৃষ্টে কেবল দিকে চেয়ে থেকে বলল, ‘জানিস তোপসে—অদ্ভুত এই সোনালি আলো। মাকড়সার জালের নকশাটা চোখের সামনে স্পষ্ট দেখতে পাচ্ছি এই আলোয়।’

১১

জয়সলমীর স্টেশনে নেমে প্রথমেই যেটা করলাম, সেটা হচ্ছে একটা খাবারের দোকানে গিয়ে চা আর একটা নতুন রকমের মিষ্টি খেয়ে খিদেটাকে মিটিয়ে নিলাম। ফেলুদা বলল—মিষ্টি জিনিসটা নাকি দরকার—ওতে গ্লুকোজ থাকে—সামনে পরিশ্রম আছে—গ্লুকোজে এনার্জি দেবে।

স্টেশনের বাইরে এসে দেখলাম গাড়ি টাড়ির কোনও বালাই নেই। একটা জিপ আছে দাঁড়িয়ে, তবে সেটা যে ভাড়ার নয়, সেটা দেখেই বোঝা যায়। টাঙ্গা একটা সাইক্ল-রিক্শা ট্যান্ডি কিছু নেই। আমরা যখন ট্রেন থেকে নেমেছিলাম, তখন একটা কালো অ্যান্ডারসনের দাঁড়িয়ে থাকতে দেখেছিলাম; এখন দেখছি সে গাড়িটাও নেই। ফেলুদা বলল, ‘জায়গাটা ছোট সেটা বোঝাই যাচ্ছে। কাজেই এক জায়গা থেকে আরেক জায়গার দূরত্ব বেশি নয় নিশ্চয়ই। ডাকবাংলো একটা আছে সেটা গাইড-বুকে লিখেছে। আপাতত সেটার খোঁজ করা যাক।’

যে যার মালপত্তর হাতে নিয়ে স্টেশন থেকে বেরিয়ে পড়লাম। কাছেই একটা পেট্রোল স্টেশনে একটা লোককে জিজ্ঞেস করতেই সে রাস্তা বাতলে দিল। বুঝলাম, যে ডাকবাংলোয় যাবার জন্য পাহাড়ে উঠতে হবে না, সেটা পাহাড়ের দক্ষিণ দিকে সমতল জমির উপরেই। হাঁটতে হাঁটতে রাস্তার বালির উপর টায়ারের দাগ দেখে ফেলুদা বলল ‘অ্যান্ডারসনেরটাও এই রাস্তাতেই গেছে বলে মনে হচ্ছে।’

প্রায় মিনিট পনেরো হাঁটার পর একটা একতলা বাড়ির সামনে কাঠের ফলকে লেখা দেখে বুঝলাম, আমরা ডাকবাংলোয় এসে গেছি। বাংলোর সামনেই দেখি কালো অ্যান্ডারসনেরটা দাঁড়িয়ে আছে।

আমাদের দেখতে পেয়েই বোধ হয় একটা খাকি শার্ট খাটো ধুতি আর পাকানো পাগড়ি পরা বুড়ো লোক পাশের একটা আউট-হাউস থেকে বেরিয়ে আমাদের দিকে এগিয়ে এল। ফেলুদা তাকে হিন্দিতে জিজ্ঞেস করল সে চৌকিদার কি না। লোকটা মাথা নেড়ে হ্যাঁ বুঝিয়ে দিল। তার চাউনি দেখে বুঝলাম যে আমাদের আসাটা তার কাছে অপ্রত্যাশিত, আর ব্যাপারটা সে একটু সন্দেহের চোখে দেখছে, কারণ পারমিশন ছাড়া বাংলায় থাকতে দেয় না এটা আমি জানি।

ফেলুদা বাংলায় থাকার প্রশ্নটাই তুলল না। সে বলল যে আপাতত সে শুধু মালগুলো রেখে যেতে চায়, তারপর পারমিশনের চেষ্টা করে দেখবে। চৌকিদার বলল সেটার জন্য রাজার সেক্রেটারির কাছে যেতে হবে। রাজবাড়ি কোন দিকে সেটাও সে হাত তুলে দেখিয়ে দিল। দূরে গাছপালার মাথার উপর দিয়ে হলদে পাথরের তৈরি প্যালেসের খানিকটা অংশও দেখতে পেলাম।

চৌকিদার মালগুলো রাখতে দিতে কোনও আপত্তি করল না। তার একটা কারণ অবিশ্যি এই যে, ফেলুদা ইতিমধ্যে তার হাতে একটা কড়কড়ে দু টাকার নোট গুঁজে দিয়েছে।

একটা ঘরের মধ্যে সুটকেস বিছানা রেখে ফ্লাস্কগুলোতে জল ভরে কাঁধে ঝুলিয়ে নিয়ে চৌকিদারকে জিজ্ঞেস করা হল কেল্লায় যেতে হলে কোন রাস্তা দিয়ে যেতে হবে।

‘ইউ ওয়ান্ট টু গো টু দ্য ফোর্ট?’

প্রশ্নটা এল বারান্দার ও-মাথা থেকে। একটি ভদ্রলোক ও দিকের একটা ঘর থেকে সবেমাত্র বেরিয়েছেন। ফরসা রং, বয়স চল্লিশের বেশি নয়, খুব মন দিয়ে ছাঁটা সুরু একটা গোঁফ চোখা নাকের নীচে। এবার আরেকটু বেশি বয়সের আর একটি ভদ্রলোক ঘর থেকে বেরিয়ে প্রথম ভদ্রলোকটির পাশে দাঁড়ালেন। ঐর হাতে একটা লাঠি—যেমন লাঠি আমরা যোধপুরের বাজারে দেখেছি—আর গায়ে কেমন যেন একটা বেখাপ্পা কালো সুট। এরা দুজনে কোন দেশি সেটা বোঝা গেল না। লক্ষ করলাম দ্বিতীয় ভদ্রলোকটি একটু যেন খোঁড়াছেন, আর সেই জন্যেই বোধহয় তার লাঠির দরকার হচ্ছে।

ফেলুদা বলল, ‘ফোর্টটা একবার দেখতে পারলে মন্দ হত না।’

‘কাম অ্যালং উইথ অস্—উই আর গোয়িং দ্যাট ওয়ে।’

ফেলুদা কয়েক সেকেন্ডের জন্য কী যেন ভেবে যেতে রাজি হয়ে গেল।

‘থ্যাঙ্ক ইউ ভেরি মাচ। দ্যাট ইজ ভেরি কাইন্ড অফ ইউ।’

আমরা গাড়ির দিকে যাবার সময় লালমোহনবাবু ফিসফিস করে বললেন, ‘এরা আবার চলন্ত মোটরগাড়ি থেকে নামিয়ে দিতে চাইবে না তো?’

গাড়ি কেল্লার দিকে রওনা দিল। লাঠিওয়ালা ভদ্রলোক জিজ্ঞেস করলেন, ‘আর ইউ ফ্রম ক্যালকাটা?’

ফেলুদা বলল, ‘হ্যাঁ।’

বাঁ দিকে বালির উপর দূরে দেখলাম দেবীকুণ্ডের মতো কতগুলো স্মৃতিস্তম্ভ রয়েছে। ফেলুদা বলল ও জিনিসটা নাকি রাজস্থানের সব শহরেই রয়েছে।

আমাদের গাড়ি ক্রমে পাহাড়ের গা বেয়ে চড়াই উঠতে আরম্ভ করল।

মিনিটখানেক ওঠার পর পিছন থেকে আরেকটা গাড়ির শব্দ পেলাম। গাড়িটা ক্রমাগত হর্ন দিচ্ছে। অথচ আমরা যে খুব আস্তে চলছিলাম তাও নয়। তা হলে লোকটা বার বার হর্ন দিচ্ছে কেন?

ফেলুদা দুই ভদ্রলোকের সঙ্গে পিছনে বসেছিল। সে হঠাৎ ঘাড় ফিরিয়ে কাচের মধ্য দিয়ে দেখে নিয়ে আমাদের গাড়ির ড্রাইভারকে উদ্দেশ্য করে বলে উঠল, ‘রোক্কে, রোক্কে!’

আমাদের গাড়ি রাস্তার এক পাশে থামতেই আমাদের ডান পাশে এসে দাঁড়াল একটা ট্যাক্সি—তার স্টিয়ারিং ধরে হাসিমুখে বসে আমাদের সেলাম জানাচ্ছেন গুরুবচন সিং।

আমরা তিনজনেই নেমে পড়লাম। ফেলুদা ভদ্রলোক দুজনকে ইংরিজিতে বলল—আপনাদের অনেক ধন্যবাদ। আমাদের নিজেদের ট্যাক্সিটা পথে খারাপ হয়ে গিয়েছিল—সেটা এসে পড়েছে।

গুরুবচন বলল ভোর সাড়ে ছটায় নাকি একটা চেনা ট্যাক্সি জয়সলমীর থেকে ফিরছিল—তার কাছ থেকে স্পেয়ার চেয়ে নিয়েছে। নব্বই মাইল রাস্তা নাকি সে দু ঘণ্টায় এসেছে। এখানে এসে পেট্রোল স্টেশনটায় দাঁড়িয়ে ছিল, হঠাৎ কালো অ্যাস্বাসাডরটার ভিতর আমাদের দেখতে পায়।

আরও খানিকটা পথ যেতেই আমরা একটা বাজারের মধ্যে এসে পড়লাম। চারদিকে দোকানপাট গিজগিজ করছে, লাউডস্পিকারে হিন্দি ফিল্মের গান হচ্ছে, একটা ছোট্ট সিনেমা

হাউসের বাইরে আবার হিন্দি ছবির বিজ্ঞাপনও রয়েছে।

‘আপলোগ কিম্বা দেখনে মাংতা?’ গুরুবচন সিং জিজ্ঞেস করল। ফেলুদা ‘হ্যাঁ বলতে গুরুবচন সিং ট্যাক্সি থামাল। ‘ইয়ে হ্যায় কিল্লেকা গেট।’

ডান দিকে চেয়ে দেখি এক পেলায় ফটক—তারপর পাথরে বাঁধানো রাস্তা চড়াই উঠে গেছে আরেকটা ফটকের দিকে। বুঝলাম, এটা বাইরের গেট আর ভেতরেরটা আসল গেট। দ্বিতীয় গেটের পিছন থেকেই খাড়াই উঠে গেছে জয়সলমীরের সোনার কেলা।

গেটের বাইরে একটা লোক দাঁড়িয়ে আছে। তাকে দেখলেই প্রহরী বলে বোঝা যায়। ফেলুদা তাকে গিয়ে জিজ্ঞেস করল, সকালের দিকে কোনও বাঙালি ভদ্রলোক একটি ছোট ছেলেকে সঙ্গে করে কেলা দেখতে এসেছিল কি না। ফেলুদা হাত দিয়ে মুকুলের হাইটটাও বুঝিয়ে দিল।

—আয়া থা, কিন্তু এখন নেই, চলে গেছে।

—কখন?

—আধ ঘণ্টা হবে।

—গাড়িতে এসেছিল?

—হ্যাঁ—এক টেক্সি থা।

—কোন দিকে গেছে বলতে পার?

প্রহরী পশ্চিম দিকের রাস্তাটা দেখিয়ে দিল। আমরা সেই রাস্তা ধরে অলিগলি দোকানপাটের মধ্যে দিয়ে চলতে লাগলাম। লালমোহনবাবু সামনে বসেছেন গুরুবচনের পাশে, আমি আর ফেলুদা পিছনে। কিছুক্ষণ চলার পর ফেলুদা হঠাৎ প্রশ্ন করল, ‘আপনার অস্ত্রটা আনেননি তো সঙ্গে?’

লালমোহনবাবু অন্যমনস্কতার মধ্যে হঠাৎ প্রশ্ন শুনে চমকে বললেন, ‘ভোপালি? ইয়ে-মানে-গিয়ে-আপনার—ভোজালি?’

‘হ্যাঁ আপনার নেপালি ভোজালি।’

‘সে তো সুটকেসে স্যার।’

‘তা হলে আপনার পাশে রাখা জাপান এয়ার লাইন্সের ব্যাগ থেকে মন্দার বোসের রিভলভারটা বার করে কোটের তলায় বেণ্টের মধ্যে গুঁজুন—যাতে বাইরে থেকে বোঝা না যায়।’

লালমোহনবাবুর নড়াচড়া থেকে বুঝলাম তিনি ফেলুদার আদেশ পালন করছেন। এই সময় তার মুখটা দেখতে ভীষণ ইচ্ছে করছিল।

‘কিছু না’, ফেলুদা বলল, ‘গোলমাল দেখলে স্রেফ ট্যাঁক থেকে ওটি বার করে সামনের দিকে পয়েন্ট করে দাঁড়িয়ে থাকবেন।’

‘আর পে-পেছন দিয়ে যদি—’

‘পেছনে কিছু হচ্ছে বুঝলে আপনি নিজে ঘুরে যাবেন, তখনই সেটা সামনে হয়ে যাবে।’

‘আর আপনি? আপনি বুঝি আজ, মানে, নন-ভায়োলেন্ট?’

‘সেটা প্রয়োজন বুঝে।’

ট্যাক্সিটা বাজার ছাড়িয়ে একটা খোলা জায়গায় এসে পড়ল। আমরা এর মধ্যে আরও দু একজনকে জিজ্ঞেস করে অন্য ট্যাক্সিটা কোন পথে গেছে জেনে নিয়েছি। তা ছাড়া রাস্তায় বালির উপর মাঝে মাঝে টায়ারের দাগ দেখতে পাচ্ছি আর তাতেই বুঝতে পারছি যে আমরা হেমাঙ্গ হাজারার রাস্তাতেই চলেছি।

গুরুবচন সিং বলল, ‘ইয়ে হ্যায় মোহনগড় যানেকা রাস্তা। আউর এক মিল যানা

সেক্তা । উসকে বাদ রাস্তা বহুৎ খারাপ হয় । জিপ ছোড়কে দুস্ৰা গাড়ি নেহি যাতা ।’

এক মাইলও অবিশ্যি যেতে হল না । কিছু দূর গিয়েই দেখতে পেলাম রাস্তার এক ধারে একটা ট্যাক্সি দাঁড়িয়ে আছে । রাস্তার ডান দিকে খানিকটা দূরে রয়েছে একসঙ্গে অনেকগুলো পরিত্যক্ত একতলা ছাত-ছাড়া খুপির মতো পাথরের বাড়ি । বুঝলাম, এটাও হচ্ছে একটা প্রাচীন গ্রাম, যেমন গ্রাম আমরা এর আগে আরও দু-একটা দেখেছি । এ সব গ্রাম থেকে লোকজন নাকি বহুকাল আগে চলে গেছে ; শুধু দেয়ালগুলো পাথরের তৈরি বলে এখনও দাঁড়িয়ে আছে ।

গুরুবচন সিংকে অপেক্ষা করতে বলে আমরা বাড়িগুলোর দিকে এগোলাম । সর্দারজি দেখলাম গাড়ি থেকে নেমে অন্য ট্যাক্সির দিকে এগিয়ে গেল—বোধহয় জাতভাইয়ের সঙ্গে আড্ডা মারতে ।

চারিদিক থমথম করছে । পিছন দিকে চাইলে দূরে দেখা যাচ্ছে পাহাড়ের মাথায় জয়সলমীরের কেল্লা । রাস্তার উলটো দিকে খাড়াই উঠে গেছে পাহাড় । তার ঠিক পায়ের কাছে একটা প্রকাণ্ড খোলা জায়গা জুড়ে মাটিতে পোঁতা শিল-নোড়ার মতো হলদে পাথরের সারি । ফেলুদা ফিসফিস করে বলল, ‘যোদ্ধাদের কবর ।’

লালমোহনবাবু খসখসে মিহি গলায় বললেন, ‘আমার কিন্তু আবার লো ব্লাড প্রেশার ।’

‘কিছু ভাববেন না’, ফেলুদা বলল, ‘দেখতে দেখতে হাই হয়ে যেমনটি চাই তেমনটি হয়ে যাবে ।’

বাড়িগুলোর কাছে এসে পড়েছি । সারি সারি বাড়ির মাঝখান দিয়ে চলে গেছে সোজা রাস্তা । বেশ বুঝলাম, এ গ্রাম বাংলাদেশের গ্রামের মতো নয় । এর মধ্যে একটা সহজ জ্যামিতিক ধ্যান আছে ।

কিন্তু ট্যাক্সির যাত্রীরা কোথায় ? মুকুল কোথায় ? ডক্টর হেমাঙ্গ হাজরা কোথায় ?

মুকুলের কিছু হয়নি তো ?

হঠাৎ খেয়াল হল কানে একটা শব্দ আসছে—এখনও খুবই আন্তে—কিন্তু কান পাতলে শোনা যায় । খট্—খট্—খট্....

অত্যন্ত সাবধানে একটুও শব্দ না করে আরও কয়েক পা এগিয়ে দেখলাম, একটা চৌরাস্তায় এসে পড়েছি । আমরা এখনও দুটো রাস্তার ক্রসের মাঝখানে দাঁড়িয়ে আছি । ডান দিক দিয়ে শব্দটা আসছে । রাস্তার দু দিকে দশ-বারোটা বাড়ির সারি—তাদের দেয়াল আর দরজার ফাঁকগুলো শুধু দাঁড়িয়ে আছে ।

আমরা ডান দিকের রাস্তাটা ধরেই পা টিপে টিপে এগোতে লাগলাম ।

ফেলুদা দাঁতের ফাঁক দিয়ে প্রায় শোনা যায় না এমনভাবে বলল, ‘রিভলভার’—আর সেই সঙ্গে তার নিজের হাতটাও চলে গেল কোটের ভিতর । আড়চোখে দেখলাম লালমোহনবাবুর হাতেও রিভলভার এসে গেছে, আর সেটা অসম্ভব কাঁপছে ।

হঠাৎ একটা খচমচ আওয়াজ শুনে আমরা থমকে দাঁড়লাম, আর তার পরমুহূর্তেই দেখলাম রাস্তার শেষ মাথায় বাঁ দিকের একটা বাড়ির দরজা দিয়ে মুকুল দৌড়ে বেরিয়ে এল—তারপর আমাদের দেখতে পেয়ে আরও দ্বিগুণ জোরে ছুটে এসে ফেলুদার বুকের উপর বাঁপিয়ে পড়ল । সে হাঁপাচ্ছে, তার মুখ রক্তহীন ফ্যাকাশে ।

আমি জিজ্ঞেস করতে যাচ্ছিলাম কী হয়েছে, কিন্তু ফেলুদা ঠোঁটে আঙুল দিয়ে আমার কথা বন্ধ করে দিল ।

ফিসফিস করে ‘একে একটু দেখুন’ বলে মুকুলকে লালমোহনবাবুর জিন্মায় রেখে ফেলুদা নিঃশব্দে এগিয়ে চলল যেখান থেকে মুকুল বেরিয়েছে সেই দিকে । আমিও চললাম তার পিছন পিছন ।



এগোনোর সঙ্গে সঙ্গে শব্দটা বাড়ছে। মনে হল কে যেন পাথর নিয়ে নাড়াচাড়া করছে—খট্—খটাং—খুট্—খুট্...

বাড়িটার কাছে পৌঁছে দেয়ালের দিকটায় ঘেঁষে গেল ফেলুদা।

আর তিন পা বাড়াতেই দরজার হাঁ করা ফাঁকটা দিয়ে দেখলাম ডক্টর হাজরাকে। ঘরের এক কোণে দাঁড়িয়ে আমাদের দিকে পিঠ করে পাগলের মতো একটা ভাঙা পাথরের স্তূপ থেকে একটার পর একটা পাথর তুলে এক পাশে ফেলছেন। আমরা যে এসে দরজার মুখে দাঁড়িয়ে তাকে দেখছি, সেটা তাঁর খেয়ালই নেই।

আরেক পা সামনে এগোল ফেলুদা—তার হাতে রিভলভার ডক্টর হাজরার দিকে উচোনো।

হঠাৎ উপর দিক থেকে একটা ঝটপট শব্দ।

একটা ময়ূর পাঁচিলের উপর থেকে লাফিয়ে পড়েছে।

মাটিতে পড়েই তীরবেগে ছুটে গিয়ে ময়ূরটা উপুড় হওয়া ডক্টর হাজরার বাঁ কানের ঠিক

নীচে একটা সাংঘাতিক ঠোকর মারল। ডক্টর হাজরা যন্ত্রণায় আত্ননাদ করে হাত দিয়ে ঠোকরানোর জায়গাটা চেপে ধরতেই তার সাদা শার্টের আঙ্গিনটা লাল হয়ে উঠল।

এদিকে ময়ূরটা ঠোকর মেরেই চলেছে। তার মধ্যেই ডক্টর হাজরা পালাতে গিয়ে আমাদের সামনে দেখে ভূত দেখার মতো ভাব করলেন। আমরা দরজা ছেড়ে পিছিয়ে দাঁড়িলাম, আর ময়ূর তাকে ঠুকরে ঘর থেকে বার করে দিল।

‘গুপ্তধনের জায়গায় যে ময়ূরের বাসা থাকবে, আর তার মধ্যে যে ডিম থাকবে—এটা বোধ হয় আপনি ভাবতে পারেননি—তাই না?’

ফেলুদার গলার স্বর ইম্পাত, তার রিভলভার ডক্টর হাজরার দিকে তাগ করা। বেশ বুঝতে পারছিলাম যে ডক্টর হাজরাই শয়তান, আর তার শাস্তিও হয়েছে চমৎকার, কিন্তু অন্য অনেক কিছুই এখনও এত ধোঁয়াটে রয়েছে যে, মাথাটা কেমন জানি গোলমাল হয়ে যাচ্ছিল।

একটা গাড়ির শব্দ পাওয়া গেল। ডক্টর হাজরা মাটিতে উপুড় হয়ে আছেন। তার ঘাড়টা আশু আশু ফেলুদার দিকে ফিরল, তাঁর বাঁ হাতটা এখন একটা রক্তাক্ত রুমাল সমেত ক্ষতের উপর চাপা।

ফেলুদা বলল, ‘আর কোনও আশা নেই, জানেন। এবার আপনার দু দিকের রাস্তার বন্ধ।’

ফেলুদার কথা শেষ হবার আগেই ডক্টর হাজরা হঠাৎ চোখের পলকে দাঁড়িয়ে উঠে একটা উম্মাদ দৌড় দিলেন উলটো দিকে। ফেলুদা রিভলভারটা নামিয়ে নিল—কারণ সত্যিই পালাবার কোনও পথ নেই। উলটো দিক থেকে আমাদের দুজন চেনা ভদ্রলোক এগিয়ে আসছেন। যার হাতে লাঠি নেই, তিনি খপ করে ক্রিকেট বল লোফার মতো ডক্টর হাজরাকে বগলদাবা করে নিলেন।

এবারে লাঠিওয়ালা ভদ্রলোকটি ফেলুদার দিকে এগিয়ে এলেন। ফেলুদা রিভলভারটা বাঁ হাতে চালান দিয়ে ডান হাতটা ভদ্রলোকের দিকে বাড়িয়ে দিয়ে বললেন, ‘আসুন ডক্টর হাজরা।’

অ্যাঁ! ইনিই ডক্টর হাজরা?

ভদ্রলোক ফেলুদার সঙ্গে হ্যান্ডশেক করে বললেন, ‘আপনিই তো বোধ হয় প্রদোষ মিস্ত্রি?’

‘আজ্ঞে হ্যাঁ। আপনার নাগরা পরার দরুন ফোসকাটা এখনও সারেনি বলে মনে হচ্ছে..’

আসল ডক্টর হাজরা হেসে বললেন, ‘পরশু সুধীরবাবুকে ট্রান্স কল করেছিলাম। উনিই বললেন আপনি এসেছেন। যা বর্ণনা দিলেন, তা থেকে চিনতে কোনও অসুবিধা হয়নি। আলাপ করিয়ে দিই—ইনি হলেন ইনস্পেক্টর রাঠোর।’

‘আর উনি?’ ফেলুদা হাত-কড়া পরা, মাথা হেঁট-করা ময়ূরের ঠোকর-খাওয়া ভদ্রলোকটির দিকে দেখাল। ‘উনিই বুঝি ভবানন্দ?’

‘ইয়েস’, বললেন ডক্টর হাজরা, ‘ওরফে অমিয়নাথ বর্মণ, ওরফে দ্য গ্রেট বারম্যান—উইজার্ড অফ দ্য ইস্ট।’

ভবানন্দ এখন রাজস্থানি পুলিশের জিম্মায়। তার বিরুদ্ধে অভিযোগ—ডক্টর হেমাঙ্গ হাজরাকে খুন করার চেষ্টা, তার জিনিসপত্র নিয়ে সটকে পড়া, নিজের নাম ভাঁড়িয়ে হেমাঙ্গ হাজরার ভূমিকা গ্রহণ করা ইত্যাদি। আমরা ডাকবাংলোর বারান্দায় বসে উটের দুধ-দেওয়া কফি

খাচ্ছি। মুকুল সামনের বাগানে দিব্যি ফুটিতে খেলে বেড়াচ্ছে, কারণ সে জানে আজই সে কলকাতা রওনা হবে। সোনার কেলা দেখার পর তার আর রাজস্থানে থাকার ইচ্ছে নেই।

ফেলুদা আসল ডক্টর হাজরার দিকে ফিরে বলল, ‘ভবানন্দ শিকাগোতে সত্যিই ভণ্ডামি করছিল তো? কাগজে যা বেরিয়েছিল তা সত্যি তো?’


হাজরা বললেন, ‘সোলো আনা সত্যি। ভবানন্দ আর তার সহকারী মিলে যে কত দেশে কত কুকীর্তি করেছে, তার ইয়ত্তা নেই। তা ছাড়া শিকাগোয় আরও ব্যাপার আছে। নিজের ভণ্ডামির সঙ্গে সঙ্গে আমার মিথ্যে বদনাম রটাচ্ছিল, আমার কাজের বিস্তার অসুবিধা করছিল। কাজেই শেষটায় বাধ্য হয়ে স্টেপ নিতে হল। অবিশ্যি এ হল চার বছর আগের কথা। ওরা কবে দেশে ফিরেছে জানি না। আমি ফিরেছি মাত্র তিন মাস হল। সুধীরবাবুর দোকানে গিয়েছিলাম, সেখানে তার ছেলের কথা শুনে তাকে দেখতে যাই। তার পরের ব্যাপার তো আপনি জানেনই। আমি যখন মুকুলকে নিয়ে রাজস্থানে আসা স্থির করলাম, তখন কিন্তু ভাবতেই পারিনি যে আমার পিছনে লোক লাগবে।’

‘এক টিলে দুই পাখি কে না মারতে চায় বলুন!’ ফেলুদা বলল। ‘একে গুপ্তধনের আশা, তার উপর আপনার উপর প্রতিশোধ।...তা, এদের সঙ্গে কলকাতায় দেখা হয়নি আপনার?’

‘মোটাই না। প্রথম দেখা হয় একেবারে বান্দিকুই স্টেশনের রিফ্রেশমেন্ট রুমে। আমি আগ্রায় একদিন থেকে না গেলে ট্রেনে ওদের সঙ্গে দেখা হত না। ভদ্রলোকেরা নিজে থেকে এসে আমার সঙ্গে আলাপ করলেন।’

‘আপনি চিনতে পারলেন না?’

‘কী করে চিনব? শিকাগোতে তো এরা ছিলেন একেবারে শাস্ত্রগুপ্ত সঙ্ঘলিত মহাঋষি



মহেশ !’

‘তারপর ?’

‘তারপর আমাদের সঙ্গে এক টেবিলে বসে খেল, ম্যাজিক দেখিয়ে মুকুলের সঙ্গে ভাব জমাল, একই ট্রেনে একই কামরায় উঠল । কিষণগড়ে নেমে মুকুলকে কেল্লা দেখাব সেটা আগেই ঠিক করেছিলাম, কিন্তু এরাও যে আমার পিছু পিছু নেমেছে সেটা জানতে পারিনি । আমি কেল্লায় যাবার কিছু পরেই এরাও পৌঁছেছে । জনমানবশূন্য জায়গা, চোরের মতো এসেছে, আড়ালে আড়ালে তাকে তাকে থেকেছে, সুযোগ পেয়ে পাহাড়ের উপর থেকে ঠেলে ফেলে দিয়েছে । গড়াতে গড়াতে শ’ খানেক ফুট নীচে গিয়ে একটা ঝোপড়ায় আটকে পড়ে বেঁচে গেলাম । জামা খুললে দেখবেন সর্বঙ্গি ছড়ে গেছে । যাই হোক—এই ঝোপড়ার পাশে ঘণ্টাখানেক ওইভাবেই রয়ে গেলাম । আমি চাইছিলাম যে ওরা আপদ গেছে ভেবে নিশ্চিন্তে মুকুলকে নিয়ে চলে যায় । যখন স্টেশনে পৌঁছলাম ততক্ষণে আটটার মাড়োয়ারের ট্রেন চলে গেছে । আর তাতে করেই চলে গেছে মুকুল, এবং আমার যাবতীয় মালপত্র সমেত ওই দুই ধুরন্ধর । তার মানে লোকের কাছে আমার সঠিক পরিচয়টা দেবার রাস্তাটাও তারা বন্ধ করে দিয়ে গেছে ।’

‘মুকুল ওদের সঙ্গে যেতে আপত্তি করল না ?’

ডক্টর হাজরা হাসলেন । ‘মুকুলকে চিনতে পারেননি এখনও ? নিজের বাপ-মায়ের ওপরই



যখন ওর টান নেই, তখন দুজন অচেনা লোকের মধ্যে ও পার্থক্য করবে কেন ? ভবানন্দ বলেছে ওকে সোনার কেলা দেখাবে—ব্যস, ফুরিয়ে গেল । যাই হোক—হাল তো ছাড়লামই না, বরং জিড চেপে গেল । মানিব্যাগটা সঙ্গেই ছিল । নিজের ছেঁড়া জামাকাপড় পুটলির মধ্যে নিয়ে নতুন পোশাক কিনে রাজস্থানি সাজলাম । নাগরা পরা অভ্যেস নেই, পায়ে ফোসকা পড়ে গেল । পরদিন কিষণগড়ে আপনাদের কামরায় উঠলাম । মারওয়াড় থেকেও একই ট্রেনে যোধপুর এলাম । রঘুনাথ সরাইয়ে উঠলাম । চেনা লোক ছিল শহরে—প্রফেসর ত্রিবেদী—তাকে গোড়ায় কিছু জানালাম না । বেশি হই-হল্লা হলে ওরা পালাতে পারে, কিংবা মুকুল ভয় পেয়ে বেঁকে বসতে পারে । আমি নিজে আঁচ করেছিলাম জয়সলমীরই আসল জায়গা, এখন খালি অপেক্ষা—কবে ভবানন্দও মুকুলকে নিয়ে জয়সলমীরে পাড়ি দেয় । তার আগে পর্যন্ত আমার কাজ হবে ভবানন্দ ও মুকুলকে চোখে চোখে রাখা ।’

‘সেদিন সার্কিট হাউসের বাইরে তো আপনিই ঘুরছিলেন ?’

‘হ্যাঁ । আর তাতেও তো এক ফ্যাসাদ ! মুকুল দেখি আমাকে চিনে ফেলেছে । অন্তত সেরকম একটা ভাব করেই গেট থেকে বেরিয়ে সোজা আমার দিকে চলে আসছিল ।’

‘তারপর আপনি ভবানন্দকে ফলো করে পোকরানের গাড়িতে উঠলেন ?’

‘হ্যাঁ । আর সবচেয়ে মজা—ট্রেন থেকে দেখতে পেলাম আপনারা গাড়ি থামাতে চেষ্টা করছেন ।’

‘সেটা নিশ্চয় ভবানন্দও দেখেছিল, আর তাই জেনে গিয়েছিল রামদেওরাতেরই হয়তো আমরা ট্রেন ধরব ।’

ডক্টর হাজরা বলে চললেন, ‘ট্রেনে ওঠার আগে ত্রিবেদীকে ফোন করে জয়সলমীরে পুলিশকে খবর দিতে বলে দিয়েছিলাম । তার আগেই অবশ্য ওর বাড়ি থেকেই কলকাতায় ফোন করে আপনার আসার খবর পেয়েছি, আর ত্রিবেদীর কাছ থেকে একটি সুট ধার করে ভদ্রলোক সেজেছি ।’

ফেলুদা বলল, ‘পোকরানে গিয়ে বোধহয় দেখলেন ভবানন্দের অ্যাসিস্ট্যান্ট ট্যাক্সি নিয়ে হাজির, তাই না ?’

‘ওইখানেই তো গুণ্ডগোল হয়ে গেল । আই লস্ট দেম । দশ ঘণ্টা অপেক্ষা করে আবার রাত্রের ট্রেন ধরতে হল । সে গাড়িতে যে আপনি আছেন, তা তো জানি না । আপনাদের প্রথম দেখলুম এই ডাকবাংলোতে । এখন আমার প্রশ্ন হচ্ছে—আপনি কখন প্রথম ভবানন্দকে সন্দেহ করলেন ?’

ফেলুদা হেসে বলল, ‘ভবানন্দকে সন্দেহ করেছিলাম বললে ভুল বলা হবে । করেছিলাম ডক্টর হাজরাকে । যোধপুরে নয়, বিকানিরে । দেবীকুণ্ডে গিয়ে দেখি ভদ্রলোক হাত-মুখ বাঁধা অবস্থায় পড়ে আছেন । তার ঠিক আগেই একটা দেশলাই কুড়িয়ে পাই—টেক্সা মার্ক । এটা রাজস্থানে বিক্রি হয় না । তারপর ভদ্রলোককে ওই বেগতিক অবস্থায় দেখে মনে হল, যে-লোক এই কুকর্মটি করেছে তারই হয়তো দেশলাই । কিন্তু তারপর দেখলাম বাঁধনেও গুণ্ডগোল । একজন লোকের হাত-পা এক সঙ্গে বেঁধে দিলে সে লোক অসহায় হয়ে পড়তে পারে, কিন্তু যেখানে শুধু হাত দুটো পেছনে বেঁধে দেওয়া হয়েছে, সেখানে একটু বুদ্ধি থাকলেই পা দুটোকে ভাঁজ করে তার তলা দিয়ে হাত দুটো সামনে এনে বাঁধন খুলে ফেলা যায় । বুঝতে পারলাম ভদ্রলোক নিজেই নিজেকে বেঁধেছেন । এটা বুঝেও কিন্তু ভাবছি, ডক্টর হাজরাই আসল কালপ্রিট । শেষটায় চোখ খুলে গেল আজ সকালে ট্রেনে—আপনার প্যাডে লেখা ভবানন্দের একটা চিঠির দিকে চেয়ে থাকতে থাকতে ।’

‘কীরকম ?’

‘কাগজের ওপরে আপনার নাম ছাপা হয়েছে, তাতে J দিয়ে হাজরা লেখা। আর ইনি নাম সই করেছেন চিঠির নীচে, তাতে দেখি Z। তখনই বুঝলাম এ হাজরা আসলে হাজরাই নন। কিন্তু ইনি তা হলে কে? নিশ্চয় যারা কলকাতায় নীলু ছেলোটিকে ধরে নিয়ে গিয়েছিল তাদেরই একজন। আর অন্যটি হচ্ছেন মন্দার বোস—যার ডান হাতের একটা নখ বড়, আর যার মুখে সিগারের গন্ধ আমিও পেয়েছি, নীলুও পেয়েছে। কিন্তু তা হলে আসল হাজরা কোন ব্যক্তি এবং তিনি এখন কোথায়? এর উত্তর একটাই হতে পারে—হাজরা হলেন তিনিই, যিনি নাগরা পরে পায়ে ফোসকা করেছিলেন, কিষণগড়ে আমাদের কামরায় উঠেছিলেন, সার্কিট হাউসের এবং বিকানির কেল্লার আশেপাশে মোরাঘুরি করছিলেন, এবং জয়সলমীরের ডাকবাংলোয় লাঠি হাতে খুঁড়িয়ে হাঁটছিলেন।’

ডক্টর হাজরা বললেন, ‘সুধীরবাবু আপনাকে খবর দিয়ে খুবই বুদ্ধিমানের কাজ করেছিলেন, কারণ আমি একা বোধহয় জুত করে উঠতে পারতাম না। ভবানন্দের অ্যাসিস্ট্যান্টকে তো আপনারাই জব্দ করেছেন। এবারে তাঁর হাতেও হাতকড়াটি পড়লেই ষোলো কলা পূর্ণ হয়।’

ফেলুদা লালমোহনবাবুর দিকে দেখিয়ে বলল, ‘মন্দার বোসকে প্রথম সন্দেহ করার পিছনে কিন্তু এনার যথেষ্ট কনট্রিবিউশন আছে।’

লালমোহনবাবু এর মধ্যে অনেকবার একটা কথা বলতে চেষ্টা করেছেন, কিন্তু পারেননি। এবার তিনি সেটা বলে ফেললেন—

‘আচ্ছা স্যার, তা হলে গুপ্তধনের ব্যাপারটা কী হচ্ছে?’

‘ওটা ময়ূরে পাহারা দিচ্ছে দিক না!’ বললেন ডক্টর হাজরা। ‘ওদের বেশি ঘাঁটালে কী ফল হয়, সেটা তো দেখলেন।’

ফেলুদা বলল, ‘আপাতত আপনার কাছে যে গুপ্তধনটা রয়েছে সেটা তো ফেরত দিন মশাই। অবিশ্যি যেভাবে উচিয়ে রয়েছে, আপনার কোটটা কোমরের কাছে তাতে গুপ্ত আর বলা চলে না।’

লালমোহনবাবু বেশ একটু মন-মরা ভাবেই মন্দার বোসের রিভলভারটা বার করে ফেলুদাকে দিয়ে দিলেন।

সেটা হাতে নিয়ে ‘থ্যাক্স ইউ’ বলেই ফেলুদা হঠাৎ কেমন জানি গম্ভীর হয়ে গেল। তারপর রিভলভারটা নেড়েচেড়ে দেখল। তারপর বিড়বিড় করে বলল, ‘বলিহারি মিস্টার ট্রটার—এভাবে ভাঁওতা দিলেন প্রদোষ মিত্তিরকে?’

‘কী ব্যাপার? কী হল?’—আমরা সমস্তের বলে উঠলাম।

‘আরে এ যে একেবারেই ফাঁকি—মেড ইন জাপান—ম্যাজিশিয়ানরা স্টেজে ব্যবহার করে এই রিভলভার!’

সকলে হেসে ফেটে পড়ার ঠিক আগে ফেলুদার হাত থেকে রিভলভারটা নিয়ে দাঁত বার করে জটায়ু বললেন, ‘ফর মাই কালেকশন—অ্যান্ড অ্যাজ এ স্মৃতিচিহ্ন অফ আওয়ার পাওয়ারফুল অ্যাডভেঞ্চার ইন রাজস্থান! থ্যাক্স ইউ স্যার।’



বাক্স রহস্য

১

ক্যাপ্টেন স্কটের মেরু অভিযানের বিষয়ে একটা দারুণ লোমখাড়া-করা বই এই সবে শেষ করেছে, আর তার এত অল্প দিনের মধ্যেই যে বরফের দেশে গিয়ে পড়তে হবে সেটা ভাবতেই পারিনি। অবিশ্যি বরফের দেশ বলতে কেউ যেন আবার নর্থ পোল সাউথ পোল ভেবে না বসে। ওসব দেশে কোনও মামলার তদন্ত বা রহস্যের সমাধান করতে ফেলুদাকে কোনওদিন যেতে হবে বলে মনে হয় না। আমরা যেখানে গিয়েছিলাম সেটা আমাদেরই দেশের ভিতর; কিন্তু যে সময়টায় গিয়েছিলাম তখন সেখানে বরফ, আর সে বরফ আকাশ থেকে মিহি তুলোর মতো ভাসতে ভাসতে নীচে নেমে এসে মাটিতে পুরু হয়ে জমে, আর রোদ্দুরে সে বরফের দিকে চাইলে চোখ বলসে যায়, আর সে বরফ মাটি থেকে মুঠো করে তুলে নিয়ে বল পাকিয়ে ছোঁড়া যায়।

আমাদের এই অ্যাডভেঞ্চারের শুরু হয় গত মার্চ মাসের এক বিষুদবারের সকালে। ফেলুদার এখন গোয়েন্দা হিসাবে বেশ নাম হয়েছে, তাই ওর কাছে মক্কেলও আসে মাঝে মাঝে। তবে ভাল কেস না হলে ও নেয় না। ভাল মানে যাতে ওর আশ্চর্য বুদ্ধিটা শানিয়ে নেওয়ার সুযোগ হয় এমন কেস। এবারের কেসটা প্রথমে শুনে তেমন আহামরি কিছু মনে হয়নি। কিন্তু ফেলুদার বোধহয় একটা আশ্চর্য ক্ষমতা আছে যার ফলে ও সেটার মধ্যে কীসের জানি গন্ধ পেয়ে নিতে রাজি হয়ে গেল। অবিশ্যি এও হতে পারে যে মক্কেল ছিলেন বেশ হোমরা-চোমরা লোক, আর তাই ফেলুদা হয়তো একটা মোটা রকম দাঁও মারার সুযোগ দেখে থাকতে পারে। পরে ফেলুদাকে কথাটা জিজ্ঞেস করতে ও এমন কটমট করে আমার দিকে চাইল যে আমি একেবারে বেমালুম চুপ মেরে গেলাম।

মক্কেলের নাম দীননাথ লাহিড়ী। বুধবার সন্ধ্যাবেলা ফোন করে পরদিন সকালে সাড়ে আটটায় আসবেন বলেছিলেন, আর ঠিক বাড়ির কাঁটায় কাঁটায় একটা গাড়ি এসে থামার আওয়াজ পেলাম আমাদের তারা রোডের বাড়ির সামনে। গাড়ির হর্নটা অদ্ভুত ধরনের, আর সেটা শোনামাত্র আমি দরজার দিকে এগিয়ে গিয়েছিলাম। ফেলুদা একটা ইশারা করে আমায় থামিয়ে দিয়ে চাপা গলায় বলল, ‘অত আদেখলামো কেন? বেলটা বাজুক।’

বেল বাজার পর দরজা খুলে দিতে ভদ্রলোকের সঙ্গে সঙ্গে চোখ পড়ল তার গাড়িটার দিকে। এমন পেপ্লায় গাড়ি আমি এক রোলস রয়েস ছাড়া আর কখনও দেখিনি। ভদ্রলোকের নিজের চেহারাটাও বেশ চোখে পড়ার মতো, যদিও সেটা তার সাইজের জন্য নয়। টক্টকে ফরসা গায়ের রং, বয়স আন্দাজ পঞ্চাশের কাছাকাছি, পরনে কোঁচানো ফিফিফি ধুতি আর গিলে করা আঙ্গুরি পাঞ্জাবি, আর পায়ে সাদা শূঁড় তোলা নাগরা। এ ছাড়া বাঁ হাতে রয়েছে হাতির দাঁত দিয়ে বাঁধানো হাতলওয়ালা ছড়ি আর ডান হাতে রয়েছে একটা নীল চৌকো অ্যাটাচি কেস। এ রকম বাক্স আমি ঢের দেখেছি। আমাদের বাড়িতেই দুটো আছে—একটা বাবার, একটা ফেলুদার। এয়ার ইন্ডিয়া তাদের যাত্রীদের এই বাক্স বিনি পয়সায় দেয়।

ভদ্রলোককে আমাদের ঘরের সবচেয়ে ভাল আর্ম চেয়ারটায় বসতে দিয়ে ফেলুদা তার উলটোমুখে সাধারণ চেয়ারটায় বসল। ভদ্রলোক বললেন, ‘আমিই কাল টেলিফোন করেছিলাম। আমার নাম দীননাথ লাহিড়ী।’

ফেলুদা গলা খাকরিয়ে বলল, ‘আপনি আর কিছু বলার আগে আপনাকে দুটো প্রশ্ন করতে পারি কি?’

‘নিশ্চয়ই।’

‘এক নম্বর—আপনার চায়ে আপত্তি আছে?’

ভদ্রলোক দুহাত জোড় করে মাথা নুইয়ে বললেন, ‘কিছু মনে করবেন না মিস্টার মিট্রির, অসময়ে কিছু খাওয়ার অভ্যাসটা আমার একেবারেই নেই। তবে আপনি নিজে খেতে চাইলে স্বচ্ছন্দে খেতে পারেন।’

‘ঠিক আছে। দ্বিতীয় প্রশ্ন—আপনার গাড়িটা কি হিস্পানো সুইজা?’

‘ঠিক ধরেছেন। এ জাতের গাড়ি বেশি নেই এদেশে। থাটি ফোরে কিনেছিলেন আমার বাবা। আপনি গাড়িতে ইন্টারেস্টেড?’

ফেলুদা একটু হেসে বলল, ‘আমি অনেক ব্যাপারেই ইন্টারেস্টেড। অবিশ্যি সেটা খানিকটা আমার পেশার খাতিরেই।’

‘আই সি। তা যাই হোক—যে জন্য আপনার কাছে আসা। আপনার কাছে ব্যাপারটা হয়তো তুচ্ছ বলে মনে হবে। আপনার রেপুটেশন আমি জানি, সুতরাং আপনাকে আমি জোর করতে পারি না, কেবলমাত্র অনুরোধ করতে পারি যে, কেসটা আপনি নিন।’

ভদ্রলোকের গলার স্বর আর কথা বলার ঢঙে বনেদি ভাব থাকলেও, হামবড়া ভাব একটুও নেই। বরঞ্চ রীতিমতো ঠাণ্ডা আর ভদ্র।

‘আপনার কেসটা কী সেটা যদি বলেন...’

মিস্টার লাহিড়ী মৃদু হেসে সামনে টেবিলের ওপর রাখা বাক্সটার দিকে দেখিয়ে বললেন, ‘কেসও বলতে পারেন, আবার অ্যাটাচি কেসও বলতে পারেন...হেঁহেঁ। এই বাক্সটাকে নিয়েই ঘটনা।’

ফেলুদা বাক্সটার দিকে একবার চোখ বুলিয়ে নিয়ে বলল, ‘এটা বার কয়েক বিদেশে গেছে বলে মনে হচ্ছে। ট্যাগগুলো ছেঁড়া হলেও, ইলাস্টিক ব্যান্ডগুলো এখনও দেখছি হাতলে লেগে রয়েছে। এক, দুই, তিন...’

ভদ্রলোক বললেন, ‘আমারটার হাতলেও ঠিক ওইরকম রয়েছে।’

‘আপনারটার...? তার মানে এই বাক্সটা আপনার নয়?’

‘আজ্ঞে না,’ মিস্টার লাহিড়ী বললেন, ‘এটা আরেকজনের। আমারটার সঙ্গে বদল হয়ে গেছে।’

‘আই সি...তা কীভাবে হল বদল? ট্রেনে না প্লেনে?’

‘ট্রেনে। কালকা মেলে। দিল্লি থেকে ফিরছিলাম। একটা ফাস্ট ক্লাস কমপার্টমেন্টে চারজন যাত্রী ছিলাম। তার মধ্যে একজনের সঙ্গে বদল হয়ে গেছে।’

‘কার সঙ্গে হয়েছে সেটা জানা নেই বোধহয়?’ ফেলুদা প্রশ্ন করল।

‘আজ্ঞে না। সেটা জানা থাকলে বোধহয় আপনার কাছে আসার প্রয়োজন হত না।’

‘বাকি তিনজনের নামও অবশ্যই জানা নেই?’

‘একজন ছিলেন বাঙালি। নাম পাকড়াশী। দিল্লি থেকে আমারই সঙ্গে উঠলেন।’

‘নামটা জানলেন কী করে?’

‘অন্য আরেকটি যাত্রীর সঙ্গে তাঁর চেনা বেরিয়ে গেল। তিনি, হ্যাঁহ্যাঁ মিস্টার পাকড়াশী বলে, তাঁর সঙ্গে আলাপ জুড়লেন। কথাবার্তায় দুজনকেই বিজনেসম্যান বলে মনে হল। কনট্রাক্ট, টেন্ডার ইত্যাদি কথা কানে আসছিল।’

‘যার সঙ্গে কথা হচ্ছিল তার নামটা জানতে পারেননি?’

‘আপ্তে না। তবে তিনি অবাঙালি, যদিও বাংলা জানেন, আর মোটামুটি ভালই বলেন। কথায় বুঝলাম তিনি সিমলা থেকে আসছেন।’

‘আর তৃতীয় ব্যক্তি?’

‘তিনি বেশির ভাগ সময় বাস্কের উপরেই ছিলেন, কেবল লাঞ্চ আর ডিনারের সময় নেমেছিলেন। তিনিও বাঙালি নন। দিল্লি থেকে ট্রেন ছাড়ার কিছুক্ষণ পর তিনি আমায় একটা আপেল অফার করে বলেছিলেন সেটা নিজের বাগানের। আন্দাজে মনে হয় তিনিও হয়তো সিমলাতেই থাকেন, আর সেখানেই তাঁর অরচার্ড।’

‘আপনি খেয়েছিলেন আপেলটা?’

‘হ্যাঁ, কেন খাব না। দিব্যি সুস্বাদু আপেল।’

‘তা হলে ট্রেনে আপনি আপনার অসময়ের নিয়মটা মানেন না বলুন।’ ফেলুদার ঠোঁটের কোণে মিচকি হাসি।

ভদ্রলোক হো হো করে হেসে বললেন, ‘সর্বনাশ! আপনার দৃষ্টি এড়ানো তো ভারী কঠিন দেখছি। তবে আপনি ঠিকই বলেছেন। চলন্ত ট্রেনে সময়ের নিয়মগুলো মন সব সময় মানতে চায় না।’

‘এক্সকিউজ মি’, ফেলুদা বলল, ‘আপনারা কে কোথায় বসে ছিলেন সেটা জানতে পারলে ভাল হত।’

‘আমি ছিলাম একটা লোয়ার বার্থে। আমার উপরের বার্থে ছিলেন মিস্টার পাকড়াশী; উলটোদিকের আপার বার্থে ছিলেন আপেলওয়ালা, আর নীচে ছিলেন অবাঙালি বিজনেসম্যানটি।’

ফেলুদা কয়েক মুহূর্ত চুপ। তারপর হাত কচলে আঙুল মটকে বলল, ‘ইফ ইউ ডোন্ট মাইন্ড—আমি একটু চা বলছি। ইচ্ছে হলে খাবেন, না হয় না। তোপসে, তুই যা তো চট করে।’

আমি এক দৌড়ে ভেতরে গিয়ে শ্রীনাথকে চায়ের কথা বলে আবার বৈঠকখানায় এসে দেখি, ফেলুদা আটাচি কেসটা খুলেছে।

‘চাবি দেওয়া ছিল না বুঝি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না। আমারটাতেও ছিল না। কাজেই যে নিয়েছে সে অনায়াসে খুলে দেখতে পারে ভেতরে কী আছে। এটার মধ্যে অবিশ্যি সব মামুলি জিনিস।’

সত্যিই তাই। সাবান চিরুনি বুরুশ টুথব্রাশ টুথপেস্ট, দাড়ি কামানোর সরঞ্জাম, দুটো ভাঁজ করা খবরের কাগজ, একটা পেপার ব্যাক বই—এই সব ছাড়া বিশেষ কিছুই চোখে পড়ল না।

‘আপনার ব্যাগে কোনও মূল্যবান জিনিস ছিল কি?’ ফেলুদা প্রশ্ন করল।

দীননাথবাবু বললেন, ‘নাথিং। এ ব্যাগে যা দেখছেন, তার চেয়েও কম মূল্যবান। কেবল একটা লেখা ছিল—একটা হাতের লেখা রচনা—ভ্রমণকাহিনী—সেটা ট্রেনে পড়ব বলে সঙ্গে নিয়েছিলাম। বেশ লাগছিল পড়তে। তিব্বতের ঘটনা।’

‘তিব্বতের ঘটনা?’ ফেলুদার যেন খানিকটা কৌতুহল বাড়ল।

‘হ্যাঁ। ১৯১৭ সালের লেখা। লেখকের নাম শঙ্কুচরণ বোস। যা বুঝছি, লেখাটা আসে আমার জ্যাঠামশাইয়ের সঙ্গে। কারণ ওটা আমার জ্যাঠামশাইকে উৎসর্গ করা। আমার জ্যাঠামশাই হলেন সতীনাথ লাহিড়ী, কাঠমুণ্ডতে থাকতেন। রাণাদের ফ্যামিলিতে প্রাইভেট টিউটরি করতেন। উনি অত্যন্ত অসুস্থ হয়ে প্রায় অর্ধ অবস্থায় দেশে ফেরেন—পঁয়তাল্লিশ বছর আগে। তার কিছুদিন পরেই মারা যান। ওর সঙ্গেই জিনিসপত্রের মধ্যে একটা নেপালি বাস্র ছিল। আমাদের বাড়ির বস্তুধর্মের একটা তাকের কোনায় পড়ে থাকত। ওটার অস্তিত্বই জানতাম না। সম্প্রতি বাড়িতে আরশোলা আর ইঁদুরের উপদ্রব বড্ড বেড়েছিল বলে পেস্ট কন্ট্রোলার লোক ২৪৬

ডাকা হয়। তাদের জন্যই বাস্ফটা নামাতে হয় আর এই বাস্ফটা থেকেই লেখাটা বেরোয়।’

‘কবে?’

‘এই তো—আমি দিল্লি যাবার আগের দিন।’

ফেলুদা অন্যমনস্ক। বিড় বিড় করে বলল, ‘শঙ্খচরণ...শঙ্খচরণ...’

‘যাই হোক’, মিস্টার লাহিড়ী বললেন, ‘ওই লেখার মূল্য আমার কাছে তেমন কিছু নয়। সত্যি বলতে কী, আমি বাস্ফটা ফেরত পাবার ব্যাপারে কোনও আগ্রহ বোধ করছিলাম না। আর এই যে বাস্ফটা দেখছেন, এটারও মালিককে পাওয়া যাবে এমন কোনও ভরসা না দেখে এটা আমার ভাইপোকে দিয়ে দিয়েছিলাম। তারপর কাল রাত থেকে হঠাৎ মনে হতে লাগল—এসব জিনিস দেখতে তেমন জরুরি মনে না হলেও, এর মালিকের কাছে এর কোনও কোনওটার হয়তো মূল্য থাকতেও পারে। যেমন ধরুন এই রুমাল। এতে নকশা করে G লেখা রয়েছে। কে জানে কার সূচিকর্ম এই G? হয়তো মালিকের স্ত্রীর। হয়তো স্ত্রী আর জীবিত নেই! এই সব ভেবে মনটা খুঁতখুঁত করতে লাগল, তাই আজ আমার ভাইপোর ঘর থেকে বাস্ফটা তুলে আপনার কাছে নিয়ে এলাম। সত্যি বলতে কী, আমারটা ফেরত পাই না-পাই তাতে আমার কিছু এসে যায় না, কিন্তু এ বাস্ফ মালিকের কাছে পৌঁছে দিলে আমি মনে শান্তি পাব।’

চা এল। ফেলুদা আজকাল চায়ের ব্যাপারে ভীষণ খুঁতখুঁতে হয়ে পড়েছে। এ চা আসে কার্শিয়ঙের মকাইবাড়ি টি এস্টেট থেকে। পেয়ালা সামনে এনে রাখলেই ভুর ভুর করে সুগন্ধ বেরোয়। চায়ে একটা নিঃশব্দ চুমুক দিয়ে ফেলুদা বলল, ‘বাস্ফটা কি অনেকবার খোলার দরকার হয়েছিল ট্রেনে?’

‘মাত্র দুবার। সকালে দিল্লিতে ওঠার কিছুক্ষণের মধ্যেই লেখাটা বার করে নিই, আর রাত্রে ঘুমোবার আগে আবার ওটা ভেতরে ঢুকিয়ে রাখি।’

ফেলুদা একটা চারমিনার ধরাল। দীননাথবাবু সিগারেট খান না। দুটো ধোঁয়ার রিং ছেড়ে ফেলুদা বলল, ‘আপনি চাইছেন—এ বাস্ফ যার তাকে ফেরত দিয়ে আপনার বাস্ফটা আপনার কাছে এনে হাজির করি—এই তো?’

‘হতাশ হলেন নাকি? ব্যাপারটা বড্ড নিরামিষ বলে মনে হচ্ছে?’

ফেলুদা তার ডান হাতের আঙুলগুলো চুলের মধ্যে দিয়ে চালিয়ে দিয়ে বলল, ‘না। আপনার সেন্টিমেন্ট আমি বুঝতে পেরেছি। যে ধরনের সব কেস আমার কাছে আসে সেগুলোর তুলনায় এই কেসটার যে একটা বৈশিষ্ট্য আছে সেটাও তো অস্বীকার করা যায় না।’

দীননাথবাবু যেন অনেকটা আশ্বস্ত হলেন। একটা লম্বা হাঁপ ছেড়ে বললেন, ‘আপনার রাজি হওয়াটা আমার কাছে অনেকখানি।’

ফেলুদা বলল, ‘আমার যথাসাধ্য আমি চেষ্টা করব। তবে বুঝতেই পারছেন, এ অবস্থায় গ্যারান্টি দেওয়া সম্ভব নয়। যাই হোক, এবার আপনার কাছ থেকে কিছু তথ্য জেনে নিতে চাই।’

‘বলুন।’

ফেলুদা চট করে উঠে পাশেই তার শোবার ঘর থেকে তার বিখ্যাত সবুজ নোটবইটা নিয়ে এল। তারপর হাতে পেনসিল নিয়ে তার প্রশ্ন আরম্ভ করল।

‘কোন তারিখে রওনা হন দিল্লি থেকে?’

‘পাঁচই মার্চ রবিবার সকাল সাড়ে ছটায় দিল্লি ছেড়েছি। কলকাতায় পৌঁছেছি পরদিন সকাল সাড়ে নটায়।’

‘আজ হল ৯ই। অর্থাৎ গত তরশু। আর কাল রাত্রে আপনি আমাকে টেলিফোন করেছেন।’

ফেলুদা অ্যাটাচি কেসটার ভেতর থেকে একটা হলদে রঙের কোডাক ফিল্মের কৌটো বার করে তার ঢাকনার প্যাঁচটা খুলতেই তার থেকে কয়েকটা সুপুরি বেরিয়ে টেবিলের উপর পড়ল।

তার একটা মুখে পুরে চিবোতে চিবোতে ফেলুদা বলল, ‘আপনার ব্যাগে এমন কিছু ছিল যা থেকে আপনার নাম-ঠিকানা পাওয়া যেতে পারে?’

‘যতদূর মনে পড়ে, কিছুই ছিল না।’

‘হুঁ... এবার আপনার তিনজন সহযাত্রীর মোটামুটি বর্ণনা লিখে নিতে চাই। আপনি যদি একটু হেল্প করেন।’

দীননাথবাবু মাথাটাকে চিত্তিয়ে সিলিং-এর দিকে কিছুক্ষণ তাকিয়ে থেকে বললেন, ‘পাকড়াশীর বয়স আমার চেয়ে বেশি। ঘাট-পয়ষটি হবে। গায়ের রং মাঝারি। ব্যাকব্রাশ করা কাঁচাপাকা চুল, চোখে চশমা, কণ্ঠস্বর কর্কশ।’

‘বেশ।’

‘যিনি আপেল দিলেন তাঁর রং ফরসা। রোগা একহারা চেহারা, টিকোলো নাক, চোখে সোনার চশমা, দাড়ি গোঁফ কামানো, মাথায় টাক, কেবল কানের পাশে সামান্য কাঁচা চুল। ইংরেজি উচ্চারণ প্রায় সাহেবদের মতো। সর্দি হয়েছিল। বার বার টিসুতে নাক ঝাড়ছিল।’

‘বাবা, খাঁটি সাহেব! আর তৃতীয় ভদ্রলোক?’

‘আদৌ মনে রাখার মতো চেহারা নয়। তবে হ্যাঁ—নিরামিষাশী। উনিই একমাত্র ব্যক্তি যিনি ভেজিটেবল খালি নিলেন ডিনার এবং লাঞ্চে।’

ফেলুদা সব ব্যাপারটা খাতায় নোট করে চলেছে। শেষ হলে পর খাতা থেকে মুখ তুলে বলল, ‘আর কিছু?’

দীননাথবাবু মাথা নেড়ে বললেন, ‘আর তো কিছু বলার মতো দেখছি না। দিনের বেলা বেশির ভাগ সময়ই আমার মন ছিল ওই লেখাটার দিকে। রাত্রে ডিনার খাবার কিছুক্ষণের মধ্যেই ঘুমিয়ে পড়েছি। টেনে সচরাচর এত ভাল ঘুম হয় না। ঘুম ভেঙেছে একেবারে হাওড়ায় এসে, আর তাও মিস্টার পাকড়াশী তুলে দিলেন বলে।’

‘তার মানে আপনিই বোধহয় সব শেষে কামরা ছেড়েছেন?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আর তার আগেই অবিশ্যি আপনার ব্যাগ অন্যের হাতে চলে গেছে।’

‘তা তো বটেই।’

‘ভেরি গুড।’ ফেলুদা খাতা বন্ধ করে পেনসিলটা শার্টের পকেটে গুঁজে দিয়ে বলল, ‘দেখি আমি কী করতে পারি!’

দীননাথবাবু চেয়ার থেকে উঠে পড়ে বললেন, ‘এ ব্যাপারে আপনার যা পারিশ্রমিক তা তো দেবই, তা ছাড়া আপনার কিছু ঘোরাঘুরি আছে, তদন্তের ব্যাপারে আরও এদিক ওদিক খরচ আছে, সেই বাবদ আমি কিছু ক্যাশ টাকা আপনার জন্য নিয়ে এসেছি।’

ভদ্রলোক তাঁর পাঞ্জাবির পকেট থেকে একটা সাদা খাম বার করে ফেলুদার দিকে এগিয়ে দিলেন, আর ফেলুদাও দেখলাম বিলিতি কায়দায় ‘ওঃ—থ্যাঙ্কস’ বলে সেটা দিবি পেনসিলের পিছনে পকেটে গুঁজে দিল।

দরজা খুলে গাড়ির দিকে এগোতে এগোতে ভদ্রলোক বললেন, ‘আমার টেলিফোন নম্বর ডিরেক্টরিতেই পাবেন। কিছু খবর পেলেই কাইন্ডলি জানাবেন; এমনকী স্টান আমার বাড়িতে চলেও আসতে পারেন। সন্ধে নাগাদ এলে নিশ্চয়ই দেখা পাবেন।’

হলুদ রঙের হিস্পানো-সুইজা তার গভীর শাঁখের মতো হর্ন বাজিয়ে রাস্তায় জমা হওয়া লোকদের অবাক করে দিয়ে রাসবিহারী অ্যাভিনিউয়ের দিকে চলে গেল। আমরা দুজনে বৈঠকখানায় ফিরে এলাম। যে চেয়ারে ভদ্রলোক বসেছিলেন, সেটায় বসে ফেলুদা পায়ের উপর পা তুলে দিয়ে আড় ভেঙে বলল, ‘এই ধরনের বনেদি মেজাজের লোক আজ থেকে পঁচিশ বছর ২৪৮

পরে আর থাকবে না।’

বাক্সটা টেবিলের উপরই রাখা ছিল। ফেলুদা তার ভিতর থেকে একটা একটা করে সমস্ত জিনিস বার করে বাইরে ছড়িয়ে রাখল। অতি সাধারণ সব জিনিস। সব মিলিয়ে পঞ্চাশ টাকার মাল হবে কি না সন্দেহ। ফেলুদা বলল, ‘তুই একে একে বলে যা, আমি খাতায় নোট করে নিচ্ছি।’ আমি একটা একটা করে জিনিস টেবিলের উপর থেকে তুলে তার নাম বলে আবার বাক্সে রেখে দিতে লাগলাম, আর ফেলুদা লিখে যেতে লাগল। সব শেষে লিস্টটা দাঁড়াল এই রকম—

১। দু ভাঁজ করা দুটো দিল্লির ইংরিজি খবরের কাগজ—একটা Sunday Statesman আর একটা Sunday Hindusthan Times.

২। একটা প্রায় অর্ধেক খরচ হওয়া বিনাকা টুথপেস্ট। টিউবের তলার খালি অংশটা পৌঁচিয়ে উপর দিকে তুলে দেওয়া হয়েছে

৩। একটা সবুজ রঙের বিনাকা টুথব্রাশ

৪। একটা গিলেট সেফটি রেজার

৫। একটা প্যাকেটে তিনটে খিন গিলেট ব্লেড

৬। একটা প্রায় শেষ-হয়ে-যাওয়া ওল্ড স্পাইস শেভিং ক্রিম

৭। একটা শেভিং ব্রাশ

৮। একটা নেলক্রিপ—বেশ পুরনো

৯। একটা সেলোফেনের পাতের মধ্যে তিনটে অ্যাসপ্রোর বডি

১০। একটা ভাঁজ করা কলকাতা শহরের ম্যাপ—খুললে প্রায় চার ফুট বাই পাঁচ ফুট

১১। একটা কোডাক ফিল্মের কৌটোর মধ্যে সুপুরি

১২। একটা টেক্স মার্কা দেশলাই—আনকোরা নতুন

১৩। একটা ভেনাস মার্কা লাল-নীল পেনসিল

১৪। একটা ভাঁজ করা রুমাল, তার এককোণে সেলাই করা নকশায় লেখা G

১৫। একটা মোরাদাবাদি ছুরি বা পেন নাইফ

১৬। একটা মুখ-মোছা ছোট তোয়ালে

১৭। একটা সেফটি পিন, মর্চে ধরা

১৮। তিনটে জেম ক্রিপ, মর্চে ধরা

১৯। একটা শার্টের বোতাম

২০। একটা ডিটেকটিভ উপন্যাস—এলেরি কুইনের ‘দ্য ডোর বিটউইন’

লিস্ট তৈরি হলে পর ফেলুদা উপন্যাসটা হাতে নিয়ে নেড়েচেড়ে বলল, ‘হুইলার কোম্পানির নাম রয়েছে, কিন্তু যিনি কিনেছেন তাঁর নাম নেই। পাতা ভাঁজ করে পড়ার অভ্যাস আছে ভদ্রলোকের। দুশো ছত্রিশ পাতার বই, শেষ ভাঁজের দাগ রয়েছে দুশো বারো পাতায়। আন্দাজে মনে হয় ভদ্রলোক বইটা পড়ে শেষ করেছিলেন।’

ফেলুদা বই রেখে রুমালের দিকে মন দিল।

‘ভদ্রলোকের নাম কিংবা পদবির প্রথম অক্ষর হল G। সম্ভবত নাম, কারণ সেটাই আরও স্বাভাবিক।’

এবার ফেলুদা কলকাতার ম্যাপটা খুলে টেবিলের উপর পাতল। ম্যাপটার দিকে দেখতে দেখতে ওর দৃষ্টি হঠাৎ এক জায়গায় থেমে গেল। ‘লাল পেনসিলের দাগ...হুই...এক, দুই, তিন, চার...পাঁচ জায়গায়...হুই...চৌরঙ্গি...চৌরঙ্গি... পার্ক স্ট্রিট...হুই...ঠিক আছে। তোপসে একবার টেলিফোন ডিরেক্টরিটা দে তো আমায়।’

ম্যাপটা আবার ভাঁজ করে বাস্তবে রেখে টেলিফোন ডিরেক্টরির পাতা উলটাতে উলটাতে ফেলুদা বলল, ‘ভাগ্য ভাল যে নামটা পাকড়াশী।’ তারপর ‘পি’ অক্ষরে এসে একটা পাতায় একটুক্ষণ চোখ বুলিয়ে নিয়ে বলল, ‘সবসুদ্ধ মাত্র ষোলটা পাকড়াশীর বাড়িতে টেলিফোন—তার মধ্যে আবার দুজনে ডাক্তার। সে দুটো অবশ্যই বাদ দেওয়া যেতে পারে।’

‘কেন?’

‘ট্রেনে তার পরিচিত লোকটি পাকড়াশীকে মিস্টার বলে সম্বোধন করেছিল, ডক্টর নয়।’

‘ও হ্যাঁ, ঠিক ঠিক।’

ফেলুদা টেলিফোন তুলে ডায়ালিং শুরু করে দিল। প্রতিবারই নম্বর পাবার পর ও প্রশ্ন করল, ‘মিস্টার পাকড়াশী কি দিল্লি থেকে ফিরেছেন?’ পর পর পাঁচবার উত্তর শুনে ‘সরি’ বলে ফোনটা রেখে দিয়ে আবার অন্য নম্বর ডায়াল করল। ছ’ বারের বার বোধহয় ঠিক লোককে পাওয়া গেল, কারণ কথাবার্তা বেশ কিছুক্ষণ চলল। তারপর ‘ধন্যবাদ’ বলে ফোন রেখে ফেলুদা বলল, ‘পাওয়া গেছে। এন সি পাকড়াশী। নিজেই কথা বলল। পরশু সকালে দিল্লি থেকে ফিরেছেন কালকা মেলে। সব কিছু মিলে যাচ্ছে, তবে এঁর কোনও বাস্তব বদল হয়নি।’

‘তা হলে আবার বিকেলে অ্যাপয়েন্টমেন্ট করলে কেন?’

‘অন্য যাত্রীদের সম্পর্কে ইনফরমেশন দিতে পারে তো। লোকটার মেজাজ অত্যন্ত রুক্ষ, যদিও ফেলু মিস্তির তাতে যাবড়ার পাত্র নন। তোপসে, চ’ বেরিয়ে পড়ি।’

‘সে কী, বিকেলে তো অ্যাপয়েন্টমেন্ট।’

‘তার আগে একবার সিধু জ্যাঠার কাছে যাওয়া দরকার।’

২

সিধু জ্যাঠার সঙ্গে আসলে আমাদের কোনও আত্মীয়তা নেই। বাবা যখন দেশের বাড়িতে থাকতেন—আমার জন্মের আগে—তখন পাশের বাড়িতে এই সিধু জ্যাঠা থাকতেন। তাই উনি বাবার দাদা আর আমার জ্যাঠা। ফেলুদা বলে, সিধু জ্যাঠার মতো এত বিষয়ে এত জ্ঞান, আর এমন আশ্চর্য স্মরণশক্তি, খুব কম লোকের থাকে।

ফেলুদা যে কেন এসেছে সিধু জ্যাঠার কাছে সেটা তার প্রশ্ন শুনে প্রথম জানতে পারলাম—

‘আচ্ছা, শত্ৰুচরণ বোস বলে বছর ষাটেক আগের কোনও ভ্রমণ-কাহিনী লেখকের কথা আপনি জানেন? ইংরিজিতে লিখতেন তিনি।’

সিধু জ্যাঠা চোখ কপালে তুলে বললেন, ‘বলো কী হে ফেলু—তার লেখা তেরাইয়ের কাহিনী পড়নি?’

‘ঠিক ঠিক’, ফেলুদা বলল, ‘এখন মনে পড়ছে। ভদ্রলোকের নামটা চেনাচেনা লাগছিল। কিন্তু বইটা হাতে আসেনি কখনও।’

‘Terrors of Terai’ ছিল বইয়ের নাম। ১৯১৫ সালে লন্ডনের কীগ্যান থল কোম্পানি সে বই ছেপে বার করেছিল। দুর্দান্ত শিকারি ও পর্যটক ছিলেন শত্ৰুচরণ। তবে পেশা ছিল ডাক্তারি। কাঠমুণ্ডতে প্র্যাকটিশ করত। ওখানে তখন রাজা-টাজা হয়নি। রাণারাই ছিল সর্বেসর্বী। রাণা ফ্যামিলির অনেকের কঠিন রোগ সারিয়ে দিয়েছিল শত্ৰুচরণ। ওর বইয়ে এক রাণার কথা আছে। বিজয়েন্দ্র শমশের জঙ্গ বাহাদুর। শিকারের খুব শখ, অথচ ঘোর মদ্যপ। এক হাতে বন্দুক, আর এক হাতে মদের বোতল নিয়ে মাচায় বসত। অথচ জানোয়ার সামনে পড়লেই হাত স্টেডি হয়ে যেত। কিন্তু একবার হয়নি। গুলি বাঘের গায়ে লাগেনি। বাঘ লাফিয়ে পড়েছিল মাচার উপর। পাশের মাচায় ছিলেন শত্ৰুচরণ। তারই বন্দুকের অব্যর্থ গুলি শেষটায় রাণাকে নিশ্চিত মৃত্যুর ২৫০

হাত থেকে বাঁচিয়েছিল। অবিশ্যি রাণাও তাকে কৃতজ্ঞতা জানিয়েছিল একটি মহামূল্য রত্ন উপহার দিয়ে। ত্রিলিং গম্ব। ন্যাশনাল লাইব্রেরি থেকে এনে পড়ে দেখো। বাজারে চট করে পাবে না।’

‘আচ্ছা উনি কি তিব্বতও গিয়েছিলেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘গিয়েছিল বইকী। মারা যায় টোয়েন্টিওয়ানে। আমি তখন সবে বি-এ পরীক্ষা দিয়েছি। কাগজে একটা অবিচ্যারি বেরিয়েছিল। তাতে লিখেছিল, শম্ভুচরণ রিটায়ার করবার পর তিব্বত যায়। তবে মারা যায় কাঠমুণ্ডতে।’

‘হুঁ...’

ফেলুদা কিছুক্ষণ চুপ। তারপর কথাগুলো খুব স্পষ্ট উচ্চারণ করে ধীরে ধীরে বলল, ‘আচ্ছা ধরুন, আজ যদি হঠাৎ জানা যায় যে, তিব্বত ভ্রমণ সম্পর্কে তার একটা অপ্রকাশিত বড় লেখা রয়েছে, ইংরিজিতে, তা হলে সেটা দামি জিনিস হবে না কি?’

‘ওরেবাবা!’ সিধু জ্যাঠার চকচকে টাক উত্তেজনায় নেচে উঠল। ‘কী বলছ ফেলু—টেরাই পড়ে লন্ডন টাইমস কী উল্লেখ করেছিল সে তো মনে আছে আমার। আর শুধু কাহিনী নয়, শম্ভুচরণের ইংরেজি ছিল যেমন স্বচ্ছ, তেমনি রংদার। একেবারে স্ফটিকের মতো। ম্যানুস্ক্রিপ্ট আছে নাকি?’

‘হয়তো আছে।’

‘যদি তোমার হাতে আসে, আমাকে একবারটি দেখিযো, আর যদি অকশনে বিক্রি-টিক্রি হচ্ছে বলে খবর পাও, তা হলেও জানিযো। আমি হাজার পাঁচেক পর্যন্ত বিড করতে রাজি আছি।...’

সিধু জ্যাঠার বাড়িতে গরম কোকো খেয়ে রাস্তায় বেরিয়ে এসে ফেলুদাকে বললাম, ‘মিস্টার লাহিড়ীর বাস্ত্রে যে একটা এত দামি জিনিস রয়েছে সেটা তো উনি জানেনই না। ওকে জানাবে না?’

ফেলুদা বলল, ‘অত তাড়া কীসের? আগে দেখি না কোথাকার জল কোথায় গড়ায়। আর কাজের ভারটা তো আমি এমনিতেই নিয়েছি, কেবল উৎসাহটা একটু বেশি পাচ্ছি, এই যা।’

নরেশচন্দ্র পাকড়শীর বাড়িটা হল ল্যান্সডাউন রোডে। দেখলেই বোঝা যায় অন্তত চল্লিশ বছরের পুরনো বাড়ি। ফেলুদা আমাকে শিখিয়ে দিয়েছে একটা বাড়ির কোন কোন জিনিস থেকে তার বয়সটা আন্দাজ করা যায়। যেমন, পঞ্চাশ বছর আগে একরকম জানালা ছিল যেটা চল্লিশ বছর আগের বাড়িতে আর দেখা যায় না। তা ছাড়া বারান্দার রেলিং-এর প্যাটার্ন, ছাতের পাঁচিল, গেটের নকশা, গাড়িবারান্দার থাম—এই সব থেকেও বাড়ির বয়স আন্দাজ করা যায়। এ বাড়িটা নির্ঘাত উনিশশো কুড়ি থেকে ত্রিশের মধ্যে তৈরি।

ট্যাক্সি থেকে নেমে বাড়ির সামনে প্রথমেই চোখে পড়ল গেটের উপর লটকানো কাঠের ফলক, ‘কুকুর হইতে সাবধান।’ ফেলুদা বলল, ‘কুকুরের মালিক হইতে সাবধান কথাটাও লেখা উচিত ছিল।’ গেট দিয়ে দুকে এগিয়ে গিয়ে গাড়িবারান্দার নীচে পৌঁছতেই দারোয়ানের দেখা পেলাম, আর ফেলুদা তার হাতে দিয়ে দিল তার ভিজিটিং কার্ড, যাতে লেখা আছে Pradosh C. Mitter, Private Investigator. মিনিট খানেকের মধ্যেই দারোয়ান ফিরে এসে বলল, মালিক আমাদের ভিতরে ডাকছেন।

মার্বেল পাথরে বাঁধানো ল্যান্ডিং পেরিয়ে প্রায় দশ ফুট উঁচু দরজার পর্দা ফাঁক করে আমরা যে ঘরটায় ঢুকলাম সেটা বৈঠকখানা। প্রকাণ্ড ঘরের তিনদিকে উঁচু উঁচু বইয়ের আলমারিতে ঠাসা বই। এ ছাড়া ফার্নিচার, কার্পেট, দেয়ালে ছবি, আর মাথার উপরে ঝাড় লণ্ঠন—এসবও আছে। কিন্তু তার সঙ্গে রয়েছে একটা অগোছালো অপরিষ্কার ভাব। এ বাড়িতে ঝাড়পোঁছ



জিনিসটার যে বিশেষ বালাই নেই সেটা সহজেই বোঝা যায়।

মিস্টার পাকড়াশীকে পেলাম বৈঠকখানার পিছন দিকের ঘরটায়। দেখে বুঝলাম এটা তাঁর আপিস—বা যাকে বলে স্টাডি। টাইপ করার শব্দ আগেই পেয়েছিলাম, ঢুকে দেখলাম ভদ্রলোক একটা সবুজ রেজিনে ঢাকা প্রকাণ্ড টেবিলের পিছনে একটা মাঙ্কাতার আমলের প্রকাণ্ড টাইপরাইটার সামনে নিয়ে বসে আছেন। টেবিলটা রয়েছে ঘরের ডান দিকে। বাঁ দিকে রয়েছে একটা আলাদা বসবার জায়গা। তিনটে কৌচ, আর তার সামনে একটা নিচু গোল টেবিল। এই টেবিলের উপর আবার রয়েছে ঘুটি সাজানো একটা দাবার বোর্ড, আর তার পাশেই একটা দাবার বই। সব শেষে যেটা চোখে পড়ল সেটা হল টেবিলের পিছন দিকে কার্পেটের উপর কুণ্ডলী পাকিয়ে শোয়া একটা জাঁদরেল কুকুর।

ভদ্রলোকের নিজের চেহারা দীননাথবাবুর বর্ণনার সঙ্গে মিলে যাচ্ছে, কেবল একটা নতুন জিনিস হচ্ছে তার মুখে বাঁকানো পাইপটা।

আমরা ঘরে ঢুকতে টাইপিং বন্ধ করে ভদ্রলোক আমাদের দিকে একবার চোখ বুলিয়ে নিয়ে ফেলুদাকে উদ্দেশ্য করে বললেন, ‘কোনটি মিস্টার মিস্ত্রি, আপনি না ইনি?’

প্রশ্নটা হয়তো মিস্টার পাকড়াশী ঠাট্টা করেই করেছিলেন, কিন্তু ফেলুদা হাসল না। সে বেশ স্বাভাবিক ভাবেই বলল, ‘আজ্ঞে আমি। এটি আমার কাজিন।’

পাকড়াশী বললেন; ‘কী করে জানব? গানবাজনা অ্যাকটিং ছবি-আঁকা মায় গুরুগিরিতে পর্যন্ত যদি বালকদের এত ট্যালেন্ট থাকতে পারে, তা হলে গোয়েন্দাগিরিতেই বা থাকবে না কেন? যাকগে, এবারে বলুন—এই সাতে-নেই-পাঁচে-নেই মানুষটিকে এভাবে জ্বালাতে এলেন কেন।’

ফেলুদা টেলিফোনে কথা বলে বলেছিল লোকটার মেজাজ রুক্ষ। আমার মনে হল, খিটখিটেমোর জন্য কম্পিটিশন থাকলে ইনি ওয়ার্ল্ড চ্যাম্পিয়ন হতেন।

‘কে আপনাকে পাঠিয়েছে বললেন?’ মিস্টার পাকড়াশী প্রশ্ন করলেন।

‘মিস্টার লাহিড়ীর কাছ থেকে আপনার নামটা জানি। দিল্লি থেকে আপনার সঙ্গে একই কম্পার্টমেন্টে কলকাতায় এসেছেন তিনদিন আগে।’

‘অ। তারই বাস্ক হারিয়েছে বলছে?’

‘আরেকজনের সঙ্গে বদল হয়ে গেছে।’

‘কেয়ারলেস ফুল। তা সেই বাস্ক উদ্ধারের জন্য ডিটেকটিভ লাগাতে হল কেন? কী এমন ধনদৌলত ছিল তার মধ্যে শুনি?’

‘বিশেষ কিছু না। একটা পুরনো ম্যানুস্ক্রিপ্ট ছিল। ভ্রমণ-কাহিনী। সেটার আর কপি নেই।’

আসল কারণটা বললে পাকড়াশী মশাই মোটেই ইমপ্রেসড হতেন না বলেই বোধহয় ফেলুদা লেখার কথাটা বলল।

‘ম্যানুস্ক্রিপ্ট?’ পাকড়াশীর যেন কথাটা বিশ্বাস হল না।

‘হ্যাঁ। শব্দচরণ বোসের লেখা একটা ভ্রমণকাহিনী। ট্রেনে উনি লেখাটা পড়ছিলেন। সেটা ওই বাস্কতেই ছিল।’

‘শুধু ফুল নয়—হি সীমস টু বি এ লায়ার টু। খবরের কাগজ আর বাংলা মাসিক পত্রিকা ছাড়া আর কিস্যু পড়েনি লোকটা। আমার সিট যদিও ছিল ওর ওপরের বাস্কে, দিনের বেলাটা আমি নীচেই বসেছিলাম, ওর সিটেরই একটা পাশে। উনি কী পড়ছিলেন না-পড়ছিলেন সে বিষয়ে আমার যথেষ্ট খেয়াল আছে।’

ফেলুদা চুপ। ভদ্রলোক একটু দম নিয়ে বললেন, ‘আপনি গোয়েন্দা হয়ে কী বুঝছেন জানি না; আপনার মুখে সামান্য যা শুনলাম তাতে ব্যাপারটা বেশ সাসপিশাস বলে মনে হচ্ছে। এনিওয়ে আপনি বুনা হাঁস ধাওয়া করতে চান করুন, কিন্তু আমার কাছ থেকে কোনও হেলপ পাবেন না। আপনাকে তো টেলিফোনেই বললুম, ওরকম এয়ার ইন্ডিয়ায় ব্যাগ আমার বাড়িতে গোটা তিনেক পড়ে আছে কিন্তু এবারে সঙ্গে সে ব্যাগ ছিল না—সো আই কান্ট হেল্প ইউ।’

‘যাত্রী চারজনের মধ্যে একজনের সঙ্গে বোধহয় আপনার চেনা বেরিয়ে গেসল— তাই না?’

‘কে—বৃজমোহন? হ্যাঁ। তেজারতির কারবার আছে। আমার সঙ্গে এক কালে কিছু ডিলিংস হয়েছে।’

তেজারতির কারবার মানে সুদে টাকা খাটানোর ব্যবসা, সেটা ফেলুদা আমাকে পরে বলে দিয়েছিল।

ফেলুদা বলল, ‘এই বৃজমোহনের কাছে কি ওইরকম একটা ব্যাগ থেকে থাকতে পারে?’

‘সেটা আমি কী করে জানব, হ্যাঁ?’

এর পর থেকে ভদ্রলোক ফেলুদাকে আপনি বলা বন্ধ করে তুমিতে চলে গেলেন। ফেলুদা বলল, ‘এই ভদ্রলোকের হৃদিসটা দিতে পারেন?’

‘ডিরেক্টরি দেখে নিয়ো’, মিস্টার পাকড়াশী বললেন, ‘এস এম কেদিয়া এন্ড কোম্পানি। এস এম হল বৃজমোহনের বাবা। ধরমতলায়—থুড়ি, লেনিন সরণিতে আপিস। তবে তুমি যে বলছ একজনের সঙ্গে আলাপ ছিল, তা নয়; আসলে তিনজনের মধ্যে দুজনকে চিনতুম আমি।’

ফেলুদা যেন একটু অবাক হয়েই প্রশ্ন করল, ‘অন্যজনটি কে?’

‘দীননাথ লাহিড়ী। এককালে রেসের মাঠে দেখতুম ওকে। আলাপ হয়েছিল একবার। আগে খুব লায়েক ছিল। ইদানীং নাকি সভ্যব্য হয়েছে। দিল্লিতে নাকি এক গুরু বাগিয়েছে। সত্যি কি মিথ্যে জানি না।’

‘আর অন্য যে যাত্রীটি ছিলেন?’

বুঝতে পারলাম ফেলুদা যতদূর পারে ইনফরমেশন সংগ্রহ করে নিচ্ছে ভদ্রলোকের কাছে।

‘এটা কি জেরা হচ্ছে?’ ভদ্রলোক পাইপ কামড়ানো অবস্থাতেই তাঁর বত্রিশ পাটি দাঁত খিচিয়ে

প্রশ্ন করলেন।

‘আপ্তে না’, ফেলুদা বলল, ‘আপনি বাড়িতে বসে একা একা দাবা খেলেন, আপনার মাথা পরিষ্কার, আপনার স্মরণশক্তি ভাল—এই সব ভেবেই আপনাকে জিজ্ঞেস করছি।’

পাকড়াশী মশাই বোধহয় একটু নরম হলেন। গলাটা একবার খাকরে নিয়ে বললেন, ‘চেস্টা আমার একটা অদম্য নেশা। খেলার যে সঙ্গীটি ছিলেন তিনি গত হয়েছেন, তাই এখন একাই খেলি।’

‘রোজ?’

‘ডেইলি। তার আরেকটা কারণ আমার ইনসমনিয়া। রাত তিনটে পর্যন্ত চলবে এই খেলা।’

‘ঘুমের বড়ি খান না?’

‘খাই—তবে বিশেষ কাজ দেয় না। তাতে যে শরীর কিছু খারাপ হচ্ছে তা নয়। তিনটেয় ঘুমোই, আটটায় উঠি। এ বয়সে পাঁচঘণ্টা ইজ এনাফ।’

‘টাইপিংটাও কি আপনার একটা নেশা?’ ফেলুদা তার এক-পেশে হাসি হেসে বলল।

‘না। ওটা মাঝে মাঝে করি। সেক্রেটারি রেখে দেখেছি—এক ধার থেকে সব ফাঁকিবাজ। যাই হোক—আপনি অন্য যাত্রীটির কথা জিজ্ঞেস করছিলেন না?—শার্প চেহারা, মাথায় ঢাক, বাঙালি নয়, ইংরিজি উচ্চারণ ভাল, আমায় একটা আপেল অফার করেছিলেন, খাইনি। আর কিছু? আমার বয়স তিগ্নান্ন, আমার কুকুরের বয়স সাড়ে তিন। ওটা জাতে বক্সার হাউন্ড। বাইরের লোক আমার ঘরে এসে আধঘণ্টার বেশি থাকে সেটা ও পছন্দ করে না। কাজেই—’

‘ইন্টারেস্টিং লোক’, ফেলুদা মন্তব্য করল।

আমরা ল্যানসডাউন রোডে বেরিয়ে এসে দক্ষিণে না গিয়ে উত্তর দিকে কেন চলেছি, আর পাশ দিয়ে দুটো খালি ট্যাক্সি বেরিয়ে যাওয়া সত্ত্বেও ফেলুদা কেন সেগুলোকে ডাকল না, তা আমি জানি না। আমার একটা কথা মনে হচ্ছিল, সেটা ফেলুদাকে না বলে পারলাম না—

‘আচ্ছা, দীননাথবাবু যে বলেছিলেন পাকড়াশীর বয়স ষাটের উপর, অথচ পাকড়াশী নিজে বললেন তিগ্নান্ন। আর ভদ্রলোককে দেখেও পঞ্চাশের খুব বেশি বলে মনে হয় না। এটা কীরকম হল?’

ফেলুদা বলল, ‘তাতে শুধু এইটেই প্রমাণ হয় যে, দীননাথবাবুর পর্যবেক্ষণ ক্ষমতা খুব তীক্ষ্ণ নয়।’

আরও মিনিট দুয়েক হাঁটতেই আমরা লোয়ার সারকুলার রোডে পড়লাম। ফেলুদা বাঁ দিকে ঘুরল। আমি বললাম, ‘সেই ডাকাতির ব্যাপারে তদন্ত করতে যাচ্ছ বুঝি?’ তিনদিন আগেই খবরের কাগজে বেরিয়েছে যে, লোয়ার সারকুলার রোডে হিন্দুস্থান ইন্টারন্যাশনাল হোটেলের কাছেই একটা গয়নার দোকানে তিনজন মুখোশ-পরা রিভলভারধারী লোক ঢুকে বেশ কিছু দামি পাথরটাথর নিয়ে বেয়াড়াভাবে দুমদাম রিভলভার ছুঁড়তে ছুঁড়তে একটা কালো অ্যাসাসাডার করে পালিয়েছে। ফেলুদা খবরটা পড়ে বলেছিল, ‘এই ধরনের একটা বেপারোয়া ক্রাইমের তদন্ত করতে পারলে মন্দ হত না।’ কিন্তু দুঃখের বিষয় কেসটা ফেলুদার কাছে আসেনি। তাই আমি ভাবলাম, ও হয়তো নিজেই একটু খোঁজখবর করতে যাচ্ছে।

ফেলুদা কিন্তু আমার প্রশ্নটায় কানই দিল না। ওর ভাব দেখে মনে হল, ও যেন ওয়াকিং এক্সারসাইজ করতে বেরিয়েছে, তাই হাঁটা ছাড়া কোনওদিকে মন নেই। কিন্তু মিনিটখানেক হাঁটার পরে ও হঠাৎ রাস্তা থেকে বাঁয়ে ঘুরে সোজা গিয়ে ঢুকল হিন্দুস্থান ইন্টারন্যাশনাল হোটেলের গেটের ভিতর, আর আমিও ঢুকলাম তার পেছন পেছন।

সটান রিসেপশন কাউন্টারে গিয়ে ফেলুদা জিজ্ঞেস করল, ‘আপনার এখানে ৬ই মার্চ সকালে সিমলা থেকে কোনও গেস্ট এসেছিলেন কি—যার নামের প্রথম অক্ষর G?’

প্রশ্নটা শুনে আমার এই প্রথম খেয়াল হল যে বৃজমোহন বা নরেশ পাকড়াশী কারুরই নামের প্রথম অক্ষর G নয়। কাজেই এখন বাকি রয়েছেন শুধু আপেলওয়াল।

রিসেপশনের লোক খাতা দেখে বলল, ‘দুজন সাহেবের নাম পাচ্ছি G দিয়ে—জেরাল্ড প্রাটলি এবং জি আর হোমস। দুজনেই ভারতবর্ষের বাইরে থেকে এসেছিলেন।’

‘থ্যাঙ্ক ইউ’, বলে ফেলুদা বিদায় নিল।

বাইরে বেরিয়ে এসে একটা ট্যাক্সি নেওয়া হল। ‘পার্ক হোটেল চলিয়ে’ বলে ড্রাইভারকে একটা ছকুম দিয়ে একটা চারমিনার ধরিয়ে ফেলুদা বলল, ‘ম্যাপের উপর লাল দাগগুলো ভাল করে লক্ষ করলে—দেখতিস যে সেগুলো সব একেকটা হোটেলের জায়গায় দেওয়া হয়েছে। সুতরাং কলকাতায় এসে ভদ্রলোকের হোটেলে ওঠাই স্বাভাবিক। ভাল হোটেল বলতে এখন গ্র্যান্ড, হিন্দুস্থান ইন্টারন্যাশনাল, পার্ক, গ্রেট ইস্টার্ন আর রিটজ কনটিনেন্টাল। দাগও ছিল ঠিক এই পাঁচ জায়গায়। আমাদের রাস্তায় প্রথম পড়ছে পার্ক হোটেল, কাজেই সেটা হবে আমাদের গন্তব্যস্থল।’

পার্ক হোটেলে ছ’ তারিখে নামের প্রথম অক্ষর G দিয়ে কেউ আসেনি, কিন্তু গ্র্যান্ড হোটেলে গিয়ে ভাল খবর পাওয়া গেল। একজন বাঙালি রিসেপ্শনিস্টের সঙ্গে দেখলাম ফেলুদার চেনাও রয়েছে। এই ভদ্রলোক—নাম দাশগুপ্ত—খাতা খুলে দেখিয়ে দিলেন যে ৬ই মার্চ সকালে পাঁচজন এ হোটেলে এসে উঠেছিলেন, তাঁদের মধ্যে একজনই ভারতীয়, আর তিনি সিমলা থেকে এসেছিলেন, আর তাঁর নাম জি সি ধর্মীজ।

‘এখনও আছেন কি ভদ্রলোক?’ ফেলুদা প্রশ্ন করল।

‘নো স্যার। গতকাল সকালে তিনি চেক-আউট করে গেছেন।’

আমার মনে একটা আশার আলো জ্বলেছিল, সেটা আবার দপ্ করে নিভে গেল।

ফেলুদার ভুরু কুঁচকে গেছে। কিন্তু সে তবু প্রশ্ন করতে ছাড়ল না।

‘কত নম্বর ঘরে ছিলেন?’

‘দুশো ষোলো।’

‘সে ঘর কি এখন খালি?’

‘আজ্ঞে হ্যাঁ। আজ সম্ভ্রায় একজন গেস্ট আসছেন, তবে এখন খালি।’

‘সেই ঘরের বেয়ারার সঙ্গে একটু কথা বলতে পারি?’

‘সার্টেনলি। আমি সঙ্গে লোক দিয়ে দিচ্ছি, ও-ই আপনাকে রুম-বয়ের সঙ্গে দেখা করিয়ে দেবে।’

লিফট দিয়ে দোতলায় উঠে লম্বা বারান্দা দিয়ে বেশ খানিকটা হেঁটে গিয়ে তারপর দুশো ষোলো নম্বর ঘর। রুম-বয়ের দেখা পেয়ে তাকে নিয়ে ঘরে ঢুকল ফেলুদা। তারপর এদিক ওদিক দু-একবার পায়চারি করে, প্রশ্ন করল—

‘গতকাল সকালে যে ভদ্রলোক চলে গেছেন তাকে মনে পড়ছে?’

‘হাঁ সাহাব।’

‘ভাল করে মনে করে দেখ তো—তার সঙ্গে জিনিষপত্তর কী কী ছিল।’

‘একটো বড়া সুটকেশ থা, কালা, আউর এক ছোট্টা ব্যাগ।’

‘নীল রঙের ব্যাগ কি?’

‘হাঁ সাহাব। হাম্ যব্ ফিলাস্কমে পানি লেকর্ কামরেমে আয়া, তব্ সাহাবকো দেখা উয়ো ছোট্ট ব্যাগ খোলকর্ সব চিজ বাহার নিকালকে বিস্তারে-পর রাখখা। মেরা মালুম ছয়া সাহাব

কুছ্ টুঁড় রাহা।’

‘ভেরি গুড। বাবুর সঙ্গে আপেল ছিল কি না মনে আছে?’

‘হাঁ বাবু! তিন আপিল থা; বাহার নিকালকে পিলেটমে রাখ্খা।’

এর পরে বাবুর চেহারা কীরকম ছিল জিজ্ঞেস করাতে বয় যা বলল, সেরকম চেহারার লোক কলকাতায় অস্তুত লাখখানেক আছে।

মাই হোক—গ্র্যান্ড হোটেলে এসে মস্ত কাজ হয়েছে। দীননাথবাবুর বাস্ক যার সঙ্গে বদল হয়েছে তার নাম ঠিকানা দুটোই পাওয়া গেছে। ঠিকানাটা মিস্টার দাশগুপ্ত একটা কাগজে লিখে রেখেছিলেন। যাবার সময় সেটা ফেলুদার হাতে দিয়ে দিলেন। ফেলুদার সঙ্গে সঙ্গে আমিও পড়ে দেখলাম তাতে লেখা রয়েছে—

G. C. Dhameeja,

‘The Nook,’

Wild Flower Hall,

Simla.

৩

‘কাকা একটু বেরিয়েছেন। সাতটা নাগাত ফিরবেন।’

ইনিই তা হলে দীননাথবাবুর ভাইপো।

গ্র্যান্ড হোটেল থেকে বেরিয়ে নিউ এম্পায়ারের সামনের দোকান থেকে মিঠে পান কিনে আমরা সোজা চলে এসেছি রডন স্ট্রিটে দীননাথবাবুর বাড়িতে। কারণটা হল আজকের ঘটনার রিপোর্ট দেওয়া। বাড়ির গেটের ভিতর দিয়ে ঢুকে বাঁ দিকে পর পর চারটে গ্যারাজ, তার তিনটে খালি, আর একটাতে রয়েছে আরেকটা অদ্ভুত ধরনের পুরনো গাড়ি। ফেলুদা বলল ওটা নাকি ইটালিয়ান গাড়ি, নাম লাগভা।

দারোয়ানের হাতে কার্ড দেবার এক মিনিটের মধ্যেই এই ইয়াং ভদ্রলোকটি বেরিয়ে এলেন। বয়স মনে হয় ত্রিশের নীচে, মাঝারি হাইট, দীননাথবাবুর মতোই ফরসা রং, উসকোখুকো চুলের পিছন দিক বেশ লম্বা, আর কানের দুপাশে লম্বা ঝুলপি, যে রকম ঝুলপি আজকাল অনেকেই রাখছে। ভদ্রলোক একদৃষ্টে ফেলুদার দিকে চেয়ে আছেন।

ফেলুদা বলল, ‘আমরা একটু বসতে পারি কি? একটু দরকার ছিল ওঁর সঙ্গে।’

‘আসুন...’

ভদ্রলোক আমাদের ভিতরে বৈঠকখানায় নিয়ে গিয়ে বসালেন। দেয়ালে আর মেঝেতে বাঘ ভাল্লকের ছালের ছড়াছড়ি, সামনের দরজার উপরে একটা প্রকাণ্ড বাইসনের মাথা। দীননাথবাবুর জ্যাঠামশাইও কি তা হলে শিকারি ছিলেন? হয়তো শিকারের সূত্রেই শালুচরণের সঙ্গে এত বন্ধুত্ব।

‘কাকা বিকেলে একটু বেড়াতে বেরোন। এইবার আসবেন।’

ভদ্রলোকের গলার স্বর একটু বেশি রকম পাতলা। একেই কি দীননাথবাবু ধমীজার বাস্কটা দিয়েছিলেন?

‘অপনিই কি ফেলু মিস্তির—যিনি সোনার কেব্লার রহস্য সলভ করেছিলেন?’ ভদ্রলোক জিজ্ঞেস করলেন।

ফেলুদা হ্যাঁ বলে বেশ মেজাজের সঙ্গে পায়ের উপর পা তুলে দিয়ে একটু পিছন দিকে হেলে আরাম করে বসল। আমার কেন জানি ভদ্রলোকের মুখটা চেনা চেনা লাগছিল, যদিও কারণটা

বুঝতে পারছিলাম না। শেষটায় ভাবলাম একটা চান্স নিয়ে দেখতে ক্ষতি কী? জিজ্ঞেস করলাম—

‘আপনি কি কোনও ফিল্মে অ্যাকটিং করেছেন?’

ভদ্রলোক একটা গলা খকরানি দিয়ে বললেন, ‘হ্যাঁ। “অশরীরী”। থ্রিলার। ভিলেনের পার্ট করেছি। অবিশ্যি ছবিটা এখনও রিলিজ হয়নি।’

‘কী নাম বলুন তো আপনার?’

‘আসল নাম প্রবীর লাহিড়ী। ফিল্মের নাম অমরকুমার।’

‘হ্যাঁ হ্যাঁ—অমরকুমার—মনে পড়েছে।’

কোনও একটা ফিল্মের পত্রিকায় ভদ্রলোকের ছবি দেখেছি। এত পাতলা গলার স্বরে কীরকম ভিলেন হবে কে জানে!

‘অ্যাকটিং কি আপনার পেশা?’

এবার প্রশ্নটা ফেলুদার। ভদ্রলোক চেয়ারে না বসে কেন যে দাঁড়িয়ে আছেন জানি না।

‘কাকার প্রাস্টিকের কারখানায় বসতে হয়। কিন্তু আমার আসল ঝোঁক অ্যাকটিং-এর দিকে।’

‘কাকা কী বলেন?’

‘কাকার...উৎসাহ নেই।’

‘কেন?’

‘কাকা ওইরকমই।’

অমরকুমারের মুখ গোমড়া। বুঝলাম কাকার সঙ্গে ফিল্মের ব্যাপারে কথা কাটাকাটি হয়েছে। ‘একটা কথা আমার জিজ্ঞেস করার আছে।’ লোকটার মধ্যে একটা রাগী রাগী ভাব আছে বলেই ফেলুদা বোধহয় এত নরম করে কথা বলছে।

অমরকুমার বললেন, ‘আপনার কথার জবাব দিতে আমার আপত্তি নেই, কিন্তু কাকার কনস্ট্যান্ট খোঁচানোটা...’

‘আপনার কাকা আপনাকে একটা এয়ার ইন্ড্রয়ার ব্যাগ দিয়েছিলেন কি?’

‘হ্যাঁ। কিন্তু সেটা দেখছি কে যেন ঝেড়ে দিয়েছে। আমাদের একটা নতুন চাকর—’

ফেলুদা হেসে হাত তুলে প্রবীরবাবুকে থামিয়ে দিয়ে বলল, ‘না, কোনও নতুন চাকর আপনার ব্যাগ ঝেড়ে দেয়নি। ওটা রয়েছে আমার কাছে।’

‘আপনার কাছে?’ প্রবীরবাবু অবাক।

‘হ্যাঁ। আপনার কাকাই হঠাৎ ডিসাইড করেন ওটা যার ব্যাগ তাকে ফেরত দেওয়া উচিত। সে কাজের ভারটা আমাকে দিয়েছেন। এখন কথা হচ্ছে, ওর ভেতর থেকে আপনি কোনও জিনিস বার করে নিয়েছেন কি?’

‘ন্যাচারেলি। এই তো—’

প্রবীরবাবু পকেট থেকে একটা ডট পেন বার করে দেখালেন। তারপর বললেন, ‘ব্লুড আর শেভিং ক্রিমটাও ইউজ করার ইচ্ছে ছিল, কিন্তু সে তো চান্সই হল না।’

‘কিন্তু বুঝতেই পারছেন প্রবীরবাবু, বাস্‌টো ফেরত দিতে হলে সব জিনিসপত্রের সমেত ফেরত দিতে হবে তো—একেবারে ইন্‌ট্যান্ট!’

‘ন্যাচারেলি!’

প্রবীরবাবু ডট পেনটা ফেলুদার দিকে এগিয়ে দিলেন। ফেলুদা ধন্যবাদ দিয়ে সেটা পকেটে পুরে নিল। কিন্তু কাকার উপরে প্রবীরবাবুর রাগটা এখনও পড়েনি। বললেন, ‘জিনিসটা যখন দিয়েই দিয়েছিলেন তখন সেটা নেবার সময় একবার—’

প্রবীরবাবুর কথা শেষ হল না। দীননাথের গাড়ির গম্ভীর হর্নের আওয়াজ পাওয়া মাত্র

ফিল্মের ভিলেন অমরকুমার সুড়সুড় করে ঘর থেকে বেরিয়ে গেলেন।

‘এহে—আপনারা এসে বসে আছেন?’

দীননাথবাবু ঘরে ঢুকে অত্যন্ত লজ্জিত ভাবে ঘাড় বেঁকিয়ে হাত দুটো নমস্কারের ভঙ্গিতে জড়ো করে আমাদের দিকে এগিয়ে এলেন। আমরা দুজনেই উঠে দাঁড়িয়েছিলাম, ভদ্রলোক ব্যস্তভাবে বললেন, ‘বসুন বসুন—প্লিজ।...আপনাদের অসময়ে চা খেতে আপত্তি নেই নিশ্চয়ই। ওরে—কে আছিস—’

চাকরকে চায়ের অর্ডার দিয়ে ভদ্রলোক আমাদের পাশের সোফায় বসে বললেন, ‘বলুন, কী খবর।’

ফেলুদা বলল, ‘আপনার ব্যাগ বদল হয়েছে আপেলওয়ালার সঙ্গে—নাম জি সি ধর্মীজা।’

দীননাথবাবু চোখ গোল গোল করে বললেন, ‘আপনি এর মধ্যে এই একদিনেই নামটা বের করে ফেললেন? এ কি ম্যাজিক নাকি মশাই।’

ফেলুদা তার ছোট্ট একপেশে হাসিটা হেসে তার রিপোর্ট দিয়ে চলল, ‘ভদ্রলোক থাকেন সিমলায়, ঠিকানাও জোগাড় হয়েছে। গ্র্যান্ড হোটেলে এসে ছিলেন, তিনদিন থাকার কথা ছিল, দুদিন থেকে চলে গেছেন।’

‘চলে গেছেন?’ দীননাথবাবু যেন একটু হতাশভাবেই প্রশ্নটা করলেন।

‘আজ্ঞে হ্যাঁ। হোটেল থেকে চলে গেছেন, তবে সিমলা গেছেন কি না বলতে পারি না। সেটা অবিশ্যি ওঁর সিমলার ঠিকানায় একটা টেলিগ্রাম করলেই জানতে পারবেন।’

দীননাথবাবু কিছুক্ষণ চিন্তিতভাবে চুপ করে থেকে বললেন, ‘আপনি এক কাজ করুন। টেলিগ্রাম অবিশ্যি আমি আজই করছি, কিন্তু ধরুন জানতে পারলাম তিনি সিমলা ফিরেছেন এবং তাঁর কাছে আমার বাস্‌টা রয়েছে—তা হলেই তো আর কাজটা ফুরিয়ে যাচ্ছে না। তাঁর ব্যাগটা তো তাঁকে ফেরত দিতে হবে।’

‘হ্যাঁ—হ্যাঁ—তা তো বটেই। তা ছাড়া ওই ভ্রমণকাহিনীটা সম্পর্কে আমার একটা কৌতূহলও রয়েছে, কাজেই আপনার বাস্‌টাও ফেরত আনতে হবে।’

‘ভেরি গুড। আমার প্রস্তাব হচ্ছে—আমি আপনাকে সব খরচ দিচ্ছি, আপনি চট করে সিমলাটা ঘুরে আসুন। আমি বলি কী, আপনার এই ভাইটিকেও নিয়ে যান। সিমলায় এ সময় বরফ—জানেন তো? হাতের কাছে বরফ দেখেছ কখনও খোকা?’

অন্য সময়ে হলে খোকা বলাতে আমার রাগই হত, কিন্তু সিমলায় যাবার চান্স আছে বুঝতে পেরে ওটা আর গায়েই করলাম না। আমার বৃকের ভেতর ঘোড়দৌড় শুরু হয়ে গিয়েছে।

ফেলুদার পরের কথাটা শুনে কিন্তু আমার বেশ বিরক্তই লাগল। ও বলল, ‘একটা জিনিস ভেবে দেখুন মিস্টার লাহিড়ী—আপনি কিন্তু ইচ্ছে করলে এখন যে-কোনও লোককেই সিমলা পাঠিয়ে দিতে পারেন। ওঁর বাস্‌টা ফেরত দিয়ে আপনারটা নিয়ে আসা—এ ছাড়া তো কোনও কাজ নেই! কাজেই—’

‘না না না’, লাহিড়ী মশাই বেশ জোরের সঙ্গে প্রতিবাদ করলেন। ‘আপনার মতো রিলায়েবল লোক আর পাচ্ছি কোথায়? আর শুরুটা যখন আপনাকে দিয়ে হয়েছে, শেষটাও আপনিই করুন।’

‘কেন, আপনার ভাইপো—’

দীননাথবাবু মুষড়ে পড়লেন। ‘ওর কথা আর বলবেন না। ওর দায়িত্বজ্ঞানটা বড়ই কম। কোথায় যেন এক বাংলা সিনেমায় নাম লিখিয়ে অ্যাকটিং করে এসেছে। ভাবুন তো দিকি! ওর কোনও মতিস্থির নেই। না না—ও ভাইপো-টাইপো দিয়ে হবে না। আপনিই যান। আমার চেনা ট্র্যাভেল এজেন্ট আছে—আপনাদের টিকিটপত্র সব করে দেবে। দিল্লি পর্যন্ত প্লেন, তারপর ২৫৮



ট্রেন। যান—গিয়ে কাজটা সেরে, দিন চারেক থেকে আরাম করে আসুন। আপনার মতো গুণী লোককে এই সুযোগটুকু দিতে পারলে আমারই আনন্দ। এই কয়েক ঘণ্টার মধ্যে যা করলেন—সত্যিই রিমার্কেবল্।’

চা এসে গিয়েছিল, আর তার সঙ্গে কিছু খাবার জিনিসও। ফেলুদা এক টুকরো চকোলেট কেক তুলে নিয়ে বলল, ‘একটা জিনিস দেখার ভারী কৌতূহল হচ্ছে। যে নেপালি বাস্‌জটার মধ্যে লেখাটা পেয়েছিলেন, সেই বাস্‌জটা। হাতের কাছে আছে কি?’

‘সে তো খুব সহজ। আমি বলে দিচ্ছি।’

যে চাকর চা এনেছিল, সে-ই নেপালি বাস্‌জটা এনে দিল। এক হাত লম্বা, ইঞ্চি দশেক উঁচু প্রায়-চৌকো কাঠের বাস্‌জের গায়ে তামার পাত আর লাল-নীল-হলদে পাথরের কাজ করা। ডালাটা খুলতেই একটা গন্ধ পেলাম যেটা আজই আরেকবার পেয়েছি, এই কিছুক্ষণ আগেই। নরেশ পাকড়াশীর আপিসঘরের ধুলো, পুরনো ফার্নিচার আর পুরনো পর্দার কাপড় মিলিয়ে ঠিক এই একই গন্ধ।

দীননাথবাবু বললেন, ‘এই যে দুটো তাক দেখছেন, এর উপরটাতেই ছিল খাতাটা—একটা নেপালি কাগজের মোড়কের ভেতর।’

‘বাক্স যে দেখছি জিনিসে ঠাসা’, ফেলুদা মন্তব্য করল।

দীননাথবাবু হেসে বললেন, ‘হ্যাঁ, একটা ছোটখাটো কিউরিও শপ বলতে পারেন। যা নোংরা, ঘেঁটে দেখার প্রবৃত্তি হয়নি আমার।’

ফেলুদা উপরের তাকটা বাইরে বার করে ভিতরের জিনিসগুলো দেখছিল। পাথরের মালা, তামা ও পিতলের কাজ করা চাকতি, রোল করা তেলচিটে তাখো, কয়েকটা অচেনা ওষুধের খালি বোতল, দুটো মোমবাতি, একটা ছোট ঘণ্টা, একটা কীসের জানি হাড়, ছোট ছোট দু-তিনটে বাটি, কিছু শিকড় বাকল জাতীয় জিনিস, একটা শুকনো ফুল—সব মিলিয়ে সত্যিই একটা কিউরিওর দোকান।

ফেলুদা বলল, ‘এ বাক্স আপনার জ্যাঠামশাইয়ের কি?’

‘ওঁর সঙ্গেই তো এসেছিল, কাজেই...’

‘কাঠমুণ্ডু থেকে কবে আসেন আপনার জ্যাঠামশাই?’

‘টোয়েন্টিথ্রিতে। সে বছরই মারা যান। আমার বয়স তখন সাত।’

‘ভেরি ইন্টারেস্টিং’ বলে চায়ে চুমুক দিয়ে ফেলুদা উঠে পড়ে বলল, ‘আপনি যখন বলছেন তখন আমরা সিমলা যাওয়াই স্থির করলাম। কাল হবে না, কারণ আমাদের দুজনেরই গরম কাপড় লন্ড্রি থেকে আনতে হবে। পরশু কালকা মেলে বেরোনো যেতে পারে। তবে আপনি ধর্মীজাকে কাল টেলিগ্রাম করতে ভুলবেন না।’

প্রায় সাড়ে আটটার সময় দীননাথবাবুর বাড়ি থেকে ফিরে এসে বৈঠকখানায় ঢুকেই দেখি জটায়ু বসে আছেন, তাঁর হাতে একটা ব্রাউন কাগজের প্যাকেট। আমাদের দেখেই একগাল হেসে বললেন, ‘বায়স্কোপ দেখে ফিরলেন বুঝি?’

8

জটায়ু হল স্বনামধন্য রহস্য রোমাঞ্চ কাহিনী লেখক লালমোহন গাঙ্গুলীর ছদ্মনাম। সোনার কেব্লা অভিযানে ঐর সঙ্গে আলাপ হয়েছিল। এক ধরনের লোক থাকে যারা চুপচাপ বসে থাকলেও তাদের দেখে হাসি পায়। লালমোহনবাবু হলেন সেই ধরনের লোক। হাইটে ফেলুদার কাঁধের কাছে, পায়ে পাঁচ নম্বরের জুতো, শরীরটা চিমড়ে হওয়া সত্ত্বেও মাঝে মাঝে অন্যমনস্ক ভাবে ডান হাতটা কনুইয়ের কাছে ভাঁজ করে বাঁ হাত দিয়ে কোটের আস্তিনের ভেতর বাইসেপ টিপে দেখেন, আবার পরমুহূর্তেই পাশের ঘর থেকে আচমকা হাঁচির শব্দ শুনে আঁতকে ওঠেন।

‘আপনার আর শ্রীমান তপেশের জন্য আমার লেটেষ্ট বইটা নিয়ে এলুম।’

ভদ্রলোক প্যাকেটটা ফেলুদার দিকে এগিয়ে দিলেন। সোনার কেব্লার ঘটনার পর থেকে ভদ্রলোক মাসে অন্তত তিনবার করে আমাদের বাড়িতে আসেন।

‘এটা কোন দেশ নিয়ে লেখা?’ ফেলুদা প্যাকেট খুলতে খুলতে প্রশ্ন করল।

‘এটা প্রায় গোটা ওয়ার্ল্ডটা কভার করিচি। ফ্রম সুমাত্রা টু সুমেরু।’

‘এবারে আর কোনও তথ্যের গুণগোল নেই তো?’ ফেলুদা বইটা উলটেপালটে দেখে আমার হাতে দিয়ে দিল। এর আগে ওঁর ‘সাহারায় শিহরণ’ বইতে উটের জল খাওয়া নিয়ে একটা আজগুবি কথা লিখে বসেছিলেন লালমোহনবাবু, পরে ফেলুদা সেটা শুধরে দিয়েছিল।

ভদ্রলোক বললেন, ‘নো স্যার! আমাদের গড়পার রোডে বদন বাঁড়ুজ্যের বাড়িতে ফুল সেট এনসাইক্লোপিডিয়া ব্রিটানিয়া রয়েছে। প্রত্যেকটি ফ্যাক্ট দেখে মিলিয়ে নিয়েছি।’

ফেলুদার ‘ব্রিটানিয়া না দেখে ব্রিটানিকা দেখলে আরও নিশ্চিত হতাম’—কথাটায় কান না দিয়ে লালমোহনবাবু বলে চললেন, ‘একটা ক্লাইমেক্স আছে পড়ে দেখবেন—আমার হিরো প্রথর রুদ্রের সঙ্গে জলহস্তীর ফাইট।’

‘জলহস্তী?’

‘কীরকম থ্রিলিং ব্যাপার পড়ে দেখবেন।’

‘কোথায় হচ্ছে ফাইটটা?’

‘কেন, নর্থ পোলে! জলহস্তী বলচি না?’

‘নর্থ পোলে জলহস্তী?’

‘সে কী মশাই—ছবি দেখেননি? খ্যাংরা কাঠির মতো লম্বা লম্বা খোঁচা খোঁচা গোঁফ, দুটো করে বাইরে বেরিয়ে আসা মুলোর মতো দাঁত, থ্যাপ থ্যাপ করে বরফের ওপর দিয়ে—’

‘সে তো সিন্ধুঘোটক। যাকে ইংরিজিতে বলে ওয়লরাস। জলহস্তী তো হিপোপটেমাস—আফ্রিকার জন্তু।’

জটায়ুর জিভ লজ্জায় লাল হয়ে দু ইঞ্চি বেরিয়ে এল।

‘এঃ—হ্যা হ্যা হ্যা হ্যা। ব্যাড মিসটেক। ঘোড়া আর হাতিতে গণ্ডগোল হয়ে গেছে। জল আর সিন্ধু তো প্রায় একই জিনিস হল কিনা! ইংরিজিটা কারেক্ট জানা ছিল, জানেন। এবার থেকে গল্পগুলো ছাপার আগে একবার আপনাকে দেখিয়ে নেব।’

‘আমি আসছি’ বলে ফেলুদা তার ঘরে চলে যাবার পর আমাকে একা পেয়ে ভদ্রলোক বললেন, ‘তোমার দাদাকে একটু গম্ভীর দেখছি। কোনও কেস-টেস এসেছে নাকি?’

আমি বললাম, ‘সেরকম কিছু নয়, তবে একটা ব্যাপারে আমাদের সিমলা যেতে হচ্ছে।’

‘সিমলা? কবে?’

‘বোধহয় পরশু।’

‘লং টুর?’

‘না। দিন চারেক।’

‘ইস, ওদিকটা দেখা হয়নি,’ বলে ভদ্রলোক একটু অন্যমনস্ক হয়ে পড়লেন।

ফেলুদা ফিরে এলে পর ভদ্রলোক আবার নড়েচড়ে বসলেন। ‘আপনারা সিমলা যাচ্ছেন শুনলাম। কোনও তদন্ত আছে নাকি?’

‘ঠিক তদন্ত নয়। রাম-শ্যামের বাস্ত্র অদল-বদল হয়ে গেছে। শ্যামের বাস্ত্র রামের কাছ থেকে নিয়ে শ্যামকে ফেরত দিয়ে, শ্যামের কাছ থেকে রামের বাস্ত্র নিয়ে রামকে ফেরত দিতে হবে।’

‘আরেকবার রে—বাস্ত্র-রহস্য?’

‘রহস্য কি না এখনও বলতে পারি না, তবে সামান্য দু-একটা খটকার ব্যাপার—’

‘দেখুন স্যার’, জটায়ু বাধা দিয়ে বললেন, ‘এই কমাসে আপনাকে আমি খুব থরোলি চিনেছি। আমার ধারণা, একটা কিছু ইয়ে না থাকলে আপনি কক্ষনও কেসটা নিতেন না। ঠিক করে বলুন তো ব্যাপারটা কী।’

ফেলুদার কথায় বুঝলাম সে এই স্টেজে লালমোহনবাবুকে তেমন খোলাখুলি কিছু বলতে চাইছে না। বলল, ‘কে সত্যি কথা বলছে, আর কে সত্য গোপন করছে, আর কে মিথ্যে বলছে—এগুলো পরিষ্কার না-জানা অবধি কিছু খুলে বলা সম্ভব নয়। তবে গণ্ডগোল যে একটা রয়েছে সেটা—’

‘ব্যাস ব্যাস—এনাফ!’ জটায়ুর চোখ জলজ্বল করে উঠেছে। ‘তা হলে বলুন—আপনার অনুমতি পেলেই আপনাদের সঙ্গে লটকে পড়ি।’

‘ঠাণ্ডা সয় ধাতে?’ ফেলুদা প্রশ্ন করল।

‘ঠাণ্ডা? দার্জিলিং গেছি লাস্ট ইয়ারে।’

‘কোন মাসে?’

‘মো।’

‘সিমলায় এখন বরফ পড়ছে।’

জটায়ু উত্তেজনায় চেয়ার ছেড়ে উঠে দাঁড়ালেন।

‘বলেন কী, বর—ফ? গতবার ডেজার্ট আর এবার স্নো? ফ্রম দি ফ্রাইং প্যান টু দি ফ্রিজিডেয়ার? এ তো ভাবাই যাচ্ছে না মশাই।’

‘মোট খরচের ধাক্কা কিন্তু।’

ফেলুদা যদিও এসব কথা বলে জটায়ুকে নিরুৎসাহ করার চেষ্টা করছিল, ভদ্রলোক সহজে দমবার পাত্র নন। খ্যাক খ্যাক করে ভিলেনের মতো একটা হাসি হেসে বললেন, ‘খরচের ভয় কী দেখাচ্ছেন মশাই—একুশখানা রোমাঞ্চ উপন্যাস, প্রত্যেকটা কমপক্ষে পাঁচটা করে এডিশন, তিনখানা বাড়ি হয়ে গেছে কলকাতা শহরে আপনাদের আশীর্বাদে। এসব ব্যাপারে খরচকে কেয়ার করি না মশাই। যত দেখব, তত প্লট আসবে মাথায়, তত বইয়ের সংখ্যা বাড়বে। আর সবাই তো ফেলু মিণ্ডির নয় যে জলহস্তী আর সিঙ্কুঘোটকের তফাত ধরবে। যা লিখব তাই গিলবে, আর যত গিলবে ততই আমার লাভ। আমার লাভের রাস্তা আটকায় এমন কার সাধি আছে মশাই? অবিশ্যি আপনি যদি সোজাসুজি নিষেধ করেন, তা হলে অবিশ্যি...’

ফেলুদা নিষেধ করল না। লালমোহনবাবু যাবার আগে আমরা কবে যাচ্ছি, কদিনের জন্য যাচ্ছি, কী ভাবে যাচ্ছি ইত্যাদি জেনে নিয়ে একটা খাতায় নোট করে নিয়ে বললেন, ‘একটা গরম গেঞ্জি, দুটো পুলোভার, একটা তুলোর কোট আর তার উপর একটা ওভার কোট চাপালে শীত মানবে না বলচেন, অ্যাঁ?’

ফেলুদা বলল, ‘তার সঙ্গে এক জোড়া দস্তানা, একটা মাস্কি ক্যাপ, এক জোড়া গোলোস জুতো, গরম মোজা আর ফ্রস্ট-বাইটের ওষুধ নিলে খানিকটা নিশ্চিন্ত হতে পারেন।’

ইস্কুলে পরীক্ষা দিতে মোটেই ভাল লাগে না, কিন্তু ফেলুদার কাছে যে পরীক্ষাটা দিতে হয় তাতে আমার কোনওই আপত্তি নেই। সত্যি বলতে কী, তার মধ্যে বেশ একটা মজা আছে, আর সেই মজার সঙ্গে মাথাটাও বেশ পরিষ্কার হয়ে যায়।

রাত্রে খাবার পরে ফেলুদা তার খাটে উপুড় হয়ে বুকে বালিশ নিয়ে শুয়েছে, আর আমি তার পাশে বসে পরীক্ষা দিচ্ছি। অর্থাৎ, এই নতুন কেসটার বিষয়ে ওর নানা রকম প্রশ্নের জবাব দিচ্ছি।

প্রথম প্রশ্ন হল—‘এই বাস্তব বদলের ব্যাপারে কার কার সঙ্গে আলাপ হল বল।’

‘প্রথম দীননাথ লাহিড়ী।’

‘বেশ। লোকটাকে কেমন মনে হয়।’

‘ভালই তো। তবে বই-টাই সম্বন্ধে বিশেষ খবর রাখে না। আর, এই যে এতগুলো টাকা খরচ করে আমাদের সিমলা পাঠাচ্ছেন, এই ব্যাপারে যেন একটু খটকা...’

‘যে লোক দু-দুটো ওরকম ডাকসাইটে গাড়ি মেনটেন করতে পারে, তার আর যাই হোক, টাকার অভাব নেই। তা ছাড়া ফেলু মিণ্ডিরকে এমপ্লয় করা তো একটা প্রেসটিজের ব্যাপার—সেটা ভুললেও তো চলবে না।’

‘তাই যদি হয় তা হলে আর খটকার কিছু নেই। দ্বিতীয় আলাপ—নরেশচন্দ্র পাকড়াশী। তিরিফি মেজাজ।’

‘কিন্তু স্পষ্টবক্তা। সেটা একটা গুণ। সকলের থাকে না।’

‘কিন্তু সব কথা সত্যি বলেন কি? দীননাথবাবু কি সত্যিই এককালে লায়েক ছিলেন? মানে, রেসের মাঠে-টাঠে যেতেন?’

‘এক কালে কেন, এখনও আছেন। তবে তার মানেই যে লোকটা খারাপ, এমন কোনও কথা নেই।’

‘তারপর অমরকুমার। মানে প্রবীর লাহিড়ী। কাকাকে পছন্দ করেন না।’

‘স্বাভাবিক। কাকা তার অ্যাম্বিশনে বাধা দিচ্ছে, তাকে একটা বাস্তব দিয়ে আবার নিয়ে নিচ্ছে, রাগ হওয়াটা স্বাভাবিক।’

‘প্রবীরবাবুর শরীরটা বেশ মজবুত বলে মনে হল।’

‘হ্যাঁ। হাতের কবজি চওড়া। তাই গলার আওয়াজটা আরও বেমানান লাগে।...এবার বল কালকা মেলের ফার্স্ট ক্লাসের ডি কম্পার্টমেন্টের বাকি দুজন যাত্রীর কী নাম।’

‘একজন হল বৃজমোহন। পদবি...পদবি...’

‘কেদিয়া। মাড়োয়ারি।’

‘হ্যাঁ। সুদের ব্যবসা। সাধারণ চেহারা। নরেশ পাকড়াশীর সঙ্গে আগেই চেনা।’

‘ভদ্রলোকের লেনিন সরণিতে সত্যিই আপিস আছে। টেলিফোন ডিরেক্টরিতে নাম দেখেছি।’

‘অন্যজন জি সি ধমীজা। সিমলায় থাকে। আপেলের চাষ আছে।’

‘সেটার কোনও প্রমাণ নেই; সুতরাং বলা যেতে পারে যে থাকতেও পারে, নাও থাকতে পারে।’

‘কিন্তু ধমীজার সঙ্গেই যে দীননাথবাবুর বাস্কাটা বদল হয়ে গেছে সেটা তো ঠিক?’

বাস্কাটা ফেলুদার পাশেই খাটের উপর রাখা ছিল। সেটার ঢাকনা খুলে ভিতরের জিনিসপত্রের দিকে একদৃষ্টে তাকিয়ে থেকে ফেলুদা প্রায় বিড় বিড় করে বলল, ‘হুঁ...ওই একমাত্র ব্যাপার যেটা সম্বন্ধে বোধহয়...’

বাস্কার ভিতরে যে ভাঁজ করা দুটো দিল্লির খবরের কাগজ ছিল, সেগুলো হাতে নিয়ে নাড়াচাড়া করতে করতে ফেলুদা ঠিক সেই ভাবেই বিড় বিড় করে বলল, ‘এই কাগজগুলো নিয়েই, বুকেচিস, কী রকম যেন...মনের মধ্যে একটা...’

ফেলুদার বিড়বিড়োনি থামাতে হল, কারণ টেলিফোন বেজে উঠেছে। আগে টেলিফোনটা বৈঠকখানায় থাকত। এখনও থাকে, কিন্তু ফেলুদা সুবিধের জন্য একটা এক্সটেনশন টেলিফোন নিজের খাটের পাশে বসিয়ে নিয়েছে।

‘হ্যালো—’

‘কে—মিস্টার মিস্তির?’

ফেলুদার হাতে টেলিফোন থাকা সত্ত্বেও, রাত্তির বলেই বোধহয় অন্য দিকের কথা পরিষ্কার শোনা যাচ্ছিল।

‘বলুন মিস্টার লাহিড়ী—’

‘শুনুন, মিস্টার ধমীজার কাছ থেকে একটা খবর আছে।’

‘এর মধ্যেই টেলিগ্রামের—?’

‘না না। টেলিগ্রাম নয়। টেলিগ্রামের উত্তর কালকের আগে আসবে না। একটা টেলিফোন পেয়েছি এই মিনিট পাঁচেক আগে। ব্যাপারটা বলছি। ধমীজা নাকি রেলওয়ে আপিসে খোঁজ নিয়ে রিজার্ভেশন লিস্ট দেখে আমার নাম-ঠিকানা সংগ্রহ করেছিল। হঠাৎ চলে যেতে হয় বলে আমার সঙ্গে যোগাযোগ করতে পারেনি, কিন্তু ওঁর এক চেনা লোকের কাছে আমার বাস্কাটা

রেখে গেছেন। তার কাছে ধমীজার বাস্কাটা নিয়ে গিয়ে ফেরত দিলেই উনি আমার বাস্কাটা দিয়ে দেবেন। এই লোকটিই আমাকে ফোন করেছিল। অতএব, বুঝতেই পারছেন।...’

‘ম্যানুস্ক্রিপ্টটা রয়েছে কি না জিজ্ঞেস করেছেন?’

‘হ্যাঁ হ্যাঁ। সব ঠিক আছে।’

‘বাঃ, এ তো ভাল খবর। আপনার সমস্ত ল্যাঠা চুকে গেল।’

‘আজ্ঞে হ্যাঁ। খুব অপ্রত্যাশিতভাবে। আমি মিনিট পাঁচেকে বেরিয়ে পড়ছি। আপনার বাড়ি থেকে ধমীজার বাস্কাটা পিকআপ করে নিয়ে প্রিটোরিয়া স্ট্রিটে চলে যাব।’

‘আপনাকে একটা অনুরোধ করতে পারি মিস্টার লাহিড়ী?’

‘বলুন।’

‘আপনি আর কষ্ট করে আসবেন কেন? সিমলাই যখন যাচ্ছিলাম, তখন প্রিটোরিয়া স্ট্রিটেই বা যেতে অসুবিধে কী? আমি বলি কী, বাস্কাটা আমিই নিয়ে আসি। ওটা আজকের রাতটা আমার কাছে থাক; আমি একবার শব্দচরণের লেখাটায় চোখ বুলিয়ে নিই। এটাই হবে আমার পারিশ্রমিক। কাল সকালে গিয়ে লেখা সমেত বাস্কা আপনাকে ফেরত দিয়ে আসব, কেমন?’

‘ভেরি গুড। আমার তাতে কোনওই আপত্তি নেই। ভদ্রলোকের নাম মিস্টার পুরি, ঠিকানা ফোর বাই টু প্রিটোরিয়া স্ট্রিট।’

‘ধন্যবাদ!—অলসস্ ওয়েল দ্যাট এন্ডস ওয়েল!’

ফেলুদা টেলিফোন রেখে কিছুক্ষণ ভুরু কঁচকে বসে রইল। আমার যে কী মনের অবস্থা তা আর বলে লাভ কী? সিমলা যাওয়া ফসকে গেল, ফসকে গেল, ফসকে গেল—মাথার মধ্যে এই কথাটাই খালি বার বার ঘুরছে, আর বুকের ভিতরটা কীরকম খালি খালি লাগছে, আর বরফের দেশে যেতে যেতে যাওয়া হল না বলে মার্চ মাসের কলকাতাটা অসহ্য গরম লাগছে। কী আর করি? অন্তত এই শেষ ঘটনার সময় ফেলুদার সঙ্গে থাকা উচিত। তাই বললাম, ‘আমি তৈরি হয়ে নিই ফেলুদা? দু মিনিট লাগবে।’

‘যা, চট করে যা।’

জামা ছেড়ে তৈরি হয়ে মিস্টার ধমীজার ব্যাগ সঙ্গে নিয়ে ট্যাক্সিতে উঠে প্রিটোরিয়া স্ট্রিটে পৌঁছতে লাগল কুড়ি মিনিটের কিছু বেশি। প্রিটোরিয়া স্ট্রিটটা লোয়ার সারকুলার রোড থেকে বেরিয়ে খানিক দূর গিয়ে রাইট অ্যাঙ্গেলে ডাইনে গিয়ে আবার রাইট অ্যাঙ্গেলে বাঁয়ে ঘুরে থিয়েটার রোডে—থুড়ি, শেক্সপিয়ার সরণিতে গিয়ে পড়েছে। এমনিতেই রাস্তাটা নির্জন, রাতও হয়েছে প্রায় সাড়ে এগারোটা, তার উপরে আজ বোধহয় অমাবস্যা-টমাবস্যা হবে। আমরা লোয়ার সারকুলার রোড দিয়ে ঢুকে রাস্তার এ মাথা থেকে ও মাথা ট্যাক্সি চালিয়ে বুঝলাম গাড়ি থেকে বাড়ির নম্বর খুঁজে পাওয়া অসম্ভব। শেক্সপিয়ার সরণির কাছাকাছি গিয়ে ট্যাক্সি থামিয়ে ফেলুদা পাঞ্জাবি ড্রাইভারকে বলল, ‘নম্বরটা খুঁজে বার করতে হবে সর্দারজি—আপনি একটু দাঁড়ান; এই বাস্কাটা একটা বাড়িতে পৌঁছে দিয়ে আসছি।’

সর্দারজি বেশ অমায়িক লোক, কোনও আপত্তি করল না। আমরা রাস্তায় নেমে দক্ষিণ দিকে হাঁটতে শুরু করলাম। বাঁ দিকে পাঁচিলের ওপাশে বাইশতলা বিড়লা বিল্ডিং বুক চিতিয়ে মাথা উঁচিয়ে আছে। ফেলুদা বলে, রাত্তির বেলা কলকাতার সবচেয়ে থমথমে জিনিস হচ্ছে এই আকাশ-ছোঁয়া আপিসের বিল্ডিংগুলো। কেবল ধড় আছে, প্রাণ নেই। ‘দাঁড়িয়ে থাকা মৃতদেহ দেখেচিস কখনও? ওই বিল্ডিংগুলো হচ্ছে তাই।’

খানিক দূর হাঁটার পর রাস্তার ডান দিকে একটা গেট পড়ল যার গায়ে লেখা আছে চার। আরও এগিয়ে গিয়ে দেখি পরের বাড়ির নম্বর পাঁচ। তা হলে দুই বাড়ির মধ্যে যে গলিটা রয়েছে তাতেই হবে চারের দুই। কী নিঝুম রাস্তা রে বাবা। টিমটিম করে দু-একটা আলো জ্বলছে, সে ২৬৪

আলো শুধু ল্যাম্প পোস্টের তলাটুকু আলো করেছে, বাকি রাস্তা অন্ধকার থেকে গেছে। আমরা গলিটা ধরে এগোতে লাগলাম।

খানিকটা গিয়েই আরেকটা গেট চোখে পড়ল। এটা নিশ্চয়ই চারের এক। চারের দুই কি তা হলে আরও ভেতরে ওই অন্ধকারের মধ্যে রয়েছে? ওদিকে তো কোনও বাড়ি আছে বলে মনে হচ্ছে না। আর থাকলেও, সে বাড়িতে যে একটাও আলো জ্বলছে না তাতে কোনও সন্দেহ নেই।

গলির দুদিকে পাঁচিল; পাঁচিলের পিছনে বাড়ির বাগান থেকে গাছের ডালপালা রাস্তার উপর এসে পড়েছে। একটা ক্ষীণ গাড়ি চলাচলের শব্দ বোধহয় লোয়ার সার্কুলার রোড থেকে আসছে। একটা গির্জার ঘড়ি বেজে উঠল দূর থেকে। সেন্ট পলসের ঘড়ি। সাড়ে এগারোটা বাজল। কিন্তু এসব শব্দে প্রিটোরিয়া স্ট্রিটের অস্বাভাবিক থমথমে ভাব বাড়ছে বই কমছে না। কাছাকাছি কোথায় একটা কুকুর ডেকে উঠল। আর ঠিক সেই মুহূর্তে—

‘ট্যান্ড্রি! সর্দারজি! সর্দারজি!’

চিৎকারটা আপনা থেকেই আমার গলা দিয়ে বেরিয়ে পড়ল।

একটা লোক ডান দিকের পাঁচিল থেকে লাফিয়ে ফেলুদার উপর পড়েছে। সঙ্গে সঙ্গে আরেকটা। ফেলুদার হাতের বাস্কট আর হাতে নেই। সে হাত খালি করে এক ঝটকায় ঘাড় থেকে প্রথম লোকটাকে ফেলে তার উপর ছমড়ি খেয়ে পড়েছে। এটা বুঝতে পারছি একটা প্রচণ্ড ধস্তাধস্তি হাতাহাতি চলেছে, কিন্তু অন্ধকারে ঠিক কী যে হচ্ছে সেটা বোঝার উপায় নেই। বাস্কট চোখের সামনে রাস্তায় পড়ে আছে। আমি সেটার দিকে হাত বাড়িয়েছি, আর ঠিক সেই সময় দ্বিতীয় লোকটা মুহূর্তের মধ্যে বাস্কট ছিনিয়ে নিয়ে আমাকে এক ধাক্কায় রাস্তায় ফেলে দিয়ে উর্ধ্বশ্বাসে গলির মুখটার দিকে দৌড় দিল। এদিকে বাঁ পাশে অন্ধকারে ছোটোপাটি চলেছে, কিন্তু লোকটাকে ফেলুদা কেন যে ঠিক কবজা করতে পারছে না সেটা বুঝতে পারছি না।

‘ওঁক!’

এটা আমাদের পাঞ্জাবি ভাইভারের পেটে-গুঁতো-খাওয়া গলার শব্দ। সে আমার চিৎকার শুনে গাড়ি ছেড়ে দৌড়ে গলির মুখটায় এসেছিল, কিন্তু ব্যাগ-চোর তাকে ঘায়েল করে পালিয়েছে। দূরে আবছা ল্যাম্প পোস্টের আলোয় দেখছি সর্দারজি ধরাশায়ী।

ইতিমধ্যে প্রথম লোকটাও পাঁচিল টপকে উধাও। ফেলুদা পকেট থেকে রুমাল বার করে হাত মুছতে মুছতে বলল, ‘অন্তত সের খানেক সরষের তেল মেখে এসেছিল—পাড়াগাঁয়ে সিঁদেল চোর যেরকম করে।’

এই তেলের গন্ধটা অবিশ্যি লোকগুলো আসার সঙ্গে সঙ্গে পেয়েছিলাম, কিন্তু গন্ধের কারণটা ঠিক বুঝতে পারিনি।

‘ভাগ্যিস!’

ফেলুদা এই কথাটা যে কেন বলল, তা বুঝতে পারলাম না। এত বড় একটা দুর্ঘটনার পরেও সে বলছে—ভাগ্যিস?

আমি বললাম, ‘তার মানে?’

ট্যান্ড্রির দিকে হাঁটতে হাঁটতে ফেলুদা বলল, ‘তুই কি ভাবছিস জি সি ধমীজার বাস্ক চুরি করে নিয়ে গেল ওই শয়তানগুলো?’

‘তবে?’—আমি তো অবাক!

‘যেটা গেল সেটা ছিল দ্য প্রপারটি অফ প্রদোষ সি মিটার। ওর মধ্যে তিনখানা ছেঁড়া গেঞ্জি, পাঁচখানা ধুধুড়ে রুমাল, গুচ্ছের ন্যাকড়া আর খান পাঁচেক পুরনো ছেঁড়া আনন্দবাজার। তুই যখন জামা বদলাচ্ছিলি তখন ওয়ান-নাইন-সেভেনে টেলিফোন করে জেনেছি যে চারের দুই প্রিটোরিয়া স্ট্রিটের কোনও টেলিফোন নেই। অবিশ্যি ওই নম্বরে যে কোনও বাড়িই নেই সেটা



এখানে না এলে বুঝতে পারতাম না।’

আমার বুকে আবার ঘোড়দৌড় শুরু হয়ে গিয়েছে।

মন বলছে, হয়তো শেষ পর্যন্ত সিমলাটা যেতেই হবে।

৫

কাল রাতে বাড়ি ফিরেই দীননাথবাবুকে ঘটনাটা টেলিফোনে জানিয়ে দেওয়া হয়েছিল। উনি তো শুনে একেবারে থা। বললেন, ‘এরকম একটা ব্যাপার যে ঘটতে পারে সেটা আমি স্বপ্নেও ভাবতে পারিনি। এক যদি হয় যে এমনি ছাঁচড়া চোর, ব্যাগটায় কিছু আছে মনে করে আপনাকে আক্রমণ করে সেটা ছিনিয়ে নিয়ে পালিয়েছে—যেমন কলকাতায় প্রায়ই ঘটে। কিন্তু তাও তো একটা ব্যাপার রয়েই যাচ্ছে—চারের দুই বলে তো কোনও বাড়িই নেই প্রিটোরিয়া স্ট্রিটে। অর্থাৎ মিস্টার পুরি ব্যক্তিটি সম্পূর্ণ কাল্পনিক। অর্থাৎ মিস্টার ধর্মীজার রেলওয়েতে খোঁজ করার ব্যাপারটা সম্পূর্ণ ধাঙ্গা। টেলিফোনটা তা হলে করল কে?’

ফেলুদা বলল, ‘সেটা জানতে পারলে তো তদন্ত ফুরিয়ে যেত মিস্টার লাহিড়ী।’

‘কিন্তু আপনারই বা সন্দেহটা হল কী করে বলুন তো?’

‘আসল খটকা লাগল লোকটার এত রাতে আপনাকে টেলিফোন করা থেকে। ধর্মীজা গেছেন কালকে। তা হলে পুরি কাল কিংবা আজ দিনের বেলা ফোন করল না কেন?’

‘হঁ!...তা হলে তো সেই সিমলা যাবার প্ল্যানটাই রাখতে হয়। কিন্তু ব্যাপারটা যে দিকে টার্ন নিচ্ছে, তাতে তো আপনাকে পাঠাতে আমার ভয়ই করছে।’

ফেলুদা হেসে বলল, ‘আপনি চিন্তা করবেন না মিস্টার লাহিড়ী। কেসটাকে এখন আর নিরামিষ বলা চলে না—বেশ পেরঁয়াজ রসূনের গন্ধ পাওয়া যাচ্ছে। ফলে আমিও এখন অনেকটা আশ্বস্ত বোধ করছি। নইলে আপনার টাকাগুলো নিতে রীতিমতো লজ্জা করত। যাই হোক, আপনি এখন একটা কাজ করতে পারলে ভাল হয়।’

‘বলুন।’

‘আপনার বাস্তবে কী কী জিনিস ছিল সেটার একটা ফর্দ করে যদি আমায় পাঠিয়ে দেন তা হলে বাস্তব ফেরত নেবার সময় মিলিয়ে নিতে সুবিধে হবে।’

‘কিছুই বিশেষ ছিল না, কাজেই কাজটা খুবই সহজ। যখন আপনাদের যাবার টিকিট ইত্যাদি পাঠাব, তার সঙ্গেই লিস্টটাও দিয়ে দেব।’

কাল চলে যাচ্ছি বলে আজ সারাটা দিন ফেলুদাকে বেশ ব্যস্ত থাকতে হল। এই একদিনেই ওর হাবভাব একেবারে বদলে গেছে। ওর মনটা যে অস্থির হয়ে আছে, সেটা ওর ঘন ঘন আঙুল মটকানো থেকেই বুঝতে পারছি। আরও বুঝতে পারছি এই যে, যে বাস্তবের মধ্যে দামি কিছু নেই, তার পিছনে শয়তানের দৃষ্টি কেন যাবে—এই রহস্যের কিনারা আমারই মতো ও-ও এখনও করে উঠতে পারেনি। ব্যাপারটা বোঝার চেষ্টায় কাল ও আবার বাস্তব থেকে প্রত্যেকটা জিনিস বার করে খুঁটিয়ে দেখেছে। এমনকী টুথপেস্ট আর শেভিং ক্রিমের টিউব টিপে টিপে দেখেছে, ব্রেডগুলো খাপ থেকে বার করে দেখেছে, খবরের কাগজের ভাঁজ খুলে দেখেছে। এত করেও সন্দেহজনক কিছুই খুঁজে পায়নি।

ফেলুদা বেরিয়ে গেল আটটার মধ্যে। কী আর করি—কোনও রকমে কয়েক ঘণ্টা একা বাড়িতে বসে কাটানোর জন্য মনটা তৈরি করে নিলাম। বাবা ম্যাসানজোর গেছেন দিন পনেরোর জন্য। ওঁকে একটা চিঠি লিখে সিমলা যাবার কথাটা জানিয়ে দিতে হবে। ফেলুদা যাবার সময় বলে গেছে, ‘তিন ঘণ্টার মধ্যে যদি কেউ কলিং বেল টেপে তা হলে তুই নিজে দরজা খুলবি না,

শ্রীনাথকে বলবি। আমি এগারোটার মধ্যে ফিরে আসব।’

বাবাকে চিঠি লিখে হাতে একটা গল্পের বই নিয়ে বৈঠকখানার সোফায় লম্বা হয়ে শুয়ে বাস্তবের ব্যাপারটা সম্বন্ধে ভাবতে ভাবতে সমস্ত ঘটনাগুলো ক্রমেই আরও ধোঁয়াটে হয়ে আসতে লাগল। দীননাথবাবু, তাঁর সেই ফিল্মে অ্যাকটিং করা ভাইপো, থিটথিটে নরেশ পাকড়াশী, আপেলওয়ালা, সিমলাবাসী মিস্টার ধর্মীজা, সুদের কারবারি বৃজমোহন, সবাই—যেন মনে হল মুখোশ পরা মানুষ। এমনকী, এয়ার ইন্ডিয়ার বাস্ক আর তার ভিতরের প্রত্যেকটা জিনিসও যেন মুখোশ পরে বসে আছে। আর তার উপরে কাল রাত্রে প্রিটোরিয়া স্ট্রিটের সেই ভয়াবহ অভিজ্ঞতা...

শেষটায় ভাবা বন্ধ করে তাক থেকে একটা পত্রিকা নিয়ে পাতা উলটাতে লাগলাম। সিনেমা পত্রিকা—নাম ‘তারাবাজি’। এই তো সেই পত্রিকা—যাতে অমরকুমারের ছবি দেখেছিলাম। এই তো—‘শ্রীগুরু পিকচার্সের নির্মীয়মাণ “অশরীরী” ছায়াচিত্রে নবাগত অমরকুমার।’ মাথায় দেব আনন্দের জুয়েল থিফের ধাঁচের টুপি, গলায় মাফলার, সৰু গোঁফের নীচে ঠোঁটের কোণে যাকে বলে ক্রুর হাসি। হাতে আবার একটা রিভলভার—সেটা দেখেই বোঝা যাচ্ছে ফাঁকি। নিশ্চয়ই কাঠের তৈরি।

হঠাৎ কী মনে হল, টেলিফোন ডিরেক্টরিটা খুলে একটা নাম বার করলাম। শ্রীগুরু পিকচার্স। তিনগুন নম্বর বেনটিক স্ট্রিট। টু ফোর ফাইভ ফাইভ ফোর।

নম্বর ডায়াল করলাম। ওদিকে রিং হচ্ছে। এইবার টেলিফোন তুলল।

‘হ্যালো—’

‘শ্রীগুরু পিকচার্স?’

আমার গলাটা মাস ছয়েক হল ভেঙে মোটার দিকে যেতে শুরু করেছে, তাই আমার বয়স যে মাত্র সাড়ে পনেরো, সেটা নিশ্চয়ই এরা বুঝতে পারবে না।

‘হ্যাঁ, শ্রীগুরু পিকচার্স।’

‘আপনাদের অশরীরী ছবিতে যে নবাগত অমরকুমার কাজ করছেন, তাঁর সম্বন্ধে একটু—’

‘আপনি মিস্টার মল্লিকের সঙ্গে কথা বলুন।’

লাইনটা বোধহয় মিস্টার মল্লিককে দেওয়া হল।

‘হ্যালো।’

‘মিস্টার মল্লিক?’

‘কথা বলছি।’

‘আপনাদের একটা ছবিতে অমরকুমার বলে একজন নবাগত অ্যাকটিং করছেন কি?’

‘তিনি তো বাদ হয়ে গেছেন—’

‘বাদ হয়ে গেছেন?’

‘আপনি কে কথা বলছেন?’

‘আমি—’ কী নাম বলব কিছু ভেবে না পেয়ে বোকার মতো খট করে টেলিফোনটা নামিয়ে রেখে দিলাম। অমরকুমার বাদ হয়ে গেছে! নিশ্চয়ই ওর গলার আওয়াজের জন্য। কাগজে ছবি-টবি বেরিয়ে যাবার পরে বাদ। অথচ ভদ্রলোক কি সে-খবরটা জানেন না? নাকি জেনেও আমাদের কাছে বেমালুম চেপে গেলেন?

বসে বসে এই সব ভাবছি এমন সময় টেলিফোনটা হঠাৎ বেজে উঠে আমাকে বেশ খানিকটা চমকে দিল। আমি হতুদন্ত রিসিভারটা তুলে হ্যালো বলার পর বেশ কয়েক সেকেন্ড কোনও কথা নেই। তারপর একটা খট করে শব্দ পেলাম। বুঝেছি। পাবলিক টেলিফোন থেকে কলটা আসছে। আমি আবার বললাম, ‘হ্যালো।’ এবারে কথা এল—চাপা কিন্তু স্পষ্ট।

‘সিমলা যাওয়া হচ্ছে?’

একটা অচেনা গলায় হঠাৎ কেউ এ প্রশ্ন করতে পারে এটা ভাবতেই পারিনি। তাই আমি ভ্যাবাচাকা খেয়ে ঢোক গিলে চূপ করে রইলাম।

আবার কথা এল। খসখসে গলায় রক্ত-জল-করা-কথা—

‘গেলে বিপদ। বুঝেছ? বিপদ।’

আবার খট। এবার টেলিফোন রেখে দেওয়া হল। আর কথা শুনব না। কিন্তু যেটুকু শুনেছি তাতেই আমার হয়ে গেছে। সেই নেশাখোর রাণার হাতে বাঘ-মারা বন্দুক যেভাবে কাঁপত, ঠিক সেইভাবে কাঁপা হাতে আমি টেলিফোনটা রেখে দিয়ে চেয়ারের উপর কাঠ হয়ে বসে রইলাম।

প্রায় আধ ঘণ্টা পরে চেয়ারে বসা অবস্থাতেই আবার ক্রিং শুনে বুকটা ধড়াস করে উঠেছিল, কিন্তু তারপরেই বুঝলাম এটা টেলিফোন নয়, কলিং বেল। তিন ঘণ্টা হয়ে গেছে দেখে নিজেই দরজা খুলতে ফেলুদা ঢুকল। তার হাতে পেগ্লায় প্যাকেটটা দেখে বুঝলাম লন্ডি থেকে আনা আমাদের দুজনের গরম কাপড়। ফেলুদা আমার দিকে একবার আড়চোখে দেখে নিয়ে বলল, ‘ঠোট চাটুইস কেন? কোনও গোলমালে টেলিফোন এসেছিল নাকি?’

আমি তো অবাক। ‘কী করে বুঝলে?’

‘রিসিভারটা যেভাবে রেখেছিল তাতেই বোঝা যাচ্ছে। তা ছাড়া জটপাকানো কেস—ও রকম দু-একটা টেলিফোন না এলেই ভাবনার কারণ হত। কে করেছিল? কী বলল?’

‘কে করেছিল জানি না। বলল, সিমলা গেলে বিপদ আছে।’

ফেলুদা পাখাটা ফুল স্পিডে করে তত্ত্বপোশের ওপর গা এলিয়ে দিয়ে বলল, ‘তুই কী বললি?’

‘কিছু না।’

‘ইডিয়ট। তোর বলা উচিত ছিল যে আজকাল কলকাতার রাস্তাঘাটে চলতে গেলে যে বিপদ; তেমন বিপদ এক যুদ্ধক্ষেত্র ছাড়া আর কোথাও নেই—সিমলা তো কোন ছার।’

ফেলুদা হুমকিটা এমনভাবে উড়িয়ে দিল যে আমিও আর ও বিষয়ে কোনও উচ্চবাচ্য না করে বললাম, ‘লন্ডি ছাড়া আর কোথায় গেলে?’

‘এস এম কেদিয়ার আপিসে।’

‘কিছু জানতে পারলে?’

‘বৃজমোহন বাইরে মাইডিয়ার লোক। পরিষ্কার বাংলা বলে, তিন পুরুষ কলকাতায় আছে। নরেশ পাকড়াশীর সঙ্গে সতিই ওর লেনদেনের সম্পর্ক ছিল। মনে হল পাকড়াশী এখনও কিছু টাকা ধারে। ধর্মীজার আপেল বৃজমোহনও খেয়েছিল। নীল এয়ার ইন্ডিয়ার ব্যাগ ওর নেই। ট্রেনে বেশির ভাগ সময়টাই হয় ঘুমিয়ে না হয় চোখ বুজে শুয়ে কাটিয়েছে।’

আমার দিক থেকেও একটা খবর দেবার ছিল—তাই অমরকুমারের বাদ হয়ে যাওয়ার কথাটা ওকে বললাম। তাতে ফেলুদা বলল, ‘তা হলে মনে হয় ছেলেটা হয়তো সতিই ভাল অভিনয় করে।’

সারাদিন আমরা আমাদের গোছগাছটা সেরে ফেললাম। কাল আর সময় পাব না কারণ ভোর সাড়ে চারটায় উঠতে হবে। মাত্র চারদিনের জন্য যাচ্ছি বলে খুব বেশি জামাকাপড় নিলাম না। সন্ধ্যা সাড়ে ছটার সময় জটায়ু অর্থাৎ লালমোহনবাবুর কাছ থেকে একটা টেলিফোন এল। বললেন, ‘একটা নতুন রকমের অস্ত্র নিয়েছি—দিল্লি গিয়ে দেখাব।’ লালমোহনবাবুর আবার অস্ত্রশস্ত্র জমানোর শখ। রাজস্থানে একটা ভুজালি সঙ্গে নিয়ে গিয়েছিলেন—যদিও সেটা কাজে লাগেনি। ভদ্রলোকের টিকিট কেনা হয়ে গেছে, বললেন, ‘কাল সকালে সেই দমদমে দেখা হবে।’

রাত আটটার কিছু পরে দীননাথবাবুর ড্রাইভার এসে আমাদের দিল্লির প্লেন ও সিমলার ট্রেনের টিকিট, আর দীননাথবাবুর কাছ থেকে একটা চিঠি দিয়ে গেল। চিঠিটায় লেখা আছে—

প্রিয় মিস্টার মিত্র,

দিল্লিতে জনপথ হোটেলে একদিন ও সিমলায় ক্লার্কস হোটেলে চার দিনের রিজার্ভেশন হয়ে গেছে। আপনার কথা মতো সিমলাতে মিঃ ধর্মীজার নামে একটা টেলিগ্রাম করেছিলাম, এইমাত্র তার জবাব এসেছে। তিনি জানিয়েছেন আমার বাস্তু তাঁর কাছে সযত্নে রাখা আছে। তিনি পরশু বিকালে চারটার সময় আপনাকে তাঁর বাড়িতে যেতে বলেছেন। ঠিকানা আপনার কাছে আছে, তাই আর দিলাম না। আপনি আমার বাস্তুয়ের জিনিসপত্রের একটা তালিকা চেয়েছিলেন, কিন্তু এখন ভেবে দেখছি যে ওতে একটিমাত্র জিনিসই ছিল যেটা আমার কাছে কিছুটা মূল্যবান। সেটি হল বিলাতে তৈরি এক শিশি এনটারোভায়োফর্ম ট্যাবলেট। দিশির চেয়ে অনেক বেশি কার্যকরী। আপনাদের যাত্রা নিরাপদ ও সফল হোক এই প্রার্থনা করি। ইতি ভবদীয়—

দীননাথ লাহিড়ী

কাল খুব ভোরে উঠতে হবে বলে তাড়াতাড়ি খাওয়াদাওয়া সেরে দশটার মধ্যে শুয়ে পড়ব ভেবেছিলাম, কিন্তু পৌনে দশটায় আমাদের দরজায় কে যেন বেল টিপল। দরজা খুলে যাকে দেখলাম, তিনি যে কোনও দিন আমাদের বাড়িতে আসবেন সেটা ভাবতেই পারিনি। ফেলুদা ভিতরে ভিতরে অবাক হলেও, বাইরে একটুও সেরকম ভাব না দেখিয়ে বলল, ‘গুড ইভনিং মিস্টার পাকড়াশী—আসুন ভেতরে।’

ভদ্রলোকের খিটখিটে ভাবটা তো আর নেই দেখছি। ঠোঁটের কোণে একটা অপ্রস্তুত হাসি, একটা কিন্তু কিন্তু ভাব, একদিনের মধ্যেই একেবারে আশ্চর্য পরিবর্তন। এত রাত্রে কী বলতে এসেছেন উনি?

নরেশবাবু কৌচের বদলে চেয়ারটাতে বসে বললেন, ‘অনেক রাত হয়ে গেছে—ফোন করেছিলাম বার পাঁচেক—কানেকশন হচ্ছিল না—তাই ভাবলাম চলেই আসি। অপরাধ নেবেন না—’

‘মোটাই না। কী ব্যাপার বলুন।’

‘একটা অনুরোধ—একটা বিশেষ রকম অনুরোধ—বলতে পারেন একটা বেয়াড়া অনুরোধ নিয়ে এসেছি আমি।’

‘বলুন—’

‘দীননাথের বাস্তু যে লেখাটার কথা বলছিলেন, সেটা কি তেরাই-রচয়িতা শঙ্কুচরণের কোনও রচনা?’

‘আজ্ঞে হ্যাঁ। তাঁর তিব্বত ভ্রমণের কাহিনী।’

‘মাই গড!’

ফেলুদা চুপ। নরেশ পাকড়াশীও কয়েক মুহূর্তের জন্য চুপ। দেখেই বোঝা যায় তার মধ্যে একটা চাপা উত্তেজনার ভাব। তারপর মুখ খুললেন—

‘আপনি জানেন কি যে ভ্রমণ-কাহিনীর বই আমার সংগ্রহে যত আছে তেমন আর কলকাতায় কারুর কাছে নেই?’

ফেলুদা বলল, ‘সেটা বিশ্বাস করা কঠিন নয়। আপনার বইয়ের আলমারির দিকে যে আমার দৃষ্টি যায়নি তা নয়। সোনার জলে লেখা কতকগুলো নামও চোখে পড়েছে—স্বেন হেদিন, ইবন বাতুতা, তাভেরনিয়, ইকার...’

‘আশ্চর্য দৃষ্টি তো আপনার।’

‘ওইটেই তো ভরসা।’

নরেশবাবু তাঁর বাকানো পাইপটা ঠোঁট থেকে নামিয়ে একদৃষ্টে ফেলুদার দিকে তাকিয়ে বললেন, ‘আপনি সিমলা যাচ্ছেন তো?’

এবার ফেলুদার অবাক হবার পালা। ‘কী করে জানলেন’ প্রশ্নটা মুখে না বললেও তার চাহনিতে বোঝা যাচ্ছিল। নরেশবাবু একটু হেসে বললেন, ‘দীনু লাহিড়ীর বাস্ক যে ধর্মীজার সঙ্গে বদল হয়ে গেছে সেটা আপনার মতো তুখোড় লোকের পক্ষে বের করা নিশ্চয়ই অসম্ভব নয়। ধর্মীজার নামটা তার সুটকেসে লেখা ছিল, আর এয়ার ইন্ডিয়ার ব্যাগটা তাকে আমি নিজে ব্যবহার করতে দেখেছি। সেই বাস্ক থেকে শেভিং-এর সরঞ্জাম বার করে দাড়ি কামিয়েছেন ভদ্রলোক।’

‘কিন্তু কাল সে কথাটা বললেন না কেন?’

‘আমি বলে দেওয়ার চেয়ে নিজের বুদ্ধি খাটিয়ে বার করার মধ্যে অনেক বেশি আনন্দ নয় কি? কেসটা তো আপনার। আপনি মাথা খাটাবেন এবং তার জন্য আপনি পারিশ্রমিক পাবেন। গায়ে পড়ে আমি কেন হেল্প করব বলুন?’

ফেলুদার ভাব দেখে বুঝলাম সে নরেশবাবুর কথাটা অস্বীকার করছে না। সে বলল, ‘কিন্তু আপনার বেয়াড়া অনুরোধটা কী সেটা তো বললেন না।’

‘সেটা আর কিছুই না। লাহিড়ীর বাস্ক আপনি উদ্ধার করতে পারবেন নিশ্চয়ই। আর সেই সঙ্গে সেই লেখাটাও। আমার অনুরোধ আপনি ওটা ওকে ফেরত দেবেন না।’

‘সে কী!’ ফেলুদা অবাক। আমিও।

‘তার বদলে ওটা আমাকে দিন।’

‘আপনাকে?’ ফেলুদার গলার আওয়াজ তিন ধাপ চড়ে গেছে।

‘বললাম তো অনুরোধটা একটু বেয়াড়া। কিন্তু এ অনুরোধ আপনাকে রাখতেই হবে।’ ভদ্রলোক তার কনুই দুটো হাঁটুর উপর রেখে সামনের দিকে ঝুঁকে পড়ে বললেন, ‘তার প্রথম কারণ হচ্ছে—ওই লেখার মূল্য দীননাথ লাহিড়ীর পক্ষে বোঝা সম্ভব নয়। তার বাড়ির আলমারিতে একটাও ভাল বই দেখেছেন? দেখেননি। দ্বিতীয়ত, কাজটা আমি আপনাকে বিনা কম্পেনসেশনে করতে বলছি না। এর জন্যে আমি আপনাকে—’

ভদ্রলোক কথা থামিয়ে তাঁর কোটের বুক-পকেট থেকে একটা নীল রঙের খাম টেনে বার করলেন। তারপর খামের ঢাকনা খুলে সেটা ফেলুদার দিকে এগিয়ে ধরলেন। ঢাকনা খুলতেই একটা চেনা গন্ধ আমার নাকে এসেছিল। সেটা হল করকরে নতুন নোটের গন্ধ। এখন দেখলাম খামের মধ্যে একশো টাকার নোটের তাড়া।

‘এতে দু হাজার আছে’, নরেশবাবু বললেন, ‘এটা আগাম। লেখাটা হাতে এলে আরও দু দেব আপনাকে।’

ফেলুদা খামটা যেন দেখেও দেখল না। পকেটে হাত দিয়ে চারমিনারের প্যাকেট বার করে দিব্যি একটা সিগারেট ধরিয়ে ধোঁয়া ছেড়ে বলল, ‘আমার মনে হয় দীননাথ লাহিড়ী ও-লেখার কদর করেন কি না করেন সেটা এখানে অবাস্তব। আমি যে কাজের ভারটা নিয়েছি সেটা হল তাঁর বাস্কটা সিমলা থেকে এনে তাঁর হাতে তুলে দেওয়া—সমস্ত জিনিসপত্র সমেত। ব্যাস্—ফুরিয়ে গেল।’

নরেশবাবু বোধহয় কথাটার কোনও জুতসই জবাব পেলেন না।

বললেন, ‘বেশ—ওসব না হয় ছেড়েই দিলাম। আমার অনুরোধের কথাটাতেই ফিরে আসছি। লেখাটা আপনি আমায় এনে দিন। দীনু লাহিড়ীকে বলবেন সেটা মিসিং। ধর্মীজা বলছে



লেখাটা বাঞ্চে ছিল না।’

ফেলুদা বলল, ‘তাতে ধম্মীজার পোজিশনটা কী হচ্ছে সেটা ভেবে দেখেছেন কি? একটা সম্পূর্ণ নির্দোষ লোকের ঘাড়ে আমি এভাবে অপরাধের বোঝা চাপাতে রাজি হব—এটা আপনি কী করে ভাবলেন? মাপ করবেন মিস্টার পাকড়াশী, আপনার এ অনুরোধ রক্ষা করা আমার পক্ষে সম্ভব নয়।’

ফেলুদা সোফা ছেড়ে উঠে দাঁড়িয়ে বেশ ভদ্র ভাবেই বলল, ‘গুড নাইট, মিস্টার পাকড়াশী। আশা করি আপনি আমাকে ভুল বুঝবেন না।’

নরেশবাবু কয়েক মুহূর্ত থুম হয়ে বসে থেকে টাকা সমেত খামটা পকেটে পুরে ফেলুদার দিকে তাকিয়ে একটা শুকনো হাসি হেসে ঘর থেকে বেরিয়ে চলে গেলেন। তিনি রাগ করেছেন, না

হতাশ হয়েছেন, না অপমানিত হয়েছেন, সেটা তাঁর মুখ দেখে কিছুই বোঝা গেল না।

আমি মনে মনে বললাম, ফেলুদা ছাড়া অন্য কোনও গোয়েন্দা যদি অতগুলো করকরে নোটের সামনে পড়ত, তা হলে কি সে এভাবে লোভ সামলাতে পারত? বোধহয় না।

৬

ইন্ডিয়ান এয়ার লাইনসের দুশো তেষটি নম্বর ফ্লাইটে আমরা তিনজনে দিল্লি চলেছি— আমি, ফেলুদা আর জটায়ু। সাড়ে সাতটার সময় প্লেন দমদম ছেড়েছে। দমদমে ওয়েটিং রুমে থাকতেই ফেলুদা বাস্তব বদলের ঘটনাটা মোটামুটি লালমোহনবাবুকে বলে দিয়েছিল। শোনার সময় ভদ্রলোক বারবার উত্তেজিত হয়ে ‘থ্রিলিং’ ‘হাইলি সাসপিশাস’ ইত্যাদি বলতে লাগলেন, আর সরষের তেল গায়ে মেখে অ্যাটাক করার ব্যাপারটা একটা ছোট্ট খাতায় নোট করে নিলেন। ওয়েটিং রুমে থাকতেই ওঁকে জিজ্ঞেস করেছিলাম উনি আগে প্লেনে চড়েছেন কি না। তাতে উনি বললেন, ‘কল্লনার দৌড় থাকলে মানুষ কোনও কিছু না করেও সব কিছুই করে ফেলতে পারে। প্লেনে আমি চড়িনি। যদি জিজ্ঞেস করো নার্সাস লাগছে কি না তা হলে বলব—নট এ বিট, কারণ আমি কল্লনায় শুধু প্লেনে নয়—রকেটে চড়ে মনে পর্যন্ত ঘুরে এসেছি।’

এত বলার পরেও দেখলাম প্লেনটা যখন তীরবেগে রানওয়ের ওপর দিয়ে গিয়ে হঠাৎ সাই করে মাটি ছেড়ে কোনাকুনি উপর দিকে উঠল, তখন লালমোহনবাবু দুহাতে তাঁর সিটের হাতল দুটো এমন জোরসে মুঠো করে ধরলেন যে, তাঁর আঙুলের গাটগুলো সব ফ্যাকাসে হয়ে গেল, আর তাঁর ঠোঁটের কোণ দুটো নীচের দিকে নেমে এসে তলার দাঁতের পাটি বেরিয়ে গেল, আর মুখটা হয়ে গেল হলদে ব্লটিং পেপারের মতো।

পরে জিজ্ঞেস করাতে ভদ্রলোক বললেন, ‘ওরকম হবেই। রকেট যখন পৃথিবী ছেড়ে শূন্যে ওঠে, তখন অ্যাস্ট্রোনটদের মুখও ওরকম বেঁকে যায়। আসলে ওপরে ওঠার সময় মানুষের সঙ্গে মাধ্যাকর্ষণের একটা লড়াই চলতে থাকে, আর সে লড়াইয়ের ছাপ পড়ে মানুষের মুখের ওপর। তাই মুখ বেঁকে যায়।’

আমার বলার ইচ্ছে ছিল, মাধ্যাকর্ষণের জন্য মুখ বেঁকলে সকলেরই বেঁকা উচিত, শুধু লালমোহনবাবুর বেঁকবে কেন, কিন্তু ভদ্রলোক এখন সামলে নিয়ে দিবি ফুর্তিতে আছেন দেখে আর কিছু বললাম না।

ব্রেকফাস্টে কফি, ডিমের অমলেট, বেকড বিনস, রুটি মাখন মারমালেড, কমলালেবু আর নুন গোলমরিচের খুদে কৌটোর সঙ্গে ট্রেতে ছিল প্লাস্টিকের থলির ভিতর একগাদা কাঁটা-চামচ আর ছুরি। লালমোহনবাবু কফির চামচ দিয়ে অমলেট কেটে খেলেন, ছুরিটাকে চামচের মতো ব্যবহার করে শুধু শুধু মারমালেড খেলেন, আর কাঁটা দিয়ে কমলালেবুর খোসা ছাড়াতে গিয়ে শেষটায় না পেয়ে হাত দিয়ে কাজটা সারলেন। খাবার পর ফেলুদাকে বললেন, ‘আপনাকে তখন সুপুরি খেতে দেখলুম—আর আছে নাকি?’ ফেলুদা তার দুটো পায়ের মাঝখানে ধমীজার বাস্তবটা রেখেছিল, সেটা থেকে কোডাকের কৌটোটা বার করে লালমোহনবাবুকে দিল। বাস্তবটার দিকে চোখ পড়লেই কেন জানি আমার বুকের ভেতরটা ছাঁৎ করে উঠছিল। এই বাস্তবটা ফেরত দিয়ে তার বদলে ঠিক ওই রকমই একটা বাস্তব আনার জন্য আমরা কলকাতা থেকে বারো শো মাইল দূরে সাত হাজার ফুট হাইটে বরফের দেশ সিমলা শহরে চলেছি!

ফেলুদা প্লেনে ওঠার পর থেকেই বিখ্যাত সবুজ খাতা (ভল্যুম সেভন) বার করে তার মধ্যে নানারকম হিজিবিজি নোট করে চলেছে, আর মাঝে মাঝে কলমের পিছনটা দাঁতের ফাঁকে দিয়ে পাশের জানলা দিয়ে নীচের দিকে তাকিয়ে সাদা সাদা তুলোর মতো মেঘের সমুদ্রের দিকে চেয়ে

কী যেন ভাবছে। আমি অবিশ্যি ব্যাপারটা নিয়ে ভাবা ছেড়ে দিয়েছি, কারণ রহস্যটা যে ঠিক কোনখানে সেটাই এখনও বুঝে উঠতে পারিনি।

দিল্লিতে নামার পর প্লেন থেকে বেরিয়ে এসে দেখি বেশ শীত। ফেলুদা বলল, তার মানে সিমলায় টাটকা স্নো-ফল হয়েছে; উত্তর দিক থেকে সেই বরফের কনকনে হাওয়া বয়ে এসে দিল্লির শীত বাড়িয়েছে। ধর্মীজার ব্যাগটা ফেলুদা নিজের হাতেই রেখেছিল, আর এক মুহূর্তের জন্যও সেটাকে হাতছাড়া করেনি। লালমোহনবাবু বললেন আগ্রা হোটেলের উঠবেন। 'বারোটা নাগাত চানটান করে আপনাদের হোটেলের এসে মিট করব। তারপর এক সঙ্গে লাঞ্চ সেরে একটু ঘুরে বেড়ানো যাবে। ট্রেন তো সেই রাত আটটায়।'

জনপথ হোটেলটা একটা পেঙ্গায় ব্যাপার। ছ'তলা হোটেলের পাঁচতলার পাঁচশো বত্রিশ নম্বর ডাবল রুমে জিনিসপত্র যথাস্থানে রেখে ফেলুদা তার খাটে শুয়ে পড়ল। একটা প্রশ্ন আমার মাথার মধ্যে ঘুরছিল, সেটা এই সুযোগে ফেলুদাকে বলে ফেললাম—

'এই বাস্তব বদলের ব্যাপারে কোন জিনিসটা তোমার সবচেয়ে বেশি রহস্যজনক বলে মনে হয়?'

ফেলুদা বলল, 'খবরের কাগজ।'

'একটু খুলে বলবে কি?' আমি ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম।

'মিস্টার ধর্মীজা দু দুটো দিল্লির কাগজ সযত্নে ভাঁজ করে তার বাস্তব পুরেছিলেন কেন— আপাতত এইটাই আমার কাছে সবচেয়ে রহস্যজনক। ট্রেনে যে কাগজ কেনা হয়, শতকরা নিরানব্বইজন লোক সে কাগজ ট্রেনেই পড়া শেষ করে ট্রেনেই ফেলে আসে। অথচ...'

এটা হল ফেলুদার কায়দা। হঠাৎ এমন একটা ব্যাপার নিয়ে ভাবতে শুরু করবে, যেটা নিয়ে ভাবার কথা আর কারুর মাথাতেই আসবে না।

দিল্লিতে আমরা যেটুকু সময় ছিলাম তার মধ্যে লেখার মতো দুটো ঘটনা ঘটেছিল। প্রথমটা তেমন কিছু নয়, দ্বিতীয়টা সাংঘাতিক।

সাড়ে বারোটার সময় লালমোহনবাবু এলে পর আমরা ঠিক করলাম লাঞ্চ সেরে যন্ত্র মন্ত্র দেখতে যাব। আড়াইশো বছর আগে রাজা মানসিংহের তৈরি এই আশ্চর্য অবজারভেটরিটা জনপথে হোটেল থেকে মাত্র দশ মিনিটের হাঁটা পথ। ফেলুদা বলল ও ঘরেই থাকবে, বাস্তবটা পাহারা দেবে, আর কেসটা নিয়ে চিন্তা করবে। কাজেই আমি আর লালমোহনবাবু চলে গেলাম মানসিংহের কীর্তি দেখতে, আর সেখানেই ঘটল প্রথম ঘটনাটা।

মিনিট দশেক ঘোরাঘুরির পর লালমোহনবাবু হঠাৎ আমার কোটের আন্তিনটা ধরে বলল, 'একজন সাসপিশাস ক্যারেকটার বোধহয় আমাদের ফলো করছে।'

উনি যাকে চোখের ইশারায় দেখালেন, তিনি একজন বুড়ো ভদ্রলোক। তার মাথায় একটা নেপালি টুপি, চোখে কালো চশমা আর কানে তুলো। সত্যিই মনে হল লোকটা সুযোগ পেলেই যেন এখান থেকে ওখান থেকে উঁকি মেরে আমাদের গতিবিধি লক্ষ্য করছে।

'লোকটাকে আমি চিনি,' লালমোহনবাবু ফিসফিস করে বললেন।

'সে কী, চেনেন মানে?'

'প্লেনে আমার পাশে এসেছে। আমার সেফটি বেল্ট বাঁধতে সাহায্য করেছিল।'

'কোনও কথা হয়েছিল আপনার সঙ্গে?'

'না। আমি থ্যাঙ্কস দিলুম, উনি কিছু বললেন না। ভেরি সাসপিশাস।'

আমরা ওর বিষয় কথা বলছি সেটা বোধহয় বুড়োটা বুঝতে পেরেছিল, কারণ কিছুক্ষণ পরে আর তাকে দেখতে পেলাম না।

হোটেলের ফিরতে ফিরতে প্রায় সাড়ে তিনটে হল। রিসেপশনে গিয়ে পাঁচশো বত্রিশ নম্বর



ঘরের চাবি চাইতে লোকটা বলল চাবি তো নেই। আমি একটু ঘাবড়ে গিয়েছিলাম, কিন্তু তার পরেই খেয়াল হল চাবিটা রিসেপশনে দেওয়াই হয়নি—ওটা আমার পকেটেই রয়ে গেছে। তারপর আবার খেয়াল হল, ফেলুদা যখন ঘরেই রয়েছে, তখন চাবির দরকার কী? হোটেলে থেকে তো অভ্যেস নেই, তাই মাথা গুলিয়ে গেছে।

পাঁচ তলায় লম্বা খোলা বারান্দা দিয়ে প্রায় চল্লিশ-পঞ্চাশ হাত হেঁটে গিয়ে ডান দিকে আমাদের ঘর। দরজায় টোকা দিয়ে দেখি কোনও সাড়া নেই।

জটায়ু বললেন, ‘তোমার দাদা বোধহয় ন্যাপ নিচ্ছেন।’

আবার টোকা মারলাম, তাও কোনও জবাব নেই।

শেষটায় দরজার হাতল ঘুরিয়ে দেখি সেটা খোলা। ফেলুদা কিন্তু ভিতর থেকে ছিটকিনি লাগিয়ে দিয়েছিল।

কিন্তু খোলা হলে কী হবে—দরজার পিছনে কী জানি একটা রয়েছে যার ফলে সেটা অল্প খুলে আর খুলছে না।

এবার দরজার ফাঁক দিয়ে মাথাটা খানিকটা গলাতেই একটা দৃশ্য দেখে আমার রক্ত জল হয়ে গেল।

দরজার ঠিক পিছনটায় ফেলুদা উপুড় হয়ে মাটিতে পড়ে আছে, তার ডান হাতের কনুইটা রয়েছে সামনের দিকে, আর সেটাতেই আটকাচ্ছে আমাদের দরজা।

আমার ভয়ে দম বন্ধ হয়ে গিয়েছিল, কিন্তু তাও লালমোহনবাবুর সঙ্গে একজোটে খুব সাবধানে দরজটাকে আরেকটু ফাঁক করে কোনওরকমে শরীরটা গলিয়ে ঘরের মধ্যে ঢুকলাম।

ফেলুদা অজ্ঞান হয়ে ছিল; হয়তো আমাদের ঠেলাঠেলির ফলেই এখন একটু ওপাশ এপাশ করছে, আর মুখ দিয়ে একটা গোঙানোর মতো শব্দ করছে। লালমোহনবাবু দেখলাম দরকারে বেশ কাজের মানুষ; মাথায় আর চোখে জল দিয়ে ফেলুদার জ্ঞান ফিরিয়ে আনলেন।

ফেলুদা আরেকটা গোঙানির শব্দ করে মাথাটার উপর আলতো করে নিজের হাতটা ঠেকিয়ে মুখটা বেঁকিয়ে বলল, ‘ওটা নেই নিশ্চয়ই।’

আমি এর মধ্যে পাশের ঘরে গিয়ে দেখে এসেছি। বললাম, ‘না ফেলুদা। বাত্ম লোপাট।’
‘ন্যাচারেলি!’

ফেলুদা উঠতে যাবে, আমরা দুজনে তার দিকে হাত বাড়িয়েছি, তাতে ও বলল, ‘ঠিক আছে, আই ক্যান ম্যানেজ। চোট শুধু ব্রহ্মতালুতে।’

মিনিট দু-এক বিশ্রাম করে হাত-পা এদিক ওদিক চালিয়ে নিয়ে, টেলিফোনে চা অর্ডার দিয়ে, অবশেষে ফেলুদা আমাদের ঘটনাটা খুলে বলল।

‘তোরা যাবার পর আধঘণ্টা খানেক আমি খাতাটা নিয়ে বিছানায় শুয়ে কিছু কাজকর্ম করলাম। কাল রাত্রে তো ঘণ্টা দু-একের বেশি ঘুমোইনি, তাই সবে ভাবছি একটু চোখটা বুজে জিরিয়ে নেব, এমন সময় টেলিফোনটা বাজল।’

‘টেলিফোন?’

‘শোন না ব্যাপারটা!—টেলিফোন ধরতে রিসেপশনের লোকটার গলা পেলাম। বলল, ‘মিস্টার মিস্ত্রি, একটি ভদ্রলোক নীচে দাঁড়িয়ে আছেন, তিনি আপনাকে বিখ্যাত ডিটেকটিভ বলে চিনেছেন। তিনি আপনার একটা অটোগ্রাফ চাইছেন—আপনার কাছে পাঠিয়ে দেব কি?’

ফেলুদা একটু থেমে আমার দিকে ফিরে বলল, ‘একটা জিনিস তোকে বলছি তোপসে—অটোগ্রাফ নেবার লোভের চেয়ে অটোগ্রাফ দেবার লোভটা মানুষের মধ্যে কিছু কম প্রবল নয়। অবিশ্যি ভবিষ্যতে সাবধান হয়ে যাব, কিন্তু এই লেসনটা না পেলে হতাম কিনা সন্দেহ।’

‘তার মানে—?’

‘তার মানে কিছুই না। বললাম, পাঠিয়ে দাও আমার ঘরে। লোকটা এল, নক করল, দরজা খুললাম, আর খুলতেই নক পড়ল আমার মাথায়, আর তার পরেই অমাবস্যা। মুখে রুমাল বেঁধে এসেছিল, তাই চেহারাটাও...’

আমার ইচ্ছে করছিল মাথার চুল ছিড়ি। কেন যে গেলাম মরতে যন্ত্র মন্ত্র দেখতে। লালমোহনবাবু বললেন, ‘দিল্লিতে রয়েছি যখন, প্রাইম মিনিস্টারকে একটা ফোন করলে হয় না?’

ফেলুদা একটা শুকনো হাসি হেসে বলল, ‘বাত্ম নিয়ে সে লোকের কী লাভ হল জানি না, কিন্তু আমাদের একেবারে চরম বিপদে ফেলে দিয়ে গেল। কী বেপরোয়া শয়তান রে বাবা!’

এরপর মিনিট পাঁচেক ধরে আমাদের তিনজনের নিশ্বাস ছাড়া আর কোনও শব্দ শোনা গেল না ঘরে। তারপর ফেলুদা বলল, ‘রাত্তা আছে। ঠিক সিধে নয়, তবে একমাত্র রাত্তা। আর সেটা নিতেই হবে, কারণ খালি হাতে সিমলা যাওয়া চলে না।’

এবার ফেলুদা টেবিলের উপর থেকে তার সবুজ নোট বুকটা নিল। তারপর ধর্মীজার বাত্মের জিনিসের লিস্টটা বার করে একবার চোখ বুলিয়ে নিয়ে বলল, ‘এতে এমন জিনিস একটাও নেই যেটা দিল্লি শহরে কিনতে যাওয়া যাবে না। এই লিস্ট দেখে মিলিয়ে মিলিয়ে প্রত্যেকটা জিনিস নিতে হবে আমাদের। জিনিসগুলোর অবস্থা কীরকম ছিল সেটা পরিষ্কার মনে আছে আমার।’

হয়তো ধমীজার চেয়ে বেশি ভাল করেই মনে আছে। কাজেই সেখানে কোনও চিন্তা নেই। এমনকী টুথপেস্ট আর শেভিং ক্রিম যতটা খরচ হয়েছিল ঠিক ততটা পর্যন্ত বার করে ফেলে দিয়ে সেই অবধি টিউবটাকে পাকিয়ে দেব। সাদা রুমাল কিনে তাতে ও লেখানোও আজকের মধ্যেই সম্ভব, নকশাটা আমার মনে আছে। খবরের কাগজ দুটোর তারিখ অবিশ্যি মিলবে না, কিন্তু সেটা ধমীজা নোটিশ করবে বলে মনে হয় না। এক খরচের মধ্যে হল এক রোল কোডাক ফিল্ম—’

‘ওই যাঃ!’ জটায়ু চুঁচিয়ে উঠলেন, ‘এটা সেই যে আপনি প্লেনে আমাকে দিলেন, তারপর আর ফেরতই দেওয়া হয়নি।’ এই বলে তিনি পকেট থেকে সুপুরি রাখা কোডাকের কৌটোটা বার করে ফেলুদাকে দেখালেন।

‘ঠিক আছে। একটা ঝামেলা কমল...কিন্তু ওটা আবার কী বেরোল আপনার পকেট থেকে?’ কোডাকের কৌটোর সঙ্গে একটা কাগজের টুকরোও বেরিয়ে এসেছে লালমোহনবাবুর কোটের পকেট থেকে। কাগজটায় লাল পেনসিলে লেখা—

‘প্রাণের ভয় থাকে তো সিমলা যেয়ো না—’

৭

এখন রাত সাড়ে নটা। আমরা ট্রেনে করে অন্ধকারের মধ্যে দিয়ে কালকার দিকে ছুটে চলেছি। কালকা থেকে কাল ভোরে সিমলার ট্রেন ধরব। দিল্লি থেকে খেয়ে বেরিয়েছিলাম, তাই আর ট্রেনে ডিনার নিইনি। আমাদের কামরায় আমরা তিনজনেই রয়েছি, তাই একটা আপার বার্থ খালি। অন্য দুজনের কথা জানি না, আমার মনের মধ্যে খুশি ভয় কৌতূহল উত্তেজনা সব মিলিয়ে এমন একটা ভাব হয়েছে যে কেউ যদি জিজ্ঞেস করে আমার কীরকম লাগছে, তা হলে আমি বলতেই পারব না।

আমার তিনজনেই চুপচাপ যে যার নিজের ভাবনা নিয়ে বসেছিলাম, এমন সময় লালমোহনবাবু বললেন, ‘আচ্ছা মিস্টার মিস্তির, খুব ভাল গোয়েন্দা আর খুব ভাল ক্রিমিন্যাল— এই দুটোর মধ্যে বোধহয় খুব একটা তফাত নেই, তাই না?’

ফেলুদা এত অন্যান্যনস্ক ছিল যে কোনও উত্তরই দিল না, কিন্তু আমি বেশ বুঝতে পারলাম লালমোহনবাবু কেন কথাটা বললেন। ওটার সঙ্গে আজ বিকেলের একটা ঘটনার সম্পর্ক রয়েছে। সেটা এখানে বলা দরকার, কারণ ফেলুদার একটা বিশেষ ক্ষমতা এতে আশ্চর্যভাবে প্রকাশ পেয়েছিল।

ধমীজাকে ভাঁওতা দেবার জন্য লিস্ট অনুযায়ী বাস্তবের জিনিসগুলো জোগাড় করতে লাগল মাত্র আধঘণ্টা। শুধু একটা ব্যাপারে এসে ঠেকে গেলাম—বাস্তবের ভিতরের জিনিস জোগাড় হলেও আসল বাস্তব নিয়েই হয়ে গেল মুশকিল।

নীল রঙের এয়ার ইন্ডিয়ান ব্যাগ পাওয়া যাবে কোথেকে? দিল্লিতে আমাদের চেনা এমন একজনও লোক নেই যার কাছে ওরকম একটা ব্যাগের সন্ধান করা যেতে পারে। বাজারে ঠিক ওইরকমই দেখতে ব্যাগ পাওয়া যায় বটে, কিন্তু তাতে এয়ার ইন্ডিয়ান লেবেল নেই, আর লেবেল না থাকলে ধমীজা নির্ঘাত আমাদের বুজরুকি ধরে ফেলবেন। শেষটায় ফেলুদা দেখি একেবারে এয়ার ইন্ডিয়ান আপিসে গিয়ে হাজির হল। ঢুকেই আমাদের দৃষ্টি গেল কাউন্টারের সামনে চেয়ারে বসা পার্শি টুপি পরা এক ফরসা বুড়ো ভদ্রলোকের দিকে। ভদ্রলোকের বাঁ দিকে তার চেয়ারের গা ঘেঁষে মাটিতে দাঁড় করানো রয়েছে একটা ঝকঝকে নতুন নীল রঙের এয়ার ইন্ডিয়ান বাস্তব। ঠিক যেরকমটি দরকার সেরকম। ইতিমধ্যে অবিশ্যি আমরা একটা নীল রঙের

বাজারের ব্যাগ কিনে নিয়েছিলাম।

ফেলুদা সেটা হাতে নিয়ে কাউন্টারের সামনে গিয়ে বুড়ো ভদ্রলোকের বাস্ত্রের ঠিক পাশেই হাতের বাস্ত্রটা রেখে, কাউন্টারের পিছনের লোকটাকে ওর সব চেয়ে চোস্ত ইংরিজি উচ্চারণে জিজ্ঞেস করল—‘আপনাদের দিল্লি থেকে কোনও ফ্লাইট ফ্রাঙ্কফুর্টে যায় কি?’ লোকটা অবিশ্যি তখুনি ফেলুদাকে খবরটা দিয়ে দিল, আর ফেলুদাও তক্ষুনি থ্যাঙ্ক ইউ বলে যাবার সময় এমন কায়দা করে বুড়োর ব্যাগটা তুলে নিয়ে সেই সঙ্গে পা দিয়ে আস্তে ঠেলা দিয়ে নিজের ব্যাগটা বুড়োর ব্যাগের জায়গায় রেখে দিল যে, আমার মনে হল ফেলুদার হাত সাফাইটাও তার বুদ্ধির মতোই ঝকঝকে পরিষ্কার। এটাও বলা দরকার যে বাস্ত্র হাতে পাওয়ার ঘণ্টা খানেকের মধ্যেই ফেলুদার কারসাজির ফলে সেই বাস্ত্র আর তার ভিতরের জিনিসপত্রের যা চেহারা হল, তা দেখে ধমীজার চোদোপুরুষও সন্দেহ করবে না যে তার মধ্যে কোনও ফাঁকি আছে।

ফেলুদা এতক্ষণ খাতা খুলে বসেছিল, এবার সেটা বন্ধ করে আমাদের এই ছোট্ট কামরার ভেতরেই পায়চারি শুরু করে আপন মনেই বলে উঠল, ‘ঠিক এই রকম একটা কম্পার্টমেন্টেই ছিলেন ওঁরা চারজন...’

কখন যে কোন জিনিসটা ফেলুদার দৃষ্টি আকর্ষণ করবে সেটা বলা শক্ত। অনেক সময় কেন যে করে সেটা বলা আরও শক্ত। যেমন জলের গেলাসগুলো। কামরার দেয়ালে জানালা ও দরজার দুদিকে আংটা লাগানো আছে, আর তার মধ্যে বসানো আছে চারটে জলের গেলাস। ফেলুদা একদৃষ্টে চেয়ে আছে তারই একটা গেলাসের দিকে।

‘ট্রেনে উঠলে আপনার ঘুম হয়, না হয় না?’ হঠাৎ ফেলুদা প্রশ্ন করল জটায়ুকে। জটায়ু একটা জলহস্তীর মতো বিশাল হাই তুলতে গিয়ে মাঝপথে থেমে হেসে বললেন, ‘ঝাঁকুনিটা মন্দ লাগে না।’

ফেলুদা বলল, ‘জানি। কিন্তু সকলের পক্ষেই এই ঝাঁকুনিটা ঘুমপাড়ানির কাজ করে না। আমার এক মেসোমশাই সারারাত জেগে বসে থাকতেন ট্রেনে। অথচ বাড়িতে খেয়েদেয়ে বালিশে মাথা দিলেই অঘোর নিদ্রা।’

হঠাৎ দেখি ফেলুদা এক লাফে বান্ধে উঠে গেছে। উঠেই প্রথমে রিডিং লাইটটা জ্বালল। তারপর সেটার সামনে এলেরি কুইনের বইটা (যেটা দিল্লি স্টেশন থেকে ধমীজার বাস্ত্র রাখার জন্য কিনতে হয়েছে) খুলে ধরে কিছুক্ষণ পাতা উলটে দেখল। তারপর কিছুক্ষণ একেবারে চুপ করে শবাসনের ভঙ্গিতে শুয়ে সিলিংয়ের আলোর দিকে চেয়ে রইল। ট্রেন অন্ধকারের মধ্যে দিয়ে ছুটে চলেছে, বাইরে মাঝে মাঝে দু-একটা বাতি ছাড়া আর কিছু দেখা যায় না। লালমোহনবাবুকে জিজ্ঞেস করতে যাচ্ছিলাম, তিনি যে অস্ত্রটার কথা বলেছিলেন সেটা কখন আমাদের দেখাবেন, এমন সময় ভদ্রলোক বললেন, ‘একটা ভুল হয়ে গেছে। ডাইনিং কারের লোকটাকে জিজ্ঞেস করে দেখতে হবে ওদের কাছে সুপুরি আছে কি না। না থাকলে কোনও স্টেশন থেকে কিনে নিতে হবে। ধমীজার কৌটোর মাল মাত্র একটিতে এসে ঠেকেছে।’

লালমোহনবাবু পকেট থেকে কোডাকের কৌটোটা বার করে ঢাকনা খুলে হাতের উপর কাত করলেন। কিন্তু তা থেকে সুপুরি বেরোল না।

‘আচ্ছা আপদ তো! স্পষ্ট দেখতে পাচ্ছি ভেতরে রয়েছে, অথচ বেরোচ্ছে না।’

এবার লালমোহনবাবু কৌটোটা হাতের তেলোর উপর ঝাঁকাতে শুরু করলেন, আর প্রত্যেক ঝাঁকুনির সঙ্গে সঙ্গে একটা করে শালা বলতে লাগলেন। কিন্তু তাও সুপুরি বেরোল না।

‘দিন তো মশাই!’

কথাটা বলার সঙ্গে সঙ্গেই ফেলুদা এক লাফে বান্ধ থেকে নেমে এক ছোবলে লালমোহনবাবুর হাত থেকে হলদে কৌটোটা ছিনিয়ে নিল। জটায়ু এই আচমকা আক্রমণে থা।



ফেলুদা নিজে কৌটোটাকে একবার ঝাঁকিয়ে কোনও ফল হল না দেখে তার ডান হাতের কান্ডে আঙুলটা কৌটোর ভিতরে ঢুকিয়ে চাড়া দিতেই একটা খচ শব্দ করে সুপুঁরিটা আলগা হয়ে বাইরে বেরিয়ে পড়ল।

এবার ফেলুদা কৌটোর মুখে নাক লাগিয়ে বলল—‘কৌটোর তলায় আঠা লাগানো ছিল। সম্ভবত অ্যারালডাইট।’

বাইরে করিডরে পায়ের আওয়াজ।

‘তোপসে, শাট দ্য ডোর!’

‘আমি দরজাটা এক পাশে ঠেলে বন্ধ করার সময় এক মুহূর্তের জন্য দেখতে পেলাম আমাদের দরজার সামনে দিয়ে বাথরুমের দিকে চলে গেল যন্ত্রের মন্তরের সেই কালো চশমা পরা আর কানে তুলো গোঁজা বুড়ো।

‘স স স স...’

ফেলুদার মুখ দিয়ে একটা তীক্ষ্ণ শিসের মতো শব্দ বেরোল।

সে সুপুঁরিটা হাতের তেলোয় নিয়ে একদৃষ্টে সেটার দিকে চেয়ে আছে।

আমি এগিয়ে গেলাম ফেলুদার দিকে।

স্পষ্ট বোঝা যাচ্ছে জিনিসটা আসলে সুপুঁরি নয়। একটা অন্য কিছুর গায়ে ব্রাউন রং লাগিয়ে তাকে কতকটা সুপুঁরির মতো দেখতে করা হয়েছে।

‘বোঝা উচিত ছিল রে তোপসে!’ ফেলুদা চাপা গলায় বলে উঠল। ‘আমার অনেক আগেই বোঝা উচিত ছিল। আই হ্যাভ বিন এ ফুল!’

এবার ফেলুদা তার হাতের কাছের জলের গলাসটা আংটা থেকে বার করে নিয়ে তার মধ্যে সুপুঁরিটাকে ডুবিয়ে আঙুল দিয়ে ঘষতে লাগল। দেখতে দেখতে জলের রং খয়েরি হয়ে গেল। ধোয়া শেষ হলে পর জিনিসটাকে জল থেকে তুলে রুমাল দিয়ে মুছে ফেলুদা সেটাকে আবার হাতের উপর রাখল।

এতক্ষণে বুঝতে পারলাম, যেটাকে সুপুঁরি বলে মনে হচ্ছিল সেটা আসলে একটা নিখুঁতভাবে পলকটা ঝলমলে পাথর। চলন্ত ট্রেনের ঝাঁকুনিতে সেটা ফেলুদার ডান হাতের উপর এপাশ ওপাশ করছে, আর তার ফলে কামরার এই আধা আলোতেই তার থেকে যা ঝলকানি বেরোচ্ছে, তাতে মনে হয় বুঝি হিরে।

আর সত্যিই যদি তাই হয়, তা হলে বলব এত বড় হিরে আমি জীবনে কখনও দেখিনি, আর লালমোহনবাবুও দেখেননি, আর ফেলুদাও দেখেছে কি না সন্দেহ।

‘এ-এটা কি ডা-ডাই-ডাই...’

লালমোহনবাবুর মাথাটা যে গুণ্ডগোল হয়ে গেছে সেটা তাঁর কথা বলার ঢং থেকেই বুঝতে পারলাম। ফেলুদা পাথরটা হাতের মুঠোয় নিয়ে এক লাফে উঠে গিয়ে দরজাটা লক করে দিয়ে আবার জায়গায় ফিরে এসে চাপা গলায় বলল, ‘এমনিতেই তো মৃত্যুভয় দেখাচ্ছে আপনি আবার তার মধ্যে ডাই ডাই করছেন?’

‘না—মানে—’

‘যে রেটে এই বাস্তবের পিছনে লোক লেগেছে, তাতে হিরে হওয়া কিছুই আশ্চর্য না। তবে আমি তো আর জহুরি নই।’

‘তা হলে এর ভ্যা-ভ্যা—’

‘হিরের ভ্যালু-সম্বন্ধে আমার খুব পরিষ্কার জ্ঞান নেই। ক্যারেটের একটা আন্দাজ আছে—কোহিনুরের ছবি অ্যাকচুয়েল সাইজে দেখেছি। আন্দাজে মনে হয় এটা পঞ্চাশ ক্যারেটের কাছাকাছি হবে। দাম লাখ-টাখ ছাড়িয়ে অনেকদূর চলে যাবার কথা।’

ফেলুদা এখনও ঘুরিয়ে ফিরিয়ে পাথরটাকে দেখছে। আমি চাপা গলায় জিজ্ঞেস করলাম, ‘ধমীজার কাছে এ জিনিস গেল কী করে?’

ফেলুদা বলল, ‘লোকটা আপেলের চাষ করে, আর ট্রেনে ডিটেকটিভ বই পড়ে—এ ছাড়া যখন আর বিশেষ কিছুই জানা যায়নি, তখন প্রশ্নটার জবাব আর কী করে দিই বল।’

এতক্ষণে লালমোহনবাবু মোটামুটি গুছিয়ে কথা বলতে পারলেন—‘তা হলে এই পাথর কি সেই ধমীজার কাছেই ফেরত চলে যাবে?’

‘যদি মনে হয় এটা তারই পাথর, তা হলে যাবে বই কী।’

‘তার মানে আপনার কি ধারণা এটা তার নাও হতে পারে?’

‘সেটারও আগে একটা প্রশ্ন আছে। সেটা হল, বাংলাদেশের বাইরে এই ভাবে টুকরো করে এই ধরনের সুপুরি খাওয়ার রেওয়াজটা আদৌ আছে কি না।’

‘কিন্তু তা হলে—’

‘আর কোনও প্রশ্ন নয়, তোপসে। এখন কেসটা মোড় ঘুরে নতুন রাস্তা নিয়েছে। এখন কেবল চারিদিকে দৃষ্টি রেখে অতি সন্তর্পণে গভীর চিন্তা করে এগোতে হবে। এখন কথা বলার সময় নয়।’

ফেলুদা বুক পকেট থেকে ওয়ালেট বার করে একটা zip-ওয়ালা অংশ খুলে তার মধ্যে পাথরটা ভরে ওয়ালেটটা আবার পকেটে পুরে উপরের বাক্সে উঠে গেল। আমি জানি এখন আর তাকে বিরক্ত করা চলবে না। লালমোহনবাবু কী যেন একটা বলতে যাচ্ছিলেন, আমি তাঁকে ঠোঁটে আঙুল দিয়ে থামিয়ে দিলাম। ভদ্রলোক তখন আমাকেই বললেন, ‘জানো ভাই—রহস্য গল্প লেখা ছেড়ে দেব ভাবছি।’

আমি বললাম, ‘কেন? কী হল?’

‘গত দুদিনের মধ্যে যেসব ঘটনা ঘটল, সে সব কি আর বানিয়ে লেখা যায়, না ভেবে বার করা যায়? কথায় বলে না—টুথ ইজ স্ট্রঙ্গার দ্যান ফিকশন।’

‘স্ট্রঙ্গার না, কথাটা বোধহয় স্ট্রেঞ্জার।’

‘স্ট্রেঞ্জার?’

‘হ্যাঁ। মানে আরও বিস্ময়কর।’

‘কিন্তু স্ট্রেঞ্জার মানে তো আগম্ভক। ও, না না—স্ট্রেঞ্জ, স্ট্রেঞ্জার, স্ট্রেঞ্জেস্ট...’

আমি একটা কথা ভদ্রলোককে না বলে পারলাম না। জানতাম এটা বললে উনি খুশি হবেন।

‘আপনার জন্যেই কিন্তু হিরেটা পাওয়া গেল। আপনি সুপুরি খেয়ে কৌটো খালি করে দিয়েছিলেন বলেই তো তলা থেকে ওই নকল সুপুরিটা বেরোল।’

লালমোহনবাবু কান অবধি হেসে ফেললেন।

‘তা হলে আমারও কিছু কনট্রিবিউশন আছে বলছ, অ্যাঁ? হেঃ হেঃ হেঃ হেঃ—’

তারপর আরেকটু ভেবে বললেন, ‘আমার কী বিশ্বাস জানো তো? আমার বিশ্বাস তোমার দাদা এই হিরের ব্যাপারটা গোড়া থেকেই বুঝতে পেরেছিলেন, আর তাই কেসটা নিলেন। নইলে ভেবে দেখ—দুবার দুবার বাস্ক চুরি হল, কিন্তু দুবারই আসল জিনিসটা আমাদের কাছেই রয়ে গেল। আগে থেকে জানা না থাকলে কি এটা হয়?’

সত্যিই তো! লালমোহনবাবু ভালই বলেছেন। ওই সুপুরির কৌটো এখনও চোরেরা নিতে পারেনি। দিল্লিতে হোটেলের ঘরে ঢুকে বাস্ক চুরির গোঁয়ারতুমিও মাঠে মারা গেছে। হিরেটা এখনও আমাদের হাতে, মানে ফেলুদার পকেটে।

তার মানে শয়তানদের হাত থেকে এখনও রেহাই নেই।

হয়তো সিমলায় গিয়েও নেই...

এই সব ভাবতে ভাবতে কখন যে ঘুমিয়ে পড়েছিলাম জানি না। ঘুমটা যখন ভাঙল তখন বোধহয় মাঝরাত্তির। ট্রেন ছুটে চলেছে কালকার দিকে। বাইরে এখনও অন্ধকার। আমাদের কামরার ভিতরেও অন্ধকার। তার মানে ফেলুদাও ঘুমোচ্ছে। উলটোদিকে লোয়ার বার্থে জটায়ু। রিডিং ল্যাম্পটা জ্বালিয়ে হাতের ঘড়িটা দেখব, এমন সময় চোখ পড়ল দরজার দিকে। দরজার ঘষা কাচের উপর আমাদের দিক থেকে পর্দা টানা রয়েছে। সেই পর্দার বাঁ পাশে একটা ফাঁক দিয়ে কাচের খানিকটা অংশ দেখা যাচ্ছে। সেই কাচের উপর পড়েছে একটা মানুষের ছায়া।

মানুষটা দরজার বাইরে দাঁড়িয়ে কী যেন করছে।

একটুক্ষণ চেয়ে থাকার পর বুঝলাম, সে হাতলটা ধরে ঠেলে দরজাটিকে খোলার চেষ্টা করছে। জানি দরজা লক করা আছে, খুলতে পারে না, কিন্তু তাও আমার নিশ্বাস বন্ধ হয়ে এল।

কতক্ষণ এইভাবে চলত জানি না, হঠাৎ পাশের সিট থেকে লালমোহনবাবু ঘুমের মধ্যে ‘বুমেরাং’ বলে চৈঁচিয়ে ওঠাতে লোকটার ছায়াটা কাচের উপর থেকে সরে গেল।

বেশ বুঝতে পারছিলাম যে এত শীতের মধ্যেও আমি দস্তুর মতো ঘেমে গেছি।

৮

আমি দার্জিলিং থেকে কাঞ্চনজঙ্ঘা দেখেছি, এবারে স্নেনে দিল্লি আসার সময় দিন পরিষ্কার ছিল বলে দূরে বরফে ঢাকা অল্পপূর্ণা দেখেছি, সিনেমাতে শীতের দেশের ছবিতে অনেক বরফ দেখেছি, কিন্তু সিমলাতে এসে চোখের সামনে বরফ দেখতে পেয়ে যেরকম অবাক হয়েছি সেরকম আর কখনও হইনি। রাস্তায় যদি আমাদের দেশের লোক না দেখতাম, তা হলে ভারতবর্ষে আছি বলে মনেই হত না। অবিশ্যি শহরটার চেহারাতে এমনিতেই একটা বিদেশি ভাব রয়েছে। তার কারণ, ফেলুদা বলল, দার্জিলিং-এর মতো সিমলাও নাকি সাহেবদেরই তৈরি। ১৮১৯ খ্রিস্টাব্দে লেফটেন্যান্ট রস বলে একজন সাহেব নাকি সিমলায় এসে নিজের থাকার জন্য একটা কাঠের বাড়ি তৈরি করে। সেই থেকে শুরু হয় সিমলায় সাহেবদের বসবাস। ভাগ্যিস সাহেবরা গরমে কষ্ট পেত, আর তাই গরমকালে ঠাণ্ডা ভোগ করার জন্য পাহাড়ের উপর নিজেদের থাকার জন্য শহর তৈরি করে নিত।

কালকা থেকে মিটার গেজের ছোট ট্রেনে এখানে আসার পরে বিশেষ কোনও ঘটনা ঘটেনি। সেই কানে তুলো গোঁজা বুড়ো লোকটা কিন্তু একই গাড়িতে সিমলা এসেছে, আর আমাদের সঙ্গে একই ক্লার্কস হোটেলে উঠেছে। তবে লোকটা এখন আমাদের দিকে আর বিশেষ নজর দিচ্ছে না, আর আমারও মনে হচ্ছে ওকে সন্দেহ করে আমরা হয়তো ভুলই করেছিলাম। সত্যি বলতে কী, এখন লোকটাকে প্রায় নিরীহ গোবেচারা বলেই মনে হচ্ছে। লালমোহনবাবুও আমাদের সঙ্গে ক্লার্কসেই উঠেছেন। এই বরফের সময় খুব বেশি লোক বোধ হয় সিমলায় আসে না, তাই উনি আগে থেকেই রিজার্ভ না করেও একটা ঘর পেয়ে গেছেন।

ফেলুদা হোটেলে এসে ঘরে জিনিসপত্র তুলেই পোস্টাписের খোঁজে বেরিয়ে গেল। আমরাও যেতে চেয়েছিলাম, কিন্তু ও বলল বাস্কেটটাকে চোখে চোখে রাখা দরকার। তাই আমরা দুজনেই থেকে গেলাম। ফেলুদা কিন্তু এসে অবধি সিমলা বা তার বরফ সম্বন্ধে কোনও মন্তব্যই করেনি। আর ঠিক তার উলটোটা করছেন লালমোহনবাবু। যা কিছু দেখেন তাতেই বলেন, “ফ্যানাস্ট্যাটিক!” আমি যখন বললাম, যে কথাটা আসলে ফ্যান্টাস্টিক, তাতে ভদ্রলোক বললেন যে উনি নাকি ইংরিজি এত অসম্ভব তাড়াতাড়ি পড়েন যে প্রত্যেকটা কথা আলাদা করে লক্ষ করার সময় হয় না। এ ছাড়া সিমলায় পোলের বেয়ার আছে কি না, এখানেও আকাশে অরোরা বোরিয়ালিস দেখা যায় কি না, এই বরফ দিয়ে এক্সিমোদের বাড়ি ইলগু (আমি বললাম কথাটা ২৮২

আসলে ইগলু) তৈরি করা যায় কি না—এই সব উদ্ভট প্রশ্ন করে চলেছেন অনবরত।

ক্লার্কস হোটেলটা পাহাড়ের ঢালু গায়ের উপর তৈরি। হোটেলের দোতলার সামনের দিকে একটা লম্বা বারান্দা, আর বারান্দা থেকে বেরোলেই রাস্তা। দোতলাতেই ম্যানেজারের ঘর, লাউঞ্জ বা বসবার ঘর, আমাদের ডাবল রুম আর লালমোহনবাবুর সিঙ্গেল রুম। কাঠের সিঁড়ি দিয়ে নেমে একতলায় আরও থাকার ঘর রয়েছে, আর রয়েছে ডাইনিং রুম।

ফেলুদার ফিরতে দেরি হয়েছিল বলে আমাদের লাঞ্চ খেতে খেতে হয়ে গেল প্রায় দুটো। ডাইনিং রুমের এক কোণে ব্যান্ড বাজছে, লালমোহনবাবু সেটাকে বললেন কনসার্ট। আমরা তিনজন ছাড়া ঘরে রয়েছেন সেই কানে তুলো গোঁজা বুদ্ধ—যার দিকে লালমোহনবাবু আর দেখছেন না—আর অন্য আরেকটা টেবিলে বসেছেন তিনজন বিদেশি—দুজন পুরুষ আর একজন মহিলা। আমরা যখন খেতে ঢুকছি তখন ঘর থেকে বেরিয়ে গেল একজন কালো চশমা পরা ছুঁচোলো দাড়িওয়ালা মাথায় ‘বেরে’ ক্যাপ পরা ভদ্রলোক। যতদূর মনে হয় সবসুদ্ধ এই আটজন ছাড়া হোটলে আর কোনও লোক নেই।

সুপ খেতে খেতে ফেলুদাকে বললাম, ‘ধর্মীজার কাছে তো আজকেই যাবার কথা?’

‘চারটেয় অ্যাপয়েন্টমেন্ট। তিনটেয় বেরোলেই হবে।’

‘বাড়িটা কোথায় জানো?’

‘ওয়াইল্ডফ্লাওয়ার হল পড়ে কুফ্রি যাবার পথে। এখান থেকে আট মাইল।’

‘তা হলে এক ঘণ্টা লাগবে কেন?’

‘অনেকখানি রাস্তা বরফে ঢাকা। পাঁচ মাইলের বেশি স্পিড তুললে গাড়ি স্কিড করতে পারে।’ তারপর লালমোহনবাবুর দিকে ফিরে বলল, ‘আপনার সঙ্গে যা গরম আছে পরে নেবেন। যেখানে যাচ্ছি সেটা সিমলার চেয়ে এক হাজার ফুট বেশি হাইটে। বরফ আরও অনেক বেশি।’

লালমোহনবাবু চামচ থেকে সুড়ুত করে খানিকটা সুপ টেনে নিয়ে বললেন, ‘শেরপা যাচ্ছে সঙ্গে?’

কথাটা শুনে প্রচণ্ড হাসি পেয়ে গিয়েছিল, কিন্তু ফেলুদা বেশ গম্ভীরভাবেই জবাব দিল, ‘না। রাস্তা আছে। গাড়ি যাবে।’

সুপ শেষ করে যখন মাছের জন্য অপেক্ষা করছি তখন ফেলুদা হঠাৎ লালমোহনবাবুকে বলল, ‘আপনি যে অস্ত্রের কথা বলছিলেন সেটা কী হল?’

লালমোহনবাবু একটা কাঠির মতো সরু লম্বা রুটির খানিকটা চিবোতে চিবোতে বললেন, ‘সেটা আমার বাস্কে রয়েছে। এখনও দেখানোর ঠিক মওকা পাইনি।’

‘ব্যাপারটা কী?’

‘একটা বুমেয়াং।’

ওরেব্বাস! এই কারণেই কাল রাত্রে ঘুমের মধ্যে ভদ্রলোক বুমেয়াং বলে চৈঁচিয়ে উঠেছিলেন।

‘ও জিনিসটা আবার কোথায় পেলেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘এক অস্ট্রেলিয়ান সাহেব বিজ্ঞাপন দিয়েছিল কাগজে। আরও পাঁচ রকম জিনিসের মধ্যে ওটাও ছিল। লোভ সামলাতে পারলুম না। শুনিচি ঠিক করে ছুঁড়তে পারলে নাকি শিকারকে ঘায়েল করে আবার শিকারির হাতেই ফিরে আসে।’

‘একটু ভুল শুনেছেন। শিকার ঘায়েল হলে অস্ত্র শিকারের পাশেই পড়ে থাকে। লক্ষ্য যদি মিস করে তা হলেই আবার ফিরে আসে।’

‘সে যাই হোক মশাই—ছোঁড়া খুব ডিফিকাল্ট। আমি আমাদের গড়পারের বাড়ির ছাদ থেকে ছুঁড়েছিলুম। তা সে বুমেয়াং গিয়ে দীনেন্দ্র স্ট্রিটের এক বাড়ির তেতালার বারান্দায় ঝোলানো

ফুলের টব দিলে ভেঙে। ভাগ্যে চেনা বাড়ি ছিল—তাই ফেরত পেলুম।’

‘ওটা আজ সঙ্গে নিয়ে নেবেন।’

লালমোহনবাবুর চোখ জ্বলজ্বল করে উঠল—‘ডেঞ্জার এক্সপেক্ট করছেন নাকি?’

‘পাথরটা তো পার্যনি সে লোক এখনও!’

ফেলুদা যদিও কথাটা বেশ হালকাভাবেই বলল, আমি বুঝতে পারলাম যে কোনও রকম একটা গোলমালের আশঙ্কা সেও যে করছে না তা নয়।

তিনটে বাজতে পাঁচ মিনিটের সময় একটা নীল অ্যাম্বুলাসের ট্যাক্সি এসে আমাদের হোটেলের সামনে দাঁড়াল। আমরা তিনজনই সামনের বারান্দায় বেতের চেয়ারে বসে অপেক্ষা করছিলাম, গাড়িটা আসতেই ফেলুদা চেয়ার ছেড়ে উঠে পড়ল। ড্রাইভারটা এখানকারই লোক, বয়স অল্প, বেশ জোয়ান চেহারা। ফেলুদা সামনে ড্রাইভারের পাশে বসল, তার সঙ্গে ধর্মীজার (নকল) বাস্ক, আর আমরা দুজন পিছনে। লালমোহনবাবু তার বুমেয়াংটা ওভারকোটের ভিতর নিয়ে নিয়েছেন। কাঠের তৈরি জিনিসটা হাতে নিয়ে নেড়েচেড়ে দেখেছি। অনেকটা হকি স্টিকের তলার অংশটার মতো দেখতে, যদিও তার চেয়ে অনেক পাতলা আর মসৃণ।

আকাশে সাদা সাদা মেঘ জমেছে, তাই শীতটাও খানিকটা বেড়েছে। তবে মেঘ ঘন নয়, তাই বৃষ্টির সম্ভাবনা বিশেষ নেই।

কাঁটায় কাঁটায় তিনটের সময় আমাদের গাড়ি ওয়াইল্ডফ্লাওয়ার হলের উদ্দেশ্যে রওনা দিল।

ক্লার্কস হোটেলটা শহরের ভিতরেই। এসে অবধি হোটেলের বাইরে যাওয়া হয়নি। গাড়ি যখন শহর ছেড়ে নির্জন পাহাড়ি পথ ধরল তখন প্রথম সিমলা পাহাড়ের বরফ ঢাকা ঠাণ্ডা থমথমে মেজাজটা ধরতে পারলাম। রাস্তার এক পাশ দিয়ে পাহাড় উঠে গেছে—কোনও সময় বাঁয়ে, কোনও সময় ডাইনে। একদিকে খাড়াই, একদিকে খাদ। রাস্তা বেশি চওড়া নয়, কোনও রকমে দুটো গাড়ি পাশাপাশি যেতে পারে। পাহাড়ের গায়ে চারিদিক ছেয়ে রয়েছে ঘন ঝাউ বন।

প্রথম চার মাইল রাস্তা দিব্যি কুড়ি-পঁচিশ মাইল স্পিডে যাওয়া সম্ভব হল, কারণ এই অংশটায় রাস্তার উপরে বরফ নেই বললেই চলে। বনের ফাঁক দিয়ে দূরের পাহাড়ে বরফ দেখা যায়, আর মাঝে মাঝে রাস্তার এক পাশে বা উপর দিকে চাইলে পাহাড়ের গায়ে বরফ দেখা যায়। কিন্তু এবার ক্রমে দেখছি বরফ বাড়ছে, আর সেই সঙ্গে আমাদের গাড়ির স্পিড কমে আসছে। পাঁচ মাইলের মাথায় শুরু হল রাস্তার উপর এক হাত পুরু বরফ। তার উপরে গভীর হয়ে পড়েছে গাড়ির চাকার দাগ, সেই দাগের উপর চাকা ফেলে অতি সাবধানে এগিয়ে চলেছে আমাদের ট্যাক্সি। মাটি এত পিছল যে মাঝে মাঝে গাড়ির চাকা ঘুরে যাচ্ছে, কিন্তু গাড়ি চলছে না।

নাকের ডগা আর কানের পাশটা ক্রমে ঠাণ্ডা হয়ে আসতে লাগল। লালমোহনবাবু একবার বললেন তাঁর কানে তালা লেগে গেছে, আরেকবার বললেন তাঁর নাক বন্ধ হয়ে আসছে। আমি অবিশ্যি নিজের শরীর নিয়ে একদম মাথা ঘামাচ্ছি না। আমি খালি ভাবছি, কী অদ্ভুত জগতে এসে পড়েছি আমরা! এ এমন একটা জায়গা যেখানে মানুষ থাকার কোনও মানেই হয় না। এখানে শুধু থাকবে বরফের দেশের রকমারি পাখি আর পোকামাকড়। কিন্তু তার পরেই আবার মনে হচ্ছে—এ রাস্তা মানুষের তৈরি, রাস্তার বরফের উপর গাড়ির চাকার দাগ রয়েছে, এ রাস্তা দিয়ে একটু আগেও গাড়ি গেছে, অনেকদিন থেকেই যাচ্ছে, অনেকদিন ধরেই যাবে। আর সত্যি বলতে কী, আমাদের অনেক আগেই এখানে মানুষ না এলে এমন আশ্চর্য দৃশ্য আমাদের দেখাই হত না।

এই অদ্ভুত তুষাররাজ্য দিয়ে আরও মিনিট কুড়ি চলার পর হঠাৎ রাস্তার ধারে একটা কালো কাঠের ফলকে সাদা অক্ষরে লেখা দেখলাম ‘ওয়াইল্ডফ্লাওয়ার হল’। এমন নির্ঝঞ্ঝাটে আমাদের

জার্নিটা শেষ হয়ে যাবে সেটা ভাবতেই পারিনি।

আরও কিছুদূর যেতেই রাস্তার ধারে একটা ফটক পড়ল যার গায়ে ধমীজার বাড়ির নামটা লেখা রয়েছে—‘দি নুক।’ গাড়ি ডান দিকে ঘুরে গেটের মধ্যে দিয়ে কিছুদূর এগিয়ে যেতেই প্রকাণ্ড পুরনো বিলিতি ধরনের টাওয়ার-ওয়ালা বাড়িটা দেখা গেল। বাড়ির ছাদে আর কার্নিশে পুরু হয়ে বরফ জমে আছে। সাহেবি মেজাজের মানুষ না হলে এরকম সময় এরকম জায়গায় এরকম বাড়িতে কেউ থাকতে পারে না।

আমাদের ট্যাক্সি পোর্টিকোর নীচে গিয়ে থামল। আমরা নামতেই গরম উর্দিপরা বেয়ারা এসে ফেলুদার হাত থেকে কার্ড নিয়ে ভেতরে গেল, আর তার এক মিনিটের মধ্যেই বাড়ির মালিক নিজেই বেরিয়ে এলেন। ‘গুড আফটারনুন মিস্টার মিটার। আপনার পাংচুয়ালিটি প্রশংসনীয়। ভেতরে আসুন, প্লিজ।’

ধমীজার ইংরিজি উচ্চারণ শুনে সাহেব বলে ভুল হয়। বর্ণনা শুনে যে রকম কল্পনা করেছিলাম, চেহারা মোটামুটি সেইরকমই। ফেলুদা আমার আর লালমোহনবাবুর সঙ্গে ভদ্রলোকের পরিচয় করিয়ে দিলে পর আমরা সবাই একসঙ্গে ভেতরে ঢুকলাম। কাঠের মেঝে ও দেয়ালওয়ালা প্রকাণ্ড ড্রইংরুম, তার এক পাশে ফায়ারপ্লেসে আগুন জ্বলছে। সোফায় বসার আগেই ফেলুদা তার হাতের ব্যাগটা তার আসল মালিকের হাতে তুলে দিল। ধমীজার নিশ্চিন্ত ভাব দেখে বুঝলাম সে আমাদের ভাঁওতা একেবারেই ধরতে পারেনি।

‘থ্যাক ইউ সো মাচ। মিস্টার লাহিড়ীর ব্যাগটাও আমি হাতের কাছেই এনে রেখেছি।’

‘একবার ঢাকনা খুলে ভেতরটা চোখ বুলিয়ে নিন’, ফেলুদা হালকাভাবে সাহেবি হাসি হেসে বলল।

ধমীজাও হেসে ‘ওয়েল, ইফ ইউ সে সো,’ বলে ঢাকনাটা খুলল। তারপর জিনিসপত্র আলতোভাবে ঘেঁটে বলল, ‘সব ঠিক আছে—কেবল এই খবরের কাগজগুলো আমার নয়।’

‘আপনার নয়?’ ফেলুদা প্রশ্ন করল। সে ইতিমধ্যে কাগজগুলো ধমীজার হাত থেকে নিয়ে নিয়েছে।

‘না। অ্যান্ড নাইদার ইজ দিস।’ ধমীজা কালকা স্টেশন থেকে কেনা সুপুরি ভরা কোডাকের কৌটোটা ফেলুদাকে দিয়ে দিল। ‘বাকি সব ঠিক আছে।’

‘ওঃ হো’, ফেলুদা বলল, ‘ওগুলো বোধহয় ভুল করে আপনার বাক্সে চলে গেছে।’

যাক—তা হলে এটা বোঝা যাচ্ছে যে, ধমীজার সঙ্গে ওই পাথরের কোনও সম্পর্ক নেই। কিন্তু তা হলে ওই কৌটো কী করে গেল ওই বাক্সের মধ্যে?

‘অ্যান্ড হিয়ার ইজ মিস্টার লাহিড়ীজ ব্যাগ।’

ঘরের এক পাশে একটা টেবিলের উপর থেকে দীননাথবাবুর ব্যাগটা ফেলুদার হাতে চলে এল। ধমীজা হেসে বললেন, ‘আপনি যে কথাটা আমাকে বললেন, আমিও আপনাকে সেটা বলতে চাই—একবার ঢাকনা খুলে ভেতরটা দেখে নিন।’

ফেলুদা বলল, ‘মিস্টার লাহিড়ী কেবল একটা জিনিসের জন্যেই একটু ভাবছিলেন—একটা এনটারো-ভায়োফর্মের শিশি—’

‘ইটস দেয়ার। রয়েছে বাক্সের ভেতর’, বললেন মিস্টার ধমীজা।

‘—আর একটা ম্যানুস্ক্রিপ্ট ছিল কি?’

‘ম্যানুস্ক্রিপ্ট?’

ফেলুদা বাক্সটা খুলেছে। ঘাঁটবার দরকার নেই, পাঁচ হাত দূর থেকেই বোঝা যাচ্ছে ওর মধ্যে কোনও খাতা জাতীয় কিছু নেই।

ফেলুদার ভুরু ভীষণভাবে কুঁচকে গেছে। সে খোলা বাক্সটার দিকে চেয়ে রয়েছে।

‘কী ম্যানুস্ক্রিপ্টের কথা বলছেন আপনি?’ ধমীজা প্রশ্ন করল।

ফেলুদা এখনও চুপ। আমি বুঝতে পারছিলাম তার মনের অবস্থাটা কী। হয় মিস্টার ধমীজাকে মুখের ওপর চোর বলতে হয়, আর না হয় সুড়সুড়িয়ে ওই খাতা ছাড়া বাস্তব নিয়েই থ্যাঙ্ক ইউ বলে চলে আসতে হয়।

ধমীজাই কথা বলে চললেন—‘আই অ্যাম ভেরি সরি মিস্টার মিটার, কিন্তু আমি প্রথম যখন গ্র্যান্ড হোটেলে আমার ঘরে বাস্কেট খুলি, তখন ওতে যা ছিল, এখনও ঠিক তাই আছে। খাতা তো ছিলই না, এক টুকরো কাগজও ছিল না। আমি বাস্তবের মালিকের ঠিকানা পাবার আশায় তন্ন তন্ন করে বাস্তবের ভিতর খুঁজেছি। সিমলায় এসে এ বাস্তব আমার আলমারির ভেতর চাবি বন্ধ অবস্থায় ছিল। এক মুহূর্তের জন্যও অন্য কোনও লোকের হাতে পড়েনি—এ গ্যারান্টি আমি দিতে পারি।’

এ অবস্থায় আর কী করবে ফেলুদা? সে চেয়ার ছেড়ে উঠে লজ্জিত ভাব করে বলল, ‘আমারই ভুল মিস্টার ধমীজা। কিছু মনে করবেন না।...আচ্ছা, থ্যাঙ্ক ইউ ভেরি মাচ।’

‘একটু কফি...বা চা...’

‘আজ্ঞে না। থ্যাঙ্ক ইউ। আজ আসি আমরা! গুড বাই—’

আমরা উঠে পড়লাম। লেখাটা কোথায় যেতে পারে, কেন সেটা বাস্তবের মধ্যে থাকবে না, সেটা কিছুই বুঝতে পারলাম না। হঠাৎ মনে পড়ল, নরেশ পাকড়াশী বলেছিলেন, দীননাথবাবুকে ট্রেনে কোনও পাণ্ডুলিপি পড়তে দেখেননি। সেটাই কি তা হলে সত্যি কথা?

দীননাথবাবু কি তা হলে লেখার ব্যাপারটা একেবারে বানিয়ে বলেছেন?

৯

ফেরার পথে অন্ধাঙ্কশের মধ্যেই আরও অন্ধকার হয়ে এল। অথচ বেলা যে খুব বেশি হয়েছে তা নয়। ঘড়িতে বলছে চারটে পঁচিশ। তা হলে আলো এত কম কেন?

গাড়ির জানালা দিয়ে মুখ বার করে আকাশের দিকে চাইতেই কারণটা বুঝতে পারলাম। সাদার বদলে এখন ছাই রঙের মেঘে আকাশ ছেয়ে গেছে। বৃষ্টি হবে কি? আশা করি না। এমনতেই রাস্তা পিছল। যদিও আমরা নীচের দিকে নামছি, তার মানে এই নয় যে, আমাদের গাড়ি আরও জোরে চলবে। বরং উতরাইয়ের স্কিড করার ভয়টা আরও বেশি। ভরসা এই যে, এ সময়টা রাস্তায় গাড়ি চলাচল প্রায় নেই বললেই চলে।

ফেলুদা ড্রাইভারের পাশে চুপ করে বসে আছে, তার দৃষ্টি সামনের রাস্তার দিকে। যদিও তার মুখটা দেখতে পাচ্ছি না, তবুও কেন জানি মনে হচ্ছে তার ভুরুটা কুঁচকোনো। বেশ বুঝতে পারছিলাম ওর মাথার মধ্যে কী চিন্তা ঘুরছে। হয় দীননাথবাবু না হয় ধমীজা মিথ্যে কথা বলছেন। ধমীজার বৈঠকখানাতেও আলমারি বোঝাই বই দেখেছি। তার পক্ষে শত্ৰুচরণের নামটা জানা কি সম্ভব নয়? পঞ্চাশ বছর আগে ইংরিজিতে লেখা তিব্বতের ভ্রমণকাহিনীর উপর কি তার লোভ থাকতে পারে না? কিন্তু ধমীজার কাছেই যদি লেখাটা থাকে তা হলে ফেলুদা সেটা উদ্ধার করবে কী করে?...

বেশ বুঝতে পারছিলাম যে রহস্য এখন একটার জায়গায় দুটো হয়ে গেছে—একটা হিরের, একটা শত্ৰুচরণের লেখার। একা ফেলুদার পক্ষে এই দুটো জাঁদরেল রহস্যের জট ছাড়ানো কি সম্ভব?

শীত বাড়ছে। নিশ্বাসের সঙ্গে নাক দিয়ে ধোঁয়াও বেরোচ্ছে বেশ। লালমোহনবাবু ওভারকোটের একটা বোতাম খুলে ভিতরে হাত ঢুকিয়ে মুখ দিয়ে ভক ভক করে একরাশ ধোঁয়া

ছেড়ে বললেন, ‘বুমের্যাংটাও ঠাণ্ডা বরফ। অস্ট্রেলিয়ান জিনিস, শীতের দেশে কাজ করবে তো?’ আমার বলার ইচ্ছে ছিল অস্ট্রেলিয়াতেও অনেক জায়গায় খুবই শীত পড়ে, এমনকী বরফও পড়ে, কিন্তু সেটা আর বলা হল না। সামনে, প্রায় একশো গজ দূরে, একটা গাড়ি উলটো দিক থেকে এসে টেরচাভাবে রাস্তার মাঝখানে দাঁড়িয়ে আছে। হয়তো চেষ্টা করলে কোনওরকমে কসরত করে পাশ কাটিয়ে বেরিয়ে যাওয়া যায়, কিন্তু সেটা বোধহয় বেশ বিপজ্জনক হবে।

আমাদের ড্রাইভার বার বার হর্ন দিয়েও যখন কোনও ফল হল না তখন বুঝলাম ব্যাপারটার মধ্যে কোনও গুণগোল আছে।

ফেলুদা কথা না বলে স্টিয়ারিং-এর উপর হাত রেখে গাড়ি থামাতে বলল, আর ড্রাইভারও খুব সাবধানে গাড়টাকে রাস্তার এক পাশে পাহাড়ের দিকটায় নিয়ে গিয়ে থামাল। আমরা চারজনই কাদা আর বরফে প্যাচপেচে রাস্তায় নামলাম।

চারিদিকে একটা নিঝুম ভাব। এত গাছ থাকা সত্ত্বেও একটা পাখির ডাক শোনা যাচ্ছে না। সবচেয়ে আশ্চর্য এই যে, সামনে একটা গাড়ি রয়েছে—আমাদেরই মতো একটা অ্যান্ডাসাডর—কিন্তু তার যাত্রী বা ড্রাইভার কাউকেই দেখা যাচ্ছে না, কারুরই কোনও সাড়াশব্দ পাওয়া যাচ্ছে না।

আমরা খুব হিসেব করে রাস্তার দিকে চোখ রেখে বরফের উপর যেখানে চাকার দাগ, সেই দাগের উপর পা ফেলে ফেলে এগোচ্ছি, এমন সময় লালমোহনবাবু হঠাৎ চমকে গিয়ে ছোট্ট একটা লাফ দিয়ে পা হড়কে একেবারে বরফের উপর মুখ থুবড়ে পড়লেন। একটা আচমকা ‘ছপাৎ’ শব্দই এই ভড়কানির কারণ। আমি জানি শব্দটা হয়েছে পাইন গাছের ডাল থেকে বরফের চাপড়া পিছলে মাটিতে পড়ার ফলে। এই অস্বাভাবিক নিস্তব্ধতার মধ্যে হঠাৎ শব্দটা শুনে সত্যিই চমকে উঠতে হয়।

লালমোহনবাবুকে কোনওরকমে হাত ধরে টেনে তুলে আমরা আবার এগোতে লাগলাম।

আরও খানিকটা এগোতেই বুঝলাম গাড়িটার মধ্যে একজন লোক বসে আছে। সামনে। ড্রাইভারের সিটে।

আমাদের ড্রাইভার বলল লোকটাকে চেনে। ট্যাক্সিটাও ওর জানা। লোকটা ওই ট্যাক্সিটার ড্রাইভার। নাম অরবিন্দ। ‘উও মর গিয়া হোগা...ইয়া বেহঁশ হো গিয়া’—আমাদের ড্রাইভার হরবিলাস মস্তব্য করল।

ফেলুদার হাত ওর কোটের ভিতরে চলে গেছে। আমি জানি এখানে আছে ওর রিভলবার। ছপাৎ।

আবার এক চাপড়া বরফ মাটিতে পড়ল কাছেই কোনও একটা গাছ থেকে। লালমোহনবাবু চমকে উঠলেও এবার আর আছাড় খেলেন না। কিন্তু তার পরমুহূর্তেই যে ব্যাপারটা ঘটল তাতে আরেকবার তাকে বরফে গড়াগড়ি দিতে হল।

একটা কান-ফাটানো পিস্তলের শব্দের সঙ্গে সঙ্গে আমাদের সামনে ঠিক দু’হাত দূরে রাস্তার খানিকটা বরফ তুবড়ির মতো ফিনকি দিয়ে উঠল, আর শব্দটা বেশ কিছুক্ষণ ধরে চারিদিকের পাহাড় থেকে প্রতিধ্বনিত হতে লাগল।

আমরা গাড়িটার বেশ কাছাকাছি এসে পড়েছিলাম। শব্দটা শোনা মাত্র ফেলুদা এক হ্যাঁচকায় আমাকে টেনে নিয়ে গাড়িটার পাশে বরফের উপর হুমড়ি খেয়ে পড়ল, আর তার পরমুহূর্তেই লালমোহনবাবু গড়াতে গড়াতে আমাদের ঠিক পাশেই হাজির হলেন। আমাদের ড্রাইভারও এক লাফে গাড়িটার পিছনে এসে আশ্রয় নিয়েছে। যদিও সে বেশ জোয়ান লোক, তাকে দেখেই বোঝা যাচ্ছে সে এর আগে কখনও এরকম অবস্থায় পড়েনি।

গুলিটা এসেছে আমাদের রাস্তার ধারের খাড়াই পাহাড়টার উপরের দিক থেকে। আন্দাজে

মনে হয় এখন আর আততায়ী আমাদের দেখতে পাচ্ছে না, কারণ এই কালো অ্যাসাসডরটা আমাদের গার্ড করে রেখেছে।

আমি এই মাটিতে মুখ খুবড়োনো অবস্থাতেও বুঝতে পারলাম কী যেন একটা নতুন ঘটনা ঘটতে শুরু করেছে। আমার ঘাড়ের কী যেন একটা ঠাণ্ডা সুড়সুড়ি দিচ্ছে। ঘাড়টা ঘুরিয়ে পাশে তাকাতেই বুঝতে পারলাম ব্যাপারটা কী। চারিদিক ঘিরে আকাশ থেকে মিহি তুলোর মতো বরফ পড়তে শুরু করেছে। কী অদ্ভুত সুন্দর এই বরফের বৃষ্টি! এই প্রথম জানলাম যে বরফ পড়ার কোনও শব্দ নেই। লালমোহনবাবু কী যেন একটা বলতে যাচ্ছিলেন, কিন্তু ফেলুদা জিব দিয়ে একটা সাপের মতো শব্দ করে তাকে থামিয়ে দিল।

হঠাৎ চারিদিকের নিস্তব্ধতা আবার ভেঙে গেল। এবার বন্দুকের শব্দ নয়, গাছ থেকে বরফ পড়ার শব্দ নয়, বরফের উপর গাড়ির চাকার শব্দ নয়। এবার মানুষের গলা।

‘শুনুন মিস্টার মিস্তির!’

এ কার গলা? এ গলা যে চেনা চেনা মনে হচ্ছে!

‘শুনুন মিস্টার মিস্তির—আমি আপনাদের বাগে পেয়েছি সেটা নিশ্চয়ই বুঝতে পারছেন। কাজেই কোনও কারসাজি দেখাবেন না। ওতে কোনও ফল তো হবেই না, বরং আপনাদের প্রাণ নিয়ে টানাটানি হতে পারে।’

চেষ্টা করে বলা এই কথাগুলো উলটো দিকের পাহাড়ের গা থেকে বার বার প্রতিধ্বনিত হয়ে ফিরে এসে ঠাণ্ডা নিস্তব্ধ পরিবেশটাকে গমগমিয়ে দিল। তারপর আবার কথা শুরু হল—

‘আমি আপনার কাছে শুধু একটি জিনিস চাই।’

‘কী জিনিস?’—ফেলুদা উপরে পাহাড়ের দিকে মুখ তুলে প্রশ্নটা করল।

‘আপনি গাড়ির পিছন থেকে বেরিয়ে সামনে আসুন। আমি আপনাকে দেখতে চাই, যদিও আপনি আমাকে দেখতে পাবেন না। আপনি বেরিয়ে এলে তারপর আপনার প্রশ্নের জবাব পাবেন।’

আমার কানের কাছেই একটা অদ্ভুত শব্দ হচ্ছিল কিছুক্ষণ থেকে, আমি ভাবছিলাম সেটা গাড়ির ভেতর থেকে আসছে; এখন বুঝলাম সেটা হচ্ছে লালমোহনবাবুর দাঁতে দাঁত লাগার ফলে।

ফেলুদা বরফ থেকে উঠে গাড়ির উলটো দিকে গিয়ে দাঁড়াল। তার মুখে একটা কথা নেই। বোধহয় সে বুঝতে পেরেছে এ অবস্থায় আদেশ মানা ছাড়া আর কোনও রাস্তা নেই। ফেলুদাকে এমন বেগতিক কখনও পড়তে হয়েছে বলে মনে পড়ল না।

‘আপনার সঙ্গে যে তিনজন রয়েছে’, আবার কথা এল, ‘তারা যদি কোনও রকম চালাকি করে, তা হলে তৎক্ষণাৎ তাদের ফল ভোগ করতে হবে—এটা যেন তারা মনে রাখেন।’

‘আপনি কী চাইছেন সেটা এবার বলবেন কী?’ ফেলুদা জিজ্ঞেস করল। গাড়ির পিছনের চাকার পাশ দিয়ে ফেলুদাকে দেখতে পাচ্ছিলাম। সে উপরের দিকে চেয়ে আছে। তার সামনেই পাহাড়ের গায়ে অনেকখানি জায়গা জুড়ে শুধু বরফের ঢাল; তার উপরে রয়েছে ঝাউবন। সেই ঝাউবনের আড়াল থেকে আততায়ী কথা বলছে আর আমাদের দেখছে।

আবার কথা এল—

‘আপনার রিভলভারটা বার করুন।’

ফেলুদা বার করল।

‘ওটা ছুঁড়ে আপনার সামনে পাহাড়ের গায়ে বরফের ওপর ফেলে দিন।’

ফেলুদা ফেলল।

‘আপনার কাছে কোডাকের কৌটোটা আছে?’

‘আছে।’

‘দেখান।’

ফেলুদা কোটের পকেট থেকে হলদে কৌটোটা বার করে তুলে ধরল।

‘এবারে ওর ভেতরে যে পাথরটা ছিল সেটা দেখান।’

ফেলুদার হাত এবার কোটের বুক পকেটে চলে গেল। পাথরটা পকেট থেকে বেরিয়ে এল। ফেলুদা সেটাকে দু আঙুলের ডগায় তুলে ধরল।

কয়েক সেকেন্ড কোনও কথা নেই। লোকটা নিশ্চয়ই পাথরটা দেখছে। বাইনোকুলার আছে কি ওর সঙ্গে?

‘বেশ। এবার ওই কৌটোর মধ্যে ওটাকে পুরে আপনার ডান দিকে রাস্তার পাশের কালো পাথরটার উপর রেখে আপনারা সিমালা ফিরে যান। যদি মনে করেন—’

ভদ্রলোকের কথা শেষ হবার আগেই ফেলুদা বলে উঠল—‘আপনার পাথরটা চাই তো?’

‘সেটাও কি বলে দিতে হবে?’ বরফের মতো ঠাণ্ডা গলায় উত্তর এল।

‘তা হলে এই নিন!’

ব্যাপারটা এত হঠাৎ ঘটল যে আমি কয়েক সেকেন্ডের জন্য যেন চোখে অন্ধকার দেখলাম।

ফেলুদা কথাটা বলেই তার হাতের পাথরটা সটান ছুঁড়ে দিল যেখান থেকে কথা আসছে সেইদিকে। আর তার পরেই হল এক রক্তজল-করা বীভৎস ব্যাপার। আমাদের অদৃশ্য দুষ্মন সেই হিরেটাকে লুফবার জন্য ঝাউগাছের আড়াল থেকে লাফিয়ে সামনে আলোয় এসে বরফের একটা বিরাট চাঁই পা দিয়ে ধ্বসিয়ে টাল হারিয়ে সেই বরফের সঙ্গে পাহাড়ের গা বেয়ে প্রায় পঞ্চাশ হাত উপর থেকে গড়িয়ে গড়িয়ে একেবারে রাস্তার পাশে বরফজমা নালাটার উপর এসে স্থির হলেন। গড়িয়ে আসার সময়ই অবিশ্যি তার হাত থেকে বাইনোকুলার আর রিভলভার, চোখ থেকে কালো চশমা আর থুঁতনি থেকে ছুঁচোলো নকল দাড়ি ছিটকে বেরিয়ে গিয়ে বরফের এদিকে-ওদিকে ছড়িয়ে পড়েছে।

এই ঘটনার পর আর লুকিয়ে থাকার কোনও মানে হয় না, তাই আমরা তিনজনেই দৌড়ে এগিয়ে গেলাম ফেলুদার কাছে। আমার ধারণা ছিল যে এতটা দূর থেকে গড়িয়ে পড়ায় লোকটা মরে না গেলেও, অজ্ঞান তো হবেই। কিন্তু অবাক হয়ে দেখলাম, সে বরফের উপর চিত্ত অবস্থাতেই ফেলুদার দিকে জ্বলজ্বল কটা চোখে চেয়ে আছে, আর জোরে জোরে নিশ্বাস ফেলছে।

গলাটা যে চেনা চেনা মনে হয়েছিল তাতে আর আশ্চর্য কী? ইনি হলেন ব্যর্থ ফিল্ম অভিনেতা শ্রীঅমরকুমার, ওরফে শ্রীপ্রবীর কুমার লাহিড়ী, দীননাথ লাহিড়ীর ভাইপো।

ফেলুদা ঠাণ্ডা শুকনো গলায় বলল, ‘বুঝতেই তো পারছেন প্রবীরবাবু, এখন কে কাকে বাগে পেয়েছে। কাজেই আর কিছু লুকিয়ে লাভ নেই। বলুন, আপনার কী বলার আছে।’

অমরকুমারের চিত্ত হওয়া মুখের উপর বরফের গুঁড়ো এসে পড়ছে। সে এখনও একদৃষ্টে চেয়ে আছে ফেলুদার দিকে। আমার কাছে এখনও সব ধোঁয়াটে, কিন্তু আশা করছি প্রবীরবাবুর কথায় রহস্য দূর হবে।

ফেলুদা কিছুক্ষণ অপেক্ষা করে বলল, ‘বেশ, আপনি না বলেন তো আমাকেই বলতে দিন। প্রতিবাদ করার হলে করবেন।—হিরেটা আপনি পেয়েছিলেন নেপালি বাস্কাটা থেকে। খুব সম্ভবত এই মহামূল্য রত্নটাই নেপালের মাতাল রাজা কৃতজ্ঞতার নিদর্শন হিসেবে শম্ভুচরণকে দিয়েছিলেন। নেপালি বাস্কাটা আসলে সম্ভবত শম্ভুচরণের। সেটা তিনি তাঁর মৃত্যুর আগে তাঁর বন্ধু সতীনাথ লাহিড়ীকে দিয়ে যান। সতীনাথের গুরুতর অসুখের জন্য সে হিরেটার কথা কাউকে বলতে পারেনি। এই ক’দিন মাত্র আগে হিরেটা আপনি বাস্কা থেকে পান। তারপরে

সেটাতে রং মাখিয়ে সুপুরি বানিয়ে কোডাকের কৌটোর তলায় আঠা দিয়ে আটকে রাখেন, আর নিরাপদ জায়গা মনে করে কৌটোটা কাকার কাছ থেকে পাওয়া বাস্‌টাতে রাখেন। কিন্তু সে বাস্‌টায় যে তার পরদিন আপনার ঘর থেকে আমার ঘরে চলে আসবে সেটা তো আর আপনি ভাবেননি। সেদিন আড়ি পেতে আমাদের কথা শোনার পর থেকেই আপনি বাস্‌টটা হাত করার তাল করেছেন। প্রথমে মিস্টার পুরির নাম দিয়ে ভাঁওতা টেলিফোন আর প্রিটোরিয়া স্ট্রিটে গুণ্ডা লাগানো। তাতে ফল হল না দেখে আমাদের ধাওয়া করে দিল্লি আসা। কিন্তু তাতেও হল না। জনপথ হোটеле আপনার বেপরোয়া প্ল্যানটিও মাঠে মারা গেল। তাই বাধ্য হয়েই সিমলা আসতে হল। আর তারপর আজকের এই অবস্থা!...

ফেলুদা থামল। আমরা সবাই ফেলুদাকে ঘিরে দাঁড়িয়ে আছি, এমনকী আমাদের ড্রাইভার পর্যন্ত।

‘বলুন প্রবীরবাবু—আমি কি ভুল বলেছি?’

প্রবীরবাবুর উগ্র চোখে হঠাৎ একটা ঝিলিক খেলে গেল। অদ্ভুত ধূর্ত চাহনিতে ফেলুদার দিকে তাকিয়ে বললেন, ‘কীসের কথা বলছেন আপনি? কোন হিরে? আমি তো কিছুই বুঝতে পারছি না।’

আমার বুকের ভিতরটা ধড়াস করে উঠল। হিরেটা তো বরফের তলায় তলিয়ে গেছে, আর তার উপরে আরও বরফ জমা হচ্ছে এখন।

‘কেন, এটা কি আপনি চেনেন না?’

আবার চমক লাগার পালা। ফেলুদা এবার তার বুক পকেট থেকে আরেকটা পাথর বার করল। এই বরফ-পড়া মেঘলা বিকেলেও তার ঝলকানি দেখে তাক লেগে যায়।

‘বরফের উপরে যেটা রয়েছে সেটার দাম কত জানেন? পাঁচ টাকা। আজই সকালে মিলার জেম কোম্পানি থেকে কেনা। আর এটাই হল—’

প্রবীরবাবু বাঘের মতো লাফ দিয়ে উঠে ফেলুদার উপর ঝাঁপিয়ে পড়ে তার হাত থেকে হিরেটা ছিনিয়ে নিয়েছে!

ঠকাং!

আচমকা একটা মোক্ষম অস্ত্র প্রচণ্ড জোরে প্রবীরবাবুর মাথায় বাড়ি মেরে তাকে অজ্ঞান করে দিল। তার শরীরটা আবার এলিয়ে পড়ল বরফের উপর। তার হাতের মুঠো খুলে গেল। তার হাত থেকে হিরে আবার ফিরে এল ফেলুদার হাতে।

‘থ্যাঙ্ক ইউ, লালমোহনবাবু!’

ফেলুদার ধন্যবাদটা লালমোহনবাবুর কানে গেল কি না জানি না। তিনি এখনও তাঁর নিজেরই হাতে ধরা বুমেয়াংটার দিকে অবাক দৃষ্টিতে চেয়ে আছেন।

অমরকুমার এখন কেঁচো। সিমলা ফেরার পথে গাড়িতেই ও সব স্বীকার করেছে। ফেলুদা অবিশ্যি ওর নিজের রিভলভারটা উদ্ধার করে নিয়েছিল, আর সেটা হাতে থাকায় প্রবীরবাবুকে দিয়ে সত্যি কথা বলাতে সুবিধে হয়েছিল। ভদ্রলোকের মাথায় বুমেয়াংগের বাড়ি মেরে আবার লালমোহনবাবুই রাস্তা থেকে খানিকটা বরফ তুলে সেখানটায় লাগিয়ে দিয়েছিলেন। অবিশ্যি ভদ্রলোকের তাতে উপকার হয়েছিল কি না জানি না। বেহুঁশ ড্রাইভারও এখন অনেকটা সুস্থ। তাকে টাকার লোভ দেখিয়ে দলে টানতে না পেরে শেষটায় গায়ের জোরে ঘায়েল করেন প্রবীরবাবু।

অশরীরী ছবি থেকে বাদ যাবার পর থেকেই প্রবীরবাবুর মাথাটা বিগড়ে যায়, কারণ ওর বিশ্বাস ছিল ফিল্ম অভিনয় করে ওর অনেক পয়সা ও নাম-ডাক হবে। ব্যাগড়া দিল ওর গলার স্বর। সিঁথে রাস্তায় কিছু হবে না জেনে বাঁকা রাস্তার কথা ভাবেন। সেই সময় বেরোয় নেপালি বাস্ক। সেই বাস্ক ঘেঁটে প্রবীরবাবু পেয়ে গেলেন একটা পলকটা পাথর। যাচাই করে দাম জেনে চোখ কপালে উঠে যায়। এবার স্বপ্ন দেখেন নিজেই ছবি প্রডিউস করে নিজেই হবেন তার হিরো, কেউ তাকে বাদ দিতে পারবে না। তার পরের যে ঘটনা, সেটা তো আমাদের জানাই।

আপাতত প্রবীরবাবুকে রাখা হয়েছে সিমলায় হিমাচল প্রদেশ স্টেট পুলিশের জিম্মায়। হিরেটা পাবার পর থেকেই ফেলুদার প্রবীরবাবুকে সন্দেহ হয়েছিল, তাই সিমলায় এসেই দীননাথবাবুকে টেলিফোন করে চলে আসতে বলে—যদিও কারণটা বলেনি। উনি কাল এগারোটার গাড়িতে এসে ভাইপো সম্বন্ধে যা ভাল বোঝেন করবেন। হিরেটা বোধহয় দীননাথবাবুরই হাতে চলে যাবে, কারণ সেটা এসেছিল তাঁর জ্যাঠামশাইয়ের সঙ্গে।

আমি সব শুনেটুনে বললাম, ‘হিরের ব্যাপারটা তো বুঝলাম, কিন্তু শত্ৰুচরণ বোসের ভ্রমণকাহিনীটা কোথায় গেল?’

ফেলুদা বলল, ‘ওটা হল দু নম্বর রহস্য। দোনলা বন্দুক হয় জানিস তো? সেইরকম আমাদের এই বাস্ক-রহস্যটা হল দোনলা রহস্য।’

‘এই দ্বিতীয় রহস্যটার কিছু কিনারা হল?’ আমি জিজ্ঞেস করলাম।

‘হয়েছে, থ্যাঙ্কস টু খবরের কাগজ অ্যান্ড জলের গেলাস।’

শত্ৰুনাথের খাতার রহস্যের চেয়ে ফেলুদার এই কথার রহস্যটা আমার কাছে কিছু কম বলে মনে হল না।

বাকি রাস্তাটা ফেলুদা আর কোনও কথা বলেনি।

এখন আমরা ক্লার্কস হোটেলের উত্তর দিকের খোলা ছাদে রঙিন ছাতার তলায় বসে হট চকোলেট খাচ্ছি। সবসুদ্ধ আটটা টেবিলের মধ্যে একটাতে আমরা তিনজন বসেছি, আরেকটাতে দুজন জাপানি আর আরেকটা দূরের টেবিলে বসেছেন সেই কানে তুলোওয়ালা ভদ্রলোক (এখন অবিশ্যি তাঁর কানে আর তুলো নেই)। আকাশে মেঘ কেটে গেলেও সন্ধ্যা হয়ে এসেছে বলে আলো এমনিতেই কম। পূব দিকে পাহাড়ের গায়ে সিমলা শহর বিছিয়ে রয়েছে, শহরের রাস্তায় আর বাড়িগুলোতে একে একে আলো জ্বলে উঠছে।

লালমোহনবাবু এতক্ষণ চুপচাপ ছিলেন। দেখে বুঝতে পারছিলাম কী যেন ভাবছেন। অবশেষে চকোলেটে একটা বড় রকম চুমুক দিয়ে বললেন, ‘সব মানুষের মনের মধ্যেই বোধহয় একটা হিংস্রতা বাস করে। তাই নয় কি ফেলুদা? বুমেয়্যাঙের বাড়িটা মারতে ভদ্রলোক যখন পাক খেয়ে পড়ে গেলেন, তখন ভেতরে একটা উত্তেজনা ফিল করছিলুম যেটাকে উল্লাস বললেও ভুল হবে না। আশ্চর্য!’

ফেলুদা বলল, ‘মানুষ যে বাঁদর থেকে এসেছে সেটা জানেন তো? আজকাল একটা থিয়োরি হয়েছে যে শুধু বাঁদর থেকে নয়, আফ্রিকার এক ধরনের বিশেষ জাতের খুনে বাঁদর থেকে। কাজেই প্রবীরবাবুর মাথায় বুমেয়্যাঙের বাড়ি মেরে আপনার যে আনন্দ হয়েছে, সেটার জন্য আপনার পূর্বপুরুষরাই দায়ী।’

আমরা যতই বাঁদর আর বুমেয়্যাং নিয়ে কথা বলি না কেন, আমার মন কেবল চলে যাচ্ছে শত্ৰুচরণের ভ্রমণকাহিনীর দিকে। কোথায়, কার কাছে রয়েছে সেই লেখা? নাকি কারুর কাছে নেই, আর কোনওদিনও ছিল না?

শেষ পর্যন্ত আমি আর থাকতে না পেরে বললাম, ‘ফেলুদা, ধর্মীজা মিথ্যে কথা বলছেন, না দীননাথবাবু?’

ফেলুদা বলল, ‘দুজনের কেউই মিথ্যে বলছে না।’

‘তার মানে লেখাটা আছে?’

‘আছে।’ ফেলুদা গম্ভীর। ‘তবে সেটা ফেরত পাওয়া যাবে কি না সে বিষয়ে সন্দেহ।’

আমি ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম, ‘কার কাছে আছে জান?’

‘জানি। এখন সব জানি, সবই বুঝতে পারছি। তবে সে লোককে দোষী প্রমাণ করা দুর্লভ ব্যাপার। তুখোড় বুদ্ধি সে লোকের। আমাকেও প্রায় বোকা বানিয়ে দিয়েছিল।’

‘প্রায়?’

প্রায় কথাটা শুনে আমার ভালই লাগল। ফেলুদা পুরোপুরি বোকা বনছে এটা ভাবাই আমার পক্ষে কষ্টকর।

‘মিস্তির সাহাব—’

একজন বেয়ারা ছাদের দরজার মুখটাতে এসে দাঁড়িয়ে ফেলুদার নাম ধরে ডেকে এদিক-ওদিক দেখছে।

‘এই যে এখানে’—ফেলুদা হাত তুলে বেয়ারাটাকে ডাকল। বেয়ারা এগিয়ে এসে ফেলুদার হাতে একটা বড় ব্রাউন খাম দিল।

‘মৈনেজার সাহাবকে পাশ ছোড় গিয়ে আপকে লিয়ে।’

খামের উপর লাল পেনসিলে লেখা—মিস্টার পি সি মিটার, ক্লার্কস হোটেল।

খামটা হাতে নিয়েই ফেলুদার মুখের ভাব কেমন জানি হয়ে গিয়েছিল। সেটা খুলে ভিতরের জিনিসটা বার করতেই একটা চেনা গন্ধ পেলাম, আর ফেলুদার মুখ হয়ে গেল একেবারে হাঁ।

‘এ কী—এ জিনিস—এখানে এল কী করে?’

যে জিনিসটা বেরোল সেটা একটা বহুকালের পুরনো খাতা। এরকম খাতা আমাদের দেশে আর কিনতে পাওয়া যায় না। খাতার প্রথম পাতায় খুদে খুদে মুক্তোর মতো অক্ষরে লেখা A Bengalee in lamaland, আর তার তলায় মাস ও সাল Shambhoo Churn Bose, June 1917.

‘এ যে সেই বিখ্যাত ম্যানুসক্রিপ্ট!’ বলে উঠলেন লালমোহনবাবু। ভদ্রলোকের ইংরিজি শুধরে দেবার মতো মনের অবস্থা আমার নেই। আমি দেখছি ফেলুদার দিকে। ফেলুদার দৃষ্টি এখন আর খাতার উপর নেই। সে চেয়ে আছে তার সামনের দিকে। ফেলুদা কি তা হলে সত্যিই পুরোপুরি বোকা বনে গেল নাকি?

এবারে বুঝতে পারলাম ফেলুদা একটা বিশেষ কিছুর দিকে দেখছে। আমারও দৃষ্টি সেই দিকে গেল। জাপানিরা উঠে চলে গেছে। এখন আমরা ছাড়া শুধু একটি লোক ছাদে বসে আছে। সে হল এক কানে তুলোওয়ালা কালো চশমা পরা নেপালি টুপি পরা বুড়ো ভদ্রলোক।

ফেলুদা একদৃষ্টে ওই ভদ্রলোকটির দিকেই দেখছে।

ভদ্রলোক উঠে দাঁড়ালেন। তারপর ধীরে ধীরে আমাদের দিকে এগিয়ে এলেন। আমাদের টেবিল থেকে তিন হাত দূরে দাঁড়িয়ে প্রথমে চশমা, আর তারপর টুপিটা খুললেন। এ চেহারা এখন চেনা যাচ্ছে, কিন্তু তাও কোথায় যেন একটা খটকা রয়ে গেছে।

‘ফলস টিথ পরবেন না?’ ফেলুদা প্রশ্ন করল।

‘সার্টনলি।’

পকেট থেকে এক জোড়া বাঁধানো দাঁত বার করে ভদ্রলোক উপর-নীচ দুপাটি ভরিয়ে দিলেন। সঙ্গে সঙ্গে তার গালের তোবড়ানো চলে গেল, চোয়াল শক্ত হয়ে গেল, বয়স দশ বছর কমে গেল। এখন আর চিনতে কোনও কষ্ট হয় না।

ইনি হলেন ল্যানসডাউন রোডের চ্যাম্পিয়ন খিটখিটে শ্রীনরেশচন্দ্র পাকড়াশী।

‘কবে করিয়েছেন দাঁত?’ ফেলুদা প্রশ্ন করল।

‘অর্ডার দিয়েছিলাম বেশ কিছুদিন হল, হাতে এসেছে দিল্লি থেকে ফেরার পরের দিন।’

এখন বুঝতে পারলাম দীননাথবাবু কেন নরেশবাবুকে বুড়ো ভেবেছিলেন। ট্রেনে ওর ফলস টিথ ছিল না। তারপর আমরা যখন তাঁকে ল্যানসডাউন রোডে দেখেছি ততদিনে উনি দাঁত পরা শুরু করে দিয়েছেন।

ফেলুদা বলল, ‘বাক্সটা যে আপনা থেকে বদলি হয়নি, ওটা যে কেউ প্ল্যান করে বদলি করিয়েছে, এ সন্দেহ আমার অনেক আগে থেকেই হয়েছে। কিন্তু সেটা যে আপনার কীর্তি সেটা ভেবে বার করতে সময় লেগেছে।’

‘সেটা স্বাভাবিক’, নরেশবাবু বললেন, ‘আমি ব্যক্তিটিও যে নেহাত মুর্থ নেই, সেটা নিশ্চয়ই আপনি স্বীকার করবেন।’

‘একশোবার। কিন্তু আপনার গলদটা কোথায় হয়েছিল জানেন? ওই খবরের কাগজগুলো ধর্মীজার বাস্কে পোরাতে। এটা কেন করেছিলেন তা জানি। খাতাটা থাকায় দীননাথবাবুর বাস্কের যা ওজন ছিল, ধর্মীজার বাস্ক ছিল তার চেয়ে হালকা। সে বাস্ক হাতে নিলে দীননাথের খটকা লাগতে পারত। তাই সেটায় কাগজ পুরে ওজনটাকে একটু বাড়িয়ে দিয়েছিলেন। কিন্তু ট্রেনে পড়া কাগজ কে আর কষ্ট করে ভাঁজ করে বাস্কে পোরেন বলুন!’

‘রাইট! কিন্তু সেইখানেই তো আপনার বাহাদুরি। অন্য কেউ হলে সন্দেহ করত না।’

‘এবার একটা প্রশ্ন আছে,’ ফেলুদা বলল, ‘আপনি বাদে সকলেই সে রাত্রে বেশ ভাল ঘুমিয়েছিলেন, তাই না?’

‘হুঁ—তা বলতে পারেন।’

‘অথচ দীননাথ সচরাচর ট্রেনে মোটেই ভাল ঘুমোন না। তাকে কি ঘুমের ওষুধ খাইয়েছিলেন?’

‘রাইট!’

‘জলের গলাসে ঘুমের বড়ি গুঁড়ো করে ঢেলে দিয়েছিলেন?’

‘রাইট। সেকেনাল। ওটা সর্বদাই আমার সঙ্গে থাকে। ডিনারের আগে প্রত্যেককেই খাবার জল দিয়ে গিয়েছিল, এবং ধর্মীজা বাদে অন্য দুজনই বাথরুমে হাত ধুতে গিয়েছিল।’

‘তার মানে ধর্মীজাকে খাওয়াতে পারেননি?’

‘উহুঁ। তার ফলে রাতটা আমার মাঠে মারা যায়। ভোর ছটায় উঠে ধর্মীজা দাড়ি কামায়, তারপর তার জিনিসপত্র বাস্কে রেখে বাথরুমে যায়। সেই সুযোগে আমি আমার কাজ সারি। তখনও অন্য দুজন অঘোরে ঘুমোচ্ছেন।’

‘তবে আপনার সবচেয়ে চালাকি কোনখানে জানেন? লেখাটা হাত করার পরেও আমার আছে এসে সেটার জন্য টাকা অফার করা।’

মিস্টার পাকড়াশী হো হো করে হেসে উঠলেন। ফেলুদা বলল, ‘সিমলা যেতে বারণ করে টেলিফোন ও কাগজে লেখা হুমকি—এও তো আপনার কীর্তি?’

‘ন্যাচারেলি। প্রথম দিকে তো আমি মোটেই চাইনি আপনি সিমলা আসেন। তখন তো আপনি আমার পরম শত্রু। আমি তো ভাবছি—ফেলু মিতির যখন বাস্কের ব্যাপারে জড়িয়ে পড়েছে, তখন আমার এমন পারফেক্ট ক্রাইমটা ফাঁস হয়ে যাবে। প্লেনে পর্যন্ত আমি আপনার ওই বন্ধুটির পকেটে হুমকি কাগজ গুঁজে দিয়েছি তারপর ক্রমে, এই সিমলায় এসে, মনে হল লেখাটা আপনাকে ফেরত দেওয়াই উচিত।’

‘কেন?’

‘কারণ খাতা ছাড়া বাস্ক ফেরত দিলে আপনার ঘাড়েও তো খানিকটা সন্দেহ পড়ত। সেটা আমি চাইনি। আপনি-লোকটাকে তো এ ক’দিনে কিছুটা চিনেছি!’

‘থ্যাক্স ইউ, নরেশবাবু। এবারে আমি আপনাকে একটা প্রশ্ন করতে পারি কি?’
‘নিশ্চয়ই।’

‘লেখাটা যে ফেরত দিলেন—আপনি ইতিমধ্যে এর একটা কপি করে রেখেছেন, তাই না?’
নরেশবাবুর মুখ এক মুহূর্তে শুকিয়ে গেল। বুঝলাম ফেলুদা একটা ওস্তাদের চাল চলেছে।
ও বলে চলল, ‘আমরা যখন আপনার বাড়ি গেলাম, তখনই আপনি এটা কপি করছিলেন টাইপ করে, তাই না?’

‘কিন্তু...আপনি...?’

‘আপনার ঘরে একটা গন্ধ পেয়েছিলাম, সেটা শব্দুচরণের নেপালি বাস্মে পেয়েছি, আর আজ পাচ্ছি এই খাতাটায়।’

‘কপিটা কিন্তু—’

‘আমাকে বলতে দিন, প্লিজ!—শব্দুচরণ মারা গেছেন টোয়েন্টিওয়ানে। অর্থাৎ একান্ন বছর আগে। অর্থাৎ এক বছর আগে তার লেখার কপিরাইট ফুরিয়ে গেছে। অর্থাৎ সে লেখা আজ যে কেউ ছাপাতে পারে—তাই না?’

‘আলবত পারে!’ নরেশবাবু উত্তেজিতভাবে বললেন। ‘আপনি কি বলতে চান এটা করে আমি কিছু অন্যায় করেছি? এ তো অসাধারণ লেখা—দীননাথ কি এ লেখা কোনওদিন ছাপাত? এটা আমিই ছাপব, এবং আমার এ অধিকারে কেউ হস্তক্ষেপ করতে পারবে না।’

‘হস্তক্ষেপ না করলেও, প্রতিদ্বন্দ্বিতা করতে পারে তো?’

‘তার মানে? কে করবে প্রতিদ্বন্দ্বিতা? কে?’

ফেলুদার ঠোঁটের কোণে সেই হাসি। আরেকবার হ্যান্ডসেক করার জন্য নরেশবাবুর দিকে ডান হাতটা বাড়িয়ে দিয়ে বলল—

‘মিট ইওর রাইভ্যাল, মিস্টার পাকড়াশী। এই বাস্ম-রহস্যের ব্যাপারে আমি দীননাথবাবুর কাছে কেবল একটি পারিশ্রমিকই চাইব—সেটা হল এই খাতাটা।’

‘বুমেরাং’, বলে উঠলেন জটাঘু।

যদিও কেন বললেন সেটা এখনও ভেবে বের করতে পারিনি।



সমাদারের চাবি

১

ফেলুদা বলল, ‘এই যে গাছপালা মাঠবন দেখে দেখে চোখ জুড়িয়ে যাচ্ছে, এর বৈজ্ঞানিক কারণটা কী জানিস? কারণ, আদিম কাল থেকে হাজার হাজার বছর ধরে গাছপালার মধ্যে বসবাস করে সবুজের সঙ্গে মানুষের চোখের একটা স্বাভাবিক স্বাস্থ্যের সম্পর্ক গড়ে উঠেছিল। আজকাল গাছ জিনিসটা ক্রমে শহর থেকে লোপাট হতে চলেছে, তাই শহর ছেড়ে বেরোলেই চোখটা আরাম পায়, আর তার ফলে মনটাও হালকা হয়ে ওঠে। যত চোখের ব্যারাম দেখবি শহরে। পাড়াগাঁয়ে যা, কি পাহাড়ে যা, দেখবি চশমা খুঁজে পাওয়া ভার।’

আমি জানি ফেলুদার নিজের চোখ খুব ভাল, তার চশমা লাগে না, সে ঘড়ি ধরে তিন মিনিট পনেরো সেকেন্ড চোখের পাতা না ফেলে থাকতে পারে, যদিও সে কোনওদিন

গ্রামে-টামে থাকেনি। এটা ওকে বলতে পারতাম, কিন্তু যদি মেজাজ বিগড়ে যায় তাই আর বললাম না। আমাদের সঙ্গে মণিবাবু রয়েছেন, মণিমোহন সমাদ্দার, তাঁর চোখে পুরু মাইনাস পাওয়ারের চশমা। তিনিও অবিশ্যি শহরের লোক। বয়স পঞ্চাশ-ষট্টিশ, বেশ ফরসা রং, নাকটা যাকে বলে টিকোলো, কানের কাছে চুলগুলো পাকা। মণিমোহনবাবুর ফিয়াট গাড়িতেই আমরা যশোর রোড দিয়ে চলেছি বামুনগাছি। কেন যাচ্ছি সেটা এই বেলা বলা দরকার।

গতকাল ছিল রবিবার। পূজোর ছুটি সবে আরম্ভ হয়েছে। আমরা দুজনে আমাদের বৈঠকখানায় বসে আছি। আমি খবরের কাগজ খুলে সিনেমার পাতায় বিজ্ঞাপন দেখছি, আর ফেলুদা একটা সংখ্যাতন্ত্র সম্বন্ধে বই খুব মনোযোগের সঙ্গে পড়ছে। আমি লক্ষ করছি সে কখনও আপন মনে হেসে আর কখনও ভুরু দুটোকে ওপরে তুলে ভাল লাগা স্মার অবাধ হওয়াটা বোঝাচ্ছে। বইটা ডক্টর ম্যাট্রিক্স সম্বন্ধে। ফেলুদা বলছিল এই ডক্টর ম্যাট্রিক্সের মতে মানুষের জীবনে সংখ্যা বা নম্বর জিনিসটা নাকি আশ্চর্য প্রভাব বিস্তার করে। অনেক সাধারণ বা অসাধারণ ঘটনার পিছনেই নাকি খুঁজলে নানারকম নম্বরের খেলা আবিষ্কার করা যায়। ব্যাপারটা আমার কাছে ঠিক পরিষ্কার হত না যদি না ফেলুদা বইটা থেকে একটা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিত। বলল, ‘ডক্টর ম্যাট্রিক্সের একটা আশ্চর্য আবিষ্কারের কথা শোন। আমেরিকার দুজন বিখ্যাত প্রেসিডেন্ট খুন হয়েছিল জানিস তো?’

‘লিঙ্কন আর কেনেডি?’

‘হ্যাঁ। আচ্ছা এই দুজনের নামে ক’টা করে অক্ষর?’

‘L-I-N-C-O-L-N — সাত। K-E-N-N-E-D-Y — সাত।’

‘বেশ। এখন শোন — লিঙ্কন প্রেসিডেন্ট হন ১৮৬০ সালে, আর কেনেডি হন ১৯৬০ সালে — ঠিক একশো বছর পরে। দুজনেই খুন হয় শুক্রবার। খুনের সময় দুজনেরই স্ত্রী পাশে ছিল। লিঙ্কন খুন হন থিয়েটারে; সে থিয়েটারের নাম ছিল ফোর্ড। কেনেডি খুন হন মোটর গাড়িতে। সেটা ফোর্ড কোম্পানির তৈরি গাড়ি। গাড়িটার নাম ছিল লিঙ্কন। লিঙ্কনের পরে যিনি প্রেসিডেন্ট হন তাঁর নাম ছিল জনসন, অ্যান্ড্রু জনসন। কেনেডির পরে প্রেসিডেন্ট হন লিঙ্কন জনসন। প্রথম জনের জন্ম ১৮০৮, দ্বিতীয় জনের জন্ম ১৯০৮ — ঠিক একশো বছর পর। লিঙ্কনকে যে খুন করে তার নাম জানিস?’

‘জানতাম, ভুলে গেছি।’

‘জন উইলকিন্স বুথ। তার জন্ম ১৮৩৯ সালে। আর কেনেডিকে খুন করে লী হারভি অসওয়াল্ড। তার জন্ম ঠিক একশো বছর পরে — ১৯৩৯। এইবারে নাম দুটো আরেকবার লক্ষ কর। John Wilkes Booth — Lee Harvey Oswald — ক’টা করে অক্ষর আছে নামে?’

‘অক্ষর গুনে থ’ হয়ে গেলাম। ঢোক গিলে বললাম, ‘দুটোতেই পনেরো।’

ফেলুদা হয়তো ডক্টর ম্যাট্রিক্সের তাজ্জব আবিষ্কারের বিষয়ে আরও কিছু বলত, কিন্তু ঠিক এই সময়ে বিনা অ্যাপয়েন্টমেন্টে এসে হাজির হল মণিমোহন সমাদ্দার। ভদ্রলোক নিজের পরিচয়-টরিচয় দিয়ে সোফায় বসে বললেন, ‘আমি আপনাদের পাড়াতেই থাকি — লেক প্লেসে।’

ফেলুদা ‘ও’ বলে চুপ করে গেল। আমি ভদ্রলোককে আড়চোখে দেখছি। গায়ে একটা হালকা রঙের বুশশার্ট আর ব্রাউন প্যান্ট, পায়ে বাটার স্যান্ডাল জুতো। ভদ্রলোক একটু ইতস্তত করে গলা খাক্রিয়ে বললেন, ‘আপনি হয়তো আমার কাকার নাম শুনে থাকবেন, রাধারমণ সমাদ্দার।’

‘এই সেদিন যিনি মারা গেলেন?’ ফেলুদা প্রশ্ন করল। ‘যাঁর খুব গান বাজনার শখ ছিল?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘অনেক বয়স হয়েছিল না?’

‘বিরশি।’

‘হ্যাঁ, হ্যাঁ, কাগজে পড়ছিলাম। অবিশ্যি মৃত্যু সংবাদটা পড়ার আগে তাঁর নাম শুনেছিলাম বললে মিথ্যে বলা হবে।’

‘সেটা কিছুই আশ্চর্য না। উনি যখন গান বাজনা ছেড়েছেন তখন আপনি নেহাতই ছেলেমানুষ। প্রায় পনেরো বছর হল রিটারার করে বামুনগাছিতে বাড়ি করে সেখানেই চুপচাপ বসবাস করছিলেন। আঠারোই সেপ্টেম্বর সকালে হার্ট অ্যাটাক হয়। সেইদিন রাত্রে মারা যান।’

‘আই সি।’

ভদ্রলোক কয়েক সেকেন্ড চুপ। ফেলুদা তার বাঁ পা-টা ডান পায়ের উপর তুলে বসেছিল, এই ফাঁকে ডান পা-টা বাঁ পায়ের উপরে তুলে দিল। মিস্টার সমাদার একটু কিন্তু কিন্তু ভাব করে বললেন, ‘আপনি হয়তো ভাবছেন লোকটা কী বলতে এল। আসলে ব্যাক-গ্রাউন্ডটা একটু না দিয়ে দিলে...।’

‘নিশ্চয়, নিশ্চয়,’ ফেলুদা বলে উঠল। ‘আপনি তাড়াহড়ো করবেন না। টেক ইওর টাইম।’

মণিমোহনবাবু বলতে লাগলেন, ‘আমার কাকা ঠিক সাধারণ মানুষ ছিলেন না। ওঁর পেশা ছিল ওকালতি, এবং তাতে রোজগারও করেছেন যথেষ্ট। বছর পঞ্চাশেক বয়সে সেটা ছেড়ে দিয়ে একেবারে পুরোপুরি গান-বাজনার দিকে চলে যান। শুধু গাইতেন না, সাত-আট রকম দিশি বিলিতি যন্ত্র বাজাতে পারতেন। সেতার বেহালা পিয়ানো হারমোনিয়াম বাঁশি তবলা এবং এ ছাড়াও আরও কয়েকটা। তার উপরে সংগ্রহের বাতিক ছিল। ওঁর বাড়িতে বাদ্যযন্ত্রের একটা ছোটখাটো মিউজিয়াম করে ফেলেছিলেন।’

‘কোন বাড়িতে?’ ফেলুদা প্রশ্ন করল।

‘আমহার্স্ট স্ট্রিটে থাকতেই শুরু হয়, তারপর সে সব যন্ত্র বামুনগাছির বাড়িতে নিয়ে যান। যন্ত্রের সন্ধানে ভারতবর্ষের নানান জায়গায় গেছেন। বম্বেতে একবার এক ইটালিয়ান জাহাজির কাছ থেকে একটা বেহালা কেনেন, সেটা কলকাতায় এনে কিছুদিনের মধ্যেই বিক্রি করে দেন ত্রিশ হাজার টাকায়।’

ফেলুদা একবার আমাকে বলেছিল ইটালিতে প্রায় তিনশো বছর আগে দু-তিনজন লোক ছিল যাদের তৈরি বেহালার এমন কয়েকটা আশ্চর্য গুণ ছিল যে আজকের দিনে সেগুলোর দাম প্রায় লাখ টাকায় পৌঁছে গেছে।

সমাদার মশাই বলে চললেন, ‘এই সব গুণের পাশে কাকার একটা মস্ত দোষ ছিল। তিনি ছিলেন অত্যন্ত কৃপণ। এই যে শেষ বয়সে আত্মীয়স্বজনের কাছ থেকে দূরে সরে গেলেন, তার একটা প্রধান কারণ হল তাঁর কৃপণতা।’

‘আত্মীয় বলতে আপনি ছাড়া আর কে আছে?’

‘এখন আর বিশেষ কেউ নেই। দূর সম্পর্কের আত্মীয় কিছু এদিকে ওদিকে ছড়িয়ে আছে। আমার কাকারা ছিলেন চার ভাই, দুই বোন। বোনেরা মারা গেছেন। ভাইয়ের মধ্যে কাকাকে নিয়ে তিনজন মারা গেছেন, আর একজন জীবিত কি মৃত জানা নেই। তিনি প্রায় ত্রিশ বছর আগে সংসার ছেড়ে চলে যান। রাধারমণ নিজে বিপত্নীক ছিলেন। একাটি

ছেলে ছিল, মুরলীধর, তিনিও প্রায় পঁচিশ বছর হল মারা গেছেন। তাঁর ছেলে ধরনীধর হল কাকার একমাত্র নাতি। ছেলেবেলায় সে কাকার খুবই প্রিয় ছিল। শেষটায় পড়াশুনোয় জলাঞ্জলি দিয়ে যখন নাম বদলে থিয়েটারে ঢুকল, তখন থেকে কাকা আর তার মুখ দেখেননি। এই হল আত্মীয়।’

‘ধরনীধর বেঁচে আছেন?’

‘হ্যাঁ। সে এখন থিয়েটার ছেড়ে যাত্রার দলে যোগ দিয়েছে। কাকার মৃত্যুর পর তার খোঁজ করেছিলাম, কিন্তু সে কলকাতায় নেই। দলের সঙ্গে কোনও অজ পাড়াগাঁয়ে ট্যুরে বেরিয়েছে। ওর বেশ নামটাম হয়েছে। গান বাজনাতেও ট্যালেন্ট ছিল, যে কারণে কাকা ওকে ভালবাসতেন।’

মণিমোহনবাবু হঠাৎ যেন খেঁই হারিয়ে কয়েক সেকেন্ড চুপ করলেন। তারপর আবার বলে চললেন—

‘আমার সঙ্গে কাকার যে খুব একটা যোগাযোগ ছিল তা নয়। বড়জোর দুমাসে একবার দেখা হত। ইদানীং আরও কম। আসলে, আমার একটা ছাপাখানা আছে ভবানীপুরে, ইউরেকা প্রেস, তাতে এই গত ক’মাস লোডশেডিং নিয়ে খুব ভুগতে হচ্ছে। কাকার হার্ট অ্যাটাকটা হওয়াতে ওঁর প্রতিবেশী অবনীবাবু আমাকে টেলিফোন করে খবর দেন, আমি তৎক্ষণাৎ চিন্তামণি বোসকে নিয়ে চলে যাই। যখন পৌঁছই তখন জ্ঞান ছিল না। মারা যাবার ঠিক আগে জ্ঞান হয়। আমাকে দেখে মনে হল চিনলেন। দু-একটা ভাঙা ভাঙা কথাও বললেন — ব্যস্ — তারপরেই শেষ।’

‘কী বললেন?’ ফেলুদা জিজ্ঞেস করল। সে এখন আর পায়ের উপর পা তুলে নেই; চেয়ারের সামনের দিকে এগিয়ে বসেছে।

‘প্রথমে বললেন — “আমার...নামে”। তারপর কিছুক্ষণ ঠোট নড়ছে, কথা নেই। শেষে অনেক কষ্টে দুবার বললেন—“চাবি...চাবি...”। ব্যস্।’

ফেলুদা ভুরু কুঁচকে চেয়ে রয়েছে মণিমোহনবাবুর দিকে। বলল, ‘কী বলতে চাচ্ছিলেন সেটা আন্দাজ করতে পেরেছিলেন কি?’

‘প্রথম অংশ শুনে মনে হয় ওঁর নামে যে কৃপণ বলে অপবাদ রটেছিল সেটার বিষয় কিছু বলতে চাইছেন। আমার ধারণা ওঁর মনে একটা অনুশোচনার ভাব জেগেছিল। কিন্তু আসল কথাটা হচ্ছে ওই চাবি। কীসের চাবির কথা বলছেন কিছুই বোঝা গেল না। ঘরে একটা আলমারি আর একটা সিন্দুক ছিল। তার চাবি ওঁর খাটের পাশের টেবিলের দেয়ালে থাকত। বাড়িতে ঘর মাত্র তিনটে, আর একটা বাথরুম, সেটা শোবার ঘরের সঙ্গে লাগা। আসবাবপত্র বলতে বিশেষ কিছুই নেই। অস্ত্র চাবি লাগে এমন জিনিস তো নেই বললেই চলে। দরজায় যে তালা ব্যবহার করতেন, সেটা একরকম জার্মান তালা, তাতে চাবির দরকার হয় না, নস্থরের কব্বিনেশনে খুলতে হয়।’

‘সিন্দুক আর আলমারিতে কী ছিল?’

‘আলমারির তাকে কিছু জামা কাপড় ছিল, আর দেয়ালে কিছু কাগজপত্র। দরকারি কিছুই না। আর সিন্দুক ছিল একেবারে খাঁ খাঁ খালি।’

‘টাকা পয়সা?’

‘নাথিং। নট এ পাইস। টেবিলের দেয়ালে কিছু খুচরো পয়সা ছিল, আর বালিশের নীচে একটা বটুয়াতে কিছু দুটাকা পাঁচ টাকার নোট। ব্যস্। বটুয়া থেকে নাকি সংসারের জন্য টাকা বার করে দিতেন। অস্ত্র চাকর অনুকূল তাই বলে।’

‘কিন্তু সেও তো বলছেন সামান্য টাকা। সেটা ফুরিয়ে গেলে অন্য কোথাও থেকে বার

করতে হত নিশ্চয়ই।’

‘নিশ্চয়ই।’

‘আপনি কি বলতে চান উনি ব্যাঙ্কে টাকা রাখতেন না?’

মণিমোহনবাবু হেসে বললেন, ‘তাই যদি রাখবেন তা হলে আর সাধারণ মানুষের সঙ্গে তফাতটা হবে কোথায়? এককালে রাখতেন, তবে বছর পঁচিশেক আগে একটা ব্যাঙ্ক ফেল পড়ায় উনি বেশ ক্ষতিগ্রস্ত হয়েছিলেন। তারপর থেকে আর ব্যাঙ্কের সঙ্গে কোনও সংশ্রব রাখেননি। অথচ —’ মণিবাবু গলার স্বর নামিয়ে নিলেন — ‘আমি জানি ওঁর বিস্তর টাকা ছিল! এবং সেটা যে বাড়ি তৈরি করার পরেও ছিল সেটা তাঁর দুঃপ্রাপ্য বাজনার কালেকশন দেখলেই বুঝতে পারবেন। তা ছাড়া উনি নিজের পিছনে বেশ ভালই খরচ করতেন। ভাল খেতেন, বাড়িতে ভাল বাগান করেছিলেন, একটা সেকেন্ড হ্যান্ড অস্টিন গাড়িও কিনেছিলেন; মাঝে মাঝে বেরোতেন, শহরে আসতেন। কাজেই...’

ফেলুদা পকেট থেকে চারমিনার বার করেছে। মণিমোহনবাবুকে অফার করে দেশলাই ধরিয়ে দিল। ভদ্রলোক বেশ ভাল করে টান দিয়ে ধোঁয়া ছেড়ে বললেন, ‘এতক্ষণে হয়তো আন্দাজ করেছেন কেন আপনার কাছে এসেছি। এতগুলো টাকা — সব গেল কোথায়? কোন চাবির কথা বলছিলেন কাকা? সে চাবি দিয়ে কোন জিনিসটা খুললে কী পাওয়া যাবে? সেটা কি টাকা, না অন্য কিছু? যদি উইল থেকে থাকে তা হলে সেটা তো পাওয়া দরকার। উইল না থাকলে অবিশ্যি টাকা নাতিই পাবে, কিন্তু তার আগে টাকাটা তো পেতে হবে। আপনার বুদ্ধির অনেক তারিফ শুনেছি। আপনি যদি এ ব্যাপারে আমাকে একটু হেল্প করতে পারেন!...’

মণিমোহনবাবুর সঙ্গে কথা বলে ঠিক হল যে পরদিনই সকালে আমরা বামুনগাছি যাব। ওঁর গাড়ি আছে, উনি নিজেই সকাল সাতটায় এসে আমাদের তুলে নিয়ে যাবেন। আমি বুঝেছি যে ফেলুদার কাছে এটা একটা নতুন ধরনের রহস্য। রহস্য না বলে হেঁয়ালিও বলা যেতে পারে।

অন্তত গোড়াতে তাই মনে হয়েছিল। শেষে দেখলাম হেঁয়ালির চেয়েও অনেক বেশি গোলমালে প্যাঁচালো একটা কিছু।

২

বারাসত ছাড়িয়ে একটা রাস্তা যশোর রোড থেকে ডান দিকে মোড় নিয়ে বামুনগাছির দিকে গেছে। সেই মোড়ের মাথায় একটা খাবারের দোকান থেকে মণিমোহনবাবু আমাদের চা আর জিলিপি কিনে খাওয়ালেন। তাতে পনেরো মিনিট গেল, তা না হলে আমরা আটটার মধ্যেই বামুনগাছি পৌঁছে যেতাম।

গোলাপি রঙের পাঁচিল আর ইউক্যালিপটাস গাছে ঘেরা সাত বিঘে জমির উপর রাধারমণ সমাদ্রারের একতলা বাড়ি। যে লোকটা এসে গেট খুলে দিল সে বোধহয় মালী, কারণ তার হাতে একটা ঝুড়ি ছিল। গাড়ি গেট দিয়ে ঢুকে বাগানের পাশ দিয়ে কাঁকর বিছানো রাস্তার উপর দিয়ে একেবারে বাড়ির দরজার সামনে এসে দাঁড়াল। ডান দিকে খানিকটা দূরে একটা গ্যারেজের ভিতর একটা পুরনো কালো গাড়ি রয়েছে। সেটাই বুঝলাম রাধারমণ সমাদ্রারের অস্টিন।

গাড়ি থেকে নামতেই একটা ঠাঁই শব্দ শুনে বাগানের দিকে ফিরে দেখি নীল হাফপ্যান্ট পরা আট-দশ বছরের একটি ছেলে হাতে একটা এয়ারগান নিয়ে দাঁড়িয়ে আমাদের দিকে



দেখছে। মণিমোহনবাবু তাকে বললেন, ‘তোমার বাবা বাড়িতে আছেন? তাঁকে গিয়ে বলো তো যে মণিবাবু কলকাতা থেকে এসেছেন, একবার ডাকছেন।’

ছেলেটি বন্দুকে ছব্বা ভরতে ভরতে চলে গেল। ফেলুদা বলল, ‘প্রতিবেশীর ছেলে বুঝি?’

‘আজ্ঞে হ্যাঁ। ওর বাবা অবনী সেনের একটা ফুলের দোকান আছে নিউ মার্কেটে। এখানে পাশেই ওঁর বাড়ি, তার সঙ্গে ওঁর নাসারি। মাঝে মাঝে স্ত্রী আর ছেলেকে নিয়ে এসে থাকেন।’

ইতিমধ্যে একজন বড়ো চাকর আমাদের দিকে এগিয়ে এসেছে। মণিবাবু তাকে দেখিয়ে বললেন, ‘এ বাড়িটার যদি না একটা ব্যবস্থা হচ্ছে ততদিন অনুকূল এখানেই থাকছে। প্রায় ত্রিশ বছরের পুরনো চাকর। অনুকূল, এঁদের জন্য একটু সরবতের ব্যবস্থা করো তো।’

চাকর মাথা হেঁট করে ‘হ্যাঁ’ বলে চলে গেল, আমরা তিনজন বাড়ির ভিতর ঢুকলাম।

দরজা দিয়ে ঢুকেই একটা খোলা জায়গা। সেটাকে ঘর বলা মুশকিল, কারণ মাঝখানে

একটা গোল টেবিল আর দেয়ালে একটা ক্যালেন্ডার ছাড়া আর কিছুই নেই। বাতিটাতিও নেই কারণ এদিকটায় ইলেকট্রিসিটি নেই। আমাদের সামনেই একটা দরজা রয়েছে, মণিবাবু সেটার দিকে এগিয়ে গিয়ে বললেন, ‘দেখুন, এই হল সেই জামান তাল। দ্বিতীয় মহাযুদ্ধের আগে কলকাতা শহরেই কিনতে পাওয়া যেত। এর নাম হল এইট-টু-নাইন-ওয়ান।’

গোল তাল, তাতে চাবির গর্ত-তর্জ নেই, তার বদলে আছে চারটে খাঁজ। প্রত্যেকটা খাঁজের পাশে ১ থেকে ৯ পর্যন্ত নম্বর লেখা আছে, আর প্রত্যেকটার মধ্যে দিয়ে ছোট্ট হকের মতো জিনিস বেরিয়ে আছে। এই হকগুলোকে খাঁজের এ-মাথা থেকে ও-মাথা পর্যন্ত ঠেলে সরানো যায়, আর দরকার হলে যে-কোনও একটা নম্বরের পাশে বসিয়ে দেওয়া যায়। কোনটাকে কোন নম্বরে বসাতে হবে না জানলে তাল খোলা অসম্ভব।

মণিবাবু বাঁ দিকের খাঁজ থেকে শুরু করে হকগুলোকে পর পর ৮, ২, ৯ আর ১ নম্বরে ঠেলে দিতেই খড়াং শব্দ করে ম্যাজিকের মতো তালটা খুলে গেল। মণিবাবু বললেন, ‘বন্ধ করাটা আরও সহজ। তালটা লাগিয়ে যে-কোনও একটা হক নম্বর থেকে একটু সরিয়ে দিলেই লক।’

আমরা তিনজন রাধারমণ সমাদ্রার ঘরে ঢুকলাম।

ঘরটা বেশ বড়। তাতে মণিবাবু যা যা বলেছিলেন সবই আছে, কিন্তু বাজনা যে এতরকম আছে সেটা ভাবতেই পারিনি। তার কিছু রয়েছে দক্ষিণ দিকের দেওয়ালের গায়ে একটা লম্বা শেলফের তিনটে তাকের উপর, কিছু পূর্বদিকের দেওয়ালের সামনে একটা লম্বা বেঞ্চির উপর, কিছু ঝুলছে দেওয়ালের হুক থেকে, আর কিছু রয়েছে ছোট ছোট টেবিলের উপর। এ ছাড়া ঘরে যা আছে তা হল খাট, খাটের পাশে একটা ছোট টেবিল, উত্তর দিকের দেওয়ালের সামনে একটা আলমারি। আর এক কোণে একটা ছোট সিন্দুক। খাটের তলায় একটা ছোট ট্রান্সও চোখে পড়ল।

ফেলুদা প্রথমে ঘরের মাঝখানে দাঁড়িয়ে একবার চারিদিকটা দেখে নিল। তারপর আলমারি আর সিন্দুক খুলে তার ভিতরে বেশ ভাল করে হাত আর চোখ বুলিয়ে নিল। তারপর দেওয়াজ সমেত টেবিলটাকে পরীক্ষা করল, খাটের তোষকের নীচে দেখল, খাটের নীচে দেখল, ট্রান্সের ভিতর দেখল (তাতে একজোড়া পুরনো জুতো আর একটা ছেঁড়া ন্যাকড়া ছাড়া আর কিছু নেই)। তারপর প্রত্যেকটা বাজনা আলাদা করে হাতে তুলে ওজন পরীক্ষা করে নেড়ে চেড়ে এদিক ওদিক ঘুরিয়ে তার ফাঁপা বা ফোলা অংশে চাবির গর্ত আছে কি না দেখে আবার ঠিক যেমনভাবে রাখা ছিল তেমনিভাবে রেখে দিল। তারপর ঘরের মেঝে আর দেওয়ালের প্রত্যেকটা জায়গা আঙুলের গাঁট দিয়ে ঠুকে ঠুকে দেখল। সমস্ত ব্যাপারটা করতে তার লাগল পনেরো মিনিট। তারপর আরও সাত মিনিট লাগল অন্য দুটো ঘর আর বাথরুম দেখতে। সবশেষে আবার রাধারমণবাবুর ঘরে ফিরে এসে বলল, ‘মণিমোহনবাবু, আপনাদের মালীটিকে একবার ডাকুন তো।’

মালী এলে ফেলুদা তাকে দিয়ে ঘরের জানালায় রাখা দুটো ফুলের টব থেকে মাটি বার করিয়ে তাতে কিছু নেই দেখে আবার মাটি ভরিয়ে ফুল সমেত টব জানালায় রাখল।

এর মধ্যে অনুকূল বসবার ঘর থেকে চারটে চেয়ার এনে তার সামনে একটা গোল টেবিল পেতে তার উপর লেবুর সরবত রেখে গেছে। সরবতে চুমুক দিয়ে মণিবাবু বললেন, ‘কিছু বুঝলেন?’

ফেলুদা মাথা নেড়ে বলল, ‘এতগুলো বাজনা এক সঙ্গে না থাকলে এঘরে যে কোনও অবস্থাপন্ন লোক বাস করত সেটা বিশ্বাস করা কঠিন হত।’

‘সেই তো বলছি’, মণিবাবু বললেন, ‘সাধে কি আপনাকে ডেকেছি! আমি তো একেবারে

বোকা বনে গেছি মশাই ।’

আমি বাজনাগুলোর দিকে দেখছিলাম । তার মধ্যে সেতার সরোদ তানপুরা এসরাজ তবলা বাঁশি—এগুলো আমি চিনি । অন্যগুলো আমি কখনও চোখেই দেখিনি । ফেলুদাও দেখেছে কি না সন্দেহ । সে মণিবাবুকে প্রশ্ন করল, ‘সব ক’টা বাজনার নাম জানেন ? ওই যে দেয়াল থেকে তারের যন্ত্রটা ঝুলছে, ওটার কী নাম ?’

মণিবাবু হেসে বললেন, ‘আমি মশাই একেবারে বেসুরো । আমাকে ও সব জিজ্ঞেস করলে কিন্তু ফাঁপরে পড়ব ।’

একটা পায়ের শব্দ পেয়ে ঘুরে দেখি সেই বন্দুকওয়ালা ছেলেটির সঙ্গে বছর চল্লিশের একজন ফরসা ভদ্রলোক আমাদের ঘরে এসে ঢুকলেন । মণিবাবু আলাপ করিয়ে দিতে জানলাম ইনিই হলেন ফুলের দোকানের মালিক অবনী সেন । ছেলেটির নাম হল সাধন । অবনীবাবু প্রদোষ মিত্রের নাম শুনেছেন জেনে ফেলুদা একটা ছোট্ট একপেশে হাসির সঙ্গে একটা গলা খাকরানি দিল । অবনীবাবু খালি চেয়ারটায় বসে মণিবাবুর দিকে ফিরে বললেন, ‘ভাল কথা, আপনার কাকা কি কাউকে তাঁর কোনও বাজনা বিক্রি করার কথা বলেছিলেন ?’

‘কই না তো !’ মণিবাবু অবাক ।

‘কাল একটা ভদ্রলোক এসেছিলেন । এখানে কাউকে না পেয়ে আমার বাড়িতে যান । আমি তাঁকে আজ আবার আসতে বলে দিয়েছি । আমি আন্দাজ করেছিলাম আপনি হয়তো আসতে পারেন । ভদ্রলোকের নাম সুরজিৎ দাশগুপ্ত । আপনার কাকার মতোই বাজনা সংগ্রহের বাতিক । রাধারমণবাবুর লেখা একটা চিঠি দেখালেন । মৃত্যুর কিছুদিন আগেই লেখা । সেই চিঠি পেয়ে ভদ্রলোক নাকি আগেই একবার দেখা করে গেছেন । আপনাদের চাকরও তাকে দেখেছে বলে বলল ।’

‘আমিও দেখেছি ।’

কথাটা বলল সাধন । সে একটা টেবিলের উপর রাখা ছোট্ট হারমোনিয়ামের মতো একটা বাজনার সামনে দাঁড়িয়ে তার পদরি উপর আস্তে আস্তে আঙুল টিপে টুং টাং সুর বার করছে ।

অবনীবাবু ছেলের কথা শুনে হেসে বললেন, ‘সাধন প্রায় সারাটা দিনই এই বাড়ির আশেপাশেই ঘোরাফেরা করে । দাদুর সঙ্গে তার খুব ভাব ছিল ।’

‘দাদুকে কেমন লাগত তোমার ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘মাঝে মাঝে খারাপ ।’ সাধন আমাদের দিকে পিছন ফিরেই উত্তরটা দিল ।

‘খারাপ কেন ?’ ফেলুদা আবার প্রশ্ন করল ।

‘খালি খালি সারেগামা গাইতে বলতেন ।’

‘আর তুমি গাইতে না ?’

‘না । কিন্তু আমি গাইতে পারি ।’

‘যত রাজ্যের হিন্দি ফিল্মের গান,’ হেসে বলে উঠলেন অবনীবাবু ।

‘দাদু জানতেন তুমি গান গাইতে পারো ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘হ্যাঁ ।’

‘তার মানে তোমার গান শুনেছিলেন তিনি ?’

‘না ।’

‘তা হলে কী করে জানলেন ?’

‘দাদু বলতেন যার নামে সুর থাকে, তার গলায়ও সুর থাকে ।’

কথাটা ঠিক পরিষ্কার হল না, তাই আমরা এ-ওর মুখ চাওয়া-চাওয়ি করলাম । ফেলুদা বলল, ‘তার মানে ?’

‘জানি না ।’

‘তোমার দাদুর গান তুমি শুনেছ ?’

‘না । বাজনা শুনেছি ।’

এই কথাটায় মণিমোহনবাবু যেন বেশ হকচকিয়ে গিয়ে বললেন, ‘সে কী, সাধনবাবু ! তুমি ঠিক বলছ ? আমি তো জানি উনি বাজনা বাজানো ছেড়ে দিয়েছিলেন । তোমার সামনে বাজিয়েছেন কখনও ?’

‘সামনে না । আমি বাইরে ছিলাম, বাগানে । বন্দুক দিয়ে নারকোল মারছিলাম । উনি তখন বাজালেন ।’

‘অন্য কোনও লোক বাজায়নি তো ?’ মণিবাবু জিজ্ঞেস করলেন ।

‘আর কেউ ছিল না ।’

ফেলুদা বলল, ‘অনেকক্ষণ ধরে বাজনা শুনলে ?’

‘না । বেশিক্ষণ না ।’

ফেলুদা এবার মণিমোহনবাবুকে বলল, ‘একবার আপনার অনুকূলকে ডাকুন তো ।’

অনুকূল এসে হাত দুটোকে জড়ো করে দরজার মুখে দাঁড়াল । ফেলুদা বলল, ‘তোমার মনিবকে সম্প্রতি কখনও বাজনা বাজাতে শুনেছ ?’

অনুকূল ভীষণ কাঁচুমাচু ভাব করে বলল, ‘এজ্ঞে বাবু তো ঘরের ভিতরেই থাকতেন সর্বক্ষণ, তা সে কখন কী করতেন না করতেন...’

‘তোমার সামনে বাজনা বাজাননি কখনও ?’

‘এজ্ঞে না ।’

‘বাজনার আওয়াজ শুনেছ ?’

‘এজ্ঞে তা যেন কয়েকবার...তবে কানে তো ভাল শুনি না...’

‘মারা যাবার আগে একজন অপরিচিত লোক ওঁর সঙ্গে দেখা করতে এসেছিলেন কি ? যিনি কাল সকালেও এসেছিলেন ?’

‘তা এসেছিলেন বটে । এই ঘরে বসেই কথা বললেন ।’

‘প্রথম কবে এসেছিলেন মনে আছে ?’

‘এজ্ঞে হ্যাঁ । যেদিন তিনি চলে গেলেন সেদিন সকালে ।’

‘যেদিন কাকা মারা গেলেন ?’ মণিবাবু চোখ বড় বড় করে জিজ্ঞেস করলেন ।

‘এজ্ঞে হ্যাঁ ।’

অনুকূলের চোখে জল এসে গেছে । সে গামছা দিয়ে চোখ মুছে ধরা গলায় বলল, ‘সে ভদ্রলোক গেলেন চলে, আর তার কিছু পরেই আমি বাবুর চানের জল গরম করে নিয়ে তেনাকে বলতে গিয়ে দেখি কি তেনার যেন ঈশ নেই । কয়েকবার “বাবু বাবু” করে ডেকে যখন সাড়া পেলাম না তখন এনার বাড়িতে গেলাম খবর দিতে ।’ অনুকূল অবনীবাবুর দিকে দেখিয়ে দিল । অবনীবাবু বললেন, ‘আমি ব্যাপার দেখেই মণিবাবুকে টেলিফোন করে একজন ডাক্তার নিয়ে আসতে বলি । অবিশ্যি বিশেষ কিছু করার ছিল না ।’

একটা গাড়ির আওয়াজ পাওয়া গেল । অনুকূল বাইরে চলে গেল । মিনিটখানেকের মধ্যেই ঘরে এসে ঢুকলেন লম্বা ঝুলপি, ঝাঁকড়া চুল, লম্বা গোঁফ আর পুরু ফ্রেমের চশমা পরা এক ভদ্রলোক । জানা গেল ইনিই সুরজিৎ দাশগুপ্ত । অবনীবাবু মণিমোহনবাবুকে দেখিয়ে বললেন, ‘আপনি এঁর সঙ্গে কথা বলুন । ইনি রাধারমণবাবুর ভাইপো ।’

‘ও, আই সি । আপনার কাকার সঙ্গে আমার চিঠিতে আলাপ হয় । উনি আমাকে এসে দেখা করতে—’

মণিবাবু তার কথার উপরেই বললেন, ‘কাকার চিঠিটা সঙ্গে আছে কি?’

ভদ্রলোক তাঁর কোটের ভিতরের পকেট থেকে একটা পোস্টকার্ড বার করে মণিবাবুর হাতে দিলেন। মণিবাবুর পড়া হলে সে চিঠি ফেলুদার হাতে গেল। আমি ঝুঁকে পড়ে দেখলাম তাতে রাধারমণবাবু ভদ্রলোককে রবিবার ১৮ই সেপ্টেম্বর সকালে ন’টা থেকে দশটার মধ্যে তাঁর সঙ্গে দেখা করতে লিখেছেন। কারণটাও বলা আছে — ‘বাদ্যযন্ত্র আমার যাত্রা আছে তাহা আমার নিকটেই আছে। আপনি আসিলেই দেখিতে পাইবেন।’ উলটোদিকে ভদ্রলোকের ঠিকানাটাও ফেলুদা দেখে নিল — মিনার্ভা হোটেল, সেন্ট্রাল এভিনিউ, কলকাতা-১৩।

ফেলুদা চিঠিটা পড়ে খাটের পাশের টেবিলের উপর রাখা সুলেখা ব্লু-ব্ল্যাক কালিটার দিকে এক ঝলক দেখে নিল। চিঠিটা মনে হয় সেই কালিতেই লেখা।

সুরজিৎবাবু এতক্ষণ দাঁড়িয়ে ছিলেন, এবার যেন একটু অসহিষ্ণুভাবেই খাটের একটা কোণে গিয়ে বসলেন। পরের প্রশ্নটাও মণিমোহনবাবুই করলেন।

‘আঠারো তারিখে আপনার সঙ্গে কী কথা হয়?’

সুরজিৎবাবু বললেন, ‘কিছুদিন আগে একটা পুরনো গীতভারতী পত্রিকায় বাদ্যযন্ত্র সম্বন্ধে ওঁর একটা লেখা পড়ে আমি রাধারমণবাবু সম্বন্ধে জানতে পারি। এখানে এসে ওঁর কালেকশন দেখে আমি তার থেকে দুটো যন্ত্র কেনার ইচ্ছা প্রকাশ করি। দাম নিয়ে কথা হয়। আমি দুটোর জন্যে দুহাজার টাকা অফার করি। উনি রাজি হন। আমি তখনই চেক লিখে দিচ্ছিলাম, উনি দুদিন পরে ক্যাশ নিয়ে আসতে বললেন। তাই বুধবার আবার অ্যাপয়েন্টমেন্ট হয়। মঙ্গলবার কাগজে দেখি উনি মারা গেছেন। তারপর আমি দেবাদুন চলে যাই। পরশু ফিরেছি।’

মণিবাবু বললেন, ‘আপনি যেদিন দেখা করতে আসেন সেদিন ওঁর শরীর কেমন ছিল?’

‘ভালই তো। তবে ওঁর বোধহয় একটা ধারণা হয়েছিল উনি আর বেশিদিন বাঁচবেন না। দু-একটা কথায় সেরকম একটা ভাব প্রকাশ পাচ্ছিল।’

‘আপনার সঙ্গে কোনও কথা কাটাকাটি হয়নি তো?’

প্রশ্নটা শুনে সুরজিৎবাবুর মুখ কয়েক মুহূর্তের জন্যে বেশ কালো হয়ে গেল। তারপর চাপা গলায় বললেন, ‘আপনি কি ভদ্রলোকের হাট অ্যাটাকের জন্য আমাকে দায়ী করছেন?’


মণিবাবুও যথাসম্ভব ঠাণ্ডাভাবেই বললেন, ‘আপনি ইচ্ছে করে কিছু করেছেন বলছি না। তবে আপনি যাবার কিছুক্ষণ পরেই তো উনি অসুস্থ হয়ে পড়েন, তাই...’

‘তা হতে পারে, তবে আমি যতক্ষণ ছিলাম ততক্ষণ তিনি সম্পূর্ণ সুস্থ ছিলেন। এনিওয়ে, আপনি আমার ব্যাপারে নিশ্চয় একটা ডিসিশন নিতে পারবেন। আমি ক্যাশ টাকা নিয়ে এসেছি — দুহাজার —’ ভদ্রলোক পকেট থেকে মানিব্যাগ বার করলেন — ‘যন্ত্র দুটো আজ পেনে ভাল হত। আমি কাল দেবাদুন ফিরে যাচ্ছি। আমি থাকি ওখানেই। ওখানেই মিউজিক নিয়ে রিসার্চ করি।’

‘কোন দুটো যন্ত্রের কথা বলছেন আপনি?’

সুরজিৎবাবু খাট থেকে উঠে দেয়ালের দিকে গিয়ে হুকে ঝোলানো একটা বাজনার দিকে দেখিয়ে বললেন, ‘একটা হল এটা। এর নাম খামাঞ্চ — ইরানের যন্ত্র। এটার নাম জানতাম, কিন্তু দেখিনি কখনও। বেশ পুরনো যন্ত্র। আর অন্যটা হল —’

সুরজিৎবাবু ঘরের উলটো দিকে একটা নিচু টেবিলের উপর রাখা ছোট্ট হারমোনিয়ামের মতো দেখতে যন্ত্রটার সামনে গিয়ে দাঁড়ালেন। এটাই কিছুক্ষণ আগে সাধন বাজাচ্ছিল। ভদ্রলোক সেটার দিকে আঙুল দেখিয়ে বললেন, ‘এটার নাম মেলোকর্ড। এটা বিলিতি যন্ত্র ;



আগে দেখিনি কখনও । আমার বিশ্বাস অল্প কয়েকদিনের জন্য ম্যানুফ্যাকচার হয়েছিল, তারপর বন্ধ হয়ে যায় । খুব সিম্পল যন্ত্র ; তবে আর পাওয়া যায় না বলে এক হাজার অফার করেছিলাম । উনি তখন রাজিই হয়েছিলেন —’

‘ওগুলো এখন দেওয়া যাবে না মিস্টার দাশগুপ্ত ।’

সুরজিৎবাবু থমকে গেলেন । কথাটা বলেছে ফেলুদা, আর বলেছে বেশ জোরের সঙ্গে । ‘তীক্ষ্ণ দৃষ্টিবাণ হানা’র কথাটা কোন বইয়ে যেন পড়েছি । সুরজিৎবাবু মণিবাবুর দিক থেকে বাঁই করে ঘুরে ফেলুদার দিকে সেই রকম একটা তীক্ষ্ণ দৃষ্টিবাণ হেনে শুকনো ভারী গলায় বললেন, ‘আপনি কে ?’

উত্তর দিলেন মণিবাবু ।

‘উনি আমার বন্ধু । তবে উনি ঠিকই বলেছেন । ওগুলো এখন দেওয়া যাবে না । তার প্রধান কারণটা আপনার বোঝা উচিত । কাকা যে ওগুলো আপনাকে বিক্রি করতে রাজি ছিলেন তার কোনও প্রমাণ নেই ।’

সুরজিৎ দাশগুপ্ত কয়েক মুহূর্ত পাথরের মতো দাঁড়িয়ে রইলেন । তারপর হঠাৎ কিছু না বলে গটগট করে ঘর থেকে বেরিয়ে গেলেন ।

ফেলুদাও দেখি চেয়ার ছেড়ে উঠে পড়েছে । সুরজিৎবাবুর ঘটনাটা যেন কিছুই না এই

রকম একটা ভাব করে সে দেয়ালের দিকে এগিয়ে গিয়ে প্রথমে খামাঞ্চে যন্ত্রটাকে মন দিয়ে দেখল। রাস্তায় যে খেলার বেহালা বিক্রি হয়, অনেকটা সেই রকম দেখতে। যদিও তার চেয়ে অনেক বড়, আর গোল অংশটায় খুব সুন্দর কাজ করা।

এবার খামাঞ্চে ছেড়ে ফেলুদা গেল মেলোকর্ড যন্ত্রটার কাছে। সাদা-কালো পর্দায় চাপ দিতেই আবার সেই পিয়ানো আর সেতার মেশানো টুং টাং শব্দ।

‘এই বাজনার আওয়াজ শুনেছিলে কি?’ ফেলুদা সাধনকে জিজ্ঞেস করল।

‘হতে পারে।’

সাধনের মতো এত অল্প বয়সে এত গভীর ছেলে আমি খুব কম দেখেছি।

এবার ফেলুদা আলমারির দেরাজ থেকে এক তাড়া পুরনো কাগজ বার করে মণিবাবুকে বলল, ‘এগুলো আমি একটু বাড়িতে নিয়ে যেতে পারি কি?’

মণিবাবু বললেন, ‘নিশ্চয়ই! আরও যদি কিছু...’

‘না, আর কিছু দরকার নেই।’

আমরা যখন ঘর থেকে বেরোচ্ছি তখন সাধন জানালা দিয়ে বাইরে আকাশের দিকে তাকিয়ে একটা অদ্ভুত সুর শুন শুন করছে।

সেটা কিন্তু কোনও ফিল্মের গানের সুর নয়।

৩

ফেলুদা মণিমোহনবাবুর কাছ থেকে দুদিন সময় চেয়ে নিয়েছিল। চাইতেই হবে, কারণ রাধারমণবাবুর বাড়ি তন্ন তন্ন করে খুঁজেও কোনও চাবি, বা চাবি দিয়ে খোলা যায় এমন কোনও বাস্তু বা ওই ধরনের কিছু পাওয়া যায়নি। তাই ফেলুদা বলল, এক নম্বর, ওকে চূপচাপ বসে চিন্তা করতে হবে; দুই নম্বর, রাধারমণবাবুর কাগজপত্র ঘেঁটে লোকটা সম্বন্ধে আরও কিছু জানা যায় কি না দেখতে হবে, আর তিন নম্বর, গান বাজনা সম্বন্ধে আরেকটু ওয়াকিবহাল হতে হবে।

বামুনগাছি থেকে ফেরার পথে মণিমোহনবাবু বললেন, ‘কী রকম বুঝছেন মিস্টার মিস্তির?’

ফেলুদা তার গভীর ও অন্যমনস্ক ভাবটাকে ঝেড়ে ফেলে দিয়ে বলল, ‘আপনাকে কতগুলো সন তারিখের ব্যাপারে একটু হেল্প করতে হবে।’

‘বলুন।’

‘আপনার খুড়তুতো দাদা — অর্থাৎ রাধারমণবাবুর ছেলে মুরলীধর — কবে মারা গেছেন?’

‘ফার্ট ফাইভে। আটাশ বছর আগে।’

‘তখন তাঁর ছেলের বয়স কত ছিল?’

‘ধরণীর? ধরণীর বয়স ছিল সাত কিংবা আট।’

‘ওরা কলকাতাতেই থাকত?’

‘না। দাদা ভাগলপুরে ডাক্তারি করতেন। উনি মারা যাবার পর বউদি ছেলেদের নিয়ে কলকাতায় এসে শ্বশুরবাড়িতে ওঠেন। তখন বাবা ছিলেন অ্যামহাস্ট স্ট্রিটে। অ্যামহাস্ট স্ট্রিটেই বউদি মারা যান। ধরণী তখন সিটি কলেজে পড়ছে। মা মারা যাবার পর থেকেই তার মতিগতি বদলে যায়। সে পড়াশুনো ছেড়ে থিয়েটারে ঢোকে। আর তার বছরখানেক পরে কাকাও চলে গেলেন বামুনগাছি। ওঁর বাড়িটা তৈরি হয়েছিল —’

‘ফিফটি-নাইনে । গেটের গায়ে ডেট লেখা রয়েছে ।’

রাধারমণবাবুর কাগজপত্রের মধ্যে ছিল কিছু পুরনো চিঠি, কিছু ক্যাশ মেমো, দুটো ওয়ুধের প্রেসক্রিপশন, স্পীগ্লার নামে একটা জার্মান কোম্পানির পুরনো ক্যাটালগ — তাতে নানারকম বাজনার ছবি ও দাম—খাতার কাগজে লেখা কয়েকটা বাংলা গানের স্বরলিপি, খবরের কাগজ থেকে নানান সময়ে কাটা পাঁচটা নাটকের সমালোচনা — সেগুলোতে সঞ্জয় লাহিড়ী বলে একজন অভিনেতার প্রশংসা নীল পেন্সিলে আভারলাইন করা ।

এর মধ্যে তিনটি জিনিস নিয়ে ফেলুদা মস্তব্য করল । স্বরলিপিগুলো দেখে বলল, ‘সুরজিবাবু যে পোস্টকার্ডটা দেখালেন, তার হাতের লেখার সঙ্গে এ লেখা মিলে যাচ্ছে ।’ ক্যাটালগটা দেখে বলল, ‘মেলোকর্ড বলে কোনও যন্ত্রের নাম এতে দেখছি না ।’ আর থিয়েটারের সমালোচনাগুলো দেখে বলল, ‘যদু মনে হচ্ছে, এই সঞ্জয় লাহিড়ী আর ধরনীধর সমাদ্দার একই লোক । আর তাই যদি হয় তা হলে বলতে হবে নাতির মুখ না দেখলেও তার সম্বন্ধে খোঁজ-খবরটা রাখতেন রাধারমণবাবু ।’

কাগজগুলো সম্বন্ধে একটা প্লাস্টিকের ব্যাগে রেখে ফেলুদা থিয়েটারের পত্রিকা ‘মঞ্চলোক’-এ টেলিফোন করে সঞ্জয় লাহিড়ী কোন যাত্রার দলে আছে জিজ্ঞেস করল । জানা গেল দলের নাম মডার্ন অপেরা । সেখানে সঞ্জয় লাহিড়ী হিরোর পার্ট করে । তারপর মডার্ন অপেরার অফিসে ফোন করে জানা গেল যাত্রার দল তিন সপ্তাহ হল জলপাইগুড়ি ট্যুরে বেরিয়ে গেছে । ফিরতে আরও দিন সাতেক । এ খবরটা অবিশ্যি মণিবাবু আগেই দিয়েছিলেন ।

দুপুরে খাওয়া-দাওয়ার পরে আমরা বেরোলাম । একদিনে একসঙ্গে এতরকম জায়গায় অনেকদিন যাইনি । প্রথমে জাদুঘর । কেন যাচ্ছি আগে থেকে জানি না, কারণ ফেলুদার এখন মৌনীপর্ব । তার উপরে মাঝে মাঝে আঙুল মটকাচ্ছে । বোঝাচ্ছে সে ভীষণ মন দিয়ে ভাবছে, তাই ডিসটার্ব করা চলবে না । জাদুঘরে যে এরকম একটা বাজনার সংগ্রহ আছে সেটা জানতাম না । অবিশ্যি সবই দিশি বাজনা — একেবারে মহাভারতের যুগ থেকে আজকের যুগ পর্যন্ত । শুধু বীণাই যে এতরকম হতে পারে তা আমার ধারণা ছিল না ।

এর পরে বিলিতি বাজনার দোকান । ফ্রি স্কুল স্ট্রিটের সালদানহা কোম্পানি বলল মেলোকর্ডের নাম কখনও শোনেনি । সেখান থেকে গেলাম লালবাজারে । লালবাজারের মণ্ডল কোম্পানির একটা ক্যাশমেমো রাধারমণবাবুর কাগজপত্রের মধ্যে ছিল, তাই বোধহয় ফেলুদা সেখানে গেল । দোকানের মালিক একেবারে জহর রায়ের মতো দেখতে । বললেন, ‘সমাদ্দার মশাই আমাদের অনেকদিনের খদ্দের । সেই আমার ফাদারের টাইম থেকে ।’

‘মেলোকর্ড বলে কোনও যন্ত্রের নাম শুনেছেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘মেলোকর্ড ? কই, না তো । ক্ল্যারিয়নেট টাইপের কিছু ? ফুঁ দেওয়া যন্ত্র ? উইন্ড ইনস্ট্রুমেন্ট ?’

ফেলুদা বলল, ‘না । বলতে পারেন হারমোনিয়াম টাইপের । সাইজে অনেক ছোট । আওয়াজটা পিয়ানো আর সেতারের মাঝামাঝি ।’

‘ছোট সাইজের বাজনা ? তাতে ক’টা অকটেভ পাচ্ছেন আপনি ?’

আমি জানি যে সা-রে-গা-মা-পা-ধা-নি-সা — এই আটটা সুরে মিলে একটা অকটেভ হয় । মণ্ডলের দোকানেই একটা হারমোনিয়ামে দেখছি তিন অকটেভের বেশি পর্দা রয়েছে । মেলোকর্ডে মাত্র একটা অকটেভ রয়েছে শুনে মণ্ডল মাথা নেড়ে বললেন, ‘না মশাই । এ শুনে মনে হচ্ছে খেলনা-টেলনা ধরনের কিছু হবে । আপনি বরঞ্চ নিউ মার্কেটে দেখুন ।’

এর পরে ফেলুদা কলেজ স্ট্রিটের দাশগুপ্তের দোকান থেকে উনিশ টাকা দিয়ে তিনটে সংগীতের বই কিনল। তারপর সেখান থেকে বিধান সরণিতে মঞ্চলোকের অফিসে গিয়ে অনেক খুঁজে সঞ্জয় লাহিড়ীর একটা দুমড়ানো ছবি চেয়ে নিল। দাম দিতে হবে কি না জিজ্ঞেস করাতে সম্পাদক প্রতুল হাজারা জিভ কেটে বলল, ‘দামের কথা কী বলছেন। আপনি ফেলু মিতির না?’

রাস্তার মোড়ের একটা দোকান থেকে ঠাণ্ডা লসিয় খেয়ে ট্যাক্সি ধরে বাড়ি ফিরতে হয়ে গেল সাড়ে সাতটা। এসে দেখি পাড়া ঘুরঘুটি, লোড-শেডিং চলছে। ফেলুদা তার মধ্যেই মোমবাতি জ্বালিয়ে গানের বইগুলো উলটে-পালটে দেখতে লাগল। ন’টায় আলো আসার পর বলল, ‘তোপসে — তুই শ্রীনাথকে নিয়ে চট করে একবারটি পটুদের বাড়ি চলে যা তো—গিয়ে বল ফেলুদা একদিনের জন্যে হারমোনিয়ামটা চেয়েছে।’

ঘুমোবার আগে পর্যন্ত শুনলাম ফেলুদা প্যাঁ প্যাঁ করে হারমোনিয়াম বাজাচ্ছে।

রাত্রে স্বপ্ন দেখলাম একটা প্রকাণ্ড ঘরে একটা প্রকাণ্ড লোহার দরজা, আর তাতে একটা প্রকাণ্ড ফুটো। ফুটোটা এত বড় যে তার মধ্যে দিয়ে অনায়াসে উলটো দিকে চলে যাওয়া যায়, কিন্তু তা না করে আমি, ফেলুদা আর মণিমোহনবাবু তিনজনে একসঙ্গে একটা প্রকাণ্ড চাবিকে আঁকড়ে ধরে সেটাকে ফুটোটার মধ্যে ঢোকাতে চেষ্টা করছি আর সুরজিৎ দাশগুপ্ত একটা আলখাল্লা পরে তিড়িং-বিড়িং লাফাচ্ছেন আর সুর করে বলছেন, ‘এইটু টু নাইন ওয়ান — এইটু টু নাইন ওয়ান — এইটু টু নাইট ওয়ান।’

8

পরদিন মঙ্গলবার। মণিমোহনবাবু বলেছিলেন বুধবার আবার খবর নেবেন, কিন্তু সকাল সাতটায় তাঁর টেলিফোন এসে হাজির। ফোনটা আমিই ধরেছিলাম; ফেলুদাকে ডেকে দিচ্ছি বলাতে বললেন, ‘দরকার নেই। তুমি ওঁকে বলো আমি এক্ষুনি আসছি, জরুরি কথা আছে।’

পনেরো মিনিটের মধ্যেই ভদ্রলোক এসে গেলেন। বললেন, ‘অবনীবাবু এই একটুম্ফণ আগে বামুনগাছি থেকে ফোন করছিলেন। কাকার শোবার ঘরে মাঝরাাত্র লোক ঢুকেছিল।’

‘ওই জার্মানি তালার সংকেত আর কে জানে?’ ফেলুদা তৎক্ষণাৎ প্রশ্ন করল।

‘আমার ভাইপো জানত। অবনীবাবু জানেন কি না জানি না। বোধহয় না। তবে সামনের দরজা দিয়ে ঢোকেনি সে লোক।’

‘তবে?’

‘বাথরুমে জমাদার ঢোকার দরজা দিয়ে।’

‘কিন্তু কাল যখন বাথরুমে গেলাম তখন তো সে দরজা বন্ধ ছিল। আমি নিজে দেখছি।’

‘পরে হয়তো কেউ খুলেছিল। যাই হোক — কিছু নিতে পারেনি। ঢোকার সঙ্গে সঙ্গেই অনুকূল টের পেয়ে গেসল। ...আপনি এখন ফ্রি আছেন? একবার যেতে পারবেন?’

‘নিশ্চয়ই। তবে তার আগে একটা প্রশ্ন আছে। রাধারমণবাবুর নাতিকে — অর্থাৎ আপনার ভাইপো ধরনীধরকে — এখন দেখলে চিনতে পারবেন?’ মণিবাবু ভুরু কুঁচকে বললেন, ‘অনেক কাল দেখা নেই ঠিকই, তবু হাজার হোক ভাইপো তো!’

ফেলুদা তার ঘর থেকে একটা ছবি এনে মণিমোহনবাবুকে দিল। মঞ্চলোকের অফিস

থেকে আনা সঞ্জয় লাহিড়ীর ছবি, তার উপর ফেলুদা কালি দিয়ে একজোড়া গোঁফ আর একটা মোটা ফ্রেমের চশমা ঐঁকে দিয়েছে।

মণিবাবু লাফিয়ে উঠে বললেন, ‘আরে, এ যে দেখছি —’

‘সুরজিৎ দাশগুপ্তের মতো মনে হচ্ছে কি?’

‘হ্যাঁ, হ্যাঁ, কেবল নাকের কাছটায় একটু...’

‘যাই হোক, মিল একটা আছে। এটা আসলে আপনার ভাইপোরই ছবি, আমি কেবল একটু রং চড়িয়েছি।’

‘আশ্চর্য। ...আমারও কথাটা মনে হয়নি তা নয়। ইন ফ্যাক্ট, কাল রাতে একবার ভেবেছিলাম আপনাকে ফোন করে বলি। কিন্তু প্রেসে ওভারটাইম কাজ হচ্ছিল, ফিরতে অনেক রাত হল, তাই আর বলা হয়নি। অবিশ্যি নিশ্চিত হয়ে কিছু বলা সম্ভবও হত না। ধরণীকে গত পনেরো বছরে প্রায় দেখিনি বললেই চলে। থিয়েটারেও না, কারণ ও বাতিকটা আমার একদম নেই; আর যাত্রা তো ছেড়েই দিলাম। অথচ আপনার অনুমান যদি সত্যি হয় তা হলে তো...’

‘তা হলে দুটো ব্যাপার প্রমাণ করতে হয়। এক — সুরজিৎ দাশগুপ্ত বলে আসলে কেউ নেই, দুই — সঞ্জয় লাহিড়ী যাত্রার দল থেকে ছুটি নিয়ে চলে এসেছে, এবং সেটা এসেছে আপনার কাকার মৃত্যুর আগেই। তোপ্‌সে — মিনার্ভা হোটেলের নম্বরটা বার কর তো।’

হোটেলের সঙ্গে কথা বলে জানা গেল সুরজিৎ দাশগুপ্ত বলে একজন সেখানে এসেছিলেন বটে, কিন্তু গতকাল সম্মুখাবলা তিনি হোটেল ছেড়ে চলে গেছেন।

মডার্ন অপেরায় ফোন করে লাভ নেই, কারণ কালকেই তাদের সঙ্গে কথা হয়েছে, আর তারা বলেছে যে সঞ্জয় লাহিড়ী ট্যুরে গেছে।

বামুনগাছি পৌঁছিয়ে ফেলুদা প্রথমে পাঁচিলের বাইরেটা ঘুরে দেখল। যেই আসুক, তাকে গাড়ি বা ট্যাক্সি করে আসতে হয়েছে। আর সে গাড়ি বাড়ি থেকে দূরে রেখে বাকি পথটা হেঁটে এসে পাঁচিল উপকণ্ঠে হয়েছে। শেষের কাজটা কঠিন নয়, কারণ তিন জায়গায় পাঁচিলের বাইরে গাছ রয়েছে, আর সে গাছের নিচু ডাল পাঁচিলের উপর দিয়ে কম্পাউন্ডের ভিতর ঢুকছে। মুশকিল হচ্ছে কী, বর্ষার দিন হলে মাটিতে পায়ের ছাপ পড়ত, কিন্তু এ মাটি একেবারে খটখটে শুকনো।

অনুকূলের শরীর ভাল নয়। সে তার ঘরে বিছানায় শুয়ে কুঁই-কুঁই করে যা বলল তাতে বোঝা গেল যে মাথার যন্ত্রণায় আর মশার কামড়ে রাতে তার ভাল ঘুম হচ্ছিল না। সে যেখানে শোয় সেখান থেকে তার খাটের পাশের জানালা দিয়ে সোজা রাধারমণবাবুর ঘরের জানালা দেখা যায়। অন্ধকারের মধ্যে হঠাৎ সেই ঘরে একটা আলো দেখে সে ধড়মড়িয়ে উঠে ‘কে কে’ বলে হাঁক দিয়ে ছুটে যায়। কিন্তু সে পৌঁছবার আগেই দেখে একজন লোক রাধারমণবাবুর বাথরুমের দরজা দিয়ে দৌড়ে বেরিয়ে অন্ধকারে মিলিয়ে গেল। বাকি রাতটা নাকি অনুকূল রাধারমণবাবুর ঘরের মেঝেতে শুয়ে থাকে।

‘অন্ধকারের মধ্যে সে লোককে চিনতে পারনি বোধহয়?’ মণিবাবু প্রশ্ন করলেন।

‘না বাবু। আমি বুড়ো মানুষ, চোখে ভাল দেখি না, আর কাল আবার ছিল অমাবস্যা...’

রাধারমণবাবুর ঘরে গিয়ে দেখলাম জিনিসপত্তর যেমন ছিল তেমনই আছে। কিন্তু তাও ফেলুদার গম্ভীর গলার স্বরে বেশ ঘাবড়ে গেলাম।

‘মণিবাবু, বারাসত থানায় খবর দিতে হবে। এ বাড়িতে আজ রাত থেকে পাহারার বন্দোবস্ত করতে হবে। সে লোক আবার আসতে পারে। আর সুরজিৎ দাশগুপ্ত যদি সঞ্জয় লাহিড়ী নাও হন, তা হলেও তাকে সন্দেহ করতে হবে, কারণ ওই দুটো যন্ত্রের উপর তার

যথেষ্ট লোভ । পয়সা দিয়ে কেনা সম্ভব না হলে অন্য উপায়ে ওগুলো হাত করার চেষ্টা অস্বাভাবিক নয় । এই সব কালেক্টরদের গোঁ বড় সাংঘাতিক ।’

মণিবাবু বললেন, ‘আমি অবনীবাবুর বাড়ি থেকে এক্সকুনি থানায় ফোন করে দিচ্ছি । ও-সির সঙ্গে আমার আলাপ আছে ।’

ভদ্রলোক ব্যস্তভাবে ঘর থেকে বেরিয়ে গেলেন । ফেলুদা মেলোকর্ডটাকে নিয়ে খাটের ওপর বসে নেড়েচেড়ে দেখতে লাগল । দারুণ মজবুত তৈরি, দুপাশের কাঠে সুন্দর কাজ করা । জিনিসটাকে চিত করে আলোতে ধরতে একটা রং চটে যাওয়া লেবেল দেখা গেল । ফেলুদা চোখ কুঁচকে লেখাটা পড়ে বলল, ‘স্পীগ্লার কোম্পানির তৈরি । মেড ইন জার্মানি ।’

ফেলুদা হারমোনিয়াম বাজাতে জানে না ঠিকই, কিন্তু কাঁচা হাতে একটা একটা করে পর্দা টিপে যখন জনগণমন-র খানিকটা মেলোকর্ডে বাজাল, তখন যন্ত্রটার গুণে সেটা শুনতে বেশ ভালই লাগছিল । তারপর সেটাকে আবার টেবিলের উপর রেখে বলল, ‘একবার ইচ্ছে করে জিনিসটাকে ভেঙে ভেতরে কী আছে দেখি ; কিন্তু যদি দেখি কিছু নেই তা হলে বাজনাটার জন্য আপশোস হবে । সুরজিৎ দাশগুপ্ত এক হাজার টাকা অফার করছিল এটার জন্যে ।’

অনুকূল এই শরীর নিয়েও সরবত করে এনেছিল, সেটায় চুমুক দেবার সঙ্গে সঙ্গেই মণিমোহনবাবু ফিরে এসে বললেন, ‘থানায় বলে দিয়েছি । দুজন লোক থাকবে সন্ধ্যা থেকে । অবনীবাবু বাড়ি ছিলেন না ; সাধনকে নিয়ে কলকাতা গেছেন । ফিরবেন বিকেলে ।’

ফেলুদা বলল, ‘রাধারমণবাবুর টাকা লুকিয়ে রাখার ব্যাপারটা আপনি ছাড়া আর কে জানতে পারে ?’

মণিবাবু গম্ভীরভাবে বললেন, ‘আমি নিজে জেনেছি কাকার মৃত্যুর পরে । টাকা যে খোঁজাখুঁজি হচ্ছে সেটা অবিশ্যি অবনীবাবু জানেন, কিন্তু তার অ্যামাউন্টটা কত হতে পারে সেটা জানার কথা নয় । আর সুরজিৎ দাশগুপ্ত যদি আসলে ধরণীধর হয়ে থাকে, তা হলে সে যেদিন কাকার সঙ্গে এসে কথা বলেছিল সেদিন কিছু জেনে থাকতে পারে । আমার তো বিশ্বাস সে কাকার কাছে টাকাই চাইতে এসেছিল । তারপর কাকার সঙ্গে কথা কাটাকাটি হয়, তার ফলে...’

মণিবাবু কথাটা শেষ করলেন না ।

ফেলুদা তাঁর দিকে একদৃষ্টে তাকিয়ে বলল, ‘তার ফলে আপনার কাকার হার্ট অ্যাটাক হয় । আর সেই অবস্থাতেই ধরণীধর ঘরের মধ্যে টাকার অনুসন্ধান করে । আপনি এই ভাবছেন তো ?’

‘হুঁ...কিন্তু আমি এটাও জানি যে সে টাকা খুঁজে পায়নি ।’

‘যদি পেত তা হলে সে বাজনা কেনার অজুহাতে আবার ফিরে আসত না — এই তো ?’

‘ঠিক তাই । তার ধারণা ওই দুটো বাজনার একটার মধ্যে টাকাটা রয়েছে ।’

‘মেলোকর্ড ।’

মণিবাবু ফেলুদার দিকে তীক্ষ্ণ দৃষ্টি দিলেন ।

‘আপনি তাই বলছেন ?’

‘আমার মন তাই বলছে,’ ফেলুদা বলল । ‘তবে আমি আন্দাজে টিল মারা পছন্দ করি না । আর আপনার কাকার শেষ কথাগুলোও আমি ভুলতে পারছি না । আপনার শুনতে কোনও ভুল হয়নি তো ? উনি “চাবি” কথাটাই বলেছিলেন তো ?’

মণিবাবু হঠাৎ কেমন যেন অপ্রতিভ হয়ে পড়লেন । হাত কচলাতে কচলাতে বললেন,

‘কী জানি মশাই, চাবি বলেই তো মনে হল । অবিশ্যি...এমন হতে পারে যে কাকা আসলে প্রলাপ বকছিলেন । চাবি কথাটার হয়তো কোনও অর্থ নেই ।’

কথাটা শুনে আমার মনটা বেশ দমে গিয়েছিল । কিন্তু ফেলুদার মধ্যে দমবার কোনও লক্ষণ দেখলাম না । ও বলল, ‘প্রলাপই হোক আর যাই হোক, এ ঘরে টাকা আছে । আমি যেন সে টাকার গন্ধ পাচ্ছি । চাবিটা আসল কথা নয় । আসল কথা টাকা ।’

‘তা হলে আপাতত কী করবেন সেটা ঠিক করুন ।’

‘করেছি । আপাতত বাড়ি ফিরব । দিনের বেলা কোনও ভয় নেই । অনুকূলকে বলে দেবেন চোখ রাখতে আর বাইরের কোনও লোককে যেন ঢুকতে না দেওয়া হয় । রাত্রে তো পাহারাই থাকবে । আমি বাড়ি গিয়ে আমার খাতা নিয়ে আমার ঘরে আমার খাটের উপর বালিশে বুক দিয়ে উপুড় হয়ে শুয়ে চিন্তা করব । একটা আবছা আলো দেখতে পাচ্ছি, সেটা আরও উজ্জ্বল হওয়া দরকার । তবে একটা কথা, তেমন বুঝলে আজ রাতটা আমি এখানে কাটাতে চাই । আপনার আপত্তি নেই তো ?’

‘মোটাই না । আটটা নাগাদ আপনাকে তুলে নিতে পারি ।’

‘ভাল কথা — আপনি সংখ্যাতত্ত্বে বিশ্বাস করেন !’

‘সংখ্যাতত্ত্ব ?’ মণিমোহন ভ্যাবাচ্যাকা ।

ফেলুদা তার একপেশে হাসি হেসে বলল, ‘আপনাদের সবাইয়ের নাম দেখছি পাঁচ অক্ষরের — রাধারমণ, মুরলীধর, ধরণীধর, মণিমোহন — তাই প্রশ্নটা মনে এল ।’

৫

‘আগে লেখ— মৃত ব্যক্তির নাম কী ছিল ।’

ফেলুদা তার খাটে বসে আছে, আমি তার পাশের চেয়ারে । আমার হাতে সে খাতা পেনসিল ধরিয়ে দিয়েছে । আমি লিখলাম—

‘রাধারমণ সমাদ্দার ।’

‘তার নাতির নাম ?’

‘ধরণীধর সমাদ্দার ।’

‘নাতির থিয়েটারি নাম ?’

‘সঞ্জয় লাহিড়ী ।’

‘দেরাদুনের বাজনা সংগ্রাহকের নাম ?’

‘সুরজিৎ দাশগুপ্ত ।’

‘রাধারমণের প্রতিবেশীর নাম ?’

‘অবনী সেন ।’

‘তার ছেলের নাম ?’

‘সাধন সেন ।’

‘রাধারমণের শেষ কথা কী ছিল ?’

‘আমার নামে...চাবি...চাবি...’

‘গানে একটা সা থেকে তার পরের সা পর্যন্ত ক’টা সুর থাকে ?’

এর মধ্যে ফেলুদা তার কেনা সংগীত প্রবেশিকার প্রথম চ্যাপ্টারটা আমাকে দিয়ে পড়িয়ে নিয়েছে । গান নিয়ে সে কেন এত মেতে উঠেছে জানি না । বাই হোক, আমি লিখলাম—

‘বারোটা ।’

‘কী কী ?’

‘সাতটা শুদ্ধ, চারটে কোমল, একটা কড়ি ।’

‘শুদ্ধ সুর কী কী ? কীভাবে লেখে ?’

‘স র গ ম প ধ ন ।’

‘কোন-কোনটা কোমল হয় ?’

‘র গ ধ ন ।’

‘কীভাবে লেখে ?’

‘ঋ ঙ্গ দ ণ ।’

‘আর কড়ি ?’

‘ম ।’

‘কীভাবে লেখে ?’

‘ক্ল ।’

‘এবার দে কাগজটা ।’

দিলাম ।

‘এবার বাইরে বৈঠকখানায় গিয়ে বোস । দরজাটা ভেজিয়ে দে । আমি কাজ করব ।’

গেলাম বৈঠকখানায় । দরজা ভেজালাম । সোফায় বসলাম । চাঁদের পাহাড় বইটা তিনবার পড়েছি, আবার পড়তে শুরু করলাম ।

প্রায় এক ঘণ্টা পরে ফেলুদার ঘরের এক্সটেনশন টেলিফোনে ডায়াল করার আওয়াজ পেলাম । কৌতূহল সামলাতে না পেরে দরজার কাছে গিয়ে কান লাগালাম । ফেলুদার গলা পেলাম, ‘ডাক্তার বোস আছেন, চিন্তামণি বোস ?’

ফেলুদা সেই হার্ট স্পেশালিস্টকে ফোন করছে, যাকে মণিবাবু নিয়ে গিয়েছিলেন তাঁর কাকাকে দেখাতে ।

ফোনটা কাকে করছে সেটাই জানতে চাইছিলাম, বাকি কথা শোনার দরকার নেই । আমি আবার জায়গায় এসে বসলাম ।

দশ মিনিট পরে আবার কটর কটর শব্দ । ডায়ালিং-এর ।

উঠে দরজায় গেলাম । কান লাগালাম ।

‘ইউরেকা প্রেস ? কে কথা বলছেন ?’

মণিমোহনবাবুর প্রেস । ব্যস্ — এইটুকুই যথেষ্ট । আমি আবার চাঁদের পাহাড় নিয়ে বসলাম ।

চারটের সময় যখন শ্রীনাথ চা আনল, তখনও ফেলুদা ঘর থেকে বেরোল না । শেষে যখন দেয়াল ঘড়িতে দেখি চারটে পঁয়ত্রিশ, আর আমি ভাবছি আমার ওই ক’টা লেখা নিয়ে ফেলুদা অত কী ভাবছে, ঠিক সেই সময়ে ও দরজা খুলে হাতে একটা আধপোড়া চারমিনার নিয়ে বেরিয়ে এসে চাপা গলায় বলল, ‘মাথা ভোঁ ভোঁ করছে রে তোপসে, একটা বিরশি বছরের বুড়োর মরার মুখে বলা সামান্য তিনটে কথার মানে নিয়ে এত কেন ভাবতে হল সেটা ভেবে মাথা ভোঁ ভোঁ করছে । এর জন্যে অবিশ্যি দায়ী আমাদের বাংলা ভাষা...’

আমি অবিশ্যি ফেলুদার কথাবার্তা কিছুই বুঝতে না পেরে ওর দিকে চেয়ে কাঠ হয়ে বসে রইলাম । দেখতে পাচ্ছি ওর মুখের চেহারা বদলে গেছে, আর বুঝতে পারছি যে, যে আবছা আলোটার কথা ও বলছিল সেটা ওর কাছে আর আবছা নেই ।

‘সা ধা নি সা নি...সব ক’টা শুদ্ধ সুর । শুনে কিছু মনে পড়ছে ? কোনও মানে বুঝতে পারছিস ?’

আমার মাথা আরও গুলিয়ে গেল। ফেলুদা বলল, ‘তোমার বুঝতে পারার কথা নয়। পারলে তোতে আর ফেলু মিস্তিরে কোনও তফাত থাকত না।’

ভাগ্যিস তফাতটা আছে! আমি ফেলুদার স্যাটিলাইটের বেশি আর কিছু হতে চাই না।

ফেলুদা এই প্রথম সিগারেটটা ছাইদানে না ফেলে ক্যারামের স্ট্রাইকার মারার মতো করে জানালা দিয়ে বাইরে রাস্তায় ফেলে দিয়ে বৈঠকখানার টেলিফোনে গিয়ে একটা নম্বর ডায়াল করল। দশ সেকেন্ড পরেই কথা।

‘কে — মিস্টার সমাদ্দার? চলে আসুন — এক্ষুনি — বামুনগাছি যেতে হবে — হ্যাঁ, হয়ে গেছে — সব পরিষ্কার... মেলোকর্ড... হ্যাঁ, মেলোকর্ডই আমাদের রহস্যের চাবিকাঠি।’

তারপর টেলিফোনটা রেখে গম্ভীর গলায় বলল, ‘একটা রিস্ক আছে যে তোপসে, কিন্তু সেটা না নিলেই নয়।’

মণিবাবুর ড্রাইভার গুরুচরণ দেখতে বুড়ো হলেও ভি আই পি রোডে পঁচাশি কিলোমিটার পার আওয়ার স্পিড তুলল। ফেলুদার ভাব দেখে মনে হল হ্যান্ড্রেড-টান্ড্রেড হলে সে আরও খুশি হত। এয়ারপোর্টের পর খানিকটা রাস্তা লোকজনের ভিড়ে স্পিড অনেক কমল, কিন্তু পরের দিকে আবার ঘাটে উঠল — যদিও রাস্তা তত চওড়া নয়, আর সঙ্কেও হয়ে আসছে।

রাধারমণবাবুর গেটের কাছাকাছি এসে ফেলুদা বলল, ‘পাহারার লোক আসার সময় হয়নি বোধহয় এখনও।’

গেট দিয়ে ঢুকতেই বাগানে দেখলাম বন্দুক হাতে সাধন দাঁড়িয়ে আছে। গাড়ি থেকে নেমে ফেলুদা বলল, ‘কী সাধনবাবু, এই সঙ্কের আলোতে কী শিকার হচ্ছে?’

সাধন বলল, ‘বাদুড়।’

রাধারমণবাবুর কম্পাউন্ডের ঠিক বাইরে একটা অশ্বখ গাছ থেকে কয়েকটা বাদুড় ঝুলছে সেটা গাড়ি থেকে নেমেই আমার চোখে পড়েছিল।

অনুকূল গাড়ির আওয়াজ পেয়ে তার ঘর থেকে বেরিয়ে এসেছিল; মণিবাবু তাকে লণ্ঠন জ্বালতে বলে বাড়ির ভিতর ঢুকলেন, আর আমরাও ঢুকলাম তাঁর পিছন পিছন। এইট-টু-নাইন-ওয়ান তালোটা খুলতে খুলতে মণিবাবু বললেন, ‘রহস্যের কীভাবে সমাধান হল সেটা জানতে খুব ইচ্ছে করছে।’ আসলে ফেলুদা সারা রাস্তা কোনও কথা বলেনি, কাজেই মণিবাবুর যা অবস্থা, আমারও তাই।

অন্ধকার ঘরে ঢুকে ফেলুদা তার ভীষণ জোরালো টর্চটা ঘরে পশ্চিমের দেয়ালের নীচের দিকে ফেলল। আমার বুক টিপ টিপ করছে। আলোটা সোজা গিয়ে টেবিলে রাখা মেলোকর্ডের উপর পড়েছে। ঝকঝকে সাদা পর্দাগুলো দেখে মনে হচ্ছে বাজনাটা দাঁত বের করে হাসছে। ফেলুদা টর্চটা সেইভাবেই ধরে রেখে বলল —

‘চাবি। ইংরিজিতে Key, বাংলায় চাবি। এই যে সাদা-কালো পর্দাগুলো দেখছিস, ওর আর একটা নাম হল চাবি, আর সেই চাবির কথাই—’

চোখের পলকে এমন একটা ব্যাপার ঘটে গেল যেটা ভাবতে এখনও আমার গায়ে কাঁটা দিচ্ছে। মণিবাবু হঠাৎ বাঘের মতো লাফিয়ে মেলোকর্ডটাকে তুলে নিয়ে সেটা দিয়ে ফেলুদার মাথায় একটা প্রকাণ্ড বাড়ি মেরে আমাকে এক ধাক্কা মারতে ফেলে উর্ধ্বশ্বাসে দরজা দিয়ে বেরিয়ে গেলেন।

ফেলুদা মার খাবার ঠিক আগেই নিজেকে বাঁচানোর জন্য টর্চ সমেত হাত দুটো মাথার উপর তুলেছিল। তাই হয়তো তার মাথায় চোট লাগেনি। কিন্তু তা সত্ত্বেও হাতের যন্ত্রণাতেই সে দেখি খাটে বসে পড়েছে। আমি নিজে মেঝে থেকে উঠতে না উঠতেই বুঝলাম মণিবাবু ৩১২



বাইরে থেকে এইট-টু-নাইন-ওয়ান বন্ধ করে দিয়েছেন।

আমি তাও দৌড়ে গিয়ে কাঁধ দিয়ে দরজায় একটা ধাক্কা মেরেছি, এমন সময় ফেলুদার গলা পেলাম — ‘বাথরুম !’

বাইরে থেকে গাড়ি স্টার্ট দেবার একটা শব্দ, আর তারপরেই ঠাই করে একটা আওয়াজ।

আমরা দুজনে ঝড়ের মতো বাথরুমে ঢুকে জমাদারের দরজা খুলে বাইরে বেরোলাম। বাগানের দিক থেকে গোলমাল, অনুকূলের গলা, অবনীবাবুর গলা। মণিবাবুর গাড়িটা বাঁই করে গেট দিয়ে বেরিয়ে চলে গেল। আমরা সামনের দরজার কাছে পৌঁছে গেছি।

ওটা কে বসে আছে কাঁকর বিছানো রাস্তার উপর? অবনীবাবু চোঁচাচ্ছেন — ‘তুমি কী করলে, সাধন! এটা কী করলে তুমি! ছি-ছি-ছি!’

সাধন তার সরু অথচ গম্ভীর গলায় বেশ ঝাঁঝের সঙ্গে বলল, ‘ও যে দাদুর বাজনা নিয়ে পালাচ্ছিল!’

এবার ফেলুদা বলল, ‘ও ঠিকই করেছে, অবনীবাবু! অপরাধীকে এয়ারগান দিয়ে পঙ্গু করে ও আমাদের সাহায্যই করেছে — যদিও ভবিষ্যতে ওকে একটু সাবধানে বন্দুক চালাতে হবে। ...আপনি এক্ষুনি থানায় ফোন করে দিন। গাড়িটাকেও যেন পালাতে না দেয় — ওর

নম্বর হল ডব্লু এম এ সিক্স ওয়ান সিক্স ফোর ।’

অনুকূল আর ফেলুদা দুজনে মিলে মণিবাবুকে ধরে তুলল । তাঁর কপালের বাঁ দিক থেকে ছত্রার গুলি লেগে রক্ত পড়ছে । ভদ্রলোক একেবারে থুম মেরে গেছেন ।

মেলোকর্ডটা মণিবাবুর পাশেই কাঁকরের উপর পড়ে ছিল, আমি সেটাকে খুব সাবধানে তুলে নিলাম ।

আমরা চারজন রাধারমণবাবুর খাটের পাশে গোল হয়ে চেয়ারে বসে চা খাচ্ছি । চারজন মানে আমি, ফেলুদা, অবনীবাবু, আর বারাসত থানার দীনেশ গুঁই, ইনি বোধহয় ইনস্পেক্টর-টিনস্পেক্টর হবেন । ঘরের এক কোণে সিঁদুকটার সামনে আরও দুজন লোক রয়েছে । একজন দাঁড়িয়ে, সে বোধহয় কন্স্টেবল, আর আরেকজন চেয়ারে ঘাপটি মেরে বসে । ইনি হলেন অপরাধী মণিমোহন সমাদ্দার, যার কপালে এখন ব্যাভেজ বাঁধা । এ ছাড়া সাধনও রয়েছে । সে জানালার ধারে দাঁড়িয়ে বাইরের অন্ধকারের দিকে দেখছে । আমাদের পাঁচজনের মাঝখানে টেবিলের উপর রাখা রয়েছে মেলোকর্ড । এইবার বোধহয় ফেলুদা একটা রহস্য উদ্ঘাটন করবে । ফেলুদার ঘড়ির কাচ ভেঙে গেছে, আর বাঁ হাতের কবজির খানিকটা ছাল উঠে গেছে । রাধারমণবাবুর বাথরুম থেকে ডেটল নিয়ে লাগিয়ে সেখানে সে রুমাল বেঁধে রেখেছে ।

হাত থেকে চায়ের কাপটা মাটিতে নামিয়ে রেখে ফেলুদা বলতে আরম্ভ করল — ‘মণিমোহন সমাদ্দারকে আমি সন্দেহ করতে আরম্ভ করি আজ দুপুর থেকে । কিন্তু তিনি কোনও একটা বেচাল না চাললে তাঁকে বাগে আনা যাচ্ছিল না, কারণ তাঁর বিরুদ্ধে প্রমাণের অভাব । আমি তাই খানিকটা রিস্ক নিয়েই তাঁকে প্রশ্ন দিচ্ছিলাম । আমাকে আচমকা আক্রমণ করে বাজনা নিয়ে পালানোটাই হল তাঁর ভুল চাল । শেষ পর্যন্ত তিনি পালাতে পারতেন না ঠিকই, কিন্তু তিনি যে এত তাড়াতাড়ি সায়েস্তা হলেন তার জন্য অবিশ্যি দায়ী সাধনের এয়ারগান ।

‘মণিমোহনবাবুর একটা কথায় প্রথম খটকা লাগে । কথাটা যখন বলেছিলেন তখন লাগেনি, পরে লাগে । উনি বলেছিলেন পরশু ওঁর প্রেসে ওভারটাইম কাজ হচ্ছিল, তাই ওঁর বাড়ি ফিরতে অনেক রাত হয়েছিল । পরশু ছিল সোমবার । আমি জানি যে-পাড়ায় মণিবাবুর প্রেস, সে-পাড়ায় সন্ধ্যায় নিয়মিত লোড-শেডিং হয় ; আমার এক প্রোফেসর বন্ধু সেই একই পাড়ায় থাকে । আজ ইউরেকা প্রেসে ফোন করে জানতে পারি যে প্রথমত, সোমবার বিকেল থেকে লোড-শেডিং-এর জন্য কাজ বন্ধ ছিল, আর দ্বিতীয়ত, মণিমোহনবাবু দুপুরের পর আর সেদিন প্রেসেই যাননি । এই মিথ্যে কথাটাতেই আমার মনে ভীষণ খটকা লাগে । আর তার পরেই সন্দেহ হয় — উনি রাধারমণবাবুর শেষ কথা সম্বন্ধে যা বলেছিলেন সেটা সত্যি তো ? রাধারমণের মৃত্যুর সময় মণিবাবু ছাড়াও একজন লোক সেখানে ছিলেন । তিনি হলেন ডাক্তার চিন্তামণি বোস । তাঁকে ফোন করে জানতে পারি যে মণিবাবু পুরোপুরি সত্যি কথা বলেননি — রাধারমণের একটা কথা তিনি গোপন করেছিলেন । রাধারমণ আসলে বলেছিলেন — “ধরণী...আমার নামে...চাবি...চাবি...” । ধরণী হল রাধারমণবাবুর নাতি । মৃত্যুর আগের মুহূর্তে তাঁর নাতিকেই কিছু বলার কথা মনে এসেছিল, ভাইপোকে নয় । ভাইপোকে হয়তো সেই অবস্থায় তিনি চিনতেই পারেননি । আসলে নাতির সঙ্গে তাঁর সরাসরি সম্পর্ক না থাকলেও তার উপর থেকে রাধারমণবাবুর স্নেহ যায়নি । তার অভিনয়ের প্রশংসা কাগজে বেরোলে তিনি তা কেটে রাখতেন । কিন্তু যে কথাটা তিনি নাতিকে বলতে চেয়েছিলেন সেটা শুনে ফেলল তাঁর ভাইপো । ‘চাবি’ কথাটা শুনে মণিমোহন বুঝলেন যে টাকা পয়সার কথা বলা হচ্ছে, কিন্তু শেষটায় চাবি দিয়ে কিছুই বেরোল না । তখন মণিবাবুকে

গোয়েন্দা ফেলু মিণ্ডিরের কাছে আসতে হল। মতলব এই যে আমি টাকার সম্ভান দেব, আর উনি সুযোগ বুঝে সেটি আত্মসাৎ করবেন। উইল আছে কি না জানা নেই। না থাকলে টাকা নাতি পাবে। আর থাকলেও মণিবাবুর পাবার সম্ভাবনা কম, কারণ আমার বিশ্বাস রাধারমণবাবু তাঁর ভাইপোকে পছন্দ করতেন না।

‘এখন কথা হচ্ছে, আমার কাছ থেকে কিছু একটা লুকোবার জন্যই নিশ্চয়ই মণিবাবুর মিথ্যে কথা বলার দরকার হয়েছিল। তাঁর মাথায় কি সেদিন কোনও ক্রুর অভিসন্ধি খেলছিল, যে কারণে তাঁর পক্ষে প্রেসে যাওয়া সম্ভব হয়নি? সেইদিনই মাঝরাাত্রে যে-লোক রাধারমণবাবুর ঘরে হানা দিয়েছিল সে কি তা হলে মণিমোহন সমাদ্দার? এটা আমার কাছে খুবই বিশ্বাসযোগ্য বলে মনে হয়, কারণ সেদিনই সকালে আমি যখন রাধারমণবাবুর বাথরুম পরীক্ষা করে দেখি, তখন জমাদারের দরজা ভিতর থেকে বন্ধ ছিল। সে দরজা খুলবে কে, এবং কেন? বাথরুমটা তো আর ব্যবহারই হচ্ছে না! আসলে যে লোক ঢুকেছে সে সামনের দরজা দিয়ে জার্মান তাল খুলে ঢুকেছে, সে তালার সংকেত তার জানা, ঘরে ঢুকে সে লোক জমাদারের দরজা খুলে বেরিয়ে এসে জার্মান তাল বন্ধ করে, আবার বাথরুম দিয়ে ঢুকেছে। এই লোক যে মণিমোহন সমাদ্দার তাতে কোনও সন্দেহ নেই। তিনি বোধহয় বাকি কথাটার মানে বুঝে ফেলে মেলোকর্ড নামক চাবিওয়ালা যন্ত্রটা নিতে এসেছিলেন, তাই না?’

আমাদের সকলের দৃষ্টি মণিবাবুর দিকে গেল। মাথা হেঁট অবস্থাতেই তিনি আবছা অন্ধকারে দুবার মাথা নেড়ে হ্যাঁ বললেন।

ফেলুদা বলল, ‘চাবি যে বাজনার চাবি সেটা বুঝলেও মণিবাবু বোধহয় রাধারমণের বাকি সংকেতটা ধরতে পারেনি। কারণ অতটা বুদ্ধি ওঁর নেই। এই বাকি সংকেতটা আমি বুঝতে পারি আজ বিকেলে, আর সেটার জন্যেও দায়ী শ্রীমান সাধন।’

এবার আমরা সকলে অবাক হয়ে সাধনের দিকে চাইলাম। সেও দেখি বড় বড় চোখ করে ফেলুদার দিকে দেখছে। ফেলুদা বলল, ‘তোমার দাদু সুরের বিষয় কী বলেছিলেন সেটা আরেকবার বলে দাও তো সাধন।’

সাধন প্রায় ফিস্ ফিস্ করে বলল, ‘যার নামে সুর থাকে, তার গলাতেও সুর থাকে।’

ফেলুদা বলল, ‘ভেরি গুড। এবার রাধারমণবাবুর আশ্চর্য বুদ্ধির দিকটা ক্রমে বোঝা যাবে। যার নামে সুর থাকে। বেশ। সাধনের নামটাই ধরা যাক। সাধন সেন। এবার অ-কার এ-কার বাদ দিয়ে কী দাঁড়ায় দেখা যাক। স, ধ, ন, স, ন। অর্থাৎ গানের সুরের ভাষায় সা ধা নি সা নি। এই আশ্চর্য ব্যাপারটা বোঝার সঙ্গে সঙ্গেই যেন একটা নতুন দিক খুলে গেল। “আমার নামে...চাবি।” রাধারমণবাবু কি এখানে নিজের নামের কথাটাই বোঝাতে চাচ্ছেন? রাধারমণ সমাদ্দার রে ধা রে মা-নি সা মা দা দা রে! কী সহজ, অথচ কী ক্লেশবর, কী চতুর! ধরণীধরও কিন্তু গাইতে পারত, আর তার নামেও দেখছি সুর — ধা রে গি ধা রে সা মা দা দা রে!

‘এইটে বোঝার সঙ্গে সঙ্গেই আমি নিশ্চিত হয়ে গেলাম যে ওই মেলোকর্ডেই রাধারমণের ব্যাঙ্ক। যান্ত্রিক কলাকৌশলের দিকে রাধারমণবাবুর যে একটা ঝোঁক ছিল সেটা ওই জার্মান তাল থেকে বোঝা যায়। এই মেলোকর্ডও জার্মানিতেই তৈরি। স্পীগলার কোম্পানি নামে একটি বিখ্যাত বাজনা প্রস্তুতকারক রাধারমণবাবুর বিশেষ নির্দেশ অনুযায়ী এই মেলোকর্ড তৈরি করে। কী ভাগ্যিস এটি সুরজিৎ দাশগুপ্তের হাতে চলে যায়নি। অবিশ্যি যন্ত্র দেবার আগে রাধারমণ তার ভিতরের জিনিস নিশ্চয়ই বার করে নিতেন। বোধহয় ব্যাঙ্কের আর প্রয়োজন বোধ করছিলেন না তিনি। হয়তো তাঁর আর বেশিদিন বাঁচা হবে না এটা তিনি সত্যিই বুঝতে ‘পেরেছিলেন। সুরজিৎ ভদ্রলোকটিকে আমরা মিছিমিছি সন্দেহ করছিলাম,

ভাবছিলাম উনি ছদ্মবেশী ধরনীধর। আসলে সুরজিৎবাবু সত্যিই একজন বাজনা পাগল সংগীতজ্ঞ লোক। তার উল্লেখ আমি গানের বইয়েতে পেয়েছি। আর ধরনীধর সত্যিই তার যাত্রার দলের সঙ্গে ট্যুরে বেরিয়েছে। এখন জানা দরকার যে তার ভাগ্যে সত্যিই কোনও অর্থপ্রাপ্তি আছে কি না। তার অনেক দিন থেকেই একটা নিজের যাত্রা দল করার ইচ্ছে; মঞ্চলোকের একটা ইন্টারভিউতে সে তাই বলেছে। তোপসে — লণ্ঠনটা কাছে এনে ধর তো।’

আমি লণ্ঠনটা খাটের পাশের টেবিল থেকে তুলে মেলোকর্ডের পাশে এনে ধরলাম।

ফেলুদা বলল, ‘অনেক ধকল গেছে এটার উপর দিয়ে। তবে জার্মান জিনিস তো — দেখা যাক রাধারমণের বুদ্ধি আর স্পীগ্লার কোম্পানির কারিগরি মিলে কী জিনিস দাঁড়িয়েছে।’

রাধারমণ সমাদ্দারের নামের অক্ষর ধরে ধরে ফেলুদা চাবি টিপতে আরম্ভ করে দিল। টুং টাং টুং টাং করে একটা অদ্ভুত সুর বেরোচ্ছে মেলোকর্ড থেকে। শেষ সুরটা টেপার সঙ্গে সঙ্গে একটা চাবুকের মতো শব্দ করে সকলকে চমকে দিয়ে মেলোকর্ডের ডান পাশের কাঠটা দরজার মতো খুলে গেল। আমরা ঝুঁকে পড়ে দেখলাম সেই দরজাটার পিছনে রয়েছে লাল মখমলের লাইনিং দেওয়া একটা খুপরি, আর সেই খুপরিতে ঠাসা রয়েছে তাড়া তাড়া একশো টাকার নোট।

নোটগুলো টেনে বার করে ফেলুদা বলল, ‘কমপক্ষে পঞ্চাশ হাজার। আসুন অবনীবাবু, গোনা যাক।’

ফেলুদার চোখ লণ্ঠনের আলোয় জ্বলজ্বল করছে। আমি জানি সেটা লোভ নয়। সেটা তার শান দেওয়া বুদ্ধির খানিকটা অংশ খাটিয়ে মনধাঁধানো জটিল রহস্য সমাধান করার আনন্দ।



কৈলাসে কেলেক্ষারি

১

জুন মাসের মাঝামাঝি। স্কুল ফাইনাল দিয়ে বসে আছি, রেজাল্ট কবে বেরোবে জানি না। আজ সিনেমায় যাবার কথা ছিল, কিন্তু ঠিক দুটো বাজতে দশ মিনিটে এমন তেড়ে বৃষ্টি নামল যে সে আশা ত্যাগ করে একটা নতুন কেনা টিনটিনের বই নিয়ে বৈঠকখানায় তক্তাপোশে বসে বেশ মশগুল হয়ে পড়ছি। টুনটুনির বই না, টিনটিনের বই। টিনটিন ইন টিবেট। বেলজিয়াম থেকে ফরাসি ভাষায় বেরোয় এই আশ্চর্য কমিক বই। তারপর পৃথিবীর নানান ভাষায় অনুবাদ হয়। এখানে আসে ইংরিজিটা। আমার আর ফেলুদার দুজনেরই মতে রহস্য রোমাঞ্চ সাসপেন্স আর হাসিতে ভরা এর চেয়ে ভাল কমিক বই আর নেই। এর আগে আরও তিনটে কিনেছি, এটা নতুন, প্রথমে আমি পড়ব, তারপর ফেলুদা। ও এখন সোফায় কাত হয়ে শুয়ে দ্য চ্যারিয়ট অফ দ্য গডস বলে একটা বই পড়ছে। পড়ছে মানে, একটু আগেও পড়ছিল, এখন শেষ করে সেটা বুকের ওপর রেখে সিলিঙে ঘুরন্ত পাখাটার দিকে চেয়ে আছে। মিনিটখানেক এইভাবে তাকিয়ে থেকে বলল, ‘গিজার পিরামিডে ক’টা পাথরের ব্লক আছে জানিস? দুই লক্ষ।’

বেশ। জানলাম। কিন্তু ফেলুদা হঠাৎ কেন পিরামিড নিয়ে পড়েছে বুঝলাম না। ফেলুদা বলে চলল, ‘এই ব্লকের এক একটার ওজন প্রায় পনেরো টন। সে যুগের এঞ্জিনিয়ারিং সম্বন্ধে যা আন্দাজ করা যায় তার সাহায্যে দিনে দশটার বেশি ব্লক নিখুঁতভাবে পালিশ করে ঠিক জায়গায় নিখুঁতভাবে বসানো মিশরীয়দের পক্ষে সম্ভব ছিল না। তা ছাড়া যেখানে পিরামিড, তার ত্রিসীমানায় ওই পাথর নেই। সে পাথর আসত নৌকো করে, নাইল নদীর ওপার থেকে। সাধারণ বুদ্ধিতেও হিসেব করলে ব্যাপারটা কী দাঁড়ায় জানিস? ওই একটি পিরামিড তৈরি করতে সময় লেগেছিল কমপক্ষে ছ’শো বছর।’

ভাববার কথা বটে। বললাম, ‘এটা কি ওই বইয়ে লিখেছে?’

‘শুধু এটা নয়। প্রাচীন কালের আরও অনেক অশ্চর্য কীর্তির কথা এতে আছে যেগুলো কী করে সম্ভব হয়েছিল তা প্রত্নতাত্ত্বিকরা বলেন না, বা বলার চেষ্টাও করেন না। আমাদের দেশেই দেখ না। দিল্লিতে কুতুবমিনারের পাশে যে লৌহস্তম্ভ আছে তাতে দু হাজার বছরেও মরচে ধরেনি কেন? ইস্টার আইল্যান্ডের নাম শুনেছিস? দক্ষিণ প্রশান্ত মহাসাগরের মধ্যে একটা ছোট্ট দ্বীপ। সেই দ্বীপে গেলে দেখা যায়, কোন আদ্যিকালে কারা জানি পেছায় সব মানুষের মাথা পাথরে খোদাই করে সমুদ্রের দিকে মুখ করিয়ে দাঁড় করিয়ে রেখেছে। পাথর আছে দ্বীপের মাঝামাঝি; মাথাগুলো এনে রাখা হয়েছে সেখান থেকে পাঁচ-সাত মাইল দূরে। একেকটার ওজন প্রায় পঞ্চাশ টন। জংলি লোকে কী করে এ জিনিসটা করল? লরি, ক্রেন, ট্রাক্টর, বুলডোজার—এ সব তো তখন ছিল না!’

ফেলুদা এর মধ্যে একটা চারমিনার ধরিয়েছে। বইটা পড়ে ও যে বেশ উত্তেজিত সেটা বোঝা যাচ্ছিল। এবার সোজা হয়ে উঠে বসে বলল, ‘পেরুতে একটা জায়গায় মাইলের পর মাইল জুড়ে মাটির উপর জ্যামিতিক রেখা আর নকশা কাটা আছে। আদ্যিকাল থেকে সেটার কথা লোকে জানে; প্লেন থেকে পরিষ্কার দেখা যায়। অথচ কবে কেন কীভাবে সেগুলো কাটা হল তা কেউ জানে না। রহস্য এতই গভীর যে সেটা নিয়ে কেউ ভাবতেও চায় না।’

‘যিনি ওই বইটা লিখেছেন তিনি ভেবেছেন বুঝি?’

‘প্রচুর ভেবেছেন; আর ভেবে এই সিদ্ধান্তে পৌঁছেছেন যে, আজ থেকে বিশ-পঁচিশ হাজার বছর আগে নিশ্চয়ই অন্য কোনও গ্রহ থেকে মানুষের চেয়েও অনেক বেশি উন্নত কোনও প্রাণী পৃথিবীতে এসে মানুষকে তাদের জ্ঞানের খানিকটা অংশ দিয়ে অনেকখানি এগিয়ে দিয়ে গিয়েছিল। পিরামিড ইত্যাদি হচ্ছে এই অতিমানবীয় টেকনলজির নিদর্শন, যাকে আজকের মানুষও টেকা দিতে পারেনি। কুরুক্ষেত্রে যে সব মারাত্মক অস্ত্রশস্ত্রের কথা বলা হয়েছে তার সঙ্গে আজকের অ্যাটমিক মারণাস্ত্রের মিল তা জানিস তো?’

‘তার মানে কুরুক্ষেত্র যুদ্ধেও কি অন্য গ্রহের প্রাণীরা এসে—’

ব্যাপারটা জমে উঠেছিল, কিন্তু আমার কথা শেষ না হতেই বাধা পড়ল। এই বৃষ্টির মধ্যেই কে জানি এসে আমাদের কলিং বেলটায় পর পর তিনবার সজোরে চাপ দিয়েছে। দৌড়ে গিয়ে দরজা খুলতেই বৃষ্টির ছাঁটের সঙ্গে হুমড়ি দিয়ে ঘরে ঢুকলেন সিধুজ্যাঠা, আর তাঁর হাতের ছাতাটা ঝপাত করে বন্ধ করতেই আরও খানিকটা জল চারপাশে ছিটিয়ে পড়ল।

‘কী দুর্যোগ কী দুর্যোগ একটু চা বলো তোমার ওই ভাল চা’, এক নিশ্বাসে বলে ফেললেন সিধুজ্যাঠা। আমি এক দৌড়ে গিয়ে শ্রীনাথকে ঘুম ভাঙিয়ে তিন কাপ চা করতে বলে ফিরে এসে দেখি সিধুজ্যাঠা সোফায় বসে সাংঘাতিক ভ্রুকুটি করে টেবিলের উপরে রাখা চিনে মাটির অ্যাশট্রেটার দিকে চেয়ে আছেন। ফেলুদা বলল, ‘আপনি এই বাদলায় রিকশা না নিয়ে—’

‘মানুষ খুন তো আকছার হচ্ছে; তার চেয়েও সাংঘাতিক খুন কী জান?’

ফেলুদা থতমত, চুপ। আমি তো বটেই। যিনি প্রশ্নটা করেছেন তিনিই উত্তর দেবেন

সেটাও জানি। সিধুজ্যাঠা বললেন, ‘এ কথা সবাই মানে যে, আজকে আমাদের দেশটা উচ্ছ্রমে যেতে বসলেও, এককালে অনেক কিছুই এখানে ঘটেছিল যা নিয়ে আজও আমরা গর্ব করতে পারি। এর মধ্যে সবচেয়ে বেশি গর্ব করার বিষয়টা কী জানো তো? সেটা হল আমাদের শিল্পকলা, যার অনেক নমুনা আমরা আজও চোখের সামনে দেখতে পাই। কেমন, ঠিক কি না?’

‘ঠিক।’ ফেলুদা চোখ বুজে মাথা নেড়ে সায় দিল।

‘এই আর্টের মধ্যেও যেটা সেরা, সেটা হল ভারতবর্ষের মন্দির, আর তার গায়ের কারুকার্য। ঠিক কি না?’

‘ঠিক।’

সিধুজ্যাঠা জানেন না এমন বিষয় নেই। তবে তার মধ্যেও আর্টের বিষয়ে তাঁর জ্ঞান বোধহয় সবচেয়ে বেশি, কারণ, তাঁর তিন আলমারি বইয়ের মধ্যে দেড় আলমারিই হল আর্টের বই। কিন্তু খুনের কথা কী বলছিলেন সেটা এখনও বোঝা গেল না।

একটা মাদ্রাজি চুরুট ধরাবার জন্য খানিকটা সময় নিয়ে এক ঘর ধোঁয়া ছেড়ে দুবার কেশে একটু দম নিয়ে সিধুজ্যাঠা বললেন, ‘এককালে কালাপাহাড় ধর্ম চেষ্টা করে হিন্দু মন্দিরের কী সর্বনাশ করে গেছে সে তো জান। কিন্তু আজ এই উনিশশো তিয়াত্তরে আবার যে কালাপাহাড়ের আবির্ভাব হয়েছে সেটা জান কি?’

‘আপনি কি মন্দিরের গা থেকে মূর্তি খুলে নিয়ে ব্যবসা করার কথা বলছেন?’ ফেলুদা প্রশ্ন করল।

‘এগজাক্টলি!’ সিধুজ্যাঠা উত্তেজনায় চোঁচিয়ে উঠলেন। ‘এটা যে কতবড় একটা ক্রাইম সেটা ভাবতে পার? দোহাইটা এখানে ধর্মেরও নয়, শ্রেফ ব্যবসার। ধনী আমেরিকান টুরিস্টরা এইসব মূর্তি হাজার হাজার টাকা দিয়ে কিনে বিদেশে নিয়ে যাচ্ছে, অথচ ব্যাপারটা এমন গোপনে হচ্ছে যে ধরার কোনও উপায় নেই। তবে এইসব শিল্পহত্যাকারীদের সংখ্যা যে ক্রমেই বাড়ছে তাতে সন্দেহ নেই। আজ দেখলুম ভুবনেশ্বরের রাজারানী মন্দিরের একটা যক্ষীর মাথা গ্র্যান্ড হোটেলে এক আমেরিকান টুরিস্টের কাছে।’

‘বলেন কী!’ ফেলুদা রীতিমতো অবাক। রাজারানী যে ভুবনেশ্বরের একটা বিখ্যাত মন্দির সেটা আমিও জানতাম। ছেলেবেলা পুরী-ভুবনেশ্বরে বেড়াতে গিয়েছিলাম, বাবা দেখিয়ে দিয়েছিলেন। লাল পাথরের মন্দির, তার গায়ে অদ্ভুত সব মূর্তি আর নকশা।

সিধুজ্যাঠা বলে চললেন, ‘আমার কাছে কিছু পুরনো রাজপুত পেন্টিং ছিল, থার্ডি-ফোরে কিনেছিলুম কাশীতে, সেইগুলো নিয়ে গিয়েছিলুম নগরমলকে দেখাতে। নগরমলের দোকান আছে জান তো গ্র্যান্ড হোটেলের ভেতরে?—আমার অনেক দিনের চেনা। ছবিগুলো খুলে রেখেছি কাউন্টারের উপর, এমন সময় এই মার্কিন বাবুটি এলেন। মনে হল নগরমলের কাছ থেকে আগে কিছু জিনিসটিনিস কিনেছে। হাতে একটা কাগজের মোড়ক। বেশ ভারী জিনিস বলে মনে হল। মোড়কটি যখন খুললে না—বলব কী ফেলু—আমার হৃৎপিণ্ডটা একটা লাফ মেরে গলার কাছে চলে এল। একটা মূর্তির মাথা। লাল পাথরের তৈরি। আমার চেনা মুখ, শুধু তফাত এই যে সে মুখকে ধড়ের সঙ্গে লাগা অবস্থায় দেখছি, আর এখন দেখছি সেটাকে ছেনি দিয়ে ধড় থেকে আলাদা করে নেওয়া হয়েছে। আমার তো মুখ দিয়ে কথাই বেরুচ্ছে না। নগরমল দেখে বললে জিনিসটা খাঁটি, ছাঁচ বা নকল নয়। সে মার্কিন ছোকরা বললে দু হাজার ডলার দিয়ে কিনেছে কোন প্রাইভেট ডিলারের কাছ থেকে। আমি মনে মনে বললুম—যা ভাবছি তাই যদি হয় তা হলে আরও দুটো শূন্য বাড়িয়ে দিলেও ন্যায্য দাম দেওয়া হত না। যাই হোক, সে ব্যাটা তো হোটেলে চলে গেল, আমি নিজেও



ষোলো আনা শিওর হতে পারছিলুম না, তাই সোজা বাড়ি এসে জিমারের বই খুলে দেখি কী—যা ভেবেছিলুম তাই। ও মুণ্ডু খাস রাজারাণীর গা থেকে ভেঙে আনা হয়েছে। অথচ এ সব মন্দিরে সরকারি পাহারা থাকে। ঘুষ খেয়েছে নিশ্চয়ই। আজকাল তো ওইটেই চাবিকাঠি কিনা। আমি অবিশ্যি এর মধ্যেই ভুবনেশ্বরের আর্কিয়লজিক্যাল ডিপার্টমেন্টে এক্সপ্রেস চিঠি লিখে দিয়েছি। কিন্তু তাতেই বা কী হবে। ওই পার্টিকুলার মাথাটাকে তো আর বাঁচানো গেল না। আর মন্দির যা জখম হবার তাও হয়ে গেল।’

আমারও মনে হচ্ছিল যে এইভাবে আমাদের মন্দিরের মূর্তি ভেঙে বিদেশের লোককে বিক্রি করাটা সত্যিই একটা ক্রাইম।

শ্রীনাথ চা এনে দিয়েছে, সিধুজ্যাঠা কাপ তুলে একটা চুমুক দিয়ে গম্ভীর গলায় বলল, ‘ভাবছি কীভাবে এর প্রতিকার হয়। আমি বুড়ো হয়ে গেছি, আমি আর কী করতে পারি বলো। তাই, বুঝলে ফেলু, তোমার কথাটাই বার বার মনে হচ্ছিল। তুমি প্রাইভেট ইনভেস্টিগেটর, অপরাধী খুঁজে বেড়াও তুমি, এর চেয়ে বড় আর কী অপরাধ থাকতে পারে? এই নিয়ে কাগজে লেখালেখি করলে হয়তো পুলিশের দৃষ্টি আকর্ষণ করা যায়, কিন্তু তাতেই বা কী ভরসা? এ তো আর সোনা রূপো বা হিরেজহরত নয়, যার দামটা বাজারদর থেকে হিসেব করে নেওয়া যায়। আর্টের ভ্যালুটা অন্য রকম; সেটা সবাই বোঝে না। আমি এমনও শিক্ষিত লোক জানি যারা জোড়বাংলা মন্দির দেখে বলে ওর মধ্যে আর কী আছে, আর

কাণ্ডা ছবি দেখে বলে এর চেয়ে হেমন মজুমদার ভাল ।’

ফেলুদা এতক্ষণ চুপ করে ভাবছিল । এবার বলল, ‘সেই আমেরিকান ভদ্রলোকের নামটা জেনেছিলেন কি ?’

‘জেনেছি বইকী । এই যে তার কার্ড ।’

সিধুজ্যাঠা তার পাঞ্জাবির পকেট থেকে একটা ভিজিটিং কার্ড বার করে ফেলুদাকে দিল । উঠে গিয়ে দেখলাম তাতে নাম ছাপা রয়েছে—সল সিলভারস্টাইন—আর তার নীচে ঠিকানা ।

‘ইহুদি’, সিধুজ্যাঠা বললেন । —‘স্টাইন দেখলেই বুঝবে ইহুদি । লোকটা ডাকসাইটে ধনী তাতে সন্দেহ নেই । হাতে একটা ঘড়ি পরেছিল তেমন ঘড়ি বাপের জন্মে দেখিনি । তারই দাম বোধহয় হাজারখানেক ডলার ।’

‘ভদ্রলোক কদিন থাকবেন কিছু বলেছিলেন ?’

‘কাল সকালেই কাঠমাণ্ডু চলে যাচ্ছে । অবিশ্যি এখন হয়তো তাকে ফোন করলে পেতে পার ।’

ফেলুদা উঠে গিয়ে টেলিফোনের ডায়াল যোরাতে লাগল । কলকাতার বেশির ভাগ জরুরি টেলিফোনের নম্বর ওর মুখস্ত । তার মধ্যে অবিশ্যি হোটেলও বাদ পড়ে না ।

ফোন করে জানা গেল মিস্টার সিলভারস্টাইন তাঁর ঘরে নেই, কখন ফিরবেন কোনও ঠিক নেই । ফেলুদা যেন একটু হতাশ হয়েই ফোনটা রেখে দিয়ে বলল, ‘যে লোকটা মূর্তি বিক্রি করেছিল তার অন্তত চেহারার বর্ণনাটা পেলেও একটা রাস্তা পাওয়া যেত ।’

‘সেটা তো আমারই জিজ্ঞেস করা উচিত ছিল’, সিধুজ্যাঠা একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন । —‘কিন্তু কেমন জানি সব গুণগোল হয়ে গেল । ভদ্রলোক আবার আমার ছবিগুলো দেখছিলেন । দেখে বললেন, তার তান্ত্রিক আর্ট সম্পর্কে ইন্টারেস্ট, আমি স্বাক্ষর পেলে যেন তাকে জানাই । এই বলে তার একখানা কার্ড বের করে আমার হাতে দিলে । ...সত্যি, তুমি যে কীভাবে প্রোসিড করবে তা তো আমার মাথায় আসছে না ।’

‘দেখি, ভুবনেশ্বর থেকে কোনও খবর আসে কি না । রাজারাণীর গা থেকে মূর্তি ভেঙে নিয়ে গেলে তো হই-চই পড়ে যাওয়া উচিত ।’

সিধুজ্যাঠা এক চুমুকে চা-টা শেষ করে উঠে পড়ে বললেন, ‘বছরখানিক থেকে এ বাঁদরামির কথাটা কানে আসছিল, তবে অ্যাডিন এদের নজরটা ছিল ছোটখাটো অখ্যাত মন্দিরের উপর । এখন মনে হচ্ছে এদের সাইসটা হঠাৎ বেড়ে গেছে । আমার ধারণা অত্যন্ত বেপরোয়া ও শক্তিশালী কিছু লোক রয়েছে এই কলেঙ্কারির পেছনে । ফেলু যদি এ ব্যাপারে কিছু করতে পার তো দেশ তোমাকে কৃতজ্ঞতার সঙ্গে মনে রাখবে এটা জোর দিয়ে বলতে পারি ।’

সিধুজ্যাঠা চলে যাবার পর ফেলুদা গ্র্যান্ড হোটেলে রাত এগারোটা পর্যন্ত বার বার ফোন করেও সেই আমেরিকানকে ধরতে পারল না । শেষবারের বার ফোনটা রেখে দিয়ে গম্ভীর গলায় বলল, ‘সিধুজ্যাঠা যা বলছে তা যদি সত্যি হয়—সত্যিই যদি ভুবনেশ্বরের যক্ষীর মাথা আমেরিকানদের হাতে চলে গিয়ে থাকে—তা হলে ব্যাপারটা অত্যন্ত অন্যায় ; আর যে লোক এই পাচারের কাজটা করেছে সে নিঃসন্দেহে একটা পয়লা নম্বরের ক্রিমিন্যাল । খারাপ লাগে ভাবতে যে আমার পক্ষে এগোনোর কোনও রাস্তা নেই । কোনওই রাস্তা নেই ।’

রাস্তা একটা বেরিয়ে গেল । পরদিনই । আর সেটা বেরোল এমন একটা দুর্ঘটনার মধ্যে দিয়ে যে ভাবলে মাথাটা ভোঁ ভোঁ করে ।

দুর্ঘটনার কথা বলার আগে আরেকটা জরুরি কথা বলা দরকার। সিধুজ্যাঠার আন্দাজ যে ঠিক সেটা পরদিনের আনন্দবাজারেই জানা গেল। আমিই প্রথম পড়লাম খবরটা—

মস্তকহীন যক্ষী

ভারতীয় স্থাপত্যের অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন ভুবনেশ্বরের রাজারানী মন্দিরের গাত্র থেকে একটি যক্ষীমূর্তির মস্তকাংশ অপহৃত হয়েছে। সেই সঙ্গে মন্দিরের প্রহরীটিকেও পাওয়া যাচ্ছে না। ওড়িশার প্রত্নতাত্ত্বিক বিভাগ এ ব্যাপারে পুলিশি তদন্তের আয়োজন করেছে বলে জানা গেল।

খবরটা পড়ে ফেলুদাকে বললাম, ‘তার মানে পাহারাদারই মাথাটা চুরি করেছে?’

ফেলুদা তার ফরহানসের টিউবটা টিপে আধ ইঞ্চি পেস্ট বার করে ব্রাশের উপর চাপিয়ে বলল, ‘এ চুরি কি আর পাহারাদারে করে? গরিব লোকের অত সাহস হয় না। চুরি করেছে ভদ্রলোকে। সে মোটা ঘুষ দিয়েছে প্রহরীকে, প্রহরী তাই আপাতত গা ঢাকা দিয়েছে।’

সিধুজ্যাঠা নিশ্চয়ই খবরটা পেয়েছে। আমার মন বলছিল যে তাঁর আন্দাজ ঠিক হয়েছে জেনে তিনি নিশ্চয়ই সদর্পে সেটা ঘোষণা করতে আসবেন। শেষ পর্যন্ত এলেন ঠিকই, কিন্তু সেটা চার ঘণ্টা পরে, সাড়ে দশটার সময়। আজ বিষুদবার, নটা থেকে আমাদের বাড়ির বিজলি বন্ধ হয়ে গেছে, এদিকে আকাশে মেঘ করে গুমোট হয়ে রয়েছে, বৈঠকখানায় বসে ঘামছি, এমন সময় দরজায় প্রচণ্ড ধাক্কা। দরজা খুলতেই আবার সেই হুমড়ি দিয়ে ভেতরে ঢোকা, চায়ের হুকুম, আর পরক্ষণেই ধপ্ করে সোফায় বসা। ফেলুদা ভুবনেশ্বরের কথাটা উচ্চারণ করতেই তিনি এক দাবড়ানিতে তাকে থামিয়ে দিয়ে বললেন, ‘ও সব ছাড়ো। ওগুলো ফালতু কথা। রেডিয়ো শুনেছ?’

‘কই না তো। আসলে আজ—’

‘জানি। বিষুদবার। অথচ তাও একটা ট্রানজিস্টার কিনবে না। যাক্গে...সাংঘাতিক খবর। কাঠমাণ্ডুর প্লেন ক্র্যাশ করেছে। কলকাতার কাছেই। এক ঘণ্টা ডিলে ছিল। সাড়ে সাতটায় মাটি ছেড়েছে, ফিফটিন মিনিটসের মধ্যে ক্র্যাশ করেছে। ঝড়ে পড়েছিল। বোধহয় ফিরে আসবার চেষ্টা করছিল। কার সারারাত কীরকম ঝোড়ো বাতাস ছিল সে তো জানই। আটান্নজন যাত্রী, অল ডেড। মার্কিন ব্যাক্সার সল সিলভারস্টাইন তার মধ্যে ছিলেন সে কথা রেডিয়োতে বলেছে।’

খবরটা শুনে আমরা দুজনেই একেবারে থ। ফেলুদা বলল—‘কোথায় ক্র্যাশ করেছে? জায়গার নাম বলেছে?’

‘সিদিরপুর বলে একটা গ্রামের পাশে। হাসনাবাদের দিকে। ফেলু, মনে মনে প্রার্থনা করছিলুম সে মূর্তি যেন দেশ ছেড়ে না যায়। সে প্রার্থনা যে এমনভাবে মঞ্জুর হবে তা কি আর জানতাম?’

ফেলুদা হাতের রিস্টওয়াচের দিকে দেখল। সে কি সিদিরপুর যাওয়ার মতলব করছে না কি?

সিধুজ্যাঠারও কেমন যেন তটস্থভাব। বললেন, ‘আমি যা ভাবছি, তুমিও নিশ্চয় সেই কথাই ভাবছ। প্লেন মাটিতে পড়ার সঙ্গে সঙ্গে একটা এক্সপ্লোশন হয়। যাত্রীর সঙ্গে তার

ভেতরের জিনিসপত্রও চারদিকে ছিটকে পড়ে। যেমন সব ক্র্যাশেই হয়। সেই জিনিসপত্রের মধ্যে যদি.....’

ফেলুদা দু মিনিটের মধ্যে ঠিক করে ফেলল যে প্লেন যেখানে ক্র্যাশ করেছে সেখানে গিয়ে খোঁজ করবে যক্ষীর মাথাটা পাওয়া যায় কি না। তিন ঘণ্টা হল ক্র্যাশটা হয়েছে, যেতে লাগবে ঘণ্টা দেড়েক। এর মধ্যে নিশ্চয়ই এয়ারলাইনের লোক, দমকল, পুলিশ ইত্যাদি সেখানে গিয়ে তাদের কাজকর্ম খোঁজাখুঁজি আরম্ভ করে দিয়েছে। আমরা গিয়ে কী দেখতে পাব জানি না; তবু যাওয়া দরকার। সুযোগ যখন আশ্চর্যভাবে এসে গেছে তখন সেটার সদ্ব্যবহার না করার কোনও মানে হয় না।

সিধুজ্যাঠা বললেন, ‘ছবিগুলো বিক্রি করে আমার হাতে কিছু কাঁচা টাকা এসেছে। আমি তার থেকে কিছুটা তোমাকে দিতে চাই। আফটার অল, আমার কথাতেই তো তোমাকে এ ব্যাপারে জড়িয়ে পড়তে হচ্ছে, সুতরাং—’

‘শুনুন, সিধুজ্যাঠা’, ফেলুদা বাধা দিয়ে বলল, ‘প্রস্তাবটা আপনার কাছ থেকে এসেছে ঠিকই, কিন্তু আমি যদি নিজে এ ব্যাপারে উৎসাহ বোধ না করতাম তা হলে এগোতাম না। আমি কাল রাতে এ নিয়ে অনেক ভেবেছি, আর যত ভেবেছি ততই মনে হয়েছে যে, আপনার কথাটা ষোলো আনা সত্যি। দেশের মন্দিরের গা থেকে মূর্তি ভেঙে নিয়ে যারা বিদেশিদের বিক্রি করে, তাদের অপরাধের কোনও ক্ষমা নেই।’

‘ব্রাভো!’ সিধুজ্যাঠা চৈঁচিয়ে উঠলেন।—‘তবে একটা কথা বলে রাখি। আর্থিক না হলেও, অন্যরকম হেলপ তোমার লাগতে পারে। হয়তো আর্টের ব্যাপারে কোনও তথ্য জানার দরকার হতে পারে। তার জন্য আমার কাছে আসতে দ্বিধা কোরো না। যদি সম্ভব হয়, তুমি নিজেও একটু আর্ট নিয়ে পড়াশুনা করে ফেলো—তা হলে উৎসাহটা আরও বেশি পাবে।’

ঠিক হল মাথাটা যদি পাওয়া যায় তা হলে সেটা সোজা আর্কিয়লজিক্যাল সার্ভের আপিসে গিয়ে জমা দিয়ে আসা হবে। কে চুরি করেছিল সেটা জানা না গেলেও, অন্তত চোরাই জিনিসটা তো উদ্ধার হবে।

ঝড়ের স্পিডে তৈরি হয়ে নিয়ে একটা হলদে ট্যান্সিতে চেপে আমরা যখন সিদিকপুরের উদ্দেশে রওনা দিলাম তখন ঠিক এগারোটা বাজতে পাঁচ। ফিরতে হয়তো বেলা হবে, এদিকে খাবারের কোনও ব্যবস্থা নেই—আমাদের বাড়িতে একটার আগে খাওয়া হয় না—তাই ঠিক হল ফেরার পথে যশোহর রোডে কোনও একটা পাঞ্জাবি দোকানে থেয়ে নেওয়া যাবে। ওদিক দিয়ে লরি যাতায়াত করে। লরির লোকেরা এইসব দোকানে খায়। রুটি, মাংস, তড়কা—দেখেই জিভে জল আসে। ফেলুদাকে দেখেছি ও সবরকম খাওয়াতে অভ্যস্ত। ওর দেখাদেখি আমিও সেই অভ্যাসটা করে নিতে চেষ্টা করছি।

কলকাতার ভিড় ছাড়িয়ে ভি আই পি রোডে পড়ার প্রায় সঙ্গে সঙ্গেই এক পশলা বৃষ্টি হয়ে গেল। তারপর দমদম ছাড়াবার কিছু পরেই মেঘ সরে গিয়ে রোদ উঠল। হাসনাবাদ কলকাতা থেকে প্রায় চল্লিশ মাইল। যশোহর রোড দিয়েই যেতে হয়। আমাদের ড্রাইভার বললেন রাস্তা পিছল না থাকলে এক ঘণ্টার মধ্যে পৌঁছে দিতেন।—‘ওদিকে একটা প্লেন ক্র্যাশ হয়েছে জানেন তো স্যার? রেডিয়োতে বলল।’

ফেলুদা যখন বলল যে ওই ক্র্যাশের জায়গাতেই আমরা যাচ্ছি, তখন ভদ্রলোক ভারী উত্তেজিত হয়ে বললেন, ‘আপনার রিলেটিভ কেউ ছিল নাকি স্যার প্লেনে?’

‘আজ্ঞে না ।’

ফেলুদার পক্ষে ব্যাপারটা খুলে বলা মুশকিল, অথচ ড্রাইভারবাবুর কৌতূহল মেটে না ।

‘সব তো পুড়ে ঝামা হয়ে গেছে শুনলাম । কিছু কি আর দেখতে পাবেন গিয়ে ?’

‘দেখা যাক ।’

‘আপনি কোনও সাংবাদিক-টাংবাদিক বোধহয় ?’

‘আজ্ঞে না ।’

‘তবে ?’

‘গল্পো-টপ্পো লিখি আর কী ।’

‘অ । দেখে-টেখে সব নোট-টোট করে পরে বইয়ে-টইয়ে লাগিয়ে দেবেন ।’

বারাসত ছাড়িয়ে মাইল দশেক যাবার পর থেকেই আমরা মাঝে মাঝে থেমে রাস্তার লোকের কাছ থেকে সিদিকপুরের নির্দেশ নিচ্ছিলাম । শেষটায় একটা বাজার টাইপের জায়গায় এসে একটা সাইকেলের দোকানের সামনে দাঁড়ানো কয়েকজন লোককে জিজ্ঞেস করতেই তারা সবাই একসঙ্গে বলে উঠল যে আর দু মাইল গেলেই বাঁ দিকে একটা কাঁচা রাস্তা পড়বে, সেটা ধরে মাইল খানেক গেলেই সিদিকপুর । এদের হাবভাবে বোঝা গেল এরা অনেককেই আগে রাস্তা বাতলে দিয়েছে ।

কাঁচা পথটা একেবারেই গোঁয়ো । মাঝে মাঝে জল জমেছে, আর নানারকম টায়ারের দাগ পড়েছে কাদার উপর । ভাগ্যে এটা জুন মাস, সবে বর্ষা পড়েছে । আর এক মাস পরে হলেই এ রাস্তা দিয়ে আর গাড়ি যেত না । আজ সকালের বৃষ্টিটা যে এদিকেও হয়েছে সেটা মাঠঘাটের চেহারা দেখেই বেশ বোঝা যাচ্ছে । এই শান্ত পাড়াগাঁয়ের মাঝখানে একটা ফকার ফ্রেন্ডশিপ জেট প্লেন ক্র্যাশ করেছে ভাবতেও অবাক লাগছিল । ইতিমধ্যে আমাদের পাশ দিয়ে পর পর তিনখানা অ্যাসাসাডর মেন রোডের দিকে চলে গেল । পায়ে হাঁটা লোকও কিছু পথে পড়ল—কেউ যাচ্ছে, কেউ ফিরছে ।

সামনে একটা মোড়ের মাথায় একটা বটগাছের ধারে বেশ ভিড় । একটু এগিয়ে কয়েকটা গাড়ি ও একটা জিপ রাস্তার ধারে দাঁড় করানো রয়েছে । আমাদের ট্যাক্সি সেই গাড়িগুলোর পিছনে গিয়ে দাঁড়াল । ক্র্যাশের কোনও চিহ্ন নেই, তাও বুঝতে পারলাম এখানেই আমাদের নামতে হবে । ডান দিকে কিছু দূরে একটা গাছপালায় ভর্তি জায়গা, তারও কিছু দূরে বাঁ দিকে একটা গ্রামের ঘর বাড়ি দেখা যাচ্ছে । জিজ্ঞেস করে জানলাম সেটাই নাকি সিদিকপুর । ক্র্যাশের জায়গা, কোথায় জিজ্ঞেস করাতে বলল, ‘ওই যে গাছগুলো দেখা যাচ্ছে, ওর পিছনে । একটু এগিয়ে গেলেই দেখতে পাবেন ।’

আমাদের ড্রাইভার (নামটা জেনে গেছি—বলরাম ঘোষ) গাড়িতে চাবি দিয়ে চললেন আমাদের সঙ্গে ক্র্যাশ দেখতে । আমরা মাঠের মধ্যে হাঁটা পথ দিয়ে এগিয়ে গেলাম ।

দূর থেকে যেটাকে বন বলে মনে হচ্ছিল, সেটা আসলে আট-দশটা বড় বড় আম কাঁঠাল তেঁতুল গাছ ছাড়া আর কিছুই না । সেগুলো পেরিয়েই একটা কলা বাগান, আর সেইখানেই যত কাণ্ড ।

গাছের মধ্যে যেগুলো এখনও নেড়া অবস্থায় দাঁড়িয়ে আছে সেগুলো সব ঝলসে কালো হয়ে গেছে । ডান দিকে কিছু দূরে একটা নেড়া গাছ, ফেলুদা বলল সেটা শিমুল । তার বড় বড় ডালগুলো যেন তলোয়ারের কোপে কেটে ফেলা হয়েছে, আর যা দাঁড়িয়ে আছে তা পুড়ে ছাই । সমস্ত জায়গাটা লোকজন পুলিশ এয়ারপোর্টের কর্মচারীতে ভরে আছে, আর তাদের আশেপাশে প্রায় একশো গজ জায়গা জুড়ে ছড়িয়ে পড়ে আছে ফকার ফ্রেন্ডশিপের ভগ্নাবশেষ । এখানে ডানার একটা অংশ, ওখানে ল্যাজের টুকরো, ওইদিকে আবার থুবড়ানো

নাকের খানিকটা । তা ছাড়া ভাঙাছেড়া ফাটাফুটো দোমড়ানো মোচড়ানো পোড়া আধপোড়া সিকিপোড়া কত কী যে চারিদিকে ছড়িয়ে রয়েছে তার কোনও হিসেব নেই । একটা অদ্ভুত কড়া গন্ধে চারিদিকটা ছেয়ে রয়েছে যেটার জন্য আমার নাকে রুমাল দিতে হল । ফেলুদা জিভ দিয়ে ছিক করে একটা বিরক্তিসূচক শব্দ করে বলল, ‘যদি আর ঘণ্টাখানেক আগেও আসতে পারতাম !’

আসলে, পুলিশ জায়গাটাকে ঘিরে ফেলেছে, তাই কাছে যাবার কোনও উপায় নেই ।

আমরা অগত্যা ঘেরাও-করা জায়গাটার পাশ দিয়ে হাঁটতে আরম্ভ করলাম । পুলিশ মাটি থেকে জিনিস তুলে তুলে দেখছে । কোনওটাই আস্ত নেই, তবে ভাঙা বা আধপোড়া অবস্থাতেও অনেক জিনিস দিব্যি চেনা যাচ্ছে । একটা স্টেথোস্কোপের কানে দেবার অংশ, একটা ব্রিফ কেস, জলের ফ্লাস্ক, একটা বোধহয় হ্যান্ডব্যাগের আয়না—যেটা একটা পুলিশ হাতে নিয়ে এদিক ওদিক নাড়ার ফলে তার থেকে রোদের ঝিলিক বেরোচ্ছে ।

আমাদের ডান দিকে ক্র্যাশের জায়গা, আমরা তার পাশ দিয়ে গোল হয়ে ঘুরে এগিয়ে যাচ্ছি, এমন সময় ফেলুদা হঠাৎ বাঁ দিকের একটা আমগাছের দিকে চেয়ে থেমে গেল ।

একটা ছেলে গাছের একটা নিচু ডালের উপর উঠে বসেছে, তার হাতে একটা কালসিটে পড়া সু-জুতো, যেটা নিশ্চয়ই চামড়ার ছিল, আর যেটা নিশ্চয়ই ছেলেটা এই জঞ্জালের মধ্যে থেকেই পেয়েছে ।

ফেলুদা ছেলেটার দিকে এগিয়ে গেল ।

‘তোরা অনেক জিনিস পেয়েছিস এই জঞ্জাল থেকে, না রে ?’

ছেলেটা চুপ । সে একদৃষ্টে ফেলুদার দিকে চেয়ে আছে ।

‘কী হল ? বোবা নাকি ?’

ছেলেটা তাও চুপ । ফেলুদা ‘হোপলেস’ বলে এগিয়ে চলল ক্র্যাশের জায়গা ছেড়ে গ্রামের দিকে । বলরামবাবুর কৌতূহল আবার চাগিয়ে উঠেছে । বললেন, ‘আপনি কিছু খুঁজছেন নাকি স্যার ?’

‘একটা লাল পাথরের মূর্তি’, ফেলুদা জবাব দিল,—‘শুধু মাথাটা ।’

‘শুধু মাথাটা.....হুঁ.....’ বলে বলরামবাবু দেখি এদিক ওদিক ঘাসের উপর খোঁজা আরম্ভ করে দিয়েছেন ।

আমরা একটা অস্থখ গাছের দিকে এগিয়ে গেলাম । গাছের তলায় একটা বাঁশের মাচা ; তার উপর তিনজন আধবুড়ো বসে তামাক খাচ্ছে । যে সবচেয়ে বুড়ো সে ফেলুদাকে জিজ্ঞেস করল, ‘আপন্যারা কোথিকে আয়লেন ?’

‘কলকাতা । খুব জোর বেঁচে গেছে আপনাদের গ্রামটা !’

‘হাঁ তা গ্যাচে বাবু । আল্লার কৃপা ঘর-বাড়ি ভাঙেনি মানুষজন মরেনি—বাহুর একটা বাঁধা ছিল করিমুদ্দির সেডা মোরেচে আর আলম শ্যাখের—’

‘আগুন লাগল কখন ?’

‘মাটিতে য্যামন পড়ল অমনি য্যামন বোম ফাটার শব্দ ত্যামন শব্দ আর দাউ দাউ করে আগুন আর ধোঁয়া গোটা গেরামটা ধোঁয়ায় ধোঁয়া । আর তারপর অ্যালো বৃষ্টি, দমকল অ্যালো—’

‘দমকল আসা অবধি আগুন জ্বলছিল ?’

‘আগুন নেভেছে বৃষ্টির জলে ।’

‘আপনি কছাকাছি গিয়েছিলেন আগুন নেভার পর ?’

‘আমি বুড়ো মানুষ আমার অতো কী করজ...’



‘ছেলে ছোকরারা যায়নি ? ওখান থেকে জিনিসপত্তর তুলে নেয়নি ?’

বুড়ো চুপ । অন্য দুজনও উসখুস করছে । ইতিমধ্যে আট দশজন ছেলে জড়ো হয়ে কাছাকাছি দাঁড়িয়ে আমাদের কথাবার্তা শুনছে । ফেলুদা তাদের একজনকে ডেকে জিজ্ঞেস করল, ‘তোর নাম কী রে ?’

ছেলেটি ঘাড় কাত করে বলল, ‘আলি ।’

‘এদিকে আয় ।’

ফেলুদা নরম সুরে কথা বলছিল বলেই বোধহয় ছেলেটা এগিয়ে এল ।

ফেলুদা তার কাঁধে হাত দিয়ে গলাটা আরও নামিয়ে বলল, ‘ওই ভাঙা প্লেনটা থেকে অনেক জিনিস ছড়িয়ে বাইরে পড়েছিল, জানিস তো ?’

ছেলেটি চুপ করে দাঁড়িয়ে আছে ।

‘সেই সব জিনিসের মধ্যে একটা লাল পাথরের তৈরি মেয়েমানুষের মাথা ছিল । কুমোর যেমন মাথা গড়ে, সেইরকম মাথা !’

‘এই ও জানে ।’

আলি আরেকজন ছেলের দিকে দেখিয়ে দিল । ফেলুদা একেও জিজ্ঞেস করল, ‘তোর নাম কী রে ?’

‘পানু ।’

ফেলুদা বলল, ‘আর কী নিয়েচিস তু আমার জানার দরকার নেই ; মাথাটা ফেরত দিলে তোকে আমি বকশিশ দেব ।’

পানুর মুখেও কথা নেই ।

‘বাবু জিজ্ঞেস করচে জবাব দে—’, তিন বুড়োর এক বুড়ো ধমক দিয়ে উঠল।

‘ওর কাছে নেই।’

কথাটা বলল পানুরই বয়সী, মুখে বসন্তের দাগওয়ালা আরেকটি ছেলে।

‘কোথায় গেল?’ চাবুকের মতো প্রশ্ন করল ফেলুদা।

‘আরেকজন বাবু এসেছিল, তিনি চাইলেন, তাকে দিয়ে দিয়েচে।’

‘সত্যি কথা?’ ফেলুদা পানুর কাঁধ ধরে প্রশ্ন করল। আমার বুক টিপটিপ করছে। পেতে পেতেও ফসকে যাবে যক্ষীর মাথা? পানু এবার মুখ খুলল।

‘একজন বাবু এলেন যে গাড়ি করে একটুক্ষণ আগে।’

‘কীরকম গাড়ি?’

‘নীল রঙের!’—তিন চারটি ছেলে একসঙ্গে বলে উঠল।

‘কীরকম দেখতে বাবু? লম্বা? রোগা? মোটা? চশমা পরা?...’

ছেলেদের বর্ণনা থেকে বোঝা গেল মাঝারি হাইটের ভদ্রলোক, প্যান্ট শার্ট পরা, রোগাও না মোটাও না ফরসাও না কালোও না, বয়স ত্রিশ থেকে পঞ্চাশের মধ্যে; আমরা এসে পৌঁছানোর আধ ঘণ্টা আগে এসে একে তাকে জিজ্ঞেস করে অবশেষে পানুর কাছ থেকে সামান্য কিছু বকশিশ দিয়ে একটা লাল পাথরের তৈরি মানুষের মাথা উদ্ধার করে নিয়ে গেছেন। তার নীল রঙের গাড়ি।

আমরা যখন গ্রামের পথ দিয়ে গাড়িতে করে আসছিলাম তখন উলটো দিক থেকে একটা নীল রঙের অ্যাম্বালাডরকে আমাদের গাড়ির পাশ দিয়ে বেরিয়ে যেতে দেখেছিলাম।

‘চল তোপসে—আসুন বলরামবাবু!’

খবরটা শুনে ফেলুদা যদি হতাশও হয়ে থাকে, সে ভাবটা যে সে এর মধ্যে কাটিয়ে উঠে আবার নতুন এনার্জি পেয়ে গেছে সেটা তার ট্যাক্সির উদ্দেশ্যে দৌড় দেখেই বুঝলাম। আমরাও দুজনে ছুটলাম তার পিছনে। কী আছে কপালে কে জানে!

৩

যে পথে এসেছিলাম সেই পথেই আবার ফিরে চলেছি। দেড়টা বেজে গেছে, কিন্তু খাওয়ার কথা মনেই নেই। যশোহর রোডে পড়ে বলরামবাবু একবার বলেছিলেন, ‘চা খাবেন নাকি স্যার? গলাটা একটু ভিজিয়ে নিলে.....’ ফেলুদা সে কথায় কান দেয়নি। বলরামবাবুও বোধহয় ব্যাপারটায় একটা অ্যাডভেঞ্চারের গন্ধ পেয়ে আর চায়ের কথা বলেননি।

গাড়ি পঁচাত্তর কিলোমিটার স্পিডে ছুটে চলেছে, আর আমি ভাবছি কী অল্পের জন্যেই না মাথাটা ফসকে গেল। সকালে যদি লোডশেডিংটা না হত, আর রেডিয়োর খবরটা যদি ঠিক সময়ে শুনতে পেতাম, তা হলে এতক্ষণে হয়তো আমরা মূর্তি সঙ্গে নিয়ে আর্কিয়লজিক্যাল সার্ভের আপিসে ছুটে চলেছি। কিংবা হয়তো সোজা ভুবনেশ্বর। মন্দিরের গায়ে ভাঙা মূর্তি আবার জোড়া লেগে যেত, আর ফেলুদা তার জোরে হয়তো পদ্মশ্রী-টদ্রশ্রী হয়ে যেত।

এই এক ঘণ্টার রোদেই রাজা অনেকটা শুকিয়ে গেছে, মনে মনে ভাবছি বলরামবাবু আরেকটু স্পিড তুললে পারেন, এমন সময় হঠাৎ একটা জিনিস চোখে পড়ায় পালস রেট-টা ধাঁ করে বেড়ে গেল।

একটা গাড়ি-মেরামতের দোকানের সামনে একটা নীল অ্যাম্বালাডর দাঁড়িয়ে আছে।

বলরামবাবু যে সিদিকপুরের কথাবার্তা মন দিয়ে শুনেছিলেন সেটা তার প্রশ্ন থেকে বুঝতে পারলাম। —‘গাড়ি থামাব স্যার?’

‘সামনের চায়ের দোকানটায়’, ফেলুদা চাপা গলায় জবাব দিল ।

বলরামবাবু স্টাইলের মাথায় মেরামতির দোকানের দুটো দোকানের পরে ট্যাক্সিটাকে রাস্তার ডান দিকে নিয়ে গিয়ে ঘ্যাঁ-ষ করে ব্রেক কষলেন । ফেলুদা গাড়ি থেকে নেমে গিয়ে তিন কাপ চা অর্ডার দিল । কাপ তো নয়, কাচের গেলাস ।

‘আর কী আছে ভাই ?’

‘বিস্কুট খাবেন ? ভাল বিস্কুট আছে ।’

কাচের বোয়ামের মধ্যে গোল গোল নানখাটাই-টাইপের বিস্কুট, ফেলুদা তারই দুটো করে দিতে বলল ।

আমার চোখ নীল অ্যাস্বাসাডরের দিকে । পাংচার সারানো হচ্ছে । একটি ভদ্রলোক, মাঝারি হাইট, মাঝারি রং, বয়স চল্লিশ-টল্লিশ, ঘন ভুরু, ঘন হাতের লোম, কানের পাশ দিয়েও বোধহয় লোম বেরিয়েছে, মাথার চুল ব্যাকব্রাশ করে আঁচড়ানো । গাড়ির পাশে ছটফট ভাব করে পায়চারি করছেন আর ঘন ঘন টান দিচ্ছেন আধপোড়া সিগারেটে । বাঙালি কি ? কথা না বললে বোঝার উপায় নেই ।

চা তৈরি হচ্ছে । ফেলুদা চারমিনার বার করে একটা মুখে পুরে পকেট চাপড়ে দেশলাই না-পাওয়ার ভান করে ভদ্রলোকের দিকে এগিয়ে গেল । আমি আমাদের ট্যাক্সির কাছেই রয়ে গেলাম । দুই গাড়ির মধ্যে তফাত বিশ-পঁচিশ হাত । বলরামবাবুর আড়চোখ নীল গাড়ির দিকে ।

‘এক্সকিউজ মি, আপনার কাছে কি...’

ভদ্রলোক পকেট থেকে একটা লাইটার বার করে জ্বালিয়ে ফেলুদার দিকে এগিয়ে দিলেন ।

‘থ্যাক্স !’ ফেলুদা ধোঁয়া ছাড়ল । ‘টেরিবল ব্যাপার !’

ভদ্রলোক ফেলুদার দিকে চেয়ে আবার চোখ নামিয়ে নিলেন ।

‘আপনি তো ক্র্যাশের ওখানে গিয়েছিলেন’, ফেলুদা বলল । —‘আপনার গাড়িটা যেন আসতে দেখলাম..... ?’

‘ক্র্যাশ ?’

‘আপনি জানেন না ? কাঠমাগুর প্লেন.....সিদ্দিকপুরে.....’

‘আমি টাকি থেকে আসছি ।’

টাকি হল হাসনাবাদের কাছেই একটা শহর ।

আমরা কি তা হলে ভুল করলাম ? গাড়ির নম্বরটা যদি দেখে রাখতাম তা হলে খুব ভাল হত ।

‘আর কতক্ষণ লাগবে হে ?’ ভদ্রলোক অর্ধৈর্ষ্য হয়ে প্রশ্ন করলেন মেরামতির লোকটাকে ।

‘এই হয়ে গেল স্যার । পাঁচ মিনিট ।’

চায়ের দোকান থেকে বলরামবাবু হাঁক দিয়ে জানালেন চা রেডি । ফেলুদা নীল গাড়ি ছেড়ে আমাদের হলদে গাড়ির দিকে এগিয়ে এল । হাতে গেলাস নিয়ে তিনজনে দোকানের সামনের বেঞ্চিতে বসার পর ফেলুদা চাপা গলায় বলল, ‘ডিনাই করছে । ডাহা মিথ্যাবাদী ।’

আমি বললাম, ‘কিন্তু নীল অ্যাস্বাসাডর তো আরও অনেক আছে । এ রংটা তো খুব কমন, ফেলুদা ।’

‘লোকটার জুতোয় এখনও কালো ছাইয়ের দাগ লেগে আছে । তোর নিজের স্যান্ডালটার দিকে চেয়ে দেখেছিস একবার ?’

সত্যিই তো ! স্যান্ডালের রংটাই বদলে গেছে ক্র্যাশের জায়গায় গিয়ে । আর ওই

ভদ্রলোকেরও তাই। ব্রাউন জুতোয় কালোর ছোপ।

ফেলুদা যে ইচ্ছে করেই ধীরে সুস্থে বিস্কুট খাচ্ছে সেটা বেশ বুঝতে পারছিলাম। পাঁচ মিনিটের জায়গায় পনেরো মিনিট পরে অন্য গাড়িটা সুস্থ অবস্থায় মেরামতির দোকান থেকে বেরিয়ে যশোহর রোড দিয়ে কলকাতার দিকে রওনা দিল। আর তার পরমুহূর্তেই আমাদের গাড়িও ধাওয়া করল তার পিছনে। দুটোর মাঝখানে বেশ অনেকখানি ফাঁক, কিন্তু ফেলুদা বলল সেই ভাল; লোকটার সন্দেহ উদ্বেক করা বুদ্ধিমানের কাজ হবে না।

দমদমের কাছে এসে হঠাৎ আরেক পশলা বৃষ্টি নামল। সামনে সব ধোঁয়াটে হয়ে গেছে, ভাল দেখা যাচ্ছে না, তাই বলরামবাবুকে বাধ্য হয়েই স্পিড বাড়িয়ে নীল গাড়ির আরেকটু কাছাকাছি গিয়ে পড়তে হল। ভদ্রলোক বেশ রসিক; বললেন, ‘হিন্দি ফিল্মের মতন মনে হচ্ছে স্যার। সেদিন শত্রুঘনের একটা বইয়ে দেখলুম এইভাবে গাড়ির পেছনে গাড়ি ফলো করছে। অবিশ্যি সেখানে পেছনের গাড়িটা একটা পাহাড়ের গায়ে ক্র্যাশ করল।’

ফেলুদা বলল, ‘একদিনে একটা ক্র্যাশই যথেষ্ট। আপনি স্টেডি থাকুন। কলকাতায় পাহাড় না থাকলেও—’

‘কী বলছেন স্যার! থার্টিন ইয়ারস গাড়ি চালাচ্ছি—এখনও পর্যন্ত একাটিও নট এ সিঙ্গল অ্যাক্সিডেন্ট।’

‘ডব্লু এম এ ফাইভ থ্রি ফোর নাইন’, ফেলুদা বিড়বিড় করে বলল। আমিও নম্বরটা মাথায় রেখে দিলাম, আর বার বার ‘পাঁতিচান...পাঁতিচান...পাঁতিচান’ আওড়ে নিলাম। এটা আর কিছুই নয়—পাঁচ তিন চার আর ন’য়ের প্রথম অক্ষরগুলো দিয়ে তৈরি। নম্বর মনে রাখার দু-তিন রকম উপায় ফেলুদা শিখিয়ে দিয়েছে, তার মধ্যে এটা একটা।

বলরামবাবু সত্যিই বাহাদুর ড্রাইভার, কারণ কলকাতার ট্র্যাফিকে ভরা গিজগিজে রাস্তা দিয়েও ঠিক নীল গাড়িকে সামনে রেখে চলেছেন। কোথায় যাচ্ছে গাড়িটা কে জানে।

‘মূর্তিটা নিয়ে কী করবে বলো তো লোকটা?’ শেষ পর্যন্ত জিজ্ঞেস করলাম ফেলুদাকে।

‘ভুবনেশ্বরে ফেরত নিয়ে যাবে না নিশ্চয়ই। যে জাতের ধুরন্ধর, তাতে মনে হয় আবার আরেকজন বিদেশি খন্দের জোগাড় করার চেষ্টা করবে। একই জিনিস উপরো-উপরি দুবার বিক্রি করার এমন সুযোগ তো চট করে আসে না।’

নীল গাড়ি শেষ পর্যন্ত দেখি আমাদের পার্ক স্ট্রিটে এনে ফেলেছে। পুরনো গোরস্থান ছাড়িয়ে, লাউডন স্ট্রিট, ক্যামাক স্ট্রিটের মোড় ছাড়িয়ে শেষে গাড়ি দেখি হঠাৎ বাঁ দিকে মোড় নিয়ে কুইন্স ম্যানসনের গেট দিয়ে ভেতরে ঢুকছে।


‘যাব স্যার?’

‘আলবৎ।’

আমাদের ট্যাক্সিও গেট দিয়ে ভেতরে ঢুকল। একটা প্রকাণ্ড খোলা জায়গা; তার মাঝখানে একটা পার্ক, আর চারদিকে ঘিরে রয়েছে পাঁচ-ছ’তলা উঁচু সব বাড়ি। পার্কের চারদিকে গাড়ি পার্ক করা রয়েছে, তার মধ্যে আবার দু-একটা স্কুটারও রয়েছে। আমাদের ডান দিকে কুইন্স ম্যানসন। আমরা ট্যাক্সি দাঁড় করলাম, নীল গাড়ি কিছু দূরে একেবারে শেষ মাথায় গিয়ে থামল। আমরা গাড়ির ভিতরে বসে আছি কী হয় দেখার জন্য।

ভদ্রলোক একটা কালো ব্যাগ হাতে নিয়ে নামলেন, দরজার কাচ তুললেন, দরজা লক করলেন, তারপর ডান দিকে গিয়ে একটা বড় দরজা দিয়ে কুইন্স ম্যানসনে ঢুকে গেলেন।

এক মিনিট অপেক্ষা করে ফেলুদাও ট্যাক্সি থেকে নামল আমি তার পিছনে। সোজা চলে গেলাম সেই দরজার দিকে। একটা ঘড় ঘড় শব্দ আগেই কানে এল; গিয়ে দেখি দরজা দিয়ে ঢুকেই একটা আদিকালের লিফ্ট, সেটা সবেমাত্র নীচে নেমেছে। ঝটপটাং শব্দ করে ৩২৮



লোহার কোলাপ্‌সিবল দরজা খুলে বুড়ো লিফটম্যান খাঁচা থেকে বেরিয়ে এল । ফেলুদা হঠাৎ একটা ব্যস্ততার ভাব করে তাকে জিজ্ঞেস করল, 'মিস্টার সেনগুপ্ত এইমাত্র ওপরে গেলেন না ?'

'সেনগুপ্ত কৌন ?'

'এইমাত্র যিনি ওপরে গেলেন ?'

'আভুভি গিয়া পাঁচ নম্বরকা মিস্টার মল্লিক । সেনগুপ্তা ইহা কোই নেহি রহতা ।'

'ও । আমারই ভুল ।'

পাঁচ নম্বর ফ্ল্যাট। মিস্টার মল্লিক। এগুলো মনে রাখতে হবে। ফেলুদা খাতা আনেনি; বাড়ি গিয়ে নোট করে নেবে নিশ্চয়ই।

কিন্তু বাড়ি ফিরতে যে এখনও দেরি সেটা একটু পরেই বুঝলাম। ফেলুদা বলরামবাবুকে ভাড়া চুকিয়ে ছেড়ে দিল, ভদ্রলোক যাবার সময় একটা স্লিপ দিয়ে বলে গেলেন, ‘এটা আমার পাশের বাড়ির টেলিফোন, আপনি বললে আমায় ডেকে দেবে। দরকার-টরকার পড়লে একটু খবর দেবেন স্যার। একঘেয়ে কাজের মধ্যে যদি মাঝে মাঝে...।’

পার্ক স্ট্রিট থানার ও সি মিস্টার হরেন মুৎসুদ্দির সঙ্গে ফেলুদার আলাপ ছিল। দু বছর আগে হ্যাপি-গো-লাকি বলে একটা রেসের ঘোড়াকে বিষ খাইয়ে মারার রহস্য ফেলুদা আশ্চর্যভাবে সমাধান করেছিল; তখনই মুৎসুদ্দির সঙ্গে আলাপ হয়। আমরা এখন তাঁর আপিসে। ভদ্রলোক মূর্তি চুরির খবরটা কাগজে পড়েছেন। ফেলুদা সেইখান থেকে শুরু করে আজকের পুরো ঘটনাটা তাঁকে বলে বলল, ‘যদ্যুৎ মনে হয় এই মল্লিক চুরির ব্যাপারটা নিজে না করলেও, চোরাই মাল উদ্ধার করে সেটাকে পাচার করার ভারটা নিজেই নিয়েছে। তার সম্বন্ধে কিঞ্চিৎ ইনফরমেশন, আর একটি লোক তার পিছনে রাখা—এই দুটো অনুরোধ করতে আমি এসেছি। তার কার্যকলাপের দিকে একটু নজর রাখা দরকার। মিস্টার মল্লিক, পাঁচ নম্বর কুইন্স ম্যানসন, নীল অ্যাসাসাডর, নম্বর ডব্লু এম এ ফাইভ থ্রি ফোর নাইন।’

মুৎসুদ্দি এতক্ষণ একটা পেনসিল কানের মধ্যে গুঁজে বসেছিলেন, এবার সেটাকে টেবিলের উপর নামিয়ে রেখে বললেন, ‘হবে। আপনি যখন বলছেন তখন হবে। একটা স্পেশাল কনস্টেবল লাগিয়ে দিচ্ছি, সে ওকে চোখে চোখে রাখবে। আর আমাদের ফাইলে যদি কিছু থাকে তাও দেখছি। থাকবেই যে এমন কোনও কথা নেই, যদি না লোকটা এর আগে কোনও গুণ্ডাগোল করে পুলিশের নজরে এসে থাকে।’

‘ব্যাপারটা খুব আর্জেন্ট কিন্তু। মূর্তি আবার বেহাত হলেই মুশকিল।’

মুৎসুদ্দি মুচকি হেসে বললেন, ‘কেন, মুশকিল কেন? আমরা তো আর ঘোড়ার ঘাস কাটি না, মিস্টার মিস্তির। আপনি একা ম্যানেজ করতে না পারলে আমাদের সাহায্য চাইলে আমরা কি আর রিফিউজ করব? আমরা আছি কীসের জন্য? পাবলিককে হেলপ করার জন্যেই তো? তবে একটা কথা বলি—একটা অ্যাডভাইস, অ্যাজ এ ফ্রেন্ড—এই সব ব্যাকেটের পেছনে মাঝে মাঝে এক একটা দল থাকে—গ্যাং—এবং তারা বেশ পাওয়ারফুল হয়। গায়ের জোর বলছি না। পয়সার জোর। পোজিশনের জোর। শিক্ষিত অবস্থাপন্ন লোকেরা যখন নোংরা কাজে নামে, তখন সাধারণ ক্রিমিন্যালদের চেয়ে তাদের বাগে আনা অনেক বেশি শক্ত হয়, জানেন তো? আপনি ইয়াং, ট্যালেন্টেড, তাই আপনাকে এগুলো বলছি—নইলে আর আমার কী মাথাব্যথা বলুন !.....’

ওয়লডর্ফে চিনে খাবার অর্ডার দিয়ে ফেলুদা ম্যানেজারের ঘর থেকে কুইন্স ম্যানসন পাঁচ নম্বরে একটা টেলিফোন করে, হ্যালো শুনেই ফোনটা রেখে দিয়ে খানিকটা নিশ্চিত হয়ে বলল, ‘লোকটা এখনও ঘরেই আছে।’

আমরা বাড়ি ফিরলাম পৌনে তিনটেয়। চারটের কিছু পরে মিস্টার মুৎসুদ্দির টেলিফোন এল। প্রায় পাঁচ মিনিট কথা হল, সেটা সঙ্গে সঙ্গে ফেলুদা তার খাতায় নোট করে নিল। তারপর আমি না জিজ্ঞাস করতাই আমার কৌতূহল মিটিয়ে দিল।—

‘লোকটার পুরো নাম জয়ন্ত মল্লিক। দিন পনেরো হল কুইন্স ম্যানসনে এসে রয়েছে। ফ্ল্যাটটা আসলে মিস্টার অধিকারী বলে একজন ভদ্রলোকের। ইনি ফ্রি স্কুল স্ট্রিটের এক রেস্টোরেন্টের মালিক। বোধহয় মল্লিকের বন্ধু। অধিকারী এখন দার্জিলিং-এ। তার ৩৩০

অবর্তমানে মল্লিক ফ্ল্যাটটা ব্যবহার করছে। গাড়িটাও অধিকারীর। সেই গাড়ি করেই মল্লিক আজ তিনটে নাগাদ গ্র্যান্ড হোটেলে গিয়েছিল। ভিতরে ঢুকে পাঁচ মিনিট পরে বেরিয়ে এসে বাইরে অপেক্ষা করতে থাকে। কুড়ি মিনিট অপেক্ষা করার পর আবার ভিতরে ঢোকে। দশ মিনিট পরে বেরিয়ে এসে গাড়িতে করে ডালহৌসি যায়। সেখানে কিছুক্ষণের জন্য মুৎসুদ্দির লোক ওকে হারিয়ে ফেলে, তারপর ফেয়ারলি প্লেসে রেলওয়ে বুকিং আপিসের বাইরে গাড়ি দেখে ভিতরে ঢুকে দেখে, মল্লিক কিউয়ে দাঁড়িয়ে টিকিট কিনছে। এখান থেকে মনমড, সেখান থেকে আওরঙ্গাবাদ। সেকেন্ড ক্লাসের রিজার্ভ টিকিট। আরও খবর থাকলে পরে টেলিফোন করবে।

‘আওরঙ্গাবাদ যাচ্ছে?’ আমি জায়গাটার নামই শুনি নি।

‘আওরঙ্গাবাদ’, ফেলুদা বলল। ‘আর আমরা এখন যাচ্ছি সর্দার শঙ্কর রোড, শ্রীসিন্ধেশ্বর বোসের বাড়ি। একটা কনসালটেশনের দরকার।’

8

‘আওরঙ্গাবাদ!’

সিধুজ্যাঠার চোখ কপালে উঠে গেল।—‘এ যে সর্বোনাশের মাথায় বাড়ি! জায়গাটার তাৎপর্য বুঝতে পারছ ফেলু? আওরঙ্গাবাদ হল এলোরায যাবার ঘাঁটি। মাত্র বিশ মাইলের পথ, চমৎকার রাস্তা। আর এলোরার মানে বুঝতে পারছ তো? এলোরা হল ভারতের সেরা আটের ডিপো! পাহাড়ের গা থেকে কেটে বার করা কৈলাসের মন্দির—যা দেখে মুখের কথা আপনা থেকেই বন্ধ হয়ে যায়। আর তা ছাড়া পাহাড়ের গায়ে লাইন করে দেড় মাইল জায়গা জুড়ে আরও তেত্রিশটা গুহা—হিন্দু, বৌদ্ধ, জৈন—তার প্রত্যেকটা মূর্তি আর কারুকার্যে ঠাসা। আমার তো ভাবতেই রক্ত হিম হয়ে যাচ্ছে!.....কিন্তু প্লেন থাকতে ট্রেনে যাচ্ছে কেন লোকটা?’

‘যদূর মনে হয়, মূর্তিটা ও হাতের কাছে রাখতে চাইছে। প্লেনে গেলে সিকিউরিটি চেক-এর ব্যাপার আছে। হাতের ব্যাগ খুলে দেখে পুলিশ। ট্রেনে সে ঝামেলা নেই।’

আওরঙ্গাবাদের ব্যাপারটা বুঝতে পেরে আমারও গলা শুকিয়ে গেল। ফেলুদা হাতের ঘড়ির দিকে দেখে তড়াক করে মোড়া ছেড়ে উঠে পড়ল।

‘কী ঠিক করলে?’ সিধুজ্যাঠা জিজ্ঞেস করলেন।

‘আমাদের প্লেনেই যেতে হবে।’

সিধুজ্যাঠা যে ভাবে ফেলুদার দিকে চাইলেন তাতে বুঝলাম গর্বে ওঁর বুকটা ভরে উঠেছে। মুখে কিছু না বলে তক্তপোশ থেকে উঠে গিয়ে আলমারি থেকে একটা চটি বই বার করে ফেলুদার হাতে দিয়ে বললেন, ‘এটা তোমায় হেলপ করবে। ভাল করে একবারটি পড়ে নিয়ো।’

বইটার নাম ‘এ গাইড টু দ্য কেভস অফ এলোরা।’

ফেলুদা বাড়ি এসেই জুপিটার ট্রাভেলসের মিস্টার বকসীকে ফোন করে জিজ্ঞেস করল আগামীকাল সকালের বসে ফ্লাইটে টিকিট আছে কি না; ওর তিনটে সিট দরকার। তিনটে শুনে আমি বেশ অবাক হয়ে গেলাম। সিধুজ্যাঠাও যাবেন নাকি সঙ্গে? ফেলুদাকে জিজ্ঞেস করাতে ও শুধু বলল, ‘দলে আরেকটু ভারী হলে সুবিধে হয়।’

বকসী বললেন, ‘এমনিতে জায়গা নেই, তবে ওয়েটিং লিস্টে ভাল পোজিশন। আমি টিকিট ইস্যু করে দিচ্ছি। আপনারা সকালে সাড়ে পাঁচটার মধ্যে এয়ারপোর্টে এসে যাবেন। মনে হয় হয়ে যাবে।’

সকালের ফ্লাইট নটার মধ্যে বসে পৌঁছে যাবে; তারপর সেখান থেকে সাড়ে বারোটার সময় আরেকটা প্লেন ছেড়ে দেড়টায় আমাদের আওরঙ্গাবাদ পৌঁছে দেবে। এই পরের টিকিটটাও জুপিটার করে দেবে, আর করে দেবে আমাদের আওরঙ্গাবাদ ও এলোরায থাকার ব্যবস্থা। আমরা পৌঁছে যাব কালই, মানে শনিবার, আর মল্লিক পৌঁছবেন রবিবার।

বুকিং-এর ঝামেলা মিটিয়ে ফেলুদা আরেকটা নম্বর ডায়াল করছে, এমন সময় কলিং বেল বেজে উঠল। দরজা খুলতেই দেখি নাস্তার ওয়ান জনপ্রিয় রহস্যরোমাঞ্চ উপন্যাস লেখক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ু। ফেলুদা যেন ভূত দেখেছে এমন ভাব করে রিসিভারটা রেখে দিয়ে বলল, ‘আশ্চর্য—এই মুহূর্তে আপনার নম্বর ডায়াল করছিলাম!’

জটায়ু তার ভাঁজ করা প্লাস্টিকের রেনকোটটা টেবিলের উপর রেখে সোফায় বসে পড়ে বললেন, ‘তা হলে আমার সঙ্গে আপনার একটা টেলিপ্যাথটিক যোগ রয়েছে বলুন! আমারও ক’দিন থেকেই আপনার কথা মনে হচ্ছে।’

কথাটা আসলে হবে টেলিপ্যাথিক, কিন্তু লালমোহনবাবুর ইংরিজি ওইরকমই। ভদ্রলোকের চেহারা বেশ খোলতাই হয়েছে; দেখে মনে হল বই লিখে বেশ দু পয়সা রোজগার হচ্ছে।

‘বেশ করে একটু লেবুর সরবত করতে বলুন তো আপনার সারভেন্টটিকে—বড্ড গুমোট করেছে। আর ফ্রিজিডেয়ার থেকে যদি একটু বরফ দিয়ে দেয়...’

সরবতের অর্ডার দিয়ে ফেলুদা কাজের কথায় চলে গেল।

‘খুব ব্যস্ত নাকি? নতুন উপন্যাসে হাত দিয়েছেন?’

‘হাত দিলে কি আর এখানে আসতে পারি? ছক কেটিচি। খুব জমবে বলে মনে হয়। ভাল ফিলিম হয়। অবিশ্যি হিন্দি প্যাটার্নের। পাঁচখানা ফ্লাইট আছে। বেলুচিস্তানের ব্যাকগ্রাউন্ডে ফেলিচি আমার হিরো প্রখর রুদ্রকে। আচ্ছা—অর্জুন মেরহোত্রাকে কেমন মানায় বলুন তো হিরোর পার্টে? অবিশ্যি আপনি যদি অ্যাকটিং করতে রাজি হন তা হলে তো—’

‘আমি হিন্দি জানি না। যাই হোক, আপাতত আমাদের সঙ্গে আসুন—কৈলাসটা ঘুরে আসি। ফিরে এসে না হয় বেলুচিস্তানের কথা ভাববেন।’

‘কৈলাস! সে কী মশাই—আপনার কি তিব্বতে কেস পড়ল না কি? সেখানে তো শুনিচি চিনেদের রাজত্ব।’

‘কৈলাস পাহাড় নয়। কৈলাস মন্দির। এলোরার নাম শুনেছেন?’

‘ও হো হো, তাই বলুন। তা সে তো শুনিচি সব মন্দির আর মূর্তি-টুর্তির ব্যাপার। আপনি হঠাৎ পাথর নিয়ে পড়লেন কেন? আপনার তো মানুষ নিয়ে কারবার।’

‘কারণ, কতগুলো মানুষ ওই পাথর নিয়ে একটা কারবার ফেঁদে বসেছে। বিদ্রোহী কারবার। সেটা বন্ধ করা দরকার।’

লালমোহনবাবু ফ্যাল ফ্যাল করে চেয়ে আছেন দেখে ফেলুদা ব্যাপারটা বুঝিয়ে দিল। সব শুনেটুনে লালমোহনবাবুর গোল চোখ আরও গোল হয়ে গেল। সঙ্গে সঙ্গে পকেট থেকে একটা ছোট্ট নোটবুক বার করে কী সব লিখেটিখে নিয়ে বললেন—

‘এ এক নতুন খবর দিলেন আপনি। এই সব পাথরের মূর্তির এত দাম? আমি তো জানতুম হিরে পান্না চুনি—এই সব হল দামি পাথর। যাকে বলে প্রেশাস স্টোনস। কিন্তু

এও তো দেখছি কম প্রেশাস নয় ।’

‘আরও বেশি প্রেশাস । চুনি পান্না পৃথিবীতে হাজার হাজার আছে, ভবিষ্যতে সংখ্যায় আরও বাড়বে । কিন্তু কৈলাসের মন্দির বা সাঁচির স্তূপ বা এলিফ্যান্টার গুহা—এ সব একটা বই দুটো নেই । হাজার-দু হাজার বছর আগে আমাদের আর্ট যে হাইটে উঠেছিল সে হাইটে ওঠার কথা আজকের আর্টিস্ট ভাবতেই পারে না । সুতরাং সে যুগের আর্ট দেশে যা আছে তাকে বাঁচিয়ে রাখতে হবে । যারা তাকে নষ্ট করতে চায় তারা ক্রিমিন্যাল । আমার মতে ভুবনেশ্বরের যক্ষীকে হত্যা করা হয়েছে । যে করেছে তার কঠিন শাস্তি হওয়া দরকার ।’

লালমোহনবাবুকে তাতাবার জন্য এ-ই যথেষ্ট । এমনিতেই ভদ্রলোকের নতুন দেশ দেখার শখ, তার উপর ফেলুদার সঙ্গে একজন অপরাধীর পিছনে ধাওয়া করা—সব মিলিয়ে ভদ্রলোক ভারী উত্তেজিত হয়ে পড়লেন । প্লেনের টাইম, জামা-কাপড় কী নিতে হবে, মশারি লাগবে কি না, সাপের ওষুধ লাগবে কি না ইত্যাদি জেনে নিয়ে উঠে পড়ে বললেন, ‘আমার আরও একসাইটেড লাগছে কেন জানেন তো ? কৈলাস নামটার জন্য । কৈলাস—কই লাশ ! বুঝতে পারছেন তো ?’

ক’দিনের জন্য যাচ্ছি জানা নেই, তবে দিন সাতেকের বেশি হবে না আন্দাজ করে প্যাকিং সেরে ফেলতে বেশি সময় লাগল না । ফেলুদাকে প্রায়ই তদন্তের ব্যাপারে বাইরে যেতে হয়, তাই ওর একটা আলাদা সুটকেসে কিছু জরুরি জিনিস আগে থেকেই প্যাক করে রেডি করা থাকে । তার মধ্যে ওষুধপত্র, ফার্স্ট-এড বক্স, মেক-আপ বক্স, বাইনোকুলার, ম্যাগনিফাইং গ্লাস, ক্যামেরা, ইস্পাতের তৈরি পঞ্চাশ ফুট টেপ, একটা অল-পারপাস নাইফ, নানারকম সরু সরু তার—যা দিয়ে দরকার হলে চাবি ছাড়াই তালা-টালা খোলা যায়, একটা নিউম্যান কোম্পানির ব্র্যাডশ—বা রেল-প্লেন-বাসের টাইম টেবল, একটা রোড ম্যাপ, একটা লম্বা দড়ি, এক জোড়া হান্টিং বুট । এতে জায়গা যে খুব একটা বেশি নেয় তা নয় ; তাই একই সুটকেসে ওর বাকি জিনিসও ধরে যায় । জামা-কাপড় বেশি নেয় না । এককালে পোশাকের শখ ছিল, এখন কমে গেছে । সিগারেট খাওয়াও দিনে বিশটা থেকে দশে নেমে গেছে । স্বাস্থ্যের ব্যাপারে ওর চিরকালই যত্ন । যোগব্যায়াম করে, একগাদা খায় না, তবে নতুন গুড়ের সন্দেশ বা খুব ভাল মিহিদানা পেলে সংযমের তোয়াক্কা রাখে না ।

ফেলুদার কাছে টুরিস্ট ডিপার্টমেন্টের অনেকগুলো চিঠি বই ছিল, তার মধ্যে এবার যেগুলো লাগতে পারে তার কয়েকটা নিয়ে আমি উলটেপালটে দেখে নিলাম । দশটা নাগাদ শোবার আগে ফেলুদা ঘড়িতে অ্যালার্ম দিল, আর যদি কোনও কারণে অ্যালার্ম না বাজে তাই ওয়ান সেভেন থ্রিতে টেলিফোন করে সকালে চারটের সময় ঘুম ভাঙিয়ে দেবার কথা বলে দিল ।

তার ঠিক দশ মিনিট বাদে মিস্টার মুৎসুদ্দির কাছ থেকে ফোন এল । বললেন, মল্লিক বম্বে থেকে একটা ট্রান্স কল পেয়েছিল কিছুক্ষণ আগে । মল্লিক যে কথাগুলো বলে তা হল এই—‘মেয়ে শ্বশুরবাড়ি থেকে বাপের বাড়ি এসে গেছে । বাপ তাকে সঙ্গে নিয়ে যাচ্ছে বিশ পাঁচাত্তর ।’ তাতে বম্বের লোক ইংরিজিতে বলে, ‘ক্যারি অন । বেস্ট অফ লাক ।’

আমি কথাগুলোর মাথামুণ্ড বুঝতে পারলাম না । সেটা ফেলুদাকে বলাতে ও বলল, ‘তোর মধ্যমনারায়ণ তেলের দরকার হয়ে পড়েছে ।’

ভাগ্যিস এই তেলের ব্যাপারটা আমার জানা ছিল, তা না হলে এটারও মানে ফেলুদাকে জিজ্ঞেস করতে হত । মধ্যমনারায়ণ তেল মাথায় লাগালে নাকি মাথা ঠাণ্ডা হয় আর বুদ্ধি বাড়ে ।

বস্ত্রের প্লেন সাড়ে ছটায় না ছেড়ে ছাড়ল প্রায় এক ঘণ্টা পরে। বেশ কয়েকটা ক্যানসেলেশন ছিল, তাই আমাদের জায়গা পেতে কোনও অসুবিধা হয়নি।

বাস্ত্র-রহস্যের ব্যাপারে আমাদের সঙ্গে জীবনে প্রথম প্লেনে চড়েছিলেন লালমোহনবাবু। এটা বোধ হয় দ্বিতীয়বার। এবার দেখলাম টেক-অফের সময় দাঁত-টাঁত খিঁচিয়ে সেই বিশ্রী ব্যাপারটা আর করলেন না। কিন্তু প্রথম দিকটা যখন আমরা মেঘের মধ্যে দিয়ে যাচ্ছিলাম তখন প্লেনটা বেশ ধড়ফড় করছিল, আর লালমোহনবাবুর অবস্থা আরও অনেকেরই মতো বেশ শোচনীয় বলে মনে হচ্ছিল। একবার একটা বড় রকম ঝাঁকুনির পর ভদ্রলোক আর থাকতে না পেরে বললেন, ‘এ যে মশাই চিৎপুর রোড দিয়ে ছ্যাকাড়া গাড়িতে করে চলছি বলে মনে হচ্ছে! নাটবন্টু সব খুলে আসচে না তো?’

আমি আর ফেলুদা দুটো পাশাপাশি সিটে বসেছিলাম, আর লালমোহনবাবু বসেছিলেন প্যাসেজের ওদিকে ফেলুদার ঠিক পাশেই। ব্রেকফাস্ট খাবার কিছুক্ষণ পর ভদ্রলোক একবার ফেলুদার দিকে ফিরে বললেন, ‘দাঁত-খড়কের ইংরিজি কী মশাই?’ তারপর সেটা জেনে নিয়ে ভদ্রলোক নিজেই বোতাম টিপে এয়ার হোস্টসকে ডাকিয়ে এনে, ‘এক্সকিউজ, টুথপিক প্লিজ’ বলে খড়কে আদায় করে নিলেন। তারপর ঘণ্টা খানেক পরে বস্ত্র সম্বন্ধে একটা বুকলেট পড়তে পড়তে বললেন, ‘অ্যাপোলোটা আবার কীরকম বাঁদর মশাই?’

ফেলুদা এলোরার গাইড বুকটা চোখের সামনে থেকে নামিয়ে বলল, ‘বাঁদর নয়, বন্দর। পোর্ট।’

‘ও, পোর্ট! তা হলে ইংরিজিতে পোর্ট লিখলেই হয়, বান্দার লেখার কী দরকার? হুঁ!’

আমরা তিনজনের কেউই আগে বসে যাইনি। পশ্চিমে সবচেয়ে দূরে গেছি রাজস্থানের জয়সলমীর। এবার এমনিতে বসেতে থাকার কথা নয়, তবে ফেলুদা বলেছে এলোরায় সব ঠিক ভাবে উতরে গেলে ফিরবার পথে দু-তিনদিন বসে থেকে আসবে। ওর এক কলেজের বন্ধু ওখানে থাকে, গ্ল্যাঙ্কো কোম্পানিতে কাজ করে, সে অনেকদিন থেকেই নেমস্তন্ন করে রেখেছে।

প্লেন ল্যান্ড করার আগে যখন বেন্ট বাঁধতে বলছে, তখন আমি ফেলুদাকে একটা কথা জিজ্ঞেস না করে পারলাম না। বললাম, ‘মল্লিকের কাল রাত্রের টেলিফোনের ব্যাপারটা একটু বুঝিয়ে দেবে?’

ফেলুদা যেন আকাশ থেকে পড়ল।

‘সে কী রে—তুই ওটা সত্যিই বুঝিসনি?’

‘উই।’

‘মেয়ে শ্বশুরবাড়ি থেকে বাপের বাড়ি চলে এসেছে। মেয়ে হল যক্ষীর মাথা, শ্বশুরবাড়ি হল সিলভারস্টাইন—যে মাথাটি কিনেছিল, আর বাপের বাড়ি হল মল্লিক—যার কাছে মাথাটা ছিল।’

বুঝিয়ে দিলে সত্যিই জলের মতো সোজা। বললাম, ‘আর বিশ-পঁচাত্তর?’

‘ওটা ল্যাটিচিউড আর লঙ্গিচিউড। ম্যাপ খুলে দেখবি ওটা আওরঙ্গাবাদে পড়ছে।’

স্যান্টাক্রুজ এয়ারপোর্টে নামলাম দশটার সময়। আড়াই ঘণ্টা পরে আবার প্লেন ধরতে হবে, তাই শহরে যাবার কোনও মানে হয় না—যদিও আকাশ থেকে শহরের গম্গমে চেহারা দেখে চোখ ট্যারা হয়ে গেছে।

এয়ারপোর্টের বাথরুমে হাতমুখ ধুয়ে রেস্টোরাণ্টে ভাত আর মুরগির কারি খেয়ে আওরঙ্গাবাদ যাবার প্লেনে উঠলাম পৌনে একটায়। মাত্র এগারোজন যাত্রী। ফেলুদা বলল ৩৩৪



এটা টুরিস্ট সিজন নয় তাই এত কম লোক । আওরঙ্গাবাদে যারা যায় তারা অনেকেই নাকি অজস্তা-এলোরা দেখতেই যায় ।

এবার আমি আর লালমোহনবাবু পাশাপাশি, আর প্যাসেজের উলটো দিকে ফেলুদা, আর তার পাশে একজন মাঝবয়সী ভদ্রলোক—তার চোখে মোটা কালো চশমা, নাকটা খাঁড়ার মতো লম্বা আর ব্যাঁকা, আর চওড়া কপালের পিছন দিকে একরাশ কাঁচাপাকা ঢেউ খেলানো চুল ব্যাকব্রাশ করে আঁচড়ানো । আওরঙ্গাবাদের খুদে এয়ারপোর্টে নেমে ভদ্রলোকের সঙ্গে আলাপ হল । হত না, কিন্তু তাঁর নাকি গাড়ি আসার কথা ছিল, আসেনি, তাই উনি আমাদের সঙ্গে এয়ারলাইনসের বাসে শহরে এলেন । বাঙালি বলে মনে হয়নি, তাই যখন ফেলুদার সঙ্গে বাংলায় কথা বললেন তখন বেশ অবাক লাগল ।

‘কোথায় উঠছেন ?’ ফেলুদাকে জিজ্ঞেস করলেন ভদ্রলোক ।

‘আওরঙ্গাবাদ হোটেল ।’

‘আমিও তাই । ...এদিকে কী ? বেড়াতে ?’

‘হ্যাঁ, সেইরকমই । আপনি ?’

‘আমি এলোরা নিয়ে একটা বই লিখছি । আগে আরেকবার গেছি, এটা দ্বিতীয়বার । ইন্ডিয়ান আর্ট হিস্ট্রি পড়াই মিশিগানে ।’

‘ছাত্রদের উৎসাহ আছে ?’

‘আগের চেয়ে অনেক বেশি । আজকাল তো ইন্ডিয়ান দিকেই চেয়ে আছে ওরা । বিশেষত ইয়াং জেনারেশন ।’

‘বৈষ্ণব ধর্মের খুব প্রভাব শোনা যাচ্ছে ?’ ফেলুদা একটু ঠাট্টার সুরেই প্রশ্নটা করেছিল । ভদ্রলোক হেসে বললেন, ‘হরেকৃষ্ণর কথা বলছেন তো ? জানি । তবে ওরা কিন্তু খুব সিরিয়াস । মাথা মুড়িয়ে ফোঁটা কেটে ধুতির কোঁচাটা দুলিয়ে কেমন খোল করতাল বাজায় দেখেছেন তো ? চোখে না দেখে দূর থেকে শুনে খাঁটি কীর্তনের দল বলে ভুল হবে...’

এয়ারলাইনস আপিসের পাশেই আওরঙ্গাবাদ হোটেল, পৌঁছতে লাগল মাত্র পনেরো মিনিট । ছোট হোটেল, তবে থাকার ব্যবস্থা বেশ ভাল । খাতায় নামটাম লিখিয়ে আমরা দুজন গেলাম এগারো নম্বর ঘরে, লালমোহনবাবু চোদ্দোয় । ফেলুদা স্যান্টাক্রুজ থেকে একটা বস্তুর কাগজ কিনেছিল, রেস্টোরাণ্টে খাবার সময় ওটা পড়তে দেখেছিলাম । এবার ঘরে এসে চেয়ারে বসে মাঝখানকার একটা পাতায় কাগজটা খুলে আমায় জিজ্ঞেস করল, ‘ভ্যান্ডালিজম মানে জানিস ?’ পরিষ্কার না জানলেও, আবছা আবছা জানতাম । গুণ্ডামি ধরনের কোনও ব্যাপার কি ? ফেলুদা বলল, ‘পঞ্চম শতাব্দীতে যে বর্বর জাতি রোম শহরকে ধ্বংস করেছিল তাদের বলত ভ্যান্ডাল্‌স । সেই থেকে ভ্যান্ডালিজম বলতে বোঝায় কোনও সুন্দর জিনিসকে নির্মমভাবে ধ্বংস করা ।’

কথাটা বলে ফেলুদা কাগজটা আমার হাতে দিল । তাতে খবর রয়েছে—‘মোর ভ্যান্ডালিজম’ । তার নীচে বলছে—মধ্যপ্রদেশের খাজুরাহোতে ত্রিংশ শতাব্দীর কান্ডারিয়া মেহাদেও মন্দিরের গা থেকে একটা মেয়ের মূর্তির মাথা কে বা কারা যেন ভেঙে নিয়ে গেছে । বরোদার এক আর্ট স্কুলের চারজন ছাত্র মন্দিরটা দেখতে গিয়েছিল, তারাই নাকি প্রথম ব্যাপারটা লক্ষ্য করে । গত এক মাসে এই নিয়ে নাকি তিনবার এই ধরনের ভ্যান্ডালিজমের খবর জানা গেছে । স্পষ্টই বোঝা যাচ্ছে এই মূর্তির টুকরোগুলোকে নিয়ে ব্যবসা করা হচ্ছে ।

আমি খবরটা হজম করার চেষ্টা করছি এমন সময় ফেলুদা গভীর গলায় বলল, ‘যদূর মনে হয়—অক্টোপাস একটাই । তার শুঁড়গুলো ভারতবর্ষের এদিক-ওদিকে ছড়িয়ে এ-মন্দির ও-মন্দির থেকে মূর্তি সরাসরি । যে-কোনও একটা শুঁড়কে জখম করতে পারলেই সমস্ত শরীরটা ধড়ফড় করে উঠবে । এই জখম করাটাই হবে আমাদের লক্ষ্য ।’

৫

আওরঙ্গাবাদ ঐতিহাসিক শহর । আবিসিনিয়ার এক ক্রীতদাস—নাম মালিক অম্বর—ভারতবর্ষে এসে তাঁর ভাগ্য ফিরিয়ে ক্রমে আমেদনগরের রাজার প্রধানমন্ত্রী হয়ে ওঠেন । তিনিই খাড়কে নামে একটা শহরের পত্তন করেন, যেটা আওরঙ্গজেবের আমলে নাম পালটে হয়ে যায় আওরঙ্গাবাদ । মোগল আমলের চিহ্ন ছাড়াও এখানে রয়েছে প্রায় তেরোশো বছরের পুরনো আট-দশটা বৌদ্ধ গুহা—যার ভেতরে দেখবার মতো কিছু মূর্তি রয়েছে । যে

৩৩৬

ভদ্রলোকটির সঙ্গে আজ আলাপ হল, তিনি বিকেলে আমাদের সঙ্গে আরেকটু বেশি ভাব জমাতে আমাদের ঘরে এসেছিলেন। একসঙ্গে চা খেতে খেতে ভদ্রলোক বললেন, এই সব গুহার মূর্তির সঙ্গে নাকি এলোরার মূর্তির খানিকটা মিল আছে। ‘আপনারা কাল যদি সময় পান একবার দেখে আসবেন।’ আজ অল্প অল্প বৃষ্টি পড়ছে; কাল সকালে দিন ভাল থাকলে আমরা সেই গুহাগুলো, আর তার কাছেই আওরঙ্গজেবের রানির স্মৃতিস্তম্ভ বিবি-কা-মোকবারা দেখে আসব। আমাদের কাল দুপুরটা পর্যন্ত থাকতেই হবে, কারণ এগারোটার সময় জয়ন্ত মল্লিকের আসার কথা। আমাদের বিশ্বাস তিনি এলোরা যাবেন, এবং আমরা যাব তাঁকে ফলো করে।

রাত্রে খাবার পর ফেলুদা তার এলোরার গাইডবুক নিয়ে বসল। আমি কী করি তাই ভাবছি, এমন সময় জটায়ু এসে বললেন, ‘কী করছ তপেশবাবু? বাইরে বেশ চাঁদ উঠেছে, চলো একটু বেড়িয়ে আসি।’

হোটেল থেকে বেরিয়ে এসে দেখি বাইরে ফুটফুটে জ্যোৎস্না। দূরে দক্ষিণ দিকে নিচু পাহাড় দেখা যাচ্ছে, ওরই গায়ে বোধ হয় বৌদ্ধ গুহাগুলো। কাছেই একটা পানের দোকান থেকে ট্রানজিস্টারে হিন্দি ফিল্মের গান বাজছে। রাস্তার উলটো দিকে একটা বন্ধ দোকানের সামনে দুটো লোক একটা বেঞ্চিতে বসে গলা উচিয়ে তর্ক করছে—কী নিয়ে সেটা বোঝার উপায় নেই, কারণ ভাষাটা বোধ হয় মারাঠি। দিনের বেলায় রাস্তাটায় বেশ লোকজন গাড়িটাড়ির চলাচল ছিল, এখন এই দশটার মধ্যেই সব কেমন যেন ঝিমিয়ে পড়েছে। দূর থেকে একটা ট্রেনের হুইসল শোনা গেল, একটা পাগড়ি পরা লোক সাইকেল করে বেল বাজাতে বাজাতে আমাদের সামনে দিয়ে চলে গেল, কোথেকে জানি একটা লোক ‘এ মধুকর—এ মধুকর!’ বলে চুঁচিয়ে উঠল—সবই যেন কেমন নতুন নতুন, সব কিছু মধুই যেন খানিকটা রহস্য, খানিকটা রোমাঞ্চ, খানিকটা অজানা ভয় মেশানো রয়েছে। আর তার মধ্যে লালমোহনবাবু আমার কানের কাছে মুখ এনে ফিসফিস করে বললেন, ‘শুভঙ্কর বোসকে দেখে একটু সাস্পিশাস বলে মনে হচ্ছে না তোমার?’

বলতে ভুলে গেছি ওই বাঙালি প্রফেসরটির নাম হল শুভঙ্কর বোস। আমি বললাম, ‘কেন?’

‘ওর স্টুডেন্টের মধ্যে কী আছে বলো তো? পঁয়ত্রিশ কিলো ওজন হয় কী করে?’

‘পঁয়ত্রিশ কিলো!’—আমি তো অবাক।

‘বসেতে প্লেনে ওঠার আগে মাল ওজন করছিল। আমার সামনেই উনি ছিলেন। আমি দেখেছি। পঁয়ত্রিশ কিলো। যেখানে তোমার দাদারটা বাইশ, তোমারটা চোদ্দো, আমারটা ষোলো। ভদ্রলোককে অতিরিক্ত মালের জন্য বেশ কিছু টাকা দিতে হল।’

এ খবরটা আমি জানতাম না। অথচ বাস্তবতা বেশি বড় নয় ঠিকই। কী আছে ওটার মধ্যে?

‘পাথর!’ লালমোহনবাবু নিজেই ফিসফিস করে নিজের প্রশ্নের উত্তর দিয়ে দিলেন।—‘কিংবা পাথর ভাঙার জন্য লোহার সব যন্ত্রপাতি। তোমার দাদা বলছিলেন না—এইসব মূর্তি চুরির পেছনে একটা দল আছে? আমি বলছি উনি সেই দলের একজন। ওর নাকটা দেখেছ? ঠিক ঘনশ্যাম কর্কটের মতো।’

‘ঘনশ্যাম কর্কট? সে আবার কে?’

‘ও হো—তোমাকে বলা হয়নি। আমার নতুন গল্পের ভিলেন। তার নাকের বর্ণনা কীরকম দোব জান তো? পাশ থেকে দেখলে মনে হয় ঠিক যেন জলের উপর বেরিয়ে থাকা হাঙরের ডানা।’

জটায়ু আমার মাথাটা গুণ্ণগোল করে দিলেন। আমার কিন্তু শুভঙ্কর বোসকে একটুও সন্দেহ হয়নি। কারণ যে লোক আর্ট সম্বন্ধে এত জানেন.....। অবিশ্যি এখন ভাবলে মনে হচ্ছে ভারতবর্ষের নাম-করা মন্দিরগুলো থেকে যারা মূর্তি চুরি করবে তাদেরও তো আর্ট সম্বন্ধে কিছুটা জানতেই হবে। ভদ্রলোকের চেহারার মধ্যে সত্যিই একটা ধারালো ভাব আছে।

‘তোমায় বলে দিলুম’, লালমোহনবাবু বললেন, ‘এবার থেকে খালি একটু চোখে চোখে রেখো। আমাকে আজকে একটা ল্যাবেঞ্চুস অফার করেছিলেন, নিলুম না। যদি বিষ-টিষ মেশানো থাকে! তোমার দাদাকে বোলো ওঁর নিজের পরিচয়টা যেন গোপন রাখেন। উনি যে ডিটেকটিভ সেটা জানতে পারলে কিন্তু...’

রাত্রে ফেলুদাকে শুভঙ্কর বোসের বাস্ত্রের ওজনের কথাটা বলাতে ও বলল, ‘পঁয়ত্রিশ নয়, সাইত্রিশ কিলো। জটায়ুকে বলে দিস যে শুধু পাথরেরই ওজন হয় না, বইয়েরও হয়। আমার বিশ্বাস লোকটা পড়াশুনো করার জন্য সঙ্গে অনেক বই এনেছে।’

পরদিন সকালে সাড়ে ছটায় ট্যাক্সি করে বেরিয়ে আমরা প্রথমে এখানকার ‘নকল তাজমহল’ বিবি-কা-মোক্‌বারা দেখে তারপর বৌদ্ধ গুহা দেখতে গেলাম। গাড়ি থেকে নেমে পাহাড়ের গা দিয়ে অনেকগুলো সিঁড়ি উঠে তারপর গুহায় পৌঁছানো যায়। আমাদের সঙ্গে শুভঙ্কর বোসও রয়েছেন, সমানে আর্ট সম্বন্ধে জ্ঞান দিয়ে চলেছেন, তার অর্ধেক কথা আমার এ কান দিয়ে ঢুকে ও কান দিয়ে বেরিয়ে যাচ্ছে, বাকি কথা কোনও কানেই ঢুকছে না। লোকটাকে অনেক চেষ্টা করেও চোর-বদমাইস হিসাবে ভাবতে পারছি না, যদিও লালমোহনবাবু বার বার আড়চোখে তাকে দেখছেন, আর তার ফলে সিঁড়িতে হোঁচট খাচ্ছেন।

আমরা ছাড়া আরও দুজন লোক আমাদের আগেই সিঁড়ি দিয়ে উঠে গেছেন। তার মধ্যে একজন রংচঙে হাইওয়ান শার্ট পরা এক টেকো সাহেব, আর আরেকজন নিশ্চয়ই টুরিস্ট ডিপার্টমেন্টের মাইনে করা গাইড।

ফেলুদা তার নকশা করা ঝোলাটা থেকে তার পেনট্যান্স ক্যামেরাটা বার করে মাঝে মাঝে ছবি তুলছে, কখনও পাহাড়ের উপর থেকে শহরের ছবি, কখনও বা আমাদের ছবি। আমাদের দিকে ক্যামেরা তাগ করলেই লালমোহনবাবু থেমে গিয়ে সোজা হয়ে দাঁড়িয়ে হাসি হাসি মুখ করে পোজ দিচ্ছেন। শেষটায় আমি বাধ্য হয়ে বললাম যে হাঁটা অবস্থাতেও ছবি ওঠে, আর না-হাসলে অনেক সময় ছবি আরও বেশি ভাল ওঠে।

গুহার মুখে পৌঁছে ফেলুদা বলল, ‘তোরা দ্যাখ আমি ক’টা ছবি তুলে আসছি।’ শুভঙ্করবাবু বললেন, ‘দু নম্বর আর সাত নম্বরটা মিস করবেন না। এক থেকে পাঁচ এই কাছাকাছির মধ্যেই পাবেন, আর ছয় থেকে নয় হল এখান থেকে হাফ-এ-মাইল পূব দিকে। পাহাড়ের গা দিয়ে রাস্তা পাবেন।’

একে জুন মাস, তার উপর ঝলমলে রোদ, তাই বাইরেটা বেশ গরম লাগছিল। কিন্তু গুহার ভিতরে ঢুকে দেখি বেশ ঠাণ্ডা। এক নম্বরটায় বিশেষ কিছু নেই, আর দেখেই বোঝা যায় সেটার কাজ অর্ধেক করে বন্ধ হয়ে গিয়েছিল, আর যেটুকু তৈরি ছিল তারও খানিকটা অংশ ভেঙে পড়ে গেছে। শুভঙ্করবাবু তাও ভারী আগ্রহের সঙ্গে বারান্দার থাম, সিলিং ইত্যাদি দেখে খাতায় কী সব নোট করে নিতে লাগলেন। আমি আর লালমোহনবাবু দু নম্বর গুহায় গিয়ে ঢুকলাম। ফেলুদা আমার সঙ্গে একটা টর্চ দিয়ে দিয়েছিল, বারান্দা পেরিয়ে গুহার মধ্যে ঢুকে টর্চটা জ্বালতে হল। বেশ বড় একটা হল ঘর, তার শেষ মাথায় একটা প্রকাণ্ড বুদ্ধ



মূর্তি। দু পাশের দেয়ালে টর্চ ফেলে দেখি সেগুলোতেও চমৎকার সব মূর্তি খোদাই করা হয়েছে। লালমোহনবাবু মন্তব্য করলেন, ‘তখনকার আর্টিস্টদের শুধু আর্টিস্ট হলে চলত না, বুঝলে হে তপেশ, সেই সঙ্গে গায়ের জোরও থাকতে হত। হাতুড়ি আর ছেনি দিয়ে পাহাড়ের গায়ের পাথর ভেঙে তৈরি করতে হয়েছে এ সব মূর্তি—চাট্টিখানি কথা নয়।’

তিন নম্বরের ভিতরে ঢুকে দেখি আরও বড় একটা হল ঘর, আর সে ঘর সেই গাইডের বকবকানিতে এমন গম গম করছে যে সেখানে টেকা দেয়। বাইরে বেরিয়ে এসে লালমোহনবাবু বললেন, ‘তোমার দাদা গেলেন কোথায়? তাকে তো দেখছি না।’

সত্যিই তো। ফেলুদা কোথায় গিয়ে ছবি তুলছে?

আর শুভঙ্করবাবুই বা কোথায়?

‘চলো, এগিয়ে চলো’, বললেন লালমোহনবাবু।

পাশেই পর পর চার আর পাঁচ নম্বর গুহা রয়েছে, কিন্তু ফেলুদা না থাকায় কেমন যেন অসোয়াস্তি লাগছে। কাছাকাছির মধ্যে কোথাও নেই আন্দাজ করে আমরা পুব দিকের গুহাগুলোর পথ ধরলাম। প্রায় আধ মাইল হাঁটতে হবে, কিন্তু যাওয়া ছাড়া কোনও উপায় নেই। পাহাড়ের গায়ে গাছপালার চেয়ে পাথর আর ঝোপঝাড়ই বেশি। ঘড়িতে মাত্র সোয়া আটটা, তাই রোদের তেজ এখনও তেমন বেশি নয়। দশটার বেশি দেরি করা চলবে না, কারণ এগারোটার গাড়িতে জয়ন্ত মল্লিক আসবেন।

মিনিট পনেরো হাঁটার পর রাস্তা থেকে কিছুটা উপর দিকে একটা গুহা দেখতে পেলাম। এটা বোধ হয় ছ নম্বর। পথে ফেলুদার কোনও চিহ্ন দেখতে পাইনি। লালমোহনবাবু গোয়েন্দার ভঙ্গিতে মাঝে মাঝে রাস্তার উপর ঝুঁকে পড়ে পায়ের ছাপ খোঁজার বৃথা চেষ্টা করছেন। এ ধরনের পাহাড়ে পথে এমনিতেই বৃষ্টির জল দাঁড়ায় না, তার উপরে সকাল থেকে একটানা দু ঘণ্টা রোদ হয়ে রয়েছে। রাস্তা একেবারে শুকনো খট্‌খটে।

আর এগোনের কোনও মানে আছে কি? তার চেয়ে ওর নাম ধরে ডাকলে কেমন হয়?

‘ফেলুদা! ফেলুদা!’

‘প্রদোষবাবু! ফেলুবাবু—! ও মিস্টার মিষ্টি—র!’

কোনও উত্তর নেই।

আমার পেটের ভিতরটা খালি খালি লাগছে।

পাহাড়ের গা বেয়ে উঠে ওপর দিকে কোথাও চলে গেল নাকি? কোনও কিছুই সন্ধান পেয়েছে কি? জরুরি কিছু?—যার ফলে আমাদের কথা ভুলে গিয়ে তদন্তের কাজে লেগে যেতে হয়েছে?

লালমোহনবাবু মাথা নেড়ে বললেন, ‘এদিকে নেই।’ থাকলে ডাক শুনতে পেতেন। নিশ্চয় ওদিকেই আছেন। চলো ফিরে চলো। এবার দেখা পাব নিশ্চয়। তোমার দাদা তো আর খামখেয়ালি নন, বা কাঁচা কাজ করার লোক নন। চলো।’

আমরা উলটোমুখে ঘুরলাম। কিছু দূর গিয়েই সেই সাহেব আর তার গাইডের সঙ্গে দেখা হল। এরা এক থেকে পাঁচ শেষ করে ছয়ের দিকে চলেছে। বেশ বুঝলাম গাইডের কথার ঠেলায় সাহেবের অবস্থা কাহিল।

‘ওই তো শুভঙ্করবাবু!’ লালমোহনবাবু বলে উঠলেন। ভদ্রলোক অন্যমনস্কভাবে আমাদের দিকেই এগিয়ে আসছেন। জটায়ুর গলা শুনে মুখ তুললেন। আমি ব্যস্তভাবে ভদ্রলোকের দিকে এগিয়ে গিয়ে জিজ্ঞেস করলাম, ‘আমার দাদাকে দেখেছেন কি?’

‘কই না তো। উনি যে বললেন ছবি তুলতে যাবেন?’

‘কিন্তু ওকে তো দেখছি না । আপনি গুহাগুলো... ?’

‘কেভের মধ্যে নেই । আমি সবগুলো দেখে আসছি ।’

আমার ভয় ভয় ভাব দেখেই বোধহয় ভদ্রলোক সান্ত্বনা দেবার সুরে বললেন, ‘কোথায় আর যাবেন—পাহাড়ের ওপর দিকে কোথাও গেছেন হয়তো । শহরটার একটা ভাল ভিউ পাওয়া যায় ওপর থেকে । একটু এগিয়ে গিয়ে জোরে ডাক দাও—ঠিক শুনতে পাবেন ।’

শুভঙ্কর বোস ছ নম্বর কেভের দিকে চলে গেলেন । লালমোহনবাবু ঘড়ঘড়ে চাপা গলায় বললেন, ‘গতিক ভাল লাগছে না তপেশ । এলোরা না যেতেই একটা চিন্তার কারণ ঘটবে এটা ভাবিনি ।’

মনে সাহস আনার চেষ্টা করে এগিয়ে চললাম । হাঁটার স্পিড আপনা থেকেই দ্বিগুণ হয়ে গেছে । খালি মনে হচ্ছে সময়ের ভীষণ দাম, এগারোটার মধ্যে হোটেলে ফিরতে হবে, মল্লিক এল কি না জানতে হবে । অথচ ফেলুদাই বেপান্তা । ফেলুদা ছাড়া...ফেলুদা ছাড়া...

‘চারমিনার’—লালমোহনবাবুর হঠাৎ-চিৎকারে চমকে লাফিয়ে উঠলাম ।

সামনেই পাঁচ নম্বর গুহার খামগুলো দেখা যাচ্ছে । তার বাইরে একটা কাঁটা-ঝোপের পাশে একটা হলদে রঙের সিগারেটের প্যাকেট পড়ে আছে । যাবার সময় সেটা হয় ছিল না, না হয় চোখে পড়েনি । খালি প্যাকেট কি ? নাকি সিগারেট থাকা অবস্থায় পকেট থেকে পড়ে গেছে ? কিংবা হাত থেকে ?...

ভয়ে ভয়ে এগিয়ে গিয়ে সেটাকে তুললাম । খুলে দেখি খালি । ফেলে দিতে যাচ্ছিলাম, এমন সময় ‘দেখি দেখি’ বলে লালমোহনবাবু সেটা আমার হাত থেকে ছিনিয়ে নিয়ে আরও বেশি করে খুলতেই ভিতরের সাদা কাগজের গায়ে একটা ডট পেনের লেখা বেরিয়ে পড়ল । ফেলুদার হাতের লেখা—

‘হোটেলে ফিরে যা ।’

যদিও ফেলুদার একটা চিহ্ন পেয়ে হাঁপ ছাড়ার একটা কারণ হল, কিন্তু কী কারণে কী অবস্থায় সেটা লিখতে হয়েছে না জেনে পেটের ভিতরে খালি ভাবটা পুরোপুরি গেল না । লালমোহনবাবু বললেন, ‘তা না হয় হোটেলে ফিরে গেলুম, কিন্তু মিস্টার বোসের কী হবে ? তাঁর তো আরও চারটে গুহা দেখতে বাকি ।’

আমি বললাম, ‘এক কাজ করি—আমরা ফিরে গিয়ে ট্যাক্সিটা ওকে ফেরত পাঠিয়ে দিই ।’

‘এখানে থেকে ওঁর গতিবিধি একটু লক্ষ করলে হত না ?’

‘মিস্টার বোসের ?’

‘হ্যাঁ ।’

‘আমার কিন্তু মনে হয় ফেলুদার আদেশ মানা উচিত ।’

‘তবে চলো যাই হোটেলে ফিরে ।’

লালমোহনবাবু নিজে রহস্যের গল্প লেখেন বলেই বোধহয় মাঝে মাঝে ওঁর গোয়েন্দাগিরির ঝোঁক চাপে । বেশ বুঝতে পারছিলাম উনি শুভঙ্করবাবুকে ফলো করতে চাচ্ছেন, কিন্তু বাধ্য হয়েই বাধা দিতে হল । ট্যাক্সি আমাদের দুজনকে হোটেলে পৌঁছে দিয়ে আবার গুহায় ফিরে গেল । এখন মাত্র নটা । এইভাবে ফেলুদার অপেক্ষায় কতক্ষণ বসে থাকতে হবে জানি না ।

ঘরে থাকতে ভাল লাগছিল না, তাই দুজনে হোটেলের বাইরে রাস্তায় পায়চারি করতে লাগলাম । সকালে আকাশ পরিষ্কার ছিল, এখন আবার মেঘ করে আসছে । এক হিসেবে ভাল । গরমটা কমবে ।

পৌনে দশটা নাগাদ শুভঙ্করবাবু ফিরে এসে ফেলুদা তখনও আসেনি শুনে খুব অবাক

হয়ে গেলেন। অথচ আমরা যে একটা ক্রাইমের তদন্ত করতে এসেছি, বিপদের আশঙ্কা আছে, এটাও ঠুঁকে বলা যায় না, কারণ এখনও সেরকম আলাপ হয়নি, আর লালমোহনবাবুর এখনও বিশ্বাস উনি শত্রুপক্ষের লোক। তাই বুদ্ধি খাটিয়ে কোনও দৃষ্টিভঙ্গির কারণ নেই এটা বোঝানোর জন্য বললাম, ‘ও ওইরকমই লোক। ভীষণ ভুলো আর খামখেয়ালি। আগেও অনেক বার এরকম করেছে।’

প্রায় এক ঘণ্টা রাস্তায় পায়চারি করে ঘরে ফিরে এসে টিনটিনের বইটা খুলে তুষার মানবের রোমাঞ্চকর ঘটনায় মন দিতে চেষ্টা করলাম। এগারোটার কিছু পরে একবার মনে হল যেন একটা ট্রেনের হুইসল শুনতে পেলাম। পৌনে বারোটার সময় বাইরে একটা গাড়ির শব্দ পেলাম। গিয়ে দেখি একটা ট্যাক্সি থেকে দুজন ভদ্রলোক নামলেন। একজন মাঝারি হাইট, কাঁধ চওড়া, ঘাড়ে-গদাঁনে চেহারা, দেখেই কেন জানি মনে হয় কড়া সাহেবি মেজাজের লোক। অন্যজন লম্বা, বেলবটম প্যান্ট, ফুলকারি করা পাতলা শার্ট, গলায় চেন, লম্বা চুল, এলোমেলো গোঁফ দাড়ি। এরা দুজন ট্যাক্সি শেয়ার করে এসেছেন, এক জোটে ভাড়া চুকিয়ে দিলেন। লম্বার সঙ্গে একটা নতুন ক্যানভাসের ব্যাগ, আর ঘাড়ে-গদাঁনের সঙ্গে পুরনো চামড়ার সুটকেস। মাল নিয়ে দুজনে হোটেলের ঢোকর সঙ্গে সঙ্গে আরেকটা ট্যাক্সি এসে পড়ল।

দরজা খুলে নামলেন জয়ন্ত মল্লিক।

তাকে দেখে যতটা নিশ্চিত হলাম, তার চেয়েও বেশি অবাক হলাম ফেলুদার কাণ্ড দেখে।

এরকম অবস্থায় কি এর আগে পড়েছি কখনও? মনে তো পড়ে না।

৬

আরও দশ মিনিট ফেলুদার অপেক্ষায় দাঁড়িয়ে থেকে শেষটায় অগত্যা হোটেলের ফিরে গিয়ে লালমোহনবাবুর ঘরের দরজায় ঢোকা মারলাম। উনি দরজা খুলেই চোখ গোল করে বললেন, ‘আমি এতক্ষণ বাইরে বারান্দায় দাঁড়িয়ে ছিলাম। দারুণ সাসপিশাস সব লোকেরা এসে পড়েছে। এরা সবাই কি এলোরা যাবে নাকি? একটা তো একেবারে হিপি না হিপো না কী বলে ঠিক সেইরকম; নিষাতি গাঁজা-টাজা খায়। লম্বা চুল, এলোপাথাড়ি দাড়ি গোঁফ।’

আমি জানি লালমোহনবাবু কার কথা বলছেন। আমি বললাম, ‘মিস্টার মল্লিকও এসে গেছেন।’

‘বটে? কীরকম দেখতে বলো তো?’

আমি বর্ণনা দিতেই ভদ্রলোক বললেন, ‘লোকটা আমার পাশের ঘরে রয়েছে। আমি দেখেই ডাউট করেছিলাম, কারণ ওর সুটকেসটা বইতে হোটেলের বেয়ারার কাঁধ বেঁকে গেল। ওর মধ্যেই তো যক্ষীর মাথাটা রয়েছে?’

আমি ফেলুদার কথা ছাড়া আর কিছুই ভাবতে পারছি না, তাই বললাম, ‘যক্ষীর মাথার চেয়েও দরকার ফেলুদার সন্ধান পাওয়া। এলোরা যাবার কোনও ব্যবস্থা এখনও হয়নি। অথচ মল্লিক নিশ্চয়ই বসে থাকার জন্য আসেনি। আমরা যাবার আগে সে যদি গিয়ে আরেকটা মূর্তি-টূর্তি ভেঙে—’

‘ওটা কী?’

লালমোহনবাবু চাপা গলায় প্রশ্নটা করে আমার কথা থামিয়ে দিলেন। তিনি চেয়ে আছেন দরজার দিকে। আমি ঘরে ঢুকেই দরজাটা বন্ধ করে দিয়েছিলাম। এখন দেখছি তার তলা ৩৪২

দিয়ে কে যেন একটা ভাঁজ করা সাদা কাগজ ঢুকিয়ে দিয়েছে।

এক লাফে গিয়ে কাগজটা তুলে ভাঁজ খুললাম। তিন লাইনের চিঠি। ফেলুদার হাতের লেখা—

‘দেড়টার সময় সব মাল নিয়ে দুজনে হোটেলের বাইরে গিয়ে পাঁচশো ত্রিশ নম্বর কালো অ্যাস্বাসাডর ট্যাক্সির জন্য অপেক্ষা করবি। লাঞ্চ সেরে নিস। হোটেলের ভাড়া অ্যাডভান্স দেওয়া আছে।’

চিঠিটা পড়েই দরজা খুলে বাইরের বারান্দায় বেরিয়ে এলাম। কেউ নেই। একটুক্ষণ দাঁড়াতেই পাশের ঘর থেকে মল্লিক বেরিয়ে ব্যস্তভাবে আপিসের দিকে চলে গেল। আমার সঙ্গে একবার চোখাচোখি হল, কিন্তু মনে হল না যে ভদ্রলোক চিনতে পেরেছেন।

‘ঘর খালি। দরজা খোলা। একবার যাব নাকি! যক্ষীর মাথাটা যদি...’

লালমোহনবাবুর সাহস বড় বেড়ে গেছে। বললাম, ‘একটা বাজে। আমার মনে হয় আপনার তৈরি হয়ে নেওয়া উচিত। আমিও যাই।’

একটা পঁচিশে লাঞ্চ সেরে ফেলুদার সুটকেস সমেত আমাদের মাল নিয়ে বাইরে গিয়ে দাঁড়িলাম। লালমোহনবাবু এই ফাঁকে রাস্তার উলটো দিকের একটা দোকান থেকে পান কিনে আনলেন। মিঠে পান পাওয়া যায় না; এ হল সাদা মগাই পান। কলকাতায় কক্ষনও খাই না, কিন্তু এখানে দিব্যি লাগছে।

একটা ট্যাক্সি এল। কালো নয়, সবুজ। নম্বরও মিলছে না। ড্রাইভারটা বাইরে বেরিয়ে হাত দুটো মাথার উপর তুলে আড় ভাঙল।

তিন মিনিট পরে আরেকটা ট্যাক্সি। কালো অ্যাস্বাসাডর। নম্বর পাঁচশো ত্রিশ। আমরা দুজনে মাল নিয়ে এগিয়ে গেলাম।

‘মিস্টার মিটারকা পার্টি?’ পাঞ্জাবি ড্রাইভার জিজ্ঞেস করল।

‘হ্যাঁ হ্যাঁ।’ জটায়ু বেশ ভারি ক্রি চালে হিন্দি মেজাজে উত্তর দিলেন। ড্রাইভার গাড়ির পিছনটা খুলে দিল, সুটকেস তিনটে ভিতরে চলে গেল।

হোটেল থেকে লোক বেরোচ্ছে। মিস্টার মল্লিক আর শুভঙ্কর বোস। এদের একটু আগেই এক টেবিলে বসে লাঞ্চ খেতে দেখেছি। সবুজ ট্যাক্সিতে উঠলেন দুজন। ট্যাক্সিটা দুবার গোঁ গোঁ করে স্টার্ট নিয়ে আদালত রোড দিয়ে পশ্চিম দিকে রওনা দিল। এলোরা যেতে হলে ওই দিকেই যেতে হয়।

সাসপেন্সে আমার প্রায় দম বন্ধ হয়ে আসছিল। মাঝে মাঝে ফেলুদার উপর যে একটু রাগও হচ্ছিল না তা নয়। অথচ মন বলছে ফেলুদা খামখেয়ালি লোক নয়, যা করে তা অত্যন্ত ঠাণ্ডা মাথায় সব দিক বিবেচনা করে করে।

আবার লোক। এবার সেই দিশি হিপি, হাতে ক্যানভাসের ব্যাগ। সোজা আমার দিকে এসে চাপা গলায় বলল, ‘উঠে পড়।’

কিছু বোঝবার আগেই দেখলাম প্রায় ম্যাজিকের মতো আমি গাড়ির ভিতর ঢুকে পড়েছি, সামনের দরজাটা খুলে দিয়ে লালমোহনবাবুর কাঁধে একটা ঠেলা দিয়ে হিপি তাকেও গাড়ির ভিতর ঢুকিয়ে দিল, আর নিজে এসে আমার পাশে ধপ করে বসে দরজাটা এক টানে বন্ধ করে বলল, ‘চলিয়ে দীনদয়ালজি।’

ফেলুদা ভাল মেক আপ করতে পারে জানি, কিন্তু এমন আশ্চর্য রকম ভাল পারে, গলার স্বর হাঁটা চলা চোখের চাহনি—সব কিছু এমনভাবে পালটাতে পারে সেটা আমার ধারণাই ছিল না। লালমোহনবাবু অবিশ্যি এর মধ্যেই পিছন দিকে হাত বাড়িয়ে ফেলুদার সঙ্গে হ্যাডশেক করেছেন। চমক লাগার ফলে বুক ধড়ফড়ানির সঙ্গে সঙ্গে পুরো ঘটনাটাও জানতে ইচ্ছে

করছিল, কিন্তু ফেলুদা মুখ খুলল একেবারে শহর ছাড়িয়ে খোলা রাস্তায় পড়ে।

‘সেই বারাসতের কারখানায় মল্লিকের সঙ্গে দেখা হয়েছিল ; ও যদি দেখত সেই একই লোক তার সঙ্গে এলোরা যাচ্ছে তা হলে গণ্ডগোল হয়ে যেত। তাই এই মেকআপ। তোদের বলিনি, কারণ তোরা দেখে চিনতে পারিস কি না সেটা জানা দরকার ছিল। পারলি না, কাজেই নিশ্চিত্ত হলাম।

‘ঝোলা’র মধ্যে সব ছিল ; ছবি তোলার নাম করে ছ নম্বর কেভে চলে যায়। ওটা একটু ওপর দিকে বলে বিশেষ কেউ যায় না। মেক-আপ হলে পর সেই অবস্থায় হেঁটে শহরে ফিরে আসি। প্রথমে ট্যাক্সির ব্যবস্থা করি, তারপর স্টেশনে গিয়ে মনমডের ট্রেনের জন্যে অপেক্ষা করি। মল্লিককে নামতে দেখে নিশ্চিত্ত হয়ে ওকে ফলো করে ওর পিছনের ট্যাক্সিটায় উঠি। আরেকজন আসছিল হোটেল, তাকে সঙ্গে তুলে নিই ভাড়াটা শেয়ার করতে পারব বলে। ...শুভঙ্কর বোস জিজ্ঞেস করলে বলিস দাদা একটা বিশেষ কাজে বসে চলে গেছে, কারণ এই মেক-আপ কেবল রাত্রে শোবার আগে ছাড়া খোলা যাবে না। তোতে আমাতে আলাপ আছে এটা জানলেও মুশকিল। তুই আর লালমোহনবাবু একসঙ্গে এসেছিস, আমি আলাদা। তোরা এক ঘরে থাকবি, আমি আলাদা ঘরে।’

‘তুমি বাঙালি তো?’—আমি ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম। ফেলুদার সঙ্গে অন্য ভাষায় কথা বলতে হবে ভাবতে ভাল লাগছিল না।

‘বাংলা জানি এটুকু বলে রাখছি। নাম জানার দরকার নেই। পেশা ফটোগ্রাফি ; হংকং-এর এশিয়া ম্যাগাজিনের জন্য ছবি তুলতে এসেছি।’

‘আর আমরা?’

‘মামা-ভাগনে। উনি সিটি কলেজের ইতিহাসের অধ্যাপক। তুই সিটি স্কুলের ছাত্র। ছবি আঁকার শখ আছে। সামনের বছর কলেজে ঢুকবি। ইতিহাসে অনার্স নিবি। তোর পদবি মুখার্জি। লালমোহনবাবুর নাম চেঞ্জ হচ্ছে না। আপনি এলোরা সম্বন্ধে একটু পড়াশোনা করে নেবেন। মোটামুটি মনে রাখবেন যে, কৈলাসের মন্দির তৈরি হয়েছিল সপ্তম শতাব্দীতে রাষ্ট্রকূট রাজবংশের রাজা কৃষ্ণের আমলে।’

লালমোহনবাবু কথাটা বিড়বিড় করে আওড়ে নিয়ে চলন্ত গাড়িতেই কোনওমতে তাঁর খাতায় নোট করে নিলেন। ভীষণ দায়িত্ব চাপিয়ে দিয়েছে ফেলুদা আমাদের উপর। এখন বুঝতে পারছি ফেলুদা কেন নিজে গরজ করে লালমোহনবাবুকে সঙ্গে নিতে চাইছিল। ও জানত যে মল্লিকের সন্দেহ এড়াবার জন্য ওকে ছদ্মবেশ নিতে হবে, আমার থেকে আলাদা থাকতে হবে। লালমোহনবাবু থকলে দলটা ভারীও হবে, আর আমার একজন অভিভাবকও হবে। লালমোহনবাবুকে মামা বলতে আপত্তি নেই, কিন্তু ফেলুদাকে ভাল করে চিনি না—এটা বোঝাতে গেলে সত্যিই অ্যাকটিং করতে হবে। কিন্তু এ ছাড়া উপায় কী?

আওরঙ্গাবাদ থেকে এলোরার রাস্তা চমৎকার। দূরে পাহাড়—যদিও বেশি উঁচু না—আর রাস্তার দু পাশে রুক্ষ জমি। একটা নতুন ধরনের মনসার ঝোপ দেখতে পাচ্ছি যেটা ফণীমনসা নয়। রাজস্থানেও এরকম লম্বা লম্বা মনসার পাতা দেখেছি। এর এক একটা ঝোপ প্রায় দেড় মানুষ উঁচু।

পিছনে কিছুক্ষণ থেকেই একটা গাড়ি হর্ন দিচ্ছিল, আমাদের ড্রাইভার সিগন্যাল করাতে সেটা পাশ কাটিয়ে বেরিয়ে গেল। তাতে রয়েছে সেই টেকো সাহেব, আর ফেলুদার সঙ্গে যে ট্যাক্সি থেকে নেমেছিল সেই ঘাড়ে-গর্দানে লোকটা।

আধ ঘণ্টার মধ্যেই একটা পাহাড় ক্রমে কাছে এগিয়ে এল। রাস্তা পাহাড়ের গা ঘেঁষে খানিকটা উপর দিকে উঠে, ডান দিকে পাহাড়টাকে রেখে এগোতে লাগল। বাঁ দিকে দূরে

একটা ছোট্ট শহরের মতো দেখা যাচ্ছে। ড্রাইভার বলল সেটা খুলদাবাদ, আর খুলদাবাদেই নাকি এলোরার গুহা। আমরা ডাক বাংলাতে থাকব। অন্য সময় হলে হয়তো এত চট করে জায়গা পাওয়া যেত না, কিন্তু আগেই বলেছি এটা অফ-সিজন; তার মানে টুরিস্টদের সংখ্যা কম। আর সেই কারণেই অবিশ্যি মূর্তি-চোরদেরও সুবিধে।

আরও খানিকটা যেতেই ডান দিকে পাহাড়ের গায়ে প্রথম গুহাগুলো দেখতে পেলাম। ড্রাইভার জিজ্ঞেস করল, ‘পহিলে কেভ দেখনা, ইয়া বাংলামে যানা?’

ফেলুদা বলল, ‘পহিলে বাংলা।’

বাঁ দিক দিয়ে একটা রাস্তা খুলদাবাদের দিকে চলে গেছে। গাড়ি সেই রাস্তা দিয়ে ঘুরে গেল। আমি তখনও অবাক হয়ে পাহাড়ের গা থেকে কেটে বার করা সারি সারি গুহাগুলোর দিকে দেখছি। এর মধ্যে কৈলাস কোনটা কে জানে!

খুলদাবাদে দুটো থাকার জায়গা আছে—একটা টুরিস্ট গেস্ট হাউস—সেটা ভাড়া বেশি—আর একটা ডাক বাংলা। আমরা বাংলাতেই দুটো ঘর বুক করেছি। যাবার পথে আগে গেস্ট হাউসটা পড়ে। সেটার পাশ দিয়ে যাবার সময় দেখলাম সামনের বাগানের পাশে সবুজ ট্যাক্সিটা দাঁড়িয়ে আছে। তার মানে জয়ন্ত মল্লিক এটাতেই উঠেছেন। গেস্ট হাউসের পরের বাড়িটাই বাংলা, দুটোর মাঝখানে বেড়া দিয়ে ভাগ করা। সাইজে বাংলাটা অনেক ছোট, বাহারও কম, কিন্তু বেশ পরিষ্কার পরিচ্ছন্ন। ফেলুদা ট্যাক্সির ভাড়া চুকিয়ে দিয়ে ড্রাইভারকে বলল সে যেন মিনিট পনেরো অপেক্ষা করে। আমরা জিনিসপত্র রেখে কৈলাসে যাব, ও আমাদের নামিয়ে দিয়ে আওরঙ্গাবাদ ফিরে যাবে।

ডাক বাংলায় সবসুদ্ধ চারটে ঘর, প্রত্যেকটায় তিনটে করে খাট। ফেলুদা ইচ্ছে করলে আমাদের ঘরে থাকতে পারত, কিন্তু থাকল না। ও নিজের ঘরে যাবার সময় চাপা গলায় বলে গেল, ‘তোর পদবি মুখার্জি, লালমোহনবাবু তোর মেজোমামা, রাষ্ট্রকুট, সেভেনথ সেঞ্চুরি, রাজার নাম কৃষ্ণ...আমি দশ মিনিটের মধ্যে রেডি হয়ে আসছি।’

আমাদের ছেড়ে ফেলুদা তার নিজের ঘরে গিয়েই ‘টোকিদার’ বলে হাঁক দিল এমন একটা গলায় যার সঙ্গে ওর নিজের গলার কোনও মিল নেই।

আমরা দুজনে তৈরি হয়ে ঘর থেকে বেরিয়ে মাঝখানের ডাইনিং রুমটায় এসে বুঝতে পারলাম যে আরেকজন লোক বাংলায় এসে উঠেছেন। ইনিই ফেলুদার সঙ্গে স্টেশন থেকে এসেছিলেন, আর একেই আমরা একটু আগে ট্যাক্সিতে সেই সাহেবটার সঙ্গে দেখেছি। তখন দেখে বঙ্কার বা কুস্তিগির বলে মনে হয়েছিল, এখন দেখছি চোখের কোণে একটা বুদ্ধিভরা উজ্জ্বল হাসি হাসি ভাব রয়েছে, যাতে মনে হয় ভদ্রলোক বেশ লেখাপড়া জানেন—এমনকী হয়তো কবি বা সাহিত্যিক বা শিল্পী-টিঙ্কিও হতে পারেন। আমাদের দুজনকে দেখে বললেন, ‘বেঙ্গলি?’

‘ইয়েস স্যার’, লালমোহনবাবু জবাব দিলেন। —‘ফ্রম ক্যালকাটা। আই অ্যাম দি কী বলে প্রোফেসার অফ হিস্ট্রি ইন দি সিটি কলেজ। অ্যান্ড দিস ইজ কী বলে মাই নেফিউ।’

‘কৈলাস দেখতে আসা হয়েছে?’—পরিষ্কার বাংলায় বললেন ভদ্রলোক।

‘হো হো—আপনিও বাঙালি?’

‘একশো বার। তবে কলকাতার নয়। এলাহাবাদের।’

ভদ্রলোকের বাংলায় একটা টান আছে যেটা অনেক প্রবাসী বাঙালির মধ্যেই থাকে।

আমাদের আর কিছু না বললেও চলত, কিন্তু ইংরিজি বলতে হবে না জেনে বোধ হয় খুশি হয়েই লালমোহনবাবু আরও একগাদা কথা বলে ফেললেন।

‘ভাবলুম রাষ্ট্রপুট বংশের অতুল কীর্তিটা একবার দেখে আসি, হেঁ হেঁ। আমার ভাগ্যেটির

আবার আর্টের দিকে খুব ইয়ে । বলছে বি এ পড়ে আর্ট কলেজে ঢুকবে । দিবি ছবি আঁকে । ভূতো, তোমার ড্রইং-এর খাতাটা সঙ্গে করে নিয়ে নিয়ো !’

আমি চুপ করে রইলাম, কারণ ড্রইং-এর খাতা আমি আনিনি ।

ফেলুদাও এই ফাঁকে কাঁধে ঝোলা নিয়ে বেরিয়ে এসেছে । ক্যামেরাটা বাইরে বের করে গলায় ঝুলিয়ে নিয়েছে, কারণ ছবি তাকে তুলতেই হবে । আমাদের তিনজনের উপর একবার চোখ বুলিয়ে নিয়ে সে তার নতুন গলায় নতুন উচ্চারণে বলল, ‘আপনাদের যদি কেভ দেখার ইচ্ছে থাকে তো আমার সঙ্গে আসতে পারেন । ট্যাক্সিটা এখনও রয়েছে ।’

‘বাঃ—খুব সুবিধেই হল !’ লালমোহনবাবু বললেন । —‘আপনি যাবেন নাকি ওদিকে ?’

প্রশ্নটা করা হল এলাহাবাদের বাবুটিকে । বাবু বললেন, ‘আমি পরে যাব । আই মাস্ট হ্যাভ এ বাথ ফাস্ট ।’

বাইরে এসেই লালমোহনবাবু শুকনো গলায় বললেন, ‘আরও কিছু ছাড়ুন মশাই । ইতিহাসের স্টকটা আরেকটু না বাড়ালে চলছে না ।’

ফেলুদা বলল, ‘ভারতবর্ষের বিশেষ বিশেষ ঐতিহাসিক পিরিয়ডগুলোর নাম জানা আছে আপনার ?’

তার মানে ?’

‘এই যেমন মৌর্য, সুঙ্গ, গুপ্ত, কুষাণ, চোল—বা এদিকে পাল বংশ, সেন বংশ—এগুলো জানান ?’

লালমোহনবাবুর মুখ ফ্যাকাসে হয়ে গেল । ট্যাক্সিতে উঠে বললেন, ‘একটা কথা বলব মশাই ?—এমনও তো হতে পারে যে আমি কানে খাটো । কেউ কথা বললে যদি ঠিকমতো না শোনার ভান করি তা হলেই তো ল্যাঠা চুকে যায় ।’

‘আপত্তি নেই—যদি অভিনয়টা ঠিক হয়, আর যদি সেটা মেনটেন করে যেতে পারেন ।’

‘সেটা মশাই ইতিহাস-আওড়ানোর চেয়ে ঢের সহজ । দেখলেন তো কুট বলতে পুট বেরিয়ে গেল ।’

গেস্ট হাউসের পাশ দিয়ে যাবার সময় দেখলাম জয়ন্ত মল্লিক বাইরে বেরিয়ে এসে পকেটে হাত দিয়ে বাংলোর দিকে চেয়ে আছে, আর সবুজ ট্যাক্সিটা তখনও দাঁড়িয়ে আছে । ফেলুদা যেন মল্লিককে দেখেই তার ঝোলাটায় হাত ঢুকিয়ে একটা ছোট্ট চিরকনি বার করে আমায় দিয়ে বলল, ‘সিঁথিটা ডান দিকে করে নে তো ; পোর্ট্রেটটা একটু চেঞ্জ হবে ।’ উইন্ডস্ক্রিনের আয়নায় দেখে চুলটা অন্য দিকে ফিরিয়ে নিলাম । শুধু সিঁথির এদিক ওদিকেই যে মানুষের চেহারা এতটা বদলে যায় সেটা আমার ধারণা ছিল না ।

বাংলায় যাবার রাস্তাটা যেখানে এসে বড় রাস্তায় পড়েছে, সেখান থেকে আরেকটা রাস্তা পাহাড়ের উপর দিয়ে একটা পাক খেয়ে খানিকটা গিয়েই সামনে বিখ্যাত কৈলাসের মন্দির । ফেলুদা বলেই দিয়েছিল যে আজ আর বেশি ঘোরা হবে না, কারণ কৈলাস দেখতে দেখতেই আলো পড়ে যাবে । ট্যাক্সি আমাদের নামিয়ে দিয়ে আওরঙ্গাবাদ চলে গেল ।

কৈলাস যে কী ব্যাপার সেটা বাইরে থেকে তেমন বুঝতে পারিনি । সামনের প্রকাণ্ড পাথরের গেট দিয়ে ভেতরে ঢুকেই হঠাৎ যেন মাথাটা বাঁই করে ঘুরে গেল । মূর্তিচোর, যক্ষীর মাথা, মিস্টার মল্লিক, শুভঙ্কর বোস—সব যেন ধোঁয়ায় মিলিয়ে গিয়ে শুধু রইল একটা চোখ-টারানো মন-খাঁধানো অবাধ হওয়ার ভাব । কল্পনা করতে চেষ্টা করলাম, তেরোশো বছর আগে হাতুড়ি আর ছেনি দিয়ে দাক্ষিণাত্যের একদল কারিগর পাহাড়ের গা কেটে এই মন্দিরটা বার করেছে ; কিন্তু পারলাম না । এ মন্দির যেন চিরকালই ছিল ; কিংবা কোনও আদ্যিকালের জাদুকর কোনও আশ্চর্য মন্ত্রবলে এক সেকেন্ডে এটা তৈরি করেছে ; কিংবা

ফেলুদার সেই বইটাতে যেমন আছে—হয়তো মানুষের চেয়েও অনেক বেশি জ্ঞানীশুনী কোনও প্রাণী অন্য কোনও গ্রহ থেকে এসে এটা তৈরি করে দিয়ে গেছে।

তিন দিকে পাহাড়ের দেয়ালের মাঝখানে কৈলাসের মন্দির। মন্দিরের এক পাশ দিয়ে হাঁটতে শুরু করে পিছন দিক দিয়ে ঘুরে অন্য দিক দিয়ে আবার সামনে ফিরে আসা যায়। এই রাস্তা বা প্যাসেজ কোনওখানেই আট দশ হাতের বেশি চওড়া না। মন্দিরের ডাইনে আর বাঁয়ে পাহাড়ের গায়ে অনেকগুলো গুহার মতো ঘর করা আছে, আর তার মধ্যেও অনেক মূর্তি রয়েছে।

আমরা ডান দিকের প্যাসেজ দিয়ে হাঁটতে শুরু করেছি, আর ফেলুদা বিড়বিড় করে ইনফরমেশন দিয়ে চলেছে—

‘জায়গাটা তিনশো ফুট লম্বা, দেড়শো ফুট চওড়া...মন্দিরের হাইট একশো ফুট...দু লক্ষ টন পাথর কেটে সরানো হয়েছিল...প্রথমে তিন দিকে পাথর কেটে খাদ তৈরি করে তারপর চুড়ো থেকে শুরু করে কাঁটতে কাঁটতে নীচ পর্যন্ত নেমে এসেছিল...দেব দেবী মানুষ জানোয়ার রামায়ণ মহাভারত কিছুই বাদ নেই এখানে। ক্যালকুলেশনের কথাটা একবার ভেবে দ্যাখ...আট ছেড়ে দিয়ে শুধু এঞ্জিনিয়ারিং-এর দিকটা দ্যাখ...’

ফেলুদা আরও বলত, কিন্তু হঠাৎ একটা শব্দ পেয়ে থেমে আমাদের দুজনের থেকে পাঁচ হাত পিছিয়ে গিয়ে একটা গহ্বরের মধ্যে রাবণের কৈলাস নাড়ার মূর্তিটা দেখতে লাগল।

পায়ের শব্দ। মন্দিরের পিছন থেকে শুভঙ্কর বোস বেরিয়ে এলেন। তাঁর হাতে একটা নোটবুক, কাঁধে একটা ঝোলা। ভারী মন দিয়ে মন্দিরের কারুকার্যগুলো দেখছেন তিনি। এবার মূর্তি ছেড়ে আমাদের দুজনের দিকে এল তাঁর দৃষ্টি। প্রথমে একটা হাসি, তারপরেই একটা উদ্বেগের ভাব।

‘তোমার দাদার কোনও খবর পেলেন না?’

যতদূর পারি স্বাভাবিকভাবে বললাম, ‘উনি একটা জরুরি কাজে হঠাৎ বসে চলে গেছেন। আজকালের মধ্যেই ফিরবেন।’

‘ও...’

শুভঙ্কর বোসের চোখ আবার পাথরের দিকে চলে গেল। পিছনে একটা খচ শব্দ পেয়ে বুঝলাম ফেলুদা একটা ছবি তুলল। ঘাড় ফিরিয়ে দেখলাম ফেলুদা আবার আমাদের দিকে এগিয়ে আসছে। আমরা দুজন মন্দিরের পিছন দিক দিয়ে ঘুরে উলটো দিকে গিয়ে পড়লাম। এবার আরেকজন লোককে দেখতে পেলাম। গায়ে নীল শার্ট, সাদা প্যান্ট। মিস্টার জয়ন্ত মল্লিক। ইনি সবেমাত্র এসে ঢুকেছেন। চুপ করে দাঁড়িয়ে ছিলেন, আমাদের দেখেই মন্দিরের দেয়ালে একটা হাতির মূর্তির দিকে এগিয়ে গেলেন। এর হাতের ব্যাগটা কলকাতাতেও দেখেছি। বারাসত থেকে ফেরার পথে এই ব্যাগ তার গাড়িতে ছিল, এই ব্যাগ নিয়ে উনি কুইনস ম্যানসনে নেমেছিলেন। ওটাতে কী আছে জানবার জন্য প্রচণ্ড কৌতূহল হল। ফেলুদা আমাদের কাছাকাছি এসে গেছে। এক এক সময় ইচ্ছে করছিল ফেলুদা সোজা গিয়ে মল্লিকের কলারটা চেপে ধরে বলুক—‘কই, বার করুন মশাই যক্ষীর মাথা!’—কিন্তু এটা বুঝতে পারছিলাম যে ও ও-রকম কাঁচা কাজ করবে না। মল্লিক সিদিকপুরে গিয়েছিল সেটা ঠিক; এখন এলোরায় এসেছে সেটা ঠিক, আর বসেতে কাকে জানি ফোন করে বলেছিল, মেয়ে শ্বশুরবাড়ি থেকে বাপের বাড়ি চলে এসেছে—সেটাও ঠিক। কিন্তু এর বেশি কিছু ওর সম্বন্ধে এখনও জানা যায়নি। আরেকটু না জেনে, আরেকটু প্রমাণ না পেয়ে ফেলুদা কিছু করবে না।

যেটা এখনই করা যায় সেটা অবিশ্যি ফেলুদা করল। মল্লিকের পাশ দিয়ে যাবার সময়

নিজের শরীর দিয়ে ভদ্রলোকের ব্যাগটায় একটা ধাক্কা দিয়ে ‘সরি’ বলে একটা মূর্তির দিকে ক্যামেরা ঘুরিয়ে ফোকাস করতে লাগল।

ধাক্কা খেয়ে ব্যাগটা যেভাবে নড়বড় করে উঠল, তাতে মনে হল না তার ভিতরে কোনও ভারী জিনিস রয়েছে।

কৈলাস থেকে বেরিয়ে এসে দুজন লোককে দেখতে পেলাম। একজন আমাদের বাংলোর এলাহাবাদি বাবু, আরেকজন হলেন সেই টেকো সাহেব। বাবু হাত নেড়ে কথা বলছেন, সাহেব মাথা নেড়ে শুনছেন। হঠাৎ কেন জানি মনে হল—আমরা তিনজন ছাড়া যত জন লোক এখানে এসেছে সবাই গোলমালে, সবাইকেই সন্দেহ করা উচিত। ফেলুদাও কি তাই করছে?

৭

কৈলাস থেকে ফেরার পথে ফেলুদার হঠাৎ কেন জানি গেস্ট হাউসে যাবার ইচ্ছে হল। কারণ জিজ্ঞেস করতে বলল, ‘একবার খোঁজ করে আসি এখানে খবরের কাগজ আসে কি না।’ আমরা বাংলায় চলে গেলাম। আমাদের দুজনেরই খিদে পাচ্ছিল, তাই লালমোহনবাবু চৌকিদারকে হাঁক দিয়ে চা আর বিস্কুট অর্ডার দিলেন। সামনের দরজা দিয়ে ঢুকেই ডাইনিং রুম। তার ডান দিকের এক নম্বরের ঘরটা আমাদের। আমাদের পরের ঘরটা দু নম্বর, সেটা খালি। ডাইনিং রুমের উলটো দিকে আরও দুটো ঘর। তার মধ্যে আমাদের ঠিক উলটো দিকের ঘরটায় থাকেন এলাহাবাদি, আর তার পাশের চার নম্বরে ফেলুদা।

আগেই বলেছি, লালমোহনবাবুকে মাঝে মাঝে গোয়েন্দাগিরিতে পেয়ে বসে। ওঁর এখন বোধ হয় সেই রকম একটা মেজাজ এসেছে। ঘরে বসে চা খেতে খেতে বললেন, ‘সাহেবকে না হয় ছেড়েই দিলাম; অন্য যে তিনজন আছে তার মধ্যে দুজনের বিষয় তো তবু কিছু জানা গেছে—সত্যি হোক মিথ্যে হোক—কিন্তু আমাদের বাংলোর বাবুটির তো নাম পর্যন্ত জানা যায়নি। ওঁর ঘরটায় একবার উঁকি দিয়ে এলে হত না? মনে হল দরজায় চাবি লাগায়নি!’

আমার আইডিয়াটা ভাল লাগছিল না, তাই বললাম, ‘চৌকিদার যদি দেখে ফেলে!’

লালমোহনবাবু বললেন, ‘আমি যাই, তুমি পাহারা দাও। চৌকিদার এদিকে আসছে মনে হলে গলা খাকরানি দিলেই আমি চলে আসব। তোমার দাদার কাজ একটু এগিয়ে রাখতে পারলে উনি খুশিই হবেন। এলাহাবাদির সুটকেসটাও রীতিমতো ভারী বলেই মনে হল।’

আমি এরকম ব্যাপার কখনও করিনি। অন্তত ফেলুদা ছাড়া অন্য কারুর জন্য নয়। কিন্তু ব্যাপারটার মধ্যে একটা অ্যাডভেঞ্চারের গন্ধ থাকায় শেষ পর্যন্ত রাজি হয়ে গেলাম। আমি চলে গেলাম পিছনের বারান্দায়। সামনে একটা খোলা জায়গার পরেই বাবুর্চিখানার পাশে চৌকিদারের ঘর। চৌকিদারের একটা সাইকেল আছে আগেই দেখেছি, এখন দেখলাম তার দশ বারো বছরের ছেলেরা খুব মন দিয়ে সেটাকে পরিষ্কার করছে। একটা ক্যাঁচ শব্দ পেয়ে ঘাড় ফিরিয়ে আড় চোখে দেখলাম, লালমোহনবাবু চোরের মতো তিন নম্বর ঘরে ঢুকলেন। মিনিট তিনেক পরে আমার বদলে উনিই একটা গলা খাকরানি দিয়ে বুঝিয়ে দিলেন যে ওঁর তদন্তের কাজ শেষ। ঘরে ফিরে যেতে ভদ্রলোক বললেন, ‘পুরনো সুটকেস, ভাবলুম হয়তো চাবি লাগে না, কিন্তু টান দিয়ে খুলল না। টেবিলের ওপর দেখলুম একটা চশমার খাপ—তাতে কলকাতার স্টিফেন কোম্পানির নাম, একটা সোডা মিটার বোতল, আর একটা ওডোমসের টিউব। আলনায় সবুজ ডোরা-কাটা শার্ট আর পায়জামা, মেঝেতে এক জোড়া পুরনো চটি—কোম্পানির নাম উঠে গেছে। এ ছাড়া আর কিছু—’

লালমোহনবাবুর কথা খেমে গেল। ফেলুদা প্রায় নিঃশব্দে ঘরে ঢুকেছে।

‘কার জিনিসের ফিরিস্তি দেওয়া হচ্ছে?’

ওকে ব্যাপারটা বলতেই হল। ও কিন্তু শুনে বিশেষ রাগটাগ করল না, খালি বলল, ‘লোকটাকে সন্দেহ করবার কোনও কারণ ঘটেছিল কি?’

লালমোহনবাবু আমতা আমতা করে বললেন, ‘কিছুই তো জানা যায়নি ওর সম্বন্ধে। এমন কী নামটাও না। এদিকে কী রকম ষণ্ডামার্কা চেহারা...একটা গ্যাঙের কথা বলছিলেন না?—তাই ভাবলুম, মানে...’

‘সন্দেহের কারণ না থাকলে এগুলো করতে যাওয়া অযথা রিস্ক নেওয়া। ভদ্রলোকের নাম আর এন রক্ষিত। সুটকেসের বাঁ ধারে ফ্যাকফেকে সাদা অক্ষরে লেখা, চোখ থাকলেই দেখা যায়। আপাতত এর বেশি জানার কোনও দরকার আছে বলে মনে করি না।’

লালমোহনবাবু বললেন, ‘তা হলে বাকি রইল এক সাহেব।’

ফেলুদা বলল, ‘সাহেবের নাম স্যাম লুইসন। এও ইহুদি, এও ধনী। নিউ ইয়র্কে এর একটা আর্ট গ্যালারি আছে।’

‘কী করে জানলে?’ আমি বেশ অবাক হয়ে জিজ্ঞেস করলাম।

‘গেস্ট হাউসের ম্যানেজারের সঙ্গে আলাপ হল। বেড়ে লোক। ডিটেকটিভ গল্পের পোকা। মূর্তি চুরির কথা কাগজে পড়ে অবধি দিন গুনছে কবে এইখানে সেই চোরের আবির্ভাব হবে।’

‘তোমার পরিচয় দিলে?’

ফেলুদা মাথা নেড়ে হ্যাঁ জানিয়ে বলল, ‘ওকে হাতে রাখা দরকার। লোকটা অনেক হেল্প করতে পারবে। ভুললে চলবে না, মল্লিক গেস্ট হাউসে থাকে। সে নাকি অলরেডি বম্বেতে একটা কল বুক করেছিল, লাইন পায়নি।’

রাত্রে ডিনার আমরা চারজনে একসঙ্গে বসে খেলাম। ফেলুদা একটাও কথা বলল না। সেটা তার ছদ্মবেশের জন্য, না মাথায় কোনও চিন্তা ঘুরছে বলে, তা জানি না। মিস্টার রক্ষিত একবার লালমোহনবাবুর দিকে ফিরে জিজ্ঞেস করলেন, ইন্ডিয়ান হিস্ট্রির কোনও বিশেষ পিরিয়ড নিয়ে তিনি চর্চা করেন কি না। তার উত্তরে লালমোহনবাবু অড়র ডালে ভেজানো হাতের রুটি চিবোতে চিবোতে বললেন যে পিরামিড নিয়ে তাঁর বিশেষ পড়াশুনো নেই, যদিও সেটা যে মিশরে রয়েছে সেটা তিনি জানেন। এতে রক্ষিত একটু থতমত খেয়ে আমার দিকে চাইলে আমি নিজের কানের দিকে দেখিয়ে লালমোহনবাবু যে কানে খাটো সেটা বুঝিয়ে দিলাম। এর পরে ভদ্রলোক আর ‘মেজো মামাকে’ কোনও প্রশ্ন করেননি।

খাওয়ার পরে আমি আর লালমোহনবাবু যখন বাংলোর বাইরে এসে দাঁড়িলাম (ফেলুদা তার ঘরে চলে গিয়েছিল) তখন একটা ঝোড়ো হাওয়া দিচ্ছে, আর টুকরো টুকরো মেঘের ফাঁক দিয়ে একটা ফিকে জ্যোৎস্না এসে চারিদিকে ছড়িয়ে পড়েছে। কোথেকে জানি হাসনাহানা ফুলের গন্ধ আসছে, মনটা বেশ খুশি খুশি লাগছে, লালমোহনবাবু আ-আ-আ করে একটা ক্ল্যাসিক্যাল তান দিতে গিয়ে একদম বেসুরে চলে গেছেন, এমন সময় দেখলাম গেস্ট হাউসের দিক থেকে একজন লোক আমাদের দিকে আসছে। আরেকটু কাছে আসতেই চিনতে পারলাম। শুভঙ্কর বোস। জটায়ু গান থামিয়ে টান হয়ে দাঁড়ালেন। ফিসফিস করে বললেন, ‘তোমার দাদা থাকলে ভাল হত।’

‘আপনারাও হাওয়া খেতে বেরিয়েছেন দেখছি!’

শুভঙ্করবাবুর মধ্যে একটা উসখুসে ভাব লক্ষ করলাম। দুবার গলা খাকরালেন তিনবার পিছন দিকে চাইলেন, তারপর দুপা এগিয়ে এসে গলা নামিয়ে বললেন, ‘ইয়ে—আপনারা নীল

শার্টপরা বাঙালি ভদ্রলোকটিকে চেনেন ?’

এর কাছে লালমোহনবাবুর কালা সাজা চলবে না, কারণ আগে অনেক কথা হয়েছে। বললেন, ‘কই না তো। কেন, উনি কি আমাদের চেনেন বলে বললেন নাকি ?’

শুভঙ্কর বোস আরেকবার পেছনদিকে দেখে বললেন, ‘লোকটি, মানে, পিকিউলিয়ার। বলছে এলোরায় প্রথম এল, আর্টে ইন্টারেস্টেড, অথচ কৈলাস দেখে একটিবার পর্যন্ত তারিফ করল না, আহা উহ্ করল না। আমি এই নিয়ে দ্বিতীয়বার এলাম, অথচ সেই প্রথমবারের মতোই থ্রিল অনুভব করলাম। ভালই যদি না লাগে তো আসাই বা কেন, আর তান করাই বা কেন !’

আমরা দুজনে চুপ। এই কথাটাই কি বলতে এলেন ভদ্রলোক ?

কাছেই একটা গাছ থেকে একটানা ঝাঁঝি ডাকতে আরম্ভ করেছে। ছোট্ট শহরটা মনে হচ্ছে এর মধ্যেই ঘুমিয়ে পড়েছে, অথচ বেজেছে মাত্র দশটা।

‘ইয়ে, ইদানীং খবরের কাগজ পড়েছেন ?’ শুভঙ্কর প্রশ্ন করলেন।

‘কেন বলুন তো ?’ জটায়ু জিজ্ঞেস করলেন।

‘ভারতবর্ষের শিল্পসম্পদ নিয়ে ব্যবসা শুরু হয়েছে। মন্দির থেকে মূর্তি লোপাট হয়ে যাচ্ছে।’

‘সত্যি ? খবরটা জানতুম না তো ! কী অন্যায় ! ছি ছি ছি।’

লালমোহনবাবুর অ্যাকটিং খুব পাকা নয়, তাই একটু অসোয়াস্তি লাগছিল। কিন্তু শুভঙ্কর বোসের সেদিকে লক্ষ্যই নেই। আরেক পা এগিয়ে এসে বললেন, ‘ভদ্রলোক কিন্তু গেস্ট হাউস থেকে বেরিয়ে গেছেন !’

‘কোন ভদ্রলোক ?’

‘মিস্টার মল্লিক।’

‘বেরিয়ে গেছেন ?’

প্রশ্নটা আমরা দুজনে একসঙ্গে করলাম। সত্যি, ফেলুদার এখানে থাকা উচিত ছিল।

‘একবার যাবেন নাকি ?’ শুভঙ্কর বোসের চোখ জ্বলজ্বল করেছে।

‘এখন ? কোথায় ?’ লালমোহনবাবুর গলা শুকিয়ে গেছে।

‘গুহার দিকে।’

‘গুহায় পাহারা নেই ?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন।

‘আছে, তবে চৌত্রিশটা গুহার জন্য মাত্র দুজন লোক। কাজেই বুঝতেই পারছেন...। আর ভদ্রলোক একটা ব্যাগ নিয়ে যোরেন—লক্ষ্য করেছেন তো ? উনি আর আপনার বাংলোর হিপি-টাইপের লোকটি—দুজনেই ব্যাগ নিয়ে যোরেন। ওরও কিন্তু ভাবগতিক ভাল না। উনি কে সেটা জানতে পেরেছেন ?’

লালমোহনবাবু বিষম খেতে গিয়ে সামলে নিলেন।

‘উনি ? উনি ফটোগ্রাফ তোলেন। ফার্স্ট ক্লাস ফটো। আমাদের দেখিয়েছেন। এলোরার ফটো তুলছেন। চুংকিং-এর কী একটা পত্রিকার জন্য।’

বাংলো থেকে কে বেরোল ? মিস্টার রক্ষিত। এক হাতে লাঠি, অন্য হাতে টর্চ, গায়ে টাইস রেনকোট। ভদ্রলোক লালমোহনবাবুর কানের কাছে এসে তারস্বরে ‘আফটার ডিনার ওয়ক এ মাইল !’—বলে হেসে গেস্ট হাউসের দিকে চলে গেলেন।

শুভঙ্কর বোসও ‘গুড নাইট’ বলে রক্ষিতের পথ ধরলেন। লালমোহনবাবু ভুকুটি করে বললেন, ‘এক মাইল হাঁটতে বললে কেন বলো তো লোকটা ?’

আমি বললাম, ‘ভাল হজম হবে বলে। ...চলুন, এখন তো বাংলা খালি, একবার ফেলুদার

খোঁজ করা যাক। ওকে খবরগুলো দেওয়া দরকার। এরা সবাই গুহার দিকে যাচ্ছে। ব্যাপারটা ভাল লাগছে না।’

একটা চাপা উত্তেজনা নিয়ে বাংলায় ঢুকলাম। মিস্টার বোস সত্যি বললেন কি মিথ্যে বললেন জানি না, কিন্তু আমার মন বলছে একবার গুহার দিকে যাওয়া উচিত। যদি কিছু ঘটে তা হলে রাইটই ঘটবে। এখনও আলো রয়েছে, গুহার আশেপাশে কেউ ঘোরাফেরা করলে নিশ্চয়ই বোঝা যাবে।

বাংলার ভিতরে অন্ধকার। বাইরের চৌকিদারের ঘরে বোধহয় একটা লণ্ঠন জ্বলছে। আর কোথাও আলো নেই। কোনও শব্দও নেই।

রক্ষিতের ঘরের দরজা বন্ধ থাকবে সেটা স্বাভাবিক, কিন্তু ফেলুদার দরজাও বন্ধ কেন? আর দরজার তলার ফাঁক দিয়ে আলো দেখা যাচ্ছে না কেন? ও কি এই সাড়ে দশটার মধ্যেই ঘুমিয়ে পড়ল নাকি?

বারান্দার দিকে ঘরের জানালা। পা টিপে টিপে গেলাম সেদিকে। জানালার পর্দা টানা। এগিয়ে গিয়ে পর্দা ফাঁক করে দুবার চাপা গলায় ফেলুদার নাম ধরে ডাকলাম। কোনও উত্তর নেই। ও যদি বেরিয়েও থাকে, সামনের দরজা দিয়ে বেরোয়নি সেটা আমরা জানি। তা হলে কি চৌকিদারের ঘরের পাশে থিড়কি দরজাটা দিয়ে বেরোল?

আমরা দুজন আমাদের ঘরে ফিরে এলাম। বাতিটা জ্বালাতেই জানালার সামনে মেঝেতে পড়ে থাকা কাগজটা দেখতে পেলাম। তাতে ফেলুদার হাতে লেখা দুটো কথা—

‘ঘরে থাকিস।’

‘একটা কথা বলব তোমায়?’ লালমোহনবাবু বললেন। ‘এবার কিন্তু তোমার দাদাটিই আমাদের সবচেয়ে বেশি ভাবাচ্ছেন। আমি তো এমনিতে আর বিশেষ কোনও রহস্য খুঁজে পাচ্ছি না, তবে তোমার দাদার কার্যকলাপ পদে পদে রহস্যময় বলে মনে হচ্ছে।’

ফেলুদা ঘরে থাকতে বলেছে, কিন্তু কখন ফিরবে সেটা বলে যায়নি। অথচ ও যতক্ষণ না ফেরে ততক্ষণ ঘুমোনের কোনও কথাই ওঠে না। কী আর করি—আধ ঘণ্টা কোনওরকমে লালমোহনবাবুর সঙ্গে কাটাকুটি খেলে কাটিয়ে দিলাম। তারপর লালমোহনবাবু বললেন যে ওঁর লেটেস্ট গল্পের প্লটটা আমায় বলবেন।—‘এবার একটা নতুন রকমের ফাইট ইন্ট্রোডিউস করিচি যাতে হিরোর হাত-পা বাঁধা রয়েছে—কিন্তু তাও শুধু মাথা দিয়ে ভিলেনকে ঘায়েল করে দিচ্ছে।’

মাথা দিয়ে মানে বুদ্ধি দিয়ে না মাথার গুঁতো দিয়ে সেটা জিজ্ঞেস করতে যাব এমন সময় দেখি ফেলুদা হাজির। আমরা দুজনেই চূপ, কারণ জানি ও নিজে থেকে কিছু বলতে চাইলেই বলবে, জিজ্ঞেস করে কোনও ফল হবে না।

ফেলুদা গম্ভীর গলায় বলল, ‘লালমোহনবাবু, অন্যান্যবারের মতো এবারও কি আপনার সঙ্গে কোনও অস্ত্র আছে নাকি?’

এখানে বলে রাখি লালমোহনবাবুর অস্ত্র সংগ্রহ করার বাতিক আছে। সোনার কেপ্লার ব্যাপারে ওঁর সঙ্গে একটা ভুজালি ছিল, আর বাস্ত-রহস্যের ব্যাপারে ছিল একটা বুমেয়াং। ফেলুদার প্রশ্ন শুনে ভদ্রলোকের চোখ জ্বল জ্বল করে উঠল। বললেন, ‘এবার আছে একটা বস!’

‘বস?’ আমি আর ফেলুদা একসঙ্গে প্রশ্ন করে উঠলাম। কথাটা বিশ্বাস হচ্ছিল না।

‘বস। বোমা।’

লালমোহনবাবু তাঁর সুটকেসের দিকে এগিয়ে গেছেন।—‘আমাদের পাড়ার দ্বিজেন তরফদারের ছেলে উৎপল আর্মিতে আছে। সে মার্চ মাসে এসেছিল। এইটে আমায় এনে

দিয়ে বললে—কাকাবাবু দেখুন আপনার জন্য কী এনিচি ! বড় বড় যুদ্ধে ব্যবহার হয় । —ছোঁড়া আমার লেখার খুব ভক্ত ।’

একটা মাঝারি সাইজের টর্চলাইটের মতো লম্বা খয়েরি রঙের একটা বেশ ভারী পাইপ জাতীয় জিনিস লালমোহনবাবু সুটকেস থেকে বের করে ফেলুদার হাতে দিলেন । ফেলুদা সেটা কিছুক্ষণ নেড়ে-চেড়ে দেখে বলল, ‘এটা আমার কাছেই থাক । আপনার পক্ষে জিনিসটা বড় বেশি ডেঞ্জারাস ।’

‘কত মেটাগন হবে বলুন তো ?’

কথাটা আসলে মেগাটন, আর সেটা ব্যবহার হয় অ্যাটমবোমা সম্পর্কে । এক ‘মেগাটন’ মানে দশ লক্ষ টন । ফেলুদা লালমোহনবাবুর প্রশ্নে কান না দিয়ে বোমাটা ঝোলায় পুরে বলল, ‘একবার বেরোনো দরকার । সবাই বেরিয়েছে, আমাদের ঘরে বসে থাকার কোনও মানে হয় না ।’

ডাক বাংলা থেকে যখন বেরোলাম তখন সাড়ে এগারোটা । ঝাঁঝটা এখনও ডাকছে । চাঁদের আলো কমছে—বাড়ছে, কারণ আকাশ টুকরো টুকরো চলন্ত মেঘে ছেয়ে গেছে । গেস্ট হাউসের একটা ঘরে দেখলাম আলো জ্বলছে । সেটা নাকি সেই আমেরিকানের ঘর । কে কোন ঘরে থাকে সেটাও নাকি ফেলুদা ম্যানেজারের কাছ থেকে জেনে নিয়েছে । মল্লিক আর শুভঙ্কর ফিরেছে কি না বোঝা গেল না ।

কিছুক্ষণ থেকেই ঘন ঘন মেঘ ডাকছিল ; যখন বড় রাস্তার উপর এসে পড়েছি তখন একটা বড়রকম গর্জন শুনে আকাশের দিকে চেয়ে দেখি পূর্ব দিকটা কালো হয়ে আসছে । ‘এই মরেছে । বৃষ্টি আসবে নাকি ?’ বলে উঠলেন লালমোহনবাবু ।

‘এত গুহা থাকতে বৃষ্টি এলে আশ্রয়ের অভাব হবে না’, বলল ফেলুদা ।

কৈলাসের দিকে উঠে গিয়ে মন্দিরে ঢোকার কোনও চেষ্টা না করে ফেলুদা বাঁ দিকের পথ ধরল । কিন্তু সে পথেও বেশি দূর না । খানিকটা গিয়েই সে দেখি পথ ছেড়ে পাহাড়ের গা বেয়ে উপরে উঠতে আরম্ভ করেছে । ওর কায়দাকানুন একটু আধটু জানি বলে আন্দাজ করলাম যে সামনের দিক দিয়ে ছাড়া গুহায় ঢোকার কোনও রাস্তা আছে কি না সেটাই ও একটু ঘুরে দেখতে চাইছে । আশেপাশে ঝোপঝাড় আর পাথরের টুকরো, কিন্তু এখনও চাঁদের আলো থাকায় সেগুলো কোনও বাধার সৃষ্টি করছে না ।

এইবার ফেলুদা ডান দিকে মোড় নিল । বুঝলাম যে-দিক থেকে এসেছি সেদিকেই ফিরে যাচ্ছি, কিন্তু রাস্তা দিয়ে নয় ; পাহাড়ের গা দিয়ে—রাস্তা থেকে অনেকটা ওপরে ।

খানিকটা গিয়েই ফেলুদা হঠাৎ থেমে গেল । তার দৃষ্টি ডান দিকে । আমরা থেমে সেইদিকে দেখলাম ।

দূরে পশ্চিম দিকে ঠিক যেন মনে হচ্ছে জমির উপর একটা সিন্ধের ফিতে বিছিয়ে রাখা হয়েছে । আসলে সেটা শহরে যাবার রাস্তা, চাঁদের আলোয় চিক চিক করছে ।

সেই রাস্তা দিয়ে একজন লোক দ্রুত পায়ে হেঁটে চলেছে গেস্ট হাউসের দিকে । অথবা বাংলোর দিকে । কারণ রাস্তা একটাই ।

‘মিস্টার রক্ষিত নন’, ফিসফিস করে বললেন লালমোহনবাবু ।


‘কী করে বুঝলেন ?’ চাপা গলায় জিজ্ঞেস করল ফেলুদা ।

‘রক্ষিতের গায়ে রেনকোট ছিল ।’

কথাটা ঠিকই বলেছেন লালমোহনবাবু ।

লোকটা একটা মোড় ঘুরে অদৃশ্য হয়ে গেল । আমরা আবার এগিয়ে চললাম ।

খস্...খস্...খস্...খস্...খস্...



একটা অদ্ভুত আওয়াজ শুনে আমরা তিনজন আবার থেমে গেলাম। কোথেকে আসছে আওয়াজটা ?

ফেলুদা বসে পড়ল। আমরাও। সামনে একটা প্রকাণ্ড মনসার ঝোপ। সেটা আমাদের আড়াল করে রেখেছে।

আওয়াজটা আরও কিছুক্ষণ চলে থামল। তারপর সব চুপ।

এ কী—চারদিক হঠাৎ অন্ধকার হয়ে গেল কেন ? আকাশের দিকে চেয়ে দেখি সেই কালো মেঘটা চাঁদটাকে ঢেকে ফেলেছে। আমরা ঝোপের পিছন থেকে বেরিয়ে এগিয়ে চললাম। খানিকটা হাঁটার পর ডানদিকে কৈলাসের খাদটা পড়ল। খাদের পাশেই...ওই যে মন্দির। মন্দিরের চূড়ো এখন আমাদের সঙ্গে সমান লেভেলে। চূড়োর পিছনে বেশ খানিকটা নিচুতে একটা ছাত—তার মাথায় চারটে সিংহ চারিদিকে মুখ করে দাঁড়িয়ে আছে। ওই যে নীচে দূরে হাতি দুটো দেখা যাচ্ছে।

আমরা আরও এগিয়ে চললাম। আওয়াজটা এদিক থেকেই এসেছে সেটা বুঝেছিলাম, কিন্তু সন্দেহজনক কিছুই চোখে পড়ল না। হয়তো আছে, অন্ধকার বলে দেখা যাচ্ছে না। আমি জানি ফেলুদা টর্চ জ্বালাবে না, কারণ তা হলে অন্য লোক আমাদের কথা জেনে যাবে।

কৈলাসের খাদের পর কিছু দূর গিয়ে আরেকটা খাদ। এটা পনেরো নম্বর গুহা। সেটা ছাড়িয়ে তার পরের গুহাটার দিকে এসেছি। এমন সময় ফেলুদা হঠাৎ থেমে টান হয়ে গেল। তারপর ফিসফিস কথা—

‘টর্চ জ্বেলেছে। পনেরো নম্বর গুহার ভিতরে। তার ফলে গুহার বাইরের আলোটা একটু বেড়েছে।’

আমি ব্যাপারটা লক্ষ করিনি। লালমোহনবাবুও না। ফেলুদার চোখই আলাদা।

দু মিনিট প্রায় নিশ্বাস বন্ধ করে দাঁড়িয়ে রইলাম। তারপর ফেলুদা একটা ব্যাপার করল। একটা ছোট্ট নুড়ি পাথর কুড়িয়ে নিয়ে সেটাকে ওপর থেকে গুহার সামনের চাতালটায় ফেলল। টুপ করে একটা শব্দ পেলাম।

তারপর বুঝতে পারলাম চাতালটা হঠাৎ যেন আরও বেশি অন্ধকার হয়ে গেল। তার মানে টর্চটা নিভল। আর তার পরেই একটা লোক নিঃশব্দে চোরের মতো গুহা থেকে বেরিয়ে পালিয়ে গেল।

‘মিস্টার রক্ষিত না’, আবার ফিসফিস করে বললেন লালমোহনবাবু। লোকটাকে চিনতে না পারলেও, তার গায়ে যে রেনকোট নেই সেটা আমিও বুঝেছিলাম।

এরপর এল আমার জীবনের সবচেয়ে লোমখাড়া করা সময়। ফেলুদা ইতিমধ্যে নীচে যাবার একটা রাস্তা বার করে ফেলেছে। রাস্তা না বলে বোধ হয় উপায় বলা উচিত। খানিকটা লাফিয়ে, খানিকটা হামাগুড়ি দিয়ে, খানিকটা বাঁদরের মতো ঝুলে, খানিকটা মাটির উপর ঘষটে, সে দেখতে দেখতে নীচে গুহার সামনেটায় পৌঁছে গেল। লালমোহনবাবু চাপা গলায় বললেন, ‘গোয়েন্দাগিরিতে ফেল করলে সার্কাসের চাকরি বাঁধা।’ পরমুহূর্তেই দেখলাম সে অদৃশ্য হয়ে গেল। তার মানে গুহার ভিতর ঢুকেছে। আমার কিন্তু ঘাম ছুটে লোমটোম খাড়া হয়ে গেছে।

প্রায় তিন মিনিট (মনে হচ্ছিল তিন ঘণ্টা) পরে আবার দেখতে পেলাম ফেলুদাকে। তারপর আরস্ত হল উলটো কসরত। উপর থেকে নীচের বদলে নীচের থেকে উপরে। এক হাতে টর্চ কাঁধে ব্যাগ আর কোমরে রিভলভার নিয়ে কীভাবে এরকম গুঁঠা নামা সম্ভব তা ও-ই জানে। উপরে উঠে এসে হাঁপাতে হাঁপাতে বলল, ‘এটার নাম দশাবতার গুহা। দোতলা। দুর্দান্ত সব মূর্তি আছে। লোভনীয়।’

‘লোকটা কে ছিল বুঝলে ?’—ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম ।

ফেলুদার মুখ গভীর হয়ে গেল । বলল, ‘যত সহজ ভাবছিলাম, তা নয় । প্যাঁচ আছে । রহস্য আছে । মাথা খাটাতে হবে ।’

পাহাড় থেকে নেমে এসে বুঝলাম তদন্ত এখনও শেষ হয়নি । ফেলুদা কৈলাসের সামনে গিয়ে পাহারাদারের সঙ্গে দেখা করল । তাকে জিজ্ঞেস করে জানা গেল সে গত ঘণ্টাখানেকের মধ্যে কোনও গোলমালে ব্যাপার লক্ষ্য করেনি । অবিশ্যি ও যেখানে পায়চারি করছে সেখান থেকে খাদের উপরটা দেখা যায় না ; মন্দিরের চুড়ায় ঢাকা পড়ে ।

‘কোনও শব্দ-টব্দ শোনেনি ?’—ফেলুদা হিন্দিতে জিজ্ঞেস করল ।

না, শব্দও শোনেনি । এমনিতেই মেঘ ডাকছে ঘন ঘন, শব্দ কী করে শুনবে ?

‘একবার মন্দিরের ভেতরে ঢুকে দেখতে পারি ?’

জানতাম লোকটা না বলবে, আর বললও তাই ।

‘নেহি বাবু, অর্ডার নেহি হ্যায় ।’

ফেরার পথে বাংলোর কাছাকাছি এসে একটা অদ্ভুত জিনিস দেখলাম । আমরা আসছিলাম পূর্ব দিক দিয়ে । বাংলোর পূর্ব দিকের দেয়ালে দুটো জানালা রয়েছে—একটা রক্ষিতের ঘরের, একটা ফেলুদার ঘরের । ফেলুদার ঘরটা অন্ধকার । কিন্তু রক্ষিতের ঘরের ভেতর একটা আলোর তাণ্ডব চলেছে । বেশ বোঝা যাচ্ছে সেটা টর্চের আলো, কিন্তু সেটা কেন যে পাগলের মতো এদিক ওদিক করছে সেটা বোঝা মুশকিল । একবার আলোটা জানালার কাছে এল । বুঝলাম সেটা গেস্ট হাউসের দিকে ফেলা হচ্ছে । আলোটা ঝোপঝাড়ের উপর ঘোরাফেরা করে আবার ঘরে ফিরে গেল । ফেলুদা চাপা গলায় মন্তব্য করল, ‘হাইলি ইন্টারেস্টিং ।’

আমরা নিঃশব্দে এগিয়ে গেলাম বাংলোর দিকে । ফোঁটা ফোঁটা বৃষ্টি পড়ছে । চারদিকে ঘুরঘুটি অন্ধকার ।

৮

আমি অনেক সময় দেখেছি যে আমাদের অ্যাডভেঞ্চারগুলো কখন যে কোন রাস্তায় চলবে সেটা আগে থেকে বোঝা ভারী মুশকিল হয় । কিছুদূর হয়তো আন্দাজ-মাফিক গেল, তারপর হঠাৎ এমন একটা ঘটনা ঘটল যার জন্য রাস্তার মোড় গেল ঘুরে ; ফেলুদার মাথা আশ্চর্য ঠাণ্ডা বলে ও বাধা পেলেও বা বেকায়দায় পড়লেও কখনও দিশেহারা হয় না । কিন্তু আজ একটা ব্যাপারে তাকে বেশ বিরক্ত হতে দেখলাম ।

কাল রাতে কৈলাসের ওপরে গিয়ে যে শব্দটা শুনেছিলাম, সে ব্যাপারে একটু তদন্তের দরকার বলে আমরা ঠিক করেছিলাম ভোরে ভোরেই কৈলাস চলে যাব । ফেলুদা রাতে মেক-আপ তুলে শুয়েছিল, আজ সকালে আমাদেরও আগে উঠে সে তৈরি হয়ে নিয়েছে, আর আমিও সিঁথিটা ডান দিকে করে নিয়েছি । লালমোহনবাবুও কোনও একটা কিছু মেক-আপ করতে চেয়েছিলেন, কিন্তু ফেলুদা বারণ করাতে চূপ করে গেলেন । সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে গুহা খুলে যায়, লোক ঢুকে দেখতে পারে । সাড়ে পাঁচটায় চা খেয়ে বেরিয়ে ছ’টার মধ্যে গুহায় পৌঁছে বাইরে বড় বড় গাড়ি আর লোকজনের ভিড় দেখে একেবারে তাজ্জব বনে গেলাম ।

আরেকটু কাছে গিয়েই বুঝতে পারলাম ব্যাপারটা কী । ফিল্ম কোম্পানি এসেছে, কৈলাসে শুটিং হবে ! একবার ভিক্টোরিয়া মেমোরিয়ালের সামনে শুটিং দেখেছিলাম, তখন রিফ্লেক্টর

জিনিসটা দেখে চিনে রেখেছিলাম ; এবারও সেই রিফ্লেক্টর দেখেই শুটিং-এর ব্যাপারটা বুঝতে পারলাম। ফেলুদা বলল, ‘সেইরকম—এরা আর জায়গা পেল না ? শেষটায় কৈলাসের শ্রাদ্ধ করতে এসেছে ?’

জিঙ্গেস করে জানতে পারলাম যে দলটা বোম্বাই থেকে এসেছে, হিন্দি ফিল্মের শুটিং হচ্ছে। যারা অ্যাকটিং করবে তারা নাকি এখনও এসে পৌঁছয়নি, তবে অন্য সব কাজের লোক বেশির ভাগই এসে পড়েছে।

একজন ইয়ং ছেলের প্যান্টের পকেট থেকে একটা বাংলা ফিল্ম পত্রিকার খানিকটা বেরিয়ে রয়েছে দেখে লালমোহনবাবু তাকে ডেকে জিঙ্গেস করলেন, ‘কী বই হচ্ছে ভাই ?’ ছেলেটি বলল, ‘ক্রোড়পতি।’

‘কে কে পার্ট করচে ?’

‘টপ কাস্টিং। এখানে আসছে রূপা, অর্জুন মেরহোত্রা আর বলবন্ত চোপরা। হিরোইন, হিরো আর ভিলেন।’

অর্জুনের নাম শুনেই বোধহয় লালমোহনবাবু হঠাৎ সোজা হয়ে দাঁড়ালেন। জিঙ্গেস করলেন, ‘গান হবে নাকি ভাই ?’

‘না। ফাইট। স্টান্টম্যান, ডাবল—সব এসেছে। হিরো ভিলেনকে চেজ করবে, ভিলেন গুহা থেকে মন্দিরের ভেতর ঢুকে যাবে।’

‘আর হিরোইন ?’

‘হিরোইন সাইডের একটা কেভের মধ্যে রয়েছে। ওখানে ভিলেন ওকে অ্যাটাক করছে। হিরো এসে পড়েছে, ভিলেন পালাচ্ছে। ক্লাইম্যাক্স মন্দিরের চুড়োয়।’

‘চুড়োয় !’

‘চুড়োয়।’

‘পরিচালক কে ?’

‘মোহন শর্মা। কিন্তু এই শুটিংটায় থাকছে ফাইট ডাইরেক্টর আপ্লারাও।’

আরও জিঙ্গেস করে জানলাম যে শুটিং হতে হতে দশটা, আর দুপুরেই কাজ শেষ। তার মানে আজকের দিনটা এরাই কৈলাসটা দখল করে রাখবে।


‘তাজ্জব ব্যাপার !’ ফেলুদা বলল। —‘এই পারমিশনটা পাওয়া কীভাবে সম্ভব হল জানতে ইচ্ছে করে। টাকায় কীই না করে।’

ভেতরে না ঢুকতে পারলেও কাল রাত্রে যেখানে পাহাড়ের উপরে খাদের পাশটায় গিয়েছিলাম, সেখানে যেতে আশা করি কোনও অসুবিধা নেই। তাই ভেবে কৈলাসের বাঁ দিক দিয়ে আমরা উপরে উঠতে লাগলাম।

কিন্তু সে গুড়েও বালি। আমাদের আগেই ফিল্মের দলের কিছু লোক সেখানে হাজির হয়ে গেছে। তার মধ্যে একজন বোধহয় ক্যামেরাম্যান, কারণ সে ডান হাতের আঙুলগুলো ফুটোস্কোপের মতো করে চোখের সামনে পাকিয়ে ধরে মন্দিরের চুড়োর দিকে দেখছে। মন্দিরের ভিতর কিন্তু এখনও কোনও লোক ঢোকেনি। নীচে থাকতেই জেনেছিলাম পারমিশনের চিঠিটা নাকি অন্য গাড়িতে আসছে। দারোয়ান যতক্ষণ না চিঠিটা দেখছে ততক্ষণ কাউকে ভিতরে ঢুকতে দেবে না।

ফেলুদা জিভ দিয়ে বিরক্তিসূচক একটা শব্দ করে বলল, ‘সময় নষ্ট করে লাভ নেই। এরা আমাদের কাজটা পণ্ড করতেই এসেছে। চল, একবার পনেরো নম্বর গুহাটায় যাই—ভাল মূর্তি আছে। এই উদাত্ত পরিবেশে ফিল্ম কোম্পানির কচকচি ভাল লাগছে না।’

আমরা যেদিক দিয়ে উঠেছিলাম তার উলটোদিক দিয়ে নেমে পনেরো নম্বর গুহার দিকে



যাচ্ছি, এমন সময় দেখলাম মেন রোড দিয়ে একটা প্রকাণ্ড হলদে আমেরিকান গাড়ি কৈলাসের দিকে আসছে। বুঝলাম হিরো হিরোইন ভিলেন আর ফাইট ডাইরেk্টর এসে গেছেন।

পনেরো নম্বর গুহাই হল দশাবতার গুহা। তার সামনে পৌঁছানোর আগেই দুই অবতারের সঙ্গে দেখা হয়ে গেল। একজন হলেন মিস্টার রক্ষিত, আর অন্যজন মিস্টার ল্যুইসন। গুহার মুখটাতে দাঁড়িয়ে কথা বলছেন দুজন, তার মধ্যে দ্বিতীয়টিকে বেশ উত্তেজিত বলে মনে হল। আমরা একটু এগিয়ে যেতেই কথা বন্ধ হয়ে গেল, আর আমেরিকানটি, ‘আই সি নো পয়েন্ট ইন মাই স্টেইং হিয়ার এনি লঙ্গার’ বলে আমাদের পাশ দিয়ে বেরিয়ে চলে গেলেন।

মিস্টার রক্ষিত আমাদের দিকে এগিয়ে এসে ঘাড় ঝাঁকুনি দিয়ে তেতো হাসি হেসে বললেন, ‘এখানকার অ্যারেঞ্জমেন্ট সম্বন্ধে কমপ্লেন করছিল। বলছে ডিমটা পর্যন্ত ঠিক করে ভাজতে জানে না, আর আশা করে যে আমরা এখানে এসে ডলার ঢেলে দিয়ে যাব। টাকার গরম আর কী!’

ফেলুদা বলল, ‘আশ্চর্য তো। শুনেছিলাম আটের সমঝদার, আর এখানে এসে ডিম ভাজার কথাটাই মনে হল?’

লালমোহনবাবু বললেন, ‘আমেরিকায় ডিম কী করে ভাজে মশাই?’

রক্ষিত কী জানি একটা উত্তর দিতে গিয়ে আর দিতে পারলেন না। কৈলাসের দিক থেকে একটা বিকট চিংকার এসে আমাদের সকলেরই পিঁলে চমকে দিয়েছে। লালমোহনবাবু পরমুহূর্তেই নিজেকে সামলে নিয়ে লাফিয়ে উঠে বললেন, ‘ফাইট শুরু হয়ে গেছে মশাই! ভিলেন চ্যাঁচাচ্ছে!’

চিংকারের পর আরও অন্য গলায় চ্যাঁচামেচি শুরু হয়েছে। ফাইট হলে এত লোক চ্যাঁচাবে কেন? আমরা ফেলুদার পিছন পিছন ব্যস্তভাবে কৈলাসের দিকে এগিয়ে গেলাম। এত ছোটোছুট গোলমাল কীসের জন্য?

যখন গেটের কাছাকাছি এসে গেছি তখন দেখলাম চার-পাঁচজন লোক চ্যাঁদোলা করে একটি বেগুনি হাওয়াইয়ান শার্ট পরা লোককে হলদে গাড়িটার দিকে নিয়ে গেল। তারপর বেরিয়ে এল হিরো হিরোইন আর ভিলেন। এদের তিনজনেরই মুখ চেনা। রূপা অর্জুনের কাঁধে ভর করে এগিয়ে আসছে, বলবন্ত তাদের পাশেই মাথা হেঁট করে রূপার কাঁধে একটা হাত দিয়ে যেন তাকে সাব্বনা দিচ্ছে। এবারে সেই বাঙালি ছেলেটিকে দেখে আমরা চারজনেই তার দিকে এগিয়ে গেলাম।

‘কী হয়েছে মশাই?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

‘লাশ পড়ে আছে মন্দিরের পেছন দিকে...হরিবল ব্যাপার...হাড়াগোড় সব...’

‘চ্যাঁদোলা করে নিয়ে গেল কাকে?’

‘আপ্লারাত। উনিই প্রথম দেখলেন, আর দেখেই সেন্সলেস।’

ফেলুদা আর মিস্টার রক্ষিত আগেই মন্দিরে ঢুকে গিয়েছিল। এবার আমরা দুজনও গেলাম। ফিল্মের লোকজন সব বেরিয়ে আসছে, বুঝলাম শুটিং আর হবে না।

মন্দিরের বাঁ দিকের প্যাসেজ দিয়ে আমরা এগিয়ে চলেছি, ডানদিকে কৈলাসের নীচের দিকটায় সারি সারি হাতি আর সিংহের মূর্তি; মনে হয় তারাই যেন মন্দিরটাকে কাঁধে করে রয়েছে। সামনে মোড় ঘুরে ডান দিকে গিয়েই বোধহয় মৃতদেহ, কারণ সেখানে কিছু লোক দাঁড়িয়ে নীচের দিকে চেয়ে রয়েছে। আমরা পৌঁছানোর আগেই মিস্টার রক্ষিত ভিড় থেকে বেরিয়ে আমাদের দিকে এগিয়ে এসে বললেন, ‘ওদিকে যাবেন না। বিস্তী ব্যাপার।’ আমরাও যে খুব একটা যাবার ইচ্ছে ছিল তা নয়, কারণ এ ধরনের রক্তাক্ত দৃশ্য দেখতে ভাল

লাগে না ; তবু কে মায়া গেছে জানার ভীষণ কৌতূহল হচ্ছিল । সে কৌতূহলটা মিটিয়ে দিল ফেলুদা । মিস্টার রক্ষিত চলে আসবার এক মিনিটের মধ্যেই ফেলুদাও ফিরে এসে বলল, ‘শুভঙ্কর বোস । মনে হয় পাহাড়ের উপর থেকে সোজা পড়েছেন পাথরের মাটিতে ।’

লালমোহনবাবু শুনলাম বিড়বিড় করে বলছেন, ‘আশ্চর্য । ঠিক এইভাবেই মরবার কথা ঘনশ্যাম কর্কটের ।’

ফেলুদা আবার বাইরের দিকে চলেছে, আমরা দুজন তার পিছনে । মিস্টার রক্ষিত এগিয়ে গিয়েছিলেন, আমাদের আসতে দেখে থেমে বললেন, ‘কাল রাত্রে যখন এদিকটায় বেড়াতে আসি, তখনই দেখলাম ভদ্রলোক পাহাড়ের উপর উঠছেন । আমি বারণ করেছিলাম । ভদ্রলোক আমার কথায় কানই দিলেন না । তখন কি জানি যে লোকটা আত্মহত্যা করতে যাচ্ছে ?’

মিস্টার রক্ষিত চলে গেলেন । একটা নতুন কথা বলে গেলেন বটে ভদ্রলোক । আত্মহত্যার কথাটা আমার মনেই হয়নি । ফেলুদা মিস্টার রক্ষিতের কথায় যেন আমল না দিয়েই আবার কৈলাসের বাঁ দিক দিয়ে পাহাড়ে উঠতে আরম্ভ করল ।

আধঘণ্টা আগেই দেখেছিলাম খাদের পাশে লোকজন দাঁড়িয়ে আছে, এখন দেখছি একটা লোকও নেই । মনে মনে বললাম শুভঙ্কর বোস মরে গিয়ে আমাদের কাজের সুবিধে করে দিয়েছেন ।

ফেলুদা দেখলাম বেশ বেপরোয়াভাবে এগিয়ে গিয়ে খাদের ধারে দাঁড়িয়ে ঘাড় নিচু করে মন্দিরের পিছনে যেখানে মৃতদেহ পড়ে আছে সেখানটা দেখছে । যেখান থেকে পড়েছেন শুভঙ্কর বোস, সেই জায়গাটা আন্দাজ করে ও খাদের আশপাশটা খুব ভাল করে দেখতে লাগল ।

মাটিতে একটা গর্ত । লোক চলাচলে মাটি ঢুকে সেটা খানিকটা বুজে এসেছে, কিন্তু তাও ব্যাং থেকে ভাঁজ করা স্কেলটা খুলে তার মধ্যে ঢোকাতে সেটা প্রায় দেড় হাত ভেতরে চলে গেল । গর্তটা খাদ থেকে হাত তিনেক দূরে । এবার ফেলুদা গর্তটার ঠিক সামনে খাদের ধারটা পরীক্ষা করতে লাগল । আমি আর লালমোহনবাবুও দেখছি আর বেশ বুঝতে পারছি কোন জিনিসটা ফেলুদার দৃষ্টি আকর্ষণ করেছে ।

খাদের ধারের মাটির উপর একটা গভীর খাঁজ পড়েছে ।

‘কিছু বুঝতে পারছিস, তোপসে ?’ ফেলুদা জিজ্ঞেস করল । আমি চুপ করে আছি দেখে সে নিজেই উত্তর দিল—

‘এটা দড়ির দাগ । একটা শাবল গোছের জিনিস গভীরভাবে পুঁতে সেটায় একটা দড়ি বেঁধে খাদের ভিতর ঝুলিয়ে সেটা ধরে কেউ নেমেছিল বা নামতে চেষ্টা করেছিল । কাল রাত্রে খস খস শব্দটা মনে পড়ছে ? সেটা ছিল দড়িটাকে টেনে তোলার শব্দ । সামনে দিয়ে ঢোকার উপায় নেই, তাই পিছন দিয়ে ঢোকার এই ব্যবস্থা ।’

লালমোহনবাবু বললেন, ‘কিন্তু দড়ি হলে...একশো ফুট...মানুষ ধরে নামবে...সে তো মোক্ষম দড়ি হতে হবে মশাই ।’

‘নাইলনের দড়ি । হালকা, অথচ প্রচণ্ড শক্ত’, বলল ফেলুদা ।

আমি বললাম, ‘তার মানে তো শুভঙ্কর বোস ছাড়া আরেকজন লোক ছিল !’

‘ন্যাচারেলি । সেই লোকই দড়ি টেনে তুলেছে, সেই শাবল-দড়ি সরিয়ে ফেলেছে । সে শুভঙ্কর বোসের শত্রু বা মিত্র সেটা এখনও যোলো আনা নিশ্চিতভাবে বলা যায় না, তবে একটা কারণে শত্রু বলেই মনে হয় ।’

আমরা ফেলুদার দিকে চাইলাম । ফেলুদা তার শার্টের পকেটে হাত ঢুকিয়ে একটা ছোট্ট

জিনিস বার করে হাতের তেলোয় ধরে আমাদের দেখাল ।

একটা ছেঁড়া কাপড়ের টুকরো । নীল রঙের কাপড় । কাল কাকে দেখেছি নীল শার্ট গায়ে ?

মিস্টার জয়ন্ত মল্লিক ।

‘কোথায় পেলে ওটা ?’—কাঁপা গলায় জিজ্ঞেস করলাম । ফেলুদা বলল, ‘উপুড় হয়ে পড়েছিল শুভঙ্কর বোস । হাত দুটো ছড়ানো । বাঁ হাতটা মুঠো অবস্থায় । দু আঙুলের মাঝখান দিয়ে টুকরোটা বেরিয়ে ছিল । দুজনে ধস্তাধস্তি হয় খাদের ধারে । শুভঙ্কর শার্ট খামচিয়ে ধরে । তারপর পড়ে যায় । টুকরোটা হাতে ছিঁড়ে আসে ।’

‘ওপর থেকে ঠেলে ফেলে দিয়েছিল কি ?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন । ‘তত্বার মানে তো ম-মার্জারি !’

ফেলুদা লালমোহনবাবুর কথায় কোনও মন্তব্য না করে গম্ভীরভাবে বলল, ‘একটা কথা বলতেই হবে—কৈলাস এখনও অক্ষত রয়েছে, আর সেটার জন্য দায়ী শুভঙ্কর বোস । তিনি মরলেন বলেই মূর্তি চোরকে কাজ না সেরেই পালাতে হল । আর সেই সঙ্গে লালমোহনবাবুর ভবিষ্যদ্বাণীও ফলে গেল । কৈলাসে সত্যিই লাশ পাওয়া গেল !’

৯

খাদের মাথা থেকে যখন নীচে নামলাম ততক্ষণে ফিল্ম কোম্পানির লোকেরা সরে পড়েছে । তার বদলে এখন স্থানীয় লোকের ভিড় । আর আমেরিকান গাড়ির বদলে রয়েছে একটা জিপ । একজন বছর পঁয়ত্রিশের স্মার্ট ভদ্রলোক ফেলুদাকে দেখে এগিয়ে এলেন । ইনিই নাকি মিস্টার কুলকার্নি—টুরিস্ট গেস্ট হাউসের ম্যানেজার । ফেলুদার সঙ্গে ইংরেজিতে কথা হল । ভদ্রলোক বললেন, ‘কাল রাতে যে মিস্টার বোস ফেরেননি সেটা আজ ভোরে জানা গেছে । একটি বেয়ারাকে পাঠিয়েছিলাম ওর খোঁজ করতে, সে না পেয়ে হতাশ হয়ে ফিরে আসে ।’

‘এখন কী ব্যবস্থা হচ্ছে ?’ ফেলুদা প্রশ্ন করল । কুলকার্নি বললেন, ‘আওরঙ্গাবাদে খবর পাঠানো হয়েছে । সি ডি ভ্যান আসছে, ডেডবডি মর্গে নিয়ে যাবে । মিস্টার বোসের ভাই আছেন দিল্লিতে । লাশ সনাক্ত করার ব্যাপারে তাকে খবর পাঠানো হচ্ছে । ...ভেরি স্যাড ! ভদ্রলোক সত্যিই পণ্ডিত ছিলেন । আগেও একবার এসেছিলেন—সিকসটি এইটে । গেস্ট হাউসেই ছিলেন । এলোরার ওপর বই লিখছিলেন ।’

‘আপনাদের এখানে থানা নেই ?’

‘একটা পুলিশ আউটপোস্ট আছে । ছোট জায়গা তো ! একজন অ্যাসিস্ট্যান্ট সাব-ইনসপেক্টর চার্জ আছেন । মিস্টার ঘোটে । আপাতত ডেডবডি ইনসপেক্ট করছেন ।’

‘আমার সঙ্গে আলাপ করিয়ে দিতে পারেন ?’

‘সার্টেনলি !...ভাল কথা—’

কুলকার্নি কী যেন একটা গোপনীয় কথা বলতে চাইছেন, কিন্তু আমরা দুজন বাইরের লোক রয়েছে বলে ইতস্তত করছেন । ফেলুদা বলল, ‘আপনি এদের সামনে বলতে পারেন ।’ কুলকার্নি আশ্বস্ত হয়ে বললেন, ‘আজ সকালে বসেতে একটা ট্রাক কল হয়েছে ।’

‘মল্লিক ?’

‘হ্যাঁ ।’

‘কী বলল নোট করেছেন ?’

কুলকার্নি পকেট থেকে একটা কাগজের স্লিপ বার করে সেটা থেকে পড়ে বললেন, ‘মে বালু আছে। আজ রওয়ানা হচি।’

মেয়ে ভাল আছে, আজ রওনা হচ্ছি। আবার সেই মেয়ের ব্যাপার।

‘যাবার কথা বলেছে কিছু?’ ফেলুদা চাপা উত্তেজনার সঙ্গে প্রশ্ন করল।

কুলকার্নি বললেন, ‘উনি তো আজই সকালে যেতে চাইছিলেন, কিন্তু আমি আপনার কথা ভেবেই একটা ফন্দি বার করে যাওয়াটা পিছিয়ে দিয়েছি। ওর ট্যাক্সির ড্রাইভারকে টিপে দিয়েছি। ডিফারেনসিয়াল গণ্ডগোল—গাড়ি সারাতে টাইম লাগবে।’

‘ব্রাভো! আপনি অত্যন্ত বুদ্ধিমানের কাজ করেছেন।’

ফেলুদার তারিফে কুলকার্নির চোখ খুশিতে জ্বলজ্বল করে উঠল। ফেলুদা একটা চারমিনার ধরিয়ে বলল, ‘ভাল কথা—আপনার এই ঘোটে লোকটি কেমন?’

‘বেশ লোক। তবে মনমরা হয়ে থাকে। এ জায়গা তার ভাল লাগে না। কবে প্রোমোশন হবে, আওরঙ্গাবাদে পোস্টেড হবে, তাই দিন গুনছে।... আসুন না, আলাপ করিয়ে দিই।’

মিস্টার ঘোটে কেভ থেকে বেরিয়ে এসেছেন, কাছাকাছির মধ্যেই ছিলেন, কুলকার্নি তাঁকে ডেকে এনে ফেলুদাকে ‘বিখ্যাত প্রাইভেট ডিটেকটিভ’ বলে তাঁর সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। ভদ্রলোক লম্বায় সাড়ে পাঁচ ফুট, চওড়াতেও প্রায় ততখানিই বলে মনে হয়, তার উপরে আবার চার্লি চ্যাপলিনের মতো গোঁফ। কিন্তু মোটা হলে কী হবে, হাঁটাচলা বেশ চটপটে।

ঘোটের সঙ্গে কথা বলার আগে ফেলুদা আমাদের দিকে ফিরে বলল, ‘তোরা বরং বাংলায় ফিরে যা—আমি ভদ্রলোকের সঙ্গে একটু কথা বলে আসছি।’

কী আর করি। গেলাম ফিরে বাংলায়। ভোরে শুধু চা খেয়ে বেরিয়েছিলাম, তাই বেশ খিদে পাচ্ছিল। বারান্দায় গিয়ে চোকিদারকে হাঁক দিয়ে দুজনের জন্য ডিমরাটি করতে বলে দিলাম।

ঘরে ফিরে এসে দেখি লালমোহনবাবু কেমন যেন বোকা বোকা ভাব করে খাটে বসে আছেন। আমাদের দেখে বললেন, ‘আমরা কি বেরোবার সময় ঘরের দরজা বন্ধ করে গিয়েছিলাম?’

আমি বললাম, ‘না তো। নেবার মতো কীই বা আছে বলুন! তা ছাড়া এরা তো সকালবেলা ঘর ঝাড়পোঁছ করে, তাই... কেন, কিছু হারিয়েছে নাকি?’

‘না, কিন্তু জিনিসপত্তর সব ওলটপালট হয়ে আছে। আমার খাটে বসে আমার বাস্তব খেঁটেছে। এই কিছুক্ষণ আগে। খাট এখনও গরম হয়ে আছে। তোমার বাস্তব দেখো তো।’

সুটকেসটা খোলামাত্র বুঝতে পারলাম সেটা কেউ ঘাঁটাঘাঁটি করেছে। যেটা যেখানে ছিল সেটা সেখানে নেই। শুধু বাস্তব না, বালিশ-টালিশও এদিক ওদিক হয়ে আছে। এমন কী খাটের তলাতেও যে খুঁজেছে সেটা আমার চটি জোড়া যেভাবে রাখা হয়েছে তার থেকে বুঝতে পারছি।

লালমোহনবাবু বললেন, ‘কীসের জন্য সবচেয়ে ভয় ছিল জান? আমার নোটবুকটা। সেটা দেখছি নেয়নি।’

‘অন্য কিছু নিয়েছে নাকি?’

‘কই, কিছুই তো নিয়েছে বলে মনে হচ্ছে না। তোমার?’

‘আমারও তাই। কিছুই নেয়নি। যে এসেছিল সে বিশেষ কোনও একটা জিনিস খুঁজতে

এসেছিল। সেটা পায়নি।’

‘একবার চৌকিদারকে জিজ্ঞেস করলে হয় না?’

কিন্তু চৌকিদারকে জিজ্ঞেস করে কোনও ফল হল না। সে বাজার করতে গিয়েছিল, তখন যদি কেউ এসে থাকে। এখানে কোনওদিন কিছু চুরিটুরি যায় না, কাজেই বাইরের লোক এসে ঘরে ঢুকে জিনিসপত্র ঘাঁটাঘাঁটি করে যাবে এটা তার কাছে খুবই আশ্চর্য লাগল।

হঠাৎ মনে হল ফেলুদার ঘরে লোক ঢুকেছিল কি না জানা দরকার। গিয়ে দেখি ফেলুদা দরজা লক করে গেছে। সেটার অবিশ্যি একটা কারণ আছে। ও নিজে ছদ্মবেশে রয়েছে বলে ওর একটু সাবধান হতে হয়। লালমোহনবাবু বললেন, ‘একবার মিস্টার রক্ষিতকে জিজ্ঞেস করবে নাকি?’

কাল রাতে জানালা দিয়ে টর্চের খেলা দেখে আমার এমনই রক্ষিত স্বপ্নে একটা কৌতূহল হচ্ছিল, তাই লালমোহনবাবুর প্রস্তাবটা মেনে নিয়ে দুজনে ভদ্রলোকের দরজায় গিয়ে আঙুলে করে টোকা মারলাম। কয়েক সেকেন্ডের মধ্যেই দরজা খুলে গেল।

‘কী ব্যাপার? ভেতরে এসো।’

ভদ্রলোক যে খুব একটা খুশি খুশি ভাব দেখালেন তা নয়; তাও যখন ডাকছেন তখন গেলাম।

‘আপনার ঘরেও কি লোক ঢুকেছিল?’ লালমোহনবাবু ঢুকেই প্রশ্ন করলেন।

ভদ্রলোক লালমোহনবাবুর দিকে তাকাতেই বুঝলাম ভাবগতিক ভাল না। চাপা অথচ ঝাঁঝালো গলায় বললেন, ‘আপনাকে বলে তো লাভ নেই, কারণ আপনি কানে শোনেন না, কাজেই আপনার ভাগনেটিকেই বলছি।—লোক শুধু ঢোকেনি, আমার একটি অত্যন্ত কাজের জিনিস সযত্নে তুলে নিয়ে গেছে।’

‘কী জিনিস?’ আমি ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম।

‘আমার রেনকোট। বিলিতি রেনকোট। আজ পঁচিশ বছর ধরে ব্যবহার করছি!’

মেজোমামা চুপ। কালা সেজে আছেন। আমি খুব জোরে চৈচিয়ে তাকে খবরটা দিয়ে দিলাম। লালমোহনবাবু বললেন, ‘কাল রাতে নিয়েছিল কি? কাল দেখলুম আপনি কী যেন খুঁজছেন। আপনার টর্চটা...’

‘না। কাল রাতে একটা চামচিকে ঘরে ঢুকেছিল। বাতি নিভিয়ে টর্চ জ্বেলে সেটাকে তাড়াতে চেষ্টা করছিলুম। কাল আমার কোনও জিনিস খোয়া যায়নি। গেছে আজ সকালে। আর আমার ধারণা সেটা নিয়েছে চৌকিদারের ওই ছেলেটা।’

এ কথাটাও চৈচিয়ে মেজোমামাকে শুনিয়ে দিলাম। উনি বললেন, ‘শুনে দুঃখিত হলাম। ছেলেটির দিকে চোখ রাখতে হয় এবার থেকে।’

এর পরে আর কিছু বলার নেই। আমরা ভদ্রলোককে ডিসটার্ব করার জন্য ক্ষমা চেয়ে ঘর থেকে বেরিয়ে এলাম।

চৌকিদার ডিমরুটি এনে দিয়েছিল, দুজনে খাবার ঘরে বসে খেলাম। আমেরিকায় ডিম কী করে ভাজে জানি না, আমাদের এই খুলদাবাদের ডিম ফ্রাই বেশ ভালই লাগছিল। ঘরে কে ঢুকে থাকতে পারে সেটা ভাবতে মনটা খচ খচ করছিল, কিন্তু এখন মনে হচ্ছে সেটা হয়তো সত্যিই চৌকিদারের ওই ছেলেটা। ও মাঝে মাঝে বাংলোর পশ্চিমদিকের মাঠটায় পায়চারি করে, আর পদারি ফাঁক দিয়ে আমাদের দিকে আড়চোখে দেখে, সেটা লক্ষ করেছি।

যদিও ফেলুদা বাংলায় ফিরে যেতে বলেছিল, তার মানে যে ঘরেই বসে থাকতে হবে এমন কোনও কথা আছে কি? চাবি দিয়ে ঘরের দরজা বন্ধ করে আমরা বাংলোর বাইরে রাস্তায় এলাম।

বাংলোর ঠিক সামনে থেকে গেস্ট হাউসটা দেখা যায় না, একটা অচেনা গাছ সামনে পড়ে। গাড়ি স্টার্ট দেবার একটা শব্দ পেয়ে একটু এগিয়ে গেলাম। এবার গেস্ট হাউসটা দেখা যাচ্ছে। আওরঙ্গাবাদ থেকে যে ট্যাক্সিটা মিস্টার রক্ষিত আর লুইসনকে নিয়ে এসেছিল, সেটা যাবার জন্য তৈরি, ছাতের উপর মাল চাপানো রয়েছে, আমেরিকান ক্রোড়পতি মিস্টার স্যাম লুইসন বেয়ারাকে বকশিশ দিচ্ছেন।

কিন্তু ইনি আবার কে ?

আরেকটি লোক গেস্ট হাউস থেকে বেরিয়ে এসেছেন, লুইসনের সঙ্গে হাত নেড়ে কথা বলছেন। লুইসন দুবার মাথা নাড়ল। তার মানে কোনও একটা প্রস্তাবে রাজি হল। এবার অন্য ভদ্রলোকটি আরার গেস্ট হাউসে ঢুকে একটা সুটকেস হাতে নিয়ে বেরোলেন। ড্রাইভার গাড়ির পিছনের ডালা খুলে দিল। বাস্ক ভিতরে ঢুকে গেল। ডালা বন্ধ হল। আমার বুকের ভিতর ভীষণ ধুকপুকুনি। লালমোহনবাবু আমার হাত খামচে ধরলেন।

জয়ন্ত মল্লিক নিজের গাড়ির জন্য অপেক্ষা না করে আমেরিকানের সঙ্গে নিয়ে পালাচ্ছেন।

ড্রাইভার তার জায়গায় গিয়ে বসল।

‘চৌকিদারের সাইকেল!’—আমি চেষ্টা করে উঠলাম।

ট্যাক্সি স্টার্ট দেবার শব্দ পেলাম।

আমি উর্ধ্বশ্বাসে দৌড়ে গিয়ে কোনও রকমে টেনে হিঁচড়ে সাইকেলটাকে বাইরে আনলাম।

‘উঠে পড়ুন।’

লালমোহনবাবুর ভাব দেখে মনে হল তিনি জীবনে এই প্রথম সাইকেলের পিছনে চাপলেন। আমি জানি অন্য সময় হলে চাপতেন না—কিন্তু অপরাধী পালিয়ে যাচ্ছে, এ ছাড়া গতি নেই।

ট্যাক্সি বেরিয়ে চলে গেছে। আমি প্রাণপণে পেডাল করে চলেছি। জটায়ু আমার কোমর খামচে ধরেছেন। সাত বছর বয়সে সাইকেল চালাতে শিখেছি। ফেলুদাই শিখিয়েছিল। অ্যাদিনে সেটা কাজে দিল।

বিশ মিনিটের পথ পাঁচ মিনিটে পৌঁছে গেলাম। ওই যে ফেলুদা—ওই যে ঘোটে, কুলকার্নি।

‘ফেলুদা! মিস্টার মল্লিক পালিয়েছেন—সেই আমেরিকানের ট্যাক্সিতে—এই পাঁচ মিনিট আগে!’

এই একটা খবরের দরুন কয়েক মুহূর্তের মধ্যে এত রকম ঘটনা ঘটে গেল যে, এখনও ভাবতে মাথা ভোঁ ভোঁ করে। জিপও যে ইচ্ছে করলে ঘণ্টায় ষাট মাইল স্পিডে ছুটতে পারে সেটা এই প্রথম জানলাম। আমি আর জটায়ু পিছনে ঘাপটি মেরে বসে আছি, সামনে ড্রাইভারের পাশে ঘোটে আর ফেলুদা, দেখতে দেখতে ট্যাক্সি কাছে চলে আসছে, তারপর হর্ন দিতে দিতে সেটাকে ছাড়িয়ে এগিয়ে গিয়ে থামল, ক্রোড়পতি লুইসনের চোখরাঙানি আর বাছাই বাছাই মার্কিনি গালির বিস্ফোরণ, আর তারই মধ্যে মল্লিকের ফ্যাকাসে মুখ, একবার বাধা দিতে গিয়ে কেঁচো হয়ে যাওয়া, আর তারপর ঘোটে তার সুটকেস খুলল, আর তা থেকে টার্কিশ টাওয়েলের প্যাঁচ খুলে বেরোল যক্ষীর মাথা, আর লালমোহনবাবুর হাঁফ ছেড়ে বলা এন্ডস ওয়েল দ্যাট অলস ওয়েল, আর লুইসনের হাঁ হয়ে যাওয়া আর দুবার ‘বাট...বাট’ বলা, আর সবশেষে লুইসন ট্যাক্সি করে আওরঙ্গাবাদ, আর আমরা বামাল সমেত চোর গ্রেপ্তার করে খুলদাবাদ।

মল্লিক অবিশ্যি এখন ঘোটের জিম্মায়। অর্থাৎ তিনি এখন খুলদাবাদ পুলিশ

আউটপোস্টের বাসিন্দা। ভদ্রলোক এত হতভম্ব হয়ে গিয়েছিলেন যে, কোনও কথাই বলতে পারেননি।

ঘোটে আমাদের গেস্ট হাউসে নামিয়ে দিলেন, কারণ কুলকার্নি ওখানে উৎসুক হয়ে অপেক্ষা করছিলেন। ‘মিশন সাকসেসফুল’ শুনে কুলকার্নি অবিশ্যি দারুণ খুশি হলেন, কিন্তু ফেলুদা যেন তার উৎসাহে খানিকটা ঠাণ্ডা জল ঢেলেই বলল যে, এখনও কাজ বাকি আছে।—‘আর তা ছাড়া আপনি বস্ত্রের ওই নাস্বারটা নিয়ে কিন্তু এনকোয়ারিটা করবেন, আর খবর পেলেই আমাকে জানাবেন।’

শেষের ইনস্ট্রাকশনটার ঠিক মানে বোঝা গেল না, তবে এটা নিয়ে মাথা ঘামানোর কোনও প্রয়োজন আছে বলেও মনে হল না।

কুলকার্নি সকলের জন্য কফি বলেছিলেন, সেটা খেতে খেতে হঠাৎ মনে পড়ল আমাদের ঘরে যে লোক ঢুকে জিনিসপত্তর ঘাঁটাঘাঁটি করেছে, আর রক্ষিতের ঘর থেকে রেনকোট চুরি গেছে, সে খবরটা ফেলুদাকে দেওয়া হয়নি। সেটা ওকে বলাতে ও কয়েক মুহূর্ত ভ্রুকুটি করে ভাবল। তারপর কুলকার্নিকে জিজ্ঞেস করল চৌকিদার লোকটি কেমন।

‘কে, মোহনলাল? ভেরি গুড ম্যান। সতেরো বছর চৌকিদারি করেছে, কোনও দিন কেউ কমপ্লেইন করেনি।’

ফেলুদা আরেকটু ভেবে বলল, ‘কোনও জিনিস নেয়নি বলছিস?’

আমি বেশ জোরের সঙ্গে মাথা নেড়ে না বললাম, আর সেই সঙ্গে এটাও বললাম যে রক্ষিত চৌকিদারের ছেলেকে সন্দেহ করছে।

‘চলুন, লালমোহনবাবু—আপনি বলছেন লোকটা আপনার খাটে বসে খাট গরম করে দিয়েছিল—আপনার বাস্ত্রে কী আছে একবার দেখে আসি। আমরা চলি, মিস্টার কুলকার্নি। এটা আপাতত আপনার জিস্মাতেই থাক।’

তোয়ালেতে মোড়া যক্ষীর মাথাটা ফেলুদা কুলকার্নিকে দিয়ে দিল। তিনি সেটা তাঁর আপিসের সিন্দুকে ঢুকিয়ে দিয়ে তাতে চাবি দিয়ে দিলেন। ফেলুদা বলে এল সে অক্লম্পণের মধ্যেই ফিরবে।

বাংলোয় এসে আমাদের ঘরের দরজা বন্ধ করে ফেলুদা আমার আর লালমোহনবাবুর জিনিস খুব ভাল করে ঘেঁটে দেখল। জামাকাপড় ছাড়া লালমোহনবাবুর সুটকেসে যা ছিল তা হল একটা হোমিওপ্যাথিক ওষুধের বাস্ক, দু খণ্ড অপরাধ-বিজ্ঞান, তাঁর নোটবুক, আর বেলুচিস্তানের বিষয়ে একটা ইংরিজি বই। নোটবুকটা ফেলুদা এতক্ষণ ধরে উলটে পালটে দেখল কেন সেটা বুঝতে পারলাম না। সব দেখাটেখা হয়ে গেলে বলল, ‘যা আন্দাজ করছি তা যদি ঠিক হয়, তা হলে এসপার ওসপার যা হবার আজই হবে। আর তাই যদি হয়, তা হলে মনে হচ্ছে তোদের একটা জরুরি ভূমিকা নিতে হবে। সব সময় মনে রাখবি যে আমি আছি পেছনে, ভয়ের কিছু নেই। মল্লিকের অ্যারেস্টের কথা কাউকে বলবি না, এখন ঘর থেকে বেরোবি না। এমনিতেও হয়তো বেরোতে পারবি না, কারণ, মনে হয় বৃষ্টি আসছে।’

ফেলুদা কথাগুলো বলতে বলতে জানালার দিকে মুখ ফিরিয়েছিল, এখন দেখলাম ও নিঃশব্দে হেঁটে জানালার কাছটায় গিয়ে দাঁড়াল। আমারও চোখ গেল জানালার দিকে। এটা পশ্চিম দিক। এদিকে খানিক দূর ঘাস জমির পরে কতগুলো বড় বড় গাছ, তার মধ্যে ইউক্যালিপটাস গাছটা আমার চেনা। একজন লোককে গাছপালার পিছন থেকে বেরিয়ে এসে ঘাস পেরিয়ে আমাদের বাংলোর সামনের দিকে চলে আসতে দেখলাম। তার এক মিনিট পরেই লোকটা আমাদের খাবার ঘরে এসে ঢুকল, আর তার পরেই একটা দরজা চাবি দিয়ে খোলা, আর তারপর সেটাকে ভিতর থেকে বন্ধ করার শব্দ পেলাম।

ফেলুদা দুবার মাথা নেড়ে চাপা গলায় বলল—‘ঠিক আছে, ঠিক আছে।’

লোকটা আর কেউ নন—আমাদের প্রতিবেশী মিস্টার রক্ষিত।

‘আমার কাছ থেকে সময় মতো নির্দেশ পাবি, সেই অনুযায়ী কাজ করবি।’

এই শেষ কথাটুকু বলে ফেলুদা ঘর থেকে বেরিয়ে চলে গেল।

আমরা দুজনে ঘরে বসে রইলাম। বাইরে মেঘের গর্জন শোনা যাচ্ছে। বোধহয় কালো মেঘে সূর্যটা ঢেকে দিয়েছে বলে আলো কমে এসেছে।

বসে থাকতে থাকতে হঠাৎ কেন জানি মনে হল যে, মিস্টার রক্ষিতের চেয়ে বেশি রহস্যময় লোক আর কেউ নেই, কারণ ওর সম্বন্ধে আমরা প্রায় কিছুই জানতে পারিনি।

আর মল্লিক? মল্লিক সম্বন্ধেও কি সব জেনে ফেলেছি?

জানি না। হঠাৎ মনে হচ্ছে কিছুই জানি না। মনে হচ্ছে যে অন্ধকারে ছিলাম, এখনও সেই অন্ধকারেই আছি।

১০

বারোটোর পর থেকেই তুমুল বৃষ্টি শুরু হল, আর তার সঙ্গে মেঘের গর্জন। ফেলুদা বলে গেছে আজকেই ক্লাইম্যাক্স, আর তাতে আমাদের হয়তো একটা ভূমিকা নিতে হবে। আমার কাছে সবই অন্ধকার, লালমোহনবাবুর কাছেও তাই। কাজেই ভূমিকাটা যে কী হতে পারে সেটা ভেবে কোনও লাভ নেই। মল্লিক অ্যারেস্টেড, যক্ষীর মাথা সিন্দুকে বন্দি, এর পরেও যে আর কী ঘটনা থাকতে পারে সেটা ভেবে বার করার সাধি আমাদের নেই।

একটার সময় চৌকিদার এসে বলল খানা তৈয়ার হ্যাঁ। ফেলুদাকে ছাড়াই খেতে গেলাম। সে নিশ্চয়ই গেস্ট হাউসের বাবুটির রান্না খাচ্ছে। আমরা দুজনে টেবিলে বসার কয়েক মিনিটের মধ্যেই মিস্টার রক্ষিতও এসে পড়লেন। সকালে তাকে গোমড়া মনে হচ্ছিল, এখন দেখছি বেশ স্বাভাবিক মেজাজ। বললেন, ‘এমন দিনে চাই খিচুড়ি। বাংলাদেশের খিচুড়ি কি আর এরা করতে জানে? সঙ্গে ইলিশ মাছ ভাজা, ডিমের বড়া, বেগুনি...এ খাওয়ার জুড়ি নেই। এলাহাবাদেও আমি বাংলাদেশের অভ্যাস ছাড়িনি।’ ভদ্রলোক যে খেতে ভালবাসেন সেটা বেশ বোঝা যায়। লালমোহনবাবুও তাঁর চেহারার অনুপাতে ভালই খান, তবে এখানের চালে কাঁকরটা তাঁর একেবারেই বরদাস্ত হচ্ছে না। দাঁতে পড়লেই এমন ভাব করছেন যেন মাথায় বাজ পড়ল।

ডালটা শেষ করে যখন মাংসটা পাতে ঢেলেছি তখন একটা গাড়ির আওয়াজ পেলাম। আর তারপরেই খানখ্যানে গলায় ‘চৌকিদার’ বলে একটা হাঁক। চৌকিদার ব্যস্তভাবে একটা ছাতা নিয়ে বাইরে চলে গেল। মিস্টার রক্ষিত হাতের রুটিতে মাংস পুরে মুখে দিয়ে বললেন, ‘এই দুর্যোগের দিনে আবার টুরিস্ট।’

সাদা গাউন সাদা ফ্রেঞ্চকাট দাড়িওয়ালা চশমা পরা একজন ভদ্রলোক বর্ষাতি খুলতে খুলতে ভেতরে এসে ঢুকলেন। পিছনে চৌকিদার, তার হাতে কুমিরের চামড়ার একটা আদিকালের স্টকেস। ভদ্রলোক হিন্দিতে বলে দিলেন তিনি লাঞ্চ করে এসেছেন, তার জন্যে আর কোনও হ্যাপ্পাম করতে হবে না। তারপর আমাদের দিকে ফিরে বাংলায় বললেন, ‘কাকে নাকি অ্যারেস্ট করেছে শুনলাম?’

ফেলুদার বারণ, তাই আমরা বোকার মতো চুপ করে রইলাম। রক্ষিত যেন একটু অবাক হয়েই বললেন, ‘কাকে? কখন?’

‘সাম ভ্যাডাল। গুহার ভেতর থেকে মূর্তির মুণ্ডু ভেঙে নিচ্ছিল—ধরা পড়েছে। অ্যাদ্দুর



এসে যদি দেখি কেভে ঢুকতে দিচ্ছে না তা হলেই তো চিৎরি। আপনারা এখনও কিছু শোনেননি ?

রক্ষিত বললেন, 'এখনও খবরটা এসে পৌঁছয়নি বাংলায়।'

'এনিওয়ে—ধরা যে পড়েছে সেইটেই বড় কথা। এখানকার পুলিশের এলেম আছে বলতে হবে।'

ভদ্রলোক তাঁর ঘরে ঢুকে যাবার বেশ কিছুক্ষণ পর অবধি শুনলাম তিনি আপন মনে বকবক করছেন। ছিটগ্রস্ত।

আড়াইটে নাগাদ বৃষ্টি থামল।

তিনটের কিছু পরে পশ্চিমের জানালা দিয়ে 'দেখলাম সেই ফ্রেঞ্চকাট দাড়ি দূরের ইউক্যালিপটাস গাছটার দিকে যাচ্ছে।

পাঁচ মিনিট পরে দেখলাম তিনি ফিরে আসছেন।

প্রায় সাড়ে চারটের সময় যখন চা নিয়ে এল তখন হঠাৎ খেয়াল করলাম যে দরজার সামনে মেঝেতে একটা ভাঁজ করা সাদা কাগজ পড়ে আছে। খুলে দেখলাম সেটা ফেলুদার মেসেজ—

'পনেরো নম্বর গুহায় যাবি সন্ধ্যা সাতটায়। দোতলায় দক্ষিণ-পূর্ব কোণে অপেক্ষা করবি।'

ফেলুদা নেপথ্যে থেকে ক্যামপেন চালিয়ে যাচ্ছে। এ এক নতুন ব্যাপার বটে।

এ জিনিস এর আগে কখনও হয়নি।

বৃষ্টি আর নামেনি। সাড়ে ছটায় যখন বাংলা থেকে বেরোছি তখন ফ্রেঞ্চকাট আর রক্ষিত দু জনেই যে-যার ঘরে রয়েছে, কারণ দুটো ঘরেই বাতি জ্বলছে। রাস্তায় বেরিয়ে এসে লালমোহনবাবু বার আষ্টেক বিড়বিড় করে দুর্গা দুর্গা বললেন। আমার নিজের মনের ভাব আমি লিখে বোঝাতে পারব না, তাই চেষ্টাও করব না। হাত দুটো ঠাণ্ডা হয়ে গিয়েছিল তাই

পকেটের ভিতর গুঁজে দিলাম ।

সাতটা বাজতে দশ মিনিটে আমরা কৈলাসের কাছে পৌঁছলাম । পশ্চিমের আকাশে এখনও যথেষ্ট আলো রয়েছে, কারণ জুন মাসে এখানে সাড়ে ছটার পরে সূর্যাস্ত হয় । যদিকে পাহাড় আর গুহা সেদিকটা অন্ধকার হয়ে এসেছে, তবে আকাশে মেঘ নেই ।

আমরা কৈলাস থেকে ডানদিকে মোড় নিলাম । পরের গুহাটাই পনেরো নম্বর গুহা । দশাবতার গুহা । খাদের উপর থেকে এরই সামনে ফেলুদা নুড়ি পাথর ফেলেছিল ।

গুহার সামনে পাহারা নেই । আমরা দুজনে এগিয়ে গেলাম । প্রথমে একটা প্রকাণ্ড চাতাল, তার মাঝখানে একটা ছোট্ট মন্দির । আশেপাশে দেখার সময় নেই, তাই আমরা চাতাল পেরিয়ে বেশ কয়েক ধাপ সিঁড়ি উঠে গুহার মধ্যে ঢুকলাম ।

এটা নীচের তলা । আমাদের যেতে হবে দোতলায় । সঙ্গে টর্চ আছে, কিন্তু এখনও তার প্রয়োজন হচ্ছে না । উত্তর-পশ্চিম কোণে দোতলায় ওঠার সিঁড়ি । আর কেউ গুহার মধ্যে আছে কি না জানি না, তাই যতটা সম্ভব শব্দ না করে আমরা দোতলায় উঠতে লাগলাম ।

দেড়তলায় উঠে একটা খোলা জায়গা । সেখানে দেয়ালের গায়ে দেবদেবীর মূর্তি রয়েছে । আরও খানিকটা উঠে গিয়ে আমরা তিন দিক বন্ধ একটা প্রকাণ্ড হল ঘরে পৌঁছলাম । সারি সারি কারুকার্য করা থাম হলের ছাতটাকে মাথায় নিয়ে দাঁড়িয়ে আছে । উত্তর আর দক্ষিণের দেয়ালে আশ্চর্য সব পৌরাণিক দৃশ্য খোদাই করা ।

ফেলুদার নির্দেশ অনুযায়ী আমরা দক্ষিণ-পূর্ব কোণের দিকে এগিয়ে চললাম । এদিকটা ক্রমে আলো থেকে দূরে সরে এসেছে, তাই টর্চ জ্বালতে হল । নিশ্চয় আর কেউ নেই, অন্তত শত্রুপক্ষের কেউ নেই, না হলে ফেলুদা আমাদের আসতে বলত না—এই ভরসাতেই আমরা টর্চ জ্বেলেছি । ওই যে থামের ডানদিকের পিছনে দেখা যাচ্ছে অন্ধকার ঘুপচি কোণ ।

আমরা এগিয়ে গেলাম । নীচে সিঁড়ি ওঠার আগেই পা থেকে স্যান্ডাল খুলে নিয়েছিলাম, এখন দেখছি পাথর বেশ ঠাণ্ডা । জায়গায় পৌঁছে আবার স্যান্ডাল পরে নিলাম । তেরোশো বছর আগে পাহাড়ের গা কেটে তৈরি খোদাই করা পৌরাণিক দৃশ্যে ভরা গুহার ভেতর কী ঘটনা ঘটতে যাচ্ছে তার কোনও ধারণা এখন পর্যন্ত করে উঠতে পারিনি ।

কতক্ষণ অপেক্ষা করতে হবে জানি না ; একটানা দাঁড়িয়ে থাকলে পা ধরে যাবে বলে আমরা দুজনেই গুহার কোণে দেয়ালে ঠেস দিয়ে বসেছি, এমন সময় একটি জিনিসে চোখ পড়তে বুকের ভিতরটা ধক করে উঠল ।

আমাদের সামনে হাত পাঁচেক দূরে একটা থামের পাশে আবছা অন্ধকারে একটা আলগা জিনিস পড়ে আছে । একটা লাল রঙের জিনিস । আর তার তলায় চাপা দেওয়া একটা চৌকো সাদা জিনিস ।

লালমোহনবাবু ফিস ফিস করে বললেন, ‘একটা কাগজ বলে মনে হচ্ছে ।’

দুজনে এগিয়ে গিয়ে যা দেখলাম তাতে মাথাটা বেশ কয়েকবার ঘুরে গেল, আর সেই সঙ্গে রহস্যটাও আরও ভালভাবে জট পাকিয়ে গেল ।

তলার জিনিসটা কাগজই বটে, আর পেপার ওয়েট-টা হল—ভুবনেশ্বরের যক্ষীর মাথা !—যেটা আজই সকালে মল্লিকের সুটকেস থেকে বেরিয়ে কুলকার্নির সিঁদুক লুকিয়ে ছিল ।

অন্ধকার বেশ বেড়েছে, তাই কাগজের লেখাটা পড়তে আবার টর্চ জ্বালতে হল । —

‘মাথাটা আপনার কাছে রাখুন । চাইলে দিয়ে দেবেন ।’

এটা ফেলুদা লালমোহনবাবুকে উদ্দেশ্য করে লিখেছে । লালমোহনবাবু ধরা গলায় ‘জয় মা তারা’ বলে মাথাটাকে দুহাতে তুলে নিয়ে বগলদাবা করে নিজের জায়গায় নিয়ে এলেন ।

আমি কাগজটা পকেটে পুরলাম ।

বাইরে ফিকে চাঁদের আলো । থামের ফাঁক দিয়ে পশ্চিমের আকাশ দেখা যাচ্ছে, সে আকাশের রং এখন আশ্চর্যরকম বেগুনি ।

ক্রমে সে রং বদলাল । চাঁদ বোধহয় বেশ ভাল ভাবে উঠেছে । গুহার মধ্যে জমাট বাঁধা অঙ্ককারটা আর নেই ।

‘আটটা !’—লালমোহনবাবু যেন অনেকক্ষণ চেপে রাখা নিশ্বাস ছেড়ে কথাটা বললেন ।

একটা অতি ক্ষীণ শব্দ । সিঁড়ি দিয়ে কে যেন উঠছে । ধীরে ধীরে অতি সাবধানে পা ফেলছে । এইবার শব্দ বদলাল । এবার সমতল মেঝেতে হাঁটছে । এবারে দুই থামের ফাঁক দিয়ে দেখা গেল । লোকটা থেমেছে—এদিক ওদিক দেখছে । একটা খচ শব্দের সঙ্গে সঙ্গে একটা লাইটার জ্বলে উঠল । এক সেকেন্ডের আলো, কিন্তু তাতেই মুখ চেনা হয়ে গেছে ।

জয়ন্ত মল্লিক ।

আবার মাথা গুণগোল হয়ে গেল । এবার যদি মরা মানুষ শুভঙ্কর বোসও এসে হাজির হন তা হলেও আশ্চর্য হব না ।

মল্লিক এগিয়ে এলেন, তবে আমাদের দিকে নয় । তিনি অন্য দিকের কোণে যাচ্ছেন । উত্তর-পূর্ব দিক । ওদিকে গাঢ় অন্ধকার । ভদ্রলোক সেই দিকে এগিয়ে গিয়ে অন্ধকারে হারিয়ে গেলেন ।

আমাদের গলা শুকিয়ে কাঠ হয়ে গেছে, আর আমার মন বলছে—ফেলুদা কোথায় ?...ফেলুদা কোথায় ?...ফেলুদা কোথায় ?... লালমোহনবাবু বাস্তব রহস্যের ঘটনার পর বলেছিলেন ডিটেকটিভ উপন্যাস লেখা ছেড়ে দেবেন, কারণ বাস্তব জীবনে বানানো গল্পের চেয়ে অনেক বেশি অবিশ্বাস্য আর রোমাঞ্চকর সব ঘটনা ঘটে । এই যক্ষীর মাথার ঘটনার পরে উনি কী বলবেন কে জানে !

চাঁদের আলো বেড়েছে । দূরে একটা কুকুর ডাকল । তারপর আরেকটা । তারপর থমথমে চুপ ।

তারপর আরেকটা শব্দ ।

আরেকজন উঠছে সিঁড়ি দিয়ে ।

এবার মেঝে দিয়ে হাঁটছে । এবার দুই থামের ফাঁক দিয়ে দেখা গেল তাকে । এখনও চেনা যাচ্ছে না । এবার সে লোক এগিয়ে এল । এবার আমাদেরই দিকে । প্রায় নিঃশব্দে এগিয়ে আসছে । এক পা এক পা করে ।

হঠাৎ চোখের সামনে চোখধাঁধানো আলো । লোকটা টর্চ জ্বলেছে । শুধু টর্চই দেখছি, লোকটাকে দেখছি না । টর্চটা আমাদের উপর ফেলা । সেটা এগিয়ে এল । থামল । তারপর একটা চেনা গলার স্বর—চাপা, কিন্তু কথাগুলো ভীষণ স্পষ্ট—

‘বামন হয়ে চাঁদে হাত ? অ্যাঁ, বাছাধন ? আবার হুমকি দিয়ে চিঠি লিখতে শেখা হয়েছে ?—দশাবতার গুহার আটটার সময় আসিবেন...সঙ্গে পাঁচশত টাকা আনিবেন...তবে আপনার যাহা খোঁয়া গিয়াছে তাহা পাইবেন, নতুবা...এ সব কোথেকে শেখা হল, ইতিহাসের অধ্যাপক ? কথাগুলো কানে ঢুকছে না, এখনও কালা সেজে বসে আছ ? এই ব্যাপারে তুমি জড়ালে কী করে ? খাতায় আবার নোট করা রয়েছে দেখলাম—ফকার ফ্রেন্ডশিপ ক্র্যাশ, ভুবনেশ্বরের যক্ষী, কৈলাসের মন্দির, প্লেনের টাইম...। আবার সঙ্গে একটা নাবালককে রেখেছ কেন ? ও কি তোমার বডিগার্ড ? আমার ডান হাতে কী আছে দেখতে পাচ্ছ কি ?’

মিস্টার রক্ষিত । এক হাতে পিস্তল, এক হাতে টর্চ ।

লালমোহনবাবু দুবার ‘আমি’ ‘আমি’ বলে থেমে গেলেন । রক্ষিতের চাপা হুমকিতে গুহার ৩৬৮



ভেতরটা কেঁপে উঠল—

‘আমি আমি ছাড়ো ! আসল মাল কোথায় ?’

‘এই যে । আপনার জন্যই...’

লালমোহনবাবু যক্ষীর মাথাটা রক্ষিতের দিকে এগিয়ে দিলেন । ভদ্রলোক পিস্তলের হাত ঠিক রেখে, টর্চের হাত দিয়ে মাথাটাকে বগলদাবা করে নিয়ে ঝাঁঝালো সুরে বললেন, ‘এ সব ব্যবসা সকলকে মানায় না, বুঝেছ ? যেমন ছোট মুখে বড় কথা মানায় না, তেমন ছোট বুকে বড় সাধ মানায় না ।’

মিস্টার রক্ষিতের কথা হঠাৎ থেমে গেল । কারণ, একটা আশ্চর্য ঘটনা ঘটছে গুহার ভিতর ।—বাইরের দিক থেকে একটা ধোঁয়ার কুণ্ডলী গুহার ভিতর ঢুকে চারদিক ছেয়ে ফেলছে, আর তার ফলে কালো কালো থামগুলো যেন তালগোল পাকিয়ে অদৃশ্য হয়ে আসছে ।

সেই ধোঁয়ার ভিতর থেকে হঠাৎ একটা গমগমে গলার স্বর শোনা গেল । ফেলুদার গলা । পাথরের মতো ঠাণ্ডা আর কঠিন সে গলা—

‘মিস্টার রক্ষিত, আপনার দিকে, একটি নয়, এক জোড়া পিস্তল সোজা তাগ করা রয়েছে । আপনি নিজের পিস্তলটা নামিয়ে ফেলুন ।’

‘কী ব্যাপার ? এ সবেৰ অৰ্থ কী ?’ মিস্টাৰ ৰক্ষিত কাঁপা গলায় চোঁচিয়ে উঠলেন ।

‘অৰ্থ খুবই সহজ’, ফেলুদা বলল—‘আপনার অপৰাধের শাস্তি দিতে এসেছি আমরা । অপৰাধ একটা নয়—অনেকগুলো । প্রথম হল—ভাৰতের অমূল্য শিল্পসম্পদকে নিৰ্মমভাবে ধ্বংস করা ; দ্বিতীয়, এই শিল্পসম্পদকে অৰ্থের লোভে বিদেশিদের কাছে বিক্রি করা ; আৰ তৃতীয়—শুভঙ্কৰ বোসকে নিৰ্মমভাবে হত্যা করা ।’

‘মিথ্যে ! মিথ্যে !’—ৰক্ষিত চিৎকার করে উঠলেন । —‘শুভঙ্কৰ বোস খাদের উপর থেকে পা হড়কে...’

‘মিথ্যোটা আমি বলছি না, বলছেন আপনি । যে শাবল দিয়ে আপনি তাকে মেরেছিলেন সেই শাবল রক্তমাখা অবস্থায় খাদ থেকে পঞ্চাশ হাত দূরে একটা মনসার ঝোপের ভিতর পাওয়া গেছে । শুভঙ্কৰ বোস জ্যাস্ত অবস্থায় খাদে পড়লে তিনি নিশ্চয় চিৎকার করতেন ; অথচ কৈলাসের পাহারাদার কোনও চিৎকার শোনেনি । আৰ তা ছাড়া আপনার একটা নীল শাৰ্ট আপনি বাংলোর পূবদিকে গাছপালার মধ্যে লুকিয়ে রেখে এসেছিলেন । সেটা আমিই গিয়ে উদ্ধার কৰি । এই শাৰ্টের একটা অংশ একটু ছেঁড়া । মিলিয়ে দেখলে দেখা যাবে যে শুভঙ্কৰ বোসের—’

মিস্টাৰ ৰক্ষিত হঠাৎ একটা লাফ দিয়ে ধোঁয়ার মধ্যে দিয়ে পালাবার চেষ্টা করতেই নিমেষের মধ্যে তিনজন জাঁদৱেল লোকের হাতে বন্দি হয়ে গেলেন । ডানদিকে জয়ন্ত মল্লিকের টৰ্চ জ্বলে উঠল । সেই আলোতে দেখলাম ‘মেক-আপ ছাড়া ফেলুদাকে, মিস্টাৰ ঘোটেকে, আৰ আৰেকটি লোক, যে মিস্টাৰ ঘোটের হুকুমে ৰক্ষিতের হাতে হাতকড়া পৰিয়ে দিল ।

ফেলুদা এবাৰ জয়ন্ত মল্লিকের দিকে ফিৰে বলল, ‘মিস্টাৰ মল্লিক, এবাৰ আপনাকে একটা কাজ করতে হবে । ওই যে পিছনের গুহাটা দেখছেন, ওর মধ্যে গিয়ে দেখুন, বাঁদিকের কোনায় মিস্টাৰ ৰক্ষিতের ৰেনকোটটা রয়েছে । ওটা নিয়ে আসুন । আয় তপ্‌সে—এই ধোঁয়ার মধ্যে আৰ বৈশিষ্ণৱ থাকা চলবে না । আসুন লালমোহনবাবু !’

গেট হাউসের ডাইনিং টেবিলে বসে ডিনাৰ খেতে খেতে ফেলুদা আমাদের মনের ধোঁয়া দূৰ করছে । আমরা তিনজন ছাড়া রয়েছে মিস্টাৰ মল্লিক, কুলকাৰ্ণি আৰ ঘোটে । হিন্দি আৰ ইংৰিজি মিশিয়ে কথা হচ্ছে, আমি সেটা বাংলাতেই লিখছি । ফেলুদা বলল—

‘প্রথমেই বলে রাখি মিস্টাৰ ৰক্ষিতের আসল নাম হল চট্টোৱাজ । উনি একটা গ্যাং বা দলের সভ্য, যার ঘাঁটি হল দিল্লি । এই দলের উদ্দেশ্য হল ভাৰতের ভাল ভাল মন্দির থেকে মূৰ্তি বা মূৰ্তির মাথা ভেঙে নিয়ে বিদেশিদের কাছে বিক্রি করা । এই ধৰনের দল হয়তো আৰও আছে । আপাতত এই একটা দলকে শায়েস্তা করার রাস্তা আমরা পেয়েছি, কারণ চট্টোৱাজকে আমরা এই ঘাঁটির হৃদিস এবং এর অন্যান্য সভ্যদের নাম বলতে বাধ্য করেছি । ভুবনেশ্বরের যক্ষীর মাথা চট্টোৱাজই চুরি করেন, চট্টোৱাজই সেটা কলকাতায় আনেন, চট্টোৱাজই সেটা সিলভাৰস্টাইনের কাছে বিক্রি করেন, আবার প্লেন ক্র্যাশ হবার পর চট্টোৱাজই সিদ্দিকপুরে গিয়ে পানু নামক ছেলেটির কাছ থেকে দশ টাকা দিয়ে সেটা উদ্ধার করে আনেন, এবং সেই মূৰ্তি সমেত চট্টোৱাজই লুইসনকে ধাওয়া করে এলোৱায় আসেন । এখানে আসাৰ কারণ হল এক টিলে দুই পাখি মাৰা । এক পাখি হল লুইসনের কাছে সেটা বিক্রি করা, আৰ দ্বিতীয় হল কৈলাস থেকে আৰেকটি কোনও টটকা নতুন মাথা সৰিয়ে নিয়ে যাওয়া । আমরা জানি এই দুটোর একটা উদ্দেশ্যও সফল হয়নি ।’ লুইসন মূৰ্তি কিনতে ৰাজি হন, কিন্তু সেটা তাঁকে দেবার আগেই চট্টোৱাজের হাত ছাড়া হয়ে যায়, ফলে তাকে লুইসনের

গালিগালাজ শুনতে হয়। আর মূর্তি চুরির ব্যাপারটা ভণ্ডুল হয় একবার শুভঙ্কর বোসের অতর্কিত আবির্ভাবে, আর তার কিছু পরেই দশাবতার গুহার সামনে একটি নুড়ি পাথর ফেলার দরুন।’

ফেলুদা বোধহয় দম নেবার জন্য চুপ করল। আমার মাথা গুলিয়ে গেছে। আমি না বলে পারলাম না—‘আর মিস্টার মল্লিক?’

ফেলুদা তার একপেশে হাসি হেসে বলল, ‘মিস্টার মল্লিকের ব্যাপারটা খুবই সহজ। এতই সহজ যে প্রথমে আমিও ধরতে পারিনি। মিস্টার মল্লিক চট্টোয়াজকে ধাওয়া করছিলেন।’

‘কেন?’

‘যে কারণে আমি মিস্টার মল্লিককে ধাওয়া করছিলাম, ঠিক সেই একই কারণে। অর্থাৎ তিনিও মূর্তিটাকে উদ্ধার করতে চাচ্ছিলেন। অবিশ্যি এইখানেই মিলের শেষ নয়। ওঁর আর আমার পেশাও এক। উনিও আমারই মতো একজন প্রাইভেট ডিটেকটিভ।’

আমি অবাক হয়ে মিস্টার মল্লিকের দিকে চাইলাম। ভদ্রলোকের ঠোঁটের কোণে হাসি, তাঁর দৃষ্টি ফেলুদার দিকে।

ফেলুদা বলে চলল, ‘আমরা ফোন করে জেনেছি উনি বম্বের ভার্গব এজেন্সি নামে একটা প্রাইভেট ডিটেকটিভ কোম্পানির সঙ্গে যুক্ত। এই কোম্পানির মালিক বাঙালি, নাম ঘোষ। এদেরই একটা তদন্তের ব্যাপারে মল্লিক কিছুদিন হল কলকাতায় আসেন, ওঁর এক বন্ধুর অবর্তমানে কুইন্স ম্যানসনে তাঁর ফ্ল্যাটে থাকেন, তাঁর গাড়ি ব্যবহার করেন। এই সব এজেন্সি সাধারণত মামুলি অপরাধের তদন্ত করে থাকে। কিন্তু মিস্টার মল্লিকের তাতে মন ভরছিল না। তিনি চাইছিলেন গোয়েন্দা হিসেবে খ্যাতি অর্জন করতে। তাই না, মিস্টার মল্লিক?’

মিস্টার মল্লিক বললেন, ‘ঠিক কথা। আর সেই সুযোগটা এসে যায় খুব আশ্চর্যভাবে। তদন্তের ব্যাপারেই গত বিষুদবার গিয়েছিলাম নগরমলের দোকানে। সেখানে আমারই সামনে একটি মার্কিন ভদ্রলোক নগরমলকে একটা মূর্তির মাথা দেখালেন। আমার আঁট সশব্দে একটু আধটু জ্ঞান আছে, কিন্তু মাথাটা তখন আমার মনে কোনও দাগ কাটেনি। শুধু জেনেছিলাম যে সাহেবের নাম সিলভারস্টাইন, আর উনি অত্যন্ত ধনী। পরদিন সকালে কাগজে ভুবনেশ্বরের মন্দিরের খবরটা পড়ি, আর তার আধ ঘণ্টার মধ্যে রেডিয়োতে শুনি যে সিলভারস্টাইন সিদিকপুরের কাছে প্লেন ক্র্যাশে মারা গেছে। তখনই মনে হয় মূর্তিটাকে উদ্ধার করতে পারলে আমার নাম হতে পারে। সে কথা তক্ষুনি বম্বেতে ফোন করে আমার বসকে জানিয়ে দিই। উনি তাতে রাজি হন। বলেন—কী হয় আমাকে ফোন করে জানিয়ে। আমি কাজে লেগে যাই। কিন্তু আমার ভাগ্য খারাপ। আমি সিদিকপুরে পৌঁছানোর পাঁচ মিনিট আগে আরেকটি ভদ্রলোক গিয়ে গ্রামের ছেলেদের কাছ থেকে মূর্তি আদায় করে নেন। ঘটনাটা ঘটে আমার চোখের সামনে, কিন্তু তখন আমার পক্ষে এ বিষয়ে কিছু করার উপায় ছিল না। আমি ঠিক করি ভদ্রলোককে ফলো করব। কিন্তু—’

‘ভদ্রলোকের গাড়ির রংটা মনে আছে?’—ফেলুদা মল্লিকের কথার উপর প্রশ্ন করল।

‘আছে বইকী। নীল রঙের ফিয়াট গাড়ি। সেটাকে ফলো করলাম, কিন্তু সেখানেও ব্যাড লাক—বারাসতের কাছকাছি টায়ার পাংচার হয়ে গেল, ভদ্রলোক তখনকার মতো আমার হাতছাড়া হয়ে গেলেন। কিন্তু ততক্ষণে আমার গোঁ চেপে গেছে। আমি জানি উনি আবার মূর্তিটা বেচবেন। চলে গেলাম গ্র্যান্ড হোটেলে। শেষ পর্যন্ত ভদ্রলোকের দেখা পেলাম, তাকে ধাওয়া করে রেলওয়ে আপিসে গিয়ে তার দেখাদেখি আওরঙ্গাবাদের টিকিট কিনলাম। তার হাতের ব্যাগের ওজন দেখে মনে হচ্ছিল তিনি তখন পর্যন্ত মূর্তিটা বিক্রি করতে

পারেননি। টিকিট কিনে বসেতে আমার আপিসে খবরটা জানিয়ে দিলাম।’

ফেলুদা বলল, ‘জানি। আপনি বলেছিলেন মেয়ে বাপের বাড়ি চলে এসেছে। বাপ যে আসলে চট্টো রাজ, আপনি নন, সেটা তখন বুঝতে পারিনি।’

মল্লিক বললেন, ‘যাই হোক এখানে এসে প্রথম থেকেই আমি মূর্তিটা হাত করার সুযোগ খুঁজি। আমি জানতাম যে চোরাই মাল উদ্ধার করার সঙ্গে সঙ্গে যদি চোরকে ধরে দিতে পারি তা হলে আরও বেশি নাম হবে; কিন্তু সেটা সাহসে কুলোল না। যাই হোক—কাল রাতে কৈলাসের কাছে গিয়ে লুকিয়ে ছিলাম। যখন দেখলাম একে একে বাংলোর সবাই ঘুরতে বেরিয়েছে, তখন বাংলায় গিয়ে জমাদারের দরজা দিয়ে চট্টো রাজের ঘরে ঢুকে মাথাটা নিয়ে আসি।’

ফেলুদা বলল, ‘আপনার পেছনেও যে একজন গোয়েন্দা লেগেছে সেটা বুঝতে পেরেছিলেন কি?’

‘মোটাই না! আর সেজন্যেই তো হঠাৎ ধরা পড়ে এত বোকা হয়ে গিয়েছিলাম।’

মিস্টার ঘোটে হো হো করে হেসে উঠলেন। ফেলুদা বলল, ‘যখন দেখলাম আপনি এতখানি পথ লুইসনের সঙ্গে গিয়েও তাকে মূর্তিটা গছাননি, তখনই প্রথম বুঝতে পারলাম যে আপনি নির্দোষ। তার আগে পর্যন্ত, আপনি গোয়েন্দা জেনেও, আপনার উপর থেকে আমার সবটুকু সন্দেহ যায়নি।’

‘কিন্তু আপনি তো চট্টো রাজকে সন্দেহ করেছিলেন, তাই না?’—প্রশ্ন করলেন মিস্টার মল্লিক।

ফেলুদা বলল, ‘হ্যাঁ, কিন্তু প্রথমে সেটা ছিল শুধু একটা খটকা। যখন দেখলাম একটা পুরনো সুটকেসে নতুন করে নাম লেখা হয়েছে আর এন রক্ষিত, তখনই সন্দেহ হল—নামটা ঠিক তো? তারপর কাল রাতে উনি রেনকোট পরে বেরিয়েছিলেন সে কথা লালমোহনবাবুর কাছে শুনি। পনেরো নম্বর গুহাতে একজন লোক ঢুকেছে সন্দেহ করে ওপর থেকে গুহার সামনে একটা নুড়ি পাথর ফেলি। ফলে অন্ধকারে লোকটা পালায়। ভেতরে গিয়ে খোঁজাখুঁজি করতে পেছন দিকের একটা ছোট গুহায় দেখি রেনকোট, আর তার বিরাট স্পেশাল পকেটে হাতুড়ি, ছেনি আর নাইলনের দড়ি। আমি ওগুলো সেইখানেই রেখে আসি। বুঝতে পারি চট্টো রাজ হলেন মূর্তিচোর। সেই রাতেই দেখলাম চট্টো রাজ তার ঘরে পাগলের মতো কী জানি খুঁজছেন। পরদিন সকালে শুনলাম আপনি বসেতে টেলিফোন করেছেন—মেয়ে ভাল আছে। বুঝলাম মূর্তি এখন আপনার কাছে। অথচ মুশকিল এই যে, মূর্তিটা হাত ছাড়া হলে আসল চোরকে শায়েস্তা করা যাবে না। তাই আপনাকে অ্যারেস্ট করতে হল।’

‘এ দিকে শুভঙ্কর বোসের অপঘাত মৃত্যু হয়েছে। তার ডেডবডি দেখতে গিয়ে হাতের মুঠো থেকে নীল কাপড়ের টুকরো পাওয়া গেল। আপনি রাতে নীল শার্ট পরেছিলেন, কিন্তু এদিকে আমার সন্দেহ চট্টো রাজের উপর পড়েছে। আসলে আমারও আগে চট্টো রাজ পৌঁছেছিলেন ডেডবডির কাছে। উনিই নাড়ি দেখার ভান করে নিজের একটা নীল শার্ট থেকে হেঁড়া টুকরো শুভঙ্করের হাতে গুঁজে দেন—কারণ শুভঙ্করের মৃত্যুর জন্য অন্য কাউকে দায়ী করার প্রয়োজন ছিল। উনি নিজের শার্টটি অবিশ্যি পরে বাংলোর পশ্চিম দিকে গাছপালায় ভর্তি একটা নিরিবিলা জায়গায় লুকিয়ে রাখেন, আর আমি গিয়ে সেটা উদ্ধার করি।’

‘কিন্তু এত করেও যে সমস্যাটা বাকি রইল, সেটা হল কী করে চট্টো রাজকে ধরা যায়। একটা পথ পেলাম যখন শুনলাম যে কে জানি লালমোহনবাবুর ঘরে ঢুকে বাস্তব ঘটনাটা ৩৭২

করেছে। এ ব্যক্তি নিঃসন্দেহে চট্টোরাজ, কারণ তারই একটি মূল্যবান জিনিস খোওয়া গেছে। লালমোহনবাবুর বাক্সে লালমোহনবাবুর নোটবই ছিল, এবং তাতে যক্ষীর মাথা, প্লেন ক্র্যাশ ইত্যাদির উল্লেখ ছিল। এই খাতা চট্টোরাজ না পড়ে পারেন না এই আন্দাজে আমি লালমোহনবাবুর হাতের লেখা নকল করে চট্টোরাজকে যে চিঠিটা লিখলাম সেটার কথা জানেন। তার আগেই আমি চট্টোরাজকে নিশ্চিত করার জন্য জানিয়ে দিলাম যে মূর্তি চোর ধরা পড়েছে—

‘সেই ফ্রেঞ্চকাট দাড়ি!’—আমি আর লালমোহনবাবু একসঙ্গে চৈচিয়ে উঠলাম।

‘হ্যাঁ!’—ফেলুদা হেসে বলল।—‘সেটা আমার দু নম্বর ছদ্মবেশ। তোদের কাছাকাছি থাকার দরকার হয়ে পড়েছিল, কারণ লোকটা ডেঞ্জারাস। যাই হোক—চিঠির টোপ উনি বেমালুম গিলে ফেললেন। এবং তার ফলে যে কী হল সেটা আপনারা সকলেই জানেন। এবার এইটুকুই বলতে বাকি যে, এই যে গ্যাংটা ধরা হল, এর কৃতিত্বের অংশীদার ভার্গব এজেন্সির মিস্টার মল্লিক যাতে উপযুক্ত স্বীকৃতি পান সেটা আমি নিশ্চয় দেখব, আর—মিস্টার ঘোঁটের যাতে পদোন্নতি হয় সেটাও একান্তভাবে কামনা করব। মিস্টার কুলকার্নির ভূমিকাও যে সামান্য নয় সেটা বলাই বাহুল্য, আর সাহসের জন্য যদি মেডাল দিতে হয় তা হলে সেটা অবশ্যই পাবেন শ্রীমান তপেশ ও শ্রীযুক্ত লালমোহন গাঙ্গুলী।’

সকলের হাততালি শেষ হলে জটায়ু একটা কিন্তু কিন্তু ভাব করে বললেন, ‘আমার বোমটা তা হলে আর কোনও কাজে লাগল না বলছেন?’

ফেলুদা চোখ গোল গোল করে বলল, ‘সে কী মশাই—এত যে ধোঁয়া হল সেটা এল কোথেকে? ওটা তো আর এমনি এমনি বোমা নয়—একেবারে তিনশো ছাপ্পান্ন মেগাটন খাস মিলিটারি স্মোক-বস্ম!’



রয়েল বেঙ্গল রহস্য

১

মুড়ো হয় বুড়ো গাছ
হাত গোন ভাত পাঁচ
দিক পাও ঠিক ঠিক জবাবে।
ফাল্গুন তাল জোড়
দুই মাঝে ভুঁই ফোড়
সঙ্কানে ধন্দায় নবাবে ॥

ফেলুদা বলল, ‘আমাদের এবারের জঙ্গলের ঘটনাটা যখন লিখবি তখন ওই ছ লাইনের সংকেতটা দিয়ে আরম্ভ করিস।’ সংকেতের ব্যাপারটা ঘটনার একটু পরের দিকে আসছে; তাই যখন জিজ্ঞেস করলাম ওটা দিয়ে শুরু করার কারণটা কী, তখন ও প্রথমে বলল, ‘ওটা একটা কায়দা। ওতে পাঠককে সুড়সুড়ি দেবে।’ উত্তরটা আমার পছন্দ হল না বুঝতে পেরেই বোধহয় আবার দু মিনিট পরে বলল, ‘ওটা শুরুতে দিলে গল্পটা যারা পড়বে তারা প্রথম থেকে মাথা খাটাতে পারবে।’

আমি ফেলুদার কথা মতোই সংকেতটা গোড়ায় দিচ্ছি বটে, কিন্তু এটাও বলে দিচ্ছি যে মাথা খাটিয়ে বোধহয় বিশেষ লাভ হবে না, কারণ সংকেতটা সহজ নয়। ফেলুদাকে অবধি প্যাঁচে ফেলে দিয়েছিল। অবিশ্যি ও বুঝিয়ে দেবার পর ব্যাপারটা আমার কাছেও বেশ সহজ বলেই মনে হয়েছিল।

এত দিন ফেলুদার সব লোমহর্ষক অ্যাডভেঞ্চারগুলো লেখার সময় আসল লোক আর আসল জায়গার নাম ব্যবহার করে এসেছি, এবার একজন বারণ করায় সেটা আর করছি না। নকল নামের ব্যাপারে অবিশ্যি ফেলুদার সাহায্য নিতে হয়েছে। ও বলল, ‘জায়গাটা যে ভুটান-সীমানার কাছে সেটা বলতে কোনও আপত্তি নেই। নামটা করে দে লক্ষ্মণবাড়ি। যে ভদ্রলোক গল্পের প্রধান চরিত্র, তার পদবিটা সিংহরায় করতে পারিস। ও নামের জমিদার এ দেশে অনেক ছিল, আর তাদের মধ্যে অনেকেরই আদি নিবাস ছিল রাজপুতানায়, অনেকেই বাংলাদেশে এসে তোড়মল্পের মোগল সৈন্যের হয়ে পাঠানদের সঙ্গে যুদ্ধ করে শেষে বাংলাদেশেই বসবাস করে একেবারে বাঙালি ব’নে গিয়েছিল।’

আমি ফেলুদার ফরমাশ মতোই ঘটনাটা লিখছি। নামগুলোই শুধু বানানো, ঘটনা সব সত্যি। যা দেখেছিলাম, যা শুনেছিলাম, তার বাইরে কিছুই লিখছি না।

ঘটনার আরম্ভ কলকাতায়। ২৭ মে, রবিবার, সকাল সাড়ে নটা। তাপমাত্রা একশো ডিগ্রি ফারেনহাইট। গরমের ছুটি চলেছে। ফেলুদা কলকাতাতেই ফরডাইস লেনে একটা খুনের ব্যাপারে অপরাধীকে একটা আলপিনের ক্ল-এর সাহায্যে ধরে দিয়ে বেশ নাম-টাম কিনে দু পয়সা কামিয়ে ঝাড়া হাত-পা হয়ে একটু বিশ্রাম নিচ্ছে, আমি আমার ডাকটিকিটের অ্যালবামে কয়েকটা ভুটানের স্ট্যাম্প আটকাচ্ছি, এমন সময় জটায়ুর আবির্ভাব।

রহস্য-রোমাঞ্চ উপন্যাস লেখক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ু আজকাল মাসে অন্তত দু বার করে আমাদের বাড়িতে আসেন। ওঁর বইয়ের ভীষণ কাটতি, তাই রোজগারও হয় ভালই। সেই নিয়ে ভদ্রলোকের বেশ একটু দেমাকও ছিল, কিন্তু যেদিন থেকে ফেলুদা ওঁর গল্পের নানারকম তথ্যের ভুল দেখিয়ে দিতে শুরু করেছে, সেদিন থেকে লালমোহনবাবু ওকে বিশেষ সমীহ করে চলেন, আর নতুন কিছু লিখলেই ছাপার আগে ফেলুদাকে দেখিয়ে নেন।

এবার কিন্তু হাতে কাগজের তাড়া নেই দেখে বুঝলাম, ওঁর আসার কারণটা অন্য। ভদ্রলোক ঘরে ঢুকেই সোফায় বসে পকেট থেকে একটা সবুজ তোয়ালের টুকরো বার করে ঘাম মুছে ফেলুদার দিকে না তাকিয়ে বললেন, ‘জঙ্গলে যাবেন?’

ফেলুদা তত্তাপোশের উপর কাত হয়ে শুয়ে থর হাইয়ারডালের লেখা ‘আকু-আকু’ বইটা পড়ছিল; লালমোহনবাবুর কথায় কনুইয়ে ভর করে খানিকটা উঠে বসে বলল, ‘আপনার জঙ্গলের ডেফিনিশনটা কী?’

‘একেবারে সেন্ট পারসেন্ট জঙ্গল। যাকে বলে ফরেস্ট।’

‘পশ্চিম বাংলায়?’

‘ইয়েস স্যার।’

‘সে তো এক সুন্দরবন আর তেরাই অঞ্চল ছাড়া আর কোথায়ও নেই। সব তো কেটে সাফ করে দিয়েছে।’

‘মহীতোষ সিংহরায়ের নাম শুনেছেন?’

প্রশ্ন করেই লালমোহনবাবু একটা মেজাজি হাসিতে তাঁর ঝকঝকে দাঁতের প্রায় চব্বিশটা এক সঙ্গে দেখিয়ে দিলেন। মহীতোষ সিংহরায়ের নাম আমিও শুনেছি। ফেলুদার কাছে ওঁর একটা শিকারের বই আছে— সে নাকি দারুণ বই।

‘তিনি তো উড়িষ্যা না আসাম না কোথায় থাকেন না?’

লালমোহনবাবু বুক-পকেট থেকে সড়াং করে একটা চিঠি বার করে বললেন, ‘নো স্যার ।
উনি থাকেন ডুয়ার্সে— ভুটান বর্ডারের কাছে । আমার লাস্ট বইটা ওঁকে উৎসর্গ
করেছিলুম । আমার সঙ্গে চিঠি লেখালেখি হয়েছে ।’

‘আপনি তা হলে জ্যাস্ত লোককেও বই উৎসর্গ করেন ?’

এখানে লালমোহনবাবুর উৎসর্গের ব্যাপারটা একটু বলা দরকার । ভদ্রলোক বিখ্যাত
লোকদের ছাড়া বই উৎসর্গ করেন না, আর তাদের মধ্যে বেশির ভাগই মারা গেছে এমন
লোক । যেমন, ‘মেরুমহাত্মক’ উৎসর্গ করেছিলেন ‘রবার্ট স্কটের স্মৃতির উদ্দেশে’, ‘গোরিলার
গোত্রাস’— ‘ডেভিড লিভিংস্টোনের স্মৃতির উদ্দেশে’, ‘আণবিক দানব’ (যেটা ফেলুদার মতে
ম্যাক্সিমাম গাঁজা) ‘আইনস্টাইনের স্মৃতির উদ্দেশে’ । শেষটায় ‘হিমালয়ে হৃৎকম্প’ উৎসর্গ
করতে গিয়ে লিখে বসলেন ‘শেরপা-শিরোমণি তেনজিং নোরকের স্মৃতির উদ্দেশে’ । ফেলুদা
তো ফায়ার । বলল, ‘আপনি জলজ্যাস্ত লোকটাকে মেরে ফেলে দিলেন ?’ লালমোহনবাবু
আমতা-আমতা করে বললেন, ‘ওরা তো কনস্ট্যান্ট পাহাড়ে চড়ছে—অনেক দিন কাগজে
নাম-টাম দেখিনি তাই ভাবলুম পা-টা হড়কে গিয়ে বোধহয়... ।’ দ্বিতীয় সংস্করণে অবিশ্যি
উৎসর্গটা শুধরে দেওয়া হয়েছিল ।

মহীতোষ সিংহরায় খুব বড় শিকারি তাতে সন্দেহ নেই, কিন্তু তা বলে কি আর এদের
মতো বিখ্যাত ? তবু তাকে উৎসর্গ করা হল কেন জিজ্ঞেস করাতে লালমোহনবাবু বললেন—
বইটাতে জঙ্গলের ব্যাপারের অনেক কিছুই নাকি মহীতোষবাবুর ‘বাঘে-বন্দুকে’ বইটা থেকে
নেওয়া । তারপর মুচকি হেসে জিভ কেটে বললেন, ‘মায় একটি আস্ত ঘটনা পর্যন্ত । তাই
ভদ্রলোককে একটু খুশি করা দরকার ছিল ।’

‘সে ব্যাপারে সফল হয়েছিলেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

লালমোহনবাবু খাম থেকে চিঠিটা বার করে বললেন, ‘নইলে আর এভাবে ইনভাইট
করে ?’

‘ইনভাইট তো আপনাকে করেছে, আমাকে তো করেনি ।’

লালমোহনবাবু এবার যেন একটু বিরক্ত হয়েই ভুরু-টুরু কঁচকে বললেন, ‘আরে মশাই,
আপনি একজন এলেমদার লোক, আপনার একটা ইয়ে আছে, আপনাকে না ডাকলে আপনি
যাবেন না— এসব কি আর আমি জানি না ? চার মাসে বইটার চারটে এডিশন হওয়াতে ওঁকে
আমি সুখবরটা দিয়ে একটা চিঠি লিখি । তাতে আপনার সঙ্গে যে আমার একটু মাখামাখি
আছে, তারও একটা হিষ্ট দিয়েছিলুম আর কী । তাতেই এই চিঠি । আপনি পড়ে দেখুন
না । আমাদের দুজনকেই যেতে বলেছে ।’

মহীতোষ সিংহরায়ের চিঠির শুধু শেষের কয়েকটা লাইন তুলে দিচ্ছি—

‘আপনার বন্ধু শ্রীপ্রদোষ মিত্র মহাশয়ের ধুরন্ধর গোয়েন্দা হিসাবে খ্যাতি আছে বলিয়া
শুনিয়াছি । আপনি তাঁহাকে সঙ্গে করিয়া আনিতে পারিলে তিনি হয়তো আমার একটা
উপকার করিতে পারেন । কী স্থির করেন পত্রপাঠ জানাইবেন । ইতি ।’

ফেলুদা কিছুক্ষণ চিঠিটার দিকে চেয়ে দেখে বলল, ‘ভদ্রলোক কি বুদ্ধ ?’

‘বুদ্ধের ডেফিনিশন ?’ লালমোহনবাবু আধবোঁজা চোখে প্রশ্ন করলেন ।

‘এই ধরুন সন্তর-টন্তর ।’

‘নো স্যার । মহীতোষ সিংহরায়ের জন্ম নাইনটিন ফোরটিনে ।’

‘হাতের লেখাটা দেখে বুড়ো বলে মনে হয়েছিল ।’

‘সে কী মশাই, মুক্তোর মতো লেখা তো !’

‘চিঠি না, সই । চিঠিটা লিখেছে সম্ভবত ওর সেক্রেটারি ।’

ঠিক হল আগামী বুধবার আমরা লক্ষ্মণবাড়ি রওনা হব। নিউ জলপাইগুড়ি পর্যন্ত ট্রেন, তারপর ছেচল্লিশ মাইল যেতে হবে মোটরে। মোটরের ব্যবস্থা আমাদের করতে হবে না, মহীতোষবাবু তাঁর নিজের গাড়ি স্টেশনে পাঠিয়ে দেবেন।

জঙ্গলে যাবার কথা শুনে ফেলুদার মন যে নেচে উঠবে, আর সেই সঙ্গে আমারও, তাতে আশ্চর্যের কিছু নেই, কারণ আমাদের বংশেও শিকারের একটা ইতিহাস আছে। বাবার কাছে শুনেছি বড় জ্যাঠামশাই নাকি রীতিমতো ভাল শিকারি ছিলেন। আমাদের দেশ ছিল ঢাকার বিক্রমপুর পরগনার সোনাদীঘি গ্রামে। বড় জ্যাঠামশাই ময়মনসিংহের একটা জমিদারি এস্টেটের ম্যানেজার ছিলেন। ময়মনসিংহের উত্তরে মধুপুরের জঙ্গলে উনি অনেক বাঘ হরিণ বুনো শূয়ার মেরেছেন। আমার মেজো জ্যাঠা—মানে ফেলুদার বাবা—ঢাকা কলেজিয়েট স্কুলে অঙ্ক আর সংস্কৃতের মাস্টার ছিলেন। মাস্টার হলে কী হবে—মুগুর ভাঁজা শরীর ছিল তাঁর। ফুটবল ক্রিকেট সাঁতার কুস্তি সব ব্যাপারেই দুর্দান্ত ছিলেন। উনি যে এত অল্প বয়সে মারা যাবেন সেটা কেউ ভাবতেই পারেনি। আর অসুখটাও নাকি আজকের দিনে কিছুই না। ফেলুদার তখন মাত্র ন বছর বয়স। মেজো জেঠিমা তার আগেই মারা গেছেন। সেই থেকে ফেলুদা আমাদের বাড়িতেই মানুষ।

আমার আরেক জ্যাঠামশাই ছিলেন, তিনি তেইশ বছর বয়সে সংসার ছেড়ে সন্ন্যাসী হয়ে পশ্চিমে চলে যান; আর ফেরেননি। তাঁরও নাকি অসাধারণ গায়ের জোর ছিল। আমার বাবা হলেন সব চেয়ে ছোট ভাই; বড় জ্যাঠামশাইয়ের সঙ্গে প্রায় পঁচিশ বছর বয়সের তফাত। বাবার বোধহয় খুব বেশি গায়ের জোর নেই; তবে মনের জোর যে আছে সেটা আমি খুব ভাল করেই জানি।

ফেলুদার প্রিয় বাংলা বই হল বিভূতিভূষণের ‘আরণ্যক’। করবেট আর কেনেথ অ্যান্ডারসনের সব বই ও পড়েছে। নিজে শিকার করেনি কখনও, যদিও বন্দুক চালানো শিখেছে, রিভলভারে দুর্দান্ত টিপ, আর দরকার পড়লে যে বাঘও মারতে পারে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। তবে ফেলুদা বলে—জানোয়ারের মতি-গতি বোঝা মানুষের চেয়ে অনেক সহজ, কারণ জানোয়ারের মন মানুষের মতো জট পাকানো নয়। মানুষের মধ্যে যে সবচেয়ে বেশি সাদাসিধে, তারও মন একটা বাঘের মনের চেয়ে অনেক বেশি প্যাঁচালো। তাই একজন অপরাধীকে শায়েস্তা করাটা বাঘ মারার চেয়ে কম কৃতিত্ব নয়।

ট্রেনে যেতে যেতে ফেলুদা লালমোহনবাবুকে এই ব্যাপারটা বোঝাচ্ছিল। লালমোহনবাবুর হাতে মহীতোষ সিংহরায়ের লেখা তাঁর প্রথম শিকারের বই। বইয়ের প্রথমেই মহীতোষবাবুর ছবি, একটা মরা রয়াল বেঙ্গলের কাঁধে পা দিয়ে হাতে বন্দুক নিয়ে দাঁড়িয়ে আছেন। ছাপাটা তত ভাল নয় বলে মুখটা পরিষ্কার বোঝা যাচ্ছে না, তবে চওড়া চোয়াল, চওড়া কাঁধ, আর সফ্র লম্বা নাকের নীচে চাড়া দেওয়া চওড়া গোঁফটা বুঝতে অসুবিধা হয় না।

ছবিটার দিকে কিছুক্ষণ তাকিয়ে থেকে লালমোহনবাবু বললেন, ‘ভাগ্যে আপনি যাচ্ছেন আমার সঙ্গে। এরকম একটা পার্সোনালিটির সামনে আমি তো একেবারে কেঁচো মশাই।’

লালমোহনবাবুর হাইট পাঁচ ফুট চার ইঞ্চি। প্রথমবার দেখে মনে হবে বাংলা ফিল্মে কিংবা থিয়েটারে হয়তো কমিক অভিনয়-টভিনয় করেন। কাজেই উনি অনেকের সামনেই কেঁচো। ফেলুদার সামনে তো বটেই।

ফেলুদা বলল, ‘সরকার আইন করে শিকার বন্ধ করে দেবার ফলেই হয়তো ভদ্রলোক লেখার দিকে ঝুঁকেছেন।’

‘আশ্চর্য বলতে হবে’, লালমোহনবাবু বললেন, ‘পঞ্চাশ বছর বয়সে প্রথম বই লিখলেন, কিন্তু পড়লেই মনে হয় একেবারে পাকা লিখিয়ে।’

‘শিকারীদের মধ্যে এ জিনিসটা আগেও দেখা গেছে। করবেটের ভাষাও আশ্চর্য সুন্দর। হয়তো এটা জংলি আবহাওয়ার গুণ। পৌরাণিক যুগে যে সব মুনি-ঋষিরা বেদ-উপনিষদ লিখেছেন, তাঁরাও জঙ্গলেই থাকেন।’

শেয়ালদা ছাড়ার কিছুক্ষণ পর থেকেই লক্ষ্য করছিলাম, মাঝে মাঝে বিদ্যুৎ চমকাচ্ছে। মাঝ রাত্তিরে যখন নিউ ফারাক্কা স্টেশনে গাড়ি থামল, তখন ঘুম ভেঙে গিয়ে দেখি বাইরে তেড়ে বৃষ্টি হচ্ছে, আর তার সঙ্গে ঘন ঘন মেঘের গর্জন। সকালে নিউ জলপাইগুড়িতে পৌঁছে বুঝলাম এ দিকটায় মেঘলা হলেও, গত ক’ দিনের মধ্যে বৃষ্টি হয়নি।

যে ভদ্রলোকটি আমাদের নিতে এলেন তিনি অবিশ্যি মহীতোষবাবু নন। ত্রিশের নীচে বয়স, রোগা, ফরসা, মাথার চুল উস্কো-খুস্কো, চোখে মোটা কাচের মোটা কালা ফ্রেমের চশমা। ভদ্রলোক আমাদের দেখে যে খুব একটা বাড়াবাড়ি রকম খাতিরের ভাব করলেন তা নয়, তবে তার মানে যে তিনি খুশি হননি সেটা নাও হতে পারে। মানুষের বাইরের ব্যবহার থেকে ফস করে তার মনের আসল ভাব সম্বন্ধে একটা ধারণা করে নেওয়াটা যে কত ভুল, সেটা ফেলুদা বার বার বলে। ভদ্রলোক নিজের পরিচয় দিয়ে বললেন তিনি মহীতোষবাবুর সেক্রেটারি। নাম তড়িৎ সেনগুপ্ত। আমাদের মধ্যে কোনজন প্রদোষ মিত্তির আর কোনজন লালমোহন গাঙ্গুলী সেটা ভদ্রলোক দিব্যি আন্দাজে ধরে ফেললেন।

স্টেশনের বাইরে মহীতোষবাবুর জিপ অপেক্ষা করছিল। আমরা দশ মিনিটের মধ্যে স্টেশনেই চা আর ডিম-টোস্ট খেয়ে নিয়ে জিপে গিয়ে উঠলাম। আমাদের তিনজনের দুটো সুটকেস, আর ফেলুদার একটা কাঁধে-ঝোলানো ব্যাগ ছাড়া মাল বলতে আর কিছুই নেই, কাজেই জিপে জায়গার অভাব হল না। গাড়ি ছাড়ার মুখে তড়িৎবাবু বললেন, ‘মহীতোষবাবু নিজে আসতে পারলেন না বলে দুঃখিত। ওঁর দাদার শরীরটা ভাল নেই; ডাক্তার এসেছিল, তাই ওঁকে থাকতে হল।’

মহীতোষবাবুর যে দাদা আছে সেটাই জানতাম না। ফেলুদা বলল, ‘বেশি অসুখ কি?’ আমি বুঝতে পারছিলাম অসুখের বাড়িতে অতিথি হয়ে গিয়ে হাজির হতে ফেলুদার একটা কিন্তু কিন্তু ভাব হচ্ছিল।

তড়িৎবাবু বললেন, ‘না। দেবতোষবাবুর অসুখ অনেক দিনের। মাথার ব্যারাম। এমনিতে বিশেষ ঝঞ্ঝাট নেই। উন্মাদ নন মোটেই। দু মাসে তিন মাসে এক-আধবার মাথাটা একটু গরম হয়, তখন ডাক্তার এসে ওষুধের বন্দোবস্ত করে দেন।’

‘বয়স কী রকম?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘চৌষট্টি। মহীতোষবাবুর চেয়ে পাঁচ বছরের বড়। পণ্ডিত লোক ছিলেন। ইতিহাস নিয়ে অনেক পড়াশুনা করেছেন।’

গাড়ি থেকে উত্তর দিকে হিমালয় দেখা যাচ্ছে। ওই দিকেই দার্জিলিং। দার্জিলিং আমি তিনবার গেছি, কিন্তু এবার যেদিকে যাচ্ছি সেদিকে আগে কখনও যাইনি। আকাশে মেঘ জমে আছে, তাই গরমটা কম। মাঝে মাঝে রাস্তার ধারে চা বাগান পড়ছে। শহর ছাড়ার পর থেকেই দৃশ্য ক্রমে বদলে যাচ্ছে। এবার পূর্ব দিকেও পাহাড় দেখা যাচ্ছে। তড়িৎবাবু বললেন, ‘ওটাই ভুটান।’

তিস্তা পেরোবার কিছু পর থেকেই পথের ধারে জঙ্গল পড়তে লাগল। লালমোহনবাবু একপাল ছাগল দেখে হঠাৎ, ‘হরিণ, হরিণ!’ বলে চোঁচিয়ে উঠলেন। ফেলুদা বলল, ‘তাও ভাল, বাঘ বলেননি।’

তড়িৎবাবুর কথায় জানলাম মহীতোষবাবুর বাড়ির পশ্চিম দিকে মাইল খানেকের মধ্যেই নাকি একটা জঙ্গল রয়েছে, তার নাম কালবুনি। সেখানে এককালে অনেক বাঘ ছিল, আর সে-সব বাঘ সিংহরায়রা শিকারও করেছেন। কিন্তু এখন বড় বাঘ বা রয়েল বেঙ্গল টাইগার আর আছে কি না সন্দেহ, যদিও মাস তিনেক আগে নাকি কালবুনিতে মানুষখেকো বাঘ আছে বলে একটা শোরগোল উঠেছিল।

‘আসলে নেই?’ ফেলুদা জিজ্ঞেস করল।

তড়িৎবাবু বললেন, ‘একদিন একটি আদিবাসী ছেলের মৃতদেহ পাওয়া গিয়েছিল জঙ্গলে, তার গায়ে বাঘের আঁচড় ছিল।’

‘কিন্তু মাংস খায়নি?’

‘খেয়েছিল, কিন্তু সেটা বাঘ না হয়ে হায়না-জাতীয় কোনও জানোয়ারও হতে পারে।’

‘মহীতোষবাবু কী বলেন?’

‘উনি তখন ছিলেন না। হাসিমারার দিকে ওঁর চা বাগান আছে, সেখানে গিয়েছিলেন। বনবিভাগের কর্তাদের ধারণা বাঘ, কিন্তু মহীতোষবাবু বিশ্বাস করতে রাজি হননি। অবিশ্যি বনবিভাগের লোক এই তিন মাস খোঁজাখুঁজি করেও সে বাঘের কোনও সন্ধান পায়নি।’

‘আর-কোনও মানুষ খাওয়ার ঘটনাও ঘটেনি?’

‘না।’

মানুষখেকোর কথাটা শুনেই গায়ে কাঁটা দিয়ে উঠেছিল। অবিশ্যি এ ব্যাপারে মহীতোষবাবুর কথাটাই মানতে হবে নিশ্চয়ই। লালমোহনবাবু সব শুনে-টুনে ‘হাইলি ইন্টারেস্টিং’ বলে আরও বেশি ভুরু কুঁচকে জঙ্গলের দিকে দেখতে লাগলেন।

একটা ছোট নদী আর একটা বড় জঙ্গল পেরিয়ে, বাঁয়ে একটা গ্রামকে ফেলে আমাদের জিপ পিচ-বাঁধানো রাস্তা ছেড়ে একটা কাঁচা রাস্তা ধরল। তবে ঝাঁকুনি বেশিক্ষণ ভোগ করতে হল না। মিনিট পাঁচেক চলার পর গাছের উপর দিয়ে একটা পুরনো বাড়ির মাথা দেখা গেল। আরও এগোতে ক্রমে গাছপালা পেরিয়ে গেটওয়ালা প্রকাণ্ড বাড়িটার পুরোটাই দেখতে পেলাম। বাড়ির রং এককালে হয়তো সাদা ছিল, এখন সমস্ত গায়ে কালসিটে পড়ে গেছে। রং যা আছে তা শুধু জানালার কাচগুলোতে; রামধনুর সাতটা রঙের কোনওটাই বাদ নেই।

স্বেতপাথরের ফলকে ‘সিংহরায় প্যালেস’ লেখা গেটটা পেরিয়ে আমাদের জিপ বাড়ির গাড়ি-বারান্দার নীচে গিয়ে দাঁড়াল।

২

মহীতোষবাবু যে এত ফরসা সেটা ছবি দেখে বোঝা যায়নি। লম্বায় ফেলুদার কাছাকাছি, যতটা রোগা ভেবেছিলাম ততটা না, মাথার চুল ছবির চেয়ে অনেক বেশি পাকা, আর বয়সের তুলনায় বেশ ঘন। শিকারিরা জঙ্গলে গিয়ে ঘন্টার পর ঘন্টা চুপ করে বসে থাকে বলে শুনেছি। ইনিও হয়তো তাই করেন, কিন্তু বাড়িতে কথা বলার সময় গলা থেকে যে গুরুগম্ভীর তেজীয়ান আওয়াজ বেরোয়, সেটা শুনলে হয়তো বাঘেরও চিন্তা হবে।

ভদ্রলোক আমাদের খাতির-টাতির করে ভিতরে নিয়ে গিয়ে একটা প্রকাণ্ড বৈঠকখানায় বসানোর প্রায় সঙ্গে সঙ্গে ফেলুদা ওঁর লেখার প্রশংসা করে বলল, ‘আমি শুধু ঘটনার কথা বলছি না— সেগুলো তো খুবই অদ্ভুত— আমার মনে হয় সাহিত্যের দিক দিয়েও আপনার লেখার আশ্চর্য মূল্য আছে।’

বেয়ারা আমার শরবত এনে আমাদের সামনে শ্বেতপাথরের নিচু টেবিলের উপর রেখেছিল, মহীতোষবাবু ‘আসুন’ বলে সেগুলোর দিকে দেখিয়ে দিয়ে সোফায় হেলান দিয়ে পায়ের উপর পা তুলে বললেন, ‘অথচ জানেন, আমি সবে এই বছর চারেক হল কলম ধরেছি। আসলে লেখাটা বোধহয় রঙে ছিল। আমার বাপ-ঠাকুরদা দুজনেই সাহিত্যচর্চা করেছেন। অবিশ্যি তার আগে বিশেষ কেউ করেছেন বলে মনে হয় না। আমরা রাজপুতানার লোক, জানেন তো? ক্ষত্রিয়। এক কালে মানুষের সঙ্গে যুদ্ধ করেছি। পরে মানুষ ছেড়ে জানোয়ার ধরেছি। এখন অবিশ্যি বন্দুক ছেড়ে একরকম বাধ্য হয়েই কলম ধরেছি।’

‘উনি কি আপনার ঠাকুরদা?’

আমাদের বাঁদিকের দেওয়ালে টাঙানো একটা অয়েল পেন্টিং-এর দিকে দেখিয়ে ফেলুদা প্রশ্নটা করল।

‘হ্যাঁ, উনিই আদিত্যনারায়ণ সিংহরায়।’

একখানা চেহারা বটে। জ্বলজ্বলে চোখ, পঞ্চম জর্জের মতো দাড়ি আর গোঁফ, বাঁ হাতে বন্দুক ধরে ডান হাতটা আলতো করে একটা টেবিলের উপর রেখে বুক ফুলিয়ে দাঁড়িয়ে সোজা চেয়ে আছেন আমাদের দিকে।

‘ঠাকুরদার সঙ্গে বন্ধিমের চিঠি লেখালেখি ছিল, জানেন? ঠাকুরদা তখন কলেজে পড়েন। ‘বঙ্গদর্শন’ বেরোচ্ছে। বন্ধিমচন্দ্র লিখলেন ‘দেবী চৌধুরানী’। আর সেই সূত্রেই ঠাকুরদা চিঠি দিলেন বন্ধিমকে।’

‘দেবী চৌধুরানী তো এই অঞ্চলেরই গল্প— তাই না?’ ফেলুদা প্রশ্ন করল।

‘তা তো বটেই’, মহীতোষবাবু বেশ উৎসাহের সঙ্গে বললেন, ‘এই যে তিস্তা নদী পেরিয়ে এলেন, এই তিস্তাই হল গল্পের ত্রিশ্রোতা নদী— যাতে দেবীর বজরা ঘোরাফেরা করত। অবিশ্যি বৈকুণ্ঠপুরের সে জঙ্গল আর নেই; সব চা-বাগান হয়ে গেছে। গল্পে যে রংপুর জেলার কথা বলা হয়েছে, একশো বছর আগে আমাদের এই জলপাইগুড়ি সেই রংপুরের ভেতরেই পড়ত। পরে যখন পশ্চিম ডুয়ার্স বলে নতুন জেলা তৈরি হল, তখন জলপাইগুড়ি পড়ল তার মধ্যে, আর রংপুর হয়ে গেল আলাদা।’

‘আপনারা শিকার আরম্ভ করলেন কবে?’

প্রশ্নটা করলেন লালমোহনবাবু। মহীতোষবাবু হেসে বললেন, ‘সে এক গল্প। আমার ঠাকুরদার খুব কুকুরের শখ ছিল, জানেন। ভাল কুকুরের খবর পেলেই গিয়ে কিনে আনতেন। এইভাবে জমতে জমতে পঞ্চাশটার উপর কুকুর হয়ে গিয়েছিল আমাদের বাড়িতে। দিশি বিলিতি ছোট বড় মাঝারি হিংস্র নিরীহ কোনওরকম কুকুর বাদ ছিল না। তার মধ্যে ঠাকুরদার যেটি সবচেয়ে প্রিয় ছিল সেটি একটি ভুটিয়া কুকুর। আমাদের এদিকে জলেশ্বরের শিবমন্দির আছে জানেন তো? এককালে সেই মন্দিরকে ঘিরে শিবরাত্রির খুব বড় মেলা বসত। সেই মেলায় বিক্রির জন্য ভুটিয়ারা তাদের দেশ থেকে কুকুর আনত। ইয়া গাব্দা গাব্দা লোমশ কুকুর। ঠাকুরদা সেই কুকুর একটা কিনে পোষেন। সাড়ে তিন বছর বয়সে সেই কুকুর চিতাবাঘের কবলে পড়ে প্রাণ হারায়। ঠাকুরদার তখন জোয়ান বয়স। রোখ চাপল বাঘের বংশ ধ্বংস করে শোধ তুলবেন। বন্দুক এল। বন্দুক ছোঁড়া শেখা হল। ব্যস...দেড়শোর উপর শুধু বড় বাঘই মেরেছেন ঠাকুরদা তাঁর বাইশ বছরের শিকারি জীবনে। তা ছাড়া আরও অন্য কত কী যে মেরেছেন তার হিসেব নেই।’

‘আর আপনি?’

এ প্রশ্নটাও করলেন লালমোহনবাবু।

‘আমি ?’ মহীতোষবাবু হেসে ঘাড় কাত করে ডান দিকে চেয়ে বললেন, ‘বলো না হে শশাঙ্ক ।’

একটি ভদ্রলোক কখন যে ঘরে ঢুকে এক পাশে চেয়ারে এসে বসেছেন তা টেরই পাইনি ।

‘টাইগার ?’ মৃদু হেসে প্রশ্ন করলেন নতুন ভদ্রলোকটি, ‘তুমি লিখছ তোমার শিকার কাহিনী, তুমিই বলো না !’

মহীতোষবাবু এবার আমাদের দিকে ফিরে বললেন, ‘থ্রি ফিগারসে পৌঁছতে পারিনি. সেটা ঠিকই, তবে তার খুব কমও নয় । বাঘ মেরেছি একান্তরটা, আর লেপার্ড পঞ্চাশের উপর ।’

মহীতোষবাবু নতুন ভদ্রলোকটির সঙ্গে আলাপ করিয়ে দিলেন ।

‘হিনি হচ্ছেন শশাঙ্ক সান্যাল । আমার বাল্যবন্ধু । আমার কাঠের কারবারটা ইনিই দেখাশোনা করেন ।’

বন্ধু হলে কী হবে, চেহারায় আর হাবভাবে আশ্চর্য বেমিল । শশাঙ্কবাবু লালমোহনবাবুর মতো বেঁটে না হলেও, পাঁচ ফুট সাত-আট ইঞ্চির বেশি নন, গায়ের রং মাঝারি, কথাবার্তা বলেন নিচু গলায়, দেখলেই মনে হয় চুপচাপ শান্ত স্বভাবের মানুষ । কোথাও নিশ্চয়ই দুজনের মধ্যে মিল আছে, যেটা এখনও টের পাওয়া যাচ্ছে না । নইলে বন্ধুত্ব হবে কী করে ?

‘তড়িৎবাবুর কাছে একটা ম্যান-ইটারের কথা শুনছিলাম, সেটার আর কোনও খবর আছে কি ?’ জিজ্ঞেস করলে ফেলুদা ।

মহীতোষবাবু একটু নড়েচড়ে বসলেন ।

‘ম্যান-ইটার বললেই তো আর ম্যান-ইটার হয় না । আমি থাকলে দেখে ঠিক বুঝতে পারতাম । তবে যে জানোয়ারেই খেয়ে থাক, সে আর দ্বিতীয়বার নরমাংসের প্রতি লোভ প্রকাশ করেনি ।’

ফেলুদা একটু হেসে বলল, ‘যদি সত্যিই ম্যান-ইটার বেরোত, তা হলে আপনি অন্তত সাময়িকভাবে নিশ্চয়ই কলম ছেড়ে বন্দুক ধরতেন ।’

‘তা ধরতাম বইকী । আমারই এলাকায় যদি নরখাদক বাঘ উৎপাত আরম্ভ করে তবে তাকে শায়েস্তা করাটা তো আমার ডিউটি !’

আমাদের শরবত খাওয়া হয়ে গিয়েছিল । মহীতোষবাবু বললেন, ‘আপনারা ক্লান্ত হয়ে এসেছেন, আপনাদের ঘর দেখিয়ে দিচ্ছে, আপনারা স্নান খাওয়া সেরে একটু বিশ্রাম করে নিন । বিকেলের দিকে আমার জিপে করে আপনাদের একটু ঘুরিয়ে আনবে । জঙ্গলের ভিতর দিয়ে রাস্তা আছে, হরিণ-টরিণ চোখে পড়তে পারে, এমনকী হাতিও ! তড়িৎ, যাও তো, এঁদের ট্রোফি রুমটা একবার দেখিয়ে সোজা নিয়ে যাও এঁদের ঘরে ।’

ট্রোফি রুম মানে বাঘ ভাল্লুক বাইসন হরিণ কুমিরের চামড়া আর মাথায় ভরা একটা বিশাল ঘর । ঘরের মেঝে আর দেওয়ালে তিল ধরার জায়গা নেই । এতগুলো জানোয়ারের জোড়া জোড়া পাথরের চোখ চারিদিক থেকে আমাদের দিকে চেয়ে আছে দেখলেই গা-টা হুমহুম করে । শুধু জানোয়ার নয় ; যেসব অস্ত্র দিয়ে এই জানোয়ার মারা হয়েছে সেগুলোও ঘরের এক পাশে একটা খাঁজকাটা র্যাকের উপর রাখা রয়েছে । দোনলা একনলা পাখি-মারা বাঘ-মারা হাতি-মারা কতরকম যে বন্দুক তার ঠিক নেই ।

এই সব দেখতে দেখতে ফেলুদা তড়িৎবাবুকে জিজ্ঞেস করল, ‘আপনিও শিকার করেছেন নাকি ?’

তড়িৎবাবু একটু হেসে মাথা নেড়ে বললেন, ‘একেবারেই না । আপনি গোয়েন্দা, আমার চেহারা দেখে বুঝতে পারছেন না ?’



ফেলুদা বলল, ‘শিকারি হলেই যে ষণ্ডা লোক হতে হবে এমন তো কোনও কথা নেই। আসলে তা নার্ভের ব্যাপার। আপনাকে দেখে ও জিনিসটার অভাব আছে বলে মনে করার তো কোনও কারণ দেখছি না।’

‘তা হয়তো নেই, তবে শিকারে প্রবৃত্তি নেই। আমি কলকাতার সাধারণ মধ্যবিত্ত ঘরের ছেলে। শিকার-টিকারের কথা কোনওদিন ভাবতেই পারিনি।’

ট্রোফি রুম থেকে বেরিয়ে বাইরের বারান্দা দিয়ে দোতলার সিঁড়ির দিকে যেতে যেতে ফেলুদা বলল, ‘শহরের ছেলে জঙ্গলের দেশে এলেন যে বড়?’

তড়িৎবাবু বললেন, ‘পেটের দায়ে। বি এ পাস করে বসেছিলাম। কাগজে সেক্রেটারির জন্য বিজ্ঞাপন দিয়েছিলেন মহীতোষবাবু। অ্যাপ্লাই করি, ইন্টারভিউয়ে ডাক পড়ে, আসি, চাকরিটা হয়ে যায়।’

‘কদিন আছেন?’

‘পাঁচ বছর।’

‘শিকার না করলেও জঙ্গলে ঘোরাঘুরি করেন বোধহয়?’

‘মানে?’ তড়িৎবাবু একটু অবাক হয়েই ফেলুদার দিকে চাইলেন।

‘আপনার ডান হাতে তিনটে আঁচড়ের দাগ দেখছি। মনে হল কাঁটাগাছ থেকে হতে পারে।’

তড়িৎবাবুর গভীর মুখে হাসি দেখা দিল। বললেন, ‘আপনার দৃষ্টিশক্তির পরিচয় পাওয়া গেল। কালই লেগেছে আঁচড়। জঙ্গলে ঘোরা একটা নেশা হয়ে দাঁড়িয়েছে।’

‘হাতিয়ার ছাড়াই?’ অন্ধকার সিঁড়ি দিয়ে উঠতে উঠতে ফেলুদা প্রশ্ন করল।

তড়িৎবাবু শাস্তভাবে জবাব দিলেন, ‘ভয়ের তো কিছু নেই। এক সাপ আর পাগলা হাতির জন্য দৃষ্টিটা একটু সজাগ রেখে চললে জঙ্গলে কোনও ভয় নেই।’

‘কিন্তু ম্যান-ইটার?’ চাপা গলায় প্রশ্ন করলেন লালমোহনবাবু।

‘সেটার অস্তিত্ব প্রমাণ হলে জঙ্গলে যাওয়া ছাড়তে হবে বইকী।’

সিঁড়ি দিয়ে উঠে বাঁদিকে একটা দরজা পেরোতেই একটা প্রকাণ্ড লম্বা বারান্দায় এসে পড়লাম। বাঁ দিকে রেলিং, ডানদিকে সারি সারি ঘর। প্রথম ঘরটাই নাকি মহীতোষবাবুর কাজের ঘর, তড়িৎবাবুকেও দিনের বেলা এখানেই বসতে হয়। কিছু দূর গিয়ে বারান্দাটা বাঁ দিকে ঘুরে গেছে। এটা হল পশ্চিমদিক। এটারও ডান দিকে ঘরের সারি, আর তারই মধ্যে একটা ঘর হল আমাদের ঘর। ফেলুদা বলল, ‘এত ঘরে কারা থাকে মশাই?’

তড়িৎবাবু বললেন, ‘বেশির ভাগই ব্যবহার হয় না, বন্ধ থাকে। পুর্বের বারান্দায় একটা ঘরে মহীতোষবাবু থাকেন, আর একটায় ওঁর দাদা দেবতোষবাবু। শশাঙ্কবাবুর ঘর দক্ষিণে। আমারও তাই। আরও দুটো ঘর মহীতোষবাবুর দুই ছেলের জন্য রয়েছে। দুজনেই কলকাতায় চাকরি করে, মাঝে-মধ্যে আসে।’

এবার চোখে পড়ল আমাদের উলটোদিকে পুর্বের বারান্দায় বেগুনি ড্রেসিং গাউন পরা একজন লোক রেলিং-এর পাশে দাঁড়িয়ে একদৃষ্টে আমাদের দিকে দেখছে। ফেলুদা বলল, ‘উনিই কি মহীতোষবাবুর দাদা?’

তড়িৎবাবু কিছু বলার আগেই গুরুগম্ভীর গলায় প্রশ্ন শোনা গেল— ‘তোমরা রাজুকে দেখেছ, রাজু?’

দেবতোষবাবু আমাদেরই উদ্দেশ্যে প্রশ্নটা করেছেন। ভদ্রলোক এর মধ্যেই পুর্ব থেকে উত্তরের বারান্দায় চলে এসেছেন, তাঁর লক্ষ্য আমাদেরই দিকে। এখন বুঝতে পারছি ভদ্রলোকের চেহারা মহীতোষবাবুর সঙ্গে বেশ মিল আছে, বিশেষ করে চোয়ালের কাছটায়। তড়িৎবাবু আমাদের হয়ে জবাব দিয়ে দিলেন, ‘না, এঁরা দেখেননি।’

‘দেখনি? আর হোসেন? হোসেনকে দেখেছ?’

ভদ্রলোক ক্রমে আমাদের দিকে এগিয়ে আসছেন। এবার বুঝতে পারছি ওঁর চোখ দুটো কেমন যেন ঘোলাটে। মাথার সব চুল পাকা, আর মহীতোষবাবুর মতো ঘন নয়। লম্বায় হয়তো ভাইয়ের কাছাকাছি, কিন্তু কুঁজো হয়ে পড়াতে অতটা মনে হয় না।

তড়িৎবাবু, ‘না, হোসেনকেও দেখেননি’ বলে আমাদের ঘরের দিকে এগিয়ে যেতে ইশারা করলেন।

‘দেখনি?’ দেবতোষবাবুর গলায় যেন একটা হতাশার সুর।

‘না’, তড়িৎবাবু বললেন, ‘এঁরা নতুন এসেছেন, কিছু জানেন না।’

‘রাজু আর হোসেন কারা মশাই?’ ঘরে ঢুকে ফেলুদা প্রশ্ন করল।

তড়িৎবাবু হেসে বললেন, ‘রাজু হল কালাপাহাড়ের আরেক নাম। আর হোসেন হল হোসেন খাঁ। গৌড়ের সুলতান ছিল। দুজনেই বাংলাদেশের অনেক হিন্দু মন্দির ধ্বংস করেছে। জল্পেখরের মন্দিরের মাথা হোসেন খাঁ-ই ভাঙে।’

‘আপনি কি ইতিহাসের ছাত্র ছিলেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না। সাহিত্য। মহীতোষবাবু জলপাইগুড়ির ইতিহাস লিখছেন, তাই সেক্রেটারি হিসেবে আমাকেও কিছুটা জেনে ফেলতে হচ্ছে।’

তড়িৎবাবু চলে যাবার পর আমরা তিনজন প্রথম হাঁপ ছাড়ার সুযোগ পেলাম। ঘরটি দিবাি ভাল। এ ঘরেও দুটো দরজার উপর দুটো হরিণের মাথা রয়েছে। অন্য ঘরে জায়গা

হয়নি বলেই বোধহয় মেঝেতেও একটা মাথা সমেত চিতাবাঘের ছাল দুটো খাটের মাঝখানে হাত-পা ছড়িয়ে মুখ খুবড়ে পড়ে আছে। দুটো খাট আর একটা খাটিয়া গোছের জিনিস, সেটা বোধহয় আগে ছিল না, আমরা তিনজন লোক বলে এনে রাখা হয়েছে। ফেলুদা খাটিয়াটা দেখে বলল, ‘দেখে মনে হয় এটাকে শিকারের মাচা হিসেবে ব্যবহার করা হয়েছে, দড়ি বাঁধার দাগ রয়েছে এখনও। তোপসে, তুই ওটাতে শুবি।’

তিনটে খাটের উপরে মশারি খাটানো রয়েছে, আর রয়েছে প্রায় আট ইঞ্চি পুরু গদি, দুটো করে নকশা করা ওয়াড় লাগানো বালিশ, আর একটা করে পাশ বালিশ। লালমোহনবাবু সব দেখেটেখে বললেন, ‘তিনটে দিন দিব্যি আরামে কাটবে বলে মনে হচ্ছে মশাই। তবে আশা করি, দাদাটি আর রাজু-টাজুর খবর নিতে বেশি আসবেন না এদিকটায়। ফ্র্যাঙ্কলি স্পিকিং, পাগলের সান্নিধ্যটা আমার কাছে রীতিমতো অস্বস্তিকর।’

এ কথাটা আমারও যে মনে হয়নি তা নয়। তবে ফেলুদা ও নিয়ে খুব বেশি চিন্তিত বলে মনে হল না। বাঝ খুলে জিনিস বার করতে করতে একবার খালি ভুরু কুঁচকে বলল, ‘মহীতোষবাবু আমার কাছে কী ধরনের উপকার আশা করছেন সেটা এখনও বোঝা গেল না।’

৩

তড়িৎবাবু কাজে ব্যস্ত ছিলেন বলে বিকেলে আর আমাদের সঙ্গে বেরোতে পারলেন না। তার বদলে এলেন মহীতোষবাবুর বন্ধু শশাঙ্ক সান্যাল। ইনিও দেখলাম এদিকে এত দিন থেকে জঙ্গল আর জানোয়ার সম্বন্ধে অনেক কিছু জেনে ফেলেছেন। সাড়ে চারটেতেই প্রায় অন্ধকার হয়ে-যাওয়া জঙ্গলের রাস্তা দিয়ে জিপে করে যেতে যেতে কত রকম গাছপালা আর কত রকম পাখির ডাক যে আমাদের চিনিয়ে দিলেন! ত্রিশ বছর আগে এ জঙ্গলে বাঘের সংখ্যা কত বেশি ছিল তাও বললেন। ত্রিশ বছর ধরেই আছেন ভদ্রলোক লক্ষ্মণবাড়িতে। আসলে কলকাতার লোক, ইস্কুল আর কলেজে মহীতোষবাবুর সঙ্গে এক ক্লাসে পড়েছেন।

রোদ যখন প্রায় পড়ে এসেছে তখন একটা সরু নদীর ধারে এসে আমাদের গাড়িটা থামল। শশাঙ্কবাবু বললেন, ‘একবার নামবেন নাকি? চলন্ত গাড়ির ভিতর থেকে জঙ্গলের পরিবেশটা ঠিক ধরতে পারবেন না।’

জিপ থেকে নেমেই প্রথম বুঝতে পারলাম জঙ্গলটা কত গভীর আর নিস্তব্ধ। বাসায় ফিরে যাওয়া পাখির ডাক আর নদীর ফুরিয়ে আসা জলের কুলকুল শব্দ ছাড়া কোনও শব্দ নেই। সঙ্গে বন্দুক না থাকলে ভয়ই করত। বন্দুক রয়েছে যার হাতে সে নাকি এখানকার একজন নামকরা পেশাদারি শিকারি। নাম মাধবলাল। আগে যখন বিদেশ থেকে শিকারিরা এখানে আসত তখন মাধবলালই নাকি তাদের গাইডের কাজ করত। কোন রাস্তায় বাঘ চলাফেরা করে, কোন গাছে মাচা বাঁধা উচিত, কোন জন্তুর ডাকের কী মানে, এ সব নাকি মাধবলালই বলে দিত। বছর পঞ্চাশ বয়স, পেটানো শরীর, তাতে চর্বির লেশমাত্র নেই।

আমরা জিপ থেকে নেমে একটু এগিয়ে গিয়ে নদীর ধারে বালি আর নুড়ি-পাথরের উপর গিয়ে দাঁড়িলাম। এ কথা সে কথার পর ফেলুদা শশাঙ্কবাবুকে জিজ্ঞেস করল, ‘দেবতোষবাবু পাগল হলেন কী করে?’

শশাঙ্কবাবু বললেন, ‘এদের বংশে ইনিই প্রথম পাগল নন। মহীতোষের ঠাকুরদাদারও শেষের দিকে মাথা খারাপ হয়ে গিয়েছিল।’

‘তাই বুঝি? তা হলে শিকারের ব্যাপারটা...?’

‘সব বন্ধ হয়ে গিয়েছিল। হাতের কাছ থেকে বন্দুক-টন্দুক সব সরিয়ে ফেলা হয়েছিল। একদিন হঠাৎ বৈঠকখানার দেওয়াল থেকে একটা পুরনো তলোয়ার খুলে নিয়ে সেটাই হাতে করে জঙ্গলে চলে গেলেন বাঘ মারতে। ইস্কুলে থাকতে ইতিহাসের বইয়ে শের শাহ-র কথা পড়েছেন তো?— “ইনি উত্তরকালে তরবারির এক আঘাতে একটা বাঘের মস্তক ছেদন করিয়া ‘শের’ আখ্যা প্রাপ্ত হইয়াছিলেন” —পাগল অবস্থায় আদিত্যনারায়ণের শের শাহ হবার শখ জাগে।’

‘তারপর?’ লালমোহনবাবু চোখ গোল গোল করে চাপা গলায় প্রশ্নটা করলেন।

‘সেই যে গেলেন, আর ফেরেননি। এক তলোয়ার ছাড়া আর প্রায় সব কিছুই বাঘের পেটে গিয়েছিল।’

ঠিক এই সময় কাছেই একটা জানোয়ারের চিৎকার শুনে লালমোহনবাবু প্রায় তিন হাত লাফিয়ে উঠলেন। শশাঙ্কবাবু হেসে বললেন, ‘আপনি এত অ্যাডভেঞ্চারের বই লেখেন, আর শেয়ালের ডাক শুনেই এই অবস্থা?’

‘না, মানে লেখক বলেই কল্পনাশক্তিটা একটু বেশি কি না। আপনি বাঘের কথা বললেন, আর আমিও দেখলুম হলদে মতো কী জানি একটা ওই ঝোপটার পিছন দিয়ে চলে গেল।’

‘এখনও যায়নি, তবে কিছুক্ষণের মধ্যে যেতে পারে।’

কথাটা খুব নিচু গলায় বললেন শশাঙ্কবাবু।

‘ওইটাই কি বার্কিং ডিয়ারের ডাক?’ ফেলুদাও ফিসফিস জিজ্ঞেস করল।

একটা জন্তু ডেকে উঠেছে কয়েকবার। অনেকটা কুকুরের মতো ডাক। বাঘ কাছাকাছি এলেই বার্কিং ডিয়ার বা কাকর হরিণ ডেকে ওঠে এটা আমি ফেলুদার কাছে শুনেছি। শশাঙ্কবাবু মাথা নেড়ে হ্যাঁ বলে আমাদের জিপে গিয়ে বসতে ইশারা করলেন। আমরা প্রায় নিঃশব্দে গিয়ে যে যার জায়গায় বসে পড়লাম। অন্ধকার আরও বেড়েছে। হরিণটা আবার ডেকে উঠল। জিপের ছুড ফেলে দেওয়া হয়েছিল, কাজেই আশেপাশে কোনও জানোয়ার এলে আমরা সবাই দেখতে পাব। আমার বুকের ভিতরটা টিপ টিপ করছে। মাধবলালও গাড়ির কাছে এসে স্থির হয়ে দাঁড়িয়ে আছে। লালমোহনবাবু একবার আমার হাতটা ধরতে বুঝতে পারলাম ওঁর হাতের তেলো বরফের মতো ঠাণ্ডা হয়ে গেছে।

প্রায় ছ’টা পর্যন্ত দম বন্ধ করে অপেক্ষা করেও কোনও জানোয়ার দেখতে না পেয়ে আমরা বাড়ি চলে এলাম।

সন্ধ্যার দিকে পশ্চিমের আকাশ দেখতে দেখতে কালো মেঘে ছেয়ে গেল, আর চোখ ধাঁধানো শিকড় বার-করা বিদ্যুতে আকাশটা বার বার চিরে যেতে লাগল। আমরা জানালার সামনে দাঁড়িয়ে তাই দেখছিলাম, এমন সময় দরজায় টোকা পড়ল। দরজা খোলাই ছিল, ঘুরে দেখি মহীতোষবাবু।

‘কীরকম বেড়ালেন?’ ভদ্রলোক তাঁর জাঁদরেল গলায় প্রশ্ন করলেন।

‘আমরা আরেকটু হলেই বাঘ দেখে ফেলেছিলাম!’ ছেলেমানুষের মতো টেঁচিয়ে বলে উঠলেন লালমোহনবাবু।

‘বছর দশেক আগে এলে নিশ্চয়ই দেখে ফেলতেন’, বললেন মহীতোষবাবু, ‘আজ যে দেখতে পেলেন না, তার জন্যে অবিশ্যি আমাদের মতো শিকারিরাই খানিকটা দায়ী। শিকারটাকে যে স্পোর্টের মধ্যে ধরা হত কি না! আজকে নয়, আদিকাল থেকে। পৌরাণিক যুগে রাজারা মৃগয়ায় যেতেন। মোগল বাদশারাও যেতেন। ইদানীংকালে আমাদের দুশো বছরের প্রভু সাহেবরাও যেতেন, আর আমরাও গেছি। এই দু হাজার বছরে তীরের ফলা আর বন্দুকের গুলিতে কত জানোয়ার মরেছে ভাবতে পারেন? তারপর সার্কাস আর



চিড়িয়াখানার জন্য কত জন্তু-জানোয়ার ধরা হয়েছে তার কোনও হিসেব আছে কি ?

ফেলুদা মহীতোষবাবুর দিকে চেয়ার এগিয়ে দেওয়াতে ভদ্রলোক বললেন, ‘বসব না । আপনাকে একটা জিনিস দেখাতে এসেছি । চলুন, আমার ঠাকুরদার ঘরে চলুন । ঘরটা দেখেও আনন্দ পাবেন ।’

মহীতোষবাবুর ঠাকুরদার ঘর উত্তরদিকের বারান্দার উত্তর-পূর্ব কোণে । ঘরের দিকে যেতে যেতে ফেলুদা বলল, ‘আপনার ঠাকুরদার শেষ বয়সে পাগল হয়ে যাওয়ার গল্প শুনছিলাম শশাঙ্কবাবুর কাছে ।’

মহীতোষবাবু একটু হেসে বললেন, ‘পাগল হবার আগে ষাট বছর বয়স অবধি তার মতো পরিষ্কার মাথা খুব কম লোকেরই দেখেছি ।’

‘যে তলোয়ারটা দিয়ে বাঘ মারতে গিয়েছিলেন, সেটা এখনও আছে কি ?’

‘সেটা ঠাকুরদার ঘরেই আছে । চলুন দেখাচ্ছি ।’

আদিত্যনারায়ণ সিংহরায়ের ঘরের তিন দিকের দেয়ালে আলমারিতে ঠাসা বই, পুঁথিপত্র আর খবরের কাগজের ডাই। অন্য দিকের দেওয়ালের সামনে রয়েছে দুটো সিন্দুক আর একটা কাচের আলমারি। আলমারির মধ্যে খুঁটিনাটি কত রকম যে জিনিস রয়েছে তা একবার দেখে মনে রাখা অসম্ভব। বাঘের নখ, গণ্ডারের শিং, হাতির দাঁত আর ধাতুর তৈরি নানারকম ছোটবড় মূর্তি, পাথর-বসানো ভুটিয়া গয়নাগাটি, তাঁর প্রিয় ভুটিয়া কুকুরের গলার বকলস— তাতেও লাল নীল হলদে পাথর বসানো। এ ছাড়া আছে একটা রূপোর কলম আর দোয়াত, একটা মোগল আমলের দূরবীন, আর দুটো মড়ার মাথার খুলি। ওপরের দুটো তাকের এই জিনিসগুলোর কথা আমার মনে আছে। নীচের দুটো তাকে রয়েছে খালি অস্ত্রশস্ত্র। কারুকার্য করা তিনশো বছরের পুরনো পিস্তল, গোটা আষ্টেক ছোরা, ভোজালি আর কুকরি, আর একটা তলোয়ার। এই তলোয়ারটা নিয়েই আদিত্যনারায়ণ বাঘ মারতে গিয়েছিলেন। পাগল না হলে এমন কাজ কেউ করে না, কারণ তলোয়ারটা খুব বেশি বড় নয়। বিকানিরের কেল্লায় রাজপুত রাজাদের যে তলোয়ার দেখেছিলাম সেগুলো এর চেয়ে অনেক বেশি বড় আর ভারী।

ইতিমধ্যে মহীতোষবাবু একটা সিন্দুক খুলে তার ভিতর থেকে একটা হাতির দাঁতের কাজ করা ছোট্ট বাস্ক বার করে এনেছেন। এবার সেটা থেকে একটা পুরনো ভাঁজ-করা কাগজ বার করে বললেন, ‘ডিটেকটিভদের তো নানারকম ক্ষমতা থাকে শুনেছি। আপনি হেঁয়ালির সমাধান করতে পারেন কি, মিস্টার মিস্তির?’

ফেলুদা বলল, ‘এককালে ওদিকটায় ঝোঁক ছিল সেটা বলতে পারি।’

ফেলুদা একটা ইংরেজি সংকেতের সমাধান করেছিল সোনার কেল্লার ব্যাপারে। বাংলা আর ইংরেজি হেঁয়ালির অনেক বই ওর কাছে আছে, আর ‘বিদগ্ধমুখমণ্ডলম’ বলে একটা সংস্কৃত হেঁয়ালির বইও আছে। মহীতোষবাবু এবার হাতের কাগজটা ফেলুদাকে দিয়ে বললেন, ‘আপনারা তিন দিন থাকবেন বলছিলেন। তার মধ্যে যদি এই সংকেতের সমাধান না হয়, তা হলে আরও তিনটে দিন সময় দিতে পারি। তার পরে— আর না।’

শেষের কটা কথা বলার সময় ভদ্রলোকের স্বরটা যে কীরকমভাবে বদলে গেল তা ঠিক লিখে বোঝাতে পারব না। কিন্তু এটা বেশ বুঝতে পারলাম যে মহীতোষবাবুর ভিতরে একটা কঠিন মানুষ রয়েছে, আর সময় সময় সেই মানুষটা বাইরে বেরিয়ে পড়ে। যেমন এখন পড়ল। গলার স্বরের সঙ্গে সঙ্গে মহীতোষবাবুর চোখের চাহনিটাও বদলে গিয়েছিল, আর সেটা স্বাভাবিক হবার আগেই ফেলুদার প্রশ্ন এল—

‘আর যদি পারি?’

ফেলুদা যে ঠিক কড়া ভাবে প্রশ্নটা করেছিল তা নয়। এমনকী করার সময় ঠোঁট আর চোখের কোণে একটা হালকা হাসির ভাবও ছিল; কিন্তু এও বুঝতে পারলাম যে মহীতোষবাবুর ভিতরের শক্ত মানুষটাকে রুখে দাঁড়বার মতো শক্তি ফেলুদার আছে।

মহীতোষবাবু এবার বেশ সহজভাবে হেসে বললেন, ‘যদি পারেন তো আমার মারা বড় বাঘের একটা ছাল আমি আপনাকে উপহার দেব।’

আজকালকার দিনে একটা রয়েল বেঙ্গলের ছাল যে নেহাত ফেলনা জিনিস নয় সেটা আমি জানতাম।

মহীতোষবাবুর হাত থেকে কাগজটা নিয়ে তাতে মুক্তোর মতো হাতের লেখা সংকেতটা ফেলুদা একবার বিড় বিড় করে পড়ল—

মুড়ো হয় বুড়ো গাছ

হাত গোন ভাত পাঁচ

দিক পাও ঠিক ঠিক জবাবে ।

ফাঙ্কুন তাল জোড়

দুই মাঝে দুই ফোঁড়

সন্ধানে ধন্দায় নবাবে ।

‘আপনার ঠাকুরদা কি কোনও গুপ্তধনের সন্ধান দিয়েছেন এই সংকেতে ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘আপনার কি তাই মনে হয় ?’

‘শেষের লাইনটাতে তো সেই রকমই একটা ইঙ্গিত রয়েছে বলে মনে হয় । সন্ধানে ধন্দায় নবাবে । এমন জিনিস যার সন্ধান পেলে নবাবের মনও ধাঁধিয়ে যায় । ধনদৌলতের কথাই তো মনে হয় । অবিশ্যি আপনার ঠাকুরদা সে রকম লোক ছিলেন কি না সেটাও একটা প্রশ্ন । সকলে তো আর সংকেত লিখে গুপ্তধন লুকিয়ে রাখে না ।’

‘ঠাকুরদার পক্ষে সব কিছুই সম্ভব ছিল । তিনি চিরকালই খামখেয়ালি মানুষ ছিলেন, রং-তামাশা করতে ভালবাসতেন, প্র্যাকটিক্যাল জোক পছন্দ করতেন । ছেলেবয়সে একবার বাড়ির গুরুজনদের উপর রাগ করে মাঝরাত্তিরে উঠে তাঁদের প্রত্যেকের চটি জুতো খড়ম নাগরা সব নিয়ে তালগাছের মাথায় ঝুলিয়ে রেখে এসেছিলেন । এটা যদি গুপ্তধনের সংকেত হয়, তা হলে সেটাও তার খামখেয়ালিপনারই একটা নমুনা বললে বোধহয় ভুল হবে না । মোটকথা আপনি— কী চাই, তড়িৎ ?’

তড়িৎবাবু যে কখন দরজার মুখটাতে এসে দাঁড়িয়েছেন তা টেরই পাইনি । ভদ্রলোক শাস্তভাবেই বললেন, ‘চরিতাভিধানটা নিয়েছিলাম, সেটা রেখে দিতে এসেছি ।’

‘ঠিক আছে, রেখে যাও । আর প্রুফটা দেখা হয়ে গিয়েছে ?’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘তা হলে কাল ওটা সঙ্গে করে নিয়ে যেয়ো । আর সেকেন্ড প্রুফও এত ভুল থাকে কেন এই নিয়ে কড়া করে কথা শুনিয়ে দিয়ে এসো তো ।’

তড়িৎবাবু হাতের বইটা আলমারির তাকে একটা ফাঁকের মধ্যে গুঁজে দিয়ে চলে গেলেন ।

মহীতোষবাবু বললেন, ‘তড়িৎ কাল দিন-সাতেকের জন্য কলকাতা যাচ্ছে । ওর মা-র অসুখ ।’

ফেলুদা এখনও ছড়াটার দিকে দেখছিল । বলল, ‘এ সংকেতের কথা আর কে জানে ?’

মহীতোষবাবু ঘরের বাতি নিবিয়ে দিয়ে দরজার দিকে এগোতে এগোতে বললেন, ‘এটা পাওয়া গেছে এই দিন-দশেক হল । আমাদের বংশের ইতিহাস লিখব বলে পুরনো বাস্ক-প্যাঁটারা ঘেঁটে দলিলপত্রের বার করছিলাম । একটা স্টিল ট্রাঙ্কে ঠাকুরদার চিঠিপত্র ছিল । ফিতেয় বাঁধা চিঠির তাড়ার তলা থেকে এই বাস্কটা বেরোয় । আসলে কী জানেন— এটার কথা যে-কজন জানে— অর্থাৎ আমি, শশাঙ্ক আর আমার সেক্রেটারি— তাদের কারুরই ক্ষমতা নেই এর মানে উদ্ধার করার । এটার জন্যে একটা বিশেষ ক্ষমতার প্রয়োজন । ভাষার মারপ্যাঁচ জানা চাই । সেটা আপনি জানেন কি না সেটাই হচ্ছে প্রশ্ন ।’

ফেলুদা কাগজটা ফেরত দিয়ে দিল ।

‘সে কী, আপনি কি হাল ছেড়ে দিলেন নাকি ?’ মহীতোষবাবু ব্যস্ত হয়ে জিজ্ঞেস করলেন ।

ফেলুদা হেসে বলল, ‘না । ওটা আমার মুখস্ত হয়ে গিয়েছে । ঘরে গিয়ে খাতায় লিখে নিচ্ছি । এটা আপনাদের মূল্যবান পারিবারিক সম্পত্তি, এটা আপনাদের কাছেই থাকুক ।’

‘আপনি তো দিব্যি মশাই একটি বাঘছাল বাগাবেন বলে মনে হচ্ছে । আর আমি ?’

একটু যেন মনমরা হয়েই কথাটা বললেন লালমোহনবাবু । আমাদের খাওয়াদাওয়া হয়েছে প্রায় ঘণ্টাখানেক হল । তারপর নীচে বৈঠকখানায় বসে মহীতোষবাবুর কাছে নানারকম লোমহর্ষক শিকারের গল্প শুনে এই কিছুক্ষণ হল নিজেদের ঘরে এসেছি । লালমোহনবাবুর কথায় ফেলুদা বলল, ‘কেন ? যে-ই সংকেতটার সমাধান করবে সে-ই বাঘছাল পাবে । অন্তত পাওয়া উচিত । কাজেই আপনিও তাল ঠুকে লেগে পড়তে পারেন । আপনি তো সাহিত্যিক মানুষ, ভাষার উপর বেশ দখল আছে ।’

‘আরে মশাই, ভাষার উপর দখল মানে কি আর সংকেতের উপর দখল ? মহীতোষবাবুও তো সাহিত্যিক । উনি হাল ছেড়ে দিলেন কেন ? না মশাই, ও সব মুড়ো বুড়ো গাছ মাছ, তাল ফাঁক ভুঁই ফাঁক—ওসব আমার দ্বারা হবে না । আপনার ভাগ্যেই বুলছে বাঘছাল । এই এইটে দেবে নাকি ?’

লালমোহনবাবু মেঝেয় রাখা বাঘছালটির দিকে আঙুল দেখালেন । ফেলুদা বলল, ‘ভদ্রলোক বড় বাঘের কথা বললেন শুনলেন না ? ওসব চিতা-টিতায় আমার কোনও ইন্টারেস্ট নেই ।’

ফেলুদা এর মধ্যেই ছড়াটা খাতায় লিখে নিয়েছে, আর খাতে বসে সেটার দিকে একদৃষ্টে দেখছে ।’

‘কিছু এগোলেন ?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন ।

ফেলুদা খাতার পাতা থেকে চোখ না তুলেই বলল, ‘গুপ্তধনের সংকেত সে বিষয়ে কোনও সন্দেহ নেই ।’

‘কী করে বুঝলেন ? ওই মুড়ো-বুড়োর ব্যাপারটা কী ?’

‘সেটা এখনও জানি না, তবে একটা গাছের কথা যেন বলা হচ্ছে তাতে তো কোনও সন্দেহ নেই । মুড়ো হয় বুড়ো গাছ । তারপর বলছে হাত গোন ভাত পাঁচ । এখানে হাতটা ইম্পট্যান্টি । সাধারণত এসব সংকেত প্রথমে একটা বিশেষ জায়গার কথা বলে, তারপর সেখান থেকে কোনদিকে কতদূরে গেলে গুপ্তধন পাওয়া যাবে সেটা বলে । রবীন্দ্রনাথের ‘গুপ্তধন’ পড়েননি ? তেঁতুল বটের কোলে দক্ষিণে যাও চলে, ঈশান কোণে ঈশানি বলে দিলাম নিশানি ? তেমনই এখানেও হাত কথাটা পাচ্ছি, দিক কথাটা পাচ্ছি । এই জন্যেই বলছি—’

ফেলুদার কথাটা শেষ হল না, কারণ ঘরে আরেকজন লোক ঢুকে পড়েছে ।

দেবতোষ সিংহরায় ।

সকালের সেই বেগুনি ড্রেসিং গাউনটা এখনও পরা, আর চোখে সেই অদ্ভুত চাহনি, যেন মনে হয় সকলকেই সন্দেহ করছেন । দেবতোষবাবু সোজা লালমোহনবাবুর দিকে তাকিয়ে বললেন, ‘তোমরা কি ভোটরাজার লোক ?’

লালমোহনবাবু ফ্যাকাশে হয়ে ঢোক গিলে বললেন, ‘ভ-ভোট মানে কি আপনি ভ-ভোটিং—মানে, ই-ইলেকশনের— ?’

‘না, উনি বোধহয় ভুটান রাজের কথা বলছেন ।’

ফেলুদা কথাটা বলায় দেবতোষবাবুর দৃষ্টি ফেলুদার দিকে ঘুরে গেল, আর তার ফলে লালমোহনবাবু একটা বিস্তীর্ণ অবস্থা থেকে উদ্ধার পেয়ে গেলেন ।

‘শুনেছিলাম ভোটেরা নাকি আবার আসছে ?’ দেবতোষবাবু প্রশ্নটা ফেলুদাকেই করলেন ।



ফেলুদা খুব স্বাভাবিকভাবেই উত্তর দিল, ‘সেরকম তো শুনিনি। তবে আজকাল ইচ্ছে করলে ভুটান যাওয়া যায়।’

‘ও, তাই বুঝি।’

মনে হল দেবতোষবাবু এই প্রথম খবরটা শুনলেন।

‘তা বেশ। উপেন্দ্রকে ভোটরাজ অনেক হেল্প করেছিল। ওরা ছিল বলেই নবাবের সেনা কিছু করতে পারেনি। ওরা যুদ্ধটা জানে। সবাই জানে কি?’ দেবতোষবাবু একটা দীর্ঘনিশ্বাস ফেললেন। তারপর বললেন, ‘হাতিয়ার কি আর সবার হাতে বাগ মানে? সবাই কি আর আদিত্যনারায়ণ হয়?’

কথাটা বলে দেবতোষবাবু দরজার দিকে ঘুরে দু পা এগিয়ে গিয়ে থেমে গেলেন। তারপর মুখ ঘুরিয়ে মেঝের বাঘটার দিকে চেয়ে একটা অদ্ভুত কথা বললেন।

‘যুধিষ্ঠিরের রথের চাকা মাটি ছুঁত না। তাও শেষটায় ছুঁল।’

ভদ্রলোক চলে যাবার পর আমরা কিছুক্ষণ চুপ করে বসে রইলাম। তারপর ফেলুদা বিড়বিড় করে বলল, ‘খড়ম পরেছে। তাতে রবারের সাইলেন্সার লাগানো।’

এরপর রাত্তিরে পর পর অনেকগুলো ঘটনা ঘটল। সেগুলো ঠিক মতো লেখার চেষ্টা করছি। বাইরে বারান্দায় সিঁড়ির দরজার পাশে একটা গ্র্যাভফাদার ক্লক থাকার দরুন ঘটনার সময়গুলো আন্দাজ করতে অসুবিধা হয়নি।

প্রথমেই বলে রাখি যে গদি বালিশ তোশকের দিক থেকে শোবার ব্যবস্থা ভাল হলেও, একটা ব্যাপারে গণ্ডগোল হয়ে যাওয়াতে প্রথম রাত্তিরে ঘুমটা একদম মাটি হয়ে গিয়েছিল।

তার কারণ আমাদের তিনজনের মশারিতেই ছিল ফুটো। মশারি ফেলার দশ মিনিটের মধ্যে ভেতরে মশা ঢুকে কামড় আর বিনবিনুনির জ্বালায় আমাদের ঘুমের বারোটা বাজিয়ে দিল। ফেলুদার সঙ্গে ওডোমস থাকে, শেষটায় তাই মেখে কিছুটা আরাম পাওয়া গেল। বাইরের ঘড়িতে তখন ঢং ঢং করে এগারোটা বেজেছে। দিনের বেলা মেঘলা থাকলেও এখন জানালা দিয়ে চাঁদের আলো আসছিল। সবমাত্র চোখের পাতাটা বুজে এসেছে এমন সময় একটা চেনা গলায় ধমকের সুরে কথা এল।

‘আমি শেষবারের মতো বলছি— এর ফল ভাল হবে না।’

গলাটা মহীতোষবাবুর। উত্তরে কে যে কী বলল তা বোঝা গেল না। তার পরে সব চুপচাপ। আমার বাঁদিকে লালমোহনবাবুর মশারির ভিতর থেকে নাক ডাকার শব্দ শুরু হয়েছে। আমি ডান পাশে ফেলুদার খাটের দিকে ফিরে চাপা গলায় বললাম, ‘শুনলে?’

গভীর ফিসফিসে গলায় উত্তর এল, ‘শুনেছি। ঘুমো।’

আমি চুপ করে গেলাম।

তার কিছুক্ষণের মধ্যেই বোধহয় ঘুমিয়ে পড়েছি। ঘুমটা যখন ভাঙল তখনও ঘরে চাঁদের আলো রয়েছে, কিন্তু সেই সঙ্গে মেঘের গর্জনও শোনা যাচ্ছে মাঝে মাঝে। একটা লম্বা গুড়গুড়ানি থামলে পর আরেকটা শব্দ কানে এল। ঘুট ঘুট...ঘুট ঘুট...ঘুট ঘুট...। তালে তালে একটানা শব্দ নয়। মাঝে মাঝে হচ্ছে, মাঝে মাঝে থেমে যাচ্ছে, আর মাঝে মাঝে মেঘের গর্জনে ঢাকা পড়ে যাচ্ছে। শব্দটা হচ্ছে বেশ কাছ থেকেই। আমাদের ঘরের ভিতরেই। ফেলুদার খাটের দিকে ঘাড় ফিরিয়ে কান পাততেই ওর জোরে জোরে নিশ্বাস পড়ার শব্দ পেলাম। ও ঘুমোচ্ছে।

কিন্তু লালমোহনবাবুর নাক ডাকা বন্ধ কেন? ওঁর খাটের দিকে চেয়ে ডবল মশারির ভিতর দিয়ে কিছুই দেখতে পেলাম না। কিন্তু একটা ক্ষীণ শব্দ যেন আসছে খাটের দিক থেকে। এটা আমার চেনা শব্দ। বাস্তব-রহস্যের ব্যাপারে সিমলার বরফের মধ্যে একটা পিস্তলের গুলি লালমোহনবাবুর পায়ের কাছে এসে পড়ায় তার দাঁতে দাঁত লেগে ঠিক এই শব্দটাই হয়েছিল।

সেই সঙ্গে আবার সেই শব্দটা কানে এল। ঘুট ঘুট...ঘুট ঘুট...ঘুট ঘুট...

আমি ঘাড় কাত করে মেঝের দিকে চাইলাম। ফলে মশারিটা একটু নড়ে ওঠাতে বোধহয় লালমোহনবাবু বুঝলেন আমার ঘুম ভেঙে গেছে। একটা বিকট চাপা ঘড়ঘড় স্বরে তিনি বলে উঠলেন, ‘ত-তপেশ—বা-বাঘ!’

বাঘ শুনেই আমার চোখ মেঝের বাঘছালটার দিকে চলে গেল, আর যেতেই যা দেখলাম তাতে আমার রক্ত জল হয়ে গেল।

জ্যোৎস্নার আলো বাঘের মাথাটার উপর পড়েছে, আর স্পষ্ট দেখতে পাচ্ছি মাথাটা মাঝে মাঝে এদিক-ওদিক নড়ে উঠছে, আর তার ফলেই ঘুট ঘুট শব্দ হচ্ছে।

আর থাকতে না পেরে যা থাকে কপালে ভেবে ফেলুদার নাম ধরে একটা চাপা চিৎকার দিয়ে উঠলাম। ফেলুদার ঘুম যতই গাঢ় হোক না কেন, ও সব সময় এক ডাকে উঠে পড়ে, আর ওঠামাত্র ওর মধ্যে আর ঘুমের লেশমাত্র থাকে না।

‘কী ব্যাপার? চ্যাঁচাচ্ছিস কেন?’

আমারও প্রায় লালমোহনবাবুর দশা। কোনওরকমে ঢোক গিলে বলে ফেললাম, ‘মেঝে...বাঘ।’

ফেলুদা মশারির ভিতর থেকে বেরিয়ে এসে বাঘটার নড়ন্ত মাথাটার দিকে একদৃষ্টে খানিকক্ষণ দেখে নিল। তারপর দিব্যি নিশ্চিতভাবে এগিয়ে গিয়ে বাঘের খুতনিটা ধরে উপরে তুলতেই তার নীচ থেকে একটা গুবরে পোকা বেরিয়ে পড়ল। ফেলুদা অলানবদনে সেটাকে

দু আঙুলের চাপে তুলে নিয়ে বলল, ‘গুবরের আসুরিক শক্তির কথাটা কি তোদের জানা নেই ? একটা কাঁসার জামবাটি চাপা দিয়ে রাখলে সেটাকে সুদুর্ টেনে নিয়ে সারা বাড়ি চক্কর দিতে পারে ।’

ভয়ের কারণটা এত সামান্য জানলে অবিশ্যি ঘামটাম আপনা থেকেই শুকিয়ে যায় । আমার আর লালমোহনবাবুরও তাই হল । এদিকে ফেলুদা গুবরেটাকে নিয়ে জানালার বাইরে ফেলে দিয়ে দেখি সেখানেই দাঁড়িয়ে আছে । এই গভীর রাত্তিরে ফেলুদা কী দেখছে সেটা ভাবছি, এমন সময় ও ডাক দিল, ‘তোপ্সে, দেখে যা ।’

আমি আর লালমোহনবাবু ফেলুদার পাশে গিয়ে দাঁড়ালাম ।

আগেই বলেছি পশ্চিমদিকটা বাড়ির পিছন দিক, আর এদিক দিয়েই কালবুনির জঙ্গল দেখা যায় । এই ক মিনিটের মধ্যেই কালো মেঘে চাঁদ ঢেকে ফেলেছে । মাঝে মাঝে বিদ্যুৎ চমকাচ্ছিল বটে, কিন্তু তা ছাড়াও আর একটা আলো দেখে অবাক লাগল । আলোটা মনে হল জঙ্গলের ভিতর ঘোরাফেরা করছে । টর্চের আলো ।

‘হাইলি সাসপিশাস’, ফিসফিস করে বললেন লালমোহনবাবু ।

আলোটা এবার নিবে গেল ।

এবার একটা চোখ ধাঁধানো বিদ্যুতের সঙ্গে সঙ্গে একটা কানফাটা বাজের আওয়াজ, আর তার পরমুহর্তেই বড় বড় বৃষ্টির ফোঁটা শুরু হয়ে গেল । পশ্চিমদিক থেকেই ছাঁট, তাই দুটো জানালারই শার্সি বন্ধ করে দিতে হল । ফেলুদা বলল, ‘একটা বেজে গেছে, শুয়ে পড় । কাল সকালে আবার জলেশ্বরের মন্দির দেখতে যাবার কথা আছে ।’

আমরা তিনজনেই আবার মশারির ভিতর ঢুকলাম ।

জানালায় রঙিন কাচ থাকার ফলে বিদ্যুৎ চমকালেই ঘরে রামধনুর রং খেলছিল । সেই রং দেখতে দেখতেই আবার কখন যে ঘুমিয়ে পড়লাম তা টেরই পাইনি ।

৫

পরদিন সকালে ঘুম ভাঙল প্রায় সাতটায় । ফেলুদা অবিশ্যি তার আগেই উঠে যোগব্যায়াম, দাড়ি কামানো-টামানো সব সেরে ফেলেছে । কথা আছে, তড়িৎবাবু আটটায় এসে আমাদের নিয়ে জলেশ্বরের মন্দির দেখিয়ে আনবেন । মহীতোষবাবুর তিনজন চাকরের মধ্যে যার নাম কানাই, সে আমাদের চা দিয়ে গেল সাড়ে সাতটার কিছু পরে । ফেলুদা চায়ের কাপ হাতে নিয়ে কোলের উপর রাখা খোলা খাতটার দিকে চেয়ে থাকতে থাকতে প্রায় আপন মনেই বলে উঠল, ‘ধন্যি আদিত্যনারায়ণ । তুথোড় বুদ্ধি বলতে হবে ।’

লালমোহনবাবু চকাৎ শব্দ করে চায়ে একটু চুমুক দিয়ে বললেন, ‘বাঃ, ফার্স্ট ক্লাস চা । — আরও এগোলেন বুঝি ?’

ফেলুদা সেইভাবেই বিড়বিড় করে বলল, ‘হাত গোন ভাত পাঁচ । ভাত হল অন্ন আর পাঁচ হল পঞ্চ । দুটোকে উলটিয়ে নিয়ে সন্ধি করে হল পঞ্চান্ন । অর্থাৎ পঞ্চান্ন হাত । বাঃ ! ...কিন্তু কীসের থেকে পঞ্চান্ন হাত ? বুড়ো গাছ কী ? তাই হবে...তাই হবে...’

ফেলুদার গলা মিলিয়ে এল । আমার মন বলছে, ও দুদিনের মধ্যেই সংকেতের সমাধান করে ফেলবে, আর বাঘছালটা পেয়ে যাবে ।

বারান্দার ঘড়িতে কিছুক্ষণ আগেই আটটা বেজে গেছে, কিন্তু তড়িৎবাবু এখনও আসছেন না কেন ? ফেলুদার কিন্তু সেদিকে ভ্রূক্ষেপই নেই । সে একমনে সংকেত নিয়ে ভেবে চলেছে, আর মাঝে মাঝে বিড় বিড় করে উঠছে ।

‘ঠিক ঠিক জবাবে...ঠিক ঠিক জবাবে...। কীসের জবাব ? প্রশ্নটা কই যে তার জবাব হবে ? দিক পাও ঠিক ঠিক জবাবে...ঠিক ঠিক জবাবে...’

এবার ফেলুদার বিড়বিড়ানি বন্ধ হবার আগেই দরজায় টোকা দিয়ে ঘরে একজন লোক ঢুকে পড়ল। তড়িৎবাবু নন। শশাঙ্কবাবু।

‘আপনারা—ইয়ে—চা খাচ্ছেন ? ও...’

ভদ্রলোকের চেহারা দেখেই মনে হল কিছু একটা হয়েছে। ফেলুদা খাতা রেখে উঠে পড়ল।

‘কী ব্যাপার বলুন তো ?’

শশাঙ্কবাবু গলা খাকরিয়ে কেমন যেন অন্যমনস্কভাবে বললেন, ‘একটা দুঃসংবাদ আছে। তড়িৎ, মানে মহীতোষের সেক্রেটারি, মারা গেছে।’

‘সে কী ? কী হয়েছিল ? কাল রাত্রেও তো...’

কথাটা বলল ফেলুদা, কিন্তু আমরা তিনজনেই সমান হতভম্ব। শশাঙ্কবাবু বললেন, ‘কাল রাত্রে কালবুনির দিকে গিয়েছিল— কেন জানি না— এই একটুক্ষণ আগে তার মৃতদেহ পাওয়া গেছে। এক কাঠুরে দেখতে পায়, আর দেখেই এসে খবর দেয়।’

‘কী ভাবে মারা গেলেন ?’

‘কাঁধের অনেকখানি মাংস নাকি খেয়ে গেছে। বাঘ বলেই তো মনে হচ্ছে।’

ম্যান-ইটার। আমার হাত-পা আবার ঠাণ্ডা হয়ে আসছে। লালমোহনবাবু ঘরের মাঝখানে দাঁড়িয়ে ছিলেন, তিন পা পিছিয়ে গিয়ে টেবিলে ভর করে দাঁড়ালেন। ফেলুদার মুখের ভাব অদ্ভুত রকম গম্ভীর।

শশাঙ্কবাবু বললেন, ‘আপনারা এলেন, আর তার মধ্যে এই দুর্ঘটনা। বুঝতেই পারছেন, আমাদের এখন এই নিয়ে একটু ব্যস্ত থাকতে হবে। এখনই, মানে, একবার যেতে হবে আর কী।’

‘আমরাও যেতে পারি কি ?’

শশাঙ্কবাবু প্রশ্নটা শুনে ফেলুদার দিকে একবার দেখে তারপর আমাদের দুজনের দিকে এক বলক দৃষ্টি দিয়ে বললেন, ‘আপনি তো গোয়েন্দা মানুষ, আপনার এসব অভ্যেস আছে, কিন্তু ঐরা...’

‘ওরা গাড়িতেই থাকবে।’

ভদ্রলোক রাজি হয়ে গেলেন। বললেন, ‘তা হলে আপনারা তৈরি থাকলে চলে আসুন। দুটো জিপ আছে, একটাতে না হয় আপনারা তিনজন যাবেন।’

‘বন্দুক থাকবে কি সঙ্গে ?’

প্রশ্নটা আমিও করতে পারতাম, কিন্তু করলেন লালমোহনবাবু। অন্য সময় এ ধরনের প্রশ্ন শুনলে হয়তো শশাঙ্কবাবু হেসে ফেলতেন, কিন্তু এখন গম্ভীরভাবেই বললেন, ‘থাকবে। দিনের বেলা এমনিতে ভয় নেই, তবু থাকবে।’

জিপে করে জঙ্গলের দিকে যেতে যেতে এই ভয়ঙ্কর ঘটনাটার কথা ভাবছিলাম। কালই ভদ্রলোক আমার সঙ্গে এত কথা বললেন, আর রাতারাতি তাকে বাঘে খেল ? এত রাত্তিরে কী করছিলেন উনি জঙ্গলের মধ্যে ? তা হলে কি কাল রাত্তিরে যে আলোটা দেখেছিলাম সেটা তড়িৎবাবুরই টর্চের আলো ?

আমাদের জিপের সামনে আরেকটা জিপ চলেছে। তাতে রয়েছেন মহীতোষবাবু, শশাঙ্কবাবু, এখানকার বনবিভাগের একজন কর্মচারী মিস্টার দত্ত, শিকারি মাধবলাল, আর যে ৩৯২

লোকটা তড়িৎবাবুর মৃতদেহ দেখতে পেয়েছিল সেই কাঠুরে। মহীতোষবাবুকে কাল রাত্রেই হই-হই করে শিকারের গল্প বলতে শুনেছিলাম, আর আজ দেখে মনে হল এক রান্তিরে তার দশ বছর বয়স বেড়ে গেছে। সেটা শুধু সেক্রেটারির মৃত্যুর জন্য, না ম্যান-ইটার আছে এটা প্রমাণ হবার জন্য, তা অবিশ্যি বুঝতে পারলাম না।

জঙ্গলের ভিতরে খুব বেশি দূরে যেতে হল না। বড় রাস্তা থেকে ঘুরে মিনিট পাঁচেক যাবার পর আমাদের সামনের জিপটা থামল। রাস্তার দু দিকে শাল আর সেগুন গাছ, আর তা ছাড়া আমার চেনার মধ্যে শিমুল, নিম, একটা প্রকাণ্ড কাঁঠালগাছ আর কয়েকটা বাঁশঝাড়। কাল রাত্রে যে বৃষ্টি হয়েছে তার ছাপ রয়েছে চারদিকে। এখানে ওখানে ছোট ছোট গর্ত আর খানাখন্দের মধ্যে জল জমে রয়েছে।

জিপ থামার সঙ্গে সঙ্গেই ফেলুদা বলল, ‘ওই দ্যাখ।’

ও যেদিকে আঙুল দেখাল সেদিকে বেশ খানিকক্ষণ চেয়ে থাকার পর দূরের একটা বাঁশঝাড়ের ধারে একটা ঝোপের পিছনে হালকা সবুজ রঙের যে জিনিসটা চোখে পড়ল সেটা আমার চেনা। ওটা তড়িৎবাবুর শার্ট। কাল রাত্রে ভদ্রলোক ওই শার্টটাই পরেছিলেন।

সামনের জিপ থেকে সবাই নেমেছে। কাঠুরে লোকটা এগিয়ে গেল। তার পিছনে চললেন মহীতোষবাবু ও বাকি তিনজন। ফেলুদাও জিপ থেকে নেমে বলল, ‘তোরা গাড়িতে থাক। এ দৃশ্য তোদের ভাল লাগবে না।’

যেখানে তড়িৎবাবুর মৃতদেহ পড়ে আছে সে জায়গাটা আমাদের জিপ থেকে প্রায় চল্লিশ-পঞ্চাশ হাত দূরে। কিন্তু জঙ্গল এত নিস্তব্ধ বলেই বোধহয় সকলের কথাবার্তা স্পষ্ট শুনতে পাচ্ছিলাম। যার মুখে যা শুনলাম তা পর পর লিখে যাচ্ছি।

বাঁশঝাড়টার ধারে পৌঁছে প্রথম কথা বললেন মহীতোষবাবু। শুধু দুটো কথা— ‘মাই গড!’—আর সেই সঙ্গে তাঁর ডান হাতের তেলোটা দিয়ে কপালে একটা আঘাত করলেন।

এবার মিস্টার দত্ত মৃতদেহটার দিকে এগিয়ে গেলেন, আর তার পরেই তাঁর কথা শোনা গেল।

‘এই বৃষ্টিতে বাঘের পায়ের ছাপ খোঁজার চেষ্টা বৃথা। কিন্তু বাঘ বলেই তো মনে হচ্ছে। তাই নয় কি?’

মহীতোষবাবু— ‘নিঃসন্দেহে।’

মিস্টার দত্ত— ‘কাল বৃষ্টি থেমেছে দুটোর পর। যেভাবে রক্ত ধুয়ে গেছে তাতে মনে হয়, খাওয়ার ব্যাপারটা বৃষ্টির আগেই সেরে ফেলেছে।’

ফেলুদা— ‘ম্যান-ইটার কি যেখানে মানুষ মারে, সেখানেই খাওয়ার কাজটা সারে? অনেক সময় ওরা শিকার মুখে করে এক জায়গা থেকে আর এক জায়গায় নিয়ে যায় না?’

মহীতোষবাবু— ‘তা তো বটেই। তবে আপনি যদি আশা করেন যে, মাটিতে ঘষটে টেনে আনার দাগ থাকবে, সেটার বিশেষ সম্ভাবনা নেই। এমনিতাই বৃষ্টিতে দাগ মুছে যাবে। তা ছাড়া একটা মানুষের দেহ বাঘ মুখে করে এমনভাবে নিয়ে যেতে পারে যে, সে দেহ মাটি টাচ-ই করবে না। সুতরাং তড়িৎকে কোথায় ধরেছিল বাঘে সেটা বোধহয় জানা যাবে না।’

ফেলুদা— ‘তড়িৎবাবুর চশমাটা কোথায় পড়েছে সেটা জানতে পারলে হয়তো...’

এরপর কিছুক্ষণ কারুর মুখেই কোনও কথা নেই। শশাঙ্কবাবু বোধহয় বাঘের পায়ের ছাপ খোঁজার জন্য এদিক ওদিক দেখছেন। ফেলুদা এখনও মৃতদেহের কাছেই রয়েছে। মিস্টার দত্ত মাধবলালকে কী যেন বলতে যাচ্ছিলেন, এমন সময় আবার ফেলুদার গলা পাওয়া গেল।

ফেলুদা— ‘রাঘ কি কেবল একটা মাত্র নখের সাহায্যে একটা গভীর আঁচড় দিতে পারে?’



মহীতোষবাবু—‘হঠাৎ এ প্রশ্ন কেন?’

ফেলুদা—‘আপনারা বোধহয় লক্ষ করেননি—তড়িৎবাবুর বুকের কাছে একটা গভীর ক্ষতচিহ্ন রয়েছে। শার্ট ভেদ করে একটা ধারালো জিনিস তার শরীরের মধ্যে ঢুকেছে। আপনারা এইখানে এলেই দেখতে পাবেন।’

কথাটা বলা মাত্র সকলে ব্যস্তভাবে তড়িৎবাবুর মৃতদেহের দিকে এগিয়ে গেল। তারপর মহীতোষবাবুর গলা পেলাম।

মহীতোষবাবু—‘সর্বনাশ! এ যে খুন! এ তো বাঘের আঁচড় নয়। তড়িৎকে খুন করা হয়েছিল। তারপর তার মৃতদেহ বাঘে টেনে নিয়ে আসে। কী ভয়ঙ্কর ব্যাপার!’

ফেলুদা—‘খুন বা খুনের চেষ্টা। ছুরির আঘাতেই তড়িৎবাবুর মৃত্যু হয়েছিল কি না সেটা এখনও বলা শক্ত। হয়তো তাকে জখম করে আততায়ী পালায়। জখম অবস্থাতে স্বভাবতই বাঘের কাজটা আরও সহজ হয়ে গিয়েছিল। যে অস্ত্র দিয়ে এই কুকীর্তিটা করা হয়েছে, সেটা খোঁজার চেষ্টা করা দরকার।’

মহীতোষবাবু—‘শশাঙ্ক, তুমি এক্ষুনি পুলিশে খবর দাও।’

বন্দুক হাতে মাধবলালকে তড়িৎবাবুর মৃতদেহের পাশে পাহারায় রেখে আর সবাই জিপে ফিরে এল। ফেলুদাকে এত গভীর অনেক দিন দেখিনি। ফেরার পথে ও একটাও কথা বলল না। আমাদেরও কথা বলার মতো মনের অবস্থা ছিল না। বনের মধ্যে একপাল হরিণকে ছুটতে দেখেও মনটা নেচে উঠল না। লালমোহনবাবু এর আগেও আমাদের সঙ্গে গায়ে কাঁটা-দেওয়া অবস্থায় পড়েছেন, কিন্তু ওকে এমন ফ্যাকাসে হয়ে যেতে দেখিনি কখনও। কোনও জায়গায় বেড়াতে এসে আচমকা রহস্যের মধ্যে জড়িয়ে পড়ার ঘটনা ফেলুদার জীবনে এর আগেও ঘটেছে, কিন্তু এভাবে নয়। এখানে তো শুধু খুন নয় বা রহস্য নয়, তার উপরে আবার মানুষকেও!

৬

শশাঙ্কবাবু খবর দেওয়াতে কিছুক্ষণের মধ্যেই জলপাইগুড়ি থেকে পুলিশের লোক এসে তদন্ত শুরু করে দিয়েছে। এখন বিকেল পাঁচটা। আজ আকাশ পরিষ্কার। আমরা মহীতোষবাবুর নিজের বাগানের অদ্ভুত ভাল চা খেয়ে ঘরে বসে আছি। ফেলুদা ভুরু কঁচকে পায়চারি করছে, মাঝে মাঝে আঙুল মটকাচ্ছে, আর মাঝে মাঝে একটা চারমিনার ধরিয়ে দু-চারটে টান দিয়েই টেবিলের উপর রাখা পিতলের ছাইদানিটায় ফেলে দিচ্ছে। লালমোহনবাবু ইতিমধ্যে বার তিনেক মাটিতে শোয়ানো বাঘের মাথাটা পরীক্ষা করেছেন; বিশেষ করে দাঁতগুলো।

‘ভদ্রলোকের সঙ্গে যদি আরেকটু আলাপ করার সুযোগ হত!’

ফেলুদা এ কথাটা আপন মনে আরও কয়েক বার বলেছে। সত্যি, তড়িৎবাবুকে ভাল করে চেনার আগেই তিনি খুন হয়ে গেলেন। খুনের কারণ কী হতে পারে, তড়িৎবাবুর সঙ্গে কারুর শত্রুতা ছিল কি না, এই সব না জানলে পরে ফেলুদার পক্ষে রহস্যের কিনারা করা মুশকিল হবে নিশ্চয়ই।

বারান্দার ঘড়িতে পাঁচটা বাজার কয়েক মিনিট পরেই মহীতোষবাবুর একজন চাকর— যার নাম জানি না— এসে খবর দিল, নীচের বৈঠকখানায় আমাদের ডাক পড়েছে।

আমরা তিনজনে বেশ ব্যস্তভাবেই নীচে গিয়ে হাজির হলাম। মহীতোষবাবু আর শশাঙ্কবাবু ছাড়াও আরেকটি ভদ্রলোক সোফায় বসে আছেন। পোশাক দেখে বুঝলাম ইনি পুলিশের লোক। মহীতোষবাবু পরিচয় করিয়ে দিলেন—

‘হিনী ইনস্পেক্টর বিশ্বাস । আপনিই প্রথম ক্ষতচিহ্নটা দেখে খুনের কথাটা বলেছেন জেনে আপনার সঙ্গে আলাপ করতে চাইলেন ।’

ফেলুদা নমস্কার করে মিস্টার বিশ্বাসের উলটোদিকে সোফাটায় বসল, আমরা দুজন একটু দূরে আর একটা সোফায় বসলাম ।

মিস্টার বিশ্বাসের গায়ের রং রীতিমতো কালো, মাথায় চকচকে টাক, যদিও বয়স বোধহয় চল্লিশ-টল্লিশের বেশি নয় । সরু একটা গোঁফও আছে, তার দুটো দিক আবার লম্বায় সমান নয় । ছাঁটবার সময় বোধহয় একটু অসাবধান হয়ে পড়েছিলেন । ভদ্রলোক তীক্ষ্ণদৃষ্টিতে ফেলুদার দিকে দেখে বললেন, ‘আপনি শুনলাম শখের ডিটেকটিভ ।’

ফেলুদা একটু হেসে বুঝিয়ে দিল, কথাটা ঠিক ।

বিশ্বাস বললেন, ‘আপনাদের আর আমাদের মধ্যে তফাতটা কোথায় জানেন তো ? আপনারা কোথাও গেলে পরে সেখানে খুন হয়, আর আমরা কোথাও খুন হলে পরে সেখানে যাই ।’ কথাটা বলে নিজের রসিকতায় নিজেই হো হো করে হেসে উঠলেন ইনস্পেক্টর বিশ্বাস ।

ফেলুদা আর কথা না বাড়িয়ে একেবারে কাজের কথায় চলে গেল । বলল, ‘খুনের অস্ত্রটা পাওয়া গেছে কি ?’

বিশ্বাস হাসি খামিয়ে মাথা নেড়ে বললেন, ‘না । তবে খোঁজা হচ্ছে । জঙ্গলের মধ্যে খানাতল্লাসির ব্যাপারটা কীরকম কঠিন সে তো বুঝতেই পারছেন । তার উপর আবার ম্যান-ইটার । পুলিশরাও তো মানুষ—মানে, ম্যান—বুঝলেন তো ? হোঃ হোঃ হোঃ ।’

বিশ্বাস মশাই এত হাসছেন দেখে ফেলুদাও যেন জোর করেই একটু হেসে আবার গম্ভীর হয়ে বলল, ‘ছুরির আঘাতেই মরেছিলেন কি তড়িৎবাবু ?’

বিশ্বাস বললেন, ‘সেটা তো আর এখন বোঝবার উপায় নেই । লাশের যা অবস্থা, এমনিতেই বাঘে খেয়ে গেছে অনেকটা । তার উপর এই গরম ; পোস্ট মর্টেমে কোনও ফল হবে বলে মনে হয় না । আসল কথা হচ্ছে— কোনও ব্যক্তি তড়িৎবাবুকে কোনও ধারালো অস্ত্রের সাহায্যে খুন করেছিল, বা খুন করার চেষ্টা করেছিল । তারপর বাঘে কী করেছে না করেছে সেটা আমাদের কনসার্ন না । তার জন্য যা স্টেপ নেবার সেটা নেবেন মিস্টার সিংহরায় ।’

মহীতোষবাবু গম্ভীরভাবে মেঝের কার্পেটের দিকে তাকিয়ে বললেন, ‘এর মধ্যেই আশপাশের গ্রামে প্যানিক আরম্ভ হয়ে গেছে । আমার লোকও তো জঙ্গলে কাঠ কাটার কাজ করে । আরও দু মাস কাজ রয়েছে, তারপর বর্ষা নামলে বন্ধ । অবস্থা গুরুতর সেটা বুঝতে পারছি । কিন্তু তড়িৎকে এভাবে আক্রমণ করল কে এবং কেন, সেটা না জানা অবধি আমি অন্য কিছু ভাবতেই পারছি না । অবিশ্যি আমিই তো আর একমাত্র শিকারি নই এ অঞ্চলে । বনবিভাগ থেকে শিকারির ব্যবস্থা করা কঠিন হবে না ।’

মিস্টার বিশ্বাস গলা খাকরিয়ে একটু নড়ে বসে বললেন, ‘আমার কাছে রহস্য একটাই— এত রাত করে জঙ্গলে গেলেন কেন আপনাদের তড়িৎবাবু । খুনের একটা খুব সহজ কারণ থাকতে পারে । তড়িৎবাবুর পকেটে কোনও মানিব্যাগ বা টাকা-পয়সা পাওয়া যায়নি । তার ঘর খুঁজে সেখানেও পাওয়া যায়নি । এ অঞ্চলে গুণ্ডা বদমাইশের তো অভাব নেই । এ অঞ্চলে কেন বলছি— সারা দেশেই নেই— হোঃ হোঃ হোঃ । তাদেরই কেউ এ কুকীর্তিটা করে থাকতে পারে । শ্রেফ রাহাজানি আর কী ।’

ফেলুদা একটা সিগারেট ধরিয়ে শান্তভাবে বলল, ‘মাঝ রাত্তিরে জঙ্গলের মধ্যে তড়িৎবাবুর মতো একজন নিরীহ লোকের কাছ থেকে টাকা বার করে নিতে কি ছুরি মারার দরকার হয় ?

মাথায় একটা লাঠির বাড়ি মেরেই কার্যসিদ্ধি হয় না কি ?’

বিশ্বাস কাষ্ঠহাসি হেসে বললেন, ‘তা হয়তো হয়। কিন্তু তড়িৎবাবুকে খুন করার জন্য কী কারণ থাকতে পারে বলুন। মোটিভটা কোথায়? তড়িৎবাবু ছিলেন মিস্টার সিংহরায়ের সেক্রেটারি, লেখাপড়া নিয়ে থাকতেন, পাঁচ বছর হল এখানে এসেছেন, কারুর সঙ্গে মেলামেশা নেই, এ বাড়ির লোকের বাইরে কারুর সঙ্গে আলাপ পরিচয়ও নেই। গুণ্ডা বদমাইশ ছাড়া তার উপর এ ধরনের আক্রমণ করবে কে? এবং কেন করবে?’

ফেলুদা ভুরু কুঁচকে চুপ করে রইল। বিশ্বাস বললেন, ‘সাদাসিধে রাহাজানির ব্যাপারটা আপনাদের মতো শখের ডিটেকটিভদের অ্যাপিল করবে না জানি। তা বেশ তো, আপনি রহস্য চান, রহস্যও এটা রয়েছে। বার করুন তো দেখি, তড়িৎবাবুর মতো লোক মাঝরাতিরে জঙ্গলে যায় কেন।’

শশাঙ্কবাবু চুপচাপ একটা আলাদা সোফায় বসেছিল। ফেলুদা যে কেন মাঝে মাঝে আড়চোখে ওঁর দিকে চাইছিল সেটা বুঝলাম না। মহীতোষবাবুর চেহারা এখনও সেই ফ্যাকাসে ক্লান্ত ভাবটা রয়েছে। বার বার খালি মাথা নাড়ছেন আর বলছেন, ‘কিছুই বুঝতে পারছি না...। কিছুই বুঝতে পারছি না...।’

আরও মিনিটখানেক বসে থেকে আমরা তিনজনে উঠে পড়লাম। মিস্টার বিশ্বাস বললেন, ‘আপনি নিজের খুশি মতো তদন্ত চালিয়ে যেতে পারেন মিস্টার মিস্তির। তাতে আমি কিছু মাইন্ড করব না। হাজার হোক— ক্ষত চিহ্নটা তো আপনিই প্রথম দেখেছিলেন।’

বৈঠকখানা থেকে বেরিয়ে ফেলুদা দোতলায় গেল না। গাড়িবারান্দা দিয়ে বাড়ির বাইরে বেরিয়ে এসে ডান দিকে ঘুরে পুরনো আস্তাবল আর হাতিশালের পাশ দিয়ে একেবারে বাড়ির পিছন দিকে গিয়ে হাজির হলাম আমরা। পিছন ফিরে উপর দিকে চাইতেই দোতলার একসারি জানালার মধ্যে একটা থেকে দেখলাম লালমোহনবাবুর তোয়ালেটা ঝুলছে। এটা না হলে কোনটা যে আমাদের ঘর সেটা চেনা মুশকিল হত। আমাদের ঘরের ঠিক নীচেই একতলার একটা দরজা রয়েছে। এটাকে খিড়কি দরজা বলা যেতে পারে। এটা দিয়েই নিশ্চয় কাল রাতে বেরিয়ে তড়িৎবাবু জঙ্গলের দিকে গিয়েছিলেন।

সামনে বিশ-পঁচিশ হাত দূরে একটা খোলার চালওয়ালা ছোট্ট একতলা বাড়ি রয়েছে। তার সামনে আট-দশজন লোক জটলা করছে। তার মধ্যে একজনকে আমরা আগে দেখেছি। এ হল মহীতোষবাবুর দারোয়ান। বাড়িটাও সম্ভবত দারোয়ানেরই। ফেলুদার পিছন পিছন আমরা এগিয়ে গেলাম বাড়িটার দিকে। দূরে কালবুনির জঙ্গল দেখা যাচ্ছে, তার শাল গাছের মাথাগুলো অন্য গাছের উপর উচিয়ে রয়েছে। জঙ্গলের পিছনে দেখা যাচ্ছে ধোঁয়াটে নীল ঢেউ খেলানো পাহাড়ের সারি।

বাড়িটার কাছাকাছি পৌঁছতে দারোয়ান আমাদের সেলাম করল। ফেলুদা জিজ্ঞেস করল, ‘তোমার নাম কী?’

‘চন্দন মিসির, হুজুর।’

বুড়ো লোক, মাথার চুলে কদম ছাঁট, পিছনে টিকি, চোখের পাশের চামড়া কুঁচকে গেছে। কথা বলার ঢং দেখেই বোঝা যায় খৈনি খায়।

‘কদ্দিন কাজ করছ এখানে?’

‘পঁচাশ বরিস হইয়ে গেলো হুজুর।’

চন্দন মিসিরের কথায় বুঝলাম, তড়িৎবাবুর মৃত্যুর চেয়ে মানুষকে বাঘ নিয়ে এখানকার লোকেরা অনেক বেশি ব্যস্ত হয়ে পড়েছে। পাগলা হাতি নাকি প্রায়ই বেরোয়, কিন্তু



মানুষখেকো বাঘ গত ত্রিশ বছরের মধ্যে এই প্রথম। চন্দনের মতে এখানে কিছু লোক বেআইনিভাবে চোরা শিকার করে, তাদের কারুর গুলিতে হয়তো বাঘটা জখম হয়েছিল, আর সেই থেকেই ওটা ম্যান-ইটার হয়ে গেছে। অনেক সময় বেশি বয়সে বাঘের দাঁত ক্ষয়ে গেলেও ওরা ম্যান-ইটার হয়ে যায়। আবার মাঝে মাঝে দেখা যায় যে শজারু ধরে খেতে গিয়ে তার কাঁটা এমনভাবে চোখে-মুখে ঢুকে গেছে যে, তার ফলে কাবু হয়ে বাঘ জানোয়ার ছেড়ে আরও সহজ শিকার মানুষের দিকে গেছে।

ফেলুদা বলল, ‘এখানকার লোকেরা কি চাইছে যে মহীতোষবাবু বাঘটাকে মারুন?’

চন্দন মিসির তার মাথায় হাত বুলিয়ে বলল, ‘সে তো চাইবে, লেकिन বাবু তো এ জঙ্গলে শিকার করেননি কখনও। আসামে করিয়েছেন, ওড়িশায় করিয়েছেন—এ জঙ্গলে করেননি।’

খবরটা শুনে আমরা সকলেই অবাক হলাম। ফেলুদা বলল, ‘কেন, এখানে করেননি কেন?’

চন্দন বলল, ‘এই জঙ্গলে বাবুর দাদাজি (ঠাকুরদা) বাঘের হাতে মরলেন, বাবুর বাবা ভি বাঘের হাতে মরলেন, তাই বাবু এখানে না করে দূসরা জায়গা দূসরা জঙ্গলে চলে গেলেন।’

মহীতোষবাবুর বাবাও যে বাঘের হাতে মরেছিলেন সেটা এই প্রথম শুনলাম। ফেলুদা জিজ্ঞেস করাতে চন্দন বলল যে, মহীতোষবাবুর বাবা নাকি মাচা থেকে বাঘকে গুলি করেছিলেন, আর দেখে মনে হয়েছিল বাঘটা মরে গেছে। মিনিট দশেক পরে মাচা থেকে নেমে বাঘের দিকে যেতেই সেটা নাকি ভদ্রলোককে আক্রমণ করে সাংঘাতিকভাবে জখম করে। ক্ষত সেপটিক হয়ে কয়েক দিনের মধ্যেই নাকি ভদ্রলোক মারা যান।

খবরটা শুনে ফেলুদা কিছুক্ষণ ভুরু কুঁচকে মাটির দিকে চেয়ে দাঁড়িয়ে রইল। তারপর খোলার বাড়িটার দিকে দেখিয়ে বলল, ‘তুমি ওই বাড়িতে থাক?’

‘হ্যাঁ, হুজুর।’

‘রাতিরে ঘুমোও কখন?’

চন্দন প্রশ্নটা শুনে একটু খতমত খেয়ে ফেলুদার দিকে চাইল। ফেলুদা এবার আসল প্রশ্নে চলে গেল।

‘কাল রাতিরে যে বাবু খুন হলেন—’

‘তোড়িতবাবু?’

‘হ্যাঁ। উনি বেশ বেশি রাতিরে বাড়ি থেকে বেরিয়ে জঙ্গলের দিকে গিয়েছিলেন। তুমি তাকে যেতে দেখেছিলে কি?’

চন্দন মিসির বলল, গতকাল না দেখলেও তড়িৎবাবুকে সে তার আগের দিন, এবং তারও আগে বেশ কয়েক দিনই সন্ধেবেলা জঙ্গলের দিকে যেতে দেখেছে। গতকাল তড়িৎবাবুকে না দেখলেও আরেকজনকে দেখেছে।

কথাটা শুনে ফেলুদার মুখের ভাব বদলে গেল।

‘কাকে দেখেছিলে?’

‘তা জানি না হুজুর। তোড়িতবাবুর টর্চের মুখটা বড়—তিন সেলের পুরনো টর্চ। আর এটা ছিল ছোট টর্চ, তার মুখ ছোট। তবে তাই বলে আলো কম নয়।’

‘তুমি কেবল আলোই দেখেছ? আর কিছু দেখনি?’

‘নেহি হুজুর। আউর কুছ নেহি দেখা।’

ফেলুদা আরও কী বিষয়ে জানি একটা প্রশ্ন করতে যাচ্ছিল, এমন সময় দেখি মহীতোষবাবুর চাকর ব্যস্তভাবে দৌড়ে আমাদের দিকে এগিয়ে আসছে।

‘বাবু আপনাদের ডেকেছেন। বললেন জরুরি দরকার।’

আমরা ফিরে এসে দেখি, মহীতোষবাবু গাড়িবারান্দায় দাঁড়িয়ে আমাদের জন্য অপেক্ষা করছেন। ফেলুদাকে দেখামাত্র বললেন, ‘আপনার অনুমান ঠিক। তড়িৎকে গুপ্তা-বদমাইশে মারেনি।’

‘কী করে জানলেন?’

‘যে অস্ত্রটা দিয়ে তাকে মারা হয়েছিল সেটা আমাদেরই বাড়িতে ছিল। কাল যে তরোয়ালটা আপনাকে দেখিয়েছি, সেইটা। সেটা আর ঠাকুরদার আলমারিতে নেই।’

কানাই চাকরটাই আদিত্যনারায়ণের ঘরে ধুনো দিতে গিয়ে তলোয়ারের অভাবটা লক্ষ করে, আর করেই মহীতোষবাবুকে খবর দেয়। ঘরে অনেক বইপত্র আছে যেগুলো মহীতোষবাবুর লেখার কাজে দরকার হয়; তাই আর ঘরটায় চাবি দেওয়া হত না। চাকর সবই পুরনো আর বিশ্বাসী। চুরি এ বাড়িতে বল্‌কাল হয়নি, তাই ও নিয়ে কেউ মাথাও ঘামাত না। তার মানে এই যে, বাড়ির যে-কেউ ইচ্ছে করলে ও তলোয়ার বার করে নিতে পারত।

আলমারিটা খুব ভাল করে পরীক্ষা করেও ফেলুদা কোনও ক্লু বা ওই জাতীয় কিছু পেল না। শুধু তলোয়ারটাই নেই, আর সব যেখানে যেমন ছিল সেইভাবেই আছে।

পরীক্ষা শেষ হলে পর ফেলুদা বলল যে, ও তড়িৎবাবুর শোবার ঘর, আর তড়িৎবাবু যেখানে কাজ করত সেই জায়গাটা একটু দেখতে চায়।—‘তবে তার আগে আপনার মনে কোনওরকম সন্দেহ হচ্ছে কি না সেটা জানতে চাই।’

মহীতোষবাবু কিছুক্ষণ গম্ভীর থেকে মাথা নেড়ে বললেন, ‘তড়িৎকে খুন করার কোনও কারণ থাকতে পারে এমন কোনও লোক তো এখানে আছে বলে মনে হয় না। ওর এমনতিতেও মেলামেশা কম ছিল, কাজ নিয়ে থাকত; মাঝে মাঝে হেঁটে বাইরে বেড়াতে যেত। যত দূর জানি, বদ অভ্যাস-টভ্যাসও কিছু ছিল না। আর ঠাকুরদার তলোয়ার দিয়েই যদি তাকে মেরে থাকে তা হলেও তো আমাদের বাড়িরই লোক। নাঃ, আমি তো ভেবে কুলকিনারা পাচ্ছি না।’

আমরা তিনজনে মহীতোষবাবুর সঙ্গে তড়িৎবাবুর ঘর দেখতে গেলাম। আমাদের ঘরেরই মতো বড় একটা ঘর। আসবাব ছাড়া তড়িৎবাবুর নিজের জিনিসপত্র বলতে নীল রঙের একটা বড় সুটকেস, একটা কাঁধে-ঝোলানো কাপড়ের ব্যাগ, আলনায় টাঙানো শার্ট প্যান্ট পায়জামা গেঞ্জি তোয়ালে ইত্যাদি, একটা তাকে প্রসাধনের জিনিসপত্র, একটা ছোট টেবিলের উপর রাখা ইংরেজি আর বাংলা কিছু গল্পের বই, একটা অ্যালার্ম ক্লক, একটা সুলেখা ব্লু-ব্ল্যাক কালি, আর দুটো পেনসিল। এ ছাড়া খাটের পাশে একটা টেবিলের উপর রাখা ফ্লাস্ক আর জলের গেলাস, আর একটা ছোট ট্রানজিস্টার রেডিও।

সুটকেসটায় চাবি ছিল না। ফেলুদা সেটা খুলতেই দেখা গেল তার মধ্যে খুব পরিপাটি করে কাপড়চোপড় সাজানো রয়েছে। ফেলুদা বলল, ‘ভদ্রলোক কলকাতায় যাবার জন্য তৈরিই হয়ে ছিলেন।’

মিনিট পাঁচেক পরে তড়িৎবাবুর ঘর থেকে আমরা মহীতোষবাবুর আপিস ঘরের দিকে রওনা দিলাম। যাবার পথে ফেলুদা মহীতোষবাবুকে জিজ্ঞেস করল, ‘সেক্রেটারি বলতে ঠিক কী ধরনের কাজ করতেন তড়িৎবাবু, সেটা একটু বলবেন কি?’

মহীতোষবাবু বললেন, ‘চিঠিপত্র লেখার কাজ তো আছেই, তা ছাড়া আমার হাতের লেখা ভাল নয় বলে পাণ্ডুলিপি ও-ই কপি করে দিত। তারপরে প্রুফ দেখত, কলকাতায় গেলে পাবলিশারদের সঙ্গে দেখা করা, কথাবার্তা বলা, এ সবও করত। ইদানীং আমার বংশের ইতিহাস লেখার ব্যাপারে ওকে অনেক পুরনো বই কাগজপত্র দলিল চিঠি ইত্যাদি ঘাঁটিতে হয়েছে। সে-সব পড়ে তথ্য নোট করে রাখত।’

‘এগুলো বুঝি সেই সব নোটের খাতা?’ ফেলুদা তড়িৎবাবুর ডেস্কের উপর রাখা গোটা আষ্টেক বড় সাইজের খাতার দিকে দেখাল। মহীতোষবাবু মাথা নেড়ে ‘হ্যাঁ’ বললেন।

‘আর এগুলো কি আপনার নতুন শিকার কাহিনীর প্রুফ?’

লম্বা লম্বা কাগজের তাড়া, দেখলেই বোঝা যায় সেগুলো প্রুফ। ফেলুদা এক-তাড়া প্রুফ



তুলে নিয়ে উলটোপালটে দেখছিল ।

‘প্রুফ-দেখিয়ে হিসেবে কি খুব নির্ভরযোগ্য ছিলেন তড়িৎবাবু ?’

প্রশ্নটা শুনে মহীতোষবাবু বেশ অবাক হয়েই বললেন, ‘আমার তো তাই ধারণা । আপনার কি সন্দেহ হচ্ছে ?’

‘প্রথম পাতার প্রথম প্যারাগ্রাফেই দুটো ভুল দেখছি শুধরানো হয়নি ।’

‘তাই নাকি ?’

‘গর্জন কথাটার রেফ বাদ রয়ে গেছে, আর হরিণের র-এ ফুটকি নেই ।’

‘আশ্চর্য...আশ্চর্য...’

মহীতোষবাবু অন্যমনস্কভাবে প্রুফের কাগজগুলোর উপর চোখ বুলিয়ে ফেলুদাকে ফেরত দিয়ে দিলেন ।

‘সম্প্রতি তড়িৎবাবুকে কি চিন্তিত’ বা উদ্বিগ্ন বলে মনে হত আপনার ?’ ফেলুদা প্রশ্ন করল ।

‘কই, সে রকম তো কিছু লক্ষ্য করিনি ।’

ফেলুদা তড়িৎবাবুর কাজের টেবিলের উপর ঝুঁকে পড়ে কী যেন দেখছে । একটা প্যাড খোলা রয়েছে, তার উপর হিজিবিজি লেখা । ফেলুদা প্যাডটা হাতে তুলে নিয়ে কাগজের উপর চোখ রেখে বলল, ‘আপনাদের বংশের ইতিহাস লেখার জন্য কি মহাভারত ঘাঁটার দরকার হচ্ছিল ?’

‘কেন বলুন তো ?’

‘তড়িৎবাবু এই প্যাডে বোধহয় অন্যমনস্কভাবেই কয়েকটা কথা লিখেছেন । এই যে দেখুন না— অর্জুন, কীচক, নারায়ণী, উত্তর, অশ্বখামা । এরা সবই তো মহাভারতের নাম । নারায়ণী হল কৃষ্ণের সেনার নাম । কীচক ছিল বিরাট রাজার শালা, আর উত্তর হল বিরাটের ছেলে, অভিমন্যুর শালা ।’

মহীতোষবাবু বললেন, ‘আমার কাজের জন্য ওকে মহাভারত পড়তে হয়নি, তবে ব্যাপারটা কী জানেন, তড়িৎ ছিল বইয়ের পোকা । ঠাকুরদাদার লাইব্রেরিতে কালীপ্রসন্নর মহাভারত রয়েছে । সেটা নিয়ে ঘাঁটাঘাঁটি করে থাকতে পারে ।’

‘আমরা মহীতোষবাবুর আপিসঘর থেকে বাইরের বারান্দায় এসে দাঁড়িয়েছি, এমন সময় একটা চেনা গুরুগম্ভীর গলায় থিয়েটারের ঢঙে ক’টা কথা কানে এল—

‘সব ধবংস হয়ে যাবে...সব ধবংস হয়ে যাবে ! সত্যের ভিত টলমল করছে, সব ধবংস হয়ে যাবে !’

শুধু গলাটাই শুনলাম, মানুষটাকে দেখতে পেলাম না । মহীতোষবাবু দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘বৈশাখ মাসটা প্রতি বছরই দাদার এ রকম হয় । তারপর বর্ষা এলে গরমটা কমলে কিছুটা নিশ্চিন্ত ।’

আমরা আমাদের ঘরের সামনে পৌঁছে গেছি । ফেলুদা বলল, ‘কাল একবার জঙ্গলে যাব তাবছিলাম । একটু অনুসন্ধানের প্রয়োজন । আপনি কী বলেন ?’

মহীতোষবাবু ভুরু কুঁচকে বললেন, ‘তড়িৎকে যেখানে ফেলে রেখে গিয়েছিল বাঘ, তার কাছাকাছি সে আর আসবে না বলেই তো মনে হয় । বিশেষ করে দিনের বেলা । অস্তিত বাঘ সম্বন্ধে আমার অভিজ্ঞতা তাই বলে । কাজেই আপনারা যদি ওই স্পটের কাছাকাছি থাকেন তা হলে বেশি রিস্ক নেই । সত্যি বলতে কী, এ জঙ্গলে যে বড় বাঘ এখনও রয়ে গেছে সেটাই তো আমার কাছে একটা বিরাট বিস্ময় ।’

‘সঙ্গে মাধবলালকে পাওয়া যাবে তো ? আর একটা জিপ... ?’

‘নিশ্চয়ই ।’

মহীতোষবাবু চলে গেলেন । বললেন, তলোয়ারের খবরটা ইনস্পেক্টর বিশ্বাসকে দিতে হবে ।

সন্ধ্যা হয়ে গেছে । বিকেলের পর থেকে আকাশের মেঘ একদম কেটে গেছে । লালমোহনবাবু অনেকক্ষণ থেকে চুপচাপ ছিলেন ; দেখে মনে হচ্ছিল হয়তো কোনও গল্পের প্লট মাথায় আসছে, কারণ মাঝে মাঝে পকেট থেকে লাল টুকটুকে একটা টাটার ডায়েরি বার করে কী যেন নোট করছিলেন । ঘরে এসে পাখাটা খুলে দিয়ে খাটে বসে বললেন, ‘কীরকম বোনাস পেয়ে গেলেন বলুন । এটা আমারই দৌলতে সেটা স্বীকার করছেন তো ?’

‘একশোবার ।’

ফেলুদা তড়িৎবাবুর ডেস্কের উপর থেকে সেই মহাভারতের নাম লেখা প্যাডটা আর

‘কোচবিহারের ইতিহাস’ বলে একটা বই নিয়ে এসেছিল। এখন সে খাটে বসে প্যাডের দিকে চেয়ে রয়েছে। কিছুক্ষণ চেয়ে থেকে বিড়বিড় করে বলল, ‘সব ক’টাই মহাভারতের নাম তাতে সন্দেহ নেই, কেবল এই “উত্তর” কথাটা...। উত্তর...উত্তর। উত্তর নামও হতে পারে, উত্তরদিকও হতে পারে, আবার উত্তর মানে উত্তর কাল— পরবর্তীকাল— এও হতে পারে। আবার উত্তর মানে প্রশ্নের উত্তর... জবাব... জবাব...’

ফেলুদা হঠাৎ যেন চমকে উঠল। তারপর খাটের পাশের টেবিলের উপর থেকে নিজের খাতাটা নিয়ে সংকেতের পাতাটা খুলল।

‘দিক পাও ঠিক ঠিক জবাবে।—থ্যাঙ্ক ইউ তড়িৎবাবু। আপনার উত্তর বিরাট রাজার ছেলে হতে পারে—আমার উত্তর হল উত্তরদিক। দিক পাও ঠিক ঠিক জবাবে। অর্থাৎ দিক পাও ঠিক ঠিক উত্তরে। তার মানে উত্তরদিকটাই হল ঠিক দিক। হাত গোন ভাত পাঁচ। পঞ্চগন হাত। উত্তরদিকে পঞ্চগন হাত। কিন্তু তারপর ? ফাল্গুন তাল জোড়, দুই মাঝে ভুঁই ফোঁড়। ফাল্গুন...এই ফাল্গুনটা নিয়েই যত গণ্ড—’

আবার ফেলুদার সেই চমকে উঠে কথা থেমে যাওয়ার ব্যাপার।

‘তড়িৎবাবুর টেবিলের উপর একটা বাংলা অভিধান ছিল না ?’ সে চাপা গলায় বলে উঠল।

লালমোহনবাবু বললেন, ‘হ্যাঁ হ্যাঁ, সংসদের অভিধান। লাল রং। আমারও আছে।’

‘ওটা দেখা দরকার।’

ফেলুদার পিছন পিছন আমরাও ছুটলাম মহীতোষবাবুর আপিস ঘরে।

অভিধান খুলে ‘ফাল্গুন’ বার করে ফেলুদার চোখ জ্বলজ্বল করে উঠল।

‘ফাল্গুন—ফাল্গুন হল অর্জুনের একটা নাম ! আর অর্জুন শুধু পঞ্চপাণ্ডবের একজন নয়, অর্জুন গাছও বটে। এ জঙ্গলে অর্জুন গাছ কালও দেখেছি।’

‘তা হলে ব্যাপারটা কী দাঁড়াচ্ছে ?’ লালমোহনবাবু জিনিসটা ভাল করে না বুঝেও উত্তেজিত হয়ে পড়েছেন।

‘ফাল্গুন তাল জোড়, দুই মাঝে ভুঁই ফোঁড়। একটা অর্জুন গাছ আর জোড়া তাল গাছের মাঝখানে জমি খুঁড়তে হবে।’

‘কিন্তু সে রকম গাছ কোথায় আছে সেটা জানছেন কী করে ?’

ফেলুদা বলল, ‘আরেকটা কোনও বুড়ো গাছের উত্তরে পঞ্চাশ হাত গেলেই পাওয়া যাবে।’

‘আরেকবাবা, বুড়ো গাছ ! বুড়ো গাছ ছাড়া ছোকরা গাছ আছে নাকি এ জঙ্গলে ? আর গাছ তো মশাই সব কেটে ফেলেছে। মহীতোষবাবুর নিজেরই তো কাঠের ব্যবসা। এ সংকেত লেখা হয়েছে কদিন আগে ? সত্তর পঁচাত্তর বছর হবে না ?’

আমরা আমাদের ঘরে ফিরে এসেছি। ফেলুদা আবার চুপ, আবার গভীর। মেঝেতে বাঘছালের দিকে চেয়ে রয়েছে অন্যমনস্কভাবে। প্রায় মিনিটখানেক ওইভাবে থেকে বলল, ‘যা ভাবছি তাই যদি হয়, তা হলে বড় বাঘের ছালটা তড়িৎবাবুরই পাওয়া উচিত ছিল। সংকেত সমাধানের ব্যাপারে তড়িৎ সেনগুপ্ত ফেলু মিণ্ডিরের চেয়ে কম যায় না। খুড়ি, যেতেন না।’

লালমোহনবাবু বললেন, ‘কিন্তু প্যাডে যে আরও সব মহাভারতের নাম রয়েছে ? কীচক, অশ্বখামা—এদের সঙ্গে সংকেতের কী সম্পর্ক ?’

‘সেই কথাই তো আমিও ভাবছি...’

ফেলুদা আবার প্যাডের দিকে চাইল। তারপর বলল, ‘অবিশ্যি এই কাগজের সব ক’টা

নামই যে পরস্পরের সঙ্গে যুক্ত, এটা ভাবার কোনও কারণ নেই। এবং এগুলো যে একই সময় লেখা সেটাও ভাবার কোনও কারণ নেই। এই দেখুন—কীচক আর নারায়ণী ডট পেন দিয়ে লেখা। দেখলেই বুঝতে পারবেন। কালির রং সবই এক বলে মনে হয়, কিন্তু অন্য লেখাগুলোর নীচের দিকের টান লো ঈষৎ মোটা—যেটা ডট পেনে কখনও হয় না।’

লালমোহনবাবু প্রায় গোয়েন্দার মতো করে কাগজটার দিকে ভুরু কুঁচকে তাকিয়ে থেকে বললেন, ‘তা হলে কীচক আর নারায়ণীর সঙ্গে সংকেতের—’

কথাটা শেষ হবার আগেই দরজার দিক থেকে গম্ভীর গলায় কথা এসে পড়ায় লালমোহনবাবু চমকে উঠে হাত থেকে প্যাডটা ফেলেই দিলেন।

‘কীচকদের নিয়ে কথা হচ্ছে কি?’

দেবতোষবাবু।

পর্দা ফাঁক হল। ভদ্রলোক ভিতরে ঢুকে এলেন। আবার সেই বেগুনি ড্রেসিং গাউন। ভদ্রলোকের কি আর কোনও জামা নেই? ফেলুদা বলল, ‘আসুন দেবতোষবাবু, ভিতরে আসুন।’ ভদ্রলোক ফেলুদার কথায় কান না দিয়ে একটা প্রশ্ন করে বসলেন।

‘পৃথুরাজা দিঘির জলে ডুবে আত্মহত্যা করেছিলেন কেন জান?’

‘আপনি বলুন। আমরা জানি না।’ ফেলুদা বলল।

‘কারণ কীচকদের সংস্পর্শে এসে পাছে ধর্মনাশ হয়, সেই ভয়ে।’

‘কীচক একটা জাতির নাম?’ ফেলুদা অবাক হয়ে জিজ্ঞেস করল।

‘যাযাবর জাতি। জঙ্গলে গেলে একবার একটু খোঁজ করে দেখো তো তারা এখানে আছে কি না! বনমোরগ শিকার করত তীর-ধনুক নিয়ে।’

‘নিশ্চয়ই দেখব খোঁজ করে’, ফেলুদা খুব স্বাভাবিকভাবে বলল। তারপর বলল, ‘আপনাকে একটা কথা জিজ্ঞেস করতে পারি কি?’

দেবতোষবাবু কেমন যেন অবাক ফ্যালফ্যালা ভাব করে ফেলুদার দিকে চাইলেন।

‘জিজ্ঞেস করবে? আমাকে তো কেউ জিজ্ঞেস করে না!’

‘আমি করছি। এখানে প্রাচীন গাছ বলতে কোনও বিশেষ গাছ আছে কি? আপনি স্থানীয় ইতিহাস ভাল করে জানেন বলেই আপনাকে জিজ্ঞেস করছি।’

‘প্রাচীন গাছ?’

‘হ্যাঁ। মানে এমন গাছ, যাকে লোকে বুড়ো গাছ বলে জানে।’

‘প্রাচীন গাছ’ শুনে, দেবতোষবাবুর ঘোলাটে চোখ আরও ঘোলাটে হয়ে গিয়েছিল, এখন হঠাৎ জ্বলজ্বল করে উঠল।

‘বুড়ো গাছ? তাই বলা। প্রাচীন গাছ আর বুড়ো গাছ কি এক হল? বুড়ো নাম তো শুধু বয়সে বুড়ো বলে নয়। গাছের গায়ে একটা ফোকর আছে, সেটা দেখতে ঠিক একটা ফোকলাদাঁত বুড়োর হাঁ করা মুখের মতো। সেই গাছের নীচে ঠাকুরদাদার সঙ্গে গিয়ে চড়ুইভাতি করেছে। ঠাকুরদাদা বলতেন ফোকলা ফকিরের গাছ।’

‘গাছটা কী গাছ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘কাটা ঠাকুরানীর মন্দির দেখেছ? সে-ও রাজুর হাত থেকে নিস্তার পায়নি। সেই মন্দিরের পশ্চিমদিকে হল ফোকলা ফকিরের গাছ। অশ্বখ গাছ। সেই গাছেই একদিন মহী—’

‘দাদা, চলে এসো!’

দেবতোষবাবু কথা শেষ করতে পারলেন না। কারণ মহীতোষবাবু দরজার বাইরে থেকে তাঁর বাজখাঁই গলায় হাঁক দিয়েছেন। পর্দা আবার ফাঁক হল। মহীতোষবাবু গম্ভীর মুখ করে

যরে ঢুকলেন । বুঝলাম সেই কঠিন মানুষটা আবার বাইরে বেরিয়ে এসেছে ।

‘তোমার ওষুধ খাবার কথা ; খেয়েছ ?’

‘ওষুধ ?’

‘মশুথ দেয়নি ?’

দেবতোষবাবুর জন্য একজন আলাদা চাকর আছে, নাম মশুথ ।

‘আমি তো ভাল আছি, আবার ওষুধ কেন ? আমার মাথার যন্ত্রণা—’

মহীতোষবাবু তাঁর দাদাকে এক রকম জোর করেই ঘাড় ধরে ঘর থেকে বার করে নিয়ে গেলেন । বাইরে থেকে ছোট ভাইয়ের ধমক শুনতে পেলাম ।

‘ভাল আছ কি না-আছ সেটা ডাক্তার বুঝবে । তোমাকে যা ওষুধ দেওয়া হয়েছে, সেটা তুমি খাবে ।’

গলা মিলিয়ে এল ; আর সেই সঙ্গে পায়ের শব্দও ।

‘ভদ্রলোককে সত্যিই কিন্তু আজ অনেকটা স্বাভাবিক বলে মনে হচ্ছিল ।’ মস্তব্য করলেন লালমোহনবাবু । ফেলুদার কানে যেন কথাটা গেলই না । সে আবার বিড়বিড় শুরু করেছে ।

‘অশ্বথ গাছ...অশ্বথ গাছ...অশ্বথ... । কিন্তু মুড়ো হয় কেন ? মুড়ো হয় বুড়ো গাছ...মুড়ো হয়...’

হঠাৎ হাত থেকে খাতাটা প্রচণ্ড জোরে বিছানায় ফেলে দিয়ে ফেলুদা লাফিয়ে উঠে চিৎকার করে উঠল—‘হয় ! হয় ! হয় ! হয় !’

‘কী হয় ?’ লালমোহনবাবু যথারীতি ভ্যাবাচ্যাকা ।

‘বুঝতে পারছেন না ? মুড়ো হয় বুড়ো গাছ । তার মানে বুড়ো গাছ, তার মুড়ো, মানে মুণ্ডু, অর্থাৎ গোড়া—হল হয় ।’

‘হল হয় ? সে আবার কী ?’ লালমোহনবাবু আরও হতভম্ব । সত্যি বলতে কী, আমারও মনে হচ্ছিল ফেলুদা একটু আবোল তাবোল বকছে । এবার ফেলুদা যেন বেশ বিরক্ত হয়েই লালমোহনবাবুর দিকে চোখ পাকিয়ে গলা উচিয়ে বলল, ‘আপনি না সাহিত্যিক ? “হয়” মানে জানেন না ? ঘোড়া, ঘোড়া, ঘোড়া । হয় মানে ঘোড়া । হয় মানে অশ্ব । বুড়ো গাছের গোড়া হল অশ্ব । আরও বলতে হবে ?’

‘অশ্বথ !’ টেঁচিয়ে উঠলেন লালমোহনবাবু ।

‘অশ্বথ । তড়িৎবাবু অশ্বথই লিখেছিলেন এমনি কলম দিয়ে, আর পরে খেয়ালবশত আ-কার আর মা জুড়ে দিয়েছেন ডট পেন দিয়ে । আর আমি ভাবছি মহাভারত । ছি ছি ছি ছি !’

৮

আমি জানি ফেলুদা কাল অনেক রাত অবধি ঘুমোয়নি । আমি আর লালমোহনবাবুও জেগে ছিলাম প্রায় এগারোটা অবধি । তড়িৎবাবুর মতো একজন আশ্চর্য বুদ্ধিমান লোক কী বিশ্রীভাবে ও কী রহস্যজনকভাবে মারা গেলেন সেই নিয়ে আলোচনা করছিলাম । কতকগুলো ব্যাপার যে ফেলুদাকেও রীতিমতো ধাঁধিয়ে দিয়েছিল সেটা বেশ বুঝতে পারছিলাম । ফেলুদা নিজেই সেগুলোর একটা লিস্ট করেছিল ; সেটা এখানে তুলে দিচ্ছি—

১ । তড়িৎবাবু ছাড়া আর কে কাল রাতে জঙ্গলে গিয়েছিল ? যে গিয়েছিল সে-ই কি তলোয়ার নিয়েছিল ? সেই কি খুনি ? না সে ছাড়াও আরও কেউ গিয়েছিল ? হাল ফ্যাশানের

টর্চ কার কাছে আছে ?

২। প্রথম রাতে মহীতোষবাবু কার সঙ্গে ধমকের সুরে কথা বলছিলেন ?

৩। দেবতোষবাবু কাল মহীতোষবাবু সম্পর্কে কী ঘটনা বলতে যাচ্ছিলেন, সে সময় মহীতোষবাবু এসে তাঁকে ডেকে নিয়ে গেলেন ?

৪। দেবতোষবাবু সেদিন যুধিষ্ঠিরের রথের কথাটা বললেন কেন ? সেটা কি পাগলের প্রলাপ, না তার কোনও মানে আছে ?

৫। শশাঙ্কবাবু এত চুপচাপ কেন ? সেটা কি গুঁর স্বভাব, না বিশেষ কোনও কারণে উনি চুপ মেরে গেছেন ?

লালমোহনবাবু সব শুনেটুনে বললেন, ‘মশাই, আমি কিন্তু একটি লোককে মোটেই ভরসার চোখে দেখতে পারছি না। ওই দাদা ব্যক্তিটি পাগল হতে পারেন, কিন্তু গুঁর হাতের কব্জিটা দেখেছেন ? মহীতোষবাবুর চেয়েও চওড়া। আর কালাপাহাড়ের উপর যা আক্রোশ দেখলাম, কাউকে কালাপাহাড় মনে করে ধাঁ করে একটা তলোয়ারের ঘা বসিয়ে দেওয়া কিছুই আশ্চর্য না।’

কথাটা শুনে ফেলুদা কিছুক্ষণ লালমোহনবাবুর দিকে চেয়ে থেকে বলল, ‘আমার সঙ্গে মিশে আপনার কল্পনাশক্তি ও পর্যবেক্ষণক্ষমতা যে যুগপৎ বেড়ে চলেছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। দেবতোষবাবু যে তলোয়ারের আঘাতে খুন করার ক্ষমতা রাখেন সেটা আমিও বিশ্বাস করি। তবে তড়িৎবাবুর খুনের পেছনে যে-ধরনের হিসেবি কার্যকলাপের ইঙ্গিত পাওয়া যায়— আদিত্যনারায়ণের আলমারি খুলে তলোয়ার নেওয়া, তড়িৎবাবুকে অনুসরণ করে এতখানি পথ হেঁটে জঙ্গলে যাওয়া—তাও আবার দুর্যোগের রাতে— তারপর অন্ধকারেই তাগ করে তলোয়ার চালানো—এটা মনে রাখতে হবে যে এক হাতে টর্চ জ্বলে অন্য হাতে তলোয়ার চালানো সম্ভব নয়—এই এতগুলো কাজ একজন পাগলের পক্ষে সম্ভব কি না সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। আসলে আরেকবার জঙ্গলে গিয়ে অনুসন্ধান না করলে চলছে না। যা ঘটেছে সব তো ওইখানে। কাজেই বাড়িতে বসে শুধু জল্পনা-কল্পনার সাহায্যে বেশি দূর এগোনো যাবে না। এটা ঠিক যে তড়িৎবাবু সংকেতের সমাধান করে গুপ্তধনের সন্ধানই গিয়েছিলেন। গুপ্তধন নিয়ে সোজা কলকাতায় চলে যাবেন, এটাই ছিল তাঁর প্ল্যান। কিন্তু এমন একটা আরামের চাকরি ছেড়ে গুপ্তধনের প্রতিই বা তাঁর লোভটা গেল কেন ? ভদ্রলোককে তো রাজার হালে রেখেছিলেন মহীতোষবাবু। মাইনেও যে ভাল দিতেন সেটা তড়িৎবাবুর জামা-কাপড়, হাতের ঘড়ি, প্রসাধনের জিনিসপত্র ইত্যাদি দেখলেই বোঝা যায়। সিগারেটটাও খেতেন বিলিতি, এই মাগ্গির বাজারে।’

আজ সকাল থেকে আবার মেঘ করে আছে, তবে বৃষ্টি পড়ছে না। জানালা দিয়ে জঙ্গলটা চোখে পড়তেই কেমন যেন গা ছম ছম করে ওঠে। ফেলুদা সবমাত্র বলেছে একবার মহীতোষবাবুর সঙ্গে দেখা হওয়া উচিত, এমন সময় চাকর এসে খবর দিল— নীচে ডাক পড়ছে। একটা জিপের আওয়াজ কিছুক্ষণ আগেই পেয়েছিলাম। নীচে গিয়ে দেখলাম ইনস্পেক্টর হাজির।

‘আপনি খুশি তো ?’ বিশ্বাস ফেলুদাকে দেখেই প্রশ্নটা করলেন।

‘কেন ?’

‘একটা রহস্য পেয়ে গেলেন। এই বাড়ি থেকেই অস্ত্র নিয়ে গিয়ে তড়িৎবাবুকে খুন করা হয়েছে, সেটা তো আপনার কাছে একটা জোর খবর, তাই নয় কি ?’

‘অস্ত্র নেই মানেই যে সেটা দিয়ে খুন করা হয়েছে, এটা নিশ্চয়ই আপনি মনে করেন না !’

‘আমি তা মনে করব কেন ? কিন্তু আপনি তাই ভাবছেন না কি ?’

দুজনেই বেশ ভদ্রভাবে কথা বললেও বেশ বুঝতে পারছিলাম যে দুজনের মধ্যে একটা চাপা রেষারেষি চলেছে। কোনও দরকার ছিল না; মিস্টার বিশ্বাসই প্রথম ঠেস দিয়ে কথা বলেছেন। ফেলুদা একটা সিগারেট ধরিয়ে বলল, ‘আমি এখনও কোনও সিদ্ধান্তে পৌঁছইনি। আর আপনি যদি মনে করেন যে আমি খুশি হয়েছি, তা হলে বলতে বাধ্য হব যে আপনার ধারণা ভুল। খুনের ব্যাপারে আমি কোনও দিনই খুশি না। বিশেষ করে তড়িৎবাবুর মতো একজন বুদ্ধিমান লোক এত অল্প বয়সে এভাবে প্রাণ হারাবেন, এতে খুশি হবার কী আছে মিস্টার বিশ্বাস?’

‘বুদ্ধিমান লোক?’ বিশ্বাস ঠাট্টার সুরে বললেন। ‘বুদ্ধিমান লোকের এমন মতিভ্রম হবে কেন যে রাত দুপুরে বাঘের জঙ্গলে যাবে সফর করতে? এর কোনও সম্ভাব্যজনক উত্তর দিতে পারেন আপনি, মিস্টার মিস্তির?’

‘পারি।’

আমরা ছাড়া ঘরে তিনজন লোক—মহীতোষবাবু, বিশ্বাস আর শশাঙ্কবাবু। তিনজনেই ফেলুদার কথায় যেন তটস্থ হয়ে ওর দিকে চাইল। ফেলুদা বলল, ‘তড়িৎবাবুর জঙ্গলে যাবার একটা পরিষ্কার কারণ ছিল।’ এবার ফেলুদা মহীতোষবাবুর দিকে চাইল। ‘আপনার সংকেতের মানে আমি বার করেছি মহীতোষবাবু—তবে আমারও আগে করেছিলেন তড়িৎ সেনগুপ্ত। কাজেই বাঘছালটা ওঁরই প্রাপ্য ছিল। আমার বিশ্বাস উনি জঙ্গলে গিয়েছিলেন গুপ্তধনের সন্ধানে।’

মহীতোষবাবুর চোখ কপালে উঠে গেছে দেখে ফেলুদা তাকে পুরো ব্যাপারটা বুঝিয়ে দিল। ফোফ্লা ফকিরের গাছের কথা শুনে মহীতোষবাবু অবাক হয়ে বললেন, ‘কই, ও রকম কোনও গাছ আছে বলে তো জানি না।’

‘কিন্তু আপনার দাদা যে বললেন ছেলেবেলায় আপনারা ওখানে চড়ুইভাতি করতে যেতেন, আপনার ঠাকুরদার সঙ্গে?’

‘দাদা বললেন?’ মহীতোষবাবুর কথায় পরিষ্কার ব্যঙ্গের সুর। ‘দাদা যা বলেন তার কতটা সত্যি কতটা কল্পনা তা আপনি জানেন? আপনি ভুলে যাচ্ছেন যে দাদার মাথার ঠিক নেই।’

ফেলুদা চুপ করে গেল। দেবতোষবাবুর মাথার ব্যারাম নিয়ে তারই আপন ভাইয়ের সঙ্গে সে কীভাবে তর্ক করবে?

এদিকে মহীতোষবাবু কিন্তু বেশ ফ্যাকাসে হয়ে গেছেন। হাত কচলাতে কচলাতে বললেন, ‘তার মানে তড়িৎ গুপ্তধন নিয়ে কলকাতায় পালানোর মতলব করছিল। হয়তো আর ফিরেও আসত না। অথচ আমি এর কিছুই জানতে পারিনি।’

মিস্টার বিশ্বাস সোফা ছেড়ে উঠে দাঁড়িয়ে বাঁ হাতের তেলোতে ডান হাত দিয়ে একটা ঘুঁষি মেরে বললেন, ‘যাক, তা হলে ভদ্রলোকের বনে যাবার একটা কারণ পাওয়া গেল। এবার জানা দরকার আততায়ী কে।’

‘এই বাড়িরই লোক তাতে বোধহয় সন্দেহ নেই। আছে কি?’ ফেলুদা একটা ধোঁয়ার রিং ছেড়ে জিগ্জস করল।

মিস্টার বিশ্বাস একটা বাঁকা হাসি হেসে চোখ দুটোকে ছোট ছোট করে বললেন, ‘তা তো বটেই। তবে এ বাড়ির লোক বলতে আপনিও কিন্তু বাদ যাচ্ছেন না, মিস্টার মিস্তির। আপনি নিজে তলোয়ারটা দেখেছিলেন। ওটা হাত করার সুযোগ এ বাড়ির অন্য বাসিন্দাদের যেমন ছিল, তেমনই আপনারও ছিল। আপনি তড়িৎবাবুকে আগে থেকে জানতেন কি না, তার প্রতি আপনার কোনও আক্রোশ ছিল কি না, সে সব কিন্তু কিছুই জানা যায়নি।’

মিস্টার বিশ্বাসের কথায় ফেলুদা আর একটা ধোঁয়ার রিং ছেড়ে বলল, ‘কেবল দুটো জিনিস

সকলেই জানে। এক, আমি এখানে আমন্ত্রিত হয়ে এসেছি, এমনিতে আসার কথা ছিল না ; দুই, তড়িৎবাবু যে ছুরির আঘাতে মরে থাকতে পারেন সেদিকে আমিই প্রথম দৃষ্টি আকর্ষণ করি। না হলে তাকে বাঘের শিকার বলেই চালিয়ে দেওয়া হচ্ছিল।’

মিস্টার বিশ্বাস এবার একটা হালকা হাসি হেসে বললেন, ‘আপনি আমার কথাটা এত সিরিয়াসলি নিচ্ছেন কেন ? ভয় নেই, আমাদের লক্ষ্য আপনার দিকে নয়, অন্য দিকে।’

লক্ষ করলাম যে, কথাটা বলার পর বিশ্বাস আর মহীতোষবাবুর মধ্যে, যাকে বলে দৃষ্টি বিনিময়, সে রকম একটা ব্যাপার ঘটে গেল— বোধহয় এক সেকেন্ডের জন্য। ফেলুদা বলল, ‘আপনি কালকে যে কথাটা বলেছিলেন, সেটা এখনও বলছেন তো ?’

‘কী কথা ?’ জিজ্ঞেস করলেন মিস্টার বিশ্বাস।

‘আমি আমার ইচ্ছেমতো অনুসন্ধান চালিয়ে যেতে পারি তো ?’

‘নিশ্চয়ই, নিশ্চয়ই। কেবল আমার আর আপনার কাজটা ক্ল্যাশ না করলেই ভাল। কেউ কারুর বাধা সৃষ্টি করলেই কিন্তু মুশকিল হবে।’

‘সেটার বোধহয় কোনও সম্ভাবনা নেই। আমি জঙ্গলের দিকটাতেই তদন্ত চালাব প্রধানত। সে ব্যাপারে বোধহয় আপনার খুব একটা উৎসাহ নেই।’

‘এনিথিং ইউ লাইক’—বললেন মিস্টার বিশ্বাস।

এবার ফেলুদা মহীতোষবাবুর দিকে ফিরল।

‘দেবতোষবাবুর সঙ্গে কথা বলে কোনও ফল হবে না বলছেন ?’

মহীতোষবাবু অর্ধৈক্য হলেন কি না জানি না, তবে মনে হল একবার যেন ওঁর চওড়া চোয়ালের হাড়টা একটু শক্ত হল। পরমুহূর্তেই আবার স্বাভাবিক হয়ে শান্ত গভীর গলায় বললেন, ‘দাদার শরীরটা কাল থেকে একটু বেশি খারাপ হয়েছে। ওঁকে ডিসটার্ব করাটা ঠিক হবে না।’

ফেলুদা ছাইদানে সিগারেট ফেলে দিয়ে সোফা ছেড়ে উঠে বলল, ‘আমি তো আর অনির্দিষ্টকাল আপনার অতিথি হয়ে থাকতে পারি না, বা থাকতে চাইও না। কালই আমাদের মেয়াদের শেষ দিন। আপনাকে বলেছিলাম একবার জঙ্গলে যেতে চাই। আপনি যদি একটু মাধবলালকে বলে দেন, আর আপনার একটা জিপ...’

দুটোর ব্যবস্থা হয়ে গেল। এখন সাড়ে আটটা। ঠিক হল আমরা দশটা নাগাদ বেরিয়ে পড়ব। জঙ্গলে ঘোরার জন্য হান্টিং বুট ছিল আমার আর ফেলুদার ; আমরা দুজনেই সেগুলো বার করে পরে নিলাম, যদিও জানি যে আমাকে হয়তো জিপ থেকে নামতেই দেবে না। আমার ধারণা ছিল লালমোহনবাবু হয়তো নিজে থেকেই নামতে চাইবেন না, কিন্তু এখন লালমোহনবাবুর হাবভাব দেখে বেশ অবাক লাগল। বাথরুমে গিয়ে ধুতি ছেড়ে খাকি প্যান্ট পরে এলেন, আর বাস্তব থেকে একটা জবরদস্ত বুট জুতো বার করে নিয়ে সেটা পরতে লাগলেন। ফেলুদা ব্যাপারটা শুধু একবার আড়চোখে দেখে নিল, মুখে কিছু বলল না।

‘আচ্ছা, বাঘের চাহনি শুনেছি নাকি সাংঘাতিক ব্যাপার ? সত্যি নাকি মশাই ?’ বুট পায়ে দিয়ে মেঝের উপর মিলিটারি মেজাজে পায়চারি করতে করতে প্রশ্ন করলেন লালমোহনবাবু। ফেলুদা তৈরি হয়ে জানালার ধারে চুপ করে দাঁড়িয়ে আছে, এখন শুধু জিপ আর শিকারির অপেক্ষা। সে লালমোহনবাবুর প্রশ্নের জবাবে বলল, ‘তা তো বটেই ; তবে শিকারিরা এটাও বলে যে বাঘ নাকি মানুষকে ভয় পায়। একজন লোক যদি বাঘ দেখলে পরে তার চোখে চোখ রেখে কিছুক্ষণ দাঁড়িয়ে থাকতে পারে, তা হলে বাঘ নাকি উলটো-মুখে ঘুরে চলে যায়। আর শুধু চাহনিতে যদি কাজ না দেয়, তা হলে হাত-পা ছুঁড়ে চোঁচাতে পারলেও নাকি একই ফল হয়।’

‘কিন্তু ম্যান-ইটার ?’

‘সেখানে আলাদা ব্যাপার ।’

‘তাই বলুন । কিন্তু তা হলে আপনি যে... ?’

‘আমি যাচ্ছি কেন ? তার কারণ দিনের বেলা বাঘ বেরোবার সম্ভাবনা প্রায় নেই বললেই চলে । যদি বেরোয় তার জন্য বন্দুক তো সঙ্গেই থাকছে । আর তেমন বেগতিক দেখলে জিপ তো রয়েইছে, উঠে পড়লেই হল ।’

এর পরে জিপ আসার আগে লালমোহনবাবু শুধু একটা কথাই বলেছিলেন ।

‘খুনের ব্যাপারটা কিছু বুঝতে পারছি না মশাই । একেবারে টোটাল ডার্কনেস ।’

ফেলুদা বলল, ‘অন্ধকারটা যাতে না দূর হয় তার জন্য চেষ্টা চলছে লালমোহনবাবু । সেই চেষ্টাকে বিফল করাই হবে আমাদের লক্ষ্য ।’

৯

যেখানে তড়িৎবাবুর মৃতদেহ পাওয়া গিয়েছিল, আমরা সেইখানে এসে দাঁড়িয়েছি । সেদিনও এই সময়টাতেই এসেছিলাম, কিন্তু আজ কিছুক্ষণ হল মেঘ কেটে গিয়ে রোদ ওঠার ফলে আলোটা অনেক বেশি । এখানে ওখানে পাতার ফাঁক দিয়ে রোদ মাটিতে পড়েছে, আর লক্ষ করছি সেদিনের চেয়ে পাখিও ডাকছে অনেক বেশি । লালমোহনবাবু অবিশ্যি যে কোনও পাখি ডেকে উঠলেই, সেটাকেই বাঘ কাছাকাছি থাকার লক্ষণ বলে মনে করছেন ।

তড়িৎবাবুর মৃতদেহ সেদিনই সকালে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছিল । কলকাতায় টেলিফোন করে খবর দেওয়াতে ওঁর বড় ভাই এসেছিলেন, শেষ কাজ তিনিই করে দিয়ে গেছেন । আজ আর সেই বাঁশঝাড়টার আশেপাশে সেদিনকার সাংঘাতিক ঘটনার কোনও চিহ্নই নেই । কিন্তু তাও ফেলুদা অত্যন্ত মনোযোগ দিয়ে চারদিকের জমি পরীক্ষা করছে । মাধবলালও ফেলুদার সঙ্গে কাজে লেগে গেছে । মনে হল বেশ উৎসাহই পাচ্ছে । লোকটাকে যত দেখছি ততই ভাল লাগছে । চেহারাটাও বেশ । হাসলেই গালের দু পাশে দুটো খাঁজ পড়ে, আর ভুরু না কঁচুকালেও কপালে পাঁচ-ছটা লাইন পড়েই আছে । জিপে আসতে আসতে ও বলছিল, বনবিভাগ থেকে মানুষখেকোর খবর ছড়িয়ে পড়ার পর থেকে এর মধ্যেই বেশ কয়েকজন শিকারি নাকি বাঘটা মারার ইচ্ছা প্রকাশ করেছে । তার মধ্যে কার্সিয়াং-এর এক চা বাগানের ম্যানেজার মিস্টার সাপ্রু নাকি আজকালের মধ্যেই এসে পড়বেন । সাপ্রু নামকরা শিকারি, তেরাইয়ের জঙ্গলে নাকি এককালে অনেক বাঘ মেরেছেন । মাধবলাল নিজেই অনেক বাঘ হরিণ বুনো শূয়ার ইত্যাদি মেরেছে, তারই একটি গল্প সে সবে বলতে আরম্ভ করেছে, এমন সময় ফেলুদা হঠাৎ বাঁশঝাড়ের দিক থেকে তার নাম ধরে ডাক দিল । মাধবলাল ব্যস্তভাবে এগিয়ে গেল ফেলুদার দিকে, তার পিছন পিছন আমরাও । এটা বলা দরকার যে আমাদের দুজনের জিপ থেকে নামার ব্যাপারে ফেলুদা আজ কোনও আপত্তি করেনি ।

ফেলুদা মাটিতে উবু হয়ে বসে একটা বাঁশের গোড়ার দিকে চেয়ে আছে ।

‘দেখুন তো এটা কী ব্যাপার,’ ফেলুদা মাধবলালকে উদ্দেশ্য করে বলল ।

মাধবলাল ঝুঁকে পড়ে এক ঝলক দেখেই বলল, ‘বুলেট লাগা থা ।’

মাধবলালের পদবি দুবে, বাড়ি সাহেবগঞ্জ, কিন্তু বাংলা বুঝতে বা বলতে কোনও অসুবিধা হয় না ।

বাঁশটার গায়ে যে একটা ক্ষতচিহ্ন রয়েছে সেটা স্পষ্ট বোঝা যাচ্ছে । লালমোহনবাবু অবাক



হয়ে আমার দিকে চাইলেন। ফেলুদাও যে অবাক সেটা বোঝাই যাচ্ছে। বার তিনেক অসহিষ্ণুভাবে নিজের হাতের তেলোতে ঘঁষি মেরে বলল, ‘দাগটা পুরনো কি টাটকা সেটা বলতে পারেন?’

মাধবলাল বলল, ‘দিন দুয়েকের বেশি পুরনো হতেই পারে না।’

‘ব্যাপারটা কী?...ব্যাপারটা কী?...’ ফেলুদা বিড়বিড় করে বলল, ‘বন্দুক...তলোয়ার...সব যে গুণ্ডগোল হয়ে যাচ্ছে। তড়িৎবাবুকে মারল তলোয়ারের খোঁচা, বাঘকে মারল গুলি...সে গুলি তো আবার মনে হচ্ছে বাঘের গায়ে লাগেনি। নাকি—’

মাধবলাল বাঁশঝাড়ের নীচ থেকেই কী যেন কুড়িয়ে নিয়েছে। এমনি চোখে ভাল দেখাই যায় না। কাছে গিয়ে বুঝতে পারলাম, ইঞ্চি দুয়েক লম্বা লম্বা কতকগুলো রোঁয়া।

‘বাঘের লোম কি?’ বলল ফেলুদা।

‘বাঘের লোম’, বলল মাধবলাল। ‘গুলি বাঘের গা ঘেঁষে গিয়েছিল বলে মনে হয়।’

‘আর তাই কি বাঘ খানিকটা মাংস খেয়েই পালিয়েছিল?’

‘সেই রকমই মালুম হচ্ছে।’

ফেলুদা দু-এক পা করে এগিয়ে যেতে শুরু করল। মাধবলালও হাতে বন্দুক নিয়ে দৃষ্টি সজাগ রেখে তাকে অনুসরণ করল। আমরা দুজনের মাঝামাঝি সবচেয়ে নিরাপদ জায়গাটা বেছে নিলাম। ফেলুদার পকেটে রিভলভার আছে জানি, আর তাতে টোটাও ভরা আছে। কিন্তু তাতে তো আর বাঘের কিছু হবে না। পিছন থেকে একটা গাড়ির আওয়াজ শুনে বুঝলাম, আমাদের সঙ্গে সঙ্গে জিপটাও এগোচ্ছে। তার ফলে ব্যবধান কিছুটা কমলেও জিপ আমাদের কাছে আসতে পারবে না, কারণ আমরা রাস্তা ছেড়ে জঙ্গলের ভিতর চলে এসেছি।

মিনিট তিনেক এভাবে হাঁটার পর ফেলুদা হঠাৎ কী যেন দেখে ডান দিকে কোনাকুনিভাবে দ্রুত পায়ে এগিয়ে গেল।

একটা কাঁটা-ঝোপ। তার মধ্যে একটা কাপড়ের টুকরো আটকে রয়েছে। সবুজ কাপড়। নিঃসন্দেহে তড়িৎবাবুর শার্টের অংশ। মাধবলাল না বললেও আন্দাজ করেছিলাম, বাঘ তড়িৎবাবুকে মুখে করে নিয়ে যাবার সময় ঝোপের কাঁটায় তড়িৎবাবুর শার্টের একটা অংশ ছিঁড়ে আটকে গিয়ে এই চিহ্ন রেখে গেছে।

এবার দেখলাম মাধবলাল আমাদের ছাড়িয়ে নিজেই এগিয়ে গেল। বুঝলাম সে-ই এবার পথ দেখাবে, কারণ সে আন্দাজ করেছে বাঘ কোন পথে এসেছিল। বোধহয় আমাদের কথা ভেবেই মাধবলাল ধীরে ধীরে এগোচ্ছে, কারণ চারদিকে কাঁটা-ঝোপ।

সামনে একটা তেঁতুল গাছ। তার গুঁড়ির কাছ থেকে জমিটা ঢালু হয়ে পিছন দিকে নেমে গেছে বলেই বোধহয় সেখানটা শুকনো রয়েছে। মাধবলাল সেখানে পৌঁছে থেমে গেল, তার দৃষ্টি মাটির দিকে। আমরাও এগিয়ে গেলাম।

যদিও এ জিনিসটা এর আগে কোনও দিন দেখিনি, তাও বুঝতে অসুবিধা হল না যে, আমরা বাঘের পায়ের ছাপ দেখছি। আমরা যেদিকে যাচ্ছি সেই দিকেই গেছে ছাপগুলো।

কাঁপা ফিসফিসে গলায় লালমোহনবাবুর প্রশ্ন এল, ‘এ কি দু-পেয়ে বাঘ নাকি মশাই?’

মাধবলাল হেসে উঠল। ফেলুদা বলল, ‘এইভাবেই বাঘ হাঁটে। সামনের পা আর পিছনের পা ঠিক একই জায়গায় ফেলে, তাই মনে হয় দু পায়ে হাঁটছে।’

মাধবলাল এগিয়ে চলেছে, আমরা তার পিছনে। জিপের আওয়াজ আর পাচ্ছি না। বোধহয় হাল ছেড়ে দিয়ে এক জায়গায় দাঁড়িয়ে পড়েছে। একটা কুলকুল শব্দ পাচ্ছি। একটা নালা জাতীয় কিছু আছে বোধহয় কাছাকাছির মধ্যে। লালমোহনবাবুর নতুন বুটটা প্রথম দিকে বড্ড বেশি মচমচ শব্দ করছিল, তাতে ফেলুদা মন্তব্য করেছিল, সেটা নাকি

ম্যান-ইটারের কৌতূহল উদ্রেক করার পক্ষে আইডিয়াল, কিন্তু এখন কাদায় ভিজে আওয়াজটা প্রায় মরে এসেছে ।

একটা শিমুল গাছ পেরিয়ে কয়েক পা যেতেই মাধবলাল আবার দাঁড়িয়ে পড়ল ।

‘আপকা পাস রিভলভার হ্যায় না ?’

এবার আমাদের চোখ গেল হাত বিশেক দূরে সামনের ঘাসের দিকে । ঘাসগুলো চিরে কী যেন একটা জিনিস এগিয়ে আসছে ।

‘ফ্রেইৎ’, বলল মাধবলাল ।

নামটা জানি । অসম্ভব বিষধর সাপ ।

এবার সাপটাকে দেখতে পেলাম । চলা থামিয়ে স্থির হয়ে ঘাসের উপর দিয়ে মাথাটা তুলে আমাদের দেখছে । ফণা নেই । সারা গায়ে হলদে আর কালো ডোরা ।

ফেলুদা যে কখন রিভলভারটা বার করল টেরই পেলাম না । হঠাৎ একটা কানফটা শব্দের সঙ্গে সঙ্গে দেখলাম সাপের মাথাটা থেঁতলে গেল । আর একটা গুলি । এবার সব স্থির । গাছ থেকে পাখি ডেকে উঠেছে । দূরে আরেকটা গাছ থেকে বাঁদরের কিচির মিচির । মাধবলাল শুধু বলল, ‘সাবাস’, আর লালমোহনবাবু হাঁচি হাসি আর কাশি মিলিয়ে একটা অদ্ভুত শব্দ করে একদম চুপ মেরে গেলেন ।

ফেলুদা বাঁ দিকে যাচ্ছে দেখে মাধবলাল বারণ করল । বলল, ওদিকে একটা নালা আছে, সেটা পেরোলেই নাকি একটা উঁচু পাথুরে টিবি আর অনেকগুলো বড় বড় পাথরের চাঁই । ওখানে নাকি বাঘের বিশ্রামের খুব ভাল জায়গা রয়েছে, কাজেই ওদিকটায় যাওয়া খুব নিরাপদ নয় । অগত্যা ফেলুদা মাধবলালের নির্দেশ মতো সোজাই চলল ।

বন যে সব জায়গায় সমান ঘন, তা নয় । বাঁ দিকে চাইলেই বোঝা যায় ওদিকে নালা থাকার দরুন বন পাতলা হয়ে গেছে । জানোয়ারের মধ্যে এক বাঁদরই দেখা যাচ্ছে মাঝে মাঝে— ল্যাজ পাকিয়ে গাছের ডাল থেকে দোল খাচ্ছে, এ গাছ থেকে ও গাছে দিবি লাফিয়ে চলে যাচ্ছে, আর আমাদের দেখলে দাঁত খিঁচোচ্ছে ।

ফেলুদা নিশ্চয়ই আশা করছিল যে, আরও অনুসন্ধান করলে আরও কিছু পাবে, কিন্তু এবারে পাওয়াটা জুটে গেল লালমোহনবাবুর কপালে । লালমোহনবাবুর বুটের ঠোঁকর খেয়ে একটা জিনিস ছিটকে প্রায় দশ হাত দূরে গিয়ে পড়তেই আমাদের চোখ সেদিকে গেল ।

একটা গাঢ় ব্রাউন রঙের চামড়ার মানি ব্যাগ । ফেলুদা সেটা খুলতেই তার ভিতর থেকে দুটো একশো টাকার নোট আর বেশ কিছু অন্য ছোট ছোট নোট বেরিয়ে পড়ল । এসব ছিল বড় খাপটায় । অন্য খাপ থেকে কয়েকটা রং চটে যাওয়া কুড়ি পয়সার ডাকটিকিট, দু-একটা ক্যাশ মেমো আরেকটা ওষুধের প্রেসক্রিপশন বেরোল । বৃষ্টিতে ভিজে ব্যাগটার অবস্থা বেশ শোচনীয় হলেও নোটগুলো এখনও দিব্যি ব্যবহার করা চলে ।

ফেলুদা সব জিনিস আবার ব্যাগের মধ্যে পুরে ব্যাগটা শার্টের বুকপকেটে ঢুকিয়ে নিল ।

আমরা আবার এগিয়ে চললাম ।

এদিকটায় জঙ্গল বেশ ঘন হয়ে উঠেছে । চারিদিকে প্রকাণ্ড প্রকাণ্ড শাল গাছ, মাঝে মাঝে অন্য গাছ— সেগুন, শিমুল, আম, কাঁঠাল, ছাতিম । অর্জুন গাছও রয়েছে এখানে সেখানে । আমি জানি ফেলুদা সেগুলোর দিকে বিশেষভাবে চোখ রাখছে, আর এও জানি যে অর্জুনের কাছাকাছি কোনও তাল গাছ এখনও পর্যন্ত চোখে পড়েনি । মাধবলাল এরই মধ্যে এক ফাঁকে পকেট থেকে একটা ছুরি বার করে দুটো গাছের ডাল কেটে আমাকে আর লালমোহনবাবুকে দিয়েছে ; আমরা সেগুলো লাঠি হিসাবে ব্যবহার করছি । ফেলুদা হাঁটতে হাঁটতেই মাধবলালকে প্রশ্ন করল, ‘বাঘের পায়ের ছাপ দেখে বাঘ সম্বন্ধে অনেক কিছুই জানা যায়, তাই না ?’

মাধবলাল বলল, ‘হ্যাঁ, এটাকে বেশ বড় বাঘ বলেই তো মনে হয়।’

আমি মনে মনে ভাবছিলাম— একটা আস্ত মানুষের লাশ মুখে করে বাঘটা এতখানি পথ এসেছে, তার মানে, কী সাংঘাতিক শক্তি বাঘের! অবিশ্যি মানুষের আর কীই বা ওজন। গোরু মোষ মেরেও তো শুনেছি বাঘ ওইভাবেই মুখে করে নালা টালা লাফিয়ে ডিঙিয়ে মাইলের পর মাইল পথ চলে যায়। মহীতোষবাবুর বইতেই নাকি আছে যে বাঘের ছাল ছাড়ালেই দেখা যায় ভিতরে কেবল মাস্‌ল আর মাস্‌ল।

ফেলুদা এবার আর একটা প্রশ্ন করল মাধবলালকে।

‘মহীতোষবাবু এ জঙ্গলে কখনও শিকার করেননি। তাই না?’

মাধবলাল বলল, মহীতোষবাবুর কুসংস্কারের কথাটা সে জানে। তবে এ রকম কুসংস্কার নাকি অনেক শিকারির মধ্যেই দেখা যায়। ‘আমার নিজের নেই’, মাধবলাল বলল, ‘তবে আমার বাবার ছিল। জোয়ান বয়সে একবার বাঘ মারতে যাবার আগে হাতে বিছুটি লেগেছিল, আর সেই দিনই একটা প্রায় দশ ফুট লম্বা বাঘকে বন্দুকের এক গুলিতে ঘায়েল করেছিলেন। সেই থেকে বাঘ মারতে যাবার আগে হাতে বিছুটি ঘষে নিতেন।’

ফেলুদা বলল, ‘করবেটসাহেবেরও কুসংস্কার ছিল। ম্যান-ইটার মারতে যাবার দিন সকালে একটা সাপ দেখলে তার মনটা খুশি হয়ে যেত।’

মহীতোষবাবুর বাপ-ঠাকুরদা দুজনেই এ জঙ্গলে বাঘের হাতে প্রাণ দেন, কাজেই মহীতোষবাবুর পক্ষে এখানে শিকার করায় আপত্তিটা খুব স্বাভাবিক।

আমরা মাধবলালের পিছন পিছন প্রায় কুড়ি মিনিট ধরে হাঁটার পর ফেলুদা আসলে যে জিনিসটা খোঁজার জন্য এসেছিল, সেটা পেয়ে গেল। হালকা বেগুনি রঙের ছোট ছোট ফুলে ভরা একটা ঝোপের ধারে পড়ে আছে, তার পাথর-বসানো হাতলটা খালি দেখা যাচ্ছে, ইস্পাতের অংশটা ঝোপে ঢাকা।

আদিত্যনারায়ণের তলোয়ার!

জিনিসটা চোখে পড়তেই ফেলুদা প্রায় বাঘের মতোই নিঃশব্দে ঝাঁপিয়ে পড়ে তলোয়ারটা মাটি থেকে তুলে নিল।

খুব মন দিয়ে দেখলে বোঝা যায় তলোয়ারের ডগায় এখনও খয়েরি রঙের রক্তের দাগ।

ফেলুদা তলোয়ারটা হাতে নিয়ে এদিক ওদিক ঘুরিয়ে দেখে বলল, ‘তার মানে খুনের জায়গাটা এর চেয়ে খুব বেশি দূরে নয়। আরও একটু এগোনো যায় কি, মাধবলালজি?’

মাধবলাল বলল, ‘আর একশো গজ গেলে তো মন্দির পড়বে।’

‘কী মন্দির?’

‘এখানে বলে কাটা ঠাকুরানীর মন্দির। ভিতরে কিছু নেই। শুধু দালানটা ভাঙাচোরা অবস্থায় দাঁড়িয়ে আছে।’

কাটা ঠাকুরানীর মন্দিরের কথা কালই বিকেলে শুনেছি। দেবতোষবাবুর কাছে। ওরই পশ্চিমে ফোকলা ফকিরের গাছ।

ফেলুদা আর কিছু না বলে এগিয়ে চলল, তার হাতে আদিত্যনারায়ণের তলোয়ার। দেখে মনে হয় সেও যেন শের শা-র মতোই তলোয়ার হাতে বাঘ মারতে চলেছে।

কাটা ঠাকুরানীর মন্দির যে বহুকালের পুরনো সেটা দেখলেই বোঝা যায়। তার ফাটল থেকে অশখ গাছের চারা বেরিয়েছে। তার মাথাটাকে পাশের একটা বটগাছের ঝুরি নেমে আঁকড়ে ধরে পিষে যেন তার প্রাণটাকে বের করে দিয়েছে। ফেলুদা কিন্তু মন্দিরের দিকে দেখছিলই না। তার চোখ চলে গেছে মন্দিরের ডান দিকে। প্রায় বিশ হাত দূরে সত্যিই

একটা প্রকাণ্ড বুড়ো অস্থখ গাছ শুকনো ডালপালা মেলে দাঁড়িয়ে আছে। গাছে পাতা প্রায় নেই বললেই চলে। যেটা আছে সেটা হল মাটি থেকে প্রায় এক-মানুষ উঁচুতে একটা ফোকর।

ফেলুদার পিছন পিছন আমরাও প্রায় নিশ্বাস বন্ধ করে গাছটার দিকে এগিয়ে যেতে ক্রমে ফোকরের চারিদিক ঘিরে গাছের গায়ের ছোপ-ছোপ এবড়ো-খেবড়ো শিরা উপশিরা সব মিলিয়ে একটা দাড়িওয়ালা বুড়োর চেহারা আমাদের চোখে স্পষ্ট হয়ে উঠল। দাড়িটা গজিয়েছে যেন ফোকরের ঠিক নীচে। হাঁ করা ফোকলা বুড়োর সঙ্গে আশ্চর্য মিল।

ফেলুদার দৃষ্টি আবার ঘুরে গেল।

‘ওই দিকটা উত্তরদিক কি?’ ফেলুদা জিজ্ঞেস করল মাধবললালকে।

‘হ্যাঁ—ওটাই উত্তর।’

‘হতেই হবে। ওই তো অর্জুন গাছ। আর ওই যে জোড়া তাল।’

অবাক হয়ে দেখলাম, সংকেতের নির্দেশের সঙ্গে সব হুবহু মিলে যাচ্ছে।

‘পঞ্চাঙ্গ হাতই হবে। সেখানেও ভুল নেই’, বলে ফেলুদা অর্জুন গাছটার দিকে এগিয়ে গেল।

গাছটার কাছে পৌঁছে জোড়া তাল গাছ লক্ষ্য করে খানিক দূরে এগোতেই একটা ঝোপড়ার পিছনে জল-কাদায় ভরা একটা বেশ বড় গর্ত চোখে পড়ল। স্পষ্ট বোঝা যাচ্ছে গর্তটা এই কয়েকদিন আগেই খোঁড়া হয়েছে।

আর এটাও বোঝা যাচ্ছে যে তার ভিতর থেকে একটা হাঁড়ি-টাড়ি গোছের জিনিস বার করে নেওয়া হয়েছে।

‘গুপ্তধন হাওয়া?’ লালমোহনবাবু এই প্রথম গলা চড়িয়ে কথা বললেন।

ফেলুদার মুখের ভাব থমথমে। এটাকে অবিশ্যি নতুন কোনও রহস্য বলা চলে না। বোঝাই যাচ্ছে তড়িৎবাবুকে যে খুন করেছে সেই গুপ্তধন হাত করেছে। ফেলুদা তবুও গর্তের দিকে একদৃষ্টে চেয়ে কিছুক্ষণ দাঁড়িয়ে রইল। তারপর বলল, ‘তোরা একটু জিরিয়ে নে। আমি আশপাশটা একটু সার্ভে করে নিচ্ছি।’

সত্যি বলতে কী, এতক্ষণ পা টিপে টিপে কাঁটা বাঁচিয়ে জঙ্গলে হেঁটে বেশ ক্লান্ত লাগছিল, তাই আমি আর লালমোহনবাবু বিশ্বামের একটা সুযোগ পেয়ে খুশিই হলাম। ফোকলা ফকিরের তলায় একটা শুকনো জায়গা বেছে আমরা মাটিতেই বসলাম, আর মাধবলাল গাছের গুঁড়িতে বন্দুকটাকে হেলান দিয়ে দাঁড় করিয়ে আমাদের সামনে বসে তার তেরো বছর বয়সে সে ভাল্লুকের আক্রমণ থেকে কীভাবে উদ্ধার পেয়েছিল সেই গল্প বলতে লাগল। আমার মন কিন্তু পুরোপুরি গল্পের দিকে যাচ্ছে না, কারণ একটা চোখ রয়েছে ফেলুদার দিকে। সে ঠোঁটের ফাঁকে একটা টটকা ধরানো চারমিনার নিয়ে মন্দিরের চারপাশটা সার্ভে করছে। একবার মনে হল একটা সিগারেটের টুকরো তুলে নিয়ে আবার সেটাকে ফেলে দিল। আরেকবার হাঁটু গেড়ে বসে কোমরটাকে ভাঁজ করে প্রায় মাটিতে নাক ঠেকিয়ে কী যেন দেখল।

প্রায় দশ মিনিট ধরে তন্ন তন্ন করে চারিদিকে সার্ভে করে ফেলুদা মন্দিরের ভেতর ঢুকল। ধন্য সাহস ফেলুদার। বাইরের থেকে মন্দিরের ভেতরটা অন্ধকূপের মতো মনে হয়। এককালে নাকি দশভুজার মূর্তি ছিল, কালাপাহাড়ের দৌলতে সে মূর্তির মাথা, চারটে হাত আর পেটের খানিকটা কাটা যায়। সেই থেকে মন্দিরের নাম হয়ে যায় পেটকাটি বা কাঁটা ঠাকুরানীর মন্দির। এখন ওর ভিতরে নির্যাত সাপ, তক্ষক আর গিরগিটির বাসা। তাও ফেলুদা নির্বিকারে মন্দিরের ভিতর ঢুকে সার্ভে করে মিনিটখানেক পরে বেরিয়ে এসে

রহস্যজনকভাবে বলল, ‘তাজ্জব ব্যাপার। আলো পেতে হলে যে অন্ধকারে প্রবেশ করতে হয় তা এই প্রথম জানলাম।’

‘কী মশাই, ডার্কনেস গন?’ বলে উঠলেন লালমোহনবাবু।

‘খানিকটা,’ বলল ফেলুদা, ‘অমাবস্যার পর প্রতিপদের চাঁদ বলতে পারেন।’

‘তা হলে তো ষোল কলা পুরতে এখনও অনেক দিন মশাই।’

‘আপনি শুধু চাঁদের কথা ভাবছেন কেন? সূর্য বলেও তো একটা জিনিস আছে। রাতটা কেটে গেলেই তো তার দেখা পাওয়ার কথা।’

‘কালই, তার মানে, ক্লাইম্যাক্স বলছেন?’

‘আমি আর কিছুই বলছি না লালমোহনবাবু, শুধু বলছি যে এই প্রথম একটা আলোর আভাস দেখতে পাচ্ছি। চ তোপ্সে, বাড়ি চ।’

১০

আমরা বেরিয়েছিলাম দশটায়, ফিরতে ফিরতে হল প্রায় সাড়ে বারোট। ফেলুদা তলোয়ারটা সোজা মহীতোষবাবুর হাতে তুলে দেবে বলে ঠিক করেছিল, কিন্তু এসে শুনলাম উনি আর শশাঙ্কবাবু বেরিয়ে গেছেন। বনবিভাগের বড় কর্তা নাকি এসে কালবুনি ফরেস্ট বাংলোতে রয়েছেন, সেখানেই গেছেন। কাজেই তলোয়ারটা এখন আমাদের ঘরে, আমাদেরই কাছে।

ঘরে আসার আগে অবিশ্যি আমরা একতলায় কিছুটা সময় কাটিয়ে এসেছি। ফেলুদার মাথায় কী যেন ঘুরছিল; ও দোতলায় না গিয়ে সোজা চলে গেল ট্রোফি রুমে। সেই যেখানে জানোয়ারের ছাল আর মাথাগুলো রয়েছে, আর র্যাকে রাখা রয়েছে বন্দুকগুলো। ফেলুদা র্যাক থেকে একটা একটা করে বন্দুক নামিয়ে সেগুলো খুব মন দিয়ে দেখল। বন্দুকের নল, বন্দুকের বাঁট, বন্দুকের ট্রিগার, সেফটি ক্যাচ— প্রত্যেকটা জিনিস ও খুব মন দিয়ে পরীক্ষা করে দেখল। লালমোহনবাবু কী যেন একটা বলতে গিয়েছিলেন, কিন্তু ফেলুদা তাকে ধমকে থামিয়ে দিল।

‘এখন কথা বলার সময় নয় লালমোহনবাবু, এখন চিন্তা করার সময়।’

লালমোহনবাবু এত দিনে ফেলুদার মতিগতি খুব ভালভাবেই জেনে গেছেন, তাই আর দ্বিতীয়বার মুখ খুললেন না।

দোতলায় উঠে বারান্দা দিয়ে আমাদের ঘরের দিকে যেতে ফেলুদা থমকে থেমে গেল। তার দৃষ্টি দেবতোষবাবুর ঘরের দিকে।

‘সে কী, দাদার ঘরে তালা কেন?’

সত্যিই তো! ভদ্রলোক ঘর ছেড়ে গেলেন কোথায়? আর তালা লাগিয়ে যাবারই বা কারণটা কী?

ফেলুদা কী ভাবল জানি না। মুখে কিছুই বলল না। আমরা আমাদের ঘরে গিয়ে হাজির হলাম।

ফেলুদার এখনকার অবস্থাটা আমার খুব চেনা। জটিল রহস্যের জট ছাড়ানোর প্রথম অবস্থায় ওর ভাবটা এ রকমই হয়। দু মিনিট ভুরু কঁচকে চূপ করে বসে থেকেই আবার উঠে দাঁড়াল, তারপর খানিকটা পায়চারি করে আবার হঠাৎ দাঁড়িয়ে পড়ে মাথা হেঁট করে চোখ বুজে ডান হাতের মাঝের আঙুলের ডগা দিয়ে কপালে আস্তে আস্তে টোকা মারা, তারপর আবার হাঁটা, আবার বসা— এই রকম আর কী। এইভাবেই একবার খাট ছেড়ে উঠে পায়চারি শুরু করে হঠাৎ থেমে গিয়ে বলল, ‘কেউ যখন নেই, আর দেবতোষবাবুর ঘর যখন

বন্ধ, তখন এই ফাঁকে একটু চোরা অনুসন্ধান চালালে বোধহয় মন্দ হয় না ।’

কথাটা বলে ফেলুদা ঘর থেকে বেরিয়ে গেল । আমি দরজা দিয়ে গলা বাড়িয়ে দেখলাম, ও এদিক ওদিক দেখে মহীতোষবাবুর কাজের ঘরে ঢুকল ।

বাঘের পায়ের ছাপ দেখে অবধি লালমোহনবাবুর সাহস অনেকটা বেড়ে গেছে । উনি এখন দিবা বাঘছালটার উপর চিত হয়ে শুয়ে বাঘের মাথাটা বালিশের মতো ব্যবহার করছেন । এইভাবে কিছুক্ষণ সিলিং-এর দিকে চেয়ে থেকে বললেন, ‘কী শুভক্ষণেই বইটা মহীতোষবাবুকে উৎসর্গ করেছিলাম বলা তো । এমন একটা শ্রিলিং অভিজ্ঞতা কি না হলে হত ? আজ সকালের কথাটাই চিন্তা করো— বাঁশের ভেতর বুলেট, ঘাসের মধ্যে সাপ, রয়েল বেঙ্গলের পায়ের ছাপ, পোড়ো মন্দির, গুপ্তধন, জরাগ্রস্ত অস্থখ গাছ— আর কত চাই ? এখন একবারটি ম্যান-ইটারের মুখোমুখি পড়তে পারলেই অভিজ্ঞতা কমপ্লিট ।’

‘শেষেরটা কি সত্যি করেই চাইছেন আপনি ?’ আমি জিজ্ঞেস করলাম ।

‘আর ভয় নেই’, একটা বিরাট হাই তুলে বললেন, লালমোহনবাবু, ‘মাধবলাল শিকারি আর ফেলু মিত্তির শিকারি দু পাশে থাকলে মানুষখেকোর বাপের সাধি নেই কিছু করে ।’

লালমোহনবাবু প্রায় ঘুমিয়ে পড়েছিলেন, আর আমি মহীতোষবাবুর শিকারের বইটা পড়ছিলাম, এমন সময় ফেলুদা ফিরে এল ।

• ‘কিছু পেলেন ?’

ফেলুদার পায়ের আওয়াজ পেয়েই লালমোহনবাবু সোজা হয়ে বসেছেন ।

ফেলুদা গম্ভীর । বলল, ‘যা খুঁজছিলাম তা পাইনি, আর সেটাই সিগনিফিক্যান্ট ।’

তারপর কিছুক্ষণ চুপ করে জানালায় দিকে মুখ করে দাঁড়িয়ে থেকে বলল, ‘যুধিষ্ঠিরের রথের চাকা মাটিতে ঠেকল কেন জানেন তো লালমোহনবাবু ?’

‘সেই অস্থখামা হত ইতি গজ-র ব্যাপার তো ?’

‘হ্যাঁ । যুধিষ্ঠির পুরোপুরি সত্যি কথা বলেননি তাই । কিন্তু আজকের দিনে মিথ্যে বললেই যে চাকা মাটিতে ঠেকে যাবে এমন কোনও কথা নেই । এ যুগে মানুষের দোষের শাস্তি মানুষই দিতে পারে, ভগবান নয় ।’

এর পরে একটা জিপের আওয়াজ পাওয়ার কিছুক্ষণ পরেই চাকর এসে খবর দিল যে, ভাত বাড়ি হয়েছে, বাবু এসেছেন, খেতে ডাকছেন ।

মহীতোষবাবুর বাড়িতে খাওয়াটা ভালই হয় । সব সময় হয় কি না জানি না, কিন্তু আমরা যে ক’দিন রয়েছি সে ক’দিন রোজই মুরগি হয়েছে । কাল রাতে বিলিতি কায়দায় রোস্ট হয়েছিল, লালমোহনবাবু কাঁটা চামচ ম্যানেজ করতে পারছেন না দেখে মহীতোষবাবু বললেন যে পাখির মাংস হাত দিয়ে খেলে নাকি কেতায় কোনও ভুল হয় না । আজকেও খাওয়ার তোড়জোড় ভালই ছিল, কিন্তু প্রথম থেকেই কথাবার্তা এমন গুরুগম্ভীর মেজাজে শুরু হল যে, খাওয়ার দিকে বেশি নজর দেওয়া হল না । আমরা খাবার ঘরে ঢুকতেই মহীতোষবাবু বললেন, ‘মিস্টার মিত্তির, সংকেতের ব্যাপারটা যখন চুকেই গেছে, তখন তো আর আপনাদের এখানে ধরে রাখার কোনও মানে হয় না । কাজেই আপনি যদি বলেন তা হলে আপনাদের ফেরার বন্দোবস্ত আমার লোক করে দিতে পারে । জলপাইগুড়িতে লোক যাচ্ছে, আপনাদের রিজার্ভেশনটা করে আনতে পারে ।’

ফেলুদা কয়েক মুহূর্ত চুপ থেকে বলল, ‘আমাদের দিক থেকেও আপনার আতিথেয়তার সুযোগ আর নেব না বলেই ভাবছিলাম । তবে আপনার যদি খুব বেশি আপত্তি না থাকে, তা হলে আজকের দিনটা থেকে কাল রওনা হতে পারি । বুঝতেই তো পারছেন, আমি গোয়েন্দা মানুষ, আমি থাকতে থাকতে একজন এভাবে খুন হলেন, তার একটা কিনারা না করে যেতে

পারলে মনটা খুঁতখুঁত করবে। আমিই করি, বা পুলিশই করুক, কীভাবে ঘটনাটা ঘটল সেটা জেনে যেতে পারলে ভাল হত।’

মহীতোষবাবু খাওয়া বন্ধ করে ফেলুদার দিকে সোজা তাকিয়ে গম্ভীর গলায় বললেন, ‘সুস্থ মস্তিষ্কে খুন করতে পারে এমন লোক আমার বাড়িতে কেউ নেই, মিস্টার মিতির।’

ফেলুদা যেন কথাটা গায়েই করল না। বলল, ‘আপনার দাদাকে কি অন্য কোথাও নিয়ে যাওয়া হয়েছে? ওঁর ঘরে তালা দেখছিলাম।’

মহীতোষবাবু সেইরকম গম্ভীরভাবেই বললেন, ‘দাদা ঘরেই আছেন। তবে কাল রাত থেকে ওঁর একটু বাড়াবাড়ি যাচ্ছে। ওষুধ খাননি। তাই ওঁকে একটু সংযত করে রাখা দরকার। নইলে আপনাদেরও বিপদ আসতে পারে। আপনারাও তো দোতলাতেই থাকেন। উনি বাইরের লোককে এমনিতেই সন্দেহের চোখে দেখেন। শুধু তাই না, যে সব ঐতিহাসিক চরিত্র সম্পর্কে ওঁর মনে বিরূপ ভাব আছে, বাইরের লোককে সেইসব চরিত্র বা তাদের অনুচর বলে কল্পনা করেন। তড়িৎকে তো কালাপাহাড় ভেবে একদিন ওর টুটি টিপে ধরেছিলেন। শেষটায় মম্বথ গিয়ে কোনওমতে ছাড়ায়।’

ফেলুদা খাওয়া না থামিয়ে দিব্যি স্বাভাবিকভাবে বলল, ‘তড়িৎবাবুর খুন হওয়াটাই কিন্তু একমাত্র ঘটনা নয়। আপনার গুপ্তধনও কে যেন সরিয়ে ফেলেছে। খুব সম্ভবত সেই একই রাত্রে।’

‘সে কী!’—এবার মহীতোষবাবুর মুখের গ্রাস আর মুখ পর্যন্ত পৌঁছল না—‘গুপ্তধন নেই? আপনি দেখে এসেছেন?’

‘হ্যাঁ। গুপ্তধন নেই, তবে তলোয়ারটা পাওয়া গেছে। আর তাতে রক্তের দাগও পাওয়া গেছে।’

মহীতোষবাবু বেশ কিছুক্ষণ হতভম্ব হয়ে বসে রইলেন। এবার ফেলুদা তার তৃতীয় বোমাটা দাগল।

‘তড়িৎবাবুকে যখন বাঘে খাচ্ছিল, তখন সেই বাঘের দিকে তাগ করে কেউ একটা গুলি ছোঁড়ে। সেটা বাঁশের গুঁড়িতে লাগে। গুলিটা সম্ভবত বাঘের গা ঘেঁষে গিয়েছিল, কারণ বাঘের কিছু লোম পাওয়া গেছে, মাটিতে পড়ে ছিল। কাজেই মনে হচ্ছে সে রাত্রে বেশ কয়েকজন লোক বিভিন্ন উদ্দেশ্য নিয়ে জঙ্গলের একটা বিশেষ অংশে ঘোরাফেরা করছিল।’

‘পোচার।’

কথাটা অপ্রত্যাশিতভাবে বলে উঠলেন শশাঙ্কবাবু। পোচার মানে যে চোরা শিকারি সেটা জানতাম। শিকারের বিরুদ্ধে আইন পাশ হবার পরেও এরা লুকিয়ে লুকিয়ে শিকার করে বাঘের চামড়া, হরিণের শিং, গণ্ডারের শিং, এই সব বিক্রি করে। এমনকী, বাঘভাল্লুকের বাচ্চা ধরেও মাঝে মাঝে বিক্রি করে।

শশাঙ্কবাবু বলে চললেন, ‘তড়িৎকে যে-ই খুন করে থাকুক, তাকে বাঘে ধরে নিয়ে যাবার পর জঙ্গলে নিশ্চয়ই কোনও পোচার ঢোকে। পোচারই বাঘটাকে গুলি করেছিল, যে গুলি বাঘের গায়ে আঁচড় কেটে বাঁশের গুঁড়িতে লেগেছিল।’

ফেলুদা ধীরে ধীরে মাথা নেড়ে বলল, ‘সেটা অবিশ্যি অসম্ভব নয়। কাজেই বন্দুকের ব্যাপারটা নিয়ে আমাদের না ভাবলেও চলবে। কিন্তু অন্য দুটো রহস্য রয়েছে।’

‘দুটো নয়, একটা’, বললেন মহীতোষবাবু। ‘গুপ্তধন। ওটা পাওয়া দরকার। ওটা না পেলে সিংহরায় বংশের ইতিহাস অসম্পূর্ণ থেকে যাবে। ওটা পেতেই হবে।’

‘তা হলে এক কাজ করুন না কেন’, ফেলুদা বলল, ‘আমরা সবাই চলুন আরেকটিবার ওখানে যাই। জায়গাটা হল কাটা ঠাকুরানীর মন্দিরের পাশে।’

মহীতোষবাবু জঙ্গল অভিযানে আপত্তি করেননি। কিন্তু হলে কী হবে, বিকেল সাড়ে তিনটে থেকে চারদিক অন্ধকার করে মুঘলধারে বৃষ্টি নামল। সন্কে ছ'টা পর্যন্ত যখন সে বৃষ্টি থামল না, তখন আমরা জঙ্গলে যাবার আশা ত্যাগ করলাম। ফেলুদা গভীর থেকে এখন একেবারে গোমড়া হয়ে গেছে। মহীতোষবাবু যে আমরা চলে গেলে খুশি হন সেটা ওঁর কথায় পরিস্কার বোঝা গেছে। কালও যদি আবহাওয়া খারাপ থাকে তা হলে হয়তো ফেলুদাকে তড়িৎবাবুর খুনের রহস্য সমাধান না করেই চলে যেতে হবে। অবিশ্যি আরেকবার কাটা ঠাকুরানীর মন্দিরে গেলেই যে ফেলুদার মনের অন্ধকার কীভাবে দূর হবে তা জানি না। তবে ও যে মনে মনে খানিকটা অগ্রসর হয়েছে সেটা ওর চোখ মাঝে মাঝে যেভাবে জ্বলে উঠছিল তা থেকেই বুঝতে পারছিলাম।

এর মধ্যে আমরা তিনজনেই একবার বাইরের বারান্দায় বেরিয়েছিলাম। তখন গ্র্যান্ডফাদার ক্লকে সাড়ে পাঁচটা বেজেছে। তখনও দেখলাম দেবতোষবাবুর ঘরের দরজা বন্ধ। লালমোহনবাবু ফিসফিস করে বললেন, 'একবার খড়খড়ি ফাঁক করে দেখে এলে হত না ভদ্রলোক কী করছেন! এ তল্লাটে তো কেউ নেই বলেই মনে হচ্ছে।'

ফেলুদা অবিশ্যি লালমোহনবাবুর অনেক কথার মতোই এটাতেও কান দিল না।

সাতটার সময় মেঘ কেটে গিয়ে আকাশে তারা দেখা দিল। মনে হচ্ছিল কুচকুচে কালো আকাশের গায়ে তারাগুলো এই মাত্র পালিশ করে বসিয়ে দেওয়া হয়েছে। ফেলুদা হাতে তলোয়ার নিয়ে খাটে বসে আছে। আমরা দুজনে সবে জানালার কাছে গিয়ে দাঁড়িয়েছি, এমন সময় লালমোহনবাবু আমার শার্টের আঙ্গিনটা খামচে ধরে ফিসফিস গলায় বললেন, 'সরু টর্চ!'

দারোয়ানের বাড়িটা আমাদের জানালা থেকে দেখা যায়। আমাদের বাড়ি আর ওর বাড়ির মাঝামাঝি একটা গোলধরু গাছ। তার নীচে একটা লোক দাঁড়িয়ে আছে। আর একটা টর্চওয়ালা লোক সেই লোকটার দিকে এগিয়ে গেল। এটা সেই ধরনের টর্চ যেগুলো বাড়ির প্লাগ পয়েন্টে গুঁজে দিলে চার্জ হয়ে থাকে। ছোট্ট বালব, ছোট্ট কাচের মুখ, কিন্তু আলোর বেশ তেজ।

এবার ফেলুদা ঘরের বাতিটা নিবিয়ে দিয়ে আমাদের পাশে এসে দাঁড়াল।

'মাধবলাল', ফেলুদা ফিসফিস করে বলল।

যে লোকটা অপেক্ষা করছিল তাকে আমারও মাধবলাল বলে মনে হয়েছিল, কারণ এই অন্ধকারেও হলদে শার্টের রংটা আবছা আবছা বোঝা যাচ্ছিল। কিন্তু যে লোকটার হাতে টর্চ সে যে কে তা বোঝা ভারী মুশকিল। সে মহীতোষবাবুও হতে পারে, ওঁর দাদাও হতে পারে, শশাঙ্কবাবুও হতে পারে, আবার অন্য লোকও হতে পারে।

এখন টর্চের আলো নিবে গেছে। কিন্তু দুজনে দাঁড়িয়ে যে খুব নিচু গলায় কথা বলছে তাতে কোনও সন্দেহ নেই। কিছুক্ষণ পর হলদে শার্টটা নড়ে উঠল। তারপর টর্চের আলোটা জ্বলে উঠে আমাদের বাড়ির দিকে চলে এল। ফেলুদা কিছুক্ষণ অপেক্ষা করে ঘরের বাতিটা জ্বালিয়ে দিল।

লালমোহনবাবু বোধহয় নিজেই নিজের মনের মতো করে গোয়েন্দাগিরি চালিয়ে যাচ্ছেন, তাই তিনি হঠাৎ এক ফাঁকে বারান্দায় বেরিয়ে কী যেন দেখে এলেন।

'কী দেখলেন? দরজায় এখনও তালা?' ফেলুদা জিজ্ঞেস করল।

'হ্যাঁ।' লালমোহনবাবু অপ্রস্তুত হাসি হেসে বললেন।

'আপনার কি ধারণা উনিই গিয়েছিলেন মাধবলালের সঙ্গে কথা বলতে?'

'আমি তো গোড়াতেই বলেছি মশাই, দাদাটিকে আমার ভাল লাগছে না। পাগল জিনিসটা

বড় ডেঞ্জারাস। আমাদের নর্থ ক্যালকাটায় এক পাগল ছিল, সে আপনার সারকুলার রোডের ঠিক মধ্যখানে দাঁড়িয়ে ট্রাম আর বাস লক্ষ্য করে বেমক্কা টিল ছুঁড়ত। কী ডেঞ্জারাস বলুন তো !’

‘দেবতোষবাবুর দরজা বন্ধতে কী প্রমাণ হল ?’

‘তার মানে ভদ্রলোক নীচে যাননি।’

‘কী করে প্রমাণ হয় সেটা ; ভদ্রলোক আদৌ ওই তালা-বন্ধ দরজার পিছনে আছেন কি না সেটা আপনি কী করে জানলেন ? সারাদিনে তাঁর কোনও সাড়াশব্দ পেয়েছেন কি ?’

লালমোহনবাবু যেন বেশ খানিকটা দমে গেলেন। একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘মশাই, কত চেষ্টা করি, আমার চিন্তা ঠিক আপনার চিন্তার সঙ্গে এক লাইনে চালাব— কোথায় যেন গণ্ডগোল হয়ে যায়।’

‘গণ্ডগোল না। কোলিশন। আপনি উলটো পথে চলেন কি না। আপনি আগে ক্রিমিনাল ঠিক করে নিয়ে তারপর তার ঘাড়ে ক্রাইমটা বসাতে চেষ্টা করেন, আর আমি ক্রাইমের খাঁচা বুঝে নিয়ে সেই অনুযায়ী ক্রিমিন্যাল খোঁজার চেষ্টা করি।’

‘এই ব্যাপারেও তাই করছেন ?’

‘ও ছাড়া তো আর রাস্তা নেই লালমোহনবাবু।’

‘কোনখান থেকে শুরু করেছেন ?’

‘কুরুক্ষেত্র।’

এর পরে আর লালমোহনবাবু কোনও প্রশ্ন করেননি।

আমাদের মশারি বদলে দেওয়াতে ঘুমটা ভালই হচ্ছিল, কিন্তু মাঝরাতিরে একটা চিংকারে ঘুম ভেঙে ধড়মড় করে উঠে বসতে হল। চিংকারটা করেছে ফেলুদা। জেগে দেখি, ও দাঁড়িয়ে আছে ঘরের মাঝখানে, হাতে রয়েছে আদিত্যনারায়ণের তলোয়ার। বাইরে থেকে চাঁদের আলো এসে ইস্পাতের ফলাটার উপর পড়াতে সেটা ঝিলিক মারছে। যে কথাটা শুনে ঘুমটা ভেঙেছিল সেটা ফেলুদা আরও দু বার বলল, তবে অত চেষ্টা নেই। ‘ইউরেকা ! ইউরেকা !’

আর্কিমিডিস কী যেন একটা আবিষ্কার করে উল্লাসের সঙ্গে এই গ্রিক কথাটা বলে উঠেছিল। তার মানে হল ‘পেয়েছি।’ ফেলুদা যে কী পেয়েছে সেটা বোঝা গেল না।

১১

সকালে চা খাওয়ার সঙ্গে সঙ্গে শশাঙ্কবাবু আমাদের ঘরে এলেন দেখে বেশ একটু অবাক লাগল। ফেলুদা ভদ্রলোককে বেশ খাতির-টাতির করে বসতে বলে বলল, ‘আপনার সঙ্গে আর আলাপই হল না ঠিক করে। মহীতোষবাবুর বন্ধু হিসেবে আপনারও নিশ্চয়ই অনেক রকম অভিজ্ঞতা হয়েছে।’

শশাঙ্কবাবু টেবিলের সামনে চেয়ারটায় বসে বললেন, ‘অভিজ্ঞতার শুরু কি সেই আজকে ? মহীর সঙ্গে আমার বন্ধুত্ব পঞ্চাশ বছরের উপর। সেই ইস্কুল থেকে।’

‘আপনাকে একটা প্রশ্ন করতে পারি ?’

‘মহীতোষ সম্পর্কে ?’

‘না। তড়িৎবাবু সম্পর্কে।’

‘বলুন।’

‘আপনার মতে উনি কেমন লোক ছিলেন ?’

‘চমৎকার । অত্যন্ত বুদ্ধিমান, অত্যন্ত ধীর প্রকৃতির যুবক ছিল তড়িৎ ।’

‘আর কাজের দিক দিয়ে ?’

‘অসাধারণ ।’

‘আমারও তাই ধারণা...’

এবার শশাঙ্কবাবু ফেলুদার দিকে সোজা দৃষ্টি দিয়ে বললেন, ‘আমি আপনাকে একটা অনুরোধ করতে চাই ।’

‘বলুন ।’

শশাঙ্কবাবুকে এই প্রথম সিগারেট খেতে দেখলাম । ফেলুদারই দেওয়া একটা চারমিনার ধরিয়ে একটা টান দিয়ে ধোঁয়া ছেড়ে বললেন, ‘এই তিন দিনে আপনার অনেক রকম অভিজ্ঞতা হল । আপনি নিজেও বুদ্ধিমান, তাই সাধারণ লোকের চেয়ে নিশ্চয়ই অনেক বেশি দেখেছেন, শুনেছেন, বুঝেছেন । আজ হয়তো আপনার এখানে শেষ দিন । আজ কী ঘটবে তা জানি না । যাই ঘটুক না কেন, এই বিশেষ জায়গার এই বিশেষ জমিদার পরিবারটি সম্বন্ধে আপনি যা জেনে গেলেন, সেটা যদি আপনি গোপন রাখতে পারেন, এবং আপনার এই বন্ধুটিকেও গোপন রাখতে বলেন, তা হলে আমি অত্যন্ত কৃতজ্ঞ বোধ করব । আমি জানি মহীতোষও এটাই চাইবে । বাংলাদেশের প্রায় যে কোনও জমিদার বংশের ইতিহাস ঘাঁটলেই অনেক সব অদ্ভুত অপ্রিয় ঘটনা বেরিয়ে পড়বে সে তো আপনি জানেন । সে রকম সিংহরায় বংশের ইতিহাসেও অনেক অপ্রিয় তথ্য লুকিয়ে আছে সেটা বলাই বাহুল্য ।’

ফেলুদা বলল, ‘শশাঙ্কবাবু, আমি তিনদিন ধরে মহীতোষবাবুর আতিথেয়তা ভোগ করছি । সে কারণে আমি তাঁর কাছে কৃতজ্ঞ । আমি কলকাতায় গিয়ে সিংহরায় পরিবার সম্পর্কে বদনাম রটাব, এটা কখনও হবে না । এ আমি কথা দিতে পারি ।’

এর পর একটা প্রশ্ন ফেলুদা বোধহয় না করে পারল না ।

‘দেবতোষবাবুর ঘরের দরজা কাল থেকে বন্ধ দেখছি । এ ব্যাপারে আপনি কোনও আলোকপাত করতে পারেন কি ?’

শশাঙ্কবাবু একটা অদ্ভুত দৃষ্টিতে ফেলুদার দিকে চাইলেন । তারপর বললেন, ‘আমার বিশ্বাস আজকের দিনটা ফুরোবার আগে আপনিই পারবেন ।’

‘পুলিশ কি তদন্ত চালিয়ে যাচ্ছে ?’

‘উহু ।’

‘সে কী ! হঠাৎ বন্ধ করার কারণটা কী ?’

‘যার উপর সন্দেহটা পড়ছে, মহীতোষ চায় না যে পুলিশ তাকে কোনওরকমভাবে বিব্রত করে ।’

‘আপনি দেবতোষবাবুর কথা বলছেন ?’

‘আর কে আছে বলুন ?’

‘কিন্তু দেবতোষবাবু যদি খুন করেও থাকেন, তিনি তো আর অভিযুক্ত হবেন না, কারণ তাঁর তো মাথা খারাপ ।’

‘তা হলেও ব্যাপারটা প্রচার হয়ে পড়বে তো ! মহীতোষ সেটাও চায় না ।’

‘সিংহরায় বংশের মর্যাদা রক্ষার জন্য ?’

‘ধরুন যদি তাই হয় ।’— বলে শশাঙ্কবাবু উঠে পড়লেন ।

সাড়ে আটটার মধ্যে আমরা বেরিয়ে পড়লাম । আজও প্রথম দিনের মতো দুটো জিপ । একটায় ফেলুদা, লালমোহনবাবু আর আমি, অন্যটায় মহীতোষবাবু, শশাঙ্কবাবু, মাধবলাল আর

মহীতোষবাবুর একজন বেয়ারা। আজ আমাদের সঙ্গে তিনটে বন্দুক। একটা নিয়েছে মাধবলাল, একটা মহীতোষবাবু, আর একটা— ফেলুদা! বন্দুক নেবার ইচ্ছেটা ফেলুদাই প্রকাশ করল। ফেলুদার রিভলভার চালানোর কথা মাধবলালই মহীতোষবাবুকে খুব ফলাও করে বলেছিল, তাই বন্দুক চাইতে মহীতোষবাবু আর আপত্তি করলেন না। বললেন, ‘আপনার খুশিমতো একটা বেছে নিন। বাঘের জন্যই যদি হয় তো থ্রি-সেভেন-ফাইভটা নিতে পারেন।’

ওসব নম্বর-টম্বর আমি বুঝি না, তবে বেশ জবরদস্ত রাইফেল সেটা দেখে বুঝতে পারছি।

লালমোহনবাবুর মধ্যেও একটা চাপা উত্তেজনার ভাব, কারণ ফেলুদা তার হাতে আদিত্যনারায়ণের তলোয়ারটা ধরিয়ে দিয়েছে। দেবার সময় বলল, ‘একদম হাতছাড়া করবেন না। আজকের নাটকে ওটার একটা বিশেষ ভূমিকা আছে।’

ভোরে যখন উঠেছিলাম তখন আকাশ মোটামুটি পরিষ্কার ছিল, কিন্তু এখন আবার মেঘ করে এসেছে। কালকের বৃষ্টির ফলে রাস্তায় কাদা হয়েছিল, তাই আমাদের পৌঁছতে খানিকটা বেশি সময় লাগল। কাটা ঠাকুরানীর মন্দির একেবারে জঙ্গলের ভিতরে, জিপ অত দূর যাবে না। কাল যেখানে নেমেছিলাম আজ সেখান থেকে আরও প্রায় আধ মাইল ভিতরে গিয়ে আমাদের জিপ থামল। মাধবলাল রাস্তা চেনে; সে বলল, ‘সামনে একটা নালা পেরিয়ে মিনিট পনেরো হাঁটলেই আমরা মন্দিরে পৌঁছে যাব।’

অল্প অল্প মেঘের গর্জন আর গাছের পাতা-কাঁপানো ঝিরঝিরে বাতাসের মধ্যে আমাদের অভিযান শুরু হল। গাড়ি থেকে নামবার আগেই ফেলুদা রাইফেলে টোটা ভরে নিয়েছে। মহীতোষবাবু নিজে তার বন্দুকটা নেননি; ওটা রয়েছে বেয়ারা পর্বত সিং-এর হাতে। পর্বত সিং নাকি সব সময়ে মহীতোষবাবুর সঙ্গে শিকারে গেছে। বেঁটেখাটো গাট্টাগোট্টা চেহারা, দেখলেই বোঝা যায় গায়ে অসম্ভব জোর।

আজ খানিক দূর হাঁটার পরই দূরে একপাল হরিণ দেখে মনটা নেচে ওঠার প্রায় সঙ্গে সঙ্গে বুকটা ধড়াস করে উঠল। এই জঙ্গলের মধ্যেই কোথাও হয়তো সেই মানুষখেকো বাঘটা রয়েছে। এমনিতে বাঘ নাকি শিকারের খোঁজে রোজ অক্লেশে পঁচিশ-তেরিশ মাইল হেঁটে এ বন থেকে ও বন চলে যায়। কিন্তু এ বাঘ যদি জখমি বাঘ হয়ে থাকে, তা হলে হয়তো তার পক্ষে বেশি দূর হাঁটা সম্ভবই না। আর এমনিতেই জঙ্গল আর আগের মতো বড় আর ছড়ানো নেই। গত বিশ-পঁচিশ বছরে মাইলের পর মাইল গাছ কেটে ফেলে সেখান চাষের জমি হয়েছে, চা বাগান হয়েছে, লোকের বসতি হয়েছে। কাজেই বাঘ যে খুব দূরে চলে যাবে সে সম্ভাবনা কম। দিনের বেলা বাঘ সাধারণত বেরোয় না এটা ঠিক, কিন্তু মেঘলা দিনে নাকি বেরোন অসম্ভব না। এ ব্যাপারটা কালকেই ফেলুদা আমাকে বলেছে।

যে নালাটা আজ আমাদের পেরোতে হল সেটা কালকেও পেরিয়েছি। কাল প্রায় শুকনো ছিল, আজ কুলকুল করে জল বইছে। নালার ধারে বালি, তাতে জানোয়ারের পায়ের ছাপ। বাঘ নেই, তবে হরিণ, শূরোর আর হায়েনার পায়ের ছাপ মাধবলাল চিনিয়ে দিল। আমরা নালা পেরিয়ে, ওপারের বনের মধ্যে ঢুকলাম। একটা কাঠঠোকরা মাঝে মাঝে ডেকে উঠছে, দূর থেকে একটা ময়ূরের ডাক শুনতে পাচ্ছি, আর কয়েকটা ঝিঁঝিঁ ক্রমাগত ডেকে চলেছে। পায়ের সামনে ঘাসের উপর মাঝে মাঝে সড়াং সড়াং শব্দ পাচ্ছি, আর বুঝতে পারছি যে গিরগিটির দল মানুষের পায়ের তলায় পিষে যাবার ভয়ে এক ঝোপড়া থেকে আরেক ঝোপড়ার পিছনে গিয়ে আশ্রয় নিচ্ছে।

ক্রমে আমরা আমাদের চেনা জায়গায় পৌঁছে গেলাম। কাল এখানে এসেছিলাম অন্য পথ দিয়ে। এই যে সেই তলোয়ারের জায়গা। আমাদের দলপতি মাধবলাল অত্যন্ত

সাবধানে শব্দ না করে পা ফেলে এগিয়ে চলেছে, আর বাকি সকলে তার দেখাদেখি সেই ভাবেই চলার চেষ্টা করছি। মাটি এমনিতেই ভিজে নরম হয়ে আছে, শুকনো পাতা প্রায় নেই বললেই চলে, তাই সাতজন লোক একসঙ্গে হাঁটা সত্ত্বেও প্রায় কোনও শব্দই হচ্ছিল না।

সামনের গাছের পাতার ফাঁক দিয়ে ইটের পাঁজা দেখা যাচ্ছে। কাটা ঠাকুরানীর ফাটা মন্দির।

একজনও একটা কথা না বলে একটুও শব্দ না করে মন্দিরের সামনে পৌঁছে গেলাম। সকলে থামল। সেদিন শুধু ফোকলা ফকিরের গাছ, অর্জুন গাছ আর জোড়া তাল গাছের দিকে লক্ষ ছিল বলে আশেপাশে যে আরও কতরকম গাছ আছে সেটা খেয়াল করিনি। সেই সব গাছের ফাঁক দিয়ে ঝিরঝির করে বাতাস আসছে, আর আসছে নালার কুলকুল শব্দ। মন্দিরের পিছন দিকেই নাল। ওই নালায় জল খেতে আসে জন্তু জানোয়ার। বাঘও আসে। মানুষখেকোও।

ফেলুদা অর্জুন আর জোড়া তালের মাঝখানে গর্তটার দিকে এগিয়ে গেল। মহীতোষবাবুও গেলেন পিছন পিছন। আজ গর্তে আরও বেশি জল। ফেলুদা সেদিকে আঙুল দেখিয়ে নিস্তব্ধতা ভেঙে দিয়ে প্রথম কথা বলল।

‘এই গর্তে ছিল আদিত্যনারায়ণের গুপ্তধন।’

‘কিন্তু...সেটা গেল কোথায়?’ চাপা গলায় জিজ্ঞেস করলেন মহীতোষবাবু।

‘কাছাকাছির মধ্যেই আছে, যদি না কালকের মধ্যে কেউ সেটা সরিয়ে থাকে।’

মহীতোষবাবুর চোখ দুটো জ্বলজ্বল করে উঠল।

‘আছে? আপনি সত্যি বলছেন আছে?’

‘আপনি জানেন সে গুপ্তধন কী জিনিস?’ ফেলুদা পালটা প্রশ্ন করল।

উত্তেজনায মহীতোষবাবুর কপালের শিরা ফুলে উঠেছে, চোখমুখ লাল হয়ে গেছে। বললেন, ‘না জানলেও অনুমান করতে পারি। আমার পূর্বপুরুষ যশোবন্ত সিংহরায় ছিলেন কোচবিহারের রাজা নরনারায়ণ ভূপের সেনাধ্যক্ষ। যশোবন্তের উপার্জিত টাকা—নরনারায়ণের নিজের টাঁকশালের টাকা—যার নাম ছিল নারায়ণী টাকা—সেই টাকা ছিল আমাদের বাড়িতে। এক হাজারের উপর রৌপ্যমুদ্রা, চারশো বছরের পুরনো। আদিত্যনারায়ণ যখন এ টাকা লুকিয়ে রাখেন, তখন তাঁর মাথা খারাপ হতে শুরু করেছে—ষাট বছর বয়সে ছেলেমানুষি দুষ্টি-বুদ্ধি খেলছে। তিনি মাঝে মাঝে পাঁচ পাঁচ আঁচ হয়ে পড়তেন। এতদিনে এই সংকেত তার সন্ধান দিয়েছে। ও টাকা আমার চাই মিস্টার মিস্ত্রি, ওটা হারালে চলবে না।’

ফেলুদা মহীতোষবাবুর দিক থেকে ঘুরে মন্দিরের দিকে এগোচ্ছে। মন্দিরের কাছাকাছি পৌঁছে হঠাৎ আমার দিকে ফিরে বলল, ‘তোপসে, বন্দুকটা ধর তো। মন্দিরের ভিতর রিভলভারই কাজ দেবে।’

আমার হাত কাঁপতে শুরু করেছে। কোনওরকমে নিজেকে সামলে নিয়ে বন্দুকটা হাতে নিলাম। জিনিসটা যে এত অসম্ভব রকম ভারী সেটা দেখে বুঝতে পারিনি।

ফেলুদা মন্দিরের ভাঙা দরজা দিয়ে অন্ধকারের ভিতর ঢুকল। চৌকাঠ পেরোনোর সময় লক্ষ করলাম, ও পকেটে হাত ঢোকাল।

পাঁচ গোনার মধ্যেই পর পর দু বার রিভলভারের আওয়াজে আমার গায়ের লোম খাড়া হয়ে গেল। তারপর মন্দিরের ভিতর থেকে ফেলুদার কথা শোনা গেল।

‘মহীতোষবাবু, আপনার লোকটিকে একবার পাঠান তো।’

পর্বত সিং বন্দুকটা তার মনিবের হাতে দিয়ে মন্দিরের ভিতরে ঢুকে এক মিনিটের মধ্যেই

একটা সর্বাঙ্গে কাদা-মাখা পিতলের ঘড়া নিয়ে বেরিয়ে এল, তার পিছনে ফেলুদা। মহীতোষবাবু পর্বত সিং-এর দিকে ছুটে গেলেন। ফেলুদা বলল, ‘কেউটের যে রৌপ্যমুদ্রার প্রতি মোহ থাকতে পারে এটা ভাবিনি। কালই শিসের শব্দ পেয়েছিলাম, আজ দেখি ঘড়াটাকে সন্নেহে আলিঙ্গন করে পড়ে আছেন বাবাজি।’

মহীতোষবাবু হাত থেকে বন্দুক ফেলে দিয়ে সেই ঘড়াটার উপর হুমড়ি খেয়ে পড়ে তার ভিতর থেকে সবে একমুঠো রূপোর টাকা বার করেছেন, এমন সময় একটা কাকর হরিণ ডেকে উঠল। আর তার ঠিক পরেই এক সঙ্গে অনেকগুলো বাঁদর আশপাশের গাছ থেকে চোঁচাতে আরম্ভ করল।

তারপরে কয়েক মুহূর্তের মধ্যে এতগুলো ঘটনা একসঙ্গে ঘটে গেল যে ভাবতেও মন ধাঁধিয়ে যায়। প্রথমে মহীতোষবাবুর মধ্যে একটা আশ্চর্য পরিবর্তন দেখা গেল। এক মুহূর্ত আগে যিনি একসঙ্গে এতগুলো রূপোর টাকা দেখে আহ্লাদে আটখানা হয়ে গিয়েছিলেন, তিনি হাত থেকে সেই টাকা ফেলে দিয়ে ইলেকট্রিক শক্ খাওয়ার মতো করে চমকে উঠে দাঁড়িয়ে এক লাফে তিন হাত পিছিয়ে গেলেন। আমরা সবাই যে যেখানে আছি সেখানেই পাথরের মতো দাঁড়িয়ে পড়েছি। ফেলুদাই প্রথমে মুখ খুলল। কিন্তু তার গলার স্বর চাপা ফিসফিসে— ‘তোপসে, গাছে ওঠ। লালমোহনবাবু, আপনিও।’

আমার পাশেই ফোকলা ফকিরের গাছ। ফেলুদার হাতে বন্দুকটা চালান করে দিয়ে ফোকলা ফোকরে পা দিয়ে উঠে হাত বাড়িয়ে একটা বড় ডাল ধরে দশ সেকেন্ডের মধ্যে আমি মাটি থেকে দশ হাত উপরে উঠে গেলাম। তার পরেই লালমোহনবাবু তার হাতের তলোয়ারটা আমার হাতে চালান দিয়ে একটা তাজ্জব ব্যাপার করলেন। অবিশ্যি উনি পরে বলেছিলেন যে ছেলেবেলায় আমতায় থাকতে নাকি অনেক গাছে চড়েছেন, কিন্তু চল্লিশ বছর বয়সেও যে তিনি এক নিমেষে আমার চেয়ে উপরের একটা ডালে উঠে পড়তে পারবেন এটা আমি স্বপ্নেও ভাবিনি।

বাকি ঘটনাগুলো আমি উপর থেকেই দেখেছিলাম। লালমোহনবাবু কিছুক্ষণ দেখে আর দেখতে পারেননি, কারণ তিনি অজ্ঞান হয়ে গিয়েছিলেন; তবে এমন আশ্চর্যভাবে তাঁর হাত-পা গাছের চওড়া ডালের দু দিকে ঝুলে ছিল যে তিনি মাটিতে পড়ে যাননি।

চারদিক থেকে বিশেষ বিশেষ জানোয়ার আর পাখির ডাক শুনেই বোঝা গিয়েছিল যে কাছাকাছির মধ্যে বাঘ এসে পড়েছে। অবিশ্যি বাঘ এদিকে আসার আর একটা কারণ ছিল সেটা পরে জেনেছিলাম। মোট কথা বাঘ আসছে বুঝেই ফেলুদা আমাদের গাছে চড়তে বলেছিল।

সবচেয়ে আশ্চর্য ব্যাপার করলেন মহীতোষবাবু। তার এই চেহারা যে কোনওদিন দেখব সেটা ভাবিনি। অবাক হয়ে দেখলাম ভদ্রলোক ফেলুদার দিকে ঘুরে দাঁতে দাঁত চেপে বলছেন, ‘মিস্টার মিস্তির, আপনার যদি প্রাণের মায়া থাকে তো চলে যান।’

‘কোথায় যাব মহীতোষবাবু?’

দুজনের হাতেই বন্দুক। মহীতোষবাবুরটা উপর দিকে উঠছে ফেলুদার দিকে।

‘বলছি যান!’ আবার বললেন মহীতোষবাবু। ‘জিপ রয়েছে ওই দিকে। আপনি চলে যান। আমি আদেশ করছি, আপনি—’

মহীতোষবাবুর কথা শেষ হল না। একটা বাঘের গর্জনে সমস্ত বনটা কেঁপে উঠেছে। শুনলে মনে হবে না যে একটা বাঘ, মনে হবে পঞ্চাশটা হিংস্র জানোয়ার একসঙ্গে গর্জন করে উঠেছে।

এবার গাছের উপর থেকে দেখতে পেলাম— মন্দিরের পিছনে আরও কতগুলো অর্জুন



গাছের সাদা ডালের ফাঁক দিয়ে একটা গনগনে আগুনের মতো চলন্ত রং । সেটা লম্বা ঘাসের আড়াল থেকে বেরিয়ে এসে একটা প্রকাণ্ড ডোরাকাটা বাঘের চেহারা নিল । বাঘটা এগিয়ে আসছে কাটা ঠাকুরানীর ডান পাশ দিয়ে, আমাদের এই খোলা জায়গাটার দিকে ।

মহীতোষবাবুর হাতের বন্দুকটা নীচে নেমে এসেছে । একে ভারী বন্দুক তার উপর গুঁর হাত থর থর করে কাঁপছে ।

এদিকে ফেলুদার বন্দুকের নলটা উপর দিকে উঠছে । আরও তিনজন লোক আছে আমাদের সঙ্গে— শশাঙ্কবাবু, মাধবলাল আর পর্বত সিং । পর্বত সিং এইমাত্র একটা প্রকাণ্ড লাফ দিয়ে পালাল । অন্য দুজন কী করছে জানি না, কারণ আমার চোখ একবার বাঘ আর একবার ফেলুদার দিকে যাচ্ছে ।

এখন বাঘটা মন্দিরের পাশে এসে পড়েছে ।

বাঘের মুখটা ফাঁক হল। তার দাঁতগুলো দেখা যাচ্ছে। এতগুলো শিকার এক সঙ্গে চোখের সামনে সে নিশ্চয়ই দেখেনি কখনও।

বাঘটা থেমে গেছে। তার শরীরটা একটু নিচু হল। একটা লাফ মারার আগের অবস্থা, যাকে ওত পাতা বলে। এইভাবে লাফ দিয়ে পড়ে বাঘ একটা মোষকেও—

দুম! দুম!

প্রায় একই সঙ্গে দুটো বন্দুক গর্জিয়ে উঠল। আমার কান ঝালাপালা। দৃষ্টিটাও যেন এক মুহূর্তের জন্য ঝাপসা হয়ে গেল। তারই মধ্যে দেখলাম বাঘটা লাফ দিয়ে শূন্যপথে একটা অদৃশ্য বাধার সামনে পড়ে উলটোদিকে একটা ডিগবাজি খেয়ে একেবারে গুপুধনের কলসিটার ঠিক পাশে আছড়ে পড়ল, তার ল্যাজের ঝাপটায় কলসিটা প্রচণ্ড খটাং শব্দে ছিটকে গড়িয়ে গিয়ে তার থেকে চারশো বছরের পুরনো নারায়ণী টাকা ছড়িয়ে পড়ল।

ফেলুদা বন্দুকটা নামিয়ে নিয়েছে। মাধবলাল বলল, ‘উয়ো মর গিয়া।’

‘কার গুলিতে মরল বলুন তো?’

প্রশ্নটা করল ফেলুদা। মহীতোষবাবুর উত্তর দেবার ক্ষমতা নেই। তিনি মাথা হেঁট করে মাথায় হাত দিয়ে মাটিতে বসে আছেন। তার হাত থেকে ছিনিয়ে নেওয়া বন্দুকটা এখন শশাঙ্কবাবুর হাতে।

শশাঙ্কবাবু বাঘটার দিকে এগিয়ে গেলেন। তারপর বললেন, ‘এসে দেখুন মিস্টার মিস্তির। একটা গুলি গেছে চোয়ালের তলা দিয়ে একেবারে মাথার খুলি ভেদ করে; আরেকটা গেছে কানের পাশ দিয়ে। দুটোর যে কোনওটাতেই বাঘটা মরে থাকতে পারে।’

১২

জোড়া বন্দুকের গুলির আওয়াজে উত্তরদিকের গ্রাম থেকে লোকজন ছুটে এসেছে। তারা মহা ফুটিতে বাঘটাকে মন্দিরের ও পাশে সরিয়ে নিয়ে গিয়ে, বাঁশের সঙ্গে বেঁধে কাঁধে তোলার আয়োজন করছে। এটাই যে মানুষকে তাতে কোনও সন্দেহ নেই। আরও দুটো গুলির চিহ্ন বাঘের গায়ে পাওয়া গেছে; একটা পিছনের পায়ে, আর একটা চোয়ালের কাছে। এর যে কোনও একটার ফলে বাঘ তার স্বাভাবিক শিকারের ক্ষমতা হারিয়ে মানুষের পিছনে ধাওয়া করতে পারে। বাঘটার বয়সও যে বেশি সেটা তার গালের দু পাশের ঘন লোম থেকেই বোঝা যায়।

পর্বত সিং ফিরে এসেছে। সে মহীতোষবাবুর হাত ধরে তুলে তাঁকে মন্দিরের ভাঙা সিঁড়ির উপর বসিয়ে দিয়েছে। ভদ্রলোক এখনও ঘন ঘন ঘাম মুছছেন। লালমোহনবাবুর জ্ঞান ফিরেছে। গাছ থেকে নামাটা তাঁর পক্ষে ওঠার মতো সহজ হয়নি, আমার সাহায্য নিতে হয়েছে। নেমে এসেই, যেন কিছু হয়নি এমন ভাব করে আমার হাত থেকে তলোয়ারটা আবার নিয়ে নিয়েছেন।

কিছুক্ষণ চুপচাপের পর ফেলুদা কথা বলল।

‘মহীতোষবাবু, আপনি বৃথাই দুশ্চিন্তায় ভুগছেন। আমি আপনার শিকারের অক্ষমতা কারুর কাছে প্রকাশ করব না সেটা আমি শশাঙ্কবাবুকে কথা দিয়েছি। আমি ব্যাপারটা অনেক আগে থেকেই সন্দেহ করেছি। লালমোহনবাবুর চিঠিতে আপনার সই দেখে আমি ভেবেছিলাম আপনি বুঝি বৃদ্ধ। লিখতে গেলে যদি আপনার হাত কাঁপে, তা হলে বন্দুক ধরলে সে হাত স্থির থাকবে কী করে সে চিন্তা আমাকে ভাবিয়ে তুলেছিল। অবিশ্যি এমনও হতে পারে যে, আপনার হাত খুব সম্প্রতি বিকল হয়েছে; বইয়ে যে সব শিকারের কথা

লিখেছেন সে-সব আপনিই করেছেন। কিন্তু আমার মনে নতুন করে সন্দেহ ঢুকিয়ে দিলেন আপনার দাদা। দেবতোষবাবু অসংলগ্ন কথা বললেও তাঁর একটা কথার সঙ্গে আর একটা কথার সরাসরি সম্পর্ক না থাকলেও, তিনি যে আজগুবি মিথ্যে বলছেন এটা কিন্তু আমার কখনও মনে হয়নি। তিনি যা বলছেন তার মধ্যে খুঁজলে অর্থ পাওয়া যায়, এটাই আমার মনে হয়েছিল। আপনি শিকারের বই লিখছেন সেটা নিশ্চয়ই উনি জানতেন, আর আপনি যে এত বড় একটা মিথ্যের আশ্রয় নিয়েছেন তাতে তিনি নিশ্চয় খুবই কষ্ট পেয়েছিলেন। এই মিথ্যে নিয়ে আক্ষেপ আমি দুবার তাঁর মুখে শুনেছি। সবার হাতে হাতিয়ার বাগ মানে না এটাও তিনি—’

ফেলুদার কথা বন্ধ করে মহীতোষবাবু চোঁচিয়ে উঠলেন—

‘বাগ মেনেছিল। সাত বছর বয়সে আমি এয়ারগান দিয়ে শালিক মেরেছি, চড়ুই মেরেছি— পঞ্চাশ গজ দূর থেকে। কিন্তু...’

মহীতোষবাবুর দৃষ্টি বুড়ো অশ্বখ গাছটার দিকে চলে গেল। তারপর বললেন, ‘একদিন চড়ুইভাতি করতে এসে ওই গাছে চড়েছিলাম— ওই ডালে— যেখানে আপনার ভাইটি উঠেছিল। দাদা বলল বাঘ আসছে, আর আমি বাঘ দেখব বলে লাফ মেরে—’

‘হাত ভাঙলেন?’

‘কম্পাউন্ড ফ্ল্যাকচার’, এগিয়ে এসে বললেন মহীতোষবাবুর বন্ধু শশাঙ্ক সান্যাল। ‘কোনও দিনই হাড় জোড়া লাগেনি ভাল করে।’

ফেলুদা বলল, ‘কিন্তু বংশের মর্যাদা রক্ষা করার জন্য শিকারি হবার শখ হল? আর নিজের দেশের নিজের জঙ্গলে মিথ্যে ধরা পড়ে যাবে বলে উড়িয়া আর অসমের জঙ্গলে শিকার করলেন? আপনি করলেন মানে, করলেন শশাঙ্কবাবু, কিন্তু লোকে বুঝল যে সিংহরায় পরিবারে তিন পুরুষ ধরে বাঘ শিকারের ধারা চলে আসছে। তাই না মহীতোষবাবু?’

মহীতোষবাবু দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘শশাঙ্ক যা করেছে তার বন্ধুর জন্য, তেমন আর কেউ করে না। ওর মতো শিকারি আমাদের পরিবারেও কেউ জন্মায়নি।’

‘কিন্তু সম্প্রতি সেই বন্ধুহে কি একটু চিড় ধরেছিল?’

মহীতোষবাবু আর শশাঙ্কবাবু দুজনেই চুপ করে আছেন দেখে ফেলুদা বলে চলল, ‘বই বেরোবার আগে আমি অন্তত মহীতোষ সিংহরায়ের নাম শুনিনি। কিন্তু বেরোবার পরে আজ হাজার হাজার লোকে তাঁর নাম শুনেছে, এবং একটা বিরাট মিথ্যেকে সত্যি বলে মেনে নিচ্ছে। আসল শিকারি কিন্তু তাঁর ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছেন। সেটা কি তিনি খুব সহজেই মেনে নিতে পারছেন? বন্ধুহের খাতিরে কতটা আত্মত্যাগ সম্ভব? আপনি সেদিন রাত্রে শশাঙ্কবাবুকেই কথা শোনাচ্ছিলেন না? আমি কি অনুমান করতে পারি যে, বেশ কিছুদিন থেকেই শশাঙ্কবাবু আর আপনার মধ্যে একটা মনোমালিন্য ও কথা কাটাকাটি চলছে?’

এখনও দুজনে চুপ। ফেলুদা স্থির দৃষ্টিতে মহীতোষবাবুর দিকে চেয়ে থেকে বলল, ‘মৌনং সম্মতি লক্ষণম্ বলেই ধরে নিচ্ছি। আর, আরেকটা ব্যাপারেও আপনার বোধহয় মৌন অবলম্বন ছাড়া রাস্তা নেই।’

মহীতোষবাবু ভয়ে ভয়ে ফেলুদার দিকে চাইলেন। ফেলুদা বলল, ‘তড়িৎবাবুর সাহিত্যকীর্তির জন্যই যে আপনি প্রশংসা পাচ্ছেন, সেটাও বোধহয় সত্যি। তাই নয়, মহীতোষবাবু? আপনি সেদিন আপনার পাণ্ডুলিপির কথা বললেন, কিন্তু আমি তন্ন তন্ন করে খুঁজেও আপনার লেখা একটি টুকরো কাগজও কোথাও পেলাম না। আসলে আপনি লিখতেন না, আপনি মুখে মুখে আপনার মতো করে বলতেন, আর তড়িৎবাবু সেটাকে তাঁর

আশ্চর্য সাবলীল ভাষায় সাজিয়ে দিতেন আর সেই সাজানো লেখা প্রকাশিত হত আপনার নামে। তড়িৎবাবুকে আপনি ভাল মাইনে দিতেন, তাকে আরামে রেখেছিলেন, তোয়াজে রেখেছিলেন এ সবই ঠিক। কিন্তু একজন সত্যিকারের গুণী স্রষ্টার পক্ষে ওগুলো যথেষ্ট নয় মহীতোষবাবু। সে সবচেয়ে বেশি যেটা আশা করে সেটা হল তার গুণের আদর— যেটা না পেয়ে তড়িৎবাবুর মন ক্রমে ভেঙে যায়। তারপর সংকেতটা হাতে পড়ে, আর তার সমাধানও হয়ে যায়। নারায়ণী মুদ্রার কথাটা হয়তো তিনি আপনার পারিবারিক কাগজের মধ্যে পেয়েছিলেন। মোট কথা তিনি স্থির করেন যে, গুপ্তধন নিয়ে আপনার কাজে ইস্তফা দিয়ে চলে যাবেন। কিন্তু সে আশা তাঁর পূর্ণ হল না।’

মহীতোষবাবু যেন বেশ কষ্ট করেই উঠে দাঁড়িয়ে বললেন, ‘সবই তো বুঝলাম মিস্টার মিস্ত্রি, এর সবই ঠিক এবং কোনওটাই আমার শুনতে ভাল লাগছে না। কিন্তু তড়িৎকে এভাবে হত্যা করল কে? তার না হয় আমার উপর আক্রোশ ছিল, কিন্তু তার উপর কারও আক্রোশ ছিল বলে তো আমি জানি না। তড়িৎ ছাড়া আর কে এসেছিল সেদিন জঙ্গলে?’

‘কে এসেছিল তা বোধহয় আমি বলতে পারি।’

মহীতোষবাবু পায়চারি আরম্ভ করেছিলেন, ফেলুদার কথা শুনে থমকে দাঁড়িয়ে গেলেন।

‘পারেন?’

ফেলুদার দৃষ্টি ঘুরে গেল।

‘শশাঙ্কবাবু, আপনি সেদিন রাত্রে ট্রোফি রুম থেকে একটি উইনচেস্টার রাইফেল নিয়ে এই জঙ্গলে আসেননি? কাল রাত্রে ওটার বাঁটে সামান্য একটু মাটি লেগে রয়েছে দেখলাম, যেটা পরশু রাত্রে দেখিনি।’

শশাঙ্কবাবুর নার্ভ বোধহয় বাঘ শিকার করেই আশ্চর্যরকম শক্ত হয়ে গিয়েছিল। উনি অদ্ভুত ঠাণ্ডাভাবে ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘যদি এসেই থাকি— আপনি তার কী মানে করতে চাইছেন সেটা বলবেন কি?’

ফেলুদাও ঠিক শশাঙ্কবাবুর মতোই শান্তভাবে বলল, ‘বন্ধু সম্পর্কে আপনার হতাশা জাগলেও আপনি তার গুপ্তধনের ওপর লোভ করবেন সেটা আমি মোটেই ভাবছি না। তবে আমার ধারণা, তড়িৎবাবু যে সংকেতের সমাধান করে ফেলেছেন সেটা আপনি জানতেন, তাই না?’

শশাঙ্কবাবু বললেন, ‘শুধু তাই না, তড়িৎ গুপ্তধন পেলে তার অর্ধেক আমাকে অফার করেছিল। তড়িৎ বুঝেছিল মহীতোষ আমাদের দুজনকেই একইভাবে বঞ্চিত করছে। কিন্তু আমি তড়িৎের প্রস্তাবে রাজি হইনি। শুধু তাই নয়, আমি গুপ্তধনের সন্ধানে এখানে আসতে অনেক বার বারণ করেছিলাম। কারণ ওই ম্যান-ইটার। শেষটায় সেদিন রাত্রে জানালা দিয়ে ওর টর্চের আলো দেখে আমি বন্দুক নিয়ে বেরিয়ে পড়ি। এখানে এসে দেখি গুপ্তধন পড়ে আছে, কিন্তু তড়িৎ নেই। তারপর অনুসন্ধান করে দেখলাম রক্তের দাগ, বাঘের পায়ের ছাপ। গুপ্তধন মন্দিরের ভিতর রেখে, সেই চিহ্ন ধরে আমি এগিয়ে যাই বাঁশবনের কাছাকাছি পর্যন্ত। বিদ্যুতের আলোতে দেখি বাঘ তড়িৎের মৃতদেহের উপর হুমড়ি খেয়ে পড়েছে। অন্ধকারে আন্দাজেই গুলি চালাই। বাঘ পালায়। তারপর...’

শশাঙ্কবাবু কেন যেন চুপ করে গেলেন। ফেলুদা বলল, ‘বাকিটা আমি বলি? এটাও অনুমান। ভুল হলে আমাকে শুধরে দেবেন।’

‘বেশ। বলুন।’

‘আপনিই কাল রাত্রে মাধবলালের সঙ্গে কথা বলছিলেন না?’

শশাঙ্কবাবু অস্বীকার করলেন না। ফেলুদা এবার আর একটা প্রশ্ন করল।

‘সেটা কি মন্দিরের পিছনে বাঘের জন্য টোপ ফেলার প্রস্তাব দিতে ? ওই শিমুল গাছটার মগডালে শকুনির পাল দেখে মনে হচ্ছে ওর কাছাকাছি একটা মরা জানোয়ার পড়ে আছে ।’

‘মোষের বাচ্চা’, চাপা গলায় বললেন শশাঙ্কবাবু ।

‘তার মানে আপনি চাইছিলেন যে আজ বাঘ বেরোক, যাতে আপনি অন্তত একজন বাইরের লোকের সামনে প্রমাণ করে দিতে পারেন যে শিকারি আসলে হচ্ছেন আপনি, মহীতোষবাবু নন ।’

মহীতোষবাবু হঠাৎ ফেলুদার দিকে এগিয়ে এসে কাঁধে হাত দিয়ে অনুনয়ের সুরে বললেন, ‘মিস্টার মিস্তির, আমি আপনাকে একটা অনুরোধ করব, আপনাকে সেটা রাখতে হবে ।’

‘কী অনুরোধ ?’

‘এই গুপ্তধনের কিছু অংশ আমি আপনাকে দিতে চাই । সেটা আপনাকে নিতে হবে ।’

ফেলুদা মহীতোষবাবুর চোখে চোখ রেখে মৃদু হেসে বলল, ‘রৌপ্যমুদ্রা আমি চাই না মিস্টার সিংহরায় । কিন্তু একটা জিনিস আমি নেব ।’

‘কী জিনিস ?’

‘আদিত্যনারায়ণের তলোয়ার ।’

লালমোহনবাবু কথাটা শোনা মাত্র এগিয়ে এসে ফেলুদার হাতে তলোয়ারটা দিয়ে দিল ।

‘এই তলোয়ারটা আপনি চাইছেন ?’ মহীতোষবাবু অবাক হয়ে বললেন । ‘নারায়ণী রৌপ্যমুদ্রা না নিয়ে ইস্পাতের তলোয়ার নেবেন ?’

‘এ তলোয়ারকে আর সাধারণ তলোয়ার বলা চলে না মহীতোষবাবু । এর সঙ্গে ইতিহাস ছাড়াও আরও কিছু জড়িত হয়ে পড়েছে ।’

‘আপনি তড়িতের খুনের কথা বলছেন ?’

‘না ।’

‘তবে ?’

‘খুনের কথা বলছি না, কারণ তড়িৎবাবু খুন হননি ।’

‘তবে ? আত্মহত্যা ?’

‘তাও না ।’

‘আপনি কি হেঁয়ালি তৈরি করছেন মিস্টার মিস্তির ?’ মহীতোষবাবুর গলার স্বরে বুঝলাম, তার ভিতরের কঠিন মানুষটা আবার বাইরে বেরিয়ে আসতে চাইছে ।

ফেলুদা বলল, ‘না, তা করছি না, মহীতোষবাবু । যা ঘটেছিল সেটাই বলতে যাচ্ছি । সেটা এত স্পষ্ট বলেই আমাদের দৃষ্টি সেদিকে যাচ্ছিল না । তলোয়ারটা তড়িৎবাবু নিজেই আদিত্যনারায়ণের ঘর থেকে সরিয়েছিলেন ।’

‘সে কী, কেন ?’

‘কারণ গুপ্তধন পেতে হলে তাকে মাটি খুঁড়তে হবে, আর তার জন্য শাবল জাতীয় একটা কিছুর দরকার । তড়িৎবাবুর হাতের সবচেয়ে কাছে ছিল এই তলোয়ারটা ।’

‘তারপর ?’

‘তারপর কী— সেটা বলার আগে এই তলোয়ারের একটা বিশেষত্ব আমি আপনাদের দেখাতে চাই ।’

এই বলে ফেলুদা তলোয়ারটা নিয়ে কেন যেন শশাঙ্কবাবুর দিকে এগিয়ে গেল । শশাঙ্কবাবু সাহসী হলেও ফেলুদাকে ওইভাবে অস্ত্র হাতে নিয়ে এগিয়ে আসতে দেখে একটু যেন উসখুস করে উঠলেন । এবার ফেলুদা এক আশ্চর্য খেল দেখাল । সে তলোয়ারটা শশাঙ্কবাবুর হাতের বন্ধুকের নলের দিকে ধীরে ধীরে এগিয়ে নিয়ে গেল, আর খুব কাছাকাছি আসতেই

একটা খটাং শব্দ করে ইম্পাতে ইম্পাতে জোড়া লেগে গেল।

‘এ কী, এ মে চুম্বক!’ বলে উঠলেন শশাঙ্কবাবু।

‘হ্যাঁ, চুম্বক’, বলল ফেলুদা। ‘তলোয়ারটাই চুম্বক, বন্দুকটা না। আগে চুম্বক ছিল না, কারণ আদিত্যনারায়ণের আলমারিতে তলোয়ারের পাশেই আরও ছোটখাটো অনেক লোহা আর ইম্পাতের জিনিস ছিল। চুম্বক হলে তলোয়ার বার করা বা রাখার সময় সেগুলো এর গায়ে আটকে যেত নিশ্চয়ই, কিন্তু যায়নি। এ তলোয়ার চুম্বকে পরিণত হয়েছে’ পরশু রাত্রে।’

‘কী করে?’ জিজ্ঞেস করলেন মহীতোষবাবু। সকলেই রুদ্ধশ্বাসে ফেলুদার কথা শুনছে।

ফেলুদা বলল, ‘কোনও মানুষের হাতে লোহা বা ইম্পাতের কোনও জিনিস থাকা অবস্থায় যদি তার উপর বাজ পড়ে, তা হলে সে জিনিস চুম্বকে পরিণত হয়। শুধু তাই নয়, সে জিনিস অনেক সময় বিদ্যুৎকে আকর্ষণ করে। তড়িৎবাবুর মৃত্যু হয়েছিল বজ্রাঘাতে, এবং হয়তো এই তলোয়ারই তার মৃত্যুর জন্য দায়ী। মাটি খুঁজে কলসি বার করার পর বৃষ্টি নামে, তার সঙ্গে বাজ ও বিদ্যুৎ। তড়িৎবাবু অশ্বখগাছের নীচে আশ্রয়ের জন্য ছুটে আসেন। বাজ পড়ে। তড়িৎবাবু ছটকে পড়ার সময় তার হাতের তলোয়ার বুকে বিঁধে যায়। সম্ভবত মৃত্যুর পরমুহুর্তেই তলোয়ার তার দেহে প্রবেশ করে।’

মহীতোষবাবুর সমস্ত শরীর থরথর করে কাঁপছে। তাঁর দৃষ্টি অশ্বখ গাছটার দিকে গেল। ভাঙা ভাঙা অশ্বফুট স্বরে বললেন, ‘তাই ভাবছিলাম, এই গাছটা হঠাৎ এত বুড়ো হয়ে গেল কী করে!’

মহীতোষবাবুর কথার প্রায় সঙ্গে সঙ্গেই লালমোহনবাবু বলে উঠলেন, ‘তড়িৎবাবু শেষটায় তড়িৎপৃষ্ট হয়ে মারা গেলেন!’

দুঃখের বিষয় ওঁর এই চমৎকার কথাটায় কান দেবার মতো মনের অবস্থা তখন কারুরই ছিল না।

* * *

আমরা আজ কলকাতা ফিরে যাচ্ছি। আজ বাইরে রোদ, দু দিন বৃষ্টি হওয়ার দরুন গরমও কম। আমরা জিনিসপত্র গুছিয়ে ঘরে বসে আছি, মাঝে মাঝে বাইরে থেকে দেবতোষবাবুর গলা পাচ্ছি। সকালে উঠেই দেখেছি ওঁর ঘরের দরজায় আর তালা নেই। গাছ থেকে নামার সময় লালমোহনবাবুর হাঁটু ছড়ে গিয়েছিল। ক্ষতের উপর উনি স্টিকিং প্লাস্টার লাগাচ্ছেন, এমন সময় মহীতোষবাবুর চাকর একটা স্টিলের ট্রাঙ্ক মাথায় করে ঘরে ঢুকে সেটাকে মাটিতে নামিয়ে রেখে বলল, মহীতোষবাবু পাঠিয়ে দিয়েছেন। ফেলুদা সেটা খুলতেই দেখা গেল তার মধ্যে খুব সাবধানে প্যাক করা রয়েছে একটা চমৎকার বাঘছাল। একটা খামও ছিল ট্রাঙ্কটার মধ্যে, তার ভিতরে তিন লাইনের একটা চিঠি—

‘ডায়ার মিস্টার মিস্ত্রি, আমার কৃতজ্ঞতার নিদর্শন স্বরূপ এই বাঘছালটি গ্রহণ করিয়া আমাকে বাধিত করিবেন। ১৯৫৭ সালে সম্বলপুরের নিকটবর্তী এক জঙ্গলে আমার বন্ধু শ্রীশশাঙ্কমোহন সান্যাল কর্তৃক এই বাঘটি নিহত হইয়াছিল।’

লালমোহনবাবু চিঠিটা পড়ে বললেন, ‘দুজনের গুলিতে যেটা মরল, সেটা কি দু ভাগে ভাগ করা হবে?’

ফেলুদা বলল, ‘না। ওটা শশাঙ্কবাবু আমাকেই দেবেন বলেছেন।’

‘ও, তার মানে আপনি একাই...’

‘না, একা না । দুটোর একটা আপনাকে উপহার দেব বলে স্থির করেছি ।’

‘উপহার ?’

‘উপহার । গাছের ডালে উঠে অজ্ঞান হয়েও যে মাটিতে না পড়ে ঝুলে থাকা যায়, সেইটে সর্বপ্রথম আপনিই প্রমাণ করেছেন ।’

লালমোহনবাবু হাঁ হাঁ করে উঠলেন ।

‘আরে মশাই, আমি তো বলেইছি আমার কল্পনাশক্তিটা সাধারণ লোকের চেয়ে একটু বেশি । আপনারা বলছেন বাঘ, আর আমি দেখছি একটা লেলিহান অগ্নিশিখা, আর তার মধ্যে একটা পৈশাচিক দানব দাঁত খিঁচুচ্ছে, আর সেই সঙ্গে কর্ণপটাহ বিদীর্ণ করা এক হুকার ছেড়ে একটা জেট প্লেন টেক অফ করছে আমারই উপর ল্যান্ড করবে বলে । এতেও যদি সংজ্ঞা না হারাই তো সংজ্ঞা জিনিসটা রয়েছে কী করতে ?’



জয় বাবা ফেলুনাথ

১

রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ু প্লেট থেকে একটা চীনাবাদাম তুলে নিয়ে ডান হাতের বুড়ো আঙুল আর তার পাশের আঙুল দিয়ে সেটার উপর একটা হালকা হুঁশিয়ার চাপ দিতেই ব্রাউন খোলসের মধ্যে থেকে মসৃণ ফরসা বাদামটা সুড়ুং করে বেরিয়ে তাঁর বাঁ হাতের তেলোর উপর পড়ল । সেটা মুখে পুরে খোসাটা সামনের টেবিলে রাখা অ্যাশ-ট্রেতে ফেলে দিয়ে হাত ঝেড়ে ভদ্রলোক প্রশ্ন করলেন, ‘দশাশ্বমেধ ঘাটে বিজয়া দশমী দেখেছেন কখনও ?’

ফেলুদার সামনে দাবার বোর্ড, তার উপরে একটা সাদা রাজা, একটা সাদা গজ আর একটা সাদা বোড়ে, আর একটা কালো রাজা আর দুটো কালো ঘোড়া । বোর্ডের পাশে গ্রেট গেম্‌স অফ চেস বলে একটা বই খোলা ; ফেলুদা তার মধ্যে থেকে একটা চ্যাম্পিয়নশিপ গেম বেছে নিয়ে তার চালগুলো বই দেখে দেখে চালছিল । খেলার প্রায় মাঝামাঝি লালমোহনবাবু এসে পড়েন । আজকাল আর ওঁর সঙ্গে বাড়াবাড়ি রকম ভদ্রতা না করলেও চলে, তাই ফেলুদা শ্রীনাথকে চা আনতে বলে খেলাটা শেষ করে নিচ্ছিল, আর চালের ফাঁকে ফাঁকে লালমোহনবাবুর প্রশ্নের জবাব দিচ্ছিল । এ-প্রশ্নটার জবাবেও সে বই থেকে চোখ না তুলেই বলল, ‘উহু ।’

‘ওঃ—সে যা ব্যাপার না । সে এক, যাকে বলে, জমজমাট ব্যাপার । সে মশাই আপনি না দেখলে ইয়েই করতে পারবেন না ।’

ফেলুদা খেলার শেষ চালটা চলে বোর্ডের দিকে কিছুক্ষণ তাকিয়ে থেকে বলল, ‘আপনি কি আমায় লোভ দেখাবার চেষ্টা করছেন ?’

‘তা কতকটা ঠিকই ধরেছেন, হেঃ হেঃ !’

‘কিন্তু আপনি যে-ভাবে বর্ণনা করলেন তাতে আপনার চেষ্টা ব্যর্থ হতে বাধ্য ।’

‘কেন ?’—লালমোহনবাবুর ভুরু দুটো নাকের উপর জুড়ে গিয়ে সেকেন্ড ব্র্যাকেট হয়ে গেল ।

ফেলুদা বোর্ড ভাঁজ করে ঘুঁটিগুলো বাস্তব ভরতে ভরতে বলল, ‘কারণ কোনও ঘটনা বা

দৃশ্য সম্পর্কে কেবলমাত্র জমজমাট বিশেষণটা ব্যবহার করলে আসলে কিছুই বলা হল না। ওতে চোখের সামনে কোনও ছবি ফুটে ওঠে না, ফলে দশাশ্বমেধে বিজয়া-দশমীর বিশেষত্বটা কিছুই বোঝা যায় না, আর তার ফলে ফেলু মিডিরের মনে কোনও সাড়া জাগে না। আপনি উপন্যাস লেখেন, আপনার বর্ণনা এত দায়সারা হবে কেন ?

‘ঠিক বলেছেন, ঠিক বলেছেন,’ লালমোহনবাবু জিভ কেটে ব্যস্ত হয়ে বলে উঠলেন। ‘আসলে প্রায় পঁচিশ বছর হয়ে গেল তো, তাই ডিটেলগুলো সব মাথার মধ্যে তালগোল পাকিয়ে গেছে। তবে দশাশ্বমেধে ভাসান দেখে চোখ-কান ধাঁধিয়ে গেস্ল এটা বেশ মনে আছে।’

‘ওইতো—চোখ এবং কান। বর্ণনায় ওই দুটোর জন্য খোরাক চাই, সম্ভব হলে নাকও।’

‘নাক!’—লালমোহনবাবুর ভুরু দুটো উপর দিকে উঠে এক জোড়া খিলেন হয়ে গেল।

‘সম্ভব হলে।...কলকাতার রাস্তাঘাটে এমনিতে কোনও যে বিশেষ গন্ধ পাওয়া যায় তা না। লেক মার্কেটের কাছে বিকেলের দিকটা বেলফুলের গন্ধ, বা নিউ মার্কেটের পশ্চিম দিকে বার্ট্রাম স্ট্রিটের কোনও বিশেষ অংশে গুঁটকি মাছের গন্ধ, হাসপাতালের কাছে ডিস্ট্রিক্টফেক্টারের গন্ধ, শ্মশানের কাছে মড়া পোড়ার গন্ধ—এই সবই নিশ্চয় লক্ষ করে থাকবেন। তেমনি কাশীর বর্ণনাতেও কিছু কিছু গন্ধের উল্লেখ না করলে কি চলে? বিশ্বনাথের গলিতে ধূপ ধুনো গোবর শ্যাওলা লোকের ঘাম মেশানো গন্ধ, আবার গলি ছেড়ে বাইরে এসে বড় রাস্তা দিয়ে ঘাটের দিকে হাঁটার সময় কিছুক্ষণ প্রায় একটা নিউট্রাল গন্ধহীন অবস্থা, আবার ঘাটের সিঁড়ি যেই শুরু হল অমনি ধাপে ধাপে একটা উগ্র গন্ধ ক্রমে বেড়ে গিয়ে প্রায় পেটের ভাত উলটে আসার অবস্থা। সেটা যে ওই বোকাপাঁঠাগুলোর গা থেকে বেরোচ্ছে সেটা যে না জানে তার বুঝতে কিছুটা সময় লাগবে। তারপর ছাগলগুলোকে পিছনে ফেলে একটু এগোলেই পাবেন একটা গন্ধ যাতে জল মাটি তেল ঘি ফুল চন্দন ধূপ ধুনো সব একসঙ্গে মিশে রয়েছে।’

‘তার মানে আপনি বেনারস গেছেন’, মন্তব্য করলেন জটায়ু।

‘গেছি। তখন কলেজের ছাত্র। হিন্দু ইউনিভার্সিটির সঙ্গে ক্রিকেট খেলতে গেসলাম।’

লালমোহনবাবু পকেট হাতড়াচ্ছেন দেখে ফেলুদা বলল, ‘আপনি যে কাগজের কাটিংটা খুঁজছেন, সেটা আপনি ঘরে ঢোকান আধ মিনিটের মধ্যে আপনার পকেট থেকে বেরিয়ে মাটিতে পড়ে এখন ওই টেলিফোনের টেবিলের পায়ায় লটকে আছে।’

‘এং হে—কমালটা বার করার সময়...’

লালমোহনবাবু ওঠার আগেই আমি কাগজটা তুলে ওঁর হাতে এনে দিলাম। ফেলুদা বলল, ‘ওটা সেই কালকের খবরটা তো? কাশীর সেই সাধুবাবার ব্যাপার?’

লালমোহনবাবু ভারী ব্যস্ত হয়ে বললেন, ‘আপনি জানেন, তবু এতক্ষণ কিছু বলেননি? কী রহস্যজনক ব্যাপার বলুন তো।’

আমি লালমোহনবাবুর হাত থেকে কাটিং-টা নিয়ে দেখলাম তাতে লেখা রয়েছে—

বারাণসীর মহলি-বাবা

বারাণসীতে গত বৃহস্পতিবার এক সাধুবাবার আবির্ভাব শহরে বিশেষ চাঞ্চল্যের সৃষ্টি করেছে বলে জানা গেল। অভয়চরণ চক্রবর্তী নামক বাঙালিটোলার জনৈক প্রবীণ বাসিন্দা কৈদার ঘাটে প্রথম সাধুবাবার সাক্ষাৎ পান, এবং অচিরেই তাঁর অলৌকিক শক্তির পরিচয় পান। সাধুবাবা আপাতত শ্রীচক্রবর্তীর গৃহেই অবস্থান করছেন। ভক্তগণের

নিকট ইনি মছলি-বাবা নামে পরিচিত। তাঁরা বলেন, বাবাজী নাকি প্রয়াগ থেকে গঙ্গাবক্ষে ভাসমান অবস্থায় বারাণসীতে এসে পৌঁছেছেন।

এ-ধরনের সাধুবাবার কথা আজকাল এত শোনা যায় যে আমার কাছে খবরটা তেমন একটা কিছু বলে মনে হল না। কিন্তু লালমোহনবাবু দেখলাম ভয়ংকরভাবে মেতে উঠেছেন। বললেন, ‘হয়তো সেই একেবারে তিব্বতে গঙ্গার সোর্স থেকে ভাসা শুরু করেছেন। ভাবলেও গায়ে কাঁটা দেয়।’

‘গঙ্গার সোর্স তিব্বতে এ খবর কে দিল আপনাকে?’

‘ও হো হো, সরি—ওটা বোধহয় ব্রহ্মপুত্র। যাই হোক—তিব্বত না হোক হিমালয় তো! তাই বা কম কীসে?’

‘আপনার কি তাকে দর্শন করার ইচ্ছে জেগেছে?’

‘যেমন-তেমন সাধু হলে হত না, কিন্তু এর মধ্যে একটা রহস্যের গন্ধ পাচ্ছেন না আপনি? মছলি-বাবা—নামটাই তো ইউনিক।’

ফেলুদা তত্তপোশ থেকে উঠে পড়ল।

‘নামটা মন্দ হয়নি সেটা স্বীকার করছি। খবর পড়ে ওই একটি জিনিসই মনে দাগ কাটে, আর কিছু নয়। কাশী যদি যেতেই হয় তো মছলি-বাবার জন্য নয়। কটোরি গলির হনুমান হালুইকরের রাবড়ির স্বাদ এখনও মুখে লেগে রয়েছে। ও জিনিসটা তো কলকাতার বাজার থেকে উঠেই গেছে।’

‘আর ধরুন যদি গিয়ে দেখেন যে হালুইকরকে কোনও অজ্ঞাত আততায়ী খুন করে গেছে—তার রাবড়ির রসে রক্তের ছিটে পড়ে রস গোলাপি হয়ে গেছে—তা হলে তো কথাই নেই। কাশীও হল, কেসও হল, ক্যাশও হল—হ্যাঃ হ্যাঃ। এক টিলে তিন পাখি। আপনি তো বেশ কিছুদিন বসে, তাই না?’

কথাটা ঠিকই। মাস তিনেক হল ফেলুদার হাতে কোনও কাজ নেই। অবিশ্যি তার একটা কারণ আছে, আর সেটা আমি এর আগেও বলেছি। ফেলুদা বলে একটা ক্রাইমের পিছনে যদি কোনও তীক্ষ্ণবুদ্ধি ক্রিমিন্যালের কারসাজির ছাপ না থাকে, তা হলে সে-ক্রাইমের কিনারা করতে বিশেষ মাথা খাটানোর প্রয়োজন হয় না, আর মাথা না খাটাতে পারলে ফেলুদার তৃপ্তি হয় না। কাজেই কেস মামুলি বুঝতে পারলে সে বেশির ভাগ সময়ই মক্কেলকে ফিরিয়ে দেয়।

এক কথায় ফেলুদা চায় তার তীক্ষ্ণ বুদ্ধিটাকে শানিয়ে নেবার সুযোগ। সে সুযোগ গত তিন মাসের মধ্যে আসেনি। এই অবসরে অবিশ্যি ফেলুদা অজস্র বই পড়েছে, নিয়মিত যোগব্যায়াম করেছে, সিগারেট খাওয়া কমিয়েছে, দাবা খেলেছে, দুবার চুল ছাঁটিয়েছে, দুটো বাংলা, একটা হিন্দি আর পাঁচটা বিদেশি ছবি দেখেছে, একদিন আমাকে সঙ্গে করে শ্যামবাজার পাঁচ মাথার মোড় থেকে বালিগঞ্জে আমাদের বাড়ি অবধি হেঁটে এসেছে এক ঘণ্টা সাতান্ন মিনিটে। এর মধ্যে একবার দাড়ি-গোঁফ রাখবে বলে সাতদিন শেভিং বন্ধ করে আট দিনের দিন আয়নায় নিজের চেহারা দেখে মত পালটিয়ে আবার পুরনো চেহারা ফিরে গেছে।

লালমোহনবাবু বললেন, ‘আপনার কেস নেই, আর আমার মাথায় গল্পের প্লট নেই। এই প্রথম পুজোয় আমার বই বেরোল না, জানেন তো? আগে তো এ-বই সে-বই থেকে এটা ওটা খামচে নিয়ে তার উপর কিছুটা রং চড়িয়ে যা হোক একটা কিছু খাড়া করে দিতাম; আপনার হাতে বার বার ধরা পড়ে চুরি বিদ্যে তো নো লংগার বড় বিদ্যে, তাই এখন নিজেরই মাথা খাটাতে হয়। ভাবছিলুম কলকাতার এই বদ্ধ আবহাওয়া থেকে বেরোতে পারলে বোধহয় ব্রেনটা কিছুটা খুলত।’

‘যেতে পারি, তবে একটা রিস্ক আছে।’

‘কী রিস্ক?’

‘গিয়ে-টিয়ে শেষটায় আমিও কেস পেলাম না, আপনিও প্লট পেলেন না।’

বেনারস গিয়ে লালমোহনবাবু গল্পের প্লট পেয়েছিলেন ঠিকই; তবে ফিরে আসার দুমাস পরে বড়দিনে তাঁর যে রহস্য উপন্যাসটা বেরোল, সেটার সঙ্গে টিনটিনের একটা গল্পের আশ্চর্য মিল।

ফেলুদার কিন্তু গিয়ে সত্যিই লাভ হয়েছিল। তা না হলে অবিশ্যি এ বইটাই লেখা হত না। ফেলুদার জীবনে সবচেয়ে ধুরন্ধর ও সাংঘাতিক প্রতিদ্বন্দ্বীর সঙ্গে তাকে এই বেনারসেই লড়াইতে হয়েছিল। ও পরে বলেছিল—‘এই রকম একজন লোকের জন্যই অ্যাডিন অপেক্ষা করছিলাম রে তোপসে। এ সব লোকের সঙ্গে লড়ে জিততে পারলে সেটা বেশ একটা টনিকের কাজ দেয়।’

দশাশ্বমেধ ঘাটের রাস্তার উপর পঞ্চাশ বছরের পুরনো বাঙালি হোটেল ক্যালকাটা লজ। হোটেলের ম্যানেজার নিরঞ্জন চক্রবর্তী লালমোহনবাবুর গড়পারের প্রতিবেশী পুলক চ্যাটার্জির ভায়রা ভাই। পুলকবাবু আগে থেকে আমরা আসছি বলে জানিয়ে দেওয়াতে হোটেলে জায়গা পেতে কোনও অসুবিধা হয়নি। অমৃতসর মেলে আমরা বেনারস পৌঁছলাম সকাল সাড়ে নটায়। সেখান থেকে ট্যাক্সি নিয়ে হোটেলে আসতে আসতে হয়ে গেল দশটা।

ম্যানেজার মশাই নিজে তখন হোটেলে নেই, কিন্তু তার জায়গায় যিনি ছিলেন তিনিই, চাকর হরকিশণের হাতে আমাদের জিনিসপত্র উপরে পাঠিয়ে খাতায় আমাদের নাম-ধাম লিখিয়ে সই করিয়ে নিলেন।

দোতলায় গিয়ে দেখি ঘরে চারটে খাট। তার একটার নীচে একটা মাঝারি সুটকেস, আর যেমন-তেমনভাবে গুটিয়ে রাখা একটা হোল্ড-অল। এ ছাড়া খাটের পাশে তাকে আর আলনায় কিছু জিনিসপত্র কাপড়-চোপড় ইত্যাদি রয়েছে। ফেলুদা সেগুলোর উপর একবার চোখ বুলিয়ে নিয়ে লালমোহনবাবুর দিকে ফিরে চাপা গলায় বলল, ‘নাসিকা গর্জনে আপনার ঘুমের ব্যাঘাত হয় না তো?’

‘কেন? কই, আপনার তো নাক ডাকে না।’

‘আমার না; আমি আমাদের রুম-মেটের কথা বলছি।’

‘সে কী মশাই, আপনি লোকটার ওই কটা জিনিসপত্র দেখেই—’

‘সঠিক বলে বলছি না; এটা অনুমান-মাত্র। সাধারণত মোটা লোকেরাই নাক ডাকায় বেশি, আর ইনি যে শীর্ণকায় নন সেটাও ঐর শার্ট আর প্যান্টের বহর দেখেই বোঝা যাচ্ছে। তার উপরে ফেনক্সের শিশি থেকে অনুমান করা যায় যে ঐর মাঝে মাঝে নাক বন্ধ হয়ে যায়। সেখানেও নাক ডাকার একটা সম্ভাবনা থেকে যাচ্ছে।’

‘সর্বনাশ!—আরও কিছু বুঝলেন নাকি?’

‘তাকের উপর প্রসাধনের জিনিসের মধ্যে শেভিং-এর সরঞ্জামের অভাবটা অর্থপূর্ণ নয় কি? অবিশ্যি যদি ইনি মাকুন্দ হয়ে থাকেন তা হলে আলাদা কথা, না হলে বলব দাড়ি-গোঁফ অবশ্যগ্ণ্যবী।’

হরকিশণের আনা চায়ের কাপ হাতে নিয়ে তিনজন ঘরের উত্তর দিকের বারান্দায় এসে দাঁড়ালাম। যে-রাস্তার উপরে বারান্দা, সেটাই পূব দিকে চলে গেছে সোজা দশাশ্বমেধ ঘাটে। রাস্তার দুদিকে সারি সারি দোকানে হিন্দি আর ইংরিজিতে লেখা সাইনবোর্ড। ফেলুদা

কিছুক্ষণ তাকিয়ে থেকে বলল, ‘তোপ্সে, তোকে যদি বলা যায় কলকাতার পাট উঠিয়ে এখানে এসে বাকি জীবনটা কাটাতে হবে—পারবি?’

একটু ভেবে বললাম, ‘বোধহয় না।’

‘কিন্তু এখানে এসেছিস মনে করেই মনটা নেচে উঠছে—তাই নয় কি?’

সত্যিই তাই। কাশীতে সারাজীবন থাকতে ভাল লাগবে না নিশ্চয়ই, কিন্তু যখনই ভাবছি আট-দশ দিনের বেশি থাকবার দরকার নেই তখনই মন বলছে বেনারসের মতো জায়গা হয় না।

‘তার কারণটা কী জানিস?’—ফেলুদা বলল—‘তুই যে নীচের দিকে তাকিয়ে শুধু একটা রাস্তা দেখছিস তা তো নয়; তুই দেখছিস বেনারসের রাস্তা। বেনারস! কাশী! বারাণসী!—চারটিখানি কথা নয়। পৃথিবীর প্রাচীনতম শহর, পুণ্যতীর্থ, পীঠস্থান! রামায়ণ মহাভারত মুনিঋষি যোগী সাধক হিন্দু মুসলমান বৌদ্ধ জৈন সব মিলে এই বেনারসের একটা ভেলকি আছে যার ফলে শহরটা নোংরা হয়েও ঐতিহ্যে ঝলমল করতে থাকে। যারা এখানে বসবাস করে তারা দিন গুজরানোর চিন্তায় আর এ সব কথা ভাববার সময় পায় না, কিন্তু যারা কয়েক দিনের জন্য বেড়াতে আসে তারা এইসব ভেবেই মশগুল হয়ে থাকে।’

লালমোহনবাবু এই ফাঁকে কখন জানি ভিতরে চলে গিয়েছিলেন, হঠাৎ তাঁর গলার আওয়াজ পেয়ে পিছন ফিরে দেখি তিনি সঙ্গে একজন অচেনা লোককে নিয়ে আমাদের দিকে এগিয়ে আসছেন। বছর পঞ্চাশেক বয়স, মাঝারি রং, মাথার কাঁচাপাকা চুল মাঝখানে সিঁথি করে পিছন দিকে টান করে আঁচড়ানো। চোখা নাকের নীচে পাতলা পান-খাওয়া ঠোঁট অল্প হাসিতে ফাঁক হয়ে আছে। ভদ্রলোক ফেলুদাকে নমস্কার করে বললেন, ‘আপনার পরিচয় পেলুম এনার কাছ থেকে। আমার হোটেলের সম্মান বাড়ল, হেঃ হেঃ।’

বুঝলাম ইনিই হলেন ম্যানেজার নিরঞ্জন চক্রবর্তী।

‘কোনও অসুবিধা-টসুবিধা—?’

‘না না—দিব্যি ব্যবস্থা।’

‘আসুন, নীচে আসুন আমার ঘরে। আপনাদের চা দিয়েছে? শুধু চা? অ্যাঃ—ছি ছি!’

দেয়ালে তিনটে ইংরিজি আর দুটো বাংলা ক্যালেন্ডার, আর রবীন্দ্রনাথ সুভাষ বোস বিবেকানন্দ আর শ্রীঅরবিন্দর ছবি টাঙানো। ম্যানেজারের ঘরে বসে আমরা আরেক কাপ চা আর হালুয়া সোহন খেলাম। এ ঘরটা বাড়ির ভিতরের দিকে, তাই সাইকেল রিকশার হর্ন ছাড়া রাস্তার আর কোনও শব্দই আসে না।

নিরঞ্জনবাবু বললেন, ‘আমার হোটেল গত মার্চ মাসে বিশ্বশ্রী গুণময় বাগচী থেকে গেচেন—ওই আপনাদের তিন নম্বর ঘরটাতেই। ওঃ—কী মাসল মশাই! আদ্রির পাঞ্জাবি পরে গোধূলিয়ার মোড়ে পান কিনতে গেচে, আর তিন মিনিটে রাস্তায় ভিড় জমে গেচে। হাত ভাঁজ করে পান মুখে পুরচে আর তাতেই বাইসেপ ঠেলে বেরুচ্ছে।...আপনি কিন্তু যাবার আগে আমাদের অ্যালবামে দু লাইন লিখে দিয়ে যাবেন। অনেক গুণী লোকের লেখা রয়েছে ওতে। তবে মাগির বাজার, বোঝেন তো—মনের মতো মেনু দিতে পারব না আপনাদের, এই যা দুঃখ।’

ফেলুদা বলল, ‘আপনি শুধু আমার লেখা চাইছেন কেন—ইনিও কিন্তু খ্যাতিতে কম যান না।’

লালমোহনবাবু বিনয় করার ভাব করে কী একটা বলতে গিয়েও বললেন না। নিরঞ্জনবাবু হেসে বললেন, ‘ওঁর কথা আমার ভায়রা ভাই আগেই জানিয়েছিল। আপনার আসাটা সারপ্রাইজ কিনা, তাই বলছি আর কী।’



লালমোহনবাবু কিছুক্ষণ থেকেই উসখুস করছিলেন, এবার আর থাকতে না পেরে বললেন, 'কাগজে দেখলুম—এখানে একটি সাধুবাবার আবির্ভাব হয়েছে ?'

'কে, আবলুস বাবা ?'

'কই না তো । আবলুস তো নয় । মছলি-বাবা নাম দিয়েছে যে কাগজে ।'

'ওই হল । হিন্দিওয়ালারা মছলি বলছে । আবলুস নাম আমার দেওয়া । গিয়ে দেখলে বুঝবেন নামকরণটা কেমন হয়েছে ।'

'সত্যিই সাঁতরে এসেছেন নাকি ?'

প্রশ্নগুলো লালমোহনবাবুই করছেন, ফেলুদা শ্রোতা । নিরঞ্জনবাবু বললেন, 'তাই তো বলচে । বলে-এখন নাকি প্রয়াগ থেকে আসছেন । তবে স্টার্টিং পয়েন্ট হল গিয়ে হরিদ্বার । এখেন থেকে যাবেন মুঙ্গের-পাটনা । তারপর একদিন হয়তো দেখবেন বাবুঘাটে গিয়ে নোঙর ফেলেচেন বাবাজী !'

'অলৌকিক ক্ষমতার ব্যাপারটা কী মশাই ?'

‘যা শুনিচি তাই বলচি । কেদার ঘাটে চিতপাত হয়ে পড়ে ছিলেন বাবাজী । ভোর রাতিরে অভয় চক্কোত্তি ঘাটে নেমেছেন । পঁয়ত্রিশ বছরের অভ্যেস মশাই—ঘড়ি ধরে সাড়ে চারটে—ফার্স্ট টু অ্যারাইভ—শীত গ্রীষ্ম বর্ষা কোনও তফাত নেই । সত্তর বছর বয়স, চোখে ছানি । পা ফেলতে গিয়ে শানের বদলে নরম নরম কী ঠেকেছে, ঝুঁকে দেখেন মানুষ । গায়ের চামড়া কুঁচকানো, মনে হয় অনেকক্ষণ জলে ছিল । লোকটা এপাশ ওপাশ করছিল—যেন বেহুঁশ অবস্থা থেকে সবে জ্ঞান ফিরচে । চক্কোত্তি মশাই ঘাড় নিচু করে দেখচেন, এমন সময় বাবাজী চোখ খুলে তাঁর দিকে চেয়ে হিন্দি টানে বাংলা ভাষায় বললেন, ‘মা এত জল দিয়ে ঘিরে রেখেছে তোকে, তাও তোর আগুনের ভয় ?’—ব্যস্, ‘ওই এক কথাতেই অভয় চক্কোত্তি কাত ।’

আমরা তিনজনে মুখ চাওয়া-চাওয়ি করছি দেখে নিরঞ্জনবাবু ব্যাপারটা বুঝিয়ে দিলেন । ‘কাশী আসার আগে অভয় চক্কোত্তি থাকতেন চুঁচড়ায় । সেইখানে একবার কালীপুজোয় তাঁর বাড়িতে আগুন লাগে । তাতে তাঁর স্ত্রী আর একটি চোন্দো বছরের ছেলে মারা যায় । সেই থেকে ভদ্রলোক বিবাগী হয়ে কাশীবাসী হয়ে যান । অত্যন্ত সদাশয়, সাত্ত্বিক মানুষ । বাবাজীর এই কথায় তার মনের কী অবস্থা হবে সে তো বুঝতেই পারচেন ।’

‘সেদিন থেকেই বাবাজী অভয় চক্কোত্তির বাড়িতে ?’

‘সেদিন কী মশাই, কয়েক ঘণ্টার মধ্যে দীক্ষা-টীক্ষা কমপ্লিট । তারপর যা হয় । খবর রটে যায় । লোক আসতে শুরু করে । রেগুলার দর্শন । ঘাটের কাছেই অভয় চক্কোত্তির বাড়ি । ভেতরে উঠন । দাওয়ার উপর বাবাজী বসেন, উঠনে ভক্তরা । একটি একটি ভক্ত কাছে যায়, বাবাজী তাদের একটি করে মন্ত্রপূত শব্দ দিয়ে দেন ।

‘শব্দ কী মশাই ?’ প্রশ্ন করলেন লালমোহনবাবু ।

‘মাছের আঁশ মশাই, মাছের আঁশ । লোকেরা বলছে স্বয়ং বিষ্ণু আবার মাছ হয়ে এসেছেন ।’

‘সে আঁশ কি খেতে হয় নাকি মশাই ?’ লালমোহনবাবু এমনভাবে নাক কুঁচকেছেন যেন আঁশটে গন্ধ পাচ্ছেন ।

‘খেতে হবে কেন ? পরদিন সূর্য ওঠার ঠিক আগে—যাকে বলে ব্রাহ্মমুহূর্ত—সেই সময়ে গঙ্গায় ভাসিয়ে দিলেই হল ।’

‘ওটা করে কি কেউ কোনও ফল পাচ্ছে ?’

‘আর পাঁচজনের কথা তো বলতে পারি না—আমার একটা কলিক পেনের মতো হচ্ছিল ; গোপেন ডাক্তার ম্যাগফস্ খেতে বলেছিল । খাচ্ছিলুম । বাবাজী এলেন, দর্শন করলুম, আঁশ পেলুম—পরদিন জলে ভাসিয়ে দিলুম । এখন পেনটা নেই বললেই চলে—তা সে হোমিওপ্যাথির গুণ না আঁশপ্যাথির গুণ তা বলতে পারি না ।’

‘কদ্দিন থাকবেন এখানে কিছু জানেন ?’

‘ইনি ডাঙায় কোনওখানেই নাকি বেশিদিন থাকেন না । তবে ঐর যাওয়ার দিনটা নাকি ভক্তরাই ঠিক করে দেন ।’

‘কীরকম ?’

‘সেটা আজ সন্কেবেলা জানা যাবে । আপনাদের নিয়ে যাব । আজই নাকি জানা যাবে বাবাজীর কাশীর মেয়াদ আর কদ্দিন ।’

নিরঞ্জনবাবুর ঘরে বসে আরও কিছুক্ষণ কথা বলে আমরা বেরিয়ে পড়লাম। ভদ্রলোক বললেন ওঁর হাতে কিছুটা সময় আছে, তারপর নাকি ব্যাঞ্জে যেতে হবে, তার আগে পর্যন্ত উনি আমাদের সঙ্গে ঘুরবেন।

হোটেল থেকে বেরিয়ে ডান দিকে কিছু দূর গেলেই রাস্তার লোক আর গাড়ি চলাচলের শব্দের সঙ্গে একটা নতুন শব্দ কানে আসতে থাকে। আরও কিছু দূর গেলেই একটা মোড় ঘুরে সামনে গঙ্গা দেখতে পাওয়া যায়। এখান থেকে রাস্তাটা ঢালু হয়ে সিঁড়ির ধাপ আরম্ভ হয়ে যায়। প্রত্যেক ধাপের মাঝখানে আর দু পাশে লাইন করে ভিথিরি। এক সঙ্গে এত ভিথিরি এর আগে কখনও দেখিনি। এই ভিথিরির আশেপাশেই চরে বেড়াচ্ছে বোকা-পাঁঠার দল। লালমোহনবাবু বললেন, ‘ধন্য আপনার নাকের স্মরণশক্তি মশাই। এ গন্ধ তো আমি নিজেও পেয়েছি আগের বার—কিন্তু ভুলে গেলাম কী করে?’

দশাশ্বমেধ ঘাটের বর্ণনা দিতে গেলে আমিও হয়তো লালমোহনবাবুর মতো জমজমাট কথাটা ব্যবহার করতাম, কিন্তু ফেলুদার ধমকের পর আর করব না। হোটেল ফিরে এসে ঘাটের লোককে কী কী কাজ করতে দেখেছি তার একটা নম্বর দেওয়া লিস্ট করতে গিয়ে একশো তেরো অবধি পৌঁছে থেমে গেলাম। সেটা আবার ফেলুদা পড়ে বলল, ‘দিব্য হয়েছে—কেবল গোটা ত্রিশেক বাদ পড়েছে।’

ঘাটের সিঁড়িতে দাঁড়িয়ে উত্তর দিকে চাইলে রেলের ব্রিজটা দেখা যায়, আর পূব দিকে নদীর ওপারে দেখা যায় রামনগর—যেখানে রাজা আছে, কেব্লা আছে, আর নদীর ধারে নাকি সন্ন্যাসীদের একটা আস্তানা আছে।

দশাশ্বমেধের পাশেই উত্তরে হল মানমন্দির ঘাট। ঘাটের উপরেই একটা বাড়ির ছাতে প্রায় চারশো বছর আগে রাজা জয়সিংহের তৈরি জ্যোতির্বিদ্যার যন্ত্রপাতি রয়েছে। দিল্লিরটার মতোই এটাও একটা ছোটখাটো যন্ত্র-মন্ত্র। ফেলুদা হয়তো সেটা দেখবার মতলবেই মানমন্দির ঘাটের সিঁড়ি দিয়ে উঠছিল, এমন সময় একটা ঘটনা ঘটল।

এটা বলা দরকার যে এদিকটায় দশাশ্বমেধের স্নানের হট্টগোল প্রায় পৌঁছোয় না বললেই চলে। আওয়াজের মধ্যে দূর থেকে ভেসে আসা লাউডস্পিকারে হিন্দি ফিল্মের গান, আর আমাদের থেকে বেশ কয়েক ধাপ নীচে দুজন লোকের কাপড় কাচার শব্দ। আমাদের ডান দিকে একটা বটগাছ, তাতে কতগুলো বাঁদর বাঁদরামো করছে। গাছের উপর দিকের ডালপালা একটা হলদে বাড়ির ছাতের উপর নুয়ে পড়েছে। একটা চিংকার শুনে আমাদের চারজনকেই দৃষ্টি ছাতটার দিকে চলে গেছে।

একটি ছেলে ছাতের পাঁচিলের উপর উঠে দাঁড়িয়েছে। তিনতলা বাড়ির ছাত। ছেলেটি যেখানে দাঁড়িয়েছে তার সামনে একটা সরু গলি, আর গলির ওপাশে আরেকটা তিনতলা বাড়ি। সেটার রং লাল। সেটার ছাতেও নিশ্চয়ই একজন কেউ আছে, যদিও তাকে দেখা যাচ্ছে না। তাকেই উদ্দেশ্য করে প্রথম ছেলেটি চ্যাঁচাচ্ছে।

‘শয়তান সিং!’

হাঁক দেবার মেজাজটা যেন সে একটা ফিল্মের হিরো।

পাশ থেকে নিরঞ্জনবাবু ফিসফিস করে বললেন, ‘ঘোষালদের বাড়ির ছেলে। দুর্দান্ত ডানপিটে।’

আমার তলপেটটা কেমন জানি করছে। ছেলেটি যদি একবার টাল হারায় তো চল্লিশ-পঞ্চাশ ফুট নীচে পাথরে বাঁধানো রাস্তায় পড়বে।



‘আর লুকিয়ে কোনও লাভ নেই। আমি জানি তুমি কোথায় আছ।’—আবার চিৎকার করে উঠল ছেলেটি।

ফেলুদাও টান হয়ে উপরের দিকে চেয়ে ঘটনাটা দেখছে। এবার লালমোহনবাবুর খসখসে চাপা গলা শোনা গেল।

‘শয়তান সিং হচ্ছে অকুর নন্দীর লেখা পাঁচখানা বইয়ের ভিলেন মশাই—রহস্য-রোমাঞ্চ সিরিজ।’

‘আমি আসছি তোমার কাছে।’—আবার চিৎকার এল—‘তুমি আত্মসমর্পণের জন্য প্রস্তুত হও।’

ছেলেটি হঠাৎ পাঁচিল থেকে নেমে উধাও। ভাবছি এবার কী নাটক দেখব কে জানে, এমন সময় হঠাৎ দেখি একটা বাঁশ হলদে বাড়ির পাঁচিলের উপর দিয়ে বেরিয়ে সামনের লাল বাড়ির ছাতের দিকে এগিয়ে গিয়ে দুই বাড়ির মাঝখানে একটা ব্রিজ তৈরি করল। এইবার ফেলুদা মুখ খুলল, যদিও গলার স্বর চাপা।

‘ওনার মতলবটা কী?’

‘শয়তান সিং!’—আবার হুঙ্কার। ‘তুমি দশ গুনতে গুনতে আমি তোমার কাছে এসে পড়ব।’

এবার যেটা ঘটল তাতে আমাদের সকলেরই ঘাম ছুটে গেল।

ছেলেটি পাঁচিল থেকে কার্নিশে নেমে খপ্ করে বাঁশটা ধরে শূন্যে ঝুলে পড়ল।

‘এক...দুই...তিন...চার...’

উলটো দিকের ছাত থেকে শয়তান সিং গুনতে শুরু করেছে, আর এ ছেলেটি বাঁশ ধরে ঝুলতে ঝুলতে এগোচ্ছে।

‘একটা কিছু করুন মশাই।’ নিরঞ্জনবাবু ধরা গলায় বললেন,—‘আমার কলিক পেনটা আবার—’

ফেলুদার ডান হাতের তর্জনীটা গোথরোর ফোঁস করার মতো এক লাফে ঠোঁটে চলে এল। আমরা সবাই দম বন্ধ করে এই খুদে ছেলের দুঃসাহসিক ব্যাপারটা দেখতে লাগলাম।

‘হুয়...সাত...আট...ন—য়।’

নয় গোনার সঙ্গে সঙ্গে ছেলেটি উলটো দিকে পৌঁছে গিয়ে কার্নিশে পা ফেলেই বাঁশেরই উপর ভর করে পাঁচিল উপরে লাল বাড়ির ছাতে নেমে গেল। তারপর শোনা গেল একটা অচেনা গলায় এক বিকট চিৎকার, আর সেই সঙ্গে প্রথম ছেলেটির এক অদ্ভুত হাসি।

লালমোহনবাবু বললেন, ‘মেরেই ফেললে নাকি মশাই?—কোমরে যেন ছোরা গোছের কী একটা ঝুলতে দেখলুম।’

ফেলুদা গলির দিকে পা বাড়িয়ে বলল, ‘ভিলেনটি কীরকম জানি না, হিরোটি যে দুর্দান্ত সাহসী তাতে কোনও সন্দেহ নেই।’

নিরঞ্জনবাবু বললেন, ‘ঘোষাল বাড়িতে রিপোর্ট করা ছাড়া আর কোনও রাস্তা নেই।’

আমরা আরেকটু এগোতেই লাল বাড়িটার দরজার সামনে পৌঁছে গেলাম। ভিতরে অন্ধকার। কাছেই বোধহয় সিঁড়ি, কারণ ধূপ ধাপ পায়ের শব্দ পাচ্ছি, আর সেই সঙ্গে ছেলেটির কথা এগিয়ে আসছে।

...‘তারপর ঝপাৎ করে পড়বে জলে, আর ভাসতে ভাসতে ভাসতে ভাসতে চলে যাবে একেবারে সমুদ্রে, আর সেখানে একটা হাঙর এসে টপ্ করে গিলে ফেলবে। আর সেই হাঙরটা যখন ক্যাপ্টেন স্পার্কের দিকে চার্জ করবে, তখন ক্যাপ্টেন স্পার্ক হারপুন দিয়ে ঘ্যাচাং করে মারবে সেটার পেটে, আর—’

এইটুকু বলে আর বলা হল না, কারণ ঘামে চপ্ চপ্ ছেলে দুটি দরজা দিয়ে বাইরে এসে পড়েছে, আর প্রথম ছেলেটি আমাদের দেখেই থমকে দাঁড়িয়েছে। বয়স বছর দশের বেশি নয়, ধপধপে ফরসা রং, চোখ নাক একেবারে রাজপুত্রের মতো। অন্য ছেলেটির বয়স কিছুটা বেশি। ইনি যে বাঙালি নন সেটা দেখলেই বোঝা যায়। দুজনেরই চোয়াল যেভাবে চলছে তাতে বোঝাই যায় তারা মুখে চুইং গাম পুরে নিয়েছে।

ফেলুদা প্রথম ছেলেটিকে বলল, ‘ও-তো শয়তান সিং আর তুমি কে?’

‘ক্যাপ্টেন স্পার্ক’, চাবুকের মতো উত্তর দিল ছেলেটি।

‘তোমার আরেকটা নাম আছে না? তোমার বাবা তোমাকে কী বলে ডাকেন?’

‘আমার নাম ক্যাপ্টেন স্পার্ক। আমার বাবাকে বিষাক্ত তীর মেরে খুন করেছিল শয়তান সিং আফ্রিকার জঙ্গলে। তখন আমার বয়স সাত। তখন থেকে আমার চোখে প্রতিহিংসার বিদ্যুৎ জ্বলে, তাই আমার নাম স্পার্ক।’

‘সর্বনাশ,’ বললেন লালমোহনবাবু, ‘এ যে অক্রুর নন্দীর বই মুখস্থ করে ফেলেছে মশাই।’

ছেলেটি লালমোহনবাবুর দিকে একবার কটমট করে তাকিয়ে তার বন্ধুকে নিয়ে গম্ভীরভাবে গলি দিয়ে এগিয়ে গিয়ে মোড় ঘুরে অদৃশ্য হয়ে গেল।

‘বর্ন অ্যাকটর’—মস্তব্য করলেন জটায়ু।

ফেলুদা নিরঞ্জনবাবুকে জিজ্ঞেস করল, ‘ঘোষাল বাড়িতে কাউকে চেনেন?’

‘চিনব না? অ্যাডিন রয়েছি কাশীতে। ওদের সকলেই চেনে। প্রায় একশো বছর হল বেনারসে বাস। এই যে খোকাকে দেখলেন, এর ঠাকুরদা অধিকা ঘোষাল এখানেই থাকেন। ওকালতি করতেন, বছর খানেক হল ছেড়ে দিয়েছেন। খোকার বাপ উমানাথ ঘোষাল কলকাতায় থাকেন, কেমিক্যালের ব্যবসা। প্রত্যেক পুজোয় ফ্যামিলি নিয়ে এখানে আসেন। এদের বাড়িতেই দুর্গাপুজো হয়। খানদানি পরিবার মশাই। এদের জমিদারি ছিল ইস্টবেঙ্গলে পদ্মার ধারে।’

‘একবার উমানাথের সঙ্গে দেখা করা যায়?’

‘কেন যাবে না। আপনারা তো আবলুসবাবা দর্শনে যাবেন বলছিলেন, সেখানেও দেখা হয়ে যেতে পারে। শুনচি নাকি ইনিও দীক্ষা নেবেন নেবেন করচেন।’

আবলুসবাবাকে দেখে নিরঞ্জনবাবুর নামকরণের তারিফ না করে পারা যায় না। ফেলুদা দেখেছে কি না জানি না, আমি নিজে জীবনে এত মিশকালো লোক দেখিনি। শুধু কালো নয়, এমন মসৃণ কালো যে হঠাৎ দেখলে মনে হয় গায়ে বুঝি সাপের খোলসের মতো একটা কিছু পরে আছেন। তার উপরে কাঁধ অবধি ঢেউ খেলানো চুল, আর বুক অবধি ঢেউ খেলানো দাড়ি—দুটোই কুচকুচে কালো। সাধুবাবা জোয়ান লোক; বয়স ত্রিশ-পঁয়ত্রিশের বেশি হলে আশ্চর্য হব। অবিশ্যি জোয়ান না হলে আর এত সাঁতার কাটেন কী করে। বাবার চেহারা আরও খোলতাই হয়েছে তার গায়ের টকটকে লাল সিল্কের চাদর আর লুঙ্গির জন্য।

আমরা চারজন উঠে ভক্তদের ভিড়ের পিছনে দাঁড়িয়েছি, বাবাজী বারান্দায় শীতল-পাটির উপর বিছানো একটা সাদা চাদরে বসেছেন, তার দু পাশে দুটো আর পিছনে একটা হলদে মখমলের তাকিয়া। বাবার বাঁ পাশে একজন বৃদ্ধ চোখ বুঁজে হাত জোড় করে বসে আছেন, বোঝাই যাচ্ছে ইনি হলেন অভয় চক্রবর্তী। বাবা নিজে পদ্মাসনের ভঙ্গিতে বসে অল্প অল্প দুলছেন, আর ডান হাতের তেলো দিয়ে হাঁটুতে হাত বুলাচ্ছেন। দোলানিটা হচ্ছে তালে তালে, কারণ বারান্দার এক ধারে বসে একজন লোক কাঠের খঞ্জনি বাজিয়ে একটা হিন্দুস্থানি ভজন গাইছে। গানের প্রথম দুটো লাইন মনে ছিল, হোটলে ফিরে এসে খাতায় লিখে

রেখেছিলাম—

ইতনী বিনতি রঘুনন্দন সে
দুখ দ্বন্দ্ব হামারা মিটাও জী—

আজ আর সেই মাছের আঁশের ব্যাপারটা হচ্ছে না। তার বদলে আজ একটা বিশেষ ঘটনা ঘটবার কথা আছে; মছলিবাবা আজ তার ভক্তদের কাছ থেকে জেনে নেবেন আর কদিন পরে তাঁকে কাশী ছেড়ে চলে যেতে হবে। সেটা যে কী ভাবে জানা হবে তা এখনও কেউ জানে না।

লালমোহনবাবুর দেখছি বেনারসে এসেই ভক্তিভাবটা একটু বেড়ে গেছে। সকালে দশাশ্বমেধ ঘাটে ওঁকে বার তিনেক বেশ গলা উচিয়ে ‘জয় বাবা বিশ্বনাথ’ বলতে শুনেছি। এখানে এসে দেখছি বাবাজীকে দেখেই ওঁর হাত দুটো আপনা থেকেই জোড় হয়ে গেছে। এত ভক্তি দেখালে অ্যাডভেঞ্চার গল্পের প্লট মাথায় কী করে আসবে জানি না। বোধহয় ভাবছেন মছলিবাবা ওঁকে স্বপ্নে প্লট দিয়ে দেবেন।

কালো প্যান্ট আর নীল রঙের গুরু শার্ট পরা একজন ভদ্রলোক সবেমাত্র আমাদের পিছন দিয়ে ঢুকে আমাদেরই পাশে দাঁড়িয়ে বোধহয় ভাবছেন ভিড় ঠেলে কী করে এগোনো যায়। নিরঞ্জনবাবু লোকটির দিকে ঝুঁকে পড়ে বললেন, ‘ঘোষাল সাহেব এলেন না?’ ভদ্রলোক গলা নামিয়ে উত্তর দিলেন, ‘আজ্ঞে না, ওনার খুড়তুতো ভাই আর তার স্ত্রী এসে পৌঁছেছেন আজ দুর্গাপুর থেকে, বাড়িতে তাই..’

ভদ্রলোকের রং ফরসার দিকে, জুলপিটা হাল ফ্যাশানের, চোখে চশমা, সব মিলিয়ে মোটামুটি চালাক চতুর চেহারা। ‘আপনার সঙ্গে আলাপ করিয়ে দিই’—নিরঞ্জনবাবু ফেলুদার দিকে চেয়ে বললেন—‘ইনি বিকাশ সিংহ—উমানাথবাবুর সেক্রেটারি।’

তারপর আমাদের তিনজনেরও পরিচয় করিয়ে দিলেন নিরঞ্জনবাবু। ফেলুদার নাম শুনেই সিংহি মশাইয়ের ভুরুটা কঁচকে গেল।

‘প্রদোষ মিত্র? গোয়েন্দা প্রদোষ মিত্র?’

‘হ্যাঁ মশাই’,—নিরঞ্জনবাবু গলা চাপতে ভুলে গেলেন—‘স্বনামধন্য ডিটেকটিভ। আর ইনিও অবিশ্যি কম ইয়ে নন—’

নিরঞ্জনবাবু লালমোহনবাবুর দিকে দেখানো সত্বেও সিংহ মশাইয়ের দৃষ্টি ফেলুদার দিকেই রয়ে গেল। ভদ্রলোক কী যেন বলতে চাইছেন।

‘ইয়ে আপনি এখানে আছেন জানলে...কোথায় উঠেছেন বলুন তো?’

‘আমারই হোটেলে মশাই!’—নিরঞ্জনবাবু এবার খেয়াল করে গলাটা নামিয়ে কথাটা বললেন।

‘ঠিক আছে, মানে...’ বিকাশবাবু এখনও আমতা-আমতা করছেন—‘একবারটি বোধহয়...ঠিক আছে, কাল না হয় যোগাযোগ করব।’

ভদ্রলোক নমস্কার করে ভিড় ঠেলে এগিয়ে গেলেন।

‘এক ব্রহ্ম, এক সূর্য, এক চন্দ্র।’

মছলিবাবা দুহাত তুলে চৈঁচিয়ে উঠছেন। ভজন থেমে গেল। ভক্তরা সবাই থমকে গিয়ে সোজা হয়ে বসল। এতক্ষণ লক্ষ করিনি, এবার দেখলাম বাবার যেদিকে অভয়বাবু বসেছেন তার উলটোদিকে আরেকটি ভদ্রলোক—বছর চল্লিশেক বয়স—সামনে একটা নকশা করা থলি নিয়ে বসেছেন। থলির পাশে স্তূপ করে কালো কালো কী জানি রাখা রয়েছে।

‘দু হাত দু পা দু চোখ দু কান!’—বাবাজী আবার শুরু করলেন। এ সব বলার কী মানে কিছুই বুঝতে পারছি না; অন্যেরা কেউ বুঝছে কি না তাও বুঝতে পারছি না।

‘তিন কুল তিন কাল চার দিক চার যুগ পঞ্চ ভূত পঞ্চ ইন্দ্রিয় পঞ্চ নদ পঞ্চ পাণ্ডব—এক, দো, তিন, চার, পাঁচ !’

বাবাজী একটু থামলেন। থলিওয়ালা ভদ্রলোক তার দিকে হাঁ করে চেয়ে আছেন, ভক্তরাও সব চেয়ে আছে। লালমোহনবাবু আমার কানের কাছে ফিসফিস করে বললেন, “থ্রিলিং।” বাবাজী আবার শুরু করলেন—

‘ছে রিপু ছে ঋতু, সপ্ত সুর সপ্ত সিন্ধু, অষ্ট ধাতু অষ্ট সিদ্ধি, নবরত্ন নবগ্রহ, দশকর্ম দশ মহাবিদ্যা দশাবতার দশাশ্বমেধ—এক থেকে দশ।’

এইটুকু বলে বাবাজী থলিওয়ালা ভদ্রলোকের দিকে ইশারা করলেন। ভদ্রলোক ফিসফিস করে বাবাজীকে কী যেন বলে দিলেন। তারপর ভক্তদের দিকে ফিরে অস্বাভাবিক রকম সরু গলায় বললেন, ‘এবার আপনারা এক থেকে দশের মধ্যে একটি সংখ্যা বেছে নিয়ে একে একে বাবাজীর সামনে এসে এই থলির মধ্যে থেকে একটি কাগজের টুকরো নিয়ে তাতে এই কাঠকয়লার সাহায্যে সংখ্যাটি লিখে আমার হাতে দিয়ে দেবেন।’ প্রথমে বাংলায় বলে আবার সেটা হিন্দি করে বললেন।

ফেলুদা নিরঞ্জনবাবুর দিকে ঝুঁকে পড়ে বলল, ‘যে সংখ্যাটা সবচেয়ে বেশি বার পড়বে, সেটাই কি বলে দেবে বাবা কদিন থাকবেন?’

‘হয়তো তাই। সেটা তো বললে না কিছু!’

‘যদি তাই হয় তা হলে বোধহয় বাবাজীর সাতদিনের বেশি মেয়াদ নেই।’

‘আপনি লিখবেন নাকি?’

‘না মশাই। বাবা থাকছেন কি যাচ্ছেন সে নিয়ে তো আমাদের অত মাথাব্যথা নেই। আমরা দেখতে এসেছি, দূর থেকে দেখে চলে যাব—ব্যস্। তবে একটা জিনিস জানার কৌতূহল হচ্ছে। এইসব ভক্তদের মধ্যে কিছু কিছু গণ্যমান্য লোকও আছেন তো, নাকি সবাই সাজানো ভক্ত?’

‘কী বলছেন মশাই!’—নিরঞ্জনবাবুর চোখ কপালে উঠে গেল। ‘এরা সব বলতে পারেন একেবারে ক্রিম অফ কাশী। ওই দেখুন—সাদা চাদর গায়ে, মাথায় টাক—উনি হলেন শ্রুতিধর মহেশ বাচস্পতি, মহাপণ্ডিত—আজন্ম কাশীতে রয়েছেন। তারপর ওই দেখুন মৃত্যুঞ্জয় সেন কবিরাজ, দয়াশঙ্কর গুরুরা—এলাহাবাদ ব্যাক্সের এজেন্ট। যিনি বাবাজীর পাশে থলি নিয়ে বসে আছেন তিনি হলেন অভয় চক্ৰোত্তির ভাইপো—আলিগড় ইউনিভার্সিটিতে ইংরিজির প্রোফেসর। উকিল ব্যারিস্টার ডাক্তার প্রোফেসর হালুইকর—কিছু বাদ নেই মশাই। আর মহিলা কত আছেন সে তো দেখতেই পাচ্ছেন। আর ওই দেখুন—’

নিরঞ্জনবাবু একজন সাদা পাঞ্জাবি আর সাদা বেনারসি টুপি পরা জাঁদরেল লোকের দিকে দেখালেন।

‘ওকে চেনেন? উনি হলেন মগনলাল মেঘরাজ। ওঁর মতো পয়সা আর দাপট কাশীতে আর কারুর নেই। বেনারসে যদি বাঘ থাকত তো এখানকার বলদগুলোর সঙ্গে এক ঘাটে জল খেত ওঁর নামে।’

‘মগনলাল মেঘরাজ?... নামটা চেনাচেনা মনে হচ্ছে।’

নিরঞ্জনবাবু ফেলুদার দিকে আরও খানিকটা ঝুঁকে পড়লেন—আর সেই সঙ্গে আমিও।

‘দুবার পুলিশ রেড হয়ে গেছে ওর বাড়িতে। একবার কলকাতায়—ওর বড়বাজারের গদিতে—একবার এখানে। চোরা কারবার, কালো টাকা—যা ভাবতে চান ভাবুন না।’

‘পুলিশ তো পায়নি কিছু—তাই না?’

‘পুলিশ তো সব ওর হাতের মুঠোয় মশাই। রেড তো নামকাওয়াস্তুে।’

ভক্তের দল এখনও একজন একজন করে গিয়ে কাগজে নম্বর দিয়ে আসছে। দেখে মনে হয় বেশ কিছুক্ষণ সময় লাগবে। আমরা আরও মিনিট পাঁচেক দেখে বাইরে বেরিয়ে এলাম। গেটের কাছে পৌঁছতে না পৌঁছতে পিছন থেকে একটা ডাক শুনে ঘুরে দেখি যার সঙ্গে নিরঞ্জনবাবু আমাদের আলাপ করিয়ে দিলেন, সেই মিস্টার সিংহ ব্যস্তভাবে আমাদের দিকে এগিয়ে আসছেন।

‘আপনারা চললেন?’—ভদ্রলোক বিশেষ করে ফেলুদার দিকে তাকিয়েই প্রশ্নটা করলেন। উত্তরে ফেলুদা কিছু বলার আগেই ভদ্রলোক বললেন, ‘ইয়ে, আপনাদের এখনই একবারটি আমাদের বাড়ি আসা সম্ভব হবে কি? মিস্টার ঘোষাল আপনার সঙ্গে একটু কথা বলতে পারলে খুশি হতেন।’

ফেলুদা হাতের ঘড়িটা দেখে নিয়ে বলল, ‘আমাদের আর কী অসুবিধা বলুন। নিরঞ্জনবাবুকে অবিশ্যি হয়তো হোটেলে ফিরে যেতে হবে।’

‘আপনারা তিনজনে ঘুরে আসুন’, নিরঞ্জনবাবু বললেন, ‘তবে বেশি রাত না করলে খাবারটা গরম গরম খেতে পারবেন—এইটে শুধু বলে রাখলাম। আজ আপনাদের জন্য ফাউল কারি করতে বলিচি।’

৩

‘আপনার নাম আমি শুনেছি। আপনিই তো ভুবনেশ্বরের যক্ষীর ভাঙা মাথা উদ্ধার করে দিয়েছিলেন—তাই না?’

‘আজ্ঞে হ্যাঁ—ফেলুদা ওর পক্ষে যতটা সম্ভব বিনয়ী হাসি হেসে বলল। উমানাথ ঘোষালের বয়স চল্লিশের বেশি না, গায়ের রং ছেলেরই মতো টকটকে, চোখ দুটো কটা আর ঢুলুঢুলু। কথা বলার সময় লক্ষ করলাম যে দুটো ভুরু এক সঙ্গে কখনই উপরে উঠছে না; একটা ওঠে তো অন্যটা নীচে থেকে যায়।

‘এঁরা সব আপনার—?’—ভদ্রলোকের দৃষ্টি ফেলুদার দিক থেকে আমাদের দুজনের দিকে ঘুরে গেছে।

‘এটি আমার খুড়তুতো ভাই তপেশ, আর ইনি লালমোহন গাঙ্গুলী, জটায়ু ছদ্মনামে অ্যাডভেঞ্চারের গল্প লেখেন।’

‘জটায়ু?’—উমানাথের ডান ভুরুটা উঠে গেল। ‘নামটা চেনা চেনা লাগছে। বুকুর কাছে ওঁর কিছু বই দেখেছি বলে যেন মনে পড়ছে। তাই না হে বিকাশ?’

‘আজ্ঞে হ্যাঁ’, বললেন বিকাশবাবু, ‘খান তিনেক আছে বোধহয়।’

‘বোধহয় আবার কী। তুমিই তো যত রাজ্যের রহস্যের বই কিনে দাও ওকে।’

বিকাশবাবু অপ্রস্তুত হাসি হেসে বললেন, ‘ও ছাড়া ও আর কিছু পড়তেই চায় না।’

‘এ বয়সে তো ও সব পড়বেই, পড়বেই’, বলে উঠলেন লালমোহনবাবু। সকালে ক্যাপ্টেন স্পার্ক আর শয়তান সিং—এর নাম শোনা অবধি উনি বেশ মনমরা হয়ে ছিলেন; এখন আবার মুখে হাসি ফুটেছে। রহস্য রোমাঞ্চ বইয়ের বাজারে অকুর নন্দী নাকি জটায়ুর সবচেয়ে বড় প্রতিদ্বন্দ্বী।

ফেলুদা বলল, ‘আমি এমনতেই একটা কারণে আপনার কাছে আসতে চেয়েছিলাম।...আপনার ছেলের সঙ্গে আজ আমাদের সাক্ষাৎ হয়েছে। তার আসল নামটা যদিও এখনও জানতে পারিনি, তবে সে যে ভূমিকায় অভিনয় করছিল তার নামটা জানি।’

‘অভিনয়?’—উমানাথবাবু হো হো করে হেসে উঠলেন। ‘আরে ও যে শুধু নিজে

অভিনয় করে তা তো নয়, অন্যদেরও যে নামটাম বদলে অভিনয় করায়। তোমাকেও একটা কী নাম দিয়েছিল না, বিকাশ ?

‘মাত্র একটা ?’ বিকাশবাবুও হেসে উঠলেন।

‘যাই হোক—তা, কোথায় দেখা হল আমার ছেলের সঙ্গে ?’

ফেলুদা কোনওরকম বাড়াবাড়ি না করে অল্প কথায় অত্যন্ত গুছিয়ে সকালের ঘটনাটা উমানাথবাবুকে বলল। ভদ্রলোক শুনে প্রায় চেয়ার ছেড়ে উঠে পড়লেন।

‘কী সর্বনাশের কথা !—ছেলে আমার ডানপিটে সে তো জানি ; তা বলে তার এতটা দুঃসাহস সে তো জানতাম না। ও তো মরতে মরতে বেঁচে গেছে ! রুকুকে একবার ডেকে পাঠাও তো হে বিকাশ।’

মিস্টার সিংহ ছেলেটির খোঁজে বেরিয়ে গেলেন। ফেলুদা বলল, ‘ডাকনাম রুকু সে তো জানলাম। ভাল নামটা কী ?’

‘রুষ্টিগীকুমার,’ বললেন উমানাথবাবু। ‘ও-ই আমার একমাত্র ছেলে ; কাজেই ঘটনাটা শুনে আমার মনের অবস্থা কী হচ্ছে সে তো বুঝতেই পেরেছেন।’

দুর্গাকুণ্ড রোডের উপর বিরাট কম্পাউন্ডের মধ্যে বিশাল বাড়ি ঘোষালদের। রাত্রে বাড়ির বাইরেটা ভাল করে দেখতে পাইনি—শুধু গেটের উপর মার্বেল ফলকে লেখা শংকরী-নিবাস নামটা দেখেছি। আমরা বসেছি একতলার বৈঠকখানায়। আমাদের ডান পাশে দরজা দিয়ে পুজোর দালান দেখা যাচ্ছে। আমি যেখানে বসেছি সেখান থেকে প্রতিমার আধখানা দেখতে পাচ্ছি। রং করার কাজ এখনও চলেছে।

চাকর ট্রেতে করে চা-মিষ্টি এনে আমাদের সামনে টেবিলে রেখে যাবার পর উমানাথবাবু বললেন, ‘আপনারা মহিলাবাবা দর্শনে গিয়েছিলেন শুনলাম। কী মনে হল দেখেটেখে ?’

ফেলুদা একটা পেঁড়ার আধখানা কামড় দিয়ে মুখে ফেলে বলল, ‘আমরা অলক্ষণই ছিলাম। শুনলাম আপনিও নাকি যাচ্ছেন ?’

‘যাচ্ছি মানে একবারই গেছি। দ্বিতীয়বার যাবার আর বাসনা নেই, কারণ সেদিন আমি না-থাকার জন্যেই দুর্ঘটনা ঘটল।’

উমানাথবাবু চুপ করলেন। আমরাও চুপ। লালমোহনবাবু দেখলাম আড়চোখে একবার ফেলুদার দিকে দেখে নিলেন।

‘দুর্ঘটনা ?’—ফেলুদা ফাঁক ভরাবার জন্য প্রশ্ন করল।

‘হ্যাঁ।’ উমানাথবাবু একটা দীর্ঘশ্বাস ফেললেন। ‘শুধু দামের দিক দিয়ে নয়, প্রভাবের দিক দিয়েও একটি অমূল্য জিনিস গত বুধবার—অর্থাৎ আমি যেদিন বাবাজীকে দেখতে যাই সেদিন—আমার বাবার ঘর থেকে উধাও হয়ে গেছে। আপনি যদি সেটিকে উদ্ধার করতে পারেন তো আমাদের অশেষ উপকার হবে, এবং সেই সঙ্গে আপনাকে উপযুক্ত পারিশ্রমিকও দেব।’

আমার বকের ভিতরে আমার খুব চেনা একটা ধুকপুকুনি আরম্ভ হয়ে গেছে।

‘জিনিসটা কী সেটা জানতে পারি ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘ছোট্ট একটা জিনিস’, মিস্টার ঘোষাল দু আঙুল ফাঁক করে জিনিসটার সাইজ বুঝিয়ে দিলেন। ‘আড়াই ইঞ্চি লম্বা একটা গণেশের মূর্তি। সোনার মূর্তি, তার উপর দামি পাথর বসানো।’

‘ওটা কীভাবে এল আপনাদের বাড়িতে ?’

‘বলছি সেটা। একেবারে গল্পের মতো।...আপনার তো বোধহয় চারমিনার ছাড়া চলে না—’

ভদ্রলোক নিজে একটা ডানহিল মুখে পুরতেই ফেলুদা আগুন এগিয়ে দিয়ে সেই সঙ্গে নিজেও একটা চারমিনার ধরিয়ে নিল। একটা বড় টান দিয়ে খোঁয়া ছেড়ে মিঃ ঘোষাল তাঁর কাহিনী বলতে শুরু করলেন।

‘আমার ঠাকুরদাদার বাবা সোমেশ্বর ঘোষালের ছিল ভ্রমণের নেশা। ছাব্বিশ বছর বয়সে তিনি একা দেশ দেখতে বেরিয়ে যান। তখন নতুন রেলগাড়ি হয়েছে, কিছু পথ তাতে যাবেন, আর বাকিটা হয় হেঁটে, আর না হয়তো যা যানবাহন পাওয়া যায় তাতেই। দক্ষিণ ভারতে ঘুরছিলেন। ত্রিচিনপল্লী থেকে মাদুরা হয়ে সেতুবন্ধের দিকে যাচ্ছিলেন গোরুর গাড়িতে, জঙ্গলে ভরা পাহাড়ে পথ দিয়ে। এই সময় মাঝরাতিরে তিনটি সশস্ত্র ডাকাত তাঁর গাড়ি আক্রমণ করে। সোমেশ্বর সাংঘাতিক শক্তিশালী লোক ছিলেন। সঙ্গে বাঁশের লাঠি ছিল। একা তিনজনের সঙ্গে লড়ে একটির মাথা ফাটিয়ে দেন, অন্য দুটি পালায়। ডাকাতদের একটা থলে পিছনে পড়ে থাকে। তার মধ্যে ছিল এই গণপতি। সেই মূর্তি সঙ্গে করে উনি দেশে ফেরেন। তারপর থেকেই আমাদের বংশের ভাগ্য ফিরে যায়। আমাকে আপনি কুসংস্কারাচ্ছন্ন সেকলে মানুষ বলে মনে করবেন না। আমাদের বংশে যা ঘটতে দেখেছি তার থেকে কতকগুলো বিশ্বাস আমার মনে জন্মেছে,—ব্যস, এইটুকুই। সত্যি বলতে কী, গণেশ আসার পর থেকে আমাদের ফ্যামিলিতে কোনও বড় রকম দুর্ঘটনা ঘটেনি বললেই চলে। ওটা আসার দু বছরের মধ্যেই পদ্মার ভাঙনে নদী আমাদের বাড়ির বিশ হাতের মধ্যে এগিয়ে আসে। কিন্তু বাড়ির কোনও ক্ষতি হয়নি। অবিশ্যি এ ছাড়াও আরও অনেক নজির আছে, সব দিতে গেলে দীর্ঘ ইতিহাস হয়ে যাবে। আসল কথা এই যে, একশো বছর আমাদের ফ্যামিলিতে থাকার পর আজ সে মূর্তি উধাও। বাড়িতে পূজো, বাইরে থেকে আত্মীয়স্বজন আসছে, কিন্তু সমস্ত সমারোহের উপর যেন একটা ছায়া পড়ে রয়েছে।’

উমানাথবাবু যেন ক্রান্ত হয়ে সোফায় এলিয়ে পড়লেন। ফেলুদা প্রশ্ন করল, ‘কবে গিয়েছিলেন আপনি মছলিবাবাকে দেখতে?’

‘তিনদিন আগে। গত বুধবার। পনেরোই অক্টোবর। আমরা এসেইছি মাত্র দিন দশেক হল। মছলিবাবার কথা শুনে আমার গিমির দেখতে যাবার শখ হল, তাই ওঁকে আর রুকুকে সঙ্গে করে নিয়ে গেলাম।’

‘আপনার ছেলেও যেতে চাইল?’

‘নামটা শুনে কৌতূহল। বলল ওর কোন এক বইয়েতে নাকি কার কথা রয়েছে যে সন্তর মাইল সাঁতার কেটে এসেছিল কুমির হাঙরের মধ্যে দিয়ে। অবিশ্যি বাবাজীকে দেখে মোটেই ভাল লাগেনি। দশ মিনিটের মধ্যে উসখুস শুরু হয়ে গেল। ওর জনোই তো তাড়াতাড়ি ফিরে এলাম। এসে দেখি এই কাণ্ড।’

‘সিন্দুক আপনার বাবার ঘরে থাকে বলছিলেন না?’

‘হ্যাঁ, তবে চাবিটা এমনিতে আমার ঘরেই থাকে। রিং-এর মধ্যে পাঁচ ছ’টা চাবি, তার মধ্যে একটিই হল ওই সিন্দুকের। এমনিতে কোথাও বেরোলে আমার স্ত্রীর কাছে চাবিটা থাকে, কিন্তু সেদিন ও-ও যাচ্ছে বলে বাবার ঘরের দরাজে চাবিটা রেখে যাই। হয়তো খুব বুদ্ধিমানের কাজ হয়নি, কারণ বাবা সন্দের দিকে একটু আফিম-টাফিম খান, খুব একটা হুঁশ থাকে না। যাই হোক—যাবার সময় চাবিটা রেখে দরাজটা একেবারে শেষ অবধি ঠেলে বন্ধ করে দিয়ে গিয়েছিলাম। ফিরে এসে দেখি আধ ইঞ্চি খোলা। সন্দেহ হয়; তখন সিন্দুক খুলে দেখি গণেশ নেই।’

ফেলুদা একটুক্ষণ ভুরু কঁচকে থেকে বলল, ‘আপনাদের বাড়িতে সেদিন সেই সময়ে কে কে ছিলেন সেটা জানতে পারি কি?’

ফেলুদা খাতা আনেনি, তবে উত্তরটা যে ওর মুখস্থ থাকবে, আর নামগুলো হোটেল গিয়ে লিখে নিতে পারবে সে বিষয়ে আমার কোনও সন্দেহ নেই।

মিঃ ঘোষাল বললেন, ‘দারোয়ান ত্রিলোচনকে আপনারা গেটে দেখলেন ; ও প্রায় পঁয়ত্রিশ বছর হল আমাদের বাড়িতে রয়েছে। চাকর ঠাকুর ঝি সবাই পুরনো। প্রতিমা গড়েন শশীবাবু আর তার ছেলে কানাই। শশীবাবু কাজ করছেন ত্রিশ বছরের উপর। ছেলেটিও খুব ভাল। এ ছাড়া মালী আছে, সে পুরনো। আর আছে বিকাশ—যে আপনাদের সঙ্গে করে নিয়ে এল।’

‘বিকাশবাবু কদিন আছেন?’

‘সেক্রেটারির কাজ করছে বছর পাঁচেক, আছে অনেকদিন। ও প্রায় ফ্যামিলি মেম্বারের মতোই হয়ে গেছে। ওর বাবা অখিলবাবু আমাদের জমিদারি সেরেস্তায় কাজ করতেন। ওর মা বিকাশ হবার সময়ই মারা যান। তার বছর দশেক পরে বাপও চলে গেলেন ড্রপসিতে। অনাথ ছেলেটি সঙ্গদোষে নষ্ট হয়ে যাচ্ছে শুনে আমার জ্যাঠামশাই ওকে বাড়িতে এনে রাখেন। ইন্সকুল কলেজ সবই আমাদের বাড়িতে থেকেই। এমনি বুদ্ধিমান ছেলে। লেখাপড়ায় বেশ ভালই ছিল।’

‘চুরির খবরটা পুলিশে দেননি?’

‘সেই-রাতেই। এখনও পর্যন্ত কোনও হদিস পায়নি।’

‘গণেশের খবর বাইরের কেউ জানত?’

উমানাথবাবু উত্তর দেবার আগেই বিকাশবাবুর সঙ্গে রুষ্টিগীকুমার এসে হাজির হল। আমি ভেবেছিলাম ক্যাপ্টেন স্পার্কের ভাগ্যে বুঝি প্রচণ্ড ধমক আছে, কিন্তু দেখলাম উমানাথবাবু সেরকম লোক নন। শুধু আড়চোখে একবার ছেলের দিকে চেয়ে গভীর গলায় বললেন, ‘কাল থেকে পুজোর কটা দিন আর বাইরে যাবে না। বাড়িতে বাগান আছে, ছাত আছে—যত খুশি খেলতে পারো; ঘুড়ি আছে, ঘুড়ি ওড়াতে পারো, বই আছে পড়তে পারো, কিন্তু আমাদের সঙ্গে ছাড়া বাইরে বেরোবে না।’

‘আর শয়তান সিং?’ ভুরু কুঁচকে প্রশ্ন করল রুষ্টিগীকুমার।

‘সে আবার কে?’—উমানাথবাবুর বাঁ ভুরুটা উঠে গেছে উপর দিকে।

‘ও যে কারাগারের শিক ভেঙে পালিয়েছে।’

‘ঠিক আছে, আমি ওর খবর এনে দেব তোমাকে,’ হালকাতাবে হেসে আশ্বাসের সুরে বললেন বিকাশবাবু। রুকু মনে হল খানিকটা ভরসা পেয়েছে। অন্তত সে তার শাস্তির ব্যাপারে আর কোনও আপত্তি না করে বিকাশবাবুর হাত ধরে ঘর থেকে বেরিয়ে গেল।

উমানাথবাবু বললেন, ‘বুঝতেই পারছেন আমার পুত্রটি একটু অতিমাত্রায় কল্পনাপ্রবণ। যাই হোক—আপনার প্রশ্নের জবাব দিই এবার—গণপতির খবর আমরা দেশে থাকতে অনেকেই জানত। ওটা একটা কিংবদন্তির মতো মুখে মুখে রটে গিয়েছিল। সেটা অবিশ্যি আমার জন্মের আগে। পরের দিকে এ নিয়ে আর বিশেষ কেউ আলোচনা করত না। আমার নিজের ছাত্রজীবন কাটে কলকাতায়। কলেজে থাকতে দু-একটি বন্ধুকে আমি গল্পচ্ছলে গণেশের কথা বলেছিলাম। তার মধ্যে একটি বন্ধু—অবিশ্যি এখন তাকে আর বন্ধু বলি না—সম্প্রতি কাশীতে রয়েছেন। তার নাম মগনলাল মেঘরাজ।’

‘বুঝছি,’ ফেলুদা বলল, ‘তাকে আজ মছলিবাবার ওখানে দেখলাম।’

‘জানি। আমি যেদিন গেছিলাম সেদিনও ছিল। তার বাবাজীর কাছে যাতায়াত করার একটা কারণ আছে। কিছুদিন থেকে তার ভাগ্য পরিবর্তন হয়েছে। খারাপের দিকে অবশ্যই। বছর দু-এক আগে ওর প্লাইউডের ফ্যাক্টরিতে আগুন লাগা থেকে এর শুরু।



তারপর এই গত কয়েক মাসের মধ্যে ওর গোলমেলে কারবার সম্বন্ধে অনেক গুজব বাজারে ছড়িয়ে পড়ে। ফলে ওর কলকাতার এবং বেনারসের বাড়িতে পুলিশ রেড হয়ে যায়। আমি এখানে আসার দুদিন বাদেই আমার সঙ্গে দেখা করতে এসেছিল। সোজাসুজি বলল যে গণেশটা ওর দরকার। ওটা যে কলকাতায় আমার কাছে থাকে না, এখানে বাবার সিন্দুকে থাকে, সেটা ও জানত। চল্লিশ হাজার অবধি অফার করেছিল ওটার জন্য। আমি সোজাসুজি না বলে দিই। ও যাবার সময় শাসিয়ে যায় যে জিনিসটা ও হাত করে তবে ছাড়বে। তার ঠিক পাঁচদিন পরে গণেশ সিন্দুক থেকে উধাও হয়ে যায়।’

ভদ্রলোক চুপ করলেন। ফেলুদাও চুপ, চিন্তিত। আমি জানি ওর তিনমাসের অবসর এখানেই শেষ হল। সামনের কটা দিন কাশীই হবে ওর কাজের জায়গা, তদন্তের জায়গা। লালমোহনবাবুর ভবিষ্যদ্বাণী মনে পড়ছে—এক টিলে তিন পাখি। অবিশ্যি ক্যাশের ব্যাপারটা নির্ভর করছে—

‘আমাদের খুব ভাগ্য ভাল যে আপনি ঠিক এই সময়ে এসে পড়লেন। আপনার উপর কাজের ভারটা দিতে পারলে—’

‘নিশ্চয়ই। একশোবার!’ ফেলুদা উঠে দাঁড়িয়েছে। ‘আপনি অনুমতি দিলে কাল সকালে একবার আসতে চাই। আপনার বাবার সঙ্গে একবার কথা বলা যাবে কি?’

‘কেন যাবে না? বাবার তো এখন রিটায়ার্ড জীবন। অবিশ্যি বাবার মেজাজটা ঠিক যাকে বলে মোলায়েম তা নয়। তবে সেটা বাইরের খোলস। আর আপনি যদি আমাদের বাড়ির এদিক ওদিক ঘুরে দেখতে চান, তাও পারেন স্বচ্ছন্দে। আমি ত্রিলোচনকে বলে রাখব আপনাকে এলে যেন ঢুকতে দেয়। আর বিকাশ রয়েছে, ও-ও সব ব্যাপারে আপনাদের হেলপ করতে পারে। আটটা নাগাত এলে ভাল—তা হলে বাবাকে তৈরি অবস্থায় পাবেন।’

বাড়ি ফেরার পথে পর পর দুটো অন্ধকার গলি দিয়ে আসবার সময় তিন তিনবার পায়ের আওয়াজ শুনে পিছন ফিরে চাদর মুড়ি দেওয়া একই লোককে দেখতে পেয়ে সেদিকে ফেলুদার দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছিলাম। ও যে শুধু পাত্তাই দিল না তা নয়—সারা রাস্তা ধরে গুনগুন করে ইশ্ক ইশ্ক ইশ্ক ছবির এমনিতেই একটা বাজে গান সমানে ভুল সুরে গেয়ে গেল।

ক্যালকাটা লজের ঠাকুর ফাউল কারিঁটা দিব্যি রঁধেছিল। এ ছাড়া রুই মাছের কালিয়া ছিল, রান্নাও ভাল হয়েছিল, কিন্তু লালমোহনবাবু খেলেন না। বললেন, ‘মছলিবাবাকে দেখার পর থেকে আর মাছ খেতে মন চায় না মশাই।’

‘কেন?’ ফেলুদা বলল, ‘খেলিই মনে হবে বাবাকে চিবিয়ে খাচ্ছেন? আপনার কি ধারণা বাবা নিজে মাছ খান না?’

‘খান বুঝি?’

‘শুনলেন তো বাবা জলেই থাকেন বেশির ভাগ সময়। জলে মাছ ছাড়া আর খাবার কী আছে বলুন। মাছেরাও যে মাছ খায় সেটা জানেন?’

লালমোহনবাবু চুপ মেরে গেলেন। আমার বিশ্বাস কাল থেকে উনি আবার মাছ খাবেন।

সারাদিনের নানারকম ঘটনার পর রাত্রে একটা লম্বা ঘুম দেব ভেবেছিলাম, কিন্তু খানিকটা ব্যাঘাত করলেন রুম-মেট জীবনবাবু। জীবনবাবু মোটা, জীবনবাবু বেঁটে, জীবনবাবুর চাপ দাড়ি, আর জীবনবাবু বালিশে মাথা রাখার দশ মিনিটের মধ্যে নাক ডাকতে শুরু করেন।

ভদ্রলোক একটা ডাক্তারি কোম্পানির রিপ্রেজেন্টেটিভ, দুদিন হল এসেছেন, কালই সকালে চলে যাবেন। ফেলুদার সঙ্গে পরিচয় হবার এক মিনিটের মধ্যে ব্যাগ খুলে কোম্পানির নাম খোদাই করা একটা ডট পেন ফেলুদাকে দিয়ে দিলেন—যদিও সেটা ওকে অদ্বিতীয় গোয়েন্দা বলে চিনতে পারার দরুন কিনা বোঝা গেল না।

পরদিন সকালে সাড়ে সাতটার মধ্যে আমরা তিনজন চানটান করে চা ডিম রুটি খেয়ে রেডি। বেরোবার মুখে নিরঞ্জনবাবুর সঙ্গে দেখা হল। ফেলুদা দুটো আজোবাজে কথার পর জিজ্ঞেস করল, ‘মগনলাল মেঘরাজের বাড়িটা কোথায় জানেন?’

‘মেঘরাজ? যদূর জানি ওর দুটো বাড়ি আছে শহরে, দুটোই একেবারে হার্ট অফ কাশীতে। একটা বোধহয় জ্ঞানবাপীর উত্তর দিকের গলিটায়। আপনি ওখানে কাউকে জিজ্ঞেস করলেই দেখিয়ে দেবে। পরম ধার্মিক তো, তাই একেবারে খোদ বিশ্বনাথের ঘণ্টা শুনতে শুনতে টাকার হিসেব করে!’

নিরঞ্জনবাবুর কাছ থেকে আরেকটা খবর পেলাম। মহলিাবাবা নাকি আর ছদিন আছেন শহরে। কথাটা শুনে ফেলুদা শুধু ওর একপেশে হাসিটা হাসল, মুখে কিছু বলল না।

ঘড়ি ধরে আটটার সময় আমরা শংকরী নিবাসের গেটের সামনে গিয়ে হাজির হলাম। ত্রিলোচনের চেহারাটা রাত্রে ভাল করে দেখিনি, আজ দিনের আলোতে গালপাট্টার বহর দেখে বেশ হকচকিয়ে গেলাম। বয়স সত্তর-চত্তর হবে নিশ্চয়ই, তবে এখনও মেরুদণ্ড একদম সোজা। আমাদের দেখেই হাসির সঙ্গে একটা স্মার্ট স্যাঁলুট ঠুকে গেটটা খুলে দিল।

গাড়িবারান্দার দিকে কিছুদূর এগিয়ে যেতেই বিকাশবাবু বেরিয়ে এলেন।

‘জানালা দিয়ে দেখলাম আপনাদের ঢুকতে।’ ভদ্রলোক বোধহয় সবোমাত্র দাড়ি কামিয়েছেন; বাঁ দিকের জুলপির নীচে এখনও সাবান লেগে রয়েছে। ‘ভেতরে যাবেন? কতামশাই কিন্তু রেডি। আপনি ওঁর সঙ্গেই আগে কথা বলবেন তো?’

ফেলুদা বলল, ‘তার আগে আপনার কাছ থেকে কিছু তথ্য জেনে নোট করে নিতে চাই।’

‘বেশ তো, বলুন না কী জানতে চান।’

বিকাশবাবুর কাছ থেকে কতকগুলো তারিখ নোট করে নিয়ে খাতায় যা দাঁড়াল তা এই—

১। মগনলাল উমানাথবাবুর সঙ্গে দেখা করতে আসেন ১০ই অক্টোবর।

২। উমানাথবাবু তাঁর স্ত্রী ও ছেলেকে নিয়ে মহলিাবাবা দর্শনে যান ১৫ই অক্টোবর সন্ধ্য সাড়ে সাতটায়। বাড়ি ফেরেন সাড়ে আটটার কিছু পরে। এই সময়ের মধ্যেই গণেশ চুরি যায়।

৩। ১৫ই অক্টোবর সাড়ে সাতটা থেকে সাড়ে আটটার মধ্যে শংকরীনিবাসে ছিল—উমানাথবাবুর বাবা অম্বিকা ঘোষাল, বিকাশ সিংহ, অম্বিকাবাবুর বেয়ারা বৈকুণ্ঠ, চাকর ভরদ্বাজ, ঝি সৌদামিনী, ঠাকুর নিত্যানন্দ, মালী লক্ষ্মণ, তার বউ আর তাদের একটি সাত বছরের ছেলে, দারোয়ান ত্রিলোচন, প্রতিমার কারিগর শশী পাল ও তার ছেলে কানাই, আর প্রতিমার কাজে জোগান দেবার একজন লোক, নাম নিবারণ। ওই এক ঘণ্টার মধ্যে বাইরে থেকে কেউ না এসে থাকলে বুঝতে হবে এদেরই মধ্যে কেউ না কেউ অম্বিকাবাবুর ঘরে ঢুকে তার টেবিলের দেরাজ থেকে চাবি নিয়ে সিঁদুক খুলে গণেশ বার করে নিয়েছিল।

খাতায় নোট করা শেষ হলে ফেলুদা বিকাশবাবুর দিকে ফিরে বলল, ‘কিছু মনে করবেন না—এ ব্যাপারে তো কাউকে বাদ দেওয়া চলে না, কাজেই আপনাকেও—’

ফেলুদার কথা শেষ হবার আগেই বিকাশবাবু হেসে বললেন, ‘বুঝেছি; এ ব্যাপারটা পুলিশের সঙ্গে এক দফা হয়ে গেছে। আমি সেদিন ওই এক ঘণ্টা সময়টা কী করছিলাম সেটা জানতে চাইছেন তো?’

‘হ্যাঁ—তবে তার আগে একটা প্রশ্ন আছে।’

‘বলুন।—কিন্তু এখানে কেন, আমার ঘরে চলুন।’

বাড়ির সামনের দরজা দিয়ে ঢুকে ডান দিকে দোতলায় যাবার সিঁড়ি, আর বাঁ দিকে বিকাশবাবুর ঘর। বাকি কথা ঘরে বসেই হল।

ফেলুদা বলল, ‘আপনি গণেশের কথাটা জানতেন নিশ্চয়ই।’

‘অনেকদিন থেকেই জানি।’

‘মগনলাল যেদিন উমানাথবাবুর সঙ্গে দেখা করতে আসেন সেদিন আপনি বাড়িতে ছিলেন?’

‘হ্যাঁ। আমিই মগনলালকে রিসিভ করে বৈঠকখানায় বসাই। তারপর ভরদ্বাজকে দিয়ে দোতলায় মিস্টার ঘোষালের কাছে খবর পাঠাই।’

‘তারপর?’

‘তারপর আমি নিজের ঘরে চলে আসি।’

‘দুজনের মধ্যে যে কথাকাটাকাটি হয়েছিল সেটা আপনি জানতেন?’

‘না। আমার ঘর থেকে বৈঠকখানার কথাবার্তা কিছু শোনা যায় না। তা ছাড়া আমার ঘরে তখন রেডিয়ো চলছিল।’

‘যেদিন গণেশটা চুরি গেল, সেদিনও কি আপনি আপনার ঘরেই ছিলেন?’

‘বেশির ভাগ সময়। মিস্টার ঘোষালরা যখন বাইরে যান তখন আমি ওঁদের গেট পর্যন্ত পৌঁছে দিই। ওখান থেকে যাই পুজোমণ্ডপে। শশীবাবুর কাজ দেখতে বেশ লাগে। সেদিন ভদ্রলোককে দেখে অসুস্থ মনে হল। জিঞ্জেস করাতে বললেন শরীরটা ম্যাজম্যাজ করছে। আমি ঘরে এসে ওষুধ নিয়ে ওকে দিয়ে আসি।’

‘হোমিওপ্যাথিক কি? আপনার শেল্ফে দুটো হোমিওপ্যাথির বই দেখছি।’

‘হ্যাঁ, হোমিওপ্যাথিক।’

‘কী ওষুধ জানতে পারি?’

‘পালসেটিলা থার্মি।’

‘ওষুধ দিয়ে ঘরে ফিরে আসেন?’

‘হ্যাঁ!’

‘কী করছিলেন ঘরে?’

‘লখনৌ রেডিয়ো থেকে আখতারি বাঈয়ের রেকর্ড দিচ্ছিল—তাই শুনছিলাম।’

‘কতক্ষণ রেডিয়ো শোনে?’

‘ওটা চালানোই ছিল। আমি ম্যাগাজিন পড়ছিলাম। ইলাস্ট্রেটেড উইকলি।’

‘তারপর মিস্টার ঘোষাল ফেরা না পর্যন্ত আর বাইরে বেরোন নি?’

‘না। বেঙ্গলি ক্লাব কাবুলিওয়ালা থিয়েটার করছে; ওদের তরফ থেকে দুজনের আসার কথা ছিল মিস্টার ঘোষালের সঙ্গে দেখা করার জন্য—বোধহয় প্রধান অতিথি হওয়ার জন্য অনুরোধ করতে। ওদের আসার অপেক্ষায় বসে ছিলাম।’

‘ওরা এসেছিলেন?’

‘অনেক পরে। নটার পরে।’

ফেলুদা দরজা দিয়ে দোতলায় যাবার সিঁড়িটার দিকে দেখিয়ে বললেন, ‘আপনি যেখানে বসেছিলেন সেখান থেকে ওই সিঁড়িটা দেখা যাচ্ছিল কি?’

‘হ্যাঁ।’

‘ওটা দিয়ে কাউকে উঠতে বা নামতে দেখেছিলেন বলে মনে পড়ে?’



‘না। তবে ওটা ছাড়াও আরেকটা সিঁড়ি আছে। পিছন দিকে। জমাদারের সিঁড়ি। সেটা দিয়ে কেউ উঠে থাকলে আমার জানার কথা নয়।’

বিকাশবাবুর সঙ্গে কথা শেষ করে আমরা ভদ্রলোককে সঙ্গে নিয়ে দোতলায় অশ্বিকাবাবুর ঘরে গেলাম।

জানালার ধারে একটা পুরনো আরাম কেদারায় বসে বুদ্ধ ভদ্রলোক নিবিষ্ট মনে স্টেটসম্যান পড়ছেন। পায়ের আওয়াজ পেয়ে কাগজটা সরিয়ে ঘাড় ফিরিয়ে সোনার চশমার উপর দিয়ে ভুকুটি করে আমাদের দিকে দেখলেন। ভদ্রলোকের মাথার মাঝখানে টাক, কানের দুপাশে ধপধপে সাদা চুল, দাড়ি গোঁফ কামানো, দু চোখের উপর কাঁচাপাকা মেশানো ঘন ভুরু।

বিকাশবাবু আমাদের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন।

অশ্বিকাবাবু মুখ খুলতেই বুঝলাম যে ওঁর দুপাটি দাঁতই ফল্‌স। কথা বলার সময় কিট্‌ কিট্‌ করে আওয়াজ হয়, মনে হয় এই বুঝি দাঁত খুলে পড়ল। প্রথমে সোজা লালমোহনবাবুর দিকে চেয়ে বললেন, ‘আপনারাও পুলিশ নাকি?’ লালমোহনবাবু ভড়কে গিয়ে ঢোক গিলে বললেন, ‘আমি? না না—আমি কিছুই না।’

‘কিছুই না? এ আবার কীরকম বিনয় হল?’

‘না। ইনিই, মানে, গো-গো—’

বিকাশবাবু এগিয়ে এসে ব্যাপারটা পরিষ্কার করে দিলেন।

‘ইনি প্রদোষ মিত্র। গোয়েন্দা হিসেবে খুব নাম-ডাক। পুলিশ তো কিছুই করতে পারল না, তাই মিস্টার ঘোষাল বলছিলেন...’

অশ্বিকাবাবু এবার সোজা ফেলুদার দিকে চাইলেন।

‘উমা কী বলেছে? বলেছে গণেশ গেছে বলে ঘোষাল বংশ ধ্বংস হয়ে যাবে। ননসেন্স। তার বয়স কত। চম্‌লিশ পেরোয়নি। আমার তিয়াওর। ঘোষাল বংশের ইতিহাস সে আমার চেয়ে বেশি জানে? উমা ব্যবসায় উন্নতি করেছে সে কি গণেশের দৌলতে? নিজের বুদ্ধিশুদ্ধি না থাকলে গণেশ কী করবে? আর তার যে বুদ্ধি সে কি গণেশ দিয়েছে? সে বুদ্ধি সে পেয়েছে তার বংশের রক্তের জোরে। নাইনটিন টোয়েন্টিফোরে কেমব্রিজে ম্যাথাম্যাটিকস্-এ ট্রাইপস করতে যাচ্ছিল অশ্বিকা ঘোষাল—যাকে দেখছ তোমাদের সামনে। যাবার সাতদিন আগে পিঠে কারবাঙ্কল হয়ে যায় যায় অবস্থা। বাঁচিয়ে দিল না হয় গণেশ, কিন্তু বিলেত যাওয়া যে পণ্ড হয়ে গেল চিরকালের জন্যে, তার জন্য কে দায়ী?...উমানাথের

ব্যবসা বুদ্ধি আছে ঠিকই, তবে ওর জন্মানো উচিত ছিল একশো বছর আগে । এখন তো শুনছি নাকি কোন এক বাবাজীর কাছে দীক্ষা নেবার মতলব করছে ।’

‘তার মানে আপনার গণেশটা যাওয়াতে কোনও আপশোস নেই ?’

অম্বিকাবাবু চশমা খুলে তার ঘোলাটে চোখ দুটো ফেলুদার মুখের উপর ফোকাস করলেন ।

‘গণেশের গলায় একটা হিরে বসানো ছিল সেটার কথা উমানাথ বলেছে ?’

‘তা বলেছেন ।’

‘কী হিরে তার নাম বলেছে ?’

‘না, সেটা বলেননি ।’

‘ওই তো । জানে না তাই বলেনি । বনস্পতি হিরের নাম শুনেছ ?’

‘সবুজ রঙের কি ?’

ফেলুদার এই এককথায় অম্বিকাবাবু নরম হয়ে গেলেন । দৃষ্টিটা নামিয়ে নিয়ে বললেন, ‘অ, তুমি এ বিষয়ে কিছু জানতান দেখছি । অত্যন্ত রেয়ার হিরে । আমার আপশোস হয়েছে কেন জান ? শুধু-দামি জিনিস বলে নয় ; দামি তো বটেই ; ওটার জন্য কত টাক্স দিতে হচ্ছিল শুনলে তোমার মাথা ঘুরে যাবে । আসল কথা হচ্ছে—ইট ওয়জ ও ওয়র্ক অফ আর্ট । এসব লাক্টাক আমি বিশ্বাস করি না ।’

‘ওই টেবিলের দেরাজেই কি চাবিটা ছিল ?’ ফেলুদা প্রশ্ন করল । অম্বিকাবাবুর আরাম কেদারা থেকে তিন-চার হাত দূরেই দুটো জানালার মাঝখানে টেবিলটা । এটা ঘরের দক্ষিণ দিক । সিন্দুকটা রয়েছে উত্তর-পশ্চিম কোণে । দুটোর মাঝখানে একটা প্রকাণ্ড আদ্যিকালের খাট, তার উপর একটা ছ’ ইঞ্চি পুরু তোশকের উপর শীতলপাটি পাতা । অম্বিকাবাবু ফেলুদার প্রশ্নের কোনও জবাব না দিয়ে উলটে আরেকটা প্রশ্ন করে বসলেন ।

‘আমি সন্কেবেলা নেশা করি সেটা উমা বলেছে ?’

‘আজ্ঞে হ্যাঁ ।’

ফেলুদা এত নরমভাবে কারুর সঙ্গে কোনওদিন কথা বলেনি । অম্বিকাবাবু বললেন, ‘গণেশ নাকি চাইলে সিদ্ধি দেন ; আমি খাই আফিং । সন্কের পর আমার বিশেষ ইঁশ থাকে না । কাজেই সাতটা থেকে আটটার মধ্যে আমার ঘরে কেউ এসেছিল কি না সে কথা আমাকে জিজ্ঞেস করে ফল হবে না ।’

‘আপনার চেয়ার এখন যে ভাবে রাখা রয়েছে, সন্কেবেলাও কি সেইভাবেই থাকে ?’

‘না । সকালে কাগজ পড়ি, তাই জানালা থাকে আমার পিছনে । সন্কেয় আকাশ দেখি, তাই জানালা থাকে সামনে ।’

‘তা হলে টেবিলের দিকে পিঠ করা থাকে । তার মানে ওদিকের দরজা দিয়ে কেউ এলে দেখতেই পাবেন না ।’

‘না ।’

ফেলুদা এবার টেবিলটার দিকে এগিয়ে গিয়ে খুব সাবধানে টান দিয়ে দেরাজটা খুলল । কোনও শব্দ হল না । বন্ধ করার বেলাতেও তাই ।

এবার ও সিন্দুকটার দিকে এগিয়ে গেল । চৌকির উপরে রাখা পেছায় সিন্দুকটা প্রায় আমার বুক অবধি পৌঁছে গেছে ।

‘পুলিশ নিশ্চয়ই এটার ভিতর ভাল করে খুঁজে দেখেছে ?’

বিকাশবাবু বললেন, ‘তা তো খুঁজেইছে, আঙুলের ছাপের ব্যাপারেও পরীক্ষা করে দেখেছে, কিছুই পায়নি ।’

অশ্বিকাবাবুর ঘরের দরজা দিয়ে বেরোলে ডাইনে পড়ে নীচে যাবার সিঁড়ি, আর বাঁয়ে একটা ছোট ঘর। ঘরটা দিয়ে ডান দিকে বেরিয়ে একটা চওড়া স্বেত পাথরে বাঁধানো বারান্দা। এটা বাড়ির দক্ষিণ দিক। পূর্ব দিকে বাগানের নিম্ন আর তেঁতুল গাছের মাঝখানের ফাঁক দিয়ে দেখা যাচ্ছে দূরে গঙ্গার জল সকালের রোদে চিক্‌চিক্‌ করছে। আমাদের সামনে আর ডাইনে বেনারস শহর ছড়িয়ে আছে। আমি মন্দিরের চূড়ো গুনছি, ফেলুদা বিকাশবাবুকে একটা সিগারেট দিয়ে নিজে একটা মুখে পুরেছে, এমন সময় ফুরফুরে হাওয়ার সঙ্গে উপর দিক থেকে কী যেন একটা জিনিস পাক খেতে খেতে নেমে এসে লালমোহনবাবুর পাঞ্জাবির উপর পড়ল। লালমোহনবাবু সেটা খপ্‌ করে ধরে হাতের মুঠো খুলতেই দেখা গেল সেটা আর কিছুই না—একটা চুইং গামের র‍্যাপার।

‘রুক্মিণীকুমার ছাতে আছেন বলে মনে হচ্ছে?’ ফেলুদা বলল।

‘আর কোথায় থাকবে বলুন,’ বিকাশবাবু হেসে বললেন, ‘তার তো এখন বন্দি অবস্থা। আর তা ছাড়া ছাতে তার একটি নিজস্ব ঘর আছে।’

‘সেটা একবার দেখা যায়?’

‘নিশ্চয়ই। সেই সঙ্গে চলুন পিছনের সিঁড়িটাও দেখিয়ে দিই।’

একরকম লোহার সিঁড়ি হয় যেগুলো বাড়ির বাইরের দেয়াল বেয়ে পাক খেয়ে উপরে উঠে যায়। এটা দেখলাম সেরকম সিঁড়ি নয়। এটা ইটের তৈরি, আর বাড়ির ভিতরেই। তবে এটাও পাকানো সিঁড়ি। ওঠবার সময় ঠিক মনে হয় কোনও মিনার বা মনুমেন্টে উঠছি।

সিঁড়ি দিয়ে উঠে সামনেই ছাতের ঘর, আর বাঁ দিকে ছাতে যাবার দরজা। ঘরের ভিতরে মেঝেতে উবু হয়ে বসে আছে রুকু। একটা লাল-সাদা পেটকাটি ঘুড়ি মাটিতে ফেলে হাঁটুর চাপে সেটাকে ধরে রেখে তাতে সুতো পরাচ্ছে। আমাদের আসতে দেখেই কাজটা বন্ধ করে সোজা হয়ে বসল। আমরা চারজনে ছোট ঘরটাতে ঢুকলাম।

বোঝাই যায় এটা রুকুর খেলার ঘর—যদিও রুকুর জিনিস ছাড়াও আরও অনেক কিছু কোণঠাসা করে রাখা রয়েছে—দুটো পুরনো মরচে ধরা ট্রাক্স, একটা প্যাকিং কেস, একটা ছেঁড়া মাদুর, তিনটে হারিকেন লঠন, একটা কাত করা ঢাকাই জালা, আর কোণে ভাঁই করা পুরনো খবরের কাগজ আর মাসিক পত্রিকা।

‘তুমি গোয়েন্দা?’

ফেলুদার দিকে সটান একদৃষ্টে তাকিয়ে প্রশ্ন করল রুকু। আজ দেখছি ফরসা রংটা রোদে পুড়ে যেন একটু তামাটে লাগছে। তার মুখে যে চুইং গাম রয়েছে সেটা তার চোয়াল নাড়া দেখেই বোঝা যাচ্ছে। ফেলুদা হেসে বলল, ‘খবরটা ক্যাপ্টেন স্পার্ক কী করে পেলেন সেটা জানতে পারি!’

‘আমার অ্যাসিসট্যান্ট বলেছে’, গভীর ভাবে জানাল রুকু। সে আবার ঘুড়ির দিকে মন দিয়েছে।

‘কে তোমার অ্যাসিসট্যান্ট?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘স্পার্কের অ্যাসিসট্যান্ট খুদে ব্যাক্সিট সেটা জান না? তুমি কীরকম গোয়েন্দা!’

লালমোহনবাবু ছোট্ট একটা কাশি দিয়ে তাঁর দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করে বললেন, ‘খুদিরাম রক্ষিত। সাড়ে চার ফুট হাইট। স্পার্কের ডান হাত।’

ফেলুদা ব্যাপারটা বুঝে নিয়ে বলল, ‘কোথায় আছে তোমার অ্যাসিসট্যান্ট?’

উত্তরটা এল বিকাশবাবুর কাছ থেকে। ভদ্রলোক একটা অপ্রস্তুত হাসি হেসে বললেন, ‘ও ভূমিকাটা এখন আমাকেই পালন করতে হচ্ছে।’

‘তোমার রিভলভার আছে?’ হঠাৎ প্রশ্ন করল রুকু।

‘আছে,’ বলল ফেলুদা।

‘কী রিভলভার?’

‘কোণ্ট।’

‘আর হারপুন?’

‘উহু। হারপুন নেই।’

‘তুমি জলের তলায় শিকার করো না?’

‘এখন পর্যন্ত প্রয়োজন হয়নি।’

‘তোমার ছোরা আছে?’

‘ছোরাও নেই। এমনকী এরকম ছোরাও নেই।’

রুকুর মাথার উপরেই দেয়ালে পেরেক থেকে একটা খেলার ছোরা ঝুলছে। এটাই কাল ওর কোমরে বাঁধা দেখেছিলাম।

‘ওই ছোরা আমি শয়তান সিং-এর পেটে ঢুকিয়ে ওর নাড়িভুঁড়ি বার করে দেব।’

‘সে তো বুঝলাম,’ ফেলুদা রুকুর পাশে মেঝেতে বসে পড়ে বলল, ‘কিন্তু তোমাদের বাড়ির সিন্দুক থেকে যে একজন শয়তান সিং একটা সোনার গণেশ চুরি করে নিয়ে গেল তার কী হবে?’

‘শয়তান সিং এবাড়িতে ঢুকতেই পারবে না।’

‘ক্যাপ্টেন স্পার্ক সেদিন মহলিবাবাকে দেখতে না গেলে এ ব্যাপারটা হত না—তাই না?’

‘মহলিবাবার গায়ের রংটা কঙ্গোর গঙ্গোরিলার মতো কালো।’

‘সাবাস!’ বলে উঠল লালমোহনবাবু, ‘তুমি গোরিলার গোগ্রাস পড়েছ রুকুবাবু?’

গঙ্গোরিলা যে লালমোহনবাবুরই লেখা গোরিলার গোগ্রাস-এর নকবই ফুট লম্বা অতিকায় রাস্কুসে গোরিলার নাম সেটা আমি জানতাম। গল্পের আইডিয়াটা কিং কং থেকে নেওয়া, সেটা লালমোহনবাবু নিজেও স্বীকার করেন। জটায়ুর বর্ণনায় গোরিলার গায়ের রং ছিল কষ্টিপাথরে আলকাতরা মাখালে যেরকম হয় সেইরকম। লালমোহনবাবু ‘ও বইটা আসলে আম—’ বলেই ফেলুদার কাছ থেকে একটা কড়া ইশারা পেয়ে থেমে গেলেন।

রুকু বলল, ‘গণেশ তো একজন রাজার কাছে আছে। শয়তান সিং পাবেই না। কেউ পাবে না। ডাকু গণ্ডারিয়াও পাবে না।’

‘আবার অকুর নন্দী!’—দীর্ঘশ্বাস ফেলে বললেন জটায়ু।

বিকাশবাবু হেসে বললেন, ‘ওর কথার সঙ্গে তাল রেখে চলতে হলে আগে রহস্য রোমাঞ্চ সিরিজ গুলে খেতে হবে।’

ফেলুদা এখনও মাটিতে বসে আড়চোখে রুকুর দিকে চেয়ে আছে, তার ভাব দেখে মনে হয় যেন সে রুকুর আজগুবি কথাগুলোর ভিতর থেকে আসল মানুষটাকে খুঁজে বার করার চেষ্টা করছে। রুকু তার কথার মধ্যেই দিব্যি ঘুড়িতে সুতো লাগিয়ে চলেছে। এবার ফেলুদা প্রশ্ন করল, ‘কোথাকার রাজার কথা বলছ তুমি রুকু?’

উত্তর এল—‘আফ্রিকা।’

ঘোষালবাড়ি থেকে চলে আসার আগে আমরা আরেকজন লোকের সঙ্গে কথা বলেছিলাম। তিনি হলেন শশিভূষণ পাল। শশীবাবু নারকালের মালায় হলদে রং নিয়ে নিজের তৈরি তুলি দিয়ে কার্তিক ঠাকুরের গালে লাগাচ্ছিলেন। ভদ্রলোকের বয়স ষাট পঁয়ষাট হবে নিশ্চয়ই, রোগা প্যাঁকাটি চেহারা, চোখে পুরু কাচের চশমা। ফেলুদা জিজ্ঞেস করতে বললেন উনি নাকি ষোলো বছর বয়স থেকে এই কাজ করছেন। ওঁর আদি বাড়ি

ছিল কৃষ্ণনগর, ঠাকুরদাদা অধর পাল নাকি প্রথম কাশীতে এসে বসবাস আরম্ভ করেন সিপাহি বিদ্রোহের দু বছর পরে। শশীবাবু থাকেন গণেশ মহল্লায়। সেখানে নাকি গুঁরা ছাড়াও আরও কয়েকঘর কুমোর থাকে। ফেলুদা বলল, ‘আপনার জ্বর হয়েছিল শুনলাম : এখন ভাল আছেন ?’

‘আজ্ঞে হ্যাঁ। সিংহি মশাইয়ের ওষুধে খুব উপকার হয়েছিল।’

শশীবাবু কথা বলছেন, কিন্তু কাজ বন্ধ করছেন না।

‘আপনার কাজ শেষ হচ্ছে কবে ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আজ্ঞে পরশুই তো যষ্ঠী। কাল রাত্তিরের ভেতরই হয়ে যাবে। বয়স হয়ে গেল তো, তাই কাজটা একটু ধরে করতে হয়।’

‘তাও আপনার তুলির টানে এখনও দিব্যি জোর আছে।’

‘আজ্ঞে এ কথা আপনি বলছেন, আর, আরবছর এই দুগ্ধাঠাকুর দেখেই ওই একই কথা বলেছিলেন কলকাতার আর্ট ইন্সট্রলের একজন শিক্ষক। এ জিনিসের কদর আর কে করে বলুন। সবাই ঠাকুরই দেখে, হাতের কাজটা আর কজন দেখে।’

‘বিকাশবাবু যেদিন আপনাকে ওষুধ দেন, সেদিনই সন্ধ্যায় বাড়ির দোতলার সিঁদুক থেকে একটা জিনিস চুরি যায়। এ খবর আপনি জানেন ?’

শশীবাবুর হাতের তুলিটা যেন একমুহূর্তের জন্য কেঁপে গেল। গলার সুরটাও যেন একটু কাঁপা। বললেন—

‘আজ পঞ্চাশ বছর হল প্রতি বছর এসে এই একই কাজ করে যাচ্ছি এই ঘোষালবাড়িতে, আর আমায় কিনা এসে পুলিশে জেরা করল ! হাতে তুলি নিলে আমার আর কোনও হুঁশ থাকে না, জানেন, নাওয়া খাওয়া ভুলে যাই। আপনি জিজ্ঞেস করুন সিংহি মশাইকে, উনি তো মাঝে মাঝে এসে দাঁড়িয়ে দেখেন। আপনি খোকাকে জিজ্ঞেস করুন। সেও তো এসে চুপটি করে দাঁড়িয়ে দেখে আমার কাজ। কই বলুন তো তাঁরা—আমি ঠাকুরের সামনে ছেড়ে একটা মিনিটের জন্যে কোথাও যাই কি না।’

শশীবাবুর সঙ্গে আরেকটি বছর কুড়ির ছেলে কাজ করছে। জানলাম ইনিই হলেন শশীবাবুর ছেলে কানাই। কানাইকে তার বাপের একটা ইয়াং সংস্করণ বলা চলে। কাজ দেখলে মনে হয় সে বংশের ধারা বজায় রাখতে পারবে। কানাই নাকি গণেশ চুরির দিন সাতটার পরে ঠাকুরের সামনে ছেড়ে কোথাও যায়নি।

বিকাশবাবু আমাদের সঙ্গে গেট অবধি এলেন। ফেলুদা বলল, ‘আপনাদের বাড়িতে এখন অনেক লোক তাই আর উমানাথবাবুকে বিরক্ত করলাম না। আপনি শুধু বলে দেবেন যে আমি হয়তো মাঝে মাঝে এসে একটু ঘুরে টুরে দেখতে পারি, প্রয়োজন হলে একে-ওকে দু-একটা প্রশ্ন করতে পারি।’

বিকাশবাবু বললেন, ‘মিস্টার ঘোষাল যখন আপনার উপর ব্যাপারটা ছেড়ে দিয়েছেন তখন তো আপনার সে অধিকার আছেই।’

বেরোবার মুখে একটা শব্দ পেয়ে ফেলুদার সঙ্গে সঙ্গে আমার চোখটাও বাড়ির ছাতের দিকে চলে গেল।

রুকু তার লাল-সাদা পেটকাটিটা সবে মাত্র উড়িয়েছে। সুতোর টানে ঘুড়িটাই হাওয়া কেটে ফরফর শব্দ করছে। রুকুকে এখন থেকে দেখতে পাবার কোনও সম্ভাবনা নেই, তবে তার লাটাই সমেত হাত দুটো মাঝে মাঝে ছাতের পাঁচিলের উপর দিয়ে উঁকি মারছে।

‘ছেলেটিকে খুব একা বলে মনে হয়,’ ফেলুদা ঘুড়িটার দিকে চোখ রেখে বলল। ‘সত্যিই কি তাই ?’

বিকাশবাবু বললেন, ‘রুকু উমানাথবাবুর একমাত্র ছেলে। এখানে তো তবু একটি বন্ধু হয়েছে। আপনি তো দেখেছেন সূর্যকে। কলকাতায় ওর সমবয়সী বন্ধু একটিও নেই।’

৫

এখানে এসে অবধি বেশির ভাগ সময়টা ঘরে বসে বাঙালিদের সঙ্গে কথা বলে মাঝে ভুলে যেতে হচ্ছিল যে আমরা কাশীতে এসেছি। এখন সাইকেল রিকশা, টাক্সা আর লোকের ভিড় বাঁচিয়ে মদনপুরা রোড দিয়ে হোটেলের দিকে হাঁটতে হাঁটতে আবার কাশীর মেজাজটা ফিরে পেলাম। বড় রাস্তার গোলমাল এড়িয়ে হোটলে যাবার শটকাটের গলিটাতে ঢুকলাম আমরা তিনজনে। লালমোহনবাবু একটা ছাগলের বাচ্চার পিঠে ছাতা দিয়ে একটা ছোট খোঁচা মেরে বললেন, ‘আমার একটা ব্যাপার কী জানেন ফেলুবাবু—কলকাতা ছেড়ে বাইরে কোথাও গেলেই সেই জায়গার মেজাজটা আমাকে কেমন যেন পেয়ে বসে। সেবার রাজস্থান গিয়ে খালি খালি নিজেকে রাজপুত বলে মনে হচ্ছিল। অন্যমনস্ক হয়ে মাথায় হাত দিয়ে পাগড়ির বদলে টাক ফিল করে রীতিমতো চমকে চমকে উঠছিলুম।’

‘এখানে এসে কি জটার অভাব ফিল করে চমকে চমকে উঠছেন?’

‘তা ঘাটে গিয়ে যে একটু বৈরাগী-বৈরাগী ভাব হয়নি তা বলতে পারি না। আবার এই সব অলিগলিতে ঢুকলে মনে হয় কোমরে একটা ছোরা থাকলে হাতলটাতে মাঝে মাঝে বেশ হাত বোলানো যেত।’

আমি কিন্তু কালকের সেই লোকটাকে আবার দেখেছি। আমি জানি শংকরী-নিবাস থেকে বেরোবার কিছু পরেই সে আমাদের পিছু নিয়েছে। কিন্তু কালকে ফেলুদার তাজিল্য ভাবের পর আজ আর কিছু বলতে পারছি না। সকালবেলা গলিতে বিস্তর লোক—কেউ স্নান করে ফিরছে, কেউ বাজার থেকে ফিরছে, কিছু বুড়ো দাওয়ায় বসে আড্ডা মারছে, এখানে ওখানে বাচ্চার দল হইহল্লা করছে—তারই মধ্যে পিছন ফিরলে চাপা পায়জামার উপর গাঢ় বেগনি চাদর মুড়ি দেওয়া লোকটাকে দেখতে পাচ্ছি আমাদের বিশ-ত্রিশ হাত পিছনে সমানে আমাদের ফলো করে চলেছে।

লালমোহনবাবু বললেন, ‘আপনার এই গণেশের মামলাটি বিলক্ষণ ডিফিকাল্ট বলে মনে হচ্ছে মশাই।’

ফেলুদা বলল, ‘কোনও মামলা একটা বিশেষ অবস্থায় পৌঁছানোর আগে সেটা সহজ কি কঠিন তা বোঝা সম্ভব নয়। আপনার কি ধারণা সেই স্টেজ পৌঁছে গেছে?’

‘যায়নি বুঝি?’

‘একেবারেই না।’

‘কিন্তু যিনি আসল ভিলেন, তাঁর পক্ষে তো ও জিনিস চুরি করার কোনও স্কোপই ছিল না।’

‘কাকে ভিলেন ভাবছেন আপনি?’

‘কেন, ওই যে মেঘরাম না মেঘলাল না কী নাম বললে। যাকে দেখলুম মছলিবাবার ওখানে।’

‘আপনার কি ধারণা মেঘরাজ গণেশ চুরি করার জন্য নিজেই পাঁচিল উপকূলে ঘোষাল বাড়িতে ঢুকবেন?’

‘এজেন্ট লাগাবে বলছেন?’

‘সেটাই স্বাভাবিক নয় কি ? আর তা ছাড়া সে শাসিয়ে গেছে বলে যে সে-ই চুরি করেছে এমন তো নাও হতে পারে ।’

লালমোহনবাবু একটুক্ষণ চুপ মেরে হঠাৎ যেন শিউরে উঠে বললেন, ‘ওরকম কাঁধ দেখিনি মশাই । না জানি সামনের দিক থেকে কী রকম দেখতে । ওর মাথায় এক জোড়া শিং লাগিয়ে বিশ্বনাথের গলিতে ছেড়ে দিলে নিঃস্বাৎ টু মারবে ।’

ক্যালকাটা লঞ্জে ঢুকে সামনেই আপিসঘর । ম্যানেজারের চেয়ার ছাড়া আরও তিনটে চেয়ার আর একটা বেঞ্চি আছে । সেগুলোতে দু-তিনজন করে নিরঞ্জনবাবুর আলাপী লোক প্রায় সব সময়ই বসে আড্ডা মারে । আজ ঢুকে দেখলাম নিরঞ্জনবাবুর উলটো দিকে একজন প্যাক্ট-শার্ট পরা বেশ জোয়ান লোক বসে চা খাচ্ছেন, আর হাত নেড়ে নিরঞ্জনবাবুকে কী যেন বোঝাচ্ছেন । আমাদের ঢুকতে দেখেই ম্যানেজারমশাই পানমুখে একগাল হেসে বললেন, ‘এই তো—ইনি আপনার জন্য প্রায় কুড়ি মিনিট বসে । আলাপ করিয়ে দিই—সাব-ইনস্পেক্টর তেওয়ারি—আর ইনি—’

নিরঞ্জনবাবু পর পর আমাদের তিনজনের নাম বলে বললেন, ‘ভয় নেই—হিন্দি বলতে হবে না—ইনি দিব্যি বাংলা বলেন ।’

তেওয়ারি ফেলুদার দিকে একদৃষ্টে চেয়ে আছেন । চোখের কোণে হাসি এই এল বলে, আর ফেলুদার চোখে ভ্রুকুটি, সেটাও মনে হচ্ছে একটা হাসির অপেক্ষায় রয়েছে ।

‘সে কী মশাই’—ফেলুদার ভ্রুকুটি হাওয়া—‘আপনি এলাহাবাদে ছিলেন না ?’

দারোগাসাহেব ঝকঝকে দাঁত বার করে হেসে ফেলুদার হাত ধরে ঝাঁকুনি দিয়ে বললেন, ‘আমি শিওর ছিলাম না আপনি চিনবেন কি না ।’

‘চেনা মুশকিল । গোঁফটা যা ছিল তার চার ভাগের এক ভাগ হয়ে গেছে । রোগাও হয়েছেন বেশ খানিকটা ।’

ভদ্রলোক ফেলুদার সমান লম্বা আর গড়নেও ফেলুদারই মতো ছিমছাম । বছর দু-এক আগে এলাহাবাদে ফেলুদার একটা কেস পড়েছিল । পুলিশ পাঁচে পড়ে গিয়েছিল, কিন্তু ফেলুদা দু-দিনের মধ্যে সমস্যার সমাধান করে দিয়ে চার দিনের ভিতর কলকাতায় ফিরে এসেছিল । বুঝলাম সেইবারই তেওয়ারির সঙ্গে আলাপ হয় ।

‘আমি মিস্টার ঘোষালের কাছে গিয়েছিলাম কাল রাত্রে আপনি চলে আসার পর । তখনই শুনলাম আপনি এসেছেন আর ক্যালকাটা লঞ্জে আছেন ।’

নিরঞ্জনবাবু চায়ের অর্ডার দিয়েছেন, আমরা তিনজনে বসলাম । ফেলুদা স্বস্তির নিশ্বাস ফেলে বলল, ‘যাক ।—মিস্টার ঘোষাল পুলিশের কথা বলাতে আমার একটু দুশ্চিন্তা যাচ্ছিল ; এখন আপনাকে দেখে অনেকটা হালকা লাগছে । আপনার সঙ্গে ক্ল্যাশ হবে না । আর মনে হয় দুটো মাথা এক করলে বোধহয় কাজের সুবিধেই হবে । বেশ গোলমালে ব্যাপার—তাই না মশাই ?’

তেওয়ারি একটা শুকনো হাসি হেসে বললেন, ‘ইন ফ্যাক্ট ইট ইজ সো গোলমালে যে আমি তো আপনাকে এলাম বারণ করতে ।’

‘কেন বলুন তো ?’

‘মগনলাল যে বেপারে আছে, সে বেপারে এই হচ্ছে আমার অ্যাডভাইস । আপনি দু দিন গেলেন মিস্টার ঘোষালের বাড়ি, তার জন্য আমার খুব ভাওনা হচ্ছে । আপনাকে খুব সাওধান থাকতে হবে । ওর স্পাই আর ভাড়াটে গুণ্ডা সারা বেনারস শহরে ছড়িয়ে আছে ।’

হরকিষণ চা নিয়ে এল । ফেলুদা চিন্তিতভাবে একটা কাপ তুলে নিয়ে বলল, ‘কিন্তু মগনলাল যে এ ব্যাপারে সত্যিই জড়িত সে সন্দ্বন্ধে আপনি এত নিশ্চিত হচ্ছেন কী করে ?’

মিস্টার তেওয়ারি ভুরুটা কুঁচকে বাঁ হাতের আঙুলগুলো দিয়ে টেবিলের উপর কয়েকটা টোকা মেরে বললেন, ‘আমরা যে লাইনে ইনভেস্টিগেশন করছি, তাতে মগনলালকে একেবারে বাদ দেওয়া যায় না। ওর মতো কানিং লোক আর নেই।’

‘আপনারা কোন লাইনে তদন্ত চালাচ্ছেন সেটা...’

‘বলছি আপনাকে। আপনার কাছে আমি কিছুই লুকাব না। ঘোষালবাড়ির সবাইয়ের সঙ্গে আপনার আলাপ হয়েছে কি?’

‘চাকর-বাকর বাদে আর মোটামুটি সকলের সঙ্গেই হয়েছে।’

‘শশীবাবুকে দেখেছেন তো?’

‘হ্যাঁ, দেখেছি বই কী। আজই সকালে তার সঙ্গে কথা হয়েছে।’

‘ওর হেলোটিকে দেখেছেন নিশ্চয়ই।’

‘হ্যাঁ—সেও তো কাজ করছিল।’

‘কিন্তু শশীবাবুর আরেকটি ছেলে আছে সেটা জানেন?’

এ খবরটা অবিশ্যি আমরা কেউই জানতাম না।

‘এ ছেলটির নাম নিতাই। ভেরি ব্যাড টাইপ। আঠারো বছর বয়স, আর এ বয়সে যত খারাপ দোষ থাকতে পারে, সবই আছে। আমরা এখনও কোনও প্রমাণ পাইনি, কিন্তু ধরুন, যদি সে মগনলালের খপ্পরে পড়ে থাকে—’

ফেলুদা হাত তুলে বলল, ‘বুঝেছি। মগনলাল নিতাইকে হাত করবে, নিতাই হয় তার বাপকে না হয় দাদাকে হুমকি দিয়ে তাদের সিন্দুক খুলিয়ে গণেশ চুরি করাবে।’

‘এগজ্যাক্টলি’, বললেন মিস্টার তেওয়ারি। ‘নিতাইয়ের ব্যাপারটা জানার পর থেকেই মনে হচ্ছে একটা রাস্তা পাওয়া গেছে। আমার অ্যাডভাইস আপনি এখন চূপচাপ থাকুন। দসেরা টাইমে বেনারসে অনেক কিছু দেখবার আছে—সেই সব দেখুন, কিন্তু ঘোষালবাড়িতে বেশি যাতায়াত করবেন না।’

ফেলুদা অল্প হেসে চায়ে চুমুক দিয়ে একেবারে অন্য প্রসঙ্গে চলে গেল।

‘আপনারা মহলিাবা সম্বন্ধে কোনও তদন্ত করার প্রয়োজন বোধ করছেন না?’

তেওয়ারি হাতের কাপটা টেবিলের উপর রেখে একটা প্রাণখোলা হাসি হেসে বলল, ‘আপনাদের এর ভিতরেই মহলিাবা দর্শন হয়ে গেছে? কী মনে হল?’

‘তদন্তের কথা যখন তুললাম, তখন খুব যে একটা ভক্তি জাগেনি মনে সেটা নিশ্চয়ই বুঝতে পারছেন।’

‘সে তো আপনার কথা হল, কিন্তু আপনি তার ভক্তদের দেখেছেন? আপনি ইনভেস্টিগেশনের কথা বলছেন—খোলাখুলি ভাবে কিছু করতে গেলে ভক্তরা আমাদের আস্ত রাখবে?’

কথাটা বলে মিস্টার তেওয়ারি আড়চোখে নিরঞ্জনবাবুর দিকে চাইতে ভদ্রলোক হাত তুলে বলে উঠলেন, ‘আমার দিকে কী দেখছেন মশাই! আমাদের ভক্তি মানে কী? ভক্তিটিক্তি কিছু না—মহলিাবা হলেন আমাদের হুকে ফেলা একঘেষে জীবনে সামান্য একটু ব্যতিক্রমের ছিটফোঁটা—বাস।’

ফেলুদা বলল, ‘একটা জিনিস আপনি করতে পারেন মিস্টার তেওয়ারি—হরিদ্বার আর এলাহাবাদে খবর নিয়ে দেখতে পারেন সেখানে গত মাসখানেকের মধ্যে মহলিাবা নামে কোনও সিদ্ধপুরুষের আবির্ভাব ঘটেছিল কি না।’

‘ভেরি গুড। এটা করতে কোনও অসুবিধা নেই। আমি দু দিনের মধ্যে আপনাকে ইনফরমেশন এনে দেব।’

দারোগাসাহেব ঘড়ি দেখে উঠে পড়লেন। দরজার মুখে ভদ্রলোক ফেলুদার পিঠ চাপড়ে বললেন, ‘একদিন চৌকে আমাদের থানায় আসুন না। কী রকম কাজ হচ্ছে দেখে যান। আর—’ তেওয়ারি গম্ভীর—‘আমি আপনাকে সিরিয়াসলি বলছি—আপনি যত ইচ্ছে হলিডে করুন, কিন্তু এ বেপারে জড়াবেন না।’

দুপুরের ডাল ভাত কপির তরকারি মাছের ঝোল আর দইয়ের সঙ্গে জিলিপি খেয়ে আমরা হোটেল থেকে বেরিয়ে পান কিনলাম। লালমোহনবাবুকে এমনিতে কখনও পান খেতে দেখিনি; এখানে দেখলাম সাত রকম মশলা দেওয়া রুপোর তবক দিয়ে মোড়া একটা প্রকাণ্ড পান চার আঙুল দিয়ে ঠেলে মুখের ভিতর পুরে দিব্যি চিবোতে লাগলেন। আমরা কোনও বিশেষ জায়গায় যাব বলে বেরিয়েছি কি না জানি না, কারণ ফেলুদা কিছু বলেনি। লালমোহনবাবু একবার আমার কানের কাছে মুখ এনে ফিসফিস করে বললেন, ‘তোমার দাদা বোধহয় সেই হালুইকরের দোকানে গিয়ে রাবড়ি খাবেন।’ আমার ধারণা কিন্তু অন্য রকম—যদিও সেটা আমি মুখে প্রকাশ করলাম না। ফেলুদাকে অনুসরণ করে আমরা হোটেলের উলটো দিকে একটা গলিতে ঢুকে এগিয়ে চললাম।

একটু এগিয়ে বুঝতে পারলাম এদিকটায় বাঙালির নামগন্ধ নেই। লালমোহনবাবু চাদরটিকে ভাল করে জড়িয়ে নিয়ে বললেন, ‘আপনি চোখ, কান আর নাকের কথা বললেন, কিন্তু টেমপারেচারের কথা তো বললেন না। এদিকটায় বেশ শীত শীত লাগছে মশাই।’

দু দিকে তিন তলা চার তলা বাড়ি উঠে গেছে, আর তার মধ্যে দিয়ে ঐক্যেঁকে চলেছে গলি। সূর্যের আলো প্রায় পৌঁছায় না বললেই চলে। ফেলুদা বলল, বেনারসের গলির বেশির ভাগ বাড়িই নাকি দেড়শো থেকে দুশো বছরের পুরনো। রাস্তার দু দিকের দেওয়ালে যেখানে সেখানে ছবি আঁকা—হাতি, ঘোড়া, বাঘ, টিয়া, ঘোড়সওয়ার। কারা কখন ঐক্যেঁকে জানি না, কিন্তু দেখতে বেশ লাগে। মাঝে মাঝে এক-একটা হাতে-লেখা হিন্দি বিজ্ঞাপন—তার মধ্যে ‘নওজোয়ান বিড়ি’ সবচেয়ে বেশি চোখে পড়ে।

এতক্ষণ চারিদিকে বেশ চুপচাপ ছিল—এবার ক্রমে ক্রমে কানে নানারকম নতুন শব্দ আসতে আরম্ভ করল। তার মধ্যে সব ছাপিয়ে উঠছে ঘণ্টার শব্দ। ঘণ্টার ফাঁকগুলো ভরিয়ে রেখেছে যে শব্দটা তাকেই বলা হয় কোলাহল। ফেলুদা বলে এই কোলাহল জিনিসটা খুব মজার। হাজার লোক এক জায়গায় রয়েছে, সবাই নিজেদের মধ্যে সাধারণভাবে কথাবার্তা বলছে, কেউ গলা তুলছে না, অথচ সব মিলিয়ে যে শব্দটা হচ্ছে তাতে কান ফেটে যাবার জোগাড়।

এরই মধ্যে বেশ কয়েকটা ষাঁড় আমাদের সামনে পড়েছে, আর প্রতিবারই লালমোহনবাবু বলে উঠেছেন, ‘ওই দেখুন, মেঘরাম!’ শেষটায় ফেলুদা বলতে বাধ্য হল যে তার ধারণা মেঘরাজের চেয়ে ষাঁড় জিনিসটা অনেক বেশি নিরীহ এবং নিরাপদ।—‘আমি মশাই একজন ডাকসাইটে প্রতিদ্বন্দ্বী কল্পনা করে মনে উৎসাহ আনার চেষ্টা করছি, আর আপনি বার বার ষাঁড়ের সঙ্গে তুলনা করে তাকে খাটো করছেন!’

চোখ, কান আর নাককে একসঙ্গে আক্রমণ করতে বিশ্বনাথের গলির মতো আর কিছু আছে কি না জানি না। এখানে এসে আর নিজের ইচ্ছেমতো হাঁটা যায় না; ভিড় যে দিকে নিয়ে যায় সেই দিকে যেতে হয়। আমরাও এগিয়ে চললাম ভিড়ের সঙ্গে। ‘দর্শন হবে বাবু?’ ‘বাবু বিশ্বনাথ দর্শন হবে?’ পাণ্ডারা চারিদিক থেকে ছেকে ধরেছে। ফেলুদা নির্বিকার। আমরা তিনজনেই তাদের কথায় কান না দিয়ে যদূর পারি ধাক্কা বাঁচিয়ে পকেট বাঁচিয়ে রাস্তার পিছল জায়গাগুলো বাঁচিয়ে এগিয়ে চললাম। লালমোহনবাবুর মনে যতই ভক্তিতাব জাগুক

না কেন, ওঁর চোখ কিন্তু চলে গেছে মন্দিরের সোনায়ে মোড়া চুড়োর দিকে। একবার ফেলুদাকে কী যেন প্রশ্নও করলেন চুড়োর দিকে আঙুল দেখিয়ে। গোলমালে কী বললেন শুনতে পেলাম না, তবে ‘ক্যারেট’ কথাটা কানে এল। চুড়োর দিকে চাইতে গিয়েই চোখে পড়ল আকাশে দশ-বারোটা চিল চক্কর দিচ্ছে, আর তারই এক পাশে একটা লাল-সাদা পেটকাটি ঘুড়ি গোঁৎ খেয়ে মন্দিরের পিছনে অদৃশ্য হয়ে গেল।

ফেলুদাও ঘুড়িটাকে দেখেছে।

আমরা দুজন ফেলুদারই পিছন পিছন আরও খানিকটা এগিয়ে গেলাম—যদি আবার ঘুড়িটাকে দেখা যায়। হ্যাঁ—ওই তো আবার দেখা যাচ্ছে—লাল-সাদা পেটকাটি। ওই তো উপর দিকে উঠল, আর ওই তো আবার গোঁৎ খেয়ে নীচের দিকে নেমে একটা চারতলা বাড়ির পিছনে অদৃশ্য হয়ে গেল।

‘মোস্ট ইন্টারেস্টিং...’

চাপা গলায় বললেও, ফেলুদার ঠিক পাশেই থাকায় ওর কথাটা আমি শুনতে পেলাম।

লালমোহনবাবু বললেন, ‘শুধু ইন্টারেস্টিং কেন বলছেন মশাই—আমার কাছে তো ডিস্টার্বিং বলেও মনে হচ্ছে। মানে, ঘুড়িটার কথা বলছি না। চারদিকে এত দাড়ি আর জটার মধ্যে মেঘরামের কত স্পাই ঘোরাফেরা করছে ভাবতে পারেন? একটি লোক তো আপনার দিক থেকে চোখ ফেরাচ্ছে না। আমি আড়চোখে ওয়াচ করে যাচ্ছি প্রায় তিন মিনিট ধরে।’

ফেলুদা আকাশের দিক থেকে চোখ না নামিয়েই বলল, ‘গোঁফ-দাড়ি-জটা-যষ্টি-কমণ্ডল, আর গায়ে টাটকা নতুন-কেনা হিন্দি নামাবলী তো?’

‘ফুল মার্কস’, বললেন জটায়ু।

আমরা আবার এগিয়ে গেলাম। সামনেই একটা ষাঁড়ের পিছনে একটা সিঁদুর আর জবাফুলে বোঝাই দোকানের পাশে লোকটা দাঁড়িয়ে আছে। ফেলুদা তার সামনে এসে বেশ জোর গলায় বলল, ‘জয় বাবা বিশ্বনাথ!’ আমার হাসি পেলেও একদম চেপে গেলাম।

বিশ্বনাথ থেকে আমরা সোজা চলে গেলাম জ্ঞানবাপী। এখানেই অওরঙ্গজেবের মসজিদ, আর এখানেই সেই প্রকাণ্ড খোলা চাতাল। চাতালটায় এসে আবার আকাশের দিকে চাইতে আর ঘুড়িটা দেখতে পেলাম না।

উত্তর দিকে যেখানে চাতালটা শেষ হয়েছে সেখান দিয়ে একটা সিঁড়ি নেমে গেছে রাস্তায়—কারণ চাতালটা রাস্তার চেয়ে প্রায় আট-দশ হাত উঁচুতে। ফেলুদা কী মতলবে বেরিয়েছে সেটা নিয়ে আমার মনে যে সন্দেহটা ছিল, এখন দেখলাম লালমোহনবাবুও সেই একই সন্দেহ করছেন।

‘আপনি কি মশাই মেঘরামের বাড়ি যাবার তাল করছেন নাকি?’

ফেলুদা বলল, ‘আমার আরাধ্য দেবতা আর কে আছে বলুন। ক্রাইম না থাকলে তো ফেলু মিডিরের রোজগার বন্ধ হয়ে যাবে, সুতরাং এখানকার সবচেয়ে বড় ক্রিমিন্যালের মন্দিরটা একবার দেখে যাব না?’

দিনের বেলা চারদিকে শরৎকালের ঝলমলে রোদ আর লোকের ভিড় বলে হয়তো ফেলুদার কথায় অতটা শিউরে উঠলাম না; তবে ওই এক কথায় বুকের ঘড়িটায় দম দেওয়া হয়ে গেছে, আর ধুকপুক শুরু হয়ে গেছে।

এখানে গোলমাল কম, তাই লালমোহনবাবু পরের প্রশ্নটা গলা নামিয়ে করতে পারলেন।

‘আপনার অস্ত্রটি সঙ্গে নিয়েছেন তো?’

‘কোন অস্ত্রটার কথা বলছেন? রিভলভার নিইনি। বাকি তিনটে সব সময় সঙ্গেই

থাকে ।’

লালমোহনবাবু জিজ্ঞাসু দৃষ্টিতে ফেলুদার দিকে চাইতে গিয়ে একটা হোঁচট খেয়ে কোনওমতে সামলে নিয়ে আর কিছু বললেন না । ভদ্রলোকের বোঝা উচিত ছিল যে ফেলুদার তিনটে স্বাভাবিক অস্ত্র হল ওর মস্তিষ্ক, স্নায়ু আর মাংসপেশী । এর মধ্যে প্রথমটা অবিশ্যি আসল ।

সিঁড়ি দিয়ে রাস্তায় নেমে সামনেই একটা দরজির দোকান । দোকানের সামনেই বসে একটা লোক পায়ে করে সেলাইয়ের কল চালাচ্ছে । ফেলুদা তাকে জিজ্ঞেস করতেই লোকটা মগনলাল মেঘরাজের বাড়ি বাতলে দিল । রাস্তাটা ধরে পূব দিকে কিছুদূর গেলেই বাঁয়ে একটা মহাবীরের মন্দির পড়বে, তার দুটো বাড়ি পরেই মগনলালের বাড়ি । চেনা সহজ, কারণ সামনের দরজার দু দিকে দুটো সশস্ত্র প্রহরীর ছবি আঁকা রয়েছে ।

‘ছবি ছাড়া এমনি প্রহরী নেই !’ ফেলুদা প্রশ্ন করল ।

‘হাঁ—তাও আছে ।’

সোজা রাস্তা, এ-গলি ও-গলি ঘোরার বালাই নেই, তাই মগনলালের বাড়ি পেতে কোনওই অসুবিধা হল না । এখানটায় সত্যি করেই বিশ্বনাথের ঘণ্টার শব্দ ছাড়া আর কোনও শব্দই পৌঁছায় না । আর দুপুরবেলা বলেই বোধহয় গলিটা এত নিস্তব্ধ । যাঁড় তো নেই-ই, এমন কী ছাগল কুকুর বেড়াল কিছু নেই ।

মগনলালের বাড়ির দরজার দু দিকে তলোয়ার উচোনো প্রহরীর ছবি আছে ঠিকই, কিন্তু জ্যাস্ত প্রহরী কাউকে দেখা গেল না । অথচ দরজার পাল্লা দুটোই হাঁ করে খোলা । ব্যাপারটা কী ? লোকগুলো খেতে গেল নাকি ? ফেলুদা নাক টেনে বলল, ‘খৈনি ঝাড়া হয়েছে মিনিটখানেক আগেই ।’ তারপর এদিক ওদিক দেখে বলল, ‘আসুন । কেউ চ্যালেঞ্জ করলে বলব নতুন এসেছি, মানমন্দির ভেবে চুকেছি ।’

ফেলুদাকে সামনে রেখে চুকে পড়লাম দরজা দিয়ে ।

সর্বনাশ—এ কি মগনলালের বাড়ি, না গোয়ালঘর ? অন্ধকার, স্যাঁতসেঁতে উঠনে তিনটে জলজ্যাস্ত গোরু দাঁড়িয়ে নির্বিকারে জাবর কাটছে, আমাদের দিকে ফিরে দেখবারও কোনও আগ্রহ নেই তাদের । গোরুগুলো যে রাত্রেও এখানেই থাকে তার চিহ্নও চারিদিকে ছড়িয়ে আছে ।

ফেলুদা ফিসফিস করে বলল, ‘এ ব্যাপারটা এখানে খুব কমন । এই সব গলির বাড়িতে এক উঠন ছাড়া আর খোলা জায়গা বলে কিছু নেই । অথচ দুধ ঘি না হলে এদের চলে না ।’

আমাদের ডাইনে বাঁয়ে উঁচু বারান্দা দু দিকেই দুটো দরজায় গিয়ে শেষ হয়েছে, দুটোর পিছনেই ঘুরঘুটি অন্ধকার । আন্দাজে মনে হয় ওই অন্ধকারেই দোতলায় যাবার সিঁড়ি । বাড়িটা যে চারতলা সেটা বাইরে থাকতেই দেখেছি । উপর দিকে চাইলে লোহার গরাদের মধ্যে দিয়ে খোলা আকাশ দেখা যায় । গরাদের দরকার হয় বাঁদরের উৎপাত থেকে রেহাই পাবার জন্য ।

এর পরে কী করা উচিত ভেবে পাচ্ছি না, এমন সময় ডান দিকের বারান্দায় চোখ গেল ।

একটা লোক নিঃশব্দে দরজা দিয়ে বেরিয়ে এসে বাইরে দাঁড়িয়ে আমাদের দিকে দেখছে । মাঝবয়সী মাঝারি হাইটের লোক, গায়ে সবুজের উপর সাদা বুটি-দেওয়া কুর্তা, মাথায় কাজ-করা সাদা কাপড়ের টুপি । এক জোড়া পুরু গোঁফ ঠোঁটের দুপাশ দিয়ে নেমে গালপাট্টা হতে হতে হয়নি ।

লোকটা মুখ খুলল । গলার স্বর শুনলে মনে হয় অনেক দিনের পুরনো ক্ষয়ে যাওয়া

গ্রামোফোন রেকর্ড থেকে কথা বেরোচ্ছে। ফেলুদার দিকে তাকিয়ে লোকটা যে কথাটা বলল সেটা হচ্ছে এই—

‘শেঠজী আপসে মিলনা চাহতে হেঁ।’

‘কৌন শেঠজী?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘শেঠ মগনলালজী।’

‘চলিয়ে’, বলে ফেলুদা লোকটার দিকে পা বাড়াল।

৬

‘জয় বাবা বিশ্বনাথ!’

লালমোহনবাবুর মুখের দিকে চাইতে ভরসা পাচ্ছিলাম না, তবে ওর গলার আওয়াজেই ওর মনের ভাবটা বেশ বুঝতে পারলাম।

‘আপনার এত ভরসা বিশ্বনাথের উপর?’

ফেলুদা এখনও কী করে হালকাভাবে কথা বলছে জানি না।

‘জয় বাবা ফেলুনাথ!’

‘দ্যাটস বেটার।’

এত উচু উচু পাথরের ধাপওয়ালা এত অন্ধকার সিঁড়ি এর আগে কখনও দেখিনি। যে লোকটা ডাকতে এসেছিল তার হাতে আলোটালাে কিছু নেই। লালমোহনবাবুকে বার দু-এক ‘ব্ল্যাক হোল’ কথাটা বলতে শুনলাম। হেচল্লিশ ধাপ সিঁড়ি উঠে তিনতলায় পৌঁছলাম আমরা। লোকটা এবার সামনের একটা দরজা দিয়ে ভিতরে ঢুকে গেল। আমরাও ঢুকলাম তার পিছন পিছন।

একটা ঘর, তারপর একটা সরু প্যাসেজ, আর তারপর আরেকটা ঘর পেরিয়ে একটা অন্ধকার বারান্দা দিয়ে বেশ খানিকদূর গিয়ে একটা নিচু দরজা পড়ল। লোকটা এক পাশে সরে দাঁড়িয়ে আমাদের দিকে ফিরে ডান হাত বাড়িয়ে দরজার ভিতর যাবার জন্য ইশারা করল। কথা না বললেও লোকটার মুখ থেকে বিড়ির কড়া গন্ধ পাচ্ছিলাম।

যে ঘরটায় ঢুকলাম সেটা যে কত বড় সেটা তক্ষুনি বোঝা গেল না, কারণ প্রথমে ঢুকে কয়েকটা রঙিন কাচ ছাড়া আর কিছুই দেখা গেল না। বুঝলাম কাচগুলো জানালায় লাগানো বলে তাতে বাইরের আলো পড়েছে।

‘নোমোস্কার মিস্টার মিটার।’

খসখসে সুগন্ধীর দানাদার গলাটা আমাদের সামনে থেকেই এসেছে। এবারে চোখ অন্ধকারে সয়ে এসেছে। একটা সাদা গদি দেখতে পাচ্ছি—আমাদের সামনে কিছুটা দূরে মেঝেতে বিছানো রয়েছে। তার উপরে চারটে সাদা তাকিয়া। একটায় ভর দিয়ে আড় হয়ে বসে আছে একটা লোক, যার শুধু পিছন দিকটা আমরা সেদিন দেখেছি মহলিাবাবার ভক্তদের মধ্যে।

একটা খুঁট শব্দের সঙ্গে সিলিং-এ একটা বাতি জ্বলে উঠল। পিতলের বলের গায়ে ফুটো ফুটো জাফির কাজ—সেটা হল বাতিটার শেড। ঘরের চারদিক এখন বুটদার আলোর নকশায় ভরে গেছে।

এখন সব কিছু দেখতে পাচ্ছি। মগনলাল মেঘরাজের ভুরুর নীচে গর্তে বসা চোখ, তার নীচে ছোট্ট থ্যাবড়া নাক, আর তার নীচে এক জোড়া ঠোঁট, যার উপরেরটা পাতলা আর নীচেরটা পুরু। ঠোঁটের নীচে থুতনিটা সোজা নেমে এসেছে একেবারে আদ্রির পাঞ্জাবির ৪৬২

গলা অবধি। পাঞ্জাবির বোতামগুলো হিরের হলে আশ্চর্য হব না। এ ছাড়া ঝলমলে পাথর আছে দশটা আঙুলের আটটা আংটিতে, যেগুলো এখন নমস্কারের ভঙ্গিতে এক জায়গায় জড়ো হয়ে আছে।

‘বোসুন আপনারা। দাঁড়িয়ে কেনো?’

দিব্যি বাংলা।

‘চাই তো গদিতে বসুন। আর নয়তো চেয়ার আছে। যাতে ইচ্ছা বসুন।’

চেয়ারগুলো নিচু। পরে ফেলুদা বলেছিল ওগুলো নাকি গুজরাটের। আমরা গদিতে না বসে চেয়ারেই বসলাম—ফেলুদা একটাতে আর আমি আর লালমোহনবাবু আরেকটাতে।

মগনলাল সেইভাবেই কাত হয়ে থেকে বললেন, ‘আপনার সঙ্গে আলাপ করার ইচ্ছা ছিল, ভাবছিলাম আপনাকে ইনভাইট করে নিয়ে আসব। ভগওয়ানের কৃপায় আপনি নিজেই এসে গেলেন।’ তারপর একটু হেসে বললেন, ‘আপনি আমাকে চিনেন না, কিন্তু আমি আপনাকে চিনি।’

‘আপনার নামও আমি শুনেছি’, ফেলুদা পালটা ভদ্রতা করে বলল।

‘নাম বলছেন কেন, বদনাম বলুন। সত্যি কথা বলুন!’

মগনলাল কথাটা বলে হো হো করে হেসে উঠলেন, আর তার ফলে তাঁর পানখাওয়া দাঁতগুলোতে আলো পড়ে চকচক করে উঠল। ফেলুদা চুপ করে রইল। মগনলালের মাথাটা আমার দিকে ঘুরে গেল।

‘ইনি আপনার ব্রাদার?’

‘কাজিন।’

‘আর ইনি? আঙ্কল?’

মগনলালের চোখে হাসি, চোখ ঘুরে গেছে জটায়ুর দিকে।

‘ইনি আমার বন্ধু। লালমোহন গাঙ্গুলী।’

‘ভেরি গুড! লালমোহন, মোহনলাল, মগনলাল—সব লাল, লালে লাল—ঐ? কী বলেন?’

লালমোহনবাবু কিছুক্ষণ থেকে হাঁটু নাচিয়ে ‘আমি একটুও নার্ভাস হইনি’, ভাব দেখানোর চেষ্টা করছিলেন, এবার মগনলালের কথাটা শুনেই হাঁটু দুটো খট খট শব্দ করে পরস্পরের সঙ্গে লাগিয়ে নাচানো বন্ধ হয়ে গেল।

এবার মগনলালের বাঁ হাতটা একটা থাপ্পড়ের ভঙ্গিতে তাকিয়ার পিছনে নামাতেই ঠং করে একটা কলিং বেল বেজে উঠে লালমোহনবাবুকে বিষম খাইয়ে দিল।

‘গলা সুখিয়ে গেলো?’ বললেন মগনলাল।

বাঁ দিকে তাকিয়ে দেখি যে-লোকটা আমাদের উপরে নিয়ে এসেছিল সে আবার দরজার মুখে এসে দাঁড়িয়েছে।

‘সরবত লাও’, হুকুম করলেন মগনলাল।

এখন ঘরের সব জিনিসই স্পষ্ট দেখতে পাচ্ছি। মগনলালের পিছনের দেওয়ালে দেবদেবীর ছবির গ্যালারি। ডান দিকে দেওয়ালের সামনে দুটো স্টিলের আলমারি। গদির উপরে কিছু খাতাপত্র, একটা বোধহয় ক্যাশবাক্স, একটা লাল বঙের টেলিফোন, একটা হিন্দি খবরের কাগজ। এ ছাড়া তাকিয়ার ঠিক পাশেই রয়েছে একটা রূপোর পানের ডিবে আর একটা রূপোর পিকদান।

‘ওয়েল মিস্টার মিস্তির’—মগনলালের হির দৃষ্টিতে আর হাসির নামগন্ধ নেই—‘আপনি বনারস হলিডের জন্যে এসেছেন?’

‘সেটাই মূল উদ্দেশ্য ছিল।’

ফেলুদা সটান মগনলালের চোখের দিকে চেয়ে কথা বলছে।

‘তা হলে—আপনি—টাইম—ওয়েস্ট—করছেন—কেন?’

প্রত্যেকটা কথা ফাঁক ফাঁক আর স্পষ্ট করে বলা।

‘সারনাথ দেখেছেন? রামনগর দেখেছেন? দুর্গাবাড়ি, মানমন্দির, হিন্দু ইউনিভার্সিটি, বেণীমাধব ধ্বজা—এ-সব কিছুই দেখলেন না, আজ বিশ্বনাথজীর দরওয়াজার সামনে গেলেন, কিন্তু ভিতরে ঢুকলেন না, কচৌরি গলিতে মিঠাই খেলেন না...ঘোষালবাড়িতে কী কাম আপনার? আমার বজরা আছে আপনি জানেন? চৈতি ঘাটসে অসসি ঘাট টিরিপ দিয়ে দেবো আপনাকে, আপনি চলে আসুন। গঙ্গার হাওয়া খেয়ে আপনার মনমেজাজ খুশ হয়ে যাবে।’

‘আপনি ভুলে যাচ্ছেন’—ফেলুদার গলা এখনও স্থির, যাকে বলে নিষ্কম্প—‘যে আমি একজন পেশাদারি গোয়েন্দা। মিস্টার ঘোষাল আমাকে একটা কাজের ভার দিয়েছেন। সে কাজটা শেষ না করে ফুর্তি করার কোনও প্রশ্ন আসে না।’

‘কতো আপনার ফি?’

ফেলুদা প্রশ্নটা শুনে কয়েক সেকেন্ড চুপ করে রইল। তারপর বলল, ‘দ্যাট ডিপেন্ডস—’

‘এই নিন।’

তাজ্জব, দম-বন্ধ-করা ব্যাপার। মগনলাল ক্যাশবাক্স খুলে তার থেকে একতাড়া একশো টাকার নোট বার করে ফেলুদার দিকে এগিয়ে দিয়েছে।

ফেলুদার চোয়াল শক্ত হয়ে গেল।

‘বিনা পরিশ্রমে আমি পারিশ্রমিক নিই না মিস্টার মেঘরাজ।’

‘বাহরে বাঃ!’—মগনলালের পান-খাওয়া দাঁত আবার বেরিয়ে গেছে—‘আপনি পরিশ্রম করে কী করবেন? যেখানে চোরিই হল না, সেখানে আপনি চোর পাকড়াবেন কী করে মিস্টার মিস্তির?’

‘চুরি হল না মানে?’—এবারে ফেলুদাও অবাক—‘কোথায় গেল সে জিনিস?’

‘সে জিনিস তো উমানাথ আমার কাছে বিক্রি করে দিয়েছে। তিস হাজার ক্যাশ দিয়ে আমি সে জিনিস কিনে নিয়েছি!’

‘কী বলছেন আপনি উলটো-পালটা?’

ফেলুদার বেপরোয়া কথায় আমার হাত-পা ঠাণ্ডা হয়ে গেল। সিলিং-এর বাতিটা থেকে একটা আলোর নকশা লালমোহনবাবুর নাক আর চোঁটের উপর পড়েছে। বেশ বুকলাম গুঁর চোঁট শুকিয়ে ফ্যাকাশে হয়ে গেছে।

মগনলাল ওর শেষ কথাটা বলে হেসে উঠেছিল, ফেলুদা কথাটা বলতেই মনে হল একটা হাসির রেকর্ডের উপর থেকে কে যেন সাউন্ড-বক্সটা হঠাৎ তুলে নিল। মগনলালের মুখ এখন কালবৈশাখীর মেঘের মতো কালো, আর চোখ দুটো যেন কোটর থেকে বেরিয়ে এসে বুলেটের মতো ফেলুদাকে বিঁধতে চাইছে।

‘উলটো-পালটা কে বলে জানেন? উলটো-পালটা বলে উলটো-পালটা আদমি। মগনলাল বলে না। উমানাথের বেপার কী জানেন আপনি? তার বেওসার বিষয় কিছু জানেন? উমানাথের দেনা কত জানেন? উমা নিজে আমাকে ডেকে পাঠাল জানেন? উমা নিজে সিন্দুক থেকে গণপতি চোরি করেছে জানেন? আপনি চোর কী ধরবেন মিস্টার মিস্তির—চোর তো আপনার মক্কেল নিজে!’

ফেলুদা গম্ভীর গলায় বলল, ‘আপনি কী বলতে চাচ্ছেন সেটা পরিষ্কার হচ্ছে না

মগনলালজী । নিজের জিনিস চুরি করবার দরকারটা কোথায় ? সোজা সিন্দুক থেকে বার করে আপনার হাতে তুলে দিয়ে টাকাটা নিয়ে নিলেই তো হত ।’

‘কার সিন্দুক ? সিন্দুক তো ওর বাবার ।’

‘কিন্তু গণেশটা তো—’

‘গণেশ-কার ? ঘোষাল ফ্যামিলির । ফ্যামিলি তিন জায়গায় ভাগ হয়ে গেছে । বড় ছেলে বিলাইতে ডাকটর—ছোট ছেলে উমানাথ কলকাতায় কেমিক্যালস—আর বাবা বেনারসের উকিল—এখন প্র্যাক্টিস ছেড়ে দিয়েছেন । গণপতি ছিল অল অ্যালাং বাবার কাছে । গণপতির ইনফ্লুয়েন্স দেখবেন তো ওনাকে দেখুন । কতো টাকা কামায়েছেন দেখুন, মেজাজ দেখুন, আরাম দেখুন । তার সিন্দুক থেকে গণেশ বার করে উমানাথ আমাকে বিক্রি করল—সে কথা সে বাপকে জানাবে কী করে ? তার সাহস কোথায় ?’

ফেলুদা ভাবছে । সে কি মগনলালের কথা বিশ্বাস করছে ?

‘সিন্দুক থেকে কবে গণেশ নিলেন উমানাথবাবু ?’

মগনলাল তাকিয়াটা আরও বুকের কাছে টেনে নিল ।

‘শুনুন—অক্টোবর দশ তারিখ আমাকে ডেকে পাঠাল উমা । সেদিন কথা হল । আমি এগ্রি করলাম । আমার লাক ভি কিছু খারাপ যাচ্ছে—আপনি হয়তো জানেন । লেকিন আমার টাকার অভাব এখনো হয়নি । আর উ গ্রিন ডায়মন্ডকে কত দাম জানেন ? উমা জানে না । আমি যা পে করলাম তার চেয়ে অনেক বেশি । এনিওয়ে—দশ অক্টোবর কথা হল । উমা বলল আমাকে দো-তিন দিন টাইম দাও । আমি বললাম নাও । ফিফটিনথ অক্টোবর ইভনিং উমা আবার ফোন করল । বলল গণেশ আমার হাতে এসে গেছে । আমি বললাম তুমি চলে এসো মছলিবাবা দর্শন করতে । উমা এসে গেল । আমি এসে গেলাম । আমার হাতে ব্যাগ, উর পাকিটে ব্যাগ । উর ব্যাগে গণপতি, আমার ব্যাগে তিন-সও হান্ড্রেড রুপি নোটস । দর্শন ভি হল, ব্যাগ বদল ভি হল । ব্যস, খতম ।’

মগনলাল যদি সত্যি কথা বলে থাকে, তা হলে বলতে হবে উমানাথবাবু আমাদের সাংঘাতিক ভাওতা দিয়েছেন আর নিজের মান বাঁচানোর জন্য একটা চুরির গল্প খাড়া করে ফেলুদাকে তদন্ত চালাতে বলেছেন । অবশ্যি সেই সঙ্গে পুলিশকেও ভাওতা দিয়েছেন । পুরো ব্যাপারটাই ফেলুদার পক্ষে পণ্ডশ্রম হবে, আর পকেটে পয়সাও আসবে না । কিন্তু মগনলালই বা ফেলুদার প্রতি এত সদয় হবে কেন ?

আমি প্রায় চমকে উঠলাম যখন ফেলুদা ঠিক এই প্রশ্নটাই মগনলালকে করে বসল । মগনলাল তার চোখ দুটোকে আরও ছোট করে একটু সোজা হয়ে বসে বলল, ‘কারণ আমি জানি আপনি বুদ্ধিমান লোক । অর্ডিনারি বুদ্ধি না, একস্ট্রা-অর্ডিনারি বুদ্ধি । আপনি আরও কিছুদিন তদন্ত করলে যদি আসল বেপারটা বুঝে ফেলেন, তখন উমারও মুশকিল, আমারও মুশকিল । আমাদের এই লেনদেনের বেপারটা তো ঠিক সিধা-সাফা নয়—সে তো আপনি বুঝেন মিস্টার মিস্তির ।’

ফেলুদা চুপ করে আছে । তিন গেলাস সবুজ রঙের সরবত এসেছে—আমাদের সামনে টেবিলের উপর রাখা । ফেলুদা একটা গেলাস হাতে তুলে নিয়ে বলল, ‘গণেশটা তা হলে আপনার কাছেই আছে । সেটা একবার দেখা যায় কি ? যেটার সঙ্গে এত রকম ইতিহাস জড়িত, সেটা একবার দেখতে ইচ্ছা হওয়াটা স্বাভাবিক এটা আপনি নিশ্চয়ই স্বীকার করবেন ।’

মগনলাল মাথা নেড়ে বললেন, ‘ভেরি সরি মিস্টার মিস্তির, আপনি তো জানেন আমার এ বাড়িতে একবার রোড হয়ে গেছে । ও জিনিস কী করে আমি এখানে রাখি বলুন । ওটা

আমাকে একটা সেফ জায়গায় পাঠিয়ে দিতে হয়েছে ।’

ফেলুদার পরের কথাতে ওর বেরোয়া ভাবটা আমার কাছে আবার নতুন করে ফুটে বেরোল ।

‘তা পাঠিয়েছেন বেশ করেছেন, কিন্তু আপনি সত্যি বলছেন কি না জানার জন্যও তো আমাকে অনুসন্ধান চালিয়ে যেতে হবে মগনলালজী !—তাতে যদি আপনার কথা সত্যি বলে প্রমাণিত হয় তা হলে তো কথাই নেই, কিন্তু ধরুন যদি তা না হয় ?’

মগনলালের তলার ঠোঁটটা বিস্মীভাবে নীচের দিকে ঝুলে পড়ল, আর তার ভুরুজোড়া আরও নেমে এসে চোখ দুটোকে অন্ধকারে ঠেলে দিল ।

‘আপনি আমার কথা বিসোয়াস করছেন না ?’

লালমোহনবাবু সরবতের গেলাসটা তুলেই আবার ঠক করে নামিয়ে রাখলেন । ফেলুদার হাতের গেলাস আশ্বে আশ্বে ঠোঁটের কাছে চলে গেল । সরবতে একটা চুমুক দিয়ে একদৃষ্টে মগনলালের দিকে তাকিয়ে বলল, ‘আপনি নিজেই বললেন আপনাকে আমি চিনি না । কী করে আশা করেন প্রথম আলাপেই আমি আপনার সব কথা বিশ্বাস করব ? আপনি নিজেই কি সব সময় নতুন লোকের কথা বিশ্বাস করেন—বিশেষ করে যখন সে লোক দিনকে রাত করে দেয় ?’

মগনলাল সেইভাবেই চেয়ে আছে ফেলুদার দিকে । একটা ঘড়ির টিক্ টিক্ শব্দ শুনতে পাচ্ছি, যদিও সেটা কোথায় আছে তা জানি না ।

এবার মগনলালের ডান হাতটা আবার ফেলুদার দিকে এগিয়ে এল—তাতে এখনও সেই নোটের তাড়া ।

‘তিন হাজার আছে এখানে মিস্টার মিস্তির । আপনি নিন এ টাকা । নিয়ে আপনি বিশ্রাম করুন, স্মৃতি করুন আপনার কাজিন আর আঙ্কলকে নিয়ে ।’

‘না মগনলালজী, ওভাবে আমি টাকা নিই না ।’

‘আপনি কাজ চালিয়ে যাবেন ?’

‘যেতেই হবে ।’

‘ভেরি গুড ।’

কথাটা বলার সঙ্গে সঙ্গে মগনলালের হাত আবার কলিং বেলের উপর আছড়ে পড়ল । সেই লোকটা আবার দরজার সামনে এসে দাঁড়িয়েছে । মগনলাল লোকটার দিকে না তাকিয়ে বলল, ‘অর্জুনকো বোলাও—আউর তেরা নম্বর বকস লাও—আউর তক্তা ।’

লোকটা চলে গেল । কী যে আনতে গেল তা ভগবান জানে ।

মগনলাল এবার হাসি হাসি মুখ করে লালমোহনবাবুর দিকে চাইলেন । লালমোহনবাবুর ডান হাত এখনও সরবতের গেলাসটাকে ধরে আছে, যদিও সে গেলাস টেবিল থেকে এক ইঞ্চিও ওঠেনি ।

‘কেয়া মোহনভোগবাবু, আমার সরবত পসিন্দ হল না ?’

‘না না—বৎসর—ইয়ে, সরবত—মানে...’ আরও বললে আরও কথার গুণগোল হয়ে যাবে মনে করেই বোধহয় লালমোহনবাবু গেলাসটা তুলে ঢক ঢক করে দু টোক সরবত খেয়ে ফেললেন ।

‘আপনি ঘাবড়াবেন না মোহনবাবু—উ সরবতে বিষ নেই ।’

‘না না—’

‘বিষ আমি খরাপ জিনিস বলে মনে করি ।’

‘নিশ্চয়ই—বিষ ইজ’—আরেক টোক সরবত—‘ভেরি ব্যাড ।’

‘তার চেয়ে অন্য জিনিসে কাম দেয় বেশি ।’

‘অন্য জিনিস ?’

‘কী জিনিস সেটা এবার আপনাকে দেখাব ।’

‘খ্যাখ্ !’

‘কী হল মোহনভোগবাবু ?’

‘বিষ—মানে বিষম লাগল ।’

বাইরে পায়ের শব্দ ।

একটা অদ্ভুত প্রাণী এসে ঘরে ঢুকল । সেটা মানুষ তো বটেই, কিন্তু এরকম মানুষ আমি কখনও দেখিনি । হাইটে পাঁচ ফুটের বেশি না, রোগা লিকলিকে শরীরের মাথা থেকে পা পর্যন্ত শিরা-উপশিরায় গিজগিজ করছে, মাথার চুলে কদম ছাঁট, কান দুটো খাড়া হয়ে বেরিয়ে আছে, চোখ দুটো দেখলে মনে হয় নেপালি, কিন্তু নাকটা খাঁড়ার মতো উচু আর ছুঁচোলো । আরও একটা লক্ষ্য করার বিষয় এই যে, লোকটার সারা গায়ে একটাও লোম নেই । হাত পা আর বুকের অনেকখানি এমনিতেই দেখা যাচ্ছে, কারণ লোকটা পরেছে একটা শতচ্ছিন্ন হাতকাটা গেঞ্জি আর একটা বেগুনি রঙের ময়লা হাফ প্যান্ট ।

লোকটা ঘরে ঢুকেই মগনলালের দিকে ফিরে একটা স্যালুট করল । তারপর হাতটা পাশে নামিয়ে কোমরটাকে একটু ভাঁজ করে সামনের দিকে ঝুঁকে দাঁড়িয়ে রইল ।

এবার ঘরে আরেকটা জিনিস ঢুকল । এটাই বোধহয় তেরো নম্বর বাস্ক । দুটো লোক বাস্কটা বয়ে এনে গদির সামনে মেঝেতে রাখল । রাখার সময় একটা বানাৎ শব্দে বুঝলাম ভিতরে লোহা বা পিতলের জিনিসপত্র আছে ।

আরও দুটো লোক এবার একটা বেশ বড় কাঠের তক্তা নিয়ে এসে আমাদের পিছনের দরজাটা বন্ধ করে তার গায়ে হেলান দিয়ে দাঁড় করিয়ে দিল । এতক্ষণে মগনলাল আবার মুখ খুললেন ।

‘নাইফ-থ্রোইং জানেন কী জিনিস মিস্টার মিস্তির ? সার্কাসে দেখেছেন কখনও ?’

‘দেখেছি ।’

সার্কাস আমি দেখেছি, কিন্তু নাইফ-থ্রোইং দেখিনি । ও-ই একবার বলেছিল ব্যাপারটা কীরকম হয় । একজন লোককে একটা খাড়া করা তক্তার সামনে দাঁড় করিয়ে দূর থেকে আরেকটা লোক তার দিকে একটার পর একটা ছোরা এমনভাবে মারতে থাকে যে, সেগুলো লোকটার গায়ে না লেগে তাকে ইঞ্চিখানেক বাঁচিয়ে তক্তার উপর গিয়ে বিধতে থাকে । সে নাকি এমন সাংঘাতিক খেলা যে দেখে লোম খাড়া হয়ে যায় । সেই খেলাই আজ দেখাবে নাকি এই অর্জুন ?


তেরো নম্বর বাস্ক খোলা হয়েছে । ঘরে আরও দুটো বাতি জ্বলে উঠল । বাস্কে বোঝাই করা কেবল ছোরা আর ছোরা । সেগুলো সবকটা ঠিক একরকম দেখতে—সব কটার হাতির দাঁতের হাতল, সব কটায় ঠিক একরকম নকশা করা ।

‘হরবনসপুরের রাজার প্রাইভেট সার্কাস ছিল, সেই সার্কাসেই অর্জুন নাইফ থ্রোইং-এর খেল দেখাত । এখন ও হামার প্রাইভেট সার্কাসে খেল দেখায়—হেঃ হেঃ হেঃ হেঃ...’

বাস্ক থেকে গুনে গুনে বারোটা ছোরা বার করে আমাদের সামনেই একটা শ্বেতপাথরের টেবিলের উপর সাজিয়ে রাখা হয়েছে একটা খোলা জাপানি হাতপাখার মতো করে ।

‘আসুন আঙ্কল ।’

আঙ্কল কথাটা শুনে লালমোহনবাবু তিনটে জিনিস একসঙ্গে করে ফেললেন—হাতের ঝটকায় গেলাসের অর্ধেক সরবত মাটিতে ফেললেন, পেটে ঘুঁষি খাবার মতো করে সোজা



1850/1860

ম্যান ।’ তারপর থেকে লালমোহনবাবু কথাটথা আর বিশেষ বলছেন না, কেবল ফেলুদাকে একবার জিজ্ঞেস করেছেন তার মাথার চুল সব পেকে গিয়েছে কি না । তাতে আমরা দুজনেই তাকে আশ্বাস দিয়েছি যে নতুন করে একটি চুলও পাকেনি ।

মগনলালের হাবভাবে স্পষ্টই বোঝা গিয়েছিল যে ফেলুদা তদন্ত চালাতে গেলেই সে খতম হয়ে যাবে—হয় ছুরিতে, না হয় গুলিতে । অবিশ্যি শেষ পর্যন্ত ফেলুদা একটা কনসেশন আদায় করে নিয়েছে ; সে আরও একটিবার ঘোষালবাড়িতে যাবে, কারণ হঠাৎ ডুব মেরে গেলে সেটা তার সম্মানের পক্ষে অত্যন্ত হানিকর হবে । যাওয়ার ব্যাপারে দেরি করে লাভ নেই, কাজেই সেটা আজই বিকেলে সেরে ফেলতে হবে । মগনলাল আমাদের বিদায় দেবার আগে স্পষ্ট কথায় শাসিয়ে দিয়েছে—‘আপনি জেনে রাখবেন মিস্টার মিস্তির যে, আপনি বাড়াবাড়ি যা করবেন তা অ্যাট ইওর ওন রিসক । আর আপনার উপর নজর রাখার বেওস্তা আমার আছে সেটাও আপনি জানবেন ।’

এটা বলতে খারাপ লাগছে যে এখন পর্যন্ত মগনলালই ফেলুদার উপর টেকা মেরে আছে । এটা আমি জানি যে যতই ডাকসাইটে প্রতিদ্বন্দ্বী হোক না কেন, শেষ পর্যন্ত প্রতিবারই ফেলুদার জয় হয়েছে । কিন্তু এটাও ঠিক যে মগনলাল মেঘরাজের মতো সাংঘাতিক প্রতিদ্বন্দ্বীর সামনে এর আগে ফেলুদাকে কখনও পড়তে হয়নি ।

বেশ কিছুক্ষণ চুপ করে গঙ্গার দিকে চেয়ে থেকে ফেলুদা দীর্ঘশ্বাস ফেলে বলল, ‘গণেশটা ঘোষালবাড়িতে রয়ে গেছে রে—তাতে কোনও সন্দেহ নেই । নইলে লোকটা আমাকে তদন্ত বন্ধ করার জন্য এতগুলো টাকা অফার করে না । কিন্তু কথা হচ্ছে—সেটা কোথায় ? সেটা কেন এখনও পর্যন্ত মগনলালের নাগালের বাইরে ? কখন কীভাবে সেটা সে হাত করার কথা ভাবছে ? আর সব শেষে আরও দুটো প্রশ্ন—কে সেটা সিন্দুক থেকে সরাল, এবং ও বাড়ির কার সঙ্গে মগনলালের যোগসাজশ রয়েছে ?’

ফেলুদা পকেট থেকে তার খাতটা বার করে মিনিট পাঁচেক উলটে-পালটে দেখল । বুঝতে পারছি ইতিমধ্যে সেটাতে বেশ কিছু নতুন জিনিস লেখা হয়েছে, কিন্তু সেটা যে কী তা এখনও জানি না । লালমোহনবাবুকে লক্ষ্য করছি মাঝে মাঝে শিউরে উঠছেন, আর নিজের শরীরের এখানে ওখানে হাত বুলিয়ে দেখছেন । তিনি যে অক্ষত আছেন সেটা বোধহয় এখনও তাঁর বিশ্বাস হচ্ছে না ।

আমরা যখন ঘাট থেকে উঠলাম তখনও আকাশ ছাই রঙের মেঘের টুকরোতে ছেয়ে আছে । আকাশটা দেখতে গিয়েই লাল-সাদা পেটকাটি ঘুড়িটার দিকে চোখ গেল । ফেলুদাও দেখেছে, কারণ ওর সিঁড়ি-ওঠা থেমে গেল ।

ঘুড়িটা উড়ছে যে বাড়িটার মাথার উপর সেটা আমাদের চেনা বাড়ি । এটা সেই লালবাড়ি—যার ছাতে শয়তান সিংকে ক্যাপ্টেন স্পার্কের কাছে আত্মসমর্পণ করতে হয়েছিল । বাড়ির ছাতে কে ? শয়তান সিং না ? হ্যাঁ—কোনও সন্দেহ নেই । এ হল রুকুর বন্ধু সুরয । সে এক দৃষ্টিতে আকাশের ঘুড়িটার দিকে চেয়ে রয়েছে ।

এবার ঘুড়িটা গোঁৎ খেয়ে সুতোর টানে নীচের দিকে নেমে এল । সুরযের ডান হাতটা একটা ঝটকা দিয়ে উপর দিকে উঠল । তার ফলে একটা টিল শূন্যে উঠে ঘুড়িটার পিছন দিকে চলে গেল ।

এবার বুঝলাম টিলটা একটা সুতোর সঙ্গে বাঁধা, আর সুতোটা ধরা সুরযের হাতে ।

সেই সুতো ধরে সুরয টান দিচ্ছে, আর তার ফলে বন্দি ঘুড়িটা তার হাতে চলে আসছে ।

গোধূলিয়ার মোড়ে একটা দোকানে বসে চা খেয়ে আমরা যখন শংকরী নিবাসে পৌঁছলাম

তখন প্রায় চারটে বাজে। ত্রিলোচন পাণ্ডে সেলাম ঠুকে ফটক খুলে দিল। আমরা গাড়িবারান্দায় পৌঁছানোর আগেই সকালেরই মতো বিকাশবাবু বাইরে বেরিয়ে এসে আমাদের অভ্যর্থনা করলেন।

‘কী খবর? এনি প্রোগ্রেস?’

‘উহু’ ফেলুদা বলল। ‘শহর দেখে বেড়িলাম সারা দিন।’

‘ওঁরা তো সব বেরিয়েছেন।’

উমানাথবাবুর গাড়িটা দেখছিলাম না। তা ছাড়া বাড়িটা দেখেও কেমন জানি খালি খালি মনে হচ্ছিল।

‘কোথায় গেছেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘সারনাথ। আজও কিছু আত্মীয়স্বজন এসেছেন বাইরে থেকে। দুপুরে খাওয়া-দাওয়া সেসে দুটো গাড়ি বোঝাই করে বেরিয়েছেন সব, ফিরতে সন্ধে হবে।’

‘রুকুও গেছে?’

‘না। রুকুর সারনাথ দেখা হয়ে গেছে। ও গেছে টারজান দেখতে ওর এক মামার সঙ্গে।’

আসবার সময় রাস্তার দেওয়ালে বিজ্ঞাপন দেখেছি বটে। সেই আদ্যিকালের ছবি—আমার জন্মের আগে, ফেলুদার জন্মের আগে, এমন কী লালমোহনবাবুর জন্মের আগে—টারজন দি এপ ম্যান।

‘আমার ঘরে এসে বসবেন একটু?’ বিকাশবাবু প্রশ্ন করলেন।

ফেলুদা বলল, ‘আগে একবার ছাদে যাব—যদি সম্ভব হয়।’

‘হ্যাঁ, হ্যাঁ—আপনার জন্য এ বাড়ির সব দরজা খোলা।’

সামনের দরজা দিয়ে ঢুকেই চণ্ডীপাঠের আওয়াজ পেলাম। সেটা পুজোমণ্ডপ থেকে আসছে জানি, কিন্তু এত জোরে আওয়াজ তো কাল পাইনি। ডান দিকে চাইতেই ব্যাপারটা পরিষ্কার হয়ে গেল। সিঁড়ির পিছনের দরজাটা আজ খোলা, আর সেটা দিয়ে দিবি পুজোর জায়গাটা দেখা যাচ্ছে। আমরা চারজনেই দরজাটার দিকে এগিয়ে গেলাম। দূর থেকেই দেখা যাচ্ছে শশীবাবু এক মনে তুলি চালিয়ে যাচ্ছেন।

‘কালই তো শশীবাবুর কাজ শেষ’, বলল ফেলুদা।

‘হ্যাঁ বললেন বিকাশবাবু, ‘ভদ্রলোকের জ্বর এখনও সম্পূর্ণ সারেনি, তাও একনাগাড়ে তুলি চালিয়ে যাচ্ছেন।’

ছাদ দেখা মানে যে আসলে রুকুর ঘর দেখা সেটা আগেই আন্দাজ করেছিলাম। সেদিন সকালে এ ঘরে রোদ ছিল না, আজ পশ্চিমের জানালা দিয়ে ঝলমলে রোদ এসে চারিদিকের ছড়ানো জিনিসের উপর পড়েছে।

আমি ভেবেছিলাম আজ যখন রুকু নেই তখন ফেলুদা হয়তো তন্ন তন্ন করে অনুসন্ধান চালাবে, কিন্তু তার পরেই মনে হল মগনলালের হুমকির কথা। বেশিক্ষণ শংকরী নিবাসে থাকাটাই ফেলুদার পক্ষে বিপজ্জনক। তা ছাড়া বেশি অনুসন্ধানের দরকার হল না, কারণ ফেলুদা যেটা খুঁজছিল সেটা ঘরে ঢুকেই পেয়ে গেল।

আজই বিকেলে সূর্যের ফাঁসে বন্দি হতে দেখেছি এই লাল-সাদা পেটকাটিটাকে। মেঝের উপর লাটাই-চাপা অবস্থায় পড়ে আছে ঘুড়িটা; সেটার উপর যে উৎপাত হয়েছে সেটা দেখলেই বোঝা যায়; কাল আর এ ঘুড়ি আকাশে উড়বে না।

ফেলুদা লাটাইটা তুলতেই একটা জিনিস চোখে পড়ল।

ঘুড়ির সাদা অংশটাতে নীল পেনসিল দিয়ে হিন্দি অক্ষরে কী যেন লেখা রয়েছে। দুটো

জায়গায় আলাদা করে লেখা ।

কাছ থেকে পড়ে বুঝতে পারলাম ভাষাটা বাংলা । বোধহয় সূর্য বাংলা পড়তে পারে না বলেই রুকুকে এটা করতে হয়েছে ।

একটা লেখা হল এই—

‘আমি বন্দি । সব ঠিক আছে হা হা । আবার বিকেলে । ইতি ক্যাপ্টেন স্পার্ক ।’

অন্যটা হল—

‘টারজন দেখতে যাচ্ছি । আবার কাল সকালে । ইতি ক্যাপ্টেন স্পার্ক ।’

‘বাপরে বাপ !’ বলে উঠলেন লালমোহনবাবু । ‘কোন জগতে বাস করে মশাই এ ছেলে ?’

ফেলুদা ঘুড়িটাকে আবার ঠিক সেইভাবে ছিল সেইভাবে রেখে বলল, ‘রহস্য রোমাঞ্চ সিরিজের জগৎ । শিশুমনের উপর আপনাদের বইয়ের কী প্রভাব তার স্পষ্ট নিদর্শন এটা ।’

আমরা রুকুর ঘর থেকে নীচে ফিরে এলাম । বিকাশবাবু চায়ের কথা আগেই বলে দিয়েছিলেন, তার ঘরে গিয়ে বসতেই ভরদ্বাজ ট্রে নিয়ে ঢুকল ।

ঘরটা বেশ বড় । একদিকে খাট, অন্যদিকে একটা কাজের টেবিলের সামনে একটা চেয়ার । এ ছাড়াও বসবার জন্য একটা সোফা রয়েছে । ফেলুদা টেবিলের সামনের চেয়ারটায় বসল, আমরা দুজন সোফাতে, আর বিকাশবাবু খাটে । পাশের বৈঠকখানার ঘড়িতে মোলায়েম সুরে ঢং ঢং করে চারটে বাজল ; শুনলেই বোঝা যায় জাত ঘড়ি ।

‘মিস্টার ঘোষালের কেমিক্যালের ব্যবসা কীরকম চলে ?’ ফেলুদা প্রশ্ন করল ।

‘ভালই তো ।’ বিকাশবাবু যদি প্রশ্নটা শুনে অবাক হয়ে থাকেন তো সেটা তার কথায় কিছু বোঝা গেল না—‘অবিশ্যি মাঝে-মাঝে যে ষ্টাইক ইত্যাদি হয় না তা নয় । তা সে কোন ব্যবসায় হয় না বলুন !’

‘হুঁ...

ফেলুদা হঠাৎ হাতের কাপটা রেখে উঠে পড়ে বলল, ‘একবার বৈঠকখানাটা দেখতে পারি ?’

‘নিশ্চয়ই ।’

আমরা চারজনই চা খাওয়া বন্ধ রেখে বৈঠকখানায় গিয়ে হাজির হলাম । বিকাশবাবুর ঘর থেকে বৈঠকখানায় যাবার কোনও দরজা নেই ; যেতে হলে আগে একটা বারান্দা পড়ে ।

‘সেদিন মগনলাল আর উমানাথবাবু কোথায় বসেছিলেন সেটা জানতে পারি ?’

বিকাশবাবু দুটো মুখোমুখি সোফা দেখিয়ে দিলেন ।

‘ওদিকে কি ঘর ? না আরেকটা বারান্দা ?’

আমরা যে বারান্দা দিয়ে ঢুকলাম সেটা পূর্ব দিকে ; ফেলুদা দক্ষিণ দিকের দুটো পর্দা দেওয়া দরজার দিকে দেখিয়ে প্রশ্নটা করল ।

‘ওদিকে দুটো দরজার পিছনে দুটো ঘর । একটা বড় কতরী আপিস ঘর ছিল ; অন্যটায় মক্কেলরা অপেক্ষা করত ।’

আমরা দুটো ঘরের ভিতরেই ঢুকে মিনিটখানেক করে থেকে আবার বিকাশবাবুর ঘরে ফিরে এলাম । এবার ফেলুদা জিজ্ঞেস করল, ‘গণেশটা কি কলকাতায় থাকত, না এখানে ?’

‘এখানে’, বিকাশবাবু বললেন, ‘ওটা যাওয়াতে মিস্টার ঘোষালের যত না কষ্ট হয়েছে, তার চেয়ে ঢের বেশি কষ্ট হয়েছে ওঁর বাবার । ওঁর মন ভাল করার জন্যই মিস্টার ঘোষাল এতটা ইয়ে হয়ে পড়েছেন ।’

ফেলুদা ইতিমধ্যে বিকাশবাবুর টেবিলের উপর থেকে ট্রানজিস্টারটা হাতে তুলে নিয়েছে ।

মাঝারি সাইজের মার্ফি রেডিয়ো, চামড়ার খোলস দিয়ে ঢাকা। ফেলুদা নবটা ধরে ঘোরাতে সুইচের কোনও আওয়াজ হল না। তারপর সেটা উলটো দিকে ঘোরাতে খট করে একটা শব্দ হওয়ার সঙ্গে সঙ্গে ফেলুদার ভুরু কঁচকে গেল।

‘একী, আপনার রেডিয়ো তো খোলা ছিল।’

‘তাই—তাই বুঝি?’

বিকাশবাবুর চেহারাটা যে ঠিক কী রকম হল সেটা আমার পক্ষে লিখে বোঝানো ভীষণ শক্ত। শুধু এটা পরিস্কার মনে আছে যে বিকাশবাবু খাটের ডাণ্ডাটায় হেলান দিতে যাচ্ছিলেন, ঠিক সেই সময় সুইচের আওয়াজটা হওয়া মাত্র পিঠ সোজা হয়ে গিয়ে হেলান দেওয়া বন্ধ হয়ে গেল।

এদিকে ফেলুদা রেডিয়োর পিছনে ব্যাটারির খোপের দরজাটা খুলে ফেলেছে। আড়চোখে দেখলাম বিকাশবাবু একটা ঢোক গিললেন। তিনটে ব্যাটারি রেডিয়োটার ভিতর থেকে বেরিয়ে এল।

‘আপনার ব্যাটারি তো লিক করেছে’, ফেলুদা বলল, ‘বেশ কিছুদিন হল এর আয়ু ফুরিয়েছে বলে মনে হচ্ছে।’

বিকাশবাবু চুপ।

‘রেডিয়ো আপনি শোনেন নিশ্চয়ই, কিন্তু গত বেশ কদিন আর শোনা হয়নি। কেন বলুন তো?’

কোনও উত্তর নেই।

‘আপনি যদি কিছু না বলেন, তা হলে আমাকেই বলতে দিন।’ ফেলুদার গলায় আমার খুব চেনা একটা ধারালো সুর শুনতে পাচ্ছি।—‘সেদিন মগনলালের কথা শোনার লোভ আপনি সামলাতে পারেননি, তাই না? রেডিয়ো কমিয়ে দিয়ে আপনি নিঃশব্দে চলে গিয়েছিলেন ওই দক্ষিণের বারান্দায়। দরজার পাশে আড়ালে দাঁড়িয়ে আপনি বৈঠকখানায় কথাবার্তা শুনেছিলেন। আপনি জানতেন মগনলাল মিস্টার ঘোষালকে শাসিয়ে গেছেন। আপনি জানতেন মগনলাল মিস্টার ঘোষালকে ত্রিশ হাজার টাকা অফার করেছেন গণেশটার জন্য। তাই নয় কি?’

বিকাশবাবুর মাথা হেঁট হয়ে গেছে। সেই অবস্থাতেই তিনি মাথা নেড়ে ‘হ্যাঁ’ বললেন।

‘এবার আরেকটা প্রশ্নের ঠিক-ঠিক জবাব দিন তো’—ফেলুদা ব্যাটারিগুলো টেবিলের নীচে ওয়েস্ট পেপার বাস্কেটে ফেলে দিয়ে উঠে দাঁড়াল। ‘যেদিন অম্বিকাবাবুর ঘরের সিঁদুক থেকে গণেশ চুরি যায়—অর্থাৎ পনেরোই অক্টোবর—সেদিন আপনি সন্ধ্যা সাড়ে সাতটা থেকে সাড়ে আটটা পর্যন্ত কী করছিলেন? আপনি রেডিয়ো শোনেননি, কারণ রেডিয়ো তার পাঁচ দিন আগেই—’

‘বলছি, বলছি—আমাকে বলতে দিন!’—বিকাশবাবু যেন মরিয়া হয়ে বলে উঠলেন। ফেলুদা কথা বন্ধ করে বিকাশবাবুর দিকে চেয়ে দাঁড়িয়ে রইল। বিকাশবাবু দম নিয়ে যেন বেশ কষ্টে তাঁর কথাগুলো বলতে শুরু করলেন—

‘সেদিন মগনলালের হুমকি শোনার পর থেকেই আমার মনে ভীষণ একটা উৎকণ্ঠার ভাব ছিল। রোজই মনে হচ্ছিল একবার সিঁদুক খুলে দেখি গণেশটা আছে কি না। কিন্তু সে সুযোগ প্রথম এল যেদিন মিস্টার ঘোষাল মছলিবাবাকে দেখতে গেলেন। উনি যাবার দশ মিনিটের মধ্যেই আমি অম্বিকাবাবুর ঘরে যাই। দেরাজ থেকে চাবি বার করি, করে সিঁদুক খুলি।’

‘তারপর?’

ফেলুদাকে প্রশ্নটা করতেই হল, কারণ বিকাশবাবুর কথা খেমে গিয়েছিল।

‘সিন্দুক খুলে কী দেখলেন আপনি?’ ফেলুদা আবার প্রশ্ন করল।

বিকাশবাবু ফ্যাকাসে মুখ করে ফেলুদার দিকে তাকিয়ে বললেন, ‘দেখলাম—গণেশ নেই।’

‘গণেশ নেই?’ অবিশ্বাসে ফেলুদার ভুরু ভীষণভাবে কুঁচকে গেছে।

বিকাশবাবু বললেন, ‘আমি জানি আপনি আমার কথা বিশ্বাস করবেন না কিন্তু আমি শপথ করে বলছি যে সেদিন আমি সিন্দুক খোলার আগেই গণেশ চুরি হয়ে গিয়েছিল। আমি যে কেন এ কথাটা এতদিন আপনাকে বলিনি সেটার কারণ আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন মিস্টার মিষ্টির। সত্যি বলতে কী, আমি যে কী অদ্ভুত মানসিক অবস্থার মধ্যে রয়েছি সেটা আপনাকে বলে বোঝাতে পারব না।’

ফেলুদা আবার চায়ের কাপটা তুলে নিয়েছে।

‘ও সিন্দুকটা কি এমনিতে প্রায়ই খোলা হয়?’ ফেলুদা প্রশ্ন করল।

‘একেবারেই হয় না। আমি যতদূর জানি, এবার উমানাথবাবু আসার পরের দিনই একবার খোলা হয়েছিল—কিছু পুরনো দলিল নিয়ে বাপ আর ছেলের মধ্যে আলোচনা ছিল। এ ছাড়া খুব সম্ভবত আর একদিনও খোলা হয়নি।’

ফেলুদা চুপ করে বসে আছে। বিকাশবাবুর অবস্থা খুবই শোচনীয় বলে মনে হচ্ছে। প্রায় দু মিনিট এইভাবে থাকার পর ভদ্রলোক আর না পেরে বললেন, ‘আপনি কি আমার কথা বিশ্বাস করলেন না মিস্টার মিষ্টির?’

ফেলুদার গলার স্বর এবার রীতিমতো রুক্ষ।

‘আই অ্যাম সরি মিস্টার সিংহ—কিন্তু যারা প্রথমবারেই সত্যি কথাটা বলেন না, তাঁদের উপর থেকে সন্দেহটা সহজে মুছে ফেলা যায় না।’

৮

পরদিন সকালে উঠে দেখি আকাশ মেঘে ছেয়ে আছে। টিপ টিপ করে বৃষ্টিও পড়ছে, আর রাস্তার অবস্থা দেখলে বোঝা যায় যে সারারাত এই ভাবেই বৃষ্টি পড়েছে। আমি সাড়ে ছটায় উঠেছি। লালমোহনবাবু তখনও বিছানায় শুয়ে গড়িমসি করছেন। চার নম্বর খাট খালি, কারণ সেই মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ কালকেই চলে গেছেন। ফেলুদা যে কখন উঠেছে জানি না। প্রথমে ভেবেছিলাম যে ও বেরিয়ে গেছে, তারপর বারান্দায় বেরিয়ে দেখি ও এক কোণে রেলিং-এর উপর পা তুলে চেয়ারে বসে নোটবুকের পাতা ওলটাচ্ছে। পায়ের পাতাটা যে বৃষ্টিতে ভিজছে সেদিকে ওর খেয়ালই নেই। ওর পাশে তেপায়া টেবিলের উপর একটা খালি চায়ের কাপ, চারমিনারের খোলা প্যাকেট, আর একটা ছোট্ট পাথরের বাটি—যেটাকে ও অ্যাশ-ট্রে হিসেবে ব্যবহার করছে। বৃষ্টির দিনেও যে ঘাটে যাবার লোকের অভাব হয় না সেটা রাস্তার দিকে চাইলেই বোঝা যায়। আর শব্দেরও কোনও কমতি নেই। অবিশ্যি এটা আমি জানি যে এ ধরনের গোলমালে ফেলুদার চিন্তার কোনও ব্যাঘাত হয় না। একবার ওকে জিজ্ঞেস করতে ও বলেছিল, ‘চিন্তা যদি গভীর হয় তা হলে আশেপাশের গোলমাল তার তলা অবধি পৌঁছতে পারে না। কাজেই, তুই যেটাকে ডিসটার্বেন্স ভাবছিস, সেটা আমার কাছে আসলে ডিসটার্বেন্স নয়।’

লালমোহনবাবু পৌনে সাতটায় বিছানা ছেড়ে উঠে বললেন, ‘স্বপ্ন দেখলুম আমার সর্বাত্মক ছোরা বিঁধে রয়েছে, আর আমি সেইভাবেই রহস্য-রোমাঞ্চ সিরিজের আপিসে লেখার প্রুফ

আনতে গিয়েছি, আর পাবলিশার হেমবাবু বলছেন—আপনার ছদ্মনামটা চেঞ্জ করে জটায়ু থেকে শজারু করে দিন—দেখবেন বইয়ের কাটতি বেড়ে গেছে ।’

আমরা দুজনে যখন মুখটুখ ধুয়ে চা খাচ্ছি, তখন ফেলুদা বারান্দা থেকে ঘরে এসে বলল, ‘লালমোহনবাবু, আপনার কোনও বইয়েতে ঘুড়ির সাহায্যে মেসেজ পাঠানোর কোনও ঘটনা আছে ?’

লালমোহনবাবু আক্ষেপের সঙ্গে মাথা নেড়ে বললেন, ‘না মশাই, থাকলে তো খুশিই হতুম । ওটা যদূর মনে পড়ে নিশাচরের একটা বই থেকে নেওয়া । বোধহয় “মানুষের রক্তমাংস” !’

‘নিশাচর কে ?’

‘ওটা ক্ষিতীশ চাকলাদারের ছদ্মনাম । রহস্য-রোমাঞ্চ সিরিজেরই আরেকজন লেখক । বলছি না—আপনাদের রুকুবাবাজী ওই সিরিজ একেবারে গুলে খেয়েছে ।’

‘আপশোস হচ্ছে !’ ফেলুদা খাটে বসে বলল—‘এতটা তুচ্ছ-তাচ্ছিল্য করা উচিত ছিল না আপনাদের ওই সিরিজটাকে । ইয়ে—এক থেকে দশের মধ্যে একটা নম্বর বলুন তো ।’

‘সাত ।’

‘হুঁ... । শতকরা সত্তর ভাগ লোক ওই নম্বরটা বলবে ।’

‘তাই বুঝি ?’

‘আর এক থেকে পাঁচের মধ্যে জিজ্ঞেস করলে বলবে তিন, আর ফুল জিজ্ঞেস করলে গোলাপ ।’

সাড়ে আটটার সময় হোটেলের চাকর হরকিষণ এসে খবর দিল ফেলুদার ফোন এসেছে । শুনে বেশ অবাক হলাম । কে ফোন করছে এই সকালবেলা ? একবার ভাবলাম ফেলুদার সঙ্গে যাই নীচে, কিন্তু এক দিকের কথা শুনে বিশেষ কিছু বোঝা যাবে না বলে ধৈর্য ধরেই বসে রইলাম । পাঁচ মিনিটের মধ্যে ফেলুদা ফিরে এসে বলল, ‘তেওয়ারি ফোন করেছিল । প্রয়াগ বা হরিদ্বারে গত কয়েক মাসের মধ্যে কোনও নামকরা নতুন বাবাজীর আবির্ভাব ঘটেনি । নো মছলিবাবা, নাথিং ।’

‘বোঝো ! ইনি তা হলে ফোর-টুয়েন্টি ?’ বললেন লালমোহনবাবু ।

‘সেরকম তো অনেক বাবাজীই, লালমোহনবাবু ; কাজেই তার জন্যে ঐকে আলাদা করে ভৎসনা করার কিছু নেই । এই প্রতারণার পিছনে আর কোনও গুট সিনস্টার অভিসন্ধি লুকিয়ে আছে কি না সেইটেই হচ্ছে প্রশ্ন ।’

‘আপনি কি জোড়া-তদন্তে জড়িয়ে পড়ছেন নাকি মশাই ?’

‘জোড়া কথাটার দুটো মানে হয় জানেন তো ? জোড়া মানে ডবল আবার জোড়া মানে যুক্ত । এক্ষেত্রে জোড়া মানে যে কী সেটা এখনও ঠিক জানি না ।’

‘তেওয়ারি আর কিছু বললেন না ?’—আমি জিজ্ঞেস না করে পারলাম না । ফেলুদা প্রায় চার মিনিটের মতো টেলিফোনে কথা বলেছে, কিন্তু আমাদের এসে যেটা বলল তাতে এক মিনিটের বেশি লাগার কথা না ।

ফেলুদা চিত হয়ে বিছানায় শুয়ে পড়ে বলল, ‘রায়বেরিলির জেল থেকে হুপ্তা তিনেক আগে এক জালিয়াত পালিয়েছে । এখনও নিখোঁজ । চেহারার বর্ণনা মছলিবাবার সঙ্গে খানিকটা মেলে, যদিও দাড়ি-গোঁফ নেই, আর এতটা কালো না ।’

‘তা সে তো মশাই মেক-আপের ব্যাপার’, বললেন লালমোহনবাবু, ‘একবার দিনের বেলা কাছ থেকে ভাল করে দেখে এলে হয় না ? ঘাটে গিয়ে বসে থাকলেও তো হয় । বাবা ঘাটে যান নিশ্চয়ই ।’

‘সে গুড়ে বালি । শুধু সন্ধ্যের দর্শন দেন, বাকি সময়টা দরজা বন্ধ করে নিজের ঘরে বসে থাকেন । সেখানে অভয় চক্কোত্তি ছাড়া আর কারও প্রবেশ নেই । খাওয়া-দাওয়া সব ওই একই ঘরে—আর নাওয়াটা মাইনাস ।’

আমরা দুজনেই অবাক । বাবাজী স্নান করেন না ?

‘এ-সব তেওয়ারি বললেন ?’—লালমোহনবাবু প্রশ্ন করলেন ।

‘এত কথা হল তোমার সঙ্গে ?’—আমি জুড়ে দিলাম ।

ফেলুদা আমার দিকে চেয়ে ধীরে ধীরে তিনবার মাথা নেড়ে বলল, ‘পর্যবেক্ষণ-পরীক্ষায় ফেল । তুই বারান্দায় গেলি আর লক্ষ করলি না যে আমার ভিজে পাঞ্জাবি আর পায়জামা দড়িতে ঝুলছে ? ঘরে বসে কাপড় ভেজে শুনেছিস কখনও ?’

আমি চুন মুখে চুপ মেরে গেলাম ।

ফেলুদা এবার যা বলল তা এই—ও চারটেয় উঠে সাড়ে চারটের আগে কেদারঘাটে পৌঁছে অভয় চক্রবর্তীর জন্য অপেক্ষা করে শেষটায় তার দেখা পেয়ে তার সঙ্গে আলাপ করে ।—‘একেবারে মাটির মানুষ । না, মাটি ভুল হল ; মোমের মানুষ । গলেই আছেন । আমাকেও গলার অভিনয় করতে হল । বুড়োমানুষের সঙ্গে ছল করতে ভাল লাগছিল না, কিন্তু এ-সব ব্যাপারে গোয়েন্দার কিছুটা নির্মম না হলে চলে না । ওঁর কাছেই বাবাজীর হ্যাঁবিস্ জানলাম । স্নান করেন না শুনে বোধহয় অজান্তে আমার নাকটা সিঁটকে গেসল, তাতে বললেন—“মনে যখন ময়লা নেই, তখন দশটা দিন গায়ে জল না ছোঁয়ালে ক্ষতি কী বাবা ? জলেরই তো মানুষ, জল থেকেই তো উঠেছেন, আবার জলেই তো ফিরে যাবেন ।”—গায়ে আঁশটে গন্ধ কি না সেটা আর জিজ্ঞেস করলাম না । একটি চেলা নাকি রোজ সকালে আসে একবার করে—মাছের আঁশ দিয়ে যায়, যেগুলো সন্ধেবেলা বিলি হয় । অভয়বাবু ঘাট থেকে চলে যাবার পরও আমি কিছুক্ষণ ছিলাম । এক পাণ্ডা ওখানে ছাতার তলায় বসে, নাম লোকনাথ । সেদিনের ঘটনাটা দেখেছিল, যদিও গোড়ার দিকটা মিস করেছে । সে যখন এসেছে তখন বাবাজীর জ্ঞান হয়েছে । পাণ্ডাকে দেখে তার নাম ধরে ডেকে অনেক কিছু বলেছে । বাবাজী যদি ফোর-টুয়েন্টি হয়েও থাকেন, ওঁর যে একটি তুখোড় ম্যানেজার রয়েছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই ।’

‘তিনি অভয় চক্কোত্তি নন ?’

লালমোহনবাবু জিজ্ঞেস করলেন ।

‘না । অভয় চক্কোত্তি মশাই নিখাদ সজ্জন ব্যক্তি । ওঁর মনে সংশয় ঢোকানোর চেষ্টা করেছিলাম । বললাম—প্রয়াগ থেকে সাঁতরে কাশী আসাটা প্রায় অবিশ্বাস্য নয় কি ?—তাতে বললেন, “সাধনায় কী না হয় বাবা ।”—এদের বিশ্বাসের জোরেই তো এই যান্ত্রিক যুগেও কাশী আজও কাশী । দেখবে চাঁদের মাটির নীচে মানুষের বসবাসের ব্যবস্থা হয়ে গেলেও কাশী কাশীই থেকে যাবে ।’

সাড়ে চারটে নাগাত বৃষ্টি থেমে আকাশ পরিষ্কার হয়ে গেল । পাঁচটার সময় আমরা তিনজন হোটেল থেকে বেরিয়ে পড়লাম । আজকে ফেলুদা পুরোপুরি টুরিস্ট, কারণ তার কাঁধে ক্যামেরা ঝুলছে । এই দুদিন ওটা ওর স্টুকেসেই বন্ধ ছিল । ফেলুদা আর লালমোহনবাবু দুজনেরই ইচ্ছে আজ কচৌরি গলিতে হনুমান হালুইকরের দোকানে গিয়ে রাবড়ি খাবে । আমারও যে ইচ্ছে সেটা বোধহয় না বললেও চলবে ।

বিশ্বনাথের পাশেই কচৌরি গলি । এত বছর পরেও তার চেনা দোকানটা খুঁজে বার করতে ফেলুদার কোনও অসুবিধা হল না । দোকানের সামনে বেঞ্চি পাতা রয়েছে, তাতে

বসে মাটির ভাঁড় থেকে রাবড়ি খেতে খেতে লালমোহনবাবু সবে বলেছেন ‘রাবড়ির আবিষ্কারটা টেলিফোন-টেলিগ্রাফ আবিষ্কারের চেয়ে কীসে কম মশাই’—এমন সময় কালকের সেই লোকটাকে দেখলাম বিশ-ত্রিশ হাত দূরে একটা দোকানের পাশে আমাদের দিকে পিঠ করে দাঁড়িয়ে আরেকজন লোকের সঙ্গে কথা বলছে। মগনলালের ব্যাপারটা মাঝে মাঝে মন থেকে মুছে ফেলার চেষ্টা করি, ফেলুদা ওর কথা না মেনে একটা বেচাল চাললে কী সাংঘাতিক ব্যাপার হতে পারে সেটাও না-ভাবার চেষ্টা করি, কিন্তু ওই বোলা গোঁফওয়ালা লোকটা আবার সব মনে করিয়ে দিচ্ছে। যাই হোক, রাবড়িটা এত বেশি ভাল যে মগনলালের চেহারাটা মনে পড়া সত্ত্বেও মুখের স্বাদ নষ্ট হল না।

ফেলুদার যা মনের অবস্থা তাতে ও যে খুব বেশিক্ষণ এই ঘিঞ্জি গলিতে থাকতে পারবে না সেটা আমি আগেই জানতাম। কচোরি গলি থেকে বেরিয়ে মদনপুরা রোড ধরে গোখুলিয়ার মোড় ছাড়িয়ে আমরা বাঙালি-টোলার দিকে হাঁটতে আরম্ভ করলাম। দু দিন ঘুরেই এদিকের রাস্তাগুলো বেশ চেনা হয়ে গেছে। ধীরে ধীরে হাঁটছি, ফেলুদা এদিক ওদিক দেখছে, দু-একবার ক্যামেরার শাটারের শব্দও পেয়েছি। আমি মাঝে মাঝে পিছন ফিরে দেখছি সেই লোকটা এখনও আমাদের ফলো করছে কি না; কিন্তু বড় রাস্তায় পড়ে অবধি তার আর কোনও পাত্তা পাইনি। শেষটায় ফেলুদাকে বাধ্য হয়েই বলতে হয়, ‘তোমার কি ধারণা মগনলাল আমাদের উপর নজর রাখার জন্য মাত্র একটি লোক অ্যাপয়েন্ট করেছে?’

এর পর আমি আর পিছনে তাকাইনি।

ওই যে সেই অ্যালুমিনিয়ামের বাসনের দোকান। ওর পরের বাঁ দিকের মোড়টা নিতে হয় অভয় চক্রবর্তীর বাড়ি যাবার জন্য।

‘মিস্টার মিত্তির! প্রদোষবাবু!’

পিছন থেকে ডাক। তিনজনেই থামলাম। গলাটা অচেনা। দুটি ভদ্রলোক, বয়েস বেশি না—একজনের চোখে চশমা, মুখে হাসি। ইনিই বোধহয় ডেকেছিলেন।

‘আপনার হোটেল গিয়েছিলাম খোঁজ করতে’, ভদ্রলোক বললেন।

‘কী ব্যাপার?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আমরা বেঙ্গলি ক্লাবের তরফ থেকে আসছি। আমার নাম সঞ্জয় রায়—ইনি গোকুল চ্যাটার্জি। ইয়ে—আপনাকে কিন্তু আসতে হবে। মানে আপনাদের তিনজনকেই। আমাদের ক্লাবে থিয়েটার আছে—পরশু—সপ্তমীর দিন।’

‘কাবুলিওয়ালা?’

‘আপনি জানেন?’ ভদ্রলোক দুজনই অবাক এবং খুশি।

‘আপনারা মিস্টার ঘোষালকে নেমস্তন্ন করতে গেসলেন না?’

‘ওরে বাবা—আপনি দেখছি সবই জানেন, হেঃ হেঃ।’

‘উনি তো জানবেনই’, অন্য ভদ্রলোকটি সর্দি হওয়া গলায় হেসে বললেন। গোয়েন্দা হিসাবে ফেলুদার খ্যাতি বেঙ্গলি ক্লাবে পৌঁছে গেছে।

‘আপনাদের কার্ডটা নিরঞ্জনবাবুর কাছে রেখে এসেছি। যাবেন কাইন্ডলি। আমরা সবাই কিন্তু এক্সপেক্ট করে থাকব।’

‘বেশ তো, অন্য কোনও জরুরি ব্যাপারে জড়িয়ে না পড়লে নিশ্চয়ই যাব।’

‘জড়িয়ে মানে আপনি কি এখানেও কোনও—?’

সঞ্জয় রায় আর গোকুল চ্যাটার্জির মাথা একসঙ্গে সামনের দিকে ঝুঁকে এল। ফেলুদা এরকম অবস্থায় পড়লে একটা হাসি ব্যবহার করে যেটার তিনরকম মানে হয়—হ্যাঁ, না, আর হতেও পারে। এখানেও তাই করল। হাসির মানেরটা না বুঝলে বোকা হতে হয়, তাই সঞ্জয়

রায় আর গোকুল চ্যাটার্জি দুজনেই “বুঝে ফেলেছি” ভাবের একটা হাসি হেসে আবার কাবুলিওয়ালা দেখতে যাবার অনুরোধ জানিয়ে চলে গেলেন।

রাস্তা আর দোকানের বাতি সব জ্বলে গিয়েছে, আকাশের রং রয়েল ব্লু থেকে পার্মানেন্ট ব্লু ব্ল্যাকের দিকে যাচ্ছে, কীর্তিরাম ছোট্টরামের পানের দোকানে এই মাত্র ট্রানজিস্টার খোলাতে লতা মঙ্গেশকর সাইকেল রিকশার প্যাঁক-প্যাঁকানির সঙ্গে পাল্লা দিতে শুরু করেছে, এমন সময় ফেলুদা অ্যানাউন্স করল যে তার ভক্তিবাবু জেগেছে, একবার মছলিবাবার দর্শন না পেলেই নয়।

টেলিফোনে লেন্সে থ্রি পয়েন্ট ফাইভে হাফ সেকেন্ড একসপোজার দিয়ে ফেলুদা ভক্তদের পিছনে দাঁড়িয়ে আমার কাঁধে ক্যামেরা রেখে ‘স্ট্যাচু হয়ে থাক’ বলে মছলিবাবার একটা ছবি তুলল। আজ ভক্তদের ভিড় সেদিনের চেয়েও বেশি—বোধহয় বাবাজী পাঁচ দিন পরে চলে যাচ্ছেন বলে। মগনলালকে দেখলাম না। হয়তো এখনও আসেননি—কিংবা রোজ আসেন না। আমরা মিনিট কয়েক থেকে আবার বেরিয়ে পড়লাম।

ডান দিকে মোড় নিয়ে একটা নতুন গলিতে এসে সামনে একটা কালো গোরুকে রাস্তা জুড়ে দাঁড়িয়ে থাকতে দেখে লালমোহনবাবু একটা ছোট্ট কাশি কেশে থেমে গেলেন।

‘কী হল?’ ফেলুদা প্রশ্ন করল।

‘ওটার হাইট কত হবে বলুন তো!’

‘কেন?’

‘এথিনিয়াম ইনস্টিটিউশনে হাইজাম্পের রেকর্ড ছিল মশাই আমার। তারপর একবার ডেঙ্গু হয়ে বাঁ হাঁটুটা...’

‘আসুন আমার সঙ্গে।’

ফেলুদা এগিয়ে গিয়ে গোকুলের পাঁজরায় দু-তিনটে আলতো চাপড় দিতেই সেটা খুট খাট শব্দ করে একপাশে সরে গেল, আর আমরাও তিনজনে দিব্য পাশ কাটিয়ে বেরিয়ে গেলাম।

‘কোথায় যাচ্ছি মশাই আমরা?’—আরও মিনিট পাঁচেক অলিগলিতে হাঁটার পর লালমোহনবাবু প্রশ্নটা করলেন।

‘জানি না।’

আমি আর লালমোহনবাবু পরস্পরের দিকে চাইলাম। সব সময় যে চাইলেই এ-ওর মুখ দেখতে পাচ্ছি তা নয়, কিন্তু ঠিক এই সময়টাতে একটা রাস্তার আলো মাথার উপর এসে পড়ায় লালমোহনবাবুর ভ্যাবাচ্যাকা ভাবটা বুঝতে অসুবিধা হল না।

‘উদ্দেশ্যহীন ভাবে হাঁটলেও অনেক সময় মাথা খোলে’, বলল ফেলুদা, ‘এখানে মাথা খোলাটাই উদ্দেশ্য।’

‘খুলছে কী?’

একটা ইদুর যদি মানুষ হয়ে যেত তা হলে বোধহয় লালমোহনবাবুর প্রশ্নটা এই ভাবেই করত। ফেলুদা কী উত্তর দিত জানি না, কারণ ঠিক এই সময়ে একটা ঘটনা ঘটাতে আমাদের মনটা অন্য দিকে চলে গেল।

এতক্ষণ এ-মোড় ও-মোড় ঘুরে আমরা যে গলিটায় পৌঁছেছিলাম সেটা একটু বিশেষ রকম নির্জন। কিছুক্ষণ আগে পর্যন্ত আশেপাশের বাড়িগুলোর ভিতর থেকে মানুষের গলার স্বর পেয়েছি, বাচ্চার কান্নার শব্দ পেয়েছি, রেডিয়ো থেকে গানের আওয়াজ পেয়েছি। এবারের গলিটায় দূর থেকে ভেসে আসা মন্দিরের ঘণ্টা ছাড়া আর কোনও শব্দই নেই। একটু এগোতে শোনা গেল তার সঙ্গে আরেকটা শব্দও একটানা এক তালে হয়ে চলেছে—ধুপ ধুপ ধুপ ধুপ ধুপ...



লালমোহনবাবু আমাদের দুজনের মাঝখানে হাঁটছিলেন ; শব্দটা শুনে দুদিকে হাত বাড়িয়ে আমাদের কোটের আঙ্গিন ধরে মৃদু টান দিয়ে হাঁটার স্পিড কমিয়ে দিলেন । তারপর ফিস ফিস করে বললেন ‘হাইলি সাসপিশাস ।’

ফেলুদা নিজের হাতটা ছাড়িয়ে নিয়ে বলল, ‘ওটা সাসপিশাস কিছূ না ; পানের তবক তৈরি হচ্ছে । সাসপিশাস হচ্ছে ওইটে ।’

এবার দেখলাম একটি লোককে আমাদের থেকে হাত পঞ্চাশেক দূরে । সে একটা মোড় ঘুরে সবেমাত্র এ গলিটায় ঢুকেছে ।

লোকটা এগিয়ে এসে আমাদের দেখেই যেন থমকে দাঁড়িয়ে গেল । তার মুখে আলো পড়েনি, তাই এতদূর থেকে তাকে চেনা যাবে না । রাস্তার আলোটা তার পিছন দিকে । সেই

আলো তার পিঠে পড়তে একটা প্রকাণ্ড লম্বা ছায়া সারা গলি জুড়ে প্রায় আমাদের পা অবধি পৌঁছে গেছে।

ছায়াটা অদ্ভুতভাবে দুলছে। লোকটা মাতাল নাকি ?

ফেলুদা টেলিফোনটো সমেত ক্যামেরাটা চোখে লাগাল।

‘শশীবাবু।’

নামটা বলার সঙ্গে সঙ্গেই ফেলুদা বিদ্যুৎবেগে দৌড়ে গেল সামনের দিকে। তিনজন প্রায় একসঙ্গেই গিয়ে পৌঁছলাম শশীবাবুর কাছে। ঠিকরে বেরিয়ে আসা চোখে চেয়ে আছেন শশীবাবু ফেলুদার দিকে, তার ঠোঁট দুটো ফাঁক দেখে মনে হয় তিনি কিছু বলতে চাইছেন।

‘কিছু বলবেন?’—ফেলুদা ঝুঁকে পড়ে চাপা গলায় জিজ্ঞেস করল।

‘হাঁ...হাঁ...’

‘কী হয়েছে শশীবাবু ? কী বলতে চাইছেন আপনি?’

‘সিং...সিং...সিং।’

শশীবাবুর দেহটা সামনের দিকে এলিয়ে পড়ল।

তার পিঠে আলো পড়েছে।

সেই আলোতে দেখলাম শশীবাবুর পিঠে একটা ক্ষত থেকে রক্ত বেরিয়ে তার পাঞ্জাবির অনেকখানি ভিজিয়ে দিয়েছে।

৯

‘গোয়েন্দাগিরি ছেড়ে দেব রে।’

ফেলুদা এ ধরনের কথা আগে কোনওদিন বলেনি, কিন্তু এবার যে অবস্থায় পড়েছে, তাতে এটা বলা বোধহয় খুব অস্বাভাবিক নয়।

আজ সপ্তমী। সোমবার। এখন সকাল। শশীবাবু খুন হয়েছেন দুদিন আগে। আমরা সকালে চা রুটি ডিম খাওয়া সেরে আমাদের হোটেলের ঘরে যে যার খাটে বসে আছি। একটুক্ষণ আগে তেওয়ারি ফোন করে জানিয়েছেন যে শশীবাবুর ছোট ছেলে নিতাইকে নাকি অ্যারেস্ট করা হয়েছে। নিতাই খারাপ ছেলে এটা আগেই শুনেছি। তার সঙ্গে নাকি বাপের অনবরত খিটিমিটি লাগত। শশীবাবু নাকি প্রায়ই ওকে পুলিশে ধরিয়ে দেবার ভয় দেখাতেন। তাই ছেলের পক্ষে শেষ পর্যন্ত বাপকে খুন করাটা অস্বাভাবিক নয়। নিতাই কিন্তু খুন স্বীকার করেনি। সে নাকি সেদিন সন্কেবেলা চৈতগঞ্জের একটা সিনেমায় হিন্দি ছবি দেখছিল। তার শার্টের পকেটে টিকিটের আধখানা পাওয়া গেছে। যে ছুরি দিয়ে শশীবাবুকে খুন করা হয়েছিল সেটা নাকি পাওয়া যায়নি।

মৃত্যুর দিন সন্ধ্যা ছটার মধ্যে শশীবাবু চক্ষুদানের কাজ শেষ করে দেন। বিকাশবাবু পুলিশকে বলেছেন যে কাজটা শেষ করেই শশীবাবু বিকাশবাবুর কাছে যান হোমিওপ্যাথিক ওষুধ চাইতে, কারণ তার নাকি আবার নতুন করে জ্বর এসেছিল। বিকাশবাবু ওষুধ দেন, শশীবাবু তখনই ওষুধ খেয়ে বাড়ি যাবার জন্য বেরিয়ে যান। পথেই তাকে খুন করা হয়।

‘মাঝে মাঝে বোধহয় এ ধরনের একটা ধাক্কা খাওয়া ভাল।’—ফেলুদা আবার কথা বলছে। আমি জানি কথাটা ঠিক আমাদের উদ্দেশ্য করে বলা হচ্ছে না। ফেলুদা যেটা করছে তাকে ইংরেজিতে বলে থিংকিং অ্যালাউড।—‘বেশ লাগছে নিজেকে একটা সাধারণ স্তরের মানুষ বলে মনে করতে।—লালমোহনবাবু, আজ কাবুলিওয়ালা দেখতে যাবেন তো ? এরা শুনেছি বেশ ভাল অভিনয় করে।’

‘হ্যাঁ তা আপনি গেলে, মানে আপনি যদি...’

‘আর কাল যাব টারজান । পরশু জঞ্জীর ; তরশু রফু চকর । আর দুর্গাবাড়িটাও একবার দেখিয়ে আনব আপনাদের । দেখবেন ওখানকার বাঁদরগুলো ফেলু মিভিরের চেয়ে অনেক বেশি বুদ্ধিমান ।’

সত্যি সন্ধ্যাবেলা আমরা কাবুলিওয়ালা দেখতে বেঙ্গলি ক্লাবে হাজির হলাম, আর সত্যিই দেখলাম ওরা বেশ ভাল অ্যাকটিং করে ।

পরদিন মহাষ্টমী । সকালে ঠাকুর দেখতে বেরোনো হল । ঘোষালবাড়ি ছাড়াও আরও অন্য বাড়িতে পূজো হয় । গোটা পাঁচেক ঠাকুর দেখে আমরা দুর্গাবাড়িতে গেলাম । লালমোহনবাবু মন্দিরের বাইরে রইলেন, কারণ বাঁদর জিনিসটা নাকি ওঁর খাঁচার বাইরে ভাল লাগে না । বললেন, ‘ব্যাসদেব, খুড়ি—বাল্মীকিদেব যে কেন জানোয়ারটাকে জাতে তুলেছেন তা আজ পর্যন্ত বুঝতে পারলাম না । যারা লাঠির খোঁচা না খেলে নাচতে পারে না তারা করবে সেতুবন্ধন ? ছোঃ !—আর আমার গপ্পোকে বলা হয় গাঁজাখুরি !’

দুপুরে মিস্টার ঘোষাল ওঁদের বাড়িতে খেতে বলেছিলেন : ফেলুদা হোটেল থেকে ফোন করে বিকাশবাবুকে অ্যাপলজি জানিয়ে দিল । আমরা হোটেলের খেলায় । ফেলুদা দু বেলাই হাতের রুটি খায় । আজ হঠাৎ একগাদা ভাত খেয়ে বিছানায় শুয়ে এক ঘুমে সাড়ে চারটে বাজিয়ে দিল । পরে বুঝেছিলাম যে ঝড়ের আগে প্রকৃতির যে একটা ম্যাদামারা ভাব হয়, এ হল তাই ; কিন্তু ফেলুদাকে কক্ষনও এরকম একেজো আর বিমধরা অবস্থায় দেখিনি বলে মনটা ভীষণ খারাপ লাগছিল ।

লালমোহনবাবু অবিশ্যি ঠিক একেজো ছিলেন না ; তাঁর খাতায় তিনি একটা গল্পের খসড়া আরম্ভ করে দিয়েছেন গতকাল থেকে । দু লাইন লিখছেন আর সিলিং-এর দিকে চাইছেন । খালি একবার আমার দিকে ফিরে বললেন, ‘মুমূর্ষুতে কী অভ্যাসে হুস্ব-উ দীর্ঘ-উ আসছে বলবে কাইন্ডলি ?’

শেষ পর্যন্ত টারজান দি এপ ম্যানও যাওয়া হল, কিন্তু ফেলুদার আর পুরো ছবিটা দেখা হল না । পুরো কেন বলছি—মেট্রো-গোল্ডউইন মেয়ারের নামের পর ছবির নামটা সবে পর্দায় পড়েছে, এমন সময় ফেলুদা দেখি সিট ছেড়ে উঠে পড়েছে ।

‘তোপ্সে, তোরা থাক । আমার একটু কাজ আছে ।’

কিছু বলার আগেই ফেলুদা হাওয়া ।

আমার মনের অবস্থা অদ্ভুত । ছবিটাও ভাল লাগছে, ফেলুদার মধ্যে হঠাৎ কেন জানি উৎসাহ জেগে উঠেছে, সেটাও ভাল লাগছে, অথচ ও যে কীসের জন্য চলে গেল সেটা ভেবে পাচ্ছি না ।

আটটার সময় ছবি শেষ হল ; রিকশা নিয়ে হোটেল ফিরলাম সোয়া আটটায় । ঘরে এসে দেখি ফেলুদা খাটে বসে খাতা খুলে ভীষণ মনোযোগ দিয়ে কী সব যেন হিসাব করছে । আমাদের দেখে বলল, ‘তোরা খেয়ে নিস । আমার জন্য এক পেয়ালা কফি পাঠিয়ে দিতে বলেছি ।’

‘তুমি খাবেই না ?’

‘পেট ভরা । তা ছাড়া তেওয়ারির কাছ থেকে একটা জরুরি টেলিফোন আসছে ।’

আজ অষ্টমী বলে হোটেল লুচি মাংস ছিল, রান্নাও ভাল হয়েছিল, কিন্তু পাছে তেওয়ারির ফোন আসার আগে খাওয়া শেষ না হয় তাই সব কিছু গোথাসে গিলতে হল ।

ফোনটা এল আমাদের খাওয়া শেষ হওয়ার প্রায় আধ ঘণ্টা পরে । এবার আমি ফেলুদার কাছে না থেকে পারলাম না । ফেলুদা যা বলল তা হচ্ছে এই—

‘বলুন মিস্টার তেওয়ারি...হ্যাঁ...ভেরি গুড...না না, এখন কিছু করবেন না, একদম শেষ মুহূর্তে...হ্যাঁ, সেই জনোই তো গোড়ায় এত গুণগোল লেগেছিল...হ্যাঁ—আর ইয়ে—ওই বাড়িটার খোঁজ করেছিলেন ?...ভেরি গুড...ঠিক আছে, কাল দেখা হবে...গুড নাইট ।’

লালমোহনবাবু আমার সঙ্গে নীচে যাননি । সিনেমা থেকে ফেরার পথেই আমাকে বলছিলেন, ‘তোমার দাদার আজকের তিডিংবাজির ঠেলায় আমার প্লটের খেই হারিয়ে গেছে ; আবার নতুন করে সব সাজাতে হবে ।’ ঘরে ফিরে এসে দেখি তিনি খাতা খুলে মুখ বেজার করে বসে আছেন । ফেলুদা ফিরে এসে একটা সিগারেট ধরিয়ে ঘরের মধ্যেই পায়চারি শুরু করে দিল ।

লালমোহনবাবু খাতা বন্ধ করে বললেন, ‘খুব খারাপ হচ্ছে এটা, জানেন তো ? না পারছি আমার গল্প এগোতে, না পারছি আপনার কেসের সঙ্গে পাল্লা দিতে । এদিকেও একটু ছিটেফোঁটা ছাড়ুন । আমাদেরও তো ব্রেন বলে একটা জিনিস আছে । একটু খাটাবার সুযোগ দিন !’

‘কোনও আপত্তি নেই’, ফেলুদা একটা ধোঁয়ার রিং ছেড়ে বলল, ‘আপনাকে পাঁচটা সুতো দিচ্ছি, তা দিয়ে আপনি যত খুশি জাল বুনুন ।’

‘সুতো ?’

‘অ্যাফ্রিকার রাজা, শশীবাবুর সিং, হাঙরের মুখ, এক থেকে দশ, আর মগনলালের বজরা ।’

লালমোহনবাবু কিছুক্ষণ ফেলুদার দিকে চেয়ে থেকে একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘তার চেয়ে বললেই পারতেন চন্দ্রবিন্দুর চ, বেড়ালের তালব্য শ, আর রুমালের মা । সে বরং ঢের সহজ হত ।’

‘কিন্তু একটা কথা আমাদের দিতে হবে আপনাদের’—ফেলুদা হঠাৎ সিরিয়াস—‘কাল থেকে আর কোনও ব্যাপারে কোনও প্রশ্ন করতে পারবেন না ।’

‘একটা করেই যা জবাব পেলুম—আবার প্রশ্ন ?’

ফেলুদা লালমোহনবাবুর রসিকতা অগ্রাহ্য করে বলে চলল, ‘কাল থেকে আমাকে হয়তো মাঝে মাঝে বেরোতে হতে পারে, তবে আপনাদের সঙ্গে না । আপনারা দুজনে যেখানে খুশি যেতে পারেন ; আমার মনে হয় না তাতে কোনও রিস্ক আছে । যদি তেমন বুঝি তা হলে আগে থেকেই বাইরে যেতে বারণ করব । ...আর লালমোহনবাবু সাঁতার জানেন তো ?’

‘সাঁত— ?’

‘জলে নেমে ভেসে থাকতে পারেন তো ?’

‘হ্যাঁ হ্যাঁ—ফর্টি-ফোরে হেদোতে—’

‘ওতেই হবে ।—অবিশ্যি সাঁতারের যে প্রয়োজন হবেই তা বলছি না ।’

পরের দিন নবমী । সকালে চা খেয়ে আমি আর লালমোহনবাবু বেরিয়ে পড়লাম । ফেলুদা বলল ও হোটেলেরি থাকবে, কারণ ফোন আসতে পারে । লালমোহনবাবুর একা চড়ার শখ—এদিকে কাশীতে আজকাল ঘোড়ার গাড়ি মানে বেশির ভাগ টাঙ্গা । অনেক খুঁজে শেষে একটা একা পাওয়া গেল । সোনারপুরা রোড দিয়ে হিন্দু ইউনিভার্সিটি পর্যন্ত গিয়ে দুর্গাকুণ্ড রোড দিয়ে ফেরার পথে মন্দির মসজিদ প্রাসাদ যা কিছু পড়ে সব দেখে সাড়ে এগারোটার সময় আমরা হোটেলেরি ফিরে এসে দেখি ফেলুদা বালিশ বুকুর তলায় রেখে খাটের ওপর শুয়ে খুব মন দিয়ে তার তোলা কয়েকটা ছবির কোয়ার্টার সাইজ এনলার্জমেন্ট দেখছে । পরশু বেঙ্গলি ক্লাবে যাবার পথে ও ক্রাউন ফোটা স্টোর্সে ওর ফিল্মটা দিয়ে গিয়েছিল ।

বিকেলের দিকে তেওয়ারির টেলিফোন এল ; ফেলুদা মিনিট দুয়েকের মধ্যেই কথা শেষ করে উপরে চলে এল । বাড়িতে বসে থাকতে ভাল লাগছিল না, তাই আমি আর লালমোহনবাবু মণিকর্ণিকার শ্মশান দেখে এলাম । লালমোহনবাবু যাবার ও ফেরার পথে বার তিনেক বললেন, ‘আজ আর কেউ ফলো করছে বলে মনে হচ্ছে না ।’

ফিরে এসে শুনলাম ফেলুদা হোটেলেরই ছিল । শংকরী নিবাস থেকে বিকাশবাবু ফোন করেছিলেন ; মিস্টার ঘোষাল জানতে চেয়েছেন ফেলুদা হাল ছেড়ে দিয়েছে কি না ।

‘তুমি কী বললে ?’ আমি জিজ্ঞেস করলাম ।

উত্তর এল, ‘না ।’

পরদিন ভোর ছটায় উঠে দেখি ফেলুদা নেই । বিছানা পরিপাটি করে চাদর দিয়ে ঢাকা, তার উপর ছাই ফেলার সেই পাথরের বাটি, আর তার তলায় এক টুকরো কাগজ । তাতে লেখা—‘ফোন করব ।’

তার মানে আমাদের হোটেলেরই অপেক্ষা করতে হবে । তাতে আপত্তি নেই, কেবল ফেলুদা যেন নিরাপদে থাকে, খুব বেশি রকম বেপরোয়া কিছু করে না বসে । ফেলুদা যদিও এ বিষয়ে কিছু বলেনি, কিন্তু আমার বিশ্বাস শশীবাবুকে মগনলালের লোক খুন করেছে । শশীবাবু নিশ্চয়ই ফেলুদার চেয়ে বড় শত্রু নয় মগনলালের । তা হলে ফেলুদাকেই বা—

আর ভাবব না । যা থাকে কপালে । কেবল মনে সাহস রাখতে হবে ।

চা খাবার সময় লালমোহনবাবু বললেন, ‘মগনলাল সেদিন গণেশের কথা যা বললেন, সেটা তোমার দাদা বিশ্বাস করে হাত-পা গুটিয়ে নিলেই পারতেন ।’

আমি বললাম, ‘গুটিয়ে তো নিয়েই ছিল ; হঠাৎ সেদিন সিনেমা দেখতে গিয়ে কী যে হল ।’

‘শেষটায় টারজান যে এরকম সর্বনাশ করবে তা কে জানত বলো ।’

দুপুর পর্যন্ত ফেলুদার কোনও ফোন এল না । খাবার পরে লালমোহনবাবু আর কিছু করার না পেয়ে শেষটায় গণেশ চুরি সম্পর্কে ওর নিজের কী ধারণা সেটা আমায় বললেন ।

‘বুঝলে তপেশ, গণেশটা আসলে চুরিই যায়নি । ওটা অম্বিকাবাবু আফিং-এর ঝোঁকে সিন্দুক থেকে বার করেছেন, আর তারপর নেশা কেটে যাবার পর ওটার কথা বেমালুম ভুলে গেছেন ।’

আমি বললাম, ‘কিন্তু তা হলে এখন সেটা আছে কোথায় ?’

‘ওঁর তালতলার চটিটা দেখেছ ? ওঁর পায়ের চেয়ে চটি জোড়া কতখানি বড় সেটা লক্ষ্য করেছ ? একজন বুড়োমানুষ চটি পায়ে দিয়ে বসে থাকলে কে আর চটি খুলে তার ভেতরে সার্চ করতে যাবে বলো ?’

আমার একটু সন্দেহ হল । বললাম, ‘আপনার নতুন গল্পে এরকম একটা ব্যাপার থাকছে বুঝি ?’

লালমোহনবাবু মুচকি হেসে বললেন, ‘ঠিক ধরেছ । তবে আমার গল্পে গণেশের বদলে একটা দু হাজার ক্যারেটের হিরে ।’

‘দু হাজার !’—আমার চক্ষু চড়কগাছ ।—‘পৃথিবীর সব চেয়ে বড় হিরে স্টার অফ আফ্রিকা, কত ক্যারেট জানেন ?’

‘কত ?’

‘পাঁচশো । আর কোহিনূর হল মাত্র একশো দশ ।’

লালমোহনবাবু গভীরভাবে মাথা নেড়ে বললেন, ‘দু হাজার না হলে গল্প জমবে না ।’

বিকেলে সাড়ে চারটার সময় হরকিষণ এসে বলল আমার টেলিফোন এসেছে। ঝড়ের মতো ছুটে নীচে গিয়ে নিরঞ্জনবাবুর অ্যাসিসট্যান্টের হাত থেকে ফোনটা প্রায় ছিনিয়ে নিলাম।

‘কে, ফেলুদা?’

‘শোন’, —গম্ভীর চাপা গলা—‘খুব মন দিয়ে শোন। দশাশ্বমেধের দক্ষিণে ওর ঠিক পরের ঘাট হল মুনশী ঘাট, আর তার পরে হল রাজা ঘাট। শুনছিস?’

‘হ্যাঁ হ্যাঁ।’

‘মুনশী আর রাজার মাঝামাঝি একটা নিরিবিলি জায়গা আছে। একটা ঘাটের ধাপ শেষ হয়ে আরেকটার ধাপ যেখানে শুরু হচ্ছে তার মাঝামাঝি।’

‘বুঝেছি।’

‘দেখবি বৈদ্যনাথ সালসার একটা বিজ্ঞাপন আছে হিন্দিতে লেখা, পাথরের দেওয়ালের গায়ে। আর তার নীচেই একটা মস্ত বড় চৌকো খুপরি।’

‘বুঝেছি।’

‘তোরা দুজন ওখানে গিয়ে পৌঁছবি ঠিক সাড়ে পাঁচটায়। খুপরিটার সামনে অপেক্ষা করবি। আমি ছটা নাগাত পৌঁছব।’

‘বুঝেছি।’

‘আমি ছদ্মবেশে থাকব।’

কথাটা শুনে আমার বুকেটা এমন ধড়াস করে উঠল যে আমি কিছু বলতেই পারলাম না। ফেলুদার ছদ্মবেশ মানে নাটকের ক্লাইমাক্স।

‘শুনছিস?’

‘হ্যাঁ হ্যাঁ।’

‘আমি ছটা নাগাত তোদের মিট করব।’

‘ঠিক আছে।’

‘না আসা পর্যন্ত অপেক্ষা করবি।’

‘ঠিক আছে। তুমি ঠিক আছ তো?’

‘ছাড়ছি।’

খুট শব্দে ওদিকের টেলিফোনটা রাখার সঙ্গে সঙ্গে ফেলুদা যেন আবার কুয়াশার মধ্যে অদৃশ্য হয়ে গেল।

দশাশ্বমেধে আজ দসেরার দিন ভিড় হবে বলে আমরা ঠিক করলাম অভয় চক্রবর্তীর বাড়ির রাস্তা দিয়ে আগে কেদার ঘাট যাব। সেখান থেকে সিঁড়ি ধরে উত্তরে হাটলে প্রথমেই পড়বে রাজা ঘাট। লালমোহনবাবু আজ সকালে হোটেলের কাছেই একটা ডাক্তারি দোকান থেকে ষোলো অক্ষরের নামওয়ালা কী একটা বড়ি কিনে এনে এরই মধ্যে দুবার দুটো করে খেয়ে নিয়েছেন। বললেন গতকাল রাত্রে নাকি ওঁর আধঘুম অবস্থায় বার বার দাঁত কপাটি লেগে যাচ্ছিল, এখন সেটা একদম সেরে গেছে।

সাহস যে খানিকটা বেড়েছে সেটা বুঝলাম বড় রাস্তা থেকে মোড় ঘুরে প্রথম গলিটায় ঢুকেই। সামনেই একটা ষাঁড়—গোরু নয়, ষাঁড়—রাস্তা জুড়ে দাঁড়িয়ে আমাদের দিকে ঘাড় বেঁকিয়ে দেখছে। লালমোহনবাবু সটান এগিয়ে গিয়ে ‘অ্যাই ষণ্ড, হ্যাট হ্যাট’ বলে সেটাকে

ঠেলা মেরে সরিয়ে পাশ কাটিয়ে দিব্যি চলে গেলেন। আমি ভয় পাইনি, তবে মজা দেখবার জন্য দাঁড়িয়েছিলাম ; লালমোহনবাবু আমাকে ‘এসো তপেশ, কিছু বলবে না’ বলে হাতছানি দিয়ে ডাকলেন।

অভয়বাবুর বাড়ির বাইরে আর ভিতরে বেশ ভিড় দেখলাম। কেন ভিড় সেটা ভাবতে গিয়েই খেয়াল হল যে আজই তো মছলিবাবার চলে যাবার দিন। আমরা এসেছি তৃতীয়াতে, আর আজ হল দশমী। যাক, তা হলে ভাসান ছাড়াও একটা বড় ঘটনা আছে আজকে।

বাইরে যারা দাঁড়িয়েছিলেন তার মধ্যে আমাদের হোটেলের এক মুখচেনা ভদ্রলোককে দেখে তাঁকে জিজ্ঞেস করলাম মছলিবাবা কেদারঘাট থেকে যাবেন কি না। ভদ্রলোক বললেন, ‘না—বোধহয় দশাশ্বমেধ।’ তা হলে আমাদের একটু দূরে থেকে দেখতে হবে ঘটনাটা। লালমোহনবাবুর তাতে আপত্তি নেই। বললেন, ‘ভক্তদের চাপে চিড়ে-চ্যাপটা হয়ে দেখার চেয়ে একটু দূর থেকে দেখা ঢের ভাল।’

কেদার ঘাট থেকে উত্তর দিকে হাঁটা শুরু করে মিনিট পাঁচেক লাগল রাজাঘাট পৌঁছতে। ঘাটের পাশে সারি সারি উঁচু বাড়ি থাকার জন্য এদিকটা থেকে রোদ সরে যায় অনেক আগেই। বর্ষার পরে জল এগিয়ে এসেছে, বাড়ির ছায়া জলের কিনারা ছাড়িয়ে অনেক দূর পর্যন্ত চলে গেছে। কিছুক্ষণ পরে আর রোদ থাকবেই না। আর তার পরেই ঝপ করে নামবে অন্ধকার। ঘাটের পাশে এক জায়গায় সারি সারি নৌকো, তার উপরে ঢাঙা বাঁশের মাথায় কার্তিক মাসের বাতি জ্বলছে। উত্তরে বোধহয় দশাশ্বমেধ ঘাট থেকেই একটা শব্দের ঢেউ ভেসে আসছে—বুঝতে পারছি বহু লোকের ভিড় জমেছে সেখানে। তার মধ্যে ঢাকের শব্দ পাচ্ছি, আর মাঝে মাঝে পটকার শব্দ আর হাউইয়ের হুশ।

রাজা ঘাটের ধাপ শেষ হয়ে ভিজে মাটি শুরু হল। মিনিটখানেক হাঁটার পর বিজ্ঞাপনটা চোখে পড়ল। বৈদ্যনাথ সালসা। প্রায় এক-মানুষ বড় বড় এক-একটা হিন্দি অক্ষর। পরে ফেলুদাকে জিজ্ঞেস করাতে ও বলেছিল সালসা কথাটা নাকি পোর্তুগিজ ; ওটার মানে হল একরকম রক্ত পরিস্কার-করা ওষুধ।

জায়গাটা সত্যি খুব নিরিবিলা। শুধু তাই না—এখান থেকে দশাশ্বমেধ দিব্যি দেখা যাচ্ছে। ঘাটের ধাপে মানুষের ভিড় আর জলে নৌকো আর বজরার ভিড়।

‘দুর্গা মঙ্গলিকি জয় !’

একটা ঠাকুর ভাসান হয়ে গেল। বজরার মাথায় তুলে খানিকটা নদীর ভিতরে নিয়ে গিয়ে ফেলে দিলেই হল। দু নৌকো ফাঁক করে ভাসান দেওয়ার ব্যাপার এখানে নেই।

রোদ চলে গেল, কিন্তু ঘাটের গণ্ডগোল এখন বেড়েই চলবে। ছটা বাজতে কুড়ি। লালমোহনবাবু হাতের ঘড়িটা দেখে সব বলেছেন ‘তোমার দাদার টেলিফোনাসটা থাকলে খুব ভাল হত’, এমন সময় একটা নতুন চিৎকার শোনা গেল—

‘গুরুজী কি জয় ! মছলিবাবা কি জয় ! গুরুজী কি জয় !’

বেনারসের ঘাটে একরকম আটকোনা বুরুজ থাকে, যার উপর অনেক সময় ছাতার তলায় গাওয়া বসে, পালোয়ানরা মুণ্ডর ভাঁজে, আবার এমনি সাধারণ লোকও বসে। আমাদের ঠিক ঠামনেই হাত পঞ্চাশেক দূরে সেইরকম একটা বুরুজ জল থেকে চার-পাঁচ হাত উঁচুতে উঠে গেছে—সেটা এখন খালি। সেইরকম বুরুজ দশাশ্বমেধে অনেকগুলো আছে। তার মধ্যে যটা আমাদের দিকে, তার উপর কিছু লোক এতক্ষণ দাঁড়িয়ে অপেক্ষা করছিল। ‘গুরুজী কি জয়’ শুনেই তাদের মধ্যে একটা ব্যস্ত ভাব দেখা গেল। তারা এখন সবাই ঘাটের সিঁড়ির ঠিকে চেয়ে রয়েছে।

এবার দেখলাম একটা প্রকাণ্ড দল সিঁড়ি দিয়ে নেমে বুরুজের দিকে এগিয়ে যাচ্ছে। দলের

মাথায় যিনি রয়েছেন তিনি আর কেউ নন—স্বয়ং মহলিবাবা। টকটকে লাল লুঙ্গিটা এখন মালকোচা দিয়ে ধুতির মতো করে পরা। গায়ের লাল চাদরের উপর হলদে রং দেখে বুঝলাম বাবা অনেক গাঁদা ফুলের মালা পরে আছেন।

বুরুজ এবার প্রায় খালি হয়ে গেল। শুধু দুজন রইল, তারা বাবার হাত ধরে তাকে উপরে তুলল। বাবার মাথা এখন সবাইয়ের উঁচুতে।

বাবা এবার দু হাত তুললেন ভক্তদের দিকে ফিরে। কী বললেন, বা কিছু বললেন কি না সেটা এতদূর থেকে বোঝা গেল না।

এবার বাবা হাত তোলা অবস্থাতেই বুরুজের উলটোদিকে এগিয়ে গেলেন। বাবার সামনে এখন গঙ্গা। পিছন থেকে আবার জয়ধ্বনি উঠল—‘জয় মহলিবাবা কি জয়!’

সেই জয়ধ্বনির মধ্যে বাবা গঙ্গায় ঝাঁপ দিলেন।

একটা অদ্ভুত আওয়াজ উঠল ভক্তদের মধ্যে। লালমোহনবাবু সেটাকে ‘সমস্বরে বিলাপ’ বললেন। বাবাকে কিছুক্ষণ জলের মধ্যে সাঁতরাতে দেখা গেল। তারপর তিনি অদৃশ্য হয়ে গেলেন। লালমোহনবাবু বললেন, ‘ডুব সাঁতারে পৌঁছে যাবে পাটনা—কী থ্রিলিং ব্যাপার ভাবতে পার?’

আরও একটা থ্রিলিং ব্যাপারে আমাদের প্রায় হার্টফেল হয়ে যাবার অবস্থা হল যখন দশাশ্বমেধ ঘাট থেকে চোখ ঘুরিয়ে দেখি এই ফাঁকে কখন জানি একটি লোক এসে আবছা অন্ধকারে নিঃশব্দে আমাদের পাশে এসে দাঁড়িয়েছে। লোকটার বাঁ হাতে একটা বাঁশের লাঠি। মাথায় পাগড়ি, মুখে গোঁফ-দাড়ি, গায়ে লম্বা শার্টের উপর ওয়েস্ট কোট, নীচে পায়জামা, আর তারও নীচে একজোড়া ডাকসাইটে কাবলি জুতো।

কাবুলিওয়াল।

কাবুলিওয়াল ডান হাতটা অল্প তুলে আমাদের আশ্বাস দিল।

ফেলুদা। কাবুলিওয়ালার ছদ্মবেশে ফেলুদা। এই মেক-আপই সেদিন ব্যবহার করেছিল বেঙ্গলি ক্লাবের ত্রিদিব ঘোষ।

‘ওয়াভার—’

লালমোহনবাবুর প্রশংসা মাঝপথে থামিয়ে দিল ফেলুদার ঠোঁটের আঙুল।

কী ঘটতে যাচ্ছে জানি না, ছদ্মবেশের কী দরকার জানি না, অপরাধী কে বা কারা জানি না, তবু ফেলুদা যদি চুপ করতে বলে তা হলে চুপ করতে হবেই। এটা আমিও জানি, আর লালমোহনবাবুও অ্যাঙ্গলিনে জেনে গেছেন।

ফেলুদা একদৃষ্টে চেয়ে রয়েছে দশাশ্বমেধ ঘাটের দিকে। আমাদের চোখও সেইদিকে চলে গেল।


দূর থেকে একটা বজরা ভেসে আসছে ঘাটের দিকে। তার মাথায় একটা বাতি জ্বলছে। বড় বজরা। বজরার ছাতে চার-পাঁচজন লোক। কাউকেই চেনা যায় না। এতদূর থেকে সম্ভব নয়।

‘দুর্গা মঙ্গিকি জয়! দুর্গা মঙ্গিকি জয়!’

আরেকটা প্রতিমা আসছে ঘাটে। সিঁড়ি দিয়ে নামানো হচ্ছে। হাজারক লঠনের আলো পড়ে ঠাকুর মাঝে মাঝে বলমল করে উঠছে। দূর থেকেও চিনতে অসুবিধা নেই। এটা ঘোষালদের ঠাকুর।

ফেলুদার সঙ্গে আমরাও পাথরের মতো দাঁড়িয়ে বিসর্জন দেখতে লাগলাম।

বিরিট প্রতিমা বজরার মাথায় চড়ে গেল। বজরা এগোতে শুরু করল আরও গভীর জলের দিকে।



তারপর দেখলাম প্রতিমাটা একবার ঝাঁকি দিয়ে উপরে উঠে চিত হয়ে বজরার পিছনে অদৃশ্য হয়ে গেল। ঝপাং শব্দটা এল কিছু পরে—যেমন ক্রিকেট মাঠে বল মারাটা চোখে দেখার কিছু পরে শব্দটা আসে।

হঠাৎ মনে হল শশীবাবুর তুলির টান এখন জলের তলায়। হয়তো এর মধ্যেই সব ধুয়ে মুছে গেছে।

মছলিবাবাকে দেওয়া গাঁদা ফুলের মালাগুলো এখন ভেসে যাচ্ছে আমাদের সামনে দিয়ে।

যে বজরাটা দূর থেকে নদীর ধার দিয়ে আসছিল, সেটা এখন দশাশ্বমেধ ছাড়িয়ে আমাদের দিকে আসছে।

মগনলালের বজরা। মগনলালের বিশাল দেহটা দেখতে পাচ্ছি বজরার ছাদে। সে বাবু হয়ে বসে আছে, সঙ্গে আরও চারজন লোক।

ফেলুদার ডান হাতটা তার কোমরের কাছে, বাঁ হাতটা এখনও লাঠিটাকে ধরে আছে। আলো কমে এসেছে, কিন্তু তাও আমি বাঁশের একটা গাঁটের নীচে মুঠো করে ধরা বাঁ হাতটা দেখতে পাচ্ছি।

সেদিনের গলিতে শোনা ধূপ ধূপ শব্দটা আবার শুনতে পাচ্ছি। এখন সেটা হচ্ছে আমার বুকের ভিতরে।

আমার গলা শুকিয়ে আসছে।

আমার চোখ ওই বাঁ হাতটা থেকে সরাতে পারছি না।

ফেলুদার বাঁ হাতের কড়ে আঙুলের নখটা লম্বা।

কাবুলিওয়ালার বাঁ হাতের কড়ে আঙুলের নখটা কাটা।

ফেলুদার বাঁ হাতের কবজির কাছে একটা তিল।

কাবুলিওয়ালার বাঁ হাতের কবজির কাছে কোনও তিল নেই।...

এ লোকটা ফেলুদা নয়।

কে এসে দাঁড়িয়েছে কাবুলিওয়ালার সঙ্গে আমাদের পাশে?

লালমোহনবাবু কি জানেন তাঁর পাশে কে দাঁড়িয়ে আছে?

তিনি কি বুঝেছেন ও ফেলুদা নয়?

বজরাটা আমাদের সামনের বুরুজের কাছাকাছি চলে এসেছে। এখন থেকে বুরুজটা প্রায় পঁচিশ গজ দূরে। বজরা এখন তারও প্রায় পঁচিশ গজ উত্তর দিকে। ব্যবধান কমে আসছে।

কাবুলিওয়ালার আমাদের ইশারা করল খুপরিটার ভিতর ঢুকে যেতে। লালমোহনবাবু নিজে ঢুকে আমার হাত ধরে টেনে নিলেন। এক হাতের বেশি গভীর নয় খুপরিটা। আমরা এখন থেকে সবই দেখতে পাচ্ছি, যদিও বাইরের লোকে আমাদের দেখতে পাবে না।

বজরা এবার থামো-থামো।

বুরুজের ঠিক পিছনে জলে কী যেন নড়ছে।

একটা লোকের শুধু মাথাটা জলের উপর উঠল। লালমোহনবাবু হাতটা বাড়িয়ে আমার কোটের আস্তিনটা খামচে ধরলেন।

একটা লোক বজরা থেকে প্রায় নিঃশব্দে জলের মধ্যে লাফিয়ে পড়ল।

লোক নয়—ছোকরা।

রুকুর বন্ধু সূর্য।

সূর্য সাঁতরে এগিয়ে এল বুরুজের দিকে।

বুরুজের পিছনে জল থেকে এবার লোকের মাথাটা উঠতে শুরু করে কাঁধ অবধি বেরিয়ে এল। এ কি স্বপ্ন, না সত্যি? ও যে মছলিবাবা! দু হাতে জাপটে কী যেন ধরে আছে।

সূর্য তার দিকেই এগিয়ে এসেছে। বজরার ছাতের লোকেরা ওদের দুজনের দিকেই দেখছে।

এবার আরেকটা—একটা নয়, পর পর দুটো—ধাঁধা লাগানো জিনিস ঘটল। মহলিাবাবা তার হাত থেকে এবড়ো-খেবড়ো বলের মতো জিনিসটা ছুড়ে ঘাটের দিকে ফেলে দিল, আর সঙ্গে সঙ্গে কাবুলিওয়ালা হাতের লাঠিটা ছুড়ে ফেলে দিয়ে বিদ্যুৎবেগে সামনের দিকে ছুটে গিয়ে জিনিসটা বাঁ হাতে তুলে নিয়ে ডান হাতে পকেট থেকে রিভলবার বার করে বজরার দিকে তাগ করে দাঁড়াল।

সেই মুহূর্তেই মগনলাল একলাফে সোজা হয়ে দাঁড়াতেই দেখলাম তারও হাতে একটা রিভলবার এসে গেছে। তার পাশে লোকগুলোও উঠে দাঁড়িয়েছে, আর মনে হচ্ছে ওদের হাতেও অস্ত্র রয়েছে।

এদিকে আমাদের মাথার উপরেও পায়ের শব্দ পাচ্ছি। ধূপ ধাপ করে দু-তিনটে সশস্ত্র পুলিশ বোধহয় বৈদ্যনাথ সালসার পিছনের চত্তরটা থেকে লাফিয়ে আমাদের দু পাশে পড়ল।

তার পরেই শুরু হল কান ফাটানো গুলির শব্দ। একটা গুলি আমাদের খুপরির ঠিক পাশে দেওয়ালের গায়ে লাগল। জখম দেওয়ালের গুঁড়ো গঙ্গার হাওয়ায় সোজা এসে ঢুকল লালমোহনবাবুর নাকের ভিতর।

‘হ্যাঁচো!’

ওদিকে মগনলালের হাত থেকে রিভলভারটা ছিটকে বেরিয়ে গেছে। আর তার পরেই এক তাজ্জব ব্যাপার। ওই হিপোপটেমাসের মতো লোকটা বজরার উলটোদিকে ছুটে গিয়ে এক বিকট চিংকার দিয়ে হাত দুটো মাথার উপর তুলে একটা বিরাট লাফ দিয়ে গঙ্গায় পড়ে চতুর্দিকে জলের ফোয়ারা ছিটিয়ে দিল।

কিন্তু কোনও লাভ নেই। দুটো নৌকো এরই মধ্যেই বজরার পাশে এসে পড়েছে, তাতে পুলিশ বোঝাই।

আর মহলিাবাবা ?

তিনি সূর্যকে বগলদাবা করে জল থেকে উঠে আসছেন।

এবার তিনি কাবুলিওয়ালার দিকে ফিরে বললেন, ‘থ্যাঙ্ক ইউ, তেওয়ারিজী।’

আর কাবুলিওয়ালা মহলিাবাবার দিকে হাত বাড়িয়ে দিয়ে তাকে জল থেকে টেনে তুলে বলল, ‘থ্যাঙ্ক ইউ, মিস্টার মিস্তির।’

আমি আর লালমোহনবাবু মাটিতে বসে পড়লাম ; না হলে হয়তো মাথা ঘুরে পড়ে যেতাম।

সূর্য একজন পুলিশের হাতে চলে গেল। ফেলুদা কাছে আসতে বুঝলাম তার মেক-আপটা কী অসাধারণ হয়েছে—যদিও এখন শরীরের কোনও কোনও জায়গায় কালো রঙের ফাঁক দিয়ে চামড়ার আসল রংটা বেরিয়ে পড়েছে।

‘স্বেতির মতো লাগছে না রে তোপ্সে ?’

‘ওয়াভারফুল !’—বললেন লালমোহনবাবু।

ফেলুদা এবার তেওয়ারির দিকে ফিরে বলল, ‘আপনার লোককে বলে দিন তো—জিপে তোয়ালে আর আমার জামাকাপড়গুলো রয়েছে—চট করে নিয়ে আসুক।’

বিজয়া দশমী, রাত পৌনে দশটা। ঘোষালবাড়ির একতলার বৈঠকখানা। যাঁরা ঘরে রয়েছেন তাঁরা হলেন—গোয়েন্দা প্রদোষ মিত্র, লালমোহন গাঙ্গুলী, সাব-ইনসপেক্টর তেওয়ারি, অম্বিকা ঘোষাল, উমানাথ ঘোষাল, উমানাথবাবুর স্ত্রী, রুক্মিণীকুমার ঘোষাল, বিকাশ সিংহ, আর আরও সব যাঁরা বাইরে থেকে এসেছেন যাঁদের নাম জানি না, আর আমি—তপেশরঞ্জন মিত্র। এ ছাড়া ঘরের দরজার বাইরে থেকে উকি মারতে দেখছি তিনজন লোককে—দারোয়ান ত্রিলোচন পাণ্ডে, বেয়ারা বৈকুণ্ঠ আর বুড়ো চাকর ভরদ্বাজ।

কোলাকুলি শেষ, মিষ্টি শেষ—অন্তত প্লেটে শেষ, যদিও কারুর কারুর চোয়াল এখনও নড়ছে। যেমন ফেলুদার। ঠাকুর ভাসান হয়ে যাবার পর বাড়ির লোকের মন খারাপ হয়ে যায়; এখানেও তাই হয়েছিল। কিন্তু এখন আবার এক ঠাকুর চলে গিয়ে আরেক ঠাকুর ফিরে পাবার আশায় সকলের মুখেই বেশ একটা হাসিহাসি উত্তেজনার ভাব। এটা বলে রাখি যে গণেশ পাওয়া গেছে কি না সেটা কিন্তু এখনও জানা যায়নি। যেটা জানা গেছে সেটা হল মছলিবাবার ঘটনা। আজ বিকেল চারটের সময় ভক্তের দল আসার আধ ঘণ্টা আগে অভয়বাবুর বাড়ির পিছনের দরজা দিয়ে ঢুকে পুলিশ মছলিবাবাকে অ্যারেস্ট করে। বাবাজী আসলে ছিলেন সেই রায়বেরিলির জেল থেকে পলাতক জালিয়াত। তা ছাড়াও তিনি ছিলেন মগনলালের একজন স্যাণ্ডাং। তার আসল নাম নাকি পুরন্দর রাউত, বাড়ি পূর্ণিয়া। লোকটা অনেকদিন কলকাতায় ছিল, মনুমেন্টের তলায় হাত সাফাইয়ের খেলা দেখানো থেকে শুরু করে অনেক রকমের অদ্ভুত কাজ করে শেষটায় জালিয়াতি ধরে। অ্যারেস্টের এক ঘণ্টার মধ্যে বেঙ্গলি ক্লাবের কাছ থেকে ধার করা মেক-আপের সরঞ্জামের সাহায্যে মছলিবাবার চেহারা নিয়ে ফেলুদা ভক্তদের সামনে হাজির হয়। তার আগেই অবিশ্যি পুরন্দর রাউত পুলিশের চাপে পড়ে সব কথা ফাঁস করে দিয়েছিল। আজ গঙ্গার ঘাটে যে দুর্ধর্ষ নাটকটা মগনলাল প্ল্যান করেছিল সেটাও পুরন্দর বলে দিয়েছিল। আসলে মছলিবাবাকে মগনলালই খাড়া করেছিল। তার পিছনে যে কী সাংঘাতিক শয়তানি ফন্দি ছিল সেটা পরে ফেলুদার কথা থেকে জানা যায়।

সবাই মুখ বন্ধ করে উদ্গ্রীব হয়ে বসে আছে, সকলেরই দৃষ্টি ফেলুদার দিকে। লালমোহনবাবু যে কেন মাঝে মাঝে হেসে উঠছেন জানি না; হয়তো বিকাশবাবু ওকে জোর করে সিদ্ধি খাইয়েছেন বলে। সিদ্ধি খেলে নাকি হাসি পায়।

ফেলুদা জল খেয়ে হাতের কাচের গলাসটা আওয়াজ বাঁচিয়ে খুব সাবধানে পিতলের কাশ্মীরি টেবিলটার উপর রেখে বলল, ‘মগনলালই মছলিবাবার সৃষ্টিকর্তা এ কথা আমি আপনাদের আগেই বলেছি। মছলিবাবা অন্ত্যমী, মছলিবাবা অলৌকিক ক্ষমতার অধিকারী—এ ধরনের কয়েকটা ধারণা রটাতে পারলেই কার্যসিদ্ধি হয়। কেদার ঘাটে মছলিবাবাকে এনে ফেলার আগে অভয় চক্রবর্তী এবং লোকনাথ পাণ্ডা সম্বন্ধে দু-একটা কথা জেনে নেওয়া মগনলালের মতো লোকের পক্ষে কিছুই কঠিন ছিল না। বাকি কাজটা সম্ভব হয়েছিল অভয়বাবুর অন্ধ ভক্তির জোরে এবং স্থানীয় বাসিন্দাদের বিশ্বাসের জোরে।’

ফেলুদা থামল। লালমোহনবাবু হাসবার জন্য মাথা পিছনে হেলিয়ে মুখটা খুলতেই আমি ওর কনুইয়ে খোঁচা মেরে ওকে থামালাম। ঘরের আর প্রত্যেকটি লোক হাঁ করে ফেলুদার কথাগুলো গিলছে। ফেলুদা বলে চলল—

‘মগনলালের সঙ্গে সম্প্রতি তার বাড়িতে বসে আমার কিছু কথা হয়েছিল। মগনলাল বলেছিল গণেশটা তার কাছে আছে, এবং উমানাথবাবু নিজে নাকি সেটা তাকে বিক্রি

করেছেন ।’

‘অ্যাঁ !’—চোখ রাঙিয়ে চেয়ার ছেড়ে উঠে পড়লেন উমানাথ ঘোষাল । ‘আপনি বিশ্বাস করেছিলেন তার কথা ?’

‘রহস্যের একটা নতুন দিক হিসাবে কথাটা শুনতে যে খুব খারাপ লেগেছিল তা বলব না । কিন্তু পরমুহূর্তেই যখন মগনলাল তদন্ত বন্ধ করার জন্য আমাকে একটা মোটা ঘুষ অফার করল, তখন মনে একটা খটকা লাগল । বন্ধ করার একটা কারণ অবিশ্যি মগনলাল বলেছিল, কিন্তু সেটা আমার কাছে খুব বিশ্বাসযোগ্য বলে মনে হয়নি । তার কথা সত্যি হলে বরং আপনি আমাকে ঘুষ অফার করতে পারতেন—কারণ কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে গেলে সেটা আপনার পক্ষে মোটেই সুবিধের হত না । অথচ আপনি আমাকে নিজে থেকে অনুসন্ধান চালাতে বলেছেন ।’

‘নিজে থেকে’, প্রতিধ্বনি করলেন লালমোহনবাবু, ‘হাঃ হাঃ—নিজে থেকে ।’

ফেলুদা লালমোহনবাবুর পাগলামো অগ্রাহ্য করে বলে চলল—

‘তখনই আমার প্রথম সন্দেহ হয় যে তা হলে হয়তো গণেশটা আপনাদের বাড়িতেই কোথাও রয়ে গেছে, এবং মগনলাল কোনও উপায়ে কোনও একটা সময়ে সেটা পাবার আশা করছে । বাড়িতে রয়েছে, অথচ সিন্দুক নেই—তা হলে গেল কোথায় জিনিসটা ? সেই সঙ্গে আবার এটাও মনে হল যে এ বাড়ির সঙ্গে মগনলালের একটা যোগসূত্র না থাকলে সেই বা কী করে আশা করছে গণেশটা পাবার ?

‘এই সব যখন ভাবছি, তখন একটা কারণে হঠাৎ সন্দেহটা গিয়ে পড়ল মিস্টার সিংহের উপর ; কারণ আমি জানতে পারলাম যে তিনি একটা জরুরি সত্য আমার কাছ থেকে গোপন করে রেখেছিলেন । জেরার ফলে বিকাশবাবু স্বীকার করলেন যে তিনি দশই অক্টোবর লুকিয়ে লুকিয়ে মগনলালের সঙ্গে উমানাথবাবুর কথাবার্তা শুনেছিলেন । শোনার পর থেকে তার মনে গণেশটা সম্পর্কে একটা উদ্বেগ থেকে যায় । মিস্টার ঘোষাল যেদিন মহলিবাবাকে দেখতে যান, সেদিন আর থাকতে না পেরে বিকাশবাবু দোতলায় অম্বিকাবাবুর ঘরে গিয়ে তাঁর দেরাজ থেকে চাবি নিয়ে সিন্দুক খোলেন । খুলে দেখেন গণেশ নেই ।’

‘গণেশ তখনই নেই ?’ অবাক হয়ে প্রশ্ন করলেন উমানাথবাবু । ‘তার মানে তার আগেই চুরি হয়ে গেছে ?’

‘চুরি না’, ফেলুদা বলল । ফেলুদা উঠে দাঁড়িয়েছে—তার হাত দুটো প্যাণ্টের পকেটে । ‘চুরি না । একজন অত্যন্ত বুদ্ধিমান ব্যক্তি গণেশটিকে মগনলালের হাত থেকে রক্ষা করার জন্য সেটিকে লুকিয়ে রেখেছিল ।’

‘ক্যাপ্টেন স্পার্ক ।’—বলে উঠল রুশ্বীণীকুমার ।

‘সবাইয়ের দৃষ্টি রুকুর দিকে ঘুরে গেল । সে ঘরের এক কোণে একটা দরজার পাশে পর্দা হাতে ধরে দাঁড়িয়ে আছে ।

‘ঠিক বলেছ । ক্যাপ্টেন স্পার্ক, ওরফে আমাদের রুকুবাবু । —আচ্ছা, ক্যাপ্টেন স্পার্ক, সেদিন যখন তোমার বাবার সঙ্গে একজন মোটা ভদ্রলোক এ ঘরে বসে কথা বলছিলেন—’

রুকু ফেলুদার কথা শেষ না হতেই চোঁচিয়ে উঠল—‘ডাকু গণ্ডারিয়া !—ক্যাপ্টেন স্পার্ক তাকে বার বার বোকা বানায় ।’

‘সে যখন কথা বলছিল, তুমি কি তখন ওই পাশের ঘর থেকে শুনেছিলে ?’

রুকু তৎক্ষণাৎ উত্তর দিল, ‘শুনছিলাম তো । আর তক্ষুনি তো সিন্দুক খুলে গণেশ নিয়ে লুকিয়ে রাখলাম । না হলে তো ও নিয়ে নিত ।’

‘ভেরি গুড’, ফেলুদা বলল । তারপর অন্যদের দিকে ফিরে বলল, ‘আমি ক্যাপ্টেন

স্পার্ককে গণেশের কথা জিজ্ঞেস করেছিলাম। তাতে ও বলেছিল গণেশ পাওয়া যাবে না। কারণ সেটা রয়েছে আফ্রিকার এক রাজার কাছে। কথাটার মানে আমি তখন বুঝতে পারিনি। শেষে বুঝলাম একেবারে অপ্রত্যাশিতভাবে—পঁয়তাল্লিশ বছরের পুরনো টার্কনের একটা ফিল্ম দেখতে গিয়ে।’

ফেলুদা থামতেই চারিদিক থেকে—সে কী! অ্যাঁ? টার্কনের ছবি? ইত্যাদি অনেকগুলো প্রশ্ন একসঙ্গে শোনা গেল। ফেলুদা সরাসরি উত্তর না দিয়ে আবার রুকুর দিকে তাকিয়ে বলল, ‘ক্যাপ্টেন স্পার্ক, টার্কানের ছবির এক্কেবারে শুরুটা কী সেটা মনে করে বলতে পার তুমি!’

‘পারি’, বলল রুকু, ‘মেট্রো-গোল্ডউইন-মেয়ার প্রেজেন্টস—’

‘ঠিক কথা—মিস্টার তেওয়ারি, দেখুন তো আমরা মেট্রো-গোল্ডউইনের খেলা কিছু দেখাতে পারি কি না।’

তেওয়ারি তার চেয়ারের নীচ থেকে একটা খবরের কাগজের মোড়ক নিয়ে সেটা খুলে তার থেকে একটা অদ্ভুত জিনিস বার করে ফেলুদার দিকে এগিয়ে দিল। তার উপরে বিজলির ঝাড়ের আলোটা পড়তেই বুঝলাম সেটা একটা জলে নষ্ট হয়ে যাওয়া মাটির তৈরি হাঁ-করা সিংহের মাথা। ফেলুদা মাথাটা হাতে তুলে ধরে বলল, ‘এই দেখুন আফ্রিকার পশুরাজ তথা দুর্গার বাহনের মাথা। এই সিংহের হাঁ-এর মধ্যে গণেশ লুকিয়ে রেখেছিল ক্যাপ্টেন স্পার্ক। তার ধারণা ছিল বিসর্জনের পর গণেশ ভাসতে ভাসতে চলে যাবে সমুদ্রে, আর সেখানে একটি হাঙর সেটাকে গ্রাস করবে, আর স্পার্কই আবার সেই হাঙরকে হারপুন দিয়ে মেরে গণেশটাকে পুনরুদ্ধার করবে। তাই না, ক্যাপ্টেন স্পার্ক?’

‘তাই তো’, বলল রুকু।

‘আর মছলিবাবার প্ল্যান ছিল তিনি ঠাকুর ভাসানের আগে নিজে জলে ঝাঁপ দেবেন। তারপর কিছু দূর সাঁতরে গিয়ে আবার ডুব সাঁতরে ফিরে আসবেন ঘাটের দিকে—এসে নৌকোর আড়ালে অপেক্ষা করবেন। তারপর ভাসানের পরমুহূর্তে আবার ডুব দিয়ে সিংহের মাথাটি চাড় দিয়ে খুলে নিয়ে চলে যাবেন মুনশীঘাট আর রাজঘাটের মাঝামাঝি একটা নির্জন জায়গায়। ততক্ষণে মগনলালের বজরাও এসে যাবে সেইখানে। ব্যস—বাকি কাজ তো সহজ।’

উমানাথবাবু বললেন, ‘কিন্তু বাবাজী যে দসেরার দিনে যাবেন, সে তো তার ভক্তরাই ঠিক করে দিয়েছিল। আর গণেশ কোথায় আছে সে খবরই বা বাবাজী জানবেন কী করে? আর মগনলালই বা জানবে কী করে?’

‘দুটোর উত্তরই খুব সহজ’, বলল ফেলুদা। ‘তৃতীয়ার দিনে বাবাজী তার ভক্তদের জিজ্ঞেস করেন এক থেকে দশের মধ্যে একটা নম্বর বলতে। যথারীতি অধিকাংশ উত্তরই হয় সাত। এটাই নিয়ম। ফলে হয়ে গেল তিনি সাত দশ—অর্থাৎ দসেরা। আর সিংহের মুখে গণেশ লুকোনোর কথাটা ক্যাপ্টেন স্পার্ক সবাইকে না বললেও, তার বন্ধু সূর্যকে নিশ্চয়ই বলেছিল, তাই না, ক্যাপ্টেন স্পার্ক?’

রুকু স্থিরভাবে দাঁড়িয়ে আছে, তার ভুরু কুঁচকে গেছে। সে ছোট্ট করে মাথা নেড়ে হ্যাঁ বুঝিয়ে দিল।

ফেলুদা একটা দীর্ঘশ্বাস ফেলে বলল, ‘শয়তান সিং সত্যিই শয়তান সিং। সূর্যের পুরো নাম সূর্যলাল মেঘরাজ। সে মগনলালের ছোট ছেলে। যাকে বলে বাপকা বেটা। থাকত মানমন্দিরের কাছে মগনলালের দুটো বাড়ির একটাতে। ওটায় ফ্যামিলি থাকত। অন্যটায় থাকত মগনলাল নিজে। সূর্যই তার বাপকে খবরটা দেয়, এবং তার পরেই মগনলাল তার

বিরাত চক্রান্তটি খাড়া করে ।’

‘বিশ্বাসঘাতক !’—বলে উঠল রুকু ।

এতক্ষণে অস্থিকাবাবু মুখ খুললেন—

‘সিংহের মাথাটা তো টেবিলের উপর রেখে দিয়েছে, কিন্তু গণেশ কই ?’

ফেলুদা মাথাটাকে আবার হাতে তুলে নিল । তারপর তার হাঁ-করা মুখের ভিতর হাত ঢুকিয়ে টান দিয়ে যে জিনিসটা বার করল সেটা গণেশ নয় মোটেই । সেটা তার আঙুলের ডগায় লেগে থাকা চটচটে একটা সাদা জিনিস ।

‘ক্যাপ্টেন স্পার্ক গণেশটাকে আটকাতে একটা আশ্চর্য সহজ উপায় বার করেছিল ।’

‘চিকলেট !’—বলে উঠল রুক্মিণীকুমার ।

‘হ্যাঁ, চুইং গাম’, বলল ফেলুদা, ‘সেই চুইং গামের খানিকটা এখনও রয়ে গেছে, কিন্তু গণেশ আর এখানে নেই ।’

ফেলুদার এই এক কথাতেই ঘোষাল বাড়ির সকলের মুখ কালো হয়ে গেল । উমানাথবাবু কপাল চাপড়ে বলে উঠলেন, ‘তা হলে এত করে কী হল মিস্টার মিত্তির ? গণেশই নেই ?’

ফেলুদা সিংহের মাথাটা আরেকবার নামিয়ে রেখে বলল, ‘আমি আপনাদের আশায় ঠাণ্ডা জল ঢেলে দেবার জন্য আপনাদের এখানে ডাকিনি, মিস্টার ঘোষাল । গণেশ আছে । সেটা কোথায় বলার আগে আমি আপনাদের একটি ঘটনার কথা স্মরণ করিয়ে দিতে চাই । আপনাদের একজন খুব পরিচিত ব্যক্তির মৃত্যুর কথা । শশীভূষণ পাল ।’

‘তাকে তো তার ছেলে মেরেছে’ বলে উঠলেন উমানাথবাবু, ‘সেই নিয়েছে নাকি গণেশ ?’

‘ব্যস্ত হবেন না’, বলল ফেলুদা, ‘আমার কথাটা আগে মন দিয়ে শুনুন । আমি যা বলতে যাচ্ছি সেটা প্রমাণসাপেক্ষ, এবং সে প্রমাণ আমরা পাব বলেই আমার বিশ্বাস ।’

ঘরের প্রত্যেকটি লোক আবার স্তব্ধ হয়ে ফেলুদার দিকে দেখছে । লালমোহনবাবু আর জোরে হাসছেন না, কিন্তু সব সময়েই তার মুখে হাসি লেগে রয়েছে । আর কেন জানি মাঝে মাঝে ডান হাত দিয়ে নিজের কপালে চাঁটি মারছেন ।

ফেলুদা বলল, ‘সিংহের মুখের মধ্যে যদি গণেশ লুকোনো থাকে তা হলে সেটা দেখে ফেলার সব চেয়ে বেশি সুযোগ ছিল শশীবাবুর । বিশেষ করে যেদিন তিনি সিংহের মুখের বাইরে এবং ভিতরে তুলির কাজ করছিলেন সেই দিন । অর্থাৎ পঞ্চমীর দিন । অর্থাৎ যেদিন তিনি খুন হন । সেদিন আপনারা সন্ধ্যায় বাড়ি ছিলেন না—মনে আছে কি ? ত্রিলোচন বলেছে আপনারা বিশ্বনাথের মন্দিরে আরতি দেখতে গিয়েছিলেন ।’

উমানাথবাবু মাথা নেড়ে হ্যাঁ বললেন । ফেলুদা বলল, ‘আমরা পুলিশের কাছ থেকে জেনেছি যে শশীবাবু সেদিন আবার অসুস্থ বোধ করাতে তাঁর কাজ শেষ করে বিকাশবাবুর কাছে ওষুধ চাইতে গিয়েছিলেন । এ কথা বিকাশবাবুই পুলিশকে বলেছিলেন । শশীবাবু ওষুধ নিয়ে বাড়ি চলে যান । আমরা ত্রিলোচনের সঙ্গে কথা বলে জেনেছি যে শশীবাবু যাবার কয়েক মিনিটের মধ্যেই বিকাশবাবুও বেরিয়েছিলেন । তিনি কেন বেরিয়েছিলেন সেটা তাঁকে জিজ্ঞেস করতে পারি কি ?’

বিকাশবাবু গম্ভীর গলায় বললেন, ‘এটা জিজ্ঞেস করার কারণ কী বুঝতে পারছি না । যাই হোক, মিস্টার মিত্তির যে প্রশ্নটা করলেন তার উত্তর হচ্ছে—আমি সিগারেট কিনতে বেরিয়েছিলাম । ...আরও কিছু প্রশ্ন আছে কি মিস্টার মিত্তিরের ?’

‘হ্যাঁ, আছে ।—সিগারেট কিনে বাড়ি ফিরতে এক ঘণ্টার উপর সময় লাগল কেন আপনার, বিকাশবাবু ?’

‘তার কারণ আমি গঙ্গার ঘাটে একটু হাওয়া খেতে গেসলাম । কোন ঘাট জানতে চান

তো তাও বলছি। হরিশ্চন্দ্র। সোনারপুরা রোডের ডাক্তার অশোক দত্তর সঙ্গে সেখানে দেখা হয়, মিনিট দশেক কথাও হয়। তাকে জিজ্ঞেস করে দেখতে পারেন।’

‘আপনার হরিশ্চন্দ্র ঘাটে যাওয়ার ব্যাপারটা আমি অবিশ্বাস করছি না বিকাশবাবু। আপনার সেখানে যাবার একটা বিশেষ কারণ ছিল। সেটায় আমরা আসছি এফুনি; তার আগে ক্যাপ্টেন স্পার্ককে আমার আরেকটা প্রশ্ন আছে। ক্যাপ্টেন স্পার্ক, তুমি কি তোমার অ্যাসিস্ট্যান্ট খুদে রক্ষিতকে বলেছিলে সিংহের মুখে গণেশ লুকিয়ে রাখার কথা?’

‘ও তো বিশ্বাসই করেনি’, বলল রুকু।

‘জানি। সেইজন্যেই ও সিন্দুক খুলে দেখতে গিয়েছিল রুকুর কথা সত্যি কি না। যখন দেখল সত্যি, তখন থেকেই ওর লোভ হয় গণেশটার উপর। সেটা আপনিই চলে আসে ওর হাতে যখন শশীবাবু গণেশটা পেয়ে বাড়িতে আর কাউকে না পেয়ে বিকাশবাবুর হাতে সেটা জমা দিতে চায়। কিন্তু বিকাশ সিংহ তো জিনিসটা এভাবে পেতে চাননি! শশীবাবু যে পরের দিনই সব কথা ফাঁস করে দেবেন! তাকে খতম না করতে পারলে তো বিকাশবাবুর উদ্দেশ্য সিদ্ধি হয় না। তাই তিনি শশীবাবুকে ধাওয়া করেন। যাবার পথে শ্রীধর ভ্যারাইটি স্টোর্স থেকে একটি ছোরা কেনেন। তাই দিয়ে গণেশ মহল্লার অন্ধকার গলিতে শশীবাবুকে নির্মমভাবে হত্যা করেন; তারপর হরিশ্চন্দ্র ঘাটে গিয়ে রক্তাক্ত ছুরিটা গঙ্গায়—’

‘মিথ্যে! সর্বৈব মিথ্যে! প্রত্যেকটা কথা মিথ্যে!’—বিকেশবাবুর এরকম অদ্ভুত চেহারা কোনওদিন দেখব কল্পনা করিনি। তার চোখ দুটো আর কপালের রং দুটো যেন ঠিকরে বেরিয়ে আসছে—‘গণেশ যদি আমি নেব তো সে গণেশ কোথায়? কোথায় সে গণেশ?’

‘আর একদিন পরে হলে হয়তো সে গণেশ থাকত না। আপনি নিশ্চয়ই মগনলালকে বিক্রি করে দিতেন। কিন্তু পূজোর কটা দিন আপনার বাড়ি থেকে বেরোনো সম্ভব হয়নি—তাই আপনাকে গণেশ লুকিয়ে রাখতে হয়েছিল।’

‘মিথ্যে কথা।’

‘তেওয়ারিজী!’ ফেলুদা দারোগাসাহেবের দিকে হাত বাড়াল। তেওয়ারি এবার আরেকটা জিনিস ফেলুদার হাতে তুলে দিল।

বিকেশবাবুর রেডিয়ো।

ফেলুদা রেডিয়োটাকে চিত করে ব্যাটারির খুপরি ঢাকনাটা খুলে তার ভিতরে হাত ঢুকিয়ে টেনে বার করল একটা লম্বা হিরে-বসানো আড়াই-ইঞ্চি সোনার গণেশ।

পরমুহূর্তেই অম্বিকাবাবুর বিশাল তালতলার চটির একটা পাটি গিয়ে সজোরে আছাড় খেল বিকাশবাবুর গালে।

সব শেষে শুনলাম রুকুর রিনরিনে চিৎকার—

‘বিশ্বাসঘাতক! বিশ্বাসঘাতক! বিশ্বাসঘাতক!’

*

*

*

ঘোষালদের বাড়িতে তারিফ আর ভুরিভোজ ছাড়া আর যে জিনিসটা পাওয়া গেল, সেটা রয়েছে এখন ফেলুদার পকেটে একটা খামের মধ্যে। আমরা মদনপুরা রোড দিয়ে হেঁটে বাড়ি ফিরছি। লালমোহনবাবুর সিদ্ধির নেশা ছুটেছে কি না জানি না। হতে পারে ফেলুদার চোখ রাঙানি আর আমার চিমটির চোটে তিনি নিজেকে সামলে রেখেছেন।

কীর্তিরাম ছোট্টরামের পানের দোকানের সামনে থামতে হঠাৎ আবার বেসামালভাবে হেসে উঠলেন লালমোহনবাবু।

‘কী হল মশাই’, ফেলুদা বলল, ‘আপনাকে রাঁচি পাঠাতে হবে নাকি ? এত বড় একটা ঘটনা আপনার হাস্যকর বলে মনে হচ্ছে ?’

‘আরে দূর মশাই’, লালমোহনবাবু কোনও রকমে হাসি খামিয়ে বললেন, ‘কী হয়েছে সে তো জানেন না । রহস্য রোমাঞ্চ সিরিজের তেথটি নম্বর বই—রক্ত-হীরক রহস্য বাই জটায়ু—সেদিন দেখলুম রুকুর তাকে । হিরো একটা হিরে লুকিয়ে রাখছে হ্যাঁ-করা এক কুমিরের স্ট্যাচুর মুখের মধ্যে—ভিলেন যাতে না পায় । ভাবতে পারেন, আমারই লেখা বই আর আমিই কিনা ফেল মেরে গেলুম, আর ফেলু মিতির হয়ে গেলেন হিরো !’

ফেলুদা কিছুক্ষণ লালমোহনবাবুর দিকে চেয়ে রইল । তারপর বলল, ‘আপনি ভুল করছেন লালমোহনবাবু । তার চেয়ে বরং বলুন আপনি আপনার কলমের জোরে এমন একটি রহস্য ফেঁদেছেন যে বাস্তবে তার সামনে পড়ে ফেলু মিতির গোয়েন্দাগিরি ছেড়ে দেবার উপক্রম হয়েছিল । কাজেই আপনিই বা হিরো কম কীসে ?’

সাত রকম মশলাওয়ালা তবক দেওয়া পানটা চার আঙুলের ঠেলা দিয়ে মুখে পুরে লালমোহনবাবু বললেন, ‘যা বলেছেন মশাই—জটায়ুর জবাব নেই ।’



ঘুরঘুটিয়ার ঘটনা

গ্রাম—ঘুরঘুটিয়া

পোঃ—পলাশী

জেলা—নদীয়া

৩রা নভেম্বর ১৯৭৪

শ্রীপ্রদোষচন্দ্র মিত্র মহাশয় সমীপেষু

সবিনয় নিবেদন,

আপনার কীর্তিকলাপের বিষয় অবগত হইয়া আপনার সহিত একটিবার সাক্ষাতের বাসনা জাগিয়াছে । ইহার একটি বিশেষ উদ্দেশ্যও আছে অবশ্যই । সেটি আপনি আসিলে জানিতে পারিবেন । আপনি যদি তিয়াত্তর বৎসরের বৃদ্ধের এই অনুরোধ রক্ষা করিতে সক্ষম হন, তবে অবিলম্বে পত্র মারফত জানাইলে বাধিত হইব ।

ঘুরঘুটিয়া আসিতে হইলে পলাশী স্টেশনে নামিয়া সাড়ে পাঁচ মাইল দক্ষিণে যাইতে হয় । শিয়ালদহ হইতে একাধিক ট্রেন আছে ; তন্মধ্যে ৩৬৫ আপ লালগোলা প্যাসেঞ্জার দুপুর একটা আটান মিনিটে ছাড়িয়া সন্ধ্যা ছটা এগারো মিনিটে পলাশী পৌঁছায় । স্টেশনে আমার গাড়ি থাকিবে । আপনি রাত্রে আমারই গৃহে অবস্থান করিয়া পরদিন সকালে সাড়ে দশটায় একই ট্রেন ধরিয়া কলিকাতায় ফিরিতে পারিবেন ।

ইতি আশীর্বাদক

শ্রীকালীকঙ্কর মজুমদার

চিঠিটা পড়ে ফেলুদাকে ফেরত দিয়ে বললাম, ‘পলাশী মানে কি সেই যুদ্ধের পলাশী ?’

‘আর কটা পলাশী আছে ভাবছিস বাংলাদেশে?’ বলল ফেলুদা। ‘তবে তুই যদি ভাবিস যে সেখানে এখনও অনেক ঐতিহাসিক চিহ্ন ছড়িয়ে রয়েছে, তা হলে খুব ভুল করবি। কিস্যু নেই। এমন কী সিরাজদৌল্লার আমলে যে পলাশবন থেকে পলাশীর নাম হয়েছিল, তার একটি গাছও এখন নেই।’

‘তুমি কি যাবে?’

ফেলুদা চিঠিটার দিকে কিছুক্ষণ চেয়ে থেকে বলল, ‘বুড়ো মানুষ ডাকছে এভাবে!—তা ছাড়া উদ্দেশ্যটা কী সেটা জানারও একটা কৌতূহল হচ্ছে। আর সবচেয়ে বড় কথা—পাড়াগাঁয়ে শীতকালের সকাল-সন্কেতে মাঠের উপর কেমন ধোঁয়া জমে থাকে দেখেছিস? গাছগুলোর গুঁড়ি আর মাথার উপরটা খালি দেখা যায়। আর সন্কেটা নামে ঝপ করে, আর তারপরেই কনকনে ঠাণ্ডা, আর—নাঃ, এ সব কতকাল দেখিনি।—তোপসে, দে তো একটা পোস্টকার্ড।’

চিঠি পৌঁছাতে তিন-চার দিন লেগে যেতে পারে হিসেব করেই ফেলুদা যাবার তারিখটা জানিয়েছিল কালীকিঙ্কর মজুমদারকে। আমরা সেই অনুযায়ী ৩৬৫ আপ লালগোলা প্যাসেঞ্জারে চেপে পলাশী পৌঁছলাম বারোই নভেম্বর রবিবার সন্ধ্যা সাড়ে ছ’টায়। ট্রেনের কামরা থেকেই ধান ক্ষেতের উপর ঝপ করে সন্কে নামা দেখছি। স্টেশনে যখন পৌঁছলাম তখন চারিদিকে বাতিটাতি জ্বলে গেছে, যদিও আকাশ পুরোপুরি অন্ধকার হয়নি। কালেক্টরবাবুর কাছে টিকিট দিয়ে বাইরে বেরিয়ে যে গাড়িটা চোখে পড়ল সেটাই যে মজুমদার মশাইয়ের গাড়ি তাতে কোনও সন্দেহ নেই। এরকম গাড়ি আমি কখনও দেখিনি; ফেলুদা বলল ছেলেবেলায় এক-আধটা দেখে থাকতে পারে, তবে নামটা শোনা এটুকু বলতে পারে। কাপড়ের হুডওয়ালা, অ্যাস্বাসাডরের চেয়ে দেড়া লম্বা আমেরিকান গাড়ি, নাম হাপমোবিল। গায়ের গাঢ় লাল রং এখানে ওখানে চটে গেছে, হুডের কাপড়ে তিন জায়গায় তাল্লি, তাও কেন জানি গাড়িটাকে দেখলে বেশ সমীহ হয়।

এমন গাড়ির সঙ্গে উর্দিপরা ড্রাইভার থাকলে মানাত ভাল; যিনি রয়েছেন তিনি পরে আছেন সাধারণ ধূতি আর সাদা শার্ট। তিনি গাড়িতে হেলান দিয়ে সিগারেট খাচ্ছিলেন, আমাদের এগিয়ে আসতে দেখে সেটা ফেলে দিয়ে সোজা হয়ে দাঁড়িয়ে জিজ্ঞেস করলেন, ‘মজুমদার বাড়িতে আপনারা?’

‘আজ্ঞে হ্যাঁ,’ বলল ফেলুদা, ‘ঘুরঘুটিয়া।’

‘আসুন।’

ড্রাইভার দরজা খুলে দিলেন, আমরা চল্লিশ বছরের পুরনো গাড়ির ভিতর ঢুকে সামনের দিকে পা ছড়িয়ে হেলান দিয়ে আরাম করে বসলাম। ড্রাইভার হ্যান্ডল মেরে স্টার্ট দিয়ে গাড়ি ঘুরঘুটিয়ার দিকে রওনা করিয়ে দিলেন।

রাস্তা ভাল নয়, গাড়ির স্প্রিংও পুরনো, তাই আরাম বেশিক্ষণ টিকল না। তবুও, পলাশীর বাজার ছাড়িয়ে গাড়ি গ্রামের খোলা রাস্তায় পড়তেই চোখ আর মন এক সঙ্গে জুড়িয়ে গেল। ফেলুদা ঠিকই বলেছিল; ধানে ভরা ক্ষেতের ওপরে গাছপালায় ঘেরা ছোট ছোট গ্রাম দেখা যাচ্ছে, আর তারই আশেপাশে জমটবাঁধা ধোঁয়া ছড়িয়ে বিছিয়ে আছে মেঘের মতো মাটি থেকে আট-দশ হাত উপরে। চারিদিক দেখে মনে হচ্ছিল একেই বোধ হয় বলে ছবির মতো সুন্দর।

এরকম একটা জায়গায় যে আবার একটা পুরনো জমিদার বাড়ি থাকতে পারে সেটা বিশ্বাসই হচ্ছিল না; কিন্তু মিনিট দশেক চলার পর রাস্তার দুপাশের গাছপালা দেখে বুঝতে

পারলাম আম জাম কাঁঠাল ভরা একটা বাগানের মধ্যে দিয়ে চলছি। তারপর রাস্তাটা ডান দিকে ঘুরে একটা পোড়ো মন্দির পেরোতেই সামনে দেখতে পেলাম নহবৎখানা সমেত একটা শেওলাধরা প্রকাণ্ড সাদা ফটক। আমাদের গাড়িটা তিনবার হর্ন দিয়ে ফটকের ভিতরে ঢুকতেই সামনে বিশাল বাড়িটা বেরিয়ে পড়ল।

পিছনে সম্ভ্রান্ত আকাশ থেকে লালটাল উবে গিয়ে এখন শুধু একটা গাঢ় বেগুনি ভাব রয়েছে। অন্ধকার বাড়িটা আকাশের সামনে একটা পাহাড়ের মতো দাঁড়িয়ে আছে। বাড়িটার অবস্থা যে প্রায় যাদুঘরে রাখার মতো সেটা কাছে গিয়েই বুঝতে পারলাম। দেয়ালে স্যুঁতা ধরেছে, সর্বান্তে পলেস্তারা খসে গিয়ে ইঁট বেরিয়ে পড়েছে, সেই ইঁটের মধ্যেও আবার ফাটল ধরে তার ভিতর থেকে গাছপালা গজিয়েছে।

গাড়ি থেকে নেমে ফেলুদা প্রশ্ন করল, ‘এদিকে ইলেকট্রিসিটি নেই বোধহয়?’ ‘আজ্ঞে না’ বলল ড্রাইভার, ‘তিন বছর থেকে শুনছি আসবে আসবে, কিন্তু এখনও পর্যন্ত আসেনি।’

আমরা যেখানে দাঁড়িয়েছি, সেখান থেকে উপর দিকে চাইলে দোতলার অনেকগুলো ঘরের জানালা দেখা যায়; কিন্তু তার একটাতেও আলো আছে বলে মনে হল না। ডান দিকে কিছু দূরে ঝোপঝাড়ের ফাঁক দিয়ে একটা ছোট ঘর দেখা যাচ্ছে, যাতে টিমটিম করে একটা লণ্ঠন জ্বলছে। বোধহয় মালী বা দারোয়ান বা ওইরকম কেউ থাকে ঘরটাতে। মনে মনে বললাম, ফেলুদা ভাল করে খোঁজখবর না নিয়ে এ কোথায় এসে হাজির হল কে জানে।

একটা লণ্ঠনের আলো এসে পড়ল বাড়ির সদর দরজা দিয়ে বাইরের জমিতে। তারপরেই একজন বুড়ো চাকর এসে দরজার মুখটাতে দাঁড়াল। ইতিমধ্যে ড্রাইভার গাড়িটাকে নিয়ে গেছে বোধহয় গ্যারেজের দিকে। চাকরটা ভুরু কুঁচকে একবার আমাদের দিকে দেখে নিয়ে বলল, ‘ভিতরে আসুন।’ আমরা দুজনে তার পিছন পিছন বাড়ির ভিতর ঢুকলাম।

লম্বায়-চওড়ায় বাড়িটা যে অনেকখানি জায়গা জুড়ে আছে সেটা বেশ বুঝতে পারছিলাম। কিন্তু আর সবই কেমন যেন ছোট ছোট। দরজাগুলো বেঁটে বেঁটে, জানালাগুলো কলকাতার যে কোনও সাধারণ বাড়ির জানালার অর্ধেক, ছাতটা প্রায় হাত দিয়ে ছোঁয়া যায়। ফেলুদাকে জিজ্ঞেস করতে বলল দেড়শো-দুশো বছর আগের বাংলা দেশের জমিদার বাড়িগুলোর বেশির ভাগই নাকি এই রকমই ছিল।

লম্বা বারান্দা পরিবেশে ডান দিকে ঘুরে সিঁড়ি দিয়ে উপরে উঠতেই একটা আশ্চর্য নতুন জিনিস দেখলাম। ফেলুদা বলল, ‘একে বলে চাপা-দরজা। ডাকাতদের আটকাবার জন্য এরকম দরজা তৈরি হত। এ দরজা বন্ধ করলে আর খাড়া দাঁড়িয়ে থাকে না ভাঁজ হয়ে মাথার উপরে সিলিং-এর মতো টেরচাভাবে শুয়ে পড়ে। দরজার গায়ে যে ফুটোগুলো দেখাচ্ছিল, সেগুলো দিয়ে বহুতল ঢুকিয়ে ডাকাতদের খুঁচিয়ে তাড়ানো হত।’

দরজা পরিবেশে একটা লম্বা বারান্দা, তার শেষ মাথায় কুলঙ্গিতে একটা প্রদীপ জ্বলছে। তারই পাশে একটা দরজা দিয়ে একটা ঘরে গিয়ে ঢুকলাম আমরা তিনজনে।

এ ঘরটা বেশ বড়। আরও বড় মনে হত যদি এত জিনিসপত্র না থাকত। একটা প্রকাণ্ড খাট ঘরের প্রায় অর্ধেকটা দখল করে আছে। তার মাথার দিকে বাঁ পাশে একটা টেবিল, তার পাশে একটা সিন্দুক। এ ছাড়া চেয়ার রয়েছে তিনটে, একটা এমনি আলমারি, আর মেঝে থেকে ছাত অবধি বইয়ে ঠাসা বাঁ পাশে একটা টেবিল, তার পাশে একটা সিন্দুক। এ ছাড়া চেয়ার রয়েছে আর রয়েছে খাটের উপর কসল মুড়ি দিয়ে শোয়া একজন বৃদ্ধ ভদ্রলোক। টেবিলের উপর রাখা একটা মোমবাতির আলো তাঁর মুখে পড়েছে, আর সেই আলোতে বুঝতে পারছি সাদা দাড়ি গোঁফের ফাঁক দিয়ে ভদ্রলোক আমাদের দিকে চেয়ে হাসছেন।



‘বসুন’, বললেন কালীকিঙ্কর মজুমদার। ‘নাকি বোসো বলব ? তুমি তো দেখছি বয়সে আমার চেয়ে অর্ধেকেরও বেশি ছোট। তুমিই বলি, কী বলো ?’

‘নিশ্চয়ই !’

ফেলুদা আমার কথা চিঠিতেই লিখে দিয়েছিল, এখন আলাপ করিয়ে দিল। একটা জিনিস লক্ষ করলাম যে আমাদের দুজনেরই নমস্কারের উত্তরে উনি কেবল মাথা নাড়লেন।

খাটের সামনেই দুটো পাশাপাশি চেয়ারে বসলাম আমরা দুজনে।

‘চিঠিটা পেয়ে কৌতূহল হয়েছিল নিশ্চয়ই,’ ভদ্রলোক হালকা হেসে জিজ্ঞেস করলেন।

‘না হলে আর অ্যাদূর আসি ?’

‘বেশ, বেশ।’ মজুমদার মশাই সত্যিই খুশি হয়েছেন এটা বেশ বোঝা যাচ্ছিল। ‘না এলে আমি দুঃখ পেতাম। মনে করতাম তুমি দাঙিক। আর তা ছাড়া তুমিও একটা পাওনা থেকে বঞ্চিত হতে। অবিশ্যি জানি না এ সব বই তোমার আছে কি না।’

ভদ্রলোকের দৃষ্টি টেবিলের দিকে ঘুরে গেল। চারটে মোটা মোটা বই রাখা রয়েছে মোমবাতির পাশেই। ফেলুদা উঠে গিয়ে বইগুলো নেড়েচেড়ে দেখে বলল, ‘সর্বনাশ, এ যে দেখছি সবই দুষ্প্রাপ্য বই। আর প্রত্যেকটা আমার পেশা সম্পর্কে। আপনি নিজে কি কোনওকালে—?’

‘না’, ভদ্রলোক হেসে বললেন, ‘আমি নিজে কোনওদিন গোয়েন্দাগিরি করিনি। ওটা বলতে পার আমার যুবাবয়সের একটা শখ বা “হবি”। আজ থেকে বাহান্ন বছর আগে আমাদের পরিবারে একটা খুন হয়। পুলিশ লাগানো হয়। ম্যালকম বলে এক সাহেব-গোয়েন্দা খুনি ধরে দেয়। সেই ম্যালকমের সঙ্গে কথাবার্তা বলে আমার গোয়েন্দাগিরি সম্পর্কে কৌতূহল হয়। তখনই এইসব বই কিনি। সেই সঙ্গে অবিশ্যি গোয়েন্দা কাহিনী

পড়ারও খুব শখ হয়। এমিল গ্যাবেরিও-র নাম শুনেছ ?

‘হ্যাঁ হ্যাঁ’, উৎসাহের সঙ্গে বলে উঠল ফেলুদা, ‘ফরাসি লেখক, প্রথম ডিটেকটিভ উপন্যাস লেখেন।’

‘হুঁ’, মাথা নেড়ে বললেন কালীকিঙ্কর মজুমদার, ‘তার সব কটা বই আমার আছে। আর তা ছাড়া এডগার অ্যালেন পো, কোনান ডয়েল, এ তো আছেই। বই যা কিনেছি তার সবই চল্লিশ বছর বা তারও বেশি আগে। তার চেয়ে বেশি আধুনিক কিছু নেই আমার কাছে। আজকাল অবিশ্যি এ লাইনের কাজ অনেক বেশি অগ্রসর হয়েছে, অনেক সব নতুন বৈজ্ঞানিক উপায় আবিষ্কার হয়েছে। তবে তোমার বিষয় যেটুকু জেনেছি, তাতে মনে হয় তুমি আরও সরলভাবে, প্রধানত মস্তিষ্কের উপর নির্ভর করে কাজ করছ। আর বেশ সাক্ষ্যস্বফুলি করছ।—কথাটা ঠিক বলেছি কি?’

‘সাক্ষ্যসের কথা জানি না, তবে পদ্ধতি সম্বন্ধে যেটা বললেন সেটা ঠিক।’

‘সেটা জেনেই আমি তোমাকে ডেকেছি।’

ভদ্রলোক একটু থামলেন। ফেলুদা নিজের জায়গায় ফিরে এসেছে। মোমবাতির স্থির শিখাটার দিকে কিছুক্ষণ চেয়ে থেকে কালীকিঙ্করবাবু বললেন, ‘আমার যে শুধু সত্তরের উপর বয়স হয়েছে তা নয়, আমার শরীরও ভাল নেই। আমি চলে গেলে এ সব বইয়ের কী দশা হবে জানি না; তাই ভাবলাম অন্তত এই কটা যদি তোমার হাতে তুলে দিতে পারি তা হলে এগুলোর যত্ন হবে, কদর হবে।’

ফেলুদা অবাক হয়ে তাকের বইগুলোর দিকে দেখছিল। বলল, ‘এ সবই কি আপনার নিজের বই?’

কালীকিঙ্করবাবু বললেন, ‘বইয়ের শখ মজুমদার বংশে একমাত্র আমারই। আর নানা বিষয়ে যে উৎসাহ ছিল আমার সেটা নিশ্চয়ই বুঝতে পারছ।’

‘তা তো বটেই। আর্কিয়লজির বই রয়েছে, আর্টের বই, বাগান সম্বন্ধে বই, ইতিহাস, জীবনী, ভ্রমণ কাহিনী...এমন কী থিয়েটারের বইও তো দেখছি। তার মধ্যে কিছু বেশ নতুন বলে মনে হচ্ছে। এখনও বই কেনেন নাকি?’

‘তা কিনি বইকী। রাজেন বলে আমার একটি ম্যানেজার গোহের লোক আছে, তাকে মাসে দু-তিনবার করে কলকাতায় যেতে হয়, তখন লিস্ট করে দিই, ও কলেজ স্ট্রিট থেকে নিয়ে আসে।’

ফেলুদা টেবিলের উপর রাখা বইগুলোর দিকে দেখে বলল, ‘আপনাকে যে কী বলে ধন্যবাদ দেব বুঝতে পারছি না।’

কালীকিঙ্করবাবু বললেন, ‘বইগুলো নিজের হাতে করে তোমার হাতে তুলে দিতে পারলে আরও বেশি খুশি হতাম, কিন্তু আমার দুটো হাতই অকেজো হয়ে আছে।’

আমরা দুজনেই একটু অবাক হয়ে ভদ্রলোকের দিকে চাইলাম। উনি হাত দুটো কম্বলের তলায় ঢুকিয়ে রেখেছেন ঠিকই, কিন্তু সেটার যে কোনও বিশেষ কারণ আছে সেটা বুঝতে পারিনি।

‘আরথ্রাইটিস জানো তো? যাকে সোজা বাংলায় বলে গঁটে বাত। হাতের আঙুলগুলো আর ব্যবহার করতে পারি না। এখন অবিশ্যি আমার ছেলে কিছুদিন হল এখানে এসে রয়েছে, নইলে আমার চাকর গোকুলই আমাকে খাইয়ে-টাইয়ে দেয়।’

‘আপনার চিঠিটা কি আপনার ছেলে লিখেছিলেন?’

‘না, ওটা লিখেছিল রাজেন। বৈষয়িক ব্যাপারগুলো ওই দেখে। ডাক্তার ডাকার দরকার হলে গাড়ি করে গিয়ে নিয়ে আসে বহরমপুর থেকে। পলাশীতে ভাল ডাক্তার নেই।’



লক্ষ করছিলাম ফেলুদার দৃষ্টি মাঝে মাঝে চলে যাচ্ছে ঘরের কোণায় রাখা সিঁদুকটার দিকে। ও বলল, ‘আপনার সিঁদুকটার একটু বিশেষত্ব আছে বলে মনে হচ্ছে। তালা-চাবির ব্যবস্থা নেই দেখছি। কব্বিনেশনে খোলে বুঝি?’

কালীকিঙ্করবাবু হেসে বললেন, ‘ঠিক ধরেছ। একটা বিশেষ সংখ্যা আছে; সেই অনুযায়ী নবটা ঘোরালে তবে খোলে। এ সব অঞ্চলে এককালে ডাকাতদের খুব উপদ্রব ছিল, জানো তো। আমার পূর্বপুরুষই তো ডাকাতি করে জমিদার হয়েছে। তারপর আবার আমরাই ডাকাতের হাতে লাঞ্ছনা ভোগ করেছি। তাই মনে হয়েছিল তালার বদলে কব্বিনেশন করলে হয়তো আর একটু নিরাপদ হবে।’

কথাটা শেষ করে ভদ্রলোক ভুরু কুঁচকে কী যেন ভাবলেন। তারপর তাঁর চাকরের নাম ধরে একটা হাঁক দিলেন। প্রায় সঙ্গে সঙ্গে বুড়ো গোকুল এসে হাজির হল। কালীকিঙ্করবাবু বললেন, ‘একবার খাঁচাটা আন তো গোকুল। এঁদের দেখাব।’

গোকুল কয়েক সেকেন্ডের মধ্যেই একটা খাঁচায় একটি টিয়া নিয়ে এসে হাজির। মোমবাতির আলোয় টিয়ার চোখ দুটো জ্বলজ্বল করছে।

কালীকিঙ্করবাবু পাখিটার দিকে চেয়ে বললেন, ‘বলো তো মা,—তিনয়ন, তিনয়ন—বলো তো।’

কিছুক্ষণ সব চুপচাপ। তারপর আশ্চর্য পরিষ্কার গলায় পাখি বলে উঠল, ‘তিনয়ন, ও
৫০০

তিনয়ন !’

আমি তো থ। পাখিকে এত পরিষ্কার কথা বলতে কখনও শুনিনি। কিন্তু ওখানেই শেষ না। সঙ্গে আরও দুটো কথা জুড়ে দিল টিয়া—‘একটু জিরো !’

তারপর আবার পুরো কথাটা পরিষ্কার করে বলে উঠল টিয়া—‘তিনয়ন, ও তিনয়ন—একটু জিরো।’

ফেলুদার ভুরু কঁচকে গেছে। বলল, ‘তিনয়ন কে?’

কালীকিঙ্করবাবু হো হো করে হেসে উঠে বললেন, ‘সেটি বলব না তোমাকে। শুধু এইটুকু বলব যে যেটা বলছে সেটা হল একটা সংকেত। বারো ঘণ্টা সময় আছে তোমার। দেখো তো তুমি সংকেতটা বার করতে পার কি না। আমার সিন্দুকের সঙ্গে সংকেতটার যোগ আছে বলে দিলাম।’

ফেলুদা বলল, ‘টিয়াকে ওটা শেখানোর পিছনে কোনও উদ্দেশ্য আছে কি না সেটা জানতে পারি কি?’

‘নিশ্চয়ই পার’, বললেন কালীকিঙ্কর মজুমদার। ‘বয়সের সঙ্গে অধিকাংশ মানুষের স্মরণশক্তি কমে আসে সেটা জানো তো? বছর তিনেক আগে একদিন সকালে হঠাৎ দেখি সিন্দুকের সংকেতটা মনে আসছে না। বিশ্বাস করবে?—সারাদিন চেষ্টা করেও নম্বরটা মনে করতে পারিনি। শেষটায় মনে পড়ল মাঝরাতিরে। নম্বরটা লিখে রাখিনি কোথাও, কারণ কখন যে কার কী অভিসন্ধি হয় সেটা তো বলা যায় না। তাই মনে হয়েছিল ওটা মাথায় রাখাই ভাল। এক আমার ছেলে জানত, কিন্তু সে থাকে বাইরে বাইরে। তাই পরদিনই একটি টিয়া সংগ্রহ করে নম্বরটা একটা সাংকেতিক চেহারা দিয়ে পাখিটাকে পড়িয়ে দিই। এখন ও মাঝে মাঝেই সংকেতটা বলে ওঠে—অন্য পাখি যেমন বলে “রাধাকিষণ” বা “ঠাকুর ভাত দাও”।’

ফেলুদা সিন্দুকটার দিকে দেখছিল। হঠাৎ ভুকুটি করে চেয়ার ছেড়ে উঠে এগিয়ে গেল সেটার দিকে। তারপর ফিরে এসে টেবিলের উপর থেকে মোমবাতিটা তুলে নিয়ে আবার গেল সিন্দুকটার দিকে।

‘কী দেখছ ভাই?’ বললেন কালীকিঙ্করবাবু। ‘তোমার ডিটেকটিভের চোখে কিছু ধরা পড়ল নাকি?’

ফেলুদা সিন্দুকের সামনেটা পরীক্ষা করে বলল, ‘আপনার সিন্দুকের দরজার উপর কিঞ্চিৎ বলপ্রয়োগ করা হয়েছে বলে মনে হয়। বোধহয় কেউ দরজাটা খুলতে চেষ্টা করেছিল।’

কালীকিঙ্করবাবু গম্ভীর হয়ে গেলেন।

‘তুমি এ বিষয়ে নিশ্চিত?’

ফেলুদা মোমবাতিটা আবার টেবিলের উপর রেখে বলল, ‘ঝাড়পোঁছ করতে গিয়ে এরকম দাগ পড়বে বলে মনে হয় না। কিন্তু এ ধরনের ঘটনার কোনও সম্ভাবনা আছে কি? সেটা আপনিই ভাল বলতে পারবেন।’

কালীকিঙ্করবাবু একটু ভেবে বললেন, ‘বাড়িতে লোক বলতে তো আমি, গোকুল, রাজেন, আমার ড্রাইভার মণিলাল ঠাকুর আর মালী। আমার ছেলে বিশ্বনাথ দিন পাঁচেক হল এসেছে। ও থাকে কলকাতায়। ব্যবসা করে। আমার সঙ্গে যোগাযোগ বিশেষ নেই। এবারে এসেছে—ওই যা বললাম—আমার অসুখের খবর পেয়ে। গত সোমবার সকালে আমার বাগানের বেঞ্চিটায় বসে ছিলাম। ওঠার সঙ্গে সঙ্গে চোখে অন্ধকার দেখে আবার বেঞ্চিতেই পড়ে যাই। রাজেন পলাশী থেকে বিশ্বনাথকে ফোন করে দেয়। ও পরদিনই ডাক্তার নিয়ে চলে আসে। মনে হচ্ছে একটা ছোটখাটো হার্ট অ্যাটাক হয়ে গেল। যাই

হোক—আমার এমনিতেও আর বেশিদিন নেই সেটা আমি জানি। এই শেষ ক’টা দিন কি সংশয়ের মধ্যে কাটাতে হবে ? আমার ঘরে ঢুকে ডাকাত আমার সিন্দুক ভাঙবে ?’

ফেলুদা কালীকিঙ্করবাবুকে আশ্বাস দিল।

‘আমার সন্দেহ নির্ভুল নাও হতে পারে। হয়তো সিন্দুকটা যখন প্রথম বসানো হয়েছিল তখন ঘষাটা লেগেছিল। দাগগুলো টাটকা না পুরনো সেটা এই মোমবাতির আলোতে বোঝা যাচ্ছে না। কাল সকালে আর একবার দেখব। আপনার চাকরটি বিশ্বাসী তো ?’

‘গোকুল আছে প্রায় ত্রিশ বছর।’

‘আর রাজেনবাবু ?’

‘রাজেনও পুরনো লোক। মনে তো হয় বিশ্বাসী। তবে ব্যাপারটা কী জান—আজ যে বিশ্বাসী, কাল যে সে বিশ্বাসঘাতকতা করবে না এমন তো কোনও গ্যারান্টি নেই।’

ফেলুদা মাথা নেড়ে কথাটায় সায় দিয়ে বলল, ‘যাই হোক, গোকুলকে বলবেন একটু দৃষ্টি রাখতে। আমার মনে হয় না চিন্তার কোনও কারণ আছে।’

‘যাক !’

কালীকিঙ্করবাবুকে খানিকটা আশ্বস্ত বলে মনে হল। আমরা উঠে পড়লাম। ভদ্রলোক বললেন, ‘গোকুল তোমাদের ঘর দেখিয়ে দেবে। লেপ কন্সল তোশক বালিশ মশারি—সব কিছুই ব্যবস্থা আছে। বিশ্বনাথ একটু বহরমপুরে গেছে—এই ফিরল বলে। ও এলে তোমরা খাওয়া-দাওয়া করে নিয়ে। কাল সকালে যাবার আগে যদি চাও তো আমার গাড়িতে করে আশেপাশে একটু ঘুরে দেখে নিয়ে। যদিও দ্রষ্টব্য বলে খুব যে একটা কিছু আছে তা নয়।’

ফেলুদা টেবিলের উপর থেকে বইগুলো নিয়ে এল। গুড নাইট করার আগে কালীকিঙ্করবাবু আর একবার হেঁয়ালির কথাটা মনে করিয়ে দিলেন।—

‘ওটার সমাধান করতে পারলে তোমাকে আমার গ্যাবোরিওর সেটটা উপহার দেব।’

গোকুল আমাদের সঙ্গে নিয়ে দুটো বারান্দা পেরিয়ে আমাদের ঘর দেখিয়ে দিল।

আগে থেকেই ঘরে একটা লঠন রাখা ছিল। সুটকেস আর হোল্ডঅলও দেখলাম ঘরের এক কোণে রাখা রয়েছে। কালীকিঙ্করবাবুর ঘরের চেয়ে এ ঘরটা ছোট হলেও, জিনিসপত্র কম থাকতে হাঁটাচলার জায়গা এটাতে একটু বেশিই। ফরসা চাদর পাতা খাটের উপর বসে ফেলুদা বলল, ‘সংকেতটা মনে পড়ছে, তোপ্‌সে ?’

এইরে ! ত্রিনয়ন নামটা মনে আছে, কিন্তু সমস্ত সংকেতটা জিজ্ঞেস করে ফেলুদা প্যাঁচে ফেলে দিয়েছে।

‘পারলি না তো ? ঝোলা থেকে আমার খাতাটা বার করে সংকেতটা লিখে ফেল। গ্যাবোরিওর বইগুলোর ওপর বেজায় লোভ হচ্ছে।’

খাতা পেনসিল নিয়ে বসার পর ফেলুদা বলল, আর আমি গোটা গোটা অক্ষরে লিখে ফেললাম—

‘ত্রিনয়ন, ও ত্রিনয়ন—একটু জিরো।’

লিখে নিজেই মনে হল এ আবার কীরকম সংকেত। এর তো মাথা মুণ্ড কিছুই বোঝা যায় না। ফেলুদা এর সমাধান করবে কী করে ?

ফেলুদা এদিকে বিছানা ছেড়ে উঠে গিয়ে জানালা খুলে বাইরে দেখছে। জ্যোৎস্না রাত। বোধহয় পূর্ণিমা। আমি ফেলুদার পাশে গিয়ে দাঁড়িলাম। এটা বাড়ির পিছন দিক। ফেলুদা বলল, ‘একটা পুকুর-টুকুর গোছের কিছু আছে বলে মনে হচ্ছে ডান দিকটায়।’ ঘন গাছপালার ফাঁক দিয়ে দূরে জল চিকমিক করছে সেটা আমিও দেখছি।

একটানা ঝাঁঝি ডেকে চলেছে। তার সঙ্গে এই মাত্র যোগ হল শেয়ালের ডাক। আমার মনে হল এত নির্জন জায়গায় এর আগে কখনও আসিনি।

জানালা দিয়ে ঠাণ্ডা হাওয়া আসছিল, ফেলুদা পাল্লা দুটো বন্ধ করতেই একটা মটোরের আওয়াজ পেলাম। এটা অন্য গাড়ি, সেই বিশাল প্রাচীন আমেরিকান গাড়ি নয়।

‘বিশ্বনাথ মজুমদার এলেন বলে মনে হচ্ছে,’ ফেলুদা মন্তব্য করল। তার মানে এবার খেতে ডাকবে। সত্যি বলতে কী, বেশ খিদে পেয়ে গিয়েছিল। একটায় ট্রেন ধরব বলে সকালে খেয়ে বেরিয়েছি। পথে রাণাঘাট স্টেশনে অবিশ্যি মিষ্টি আর চা খেয়ে নিয়েছিলাম। হয়তো এমনিতে খিদে পেত না, কারণ ঘড়িতে বলছে সবেমাত্র আটটা বেজেছে, কিন্তু এখানে তো আর কিছু করার নেই—এমন কী লঠনের আলোতে বইও পড়া যাবে না—তাই মনে হচ্ছিল খেয়ে-দেয়ে কন্ঠের তলায় ঢুকতে পারলে মন্দ হয় না।

এতক্ষণ খেয়াল করিনি, এবার দেখলাম আমাদের ঘরের দেওয়ালে একটা ছবি রয়েছে, আর ফেলুদা সেটার দিকে চেয়ে আছে। ফোটো নয়; আঁকা ছবি আর বেশ বড়। সেটা যে কালীকিঙ্করবাবুর পূর্বপুরুষের ছবি তাতে কোনও সন্দেহ নেই। খালি গায়ে বসে আছেন বাবু চেয়ারের উপর; পাকানো গোঁফ, কাঁধ অবধি লম্বা চুল, টানাটানা চোখ, আর বিরাট চওড়া কাঁধ।

‘মুণ্ডর ভাঁজা কুস্তি করা শরীর,’ ফিস্ ফিস্ করে বলল ফেলুদা। ‘মনে হচ্ছে ইনিই সেই প্রথম ডাকাত জমিদার।’

বাইরে পায়ের শব্দ। আমরা দুজনেই দরজার দিকে চাইলাম। গোকুল বাইরে একটা লঠন রেখে গিয়েছিল, তার আলোটা ঢেকে প্রথমে একটা ছায়া ঘরের মেঝেতে পড়ল, আর তারপর একটা অচেনা মানুষ চৌকাঠের বাইরে এসে দাঁড়াল।

ইনিই কি বিশ্বনাথ মজুমদার? না, হতেই পারে না। খাটো করে পরা ধুতি, গায়ে ছাই রঙের পাঞ্জাবি, ঝুঁপো গোঁফ আর চোখে পুরু চশমা। ভদ্রলোক গলা বাড়িয়ে ভুরু কুঁচকে বোধহয় আমাদের খুঁজছেন।

‘কিছু বলবেন রাজেনবাবু?’ ফেলুদা প্রশ্ন করল।

ভদ্রলোক যেন এতক্ষণে আমাদের দেখতে পেলেন। এবার সর্দি-বসা গলায় কথা এল—

‘ছোটবাবু ফিরেছেন। ভাত দিতে বলেছি; গোকুল আপনাদের খবর দেবে।

রাজেনবাবু চলে গেলেন।

‘কীসের গন্ধ বলো তো?’ আমি জিজ্ঞেস করলাম ফেলুদাকে।

‘বুঝতে পারছি না? ন্যাফথ্যালিন। গরম পাঞ্জাবিটা সবেমাত্র বার করেছে ট্রাঙ্ক থেকে।’

রাজেনবাবুর পায়ের শব্দ মিলিয়ে যাবার সঙ্গে সঙ্গে আবার বুঝতে পারলাম আমরা কী আশ্চর্য থমথমে পরিবেশের মধ্যে রয়েছি। এরকম জায়গায় দিনের পর দিন মানুষ থাকে কী করে? ফেলুদা পাশে থাকলে সাহসের অভাব হবে না জানি, কিন্তু না থাকলে এই আদ্যিকালের পোড়ো জমিদার বাড়িতে পাঁচ মিনিটও থাকার সাধ্য হত না আমার। কালীকিঙ্করবাবু আবার নিজেই বললেন এ বাড়িতে নাকি এককালে খুন হয়েছিল। কোন্ ঘরে কে জানে!

ফেলুদা এর মধ্যে লঠন সমেত টেবিলটাকে কাছে টেনে এনে খাটে বসে খাতা খুলে সংকেত নিয়ে ভাবা শুরু করে দিয়েছে। দু-একবার যেন ব্রিনয়ন বলে বিড়বিড় করতেও শুনলাম। আমি আর কী করি, দরজা দিয়ে বেরিয়ে বাইরের বারান্দায় গিয়ে দাঁড়ালাম।

ওটা কী? বুকটা ধড়াস করে উঠল। কী জানি একটা নড়ে উঠেছে বারান্দার

ওদিকটায়—যেখানে লঠনের আলো অন্ধকারে মিশে গেছে।

দাঁত দাঁতে চেপে রইলাম অন্ধকারের দিকে। এবার বুঝলাম ওটা একটা বেড়াল। ঠিক সাধারণ সাদা বা কালো বেড়াল নয়; এটার গায়ে বাঘের মতো ডোরা। বেড়ালটা কিছুক্ষণ আমার দিকে একদৃষ্টে চেয়ে থেকে একটা হাই তুলে উলটো দিকে ফিরে হেলতে দুলতে অন্ধকারের মধ্যে অদৃশ্য হয়ে গেল। তার কিছু পরেই শুনলাম কর্কশ গলায় টিয়ার ডাক। তারপরেই আবার সব চুপচাপ। বিশ্বনাথ বাবুর ঘরটা কোথায় কে জানে। তিনি কি দোতলায় থাকেন না একতলায়? রাজেনবাবুই বা কোথায় থাকেন? আমাদের এমন ঘর দিয়েছে কেন যেখান থেকে কারুর কোনও সাড়া-শব্দ পাওয়া যায় না?

আমি ঘরে ফিরে এলাম। ফেলুদা খাটের উপর পা তুলে দিয়ে খাতা হাতে নিয়ে ভাবছে। আর না পেয়ে বললাম, ‘এরা এত দেরি করছে কেন বলো তো?’

ফেলুদা ঘড়ি দেখে বলল, ‘তা মন্দ বলিসনি। প্রায় পনেরো মিনিট হয়ে গেল।’ বলেই আবার খাতার দিকে মন দিল।

আমি ফেলুদার পাওয়া বইগুলো উলটে-পালটে দেখলাম। একটা বই আঙুলের ছাপ সম্বন্ধে, একটার নাম ‘ক্রিমিনলজি’, আর একটা ‘ক্রাইম অ্যান্ড ইটস ডিটেকশন’। চার নম্বর বইটার নামের মানেই বুঝতে পারলাম না। তবে এটায় অনেক ছবি রয়েছে, তার মধ্যে পর পর দশ পাতায় শুধু বিভিন্ন রকমের পিস্তল আর বন্দুক। ফেলুদা রিভলভারটা সঙ্গে এনেছে কি?

প্রশ্নটা মাথায় আসতেই মনে পড়ল ফেলুদা তো গোয়েন্দাগিরি করতে আসেনি; আর সেটার কোনও প্রয়োজনও নেই। কাজেই রিভলভারেরই বা দরকার হবে কেন?

বইগুলো সূটকেসে রেখে খাটে বসতে যাব, এমন সময় আচমকা অচেনা গলার আওয়াজ পেয়ে বুকেটা আবার ধড়াস করে উঠল।

এবারের লোকটিকে চেনায় কোনও অসুবিধা নেই। ইনি গোকুল নন, রাজেনবাবু নন; গাড়ির ড্রাইভার নন, আর রান্নার ঠাকুর তো ননই। কাজেই ইনি বিশ্বনাথবাবু ছাড়া আর কেউ হতে পারেন না।

‘আপনাকে অনেক দেরি করিয়ে দিলাম’, ভদ্রলোক ফেলুদাকে নমস্কার করে বললেন। ‘আমার নাম বিশ্বনাথ মজুমদার।’

সেটা আর বলে দিতে হয় না। বাপের সঙ্গে বেশ মিল আছে চেহারায়া। বিশেষ করে চোখ আর নাকে। বয়স চল্লিশ-পঁয়তাল্লিশ হবে, মাথার চুল এখনও সবই কাঁচা, গৌঁফ-দাড়ি নেই, ঠোঁট দুটো অসম্ভব রকম পাতলা। ভদ্রলোককে আমার ভাল লাগল না। কেন ভাল লাগল না সেটা অবিশ্যি বলা মুশকিল। একটা কারণ বোধহয় উনি আমাদের এতক্ষণ বসিয়ে রেখেছেন, আর আরেকটা কারণ—যদিও এটা ভুল হতে পারে—ভদ্রলোক আমাদের দিকে চেয়ে হাসলেও সে হাসিটা কেন জানি খাঁটি বলে মনে হল না। যেন আসলে সত্যি করে আমাদের দেখে খুশি হননি; সেটা হবেন আমরা চলে গেলে পর।

ফেলুদা আর আমি বিশ্বনাথবাবুর সঙ্গে নীচে নেমে সোজা গিয়ে হাজির হলাম খাবার ঘরে। আমি ভেবেছিলাম মাটিতে বসে খেতে হবে—এখন দেখছি বেশ বড় একটা ডাইনিং টেবিল রয়েছে, আর তার উপরে রূপোর থালা বাটি গেলাস সাজানো রয়েছে।

যে-যার জায়গায় বসার পর বিশ্বনাথবাবু বললেন, ‘আমার আবার কি শীত কি গ্রীষ্ম দুবেলা চান করার অভ্যাস, তাই একটু দেরি হয়ে গেল।’

ভদ্রলোকের গা থেকে দামি সাবানের গন্ধ পেয়েছি আগেই; এখন মনে হচ্ছে বোধহয় সেন্টও মেখে এসেছেন। বেশ শৌখিন লোক সন্দেহ নেই। সাদা সিল্কের শার্টের উপর গাঢ়

সবুজ রঙের হাত কাটা কার্ডিগ্যান, আর তার সঙ্গে ছাই রঙের টেরিলিনের প্যান্ট ।

বাটি চাপা ভাত ভেঙে মোচার ঘণ্ট দিয়ে খাওয়া শুরু করে দিলাম । থালার চারপাশে গোল করে সাজানো বাটিতে রয়েছে আরও তিন রকমের তরকারি, সোনা মুগের ডাল, আর রুই মাছের ঝোল ।

‘বাবার সঙ্গে কথা হয়েছে ?’ জিজ্ঞেস করলেন বিশ্বনাথবাবু ।

‘হ্যাঁ, বলল ফেলুদা । ‘উনি আমাকে ভীষণ লজ্জায় ফেলে দিয়েছেন ।’

‘বই উপহার দিয়ে ?’

‘হ্যাঁ । আজকের বাজারে ওই বই যদি পাওয়াও যেত, তা হলে দাম পড়ত কমপক্ষে পাঁচ-সাত শো টাকা ।’

বিশ্বনাথবাবু হেসে বললেন, ‘আপনাকে ডেকে পাঠিয়েছেন জেনে আমি বাবাকে বেশ একটু ধমকই দিয়েছিলাম । শহুরে লোকদের এই অজ পাড়াগাঁয়ে ডেকে এনে কষ্ট দেবার কোনও মানে হয় না ।’

ফেলুদা কথাটার প্রতিবাদ করল ।

‘কী বলছেন মিস্টার মজুমদার । আমার তো এখানে এসে দারুণ লাভ হয়েছে । কষ্টের কোনও কথাই ওঠে না ।’

বিশ্বনাথবাবু ফেলুদার কথায় তেমন আমল না দিয়ে বললেন, ‘আমার তো এই চার দিনেই প্রাণ হাঁপিয়ে উঠেছে । বাবা যে কী করে একটানা এতদিন রয়েছেন জানি না ।’

‘বাইরে একবারেই যান না ?’

‘শুধু তাই না । বেশির ভাগ সময়ই ওঁর এই অন্ধকার ঘরে খাটের উপর শুয়ে থাকেন । দিনে কেবল দুবার কিছুক্ষণের জন্য বাগানে গিয়ে বসেন । এখন অবিশ্যি শরীরের জন্য সেটাও বন্ধ ।’

‘আপনি আর ক’দিন আছেন ?’

‘আমি ? আমি কালই যাব । বাবার এখন ইমিডিয়েট কোনও ডেঞ্জার নেই । আপনারা তো বোধহয় সাড়ে আটটার ট্রেনে ফিরছেন ?’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘তা হলে আপনারাও যাবেন, আর আমিও বেরোব ।’

ফেলুদা ভাতে ডাল ঢেলে বলল, ‘আপনার বাবার তো নানারকম শখ দেখলাম ; আপনি নিজে কি একেবারে সেন্ট পার্সেন্ট ব্যবসাদার ?’

‘হ্যাঁ মশাই । কাজকর্ম করে আর অন্য কিছু করার প্রবৃত্তি থাকে না ।’

বিশ্বনাথবাবুর কাছ থেকে বিদায় নিয়ে আমরা যখন ঘরে ফিরে এলাম তখন বেজেছে প্রায় সাড়ে নটা । এখানে ঘড়ির টাইমের আর কোনও মানে নেই আমার কাছে, কারণ সাতটা থেকেই মনে হচ্ছে মাঝরাতির ।

ফেলুদাকে বললাম, ‘বালিশগুলোকে উলটো দিকে করে শুলে তোমার কোনও আপত্তি আছে ?’

‘কেন বল তো ?’

‘তা হলে আর চোখ খুললেই ডাকাতবাবুটিকে দেখতে হবে না ।’

ফেলুদা হেসে বলল, ‘ঠিক আছে । আমার কোনও আপত্তি নেই । ভদ্রলোকের চাহনিটা যে আমারও খুব ভাল লাগছিল তা বলতে পারি না ।’

শোবার আগে ফেলুদা লঠনের আলোটাকে কমিয়ে দিল, আর তার ফলে ঘরটাও যেন আরও ছোট হয়ে গেল ।

চোখ যখন প্রায় বুজে এসেছে, তখন হঠাৎ ফেলুদার মুখে ইংরিজি কথা শুনে অবাক হয়ে এক ধাক্কায় ঘুম ছুটে গেল। স্পষ্ট শুনলাম ফেলুদা বলল—

‘দেয়ার ওয়াজ এ ব্রাউন ক্রো।’

আমি কনুইয়ের ভর করে উঠে বসলাম, ‘ব্রাউন ক্রো ? কাক আবার ব্রাউন হয় নাকি ? এ সব কী আবোল-তাবোল বকছ ফেলুদা ?’

‘গ্যাবোরিওর বইগুলো বোধহয় পেয়ে গেলাম রে তোপ্সে।’

‘সে কী ? সমাধান হয়ে গেল ?’

‘খুব সহজ। ...এদেশে এসে সাহেবরা যখন গোড়ার দিকে হিন্দি শিখত, তখন উচ্চারণের সুবিধের জন্য কতগুলো কায়দা বার করেছিল। দেয়ার ওয়াজ এ ব্রাউন ক্রো—এই কথাটার সঙ্গে কিন্তু বাদামি কাকের কোনও সম্পর্ক নেই। এটা আসলে সাহেব তার বেয়ারাকে দরজা বন্ধ করতে বলছে—দরওয়াজা বন্ধ করো। এই ত্রিনয়নের ব্যাপারটাও কতকটা সেই রকম। গোড়ায় ত্রিনয়নকে তিন ভেবে বার বার হোঁচট খাচ্ছিলাম।’

‘সে কী ? ওটা তিন নয় বুঝি ? আমিও তো ওটা তিন ভাবছিলাম।’

‘উহ। তিন নয়। ত্রিনয়নের ত্রি-টা হল তিন। আর নয়ন হল নাইন। দুইয়ে মিলে ত্রি-নাইন। “ত্রিনয়ন ও ত্রিনয়ন হল ত্রি-নাইন-ও-ত্রি-নাইন। এখানে “ও” মানে “জিরো” অর্থাৎ শূন্য।’

আমি লাফিয়ে উঠলাম।

‘তা হলে একটু জিরো মানে—’

‘এইটু-টু-জিরো। জলের মতো সোজা।—সুতরাং পুরো সংখ্যা হচ্ছে—ত্রি-নাইন-জিরো-ত্রি-নাইন-এইটু-টু-জিরো। কেমন, ঢুকল মাথায় ? এবার ঘুমো।’

মনে মনে ফেলুদার বুদ্ধির তারিফ করে আবার বালিশে মাথা দিয়ে চোখ বুজতে যাব, এমন সময় আবার বারান্দায় পায়ের আওয়াজ।

রাজেনবাবু।

এত রাত্রে ভদ্রলোকের কী দরকার ?

আবার ফেলুদাকে জিজ্ঞেস করতে হল, ‘কিছু বলবেন রাজেনবাবু ?’

‘ছোটবাবু জিজ্ঞেস করলেন আপনাদের আর কিছু দরকার লাগবে কি না।’

‘না না, কিছু না। সব ঠিক আছে।’

ভদ্রলোক যেভাবে এসেছিলেন সেইভাবেই আবার চলে গেলেন।

চোখ বন্ধ করার আগে বুঝতে পারলাম জানালায় খড়খড়ি দিয়ে আসা চাঁদের আলোটা হঠাৎ ফিকে হয়ে গেল আর সেই সঙ্গে শোনা গেল দূর থেকে ভেসে আসা মেঘের গর্জন। তারপর বেড়ালটা কোথেকে জানি দুবার ম্যাও ম্যাও করে উঠল। তারপর আর কিছু মনে নেই।

সকালে উঠে দেখি ফেলুদা ঘরের জানালাগুলো খুলছে। বলল, ‘রাতিরে বৃষ্টি হয়েছিল টের পাসনি ?’

রাত্রে যাই হোক, এখন যে মেঘ কেটে গিয়ে ঝলমলে রোদ বেরিয়েছে সেটা খাটে শোয়া অবস্থাতেও বাইরের গাছের পাতা দেখে বুঝতে পারছি।

আমরা ওঠার আধ ঘণ্টার মধ্যে চা এনে দিল বুড়ো গোকুল। দিনের আলোতে ভাল করে ওর মুখ দেখে মনে হল গোকুল যে শুধু বুড়ো হয়েছে তা নয় ; তার মতো এমন ভেঙে পড়া দুঃখী ভাব আমি খুব কম মানুষের মধ্যেই দেখেছি।

‘কালীকিঙ্করবাবু উঠেছেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

গোকুল কানে কম শোনে কি না জানি না ; সে প্রশ্নটা শুনে কেমন যেন ফ্যাল-ফ্যাল মুখ করে ফেলুদার দিকে দেখল ; তারপর দ্বিতীয়বার জিজ্ঞেস করতে মাথা নেড়ে হ্যাঁ বলে ঘর থেকে বেরিয়ে গেল ।

সাড়ে সাতটা নাগাত আমরা কালীকিঙ্করবাবুর ঘরে গিয়ে হাজির হলাম ।

ভদ্রলোক ঠিক কালকেরই মতো বিছানায় শুয়ে আছেন কঞ্চলের তলায় ! তাঁর পাশের জানালাটা দিয়ে রোদ আসে বলেই বোধহয় উনি সেটাকে বন্ধ করে রেখেছেন । ঘরটা তাই সকাল বেলাতেও বেশ অন্ধকার । যেটুকু আলো আছে সেটা আসছে বারান্দার দরজাটা দিয়ে । আজ প্রথম লক্ষ করলাম ঘরের দেয়ালে কালীকিঙ্করবাবুর একটা বাঁধানো ফোটোগ্রাফ রয়েছে । ছবিটা বেশ কিছুদিন আগে তোলা, কারণ তখনও ভদ্রলোকের গোঁফ-দাড়ি পাকতে শুরু করেনি ।

ভদ্রলোক বললেন, ‘গ্যাবোরিওর বইগুলো আগে থেকেই বার করে রেখেছি, কারণ আমি জানি তুমি সফল হবেই ।’

ফেলুদা বলল, ‘হয়েছি কি না সেটা আপনি বলবেন । থ্রি-নাইন-জিরো-থ্রি-নাইন-এইট-টু-জিরো । —ঠিক আছে ?’

‘সাবাশ গোয়েন্দা !’ হেসে বলে উঠলেন কালীকিঙ্কর মজুমদার । ‘নাও, বইগুলো নিয়ে তোমার খলির মধ্যে পুরে ফেলো । আর দিনের আলোতে একবার সিন্দুকের গায়ের দাগগুলো দেখো দেখি । আমার তো দেখে মনে হচ্ছে না ওটা নিয়ে চিন্তা করার কোনও কারণ আছে ।’

ফেলুদা বলল, ‘ঠিক আছে । আপনি নিশ্চিত থাকলেই হল ।’

ফেলুদা আরেকবার ধন্যবাদ দিয়ে প্রথম ডিটেকটিভ ঔপন্যাসিকের লেখা বই চারখানা তার ঝোলার মধ্যে পুরে নিল ।

‘তোমরা চা খেয়েছ তো ?’ কালীকিঙ্করবাবু জিজ্ঞেস করলেন ।

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘ড্রাইভারকে বলা আছে । গাড়ি বার করেই রেখেছে । তোমাদের স্টেশনে পৌঁছে দেবে । বিশ্বনাথ খুব ভোরে বেরিয়ে গেছে । বলল ওর দশটার মধ্যে কলকাতায় পৌঁছতে পারলে সুবিধে হয় । রাজেন গেছে বাজারে । গোকুল তোমাদের জিনিসপত্র গাড়িতে তুলে দেবে । ...তোমরা কি স্টেশনে যাবার আগে একটু আশেপাশে ঘুরে দেখতে চাও ?’

ফেলুদা বলল, ‘আমি ভাবছিলাম সাড়ে দশটার ট্রেনটার জন্য অপেক্ষা না করে এখনই বেরিয়ে পড়লে হয়তো ৩৭২ ডাউনটা ধরতে পারব ।’

‘তা বেশ তো, তোমাদের মতো শহুরে লোকদের পল্লীগ্রামে বন্দি করে রাখতে চাই না আমি । তবে তুমি আসাতে আমি যে খুবই খুশি হয়েছি—সেটা আমার একেবারে অন্তরের কথা ।’

কাল রাত্তিরের বৃষ্টিতে ভেজা রাস্তা দিয়ে গাড়িতে করে পলাশী স্টেশনের দিকে যেতে আমি সকাল বেলার রোদে ভেজা ধান ক্ষেতের দৃশ্য দেখছি, এমন সময় শুনলাম ফেলুদা ড্রাইভারকে একটা প্রশ্ন করল ।

‘স্টেশনে যাবার কি এ ছাড়া আর অন্য কোনও রাস্তা আছে ?’

‘আজ্ঞে না বাবু’, বলল মণিলাল ড্রাইভার ।

ফেলুদার মুখ গম্ভীর । একবার ভাবলাম জিজ্ঞেস করি ও কী ভাবছে, কোনও সন্দেহের কারণ ঘটেছে কি না ; কিন্তু সাহস হল না ।

রাস্তায় কাদা ছিল বলে দশ মিনিটের জায়গায় পনেরো মিনিট লাগল স্টেশনে পৌঁছতে । মাল নামিয়ে গাড়ি ছেড়ে দিলাম । ফেলুদা কিন্তু টিকিট ঘরের দিকে গেল না । মালগুলো স্টেশনমাস্টারের জিন্মায় রেখে আবার বাইরের রাস্তায় বেরিয়ে এল ।

রাস্তায় সাইকেল রিকশার লাইন । সবচেয়ে সামনের রিকশার মালিকের কাছে গিয়ে ফেলুদা জিজ্ঞেস করল, ‘এখানকার থানাটা কোথায় জানেন ?’

‘জানি, বাবু ।’

‘চলুন তো । তাড়া আছে ।’

প্রচণ্ডভাবে প্যাঁক প্যাঁক করে হর্ন দিতে দিতে ভিড় কাটিয়ে কলিশন বাঁচিয়ে আমরা পাঁচ মিনিটের মধ্যে থানায় পৌঁছে গেলাম । ফেলুদার খ্যাতি যে এখান পর্যন্ত পৌঁছে গেছে সেটা বুঝলাম যখন সাব-ইন্সপেক্টর মিস্টার সরকার ওর পরিচয় দিতে চিনে ফেললেন । ফেলুদা বলল, ‘ঘুরঘুটিয়ার কালীকিঙ্কর মজুমদার সম্বন্ধে কী জানেন বলুন তো ।’

‘কালীকিঙ্কর মজুমদার ?’ সরকার ভুরু কুঁচকোলেন । ‘তিনি তো ভাল লোক বলেই জানি মশাই । সাতো নেই পাঁচো নেই । তাঁর সম্বন্ধে তো কোনওদিন কোনও বদনাম শুনিনি ।’

‘আর তাঁর ছেলে বিশ্বনাথ ? তিনি কি এখানেই থাকেন ?’

‘সম্ভবত কলকাতার । কেন, কী ব্যাপার, মিস্টার মিস্ত্রি ?’

‘আপনার জিপটা নিয়ে একবার আমার সঙ্গে আসতে পারবেন ? ঘোরতর গোলমাল বলে মনে হচ্ছে ।’

কাদা রাস্তা দিয়ে লাফাতে লাফাতে জিপ ছুটে চলল ঘুরঘুটিয়ার দিকে । ফেলুদা প্রচণ্ড চাপা উত্তেজনার মধ্যে শুধু একটিবার মুখ খুলল, যদিও তার কথা আমি ছাড়া কেউ শুনতে পেল না ।

‘আরথ্রাইটিস, সিন্দুকে দাগ, ডিনারে বিলম্ব, রাজেনবাবুর গলা ধরা, ন্যাফথ্যালিন—সব ছকে পড়ে গেছে রে তোপসে । ফেলু মিস্ত্রির ছাড়াও যে অনেক লোকে অনেক বুদ্ধি রাখে সেটা সব সময় খেয়াল থাকে না ।’

মজুমদার-বাড়ি পৌঁছে প্রথম যে জিনিসটা দেখে অবাক লাগল সেটা হল একটা কালো রঙের অ্যান্ডারসডর গাড়ি । ফটকের বাইরে গাড়িটা দাঁড়িয়ে রয়েছে এটাই নিঃসন্দেহে বিশ্বনাথবাবুর গাড়ি । জিপ থেকে নামতে নামতে ফেলুদা বলল, ‘লক্ষ কর গাড়িটাতে কাদাই লাগেনি । এ গাড়ি সবোমাত্র রাস্তায় বেরোল ।’

বিশ্বনাথবাবুর ড্রাইভারই বোধহয়—কারণ এ লোকটাকে আগে দেখিনি—আমাদের দেখে রীতিমতো ঘাবড়ে গিয়ে মুখ ফ্যাকাসে করে গেটের ধারে পাথরের মতো দাঁড়িয়ে রইল ।

‘তুমি এ গাড়ির ড্রাইভার ?’ ফেলুদা প্রশ্ন করল ।

‘আ-আপ্তে হ্যাঁ—’

‘বিশ্বনাথবাবু আছেন ?’

লোকটা ইতস্তত করছে দেখে ফেলুদা আর অপেক্ষা না করে সোজা গিয়ে ঢুকল বাড়ির ভিতর—তার পিছনে দারোগা, আমি আর একজন কনস্টেবল ।

আবার সেই প্যাসেজ দিয়ে গিয়ে সেই সিঁড়ি দিয়ে দৌড়ে উপরে উঠে ফেলুদা এবং আমরা তিনজন সোজা ঢুকলাম কালীকিঙ্করবাবুর ঘরে ।

ঘর খালি । বিছানায় কস্মলটা পড়ে আছে । আর যা ছিল সব ঠিক তেমনিই আছে, কিন্তু মালিক নেই ।

‘সর্বনাশ !’ বলে উঠল ফেলুদা ।

সে সিন্দুকটার দিকে চেয়ে আছে । সেটা হাঁ করে খোলা । বেশ বোঝা যাচ্ছে তার থেকে



অনেক কিছু বার করে নেওয়া হয়েছে ।

দরজার বাইরে গোকুল এসে দাঁড়িয়েছে । সে থরথর করে কাঁপছে । তার চোখে জল ।
দেখে মনে হয় যেন তার শেষ অবস্থা ।

তার উপর হুমড়ি দিয়ে পড়ে ফেলুদা বলল, ‘বিশ্বনাথবাবু কোথায় ?’

‘তিনি পিছনের দরজা দিয়ে পালিয়েছেন ।’

‘দেখুন তো মিস্টার সরকার !’

দারোগা আর কনস্টেবল অনুসন্ধান করতে বেরিয়ে গেল ।

‘শোনো গোকুল’—ফেলুদা দুহাত দিয়ে গোকুলের কাঁধ দুটোকে শক্ত করে ধরে ঝাঁকুনি দিয়ে বলল—‘একটিও মিথ্যে কথা বললে তোমায় হাজতে যেতে হবে ।—কালীকিঙ্করবাবু কোথায় ?’

গোকুলের চোখ যেন ঠিকরে বেরিয়ে আসছে ।

‘আজ্ঞে—আজ্ঞে—তাকে খুন করেছেন ।’

‘কে ?’

‘ছোটবাবু ।’

‘কবে ?’

‘যেদিন ছোটবাবু এলেন সেদিনই । রাত্তির বেলা । বাপ-বেটায় কথা কাটাকাটি হল ।
ছোটবাবু সিন্দুকের নম্বর চাইলেন, কতাবাবু বললেন—আমার টিয়া জানে, তার কাছ থেকে
জেনে নিয়ে, আমি বলব না । তারপরে—তারপরে—তার কিছুক্ষণ পরে—ছোটবাবু আর
তেনার গাড়ির ডেরাইভারবাবু, দুজনে মিলে—’

গোকুলের গলা ধরে এল । বাকিটা তাকে খুব কষ্ট করে বলতে হল—

‘দুজনে মিলে কতাবাবুর লাশ নিয়ে গিয়ে ফেলল ওই পিছনের দিঘির জলে—গলায় পাথর
বেঁধে । আমার মুখ বন্ধ করেছেন ছোটবাবু—প্রাণের ভয় দেখিয়ে !’

‘বুঝেছি ।—আর রাজেনবাবু বলে তো কোনও লোকই নেই, তাই না ?’

‘ছিলেন, তবে তিনি মারা গেছেন আজ দুবছর হয়ে গেল ।’

আমি আর ফেলুদা এবার ছুটলাম নীচে । সিঁড়ি দিয়ে নেমে বাঁয়ে ঘুরলেই পিছনের
বাগানে যাবার দরজা । বাইরে বেরোনো মাত্র মিস্টার সরকারের চিৎকার শুনলাম—

‘পালাবার চেষ্টা করবেন না মিস্টার মজুমদার—আমার হাতে অস্ত্র রয়েছে !’

ঠিক সেই মুহূর্তেই শোনা গেল একটা জলে ঝাঁপিয়ে পড়ার শব্দ আর একটা পিস্তলের
আওয়াজ ।

আমরা দুজনে দৌড়ে গাছ-গাছড়া ঝোপ-ঝাড় ভেঙে এগিয়ে গিয়ে দেখলাম একটা প্রকাণ্ড
তেতুল গাছের নীচে মি. সরকার হাতে রিভলভার নিয়ে আমাদের দিকে পিছন করে দাঁড়িয়ে
আছেন । তেতুল গাছের পরেই কালকের দেখা পুকুরটা—তার জলের বেশির ভাগই সবুজ
পানায় ঢাকা ।

‘লোকটা আগেই লাফ দিয়েছে ।’ বললেন মি. সরকার । ‘সাঁতার জানে না ।—গিরিশ,
দেখো তো দেখি টেনে তুলতে পার কি না ।’

কনস্টেবল বিশ্বনাথবাবুকে শেষ পর্যন্ত টেনে তুলেছিল । এখন ছোটবাবুর দশা ওই
টিয়াপাথির মতো ; খাঁচায় বন্দি । সিন্দুক থেকে টাকাকড়ি গয়নাগাটি যা নিয়েছিলেন সবই
উদ্ধার পেয়েছে । লোকটা ব্যবসা করত ঠিকই, কিন্তু তার সঙ্গে জুয়া ইত্যাদি অনেক
বদ-অভ্যাস ছিল, যার ফলে ইদানীং ধার-দেনায় তার অবস্থা শোচনীয় হয়ে উঠেছিল ।

ফেলুদা বলল, ‘কালীকিঙ্করবাবুর সঙ্গে দেখা করার প্রায় কুড়ি মিনিট পর রাজেনবাবু হাজির
৫১০

হন, আর রাজেনবাবু চলে যাবার প্রায় আধ ঘণ্টা পর বিশ্বনাথবাবুর সাক্ষাৎ পাই। তিনজনকে একসঙ্গে একবারও দেখা যায়নি। এটা ভাবতে ভাবতেই প্রথমে সন্দেহটা জাগে—তিনটে লোকই আছে তো ? নাকি একজনেই পালা করে তিনজনের ভূমিকা পালন করছে ? তখন অ্যাকটিং-এর বইগুলোর কথা মনে হল। তা হলে কি বিশ্বনাথবাবুর এককালে শখ ছিল থিয়েটারের ? তিনি যদি ছদ্মবেশে ওস্তাদ হয়ে থাকেন, অভিনয় জেনে থাকেন তা হলে এইভাবে এই অঙ্ককার বাড়িতে আমাদের বোকা বানানো তাঁর পক্ষে কঠিন নয়। হাতটা তাঁকে কব্জলের নীচে লুকিয়ে রাখতে হয়েছিল কারণ নিজের হাতকে মেক-আপ করে কী করে তিয়াস্তুর বছরের বুড়োর হাত করতে হয় সে বিদ্যে তাঁর জানা ছিল না। সন্দেহ একেবারে পাকা হল যখন সকালে দেখলাম কাদার উপরে বিশ্বনাথবাবুর গাড়ির টায়ারের ছাপ পড়েনি।

আমি কথার ফাঁকে প্রশ্ন করলাম, ‘তোমাকে এখানে আসতে লিখেছিল কে ?’

ফেলুদা বলল, ‘সেটা কালীকিষ্করবাবুই লিখেছিলেন তাতে কোনও সন্দেহ নেই। বিশ্বনাথবাবু সেটা জেনেছিলেন। তিনি আসতে বাধা দেননি কারণ আমার বুদ্ধির সাহায্যে তাঁর সংকেতটি জানার প্রয়োজন হয়েছিল।’

শেষ পর্যন্ত আমাদের দশটার ট্রেনই ধরতে হল।

রওনা হবার আগে ফেলুদা তার সুটকেস আর ঝোলা থেকে আটখানা বই বার করে আমার হাতে দিয়ে বলল, ‘খুনির হাত থেকে উপহার নেবার বাসনা নেই আমার। তোপ্‌সে, বুকশেলফের ফাঁকগুলো ভরিয়ে দিয়ে আয় তো।’

আমি যখন বই রেখে কালীকিষ্করবাবুর ঘর থেকে বেরোচ্ছি, তখনও টিয়া বলছে, ‘ত্রিনয়ন, ও ত্রিনয়ন—একটু জিরো।’



বোম্বাইয়ের বোম্বেটে

১

লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ু-র হাতে মিষ্টির বাস্ক দেখে বেশ অবাক হলাম। সাধারণত ভদ্রলোক যখন আমাদের বাড়িতে আসেন তখন হাতে ছাতা ছাড়া আর কিছু থাকে না। নতুন বই বেরোলে বইয়ের একটা প্যাকেট থাকে অবিশ্যি, কিন্তু সে তো বছরে দু'বার। আজ একেবারে মির্জাপুর স্ট্রিটের হালের দোকান কল্লোল মিষ্টান্ন ভাণ্ডারের পাঁচিশ টাকা দামের সাদা কার্ড বোর্ডের বাস্ক, সেটা আবার সোনালি ফিতে দিয়ে বাঁধা। বাস্কের দু'পাশে নীল অক্ষরে লেখা ‘কল্লোলস্ ফাইভ মিঙ্ক সুইটমিটস’—মানে পাঁচ-মেশালি মিষ্টি। বাস্ক খুললে দেখা যাবে পাঁচটা খোপ করা আছে, তার একেকটাতে একেক রকমের মিষ্টি। মাঝেরটায় থাকতেই হবে কল্লোলের আবিষ্কার ‘ডায়মন্ড’—হিরের মতো পল-কাটা রূপোর তবক দেওয়া রস-ভরা কড়া পাকের সন্দেশ।

এমন বাস্ক লালমোহনবাবুর হাতে কেন ? আর ওঁর মুখে এমন কেমনা-ফতে হাসি হাসি ভাবই বা কেন ?

ভদ্রলোক ঘরে ঢুকে বাস্ক টেবিলে রেখে চেয়ারে বসতেই ফেলুদা বলল, ‘বোম্বাইয়ের সুখবরটা বুঝি আজই পেলেন ?’

লালমোহনবাবু প্রশ্নটা শুনে অবাক হলেও তাঁর মুখ থেকে হাসিটা গেল না, কেবল ভুরু

দুটো ওপরে উঠল ।

‘কী করে বুঝলেন, হে হে ?’

‘সাইরেন বাজার এক ঘণ্টা পরে যখন দেখছি আপনার হাতঘড়ি বলছে সোয়া তিনটে, তার মানেই টাটকা আনন্দের আতিশয্যে ঘড়িটা পরার সময় আর ওটার দিকে চাইতেই পারেননি । —স্প্রিং গেছে, না দম গেছে ?’

লালমোহনবাবু তাঁর নীল র‍্যাপারের খসে পড়া দিকটা রোম্যান কায়দায় বাঁ কাঁধের উপর ফেলে দিয়ে বললেন, ‘পাঁচিশ চেয়েছিলুম ; তা আজ ভোরে ঘুম ভাঙতেই চাকর এসে টেলিগ্রাম ধরিয়ে দিলে । এই যে ।’

লালমোহনবাবু পকেট থেকে একটা গোলাপি টেলিগ্রাম বার করে পড়ে শোনালেন—

‘প্রোডিউসার উইলিং অফার টেন ফর বোস্টেটে, মিজ কেবল কনসেন্ট ।’ আমি রিপ্লাই পাঠিয়ে দিয়ে এলুম—‘হ্যাপিলি সেলিং বোস্টেটে ফর টেন টেক রেসিংস ।’

‘দশ হাজার !’ ফেলুদার মতো মাথা-ঠাণ্ডা মানুষের পর্যন্ত চোখ গোল গোল হয়ে গেল ।

‘দশ হাজারে গল্প বিক্রি হয়েছে আপনার ?’

জটায়ু একটা হালকা মসলিনি হাসি হাসলেন ।

‘টাকাটা হাতে আসেনি এখনও । ওটা বসে গেলেই পাব ।’

‘আপনি বসে যাচ্ছেন ?’ ফেলুদার চোখ আবার গোল ।

‘শুধু আমি কেন ? আপনারাও । অ্যাট মাই এক্সপেনস । আপনি ছাড়া তো এ গল্প দাঁড়াতই না মশাই ।’

কথাটা যে সত্যি, সেটা ব্যাপারটা খুলে বললেই বোঝা যাবে ।

জটায়ুর অনেক দিনের স্বপ্ন যে তার একটা গল্প থেকে সিনেমা হয় । বাংলা ছবিতে পয়সা নেই, তাই হিন্দির দিকেই ওঁর বোঁক বেশি । এবারে তাই কোমর বেঁধে হিন্দি সিনেমার গল্প লেখা শুরু করেছিলেন । বস্বের ফিল্ম লাইনে লালমোহনবাবুর একজন চেনা লোক আছে, নাম পুলক ঘোষাল । আগে গড়পায়েই থাকত, লালমোহনবাবুর দুটো বাড়ি পরে । কলকাতায় টালিগঞ্জে তিনটে ছবিতে সহকারী পরিচালকের কাজ করে রোখের মাথায় বসে গিয়ে হাজির হয় । সেখানে এখন সে নিজেই একজন হিট ডিরেক্টর ।

তৃতীয় পরিচ্ছেদ অবধি গিয়ে গল্প আর এগোচ্ছে না দেখে জটায়ু ফেলুদার কাছে আসেন । ফেলুদা তখন-তখনই লেখাটা পড়ে মন্তব্য করে—‘মাঝপথে আটকে ভালই হয়েছে মশাই । এ আপনার পণ্ডশ্রম হত । বোম্বাই নিত না ।’

লালমোহনবাবু মাথা চুলকে বললেন, ‘কী হলে নেবে মশাই বলুন তো । আমি তো ভেবেছিলুম খানকতক কারেন্ট হিট ছবি দেখে নিয়ে তারপর লিখব । দু দিন কিউয়ে দাঁড়ালুম ; একদিন পকেটমার হল, একদিন সোয়া ঘণ্টা দাঁড়িয়ে জানলা অবধি পৌঁছে শুনলাম হাউস ফুল । বাইরে টিকিট ব্ল্যাক হচ্ছিল, কিন্তু বারো টাকা খরচ করে শেষটায় কোডোপাইরিন খেতে হবে সেই ভয়ে পিছিয়ে গেলুম ।’

শেষে ফেলুদাই একটা ছক কেটে দেবে বলল লালমোহনবাবুর জন্য । বলল, ‘আজকাল ডবল রোলার খুব চল হয়েছে, সেটা জানেন তো ?’

লালমোহনবাবু ডবল রোল কী সেটাই জানেন না ।

‘একই চেহারার দুজন নায়ক হয় ছবিতে সেটা জানেন না ?’ ফেলুদা প্রশ্ন করল ।

‘যমজ ভাই ?’

‘তাও হতে পারে, আবার আত্মীয় নয় অথচ চেহারায় মিল সেটাও হতে পারে । একই চেহারা, অথচ একজন ভাল লোক, একজন খারাপ লোক ; অথবা একজন শক্ত-সমর্থ, আর

একজন গোবেচারা। সাধারণত এটাই হয়। আপনি একটু নতুনভাবে এক কাঠি বাড়িয়ে করতে পারেন;—একটা ডবল রোলার বদলে এক জোড়া ডবল রোল। এক নম্বর হিরো আর এক নম্বর ভিলেন হল জোড়া, আর দুই নম্বর হিরো আর দুই নম্বর ভিলেন হল আরেক জোড়া। এই দুই নম্বর জোড়া যে আছে, সেটা গোড়ায় ফাঁস করা হবে না। তারপর—

এখানে লালমোহনবাবু বাধা দিয়ে বললেন, ‘একটু বেশি জটিল হয়ে যাচ্ছে না?’

ফেলুদা মাথা নেড়ে বলল, ‘তিন ঘণ্টার মালমশলা চাই। আজকাল নতুন নিয়মে খুব বেশি ফাইটিং চলবে না। কাজেই গল্প অন্যভাবে ফাঁদতে হবে। দেড় ঘণ্টা লাগবে জট পাকাতো, দেড় ঘণ্টা ছাড়াতে।’

‘তা হলে ডবল-রোলেই কার্যসিদ্ধি হয়ে যাবে বলছেন?’

‘তা কেন? আরও আছে। নোট করে নিন।’

লালমোহনবাবু সুড়ুং করে বুক পকেট থেকে লাল খাতা আর সোনালি পেনসিল বার করলেন।

‘লিখুন—স্মাগলিং চাই—সোনা হিরে গাঁজা চরস, যা হোক; পাঁচটি গানের সিকুয়েশন চাই, তার মধ্যে একটি ভক্তিমূলক হলে ভাল; দুটি নাচ চাই; খান দু-তিন পশ্চাদ্ধাবন দৃশ্য বা চেজ-সিকুয়েন্স চাই—তাতে অন্তত একটি দামি মোটরগাড়ি পাহাড়ের গা গড়িয়ে ফেলতে পারলে ভাল হয়; অগ্নিকাণ্ডের দৃশ্য চাই; নায়কের গার্লফ্রেন্ড হিসেবে নায়িকা এবং ভিলেনের গার্লফ্রেন্ড হিসেবে ভ্যাম্প বা খলনায়িকা চাই; একটি কর্তব্যবোধসম্পন্ন পুলিশ অফিসার চাই; নায়কের ফ্ল্যাশব্যাক চাই; কমিক রিলিফ চাই; গল্প যাতে বুলে না পড়ে, তার জন্য দ্রুত ঘটনা পরিবর্তন ও দৃশ্যপট পরিবর্তন চাই; বার কয়েক পাহাড়ে বা সমুদ্রের ধারে গল্পকে নিয়ে ফেলতে পারলে ভাল, কারণ এক নাগাড়ে স্টুডিয়ার বন্ধ পরিবেশে শুটিং চিত্রতারকাদের স্বাস্থ্যের পক্ষে হানিকর।—বুঝেছেন তো?’

লালমোহনবাবু ঝড়ের মতো লিখতে লিখতে মাথা নেড়ে হ্যাঁ বুঝিয়ে দিলেন।

‘আর সব শেষে—এটা একেবারে মাস্ট—চাই হ্যাপি এন্ডিং। তার আগে অবিশ্যি বার কয়েক কান্নার স্রোত বইয়ে দিতে পারলে শেষটা জমে ভাল।’

লালমোহনবাবুর সে দিনই হাত ব্যথা হয়ে গিয়েছিল। তারপর গল্প নিয়ে ঝাড়া দু মাসের—ধস্তাধস্তিতে ডান হাতের দুটো আঙুলে কড়া পড়ে গিয়েছিল। ভাগ্যিস সে সময়টা ফেলুদার কলকাতার বাইরে কোনও কাজ ছিল না—কেদার সরকারের রহস্যজনক খুনের তদন্তের ব্যাপারে ওকে সবচেয়ে বেশি দূর যেতে হয়েছিল ব্যারাকপুর—কারণ লালমোহনবাবু সপ্তাহে দু বার করে ফেলুদার কাছে এসে ধর্না দিচ্ছিলেন। তা সত্ত্বেও জটায়ুর বত্রিশ নম্বর উপন্যাস ‘বোম্বাইয়ের বোস্বেটে’ মহালয়ার ঠিক পরেই বেরিয়ে যায়। আর গল্পটা যে রকম দাঁড়িয়েছিল, তা থেকে ছবি করলে আর যাই হোক, সে ছবি দেখে কোডোপাইরিন খেতে হবে না। হিন্দি ছবির মালমশলা থাকলেও তাতে হিন্দি ছবির ছেড়ে-দে-মা-কেঁদে-বাঁচি বাড়াবাড়িটা নেই।

পাণ্ডুলিপির একটা কপি পুলক ঘোষালকে আগেই পাঠিয়েছিলেন লালমোহনবাবু। দিন দশেক আগে চিঠি আসে যে, গল্প পছন্দ হয়েছে আর খুব শিগগিরই কাজ আরম্ভ করে দিতে চান পুলকবাবু। চিত্রনাট্য তিনি নিজেই করেছেন, আর হিন্দি সংলাপ লিখেছেন ত্রিভুবন গুপ্তে, যার এক-একটা কথা নাকি এক-একটা ধারালো চাকু, সোজা গিয়ে দর্শকের বুকে বিঁধে হলে পায়রা উড়িয়ে দেয়। এই চিঠির উত্তরে লালমোহনবাবু ফেলুদাকে কিছু না বলেই তাঁর গল্পের দাম হিসেবে পঁচিশ হাজার হাঁকেন, আর তার উত্তরেই আজকের টেলিগ্রাম। আমার মনে হল পঁচিশ চেয়ে লালমোহনবাবু যে একটু বাড়াবাড়ি করেছিলেন সেটা উনি নিজেই বুঝতে পেরেছেন।

গরম চায়ে চুমুক দিয়ে আধবোজা চোখে একটা আঃ শব্দ করে লালমোহনবাবু বললেন, ‘পুলক ছোঁকরা লিখেছিল যে, গল্পটা বিশেষ চেষ্টা করেনি ; মোটামুটি আমি—থুড়ি, আমরা, যা লিখেছিলাম—’

ফেলুদা হাত তুলে লালমোহনবাবুকে থামিয়ে বলল, ‘আপনি বহুবচনটা না ব্যবহার করলেই খুশি হব ।’

‘কিন্তু—’

‘আহাঃ—শেকসপিয়রও তো অন্যের গল্পের সাহায্য নিয়ে নাটক লিখেছে, তা বলে তাকে কি কেউ কখনও “আমাদের হ্যামলেট” বলতে শুনেছে ? কখনও না । উপাদানে আমার কিছুটা কন্ট্রিবিউশন থাকলেও, পাচক তো আপনি । আপনার মতো হাতের তার কি আর আমার আছে ?’

লালমোহনবাবু কৃতজ্ঞতায় কান অবধি হেসে বললেন, ‘থ্যাক্স ইউ স্যার । —যাই হোক, যা বলছিলাম । কেবল একটি মাত্র মাইনর চেষ্টা করেছে গল্পে ।’

‘কী রকম ?’

‘সে আর বলবেন না মশাই । তাজ্জব ব্যাপার । আপনি শুনলেই বলবেন টেলিপ্যাথি । হয়েছে কী, আমার গল্পের স্মাগ্‌লার টুনটিরাম ধুরন্ধরের বাসস্থান হিসেবে একটা তেতাল্লিশ তলা বাড়ির একটা ফ্ল্যাটের উল্লেখ করেছিলুম । আপনি খুঁটিনাটির ওপর নজর দিতে বলেন, তাই বাড়িটার একটা নামও দিয়েছিলুম—শিবাজী কাসল । বোম্বাই তো—তাই মহারাষ্ট্রের জাতীয় বীরপুরুষের নামে বাড়ির নামটা বেশ অ্যাপ্রোপ্রিয়েট মনে হয়েছিল । ওমা, পুলক লিখলে ওই নামে নাকি সত্যিই একটা উঁচু ফ্ল্যাটবাড়ি আছে, আর তাতে নাকি ওর ছবির প্রোডিউসার নিজেই থাকেন । বলুন, একে টেলিপ্যাথি ছাড়া আর কী বলবেন ?’

‘কুং-ফু থাকছে, না বাদ ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

আমরা তিনজনে একসঙ্গে এনটার দ্য ড্র্যাগন দেখার পর থেকেই লালমোহনবাবুর মাথায় ঢুকেছিল যে গল্পে কুং-ফু ঢোকাবেন । ফেলুদার প্রশ্নের উত্তরে লালমোহনবাবু বললেন, ‘আলবত থাকছে । সেটার কথা আমি আলাদা করে জিজ্ঞেস করেছিলুম ; তাতে লিখেছে, ম্যাড্রাস থেকে স্পেশালি কুং-ফু-র জন্য ফাইট মাস্টার আসছে । বলে নাকি হংকং-ট্রেন্ড ।’

‘শুটিং শুরু কবে ?’

‘সেইটে জিজ্ঞেস করে আজ একটা চিঠি লিখছি । জানার পর আমাদের যাবার তারিখটা ফিক্স করব । আমাদের—থুড়ি, আমার গল্পের শুটিং শুরু হবে, আর আমরা সেখানে থাকব না সে কী করে হয় মশাই ?’

ডায়মন্ডা এর আগেও খেয়েছি, কিন্তু আজকে যতটা ভাল লাগল তেমন আর কোনওদিন লাগেনি ।

২

পরের রবিবার আবার লালমোহনবাবুর আবির্ভাব । ফেলুদা আগে থেকেই ঠিক করে রেখেছিল ভদ্রলোককে অর্ধেক খরচ অফার করবে, কারণ ওর নিজের হাতেও সম্প্রতি কিছু টাকা এসেছে । শুধু কেস থেকে নয় ; গত তিন মাসে ও দুটো ইংরেজি বই অনুবাদ করেছে—উনবিংশ শতাব্দীর দুজন বিখ্যাত পর্যটকের ভ্রমণ কাহিনী—দুটোই ছাপা হচ্ছে, আর দুটো থেকেই কিছু আগাম টাকা পেয়েছে ও । এর আগেও অবসর সময় ফেলুদাকে মাঝে মাঝে লিখতে দেখেছি—কিন্তু আদা-নুন খেয়ে লিখতে লাগা এই প্রথম ।

লালমোহনবাবু অবশ্যি ফেলুদার প্রস্তাব এক কথায় উড়িয়ে দিলেন। বললেন, ‘খেপেছেন ? লেখার ব্যাপারে আপনি এখন আমার গাইড অ্যান্ড গডফাদার। এটা হল আপনাকে আমার সামান্য দক্ষিণা।’

এই বলে পকেট থেকে দুটো প্লেনের টিকিট বার করে টেবিলের উপর রেখে বললেন, ‘মঙ্গলবার সকাল দশটা পঁয়তাল্লিশে ফ্লাইট। এক ঘণ্টা আগে রিপোর্টিং টাইম। আমি সোজা দমদমে গিয়ে আপনাদের জন্য ওয়েট করব।’

‘শুটিং আরম্ভ হচ্ছে কবে?’

‘বিষুদ্বার। একেবারে ক্লাইম্যাকসের সিন। সেই ট্রেন, মোটর আর ঘোড়ার ব্যাপারটা।’

এ ছাড়াও আর একটা খবর দেবার ছিল লালমোহনবাবুর।

‘কাল সন্ধ্যাবেলা আরেক ব্যাপার মশাই। এখানকার এক ফিলিম প্রোডিউসার—ধরমতলায় আপিস—আমার পাবলিশারের কাছ থেকে ঠিকানা জোগাড় করে সোজা আমার বাড়িতে গিয়ে হাজির। সেও “বোম্বাইয়ের বোম্বেষ্টে” ছবি করতে চায়। বলে বাংলায় হিন্দি টাইপের ছবি না করলে আর চলছে না। গল্প বিক্রি হয়ে গেছে শুনে বেশ হতাশ হল। বইটা অবশ্যি উনি নিজে পড়েননি; ওঁর এক ভাগ্নে পড়ে ওঁকে বলেছে। আমি বোম্বাই না গিয়েই বইটা লিখেছি শুনে বেশ অবাক হলেন। আমি আর ভাঙলুম না যে মারে-র গাইড টু ইন্ডিয়া আর ফেলু মিস্তিরের গাইডেন্স ছাড়া এ কাজ হত না।’

‘ভদ্রলোক বাঙালি?’

‘ইয়েস স্যার। বারেন্দ্র। সান্যাল। কথায় পশ্চিমা টান আছে। বললেন জব্বলপুরের মানুষ। গায়ে উগ্র পারফিউমের গন্ধ। নাক জ্বলে যায় মশাই। পুরুষ মানুষ এভাবে সেন্ট মাথে এই প্রথম এক্সপেরিয়েন্স করলুম। যাই হোক, আমি চলে যাচ্ছি শুনে একটা ঠিকানা দিয়ে দিলেন। বললেন, “কোনও অসুবিধে হলে একে ফোন করতে পারেন। আমার এ বন্ধুটি খুব হেলপ্‌ফুল।’

কলকাতায় ডিসেম্বরে বেশ শীত পড়লেও বসন্তে নাকি তেমন ঠাণ্ডা পড়ে না। আমাদের ছোট দুটো স্টকেসেই সব ম্যান্ডেজ হয়ে গেল। মঙ্গলবার সকালে উঠে দেখি কুয়াশায় রাস্তার ও পারে পশুদের বাড়িটা পর্যন্ত ভাল করে দেখা যাচ্ছে না। প্লেন ছাড়বে তো? আশ্চর্য, ন’টার মধ্যে সব সাফ হয়ে গিয়ে ঝকঝকে রোদ উঠে গেল। ভি আই পি রোডে এমনিতেই শহরের চেয়ে বেশি কুয়াশা হয়, কিন্তু আজ দেখলাম তেমন কিছু নয়।

এয়ারপোর্টে যখন পৌঁছলাম, তখন প্লেন ছাড়তে পঞ্চাশ মিনিট বাকি। লালমোহনবাবু আগেই হাজির। এমনকী বোর্ডিং কার্ডও দেখলাম উকি মারছে পকেট থেকে। বললেন, ‘কিছু মনে করবেন না, ফেলুবাবু—লম্বা কিউ দেখে ভাবলুম যদি জানলার ধারে সিট না পাই, তাই আগেভাগেই সেরে রাখলুম। এইচ রো—দেখুন হয়তো দেখবেন কাছাকাছি সিট পেয়ে গেছেন।’

‘আপনার হাতে ওটা কী? কী বই কিনলেন?’

লালমোহনবাবুর বগলে একটা ব্রাউন কাগজের প্যাকেট দেখে আমার মনে হয়েছিল উনি নিজের বই সঙ্গে নিয়ে যাচ্ছেন ওখানে কাউকে দেবেন বলে।

ফেলুদার প্রশ্নের জবাবে ভদ্রলোক বললেন, ‘কিনব কি মশাই; সেই সান্যাল—সে দিন যার কথা বলেছিলাম—সে দিয়ে গেল এই মিনিট দশেক আগে।’

‘উপহার?’

‘নো স্যার। বস্ত্রে এয়ারপোর্টে লোক এসে নিয়ে যাবে। আমার নাম-খাম তাকে জানিয়ে দিয়েছেন। কোন এক আত্মীয়ের কাছে যাবে এ বই।’ তারপর একটু হেসে বললেন, ‘ইয়ে—একটা বেশ অ্যাডভেঞ্চারের গন্ধ পাচ্ছেন না?’

‘পাওয়া মুশকিল’, বলল ফেলুদা, ‘কারণ ভারত কেমিক্যালস-এর গুলবাহার সেন্টের গন্ধ আর সব গন্ধকে শ্লান করে দিয়েছে।’

গন্ধটা আমিও পেয়েছিলাম। সান্যাল মশাই এমনই সেন্ট মাথেন যে তার সুবাস এই প্যাকেটে পর্যন্ত লেগে রয়েছে।

‘যা বলেছেন স্যার, হ্যাঃ হ্যাঃ’, সাই দিলেন জটায়ু। ‘তবে অনেক সময় শূনিচি, এইভাবে লোকে উলটাপালটা জিনিসও চালান দেয়।’

‘সে তো বটেই। বুকিং কার্ডিন্টারে তো নোটিসই লাগানো আছে যে, অচেনা লোকের হাত থেকে চালান দেওয়ার জন্য কোনও জিনিস নেওয়াটা বিপজ্জনক। অবিশ্যি এ ভদ্রলোককে টেকনিক্যালি ঠিক অচেনা বলা চলে না, আর প্যাকেটটাও যে বইয়ের, সেটা সন্দেহ করার কোনও কারণ দেখছি না।’

প্লেনে তিনজনে পাশাপাশি জায়গা পেলাম না; লালমোহনবাবু আমাদের তিনটে সারি পিছনে জানলার ধারে বসলেন। ফ্লাইটে বলবার মতো তেমন কিছু ঘটেনি। কেবল লাউডস্পিকারে ক্যাপ্টেন দত্ত যখন বলছেন আমরা নাগপুরের উপর দিয়ে যাচ্ছি, তখন পিছন ফিরে দেখি লালমোহনবাবু সিট ছেড়ে উঠে প্লেনের ল্যাজের দিকটায় চলেছেন। শেষটায় একজন এয়ার হোস্টেস ওঁকে থামিয়ে উলটো দিকে দেখিয়ে দিতে ভদ্রলোক আবার সারা পথ হেঁটে সোজা পাইলটের দরজা খুলে ককপিটে ঢুকে তক্ষুনি বেরিয়ে এসে জিভ কেটে বাঁ দিকের দরজা দিয়ে বাথরুমে ঢুকলেন। নিজের সিটে ফেরার পথে আমার উপর ঝুঁকে পড়ে কানে ফিস্ ফিস্ করে বলে গেলেন, ‘আমার পাশের লোকটিকে এক ঝলক দেখে নাও। হাই-জ্যাকার হলে আশ্চর্য হব না।’

মাথা ঘুরিয়ে দেখে বুঝলাম জটায়ু অ্যাডভেঞ্চারের জন্যে একেবারে হন্যে হয়ে না থাকলে ও রকম নিরীহ, নেই-থুতনি মানুষটাকে কক্ষনও হাই-জ্যাকার ভাবতেন না।

সান্টা ক্রুজে প্লেন ল্যান্ড করার ঠিক আগেই লালমোহনবাবু ব্যাগ থেকে বইটা বার করে রেখেছিলেন। ডোমেসটিক লাউঞ্জে ঢুকে আমরা তিনজনেই এদিক ওদিক দেখছি, এমন সময় ‘মিস্টার গাঙ্গুলী?’ শুনে ডাইনে ঘুরে দেখি গাঢ় লাল রঙের টেরিলিনের শার্ট পরা একজন লোক মাদ্রাজি টাইপের এক ভদ্রলোককে প্রশ্নটা করে তার দিকে অত্যন্ত আগ্রহের সঙ্গে চেয়ে আছে। ভদ্রলোক একটু যেন বিরক্ত ভাবেই মাথা নেড়ে ‘না’ বলে লোকটাকে পাশ কাটিয়ে চলে গেলেন, আর লালমোহনবাবুও বই হাতে লাল শার্টের দিকে এগিয়ে গেলেন।

‘আই অ্যাম মিস্টার গাঙ্গুলী অ্যান্ড দিস ইজ ফ্রম মিস্টার সান্যাল’, এক নিশ্বাসে বলে ফেললেন জটায়ু।

লাল শার্ট বইটা নিয়ে ঘাড় বেঁকিয়ে ধন্যবাদ জানিয়ে চলে গেলেন, আর লালমোহনবাবুও কর্তব্য সেরে নিশ্চিন্তে হাত ঝাড়লেন।

আমাদের মাল বেরোতে লাগল আধ ঘণ্টা। এখন একটা বেজে কুড়ি, শহরে পৌঁছতে পৌঁছতে হয়ে যাবে প্রায় দুটো। পুলক ঘোষাল গাড়ির নম্বরটা জানিয়ে দিয়েছিলেন আগেই, দেখলাম সেটা একটা গেরুয়া রঙের স্ট্যাডার্ড। ড্রাইভারটি বেশ শৌখিন ও ফিটফাট; হিন্দি ছাড়া ইংরেজিটাও মোটামুটি জানে। কলকাতার তিনজন অচেনা লোকের জন্য ভাড়া খাটতে হচ্ছে বলে কোনওরকম বিরক্তির ভাব দেখলাম না। বরং লালমোহনবাবুকে যে রকম একটা

সেলাম ঠুকল, তাতে মনে হল কাজটা পেয়ে সে কৃতার্থ। ড্রাইভারই খবর দিল যে শহরের ভিতরেই শালিমার হোটেলে আমাদের থাকার বন্দোবস্ত হয়েছে, আর পুলকবাবু বিকেল সাড়ে পাঁচটার সময় হোটেলে এসে আমাদের সঙ্গে দেখা করবেন। গাড়ি আমাদের জন্য রাখা থাকবে, আমরা যখন খুশি যেখানে ইচ্ছা যেতে পারি।

ফেলুদা অবিশ্যি এখানে আসবার আগে ওর অভ্যাস মতো বসে সম্বন্ধে পড়াশুনা করে নিয়েছে। ও বলে, কোনও নতুন জায়গায় আসার আগে এ জিনিসটা করে না নিলে নাকি সে জায়গা দূরেই থেকে যায়। মানুষের যেমন একটা পরিচয় তার নামে, একটা চেহারা, একটা চরিত্রে আর একটা তার অতীত ইতিহাসে, ঠিক তেমনই নাকি শহরেরও। বসে শহরের চেহারা আর চরিত্র এখনও ফেলুদার জানা নেই, তবে এটা জানে যে শালিমার হোটেল হল কেম্পস কর্নারের কাছে।

আমাদের গাড়ি হাইওয়ে দিয়ে গিয়ে একটা বড় রাস্তায় পড়ার সঙ্গে সঙ্গে ফেলুদা ড্রাইভারকে উদ্দেশ্য করে বলল—‘উয়ো যো ট্যাক্সি হ্যার না—এম আর পি থ্রি ফাইভ থ্রি এইট—উসকো পিছে পিছে চল্‌না।’

‘কী ব্যাপার মশাই?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন।

‘একটা সামান্য কৌতূহল’, বলল ফেলুদা।

আমাদের গাড়ি একটা স্কুটার আর দুটো অ্যাসাসাডরকে ছাড়িয়ে ফিয়াট ট্যাক্সিটার ঠিক পিছনে এসে পড়ল। এবার ট্যাক্সিটার পিছনের কাচ দিয়ে দেখলাম ভিতরে বসা লাল টেরিলিনের শার্ট।

একটু যেন বুকটা কেঁপে উঠল। কিছুই হয়নি, কেন ফেলুদা ট্যাক্সিটাকে ধাওয়া করছে তাও জানি না, তবু ব্যাপারটা আমার হিসেবের বাইরে বলেই যেন একটা রহস্য আর অ্যাডভেঞ্চারের ছোঁয়া লাগল। লালমোহনবাবু অবিশ্যি আজকাল ধরেই নিয়েছেন যে, ফেলুদার সব কাজের মানে জিজ্ঞেস করে সব সময়ে সঠিক উত্তর পাওয়া যাবে না; যথাসময়ে আপনা থেকেই সেটা জানা যাবে।

আমাদের গাড়ি দিব্যি ট্যাক্সিটাকে চোখে রেখে চলেছে, আমরাও নতুন শহরের রাস্তাঘাট লোকজন দেখতে দেখতে চলেছি। একটা জিনিস বলতেই হবে—হিন্দি ছবির এত বেশি আর এত বড় বড় বিজ্ঞাপন আর কোনও শহরের রাস্তায় দেখিনি। লালমোহনবাবু কিছুক্ষণ ধরে ঘাড় ফিরিয়ে ফিরিয়ে সেগুলো দেখে বললেন, ‘সবাইয়ের নামই তো দেখছি, অথচ কাহিনীকারের নামটা কেন চোখে পড়ছে না। এরা কি গল্প লেখায় না কাউকে দিয়ে?’

ফেলুদা বলল, ‘গল্প লেখক হিসেবে নাম যদি আশা করেন, তা হলে বসে আপনার জায়গা নয়। এখানে গল্প লেখা হয় না, গল্প তৈরি হয়, ম্যানুফ্যাকচার হয়—যেমন বাজারের আর পাঁচটা জিনিস ম্যানুফ্যাকচার হয়। লাক্স সাবান কে তৈরি করেছে, তার নাম কি কেউ জানে?—কোম্পানির নামটা হয়তো জানে। টাকা পাচ্ছেন, ব্যস; মুখটি বন্ধ করে বসে থাকুন। সম্মানের কথা ভুলে যান।’

‘হুঁ...।’ লালমোহনবাবু বেশ চিন্তিত হয়ে পড়লেন। ‘তা হলে মান হল গিয়ে আপনার রেঙ্গলে, আর বসেতে হচ্ছে মানি?’

‘হক্‌ কথা’, বলল ফেলুদা।

ফেলুদা যে-এলাকাটাকে মহালক্ষ্মী বলে বলল, সেটা ছাড়িয়ে কিছু দূর গিয়ে আমাদের মার্কামারা ট্যাক্সিটা একটা ডান দিকের রাস্তা ধরল। আমাদের ড্রাইভার বলল যে, শালিমার হোটেল যেতে হলে আমাদের সোজাই যাওয়া উচিত।

ফেলুদা বলল, ‘আপ দাঁয়া চলিয়ে।’



ডান দিকে ঘুরে মিনিট দু-এক যেতেই দেখলাম ট্যাক্সিটা বাঁ দিকে একটা গেটের ভিতর ঢুকে গেল। ফেলুদার নির্দেশে আমাদের গাড়ি গেটের বাইরেই থামল। আমরা তিনজনেই গাড়ি থেকে নামলাম, আর নামার সঙ্গে সঙ্গেই লালমোহনবাবু হিক করে একটা অদ্ভুত শব্দ করলেন।

কারণটা পরিষ্কার। আমরা একটা বিরাট ঢ্যাঙা বাড়ির সামনে দাঁড়িয়েছি, তার তিনতলার হাইটে বড় বড় উঁচু উঁচু কালো অক্ষরে ইংরাজিতে লেখা—শিবাজী কাস্‌ল।

৩

নামটা দেখে আমার এত অবাক লাগল যে, কিছুক্ষণ কোনও কথাই বলতে পারলাম না। ‘এ যে টেলিপ্যাথির ঠাকুরদাদা!’—বললেন লালমোহনবাবু।

ফেলুদা চুপ। দেখলাম ও শুধু বাড়িটাই দেখছে না, তার আশপাশটাও দেখছে। বাঁ দিকে পর পর অনেকগুলো বাড়ি, তার কোনওটাই বিশ তলার কম না। ডান দিকের বাড়িগুলো নিচু আর পুরনো, আর সেগুলোর ফাঁক দিয়ে পিছনে সমুদ্র দেখা যাচ্ছে।

ড্রাইভার একটু যেন অবাক হয়েই আমাদের হাবভাব লক্ষ্য করছিল। ফেলুদা তাকে অপেক্ষা করতে বলে সোজা গেটের ভিতর দিয়ে ঢুকে গেল। আমি আর লালমোহনবাবু বোকার মতো দাঁড়িয়ে রইলাম।

মিনিট তিনেক পরেই ফেলুদা বেরিয়ে এল।

‘চলিয়ে শালিমার হোটেল।’

আমরা আবার রওনা দিলাম। ফেলুদা একটা সিগারেট ধরিয়ে বলল, ‘খুব সম্ভবত সেভেনটিনথ ফ্লোরে, অর্থাৎ আঠারো তলায় গেছে আপনার বইয়ের প্যাকেট।’

‘আপনি যে ভেলকি দেখালেন মশাই’, বললেন লালমোহনবাবু, ‘এই তিন মিনিটের মধ্যে অত বড় বাড়ির কোন তলায় গেছে লোকটা, সেটা জেনে ফেলে দিলেন?’

‘আঠারোতলায় গেছে কি না জানবার জন্য আঠারোতলায় ওঠার দরকার হয় না। এক তলার লিফটের মাথার উপরেই বোর্ডে নম্বর লেখা থাকে। যখন পৌঁছলাম, তখন লিফট উঠতে শুরু করে দিয়েছে। শেষ যে নম্বরটার বাতি জ্বলে উঠল, সেটা হল সতেরো। এবার বুঝেছেন তো?’

লালমোহনবাবু দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘বুঝলুম তো। এত সহজ ব্যাপারটা আমাদের মাথায় কেন আসে না সেটাই তো বুঝি না।’

পাঁচ মিনিটের মধ্যেই শালিমার হোটеле পৌঁছে গেলাম। ফেলুদা আর আমার জন্য পাঁচ তলায় একটা ডাবল রুম, আর লালমোহনবাবুর জন্য ওই একই তলায় আমাদের উলটো দিকে একটা সিঙ্গেল। আমাদের ঘরটা রাস্তার দিকে, জানালা দিয়ে নীচে চাইলেই অবিরাম গাড়ির স্রোত, আর সামনের দিকে চাইলে দুটো ঢ্যাঙা বাড়ির ফাঁক দিয়ে দূরে সমুদ্র। বসে যে একটা গমগমে শহর, সেটা এই ঘরে বসেই বেশ বোঝা যায়। খিদে পেয়েছিল প্রচণ্ড; হাত-মুখ ধুয়ে তিনজনে গেলাম হোটেলেরই দোতলায় গুলমার্গ রেস্টোরাঁতে। লালমোহনবাবুর ঠোঁটের ডগায় যে প্রশ্নটা এসে আটকে ছিল, সেটা খাবারের অর্ডার দিয়েই করে ফেললেন।

‘আপনিও তা হলে অ্যাডভেঞ্চারের গন্ধ পাচ্ছেন, ফেলুবাবু?’

ফেলুদা সরাসরি উত্তর না দিয়ে একটা পালটা প্রশ্ন করল।

‘লোকটা আপনার হাত থেকে বইটা নিয়ে কী করল, সেটা লক্ষ্য করেছিলেন?’

‘কেন?—চলে গেল!’ বললেন লালমোহনবাবু।

‘ওই তো ! কেবল মোটা জিনিসটাই দেখেছেন, সূক্ষ্ম জিনিসটা চোখে পড়েনি । লোকটা খানিক দূর গিয়েই পকেট থেকে খুচরো পয়সা বার করেছিল ।’

‘টেলিফোন !’ আমি বলে উঠলাম ।

‘ভেরি গুড, তোপসে । আমার বিশ্বাস লোকটা এয়ারপোর্টের পাবলিক টেলিফোন থেকে শহরে ফোন করে । তারপর আমরা যখন আমাদের মালের জন্য অপেক্ষা করছিলাম তখন লোকটাকে আবার দেখতে পাই ।’

‘কোথায় ?’

‘আমরা যেখানে দাঁড়িয়েছিলাম, তার ঠিক বাইরেই প্রাইভেট গাড়ি দাঁড়বার জায়গা । মনে পড়ছে ?’

‘হ্যাঁ হ্যাঁ’, আমি বলে উঠলাম । লালমোহনবাবু চুপ ।

‘লোকটা একটা নীল অ্যান্ডারসোনে ওঠে । ড্রাইভার ছিল । পাঁচ-সাত মিনিট চেষ্টা করেও গাড়ি স্টার্ট নেয় না । লোকটা গাড়ি থেকে নেমে এসে ড্রাইভারের উপর তর্ক করে । কথা না শুনলেও, ভাবভঙ্গিতে সেটা পরিষ্কার বোঝা যাচ্ছিল । তারপর লোকটা গাড়ির আশা ছেড়ে চলে যায় ।’

‘ট্যাক্সি নিতে !’—এবার লালমোহনবাবু ।

‘এগজাক্টলি—তাতে কী বোঝা যায় ?’

‘লোকটা ব্যস্ত—ইয়ে, ব্যতিব্যস্ত—ইয়ে, মানে, লোকটার তাড়া ছিল ।’

‘গুড । দৃষ্টি আর মস্তিষ্ক—এই দুটোকে সজাগ রাখলে অনেক কিছুই অনুমান করা যায়, লালমোহনবাবু । কাজেই আমি যে ট্যাক্সিটাকে ফলো করেছিলাম তার পিছনে একটা কারণ ছিল ।’

‘কী মনে হচ্ছে বলুন তো আপনার ?’ লালমোহনবাবু সোজা হয়ে বসে কনুই দুটো টেবিলের উপর রেখে প্রশ্নটা করলেন ।

‘এখনও কিছুই মনে হচ্ছে না’, বলল ফেলুদা, ‘শুধু একটা খটকা ।’

এর পরে আমরা এ ব্যাপারটা নিয়ে আর কোনও কথা বলিনি ।

পাঁচটা নাগাত বিশ্রাম-টিশ্রাম করে লালমোহনবাবু আমাদের ঘরে এলেন । তিনজনে বসে চা আনিয়ে খাচ্ছি, এমন সময় দরজায় টোকা । যিনি ঢুকলেন তার বয়স পঁয়ত্রিশের বেশি কিছুতেই নয়, কিন্তু মাথা ভরতি ঢেউ খেলানো চুলে আশ্চর্য বেশি রকম পাক ধরে গেছে ।

‘এই যে লালুদা—কেমন, এভরিথিং অলরাইট ?’

লালুদা !—লালমোহনবাবুকে যে কেউ লালুদা ডাকতে পারে সেটা কেন জানি মাথাতেই আসেনি । বুঝলাম-ইনিই হচ্ছেন পুলক ঘোষাল । ফেলুদা আগেই লালমোহনবাবুকে শাসিয়ে রেখেছিল যে, ওর আসল পরিচয়টা যেন চেপে রাখা হয় । তাই পুলকবাবুর কাছে ও হয়ে গেল লালমোহনবাবুর বন্ধু । পুলকবাবু আক্ষেপের ভঙ্গিতে মাথা নেড়ে বললেন, ‘দেখুন তো, আপনি লালুদার বন্ধু, এত কাছের মানুষ, আর আমরা হিরোর অভাবে হিমসিম খাচ্ছি । আপনার হিন্দি আসে ?’

ফেলুদা একটা খোলা হাসি হেসে বলল, ‘হিন্দি তো আসেই না, অভিনয়টা আরওই আসে না । ...কিন্তু হিরোর অভাব কী রকম ? আপনাদের তো শুটিং আরম্ভ হয়ে যাচ্ছে শুনলাম । অর্জুন মেরহোত্রা করছে না ?’

‘তা তো করছে, কিন্তু অর্জুন কি আর সে-অর্জুন আছে ? এখন তার হাজার বায়নাক্কা । এদের আমি হিরো বলি না মশাই । আসলে এরা চোরা ভিলেন, পদার্পণ যাই হন না কেন । নাই দিয়ে দিয়ে এদের মাথাটি খেয়ে ফেলেছে এখনকার প্রোডিউসাররা ।—যাক গে, পরশু

আপনাদের ইনভাইট করে যাচ্ছি। এখান থেকে মাইল সত্তর দূরে শুটিং। ড্রাইভার জায়গা চেনে। সন্ধ্যা সন্ধ্যা বেরিয়ে সোজা চলে আসবেন। মিস্টার গোরে—মানে আমার প্রোডিউসার—এখানে নেই; ছবি বিক্রির ব্যাপারে দিন সাতকের জন্য দিল্লি মাদ্রাজ কলকাতা ঘুরতে গেছেন। তবে উনি বলে গেছেন আপনাদের আতিথেয়তার যেন কোনও ক্রটি না হয়।’

‘কোথায় শুটিং?’ ফেলুদা প্রশ্ন করল।

‘বিটউইন খাণ্ডালা অ্যান্ড লোনাউলি। ট্রেনের সিন। প্যাসেঞ্জারের অভাব হলে আপনাদের বসিয়ে দেব কিন্তু।’

‘ভাল কথা’, লালমোহনবাবু বললেন, ‘আমরা শিবাজী কাসল দেখে এলুম।’

কথাটা শুনে পুলকবাবুর ভুরু কুঁচকে গেল।

‘সেকী, কখন?’

‘এই তো, আসার পথে। ধরুন, এই দুটো নাগাদ।’

‘ও। তা হলে ব্যাপারটা আরও পরে হয়েছে।’

‘কী ব্যাপার মশাই?’

‘খুন।’

‘সে কী!’—আমরা তিনজনে প্রায় একসঙ্গে বলে উঠলাম। খ-য়ে হুস্ট আর ন—এই দুটো পর পর জুড়লে আপনা থেকেই যেন শিউরে উঠতে হয়।

‘আমি খবর পাই এই আঘবণ্টা আগে’, বললেন পুলকবাবু। ‘ও বাড়িতে তো আমার রেগুলার যাতায়াত মশাই। মিস্টার গোরেও শিবাজী কাসলেই থাকেন—বারো নম্বর ফ্লোরে। সাধে কি আপনার গল্পে বাড়ির নাম চেঞ্জ করতে হয়েছে! অবিশ্যি উনি নিজে খুব মাই-ডায়ার লোক।—আপনারা বাড়ির ভেতরে গেসলেন নাকি?’

‘আমি গিয়েছিলাম’, বলল ফেলুদা, ‘লিফটের দরজা অবধি।’

‘ওরেবাবা! লিফটের ভেতরেই তো খুন। লাশ সনাক্ত হয়নি এখনও। দেখতে গুণ্ডা টাইপ। তিনটে নাগাত ত্যাগরাজন বলে ওখানকারই এক বাসিন্দা তিন তলা থেকে লিফটের জন্য বেল টেপে। লিফট ওপর থেকে নীচে নেমে আসে। ভদ্রলোক দরজা খুলে ভেতরে ঢুকতে গিয়েই দেখেন এই কাণ্ড। পেটে ছোরা মেরেছে মশাই। হরিবল ব্যাপার।’

‘ওই সময়টায় লিফটে কাউকে উঠতে-টুঠতে দেখেনি কেউ?’ প্রশ্ন করল ফেলুদা।

‘লিফটের আশেপাশে কেউ ছিল না। তবে বিল্ডিং-এর বাইরে দুজন ড্রাইভার ছিল, তারা ওই সময়টায় পাঁচ-ছজনকে ঢুকতে দেখেছে। তার মধ্যে একজনের গায়ে লাল শার্ট, একজনের কাঁধে ব্যাগ আর গায়ে খয়েরি রঙের—’

ফেলুদা হাত তুলে পুলকবাবুকে থামিয়ে বলল, ‘ওই দ্বিতীয় ব্যক্তিটি স্বয়ং আমি, কাজেই আর বেশি বলার দরকার নেই।’

আমার বুকের ভিতরটা ধড়াস করে উঠেছে। সর্বনাশ!—ফেলুদা কি খুনের মামলায় জড়িয়ে পড়বে নাকি?

‘এনিওয়ে’, আশ্বাসের সুরে বললেন পুলক ঘোষাল, ‘ও নিয়ে আপনি চিন্তা করবেন না। আপনিও না লালুদা। আপনার গল্পে শিবাজী কাসলে স্মাগলার থাকে লিখেছেন, তাতে আর ভয়ের কী আছে বলুন। বিশ্বের কোন অ্যাপার্টমেন্টে স্মাগলার থাকে না? মিসায় আর ক’টাকে ধরেছে? এ তো সবে খোসা ছাড়ানো চলছে এখন, শাঁসে পৌঁছতে অনেক দেরি। সারা শহরটাই তো স্মাগলিং-এর উপর দাঁড়িয়ে আছে।’

ফেলুদাকে বেশ চিন্তিত মনে হচ্ছিল। তবে সে ভাবটা কেটে গেল আর একজন লোকের



আবির্ভাবে। দ্বিতীয় টোকার শব্দ হতে পুলকবাবুই চেয়ার ছেড়ে ‘এই বোধহয় ভিক্টর’ বলে উঠে গিয়ে দরজা খুললেন। চাবুকের মতো শরীরওয়ালা মাঝারি হাইটের একজন লোক ঘরে ঢুকল।

‘পরিচয় করিয়ে দিই লালুদা—ইনি হলেন ভিক্টর পেরুমল—হংকং-ট্রেন্ড কুং-ফু এক্সপার্ট।’

ভদ্রলোক দিব্যি খোলতাই হেসে আমাদের সকলের সঙ্গে হ্যান্ডশেক করলেন।

‘ভাঙা ভাঙা ইংরিজি বলেন’, পুলকবাবু বললেন, ‘আর হিন্দি তো বটেই, যদিও ইনি দক্ষিণ ভারতের লোক। আর ইনি শুধু কুং-ফু শেখান না, এঁর স্টান্টেরও জবাব নেই। ঘোড়া থেকে চলন্ত ট্রেনের উপর লাফিয়ে পড়ার ব্যাপারটা হিরোর ভাইয়ের মেক-আপ নিয়ে ইনিই করবেন।’

আমার ভদ্রলোককে দেখে কেন জানি বেশ ভাল লেগে গিয়েছিল। হাসিটার মধ্যে সত্যিই একটা খোলসা ভাব আছে। তার উপরে স্টান্টম্যান শুনে ভদ্রলোকের উপর একটা ভক্তিভাবও জেগে উঠল। যারা সামান্য ক’টা টাকার জন্য দিনের পর দিন নিজেদের জীবন বিপন্ন করে, আর তার জন্য বাহবা নিয়ে যায় প্রক্সি-দেওয়া হিরোগুলো, তাদের সাবাস বলতেই হয়।

ভিক্টর পেরুমল বললেন, তিনি শুধু কুং-ফু-ই জানেন না—‘আই নো মোক্কাইরি অলসো।’

মোক্কাইরি? সে আবার কী? ফেলুদার যে এত জ্ঞান, ও-ও বলল জানে না; আর লালমোহনবাবুর কথা তো ছেড়েই দিলাম, কারণ উনি নিজের লেখা ছাড়া বিশেষ কিছু পড়েন-টুড়েন না।

পেরুমল বলল, মোক্কাইরি হচ্ছে নাকি এক-রকম ফাইটিং যেটা করার জন্য পা শূন্যে তুলে হাতে হাঁটতে হয়। এটা নাকি হংকং-এ চালু হয়েছে মাত্র মাস ছয়েক হল, যদিও জন্মস্থান

জাপান ।

‘এটাও রয়েছে নাকি ছবিতে ?’ লালমোহনবাবু যেন কিঞ্চিৎ ভয়ে ভয়ে জিজ্ঞেস করলেন । পুলক ঘোষাল হেসে মাথা নাড়লেন । ‘এক কুং-ফু-র ঠেলাই আগে সামলাই । এগারোজন লোককে সকাল-বিকেল ট্রেনিং দিতে হচ্ছে সেই নভেম্বরের গোড়া থেকে । আপনি তো লিখে খালাস, ঝুঁকি তো পোয়াতে হচ্ছে আমাদের । অবিশ্যি আপনারা যে শুটিংটা দেখবেন, তাতে কুং-ফু নেই । এতে দেখবেন স্টান্টম্যানের খেলা । ...ক্লাস ছবি হবে আপনার গল্পো থেকে লালুদা—কুছ পরোয়া নেহি ।’

পুলক ঘোষাল আর ভিস্টর চলে যাবার পর ফেলুদা সোফা ছেড়ে উঠে গিয়ে জানালাটা খুলে দিল, আর সঙ্গে সঙ্গে রাস্তার ট্র্যাফিকের শব্দে ঘর ভরে গেল । অবিশ্যি পাঁচতলা হওয়াতে তার জন্য কথা বলতে অসুবিধা হচ্ছিল না । আসলে আমাদের কারুরই এয়ারকন্ডিশনিং-এর অভ্যেসও নেই, ভালও লাগে না । বাইরের শব্দ আসুক ; তার সঙ্গে খাঁটি বাতাসটাও তো ঢুকছে ।

জানালা থেকে ফিরে এসে সোফায় বসে ফেলুদা একটু যেন গম্ভীরভাবেই বলল, ‘লালমোহনবাবু, অ্যাডভেঞ্চারের গল্পটা যে রকম উগ্র হয়ে উঠছে, সেটা বেশ অস্বস্তিকর । আপনি ওই প্যাকেটটা চালানোর ভার না নিলেই পারতেন । আমি যদি তখন থাকতাম, তা হলে আপনাকে বারণ করতাম ।’

‘কী করি বলুন’, লালমোহনবাবু কাঁচুমাচু হয়ে বললেন, ‘ভদ্রলোক বললেন, আমি এর পর যে গল্পটা লিখব সেটা যেন ওঁর জন্য রিজার্ভ করে রাখি । তারপরে আর কী করে না বলি বলুন ।’

‘ব্যাপারটা কী জানেন ? এয়ারপোর্টে যখন সিকিউরিটি চেক হয়, তখন নিয়ম হচ্ছে প্যাসেঞ্জারের কাছে মোড়ক জাতীয় কিছু থাকলে সেটা খুলে দেখা । আপনাকে নিরীহ মনে করে আপনার বেলা সেটা আর করেনি । খুললে কী বেরোত কে জানে ? ওই প্যাকেটের সঙ্গে যে ওই খুনের সম্বন্ধ নেই তা কে বলতে পারে ?’

লালমোহনবাবু গলা খাঁকরে মিনমিন করে বললেন, ‘কিন্তু একটা বইয়ের প্যাকেটে আর...’

‘বই মানেই যে বই তা তো নাও হতে পারে । আংটির মধ্যে বিষ রাখার ব্যবস্থা থাকত রাজাবাদশাদের আমলে, সেটা জানেন ? সে আংটিকে শুধু আংটি বললে কি ঠিক হবে ? আংটিও বটে, বিষাদারও বটে । ...যাক, আপনার কর্তব্য যখন নির্বিঘ্নে সারা হয়ে গেছে, তখন আপনার নিজের কোনও বিপদ নেই বলেই মনে হচ্ছে ।’

‘বলছেন ?’ লালমোহনবাবুর মুখে এতক্ষণে হাসি ফুটেছে ।

‘বলছি, বইকী’, ফেলুদা বলল । ‘আর আপনার বিপদ মানে তো আমাদেরও বিপদ । এক সূত্রে বাঁধা আছি মোরা তিনজনায় । সুতায় টান পড়লে তিনজনেই কাত ।’

লালমোহনবাবু এক ঝটকায় খাট থেকে উঠে বাঁ পা-টাকে কুং-ফুর মতো করে শূন্যে একটা লাথি মেরে বললেন, ‘প্রি চিয়ারস ফর দ্য প্রি মাসকেটিয়ারস । —হিপ হিপ—’

ফেলুদা আর আমি লালমোহনবাবুর সঙ্গে গলা মেলালাম—

‘হুররে !’

সন্ধ্যা ছটা নাগাত আমরা হোটেল থেকে বেরিয়ে পড়লাম। পায়ে হেঁটে ঘুরে না দেখলে নতুন শহর দেখা হয় না, এটা আমরা তিনজনেই বিশ্বাস করি। যোধপুর, কাশী, দিল্লি, গ্যাংটক—সব জায়গাতেই আমরা এ জিনিসটা করেছি। বসেতেই বা করব না কেন ?

হোটেল থেকে বেরিয়ে ডান দিকে কিছু দূর গেলেই যাকে কেম্পস কর্নার বলে, সেখানে একটা দুর্দান্ত ফ্লাই-ওভার পড়ে। প্রকাণ্ড প্রকাণ্ড তাগড়াই থামের উপর দিয়ে ব্রিজের মতো রাস্তা, তার উপরেও ট্র্যাফিক, নীচেও ট্র্যাফিক। আমরা ব্রিজের তলা দিয়ে রাস্তা পেরিয়ে গিবস রোড দিয়ে দক্ষিণ দিকে চলেছি। ফেলুদা ডান দিকে দেখিয়ে দিল পাহাড়ের গা দিয়ে হ্যাংগিং গার্ডেনস যাবার রাস্তা। এই পাহাড়ের নামই মালাবার হিলস।

মাইলখানেক এগিয়ে যেতে সামনে সমুদ্র পড়ল। আপিস ফেরত গাড়ির স্রোত এড়িয়ে রাস্তা পেরিয়ে এক কোমর উচু পাথরের পাঁচিলের ধারে গিয়ে দাঁড়লাম। পাঁচিলের পিছন দিকে সমুদ্রের জল এসে আছড়ে আছড়ে পড়ছে।

রাস্তাটা বাঁদিক দিয়ে সোজা পুবে চলে গিয়ে গোল হয়ে ঘুরে শেষ হয়েছে সেই একেবারে দক্ষিণে, যেখানের আকাশছোঁয়া বাড়িগুলো ঝাপসা হয়ে আছে বিকেলের পড়ন্ত রোদে। ওই ধনুকের মতো রাস্তাটা নাকি ম্যারিন ড্রাইভ।

লালমোহনবাবু বললেন, ‘স্মাগলারই বলুন আর যাই বলুন—পাহাড় আর সমুদ্র মিলিয়ে বসে একেবারে চ্যাম্পিয়ন শহর মশাই।’

পাঁচিলের ধার দিয়ে আমরা ম্যারিন ড্রাইভের দিকে এগোতে লাগলাম। বাঁ দিক দিয়ে পিঁপড়ের সারির মতো গাড়ি চলেছে। কিছুক্ষণ হাঁটার পর লালমোহনবাবু আর একটা মন্তব্য করলেন।

‘এখানে বোধহয় সি এম ডি এ নেই ; আছে কি ?’

‘রাস্তায় খানাখন্দ নেই বলে বলছেন তো ?’

‘এয়ারপোর্ট থেকে আসার সময়ই লক্ষ করছিলাম যে, গাড়িতে চলেছি অথচ লাফাচ্ছি না। অবিশ্বাস্য !’

কিছুক্ষণ থেকেই সমুদ্রের ধারে একটা জায়গায় ভিড় লক্ষ করছিলাম। যেমন রবিবার আমাদের শহিদ মিনারের নীচে হয়, অনেকটা সেই রকম। আরও কাছে যেতে ফেলুদা বলল জায়গাটার নাম চৌপাট্টি। এখানে রাজাই নাকি রথের মেলার মতো ভিড় হয়। সার-বাঁধা দোকান, দেখেই মনে হয় ফুচকা বা ভেলপুরি বা আইসক্রিম বা ওই জাতীয় কিছু বিক্রি হচ্ছে।

ক্রমে কাছে এসে বুঝলাম আন্দাজে ভুল করিনি। মেলার মতো মেলা বটে। অর্ধেক বসে শহর ভেঙে পড়েছে এখানে। লালমোহনবাবু শিগ্গিরই রিচ ম্যান হচ্ছেন, তাই ওঁর ঘাড় ভাঙতে দোষ নেই। তিনজনে হাতে ভেলপুরির ঠোঙা নিয়ে ভিড় আর হই-হুল্লোড় ছেড়ে এগিয়ে গিয়ে সমুদ্রের ধারে বালির উপর বসলাম। ঘড়িতে পৌনে সাতটা, কিন্তু এখনও আকাশে গোলাপি রং। আমাদের মতো অনেকেই বালির উপর বসে আরাম করছে। লালমোহনবাবু খাওয়া শেষ করে হাত নেড়ে একটা সংস্কৃত শ্লোক আওড়াতে গিয়ে থেমে গেলেন। বাঁ দিকে বসে থাকা লোকজনের মধ্যে কারুর হাত থেকে একটা খবরের কাগজ উড়ে এসে ভদ্রলোকের মুখের উপর লেপটে গিয়ে কথা বন্ধ করে দিয়েছে।

কাগজটা হাতে নিয়ে নামটা দেখে লালমোহনবাবু সবে ‘ইভনিং নিউজ’ কথাটা বলেছেন, এমন সময় ফেলুদা তাঁর হাত থেকে সেটা ছিনিয়ে নিল।

‘নামটা পড়লেন, আর তার নীচে হেড-লাইনটা চোখে পড়ল না ?’

আমরা তিনজনে একসঙ্গে কাগজটার উপর ঝুঁকে পড়লাম। হেডলাইন হচ্ছে—‘মার্ভার ইন অ্যাপার্টমেন্ট লিফ্ট’, আর তার নীচেই যে খুন হয়েছে তার ছবি। যাক—এ তা হলে আমাদের লালশার্ট নয়।

খবরে বলছে, খুনটা হয়েছে দুটো থেকে আড়াইটের মধ্যে। খুনি এখনও ধরা পড়েনি, তবে পুলিশ অনুসন্ধান চালাচ্ছে। যে খুন হয়েছে তার নাম মঙ্গলরাম শেঠী। চোরাকারবারীদের সঙ্গে যুক্ত ছিল, বেশ কিছু দিন থেকেই পুলিশ খুঁজছে। লিফ্টে বেশ ধ্বস্তাধ্বস্তি হয়েছিল তারও নাকি প্রমাণ পাওয়া গেছে। ক্রুয়ের মধ্যে নাকি এক টুকরো কাগজ পাওয়া গেছে মৃতদেহের পাশে। কাগজে একজনের নাম ছিল। নামটা হচ্ছে—

‘ও আঁ আঁ আঁ আঁ আঁ...’

একটা অদ্ভুত গোঙানি-টাইপের শব্দ লালমোহনবাবুর গলা দিয়ে বেরোল। ভদ্রলোক অজ্ঞান হয়ে যেতে পারেন মনে করে আমি তাড়াতাড়ি ওঁকে জাপটে ধরলাম। অবিশ্যি এ রকম করার যথেষ্ট কারণ ছিল। ইভনিং নিউজ লিখছে চিরকুটে লেখা ছিল—‘মিস্টার গাঙ্গুলী, ডার্ক, শর্ট, বল্ড, মুসটাশ।’

খবরটা পড়া শেষ হওয়া মাত্র লালমোহনবাবু ফেলুদার হাত থেকে কাগজটা ছিনিয়ে নিয়ে টুকরো টুকরো করে ছিঁড়ে হাওয়ায় উড়িয়ে দিলেন।

ফেলুদা বলল, ‘এমন পরিষ্কার সমুদ্রতটটিকে আবর্জনায় ভরিয়ে দিলেন ?’

ভদ্রলোক এখনও ভাল করে কথা বলতে পারছেন না দেখে ফেলুদা এবার ধমকের সুরে বলল, ‘আপনার কি ধারণা, গোটা শহরের লোক আপনাকে দেখেই বুঝে ফেলবে যে আপনিই হচ্ছেন এই ব্যক্তি ?’

লালমোহনবাবু এতেও সান্ত্বনা পেলেন না। কোনওরকমে ঢোক গিলে বললেন, ‘কিন্তু—কিন্তু—এর মানেটা বুঝছেন তো ? কে খুন করেছে, বুঝছেন তো ?’

ফেলুদা বেশ কয়েক সেকেন্ড চুপ করে একদৃষ্টে লালমোহনবাবুর দিকে চেয়ে থেকে মাথা নেড়ে বলল, ‘লালুদা, চার বছর আমার সংসর্গ-লাভ করেও মাথা ঠাণ্ডা করে ভাবতে শিখলেন না।’

‘কেন, কেন—লালশার্ট— ?’

‘লালশার্ট কী ? কাগজটা লালশার্টেরই হাত থেকে লিফ্টে পড়েছে সেটা ধরে নিলেও তাতে কী প্রমাণ হচ্ছে ? তার মানেই যে সে খুন করেছে তার কী প্রমাণ ? আপনার কাছ থেকে প্যাকেট পাবার পর তার সঙ্গে আপনার সম্পর্ক শেষ—এটা তো ঠিক ? তা হলে কাগজটারও তার আর কোনও প্রয়োজন থাকে না। লিফ্টে ওঠার সময় সেটা পকেটে রয়ে গেছে দেখে, সে সেটা লিফ্টেই ফেলে দিল—এমন ভাবতে খুব কষ্ট হচ্ছে কি ?’

লালমোহনবাবু তবুও ঠাণ্ডা হলেন না। ‘আপনি যাই বলুন, লাশের পশ্বে যখন আমার নাম আর ডেসক্রিপশন লেখা কাগজ পেয়েছে, তখন আমার চরম ভোগান্তি আছে—এ আমি স্পষ্ট দেখতে পাচ্ছি। রাস্তা একটাই। টাকে তো আর চুল গজাবে না, হাইটও বাড়বে না, আর কমপ্লেকশনও চেঞ্জ হবে না। আছে এক গোঁফ। আপনি যাই বলুন, এ গোঁফ আমি কালই হাওয়া করে দেব।’

‘আর হোটেলের লোকেরা কী ভাববে ? তারা কি আর ইভনিং নিউজ পড়েনি ভেবেছেন ? খুনের খবর শতকরা নব্বুই ভাগ লোকে পড়বে, মানুষের স্বভাবই ওই। আমার ধারণা আপনি গোঁফ ছাঁটলে দৃষ্টিটা, এবং সেই সঙ্গে সঙ্গে সন্দেহটা, আরও বেশি করে আপনার উপর পড়বে।’

আকাশের লালটা যখন বেগুনি হয়ে শেষে পাংশুটের দিকে যেতে শুরু করেছে, পশ্চিমের চেরা মেঘের ফাঁকে শুকতারাটা পুর্বের ম্যারিন ড্রাইভের হাজার আলোর মালার সঙ্গে একা পাল্লা দিতে গিয়ে ধুকপুক করছে, তখন আমরা উঠে পড়ে গা থেকে বালি ঝেড়ে আবার মানুষ আর দোকানের ভিড় পেরিয়ে বড় রাস্তায় গিয়ে একটা ট্যাক্সি ধরে হোটেলমুখো হলাম।

রিসেপশন কাউন্টারে চাবি চাইবার সময় দেখলাম লালমোহনবাবু হাতটা যেদিকে বাড়ালেন, মুখটা তার উলটোদিকে ঘুরিয়ে রাখলেন। কিন্তু তাতেও রেহাই নেই, উলটোদিকে লবিতে বসা সাতজন দেশি-বিদেশি লোকের তিনজনের হাতে ইভনিং স্ট্যান্ডার্ড। স্ট্যান্ডার্ডের সামনের পাতাতেও খুনের খবর আর মৃতদেহের ছবি। খবরের মধ্যে টেকো বেঁটে গুঁফো রং-ময়লা মিস্টার গাঙ্গুলীর উল্লেখ নেই এ হতেই পারে না।

৫

লালমোহনবাবু শেষ পর্যন্ত আর গোঁফটা কামাননি। রাত্রে ঘুম হয়েছিল কি না জিজ্ঞেস করাতে বললেন যতবারই চোখ ঢুলে এসেছে ততবারই মনে হয়েছে ওঁর ঘরটা লিফ্টের মতো ওঠানামা করছে, আর তার ফলে তন্দ্রা ছুটে গেছে।

পুলকবাবু কাল রাত্রেই ফোন করে বলেছিলেন আজ সকাল দশটায় এসে আমাদের স্টুডিয়োতে নিয়ে যাবেন। আমরা আটটায় ব্রেকফাস্ট সেরে রাস্তায় বেরিয়ে পেডার রোড দিয়ে খানিকদূরে হেঁটে একটা পানের দোকান থেকে দিব্যি মিঠে পান কিনে পৌনে ন'টায় হোটেলে ঢুকতেই কেমন যেন একটা চাপা উত্তেজনার ভাব লক্ষ করলাম।

কারণ আর কিছুই না, পুলিশ এসেছে। একজন ইনস্পেক্টর গোছের লোক কাউন্টারের সামনে দাঁড়িয়েছিলেন, হোটেলের কর্মচারী একটা ইঙ্গিত করতেই তিনি ঘুরে লালমোহনবাবুর দিকে চাইলেন। ইনস্পেক্টরের চাহনিতে যদিও কোনও হুমকির ভাব ছিল না, পাশে একটা খট্ শব্দ শুনে বুঝলাম লালমোহনবাবুর দুটো হাঁটুতে ঠোকাঠুকি লেগে গেছে।

ইনস্পেক্টর হাসিমুখে লালমোহনবাবুর দিকে এগিয়ে এলেন। ফেলুদা শান্তভাবে লালমোহনবাবুর পিঠে একটা মৃদু চাপ দিয়ে বুঝিয়ে দিল—নার্ভাস হবেন না, ঘাবড়াবার কিছু নেই।

‘ইনস্পেক্টর পটবর্ধন। সি আই ডি থেকে আসছি। আপনি মিস্টার গাঙ্গুলী?’

‘হ্যাঁয়েস।’

এই রে, লালমোহনবাবু ইংরিজি-বাংলা গুলিয়ে ফেলেছেন।

পটবর্ধন ফেলুদার দিকে চাইলেন।

‘আপনারা—?’

ফেলুদা পকেট থেকে ওর প্রাইভেট ইনভেসটিগেটর লেখা কার্ডটা বার করে দিল।

পটবর্ধন সেটা পড়ে ফেলুদার দিকে একটা জিজ্ঞাসু দৃষ্টি দিলেন।

‘মিটার ? আপনিই কি এলোরার সেই মূর্তি চুরির—?’

ফেলুদা তার একপেশে হাসিটা হেসে মাথা নেড়ে হ্যাঁ বলল।

‘গ্ল্যাড টু মিট ইউ স্যার’, হাত বাড়িয়ে বললেন পটবর্ধন। ‘ইউ ডিড এ ভেরি গুড জব দেয়ার।’

ফেলুদার বন্ধু বলে লালমোহনবাবুর খাতির বেড়ে গেল ঠিকই, কিন্তু জেরার হাত থেকে তিনি রেহাই পেলেন না। কথা হল হোটেলের ম্যানেজারের ঘরে বসে।

পটবর্ধন যা বললেন তাতে জানলাম যে মৃতদেহের গায়ে নাকি অনেক আঙুলের ছাপ

পাওয়া গেছে, তবে খুনি এখনও ধরা পড়েনি। কিন্তু একজন লালশার্ট পরা লোক যে এয়ারপোর্ট থেকে শিবাজী কাসল-এ এসেছিল সেটা পুলিশ বার করেছে ট্যাক্সিওয়ালাটার সন্ধান বার করে। পুলিশের ধারণা এই লালশার্টই খুনি এবং তার পকেট থেকেই চিরকুটটা বেরিয়েছে। লালমোহনবাবুর কথা শুনে অবিশ্যি পটবর্ধনের ধারণা আরও বদ্ধমূল হল। বললেন, ‘এটা বুঝতেই পারছিলাম যে লোকটা গাঙ্গুলী নামে কাউকে মিট করতে গিয়েছিল এয়ারপোর্টে। আমরা গতকাল সকাল থেকে দুপুরের মধ্যে যত প্লেন স্যান্ডাক্রুজে নেমেছে, তার প্রত্যেকটার প্যাসেঞ্জার লিস্ট দেখে ক্যালকাটা ফ্লাইটে গাঙ্গুলী নামটা পাই। তারপর এখানের প্রত্যেক হোটেলে খোঁজ করি। দেখলাম শালিমার হোটেলে দুপুরে এসেছেন মিস্টার এল গাঙ্গুলী।’

পটবর্ধনের আসল যেটা জানার ছিল, সেটা হচ্ছে এই ব্যাপারে লালমোহনবাবুর ভূমিকাটা কী; অর্থাৎ ওই কাগজে তার নাম আর চেহারার বর্ণনা থাকবে কেন। লালমোহনবাবু মিস্টার সান্যালের ব্যাপারটা বলাতে পটবর্ধন বললেন, ‘হু ইজ দিস সানিয়াল? হাউ ওয়েল ডু ইউ নো হিম?’

লালমোহনবাবু যা বলবার বললেন। সান্যালের ঠিকানা জিজ্ঞেস করাতে বাধ্য হয়েই বলতে হল উনি জানেন না।

সবশেষে ইনস্পেক্টর পটবর্ধন ঠিক ফেলুদার মতো করেই সাবধান করে দিলেন লালমোহনবাবুকে। বললেন, ‘ঠিক এইভাবেই নিরীহ নির্দেশ লোকের হাত দিয়ে আজকাল চোরাই মাল পাচার হচ্ছে। কাঠমাণ্ডু থেকে কিছু দামি মণিমুক্তো এদেশে এসেছে বলে আমরা খবর পেয়েছি। শুনছি, তার মধ্যে নাকি নানাসাহেবের বিখ্যাত নওলাখা হারও আছে।’

সিপাহি বিদ্রোহের সময় একজন নানাসাহেব ব্রিটিশদের বিরুদ্ধে লড়েছিল বলে ইতিহাসে পড়েছি। পটবর্ধন সেই নানাসাহেবের কথা বলছেন কি না জানি না।

‘আমার বিশ্বাস এই প্যাকেটটাতেও কোনও চোরাই মাল ছিল’, বললেন পটবর্ধন। ‘যে গ্যাং এটা কলকাতা থেকে পাঠিয়েছে, তারই বিরুদ্ধ গ্যাংয়ের কেউ খবর পেয়ে শিবাজী কাসলের আশেপাশে ঘুরঘুর করছিল। সেই লোকই লালশার্টকে আক্রমণ করে, ফলে লালশার্টের হাতে তার মৃত্যু হয়।’

লালমোহনবাবু ধরেই নিয়েছিলেন যে, তাঁর নাম-লেখা কাগজ পুলিশের হাতে পড়াতে ওঁর ফাঁসি না-হয় যাবজ্জীবন দ্বীপান্তর হবেই। কেবল কয়েকটা উপদেশ-বাক্য শুনে ছাড়া পেয়ে যাওয়াতে ভদ্রলোকের চেহারা নতুন জেল্লা এসে গেল।

পুলকবাবু দশটা বলে এলেন প্রায় এগারোটায়। পুলিশের ব্যাপারটা শুনে বললেন, ‘আর বলবেন না—কাল কাগজ দেখেই বুকটা ছাঁৎ করে উঠেছে। লালুদার সঙ্গে নাম-ডেসক্রিপশন সব মিলে যাচ্ছে, অথচ পুরো ব্যাপারটাই আমার কাছে রহস্য।’

সান্যালের ঘটনাটা শুনে বললেন, ‘কোন সান্যাল বলুন তো? অহী সান্যাল? মাঝারি হাইট, চোখদুটো একটু বসা, খুতনিতে খাঁজ কাটা?’

‘খুতনি তো দেখিনি ভাই। দাড়ি আছে। বোধহয় আগে রাখতেন না।’

‘আমি দু বছর আগের কথা বলছি। একই লোক কি না জানি না। বোম্বেরে ছিল কিছু দিন। ছবিও প্রোডিউস করেছিল খান দু-এক। মার খেয়েছিল—যদূর মনে পড়ে।’

‘লোক কী রকম?’

‘সে খবর জানি না লালুদা, তবে বদনাম শুনি নি কখনও।’

‘তা হলে বোধহয় কাগজের প্যাকেটে কোনও গোলমাল নেই।’

‘দেখুন লালুদা, আজকাল নেহাত স্যাগলিং-টাগলিং হচ্ছে বলে, নইলে আমরাও তো

এককালে অনেক অচেনা লোকের হাত থেকে জিনিস নিয়ে এক জায়গা থেকে আর এক জায়গায় পৌঁছে দিয়েছি। কই, কোনওদিন তো কোনও গোলমাল হয়নি।’

যে গাড়িটা কাল ব্যবহার করেছিলাম, সেটাতেই আমরা চারজনে মহালক্ষ্মীর ফেমাস স্টুডিয়োতে গিয়ে হাজির হলাম। গাড়ি থেকে নামবার সময় পুলকবাবু বললেন, ‘আগামী কালের শুটিং-এ ট্রেনের ব্যাপারটায় রেল কোম্পানির লোকদের সঙ্গে ঠোকাঠুকি হচ্ছিল। খবরটা পেয়েই প্রোডিউসার রাভিরের প্লেন ধরে কলকাতা থেকে চলে এসেছেন। চলুন, আপনাদের সঙ্গে আলাপ করিয়ে দিচ্ছি।’

‘কালকের শুটিংটা হবে তো?’ লালমোহনবাবুর গলায় আশঙ্কার সুর।

‘শুটিং-এর ফাদার হবে লালুদা, ঘাবড়াইয়ে মং।’

আমরা একটা টিনের ছাতওয়ালা কারখানার ঘরের মতো বিরাট ঘরে গিয়ে ঢুকলাম। এখানেই শুটিং হয়, আর আজ এখানেই চলেছে কুং-ফুর ট্রেনিং। একটা প্রকাণ্ড গদির উপর ভিক্টর পেরুমলের নির্দেশে একদল লোক লাফাচ্ছে, পা ছুঁড়ছে, আছাড় খাচ্ছে। গদি থেকে হাত দশেক দূরে একটা বেতের চেয়ারে বসে আছেন একজন বছর পঁয়তাল্লিশের ভদ্রলোক।

‘আলাপ করিয়ে দিই’, বললেন পুলকবাবু, ‘ইনি হচ্ছেন আমাদের ছবির প্রযোজক মিঃ গোরে...মিস্টার গাঙ্গুলী, স্টোরি রাইটার—মিস্টার মিত্র, আর—তোমার নামটা কী ভাই?’

‘তপেশরঞ্জন মিত্র।’

মিঃ গোরের গাল দুটো আপেলের মতো, মাথার ঠিক মাঝখানে একটা চকচকে টাক, আর চোখদুটো সামান্য কটা। ভুঁড়িটা নিশ্চয়ই ইদানীং হয়েছে, কারণ শখ করে এত টাইট জামা কেউ পরে না। পুলকবাবু আলাপ করিয়ে দিয়ে হাওয়া, কারণ কালকের শুটিং-এর নাকি অনেক তোড়জোড় আছে। বলে গেলেন, ‘দেড়টায় ফিরছি লালুদা; আমার সঙ্গে লাঞ্চ খাচ্ছেন আপনারা।’

গোরে আমাদের খুব খাতির-টাতির করে চেয়ার আনিতে বসতে দিলেন। নিজে লালমোহনবাবুর পাশে বসে বললেন, ‘আপনি এলেন বলে আমি খুব খুশি হলাম।’

‘সে কী, আপনি তো দিব্যি বাংলা বলেন!’

লালমোহনবাবু বোধহয় তাঁর দশ হাজার পাওনার কথাটা ভেবেই একটু বেশি খুলে তারিফ করলেন।

‘আমার ফাদারের বিজনেস ছিল ক্যানিং স্ট্রিটে। থ্রি ইয়ারস আই ওয়াজ এ স্টুডেন্ট ইন ডন বসকো। দেন ফাদারের ডেথ হল, আমি আন্সেলের কাছে চলে এলাম বুস্বই। সে তখন থেকেই আই আম হিয়ার। লেकिन ফিলিম লাইনে দিস ইজ মাই ফার্স্ট ভেনচার।’

গোরে বাংলা জানেন দেখেই বোধহয় লালমোহনবাবু বেশ উৎসাহের সঙ্গে সান্যাল থেকে শুরু করে আজকের পুলিশের জেরা অবধি সব ঘটনা ভদ্রলোককে বলে ফেললেন। তাতে মিঃ গোরে চুকচুক শব্দ করে সহানুভূতি জানিয়ে বললেন, ‘আজকাল কাউকে বিসোয়াস করা যায় না, মিস্টার গাঙ্গুলী। আপনি এমিনেন্ট রাইটার, আপনার হাতে চোরাই মাল পাচার হবে ভাবতে শরম্ লাগে।’

এবার ফেলুদাও যোগ দিল কথায়।

‘আপনি তো শিবাজী কাস্লে থাকেন বলে শুনলাম।’

‘হাঁ। দুমাস হল আছি। হরিবল্ মার্ডার। ইভনিং ফ্লাইটে এসেছি আমি। বাড়ি ফিরেছি রাত ইগারটা। অ্যাট দ্যাট টাইম অলসো দেয়ার ওয়াজ এ বিগ ক্রাউড ইন দ্য স্ট্রিট। হাই-রাইজ বিল্ডিংমে খুনখারাবি হোনেসে বহুং হুজ্জং।’

‘ইয়ে—সেভেনটিনথ্ ফ্লোরে কে থাকে জানেন?’

‘সেভেনটিনথ...সেভেনটিনথ...’ ভদ্রলোক মনে করতে পারলেন না। ‘আমার চিনা আদমি এক হ্যায় এইটথ মে—এন সি মেহতা ; আউর দো মে ডক্টর ভাজিফদার। মাই ফ্ল্যাট ইজ অন টুয়েলফথ ফ্লোর।’

ফেলুদা আর কোনও প্রশ্ন করল না। মিঃ গোরেরও দেখলাম উঠি-উঠি ভাব। বললেন বহুৎ কামেলার প্রোডাকশন, সব সময় কিছু না কিছু কাজ লেগেই থাকে। তা ছাড়া কালকের শুটিংটা সত্যিই এলাহি ব্যাপার। মাথেরান স্টেশন থেকে ভাড়া করা ট্রেন খাঙলা আর লোনডিলির মাঝামাঝি লেভেল ক্রসিং-এ আসবে। মিঃ গোরে মাথেরানেই থাকবেন, কারণ রেল কোম্পানিকে পয়সাকড়ি দেওয়ার ব্যাপার আছে। একটা পুরনো আমলের ফার্স্ট-ক্লাস কামরা থাকবে ট্রেনে, মিঃ গোরে সেই কামরায় চেপেই শুটিং-এর জায়গায় আসবেন। ‘আমি খুব খুশি হব যদি আপনারা আমার সঙ্গে এসে লাঞ্চ করেন। আপনারা ভেজিটেরিয়ান কি?’

‘নো নো, নন নন’, বললেন লালমোহনবাবু।

‘হোয়াট উইল ইউ হ্যাভ ? চিকেন অর মটন?’

‘চিকেন হ্যাভ ইয়েসটারডে। মটনই হোক টুমরো ; কী বলেন, ফেলুবাবু?’

‘তথাস্ত’, বলল ফেলুদা।

ফেলুদা মিস্টার গোরের সব কথাই শুনছিল, কিন্তু তারই ফাঁকে ফাঁকে ওর চোখটা যে বারবার কুং-ফুর দিকে চলে যাচ্ছিল, সেটা আমি লক্ষ করছিলাম। ভিক্টর পেরুমলের ধৈর্য আর অধ্যবসায় দেখে সত্যিই অবাক হতে হয়। বোঝাই যাচ্ছে, ব্যাপারটাকে নিখুঁত না করে সে ছাড়বে না। যারা শিখছে, তাদের মধ্যে দু-একজন দেখলাম রীতিমতো তৈরি হয়ে গেছে।

পেরুমলকেও দেখছিলাম কাজের ফাঁকে ফাঁকে ফেলুদার দিকে দেখছে। ফেলুদার চাহনিতে তারিফের ভাবটা বোধহয় তাকে উৎসাহিত করছিল। গোরে চলে যাবার পর পেরুমল ফেলুদাকে ইশারা করে কাছে আসতে বলল। ফেলুদা হাতের সিগারেটটা ফেলে দিয়ে উঠে এগিয়ে গেল।

‘আইয়ে মিস্টার মিত্রা—ট্রাই কিজিয়ে—ইটস নট সো ডিফিকাল্ট।’

বাকি যারা ট্রেনিং নিচ্ছিল, তারা গদি ছেড়ে সরে গেল। পেরুমল একটা ছোট্ট লায়ফের সঙ্গে অভূত ভাবে ডান পা-টা মাথা অবধি তুলে সোজা সামনের দিকে ছিটকে দিল। পায়ের সামনে কেউ থাকলে নিশ্চয় ধরাশায়ী হত। ফেলুদা গদির উপর উঠে পাঁচ-ছ বার ছোট্ট ছোট্ট লাফ দিয়ে শরীরটাকে তৈরি করে নিল। পেরুমল ফেলুদার থেকে হাত চারেক দূরে দাঁড়িয়ে বলল, ‘আমার দিকে ছোঁড়ো পা।’

পেরুমলের জানার কথা নয় যে, এনটার দ্য ড্রাগন দেখার পর থেকে মাস কয়েক ধরে প্রায়ই সকালে ফেলুদা আমাদের বৈঠকখানায় কুং-ফুর ঢঙে হাত পা ছোঁড়া অভ্যাস করেছে। ফুর্তি ছাড়া এর পিছনে আর কোনও উদ্দেশ্য ছিল না ঠিকই, কিন্তু পা ছোঁড়ার কায়দাটা রপ্ত হয়ে গিয়েছিল।

ওয়ান-টু-থ্রি বলার সঙ্গে সঙ্গে ফেলুদার ডান পা-টা হোরাইজন্ট্যালভাবে বিদ্যুদ্বিগ্ণে সামনের দিকে ছিটকে গেল, আর সঙ্গে সঙ্গে পেরুমলের শরীরটা পিছনে ছিটকে গিয়ে আছাড় খেল গদির উপর—যদিও আমি জানি যে ফেলুদার পা তার গায়ে লাগেনি।

তারপর এইভাবে পাঁচ মিনিট ধরে চলল ভিক্টর পেরুমল আর প্রদোষ মিত্রির কুং-ফুর ডেমন্স্ট্রেশন। আমার দৃষ্টি চলে যাচ্ছিল পেরুমলের সাকরদেদের দিকে—দেড় মাস ধরে লাফ-ঝাঁপ করে যাদের জিভ বেরিয়ে এসেছে। এটা দেখে ভাল লাগল যে, হিংসার চেয়ে প্রশংসার ভাবটাই তাদের মুখে বেশি প্রকাশ পাচ্ছে। পাঁচ মিনিটের শেষে যখন দুজনে



হ্যাভশেক করে পরস্পরের পিঠ চাপড়াচ্ছে, তখন সকলে হাততালি দিয়ে উঠল।

৬

দুটো নাগাদ পুলকবাবু আর সংলাপ-লেখক ত্রিভুবন গুপ্তের সঙ্গে আমরা ওয়রলির কপার চিমনি রেস্টোরাঁয়ে লাক্স খেতে ঢুকলাম। দেখে মনে হয় তিলধরার জায়গা নেই, কিন্তু পুলকবাবু আমাদের জন্য একটা টেবিল আগে থেকেই রিজার্ভ করে রেখেছেন।

লালমোহনবাবু বললেন, ‘আমাদের ছবির নামটা কী হচ্ছে ভাই পুলক?’

নামের কথাটা অবিশ্যি আমারও অনেকবার মনে হয়েছে, কিন্তু জিজ্ঞেস করার সুযোগটা আসেনি। ‘বোম্বাইয়ের বোম্বেষ্টে’ নাম যে থাকবে না সেটা আমিও আন্দাজ করেছিলাম।

‘আর বলবেন না লালুদা’, বললেন পুলকবাবু। ‘নাম নিয়ে কি কম হুজুত গেছে? যা ভাবি, তাই দেখি হয় হয়ে গেছে, না হয় অন্য কোনও পার্টি রেজিস্ট্রি করে বসে আছে। গুপ্তজিকে জিজ্ঞেস করুন না, কত বিন্দ্র রজনী গেছে ওঁর নাম ভেবে বার করতে। শেষটায় এই তিনদিন আগে—যা হয় আর কী—হাই-ভোল্টেজ স্পার্ক।’

‘হাই-ভোল্টেজ স্পার্ক? ছবির নাম হাই-ভোল্টেজ স্পার্ক?’ লো-ভোল্টেজ গলার স্বরে জিজ্ঞেস করলেন জটায়ু।

পুলকবাবু হো-হো করে হেসে চারিদিকের টেবিলের লোকদের মাথা আমাদের দিকে ঘুরিয়ে দিয়ে বললেন, ‘মাথা খারাপ লালুদা? ও নামে ছবি চলে? আমি ইনস্পিরেশনের কথা

বলছি। 'জেট বাহাদুর।'

'জ্যা ?'

'জেট বাহাদুর। রাস্তায় হোর্ডিং পড়ে যাবে আপনারা থাকতে থাকতেই। ভেবে দেখুন—আপনার গল্পের এর চেয়ে ভাল নাম আর খুঁজে পাবেন না। অ্যাকশন, স্পিড, থ্রিল—জেট কথাটার মধ্যে আপনি সব পাবেন। প্লাস বাহাদুর। নাম আর কাস্টিং-এর জোরেই অল সার্কিটস সোল্ড।'

লালমোহনবাবুর হাসির ভোল্টেজটা যেন বাড়তে গিয়ে কমে গেল। বোধহয় ভাবছেন—শুধুই নাম আর কাস্টিং ? গল্পের কি তা হলে কোনও দামই নেই ?

'আমার কোনও ছবি আপনারা দেখেছেন, লালুদা ?' বললেন পুলকবাবু। 'তীরন্দাজটা হচ্ছে লোটারসে। আজ ইভনিং শো-এ দেখে আসুন। আমি ম্যানেজারকে বলে দেব—তিনখানা সার্কলের টিকিট রেখে দেবে। ভাল ছবি—জুবিলি করেছিল।'

আমরা পুলকবাবুর কোনও ছবি দেখিনি। লালমোহনবাবুর স্বাভাবিক কারণেই কৌতূহল ছিল, তাই যাব বলেই বলে দিলাম। বসেবেসে চেনাশোনা না থাকলে সন্ধে কাটানো ভারী মুশকিল। গাড়িটা আমাদের কাছেই থাকবে—তাকে বললেই লোটারসে নিয়ে যাবে।

খাবার মাঝখানে রেস্টোরাণ্টের একজন লোক পুলকবাবুকে এসে কী যেন বলল। পুলকবাবুর যে এখানে যাতায়াত আছে, সেটা ঢোকানোর সময় ওয়েটারদের মুখে হাসি দেখেই বুঝেছি। হিট ডিরেক্টরের এ শহরে খুব খ্যাতি।

পুলকবাবু কথাটা শুনেই লালমোহনবাবুর দিকে ফিরলেন।

'আপনার টেলিফোন, লালুদা।'

লালমোহনবাবু ভাগি়াস পোলাওয়ার চামচটা মুখে পোরেননি, তা হলে নির্যাত বিষম খেতেন। এ অবস্থায় চমকানোটা কেবল খানিকটা পোলাও চামচ থেকে ছিটকে টেবিলের চাদরে পড়ার উপর দিয়ে গেল।

'মিস্টার গোরে ডাকছেন', বললেন পুলকবাবু। 'হয়তো কিছু গুড নিউজ থাকতে পারে।'

মিনিট দুয়ের মধ্যে টেলিফোন সেরে এসে লালমোহনবাবু আবার কাঁটাচামচ হাতে তুলে নিয়ে বললেন, 'চারটের সময় ভদ্রলোকের বাড়িতে যেতে বললেন। কিছু অর্থপ্রাপ্তি আছে বলে মনে হচ্ছে—হে হে।'

তার মানে আজ বিকেলের মধ্যে লালমোহনবাবুর পকেটে দশ হাজার টাকা এসে যাবে। ফেলুদা বলল, 'এর পরের দিন লাঞ্চটা আপনার ঘাড়ে। আর কপার-টপার নয়, একেবারে গোল্ডেন চিমনি।'

কুমালি রুটি, পোলাও, নারগিসি কোফতা আর কুলপি খেয়ে যখন রেস্টোরাণ্ট থেকে বেরোলাম, তখন প্রায় পৌনে তিনটে। পুলকবাবু আর মিস্টার গুপ্তে স্টুডিও চলে গেলেন। সংলাপ এখনও কিছু লিখতে বাকি আছে। প্রত্যেকটা সংলাপ শানিয়ে লিখতে হয় তো, তাই নাকি সময় লাগে, বললেন পুলকবাবু। গুপ্তেজি চুরুটের ফাঁক দিয়ে একটু হাসলেন। ভদ্রলোক সংলাপ লিখলেও নিজে সংলাপ খুবই কম বলেন, সেটা লক্ষ করলাম।

আমরা পান কিনে গাড়িতে উঠলাম। 'শালিমার ?' ড্রাইভার জিজ্ঞেস করল।

ফেলুদা বলল, 'বসে এসে গেটওয়ায়ে অফ ইন্ডিয়া না দেখে যাওয়া যায় না।—চলিয়ে তাজমহল হোটেলকা পাস।'

'বহৎ আচ্ছা।'

ড্রাইভার বুঝেছিল আমাদের কোনও কাজ নেই, কেবল শহর দেখার ইচ্ছে, তাই সে দিবাঘুরিয়ে ভিক্টোরিয়া টার্মিনাস, ফ্লোরা ফাউন্টেন, টেলিভিশন স্টেশন, প্রিন্স অফ ওয়েলস

মিউজিয়াম ইত্যাদি দেখিয়ে সাড়ে তিনটে নাগাদ গেটওয়ে অফ ইন্ডিয়ার সামনে পৌঁছল। আমরা গাড়ি থেকে নামলাম।

পিছনে আরব্য সাগর, তাতে শুনে দেখলাম এগারোটা ছোট-বড় জাহাজ দাঁড়িয়ে আছে। এখানে রাস্তাটা পেছনায় চওড়া। বাঁ-দিকে গেটওয়ের দিকে মুখ করে ঘোড়ার পিঠে বসে আছেন ছত্রপতি শিবাজী। ডান পাশে দাঁড়িয়ে আছে পৃথিবী-বিখ্যাত তাজমহল হোটেল, যার ভিতরটা একবার দেখে না যাওয়ার কোনও মানে হয় না, কারণ বাইরেটা দেখেই আমাদের চক্ষু চড়কগাছ।

ঠাণ্ডা লবিতে ঢুকে চোখ একেবারে টেরিয়ে গেল। এ কোন দেশে এলাম রে বাবা! এত রকম জাতের এত লোক একসঙ্গে কখনও দেখিনি। সাহেবদের চেয়েও দেখলাম আরবদের সংখ্যা বেশি। এটা কেন হল? ফেলুদাকে জিজ্ঞেস করতে বলল, এবার বেরুট যাওয়া নিষেধ বলে আরবরা সব বোম্বাই এসেছে ছুটি ভোগ করতে। পেট্রোলের দৌলতে এদের তো আর পয়সার অভাব নেই।

মিনিট পাঁচেক পায়চারি করে আমরা আবার গাড়িতে এসে উঠলাম। যখন শিবাজী কাসলের লিফটের বেল টিপছি, তখন ঘড়িতে চারটে বেজে দু মিনিট।

টুয়েল্ফথ ফ্লোর বা তেরোতলায় পৌঁছে লিফট থেকে বেরিয়ে দেখি, তিন দিকে তিনটে দরজা। মাঝেরটার উপর লেখা জি গোরে। বেল টিপতে উর্দি-পরা বেয়ারা এসে দরজা খুলে দিল।

‘অন্দর আইয়ে।’

বুঝলাম, গোরে সাহেব চাকরকে আগেই বলে রেখেছিলেন আমাদের কথা।

ভিতরে ঢুকে ভদ্রলোককে চোখে দেখার আগে তার গলা পেলাম—‘আসুন, আসুন!’

এই বার দেখা গেল একটা সরু প্যাসেজের ভিতর দিয়ে তিনি হাসিমুখে এগিয়ে আসছেন আমাদের দিকে।

‘হাউ ওয়জ দি লাঞ্চ?’

‘ভেরি ভেরি গুড’, বললেন জটায়ু।

ভদ্রলোকের বৈঠকখানা দেখে তাক লেগে গেল। আমাদের কলকাতার বাড়ির প্রায় পুরো একতলাটাই এই ঘরের মধ্যে ঢুকে যায়। পশ্চিম দিকটায় সারবাঁধা কাচের জানলা দিয়ে সমুদ্র দেখা যাচ্ছে। ঘরের আসবাবপত্রের এক একটারই দাম হয়তো দু-তিন হাজার টাকা, তা ছাড়া মেঝে-জোড়া কার্পেট, দেওয়ালে পেন্টিং, সিলিং-এ ঝাড়-লঠন—এ সব তো আছেই। এক দিকে দেওয়ালজোড়া বুকশেলফে দামি দামি বইগুলো এত ঝকঝকে যে, দেখলে মনে হয় বুঝি এইমাত্র কেনা।

আমি আর ফেলুদা একটা পুরু গদিওয়ালা সোফাতে পাশাপাশি বসলাম, আর আমাদের ডান পাশে আর একটা গদিওয়ালা চেয়ারে বসলেন লালমোহনবাবু। বসার সঙ্গে সঙ্গেই একটা বিশাল কুকুর এসে ঘরের ঠিক মাঝখানে দাঁড়িয়ে আমাদের তিনজনের দিকে মাথা ঘুরিয়ে দেখতে লাগল। লালমোহনবাবু দেখলাম ফ্যাকাসে হয়ে গেছেন। ফেলুদা হাত বাড়িয়ে তুড়ি দিতে কুকুরটা ওর দিকে এগিয়ে এল। ও পরে বলেছিল যে, কুকুরটা জাতে হল গ্রেট ডেন।

‘ডিউক, ডিউক!’

কুকুরটা এবার ফেলুদাকে ছেড়ে দরজার দিকে এগিয়ে গেল। মিঃ গোরে আমাদের বসিয়ে দিয়ে একটু ঘর থেকে বেরিয়েছিলেন, এবার হাতে একটা খাম নিয়ে ঢুকে লালমোহনবাবুর অন্য পাশের চেয়ারে বসলেন।

‘আমি আপনার বেপারটা রেডি করে রাখব ভেবেছিলাম’, বললেন মিঃ গোরে, ‘কিন্তু তিনটা ট্রাক কল এসে গেল।’

ভদ্রলোক খামটা লালমোহনবাবুর দিকে এগিয়ে দিলেন। মনের জোরে হাত কাঁপা বন্ধ করে লালমোহনবাবু সেটা নিয়ে তার ভিতর থেকে টেনে বার করলেন একতাড়া একশো টাকার নোট।

‘গিনতি করিয়ে লিন’, বললেন মিঃ গোরে।

‘গিনব?’

আবার ভাষার গণ্ডগোল।

‘গিনবেন আলবৎ। দেয়ার শুড বি ওয়ান হান্ড্রেড নোটস দেয়ার।’

যে সময়ে লালমোহনবাবু গোনা শেষ করলেন, তার মধ্যে রূপোর টি-সেটে আমাদের জন্য চা এসে গেছে। খেয়ে বুঝলাম একেবারে সেরা দার্জিলিং টি।

‘আপনার পরিচয় আভি তক মিলল না’, গোরে বললেন ফেলুদার দিকে চেয়ে।

ফেলুদা বলল, ‘মিস্টার গাঙ্গুলীর ফ্রেন্ড—এই আমার পরিচয়।’

‘নো স্যার’, বললেন গোরে, ‘দ্যাট ইজ নট এনাফ। ইউ আর নো অর্ডিনারি পারসন—আপনার চোখ, আপনার ভয়েস, আপনার হাইট, ওয়ক, বডি—নাথিং ইজ অর্ডিনারি। আপনি হামাকে যদি নাই বলবেন তো ঠিক আছে। লেकिन শ্রিফ মিস্টার গাঙ্গুলীর দোস্ত যদি বলেন, উ তো হামি বিসোয়াস করব না।’

ফেলুদা অল্প হেসে চায়ে চুমুক দিয়ে প্রসঙ্গটা চেঞ্জ করে ফেলল।

‘আপনার অনেক বই আছে দেখছি।’

‘হাঁ—বাট আই ডোন্ট রিড দেম! উ সব কিতাব ওনলি ফর শো। তারাপোরওয়ালা দুকানে রেগুলার অর্ডার—এনি গুড বুক দ্যাট কামস আউট—এক কপি হামাকে পাঠিয়ে দেয়।’

‘একটা বাংলা বইও চলে এসেছে দেখছি।’

চোখ বটে ফেলুদার! ওই সারি সারি বিলিতি বইয়ের মধ্যে পনেরো হাত দূর থেকে ধরে ফেলেছে যে, একটা বই বাংলা।

মিঃ গোরে হেসে উঠলেন। ‘শুধু বাংলা কেন মিঃ মিটার, হিন্দি, মারাঠি, গুজরাটি, সব আছে। আমার এক আদমি আছে—বাংলা হিন্দি গুজরাটি তিন ভাষা জানে; ও-ই তিন ভাষায় নভেল পড়ে হামাকে সিনপসিস করে দেয়। মিঃ গাঙ্গুলীর কিতাব কে ভি আউটলাইন পড়িয়েছি আমি। ইউ সি, মিস্টার মিটার, ফিল্ম বানানেকে লিয়ে তো—’

ঘরে টেলিফোন বেজে উঠেছে। মিঃ গোরে উঠে গেলেন। দরজার পাশে একটা তেপায়া টেবিলে রাখা সাদা টেলিফোন।

‘হ্যালো...হাঁ...হোল্ড অন। —আপনার টেলিফোন, মিস্টার গাঙ্গুলী।’

লালমোহনবাবুকে বার বার এভাবে চমকাতে হচ্ছে—আশা করি তাতে ওঁর হার্ট-টার্টের কোনও ক্ষতি হচ্ছে না।

‘পুলকবাবু কি?’ টেলিফোনের দিকে যাবার পথে ভদ্রলোক প্রশ্ন করলেন।

‘নো স্যার, বললেন মিঃ গোরে। ‘আই ডোন্ট নো দিস পারসন।’

‘হ্যালো।’

ফেলুদা আড়চোখে দেখছে লালমোহনবাবুর দিকে।

‘হ্যালো...হ্যালো...’

লালমোহনবাবু ভ্যাবাচ্যাকা ভাব করে আমাদের দিকে চাইলেন।



‘কেউ বলছে না কিছু।’

‘লাইন কাট গিয়া হোগা’, বললেন মিস্টার গোরে।

লালমোহনবাবু মাথা নাড়লেন। ‘অন্য সব শব্দ পাচ্ছি টেলিফোনে।’

এবার ফেলুদা উঠে গিয়ে লালমোহনবাবুর হাত থেকে টেলিফোনটা নিয়ে নিল।

‘হ্যালো, হ্যালো...’

ফেলুদা মাথা নেড়ে ফোন রেখে বলল, ‘ছেড়ে দিয়েছে।’

‘আশ্চর্য’, বললেন লালমোহনবাবু, ‘কে হতে পারে, বলুন তো?’

‘ও নিয়ে চিন্তা করবেন না, মিস্টার গাঙ্গুলী’, বললেন মিঃ গোরে। ‘বোম্বাই শহরে এই রকম হামেশা হয়।’

ফেলুদার দেখাদেখি আমরাও চেয়ার ছেড়ে উঠে পড়লাম। লালমোহনবাবুর পকেটে এত টাকা বলেই বোধহয় রহস্যজনক ফোনের ব্যাপারটা ঠুঁকে ততটা ভাবাল না। বেশ নিশ্চিতভাবেই ভদ্রলোক পরের কথাটা বললেন মিঃ গোরেকে।

‘আমরা আজ পুলকবাবুর ফিলিম দেখতে যাচ্ছি লোটােসে।’

‘হাঁ, হাঁ যাবেন বইকী। ভেরি গুড ডিরেক্টার পুলকবাবু। জেট বাহাদুর ভি বকস অফিস হিট হোগা জরুর।’

দরজার মুখ পর্যন্ত এলেন মিঃ গোরে। ‘ডোন্ট ফরগেট অ্যাবাউট লাঞ্চ টুমরো। ট্রানসপোর্ট আছে তো আপনাদের সঙ্গে?’

আমরা আশ্বাস দিলাম যে, সকাল থেকে রাত অবধি গাড়ির ব্যবস্থা করে দিয়েছেন

পুলকবাবু ।

বাইরে বেরিয়ে এসে লিফটের বোতাম টিপে ফেলুদা বলল, ‘মানি কাকে বলে দেখলেন তো লালমোহনবাবু ?’

‘দেখলাম কি মশাই, তার খানিকটা তো আমার পকেটেই রয়েছে ।’

‘নসি়, নসি় । লাখ টাকাও এদের কাছে নসি় । টাকাটা দিয়ে রসিদ লিখিয়ে নিল না, সেটা দেখলেন তো ? তার মানে আপনার পকেটটা কালো হয়ে গেছে কিন্তু । অর্থাৎ এই আপনার অন্ধকারে পদার্পণ শুরু ।’

ঘড়াং শব্দে লিফটটা উপরের কোনও ফ্লোর থেকে নেমে এসে আমাদের সামনে থামল ।

‘সে আপনি যাই বলুন ফেলুবাবু, পকেটে টাকা এলে তা সে কালোই হোক, আর—’

ফেলুদা লিফটে ঢোকান জন্য দরজা খুলেছিল, আর তার ফলেই জটায়ুর কথা বন্ধ ।

লিফটের ভিতর থেকে এক ঝলক উগ্র গন্ধ । গুলবাহার সেন্ট । এ গন্ধ আমরা তিনজনেই চিনি ; বিশেষ করে লালমোহনবাবু ।

টিপ্ টিপ্ বুক ফেলুদার পিছন পিছন লিফটে ঢুকে গেলাম ।

আমি একটা কথা না বলে পারলাম না ।

‘গুলবাহার সেন্ট মিঃ সান্যাল ছাড়াও ভারতবর্ষের অনেকেই নিশ্চয়ই ব্যবহার করে ।’

ফেলুদা কথাটার জবাবের বদলে গম্ভীরভাবে সতেরো নম্বর বোতাম টিপল । আমরা আরও পাঁচতলা ওপরে উঠে গেলাম ।

অন্যান্য তলার মতোই সতেরো নম্বরেও তিনখানা ঘর । বাঁ দিকের দরজায় লেখা এইচ হেক্রথ । ফেলুদা বলল, জার্মান নাম । ডান দিকের দরজায় লেখা এন সি মানসুখানি । নিষাত সিন্ধি নাম । মাঝখানের দরজায় কোনও নাম নেই ।

‘ফ্ল্যাট খালি’, বললেন লালমোহনবাবু ।

‘নাও হতে পারে’, বলল ফেলুদা । ‘সবাই দরজায় নাম লাগায় না । ইন ফ্যাক্ট, আমার বিশ্বাস এ ফ্ল্যাটে লোক রয়েছে ।’

আমরা দুজনেই ফেলুদার দিকে চাইলাম ।

‘যে কলিং বেলের বোতাম ব্যবহার হয় না, তাতে ধুলো জমে থাকা উচিত । অথচ এটা ভাল করে কাছ থেকে দেখুন, আর অন্য দুটোর সঙ্গে মিলিয়ে দেখুন ।’

কাছে গিয়ে দেখেই বুঝলাম, ফেলুদা ঠিক বলেছে । দিব্যি চকচক করছে বোতাম, ধুলোর লেশমাত্র নেই ।

‘টিপবেন নাকি ?’ কাঁপা গলায় প্রশ্ন করলেন লালমোহনবাবু ।

ফেলুদা অবিশ্যি বোতাম টিপল না । তার বদলে যেটা করল, সেটা আরও অনেক বেশি তাজ্জব ব্যাপার । —মাটিতে উপুড় হয়ে সটান শুয়ে নাকটা লাগিয়ে দিল দরজার নীচে আধ ইঞ্চি ফাঁকটাতে । তারপর বার দুয়েক জোরে নিশ্বাস টেনে উঠে পড়ে বলল, ‘কড়া কফির গন্ধ ।’

তারপর যেটা করল, সেটাও অদ্ভুত । লিফট ব্যবহার না করে আঠারো তলা থেকে সিঁড়ি ধরে নামতে শুরু করল । প্রত্যেক তলাতেই থেমে প্রায় আধ মিনিট ধরে ঘুরে ঘুরে কী যে দেখল, তা ওই জানে ।

সব সেরে নীচে যখন নামলাম, তখন ঘড়িতে পাঁচটা বেজে দশ ।

বেশ বুঝতে পারছি যে, বসে এসে আমরা একটা প্যাঁচালো রহস্যের মধ্যে জড়িয়ে পড়েছি ।

‘আপনাকে একটু জেরা করলে আপনার আপত্তি হবে না আশা করি ।’

কথাটা বলল ফেলুদা, লালমোহনবাবুকে উদ্দেশ্য করে । মিনিট দশেক হল শিবাজী কাস্‌ল থেকে ফিরেছি—রিসেপশনে খবর পেয়েছি যে এই আধ ঘন্টা আগে—তার মানে যখন আমরা শিবাজী কাস্‌লের সিঁড়ি দিয়ে নামছিলাম তখন—লালমোহনবাবুর একটা ফোন এসেছিল ; কে করেছিল তা জানা নেই ।

‘আসলে পুলকই বারবার করছে’, বললেন লালমোহনবাবু । ‘পুলক ছাড়া আর কেউ হতে পারে না ।’

এখন আমাদের ঘরে বসে ফেলুদার প্রশ্নটা শুনে লালমোহনবাবু বললেন, ‘পুলিশের জেরাতেই যখন ফ্লাইং কালারসে বেরিয়ে এলাম, তখন আর আপনার জেরায় কী আপত্তি থাকতে পারে ?’

‘আচ্ছা, মিঃ সান্যালের প্রথম নামটা তো আপনার জানা নেই ।’

‘না মশাই, ওটা জিজ্ঞেস করা হয়নি ।’

‘লোকটার একটা পরিষ্কার বর্ণনা দিন তো । আপনার বইয়ে যে রকম আধাখঁচড়া বর্ণনা থাকে, সে রকম নয় ।’

লালমোহনবাবু গলা খাঁকরিয়ে ভুরু কঁচকোলেন ।

‘হাইট...এই ধরুন গিয়ে—’

‘আপনি কি একটা মানুষের হাইটটাই প্রথম দেখেন ?’

‘তা তেমন তেমন লম্বা বা বেঁটে হলে—’

‘ইনি কি খুব লম্বা ?’

‘তা অবিশ্যি না ।’

‘খুব বেঁটে ?’

‘না, তাও অবিশ্যি না ।’

‘তা হলে হাইট পরে । আগে মুখ বলুন ।’

‘সন্ধ্যাবেলায় দেখেছি ; আমার বাইরের ঘরের বাল্‌বটা আবার চল্লিশ পাওয়ারের ।’

‘তাও বলুন ।’

‘চওড়া মুখ । চোখ, আপনার—ইয়ে, চোখে চশমা ; দাড়ি আছে, চাপ দাড়ি, গোঁফ আছে—দাড়ির সঙ্গে জোড়া—’

‘ফ্রেঞ্চকাট ?’

‘এই সেরেছে । না, তা বোধহয় না । বুলপির সঙ্গেও জোড়া ।’

‘তারপর ?’

‘কাঁচাপাকা মেশানো চুল । ডান দিকে—না না, বাঁ দিকে সিঁথি ।’

‘দাঁত ?’

‘পরিষ্কার । ফল্‌স-টিথ বলে তো মনে হল না ।’

‘গলার স্বর ?’

‘মাঝারি । মানে, মোটাও না সরুও না ।’

‘হাইট ?’

‘মাঝারি ।’

‘ভদ্রলোক আপনাকে একটা ঠিকানা দিয়েছিলেন না ? বস্‌মের ? বলেছিলেন অসুবিধা হলে

একে ফোন করবেন—বেশ হেল্পফুল ?’

‘দেখেছেন ! বেমালুম ভুলে গেসলুম ! আজ যখন পুলিশ জেরা করল, তখনও বলতে ভুলে গেলুম ।’

‘আমাকে বললেই চলবে ।’

‘দাঁড়ান, দেখি ।’

লালমোহনবাবু মানিব্যাগ থেকে একটা ভাঁজ-করা নীল কাগজ বার করে ফেলুদাকে দিলেন । ফেলুদা সেটা খুব মন দিয়ে দেখল, কারণ লেখাটা মিঃ সান্যালের নিজের । তার পর কাগজটা আবার ভাঁজ করে নিজের ব্যাগের মধ্যে রেখে দিয়ে বলল :

‘তোপ্সে, নম্বরটা চা তো—টু ফাইভ থ্রি ফোর ওয়ান এইট ।’

আমি অপারেটরকে নম্বর দিয়ে দিলাম । ফেলুদা ইংরাজিতেই কথা বলল ।

‘হ্যালো, মিস্টার দেশাই আছেন ?’

আচ্ছা ফ্যাসাদ । এই নম্বরে মিঃ দেশাই বলে কেউ নাকি থাকেই না । যিনি থাকেন, তাঁর পদবি পারেখ, আর গত দশ বছর তিনি এই নম্বরেই আছেন ।

‘লালমোহনবাবু’, ফেলুদা ফোনটা রেখে বলল, ‘সান্যালকে আপনার নেকস্ট গল্প বিক্রি করার আশা ছাড়ুন । লোকটি অত্যন্ত গোলমেলে এবং আমার বিশ্বাস আপনি যে প্যাকেটটি বয়ে আনলেন, সেটিও অত্যন্ত গোলমেলে ।’

লালমোহনবাবু মাথা চুলকে দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘সত্যি বলতে কী মশাই, লোকটিকে আমারও কেন জানি বিশেষ সুবিধের বলে মনে হয়নি ।’

ফেলুদা হুমকি দিয়ে উঠল ।

‘আপনার ওই “কেন জানি” কথাটা আমার মোটেই ভাল লাগে না । কেন সেটা জানতে হবে, বলতে হবে । চেষ্টা করে দেখুন তো পারেন কি না ।’

লালমোহনবাবুর অবিশিষ্ট ফেলুদার কাছে ধমক খাওয়ার অভ্যেস আছে । এটাও জানি যে উনি সেটা মাইন্ড করেন না, কারণ ধমক খেয়ে খেয়ে ওঁর লেখা যে অনেক ইমপ্রুভ করে গেছে, সেটা উনি নিজেই স্বীকার করেন ।

লালমোহনবাবু সোজা হয়ে বসলেন । ‘এক নম্বর, লোকটা সোজাসুজি মুখের দিকে তাকিয়ে কথা বলে না । দুই নম্বর, সব কথা অত গলা নামিয়ে বলার কী দরকার তাও জানি না । যেন কোনও গোপন পরামর্শ করতে এসেছেন । তিন নম্বর...’

দুঃখের বিষয়, তিন নম্বরটা যে কী, সেটা লালমোহনবাবু অনেক ভেবেও মনে করতে পারলেন না ।

সাড়ে ছটায় লোটােসে ইভনিং শো, তাই আমরা ছটা নাগাদ উঠে পড়লাম । আমরা মানে আমি আর লালমোহনবাবু । ফেলুদা বলল যাবে না, কাজ আছে । ব্যাগের ভিতর থেকে ওর সবুজ নোটবইটা বেরিয়ে এসেছে, তাই কাজটা যে কী সেটা বুঝতে বাকি রইল না ।

ওয়ার্লিতে ফিরে যেতে হল আমাদের, কেননা সেখানেই লোটারাস সিনেমা । লালমোহনবাবুর বেশ নার্ভাস অবস্থা ; পুলকবাবু কেমন পরিচালক, সেটা ‘তীরন্দাজ’ ছবি দেখেই মালুম হবে । বললেন, ‘তিনটে ছবি যখন পর পর হিট করেছে, তখন একেবারে কি আর ওয়্যাক-থু হবে ? কী বলো, তপেশ ?’

আমি আর কী বলব ? আমি নিজেও তো ঠিক ওই কথাটা ভেবেই মনে জোর আনছি ।

পুলকবাবু ম্যানেজারকে বলতে ভোলেননি ; রয়েল সার্কলে তিনটে সিট আমাদের জন্য রাখা ছিল । এটা ছবির রিপিট শো, তাই হলে এমনিতেই অনেক সিট খালি ছিল ।

ইন্টারভ্যালের আগেই বুঝতে পারলাম যে ‘তীরন্দাজ’ হচ্ছে একেবারে সেন্ট পার্সেফিট

কোডোপাইরিন-মার্কা ছবি । এর মধ্যেই অন্ধকারে বেশ কয়েকবার আমরা দুজনে পরস্পরের দিকে মুখ চাওয়াচাওয়ি করেছি । হাসি পাচ্ছিল, আবার সেই সঙ্গে জেট বাহাদুরের কী অবস্থা হবে আর তার ফলে জটায়ুর কী অবস্থা হবে, সেটা ভেবে কষ্টও হচ্ছিল । ইন্টারভ্যালো বাতি জ্বললে পর লালমোহনবাবু দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘গড়পারের ছেলে—তুই অ্যাডিন এই করে চুল পাকালি ?’ তারপর একটা গ্যাপ দিয়ে আমার দিকে ফিরে বললেন, ‘ফি পুজোয় পাড়ায় একটা করে থিয়েটার করত ; যদূর মনে পড়ছে বি কম ফেল ;—তার কাছ থেকে আর কী আশা করা যায়, বলো তো ?’

ইন্টারভ্যালোর শেষে বাতি নেভার সঙ্গে সঙ্গে আমরা হল ছেড়ে বেরিয়ে এলাম । ভয় ছিল, পুলকবাবু বা তার দলের কেউ যদি বাইরে থাকে ; কিন্তু সে রকম কাউকে দেখলাম না ।

‘যদি জিজ্ঞেস করে তো বলে দেব ফার্স্ট ক্লাস । পকেটে করকরে নোটগুলো না থাকলে মনটা সতাই ভেঙে যেত তপেশ ।’

গাড়িটা হাউসের সামনেই উলটোদিকের ফুটপাতে পার্ক করা ছিল । লালমোহনবাবু সে দিকে না গিয়ে একটা দোকানে ঢুকে এক ঠোঙা ডালমুট, দু প্যাকেট মাংঘারামের বিস্কুট, ছটা কমলালেবু আর এক প্যাকেট প্যারির লজধুস কিনে নিলেন । বললেন, হোটেলের ঘরে বসে বসে হঠাৎ হঠাৎ খিদে পায়, তখন এগুলো কাজে দেবে ।

দুজনে দুহাত বোঝাই প্যাকেট নিয়ে গাড়িতে উঠলাম, আর উঠেই বাঁই করে মাথাটা ঘুরে গেল ।

গাড়ির ভিতরে গুলবাহার সেন্টের গন্ধ ।

আসার সময় ছিল না ; এই দেড় ঘণ্টার মধ্যে হয়েছে ।

‘মাথা কিম কিম করছে, তপেশ’, বললেন লালমোহনবাবু । ‘এ ভূতের উপদ্রব ছাড়া আর কিছুই না । সান্যাল খুন হয়েছে, আর তার সেন্ট-মাথা ভূত আমাদের ঘাড়ে চেপেছে ।’

আমার মনে হল—ঘাড়ে নয়, গাড়িতে চেপেছে ; কিন্তু সেটা আর বললাম না ।

ড্রাইভারকে জিজ্ঞেস করাতে সে বলল, সে বেশির ভাগ সময় গাড়িতেই ছিল, কেবল মিনিট পাঁচেকের জন্য কাছেই একটা রেডিয়ো-টেলিভিশনের দোকানের সামনে দাঁড়িয়ে ‘ফুল খিলে হয় গুলশন গুলশন’ দেখেছে । হ্যাঁ, গন্ধ সেও পাচ্ছে বইকী, কিন্তু গাড়ির ভিতরে কী করে এমন গন্ধ হয়, সেটা কিছুতেই তার মগজে ঢুকছে না । ব্যাপারটা তার কাছেও একেবারেই আজব ।

হোটেল ফিরে এসে কথাটা ফেলুদাকে বলতে ও বলল, ‘রহস্য যখন জাল বিস্তার করে, তখন এইভাবেই করে, লালমোহনবাবু । এ না হলে জাত-রহস্য হয় না, আর তা না হলে ফেলু মিস্তিরের মস্তিষ্কপুষ্টি হয় না ।’

‘কিন্তু—’

‘আমি জানি আপনি কী প্রশ্ন করবেন, লালমোহনবাবু । না, কিনারা এখনও হয়নি । এখন শুধু জালের ক্যারেকটারটা বোঝার চেষ্টা করছি ।’

‘তুমি বেরিয়েছিলে বলে মনে হচ্ছে ?’—আমি ধাঁ করে একটা গোয়েন্দা-মার্কা প্রশ্ন করে বসলাম ।

‘সাবাস তোপ্‌সে । তবে হোটেল থেকে বেরোইনি । এটা নীচে রিসেপশনেই দিল ।’

ফেলুদার পাশে একটা ইন্ডিয়ান এয়ার লাইনসের টাইমটেবল ছিল, সেটা দেখেই আমি প্রশ্নটা করেছিলাম ।

‘দেখছিলাম কাঠমাণ্ডু থেকে কটা ফ্লাইট কলকাতায় আসে, আর কখন আসে ।’

কাঠমাণ্ডু বলতেই একটা জিনিস ফেলুদাকে জিজ্ঞেস করার কথা মনে পড়ে গেল।

‘আচ্ছা, ইনস্পেক্টর পটবর্ধন যে নানাসাহেবের কথা বলেছিলেন, সেটা কোন নানাসাহেব?’

‘ভারতবর্ষের ইতিহাসে একজন নানাসাহেবই বিখ্যাত।’

‘যিনি সিপাহি বিদ্রোহে ব্রিটিশদের সঙ্গে লড়েছিলেন?’

‘লড়েওছিলেন, আবার তাদের কাছ থেকে আত্মরক্ষার জন্য দেশ ছেড়ে পালিয়েও ছিলেন। হাজির হয়েছিলেন গিয়ে একেবারে কাঠমাণ্ডু। সঙ্গে ছিল মহামূল্য ধনরত্ন—ইনকুডিং হিরে আর মুক্তোয় গাঁথা একটি হার—যার নাম নওলাখা। সেই হার শেষ পর্যন্ত চলে যায় নেপালের জং বাহাদুরের কাছে। তার পরিবর্তে জং বাহাদুর দুটি গ্রাম দিয়েছিলেন নানাসাহেবের স্ত্রী কাশীবাদিকে।’

‘এই হার কি নেপাল থেকে চুরি হয়ে গেছে নাকি?’

‘পটবর্ধনের কথা শুনে তো তাই মনে হয়।’

‘আমি কি ওই হারই পাচার করে বসলুম নাকি মশাই?’ লালমোহনবাবু তারস্বরে চোঁচিয়ে প্রশ্নটা করলেন। ফেলুদা বলল, ‘ভেবে দেখুন। ইতিহাসে হিরের অক্ষরে লেখা থাকবে আপনার নাম।’

‘কিন্তু...কিন্তু... সে তো তা হলে যথাস্থানে পৌঁছে গেছে। সে জিনিস দেশ থেকে বাইরে যায় কি না যায় সে তো দেখবে পুলিশ। আপনি কী নিয়ে এত ভাবছেন? আপনি নিজেই কি এই স্মাগলারদের—’

ঠিক এই সময়ই টেলিফোনটা বেজে উঠল। আর লালমোহনবাবুর দিকেই ওটা ছিল বলে উনি তুলে নিলেন। ‘হ্যালো—হ্যাঁ, মানে ইয়েস—স্পিকিং।’

লালমোহনবাবুরই ফোন। বোধ হয় পুলকবাবু। না, পুলকবাবু না। পুলকবাবু এমন কিছু বলতে পারেন না যাতে লালমোহনবাবুর মুখ অতটা হাঁ হয়ে যাবে, আর টেলিফোনটা কাঁপতে কাঁপতে কান থেকে পিছিয়ে আসবে।

ফেলুদা ভদ্রলোকের হাত থেকে ফোনটা নিয়ে একবার কানে দিয়ে বোধহয় কিছু না শুনতে পেয়েই সেটাকে যথাস্থানে রেখে দিয়ে প্রশ্ন করল, ‘সান্যাল কি?’

মাথা নেড়ে হ্যাঁ বলতেও যেন কষ্ট হল ভদ্রলোকের। বুঝলাম মাস্‌লগুলো ঠিকভাবে কাজ করছে না।

‘কী বলল?’ আবার ফেলুদা।

‘বলল—’ লালমোহনবাবু গা-ঝাড়া দিয়ে মনে সাহস আনার চেষ্টা করলেন।

‘বলল—মু-মুখ খুললে পেপ্-পেট ফাঁক করে দেবে।’

‘যাক—ভাল কথা।’

‘অ্যা!’—বোকার মতো ফ্যালফ্যাল করে ফেলুদার দিকে চাইলেন লালমোহনবাবু। আমার কাছেও এই অবস্থায় ফেলুদার হাঁপ ছাড়াটা বেয়াড়া বলে মনে হচ্ছিল। ফেলুদা বলল, ‘শুধু গুলবাহারের গন্ধে হচ্ছিল না। ক্লু হিসেবে ওটা বড্ড পলকা। এমনকী লোকটা সতি করে বসে এসেছে না অন্য কেউ সেস্টটা ব্যবহার করছে, সেটাও বোঝা যাচ্ছিল না। এখন অন্তত শিওর হওয়া গেল।’

‘কিন্তু আমার পেছনে লাগা কেন?’

মরিয়া হয়ে প্রশ্নটা করলেন লালমোহনবাবু।

‘সেটা জানলে তো বাজিমাৎ হয়ে যেত লালমোহনবাবু। সেটা জানার জন্য একটু ধৈর্য ধরতে হবে।’

লালমোহনবাবু ডিনারে বিশেষ সুবিধে করতে পারলেন না, কারণ ওঁর নাকি একদম খিদে নেই। ফেলুদা বলল তাতে কিছু এসে যাবে না, কারণ দুপুরে কপার চিমনিতে পেট পুজোটা ভালই হয়েছে। সত্যি বলতে কী, আমাদের মধ্যে লালমোহনবাবুই সবচেয়ে বেশি খেয়েছিলেন।

খাওয়ার পর গতকাল তিনজনেই বেরিয়ে গিয়ে পান কিনেছিলাম। আজ লালমোহনবাবু কিছুতেই বেরোতে চাইলেন না। বললেন, ‘ওই ভিড়ের মধ্যে কে যাচ্ছে মশাই? সান্যালের লোক নিঘাত হোটেল ওয়াচ করচে, বেরোলেই চাকু।’

শেষ পর্যন্ত ফেলুদাই বেরোল, লালমোহনবাবু আমাদের ঘরে আমার সঙ্গে বসে রইলেন, আর বার বার খালি বলতে লাগলেন, ‘কী কুক্ষণেই বইয়ের প্যাকেটটা নিয়েছিলাম।’ ক্রমে বর্তমান সংকটের মূল কারণ খুঁজতে খুঁজতে ‘কী কুক্ষণেই হিন্দি ছবির জন্য গল্প লিখেছিলাম’, আর সব শেষে ‘কী কুক্ষণেই রহস্য উপন্যাস লিখতে শুরু করেছিলাম’ পর্যন্ত চলে গেলেন।

‘আপনার একা শুতে ভয় করবে না তো?’ ফেলুদা পান বিলি করে জিঙ্কস করল। লালমোহনবাবু কোনও উচ্চবাচ্য করছেন না দেখে ফেলুদা আশ্বাস দিয়ে বলল, ‘আমাদের ঘর থেকে বেরিয়েই প্যাসেজের ধারে একটা ছোট্ট ঘর আছে দেখেছেন তো? ওখানে সব সময় বেয়ারা থাকে। হোটеле সারা রাত কেউ না কেউ জেগে থাকে। এ তো আর শিবাজী কাসল না।’

শিবাজী কাসল নামটা শুনে লালমোহনবাবু আরেকবার শিউরে উঠলেন, কিন্তু শেষ পর্যন্ত মনে সাহস এনে দশটা নাগাদ গুডনাইট করে নিজের ঘরে চলে গেলেন।

সারা দিন বসে চষে বেড়ানোর চেয়েও পুলকবাবুর ছবির অর্ধেক দেখে অনেক বেশি কাহিল লাগছিল, তাই জটায়ু চলে যাবার মিনিট দশেকের মধ্যেই শুয়ে পড়লাম। ফেলুদা যে এখন শোবে না, সেটা জানি। ওর নোটবুকটা খাটের পাশেই টেবিলের উপর রাখা রয়েছে, সারা দিন খেপে খেপে তাতে অনেক কিছু লেখা হয়েছে, হয়তো আরও কিছু লেখা হবে।

আমি অনেক দিন চেষ্টা করেছি রাত্রে বিছানায় শুয়ে চোখ বুজে খেয়াল রাখতে ঠিক কোন সময় ঘুমটা আসে, কিন্তু প্রতিবারই পরদিন সকালে উঠে বুঝেছি ঘুমটা কখন জানি আমার অজান্তেই এসে গেছে। আজও কখন ঘুমিয়েছি সেটা টের পাইনি। ঘুমটা ভাঙল দরজায় ঘন ঘন ধাক্কা, আর সেই সঙ্গে বোতাম টেপার চ্যাঁ শব্দে। উঠে দেখি, ফেলুদার ল্যাম্প তখনও জ্বলছে আর বালিশের পাশে রাখা আমার ঘড়িতে বলছে পৌনে একটা। ফেলুদা দরজা খুলতেই হুমড়ি দিয়ে প্রবেশ করলেন জটায়ু।

লালমোহনবাবু হাঁপালেও তিনি যে খুব ভয় পেয়েছেন সেটা কিন্তু মনে হল না, আর যে-কথাটা বললেন ঘরে ঢুকেই, সেটাও ভয়ের কথা নয়।

‘কেলেক্সারিয়াস ব্যাপার মশাই!’

‘আগে খাটে এসে বসুন’, বলল ফেলুদা।

‘দূর মশাই, বসব কী—এই দেখুন—কাঠমাণ্ডুর কী মহামূল্য ধনরত্ন আমার হাত দিয়ে পাচার করা হচ্ছিল।’

লালমোহনবাবু ফেলুদার সামনে যেটা এগিয়ে ধরলেন, সেটা একটা বই। ইংরিজি বই, আর নাম-করা বই; ল্যাম্পডাউনের মোড়ের দোকানে একটা রাখা ছিল, সে দিনও দেখেছি।

বইটা হল শ্রীঅরবিন্দের লেখা দ্য লাইফ ডিভাইন ।

ফেলুদারও চোখ কপালে উঠে গেছে ।

‘তার উপর আবার বাঁধাইয়ের গুণ্গোল’, বললেন লালমোহনবাবু । ‘প্রথম ত্রিশ পাতার পর কয়েকটা পাতা পরস্পরের সঙ্গে সঁটে আছে । এ বই না দেখে কিনলে তো পুরো টাকাটা ডেড লস্ মশাই । পণ্ডিচেরীর বাইন্ডার এ রকম কাঁচা কাজ করবে ভাবতে পারেন ?’

‘তা হলে সে দিন কী দিলেন লালশার্টের হাতে ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘জানেন কী দিলুম, ভাবতে পারেন ? আমার নিজের বই মশাই, নিজের বই ! বোম্বাইয়ের বোম্বেটে ! পুলককে তো পাণ্ডুলিপির কপি পাঠিয়েছিলুম, তাই এবার ভাবলুম এক কপি ছাপা বই দেব—উইথ মাই ব্রেসিংস অ্যান্ড মাই অটোগ্রাফ । আরও তিন কপি রয়েছে এখনও আমার ব্যাগে, প্রত্যেকটি ব্রাউন কাগজে মোড়া । আমার ভক্ত তো সারা ইন্ডিয়াতে ছড়িয়ে রয়েছে—তাই ভাবলুম, বম্বে যাচ্ছি, যদি এক-আধজনের সঙ্গে আলাপ-টোলাপ হয়ে যায়, তাই সঙ্গে এনেছিলুম, আর তারই একটা কপি—হোঃ হোঃ হোঃ হোঃ !’

এত হালকা লালমোহনবাবুকে অনেক দিন দেখিনি ।

বইটা হাতে নিয়ে নেড়েচেড়ে ফেলুদা বলল, ‘কিন্তু সান্যাল যে টেলিফোনে হুমকি দিল, সেটা কী ব্যাপার ? এর সঙ্গে লাইফ ডিভাইন খাপ খাচ্ছে কি ?’

লালমোহনবাবু এতেও দমলেন না ।

‘কে বলল সান্যাল ? টেলিফোনে অত গলা চেনা যায় নাকি ? কোনও উটকো বদমাশ রসিকতা করছে হয়তো । বোম্বাইতে যদি তীরন্দাজ ছবি হিট হতে পারে তো সবই হতে পারে ।’

‘আর গাড়িতে গুলবাহার সেন্ট ?’

‘ওটা ওই ড্রাইভারই মাখে । কী রকম টেরির বাহার দেখেছেন ? শৌখিন লোক । ধরা পড়ে অপ্রস্তুত হয়ে স্বীকার করলে না ।’

‘তা হলে আর কী, নিশ্চিন্তে ঘুমোন গিয়ে ।’

‘সে আর বলতে । মাথাটা ধরেছিল বলে ব্যাগটা খুলেছিলুম কোডোপাইরিনের জন্য, আর তাতেই এই হাই-ভোলটেজ আবিষ্কার । যাক, রহস্য যখন মিটেই গেল, তখন আপনিও বরং একটু আধ্যাত্মিক বিষয় অধ্যয়নে মনোনিবেশ করুন । বইটা রেখে গেলুম । গুড নাইট ।’

লালমোহনবাবু চলে গেলেন, আর আমিও আবার নিজের জায়গায় এসে শুলাম ।

‘যে লোক অরবিন্দের বইয়ের বদলে জটায়ুর বই পেল, তার মনের অবস্থা কী হবে ফেলুদা ?’

‘খেপচুরিয়াস’, বালিশে মাথা দিয়ে বলল ফেলুদা । মাথার পিছনের বাতিটা ও জ্বালিয়েই রাখল । দেখে হাসি পেল, ফেলুদা তার সবুজ নোটবই সরিয়ে রেখে অরবিন্দের লাইফ ডিভাইনের পাতা ওলটাল ।

আমার বিশ্বাস ঠিক ওই সময়টাতেই আমার চোখ ঘুমে বন্ধ হল ।

বম্বে থেকে পুণা যাবার পথে খাণ্ডালা আর লোনালিলির মাঝামাঝি একটা লেভেল ক্রসিং-এর কাছে আমাদের যেতে হবে শুটিং দেখতে । ছবির এগারোটা ক্রাইম্যান্সের শেষ ক্রাইম্যান্স দৃশ্য তোলা হবে আজ । এক দিনে কাজ শেষ হবে না, পর পর আরও চার দিন যেতে হবে সবাইকে । আমরা ঠিক করেছি আজ যদি ভাল লাগে, তা হলে বাকি ক’ দিনও যাব । ট্রেনটা

এই পাঁচ দিনই পাওয়া যাবে, প্রতি দিনই ঠিক একটা থেকে দুটো—অর্থাৎ এক ঘণ্টার জন্য । ডাকাত দলের ঘোড়া আর হিরোর লিংকন কনভারটিবল থাকবে সারা দিনের জন্য । ভিলেন ইঞ্জিন ড্রাইভারের জায়গা দখল করে ট্রেন চালিয়ে নিয়ে চলেছে, সেই ট্রেনেরই একটা কামরায় হাত-পা বাঁধা অবস্থায় পড়ে রয়েছে হিরোইন আর তার কাকা । মোটরে করে হিরো ট্রেনের উদ্দেশ্যে ধাওয়া করছে । এদিকে হিরোর যে যমজ ভাই—যাকে ছেলেবেলায় ডাকাতে ধরে নিয়ে গিয়েছিল, আর যে, এখন নিজেই ডাকাত—সে আসছে ঘোড়া করে দলবল নিয়ে ট্রেনটাকে অ্যাটাক করবে বলে । মোটরে হিরো এসে পৌঁছনোর প্রায় সঙ্গে সঙ্গেই ডাকাত ভাই ঘোড়া থেকে চলন্ত ট্রেনে লাফিয়ে পড়ে । ইঞ্জিনের ভিতর ফাইট হয়, ভিলেন-ড্রাইভার খতম হয় । সেই সময় মোটরে করে হিরো এসে পড়ে, আর তারপর...বাকি অংশ রূপালি পর্দায় দেখিবেন । আসলে শেষটা নাকি তিন রকম ভাবে তোলা হবে, তারপর পর্দায় যেটা বেশি ভাল লাগে সেটা রাখা হবে ।

পুলকবাবু সকালে তিন মিনিটের জন্য টু মেরে গেছেন । আমাদের ব্যবস্থা সব ঠিকঠাক জেনে বললেন, ‘লালুদা, আপনাকে দেখেই বুঝতে পারছি তীরন্দাজ আপনার খুব ভাল লেগেছে ।’

আসলে লালমোহনবাবু সকাল থেকেই রাত্তিরের ঘটনাটা ভেবে ক্ষণে ক্ষণে আপন মনে হেসে ফেলছিলেন ; পুলকবাবুর সামনে সেই হাসিটাই বেরিয়ে পড়েছিল । এখন পুলকবাবুর কথা শুনে আরও জোরে হেসে বললেন, ‘ওঃ—গড়পারের ছেলে—তুমি দ্যাখালে ভাই—হ্যাঃ ।’

ফিরতে রাত হবে, তাই ফেলুদা বলল হাত-ব্যাগগুলো সঙ্গে নিয়ে নিতে । কালকের কেনা কমলালেবু, বিস্কুট, লজ্জুস ইত্যাদি তিন ব্যাগে ভাগ করে দেওয়া হল, আর লালমোহনবাবুর ক্যাশ দশ হাজার টাকা ম্যানেজারের জিন্মায় সিন্দুকে রেখে রসিদ নিয়ে নেওয়া হল । ‘কী জানি বাবা’, ভদ্রলোক বললেন, ‘ফিলিমের ডাকাতির দলে আসল ডাকাতও যে ঢুকে পড়বে না এক-আধটা, তার কী গ্যারান্টি ?’

ফেলুদা সকালে একবার বেরিয়েছিল, বলল ওর সিগারেটের স্টক নাকি ফুরিয়েছে, যেখানে যাচ্ছি সেখানে কাছাকাছির মধ্যে নাও পাওয়া যেতে পারে । ও ফেব্রার দশ মিনিটের মধ্যে আমরা রওনা দিয়ে দিলাম । আজও দেখলাম গাড়িতে গুলবাহারের গন্ধ কিছুটা রয়ে গেছে ।

বসে থেকে থানা স্টেশন প্রায় পঁচিশ কিলোমিটার । সেখান থেকে রাস্তা ডাইনে ঘুরে ন্যাশনাল হাইওয়ে ধরে পুণার দিকে চলে গেছে । এই রাস্তায় আশি কিলোমিটার গেলেই খাণ্ডালা । আজ দিনটা ভাল, আকাশে টুকরো টুকরো মেঘ হাওয়ার তেজে তরতর করে ভেসে চলেছে, তার ফাঁক দিয়ে ফাঁক দিয়ে রোদ বেরিয়ে বোম্বাই শহরটাকে বার বার ধুয়ে দিচ্ছে । পুলকবাবু বলে গেছেন শুটিং-এর জন্য এটা নাকি আইডিয়াল ওয়েদার । লালমোহনবাবুর অবিশ্যি আজকে সব কিছুই ভাল লাগছে । খালি খালি বললেন, ‘বিলেত যাবার আশ মিটে গেল মশাই । বাসে লোক ঝুলছে না সেটা লক্ষ করেছেন ? ওঃ—কী সিভিক সেন্স এদের !’

থানা পৌঁছতে লাগল প্রায় এক ঘণ্টা । এখন সোয়া ন’টা । হাতে সময় আছে, তাই আমরা তিনজন আর ড্রাইভার স্বরূপলাল একটা চায়ের দোকানের সামনে গাড়ি দাঁড় করিয়ে এলাচ দেওয়া চা খেয়ে নিলাম ।

থানা ছাড়বার কিছুক্ষণের মধ্যেই দেখলাম আমরা ওয়েস্টার্ন ঘাটস-এর পাহাড়ের পাশ দিয়ে চলেছি । ট্রেন লাইন আর এখন আমাদের পাশে নেই ; সেটা থানার পরেই উত্তরে ঘুরে চলে গেছে কল্যাণ । কল্যাণ থেকে আবার দক্ষিণে ঘুরে সেটা মাথেরান হয়ে যাবে পুণা, ৫৪২

মাঝপথে পড়বে আমাদের লেভেল ক্রসিং ।

পথে লালমোহনবাবুর গলায় কমলালেবুর বিচি আটকে গিয়ে বিষম লাগা ছাড়া আর কোনও ঘটনা ঘটেনি । ফেলুদার মনের অবস্থা কী সেটা ওর মুখ দেখে বোঝা যাচ্ছিল না । ও গম্ভীর মানেই যে চিন্তিত, সেটা ফেলুদার বেলায় খাটে না এ আমি আগেও দেখেছি ।

সাড়ে বারোটা নাগাত খাঙালা ছাড়িয়ে মাইলখানেক যেতেই সামনে দূরে রাস্তার ধারে একটা জায়গায় মনে হল যেন মেলা বসেছে । তারপর মনে হল মেলায় এত গাড়ি থাকবে কেন ? আরও কাছে যেতে গাড়ি আর মানুষ ছাড়া আর একটা জিনিস চোখে পড়ল, সে হচ্ছে ঘোড়া । এবারে বুঝলাম ভিড়টা আসলে হচ্ছে জেট বাহাদুরের শুটিং-এর দল । সব মিলিয়ে অন্তত শ'খানেক লোক, বাত্মপ্যাটার ক্যামেরা আলো রিস্ফেক্টর শতরঞ্চি—সে এক এলাহি ব্যাপার ।

আমাদের গাড়িটা একটা অ্যাম্বাসাডর আর একটা বাসের মাঝখানে একটা ফাঁক পেয়ে তার ভিতরে ঢুকে থেমে গেল । আমরা নামার সঙ্গে সঙ্গেই পুলকবাবু এগিয়ে এলেন—তাঁর মাথায় একটা সাদা ক্যাপ আর গলায় ঝুলোনো একটা দূরবীনের মতো যন্ত্র ।

‘গুড মর্নিং । সব ঠিক হয় ?’

আমরা তিনজনেই মাথা নেড়ে ‘ইয়েস’ জানিয়ে দিলাম ।

‘শুনুন—মিস্টার গোরের ইনস্ট্রাকশন—উনি মাথেরানে আছেন যেখান থেকে ট্রেন আসছে । রেল কোম্পানির কর্তাদের সঙ্গে কথাবার্তা আছে ; কিছু পেমেন্টও আছে বোধহয় । উনি ট্রেনের সঙ্গেই চলে আসবেন, অথবা মোটরে করে আসবেন । আপনারা ট্রেনটা এলেই খবর পেয়ে যাবেন । মোট কথা, উনি আসুন বা না আসুন, আপনারা ফার্স্ট ক্লাসে উঠে পড়বেন । অল ক্লিয়ার ?’

‘অল ক্লিয়ার’, বলল ফেলুদা ।

বোম্বাইয়ের ফিল্ম লাইনে যে এত বাঙালি কাজ করে এটা আমার ধারণা ছিল না । তার মধ্যে কেউ কেউ যে ফেলুদাকে চিনে ফেলবে, তাতে আর আশ্চর্য কী ? ক্যামেরাম্যান দাশু ঘোষের সঙ্গে পরিচয় হতেই তার চোখ কুঁচকে গেল ।

‘মিস্তির ? আপনি কি ডিটেক—?’

‘ধরেছেন ঠিক, কিন্তু চেপে রাখুন’, বলল ফেলুদা ।

‘কেন মশাই ? আপনি তো আমাদের প্রাইড । সেবারে এলোরার মূর্তি চুরির ব্যাপারটা—’ ফেলুদা আবার ঠোঁটে আঙুল দিয়ে ভদ্রলোককে থামাল ।

দাশুবাবু এবার গলা নামিয়ে বললেন, ‘আবার কোনও তদন্ত-উদন্ত করছেন নাকি এখানে ?’

‘আজ্ঞে না’, ফেলুদা বলল, ‘শ্রেফ বেড়াতে এসেছি আমার এই বন্ধুটির সঙ্গে ।’

দাশু ঘোষ একুশ বছর বয়সে থেকেও নিয়মিত বাংলা উপন্যাস পড়েন, এমনকী জটায়ুর বইও পড়েছেন দু-তিনটে । এ দৃশ্যে অবিশ্যি উনি ছাড়া আরও দুজন ক্যামেরাম্যান কাজ করছেন ; তাঁরা অবাঙালি । পুলকবাবুর চারজন অ্যাসিস্ট্যান্টের দুজন বাঙালি । যাঁরা অ্যাকটিং করবেন তাঁদের মধ্যে অবিশ্যি কেউই বাঙালি নেই । অর্জুন মেরহোত্রা ছাড়া আজ আছেন ভিলেনবেশী মিকি । শুধু মিকি ; পদবি ব্যবহার করেন না । বোম্বাইয়ের উঠতি ভিলেনের মধ্যে টপ, একসঙ্গে সাঁইত্রিশটা ছবি সই করেছেন, যদিও তার মধ্যে উনত্রিশটার গল্পো চেঞ্জ করে ফাইটের সংখ্যা কমাতে হচ্ছে । ভাগ্যে জেট বাহাদুর-এ মাত্র চারটে ফাইট, না হলে পুলকবাবু আর মিস্টার গোরেকেও মাথা চুলকোতে হত ।

এ সব খবর আমাদের দিলেন প্রোডাকশন ম্যানেজার সুদর্শন দাস । ইনি উড়িষ্যার লোক, অনেক দিন বস্বেতে রয়েছেন, তবে এ ছবিটা হয়ে গেলেই নাকি কটক ফিরে গিয়ে নিজে



ওড়িয়া ছবি পরিচালনা করবেন।

ফেলুদা ইতিমধ্যে হাঁটতে হাঁটতে চলে গেছে আর একটা জটলার দিকে। সেখানে ডাকাতের দলকে মেক-আপ করে পোশাক পরানো হচ্ছে। একজন ডাকাতের সঙ্গে ফেলুদাকে দিব্যি বাৎচিং করতে দেখে একটু অবাক হয়েই এগিয়ে গেলাম। তারপর ডাকাতের গলা শুনে বুঝলাম—ওমা, এ যে কুং-ফু এক্সপার্ট ভিক্টর পেরুমল। হিরোর যমজ ভাইয়ের মেক-আপ করা হয়েছে তাকে। ছুটন্ত ঘোড়া থেকে লাফিয়ে চলন্ত ট্রেনের ছাতে পড়তে হবে, তারপর ছটা কামরার ছাদের ওপর দিয়ে হেঁটে গিয়ে একেবারে ইঞ্জিনে পৌঁছে ভিলেনবেশী মিকিকে ঘায়েল করতে হবে। তারপর হিরো আর তার বিশ-বছর-না-দেখা ডাকাত-বনে-যাওয়া ভাইয়ের মধ্যে হাই-ভোল্টেজ সংঘর্ষ।

লালমোহনবাবু এই এলাহি ব্যাপার দেখে কেমন জানি চুপ মেরে গেছেন, যদিও ভেবে দেখলে তাঁর ফুর্তি হবার কথা, কারণ তাঁর গল্পকে ঘিরেই এত হই-হুল্লা। বললেন, ‘একটা গল্প লিখে এতগুলো লোককে এত হ্যাঙ্গাম এত পরিশ্রম এত খরচের মধ্যে ফেলিচি, এটা ভাবতে একটা পিকিউলিয়ার ফিলিং হচ্ছে, তপেশ। এক এক সময় নিজেকে রীতিমতো শক্তিশালী

বলে মনে হচ্ছে । মাঝে মাঝে আবার গিলটি মনে হচ্ছে ; আবার সেই সঙ্গে এও মনে হচ্ছে যে এরা লেখককে কোনও সম্মান দেয় না । ক'টা লোক এখানে জটায়ুর নাম জানে, সেটা বলতে পারো ?’

আমি সান্ত্বনা দেবার জন্য বললাম, ‘ছবি যদি হিট হয়, তা হলে নিশ্চয়ই জানবে ।’

‘আশা করি !’—দীর্ঘশ্বাস ফেলে বললেন লালমোহনবাবু ।

যে সব ডাকাতের মেক-আপ হয়ে গেছে তাদের মধ্যে কয়েকজন ঘোড়ার পিঠে চেপে ছুটোছুটি আরম্ভ করে দিয়েছে । ঘোড়াগুলো একটা বিশাল বটগাছের তলায় জড়ো হয়েছিল । গুনে দেখলাম সবসুদ্ধ ন'টা ।

মিনিটখানেকের মধ্যেই নীল কাচ-তোলা একটা প্রকাণ্ড সাদা লিংকন কনভারটিবল গাড়িতে হিরো আর ভিলেন এসে হাজির হল । হিরোইনের দরকার লাগবে না, কারণ ট্রেনের কামরায় বন্দি অবস্থায় তার শটগুলো নাকি ফুঁড়িয়োতে তোলা হবে । সেটা এক হিসেবে ভাল । এই দুই পুরুষ তারকা গাড়ি থেকে নামতেই চারিদিকে যা শোরগোল পড়ে গেল, হিরোইন থাকলে না জানি কী হত ।

সুদর্শনবাবু চা এনে দিয়েছিলেন, আমরা খাওয়া শেষ করে পেয়ালা ফেরত দিচ্ছি, এমন সময় বাজখাঁই গলায় লাউডস্পিকারের হাঁক শোনা গেল—‘ট্রেন কামিং ! ট্রেন আতি হ্যায় ! অভরিবডি রেডি !’

১০

ঝুক ঝুক শব্দের সঙ্গে কালো ধোঁয়া ছাড়তে ছাড়তে আটটা বোগি সমেত পুরনো টাইপের ইঞ্জিনটা যখন লেভেল ক্রসিং-এর কাছে এসে দাঁড়াল, তখন ঘড়িতে ঠিক একটা বাজতে পাঁচ মিনিট । ফার্স্ট ক্লাস কামরা যে মাত্র একটাই, আর সেটাও যে পুরনো ধাঁচের, সেটা দূর থেকেই বুঝতে পারছি । অন্য কামরাগুলোতে মাথেরান থেকেই প্যাসেঞ্জার বসিয়ে দেওয়া হয়েছে । তাদের মধ্যে ছেলেমেয়ে বুড়োবুড়ি সব রকমই আছে । ট্রেন থামার সঙ্গে সঙ্গেই পুলকবাবুর ব্যস্ততা একেবারে সপ্তমে চড়ে গেছে । তিনি একবার এ ক্যামেরা থেকে ও ক্যামেরায় ছুটে যাচ্ছেন, একবার হিরো থেকে ভিলেন, একবার এ-অ্যাসিসট্যান্ট থেকে ও-অ্যাসিসট্যান্ট । লালমোহনবাবু পর্যন্ত বলতে বাধ্য হলেন, ‘না মশাই, শুধু টাকা দিয়ে ছবি হয় না এটা বোঝা যাচ্ছে ।’

হিরোর গাড়ি রেডি, কালো চশমা পরে স্টিয়ারিং ধরে বসে আছে অর্জুন মেরহোত্রা, পাশে তার নিজের মেক-আপম্যান আর দুজন ছোকরা টাইপের লোক, বোধহয় চামচা-টামচা হবে । অর্জুনের সামনে একটা হুডখোলা জিপে তেপায়া স্ট্যান্ডের উপর ক্যামেরাও রেডি । ভিক্টর সমেত ডাকাতের দল ঘোড়ার পিঠে আগেই এগিয়ে গেছে । তারা চলন্ত ট্রেন থেকে সিগন্যাল পেলে একটা বিশেষ পাহাড়ের বিশেষ জায়গা থেকে নেমে এসে ট্রেনের পাশে পাশে দৌড় আরম্ভ করবে । ভিলেন মিকিকে দেখলাম পুলকবাবুর একজন সহকারীর সঙ্গে ইঞ্জিনের দিকে এগিয়ে গেল ।

আমাদের কী করা উচিত, ঠিক বুঝতে পারছি না । কারণ মিঃ গোরের দেখা নেই । তিনি ট্রেনেই এসেছেন কি না সেটাও বুঝতে পারছি না ।

ভিড় পাতলা হয়ে গেছে অথচ আমাদের দিকে কেউ আসছে না দেখে লালমোহনবাবুর উসখুসুনি আরম্ভ হয়ে গেল । বললেন, ‘ও ফেলুবাবু, এরা কি ভুলে গেল নাকি আমাদের ?’

ফেলুদা বলল, ‘একটিই মাত্র প্রথম শ্রেণীর কামরা ; কথা মতো সেটাতে গিয়েই ওঠা

উচিত আমাদের । দেখি আরও দু মিনিট ।’

দু মিনিটের আগেই, ইঞ্জিন থেকে দুটো হুইসল শোনা গেল, আর সেই মুহূর্তেই সুদর্শন দাসের হাঁক ।

‘এই যে, আপনারা চলে আসুন, চলে আসুন !’

আমরা হাতে ব্যাগ নিয়ে দৌড় দিলাম । সুদর্শনবাবু আমাদের ফার্স্ট ক্লাসের দরজা অবধি পৌঁছে দিলেন । বললেন, ‘আমি তো কিছুই জানতাম না । এইমাত্র একজন লোক এসে খবর দিলে—বললে গোরে সাহেব আধঘন্টার মধ্যেই এসে পড়বেন । প্রথম শটের পর ট্রেন আবার এইখানেই ফিরে আসবে ।’

কামরায় উঠে দেখি একটা বেঞ্চির উপর বড় জলের ফ্লাস্ক, আর সাফারি রেস্টোর্যান্টের নাম লেখা চারটে সাদা কাগজের বাস্ক । অর্থাৎ আমাদের লাঞ্চ । এত ব্যস্ততার মধ্যেও ভদ্রলোকের যে আশ্চর্য খেয়াল, সেটা স্বীকার করতেই হবে ।

আর একটা হুইসেলের সঙ্গে একটা বাঁকুনি দিয়ে গাড়ি ছেড়ে দিল । আমরা তিনজনে জানালা দিয়ে বাইরের কাণ্ডকারখানা দেখবার জন্য তৈরি হলাম । একেবারে নতুন অভিজ্ঞতা, তাই মনে একটা বেশ রোমাঞ্চ ভাব হচ্ছিল ।

গাড়ি ক্রমশ স্পিড নিচ্ছে । ডান পাশ দিয়ে রাস্তা গেছে, সেদিকের বেঞ্চিতেই বসেছি আমরা তিনজন । বাঁ দিকে পাহাড় পড়বে, অর্থাৎ সেটা হল ডাকাতের দিক । ডান দিকটা হিরোর দিক ।

আরও একটু স্পিড বাড়ার পর ডান দিকের রাস্তা দিয়ে প্রথমে ক্যামেরা সমেত জিপ, তার পর হিরোর গাড়ি আসতে দেখা গেল । এখন অবিশ্যি হিরো ছাড়া গাড়িতে আর কেউ নেই । ক্যামেরার মুখটাও যে তার দিকেই ঘোরানো সেটা বুঝতে পারলাম । যিনি ছবি তুলছেন, তিনি ছাড়া আরও তিনজন লোক রয়েছেন, তার মধ্যে একজন হল পুলকবাবুর অ্যাসিসট্যান্ট । সে হাতে একটা চোঙা নিয়ে তার ভিতর দিয়ে হিরোকে ‘ডাইনে তাকাও’ ‘বাঁয়ে তাকাও’ ইত্যাদি নির্দেশ দিচ্ছে ।

আর দুটো ক্যামেরার একটার সঙ্গে পুলকবাবু রয়েছেন—সেটা রয়েছে ট্রেনেরই একটা কামরার ভিতর । তৃতীয় ক্যামেরাটা রয়েছে ট্রেনের পিছন দিকের শেষ কামরার ছাতে ।

হিরো তেমন জোরে গাড়ি চালাচ্ছে না দেখে আমার মনটা দমে গিয়েছিল, কিন্তু ফেলুদা বলল ওটা ছবিতে নাকি জোরেই মনে হবে, কারণ ক্যামেরার স্পিড কমিয়ে শটটা নেওয়া হচ্ছে ।

‘তা ছাড়া যতটা আস্তে ভাবছি, ততটা আস্তে কিন্তু যাচ্ছে না গাড়িটা, কারণ আমাদের ট্রেনটাও তো চলেছে সঙ্গে সঙ্গে, আর চলেছে বেশ জোরেই ।’

ঠিক কথা । এটা আমার খেয়াল হয়নি ।

কিছুক্ষণের মধ্যে ক্যামেরা আর হিরোর গাড়ি আমাদের কামরা ছাড়িয়ে চলে গেল । পুরনো কামরা, তাই জানালায় গরাদ নেই ; গলা বাড়িয়ে আরও কিছুক্ষণ দেখার ইচ্ছে ছিল, কিন্তু ফেলুদা বাধা দিয়ে বলল, ‘জেট বাহাদুর ছবি দেখতে গিয়ে যদি পর্দায় দেখিস, তুই গলা বাড়িয়ে শুটিং দেখছিস, সেটা কি খুব ভাল হবে ?’

লোভ সংবরণ করে উলটো দিকের জানালার ধারে বসব বলে সিট ছেড়ে দাঁড়িয়েছি, ঠিক সেই সময় নাকে গন্ধটা এল ।

ফেলুদা দেখি আর আমার পাশে নেই । তার দৃষ্টি বাথরুমের দরজার দিকে, সে এক লাফে উলটোদিকে চলে গেছে, তার ডান হাত কোটের পকেটে ।

‘বন্ধুক বার করে লাভ নেই, মিস্টার মিস্তির । অলরেডি একটি রিভলভার আপনার দিকে



পয়েন্ট করা রয়েছে ।’

এবার দেখলাম পাহাড়ের দিকের দরজাটা খুলে গেল । একজন লোক হাতে একটা রিভলভার নিয়ে দরজা ঠেলে ভিতরে ঢুকে দরজার মুখেই দাঁড়িয়ে রইল । একে কি দেখেছি আগে ? হ্যাঁ—এই তো সেই লালশার্ট ! কিন্তু আজ এর পোশাক অন্য, আর চেহারা য়ে হিংস্র ভাব দেখছি, সেটা সে দিন এয়ারপোর্টে দেখিনি । আজ এই অবস্থায় দেখে বুঝছি, লোকটা একেবারে নিখাদ খুনে । তার হাতের রিভলভারটা তাগ করা রয়েছে সোজা ফেলুদার দিকে ।

এবার বাথরুমের দরজাটা অল্প ফাঁক অবস্থা থেকে পুরো খুলে গেল, আর সেই সঙ্গে কামরাটা গুলবাহারের গন্ধে ভরে গেল ।

‘সান...সান...’

লালমোহনবাবুর শরীর কঁকড়ে ছোট হয়ে গেছে ।

‘সান্যালই বটে’, বললেন আগন্তুক, ‘আর আপনার সঙ্গেই আমার আসল দরকার মিঃ গান্ধুলী । বইয়ের প্যাকেটটা নিশ্চয়ই ফেলে রেখে আসেননি । ব্যাগটা খুলুন, খুলে বার করে দিন । না-দিলে কী ফল হবে সেটা আর নাই বললাম ।’

‘প্যা-প্-প্যাকেট...’

‘কী প্যাকেটের কথা বলছি বুঝেছেন নিশ্চয়ই । আপনারই বই আপনার হাতে নিশ্চয়ই তুলে দিয়ে আসিনি সে দিন এয়ারপোর্টে । বার করুন, বার করুন !’

‘আপনি ভুল করছেন । প্যাকেট ওঁর কাছে নেই, আমার কাছে ।’

ট্রেনের শব্দের জন্য সকলকেই চোঁচিয়ে কথা বলতে হচ্ছে, কিন্তু ফেলুদার গভীর গলা চাপা অবস্থাতেই ট্রেনের শব্দ ছাপিয়ে সান্যালের কানে পৌঁছেছে, কারণ চশমার পিছনে ভদ্রলোকের চোখ দুটো জ্বলে উঠল ।

‘লাইফ ডিভাইনের এতগুলো পাতা নষ্ট করে আপনার ঐশ্বর্য কিছু বাড়ল কি ?’—ফেলুদার গলার স্বর এখনও ধীর, কথাগুলো মাপা ।

‘নিম্মো’, গুণ্ডাটার দিকে আড় দৃষ্টি দিয়ে খসখসে গলায় বললেন সান্যাল, ‘ইয়ে আদমি কোই ভি গড়বড় করনেসে ইনকো খতম কর না...হাত তুলে রাখুন, মিস্টার মিস্তির !’

‘আপনার ঝুঁকিটা একটু বেশি হয়ে যাচ্ছে না কি ?’ ফেলুদা বলল । ‘আপনি যে জিনিসটা চাইছেন, সেটা পেলেই তো আর আমাদের ছেড়ে দেবেন না । খতম আমাদের এমনিতেই করবেন । কিন্তু ট্রেন থামলে পর আপনার কী দশা হবে সেটা ভেবে দেখেছেন ?’

‘ভেরি ইজি’, দাঁত বের করে বিস্তীর্ন হেসে বললেন মিঃ সান্যাল, ‘আমাকে আর কে চেনে বলুন ! এত প্যাসেঞ্জার রয়েছে ট্রেনে, তার মধ্যে মিশে যেতে পারব না ? আপনাদের লাশ পড়ে থাকবে, আমি বাইরে বেরিয়ে অন্য কামরায় চলে যাব । ভেরি ইজি, ইজন্ট ইট ?’

ফেলুদার সঙ্গে অনেক রকম সঙ্কটের মধ্যে পড়ে আমার সাহস বেড়ে গিয়েছে ঠিকই, কিন্তু একটা কারণে এই মুহূর্তে সাহস আনার অনেক চেষ্টা সত্ত্বেও বার বার আমার সমস্ত শরীর ঠাণ্ড হয়ে যাচ্ছিল । কারণ আর কিছুই না—ওই নিম্মো । এ রকম একটা নিষ্ঠুর খুনে চেহারা গল্লেরই পড়া যায় । কামরার বন্ধ দরজায় ঠেস দিয়ে দাঁড়িয়ে আছে, গায়ের ফিনফিনে ফুলকারি করা শার্টটা খোলা জানালা দিয়ে আসা হাওয়াতে ফুরফুর করছে, ডান হাতটা ট্রেনের বাঁকুনিতে দুলালেও রিভলভারটা ঠিকই ফেলুদার দিকে তাগ করা রয়েছে ।

সান্যাল এক পা এক পা করে এগিয়ে এলেন । নাক জ্বলে যাচ্ছে সেটের গন্ধে । সান্যালের দৃষ্টি ফেলুদার ব্যাগের দিকে । এয়ার ইন্ড্রয়ার ব্যাগ, ফেলুদার সামনেই সিটের উপর রাখা । লালমোহনবাবুর কী অবস্থা জানি না, কারণ তিনি এখন আমার পিছনে ।

ট্রেনের আওয়াজের মধ্যেও ওঁর হাঁপানির টানের মতো নিশ্বাসের শব্দ শুনতে পাচ্ছি।

ট্রেন ছুটে চলেছে। তার মানে শুটিংও হয়ে চলেছে নিশ্চয়ই। মিঃ গোরে কী সাংঘাতিকভাবে আমাদের ডোবালেন, সেটা উনি জানেন কি ?

সান্যাল সিটে বসে বাস্‌স্টার ক্যাচ টিপলেন। ঢাকনা খুলল না। বাস্‌সে চাবি লাগানো।

‘চাবি কোথায় ? এটার চাবি কোথায় ?’

মিঃ সান্যালের সমস্ত মুখ অসহিষ্ণু রাগে কুঁচকে গেল। —‘কোথায় চাবি !’

‘পকেটে’, শান্তভাবে জবাব দিল ফেলুদা।

‘কোন পকেটে ?’

‘ডান।’

আমি জানি ওই পকেটেই ফেলুদার রিভলভার।

সান্যাল উঠে দাঁড়ালেন। রাগে ফুলছেন তিনি। কয়েক মুহূর্ত যেন কিংকর্তব্যবিমূঢ়। তারপর—

‘তুমি এসো।’—আমার দিকে ফিরে গর্জিয়ে উঠলেন মিঃ সান্যাল।

ফেলুদাও আমার দিকে চাইল। ইঙ্গিতে বুঝলাম, সে আমাকে সান্যালের আদেশ পালন করতে বলছে।

যখন ফেলুদার দিকে এগোচ্ছি, তখন ট্রেনের শব্দ ছাড়া আর একটা শব্দ কানে এল। ঘোড়ার খুরের শব্দ। এর মধ্যে কখন যে বাঁদিকে পাহাড় এসে গেছে, তা খেয়ালই করিনি। ফেলুদার পকেটে যখন হাত ঢোকাচ্ছি তখন দেখলাম পাহাড়ের গা দিয়ে ধুলো উড়িয়ে ডাকাতির দল নামছে।

রিভলভারের পাশে হাতড়াতেই চাবি ঠেকল হাতে।

‘দিয়ে দে।’

আমি চাবি দিয়ে দিলাম মিঃ সান্যালকে। ফেলুদার হাত দুটো এখনও মাথার উপর।

সান্যাল বাস্‌সের তলায় চাবি লাগিয়ে ঘোরালেন। বাস্‌স খুলে গেল। লাইফ ডিভাইন উপরেই রাখা। বাস্‌স থেকে বই বেরিয়ে এল।

জানালার ঠিক বাইরেই ঘোড়ার খুর। একটা নয়—অনেকগুলো—তীরবেগে নেমে আসছে পাহাড়ের গা বেয়ে, ছুটে চলেছে ট্রেনের সঙ্গে পাল্লা দিয়ে।

সান্যাল বইটা হাতে নিয়ে কয়েকটা পাতা উলটিয়ে যেখানে পৌঁছলেন, তার পরে আর উলটোনো যায় না। কারণ সেগুলো পরস্পরের সঙ্গে সাঁটা। এবার উলটোনোর বদলে সান্যাল একটা অদ্ভুত কাজ করলেন। পাতার মাঝখানটা খামচিয়ে সেটাকে ছিঁড়ে ফেললেন, আর ফেলতেই তার তলায় একটা চৌকো খোপ বেরিয়ে পড়ল। পাতাগুলোর মাঝখানটা একসঙ্গে কেটে ফেলে খোপটা তৈরি করা হয়েছে।

খোপের ভিতর দৃষ্টি দিতেই সান্যালের মুখের অবস্থা দেখবার মতো হল। উনি ভিতরে কী আশা করেছিলেন জানি না, এখন বেরোল খান আষ্টেক সিগারেটের পোড়া টুকরো, ডজন খানেক পোড়া দেশলাই আর বেশ খানিকটা সিগারেটের ছাই।

‘কিছু মনে করবেন না’, বলল ফেলুদা, ‘ওটাকে ছাইদান হিসাবে ব্যবহার করার লোভ সামলাতে পারলাম না।’

এবারে সান্যাল এত জোরে চ্যাচালেন যে, মনে হল সমস্ত ট্রেন ওর কথা শুনে ফেলবে।

‘বেয়াদবির আর জায়গা পাওনি ? ভেতরের আসল জিনিস কোথায় ?’

‘কী জিনিসের কথা বলছেন আপনি ?’

‘স্কাউন্ডেল !—তুমি জানো না কীসের কথা বলছি ?’



‘নিশ্চয়ই জানি, তবু আপনার মুখ থেকে শুনতে চাই !’

‘কোথায় সে জিনিস ?’—আবার গর্জিয়ে উঠলেন মিঃ সান্যাল ।

‘পকেটে ।’

‘কোন পকেটে ?’

‘বাঁ পকেটে ।’

ডাকাতের দল এখন জানালার ঠিক বাইরে, কারণ পাহাড় আরও কাছে চলে এসেছে ।
ধুলো এসে ঢুকছে আমাদের কামরায় ।

‘ইউ দেয়ার !’

আমি জানি আমার উপর আবার হুকুম হবে ।

‘হাঁ করে দাঁড়িয়ে আছ কী—যাও, হাত ঢোকাও ।’

আবার আদেশ মানতে হল ।

এবার পকেট থেকে যে জিনিস বেরোল, তেমন জিনিস আমি কোনওদিন হাতে ধরিনি ।
হিরে আর মুক্তো দিয়ে গাঁথা এই আশ্চর্য হার রাজা-বাদশাদের হাতেই মানায় ।

‘দাও ওটা আমাকে ।’

মিঃ সান্যালের চোখ জ্বলজ্বল করছে, কিন্তু এবার রাগে নয়, উল্লাসে, লোভে ।

আমার হাত সান্যালের দিকে এগিয়ে গেল । ফেলুদার হাত মাথার উপর তোলা ।
লালমোহনবাবুর মুখ দিয়ে গোঙানির মতো শব্দ বেরোচ্ছে । ডাকাতের দল—

দড়াম্ !

একটা ভারী শব্দের সঙ্গে সঙ্গে আমাদের কামরাটা যেন একটু কঁপে উঠল, আর তার পরেই দেখলাম নিম্নো কামরার মেঝেতে গড়াগড়ি দিচ্ছে, কারণ একজোড়া পা জানালা দিয়ে ঢুকে সটান সজোরে লাথি মেরেছে তার গায়ে । ফলে নিম্নোর হাতের রিভলভার ছুটে গিয়ে

সিলিং-এর বাতির কাচ চুরমার করে দিল, আর সেই সঙ্গে ফেলুদারও হাতে বিদ্যুৎদ্বিগে চলে এল তার নিজের রিভলভার।

এবারে পাহাড়ের দিকের দরজাটা আবার খুলে গেল, আর সেই দরজা দিয়ে ডাকাতের বেশে যিনি ঢুকলেন তাকে আমরা তিনজনেই খুব ভাল করে চিনি।

‘থ্যাঙ্ক ইউ, ভিক্টর’, বলল ফেলুদা।

১১

মিঃ সান্যাল সিটের উপর বসে পড়েছেন। এবার কাঁপুনিটা রাগের নয়, ভয়ের, কারণ তিনি জানেন তিনি জন্ম, তাঁর আর পালাবার পথ নেই।

এদিকে শুটিং-এ গণ্ডগোল বুঝে কেউ নিশ্চয়ই চেন টেনে দিয়েছে, কারণ ট্রেনটা যেভাবে থামল সেটা চেন টানলেই হয়।

খামার কয়েক সেকেন্ডের মধ্যেই শোরগোল শুনতে পেলাম। একই লোকের নাম ধরে অনেকে চিৎকার করছে।

‘ভিক্টর ! ভিক্টর ! কোথায় গেল, ভিক্টর ?’

পুলকবাবুর গলা। যত গণ্ডগোল তো ভিক্টরকে নিয়েই, কারণ তার লাফিয়ে পড়ার কথা ছাতে, আর সে কিনা সোজা এসে চুকেছে আমাদের কামরায়।

ফেলুদা দরজা খুলে মুখ বার করে পুলকবাবুকে ডাকলেন।

‘এই যে মশাই, এদিকে।’

ভদ্রলোক হস্তদস্ত হয়ে আমাদের কামরায় উঠে এলেন। দেখে মনে হল তাঁর শেষ অবস্থা, কারণ শুনেছি এই ধরনের একটা শটে গণ্ডগোল হওয়া মানে প্রায় ত্রিশ হাজার টাকা জলে যাওয়া।

‘ব্যাপার কী, ভিক্টর ? তোমার কি মাথা খারাপ হয়ে গেল নাকি ?’

‘আপনার ছবিতে জেট বাহাদুর আখ্যা একমাত্র ভিক্টর পেরুমলই পেতে পারে, পুলকবাবু।’

‘তার মানে ?’ পুলকবাবু অবাক হয়ে দেখলেন ফেলুদার দিকে। তার ফ্যালফ্যাঁলে ভাবটার মধ্যে এখনও যথেষ্ট পরিমাণে বিরক্তি মেশানো রয়েছে।

‘আর স্মাগলারের পাঁটটা পরমেশ কাপুরকে না দিয়ে আপনার ঐকে দেওয়া উচিত ছিল।’

‘কী সব উলটোপালটা বকছেন। ইনি কে ?’ পুলকবাবু মিঃ সান্যালের দিকে চেয়ে জিজ্ঞেস করলেন।

ইতিমধ্যে ডানদিকের রাস্তায় দুটো নতুন গাড়ির আবির্ভাব হয়েছে—একটা পুলিশ জিপ আর একটা পুলিশ ভ্যান। জিপটা আমাদের কামরার পাশেই এসে থামল। তার থেকে নামলেন ইনস্পেক্টর পটবর্ধন।

এইবার পুলকবাবুর প্রশ্নের উত্তরে ফেলুদা মিঃ সান্যালের দিকে এগিয়ে গিয়ে দুই টানে তাঁর দাড়ি আর গোর্ফ, আর আরও দুই টানে তাঁর পরচুলা আর চশমাটা খুলে ফেলে দিয়ে বলল—

‘আপনার গা থেকে গুলবাহারের গন্ধটাও টেনে খুলে ফেলতে পারলে খুশি হতাম মিস্টার গোরে, কিন্তু ওই একটি ব্যাপারে ফেলু মিস্তিরও অপারগ।’

‘প্রোডিউসার মিসায় ধরা পড়লে ছবি বন্ধ হয়ে যাবে এ কথা আপনাকে কে বললে, লালুদা ?’

প্রশ্নটা করলেন পুলকবাবু। লালমোহনবাবু কিছুই বলেননি, কেবল ঘাড় গোঁজ করে গভীর হয়ে বসে ছিলেন ; যদিও এটা ঠিক যে গভীর হবার একটা কারণ হল জেট বাহাদুরের ভবিষ্যৎ সম্বন্ধে চিন্তা।

‘জেট বাহাদুরকে কেউ রুখতে পারবে না, লালুদা’, বললেন পুলকবাবু। ‘গোরে চুলোয় যাক, গোলায় যাক, হাজতে যাক, যেখানে খুশি যাক—প্রোডিউসার তো আর বন্ধেতে একটা নয়। চুনি পাঞ্চোলি তো এক বছর থেকে আমার পেছনে লেগে আছে—দেখবেন আপনারা থাকতে থাকতেই নতুন ব্যানারে আবার কাজ আরম্ভ হয়ে গেছে।’

আজকের শুটিং অবিশ্যি সেই দেড়টায় বন্ধ হয়ে গেছে। গোরে আর নিম্মোর হাতে হাতকড়া পড়েছে, নানাসাহেবের নওলাখা হার পুলিশের জিম্মায় চলে গেছে। আজ যে এরকম একটা ঘটনা ঘটতে পারে সেটা ফেলুদা আগেই বুঝেছিল, আর তাই ও সকালে সিগারেট কিনতে যাবার নাম করে ইন্সপেক্টর পটবর্ধনের সঙ্গে দেখা করে পুলিশের ব্যবস্থা করে এসেছিল। গোরে নাকি এককালে একটানা বারো বছর কলকাতায় ছিল, শুধু ডন বস্কো নয়, সেন্ট জেভিয়ার্সেও পড়েছে—তাই বাংলাটা সে ভালই জানে—যদিও বন্ধেতে সে সচরাচর হিন্দি, মারাঠি আর ইংরেজিটাই ব্যবহার করে।

আমরা বসে আছি খাণ্ডালা ডাকবাংলোর বারান্দায়। চমৎকার পাহাড়ে জায়গা, বাতাসে রীতিমতো ঠাণ্ডার আমেজ। বস্হের অনেকেই নাকি খাণ্ডালায় চেপ্তে আসে। সাফারির মাটন দো পৈয়াজি আর নান খাওয়া হয়ে গেছে আগেই, এখন বিকেল সাড়ে চারটে, তাই চা আর পকৌড়া খাচ্ছে সকলে।

আমাদের টেবিলে আমরা তিনজনই বসেছি। পুলকবাবু ছিলেন এতক্ষণ আমাদের সঙ্গে, এইমাত্র উঠে মেরহোত্রার টেবিলে চলে গেলেন। অর্জুন মেরহোত্রার একটু যেন মনমরা ভাব ; তার একটা কারণ হয়তো এই যে, আজকের হিরো হচ্ছে নিঃসন্দেহে প্রদোষ মিত্তির। ইতিমধ্যে অনেকেই ফেলুদার সহ নিয়ে গেছে, এমনকী ভিলেন মিকি পর্যন্ত।

সেকেন্ড হিরো যে ভিক্টর পেরুমল তাতেও কোনও সন্দেহ নেই। ফেলুদা ভিক্টরকে আগে থেকেই তালিম দিয়ে রেখেছিল। বলেছিল—‘ঘোড়া নিয়ে যখন ট্রেনের ধারে পৌঁছাবে, তখন ফার্স্ট ক্লাস কামরার দিকে একটু চোখ রেখো। গোলমাল দেখলে সোজা দরজা দিয়ে ঢুকে এসো’, ফেলুদার দুহাত মাথার উপর তোলা দেখেই ভিক্টর ধরে ফেলেছে গুণ্ডাগোলের ব্যাপার। আশ্চর্য, এত বড় একটা কাজ করেও তার কোনও তাপ-উত্তাপ নেই। সে এরই মধ্যে আবার বাংলার সামনের মাঠে তার লোকজন নিয়ে ওয়ান-টু-থ্রি করে কুং-ফু অভ্যাস শুরু করে দিয়েছে।

‘কিন্তু ব্যাপারটা হচ্ছে কী—’

লালমোহনবাবু এই এতক্ষণে প্রথম মুখ খুললেন। ফেলুদা ওঁর মুখের কথা কেড়ে নিয়ে বলল, ‘ব্যাপারটা হচ্ছে কি, আপনি এখনও যেই তিমিরে সেই তিমিরে—তাই তো ?’

জটায়ু একটা গোবোচারা হাসি হেসে মাথা নেড়ে হ্যাঁ বোঝালেন।

ফেলুদা বলল, ‘আপনার মনের অন্ধকার দূর করা খুব কঠিন নয়। তবে তার আগে গোরে লোকটাকে একটু বুঝতে হবে, তা হলেই তার কার্যকলাপটা বোধগম্য হবে।’

‘প্রথমেই মনে রাখতে হবে যে সে আসলে স্মাগলার, কিন্তু ভেক ধরেছে সন্ত্রাস্ত ফিল্ম প্রোডিউসারের। আপনার গল্প থেকে সে ছবি করছে। গল্পে আপনি শিবাজী কাস্লে স্মাগলাররা থাকে বলে লিখেছেন। স্বভাবতই গোরে তাতে বিচলিত হয়ে পড়ে। তার মনে

প্রশ্ন জাগে—আপনি শিবাজী কাস্‌ল সম্বন্ধে কদর কী জানেন, কারণ সে নিজে শ্মাগলার আর তার বাসস্থানও শিবাজী কাস্‌ল । এইটে জানার জন্য সে সান্যাল সেজে আপনার বাড়ি গিয়ে হাজির হয় । আপনার সঙ্গে আলাপ করে সে বোঝে যে ভয়ের কোনও কারণ নেই, আপনি অত্যন্ত নিরীহ নির্লিপ্ত মানুষ এবং শিবাজী কাস্‌ল-এর ব্যাপারটা আপনার কাছে একেবারেই কাল্পনিক । সেই সময় তার মাথায় আসে আপনার হাত দিয়ে বইয়ের প্যাকেটে নওলাখা হার পাচার করার আইডিয়া । মালটা গোরে পাঠাচ্ছিল তারই এক গ্যাঙের লোককে—যে খুব সম্ভবত থাকে শিবাজী কাস্‌লেরই সতেরো নম্বর তলার দুইনম্বর ফ্ল্যাটে । আপনি যদি ধরা পড়েন, তা হলে দোষ দেবেন সান্যালকে, গোরেকে নয়—তাই তো ? অর্থাৎ সান্যালকে খাড়া করে গোরে নিজে থাকছে সেফসাইডে ।

‘এদিকে হয়ে গেল গঙগোল । আপনি পঞ্চাশ লাখ টাকার হারের বদলে চালান করে বসলেন আপনারই পাঁচটাকা দামের বই । সেই বইয়ের প্যাকেট নিয়ে লালশার্ট অর্থাৎ নিম্মো শিবাজী কাস্‌লের লিফ্ট দিয়ে উঠছিল সতেরোতলায় ; সেই সময় গোরেরই কোনও প্রতিদ্বন্দ্বী গ্যাঙের লোক নিম্মোকে আক্রমণ করে প্যাকেট আদায় করার জন্য । নিম্মো তাকে খুন করে প্যাকেট যথাস্থানে চালান দিয়ে গা ঢাকা দেয় । এদিকে প্যাকেটে যে হার নেই সে খবর পেতেই গোরেকে চলে আসতে হল । সে তো বুঝেছে কী হয়েছে । তার এখন দুটো কাজ করতে হবে । এক, হার ফিরে পেতে হবে ; দুই, আমাদের খতম করতে হবে । তার একমাত্র ভরসা যে আমরা লাইফ ডিভাইনের রহস্য ভেদ করে হারটা পুলিশের হাতে জমা দিইনি । গোরে এসেই বুঝল যে সান্যালের পুনরাবিভারের প্রয়োজন হবে । সান্যালই যখন মালটা পাঠিয়েছিল, তখন সান্যালকেই সেটা পুনরুদ্ধার করতে হবে, তা হলে গোরের নিজের উপর কোনও সন্দেহ পড়বে না ।’

‘কিন্তু গুলবাহার—’

‘বলছি, বলছি—সব বলছি । গুলবাহার সেন্টের ব্যবহারটা গোরের শয়তানি বুদ্ধির আশ্চর্য উদাহরণ । এটার জন্য সে কলকাতা থেকেই তৈরি হয়ে ছিল । সান্যাল মানেই গুলবাহার, আর গুলবাহার মানেই সান্যাল—এ ধারণা অন্তত আপনার মনে বদ্ধমূল হয়ে গিয়েছিল—তাই নয় কি ?’

‘হ্যাঁ—তা একরকম হয়েছিল বইকী ।’

‘বেশ । এবার মনে করে দেখুন—সেদিন গোরে আমাদের বৈঠকখানায় বসিয়ে কিছুক্ষণের জন্য ঘর থেকে বেরিয়ে গিয়েছিল—ভাবটা যেন আপনার জন্যে টাকা আনতে গিয়েছে—কেমন ?’

‘ঠিক ।’

‘সেই ফাঁকে লিফ্টে ঢুকে দুইফোঁটা গুলবাহার সেন্ট ছিটিয়ে দেওয়া কি খুব কঠিন ব্যাপার ? উপর থেকে নীচ পর্যন্ত সব ক’টা তলা গুঁকেও যখন কোনও সেন্টের গন্ধ পেলাম না, তখনই বুঝলাম যে গন্ধটা রয়েছে শুধু লিফ্টের ভিতর । অর্থাৎ সেটা হচ্ছে মানুষের গা থেকে নয়, এসেছে সেন্টের শিশি থেকে । ঠিক সেইভাবেই লোক লাগিয়ে লোটাস সিনেমার সামনে গাড়ির জানলা দিয়ে হাত বাড়িয়ে কয়েক ফোঁটা সেন্ট গাড়ির সিটে ছিটিয়ে দেওয়াও অতি সহজ ব্যাপার ।’

ফেলুদা বুঝিয়ে দিলে সত্যিই সহজ । লালমোহনবাবুও যে ব্যাপারটা বুঝেছেন তাতে কোনও সন্দেহ নেই, কিন্তু তবু তাঁর মুখে হাসি ফুটেছে না দেখে বেশ অবাক লাগল । সেটা যে শেষ পর্যন্ত পুলকবাবুর একটা কথায় ফুটবে সেটা কী করে জানব ?

চা শেষ করে যখন শহরে ফেরার তোড়জোড় চলছে, সূর্যটা পাহাড়ের পিছনে নেমে

যাওয়ায় হঠাৎ ঠাণ্ডা বেড়ে মাঝে মাঝে বেশ কাঁপুনি লাগিয়ে দিচ্ছে, তখন দেখি পুলকবাবু আমাদের দিকে ব্যস্তভাবে এগিয়ে আসছেন।

‘লালুদা, জেট বাহাদুরের বিজ্ঞাপন পড়ছে শুক্করবার—কিন্তু তার আগে একটা ব্যাপার জেনে নেওয়া দরকার।’

‘কী ব্যাপার ভাই?’

‘আপনার কোন নামটা যাবে—আসল না নকল?’

‘নকলটাই আসল ভাই’, একগাল হেসে বললেন লালমোহনবাবু, ‘বানান হবে জে এ টি এ ওয়াই ইউ।’



গোসাইপুর সরগরম

১

‘গোসাইপুরে আপনার চেনা একজন কে থাকেন না?’ রহস্য-রোমাঞ্চ ঔপন্যাসিক জটায়ু ওরফে লালমোহন গাঙ্গুলীকে জিজ্ঞেস করল ফেলুদা।

আমরা, থ্রি মাস্কেটিয়ারস, ভিক্টোরিয়া মেমোরিয়াল দেখে হাঁটতে হাঁটতে একেবারে গঙ্গার ধারে পৌঁছে গেছি। প্রিন্সেপ ঘাটের কাছে যে গম্বুজওয়ালা ঘরটা আছে সেটার মধ্যে বসে চানাচুর আর গঙ্গার হাওয়া খাচ্ছি। সময় হচ্ছে বিকেল পাঁচটা, তারিখ অক্টোবরের তেরোই। আমাদের সামনেই জলের মধ্যে একটা বয়া ভাসছে, সেটার ব্যবহার কী সেটা লালমোহনবাবুকে বুঝিয়ে দিয়ে ফেলুদা প্রশ্ন করল। ভদ্রলোক বললেন, ‘আছে বইকী। তুলসীবাবু। তুলসীচরণ দাশগুপ্ত। এখিনিয়ামে অঙ্ক আর জিয়েগ্রাফি পড়াতেন। রাজা দীনেন্দ্র স্ট্রিটে থাকতেন, এখন রিটারার করে চলে গেছেন গোসাইপুর। ওখানে পৈতৃক বাড়ি আছে। ভদ্রলোক তো কতবার আমাকে যাবার জন্য লিখেছেন। আমার বিশেষ ভক্ত, জানেন তো? নিজেও গল্প-টল্প লেখেন, ছোটদের জন্য। সন্দেশে গোটা দুই বেরিয়েচে।—কিন্তু হঠাৎ গোসাইপুর কেন?’

‘ওখান থেকে একটা চিঠি এসেছে। লিখেছেন জীবনলাল মল্লিক। শ্যামলাল মল্লিক, তস্য পুত্র জীবনলাল। বংশ-পরিচয় তৃতীয় খণ্ড খুলে দেখলাম গোসাইপুরের জমিদার ছিলেন এই মল্লিকরা।’

ফেলুদা থামল। কারণ একটা জাহাজ প্রচণ্ড জোরে ভেঁ দিয়ে উঠেছে। আজই সকালে গোসাইপুরের চিঠিটা এসেছে সেটা জানি। যদিও তাতে কী লেখা ছিল জানি না। চিঠিটা পড়ে ফেলুদা একটা চারমিনার ধরিয়ে কিছুক্ষণ চুপ করে বসে ছিল সেটা লক্ষ্য করেছিলাম।

‘কী লিখেছেন ভদ্রলোক?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন।

‘লিখেছেন তাঁর পিতাকে নাকি কেহ বা কাহারো হত্যা করার সংকল্প করেছে। আমি গিয়ে যদি ব্যাপারটার একটা কিনারা করতে পারি তা হলে উনি বিশেষ কৃতজ্ঞ বোধ করবেন এবং আমাকে উপযুক্ত পারিশ্রমিক প্রদান করবেন।’

‘চলুন না মশাই’ বললেন লালমোহনবাবু। ‘বেশ তো ঝাড়াঝাপটা এখন; আমার নতুন বই বেরিয়ে গেছে। আপনার হাতেও ইমিডিয়েট কিছু নেই, তা ছাড়া হিল্লি-দিল্লি তো অনেক হল, এবার স্বাদবদলের জন্য পল্লীগ্রামটা মন্দ কী? কাছেই সেগুনহাটিতে শুনিচি বিরাট মেলা

হয় এই সময়টাতেই । চলুন স্যার, বেরিয়ে পড়ি ।’

‘ওঁদের বাড়িতে নাকি থাকার অসুবিধে আছে, তাই মাইল তিনেক দূরে শ্রীপুরে কোন এক চেনা বাড়িতে আমার ব্যবস্থা করবেন বলেছেন । সাইকেল রিক্‌শাতে যাতায়াত । আমার মনে হচ্ছিল গোসাঁইপুরেই থাকতে পারলে সুবিধে হত । তাই আপনার বন্ধুটির কথা জিজ্ঞেস করলাম ।’

‘আমার বন্ধু উইল বি ড্যাম গ্যাড । আর আপনি যাচ্ছেন শুনলে তো কথাই নেই । উনি আপনার দারুণ ভক্ত ।’

‘আর কার কার ভক্ত সেটা জেনে নিই ।’

লালমোহনবাবু এই খোঁচা-দেওয়া প্রশ্নটাকেও সিরিয়াসলি নিয়ে বললেন, ‘জগদীশ বোসের নাম করতে শুনিচি এককালে, বলতেন অত বড় মনীষী পৃথিবীতে নেই ; আর গোবরবাবুর কাছে বোধহয় ছেলেবেলা কুস্তি শিখেছে ; আর—’

‘আর, ওই যথেষ্ট ।’

* * *

গোসাঁইপুর যেতে গেলে কাটোয়া জংশনে নেমে বাস ধরতে হয় । কাটোয়া থেকে সাত মাইল ; তার মানে বড় জোর আধ ঘণ্টা । শ্যামলাল তস্য পুত্র জীবনলালকে ফেলুদা লিখে দিয়েছিল আমরা আসছি বলে, আর বলেছিল গোসাঁইপুরেই আমাদের থাকার বন্দোবস্ত হয়েছে । এদিকে তুলসীবাবু জটায়ুর চিঠি পাওয়া মাত্র উত্তর দেন । শুধু যে খুশি হয়েছেন তা নয়, লিখেছেন ‘গোসাঁইপুর সাহিত্য সংঘ’ ফেলুদা আর লালমোহনবাবুকে একটা জয়েন্ট সংবর্ধনা দেবার আয়োজন করতে চায় । লালমোহনবাবুর একেবারেই আপত্তি ছিল না, কিন্তু ফেলুদা কথাটা শুনেই চোখ রাঙিয়ে বলল, ‘দেশে ক্রাইম বন্ধ হয়ে গেলে গোয়েন্দাদের হাঁড়ি চড়ে না । কী অবস্থায় কাজ করছি সেটা বুঝতে পারছেন ? এতে আমার সংবর্ধনার কী আছে মশাই ? আর বলে দিন যে আমার পরিচয়টা দয়া করে যেন গোপন রাখেন, নইলে তদন্তের বারোটা বেজে যাবে ।’

লালমোহনবাবুকে বাধ্য হয়েই আদেশ পালন করতে হল । তবে এটাও লিখলেন যে সংবর্ধনা নিতে ওঁর নিজের কোনও বাধ্য নেই । এই অনুষ্ঠানের কথা ভেবেই বোধহয় উনি নীল সুতোয় চিকনের কাজ করা একটা মলমলের পাঞ্জাবি সঙ্গে নিলেন ।

তুলসীবাবু জানিয়ে রেখেছিলেন যে গোসাঁইপুর গ্রামে ঢোকবার মুখে যোগেশের মুদির দোকানে তিনি আমাদের জন্য অপেক্ষা করবেন । সেখান থেকে তাঁর বাড়ি দশ মিনিটের হাঁটা পথ ।

কাটোয়া থেকে বাস ধরে গোসাঁইপুর যাবার পথে একটা পালকি দেখে বেশ অবাক লাগল । ফেলুদা আর লালমোহনবাবুও দেখলাম ঘাড় ফিরিয়ে কিছুক্ষণ দেখল পালকিটাকে । ‘কোন সেধুরিতে এসে পড়লাম মশাই’, বললেন লালমোহনবাবু, ‘গোসাঁইপুরে বিজলি পৌঁছেচে তো ? এতটা অজ পাড়াগাঁ বলে তো আমার ধারণা ছিল না ।’

বাসের কন্ডাকটর যোগেশের দোকানের নাম জানে, তাকে বলা ছিল । ঠিক জায়গায় চেরা গলায় ‘গোসাঁইপুর, গোসাঁইপুর !’ বলে দুটো চিৎকার দিয়ে বাস থামিয়ে আমাদের নামিয়ে দিল । যে ভদ্রলোক লালমোহনবাবুর দিকে হাসি মুখে এগিয়ে এলেন তিনি যে এককালে ইন্সকুমাস্টার ছিলেন সেটা আর বলে দিতে হয় না । ভদ্রলোকের হাতে তাল্পি-মারা ছাতা, পায়ে ব্রাউন কেড্‌স জুতো, চোখে চশমা, পরনে হাফ পাঞ্জাবি আর খাটো করে পরা

ধুতি, আর বগলে একটা মাস্কাতার আমলের পুরনো ন্যাশনাল জিওগ্রাফিক ম্যাগাজিন। ফেলুদার সঙ্গে পরিচয় করিয়ে দিতে ভদ্রলোক হেসে চোখ টিপে বললেন, ‘আপনার আদেশ পালন করিচি—কোনও চিন্তা নেই। আপনি হলেন টুরিস্ট, হোল লাইফ ক্যানাডায় কাটিয়েছেন, দেশে ফিরে পাড়াগাঁ দেখার শখ হয়েছে। ভাবলুম আপনি যদি তদন্তের ব্যাপারেই এসে থাকেন, তা হলে তল্লাশির জন্য এখানে-সেখানে ঘাপটি মারতে হতে পারে, কাজেই সেফ সাইডে থাকা ভাল। টুরিস্টদের উগ্র কৌতূহল থাকে সেটা সকলেই জানে।’

‘আপনার বাড়িতে ক্যানাডা সম্বন্ধে তথ্যওয়ালা বই আছে আশা করি?’ ফেলুদা হেসে বলল।

‘কোনও চিন্তা নেই’, আবার বললেন তুলসীবাবু। তারপর লালমোহনবাবুর দিকে ফিরে বললেন, ‘আর গাঙ্গুলী ভায়া, তোমাকে কিন্তু একটু বন্ধি পোয়াতে হচ্ছে, তরশু অর্থাৎ শুকুরবার, আমাদের নিউ প্রাইমারি স্কুলে একটা ফাংশন অ্যারেঞ্জ করিচি। সুরেশ চাকলাদার টিকিল পৌরোহিত্য করবেন। কিছু না—একটু নাচ গান, দুটো আবৃত্তি, দুটো ভাষণ এই আর কী। আমাদের পোস্টমাস্টার হরিহরের ছেলে বলদেব ভাল ছবি আঁকে, সে একটা মানপত্র লিখছে। ভায়াটা অবিশ্যি, হে হে, আমার।’

‘অলংকারের আবার বেশি বাড়াবাড়ি—’ কাঁচা রাস্তায় কীসে জানি ঠোঁকর খাওয়াতে লালমোহনবাবুর কথা শেষ হল না। কিন্তু বাকিটা বুঝে নিয়েই তুলসীবাবু বললেন, ‘তা এ সব ব্যাপারে একটু তো বাড়াবাড়ি হবেই। আর তোমার মতো সাক্সেসফুল অথর আর ক’টা এসেছে বলো এখানে। লাস্ট এসিটিল পরীক্ষিত চাটুজ্যে—তাও সিকস্টি সেভেনে।’

ফেলুদা বলল, ‘আসবার পথে একটা পালকি দেখলাম। এদিকে এখনও পালকি ব্যবহার হয় নাকি?’

‘শুধু পালকি?’ তুলসীবাবু ছাতার বাড়িতে একটা বাছুরকে পথ থেকে সরিয়ে বললেন, ‘আপনি বিগত যুগের কোন জিনিসটা চান বলুন। পাইক-বরকন্দাজ? পাবেন। ইঁকোবরদার? পাবেন। টানা-পাখা? পাবেন। লম্প-পিদিম-পিলসুজ? পাবেন।—’

‘কিন্তু এখানে তো ইলেকট্রিসিটি আছে দেখছি।’

‘সব জায়গাতেই আছে, কেবল যেখানে সব চাইতে বেশি থাকার কথা সেইখানেই নেই।’

‘কোথায় মশাই?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

‘মল্লিকদের বাড়ি।’

আমরা তিনজনেই অবাক হয়ে ভদ্রলোকের দিকে চাইলাম।

‘মল্লিক মানে শ্যামলাল মল্লিক?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘ওই একটিই তো মল্লিক গোসাঁইপুরে। এখেনকার জমিদার ছিলেন ওঁরা। দুর্লভ মল্লিকের নামে বাঘে গোরুতে এক ঘাটে জল খেত। শ্যামলাল তাঁর ছেলে। জমিদারি উচ্ছেদ হবার পর কলকাতায় গিয়ে প্লাস্টিকের ব্যবসা করে বিস্তর টাকা করিছিল। একদিন অন্ধকারে হাতড়ে ঘরের সুইচ জ্বালতে গেসল, সুইচ বোর্ডে একটা খোলা তার ছিল, তাতে হাত লেগে যায়। এ সি কারেন্ট মশাই, হাত আঁটকে গিয়ে হলুতুল ব্যাপার। হাসপাতালে ছিল বেশ কিছুদিন। বেরিয়ে এসে ব্যবসা ছেলের হাতে তুলে দিয়ে গোসাঁইপুরে চলে আসে। এসেই ইলেকট্রিক কানেকশন কেটে দেয়। শুধু সে হলে না হয় তবু বোঝা যেত। সেই সঙ্গে বিংশ শতাব্দীর সব কিছু বাতিল করে দিয়েছে। চুরুট ছেড়ে গড়গড়া ধরেছে; ফাউন্টেন পেন ব্যবহার করে না; টুথব্রাসের বদলে দাঁতন। ইংরিজি বই যা ছিল বাড়িতে সব বেচে দিয়েছে, নিজের গাড়িটা বেচে দিয়েছে, তার জায়গায় পালকি হয়েছে। একটা পুরনো ভাঙা পালকি বাড়িতেই ছিল, সেটাকে সারিয়ে নিয়েছে, তার জন্য চারটে বেহারা বহাল



হয়েছে। বিলিতি ওষুধ যা ছিল সব নর্দমায় ফেলে দিয়েছে; এখন ওনলি কবরেজি। ফাঁকতালে তারক কবরেজের কপাল ফিরে গেছে। আরও কত কী যে করেছে তার হিসেব নেই। এখানে যখন এসেছেন তখন আলাপ হবে নিশ্চয়ই; তখন সব জানতে পারবেন।’

‘আলাপ না হয়ে উপায় নেই,’ বলল ফেলুদা। ‘আমি এসেছি ওঁর ছেলের কাছ থেকে তলব পেয়ে।’

‘হ্যাঁ, তা ছেলে ক’দিন হল এসেছে বটে। কিন্তু রহস্যটা কী?’

‘শ্যামলাল মল্লিককে খুন করার চেষ্টা চলেছে বলে কোনও খবর আপনার কানে এসেছে কি?’

তুলসীবাবু কথাটা শুনে বেশ অবাক হলেন। ‘কই তেমন কিছু শুনিনি। তা খুন করার কথাই যদি বলেন, তার জন্যে বাইরের লোকের দরকার কী? ঘরেই তো রয়েছে।’

‘কীরকম?’

‘ওই যিনি আপনাকে তলব দিয়েছেন, তার সঙ্গে বাপের তো বনিবনা নেই একদম।

এখানে এলেই তো বগড়াঝাটি হয়। অবিশ্যি আমি জীবনলালকে দোষ দিই না। ওরকম উদ্ভট খেয়াল যে বাপের, তাকে কোন ছেলে মানবে বলুন। জীবনলালকে তো এসে ওই বাড়িতেই থাকতে হয়। ওই ভূতের বাড়িতে মাথা ঠিক রাখা খুব মুশকিল।’

এক বিঘে জমির উপর তুলসীবাবুর কোঠাবাড়ি, বললেন বয়স নাকি প্রায় একশো। বাপ-ঠাকুরদা দুজনেই মোজ্জারি করতেন, বাড়িটা ঠাকুরদাই বানিয়েছেন। তুলসীবাবুর স্ত্রী কলকাতাতেই মারা গেছেন। একটি মেয়ের বিয়ে হয়ে গেছে, তার স্বামী লোহা-লকড়ের ব্যবসা করে আজিমগঞ্জে। দুই ছেলের একজনের সাইন পেন্টিং-এর ব্যবসা আছে কলকাতায়, আরেকজন ওষুধের সেলসম্যান। এখানে তুলসীবাবু একাই থাকেন।—‘তবে কী জানেন, পাড়াগাঁয়ে একা মনে হয় না। এখানে সবাই পরস্পরের খোঁজখবর রাখে, রোজই দেখা হয়, মেলামেশাটা অনেক বেশি।’

বিকেল চারটে নাগাত তুলসীবাবুর বাড়িতে পৌঁছে হাত মুখ ধুয়ে প্রথমেই চায়ের আয়োজন হল। ফেলুদা সঙ্গে ভাল চা এনেছিল, কারণ ওই একটা ব্যাপারে ও সত্যিই খুঁতখুঁতে। অবিশ্যি সে চা সকলেই খেল, আর তার সঙ্গে চিড়ে-নারকেল। জোগাড়-যন্ত্র করল তুলসীবাবুর চাকর গঙ্গা।

একতলার দুটো ঘরের একটাতে তুলসীবাবু নিজে থাকেন, দোতালার ছাতে একটা বড় ঘর, তাতে তিনটে তক্তপোষ পেতে আমাদের জন্য বন্দোবস্ত করা হয়েছে। এ ঘর নাকি তুলসীবাবুর মেয়ে-জামাই তাদের ছেলেপুলে নিয়ে বছরে একবার করে এসে থেকে যায়।

চা খেতে খেতে ফেলুদা বলল, ‘আমাকে কিন্তু একবার ওই বিজলিহীন বাড়িতে যেতে হবে জীবনবাবুর সঙ্গে দেখা করতে। ওঁকে লিখে জানিয়েছি যে সাড়ে পাঁচটা নাগাত যাব।’

তুলসীবাবু বললেন, ‘তা বেশ তো, আমি পৌঁছে দেবখন। মল্লিকবাড়ি পাঁচ-সাত মিনিটের পথ। তবে গাঙ্গুলীভাষাকে আমি ছাড়চি নে। আজ সন্ধ্যাবেলা কিছু লোক আসবে আমার এখানে। একটু সদালাপ করতে চান সাহিত্যিকের সঙ্গে। মিস্তির মশাই ঘণ্টাখানেকের মধ্যেই ফিরে আসবেন তো?’

‘কেন বলুন তো?’

‘একবার আত্মারামবাবুর ওখানে আপনাকে নিয়ে যেতে চাই। উনি গোসাঁইপুরের একটি অ্যাট্রাকশন।’

‘আত্মারামবাবু?’

‘আসল নাম অবিশ্যি মৃগেন ভট্টাচার্য। আত্মা-টা আত্মা নিয়ে চর্চা করেন তাই এখানকার কয়েকজন নাম দিয়েছে আত্মারাম। আমি দিইনি কিন্তু! আমার ধারণা ভদ্রলোকের মধ্যে সত্যিই ইয়ে আছে।’

আত্মা নিয়ে চর্চাটা যে কী সেটা আর জিজ্ঞেস করা হল না। কারণ ঠিক তখনই আবার দেখতে পেলাম পালকিটাকে। আমরা বাইরের দাওয়ায় বসে চা-চিড়ে খাচ্ছিলাম, সামনেই রাস্তা, আর সেই রাস্তা দিয়েই পালকিটা আসছে। এবার দেখতে পেলাম যে ভিতরে একজন লোক বসে আছে।

‘আরে, পালকিতে জীবনবাবু বলেই মনে হচ্ছে!’ বললেন তুলসীবাবু। ভিতরের ভদ্রলোক পালকির দরজা দিয়ে বাইরে উকি মারছিলেন। বেহারাগুলো ঠিক গল্পে যেরকম পড়া যায় সেইভাবে হুমহাম শব্দ করতে করতে এগোচ্ছিল, এমন সময় শব্দের সঙ্গে সঙ্গে পালকিটাও থেমে গেল।

পালকি মাটিতে নামতেই, তার ভিতর থেকে একজন বছর পঁয়ত্রিশের ভদ্রলোক বেশ কষ্ট করে বাইরে বেরিয়ে আরও খানিকটা কষ্ট করে উঠে দাঁড়ালেন। সমস্ত ব্যাপারটা বেমানান, ৫৫৮



কারণ ভদ্রলোকের স্মার্ট কলকাতিয়া চেহারা, গায়ে বুশ শার্ট আর টেরিলিনের প্যান্ট ।

‘মিস্টার মিত্তির ?’ ফেলুদার দিকে এগিয়ে এসে হাসি মুখে প্রশ্ন করলেন ভদ্রলোক ।

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘আমার নাম জীবনলাল মল্লিক ।’

‘বুঝছি । ইনি আমার বন্ধু মিস্টার গাঙ্গুলী, আর এ হল আমার খুড়তুতো ভাই তপেশ ।
তুলসীবাবুর সঙ্গে বোধহয় আপনার পরিচয় আছে !’

জীবনবাবু পালকিটাকে ছেড়ে দিয়ে বললেন, ‘আমার বাড়ি মিনিট পাঁচেকের হাঁটা পথ ।
আসবেন একবারটি ? আপনাদের চা খাওয়া হয়েছে ? একটু কথা ছিল ।’

লালমোহনবাবু রয়ে গেলেন, আমি আর ফেলুদা ভদ্রলোকের সঙ্গে মল্লিকবাড়ি রওনা

দিলাম। রাস্তা ছেড়ে একটা বাঁশ বনে ঢুকে বুঝলাম এটা শর্টকাট। জীবনবাবু বললেন, 'কলকাতায় একটা টেলিফোন করার দরকার ছিল, তাই স্টেশনে যেতে হল।'

'পালকি ছাড়া গতি নেই বুঝি?'

জীবনবাবু ফেলুদার দিকে আড়চোখে চেয়ে বললেন, 'আপনাকে তুলসীবাবু বলেছেন বুঝতে পারছি।'

'হ্যাঁ, বলছিলেন ইলেকট্রিক শকের পরিণাম।'

'পরিণামটা গোড়ায় এত ভয়াবহ ছিল না, আফ্রোশটা ছিল শুধু ইলেকট্রিসিটির বিরুদ্ধে। এখন কী দাঁড়িয়েছে সেটা আমাদের বাড়ি গেলেই বুঝতে পারবেন।'

'আপনি এখানে প্রায়ই আসেন?'

'দুমাসে একবার। আমাদের একটা ব্যবসা আছে, সেটা এখন আমাদেরই দেখতে হয়। সেই নিয়ে কথা বলতেই আসি।'

'তা হলে ব্যবসায় এখনও ইন্টারেস্ট আছে আপনার বাবার?'

'মোটাই না। কিন্তু আমি সেটা চাই না। আমি আশ্রয় চেষ্টা করে চলেছি যাতে উনি আবার স্বাভাবিক অবস্থায় ফিরে আসেন।'

'কোনও আশা দেখছেন কি?'

'এখনও না।'

২

মল্লিক বাড়িও যে অনেকদিনের পুরনো সেটা বলে দিতে হয় না, তবে মেরামতের দরুন বাড়িটাকে আর পোড়ো বলা চলে না। প্রাসাদ না হলেও, অটালিকা নিশ্চয়ই বলা চলে এ বাড়িকে। ফটক দিয়ে ঢুকে ডাইনে একটা বাঁধানো পুকুর, বাড়ির দুপাশের ফাঁক দিয়ে পিছনে গাছপালা দেখে মনে হয় ওদিকে একটা বাগান রয়েছে। পাঁচিলটা মেরামত হয়নি, তাই এখানে ওখানে ফটল ধরেছে, কয়েক জায়গায় আবার দেয়াল ভেঙেও পড়েছে।

ফটকে একজন দারোয়ান দেখলাম যার হাতে সড়কি আর ঢাল দেখে মনে হল কোনও ঐতিহাসিক নাটকে নামার জন্য তৈরি হয়েছে। সদর দরজার পাশেই ঠিক ওই রকমই হাস্যকর পোশাক-পরা একজন বরকন্দাজ জীবনবাবুকে দেখে এক পেল্লায় সেলাম ঠুকল। এই থমথমে পরিবেশেও এই ধরনের সব অবিশ্বাস্য ব্যাপার দেখে হাসি পাচ্ছিল।

আমরা একতলাতেই বৈঠকখানায় ফরাসের উপর বসলাম। ঘরে চেয়ার নেই। দেয়ালে যা ছবি আছে সবই হয় দেবদেবীর, না হয় পৌরাণিক ঘটনার। দেয়ালের আলমারির একটা তাকে গোটা দশেক বাংলা বই দেখলাম, বাকি তাকগুলো মনে হল খালি।

'আপনাদের পাখা লাগবে কি? তা হলে দাসুকে লাগিয়ে দিই।'

এতক্ষণ লক্ষ করিনি, এবার দেখলাম মাথার উপর ঝালরওয়ালা ডবল-মাদুর একটা কাঠের ডাঙা থেকে ঝুলছে, আর ডাঙাটা ঝুলছে সিলিং-এ দুটো আংটা থেকে। ডাঙা থেকে দড়ি বেরিয়ে বাঁ দিকের একটা দরজার উপর দেয়াল ফুঁড়ে বারান্দায় চলে গেছে। এই হল টানা-পাখা, যেটা টানা হয় বারান্দা থেকে, আর হাওয়া হয় ঘরে। অক্টোবর মাস, সন্ধ্যা হয়ে এসেছে তাই গরম নেই; পাখার আর দরকার হল না।

'এটা কী জানেন?'

জীবনবাবু আলমারিটা খুলে তার থেকে একটা গামছা টাইপের চারকোনা কাপড় বার করে ফেলুদাকে দেখালেন। সেটার বিশেষত্ব এই যে তার এককোণে গেরো দিয়ে বাঁধা রয়েছে



একটা পাথরের টুকরো ।

গামছাটা হাতে নিয়ে ফেলুদার ভুরু কুঁচকে গেল । সে পাথরের উল্টো দিকের কোনাটা হাতে নিয়ে গামছাটাকে বার কয়েক শূন্যে ঘুরিয়ে বলল, ‘তোপসে, উঠে দাঁড়া তো ।’

‘আমি দাঁড়লাম আর সেই সঙ্গে ফেলুদাও দাঁড়াল আমার থেকে হাত তিনেক দূরে । তারপর গামছা হাওয়ায় ঘুরিয়ে হাতে ধরা অবস্থাতেই জাল ফেলার মতো করে আমার দিকে ছুঁড়ে দিল, আর সঙ্গে সঙ্গে পাথরের দিকটা আমার গলায় পেঁচিয়ে গেল ।

‘ঠগী !’ আমি বলে উঠলাম ।

ফেলুদাই বলেছিল এককালে আমাদের দেশে ঠগীদের দস্যুগিরির কথা । তারা ঠিক

এইভাবে পথচারীদের গলায় ফাঁস দিয়ে হ্যাঁচকা টানে তাদের খুন করে সর্বস্ব লুট করে নিত ফেলুদা অবিশ্যি গামছা ধরে টান দেয়নি। সে তক্ষুনি প্যাঁচ খুলে নিয়ে ফরাসে বসে বলল, 'এ জিনিস আপনি কোথায় পেলেন?'

'মাঝ রাত্তিরে বাবার ঘরের জানালা দিয়ে ছুঁড়ে ফেলেছিল কেউ।'

'কবে?'

'আমি আসার কয়েকদিন আগে।'

'এত পাহারা সত্ত্বেও এটা হয় কী করে?'

'পাহারা?' জীবনবাবু হেসে উঠলেন। 'পাহারা তো শুধু পোশাকের বাহারে মশাই, মানুষগুলো তো সব গৌঁয়ো ভূত, কুঁড়ের হৃদ। আর তারাও তো বুঝতে পারে বাবুর ভীমরতি ধরেছে। কাজ যা করে সে তো শুধু নাম কা ওয়াস্তে। নেহাত বাড়িতে ডাকাত পড়েনি তাই, নইলে বোঝা যেত কার দৌড় কতদূর।'

'এ বাড়িতে আর কে কে থাকেন জানতে পারি কি?'

'বাবা ছাড়া আর আছেন আমার বিধবা ঠাকুমা। তিনি প্রাচীন আমলের লোক তাই দিবি আছেন। তা ছাড়া আছেন ভোলানাথবাবু। একে বাজার সরকার বলতে পারেন, ম্যানেজার বলতে পারেন—বাবার ফাইফরমাশ খাটা, দেখাশোনা করা, সবই ইনি করেন। বাবার অসুখ-বিসুখ হলে কবিরাজ ডাকতে হয়, সেটিও ইনিই করেন। কোনও কাজে শহরে যাবার দরকার হলেও ইনিই যান। ব্যস—এ ছাড়া আর কেউ নেই। অবিশ্যি চাকর আছে; একটি রান্নার লোক, দুটি দারোয়ান, একটি এমনি চাকর—এরা বাড়িতেই থাকে। পালকির লোক আর পাণ্ডাওয়ালা কাছেই গ্রাম থেকে আসে।'

'এই ভোলানাথবাবু কোথাকার লোক? ক'দিন আছেন?'

'উনি এই গ্রামেরই লোক। আমাদের প্রজা ছিলেন। বাপ-ঠাকুরদা চাষবাস করত। ভোলাবাবু নিজে ইস্কুলে পড়েছেন, বেশ বুদ্ধিমান ছেলে ছিলেন। এখন বয়স ষাটের কাছাকাছি।'

'উনি কি আপনার পিতামহ?'

ফেলুদা দেয়ালে একটা ছবি দেখিয়ে প্রশ্ন করল। বিরাট এক জোড়া পাকানো গৌঁফ নিয়ে এক জমিদার বাঁ হাত স্বেত পাথরের টেবিলের উপর রেখে ডান হাতে একটা রূপোয় বাঁধানো লাঠি ধরে চেয়ারে বসে আছেন। দেখলেই মনে হয় যাকে বলে দৌঁদগুপ্রতাপ।

'হ্যাঁ, উনিই দুর্লভ সিংহ।'

'যাঁর নামে বাঘে গোরুতে এক ঘাটে জল খেত?'

জীবনবাবু হেসে উঠলেন।

'বাঘ অবিশ্যি এককালে থাকলেও, ঠাকুরদার আমলে ছিল না; তবে হ্যাঁ, ডাকসাইটে জমিদার ছিলেন ঠিকই। এবং শেমফুলি অত্যাচারী।'

একজন চাকর একটা ট্রেতে করে একটা পেয়ালা আর দুটো গেলাসে কী যেন নিয়ে এল।

'তাঁ হলে চায়ের পাট উঠিয়ে দেননি আপনার বাবা?'

'আলবত দিয়েছেন। এটা অবিশ্যি চা না, কফি। আমার নিজের একটি কাপ এবং একটিন নেসক্যাফে আমি সঙ্গে করে নিয়ে আসি। সকাল সন্ধে একতলায় বসে খাই। তাই আপনাদের জন্য গেলাস; কিছু মনে করবেন না।'

'মনে করব কেন? এ তো খাঁটি মাদ্রাজি সিসটেম। কোমলা বিলাসে এইভাবে কাঁসার পাত্রে খেয়েছি কফি।'

দোতলা থেকে মাঝে মাঝেই একটা খটাস্ খটাস্ শব্দ পাচ্ছিলাম ; সেটা যে কীসের শব্দ সেটা ফেলুদার প্রশ্ন থেকে বুঝতে পারলাম ।

‘আপনার বাবা বুঝি খড়ম ব্যবহার করেন ?’

জীবনবাবু একটু হেসে বললেন, ‘সেটাই স্বাভাবিক নয় কি ?’

‘এই ঠগীর গামছা ছাড়া আর কী থেকে আপনার ধারণা হল যে আপনার বাবার জীবন বিপন্ন ?’

জীবনবাবু এবার তাঁর পকেট থেকে একটা কাগজ বার করে ফেলুদাকে দিলেন । তাতে গোটা গোটা পেনসিলের অঙ্করে লেখা—

‘তোমার পূর্বপুরুষের পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ তোমার প্রাণদণ্ডের আদেশ হইল । অতএব প্রস্তুত থাকো !’

‘এটা এসেছে ৫ই অক্টোবর, আমি আসার আগের দিন । পোস্ট করা হয়েছিল কাটোয়া থেকে । এখান থেকে যে-কেউ গিয়ে ডাকে ফেলে আসতে পারে ।’

‘কিছু মনে করবেন না—পূর্বপুরুষের পাপটা কী সে ব্যাপারে কিছু আলোকপাত করতে পারলে সুবিধে হত ।’

‘বুঝতেই তো পারছেন,’ বললেন জীবনবাবু, ‘একটা জমিদার বংশের ইতিহাসে অন্যায়ের তো কতরকম দৃষ্টান্ত থাকতে পারে । কোন পাপের কথা বলছে সেটা কী করে বলি বলুন । আমার ঠাকুরদাদা দুর্লভ মল্লিকই তো কতরকম অত্যাচার করেছেন প্রজাদের উপর ।’

‘এটা পেয়ে পুলিশে খবর দিলেন না কেন ?’

‘দুটো কারণে,’ একটু ভেবে বললেন জীবনবাবু । ‘এক, এখানে আপনাকে কেউ চিনবে না, তাই যে-লোক হুমকি দিচ্ছে সে সাবধানতা অবলম্বন করার অতটা তাগিদ অনুভব করবে না । দুই, পুলিশ এলে প্রথমে আমাকে সন্দেহ করবে ।’

আমরা দুজনে জিজ্ঞাসু দৃষ্টিতে চাইলাম ভদ্রলোকের দিকে । জীবনবাবু বলে চললেন, ‘বাবার এই অদ্ভুত পরিবর্তনের পর থেকে আমার সঙ্গে তাঁর আর বনিবনা নেই । আমরা শহরে মানুষ, বিজ্ঞানের অবদানগুলো অত সহজে বর্জন করা আমাদের চলে না মশাই । এটা ঠিক যে ইলেকট্রিক শকের ফলে বাবা মানসিক শকও পেয়েছিলেন সাংঘাতিক । ঘটনাটা ঘটে পাঁচ বছর আগে । আমি আর বাবা আপিস থেকে ফিরে একসঙ্গে বৈঠকখানায় ঢুকি । অন্ধকারে বাতি জ্বালতে গিয়ে সুইচবোর্ডে একটা খোলা তারে বাবার হাত আটকে যায় । বাইরেই ছিল মেইন সুইচ, আমি দৌড়ে গিয়ে পাঁচ সেকেন্ডের মধ্যে অফ করি । তবু কেন জানি বাবার ধারণা হয় যে আমি ব্যাপারটা আরও তাড়াতাড়ি করতে পারতাম । সেই তখন থেকেই । যাই হোক, এখানে এলেই কথা কাটাকাটি হয় । একবার তো রেগে গিয়ে একটা জ্বলন্ত কেরোসিনের ল্যাম্প ছুঁড়ে ফেলে দিই । তার ফলে ফরাসে আগুন-টাগুন ধরে হলুতুল ব্যাপার । পাড়াগাঁতে খবরটা রটে যায় । তারপর থেকে সবাই জানে শ্যাম মল্লিকের সঙ্গে তার ছেলের সাপে-নেউলে সম্পর্ক । কাজেই বুঝতেই পারছেন কেন পুলিশ ডাকিনি । অবিশ্যি আপনাকে ডাকার আরেকটা কারণ হল আপনার খ্যাতি । আর আমার বিশ্বাস একজন আধুনিক শহরে লোক সমস্যাটা আরও ভাল বুঝতে পারবে ।’

নেসক্যাফে শেষ হবার আগেই ঘরে ল্যাম্প চলে এসেছে । ওপরে পাঁচালিও বন্ধ হয়েছে । জীবনবাবু বললেন, ‘আপনি বাবার সঙ্গে কি একবার দেখা করতে চান ?’

‘সেটা হলে মন্দ হত না ।’

সামান্য ক’টা ল্যাম্প-লণ্ঠনের আলোয় এত বড় বাড়ির অনেকখানি যে অন্ধকার থেকে যাবে তাতে আর আশ্চর্য কী ? সিঁড়ি দিয়ে ওঠার সময় জীবনবাবু পকেট থেকে ছোট্ট একটা

টর্চ বার করে জ্বলে বললেন, 'এটাও লুকিয়ে আনা ।'

শ্যামলাল মল্লিক তাঁর নিজের ঘরে ফরাসে বসে তাকিয়ায় ঠেস দিয়ে গড়গড়ার নল হাতে নিয়ে বসে আছেন । জীবনবাবু আর নীচের ছবির দুর্লভবাবু, এই দুজনের সঙ্গেই ভদ্রলোকের চেহারার মিল আছে । হয়তো এই চেহারায় দুর্লভ সিংহের গোঁফ জুড়ে দিলে ঐকেও ডাকসাইটে বলে মনে হয় । এই অবস্থায় দেখে ভয় করে না, যদিও কথা বললে গলার গম্ভীর স্বরে মনে হয় রাগলে ভয়ংকর হতে পারে ।

'আপনি এবার আসুন', গম্ভীর গলায় বললেন শ্যামলালবাবু । যাকে কথাটা বলা হল তিনি ফরাসের এক কোণে বসে ছিলেন । জীবনবাবু তাকে কবিরাজ তারক চক্রবর্তী বলে পরিচয় করিয়ে দিলেন । রোগা ডিগ্‌ডিগে চেহারা, ঘন ভুরুর নীচে নাকের উপর পুরু কাচের চশমা, নাকের নীচে একজোড়া পুরু গোঁফ । তারক চক্রবর্তী নমস্কার করে ঘর থেকে বেরিয়ে গেলেন ।

'গোয়েন্দা দিয়ে কী হবে ?' শ্যামলাল মল্লিক ফেলুদার পরিচয় পেয়েই বিরক্তভাবে প্রশ্ন করলেন । 'এই চক্রান্তের কিনারা গোয়েন্দার কন্ঠে নয় । আমার শত্রু আমার ঘরেই আছে এ কথা দুর্লভ মল্লিকের আত্মা বলে দিয়েছেন । সে কথা কাগজে লেখা আছে আমার কাছে । আত্মা ত্রিকালজ্ঞ । জ্যোন্ত মানুষ সাহেবি কেতাব পড়ে তার চেয়ে বেশি জানবে কী করে ?'

জীবনবাবু দেখলাম কথাটা শুনে কেমন জানি থতমত খেয়ে গেলেন । বুঝলাম তিনি ঘটনাটা জানেন না ।

'আপনি কি মৃগাক্ষ ভট্টাচার্যের বাড়িতে গিয়েছিলেন ?'

'আমি যাব কেন ? সে এসেছিল । আমি তাকে ডেকেছিলাম । আমাকে এইভাবে বিব্রত করছে কে সেটা আমার জানার ছিল । এখন জেনেছি ।'

জীবনবাবু গম্ভীরভাবে বললেন, 'কবে এসেছিলেন মৃগাক্ষবাবু ?'

'তুমি আসার আগের দিন ।'

'কই, তুমি তো আমাকে বলনি ।'

শ্যামলালবাবু কোনও উত্তর দিলেন না । তিনি কথার ফাঁকে ফাঁকে সমানে গড়গড়া টেনে চলেছেন । ফেলুদা বলল, 'দুর্লভ মল্লিকের আত্মা কী লিখে গেছেন সেটা দেখা যায় কি ?'

ভদ্রলোক মুখ থেকে গড়গড়ার নল সরিয়ে লাল চোখ করে ফেলুদার দিকে চাইলেন ।

'তোমার বয়স কত হল ?'

ফেলুদা বয়স বলল ।

'এই বয়সে এত আত্মপর্দা হয় কী করে ? সে লেখার আধ্যাত্মিক মূল্য জানো তুমি ? সেটা কি যাকে-তাকে দেখাবার জিনিস ?'

'আমায় মাপ করবেন', ফেলুদা খুব শান্তভাবেই বলল, 'আমি শুধু জানতে চেয়েছিলাম আপনার সংকট থেকে কোনও মুক্তির উপায় আপনার পরলোকগত পিতা বলেছেন কি না ।'

'সেটার জন্য কাগজটা দেখাবার কী দরকার ? আমাকে জিজ্ঞেস করলেই তো হয় । মুক্তির উপায় একটাই—শত্রুকে বিদায় করো ।' "

কয়েক মুহূর্ত সবাই চুপ । তারপর ধীরকণ্ঠে জীবনলাল বললেন, 'তুমি তা হলে আমায় চলে যেতে বলছ ?'

'আমি কি তোমাকে আসতে বলেছি কোনওদিন ?'

জীবনবাবু দেখলাম ছাড়বার পাত্র নন । বললেন, 'বাবা, তুমি আমার চেয়ে ভোলানাথবাবুর উপর বেশি আস্থা রাখছ, বোধহয় তার পারিবারিক ইতিহাসটা ভুলে যাচ্ছ । ভোলানাথবাবুর বাবা খাজনা দিতে দেরি করায় দুর্লভ মল্লিকের লোক গিয়ে তাঁর ঘরে আগুন



লাগিয়ে দিয়েছিল। আর—’

‘মূর্থ!’ মল্লিকমশাই দাঁত খিঁচিয়ে বলে উঠলেন। ‘ভোলানাথ তখন ছিল শিশু। ঘটনার ষাট বছরে সে প্রতিশোধ নেবে আমাকে হত্যা করে? এমন কথা শুনলে লোকে হাসবে সেটা বুঝতে পারছ না?’

আমরা আর বসলাম না। ‘চলুন, আপনাদের পৌঁছে দিয়ে আসি’, বাইরে এসে বললেন জীবনবাবু। ‘আপনারা শর্টকাট চিনে ফিরতে পারবেন না।’

ফটক থেকে বেরিয়ে এসে ভদ্রলোক বললেন, ‘আপনাকে ডেকে এনে আমি ঝামেলার মধ্যে ফেলতে চাইনি। আপনাকে যে-ভাবে অপমানিত হতে হল তার জন্য আমি অত্যন্ত লজ্জিত।’

‘গোয়েন্দাদের এ সব ব্যাপারে লজ্জাবোধ থাকে না জীবনবাবু’, বলল ফেলুদা। ‘এখানে এসে আমার আদৌ আপশোস হচ্ছে না। এ নিয়ে আপনি চিন্তাই করবেন না। আমার কেবল আপনার সম্বন্ধেই ভাবনা হচ্ছে। একটা কথা আপনার বোঝা উচিত। হুমকি চিঠি পড়ে ভোলানাথবাবুর কথা মনে হচ্ছে বলেই কিন্তু সন্দেহটা আরও বেশি করে আপনার উপর পড়ছে।’

‘কিন্তু গামছা আর চিঠি যখন আসে তখন তো আমি কলকাতায়, মিস্টার মিত্তির।’

ফেলুদা একটা ছোট্ট হাসি দিয়ে বলল, ‘আপনার যে কোনও অনুচর নেই গোসাঁইপুরে সেটা কী করে জানব জীবনবাবু?’

‘আপনিও আমাকে সন্দেহ করছেন ?’ শুকনো ধরা গলায় প্রশ্ন করলেন জীবনবাবু ।

‘আমি এখনও কাউকেই সন্দেহ করছি না, কাউকেই নির্দোষি ভাবছি না । তবে একটা কথা আমি আপনাকে জিজ্ঞেস করতে চাই । ভোলানাথবাবু কীরকম লোক ?’

জীবনবাবু এক মুহূর্ত চুপ করে থেকে বললেন, ‘অত্যন্ত বিশ্বস্ত । এটা স্বীকার না করে উপায় নেই । কিন্তু তাই বলেই কি আমার উপর সন্দেহ পড়বে ?’ শেষ প্রশ্নটা মরিয়া হয়ে করলেন জীবনবাবু । ফেলুদা বলল, ‘জীবনবাবু, এখন আমাকে সম্পূর্ণ নিরপেক্ষভাবে সমস্ত ব্যাপারটা দেখতে হবে । এ ছাড়া উপায় নেই । এবং আপনাকে ধৈর্য ধরতে হবে । এ ছাড়া আপনারও উপায় নেই । অপরাধীকে রক্ষা করার রাস্তা আমার জানা নেই । কিন্তু যে নির্দোষি তাকে আমি বাঁচাবই ।’

এতে জীবনবাবু আশ্বস্ত হলেন কি না সেটা অন্ধকারে তাঁর মুখ না দেখে বোঝা গেল না ।

বাঁশবনটা ফুরিয়ে আসার মুখে ফেলুদা একটা প্রশ্ন করল জীবনবাবুকে ।

‘আপনার বাবা তো খড়ম ব্যবহার করেন ; খালি পায়ে হাঁটাহাঁটি করেন কি কখনও—বাড়ির বাইরে ?’

‘বাড়ির ভিতরেই করেন না কখনও, তো বাড়ির বাইরে ! এটা অবিশ্যি নতুন কিছু নয় । চিরকালের ব্যাপার ।’

‘পায়ের তলায় যেন মাটি দেখলাম । তাই জিজ্ঞেস করছি । আর একটা কথা—উনি মশারি ব্যবহার করেন না ?’

‘নিশ্চয়ই । এখানে সবাই করে । করতেই হয় । কেন বলুন তো ?’

‘আপনি বোধহয় ল্যাম্পের আলোয় ঠিক বুঝতে পারেননি ; ওঁর সর্বাস্থে অসংখ্য মশার কামড়ের চিহ্ন ।’

‘তাই বুঝি ?’ বুঝলাম জীবনবাবু খেয়াল করেননি । সত্যি বলতে কী আমিও করিনি । ‘কিন্তু বারা তো মশারি ব্যবহার করেন । মশারি তো সাহেবদের জিনিস না, ওতে আপত্তির কী আছে ?’

‘তা হলে বোধহয় ফুটো আছে । একটু দেখবেন তো ।’

৩

তুলসীবাবু আর জটায়ু আমাদের জন্য অপেক্ষা করছিলেন ; এতক্ষণে ইলেকট্রিক লাইটে এসে যেন হাঁফ ছেড়ে বাঁচলাম । লালমোহনবাবু বললেন, ‘ভাবতে পারেন, এই গুণ্ডামে প্রায় বিশ জনের মতো লোক পাওয়া গেল যারা আমার ফিফটি পারসেন্টের বেশি বই পড়েছে ? অবিশ্যি সবাই যে কিনে পড়েছে তা নয় ; সিক্সটি ফাইভ পারসেন্ট ইস্কুলের লাইব্রেরি থেকে নিয়ে পড়েছে । যারা কিনেছে তারা এসে বইয়ে সই নিয়ে গেল ।’

তুলসীবাবু ফেলুদাকে বললেন, ‘আপনার অপেক্ষাতেই বসে আছি । একবার আত্মারামের দর্শনটা করে নিন । বাদুড়েকালী না হয় কাল দেখা যাবে ।’

‘সেটা আবার কী ?’

‘গোসাঁইপুরের আরেকটি অ্যাট্রাকশন । আপনারা যে বাঁশবন দিয়ে এলেন, তারই ভেতরে একটি দুশো বছরের পুরনো পোড়ো মন্দির । বিগ্রহ নেই । বহুদিন থেকেই বাদুড়ের বাসা হয়ে পড়ে আছে । এককালে খুব জাঁকের মন্দির ছিল ।’

‘ভাল কথা, আপনার এই আত্মারামবাবুটি এ-গাঁয়েরই লোক ?’

‘না, তবে রয়েছেন এখানে অনেকদিন । বছর দুয়েক হল ভদ্রলোকের এই ক্ষমতা প্রকাশ

পায়। তা ছাড়া জ্যোতিষও জানেন। খুব নাম-ডাক। কলকাতা থেকে লোক এসে হাত-টাত দেখিয়ে যায়।’

‘পরসো নেন?’

‘তা হয়তো নেন। কিন্তু এখানের কারুর কাছ থেকে কোনওদিন কিছু নিয়েছেন বলে শুনিনি। আত্মা নামান সোম আর শুক্র; আজ শুধু দর্শনটা করিয়ে আনব।’

ফেলুদা দর্শনের ব্যাপারে দেখলাম কোনও আপত্তি করল না। কারণ পরিষ্কার: সে বুঝেছে মৃগেন ভট্টাচার্য এখন তদন্তের সঙ্গে জড়িয়ে গেছে। আমরা বেরিয়ে পড়লাম।

বাইরে গাছপালার ফাঁক দিয়ে এবাড়ি-ওবাড়ির বিজলি-আলো দেখা গেলেও অন্ধকারটা বেশ জমজমট। চাঁদ এখনও ওঠেনি। বিঁঝি প্যাঁচা শেয়াল সব মিলিয়ে মনে হচ্ছিল এখানে শ্যাম মল্লিকের পালকি আর কেরোসিন ল্যাম্পই মানায় বেশি। লালমোহনবাবু বললেন এর চেয়ে রহস্যময় আর রোমাঞ্চকর পরিবেশ তিনি আর দেখেননি। বললেন, ‘যে-উপন্যাসটার ছক কেটেচি সেটা গোয়াটেমালায় ফেলব ভাবচিলুম, এখন দেখচি গোসাইপুর প্রেফারেবল।’

‘তাও তো ঠগীর ফাঁসটা দেখেননি, তা হলে বুঝতেন রোমাঞ্চ কাকে বলে।’

‘সে কী ব্যাপার মশাই?’

ফেলুদা সংক্ষেপে ঘটনাটা বলল। হুমকি চিঠির কথাটাও বলল। তুলসীবাবু মন্তব্য করলেন, ‘মৃগেন ভট্টাচার্য যদি আত্মা আনিয় ওই কথাই বলে থাকে যে মল্লিক বাড়িতেই রয়েছেন শ্যাম মল্লিকের শত্রু তা হলে সেটা মানতেই হবে। আপনার সারা গাঁ চষে বেড়ানোর দরকার নেই।’

আমি মনে মনে বললাম—তুলসীবাবুর ভক্তির পাত্রের মধ্যে আরেকজন লোক পাওয়া গেল—আত্মারাম মৃগেন ভট্টাচার্য।

মৃগেনবাবুর বাড়িতেও দেখলাম ইলেকট্রিসিটি নেই। বোধহয় আবছা আলোয় আত্মা সহজে নামে তাই। ভদ্রলোকের চেহারাটা বেশ চোখে পড়ার মতো। দেখে বয়স বোঝার উপায় নেই। পাতলা চুলে পাক ধরেনি, যদিও চোখের কোলে আর থুতনির নীচে চামড়া কুঁচকে গেছে। নাক, চোখ, কপাল, পাতলা ঠোঁট, গায়ের রং সবই একেবারে কাশির টোলার পণ্ডিতের মতো। মানে যাকে বলে মার্কা মারা বামুন। পায়ের গুলি দেখে মনে হল ভদ্রলোক এখন না হলেও এককালে প্রচুর হেঁটেছেন।

বিজলি না থাকলেও এখানে চেয়ার টেবিলের অভাব নেই। ভট্টাচার্য মশাই নিজে তক্তপোষে বসে আছেন, সামনে তিনটে টিনের আর একটা কাঠের চেয়ার ছাড়া দুপাশে দুটো বেঞ্চ রয়েছে। ডান দিকের বেঞ্চিতে একজন বছর পঁচিশের ছেলে বসে একটা পুরনো পাঁজির পাতা উলটোচ্ছে। পরে জেনেছিলাম ও মৃগেনবাবুর ভাগনে নিত্যনন্দ, আত্মা নামানোর ব্যাপারে মামাকে সাহায্য করে।

তুলসীবাবু ভট্টাচার্য মশাইকে টিপ করে একটা প্রণাম করে আমাদের দিকে দেখিয়ে বললেন, ‘কলকাতা থেকে এলেন এঁরা। আমার বন্ধু। নিয়ে এলাম আপনার কাছে। গোসাইপুর কাকে নিয়ে গর্ব করে সেটা এঁদের জানা উচিত নয় কি?’

মৃগেনবাবু ঘাড় তুলে আমাদের দেখে চেয়ারের দিকে দেখিয়ে দিলেন। আমরা তিনজনে বসলাম, তুলসীবাবু দাঁড়িয়ে রইলেন।

মৃগেনবাবু হঠাৎ টান হয়ে পদ্মাসন করে বসে মিনিট খানেক চোখ বুজে চুপ করে রইলেন। তারপর সেই অবস্থাতেই বললেন, ‘সন্ধ্যাশশী বন্ধুটি কোন জন?’

আমরা সবাই চুপ। ফেলুদার চোখ কুঁচকে গেছে। লালমোহনবাবু বললেন, ‘আজ্ঞে ওই নামে তো কেউ—’



তুলসীবাবু ঠোঁটে আঙুল দিয়ে তাঁকে থামিয়ে দিলেন ।

‘প্রদোষ চন্দ্র মিত্র আমার নাম,’ হঠাৎ বলে উঠল ফেলুদা । সত্যিই তো !—প্রদোষ মানে সন্ধ্যা, চন্দ্র হল শশী, আর মিত্র হল বন্ধু !

ভটচায় মশাই চোখ খুলে ফেলুদার দিকে মুখ ঘোরালেন । তুলসীবাবু দেখি বেশ গর্ব-গর্ব ভাব করে ফেলুদার দিকে চেয়ে আছেন ।

‘বুঝলে তুলসীচরণ’, বললেন ভটচায় মশাই । ‘কিছুদিন পরে আর আত্মার প্রয়োজন হবে না । আমার নিজের মধ্যেই ক্রমে ত্রিকাল দর্শনের শক্তি জাগছে বলে অনুভব হচ্ছে । অবিশ্যি আরও কয়েক বছর লাগবে ।’

‘ওঁর পেশাটা কী বলুন তো !’ তুলসীবাবু ফেলুদার দিকে দেখিয়ে প্রশ্নটা করলেন । ইতিমধ্যে একজন বাইরের লোক এসে ঢুকেছে, তার সামনে ফেলুদা যে গোয়েন্দা এই খবরটা বেরিয়ে পড়লে মোটেই ভাল হবে না ।

‘সেটা আর বলার দরকার নেই’, বলল ফেলুদা । তুলসীবাবুও নিজের অসাবধানতার

ব্যাপারটা বুঝে ফেলে জিভ কেটে কথা ঘুরিয়ে বললেন, ‘শুক্লরবার আরেকবার আপনার এখানে নিয়ে আসব ওঁদের । আজ কেবল দর্শনটা করিয়ে গেলাম ।’

মৃগাক্ষবাবুর চোখ এখনও ফেলুদার দিকে । একটু হেসে বললেন, ‘সূক্ষ্ম সাল শস্যের কাজে এসেছেন আপনি, এ কথা বললে আপনি ছাড়া আর কেউ বুঝবে কি ? আপনি অকারণে বিচলিত হচ্ছেন ।’

ভদ্রলোকের কাছ থেকে বিদায় নিয়ে বাইরে এসে ফেলুদা বলল, ‘চতুর লোক । এঁর পসার জমবে না তো কার জমবে ?’

‘সূক্ষ্ম সাল শস্য কী মশাই ?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন । ‘সন্ধ্যা শশী বন্ধু তো তাও অনেক কষ্টে বুঝলাম—তাও আপনি নিজের নামটা বললেন বলে ।’

‘সূক্ষ্ম হল অণু, সাল—দন্ত্য স—হল সন, আর শস্য হল ধান । তিনে মিলে—’

‘অনুসন্ধান !’ লালমোহনবাবু ক্ল্যাপ দিয়ে বলে উঠলেন, ‘লোকটা শুধু গণনা জানে না, হেঁয়ালিও জানে । আশ্চর্য !’

কে যেন এদিকেই আসছে—হাতের লঠনটা দোলার ফলে তার নিজের ছায়াটা সারা রাস্তা ঝাঁট দিতে দিতে এগিয়ে আসছে । তুলসীবাবু হাতের টর্চ তুলে তার মুখে ফেলে বললেন, ‘ভটচায়ের ওখানে বুঝি ? কী ব্যাপার, ঘন ঘন দর্শন ?’

ভদ্রলোক একটু হেঁ হেঁ ভাব করে কিছু না বলে আমাদের পাশ কাটিয়ে চলে গেলেন ।

‘ভোলানাথবাবু’ বললেন তুলসীবাবু, ‘ভটচায় মশাইয়ের লেটেষ্ট ভক্ত । মাঝে একদিন ওঁর বাড়িতে গিয়ে কার জানি আত্মা নামিয়েছেন ।’

রাত্রে তুলসীবাবুর দাওয়ায় বসে তিনরকম তরকারি, মুগের ডাল আর ডিমের ডালনা দিয়ে দিবি ভোজ হল । তুলসীবাবু বললেন যে এখানকার টিউবওয়েলের জলটায় নাকি খুব খিদে হয় ।

খাওয়া-দাওয়া করে বাইরের দাওয়ায় বসে তুলসীবাবুর কাছে ওঁর মাস্টারি জীবনের গল্প শুনে যখন দোতলায় শুতে এলাম তখন ঘড়ি বলছে সাড়ে নটা, কিন্তু মনে হচ্ছে যেন মাঝরাত্তির । আমরা মশারি সমেত বিছানাপত্র সব নিয়ে এসেছিলাম ; ফেলুদা বলল ওডোমস মেখে শোব, মশারির দরকার নেই । আমি লক্ষ করেছি গত দেড় ঘণ্টায় ও একবার কেবল গঙ্গার রান্নার প্রশংসা ছাড়া আর কোনও কথা বলেনি । এত চট করে ওকে চিন্তায় ডুবে যেতে এর আগে কখনও দেখিনি । লালমোহনবাবু বললেন ওঁর সংবর্ধনার স্পিচটা তৈরি করে রাখতে হবে, তাই উনি একটা লঠন চেয়েছেন, কারণ ঘরে বাতি জ্বালিয়ে রাখলে আমাদের ঘুমের ব্যাঘাত হবে ।

আমি বিছানায় শুয়ে ফেলুদাকে একটা প্রশ্ন না করে পারলাম না ।

‘তোমার নাম আর পেশা কী করে বলে দিল বলো তো ?’

‘আমার মনের অনেকগুলো প্রশ্নের মধ্যে ওটাও একটা রে তোপসে । তবে অনেক লোকের অনেক পিকিউলার ক্ষমতা থাকে যার কোনও ব্যাখ্যা পাওয়া যায় না ।’

লালমোহনবাবু বললেন, ‘আমাকে এভাবে স্রেফ ইগনোর করল কেন বলুন তো ।’

‘সারা গাঁয়ের লোক আপনাকে অভ্যর্থনা দিতে চলেছে, আর একটা লোক আপনার নামে হেঁয়ালি বাঁধল না বলে আপনি মুষড়ে পড়লেন ?’

‘তা হলে বোধহয় আমার নাম থেকে হেঁয়ালি হয় না তাই ।’

ফেলুদা দুটো ধোঁয়ার রিং ছেড়ে বলল, ‘রক্তবরণ মুগ্ধকরণ নদীপাশে যাহা বিঁধিলে মরণ—কেমন হল ?’

‘কীরকম, কীরকম?’ বলে উঠলেন লালমোহনবাবু। ফেলুদা এত ফস্ করে ছড়াটা বলেছে যে দুজনের কেউই ঠিকমত ধরতে পারিনি। ফেলুদা আবার বলল—‘রক্তবরণ মুখকরণ নদীপাশে যাহা বিঁধিলে মরণ।’

‘দাঁড়ান, দাঁড়ান.....রক্তবরণ লাল, আর মুখকরণ—’

‘মোহন!’ আমি চৈঁচিয়ে বলে উঠলাম।

‘ইয়েস, লালমোহন—কিন্তু গাঙ্গুলী?—ওহো, নদী হল গাঙ আর গুলি বিঁধলে মরণ—ওঃ, ব্রিলিয়ান্ট মশাই! কী করে যে আপনার মাথায় এত আসে জানি না। আপনি শ্রাকতে সংবর্ধনাটা আমাকে দেওয়ার কোনও মানেই হয় না। ভাল কথা, স্পিচটা তৈরি হলে একটু দেখে দেবেন তো?’

8

পরদিন সকালে গ্রামটা ঘুরে দেখে আমরা জাগরণী ক্লাবের বাড়িতে সিরাজদ্দৌলা নাটকের রিহার্সাল দেখতে গেলাম। ফেলুদা অভিনেতাদের সঙ্গে আলাপ করে তাদের ক্যানেডিয়ান থিয়েটার সম্বন্ধে একটা ছোটখাটো বক্তৃতা দিয়ে ফেলল। সেখানেই আলাপ হল গোসাঁইপুরের একমাত্র মুকাভিনেতা বেণীমাধবের সঙ্গে। বললেন শুক্রবার বিকেলে আমাদের বাড়িতে এসে তাঁর আর্ট দেখিয়ে যাবেন। ‘দেখবেন স্যার, ফ্ল্যাট ছাতের উপর সিঁড়ি বেয়ে ওঠা দেখিয়ে দেব, ঝড়ের মধ্যে মানুষের অভিব্যক্তি কীরকম হয়, স্যাড থেকে হুঁরকম চেঞ্জের মধ্যে দিয়ে হ্যাপিতে নিয়ে যাওয়া সব দেখিয়ে দেব।’

বিকলে সেগুনহাটির মেলা দেখতে গেলাম। সেখানে নাগরদোলায় চড়ে, চা চিকেন কাটলেট আর রাজভোগ খেয়ে স্পাইডার লেডির বীভৎস ভেলকি দেখে, সাড়ে তেরো টাকার খুচরো জিনিস কিনে গোসাঁইপুর যখন ফিরলাম তখন ছাঁটা বাজে। আকাশে আলো আছে দেখেই বোধহয় ফেলুদা বলল একবার মল্লিকবাড়িতে জীবনবাবুর সঙ্গে দেখা করে যাবে। তুলসীবাবু বললেন বাড়ি গিয়ে আমাদের জন্য অপেক্ষা করবেন।

সদর দরজায় পৌঁছানোর আগেই জীবনবাবু বেরিয়ে এলেন; বললেন ওঁর ঘরের জানালা দিয়েই অনেক আগেই আমাদের দেখতে পেয়েছেন। তারপর ফেলুদার প্রশ্নের উত্তরে বললেন যে নতুন কোনও খবর নেই। ‘আপনাদের বাগানটা একটু দেখতে পারি?’ ‘নিশ্চয়ই’, বললেন জীবনবাবু, ‘আসুন আমার সঙ্গে।’

বাগানটা অবিশ্যি ফুলের বাগান নয়, এখানে বেশির ভাগই বড় বড় গাছ আর ফলের গাছ। ফেলুদা ঘুরে ঘুরে কী দেখছে তা ওই জানে! একবার এক জায়গায় থেমে মাটিটার দিকে যেন একটু বেশিক্ষণ ধরে দেখল। এরই ফাঁকে আবার মল্লিকবাড়ির দোতলার পিছনের বারান্দা থেকে ‘কে রে, কে ওখানে?’ বলে জীবনবাবুর ঠাকুমা চৈঁচিয়ে উঠলেন। তাতে জীবনবাবুকে আবার উলটে চৈঁচিয়ে বলতে হল, ‘কেউ না ঠাকুমা—আমরা।’ ‘ও, তোরা’, উত্তর দিলেন ঠাকুমা, ‘আমি রোজই যেন দেখি কারা ঘুর ঘুর করে ওখানে।’

‘আপনার ঠাকুমার দৃষ্টিশক্তি কেমন?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘খুবই কম’, বললেন জীবনবাবু, ‘এবং তার সঙ্গে মানানসই শ্রবণশক্তি!’

‘বাগান এমনিতে তেমন দেখাশোনা হয় না?’

‘ওই ভোলানাথবাবুই যা দেখেন।’

‘রাত্রে লোক থাকে এদিকে?’

‘রাত্রে? মাথা খারাপ! রাত জেগে বাগানে টহল দেবে এরা?’

‘সদর দরজায় তালা দেওয়া থাকে আশা করি ?’

‘ওটা ভোলানাথবাবুর ডিউটি। তবে আমি থাকলে আমিই চাবি বন্ধ করি, চাবি আমার কাছেই থাকে।’

‘ভোলানাথবাবুর সঙ্গে আলাপ হয়নি ; তাঁকে একবার ডাকতে পারেন !’

ভোলানাথবাবুকে দিনের আলোয় দেখে মনে হল তিনি শহুরে লোকের মতো ধুতি শার্ট পরলেও তাঁর চেহারা এখনও অনেকখানি তাঁর পূর্বপুরুষের ছাপ রয়ে গেছে। খালি গা করে মাঠে নিয়ে, হাতে লাঙল ধরিয়ে দিলে খুব বেমানান হবে না। আমরা বাড়ির সামনে বাঁধানো পুকুরের ঘাটে বসে কথা বললাম। বর্ষার জলে পুকুর প্রায় কানায় কানায় ভরে আছে আর সারা পুকুর ছেয়ে আছে শালুকে। নবীন বলে একটি চাকরকে লেবুর সরবত আনতে বললেন জীবনবাবু। চারিদিক অদ্ভুত রকম নিস্তব্ধ, কেবল দূরে কোথেকে জানি টি টি করে শোনা যাচ্ছে ট্রানজিস্টারে গান। ওটা না হলে সত্যিই যেন মনে হত আমরা কোন আদ্যিকালে ফিরে গেছি।

‘মৃগাক্ষবাবু আপনাদের বাড়িতে একবারই এসেছেন ?’ ভোলানাথবাবুকে জিজ্ঞেস করল ফেলুদা।

‘সম্প্রতি একবারই এসেছেন।’

‘আর আগে ?’

‘আগেও এসেছেন কয়েকবার। কাটোয়া থেকে আষাঢ় মাসে মদন গোসাঁইর দল এল, তখন মৃগাক্ষবাবুই তাদের নিয়ে এসে কতাকৈ কেওন শুনিয়া যান। এমনিতেও বার কয়েক একা আসতে দেখেছি ; মনে হয় কতাকৈ একটা কুষ্টি ছ’কে দেবার কথা বলেছিলেন।’

‘সে কুষ্টি হয়েছে ?’

‘আজ্ঞে তা বলতে পারব না।’

‘এবার যে এলেন, তার ব্যবস্থা কে করল ?’

‘আজ্ঞে কতর নিজেই ইচ্ছা ছিল, আর কবিরেজ মশাইও বললেন, আর—আজ্ঞে, আমিও বলেছিলাম।’

‘আপনার তো যাতায়াত আছে ভটচায় বাড়িতে ?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘ভক্তি হয় ?’

ভোলানাথবাবুর মাথা হেঁট হয়ে গেল।

‘আজ্ঞে কী আর বলব বলুন। আমার মেয়ের নাম ছিল লক্ষ্মী, যেমন নাম তেমনি মেয়ে, এগারোয় পড়তে না পড়তে ওলাউঠোয় চলে গেল। মৃগাক্ষবাবু শুনে বললেন, সে কেমন আছে জানতে চাও তার নিজের কথায় ?’

ভোলানাথবাবু অন্ধকারে ধূতির খুঁটে চোখ মুছলেন। তারপর সামলে নিয়ে বললেন, ‘সেই মেয়েকে নামিয়ে আনলেন ভটচায় মশাই। মেয়ে বললে ভগবানের কোলে সে সুখে আছে, তার কোনও কষ্ট নাই। মুখে বললে না অবিশ্যি, কাগজে লেখা হল। সেই থেকে...’

ভোলানাথবাবুর গলা আবার ধরে গেল। ফেলুদা ব্যাপারটাকে আর না বাড়িয়ে বলল, ‘এ বাড়িতে আত্মা নামানোর সময় আপনি ছিলেন ?’

‘ছিলাম, তবে ঘরের মধ্যে ছিলাম না, দরজার বাইরে। ভেতরে কেবল কতাকৈ মশাই আর ভটচায় মশাই আর নিত্যানন্দ ছাড়া কেউ ছিলেন না। মা ঠাকরুন যেন জানতে না পারেন এইটে বলে দিয়েছিলেন কতাকৈ মশাই, তাই দরজায় পাহারা থাকতে হল।’

‘তা হলে আপনি কিছুই শোনেননি ?’

‘আজ্ঞে দশ মিনিট খানেক চুপচাপের পর মধু সরকারের বাঁশ বনের দিক থেকে যখন শেয়াল ডেকে উঠল সেই সময় যেন কতমশাইয়ের গলায় শুনলাম—কেউ এলেন, কেউ এলেন ? তারপর আর কিছু শুনিনি । সব হয়ে যাবার পর ভটচায় মশাইকে নিয়ে তাঁর বাড়ি পৌঁছে দিয়ে আসি ।’

সরবত খাওয়া শেষ করে একটা চারমিনার ধরিয়ে ফেলুদা বলল, ‘দুর্লভ মল্লিকের লোক আপনাদের ঘরে আগুন লাগিয়ে দিয়েছিল সে কথা মনে পড়ে ?’

ভোলানাথবাবুর উত্তর এল ছোট্ট দুটো কথায় ।

‘তা পড়ে ।’

‘আপনার মনে আক্রোশ নেই ?’

ফেলুদাকে এ ধরনের ধাক্কা-মারা প্রশ্ন করতে আগেও দেখেছি । ও বলে এই ধরনের প্রশ্নের রিঅ্যাকশন থেকে নাকি অনেক কিছু জানা যায় । ভোলানাথবাবু জিভ কেটে মাথা হেঁট করলেন । তারপর কয়েক সেকেন্ড চুপ থেকে বললেন, ‘এখন মাথাটা ঠিক নেই তাই, নইলে কতমশাইয়ের মতো মানুষ ক’জন হয় ?’

ফেলুদা আর কোনও প্রশ্ন করল না । ভোলানাথবাবু একটুক্ষণ অপেক্ষা করে বললেন, ‘যদি অনুমতি দেন—আমি একটু ভটচায় মশাইয়ের বাড়ি যাব ।’

ফেলুদা বা জীবনবাবুর কোনও আপত্তি নেই জেনে ভদ্রলোক চলে গেলেন । জীবনবাবু একটু উসখুস করছেন দেখে ফেলুদা বলল, ‘কিছু বলবেন কি ?’

‘আপনি কিছুটা অগ্রসর হলেন কি না জানার আগ্রহ হচ্ছে ।’

বুঝলাম ভদ্রলোক নিজের সম্বন্ধে বিশেষ চিন্তিত ।

ফেলুদা বলল, ‘ভোলানাথবাবুকে বেশ ভাল লাগল ।’

জীবনবাবুর মুখ শুকিয়ে গেল । ‘তার মানে আপনি বলতে চান—’

‘আমি নিশ্চয়ই বলতে চাই না আপনাকে আমার ভাল লাগে না । আমি বলতে চাই শুধু দু-একটা খটকার উপর নির্ভর করে তো খুব বেশি দূর এগোনো যায় না—বিশেষ করে সেই খটকাগুলোর সঙ্গে যখন মূল ব্যাপারটার কোনও সম্পর্ক পাওয়া যাচ্ছে না । এখন যেটা দরকার সেটা হল কোনও একটা ঘটনা যেটা—’

‘কে রে, কে ওখানে ?’

ফেলুদার কথা থেমে গেল, কারণ ঠাকুমা টেঁচিয়ে উঠেছেন । আওয়াজটা এসেছে বাড়ির পিছন দিক থেকে । চারদিক নিস্তব্ধ বলে গলা এত পরিষ্কার শোনা গেল ।

ফেলুদা দেখলাম মুহূর্তের মধ্যে সোজা বাগানের দিকে ছুটছে । আমরাও তার পিছু নিলাম । লালমোহনবাবু এতক্ষণ পুকুরের দিকে তাকিয়ে গুনগুন করে গান গাইছিলেন । তিনিও দেখলাম সঙ্গে সঙ্গে দিলেন ছুট ।

তিনটে টর্চের আলোর সাহায্যে আমরা বাগানে গিয়ে পৌঁছলাম । ফেলুদা এগিয়ে গেছে, সে পশ্চিমের পাঁচিলের গায়ে একটা ধসে যাওয়া অংশের পাশে দাঁড়িয়ে বাইরে টর্চ ফেলে রয়েছে । ‘কাউকে দেখলেন ?’ জীবনবাবু প্রশ্ন করলেন ।

‘দেখলাম, কিন্তু চেনার মতো স্পষ্ট নয় ।’

আধঘণ্টা ধরে মশার বিনবিনুনি আর কামড় আর ঝাঁঝির কান ফাটানো শব্দের মধ্যে সারা বাগান চষে যেটা পাওয়া গেল সেটা একটা চরম রহস্য । সেটা হল বাগানের উত্তর দিকের শেষ মাথায় একটা গাছের গুঁড়ির পাশে একটা সদ্যখোঁড়া গর্ত । তার মধ্যে যে কী ছিল বা কী থাকতে পারে সে ব্যাপারে জীবনবাবু কোনওরকম আলোকপাত করতে পারলেন না । লালমোহনবাবু অবিশ্যি সোজাসুজি বললেন গুপ্তধন, কিন্তু জীবনবাবু বললেন তাঁদের বংশে

কস্মিনকালেও গুপ্তধন সম্বন্ধে কোনও কিংবদন্তি ছিল না। ফেলুদা যে কথাটা বলল সেটাও আমার কাছে পুরোপুরি রহস্য।

‘জীবনবাবু, আমার মনে হচ্ছে আমরা এই ঘটনাটার জন্য অপেক্ষা করছিলাম।’

আমরা কিছুক্ষণ হল খাওয়া-দাওয়া সেরে আমাদের ঘরে এসে বসেছি। আজ বেশ কাহিল লাগছে; বুঝতে পারছি অন্ধকারে বনবাদাড়ে ঘোরাটা সহজ কাজ নয়। আমার আর লালমোহনবাবুর পায়ে বেশ কয়েক জায়গায় ডেটল দিতে হয়েছে। কারণ আগাছার মধ্যে কাঁটা-ঝোপও ছিল বেশ কয়েকটা।

একমাত্র ফেলুদাকে দেখে মনে হচ্ছে তার মধ্যে কোনও পরিবর্তন নেই। সে আজ তার খাতা খুলেছে। গায়ে ওডোমস লাগিয়ে বালিশে বুক দিয়ে শুয়ে কী যেন হিজিবিজি লিখছে। লালমোহনবাবু একটা হাই অর্ধেক তুলে থেমে গেলেন, কারণ ফেলুদা একটা প্রশ্ন করেছে—লালমোহনবাবুকে নয়, তুলসীবাবুকে। তুলসীবাবু আমাদের জন্য পান নিয়ে ঢুকছেন।

‘তুলসীবাবু, আপনি যদি একজন মহৎ লোককে একটা লোক ঠকানো ফন্দি বাতলে দেন, সে-লোক যদি সে ফন্দি কাজে লাগায়, তা হলে তাকে কি আর মহৎ বলা চলে?’

তুলসীবাবু ভাবাচ্যাকা ভাব করে বললেন, ‘ওরে বাবা, আমি মশাই এসব হেঁয়ালি-টেয়ালিতে একেবারেই অপটু। তবে হ্যাঁ, মহৎ লোক অত নীচে নামবেন কেন? নিশ্চয়ই নামবেন না।’

‘যাক্’, বলল ফেলুদা, ‘আমি খুশি হলাম জেনে যে আপনি আমার সঙ্গে এক মত।’

একেই তো প্যাঁচালো রহস্য, সেটাকে ধোঁয়াটে কথা বলে ফেলুদা আরও পৌঁচিয়ে দিচ্ছে, আমি তাই ও নিয়ে আর একদম চিন্তা না করে মশারির ভিতর ঢুকলাম। কিন্তু চিন্তা করব না ভাবলেই কি আর মন থেকে চিন্তা পালিয়ে যায়? আমার নিজের মনেই যে প্রশ্ন জমা হয়েছে একগাদা। শ্যামলালবাবুর পায়ে কাদা কেন? কে পাঠিয়েছে ঠগীর ফাঁস আর হুমকি চিঠি? ঠাকুমা কাকে দেখে চৈতালেন আজকে? বাগানের গর্তে কী ছিল? আত্মার উত্তর লেখা কাগজ দেখালেন না কেন মল্লিকমশাই?..... গতকালের মতো আজও বিছানায় পড়তে না পড়তে ঘুমিয়ে পড়েছিলাম, কেবল তফাতটা এই যে গতকাল এক ঘুমে রাত কাবার, আর আজ চোখ খুলে দেখি তখনও অন্ধকার।

আসলে ঘুমটা ভেঙেছে একটা চিৎকারে। সেটার জন্য দায়ী বোধহয় লালমোহনবাবু, কারণ তিনি খাটের উপর বসে আছেন মশারির বাইরে, সামনের খোলা জানালার গরাদের ভিতর দিয়ে চাঁদের আলো এসে পড়েছে তাঁর মুখের উপর, আর স্পষ্ট দেখছি তাঁর চোখ গোল হয়ে গেছে।

‘বাপরে বাপ্, কী স্বপ্ন, কী স্বপ্ন!’ বললেন লালমোহনবাবু।

‘কী দেখলেন আবার?’ আমি জিজ্ঞেস করলাম।

‘দেখলুম আমার ঠাকুরদা হরিমোহন গাঙ্গুলীকে..... একটা সংবর্ধনা সভা, তাতে ঠাকুরদা স্পিচ দিলেন, তারপর আমার গলায় মালা পরিয়ে দিয়ে বললেন, এই দ্যাখ্, কেমন রোমাঞ্চকর মালা দিলাম তোকে—আর আমি দেখছি সেটা ফুলের মালা নয় তপেশ, সেটা—ওরেবাসরে বাস্—সেটা খুদে খুদে রক্তবর্ণ নরমুণ্ড দিয়ে গাঁথা!’

‘এমন চমৎকার ব্রান্স মুহূর্তে আপনি এই সব উদ্ভট স্বপ্ন দেখছেন?’

আশ্চর্য! ফেলুদা যে তার খাটে নেই সেটা এতক্ষণ খোয়ালই করিনি। সে ছাতের দরজা দিয়ে ঘরে এসে ঢুকল; বুঝলাম সে যোগব্যায়াম করছিল। যাক্, তা হলে সকাল হয়ে গেছে।

‘কী করব বলুন,’ বললেন লালমোহনবাবু, ‘আপনার ওই রক্তবরণ আর আত্মারাম আর সংবর্ধনা মিলে এমন জগাখিচুড়ি হয়ে গেছে আমার মধ্যে ।’

আমরা উঠে পড়লাম । তুলসীবাবু কি এখনও ঘুমোচ্ছেন ? ছাতে এসে দেখি পূব দিকটা সবে ফরসা হয়েছে, তার ফলে চাঁদের আলোটা ফিকে লাগছে । দু-তিনটে তারা এখনও পিটু-পিটু করছে, কিন্তু তাদের মেয়াদও আর বেশিক্ষণ নয় । দাঁতন দিয়ে এক্সপেরিমেন্ট করব বলে কিছু নিমের ডাল ভেঙে রেখেছিলাম—ফেলুদা বলে দোকানের যে কোনও টুথব্রাশ আর পেস্টের চেয়ে দশ গুণ বেশি ভাল—তারই একটা চিবিয়ে রেডি করছি, এমন সময় শুনলাম পরিত্রাহি চিৎকার ।

‘মিতির মশাই ! মিতির মশাই !’

ভোলানাথবাবুর গলা । আমরা দুদাড় করে নীচে গিয়ে হাজির হলাম । ‘সর্বনাশ হয়ে গেছে !’

ভোরের আকাশে ভদ্রলোকের ফ্যাকাসে মুখ আরও ফ্যাকাশে লাগছিল । ‘কী হয়েছে ?’ ফেলুদা দৌড়ে গিয়ে জিজ্ঞেস করল ।

‘কাল রাত্তিরে বাড়িতে ডাকাত পড়ে সব লণ্ডভণ্ড । সিদ্ধুক খালি । কত্মশাইয়ের হাত-পা-মুখ বেঁধে রেখেছিল । আমাকেও বেঁধেছিল, সকালে ছোটবাবু এসে খুলে দিলেন । আপনি শিগ্গির আসুন !’

৫

শ্যামলাল মল্লিক জখম হননি বটে, কিন্তু তাঁকে যেভাবে দুঘণ্টা বাঁধা অবস্থায় পড়ে থাকতে হইয়াছিল তাতে তিনি বেশ, টস্কে গেছেন । ফ্যালফ্যাল করে সামনের দিকে চেয়ে বসে আছেন ফরাসের উপর, কেবল একবার মাত্র বিড়বিড় করে বলতে শুনলাম, ‘বাঁধলি যদি তো মেরে ফেললি না কেন ?’ এদিকে তাঁর সিদ্ধুক যে ফাঁক সেটা কি তিনি খেয়াল করেছেন ?

ফেলুদা প্রথমে শ্যামলালবাবুর ঘরটা তন্ন তন্ন করে দেখল । শুধু সিদ্ধুকটাই খোলা হয়েছে, আর যার যেমন তেমনিই আছে । চাবি থাকত নাকি ভদ্রলোকের বালিশের নীচে । ভোলানাথবাবু দোতলাতেই শোন, তাঁকে ঘুমের মধ্যে অ্যাটাক করে হাত-পা চোখ-মুখ বেঁধে ফেলেছে ডাকাত । ওঁর ধারণা যে অন্তত দুজন লোক ছিল । চাকর নবীন নাকি সারারাত নাকে তেল দিয়ে ঘুমিয়েছে । দুজন পাইকের মধ্যে একজন চলে গিয়েছিল সেগুনহাটি যাত্রা দেখতে, আর একজন তার ডিউটি ঠিকই করছিল, দুঃখের বিষয় ডাকাত মাথায় লাঠি মেরে বেশ কয়েক ঘণ্টার জন্য তাকে অকেজো করে দিয়েছিল । সামনের দরজা বন্ধই ছিল, কাজেই মনে হয় খিড়কির পাঁচিল উপক্কে পিছনের বারান্দা দিয়ে ঢুকেছিল । ঠাকুমাকে কিছু জিজ্ঞেস করে লাভ নেই, কারণ তিনি থাকেন বারান্দার উত্তর প্রান্তে তিনটে অকেজো ঘরের পরে শেষ ঘরে ।

পনেরো মিনিট হল এসেছি, কিন্তু এখনও জীবনবাবুর দেখা নেই । ভোলানাথবাবু আমাদের সঙ্গেই ছিলেন, ফেলুদা তাঁকে বলল, ‘জীবনবাবু কি আমাদের সঙ্গে কথা না বলেই পুলিশে খবর দিতে গেলেন নাকি ?’

ভোলানাথবাবু আমতা আমতা করে মাথা নেড়ে বললেন, ‘আজ্ঞে আমাকে বলেই তিনি বাইরে বেরিয়ে ছিলেন বটে, কিন্তু তার পরে তো.....’

ফেলুদা এবার ছুটল সিড়ির দিকে, পিছনে আমি আর লালমোহনবাবু । উঠোন পেরিয়ে সোজা খিড়কি দিয়ে বাইরে বাগানে হাজির হলাম । এখনও ভাল করে সূর্য ওঠেনি । অল্প

কুয়াশাও যেন রয়েছে, কিংবা জমে থাকা উনুনের ধোঁয়া । গাছের পাতাগুলো শিশিরে ভেজা, পায়ের নীচে ঘাস ভেজা । পাখি ডাকছে—কাক, শালিক, আর আরেকটার নাম জানি না ।

আমরা বাগানের মধ্যে দিয়ে এগিয়ে গিয়ে থমকে থেমে গেলাম ।

দশ হাত দূরে একটা কাঁঠাল গাছের গুঁড়ির ধারে নীল পাঞ্জাবি আর পায়জামা পরা একজন লোক পড়ে আছে । ওই পোশাক আমি চিনি ; ওই চটিটাও চিনি ।

ফেলুদা এগিয়ে গিয়ে কাছ থেকে দেখেই একটা আতঙ্ক আর আক্ষিপ মেশানো শব্দ করে পিছিয়ে এল ।

‘ও মশাই !’

লালমোহনবাবু আঙুল দিয়ে কিছু দূরে মাটিতে একটা জায়গায় পয়েন্ট করে কথাটা বললেন ।

‘জানি । দেখেছি’, বলল ফেলুদা, ‘ওটা ছোঁবেন না । ওটা দিয়েই জীবনবাবুকে খুন করা হয়েছে ।’ ঝোপের ধারে পড়ে রয়েছে কোণে পাথর বাঁধা একটা গামছা ।

ভোলানাথবাবুও বেরিয়ে এসেছেন, আর দেখেই বুঝেছেন কী হয়েছে । ‘সর্বনাশ’ বলে মাথায় হাত দিয়ে প্রায় যেন ভিরমি লাগার ভাব করে তিন হাত পেছিয়ে গেলেন ভদ্রলোক ।

‘এখন বিচলিত হলে চলবে না ভোলানাথবাবু, আপনি চলে যান ভদ্রলোকের সঙ্গে । এখানে পুলিশের ঘাঁটিতে গিয়ে খবর দিন । দরকার হলে শহর থেকে দারোগা আসবে । কেউ যেন লাশ বা গামছা না ধরে । কিছুক্ষণ আগেই এ কীতিটা হয়েছে । সে লোক হয়তো এখনও এ তল্লাটেই আছে । আর—ভাল কথা—মল্লিকমশাই যেন খুনের কথাটা না জানেন ।’

ফেলুদা দৌড় দিল পশ্চিম দিকের পাঁচিল লক্ষ্য করে, সঙ্গে সঙ্গে আমিও ।

এ দিকের পাঁচিলের একটা জায়গা ধসে গিয়ে দিব্য বাইরে যাবার পথ হয়ে গেছে । আমরা দুজনে উপকে বাইরে গিয়ে পড়লাম । ফেলুদার চোখ চারিদিকে ঘুরছে, এমনকী জমির দিকেও । আমরা এগিয়ে গেলাম । একশো গজের মধ্যে অন্য কোনও বাড়ি নেই, কারণ এটা সেই শর্টকাটের বাঁশবন । কিন্তু ওটা কী ? একটা ভাঙা মন্দির । নিশ্চয় সেই বাদুড়ে কালী মন্দির ।

মন্দিরের পাশে একজন লোক, আমাদের দিকেই এগিয়ে আসছেন । কবিরাজ রসিক চক্রবর্তী । ‘কী ব্যাপার ? এত সকালে ?’ ভদ্রলোক জিজ্ঞেস করলেন ।

‘আপনি খবর পাননি বোধহয় ?’

‘কী খবর ?’

‘মল্লিকমশাই—’

‘অ্যাঁ !’ কবিরাজের চোখ কপালে উঠে গেছে ।

‘আপনি যা ভয় পাচ্ছেন তা নয় । মল্লিকমশাই সুস্থই আছেন, তবে তাঁর বাড়িতে ডাকাত পড়েছে । আর জীবনবাবু খুন হয়েছেন—তবে এ খবরটা আর মল্লিকমশাইকে দেবেন না ।’

রসিকবাবু ব্যস্তভাবে এগিয়ে গেলেন । আমরাও ফেরার রাস্তা ধরলাম ; খুনি পালিয়ে গেছে ।

পাঁচিল উপকে বাগানে ঢুকে এগিয়ে যেতেই তিন নম্বর বিস্ফোরণ । আমার মাথা ভেঁ ভেঁ করছে । একি স্বপ্ন না সত্যি ? কাঁঠাল গাছের নীচটা এখন খালি ।

জীবনবাবুর লাশ উধাও ।

ঝোপের পাশ থেকে ঠগীর ফাঁসটাও উধাও ।

লালমোহনবাবু একটা গোলধরু গাছের পাশে দাঁড়িয়ে ঠক ঠক করে কাঁপছেন ।



কোনওরকমে ভদ্রলোক মুখ খুললেন ।

‘ভোলানাথবাবু পুপ্—পুলিশে খবর দিতে গেলেন, আমি আপনাদের খুঁজতে এসে দেখি...’

‘এসে দেখলেন লাশ নেই ?’ ফেলুদা টেঁচিয়ে জিজ্ঞেস করল । ‘না !’

ফেলুদা আবার দৌড় দিল । এবার পশ্চিমে নয়, পূবে ।

পূবের দেয়ালে ফাঁক নেই, কিন্তু উত্তরে আছে । কালকের সেই গর্ত—আজ দেখলাম সেটা একটা আম গাছের নীচ—আর পিছনেই ফাঁক । বড় ফাঁক, প্রায় একটা ফটক বললেই চলে । আমি আর ফেলুদা বাইরে বেরোলাম ।

দশ হাতের মধ্যেই একটা পুকুর, জলে টইটস্বর । এই পুকুরেই যে ফেলা হয়েছে লাশ তাতে সন্দেহ নেই ।

আমরা ফিরে গিয়ে পিছনের সিঁড়ি দিয়ে সোজা উঠলাম দোতলায় ।

‘ও জীবন, ও বাবা জীবন !’—ঠাকুমা চেঁচাচ্ছেন—‘এই যেন দেখলাম জীবনকে, গেল কোথায় ছেলেটা ?’

গাল তোবড়ানো, চুল ছোট করে ছাঁটা, থান পরা আশি বছরের বুড়ি, ঘোলাটে চশমা পরে নিজের ঘর ছেড়ে বারান্দার এদিকে চলে এসেছেন । অ্যাডিন গলা শুনেছি, আজ প্রথম দেখলাম ঠাকুমাকে । ফেলুদা এগিয়ে গেল । ‘জীবনবাবু একটু বেরিয়েছেন । আমার নাম প্রদোষ মিত্র । আপনার কী দরকার আমাকে বলতে পারেন ।’

‘তুমি কে বাবা ?’

‘আমি জীবনবাবুর বন্ধু ।’

‘তোমাকে তো দেখিনি ।’

‘আমি দুদিন আগে এসেছি কলকাতা থেকে ।’

‘তুমিও কলকাতায় থাকো ?’

‘আজ্ঞে হ্যাঁ । কিছু বলার ছিল আপনার ?’

বুড়ি হঠাৎ যেন খেই হারিয়ে ফেললেন । ঘাড় উঁচু করে কিছুক্ষণ এদিক ওদিক চেয়ে বললেন, ‘কী বলার ছিল সে আর মনে নেই বাবা, আমার বড্ড ভোলা মন যে !’

আমরা ঠাকুমাকে আর সময় দিলাম না । তিনজনে গিয়ে ঢুকলাম শ্যামলালবাবুর ঘরে ।

রসিকবাবু ইতিমধ্যে এসে হাজির হয়েছেন ; তিনি শ্যামলালবাবুর নাড়ি ধরে বসে আছেন ।

‘জীবন কোথায় গেল ?’ এখনও কেমন জানি অসহায় ভাব করে কথা বলছেন ভদ্রলোক । বুঝলাম রসিকবাবু জীবনবাবুর মৃত্যু সংবাদটা শ্যামলালবাবুকে দেননি ।

‘আপনি তো চাইছিলেন তিনি কলকাতায় ফিরে যান,’ বলল ফেলুদা ।

‘ও চলে গেল ! কীসে গেল ? পালকিতে ?’

‘পালকিতে তো আর সবটুকু যাওয়া যায় না । কাটোয়া থেকে ট্রেন ছাড়া গতি নেই । গোরুর গাড়ি বা ডাক গাড়িতে যাওয়া আজকের দিনে যে সম্ভব নয় সেটা নিশ্চয়ই বোঝেন ।’

‘তুমি আমাকে বিদূষ করছ ?’ শ্যামলালবাবুর গলায় যেন একটু অভিমানের সুর ।

‘শুধু আমি কেন ?’ ফেলুদা বলল, ‘গ্রামের সবাই করে । আপনি যা করছেন তাতে আপনার তো নয়ই, কারুরই লাভ বা মঙ্গল হচ্ছে না । আপনার নিজের কী হল সেটা তো দেখলেন । সড়কির বদলে বন্দুকধারী একজন ভাল পাহারাদার থাকলে আর এ কাণ্ডটা হত না । বৈদ্যুতিক শক্—এর চেয়ে এ শক্টা কি কিছু কম হল ? যে-যুগ চলে গেছে তাকে আর ফিরিয়ে আনা যায় না মল্লিকমশাই ।’

আশ্চর্য, আমি ভেবেছিলাম ভদ্রলোক তেলেবেগুনে জ্বলে উঠবেন, কিন্তু সেটা হল না ।

ফেলুদার কথার উত্তরে একটি কথাও বললেন না তিনি, কেবল একটা দীর্ঘশ্বাস ফেলে চুপ করে রইলেন ।

৬

‘মুখের চেহারা কী হয়েছে দেখেছেন ?’

লালমোহনবাবু তক্তপোষে বসে হাতে তাঁর দাড়ি কামানোর আয়নাটা নিয়ে তাতে নিজের মুখ দেখে মন্তব্যটা করলেন । ওঁর মুখের যা অবস্থা, আমাদের সকলেরই তাই ।

‘গোসাঁইপুরের ওই একটা ড্রব্যাক’, বললেন তুলসীবাবু । ‘এটার বিষয় আপনাদের আগে থেকেই ওয়ার্নিং দেওয়া উচিত ছিল ।’

‘আপনি গোসাঁইপুর বলছেন, আমি বলব মল্লিকবাড়ির বাগানে’, বললেন লালমোহনবাবু । ‘ওইটেই হল মশার ডিপো ।’

দুপুরের খাওয়া শেষ করে আমরা দোতলায় আমাদের ঘরে এসে বসেছি । পুলিশ এসে তদন্ত শুরু করে দিয়েছে । ফেলুদা এভাবে গুম্ মেরে গেছে কেন বুঝতে পারছি না । আমার বিশ্বাস জীবনবাবুর খুনটা ওর কাছে এতই অপ্রত্যাশিত যে ওর ক্যালকুলেশন সব গণ্ডগোল হয়ে গেছে । আর ডাকাতই যদি খুনটা করে থাকে, তা হলে তদন্তের মজাটা কোথায় ? ডাকাত ধরার রাস্তা তো পুলিশের ঢের বেশি ভাল জানা আছে ; সেখানে একজন প্রাইভেট গোয়েন্দা আর কী করতে পারে ?

দারোগা সুধাকর প্রামাণিক ইতিমধ্যে ফেলুদার সঙ্গে এসে কথা বলে গেছেন । তিনি ফেলুদার নাম শুনেছেন, তবে ফেলুদার উপর খুব একটা ভক্তিবাব আছে বলে মনে হল না । বিশেষ করে জীবনবাবুর লাশ লোপাট হয়ে যাওয়াতে তিনি রীতিমতো বিরক্ত ।

‘আপনারা যাঁরা শখের ডিটেকটিভ’, বললেন সুধাকর দারোগা, ‘তাদের দেখেছি কাজের মধ্যে সিসটেমের কোনও বালাই নেই । আরেকজন দেখেছি আপনার মতো গণেশ দত্তগুপ্ত—তার সঙ্গে একটা কেসে ঠোকাঠুকি লাগে । যেখানে দরকার অ্যাকশনের, সেখানে চোখ কুঁচকে বসে ভাবছে । কী যে ভাবছে তা মা গঙ্গাই জানে । আবার যেখানে কাজ করছে, তার পেছনে কোনও চিন্তা নেই । লাশটা যখন দেখলেন পড়ে আছে, আর সেটাকে ছেড়ে যদি যেতেই হয় তো একটা লোককে পাহারায় বসিয়ে যেতে পারলেন না ? এখন আমাদের ওই পেছনের পুকুরের জলে জাল ফেলতে হবে । আর তাতে যদি বড়ি না ওঠে তো ভেবে দেখুন—এই গাঁয়ে এগারোটা পুকুর, তার মধ্যে একটাকে দীঘি বলা চলে ! আর তাতেও যদি না হয় তা হলে...এ সবই কিন্তু আপনার নেগলিজেন্সের জন্য ।’

ফেলুদা পুরো ঝালটা হজম করে উলটে একটা বেয়াড়া প্রশ্ন করে সুধাকর দারোগাকে আরও উস্কে দিল ।

‘আপনি প্রেতাশ্বায় বিশ্বাস করেন ?’

দারোগা কিছুক্ষণ অবাক হয়ে ফেলুদার দিকে চেয়ে থেকে মাথা নেড়ে বললেন, ‘আপনার সিরিয়াস বলে খ্যাতি আছে শুনেছিলাম, এখন দেখছি সেটাও ভুল ।’

ফেলুদা বলল, ‘কথাটা জিজ্ঞেস করলাম কারণ আপনারা যদি খুনি ধরতে না পারেন তা হলে আমাকে মৃগাঙ্ক ভট্টাচার্যের শরণাপন্ন হতে হবে । তিনি প্রেতাশ্বা নামাতে পারেন । আমার মনে হচ্ছে জীবনলালের আশ্বাই জীবনলালের খুনির সঠিক সন্ধান দিতে পারেন ।’

‘আপনি নিজে তা হলে হোপ্লেস ফিল করছেন বলুন ।’

‘খুনের তদন্ত আমার সাধ্যের বাইরে সেটা স্বীকার করছি’, বলল ফেলুদা, ‘কিন্তু ডাকাতের

হাতে হাতকড়া পরাতে পারব বলে আমার বিশ্বাস আছে ।’

সুধাকরবাবুর যে ফেলুদার উপর আস্থা কত কম সেটা তাঁর পরের কথা থেকেই বুঝতে পারলাম ।

‘আপনি ডেড বডি আর জ্যান্ট বডি তফাত করতে পারেন আশা করি ? গলায় ফাঁস দিয়ে টান মারলে কী কী পরিবর্তন হয় সেটা জানা আছে আপনার ?’

ফেলুদা ঠাণ্ডা ভাবেই উত্তরটা দিল ।

‘সুধাকরবাবু, আমার যখন পুলিশে চাকরি নেবার কোনও বাসনা নেই, তখন আপনার প্রশ্নের জবাব দেওয়াটা আমার মজির ব্যাপার । পুলিশের উপর নির্ভর না করে যখন আমি প্রেতাত্মার কথা বলছি তখন বুঝতেই পারছেন আমার তদন্তের রাস্তাটা একটু স্বতন্ত্র ।’

‘ভোলানাথবাবু সম্পর্কে আপনার মনে কোনও সন্দেহের ভাব নেই ?’

‘নিশ্চয়ই আছে । আমার সন্দেহ হয় আপনারা দিগ্বিদিক বিবেচনা না করেই ভদ্রলোকের হাতে হাতকড়া পরাবেন, কারণ তাঁর পূর্বপুরুষ যে জীবনবাবুর পূর্বপুরুষের দ্বারা লাঞ্ছিত হয়েছিলেন সে খবর হয়তো আপনাদের কানে পৌঁছেছে । কিন্তু সেটা করলে আপনারা মারাত্মক ভুল করবেন ।’

সুধাকর দারোগা সশব্দে হেসে মোড়া থেকে উঠে দাঁড়ালেন । তারপর ফেলুদার দিকে চেয়ে চুক্ চুক্ করে আক্ষেপের শব্দ করে বললেন, ‘মুশকিল হচ্ছে কী জানেন, আপনারা বেশি ভেবে সহজ জিনিসটাকে জটিল করে ফেলেন । কেসটা জলের মতো পরিষ্কার ।’

‘আপনাদের জাল ফেলা পুকুরের জলের মতো ?’

ফেলুদার খোঁচা অগ্রাহ্য করে দারোগা বলে চললেন, ‘আপনি একটু ভেবে দেখলেই বুঝতে পারতেন কেন ভোলানাথবাবুর কথা বলছি । ডাকাতি এবং খুন দুটোর জন্যেই সে দায়ী । এ ডাকাতি ঘরের লোকের কাজ সে তো বোঝাই যায় । আসল ডাকাত হলে সিন্দুক ভাঙত—চাবি দিয়ে খুলত না । ভোলানাথ টাকা নিয়ে পালাচ্ছিল, পিছনের বাগান দিয়ে, খুন করবার কোনও অভিপ্রায় ছিল না তার । জীবনবাবু ঘুম ভেঙে টের পেয়ে তাকে ধাওয়া করেন ; ভোলানাথ খুন করতে বাধ্য হয় । তারপর সন্দেহ যাতে না পড়ে তাই আপনাদের খবর দিতে আসে । ভোলানাথ বলেছে ডাকাত তাকেও বেঁধে রেখেছিল, জীবনবাবু এসে তার বাঁধন খোলে । এ কথা যে সত্যি তার প্রমাণ কই ? এর তো কোনও সাক্ষী নেই !’

‘সিন্দুকের টাকা তা হলে কোথায় গেল সুধাকরবাবু ?’ ফেলুদা গম্ভীরভাবে জিজ্ঞেস করল ।

‘সে-টাকাও খুঁজতে হবে’, বললেন সুধাকরবাবু । ‘লাশ পেলে পর আমরা ভোলানাথবাবুকে জেরা করব । তখন সব সুরসুর করে বেরিয়ে পড়বে ।’

আমার কিন্তু সুধাকরবাবুর কথাগুলো বেশ মনে ধরল ; কিন্তু ফেলুদা কেন আমল দিচ্ছে না ? দারোগা যখন সিঁড়ি দিয়ে নামছে তখনই কেন সে বলতে গেল, ‘আজ সন্ধ্যায় জীবনলালের আত্মা নামানো হবে মৃগাক্ষবাবুর বাড়িতে । এলে ঠকবেন না !’

তুলসীবাবুর দেখলাম একমাত্র চিন্তা কালকের সংবর্ধনা হবে কি না সেই নিয়ে । রহস্যের কিনারা না হলে, খুনির হাতে হাতকড়া না পড়লে, নিশ্চয়ই হবে না, কারণ গ্রামের লোকের সংবর্ধনা সভায় যোগ দেবার উৎসাহই হবে না । লালমোহনবাবু অবিশ্যি মেনেই নিয়েছেন যে মালা আর মানপত্র ফস্কে গেল, আর স্পিচটা মাঠে মারা গেল । হয়তো নিজেকে সান্ত্বনা দেবার জন্যই বললেন, ‘আমরা মশাই রহস্য বেচে খাই ; বাস্তবিক একটা খাঁটি রহস্যের সামনে পড়লে সেইটেই আমাদের সবচেয়ে বড় পুরস্কার ।’

মুখে এটা বলা সত্ত্বেও লক্ষ করছি উনি বার বার নিজের অজানতে বিড় বিড় করে স্পিচের

লাইন বলছেন, আর বলেই নিজেকে সামলে নিচ্ছেন ।

‘মৃগাঙ্ক ভটচাখ্যি কোন বাড়িতে থাকেন বলতে পারেন ?’

প্রশ্নটা এল তুলসীবাবুর বাড়ির দরজার বাইরে থেকে ।

‘এই শুরু হল’, বললেন তুলসীবাবু । ‘সোম আর শুক্রে এ উপদ্রব লেগেই আছে, আর রাস্তায় প্রথম বাড়ি বলে আমাকেই এ ঝুঁকি পোয়াতে হয় ।’

ভদ্রলোক জানালা দিয়ে নীচের দিকে চেয়ে বললেন, ‘আরও তিনটে বাড়ি পরে ডান দিকে ।’

ফেলুদা বলল, ‘আমরা আসছি বলে খবরটা পাঠিয়ে দিতে পারলে ভাল হত । আর বলবেন কিউয়ে দাঁড়াতে পারব না । আমাদের আত্মাকে প্রাইয়রিটি দিতে হবে ।’

তুলসীবাবু বোধহয় এই প্রথম বুঝলেন যে ফেলুদা ব্যাপারটা সম্বন্ধে সত্যিই সিরিয়াস । তাঁর মুখের ভাব দেখে ফেলুদা বলল, ‘আমার একার কাজ ফুরিয়ে গেছে তুলসীবাবু । এখন ভটচাখ্যি মশাইয়ের সাহায্য ছাড়া এগোতে পারব না ।’

ফেলুদা অনেক সময়ই বলে যে মনের দরজা খোলা রাখা উচিত, বিশেষ করে আজকের দিনে ; কারণ রোজই প্রমাণ হচ্ছে যে এমন অনেক ঘটনা পৃথিবীতে ঘটে যার কারণ বৈজ্ঞানিকেরা জানে না, অথচ জানে না বলে সেটাকে উড়িয়েও দিতে পারছে না । এই যেমন সেদিন কাগজে বেরোল যে ইউরি গেলর বলে এক ছইদি যুবক চোখের চাহনির জোরে পাঁচ হাত দূর থেকে বৈজ্ঞানিকের হাতে ধরা কাঁটা চামচ বেকিয়ে ফেলছে । এ ঘটনা চোখের সামনে দেখছে আরও একজন ডাকসাইটে বৈজ্ঞানিক, আর দেখে তারা না পারে কারণ বলতে, না পারে উড়িয়ে দিতে । মৃগাঙ্কবাবুর ক্ষমতাও কি এই ধরনের ?

তুলসীবাবু বললেন, ‘সাড়ে পাঁচটা বাজে ; চলুন আমি আপনি একসঙ্গে গিয়ে গুঁকে রিকোয়েস্টটা করি, তা হলে জোরটা বেশি হবে ।’

ফেলুদা উঠে পড়ে বলল, ‘তোরা বরং একটু বেড়িয়ে আয় না ।’

আমার নিজেরও এক ঘরে বেশিক্ষণ বসে থাকতে ভাল লাগছিল না, লালমোহনবাবুও বলছিলেন গোসাঁইপুরের শরৎকালের বিকেলের তুলনা নেই, তাই ফেলুদার বেরোনোর সঙ্গে সঙ্গেই আমরাও দুজন বেরিয়ে পড়লাম ।

৭

দুদিন আগে যখন এসেছিলাম, তখন একরকম মনে হয়েছিল গ্রামটাকে ; আজ আমার মনে হচ্ছে আরেক রকম । তার কারণ মন বলছে এই সুন্দর গ্রামের কোনও একটা গোপন জায়গায় গলায়-ফাঁস-দিয়ে-মরা মানুষের লাশ লুকিয়ে আছে । হঠাৎ যদি দেখি—

নাঃ—ও সব ভাবব না । তা হলে বেড়ানো মাটি হয়ে যাবে ।

কিন্তু বাঁশ বনের মধ্যে দিয়ে এগোতে এগোতে আলো কমে আসার সঙ্গে সঙ্গে সাহসটা আবার কমে গিয়েছিল । সেটাকে বাড়িয়ে দিল মূকাভিনেতা বেণীমাধব ।

‘আরে, আমি যে আপনাদের বাড়িই যাচ্ছিলাম । বললুম না শুকুরবার বিকেলে এসে অভিনয় দেখিয়ে যাব !’

‘কী করি বলো ভাই’, বললেন লালমোহনবাবু । ‘এমন একটা বিপর্যয় ঘটে যাবে সে কি জানতাম ? এর পরে আর অ্যাকাটিং দেখার মুড থাকে ? তুমিই বলো ।’

‘তা যা বলেছেন স্যার । তা আপনারা ক’দিন আছেন তো ?’

‘হ্যাঁ, তা দিন তিনেক তো আছিই ।’

‘এ দিকে চল্লেন কোথায় ?’

‘কোনদিকে যাওয়া যায় তুমিই বলো না ।’

‘বাদুড়ে-কালী দেখেছেন স্যার ? সপ্তদশ শতাব্দীর টেম্পল । এখনও কিছু হাতের কাজ রয়েছে দেয়ালে । চলুন দেখিয়ে দিচ্ছি ।’

আমি যে সকালে দেখেছি মন্দিরটা সেটা আর বললাম না । সত্যি বলতে কী, তখন যা মনের অবস্থা ছিল তাতে হাতের কাজটাজ চোখে পড়েনি ।

মিনিট তিনেক যেতেই মন্দিরটায় পৌঁছে গেলাম । এখানে সকালেই আসা উচিত । সন্কেবেলা গা-টা একটু ছম্ছম করে । পাশেই আবার একটা বটগাছ । তার একটা বুরি মন্দিরের চুড়োটাকে আঁকড়ে ধরে খুলি ফাটিয়ে দিয়েছে ।

‘এইখেনটায় বলি হত স্যার’, বটগাছের গুঁড়ির পাশে একটা জায়গা দেখিয়ে বলল বেণীমাধব ।

‘বলি ?’ লালমোহনবাবু কাঁপা গলায় জিজ্ঞেস করলেন ।

‘নরবলি, স্যার । গোসাঁইপুরের ডাকাত ওয়ার্ল্ড ফেমাস নেদো ডাকাতের ইতিহাস পড়েননি ? ওই নিয়েই তো আপনার একটা রহস্য-রোমাঞ্চের বই হয়ে যায় । ভেতরটা দেখবেন ? টর্চ আছে ?’

ভেতরটা এর মধ্যে অন্ধকার হয়ে গেছে ।

‘ভেতর ?’ ধরা গলায় বললেন লালমোহনবাবু । ‘টর্চ তো আনি নি ভাই । শূন্যিচি বাদুড়-টা দুড়...’

‘বাদুড়ের তো এখন ইভিনিং এক্সকারণ স্যার । এইতো সবে চরতে বেরিয়েছে । বাদুড় দেখতে চাইলে—’

‘না ভাই, চাই না । বরং না দেখাটাই বাঞ্ছনীয় ।’

‘চলে আসুন স্যার । মাচিস জ্বলেছি । একটা বিড়ি ধরালুম স্যার । কিছু মাইন্ড করবেন না তো ?’

‘নো নো ভাই, মাইন্ড কী, তুমি পাঁচটা বিড়ি একসঙ্গে ধরো না ।’

বেণীমাধব বিড়ি ধরিয়ে জ্বলন্ত দেশলাইটা মন্দিরের দরজার জায়গায় ধরল, আর অমনি এক লাফে আমার হৃৎপিণ্ডটা গলার কাছে চলে এল । লালমোহনবাবু চারবার ‘জী-জী-জী-জী’ বলে থেমে গেলেন ।

জীবনবাবুর মৃতদেহ ! মন্দিরের ভিতরে থামের আড়ালে নীল পাঞ্জাবি আর সাদা পায়জামার খানিকটা উঁকি মারছে । সকালে হাতে ঘড়ি ছিল, এখন নেই ।


‘এই দেখুন, কে কাপড় ফেলে গেছে ।’

বেণীমাধব দিব্য এগিয়ে যাচ্ছিলেন, বোধহয় কাপড়গুলো উদ্ধার করে তার মালিককে ফেরত দিতে, লালমোহনবাবু তার শার্টের কোনা খামচে ধরে বললেন, ‘ওটা ল-লাশ ! পুশ-পুশ পুশ পুলিশের ব্যাপার !’

মুকাভিনেতা লাশ শুনেই মুক মেরে গিয়েছিলেন—এইবার দেখলাম তার অভিনয় । অবাক থেকে শুরু করে এক ধাপে আতঙ্কে পৌঁছে তিনি দেখিয়ে দিলেন কথা না বলে কী করে পিট্টিান দেওয়ার অভিনয় করতে হয় । আমরাও আর অপেক্ষা না করে এই বিভীষিকাময় পরিবেশ থেকে ঘুরে জোরে হেঁটে বাড়িমুখে রওনা দিলাম ।

ফেলুদা দেখলাম ফিরে এসেছে । বলল, ‘অমন ফ্যাকাশে মেরে গেছিস কেন ? চটপট রেডি হয়ে নে । পনেরো মিনিটের মধ্যে আত্মা নামবে ।’

লালমোহনবাবু ফেলুদাকে দেখেই সম্পূর্ণ স্বাভাবিক । বললেন, ‘একটা ইম্পরটান্ট



ডিসকভারি করে এলুম। অবিশ্যি একা নয়, দুজনে। জীবনবাবুর লাশ পড়ে রয়েছে বাদুড়ে কালীর মন্দিরে। পুলিশকে জানাবেন, না খুঁজতে দেবেন?’

আমি জানতাম সুধাকর দারোগাকে লালমোহনবাবুর মোটেই পছন্দ হয়নি, তাই খুঁজতে দেবেন। ফেলুদা বলল, ‘মন্দিরের ভেতরে গেস্লেন?’

‘নো স্যার। লাশ তো হ্যান্ডল করা বারণ, তাই আর যাইনি। তবে বিয়স্ত ডাউট জীবন মল্লিক।’

‘ঠিক আছে। সুধাকরবাবু এসছিলেন একটু আগে। বোধহয় ভটচায় মশায়ের ওখানে আসছেন। তখন খবরটা দিয়ে দিলেই হবে।’

দশ মিনিটের মধ্যে আমরা রওনা দিয়ে দিলাম। তুলসীবাবু বললেন যে একবার উকিলবাবুর বাড়ি থেকে চট করে ঘুরে আসতে হবে। কালকের অনুষ্ঠানটা যে ভেস্তে যেতে পারে সেটা ঝুঁকে জানানো দরকার।

যাবার পথে ফেলুদা বলল যে মৃগাঙ্কবাবু নাকি জীবনলালের আত্মা নামানোর ব্যাপারে আপত্তি দূরের কথা, রীতিমতো আগ্রহ দেখিয়েছেন। বাইরে থেকে আরও জন তিনেক লোক এসেছেন, তাদের বাইরে বসিয়ে রেখে আগে আমাদের কাজটা করে দেবেন।

মৃগাঙ্কবাবুর ঘরে আজ তক্তপোষের বদলে রয়েছে একটা কাঠের টেবিল, আর সেটাকে ঘিরে টিন আর কাঠে মেশানো পাঁচটা চেয়ার। এরই একটাতে বসে আছেন মৃগাঙ্ক ভট্টাচার্য। টেবিলের মাঝখানে রয়েছে একটা পিদিম, আর তার পাশেই একটা কাগজ আর পেনসিল। এ ছাড়া ঘরে রয়েছে দুটোর বদলে একটা বেঞ্চি, আর দুটো মোড়া। বেঞ্চিতে বসে আছে ভাগনে নিত্যানন্দ।

আমরা তিনজনে তিনটে চেয়ারে বসলাম, একটা খালি রইল তুলসীবাবুর জন্য।

‘তুলসীচরণের জন্য অপেক্ষা করব কি?’ প্রশ্ন করলেন মৃগাঙ্কবাবু।

‘পাঁচ মিনিট দেখা যেতে পারে,’ বলল ফেলুদা।

‘আমি জানতাম। সেদিন আপনাকে দেখেই উপলব্ধি হয়েছিল যে আমার কাছে আবার আসতে হবে।’ ভদ্রলোকের গলাটা এই অন্ধকার ঘরে গমগম করছে। মৃগাঙ্কবাবু বলে চললেন, ‘বিজ্ঞান অর্থ বিশেষ জ্ঞান। পরলোকগত আত্মার সঙ্গে যোগস্থাপন হল এই বিশেষ জ্ঞানের শ্রেষ্ঠ জ্ঞান। সুতরাং যারা প্রকৃত বৈজ্ঞানিক, তারা এই বিশেষ জ্ঞানকে হয় জ্ঞান করে না।’

জ্ঞান জ্ঞান করে এই ঘ্যানঘ্যানানি আর ভাল লাগছিল না। ভদ্রলোক এবার আরম্ভ করলেই পারেন।

‘আপনারা সকলেই পরলোকগত জীবনলালকে প্রত্যক্ষ করেছেন, এবং তিনি সদ্য মৃত। এই দুই কারণে আজকের অধিবেশনের চূড়ান্ত সাফল্য আমি আশা করি। আত্মা এখনও নরলোক হতে পরলোকে উত্তীর্ণ হবার অবকাশ লাভ করেনি। অনেক পার্থিব বন্ধন মুক্ত করে তবে আত্মার উত্তরণ। জীবনলালের আত্মা এখনও আমাদের পরিপার্শ্বে বিদ্যমান। সে আমার আবাহনের অপেক্ষায় আছে। সে জানে আমি তাকে ডাকলে পাব, আমি জানি তাকে ডাকলে সে আসবে। জীবনলালের আত্মা ত্রিকালজ্ঞ, অবিদ্যমান। জলে স্থলে অন্তরীক্ষে তার অবাধ গতি। আমার এই লেখনী হবে তারই লেখনী। তারই জ্ঞান, তারই উপলব্ধি, তারই বিশ্বাস, ব্যক্ত হবে তারই ভাষায় আমার এই লেখনীর সাহায্যে।’

এবার ফেলুদার মুখ খুলল। এ অবস্থায় কথা বলা ওর পক্ষেই সম্ভব, কেননা আমার গলা শুকিয়ে গেছে, আর আমার বিশ্বাস লালমোহনবাবুরও।

‘আপনি কী লিখছেন সেটা জানার জন্য সকলেরই কৌতূহল হবে, অথচ আমি ছাড়া আর সকলেই টেবিলের উলটো দিকে বসেছে, লেখা পড়া সম্ভব নয়। আমি যদি সকলের সুবিধের জন্য পড়ে দিই তাতে আপনার আপত্তি আছে কি?’

‘কোনও আপত্তি নেই,’ বললেন মৃগাঙ্কবাবু, ‘আপনি স্বচ্ছন্দেই লেখা পড়ে শুনিতে পারেন। আপনার জিজ্ঞাস্য তো একটাই, নয় কি?’

‘তিনটে—ডাকাতের পরিচয়, খুনির পরিচয় এবং কখন কী ভাবে খুনটা হয়।’

‘উত্তম,’ বললেন মৃগাঙ্কবাবু।

৮

পাঁচ মিনিটের মধ্যেও তুলসীবাবু এলেন না দেখে মৃগাঙ্কবাবু কাজ আরম্ভ করে দেওয়া স্থির করলেন। মনে মনে বললাম— তুলসীবাবু এ জিনিস অনেক দেখেছেন, তাঁর পুরোটা না দেখলেও চলবে।

‘অনুগ্রহ করে আপনাদিগের প্রত্যেকের হস্তদ্বয় অঙ্গুলি প্রসারিত করে এই টেবিলের উপর স্থাপন করুন।’

কাঠের টেবিলে হাতগুলো রাখার সঙ্গে সঙ্গে যে একটা টক্ টক্ শব্দ শুরু হল সেটা আর কিছুই না, লালমোহনবাবুর কাঁপা আঙুল টেবিলের উপর তবলার বোল তুলে ফেলছে। ভদ্রলোক দাঁতে দাঁত চেপে হাত স্টেডি করলেন।

মৃগাক্ষবাবুর চোখ বন্ধ, ঠোঁট নড়ছে। চারিদিক একেবারে নিস্তব্ধ বলেই বুঝলাম উনি ফিস্ ফিস্ করে একটা শ্লোক আওড়াচ্ছেন।

এক মিনিট পরে সেটাও বন্ধ হয়ে গেল। এবারে যাকে ইংরিজিতে বলে ডেথলি সাইলেন্স। পিদিমের শিখা কাঁপছে, আর তার চার পাশে ঘুর ঘুর করছে তিনটে ফড়িং। ঘরের চারিদিকের দেয়ালে চারটে মানুষের ছায়া থর থর করে কাঁপছে। আড়চোখে ফেলুদার দিকে চেয়ে তার মনের অবস্থা কিছু বুঝতে পারলাম না। চোয়াল শক্ত, চোখের পাতা প্রায় পড়ছেই না, দৃষ্টি সটান মৃগাক্ষবাবুর দিকে। মৃগাক্ষবাবু নিজে যেন পাথরের মূর্তি। এর মধ্যে কখন যে পেনসিলটা তার হাতে চলে গেছে জানি না। সেটা এখন খাতার সাদা পাতার উপর ধরা, শিসের ডগাটা ঠেকে রয়েছে কাগজের সঙ্গে।

এবার মৃগাক্ষবাবুর ঠোঁট কাঁপুনি আরম্ভ হল। কপালে বিন্দু বিন্দু ঘাম। আমার পাশে আবার তবলার বোল শুরু হয়েছে, এখন আওয়াজটা রীতিমতো ভৌতিক বলে মনে হচ্ছে। অনেকেই এ অবস্থায় এভাবে হাত কাঁপতে পারে, যদিও আমার কাঁপছে শুধু বুক।

‘জীবনলাল, জীবনলাল, জীবনলাল.....’

তিনবার পর পর অতি আন্তে উচ্চারণ হল নামটা। মৃগাক্ষবাবুর ঠোঁটটা নড়ল কি না তাও ভাল করে বুঝতে পারলাম না। ‘এসেছেন? আপনি এসেছেন?’

প্রশ্ন এল আমাদের চমকে দিয়ে আমাদের পিছন থেকে। এইবারে বুঝলাম নিত্যানন্দের ভূমিকাটা কী। মৃগাক্ষবাবু নিজে এই অবস্থায় কথা বলেন না। হয়তো বলা সম্ভবই না। ‘এসেছি।’

ফেলুদার গলা। খাতায় লেখা হয়েছে, ফেলুদা সেটাই পড়ে বলেছে।

‘আমার চোখ মৃগাক্ষবাবু হাতের দিকে গেল। পিছন থেকে প্রশ্ন এল, ‘তুমি কোথায় আছ?’

‘কাছেই’—পড়ে বলল ফেলুদা।

‘কতগুলি প্রশ্ন তোমাকে করা হবে, সেগুলোর জবাব দিতে পারবে?’ পেনসিল নড়ল।

‘পারব’—পড়ে বলল ফেলুদা।

‘সিন্দুক খুলে টাকা নিল কে?’ ‘আমি।’

‘তোমাকে যে হত্যা করল, তাকে দেখেছিলে?’ ‘হ্যাঁ।’

‘চিনেছিলে?’ ‘হ্যাঁ।’

‘কে সে?’ ‘বাবা।’

কিন্তু কী ভাবে খুনটা করা হল সেটা আর জানা হল না, কারণ প্রশ্নটা হবার সঙ্গে সঙ্গে ‘এতেই হবে’ বলে ফেলুদা উঠে দাঁড়াল! তারপর আমার দিকে ফিরে বলল, ‘তোপ্সে, ওই লণ্ঠনটা আন তো—দরজার বাইরে রাখা রয়েছে। আলো বড্ড কম।’

আমি ভ্যাবাচ্যাকা, লণ্ঠনটা এনে টেবিলের উপরে রাখলাম।

ফেলুদা মৃগাক্ষবাবুর সামনে থেকে কাগজটা তুলে নিল। তারপর উত্তরগুলোর দিকে একবার চোখ বুলিয়ে নিয়ে বলল, ‘মৃগাক্ষবাবু, আমার মনে হচ্ছে আপনার এই আত্মাটি এখনও ঠিক ত্রিকালজ্ঞ হয়ে উঠতে পারেনি, কারণ প্রশ্নোত্তরে কতগুলো গোলমাল পাচ্ছি।’

মৃগাক্ষবাবু কটমট করে ফেলুদার দিকে চাইলেন, যেন এক চাহনিতে ফেলুদাকে ভস্ম করবেন। ফেলুদা তাঁকে অগ্রাহ্য করে বলে চলল, ‘যেমন, তাঁকে জিজ্ঞেস করা হচ্ছে সিন্দুক

খুলে টাকা নিল কে, উত্তর হচ্ছে—‘আমি’। কিন্তু সিন্দুক তো টাকা ছিল না মৃগাক্ষবাবু !’

ম্যাজিকের মতো মৃগাক্ষবাবুর মুখ থেকে ক্রোধের ভাবটা চলে গিয়ে সেখানে দেখা দিল সংশয়। ফেলুদা বলল, ‘টাকা ছিল না বলছি এই কারণে যে সিন্দুক খুলেছিল জীবনলাল নয়, খুলেছিল প্রদোষ চন্দ্র মিত্র। অবিশ্যি জীবনবাবু এই ব্যাপারে আমাকে সাহায্য করেছিলেন। তিনিই মাঝরাতিরে দরজা খুলে আমাকে ঢুকতে দেন, তিনিই বলে দেন যে তাঁর বাবার বালিশের তলায় থাকে সিন্দুকের চাবি; ভোলানাথবাবু আর শ্যামলালবাবুকে বাঁধার ব্যাপারেও অবিশ্যি তিনি আমাকে সাহায্য করেন। যাই হোক, সিন্দুকে টাকার বদলে যেটা ছিল সেটা হল—’

ফেলুদা পকেট থেকে আর একটা কাগজ বের করল। এটাও খাতার কাগজ, এটাতেও পেনসিল দিয়ে লেখা।

‘এই কাগজটাই’, বলল ফেলুদা, ‘শ্যামলালবাবুর কাছ থেকে চেয়ে আমি পাইনি। এটার প্রয়োজন হয়েছিল এই কারণেই যে মৃগাক্ষবাবুর সততা সন্দেহ আমার মনে সন্দেহ উপস্থিত হয়েছিল, আর সেটা হয়েছিল একেবারে প্রথম দিনের সাক্ষাতের পরেই। আমার সঙ্গে আলাপ হবার পরমুহুর্তেই তিনি ভান করলেন যে আমার নাম এবং পেশা তিনি অলৌকিক উপায়ে জেনে ফেলেছেন। আসলে এগুলো কিন্তু তাঁকে আগেই জানিয়ে রেখেছিলেন তুলসীবাবু। তাই নয়, তুলসীবাবু?’

তুলসীবাবু এর মধ্যে কখন যে অন্ধকারে ঘরে ঢুকে মোড়ায় বসেছেন তা দেখিইনি। ভদ্রলোক ফেলুদার কথায় ভারী অপ্রস্তুত হয়ে আমতা আমতা করে বললেন, ‘মানে আপনার মনে, ইয়ে, যদি একটু ভক্তিতাব জাগে...’

ফেলুদা তাঁকে থামিয়ে বলল, ‘দোষ আমি আপনাকে দিচ্ছি না তুলসীবাবু। আপনি তো আর নিজেকে মহৎ প্রতিপন্ন করার চেষ্টা করেন না। কিন্তু ইনি করেন। যাই হোক, এই ভণ্ডামির গন্ধ পেয়েই আমি কাগজটা পেতে বদ্ধপরিকর। আমার আশা ছিল শ্যামলালবাবু সম্পর্কে কয়েকটা খটকার উত্তর আমি এই কাগজে পাব।’

পিদিমের আলোতেও বুঝতে পারলাম মৃগাক্ষবাবুর কপাল যেমে গেছে। ফেলুদা কাগজটা আলায় ধরে বলল, ‘দুর্লভ মল্লিকের আত্মা এই কাগজে তাঁর ছেলের কিছু প্রশ্নের উত্তর দিয়েছেন। প্রশ্নগুলো মুখে করা হয়েছিল, তাই এতে লেখা নেই; কিন্তু উত্তরগুলো থেকে প্রশ্নগুলো অনুমান করা যায়। আমি উত্তরের পাশে পাশে সেগুলো লিখেছি, এবং সেই ভাবেই পড়ে শোনাচ্ছি; আমার ভুল হলে সংশোধন করে দেবেন মৃগাক্ষবাবু!’

মৃগাক্ষবাবুর দ্রুত নিশ্বাসে প্রদীপের শিখা কেঁপে কেঁপে উঠছে। ফেলুদা পড়া আরম্ভ করল—

‘এক নম্বর প্রশ্ন—আমার শত্রু কে? উত্তর—ঘরেই আছে।

সে কি আমার মৃত্যু কামনা করে—না। তবে কী চায়?—টাকা। টাকা রক্ষার উপায় কী?—সিন্দুকে রেখো না। কোথায় রাখব?—মাটির নীচে। কোনখানে?—বাগানে। বাগানের কোথায়?—উত্তরে। উত্তরে কোথায়?—আম গাছের নীচে। কোন আম গাছ?—দেয়ালের ফাটলের ধারে।’

ফেলুদা এবার হাতের কাগজটা টেবিলের উপরে রেখে বলল, ‘শ্যামলালবাবুর পায়ের তলায় মাটি এবং গায়ে মশার কামড় দেখে মনে হয়েছিল তিনি কোনও কারণে বাগানে গিয়ে সেখানে কিছুটা সময় কাটিয়েছেন। আজ জানি তিনি এই কাগজের—অর্থাৎ মৃগাক্ষবাবুর—নির্দেশ অনুযায়ী সিন্দুক থেকে টাকার বাস্র বার করে মাটিতে পুঁততে গিয়েছিলেন। টাকা লুকিয়ে রাখার এই প্রাচীন পন্থা শ্যামলালবাবুর মনঃপুত হবে এটা

মৃগাক্ষবাবু বুঝেছিলেন। এই টাকার উপর মৃগাক্ষবাবুর লোভ অনেক দিনের, কিন্তু বিশ্বস্ত ভোলানাথ যদিও আছেন তবুও সিদ্ধকের নাগাল পাওয়া অসম্ভব। প্রথমে চেষ্টা করেছিলেন ভোলানাথবাবুর উপর শ্যামলালের সন্দেহ ফেলে তাকে হটানোর। সেটা সফল হয়নি। কিন্তু সেই সময় আশ্চর্য সুযোগ এসে যায়। শ্যামলালবাবু নিজেই মৃগাক্ষবাবুকে ডেকে পাঠান আত্মা নামানোর জন্য। মৃগাক্ষবাবু তাঁর আশ্চর্য বুদ্ধি বলে এক টিলে দুই পাখি মারেন; শ্যামলালের ঘরের লোককেই শ্যামলালের শত্রু করে দেন, এবং টাকার বাস্তু সিদ্ধক থেকে বার করিয়ে বাগানে আনান। সেই বাস্তু কাল সন্ধ্যাবেলা—

একটা শব্দ শুনে পিছন ফিরে দেখি ভাগনে বেশি ছেড়ে দরজার দিকে একটা লাফ মেরেছে। কিন্তু ঘর থেকে বেরোনো আর হল না কারণ দুটো শত্রু হাত তাকে বাধা দিয়েছে। এবার হাতের মালিক ভাগনে সমেত ভিতরে ঢুকলেন। আরেবাস—এ যে সুধাকর দারোগা! দারোগা বললেন, ‘বাস্তুটা পেয়েছি মিস্টার মিষ্টির; একটা ট্রাকের মধ্যে কাপড়ের নীচে রাখা ছিল। মণীশ—দাও তো!’

একজন কনস্টেবল একটা স্টিলের বাস্তু নিয়ে ঘরে ঢুকে সেটাকে টেবিলের উপর রাখল।

‘এর ডালা তো ভেঙেই ফেলা হয়েছে দেখছি,’ বলল ফেলুদা।

বাস্তু খুলতে লণ্ঠন আর পিদিমের আলোয় তাড়া তাড়া একশো টাকার নোট দেখেই বুঝলাম এত টাকা আমি একসঙ্গে কখনও দেখিনি।

‘কিন্তু খুন?’ হঠাৎ চিৎকার করে উঠলেন মৃগাক্ষবাবু। ‘খুন করল কে? খুন তো আমি করিনি!’

‘খুন একজনই করেছে মৃগাক্ষবাবু!’—ফেলুদার গলা যেন খাপখোলা তলোয়ার—‘এবং তারও নাম প্রদোষ চন্দ্র মিত্র। খুন হয়েছে আপনার ভণ্ডামি, আপনার শয়তানি, আপনার লোভ। এর কোনওটাই আর কোনওদিনও মাথা তুলতে পারবে না, কারণ সকলেই জানবে যে আপনি আজ অপূর্ব ক্ষমতাবলে একটি জীবন্ত ব্যক্তির আত্মাকে পরলোক থেকে ডেকে এনেছেন আপনার এই ঘরে—আসুন, জীবনবাবু!’

এবার পিছন নয়, সামনের দরজা দিয়ে ঢুকলেন জীবনলাল মল্লিক। তাঁকে দেখেই মৃগাক্ষবাবু যে কথাটা বলে আত্ননাশ করলেন, সেটা লালমোহনবাবুর বিশ্বাস ‘হা হতোহস্মি’, কিন্তু আমি যেন শুনলাম ‘হায়! হাতে হাতকড়া।’

* * *

অবিশ্যি হাতে হাতকড়া পড়েছিল ঠিকই। সুধাকরবাবু শুধু একটা অভিযোগ করলেন ফেলুদাকে—‘মিছিমিছি দুটো পুকুরে জাল ফেললেন আমাদের দিয়ে।’

‘কী বলছেন সুধাকরবাবু,’ বলল ফেলুদা, ‘জীবনবাবু খুন হয়েছে এ ধারণা সকলের মনে বদ্ধমূল না হলে মৃগাক্ষবাবুর ভণ্ডামি হাতেনাতে ধরব কী করে?’

জীবনবাবু খুনের ব্যাপারটা শুধুই মৃগাক্ষবাবুকে সায়েস্তা করার জন্য। একেবারে প্ল্যান করে ভাঁওতা। এদিকে আমি আর ফেলুদা, আর ওদিকে লালমোহনবাবু ও ভোলানাথবাবু চলে যাওয়া মাত্র ভদ্রলোক বাগান থেকে উঠে বাড়িতে ফিরে গিয়ে দোতলার পিছন দিকের একটা গুদোম ঘরে গা ঢাকা দেন। যাবার পথে ঠাকুমা দেখে ফেলেছিলেন, কিন্তু সেটা ফেলুদা ম্যান্‌জ করে। আজ সন্ধ্যায় তিনি আবার বাড়ি থেকে বেরিয়ে আসেন মৃগাক্ষবাবুর বৈঠকের শেষে আত্মপ্রকাশ করবেন বলে। সেই সময় বাঁশ বনে দূর থেকে আমাদের দেখে বাদুড়ে কালীমন্দিরে ঢুকে মড়া সেজে পড়ে থাকতে হয়।

রাত্রে খাবার সময় তুলসীবাবু কাঁচুমাচু ভাব করে ফেলুদাকে বললেন, ‘আপনি আমার উপর অসন্তুষ্ট হননি তো ?’

‘অসন্তুষ্ট ?’ বলল ফেলুদা, ‘আপনি আমাকে কতটা হেল্প করেছেন জানেন ? লোকটা সেদিন আমার নাম নিয়ে হেঁয়ালি না করলে তো ওর ওপর আমার সন্দেহই পড়ত না ! আমার তো আপনাকে ধন্যবাদ দেওয়া উচিত ।’

আজ জীবনবাবু আমাদের বাড়িতে যাচ্ছিলেন । বললেন, ‘আমি বেরোবার আগে বাবাকে প্রণাম করে এলাম ।’

‘কী মনে হল ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘তাজ্জব বনে গেলাম,’ বললেন জীবনবাবু । ‘আমার মাথায় হাত বুলিয়ে জিজ্ঞেস করলেন ব্যবসা কেমন চলছে ।’

লালমোহনবাবু এতক্ষণ মাছের মুড়ো চিবোচ্ছিলেন বলে কিছু বলেননি । এবার তুলসীবাবুর দিকে ফিরে বললেন, ‘তা হলে কালকের ইয়েটা—?’

‘হচ্ছে বইকী । এখন তো আর কোনও বাধা নেই ।’

‘ভেরি গুড । আমার ইয়েটাও রেডি আছে ।’



গোরস্থানে সাবধান

১

রহস্য-রোমাঞ্চ উপন্যাসিক জটায়ু ওরফে লালমোহন গাঙ্গুলীর লেখা গল্প থেকে বম্বের ফিল্ম পরিচালক পুলক ঘোষালের তৈরি ছবি কলকাতার প্যারাডাইজ সিনেমায় জুবিলি করার ঠিক তিন দিন পরে বিকেল বেলা উৎকট সারেগামা হর্ন বাজিয়ে একটা সেকেন্ড হ্যান্ড মার্ক টু অ্যাড্বান্সডের গাড়ি আমাদের বাড়ির সামনে এসে দাঁড়াল। আমরা জানতাম যে লালমোহনবাবু একটা গাড়ি কেনার তাল করছেন, কিন্তু ঘটনাটা যে এত চট করে ঘটে যাবে সেটা ভাবিনি। অবিশ্যি শুধু যে গাড়িই কেনা হয়েছে তা নয়; তার সঙ্গে একটি ড্রাইভারও রাখা হয়েছে, কারণ লালমোহনবাবু গাড়ি চালাতে জানেন না। এমনকী শেখার ইচ্ছেটাও নেই। একথাটা তিনি এতবার আমাদের বলেছেন যে, শেষটায় একদিন ফেলুদাকে বাধ্য হয়ে জিজ্ঞেস করতে হল, ‘কেন মশাই, শিখবেন না কেন?’ তাতে লালমোহনবাবু বললেন যে, বছর পাঁচেক আগে নাকি এক বন্ধুর গাড়িতে শিখতে আরম্ভ করেছিলেন। দুদিন শিখে থার্ড দিনে একটা চমৎকার গল্পের প্লট মাথায় নিয়ে ফার্স্ট গিয়ার থেকে সেকেন্ড গিয়ারে যেতে গাড়িটা এমন হ্যাঁচকা মারলে যে প্লটের খেই বেমালুম হাওয়া। ‘সে-আপশোস আমার আজও যায়নি মশাই।’

সাদা শার্ট আর খাকি প্যান্ট-পরা ড্রাইভার নেমে এসে দরজা খুলে দিতে লালমোহনবাবু একটা ছোট লাফ দিয়ে রাস্তায় নামতে গিয়ে ধূতির কোঁচায় পা আটকে খানিকটা বেসামাল হলেও তাঁর মুখ থেকে হাসিটা গেল না। ফেলুদা কিন্তু গম্ভীর। তিনজনে ঘরে এসে বসার পর সে মুখ খুলল।

‘আপনার ওই বিটকেল হর্নটা পালটিয়ে সাধারণ, সভ্য হর্ন না-লাগানো পর্যন্ত রজনী সেন রোডে ও-গাড়ির প্রবেশ নিষেধ।’

জটায়ু জিভ কাটলেন। ‘আমি জানতুম ব্যাপারটা একটু রিস্কি হয়ে যাচ্ছে। যখন ডিমনস্ট্রেট

করলে না?—তখন লোভ সামলাতে পারলুম না।—জাপানি, জানেন তো?’

‘কান-ফাটানি হাড়-জ্বালানি’, বলল ফেলুদা। ‘আপনার উপর হিন্দি ফিল্মের প্রভাব এতটা ঝটিতি পড়বে সেটা ভাবতে পারিনি। আর রংটাও ইকুয়ালি পীড়াদায়ক। মাদ্রাজি ফিল্ম-মার্কা।’

লালমোহনবাবু কাতরভাবে হাত জোড় করলেন। ‘দোহাই মিস্টার মিস্তির! হর্ন আমি কালই চেঞ্জ করছি, কিন্তু রংটা রাখতে দিন। গ্রিনটা বড় সুদিং।’

ফেলুদা হাল ছেড়ে দিয়ে চায়ের অর্ডার দিতে যাচ্ছিল, লালমোহনবাবু বাধা দিয়ে বললেন, ‘ওটা এখন বাদ দিন; আগে চলুন একবারটি চক্কর মেরে আসি। আপনাকে আর তপেশবাবুকে না-চড়ানো অবধি আমার ঠিক স্যাটিসফ্যাকশন হচ্ছে না। বলুন কোথায় যাবেন।’

ফেলুদা আপত্তি করল না। একটু ভেবে বলল, ‘তোপ্সেকে একবার চার্নকের সমাধিটা দেখিয়ে আনব ভাবছিলাম।’

‘চার্নক? জব চার্নক?’

‘না।’

‘তবে? চার্নক আরও আছে নাকি?’

‘আরও নিশ্চয়ই আছে, তবে কলকাতার প্রতিষ্ঠাতা চার্নক একজনই।’

‘তাই তো—মানে...’

‘তার নাম জব নয়, জোব। জব হল কাজ, চাকরি; আর জোব হল নাম। যে ভুলটা আর পাঁচজনে করে সেটা আপনি করবেন কেন?’

এখানে বলে রাখি ফেলুদার লেটেস্ট নেশা হল পুরনো কলকাতা। ফ্যান্সি লেনে একটা খুনের তদন্ত করতে গিয়ে ও যখন জানল যে ফ্যান্সি হচ্ছে আসলে ফাঁসি, আর ওই অঞ্চলেই দুশো বছর আগে নন্দকুমারের ফাঁসি হয়েছিল, তখন থেকেই নেশাটা ধরে। গত তিন মাসে ও এই নিয়ে যে কত বই পড়েছে, ম্যাপ দেখেছে, ছবি দেখেছে তার ইয়ত্তা নেই। অবিশ্যি এই সুযোগে আমারও অনেক কিছু জানা হয়ে যাচ্ছে, আর তার বেশির ভাগটা হয়েছে ভিক্টোরিয়া মেমোরিয়ালে দুটো দুপুর কাটিয়ে।

ফেলুদা বলে দিল্লি-আগ্রার তুলনায় কলকাতা খোকা-শহর হলেও এটাকে উড়িয়ে দেওয়া মোটেই ঠিক নয়। এখানে তাজমহল নেই, কুতুবমিনার নেই, যোধপুর-জয়সলমীরের মতো কেল্লা নেই, বিশ্বনাথের গলি নেই—এ সবই ঠিক—‘কিন্তু ভেবে দ্যাখ তোপ্সে—একটা সাহেব মশা মাছি সাপ ব্যাঙ বন-বাদাড়ে ভরা মাঠের এক প্রান্তে গঙ্গার ধারে বসে ভাবল এখানে সে কুঠির পত্তন করবে, আর দেখতে দেখতে বন-বাদাড় সাফ হয়ে গিয়ে সেখানে দালান উঠল, রাস্তা হল, রাস্তার ধারে লাইন করে গ্যাসের বাতি বসল, সেই রাস্তায় ঘোড়া ছুটল, পাক্কি ছুটল, আর একশো বছর যেতে না যেতে গড়ে উঠল এমন একটা শহর যার নাম হয়ে গেল সিটি অফ প্যালেসেজ। এখন সে শহরের কী ছিরি হয়েছে সেটা কথা নয়; আমি বলছি ইতিহাসের কথা। শহরের রাস্তার নাম পালটে এরা সেই ইতিহাস মুছে ফেলতে চাইছে—কিন্তু সেটা কি উচিত? বা সেটা কি সম্ভব? অবিশ্যি সাহেবরা তাদের সুবিধের জন্যই এত সব করেছিল, কিন্তু যদি না করত, তা হলে ফেলু মিস্তির এখন কী করত ভেবে দ্যাখ! ছবিটা একবার কল্পনা করে দ্যাখ—তোর ফেলুদা—প্রদোষচন্দ্র মিত্র, প্রাইভেট ইনভেস্টিগেটর—ঘাড় গুঁজে কলম পিশছে কোনও জমিদারি সেরেস্তায়, যেখানে ফিংগার প্রিন্ট বললে বুঝবে টিপসই।’

বিবিডি বাগ—যার নাম ছিল ডালহৌসি স্কোয়ার—যে ডালহৌসি আমাদের দেশে লাটসাহেব হয়ে এসে গপাগপু রাজ্য গিলেছে, আর সেই সঙ্গে প্রথম রেলগাড়ি আর প্রথম টেলিগ্রাফ চালু করেছে—সেই বিবিডি বাগে দুশো বছরের পুরনো সেন্ট জনস চার্চের কম্পাউন্ডে কলকাতার প্রথম ইটের বাড়ি জোব চার্নকের সমাধি দেখে লালমোহনবাবু যদিও

বললেন ‘থ্রিলিং’, আমার কিন্তু মনে হল সেটা আকাশে মেঘের ঘনঘটা আর সেই সঙ্গে একটা গুরু-গম্ভীর গর্জনের জন্য। সমাধির গায়ে একটা মার্বেলের ফলকের দিকে কিছুক্ষণ চেয়ে থেকে ভদ্রলোক বললেন, ‘এ তো দেখছি জোবও নয় মশাই—জোবাস। ব্যাপার কী বলুন তো?’

‘জোবাস হল জোবের ল্যাটিন সংস্করণ’, বলল ফেলুদা। ‘পুরো লেখাটাই ল্যাটিনে সেটা বুঝতে পারছেন না?’

‘ল্যাটিন-ফ্যাটিন জানি না মশাই; ইংরিজি নয় এটা বুঝতেই পারছি। নামের উপর ডি-ও-এম লেখা কেন?’

‘ডি-ও-এম হচ্ছে ডমিনুস অমনিউম ম্যাজিস্টের। অর্থাৎ ঈশ্বর সকলের কর্তা। আর তার নীচে যে কথাগুলো রয়েছে তার একটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করি। Marmore। মর্মর-সৌধ জানেন তো? সেই মর্মর আর এই মারমোরে একই জিনিস—মার্বেল। আর আরও মজা হচ্ছে এই যে, মর্মর কথাটা সংস্কৃত নয়, ফারসি। অথচ সৌধ হল সংস্কৃত। এইভাবে সংস্কৃত-ফারসি সংস্কৃত-আরবি আমরা দিব্যি জোড়া লাগিয়ে চালিয়ে দিই। যেমন, শলাপরামর্শ। শলা হল সলাহ—অর্থাৎ পরামর্শ, ফারসি কথা: পরামর্শ সংস্কৃত। বা কাগজপত্র—কাগজ আরবি, পত্র সংস্কৃত। তারপর আবার—’

ফেলুদার লেকচার শেষ হল না, কারণ কথা নেই বার্তা নেই উঠল এমন এক ধুলোর ঝড় (জটায়ু বললেন ‘প্রলয়ঙ্কর’) যেমন আমি আর কোনওদিন দেখিনি। আমরা পড়ি-কি-মরি করে লালমোহনবাবুর সবুজ আমবাসাডরে গিয়ে উঠলাম, আর ড্রাইভার হরিপদবাবু গাড়ি ছুটিয়ে দিলেন এস্প্রানেডের দিকে। এই প্রথম দেখলাম ধুলোর জন্য অক্টোর—থুড়ি—শহিদ মিনারটা আর দেখা যাচ্ছে না। হাওয়ার তেজ কত বুঝতে পারছি না। কারণ গাড়ির কাচ তুলে দেওয়া হয়েছে। তবে এটা দেখলাম যে, চান্দচুরওয়ালারা যে সফর লম্বা বেতের মোড়ার মতো স্ট্যান্ডের উপর তাদের জিনিসপত্র রাখে, তারই একটা গড়ের মাঠের দিক থেকে শূন্য দিয়ে পাক খেতে খেতে উড়ে এসে আমাদের ঠিক সামনে একটা চলন্ত ডবল ডেকারের দোতলায় আছড়ে পড়ে পরক্ষণেই আবার ছাড়া পেয়ে কার্জন পার্কের দিকে উড়ে গেল।

পার্ক স্ট্রিটের কাছাকাছি এসে দেখি ট্রাম বন্ধ, কারণ একটা দেবদারু গাছ ভেঙে লাইনের উপর পড়েছে, ফেলুদার ইচ্ছে ছিল আমাদের পার্ক স্ট্রিটের পুরনো গোরস্থানটা দেখিয়ে নিয়ে যাবে, কিন্তু সেটা আর এই ঝড়ের জন্য হল না। যদি যেতাম, তা হলে হয়তো একটা ঘটনা চোখের সামনে দেখতে পেতাম—যেটার বিষয় পরদিন সকালে কাগজে বেরোল। চব্বিশে জুনের এই প্রলয়ঙ্কর ঝড়ে (‘উইন্ড ভেলসিটি ওয়ান হান্ড্রেড অ্যান্ড ফর্টিফাইভ কিলোমিটার্স পার আওয়ার’) সাউথ পার্ক স্ট্রিট গোরস্থানে একটা গাছ ভেঙে পড়ে নরেন্দ্রনাথ বিশ্বাস নামে এক প্রৌঢ় ভদ্রলোককে গুরুতরভাবে জখম করে। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবিশ্যি তিনি সম্ভাব্যে এই আদিকালের গোরস্থানে কী করছিলেন সে খবর কাগজে লেখেনি।

পরদিন সকাল আর দুপুরের অর্ধেকটা বাদলার উপর দিয়েই গেল। ফেলুদা কোথেকে জানি একটা ১৯৩২ সালের ক্যালকাটা অ্যান্ড হাওড়ার ম্যাপ জোগাড় করেছে; দুপুরে খিচুড়ি আর ডিম ভাজা খেয়ে পান মুখে পুরে একটা চারমিনার ধরিয়ে ও ম্যাপটার ভাঁজ খুলল। সেটাকে মাটিতে বিছনোর জন্য টেবল চেয়ার সব ঠেলে দেয়ালের গায়ে লাগিয়ে দিয়ে মেঝের মাঝখানে ছ-ফুট বাই ছ-ফুট জায়গা করতে হল। ম্যাপের উপর হামাগুড়ি দিয়ে আমরা কলকাতার রাস্তাঘাট দেখছি, ফেলুদা বলছে ‘রজনী সেন খুঁজিস না, এ অঞ্চলটা তখন জঙ্গল,’ এমন সময়

জটায়ু এলেন। আজ আর ধুতি-পাঞ্জাবি নয়, গাঢ় নীল টেরিকটের প্যান্ট আর হলুদে বুশ শার্ট। ‘ছিয়াত্তরটা গাছ পড়েছে কালকের ঝড়ে’ ঢুকেই ঘোষণা করলেন ভদ্রলোক। ‘আর আপনার কথা রেখেছি মশাই, এখন আর হর্ন শুনলে হিন্দি ফিল্মের কথা মনে পড়বে না।’

আজ তাড়া নেই, তাই চা খেয়ে বেরোনো হল। ছিয়াত্তরটা গাছ পড়ার খবর কাগজে পড়ে বিশ্বাস হয়নি, কিন্তু পার্ক স্ট্রিট থেকে নিজের চোখে উনিশটা গাছ বা গাছের ডাল পড়ে থাকতে দেখলাম, তার মধ্যে সাদার্ন এভিনিউতেই তিনটে। তাও তো এর মধ্যে কত ডালপালা সরিয়ে ফেলা হয়েছে কে জানে।

গোরস্থানের গেটের সামনে যখন পৌঁছলাম (এখানে আসছি সেটা ক্যামাক স্ট্রিটের আগে ফেলুদা আমাদের বলেনি) তখন জটায়ুর দিকে চেয়ে দেখি তাঁর স্বাভাবিক ফুর্তি ভাবটা যেন একটু কম। ফেলুদা তাঁর দিকে জিজ্ঞাসু দৃষ্টি দিতে ভদ্রলোক বললেন, ‘একবার এক সাহেবকে কবর দিতে দেখেছিলুম—ফর্টিওয়ানে—রাঁচিতে। কাঠের বাস্কাটা গর্তে নামিয়ে যখন তার উপর চাবড়া চাবড়া মাটি ফেলে না—সে এক বীভৎস শব্দ মশাই।’

‘সে শব্দ এখানে শোনার কোনও সম্ভাবনা নেই,’ বলল ফেলুদা। ‘এই গোরস্থানে গত সোয়াশো বছরে কোনও মৃতব্যক্তিকে সমাধিস্থ করা হয়নি।’

গেট দিয়ে ঢুকতেই ডাইনে দারোয়ানের ঘর। দিনের বেলা যে-কেউ এ গোরস্থানে ঢুকতে পারে, তাই দারোয়ানের বোধহয় বিশেষ কোনও কাজ নেই। ‘তবে হ্যাঁ,’ বলল ফেলুদা। ‘একটা ব্যাপারে একটু নজর রাখতে হয়—যাতে সমাধির গা থেকে কেউ মার্বেলের ফলক খুলে না নেয়। ভাল ইটালিয়ান মার্বেল বাজারে বিক্রি করলে বেশ দু পয়সা আসে।—দারোয়ান।’

দারোয়ান ঘর থেকে বেরিয়ে এল। দেখে বলে দিতে হয় না সে বিহারের লোক; খৈনিটা মনে হয় সবেমাত্র পুরেছে মুখে।

‘কাল এখানে একজন বাঙালিবাবু জখম হয়েছেন—মাথায় গাছ পড়ে?’

‘হাঁ বাবু।’

‘সে জায়গাটা দেখা যায়?’

‘উয়ো রাস্তাসে সিধা চলিয়ে যান—একদম এন্ড তক্। বাঁয়ে ঘুমলেই দেখতে পাবেন। অভিতক্ পড়া হয় হায়া পেড়া।’

আমরা তিনজন ঘাস-গজিয়ে-যাওয়া বাঁধানো রাস্তাটা দিয়ে এগিয়ে গেলাম। দুদিকে সমাধির সারি—তার এক-একটা বারো-চোদ্দো হাত উঁচু। ডাইনে কিছু দূরে একটা সমাধি প্রায় তিনতলা বাড়ির সমান উঁচু। ফেলুদা বলল, ওটা খুব সম্ভবত পণ্ডিত উইলিয়াম জোন্স-এর সমাধি, ওর চেয়ে উঁচু সমাধি নাকি কলকাতায় আর নেই।’

প্রত্যেকটা সমাধির গায়ে সাদা কিংবা কালো মার্বেলের ফলকে মৃতব্যক্তির নাম, জন্মের তারিখ, আর মৃত্যুর তারিখ, আর সেই সঙ্গে আরও কিছু লেখা। কয়েকটা বড় ফলকে দেখলাম অল্প কথায় জীবনী পর্যন্ত লেখা রয়েছে। বেশির ভাগ সমাধিই চারকোনা থামের মতো, নীচে চওড়া থেকে উপরে সরু হয়ে উঠেছে। লালমোহনবাবু সেগুলোকে বললেন বোরখাপরা ভূত। কথটা খুব খারাপ বলেননি, যদিও এ ভূতের নড়াচড়ার উপায় নেই। এ ভূত গ্রহরী ভূত; মাটির নীচে কফিনবন্দি হয়ে যিনি শুয়ে আছেন তাঁকেই যেন গার্ড করছেন এই ভূত। ‘এই স্তম্ভগুলোর ইংরিজি নামটা জেনে রাখ তোপ্‌সে। একে বলে ওবেলিস্ক।’ লালমোহনবাবু বার পাঁচেক কথটা আউড়ে নিলেন। আমি বাঁ দিক ডান দিক চোখ ঘোরাচ্ছি আর ফলকের নামগুলো বিড়বিড় করছি—জ্যাকসন, ওয়ট্‌স, ওয়েল্‌স, লারকিন্‌স, গিবন্‌স, ওল্ডহ্যাম...। মাঝে মাঝে দেখছি পাশাপাশি একই নামের বেশ কয়েকটি সমাধি রয়েছে—বোঝা যাচ্ছে সবাই একই পরিবারের লোক। সবচেয়ে আগের তারিখ যা এখন পর্যন্ত চোখে পড়েছে তা হল ২৮ শে জুলাই ১৭৭৯।

তার মানে ফরাসি বিপ্লবেরও বারো বছর আগে।

রাস্তার শেষ মাথায় পৌঁছে বুঝতে পারলাম গোরস্থানটা কত বড়। পার্ক স্ট্রিটের ট্র্যাফিকের শব্দ এখানে ক্ষীণ হয়ে এসেছে। ফেলুদা পরে বলেছিল, ‘এখানে নাকি দু হাজারের বেশি সমাধি আছে। লালমোহনবাবু লোয়ার সার্কুলার রোডের দিকটায় গোরস্থানের গায়ে-লাগা একটা ফ্ল্যাটবাড়ির দিকে দেখিয়ে বললেন, ওঁকে লাখ টাকা দিলেও নাকি উনি ওখানে থাকবেন না।

গাছ যেটা ভেঙেছে বলে কাগজে বেরিয়েছে, সেটা আসলে শাখা-প্রশাখা সমেত একটা প্রকাণ্ড আম গাছের ডাল। সেটা পড়েছে একটা সমাধির বেশ খানিকটা ধ্বংস করে। এ ছাড়াও আরও অনেক ডালপালা চারিদিকে ছড়িয়ে রয়েছে।

আমরা সমাধিটার দিকে এগিয়ে গেলাম।

এটা অন্যগুলোর তুলনায় বেঁটে, লালমোহনবাবুর কাঁধ অবধি আসবে বড় জোর। বোঝা যায় এমনিতেই সেটার অবস্থা বেশ কাহিল ছিল। যেদিকে ডালের ঘা লাগেনি সেদিকটাও ফাটল ধরে চৌচির হয়ে আছে, পলেস্তারা খসে ইট বেরিয়ে আছে। ঘা লাগার দরুন শ্বেত পাথরের ফলকটাও ভেঙেছে; তার খানিকটা সমাধির গায়ে এখনও লেগে আছে, বাকিটা আট-দশ টুকরো হয়ে ঘাসের উপর পড়ে আছে। বৃষ্টি হয়ে চারিদিকটা এমনিতেই জলকাদায় ভরা, কিন্তু এখানে যেন কাদাটা অন্য জায়গার চেয়ে একটু বেশি। ‘আশ্চর্য’, বললেন লালমোহনবাবু, ‘গড কথটা কিন্তু এখনও সমাধির গায়ে লেগে আছে।’

‘শুধু গড নয়,’ বলল ফেলুদা, ‘তার নীচে সালের অংশ দেখতে পাচ্ছেন নিশ্চয়ই।’

‘ইয়েস। ওয়ান এইট-ফাইভ—তারপর ভাঙা। বোঝাই যাচ্ছে এই গড হল আপনার সেই ঈশ্বর সকলের কর্তা-র গড।’

‘তাই কি?’

ফেলুদার প্রশ্ন শুনে তার দিকে চাইলাম। তার ডুরু কুঁচকোনো। বলল, ‘আপনি অন্য সমাধিগুলো বিশেষ মন দিয়ে দেখেননি দেখছি। দেখুন না ওই পাশেরটার দিকে।’

পাশেই আরেকটা বড় সমাধি রয়েছে। তার ফলকে লেখা—

To the Memory of

Capt. P. O'reilly, H. M. 44th Regt.

who died 25th May, 1823 aged 38 years

‘লক্ষ করুন, নামের নীচেই আসছে সাল-তারিখ। বেশির ভাগ ফলকেই তাই। আর, গড কথটা অন্য কোনও ফলকে দেখলেন কি?’

ফেলুদা ঠিকই বলেছে। এই পথটুকু আসার মধ্যে আমি নিজেই অন্তত ত্রিশটা ফলকের লেখা পড়েছি, কিন্তু কোনওটাতেই গড দেখিনি।

‘তার মানে বলছেন, গড হল মৃতব্যক্তির নাম?’

‘গড কারুর নাম হয় বলে আমার মনে হয় না, যদিও ঈশ্বর বা ভগবান নামটা হিন্দুদের মধ্যে আছে। লক্ষ করুন, গড-এর জি-এর বাঁ দিকে ইঞ্চি-খানেক ফাঁক দেখা যাচ্ছে—অর্থাৎ বাঁ দিকে ওর গায়ে গায়ে কোনও অক্ষর ছিল না। কিন্তু ডি-এর ডান দিকটায় ফাঁক আছে কি না বোঝা যাচ্ছে না—কারণ সে-জায়গায় পাথরটা ভেঙে পড়ে গেছে। আমার ধারণা এটা যার কবর তার পদবির প্রথম তিনটে অক্ষর হল জি-ও-ডি; যেমন গডফ্রি বা গডার্ড।’

‘সে তো পাথরের টুকরোগুলো জড়ো করে পাশাপাশি—’

লালমোহনবাবু কথটা বলতে বলতে ভাঙা ডালপালার উপর দিয়ে সমাধিটার দিকে এগিয়ে তার ধারে পৌঁছোতেই হঠাৎ সড়াৎ করে খানিকটা নীচের দিকে নেমে গেলেন। গর্তে পা পড়লে যেমন হয় ঠিক তেমনি। কিন্তু ফেলুদা ঠিক সময়ে তার লম্বা হাত দুটি বাড়িয়ে তাঁকে খপ্প করে



ধরে টেনে তুলে শক্ত জমিতে দাঁড় করিয়ে দিল? ব্যাপারটা কী? ওখানে গর্ত হল কী করে? ‘কেমন যেন খটকা লাগছিল,’ বলল ফেলুদা, ‘ভাঙল আমগাছ, অথচ আমপাতার সঙ্গে জাম-কাঁঠাল কী করছে তাই ভাবছিলাম।’

লালমোহনবাবু এমনিতেই গোরস্থানে এসে একটু গুম্ব মেরে গিয়েছিলেন, তার উপর এই ব্যাপার। প্যান্টের ধুলো ঝাড়তে ঝাড়তে ‘এ একটু বাড়াবাড়ি মশাই’ বলে ভদ্রলোক একপাশে সরে গিয়ে আমাদের দিকে পেছন করে বোধ হয় নিজেকে সামলাবার চেষ্টা করলেন।

‘তোপসে—খুব সাবধানে ডালপালাগুলো সরা তো।’

আমি আর ফেলুদা গর্ত বাঁচিয়ে জায়গাটা পরিষ্কার করতেই বেশ বোঝা গেল কবরের

পাশটায় হাত-খানেক গভীর খালের মতো রয়েছে। সেটা আগেই ছিল, না সম্প্রতি কেউ খুঁড়ে করেছে সেটা ফেলুদা বুঝে থাকলেও, আমি বুঝলাম না।

ফেলুদা এবার মার্বেলের টুকরোগুলোয় মন দিল। দুজনে মিলে এগারোটা টুকরো জড়ো করে মিনিট দশেক ঘাসের উপর জিগ-স পাজল খেলে সেগুলোকে ঠিক ঠিক জায়গায় বসিয়ে দিলাম। তার ফলে জিনিসটা এইরকম দাঁড়াল—

Sacred to the Memory of

THOMAS—WIN

Obt. 24th April—8, AET. 180—

‘গডউইন’, বলল ফেলুদা, ‘টমাস গডউইনের পুণ্যস্মৃতির উদ্দেশে। ওবিটি হল “ওবিটুস” অর্থাৎ মৃত্যু, আর এ ই টি হল “এই টাটিস” অর্থাৎ বয়স। এখন কথা হচ্ছে—’

‘ও মশাই!’

জটায়ু হঠাৎ চোঁচিয়ে উঠে আমাকে বেশ চমকে দিলেন। ঘুরে দেখতেই ভদ্রলোক একটা চৌকো চ্যাপটা কালো জিনিস আমাদের দিকে তুলে ধরে বললেন, ‘সাইট্রিশ টাকায় ব্লু-ফঞ্জে তিনজনের ডিনার হবে কি?’

‘কী পেলেন ওটা?’

আমরা দুজনেই বেশ আগ্রহের সঙ্গে এগিয়ে গেলাম।

লালমোহনবাবুর বাঁ হাতে একটা কালো মানিব্যাগ, আর ডান হাতে তিনটে দশ, একটা পাঁচ, আর একটা দু টাকার নোট। টাকা আর ব্যাগ দুটোরই অবস্থা বেশ শোচনীয়। ভদ্রলোকের ভয় কেটে গিয়ে এখন একটা বেশ মারদিস্ ভাব; বেশ বুঝতে পারছেন যে, ফেলুদার জন্য একটা ভাল ক্লু জোগাড় করে দিয়েছেন।

ফেলুদা ব্যাগটা খুলে খাপগুলোর ভিতর যা ছিল সব বার করল। চার রকম জিনিস বেরোল খাপ থেকে। এক নম্বর—এক গোছা ভিজিটিং কার্ড, যাতে ইংরিজিতে লেখা এন এম বিশ্বাস। ঠিকানা টেলিফোন নেই। ফেলুদা বলল, ‘দেখেছেন খবরের কাগজের কাণ্ড—নরেন্দ্রমোহনকে নরেন্দ্রনাথ করে দিয়েছে।’

দুই নম্বর হচ্ছে দুটো খবরের কাগজের কাটিং। একটাতে এই সাউথ পার্ক স্ট্রিটে গোরস্থান প্রথম যখন খুলল তার খবর, আর আরেকটাতে আজকাল যাকে শহিদ মিনার বলি, সেই অকটারলোনি মনুমেন্ট তৈরি হবার খবর। তার মানে দুটো কাগজের টুকরোই দেড়শো-দুশো বছরের পুরনো। ‘বিশ্বেস মশাই এত প্রাচীন কাগজের কাটিং কোথেকে জোগাড় করলেন জানতে ভারী কৌতূহল হচ্ছে—’ মন্তব্য করল ফেলুদা।

তিন নম্বর হচ্ছে পার্ক স্ট্রিটের অক্সফোর্ড বুক কোম্পানির একটা বারো টাকা পঞ্চাশ পয়সার কাশমেমো; আর চার হল এক টুকরো সাদা কাগজ, যাতে ডট পেনে ইংরিজিতে কয়েকটা লাইন লেখা। লেখার মাথামুণ্ড বুঝলাম না, যদিও ভিক্টোরিয়া নামটা পড়তে পেরেছিলাম।

‘অকটারলোনি মনুমেন্ট নিয়ে যে একটা লেখা দেখলুম সেদিন কাগজে’, হঠাৎ বলে উঠলেন লালমোহনবাবু, ‘আর যদুদ্র মনে পড়ছে লেখকের পদবি ছিল বিশ্বাস। হ্যাঁ—বিশ্বাস। কারেক্ট।’

‘কোন কাগজ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘হয় “লেখনী” না হয় “বিচিত্রপত্র”। ঠিক মনে পড়ছে না। আমি বাড়ি গিয়ে চেক করব।’

জটায়ুর স্মরণশক্তি তেমন নির্ভরযোগ্য নয় বলেই বোধ হয় ফেলুদা এ ব্যাপারে আর কিছু না বলে সাদা কাগজের লেখাটা তার নিজের নোটবুকে কপি করে নিয়ে আসল কাগজ আর অন্য জিনিসগুলো মানিব্যাগে ভরে সেটা পকেটে নিয়ে নিল। তারপর মিনিট পাঁচেক ধরে কবরের আশপাশটা ভাল করে দেখে আরও দুটো জিনিস পেয়ে সেগুলোও পকেটে পুরল। সে-দুটো

হচ্ছে একটা ব্রাউন রঙের কোটের বোতাম আর একটা নেতিয়ে যাওয়া রেসের বই।—‘চল, দারোয়ানের সঙ্গে একবার কথা বলে বেরিয়ে পড়ি। আবার মেঘ করল।’

‘ব্যগটা কি ফেরত দেবেন?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

‘অবিশ্যি। কোন্ হাসপাতালে আছে খোঁজ করে কাল একবার যাব।’

‘আর সে-লোক যদি মরে গিয়ে থাকে?’

‘সেই অনুমান করে তো আর তার প্রপাটি আত্মসাৎ করা যায় না। সেটা নীতিবিরুদ্ধ।—আর সাঁইত্রিশ টাকায় ব্লু-ফক্সে তিনজনের চা-স্যান্ডউইচের বেশি কিছু হবে না, সুতরাং আপনি ডিনারের আশা ত্যাগ করতে পারেন।’

আমরা আবার উলটোমুখে ঘুরে কবরের সারির মাঝখানের পথ দিয়ে গেটের দিকে এগোতে লাগলাম। ফেলুদা গম্ভীর। এরই ফাঁকে একটা চারমিনার ধরিয়ে নিয়েছে। এমনিতে ও সিগারেট অনেক কমিয়ে দিয়েছে। কিন্তু রহস্যের গন্ধ পেলে নিজের অজান্তেই মাঝে মাঝে সাদা কাঠি মুখে চলে যায়।

অর্ধেক পথ যাবার পর সে হঠাৎ থামল কেন সেটা তৎক্ষণাৎ বুঝতে পারিনি। তারপর তার চাহনি অনুসরণ করে একটা জিনিস দেখে আমার হাঁটার হার্টবিটটাও সঙ্গে সঙ্গে এক পলকের জন্য থেমে গেল।

একটা গম্বুজওয়ালা সমাধি—যার ফলকে মৃতব্যক্তির নাম রয়েছে মিস মারগারেট টেম্পলটন—তার ঠিক সামনে ঘাসে পড়ে থাকা একটা পুরনো ইটের উপর একটা সিকিখাওয়া জ্বলন্ত সিগারেট থেকে সরু ফিতের মতো ধোঁয়া কুণ্ডলী পাকিয়ে উপরে উঠছে। বৃষ্টি হবে বলেই বোধহয় বাতাসটা বন্ধ হয়েছে, না হলে ধোঁয়া দেখা যেত না।

ফেলুদা এগিয়ে গিয়ে দু ইঞ্চি লম্বা সিগারেটটা তুলে নিয়ে মন্তব্য করল, ‘গোল্ড স্নেক।’ জটায়ু বলল, ‘বাড়ি চলুন।’ আমি বললাম, ‘একবার খুঁজে দেখব লোকটা এখনও আছে কি না?’

‘সে যদি থাকত’, বলল ফেলুদা, ‘তা হলে সিগারেট হাতে নিয়েই থাকত; কিংবা হাত থেকে ফেলে পা দিয়ে মাড়িয়ে নিবিয়ে দিত। আধখাওয়া অবস্থায় এভাবে ফেলে যেত না। সে লোক পালিয়েছে, এবং বেশ ব্যস্তভাবেই পালিয়েছে।’

দারোয়ান ঘরে ছিল না। মিনিট তিনেক অপেক্ষা করার পর সে পশ্চিম দিকের একটা ঝোপের পিছন থেকে বেরিয়ে হেলতে দুলতে এগিয়ে এসে বলল, ‘আভি এক চুহাকো খতম কর দিয়া।’

বুঝলাম, ওই ঝোপের পিছনে চুহার সংকার সেরে তিনি ফিরছেন, ফেলুদা কাজের কথায় চলে গেল।

‘যার উপর গাছ-পড়েছিল তাকে জখম অবস্থায় প্রথম দেখল কে?’

দারোয়ান বলল যে সেই দেখেছিল। গাছ পড়ার সময়টা সে গোরস্থানে ছিল না, তার নিজের একটা শার্ট উড়ে গিয়েছিল পার্ক স্ট্রিটে, সেটা উদ্ধার করতে গিয়েছিল। ফিরে এসে ব্যাপারটা দেখে। দারোয়ান ভদ্রলোকের মুখ চিনত, কারণ উনি নাকি সম্প্রতি আরও কয়েকবার এসেছেন গোরস্থানে।

‘আর কেউ এসেছিল কালকে?’

‘মালুম নেহি বাবু। হাম্ যব দৌড়কে গিয়া, উস টাইমমে তো আউর কোই নেহি থা।’

‘এইসব সমাধির পিছনে লুকিয়ে থাকতে পারে তো?’

এটা দারোয়ান অস্বীকার করল না। আমারও মনে হচ্ছিল যে এই গোরস্থানের চেয়ে ভাল লুকোচুরির জায়গা বোধহয় সারা কলকাতায় আর একটিও নেই।

নরেন বিশ্বাসের অবস্থা দেখে দারোয়ান রাস্তায় বেরিয়ে এসে এক পথচারী সাহেবকে খবরটা

দেয়। বর্ণনা থেকে মনে হল সেন্ট জেভিয়ার্সের ফাদার-টাদার হতে পারে। তিনিই নাকি ট্যাক্সি ডাকিয়ে নরেন বিশ্বাসকে হাসপাতালে পাঠানোর বন্দোবস্ত করেন।

‘আজ একটু আগে কাউকে আসতে দেখেছিলে?’

‘আভি?’

‘হ্যাঁ?’

না, দারোয়ান কাউকে আসতে দেখেনি। সে গেটের কাছে ছিল না। সে গিয়েছিল চুহার লাশ নিয়ে ওই ঝোপড়টার পিছনে। ওটা ফেলে দিয়েই ওর কাজ শেষ হয়নি, কারণ একটু পিপাসার প্রয়োজন হয়ে পড়েছিল।

‘রাত্রে তুমি এখানে থাক?’

‘হ্যাঁ বাবু।’ লেकिन রাতকো তো পহারেকা কোই জরুরং নেহি হোতা। ডর কে মারে কোই আতাহি নেহি। পহলে লোয়ার সারকুলার রোড সাইডমে দিওয়ার টুটা থা, লেकिन আজকাল রাতকো কোই নেহি আতা সমনটরিমে।’

‘তোমার নাম কী?’

‘বরমদেও।’

‘এই নাও।’

‘সালাম বাবু।’

দারোয়ানের হাতে দু টাকার নোটটা গুঁজে দেবার ফল অবিশ্যি আমরা পরে পেয়েছিলাম।

৩

‘গডউইন...? টমাস গডউইন...?’

সিধু জ্যাঠার কপালে ছটা খাঁজ পড়ে গেল।

সিধু জ্যাঠাকে আমি বলি বিশ্বকোষ, ফেলুদা বলে ঋতিধর। দুটোই ঠিক। একবার যা পড়েন, একবার যা শোনেন—মনে ধরলে ভোলেন না। ফেলুদাকে মাঝে মাঝে ওঁর কাছে আসতেই হয়। যেমন আজকে। ভোরে উঠে হাটতে বেরোন সিধু জ্যাঠা লেকের ধারে। মাইল দু-এক হেঁটে বাড়ি ফিরে আসেন সাড়ে ছটার মধ্যে। বৃষ্টি হলেও বাদ নেই; ছাতা নিয়ে বেরোবেন। বাড়ি ফিরে সেই যে তক্তপোষের উপর বসেন, এক স্নান-খাওয়া ছাড়া ওঠা নেই। সামনে একটা ডেস্ক, তার উপর বই, ম্যাগাজিন, খবরের কাগজ। লেখেন না। চিঠিও না, ধোপার হিসেবও না, কিছু না। খালি পড়েন। টেলিফোন নেই। আমাদের সঙ্গে যোগাযোগ করার দরকার হলে চাকর জনার্দনকে দিয়ে বলে পাঠান; দশ মিনিটে সে খবর পৌঁছে যায়। বিয়ে করেননি; বউ-এর বদলে বই নিয়ে ঘর করেন। বলেন, আমার সংসার, আমার স্ত্রী-পুত্র-পরিবার। আমার ডাক্তার মাস্টার সিস্টার মাদার ফাদার, সবই আমার বই। পুরনো কলকাতা সম্বন্ধে ফেলুদার উৎসাহের জন্য সিধু জ্যাঠাই কতকটা দায়ী। তবে সিধু জ্যাঠা শুধু কলকাতা না। সারা বিশ্বের ইতিহাস জানেন।

দুধ-ছাড়া চায়ে পর পর দুটো চুমুক দিয়ে সিধু জ্যাঠা গডউইন কথাটা আরও দুবার আওড়ালেন। তারপর বললেন, ‘গডউইন নামটা ফস্ করে বললে প্রথমটা শেলির শ্বশুরের কথাই মনে হয়, কিন্তু ভারতবর্ষে এসেছে এমন একটা গডউইনও ছিল বটে; কোন বছরে মারা গেছে বললে?’

‘আঠারো শো আটাল।’

‘আর জন্ম?’

‘সতেরো শো আটাশি।’

‘হুঁ, তা হলে এই গডউইন হতে পারে বটে। আটচল্লিশেই বোধ হয়, কিংবা ঊনপঞ্চাশে, ক্যালকাটা রিভিউতে একটা লেখা বেরিয়েছিল। টমাসের মেয়ে। নাম শার্লি। না না—শার্লট। শার্লট গডউইন। তার বাপ সম্বন্ধে লিখেছিল। হুঁ, মনে পড়েছে।... ওরেবাস! সে তো এক তাজ্জব কাহিনী হে ফেলু!—অবিশ্যি শেষ জীবনের কথা লেখেনি শার্লট। আর সেটা আমি জানিও না; কিন্তু গোড়ায় ভারতবর্ষে এসে তার কীর্তিকলাপ—সে তো একেবারে গল্পের মতো। তুমি তো লখনৌ গেছ?’

ফেলুদা মাথা নেড়ে হ্যাঁ বলল। বাদশাহী আংটির ব্যাপারে প্রথম তার গোয়েন্দাগিরির তারাবাজি লখনৌতেই দেখিয়েছিল ফেলুদা।

‘সাদত আলির কথা জান তো?’

‘জানি।’

‘সেই সাদত আলি তখন লখনৌ-এর নবাব। দিল্লির পিদিম তখন নিবু-নিবু, যত রোশনাই সব লখনৌ-এ। সাদত ইয়াং বয়সে কলকাতায় ছিল, সাহেবদের সঙ্গে মিশে ইংরিজি ভাষাটা একটু ভাসাভাসা শিখেছিল, আর শিখেছিল ষোল আনা সাহেবিয়ানা। আসাফ-উদ-দৌল্লা মারা যাবার পর ওয়জীর আলি হল নবাব। সাদত আলি তখন কাশীতে। মন খারাপ, কারণ আশা ছিল আসফের পর সেই গদিতে বসবে। এদিকে ওয়জীর ছিল অকর্মার টেকি। ব্রিটিশরা তাকে বরদাস্ত করতে পারলে না; চার মাসে তার নবাবি দিলে বরবাদ করে। মনে রেখো। অযোধ্যায় তখন কোম্পানির প্রতিপত্তি খুব; নবাবরা কোম্পানির কথায় ওঠে বসে। ওয়জীরকে হটিয়ে তারা সাদতকে সিংহাসনে বসাল। সাদত খুশি হয়ে ব্রিটিশকে অর্ধেক অযোধ্যা দিয়ে দিলে।

‘সে সময়ে লখনৌ-এর অলিতে-গলিতে সাহেব। নবাবের ফৌজে সাহেব অফিসার, সাহেব গোলন্দাজ; তা ছাড়া সাহেব ব্যবসায়ী, সাহেব ডাক্তার, সাহেব পেন্টার, সাহেব নাপিত, সাহেব ইন্সকুল মাস্টার; আবার কেউ কেউ আছে যারা এসেছে শুধু টাকার লোভে; নবাবের নেক নজরে পড়ে দু-পয়সা যদি কামাতে পারে। এই শেষ দলের মধ্যে পড়ে টমাস গডউইন। ইংলন্ডের ছোকরা—সাসেস্ক না সাফোক না সারি কোথায় তার বাড়ি ঠিক মনে নেই—সে দেশে বসে নবাবির গল্প শুনে এসে হাজির হল লখনৌতে। সুপুরুষ চেহারা, কথাবার্তা ভাল, রেসিডেন্ট চেরি সাহেবের মন ভিজিয়ে তার কাছ থেকে সুপারিশপত্র নিয়ে গিয়ে হাজির হল নবাবের দরবারে। সাদত জিজ্ঞেস করলে, তোমার গুণপনা কী? টমাস শুনেছে নবাব বিলিতি খানা পছন্দ করে—রান্নার হাত ভাল ছিল ছোকরার—বললে আমি ভাল শেফ, তোমাকে রন্ধে খাওয়াতে চাই। নবাব বললে খাওয়াও। ব্যস—গডউইন এমন রান্না রাঁধলে যে সাদত তক্ষুনি তাকে বাবুর্চিখানায় বাহাল করে নিলে। তারপর থেকে নবাব যেখানে যায় সেখানেই মুসলমান বাবুর্চির পাশে পাশে যায় টমাস গডউইন। লাটসাহেব শহরে এলে সাদত তাকে ব্রেকফাস্টে ডাকে—সাহেব খুশি হলে সাদতের মঙ্গল—ভরসা টমাস গডউইন। আর নতুন কোনও ডিশ পছন্দ হলেই আসে বকশিশ। নবাবি বকশিশ জানো তো? দু-দশ টাকা কি দু-চারটে মোহর গুঁজে দেওয়া তো নয়—লখনৌ-এর নবাব! হাত ঝাড়লেই পর্বত। বুঝে দেখো, গডউইনের পকেট কীভাবে ফুলে-ফেঁপে উঠল। আর তাই যদি না হবে তো সে বাবুর্চিখানায় পড়ে থাকবে কেন? সে রকম লোকই সে নয়।

‘বেরিয়ে এল নবাবের আওতা থেকে। চলে এল আমাদের এই কলকাতায়। এসেই বিয়ে করলে জেন ম্যাডক বলে এক মেমসাহেবকে—কোম্পানির ফৌজের এক ক্যাপ্টেনের মেয়ে। তার তিন মাসের মধ্যে এক রেস্টোরাঁ খুললে খাস চৌরঙ্গিতে। তারপর যা হয় আর কী। সুদিন তো আর কারুর চিরটাকাল থাকে না। গডউইনের ছিল জুয়োর নেশা। লখনৌ থাকতে মুরগির লড়াই আর তিতিরের লড়াইয়ে বাজি ফেলে যেমন কামিয়েছে তেমন খুইয়েছে। কলকাতায় ৫৯৬

এসে সে রোগ আবার মাথা চাড়া দিয়ে উঠল।... এর বেশি আর তার মেয়ে কিছু লেখেনি। যদূর মনে হয়, টমাস গডউইন মারা যাবার কয়েক মাস পরেই এ-লেখাটা বেরোয়। সেক্ষেত্রে তার নিজের মেয়ের পক্ষে তার বাপের মন্দ দিকটা কি আর খুব ফলাও করে লেখা চলে? অন্তত সে-যুগে যেত না নিশ্চয়ই। যাই হোক, এশিয়াটিক সোসাইটিতে গিয়ে তুমি লেখাটা পড়ে দেখতে পারো। আমি যা বললাম তার চেয়ে ন্যাচারেলি আরও বেশি ডিটেল পাবে।’

আমার অবিশ্যি মনে হল, সিধু জ্যাঠা পুরো লেখাটাই বাংলা করে বলে ফেলেছেন।

ফেলুদা আর আমি দুজনেই টমাস গডউইনের এই আশ্চর্য কাহিনী শুনে বেশ কিছুক্ষণ চুপ করে রইলাম। আমাদের আগে সিধু জ্যাঠাই আবার মুখ খুললেন।

‘কিন্তু টমাস গডউইনের বিষয় হঠাৎ জিজ্ঞেস করছ কেন? কী ব্যাপার?’

ফেলুদা বলল, ‘সেটা বলছি। তার আগে আরেকটা জিনিস জানার আছে। নরেন্দ্র বিশ্বাস বলে কারুর নাম শুনেছেন—যিনি পুরনো কলকাতা নিয়ে প্রবন্ধ-টবন্ধ লেখেন?’

‘কীসে লেখেন?’

‘তা জানি না।’

‘কোনও অখ্যাত কাগজে লিখলে সে লেখা আমার চোখে পড়বে না। আজকাল আর ধরাবাঁধা কাগজের বাইরে আর কিছু পড়ি না। কিন্তু এ প্রশ্নই বা কেন?’

ফেলুদা সংক্ষেপে কালকের ঘটনাটা বলে বলল, ‘গাছ পড়ে যদি একটা লোক জখম হয়ে অজ্ঞান হয়, তা হলে তার মানিবাগটা দশ হাত দূরে ছিটকে পড়বে কেন, এইখানেই খটকা।’

‘হুম’...

সিধু জ্যাঠা একটু গভীর থেকে বললেন, ‘কাল ঝড়ের গতিবেগ ছিল ঘটায় নব্বুই মাইল। যদি বেরোয় যে ভদ্রলোকের মানিবাগ তার শার্ট বা পাঞ্জাবির বুকেপকেটে ছিল, তা হলে দৌড়ে পালাতে গিয়ে পকেট থেকে সে ব্যাগ ছিটকে পড়া কিছুই আশ্চর্য নয়। আর দৌড়ানোর অবস্থাতেই তার মাথায় গাছ পড়ে থাকতে পারে। তা হলে আর রহস্য কোথায়?’

‘ভদ্রলোক পড়েছিলেন গডউইনের সমাধির পাশে।’

‘তাতে কী এসে গেল?’

‘সেই সমাধির পাশে খালের মতো গর্ত। মনে হয় কেউ খোঁড়ার কাজ শুরু করেছিল।’

সিধু জ্যাঠার চোখ ছানাবড়া।

‘বল কী হে! গ্রেভ ডিগিং? এ তো ভারী গ্রেভ সংবাদ দিলে হে তুমি। এ তো অবিশ্বাস্য। টাটকা লাশ হলে খুঁড়ে বার করে শব ব্যবচ্ছেদের জন্য বিক্রি করে পয়সা আসে জানি। কিন্তু দুশো বছরের পুরনো লাশের কয়েকটা হাড়গোড় ছাড়া আর কী পাওয়া যাবে বলো! তার না আছে প্রত্নতাত্ত্বিক ভ্যালু, না আছে রিসেল ভ্যালু। খুঁড়েছে সে ব্যাপারে তুমি শিওর?’

‘পুরোপুরি নয়—কারণ বৃষ্টির জন্য কোদালের কোপের চিহ্ন মুছে গেছে—কিন্তু তবু...’

সিধু জ্যাঠা আবার একটু ভেবে মাথা নেড়ে বললেন, ‘না হে ফেলু, আমার মনে হচ্ছে তুমি বুনো হাঁসের পেছনে ধাওয়া করছ। হাতে কোনও কেস-টেন নেই বুঝি? তাই কল্পনায় একটা রহস্য খাড়া করছ—আঁা?’

ফেলুদা তার একপেশে হাসিটা হেসে চুপ করে রইল। সিধু জ্যাঠা বললেন, ‘গডউইনের বংশের কেউ যদি এখানে থাকত তা হলে না হয় তাদের জিজ্ঞেস করে কিছু জানা যেত। কিন্তু সেও তো বোধহয় নেই। সব সাহেব পরিবারই তো আর বারওয়েল বা টাইটলার পরিবার নয়—যাদের কেউ না কেউ সেই ক্লাইভের আমল থেকে এই সেদিন অবধি ইন্ডিয়াতে কাটিয়ে গেছে।’

এইবার ফেলুদা তার এতক্ষণের চাপা খবরটা দিয়ে দিল।

‘টমাস গডউইনের তিন পুরুষ পর অবধি তাদের কেউ না কেউ এ-দেশেই মারা গেছে সে

খবর আমি জানি।’

‘সে কী?’ সিধু জ্যাঠা অবাক। আসলে আজই সকালে এখানে আসার আগে আমরা লোয়ার সার্কুলার রোডের গোরস্থানটা দেড় ঘণ্টা ধরে দেখে এসেছি। এটা পার্ক স্ট্রিট গোরস্থানের পরে তৈরি আর এখনও ব্যবহার হয়।

‘শার্লট গডউইনের সমাধি দেখেছি’, বলল ফেলুদা। ‘১৮৮৬ সালে সাতষাট বছর বয়সে মারা যান।’

‘গডউইন পদবি দেখলে? তার মানে বিবাহ করেননি। আহা, বড় সুলেখিকা ছিলেন।’

‘শার্লটের পাশে তার বড় ভাই ডেভিডের সমাধি। মৃত্যু ১৮৭৪’—ফেলুদা পকেট থেকে তার খাতাটা বার করে নোট দেখে দেখে বলে চলেছে—‘ইনি খিদিরপুরের কিড কোম্পানির হেড অ্যাসিসট্যান্ট ছিলেন। ডেভিডের পাশে তার ছেলে লেফটেন্যান্ট কর্নেল অ্যান্ড্রু গডউইন ও তার স্ত্রী এমা গডউইন। অ্যান্ড্রু মারা যান ১৮৮২-তে। অ্যান্ড্রু-এমার পাশে তাদের ছেলে চার্লস। ইনি ডাক্তার ছিলেন, মৃত্যু ১৯২০।’

‘সাবাস! ধন্য তোমার অনুসন্ধিৎসা আর অধ্যবসায়।’ সিধু জ্যাঠা সত্যিই খুশি হয়েছেন। ‘এখন তোমার জানতে হবে বর্তমানে এঁদের কেউ জীবিত কি না এবং কলকাতায় আছেন কি না। টেলিফোন ডিরেক্টরিতে গডউইন নাম পেলে?’

‘মাত্র একটি। ফোন করেছিলাম। এই পরিবারের সঙ্গে কোনও সম্পর্ক নেই।’

‘দেখো খোঁজ করে। হয়তো থাকতে পারে। অবিশ্যি তার হৃদিস কী করে পাবে তা জানি না। পেলে, আর কিছু না হোক—গ্রেড ডিগিং-এর ব্যাপারটা আমার কাছে ভুয়ো বলেই মনে হয়—অন্তত টমাস গডউইনের মতো একটা কালারফুল চরিত্র সম্বন্ধে হয়তো আরও কিছু তথ্য জোগাড় করতে পারে। গুড লাক!’

8

বাড়ি এসে দুপুর পর্যন্ত ধৈর্য ধরে তারপর ফেলুদাকে আর না জিজ্ঞেস করে পারলাম না।—

‘কাল যে নরেন বিশ্বাসের ব্যাগ থেকে একটা সাদা কাগজ বেরোল, তাতে কী লেখা ছিল?’

নরেন বিশ্বাসের খাতাটা ফেলুদা বিকেলে ফেরত দিতে যাবে। সে খবর নিয়ে জেনেছে যে, ভদ্রলোক পার্ক হসপিটালে আছেন।

ফেলুদা তার খাতাটা খুলে আমার দিকে এগিয়ে দিল।

‘যদি এর মানে বার করতে পারিস তা হলে বুঝব নোবেল প্রাইজ তোর হাতের মুঠোয়।’

খাতার রুল টানা পাতায় লেখা রয়েছে—

B/S 141 SNB for WG Victoria & P.C. (44?)

Re Victoria's letters try MN, OU, GAA, SJ, WN

আমি মনে মনে বললাম, নোবেল প্রাইজটা ফসকে গেল। তাও মুখে বললাম, ‘ভদ্রলোক কুইন ভিক্টোরিয়া সম্বন্ধে ইন্টারেস্টেড বলে মনে হচ্ছে। কিন্তু ভিক্টোরিয়া অ্যান্ড পি সি টা কী ঠিক বুঝতে পারছি না।’

‘পি সি বোধ হয় প্রিন্স কনসর্ট; তার মানে ভিক্টোরিয়ার স্বামী প্রিন্স অ্যালবার্ট।’

‘আর কিছুই বুঝতে পারছি না।’

‘কেন, ফর মানে জন্য আর টাই মানে চেষ্টা বুঝলি না?’

ফেলুদার মেজাজ দেখে বুঝলাম সেও বিশেষ কিছু বোঝেনি। সিধু জ্যাঠার কথাটা যে আমারও মনে ধরেনি তা নয়। ফেলুদা সত্যিই হয়তো যেখানে রহস্য নেই সেখানে জোর করে

রহস্য ঢোকাচ্ছে। কিন্তু তার পরেই মনে পড়ে যাচ্ছে কালকের সেই জ্বলন্ত সিগারেটটা, আর সঙ্গে সঙ্গে পেটের ভিতরটা কেমন যেন খালি হয়ে যাচ্ছে। আমরা আছি জেনে কে পালাল গোরস্থান থেকে? আর বাদলা দিনে সন্কে করে সে সেখানে গিয়েছিলই বা কেন?

আগে থেকেই ঠিক ছিল যে চারটের সময় আমরা নরেন বিশ্বাসের ব্যাগ ফেরত দিতে যাব, আর লালমোহনবাবুই আমাদের এসে নিয়ে যাবেন। টাইমমারফিক বাড়ির সামনে গাড়ি থামার শব্দ পেলাম। ভদ্রলোক ঘরে ঢুকলেন হাতে একটা পত্রিকা নিয়ে। ‘কী বলেছিলুম মশাই? এই দেখুন বিচিত্রপত্র, আর এই দেখুন নরেন বিশ্বাসের লেখা। সঙ্গে একটা ছবিও আছে মনুমেন্টের, যদিও ছাপেনি ভাল।’

‘কিন্তু এও তো দেখছি নরেন্দ্রনাথ বলছে; নরেন্দ্রমোহন তো নয়। তা হলে কি অন্য লোক নাকি?’

‘আমার মনে হয় ভিজিটিং কার্ডেই গণ্ডগোল। বাজে প্রেসে ছাপানো। আর ভদ্রলোক হয়তো প্রুফও দেখেননি। কিন্তু ব্যাগের মধ্যে ওই কার্টিং আর তার পর এই লেখা—ব্যাপারটা স্রেফ কাকতালীয় বলে উড়িয়ে দেওয়া যায় কি?’

ফেলুদা লেখাটায় চোখ বুলিয়ে পত্রিকাটা পাশের টেবিলের উপর ফেলে দিয়ে বলল, ‘ভাষা মন্দ না, তবে নতুন কিছু নেই। এখন জানা দরকার এই লোকই গাছ পড়ে জখম হওয়া নরেন বিশ্বাস কি না।’

পার্ক হসপিটালের ডাঃ শিকদারকে বাবা বেশ ভাল করে চেনেন। আমাদের বাড়িতেও এসেছেন দু-একবার, তাই ফেলুদার সঙ্গেও আলাপ। ফেলুদা কার্ড পাঠানোর মিনিট পাঁচকের মধ্যে আমাদের ডাক পড়ল।

‘কী ব্যাপার? কোনও নতুন কেস-টেস নাকি?’

ফেলুদা যেখানেই যে-কারণেই যাক না কেন, চেনা লোক থাকলে তবে এ প্রশ্নটা শুনতেই হয়।

ও হেসে বলল, ‘আমি এসেছি এখানের এক পেশেন্টকে একটা জিনিস ফেরত দিতে।’

‘কোন পেশেন্ট?’

‘মিস্টার বিশ্বাস। নরেন বিশ্বাস। পরশু—’

‘সে তো চলে গেছে। এই ঘণ্টা দু-এক আগে। তার ভাই এসেছিল গাড়ি নিয়ে; নিয়ে গেছে।’

‘কিন্তু কাগজে যে লিখল—’

‘কী লিখেছে? সিরিয়াস বলে লিখেছে তো? কাগজে ওরকম অনেক লেখে। আস্ত একটা গাছ মাথায় পড়লে কি আর সে লোক বাঁচে? একটা ছোট ডাল, যাকে বলে প্রশাখা; তাই পড়েছে। জখমের চেয়ে শকটাই বেশি। ডান কবজিটায় চোট পেয়েছে, মাথায় কটা স্টিচ—ব্যাাস এই তো।’

‘আপনি কি বলতে পারেন ইনিই পুরনো কলকাতা নিয়ে—’

‘ইয়েস। ইনিই। একটা লোক সন্কেবেলা গোরস্থানে ঘোরাঘুরি করছে, ন্যাচারেলি কৌতূহল হয়। জিজ্ঞেস করতে বললেন পুরনো কলকাতা নিয়ে চর্চা করছেন। তা আমি বললুম ভাল লাইন বেছেছেন; নতুন কলকাতাকে যতটা দূরে সরিয়ে রাখা যায় ততই ভাল।’

‘জখমটা স্বাভাবিক বলেই মনে হল?’

‘অ্যাঁ!... পথে আসুন বাবা। এতক্ষণে একটা গোয়েন্দা মার্কা প্রশ্ন হয়েছে।’

ফেলুদা অপ্রস্তুত ভাবটা চাপতে পারলে না।

‘মানে, উনি নিজেই বললেন যে গাছ পড়ে...?’

‘আরে মশাই, গাছটা যে পড়েছে তাতে তো আর ভুল নেই? আর উনি সেখানেই ছিলেন।

সন্দেহ করার কোনও কারণ আছে কি?’

‘উনি নিজে অস্বাভাবিক বা সন্দেহজনক কিছু বলেননি তো?’

‘মোটাই না। বললেন, চোখের সামনে দেখলাম গাছটা ভাঙল—তার ডালপালা যে কতখানি ছড়িয়ে আছে সেটা তো আর আঁচ করা সম্ভব হয়নি। তবে হ্যাঁ—ইয়েস—জ্ঞান হবার পরে ‘উইল’ কথাটা দু-তিনবার উচ্চারণ করেছিলেন। এতে যদি কোনও রহস্য থাকে তো জানি না। মনে তো হয় না, কারণ উইলের উল্লেখ ওই একবারই; আর করেননি।’

‘ভদ্রলোকের পুরো নামটা আপনার জানা আছে?’

‘কেন, কাগজেই তো বেরিয়েছিল। নরেন্দ্রনাথ বিশ্বাস।’

‘আরেকটা প্রশ্ন—বিরক্ত করছি, কিছু মনে করবেন না—ওনার পোশাকটা মনে আছে?’

‘বিলক্ষণ। শার্ট আর প্যান্ট। রংও মনে আছে—সাদা শার্ট আর বিস্কিটের রঙের প্যান্ট। গ্ল্যাক্সো না, ক্রিম ক্র্যাকার—হেং হেং!’

ফেলুদা ডাঃ শিকদারের কাছে নরেন বিশ্বাসের ঠিকানা নিয়ে নিয়েছিল। আমরা নার্সিংহোম থেকে সটান চলে গোলাম নিউ আলিপুরে। ভারী ঝামেলা নিউ আলিপুরে ঠিকানা খুঁজে বার করা, কিন্তু জটায়ুর ড্রাইভার মশাইটি দেখলাম কলকাতার রাস্তাঘাট ভালই চেনেন। বাড়ি বার করতে তিন মিনিটের বেশি ঘুরতে হয়নি।

দোতলা বাড়ি, দেখে মনে হয় পনেরো থেকে বিশ বছরের মধ্যে বয়স। গেটের সামনে রাস্তার উপর একটা কালো অ্যামবাসাডর দাঁড়িয়ে আছে, আর গেটের গায়ে দুটো নাম—এন বিশ্বাস ও জি বিশ্বাস। বেল টিপতে একজন চাকর এসে দরজা খুলে দিল।

‘নরেনবাবু আছেন কি?’ ফেলুদা প্রশ্ন করল।

‘তার তো অসুখ।’

‘দেখা করতে পারবেন না? একটু দরকার ছিল।’

‘কাকে চাই?’

প্রশ্নটা এল চাকরের পিছন দিক দিয়ে। একজন চল্লিশ-পঁয়তাল্লিশ বছরের ভদ্রলোক এগিয়ে এসেছেন। ফরসা রং, চোখ সামান্য কটা, দাড়ি-গোঁফ কামানো। পাজামার উপর বুশ শার্ট, তার উপর একটা মটকার চাদর জড়ানো। ফেলুদা বলল, ‘নরেন বিশ্বাস মশাই—এর একটা জিনিস তাকে ফেরত দিতে চাই। ওঁর মানিব্যাগ, পকেট থেকে পড়ে গেসল পার্ক স্ট্রিট গোরস্থানে।’

‘তাই বুঝি? আমি ওঁর ভাই। আপনারা ভিতরে আসুন। দাদা বিছানায়। এখনও ব্যান্ডেজ বাঁধা। কথা বলছেন, তবে এ রকম অ্যাক্সিডেন্ট...একটা বড় রকম ইয়ে তো!...’

দোতলায় যাবার সিঁড়ির পিছন দিকে একটা বেডরুম, তাতেই নরেনবাবু শুয়ে আছেন। ভাইয়ের চেয়ে রং প্রায় দু-পোঁচ কালো, ঠোঁটের উপর বেশ একটা পুরু গোঁফ, আর মাথার ব্যান্ডেজটার নীচে যে টাক আছে সেটা বলে দিতে হয় না।

বাঁ হাতে ধরা স্টেটসম্যান কাগজটা নামিয়ে ভদ্রলোক ঘাড় হেঁট করে আমাদের নমস্কার জানালেন। ডান কবজিতে ব্যান্ডেজ, তাই হাত জোড় করে নমস্কারে অসুবিধা আছে। ভাইটি আমাদের ঘরে ঢুকিয়ে দিয়ে বেরিয়ে গেলেন। শুনলাম চাকরকে হাঁক দিয়ে আরও দুটো চেয়ারের কথা বলে দিলেন। এ ঘরে রয়েছে একটিমাত্র চেয়ার, খাটের পাশে ডেস্কের সামনে।

ফেলুদা মানিব্যাগটা বার করে এগিয়ে দিল।

‘ও হো হো—অনেক ধন্যবাদ। আপনি আবার কষ্ট করে...’

‘কষ্ট আর কী’—ফেলুদা বিনয়ভূষণ—‘ঘটনাচক্রে ওখানে গিয়ে পড়েছিলাম, আমার এই বন্ধুটি কুড়িয়ে পেলেন, তাই...’

নরেনবাবু এক হাতেই মানিব্যাগের খাপগুলো ফাঁক করে তার ভিতরে একবার চোখ বুলিয়ে
৬০০

ফেলুদার দিকে জিজ্ঞাসু দৃষ্টিতে চাইলেন। ‘গোরস্থানে...?’

‘আমিও আপনাকে ঠিক ওই প্রশ্নই করতে যাচ্ছিলাম,’ ফেলুদা হেসে বলল, ‘আপনি বোধহয় প্রাচীন কলকাতার ইতিহাস নিয়ে পড়াশুনো করছেন?’

ভদ্রলোক দীর্ঘশ্বাস ফেললেন।

‘করছিলাম তো বটেই—কিন্তু যা যা খেলাম! মনে হয় পবনদেব চাইছেন না আমি এ নিয়ে বেশি ঘাঁটাঘাঁটি করি।’

‘বিচিত্রপত্র কাগজে যে লেখাটা—’

‘ওটা আমারই। মনুমেন্ট তো? আমারই। আরও লিখেছি দু-একটা এখানে সেখানে। চাকরি করতাম, গত বছর রিটায়ার করেছি। কিছু তো একটা করতে হবে! ছাত্র ছিলাম ইতিহাসের। ছেলেবেলা থেকেই ওদিকটায় ঝোঁক। কলেজে থাকতে বাগবাজার থেকে হেঁটে দমদম যাই ক্লাইভ সাহেবের বাড়ি দেখতে। দেখেছেন? এই সেদিন অবধি ছিল—একতলা বাংলা টাইপের বাড়ি, সামনে ইস্ট ইন্ডিয়া কোম্পানির কোট-অফ-আর্মস।’

‘আপনি প্রেসিডেন্সিতে পড়েছেন?’

খাটের ডান পাশেই টেবিল, আর তার দু-হাত উপরেই দেয়ালে একটা বাঁধানো গ্রুপ ছবিতে লেখা—

‘Presidency College Alumni Association 1953.’

‘শুধু আমি কেন,’ বললেন নরেন বিশ্বাস, ‘আমার ছেলে, ভাই, বাপ, ঠাকুরা সবাই প্রেসিডেন্সির ছাত্র। ওটা একটা ফ্যামিলি ট্রাডিশন। এখন বলতে লজ্জা করে—আমরা সোনার মেডেল পাওয়া ছাত্র—গিরীন, আমি, দুজনেই।’

‘কেন, লজ্জা কেন!’

‘কী আর করলুম বলুন জীবনে? আমি গেলাম চাকরিতে, গিরীন গেল ব্যবসায়। কে আর চিনল আমাদের বলুন?’

ফেলুদা এগিয়ে গিয়েছিল ছবিটা দেখতে। এবার তার দৃষ্টি নামল নীচের দিকে। টেবিলের উপর একটা নীল খাতা। সেটার প্রথম পাতাটা খোলা রয়েছে, দেখে বোঝা যাচ্ছে একটা লেখা শুরু হয়ে আট-দশ লাইনের বেশি এগোয়নি।

‘আপনার নাম কি নরেন্দ্রনাথ না নরেন্দ্রমোহন?’

‘আপ্তে?’

ভদ্রলোক বোধহয় একটু অন্যমনস্ক হয়ে পড়েছিলেন। ফেলুদা আবার প্রশ্নটা করল। ভদ্রলোক একটু হেসে একটু যেন অবাক হয়ে বললেন, ‘নরেন্দ্রনাথ বলেই তো জানি। কেন, আপনার কি সন্দেহ হচ্ছে?’

‘আপনার ভিজিটিং কার্ডে দেখলাম এন এম বিশ্বাস রয়েছে।’

‘ও হো! ওটা তো ছাপার ভুল। কাউকে কার্ড দেবার আগে ওটা কলম দিয়ে শুধরে দিই। অবশ্য নতুন কার্ড ছাপিয়ে নেওয়া উচিত ছিল, কিন্তু গাফিলতি করে আর করিনি। আর সত্যি বলতে কী, আমাদের আর ভিজিটিং কার্ডের কী প্রয়োজন বলুন। ইদানীং মিউজিয়ম-টিউজিয়মের কর্তা-ব্যক্তিদের সঙ্গে একটু দেখা-টেখা করতে হচ্ছিল তাই ব্যাগে কয়েকটা ভরে নিয়েছিলাম। ভাল কথা—আপনিও কি ওই গোরস্থান নিয়ে লিখবেন-টিখবেন নাকি? আশা করি না! আপনার মতো ইয়াং রাইভ্যালের সঙ্গে কিন্তু পেরে উঠব না!’

ফেলুদা যাবার জন্য উঠে পড়ে বলল, ‘আমি লিখিটিখি না—শুধু জেনেই আনন্দ। ভাল কথা—একটা অনুরোধ আছে। পুরনো কলকাতা নিয়ে পড়াশুনা করতে গিয়ে যদি গডউইন পরিবারের কোনও উল্লেখ পান তা হলে অনুগ্রহ করে জানালে উপকার হবে।’

‘গডউইন পরিবার?’

‘টমাস গডউইনের সমাধি পার্ক স্ট্রিট গোরস্থানে রয়েছে। ইন ফ্যাঙ্ক, একই গাছ একসঙ্গে আপনাকে এবং গডউইনের সমাধিকে জখম করেছে!’

‘তাই বুঝি?’

‘আর সার্কুলার রোড গোরস্থানে গডউইন পরিবারের আরও পাঁচটা সমাধি রয়েছে।’

‘অবিশ্যি জানাব। কিন্তু কোথায় জানাব? আপনার ঠিকানাটা?’

ফেলুদা তার প্রাইভেট ইনভেসটিগেটর লেখা কার্ডটা নরেনবাবুর হাতে তুলে দিল।

‘এই আপনার পেশা নাকি? গোয়েন্দাগিরি?’ ভদ্রলোক বেশ একটু অবাক হয়ে প্রশ্ন করলেন।

‘আপ্তে হ্যাঁ।’

‘কলকাতায় প্রাইভেট ডিটেকটিভ আছে বলে শুনেছি, কিন্তু চোখে দেখলাম এই প্রথম!’

৫

‘তুমি ভিক্টোরিয়ার কথাটা জিঙ্গেস করলে না কেন?’ আমি ফেলুদাকে জিঙ্গেস করলাম গাড়িতে চৌরঙ্গির দিকে যেতে যেতে। আজ লালমোহনবাবু ধরেছেন ব্লু ফক্সে গিয়েই চা-স্যান্ডউইচ খাওয়াবেন। কে জানত যে এই ব্লু ফক্সে গিয়েই ঘটনার মোড় ঘুরে যাবে!

ফেলুদা বলল, ‘তার ব্যাগের কাগজপত্র আমি ঘাঁটাঘাঁটি করেছি সেটা জানলে কি ভদ্রলোক খুব খুশি হতেন? আর লেখাটা সাংকেতিক না হোক, সংক্ষিপ্ত ভাষায় তো বটেই। যদি কোনও গোপনীয় ব্যাপার হয়ে থাকে?’

‘তা বটে।’

লালমোহনবাবুকে একটু ভাবুক বলে মনে হচ্ছিল। ফেলুদাও সেটা লক্ষ্য করেছে। বলল, ‘আপনার চোখে উদাস দৃষ্টি কেন?’

ভদ্রলোক একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘পুলক ছোকরার জন্য একটা ভাল প্লট ফেঁদেছিলুম। নির্ঘাত আবার হিট হত—তাঁ সে আজ লিখেছে হিন্দি ছবিতে নাকি থ্রিল আর ফাইটিং-এর বাজারে মন্দা। সবাই নাকি ভক্তিমূলক ছবি চায়। জয় সন্তোষী মা সুপারহিট হবার ফলে নাকি এই হাল। ভেবে দেখুন!’

‘তা আপনার মুশকিলটা কোথায়! ভক্তিবাব জাগছে না মনে?’

লালমোহনবাবু কথাটার উত্তর দেবারও প্রয়োজন বোধ করলেন না। কেবল ভীষণ একটা অভক্তির ভাব করে দুবার ‘হেল’ ‘হেল’ বলে চূপ করে গেলেন। হেল বলার কারণ অবিশ্যি পুলক ঘোষালের চিঠি নয়। আমরা বিড়লা প্লানেটেরিয়াম ছাড়িয়ে চৌরঙ্গিতে পড়েছি; বাঁয়ে মাটির পাহাড় ময়দানটাকে আড়াল করে দিয়েছে। লালমোহনবাবু কিছুদিন থেকে পাতাল রেল না বলে হেল রেল বলছেন।

গাড়ি ক্রমাগত গাড্ডায় পড়ছে আর লালমোহনবাবু শিউরে শিউরে উঠছেন। বললেন, ‘স্প্রিং যতটা খারাপ ভাবছেন ততটা নয়। চলুন রেড রোড দিয়ে, দেখবেন গাড়ির কোনও দোষ নেই।’

‘তাও তো এখন রাস্তা পাকা,’ বলল ফেলুদা, ‘দুশো বছর আগে এ রাস্তা ছিল গোঁয়ো কাঁচা। কল্পনা করে দেখুন।’

‘তখন তো আর অ্যাস্ফাল্টের চলত না। আর এত ভিড়ও ছিল না।’

‘ভিড় ছিল, তবে সে মানুষের নয়, হাড়গিলের।’

‘হাড়গিলে?’

‘সাড়ে চার ফুট লম্বা পাখি। রাস্তায় ময়লা খুঁটে খুঁটে খেত। এখন যেমন দেখছেন কাক চড়ুই, ৬০২

তখন ছিল হাড়গিলে। গঙ্গার জলে মড়া ভেসে যেত, তার উপর চেপে দিব্যি নৌসফর করত।’

‘জংলি জায়গা ছিল বলুন! বীভৎস! ভয়াবহ।’

‘তারই মধ্যে ছিল লাটের বাড়ি, সেন্ট জনস চার্চ, পার্ক স্ট্রিটের গোরস্থান, থিয়েটার রোডের থিয়েটার, আর আরও কত সাহেব-সুবোদের বাড়ি। এ অঞ্চলটাকে বলত হোয়াইট টাউন—এদিকে নেটিভদের নো-পান্তা, আর উত্তর কলকাতা ছিল ব্ল্যাক টাউন।’

‘গায়ের রক্ত গরম হয়ে যাচ্ছে মশাই।’

পার্ক স্ট্রিটে এসে মোড় ঘুরে ব্লু ফক্সের আগেই ফেলুদা গাড়ি থামাতে বলল।—‘একবার বইয়ের দোকানে টু মারতে হবে।’

অক্সফোর্ড বুক কোম্পানি সম্পর্কে লালমোহনবাবুর কোনও উৎসাহ নেই, কারণ এখানে রহস্য রোমাঞ্চ সিরিজের বই বিক্রি হয় না। বললেন, ‘আমাদের কলেজ স্ট্রিট আর বালিগঞ্জের ব্ল্যাকবুকশপ বেঁচে থাকুক।’

ফেলুদা দোকানে ঢুকে এদিক-ওদিক ঘুরে একটা কাউন্টারের সামনে গিয়ে দাঁড়াল। সামনে থরে থরে সাজানো রয়েছে নীল আর লাল খাতা, ফাইল, ডাইরি, এনগেজমেন্ট প্যাড। একটা নীল খাতা হাতে তুলে দামটা দেখে নিল। বারো-পঞ্চাশ। ঠিক এ-রকম খাতা ছিল নরেন বিশ্বাসের টেবিলে।

‘ইয়েস?’

দোকানের একজন লোক এগিয়ে এসেছে ফেলুদার দিকে।

‘কুইন ভিক্টোরিয়ার কোনও চিঠির কালেকশন আছে আপনাদের এখানে?’

‘কুইন ভিক্টোরিয়া? নো স্যার। তবে আপনি প্রকাশকের নাম বলতে পারলে আমরা আনিয়ে দিতে পারি। যদি ম্যাকমিলন বা অক্সফোর্ড ইউনিভার্সিটি হয় তা হলে ওদের কলকাতার আপিসে খোঁজ করে দেখতে পারি।’

ফেলুদা কী যেন ভাবল। তারপর বলল, ‘ঠিক আছে। আমি খোঁজ করে আপনাদের জানাব।’

আমরা পার্ক স্ট্রিটে বেরিয়ে এলাম। গাড়িটা এগিয়ে ব্লু ফক্সের সামনে গিয়ে দাঁড়িয়েছে, আমরা হেঁটে এগোতে লাগলাম।

‘একটু দাঁড়া!’—ফেলুদা পকেট থেকে তার খাতাটা বার করেছে।—‘ভিড়ের মধ্যে হাঁটতে হাঁটতে পড়া যায় না।’

কয়েক সেকেন্ড খাতায় চোখ বুলিয়েই ফেলুদা আবার হাঁটতে শুরু করল। ‘কিছু পেলে?’ আমি জিজ্ঞেস করলাম। জবাব এল: ‘আগে ব্লু ফক্সে গিয়ে বসি।’

রেস্টোরাণ্টে বসে জানা গেল ব্লু ফক্স নামটা ভাল লাগে বলেই লালমোহনবাবু আমাদের এখানে এনেছেন। নিজে এর আগে কখনও আসেননি। এমনকী পার্ক স্ট্রিটের কোনও রেস্টোরাণ্টেই আসেননি।—‘থাকি সেই গড়পারে। পাবলিশার কলেজ স্ট্রিট পাড়ায়, এ তল্লাটে খেতে আসার মতকমই বা কোথায় আর দরকারই বা কী?’

চা আর স্যান্ডউইচ অর্ডার দেবার পর ফেলুদা খাতাটা আবার বার করে টেবিলের উপর রাখল। তারপর সেই পাতাটা খুলে বলল, ‘প্রথম লাইনটা এখনও রহস্যবৃত্ত। দ্বিতীয়টা কবজা করে ফেলেছি। এগুলো সব বিদেশি প্রকাশকের নাম।’

‘কোনগুলো?’ জিজ্ঞেস করলাম আমি।

‘MM, OU, GAA, SJ আর WN হল যথাক্রমে ম্যাকমিলন, অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস, জর্জ অ্যালেন অ্যান্ড আনউইন, সিজিক অ্যান্ড জ্যাকসন, ওয়াইডেনফেল্ড অ্যান্ড নিকলসন।’

‘বাপরে বাপ’, বললেন জটায়ু, ‘আপনার জিহ্বার জয় হোক। এতগুলো ইংরিজি নাম হোঁচট না খেয়ে একধারসে আউড়ে গেলেন কী করে মশাই?’

‘বোঝাই যাচ্ছে ভদ্রলোক এইসব পাবলিশারদের চিঠি লিখতেন বা লিখছেন, ভিক্টোরিয়ার চিঠির সংকলন সম্বন্ধে খোঁজ করে। অথচ মজা এই যে, এত না করে ব্রিটিশ কাউন্সিল বা ন্যাশনাল লাইব্রেরিতে গিয়ে ভিক্টোরিয়ার চিঠি পড়ে আসা ঢের সহজ ছিল।’

‘এ যেন মাথার পিছন দিক দিয়ে হাত ঘুরিয়ে নাক দেখানো’, মন্তব্য করলেন জটায়ু।

ফেলুদা খাতাটা পকেটে পুরে স্যান্ডউইচের জায়গা করে দিয়ে একটা চারমিনার ধরাল। লালমোহনবাবু টেবিলের উপর তাল ঠুকে একটা বিলিতি ঘাঁচের সুরের এক লাইন গুন গুন করে বললেন, ‘চলুন কোথাও বেরিয়ে পড়ি শহরের বাইরে। বাইরে গেলেই দেখিচি আপনার কেসও জোটে, আমার গল্পও জোটে। কোথায় যাওয়া যায় বলুন তো? বেশ রুক্ষ জায়গা হওয়া চাই। সমতল শস্যশ্যামলা আয়েশি ভেতো মিনমিনে পরিবেশ হলে চলবে না। বেশ একটা—’

স্যান্ডউইচের প্লেট এসে পড়ায় আর কথা এগোল না। আমাদের তিনজনেরই খিদে পেয়েছিল বেশ জ্বর। একসঙ্গে দু জোড়া স্যান্ডউইচে একটা বিশাল কামড় দিয়ে তিনবার চোয়াল খেলিয়েই লালমোহনবাবু কেন জানি থমকে গেলেন। তারপর গোল গোল চোখ করে দুবার পর পর ‘ঈশ্বরের জয়...ঈশ্বরের জয়’ বললেন, যার ফলে মুখ থেকে কয়েকটা রুটির টুকরো ছিটকে বেরিয়ে টেবিলের ওপর পড়ল।

ব্যাপারটা হল এই—আমি আর ফেলুদা রাস্তার দিকে মুখ করে বসে ছিলাম, আর লালমোহনবাবুর মুখ ছিল রেস্টোরাণ্টের পিছন দিকটায়। ঘরের শেষ মাথায় একটা নিচু প্ল্যাটফর্ম, দেখেই বোঝা যায় সেখানে রাত্রে বাজনা বাজে। সেখানে একটা সাইনবোর্ড দেখেই জটায়ুর এই দশা। তাতে রয়েছে এই বাজনার দলের নাম, আর নামের ঠিক তলায় লেখা—‘গিটার—ক্রিস গডউইন।’

ফেলুদা হাত থেকে স্যান্ডউইচ নামিয়ে একটা বেয়ারাকে তুড়ি দিয়ে কাছে ডাকল।

‘এখানে ডিনারের সময় বাজনা বাজে?’

‘হাঁ বাবু, বাজতা হয়।’

‘তোমাদের ম্যানেজারের সঙ্গে একটু কথা বলতে পারি?’

ক্রিস গডউইনের ঠিকানা জোগাড় করাই ফেলুদার উদ্দেশ্য, আর তার জন্য একটা জুতসই অজুহাতও রেডি করে রেখেছিল। ম্যানেজার আসতে বলল, ‘বালিগঞ্জ পার্কের মিস্টার মানসুখানির বাড়িতে বিয়ের জন্য একটা ভাল বাজিয়ে গ্রুপ চাই। আপনাদের এখানের দলটার খুব নাম শুনেছি—তারা কি বিয়েতে ভাড়া খাটবে?’

‘হোয়াই নট? এটাই তো তাদের পেশা।’

‘ওই যে গডউইন নামটা দেখছি, ওই বোধহয় লিডার? ওর ঠিকানাটা যদি...’

ম্যানেজার একটা স্লিপে ঠিকানাটা লিখে ফেলুদাকে এনে দিলেন। দেখলাম লেখা আছে—
১৪/১ রিপন লেন।’

অন্য দিন হলে গল্প-টগল করে চা-স্যান্ডউইচ খেতে যতটা সময় লাগত, আজ অবিশ্যি তার চেয়ে অনেক কম লাগল। ফেলুদার খিদে মিটে গেছে; সে একটার বেশি খেল না। লালমোহনবাবু অসম্ভব স্পিডে আর এনার্জির সঙ্গে ফেলুদার দুটো আর নিজের তিনটে খেয়ে ফেলে বললেন, ‘পয়সা যখন পুরো দেব তখন খাবার ফেলা যায় কেন মশাই?’

ফোর্টিন বাই ওয়ান রিপন লেনের বাইরেটা দেখে মনটা দমে যাওয়া স্বাভাবিক—কারণ সাদত আলির নবাবির কথা এখনও ভুলতে পারিনি। কিন্তু ফেলুদা বলল, এতে আশ্চর্য হবার কিছু নেই। চার-পাঁচ পুরুষের ব্যবধানে একটা পরিবার যে কোথা থেকে কোথায় নামতে পারে তার কোনও লিমিট নেই। অবিশ্যি বাড়িগুলো যে খুব ছোট তা নয়, সবই তিনতলা চারতলা, ৬০৪

কিন্তু কোনওটারই বাইরেটা দেখে ভিতরে ঢুকতে ইচ্ছে করে না। লালমোহনবাবু বললেন যে, বোঝাই যাচ্ছে এর প্রত্যেকটাই হানাবাড়ি। যাই হোক, ঢোকার আগে পাশেই একটা পান-বিড়িওয়ালাকে ফেলুদা জিঞ্জের করে নিল।

‘ইয়ে কোঠিমে গডউইন সাহাব বোলকে কোই রহতা হ্যায়?’

‘গুডিন সাহাব? জো বাজা বাজাতা হ্যায়?’

‘সে ছাড়া আরও আছে নাকি?’

‘বুটো সাহাব ভি হ্যায়। মার্কিস সাহাব। মার্কিস গুডিন।’

‘কোন তলায় থাকেন সাহাব?’

‘দো তল্লা। তিন তল্লামে আর্কিস সাহাব।’

‘আর্কিস-মার্কিস দুই ভাই নাকি বাবা?’ প্রশ্ন করলেন লালমোহনবাবু।

‘নেহি বাবু। আর্কিস সাহাব আর্কিস সাহাব, মার্কিস সাহাব গুডিন সাহাব—দো তল্লামে মার্কিস সাহাব, তিন তল্লামে...’

ফেলুদা আর্কিস-মার্কিসের ঝামেলা ছেড়ে ইতিমধ্যে চোদ্দ বাই একে ঢুকে পড়েছে। আমরাও দুগ্ধা বলে তার পিছন পিছন ঢুকলাম।

যা ভেবেছিলাম তাই। ভিতরে বাইরে কোনও তফাত নেই। জুন মাসের দিন বড় বলে এই সাড়ে ছটার সময়ও বাইরে আলো রয়েছে, কিন্তু ভিতরে সিঁড়ির কাছটায় একেবারে মিশমিশে অন্ধকার। ফেলুদার একটা আঙুত ক্ষমতা আছে—হয়তো ওর চোখটাই ওইভাবে তৈরি—অন্ধকারে সাধারণ লোকের চেয়ে ও অনেক বেশি দেখতে পায়। ওর তরতরিয়ে সিঁড়ি ওঠা দেখে লালমোহনবাবু রেলিংটাকে খামচে ধরে কোনওরকমে উঠতে উঠতে বললেন, ‘ক্যাট-বার্গলার হয় জানতুম মশাই, ক্যাট-গোয়েন্দা এই প্রথম দেখলুম।’

দোতলা থমথমে। একটা ক্ষীণ বাজনার শব্দ শোনা যাচ্ছে, বোধ হয় কোনও রেডিও থেকে আসছে। সিঁড়ির মুখে একটা দরজা, তার পিছনে বারান্দা, তাতে আলো না জ্বললেও বাইরেটা খোলা বলে খানিকটা দিনের আলো এসে পড়ে বারান্দার ভাঙা-কাচের টুকরো বসানো মেঝেটাকে বুঝিয়ে দিচ্ছে। আমাদের বাঁয়ের দরজা দিয়ে যে ঘরটা দেখা যাচ্ছে তাতে কেউ নেই, কারণ বাতি জ্বলছে না। ভিতরে বারান্দার বাঁ দিকে একটা ঘর আছে বুঝতে পারছি, কারণ সেই ঘর থেকেই এক চিলতে আলো এসে বারান্দার একটা কোণে পড়েছে। একটা কালো বেড়াল সেই আলোয় কুণ্ডলী পাকিয়ে বসে একদৃষ্টে আমাদের দেখছে। তিনতলা থেকে পুরুষের গলার শব্দ পাচ্ছি মাঝে মাঝে। একবার যেন একটা ঘৎঘৎ কাশির শব্দও পেলাম।

‘বাড়ি চলুন’, বললেন জটায়ু। ‘এ হল রিপন লেনের গোরস্থান।’

ফেলুদা বারান্দার দরজার দিকে এগিয়ে গেল।

‘কোই হ্যায়?’

কয়েক সেকেন্ড কোনও শব্দ নেই, তারপর উত্তর এল—‘কৌন হ্যায়?’

ফেলুদা ইতস্তত করছে, এমন সময় আবার কথা এল, এবার বেশ কড়া স্বরে।

‘অন্দর আইয়ে!—আই কান্ট কাম আউট।’

‘ভেতরে যাবেন, না বাড়ি যাবেন?’

ফেলুদা লালমোহনবাবুর প্রশ্ন অগ্রাহ্য করে চৌকাঠ পেরিয়ে এগিয়ে গেল। ও ঘুড়ি, আমরা ল্যাজ; একেবেঁকে এগোলাম দুজনে পিছন পিছন।

‘কাম ইন,’ হুকুম এল বাঁয়ে ঘরের ভিতর থেকে।



তিনজনে ঢুকলাম ভিতরে। একটা মাঝারি সাইজের বৈঠকখানা। দরজার উলটো দিকে একটা সোফা, তার কাপড়ের ঢাকনির তিন জায়গায় ফুটো দিয়ে নারকালের ছোবড়া বেরিয়ে আছে। সোফার সামনে একটা শ্বেতপাথরের টেবিল;—এখন শ্বেত বললে ভুল হবে, কিন্তু এককালে তাই ছিল। বাঁয়ে একটা কালো প্রাচীন বুক কেস, তাতে গোটা পনেরো প্রাচীন বই। বুক কেসের মাথায় একটা পিতলের ফুলদানিতে ধুলো জমা প্লাস্টিকের ফুল, সে ফুলের রং বোঝে কার সাধ্য। দেয়ালে একটা বাঁধানো ছবি, সেটা ঘোড়াও হতে পারে, রেলগাড়িও হতে পারে, এত ধুলো জমেছে তার কাছে। যে ফিলিপস রেডিওটা সোফার পাশের টেবিলের উপর রাখা রয়েছে সেটার মডেল নির্ঘাত ফেলুদার জন্মেরও আগের। আশ্চর্য এই যে সেটা এখনও চলে, কারণ সেটা থেকেই গানের শব্দ আসছিল। এখন একটা শিরা-বার-করা ফ্যাকাসে হাত নব ঘুরিয়ে গানটা বন্ধ করে দিল। যার হাত, তিনি সোফার এক কোণে একটা কুশন কোলে নিয়ে বাঁ পা-টা একটা মোড়ার উপর তুলে দিয়ে বসে মিটমিট করে আমাদের দিকে চাইছেন। ঐর শরীরে যে সাহেবের রক্ত আছে সেটা চামড়ার রং থেকে বোঝা যায়, আর চুলের যেটুকু পাকা নয় তার রং কটা। চোখটা যে কীরকম সেটা বুঝতে পারছি না, কারণ ছাত থেকে ঝোলানো যে বাতিটা জ্বলছে সেটার পাওয়ার পঁচিশের বেশি নয়।

‘আমি গাউটে ভুগছি, তাই চলাফেরা করতে পারি না’, ইংরিজিতে বললেন সাহেব। ‘আই হ্যাভ টু টেক দ্য হেল্প অফ মাই সারভেন্ট। সে শুয়োরটা আবার ফাঁক পেলেই সটকায়া।’

ফেলুদা এবার পরিচয়ের ব্যাপারটা সেরে নিল। ভদ্রলোক আমরা আসাতে বিরক্ত হলেও সেটা এখনও প্রকাশ করেননি। ফেলুদা কাজের কথায় চলে গেল।

‘আমি শুধু একটা খবর জানতে এসেছি। আপনি কি টমাস গডউইনের বংশধর—যিনি উনবিংশ শতাব্দীর প্রথম দিকে ভারতবর্ষে এসেছিলেন?’

সাহেব মাথাটা আর একটু তুললেন। এবারে বুঝলাম তার চোখের রং ঘোলাটে নীল। কিছুক্ষণ এক দৃষ্টে ফেলুদার দিকে চেয়ে থেকে বললেন, ‘নাউ হাও দ্য হেল ডিড ইউ নো অ্যাবাউট মাই গ্রেট গ্র্যান্ডফাদার?’

‘তা হলে আমার অনুমান ঠিক?’

‘শুধু তাই নয়; আমার কাছে এমন একটা জিনিস আছে যেটা খোদ টমাস গডউইনের সম্পত্তি। অন্তত আমার ঠাকুমা তাই বলতেন। দেড়শো বছরের—ও হেল!’

‘কী হল?’

‘দ্যাট স্কাউন্ডেল অ্যারাকিস—ঠক, জোচ্ছোর! কালই রাত্রে ওটা চেয়ে নিয়ে গেছে। বলেছে আজ ফেরত দেবে। আজই ওদের মিটিং বসবে। আজ বিষ্যদবার তো? একটু পরেই শুনতে পাবে মাথার উপরে সব উদ্ভট আওয়াজ।’

মাথাটা গুলিয়ে যাচ্ছে বলেই বোধ হয় ঘরটা আরও অন্ধকার লাগছে। কিংবা হয়তো সত্যি করেই রাত হয়ে আসছে। না, মেঘ ডাকল। আকাশে মেঘ করেছে, তাই অন্ধকার।

ফেলুদা মিঃ গডউইনের সামনে একটা হাতলভাঙা চেয়ারে বসেছে। তার ডান পাশে আরামকেন্দারায় জটায়ু। আরাম খুব হচ্ছে না, কারণ উসখুসে ভাব দেখে মনে হয় ছারপোকাকার কামড় খাচ্ছেন। আমি বসেছি বাঁয়ে একটা চেয়ারে। ফেলুদা চেয়ে আছে একদৃষ্টে সাহেবের দিকে; ভাবটা—তুমি যা বলতে চাও বলো, আমি শুনতে এসেছি।

‘ইটস অ্যান আইভরি কাসকেট,’ বললেন মিঃ গডউইন। ‘ভেতরেও জিনিস আছে। দুটো পুরনো পাইপ, একটা রুপোর নস্যির কৌটো, একটা চশমা, আর সিন্ধে মোড়া একটা প্যাকেট।

ভেতরে বইটাই আছে বলে মনে হয়; কোনওদিন খুলিনি। আরও সব ছিল বাড়িতে পুরনো জিনিস; আমার বাড়িভুলে ছেলেটা সব বেচে দিয়েছে। পড়াশুনোয় জলাঞ্জলি দিয়ে গাঁজা ধরল, আর তারপরেই ঘর থেকে এটা-ওটা সরিয়ে ফেলতে শুরু করল। বাস্কেট যে কেন নেয়নি জানি না। হয়তো নিত; কপাল ফিরে গেল তাই নেবার দরকার হয়নি। বাজনার দল করেছে একটা। তার রোজগারেই চলছে এখন—যদি চলা বলো এটাকে। ছেলেকে আর দোষ দিই কী করে? আমারই কি কম দোষ? শুনেছি টম গডউইন জুয়ো খেলে সর্বস্ব খুইয়েছিলেন। আমারও তাই।...

ভদ্রলোক একটু থামলেন। হাঁপাচ্ছেন। বোধহয় একটানা এত কথা বলে। বাতের যন্ত্রণাতেই বোধ হয় একবার মুখটা বেঁকে গেল। তারপর আবার কথা।—

‘একবার বিলেত গিয়েছিলাম ইয়ং বয়সে। ছোট কাকা ছিল লন্ডনে, মিডল্যান্ড ব্যাঙ্কে ক্যাশিয়ারি করত। তিন মাসের বেশি থাকতে পারিনি। শীত সহ্য হয়নি। খানা সহ্য হয়নি। ডাল-ভাতের অভ্যেস। ফিরে এলাম ক্যালকাটা। বিয়ে করলাম। বউ মরেছে দশ বছর আগে। এখন আছে ক্রিস্টোফার। মুখ দেখি দিনে একটিবার হয়তো; কি তাও না। পাশের ঘরে বসে গিটারে ট্যাং ট্যাং করে। হাত ভাল।’

মাথার উপরে সত্যিই একটা অদ্ভুত আওয়াজ শুরু হয়েছে। খট খট—খট খট। হচ্ছে আবার থামছে, ঘরের ছায়াগুলো দুলছে, কারণ খট খটের সঙ্গে সঙ্গে সিলিং-এর বাতিটা দুলতে আরম্ভ করেছে। এখন আর শুধু লালমোহনবাবু না; আমারও ভয় করছে। এরকম বাড়িতে, এরকম ঘরে কখনও আসিনি; এরকম মানুষের মুখে এরকম কথা কখনও শুনিনি। কী ব্যাপার হচ্ছে ওপরের ঘরে?

গডউইন সাহেব ওপরে না তাকিয়েই বললেন, ‘টেবিলটা লাফাচ্ছে। চার ব্যাটা ভণ্ড টেবিলটাকে ঘিরে বসেছে। বলে মরা লোকের আত্মা নামায় ওরা, আর যেই সে আত্মা আসে অমনি টেবিলটা ছটফট করতে শুরু করে।’

‘ওরা কারা?’ ফেলুদা প্রশ্ন করল।

‘অ্যারাকিসের দল। প্রেতচর্চা সমিতি। দুটো ইহুদি, একটা পার্শি, আর অ্যারাকিস। আমাকে দলে টানতে চেয়েছিল, আমি যাইনি। একদিন অ্যারাকিসের কাছে টমাস গডউইনের কথা বলেছিলাম। বললে, তোমাকে তার সঙ্গে কথা বলিয়ে দেব। আমি বললাম—নো, সার্টেনলি নট। আজ বাদে কাল এমনিতেই তার সঙ্গে দেখা হবে। তারপর কাল এসে বললে—’

ভদ্রলোক থামলেন। খট খট খট। আবার টেবিল লাফাচ্ছে।

‘কিন্তু বাস্কেট কেন নিল আপনার কাছ থেকে?’ প্রশ্ন করল ফেলুদা।

‘সেটাই তো বলছি। বললে, আমরা তোমাকে ছাড়াই গডউইনের আত্মা নামাব। তার নিজের জিনিস কিছু থাকলে দাও, সেটা টেবিলের উপর রাখলে আত্মা সহজে নামবে। আওয়াজ শুনে মনে হচ্ছে তিনি নেমেছেন।’

খট খট খট...আবার টেবিল লাফাল।

‘ব্যাপারটা কি অন্ধকারে হয়?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘সব বুজরুকিই তো অন্ধকারে হয়।’—গডউইনের গলার স্বরে বিদ্রূপ।

‘একবার উপরে যাওয়া যায়?’

লালমোহনবাবু প্রশ্নটা শুনেই চেয়ারের হাতল খামচে তাঁর আপত্তি জানিয়ে দিয়েছিলেন। গডউইন সাহেবের উত্তরে তিনি অনেকটা আশ্বস্ত হলেন।

‘ও ঘরে তোমায় ঢুকতে দেবে না,’ বললেন মিঃ গডউইন। ‘ফর মেমবারস্ ওনলি। ওর চাকর পাহারা দেয়। তবে কেউ যদি কারুর আত্মা নামাতে চায় ওদের সাহায্যে, তো সে আলাদা কথা।’

আগাম বিশ টাকা, আত্মা নামলে আরও একশো।’

‘আই সি...’

ফেলুদা উঠে পড়ল। ‘আচ্ছা, মিস্টার গডউইন। অনেক ধন্যবাদ। আপনাকে বিরক্ত করে গেলাম, কিছু মনে করবেন না।’

‘গুড নাইট।’

গডউইন সাহেবের শীর্ণ হাত আবার রেডিওর দিকে চলে গেল।

ল্যাডিং-এ এসে ফেলুদা যেটা করল সেটা আমাকে হকচকিয়ে দিল, লালমোহনবাবুর যে কী দশা হল সেটা অন্ধকারে বুঝতে পারলাম না। ফেলুদা নীচে না গিয়ে সটান তিনতলায় রওনা দিল।

‘আপ-ডাউন গুলিয়ে ফেললেন নাকি?’ ব্যস্তভাবে প্রশ্ন করলেন জটায়ু। উত্তর এল, ‘চলে আসুন, ঘাবড়াবেন না।’

উপরে উঠেই সামনে লুঙ্গি পরা দারোয়ান।

‘আপ কিসকো মাংতে হ্যায়?’

‘আমি শুধু তোমার প্রয়োজন মেটাতে এসেছি ভাই!’

ফেলুদা অ্যারাকিস সাহেবের দারোয়ানের দিকে একটা পাঁচ টাকার নোট এগিয়ে দিয়েছে। লোকটা থতমত। ফেলুদা তার কানের কাছে মুখ নিয়ে বলল, ‘তোমার মনিব যে-ঘরে বসেছেন সেটা এখন চারদিক থেকে বন্ধ কি না সেটা আগে বলো।’

ওষুধ ধরেছে বোধহয়। চাকর বলল বারান্দার দিক থেকে বন্ধ, কিন্তু শোবার ঘর দিয়ে দরজা আছে ঢোকার; সেটা খোলা।

‘তোমার কোনও চিন্তা নেই—কিছু করতে হবে না—শুধু একবারটি শোবার ঘরটা দেখিয়ে দাও। নইলে বিপদ হবে। আমরা পুলিশের লোক। ইনি দারোগা।’

লালমোহনবাবু পায়ের বুড়ো আঙুলে দাঁড়িয়ে হাইটটা ঝট করে দু ইঞ্চি বাড়িয়ে নিলেন। এ ল্যাডিং-এ বাতি আছে। ফেলুদা নোটটা আর একটু এগিয়ে একেবারে দারোয়ানের হাতের তেলোতে ঠেকিয়ে দিল। তেলোটা আপনা থেকেই নোটের উপর মুঠো হয়ে গেল।

‘আইয়ে—লেকিন...’

‘লেকিন-টেকিন ছাড়ো ভাই! তোমার মনিবের বন্ধুদের একজনের ওপর পুলিশের সন্দেহ, তাই যাওয়া দরকার। তোমার সাহেবের বা তোমার কিছু হবে না।’

‘আইয়ে।’

শোবার ঘর অন্ধকার, আর তার একটা খোলা দরজার ওদিকে যে ঘর, সেও অন্ধকার। আমরা তিনজনে সেই দরজাটার দিকে এগিয়ে গেলাম।

প্ল্যানচেটের ঘর থেকে এখন কোনও শব্দ নেই। তবে একটু আগে পর পর তিনবার টেবিলের পায়ের শব্দ পেয়েছি। বুঝতে পারছি ভূত নামানোর ক্লাবের সদস্যরা সব দম বন্ধ করে টমাস গডউইনের আত্মার জন্য অপেক্ষা করছেন। লালমোহনবাবু এত জোরে আর এত দ্রুত নিশ্বাস ফেলছেন যে ভয় হচ্ছে তাতেই পাশের ঘরের সবাই আমাদের অস্তিত্ব টের পেয়ে যাবে। ফেলুদা ইতিমধ্যে বোধহয় দরজার আরও কাছে এগিয়ে গেছে। কোথেকে যেন কেরোসিন তেলের গন্ধ আসছে। একবার শুনলাম একটা বেড়াল ম্যাও করল। বোধহয় দোতলার সেই কালো ছলোটা।

‘ট—মাস গডউইন! ট—মাস গডউইন!’

গোঙানির মতো স্বরে নামটা দুবার উচ্চারিত হল। বুঝলাম এইভাবেই এরা আত্মাকে ডাকে।

‘আর ইউ উইথ আস? আর ইউ উইথ আস?’

কোনও সাড়া নেই, কোনও শব্দ নেই। প্রায় আধ মিনিট হয়ে গেল। তারপর আবার সেই



কাতর প্রশ্ন—

‘টমাস গডউইন...আর ইউ উইথ আস?’

‘ইয়ে—স! ইয়ে—স!’

আমার ডান পাশেও পায়া ঠক ঠক করে কাঁপছে। টেবিলের নয়, মানুষের। লালমোহনবাবুর হাঁটু।

‘ইয়েস! আই হ্যাভ কাম! আই অ্যাম হিয়ার!’

‘হিয়ার’ বললেও মনে হয় বহু দূর থেকে আসছে গলার স্বরটা।

প্ল্যানচেটের দল আবার প্রশ্ন করল।

‘তুমি কি সুখে আছ? শান্তিতে আছ?’

উত্তর এল—‘নো—ও!’

‘কী দুঃখ তোমার?’

প্রায় আধ মিনিট সব চুপ। তারপর আবার প্রশ্ন করল অ্যারাকিসের দল।

‘কী দুঃখ তোমার?’

‘আই...আই...আই...ওয়ন্ট মাই...আই ওয়ন্ট মাই...কাসকেট!’

এর পরেই একসঙ্গে কতকগুলো অদ্ভুত ব্যাপার। পাশের ঘর থেকে এক ভয়াবহ চিৎকার, আতঙ্কের শেষ অবস্থায় যেটা হয়—আর পরমুহূর্তেই আমার হাতে একটা হ্যাঁচকা টান আর কানের কাছে ফিসফিস—‘চলে আয়, তোপ্‌সে!’

অ্যারাকিসের চাকর আমাদের তিনজনকে ছুটে বেরোতে দেখে যেন আরও হতভম্ব হয়ে কিছুই করল না। এক মিনিটের মধ্যে তিনজনে রিপন লেন পেরিয়ে রয়েড স্ট্রিটে রাখা আমাদের গাড়িটার দিকে এগোতে লাগলাম। ‘এ এক খেল দেখালেন মশাই,’ বললেন লালমোহনবাবু। ‘এ জিনিস ফিল্মে দেখালে সুপারহিট।’

লালমোহনবাবুর তারিফের কারণ আর কিছুই না; ফেলুদার হাতে এসে গেছে সাদত আলির দেওয়া টমাস গডউইনের আইভরি কাসকেট।

৭

পরদিন সকাল। ফেলুদা নিজেই আমাকে তার ঘরে ডেকে পাঠিয়েছে। কাল রাতে লালমোহনবাবু আমাদের নামিয়ে দিয়ে যাবার পর আধ ঘণ্টার মধ্যে স্নান-খাওয়া সেরে ফেলুদা তার ঘরে ঢুকে দরজা বন্ধ করে দিয়েছিল। সত্যি বলতে কী, রাতে আমার ভাল করে ঘুমই হয়নি। বেশ বুঝতে পারছি যে আমরা একটা আশ্চর্য রকম প্যাঁচালো রহস্যের জালে জড়িয়ে পড়েছি। এ গোলকধাঁধার কাছে লখনৌ-এর ভুলভুলাইয়া হার মেনে যায়। কোন দিকে কোন রাস্তায় যেতে হবে জানি না, সব ভরসা ফেলুদার উপর। অথচ ফেলুদা নিজেই কি ভুলভুলাইয়া থেকে বেরোনোর পথ জানে?

ফেলুদা তার ঘরে খাটের উপর বসে, তার সামনে টমাস গডউইনের বাজ, তার ভিতরের জিনিস খাটের উপর ছড়ানো। দুটো তামাক খাবার সাদা পাইপ—তেমন পাইপ আমি কখনও চোখেই দেখিনি; একটা রূপোর নস্যির কৌটো; একটা সোনার চশমা, আর চারটে লাল চামড়ায় বাঁধানো খাতা—তার প্রত্যেকটার মলাটে সোনার জল দিয়ে লেখা ‘ডায়েরি’। খাতাটা যে সিল্কের কাপড়ে বাঁধা ছিল সেটা বিছানার উপরেই পড়ে আছে, আর তার পাশে পড়ে আছে নীল ফিতেটা। ফেলুদা একটা খাতা আমার দিকে এগিয়ে দিয়ে বলল, ‘খুব সাবধানে প্রথম পাভাটা উলটে দ্যাখ।’

‘এ কী! এ যে শার্লট গডউইনের খাতা!’

‘১৮৫৮ থেকে ’৬২ পর্যন্ত। যেমন মুক্তোর মতো হাতের লেখা, তেমনি স্বচ্ছন্দ ভাষা। কাল সারা রাত ধরে পড়ে শেষ করেছি। কী অমূল্য জিনিস যে রিপন লেনের অন্ধকূপের মধ্যে এতকাল পড়েছিল, তা ভাবা যায় না।’

আমি অবাক হয়ে প্রথম পাতাটার দিকে চেয়ে আছি। আর উলটোতে সাহস পাচ্ছি না, কারণ বুঝতে পারছি পাতাগুলো ঝুরঝুরে হয়ে আছে। ফেলুদা বলল, ‘অ্যারাকিস এ খাতা খুলেছিল।’

‘কী করে জানলে?’

‘খাতার পাতা অসাবধানে উলটোলেই পাতার উপরের ডান দিকের কোণ আঙুলের চাপে ভেঙে যায়। এই দ্যাখ—’

ফেলুদা একটা পাতা অসাবধানে উলটে দেখিয়ে দিল।

‘আর শুধু তাই না,’ বলে চলল ফেলুদা, ‘এই ফিতেটা দ্যাখ। কয়েক জায়গায় ক্ষয়ে গেছে— একশো বছরের উপর গেরোবাঁধা অবস্থায় থাকার জন্য। কিন্তু ওই ক্ষয়ে যাওয়া জায়গা ছাড়াও দ্যাখ এই দুটো জায়গায় ফিতে কেমন পাকিয়ে গেছে। এটা হচ্ছে টাটকা নতুন গেরোর জন্য। যে খুলেছে সে তত হিসেব করে ঠিক একই জায়গায় গেরো বাঁধেনি; সেটা করলে ধরা মুশকিল হত।’

‘তোমার আঙুলে কালো দাগ কেন?’—এটা আমি ঘরে ঢুকেই লক্ষ্য করেছি।

‘এটা আরেকটা ক্লু,’ বলল ফেলুদা। ‘এটা বোঝানোর সময় পরে আসবে। দাগটা লেগেছে ওই নস্যির কৌটোটা থেকে।’

‘কী জানলে ওই ডায়েরি পড়ে?’ আগ্রহে আমার প্রায় দম বন্ধ হয়ে আসছিল।

‘টম গডউইনের শেষ বয়সের কথা,’ বলল ফেলুদা। ‘একটা পয়সা হাতে নেই, বিটিবিটে মেজাজ। এক ছেলে মরে গেছে, অন্য ছেলে ডেভিডের উপর কোনও বিশ্বাস নেই, কোনও টান নেই। কাউকে ট্রাস্ট করে না, এমনকী নিজের মেয়ে শার্লটকেও না। কিন্তু শার্লট তবু তার পরিচর্যা করে, তাকে প্রাণ দিয়ে ভালবাসে, ভগবানের কাছে তার মঙ্গল প্রার্থনা করে। জুয়ায় সর্বস্ব গেছে টমাস গডউইনের; শার্লট নিজে সেলাইয়ের কাজ করে আর কার্পেট বুনে কলকাতার মেমসাহেবদের কাছে বিক্রি করে সংসার চালাচ্ছে। গডউইন লখনৌ-এর নবাবের কাছে দামি জিনিস যা পেয়েছিল সব বিক্রি করে দিয়েছে, কেবল তিনটি জিনিস ছাড়া। এই কাসকেট, এই নস্যির কৌটো—যেটা সে আগেই শার্লটকে দিয়েছিল—আর তৃতীয় হল সাদতের কাছে পাওয়া তার প্রথম বকশিশ।’

‘সেটাও শার্লটকে দিয়ে গেছিল?’

‘না। সেটা সে কাউকে দেয়নি। মারা যাবার আগে সে মেয়েকে বলে গিয়েছিল, সেটা যেন তার কফিনের মধ্যে পুরে তার মৃতদেহের সঙ্গে কবর দেওয়া হয়। শার্লট তার বাপের ইচ্ছা পূরণ করে মনে শান্তি পেয়েছিল।’

‘সেটা কী জিনিস?’

‘শার্লটের ভাষায়—“ফাদার’স প্রেশাস পেরিগ্যাল রিপিটার”।’

‘সেটা আবার কী?’

‘এখানে ফেলু মিস্তিরও ফেল মেরে গেছে রে তোপসে। ডিকশনারিতে বলছে রিপিটার বন্দুক বা পিস্তল হতে পারে, আবার ঘড়িও হতে পারে। পেরিগ্যাল হয়তো কোম্পানির নাম। সিধু জ্যাঠাও শিওর নন। তুই ঘুম থেকে ওঠার আগে ওর বাড়িতে ঢুঁ মেরে এসেছি। দেখি, বিকাশবাবু যদি আলোকপাত করতে পারেন।’

পার্ক স্ট্রিটে একটা নিলামের দোকান আছে; নাম পার্ক অকশন হাউস। সেখানে বিকাশ ৬১২

চক্রবর্তী বলে এক ভদ্রলোক কাজ করেন যাঁর সঙ্গে ফেলুদার খুব আলাপ। একটা কেসের ব্যাপারে ফেলুদাকে ওখানে যেতে হয়েছিল বার কয়েক, তখনই চেনা হয়।

‘এই সেদিনও দোকানটার পাশ দিয়ে যাবার সময় দেখেছি অনেক পুরনো ঘড়ি সাজানো রয়েছে। আমার মন বলছে ওটা বন্দুক-টন্দুক নয়, ঘড়ি।’

লালমোহনবাবু আসার আগে অবধি ফেলুদা শার্লট গডউইনের ডায়রি থেকে অনেক ঘটনা বলল। শার্লটের এক ভাইঝি বা বোনঝিরও কথা নাকি আছে ডায়রিতে। শার্লট তাকে উল্লেখ করেছে ‘মাই ডিয়ার ক্লেভার নীস’ বলে। সে নাকি কোনও কারণে তার ঠাকুরদাদাকে অসন্তুষ্ট করেছিল, কিন্তু মারা যাবার আগে টম গডউইন তাকে ক্ষমা করে তাঁর আশীর্বাদ দিয়ে যান। শার্লটের দুই ভাই ডেভিড আর জনের কথাও ডায়রিতে আছে। ডেভিডের সমাধি আমরা সার্কুলার রোডের গোরস্থানে দেখেছি। জন বিলেতে গিয়ে আত্মহত্যা করেন; কেন সেটা শার্লট জানতে পারেননি।

লালমোহনবাবু এসে বললেন, ‘কাল সকাল অবধি দোটানার মধ্যে ছিলুম,—পুলকের জন্য ভক্তিমূলক গল্প লিখি, না আপনার সঙ্গে ভিড়ে পড়ি। কালকের কাণ্ডকারখানার পর আর দ্বিধা নেই। থ্রিল ইজ বেটার দ্যান ভক্তি। সেই বাস্তবে কিছু পেলেন?’

‘একটা সোয়াশো বছরের পুরনো ডায়রি থেকে জানলাম যে, টমাস গডউইনের কবর খুঁড়লে হয়তো একটা পেরিগ্যাল রিপিটার পাওয়া যেতে পারে।’

‘কী পিটার?’

‘চলুন, বেরিয়ে পড়া যাক। পেটল কত আছে?’

‘দশ লিটার ভরলুম তো আজ সকালেই।’

‘গুড। যোরাঘুরি আছে।’

পার্ক অকশন হাউসে ঢুকেই ফেলুদার ভুরুটা কুঁচকে গেল।

‘আসুন, মিস্টার মিণ্ডির! কী সৌভাগ্য আমার। কোনও নতুন কেস-টেস নাকি?’

বিকাশবাবু এগিয়ে এসেছেন। বেশ চকচকে নাদুসনুদুস চেহারা, গাল ভর্তি পান। কেন জানি দেখলেই মনে হয় নর্থ ক্যালকাটার লোক।

‘আপনার যে সৌভাগ্য সে তো দেখতেই পাচ্ছি,’ বলল ফেলুদা। ‘এই সেদিন দেখলাম গোটা আষ্টেক ছোট বড় ঘড়ি সাজানো রয়েছে; এর মধ্যেই সব বিক্রি হয়ে গেল?’

‘কেন? কী ঘড়ি চাই আপনার? ওয়াল ক্লক? অ্যালার্ম ক্লক?’

ফেলুদা তখনও এদিক ওদিক দেখছে। বিকাশবাবুকে দেখে কেন জানি মনে হচ্ছিল যে উনি ওই খটমট নামওয়ালা ঘড়ির বিষয় কিছু জানবেন না। ফেলুদার প্রশ্ন শুনে বললেন, ‘রিপিটার বোধহয় এক রকমের অ্যালার্ম ঘড়ি। তবে পেরিগ্যাল ঠিক বুঝলাম না। তা ঘড়ির বিষয়ে জানার জন্য তো খুব ভাল লোক রয়েছে। তার বাড়িতে শুনেছি আড়াইশো রকম ঘড়ি আছে। ঘড়ি-পাগলা লোক আর কী।’

‘কার কথা বলছেন?’

‘মিস্টার চৌধুরী। মহাদেব চৌধুরী।’

‘বাঙালি?’

‘বাঙালি হলেও মনে হয় পশ্চিম-টশ্চিমে মানুষ। ভাঙা-ভাঙা বলেন বাংলা। বেশির ভাগ ইংরিজিই বলেন। এলেমদার লোক। আগে বসে ছিলেন, এখন কলকাতায় এয়েছেন। আর এসেই, যা পাচ্ছেন—একটু ভাল হলেই—কিনে নিচ্ছেন। অবিশ্যি পুরনো হওয়া চাই। আপনি যে বলছেন এখানে ঘড়ি দেখছেন না, তার বেশির ভাগই আপনি দেখতে পাবেন ওর বাড়িতে গেলে। আর লোকটা জানেও। আপনি একবারটি গিয়ে কথা বলে দেখুন না। কাগজে বিজ্ঞাপন

দিয়েছিল—দেখেননি?’

‘কী বিজ্ঞাপন?’

‘কারুর কাছে কোনও পুরনো ঘড়ি বিক্রি থাকলে ওর সঙ্গে যোগাযোগ করতে।’

‘লোকটিকে একটি পুরোদস্তুর ধনকুবের বলে মনে হচ্ছে!’

‘বাব্বা—ক্লথ মিল, সিনেমা হাউস, চা, জুট, রেসের ঘোড়া, ইম্পোর্ট-এক্সপোর্ট—কী চাই আপনার?’

‘ঠিকানা জানেন?’

‘জানি বইকী। কলকাতায় আলিপুর পার্ক, আর তা ছাড়া পেনেটিতে গঙ্গার ধারে একটা বাড়ি কিনেচে। ওখানেই কাছাকাছির মধ্যে কাপড়ের মিল। এখন বোধকরি কলকাতায় আছে, তবে আপনারা সকালে না গিয়ে বিকেলে যাবেন; এখন আপিসে থাকবেন।...দাঁড়ান, ঠিকানাটা লিখে দিচ্ছি।’

মহাদেব চৌধুরীর ঠিকানা নিয়ে আমরা পার্ক অকশন হাউস থেকে বেরিয়ে পড়লাম। ‘আপনারা এক কাজ করুন,’ ফেলুদা গাড়িতে উঠে বলল, ‘আমাকে ন্যাশনাল লাইব্রেরির এসপ্লানড রিডিং রুমে নামিয়ে দিয়ে একবারটি পার্ক স্ট্রিট গোরস্থানে গিয়ে দেখে আসুন তো রিপোর্ট করার মতো কিছু আছে কি না।’

‘রিহিপোর্ট?’—লালমোহনবাবুর গলা আর স্টেডি নেই।

‘হ্যাঁ, রিপোর্ট। আর কিছু দেখবার দরকার নেই, শুধু গডউইনের সমাধিটা একবার দেখে আসবেন। এ দুদিন জল হয়নি, জায়গাটা শুকনোই পাবেন। ওখানে কাজ সেরে চলে আসবেন আমার কাছে, তারপর বাইরে কোথাও খেয়ে নেওয়া যাবে। এখন আর বাড়ি ফেরার কোনও মানে হয় না। অনেক কাজ; একবার রিপন লেনেও যেতে হবে।’

ফেলুদা গডউইন সাহেবের বাস্কাটা ভাল করে ব্রাউন কাগজে প্যাক করে সঙ্গেই এনেছে, আর সব সময় বগলদাবা করে রেখেছে।

‘অবিশ্যি দিনের বেলা আর ভয়ের কী আছে বলুন,’ বললেন লালমোহনবাবু, ‘সন্দের দিকটাতেই একটু ইয়ে-ইয়ে লাগে।’

‘মন যদি কুসংস্কারের ডিপো না হয় তা হলে ভূতের ভয় কোনও সময়ই নেই।’

এসপ্লানেডের পথে একটা ট্রাফিক জ্যামে পড়ে অপেক্ষা করার ফাঁকে লালমোহনবাবু বললেন, ‘আপনি যে ঘড়ির খোঁজ করছেন, সে কি ট্যাঁক-ঘড়ি?’

‘সে তো জানি না এখনও।’

‘ট্যাঁক-ঘড়ি যদি হয় তো আমার কাছে একটা আছে।’

‘কার ঘড়ি?’

‘যার ঘড়ি তার তিনটে জিনিস রয়েছে আমার কাছে—ঘড়ি, ছড়ি আর পাগড়ি। গ্র্যান্ডফাদারের জিনিস। লেট প্যারীচরণ গঙ্গোপাধ্যায়। আচ্ছা, প্যারী নামটা কোথেকে এল মশাই?’

‘এখানেই ছিল,’ বলল ফেলুদা। ‘আপনি বাংলা রাইটার হয়ে প্যারী মানে জানেন না? প্যারী হল রাধার আর এক নাম। যেমন রাধিকাচরণ, তেমনি প্যারীচরণ।’

‘থ্যাক্স ইউ সার। যা হোক, যা বলছিলাম—ঘড়িটা ভাবছি আপনাকে দিয়ে দেব।’

ফেলুদা বেশ অবাক।

‘হঠাৎ?’

‘একটা কিছু দেব দেব করছিলাম ক’দিন থেকে; আমার হিন্দি ছবির সাফল্যের পিছনে তো আপনার অবদান কম নয়!—আর তার মানে এই গাড়িটা হওয়ার পিছনেও। হয়তো দেখবেন এ ৬১৪



ঘড়িও সেই পেরিপিটার না কী বলছিলেন, সে জিনিস।’

‘সেটার চাল কম। তবে আপনি যে জিনিসটা অফার করলেন তার জন্য আমি কৃতজ্ঞ। আমার কাছে খুব যত্নে থাকবে এটা কথা দিতে পারি। ঊনবিংশ শতাব্দীর জিনিস তো আর ব্যবহার করা যায় না—তবে দম দেব রোজ। ঘড়িটা চলে?’

‘দিব্যি।’

ফেলুদাকে নামিয়ে দিয়ে যখন আমরা গোরস্থানে পৌঁছলাম তখন প্রায় বারোটা বাজে। এখানে কাজ সেরে ফেলুদাকে তুলে নিয়ে আমরা যাব নিজামে মার্টন রোল খেতে। এটা ফেলুদারই প্ল্যান, ও-ই খাওয়াবে। অবিশ্যি তার আগে যাওয়া হবে রিপন লেনে বাস্ক ফেরত দিতে।

পার্ক স্ট্রিটে এ সময়টা ট্রাফিক কম, তাই দুপুর হওয়া সত্ত্বেও গোরস্থানের পরিবেশটা বেশ নিরিবিলি। গেট দিয়ে ঢুকে দু-একবার ডাকাডাকি করেও বরমদেও দারোয়ানের দেখা পেলাম না। সে আবার ইঁদুরের সংকার করতে কোনও ঝোপের পিছনে গেছে কি না কে জানে।

আমরা মাঝখানের পথটা দিয়ে এগিয়ে গেলাম। লালমোহনবাবুকে যতই ঠাট্টা করি না কেন, আর ফেলুদা কুসংস্কারের কথা যাই বলুক না কেন, এই গোরস্থানটার ভিতরে ঢুকলে সাহসের খানিকটা কম পড়ে যায় ঠিকই। শুধু সমাধিগুলো থাকলেও না হয় হত; তার উপরে এত গাছপালা, এত ঝোপঝাড় আগাছা কচুবনে ছেয়ে আছে জায়গাটা যে, তাতে ছমছমে ভাবটা আরও বেড়ে যায়। অবিশ্যি লালমোহনবাবু যতটা বাড়াবাড়ি করছেন, ততটা করার মতো ভয়ের কারণ দিনের বেলা কী থাকতে পারে জানি না। ভদ্রলোক এগোতে এগোতে আড়চোখে ফলকগুলোর দিকে দেখছেন আর সমানে মন্ত্র আওড়ানোর মতো করে বিড়বিড় করছেন। কী যে বলছেন সেটা কান পেতে শুনে তবে বুঝতে পারলাম। সেটা শোনার মতোই বটে।

‘দোহাই আমার সাহেব, দোহাই হ্যামিলটন সাহেব, দোহাই স্মিথ মেমসাহেব—ঘাড়টি মটকিও না বাবা, কাজে ব্যাগড়া দিয়ে না! তোমরা অনেক দিয়েচ, অনেক নিয়েচ, অনেক শিখিয়েচ, অনেক ঠেঙিয়েচ...ক্যান্বেল সাহেব, অ্যাডাম সাহেব, আর—হঁ হঁ—তোমার নামের তো বাবা উচ্চারণ জানি না!—দোহাই বাবা, তোমরা ধুলো, ধুলো হয়েই থাকো বাবা, ধুলো...ধুলো...’

আমি আর থাকতে পারলাম না। বললাম, ‘কী ধুলো-ধুলো করছেন?’

‘ছেলেবেলায় পড়িচি যে বাবা তপেশ—ডাস্ট দাউ আর্ট, টু ডাস্ট রিটার্নেস্ট। এ সবই তো ধুলো।’

‘তা হলে আর ভয় কীসের?’

‘কবিরী যা লেখে সব কি আর সত্যি?’

আমরা বাঁয়ের মোড় ঘুরেছি। গাছ এখনও পড়ে আছে। মাটি শুকনো। অনেক মাটি। টমাস গডউইনের সমাধি ঘিরে মাটির ঢিবি।

‘ধুলো...ধুলো...ধুলো...’

লালমোহনবাবু যেন মনে সাহস আনার জন্যই যান্ত্রিক মানুষের মতো কথাটা বলতে বলতে গডউইনের সমাধির দিকে এগিয়ে গেলেন। তারপর তাকে তিনবার ‘ক’ আর দু’বার ‘কং’ কথাটা বলতে শুনলাম, আর তারপরই তিনি দাঁত কপাটি লেগে কাটা গাছের মতো সটান পড়ে গেলেন মাটির ঢিবির ওপর।

তার পা যেখানে পড়েছে তার পর থেকেই শুরু হয়েছে একটা গর্ত, সেটা প্রায় এক-মানুষ গভীর, আর সেই গর্তের মাটির ভিতর থেকে উঁকি মারছে একটা মড়ার খুলি।

বার দশেক ঝাঁকুনিতে লালমোহনবাবুর জ্ঞান ফিরে না এলে সত্যিই মুশকিল হত। কারণ এরকম অবস্থায় এর আগে আমি কখনও পড়িনি। ভদ্রলোক গায়ের ধুলোমাটি ঝেড়ে বললেন সাহিত্যিকদের নাকি সহজে অজ্ঞান হবার একটা টেনডেনসি আছে, বিশেষত ভয় পেলে, কারণ তাদের কল্পনাশক্তি সাধারণ লোকের চেয়ে অনেক বেশি ধারালো। ‘তোমার দাদা যে কুসংস্কারের কথাটা বললেন সেটা একদম বাজে। আমার মধ্যে ও সব ইয়ে একদম নেই।’

আমরা অবিশ্যি আর এক মিনিটও সময় নষ্ট না করে সোজা চলে গিয়েছিলাম ফেলুদার কাছে। ওর কাজও শেষ হয়ে গিয়েছিল; না হলেও ও যে এমন খবর শুনে সব কাজ ফেলে গোরস্থানে চলে আসবে সেটা জানতাম। গডউইনের সমাধি দেখে, মাটির ভিতর থেকে উঁকি মারা প্রায় দেড়শো বছরের পুরনো মড়ার খুলি দেখে আর চারিদিকটা ভাল করে সার্চ করে সমাধি থেকে হাত দশেক দূরে পড়ে থাকা একটা কোদাল ছাড়া আর কিছু পেল না ফেলুদা।

এবারে অবিশ্যি দারোয়ানের সঙ্গে দেখা হল। সে বলল তার ভাতিজার পানের দোকান আছে কাছেই লোয়ার সার্কুলার রোডের মোড়ে, সেখানে একটা জরুরি কথা বলতে গিয়েছিল। সে কবর খোঁড়ার ঘটনা কিছুই জানে না। তার বিশ্বাস ঘটনাটা আগের রাতে ঘটেছে, আর যারা করেছে তারা পাঁচিল টপকে এসেছে। ফেলুদা দারোয়ানের সাহায্যে মিনিট পনেরোর মধ্যে মাটি আর গাছের পাতা দিয়ে গর্তটা মোটামুটি বুজিয়ে দিল। যাবার সময় দারোয়ানকে বলে গেল ঘটনাটা সে যেন কাউকে না বলে।

গোরস্থান থেকে আমরা সোজা চলে গেলাম রিপন লেনে।

চোদ্দো বাই একের সিঁড়ি দিয়ে উঠতে আমাদের একটু বাধা পড়ল। একজন নামছেন সিঁড়ি দিয়ে, তার হাতে একটা লম্বা চামড়ার কেস। গিটারের কেস। বছর পঁচিশেক বয়সের একজন যুবক। এ ধরনের চেহারা যে-কোনও সময়ে, বিশেষ করে সন্দের দিকে, পার্ক স্ট্রিটে গেলেই দেখা যায়, কাজেই বর্ণনা দেবার দরকার নেই। ক্রিস গডউইন এই যে বেরোল, ফিরবে বোধহয় সেই রাতে, ব্লু ফক্সের বাজনা সেরে।

দোতলা আজ আর কালকের মতো নিশ্চল নয়; বৈঠকখানায় গলাবাজি চলেছে। একটা গলা আমাদের চেনা; অন্যটা মনে হয় তিন তলার সাহেবের। প্রথম গলা বিশ্রী ভাষায় ধমকাচ্ছে, আর দ্বিতীয় গলা ইনিয়-বিনিয়ে দোষ অস্বীকার করছে। ‘কাসকেট’ কথাটা বার বার ব্যবহার করছেন দুজনেই।

ফেলুদা বারান্দায় গিয়ে বৈঠকখানার দরজায় টোকা মারল। সঙ্গে সঙ্গে বিস্ফোরণের মতো শোনা গেল ‘কৌন হ্যায়’। আমরা তিনজনেই চৌকাঠ পেরোলাম। অচেনা ভদ্রলোকটির গায়ের রং হলদে, সর্বঙ্গে মেচেতা, মাথায় টাক, দুটো দাঁত সোনা দিয়ে বাঁধানো, বয়স ষাট-পঁয়ষট্টি। ভদ্রলোক আমাদের দিকে পিছন ফিরে দাঁড়িয়েছিলেন, ফেলুদা তাকে পাশ কাটিয়ে এগিয়ে গিয়ে হাতের বাক্সটা মোড়ক খুলে সোফায় বসা মিঃ গডউইনের দিকে এগিয়ে দিল।

‘এটা কাল নিয়ে যাবার লোভ সামলাতে পারিনি। আমার রিসার্চে প্রচুর সাহায্য করবে।’

গডউইন বাক্সটা পেয়ে এক মুহূর্ত হতভম্ব থেকে তারপর অট্টহাসিতে ফেটে পড়ল।

‘সো ইউ ফুলড দেম, ইউ ফুলড দেম! দোজ ফুলস!—ধূর্ত, ঠগ, জোচ্ছোরা।’—এবার শুধু রাগ আর বিদ্বেষ, আর তার সবটা গিয়ে পড়েছে অন্য ভদ্রলোকটির উপর।—‘টম গডউইনের প্রেতাত্মা নিয়ে গেছে তার বাক্স? ইনি কি টম গডউইনের প্রেতাত্মা?—দিস জেনটলম্যান? কী মনে হয় তোমার?—এই যে, ইনিই হচ্ছেন মিস্টার অ্যারাকিস, আমার তিনতলার প্রতিবেশী, যার টেবিলের ছটফটানি আমার প্রত্যেক বিষুদবারের সন্ধেগুলোকে মাটি করে দেয়!’



মিস্টার অ্যারাকিস বোকার মতো বাস্‌কটোর দিকে চেয়ে ছিলেন; এবারে তাঁর দৃষ্টি গেল ফেলুদার দিকে। তারপর আবার বোকার মতো দৃষ্টি ঘুরিয়ে দরজার দিকে এগোতে গিয়েই তাঁকে থেমে যেতে হল। ফেলুদা তার নাম ধরে ডেকেছে।

‘মিস্টার অ্যারাকিস!’

ভদ্রলোক ফেলুদার দিকে চাইলেন। ফেলুদা ধীরকণ্ঠে বলল, ‘এই বাস্‌কর একটা জিনিস বোধহয় আপনার কাছে রয়ে গেছে।’

‘সার্টেনলি নট!’ অ্যারাকিস গর্জিয়ে উঠলেন। ‘আর সেটা আপনিই বা বুঝছেন কী করে? মার্কাস, তুমি বাস্‌ক খুলে দেখে নাও তো কোনও জিনিস কম পড়ছে কি না।’

এতক্ষণে জানলাম মিঃ গডউইনের প্রথম নাম, আর সেই সঙ্গে আর্কিস-মার্কিস রহস্যের সমাধান হল।

মার্কাস গডউইন বাস্‌ক খুলে তার ভিতর হাতড়ে দেখে একটু কিস্ত-কিস্ত ভাব করে বললেন, ‘কই মিঃ মিটার, এতে তো সব জিনিসই আছে বলে মনে হচ্ছে।’

‘ওই নস্যির কৌটোটা একবার বার করবেন কি?—যেটার বর্ণনা শার্লট গডউইন তার ডায়রিতে দিয়েছেন এবং বলেছেন ওর গায়ে পান্না চুনি এবং নীলা বসানো ছিল?’

মিঃ গডউইন কৌটো বার করে ঘুরিয়ে ফিরিয়ে দেখলেন।

ফেলুদা বলল, ‘বুঝতে পারছেন কি যে, ওটা একটা সস্তা নতুন কৌটো, যাতে কালো রং মাখিয়ে পুরনো করার চেষ্টা করেছিলেন মিঃ অ্যারাকিস?’

পাঁচ মিনিটের মধ্যে ওপর থেকে আসল নস্যির কৌটো এনে দিলেন মিস্টার অ্যারাকিস, আর মিঃ গডউইন তাকে দিয়ে ঈশ্বরের দোহাই দিয়ে বলিয়ে নিলেন যে, সামনের বিষ্যদবার যদি আবার খটখটানি শোনেন তা হলেই পুলিশে খবর দেবেন। কালো মুখ করে চোর অ্যারাকিস চোরের মতো ঘর থেকে বেরিয়ে গেল।

‘থ্যাঙ্ক ইউ, মিস্টার মিটার,’ হাঁপ ছেড়ে বললেন মার্কাস গডউইন।

‘শার্লট গডউইনের ডায়রি যে কত মূল্যবান জিনিস সেটা আপনি জানেন?’ প্রশ্ন ফেলুদার।

‘না। শার্লট গডউইনের ডায়রি ওই বাস্কে রয়েছে তা আমি জানতাম না,’ বললেন মার্কাস গডউইন। ‘তবে একটা কথা আমি আপনাকে বলছি মিঃ মিটার—আমার পূর্বপুরুষদের নিয়ে আমার বিন্দুমাত্র কৌতূহল নেই। সত্যি বলতে কী আমার কোনও বিষয়েই কোনও কৌতূহল নেই। এখন শুধু মরার দিনটির জন্য অপেক্ষা। ওই বেড়াল ছাড়া আর আমার আপন বলতে কেউ নেই। সন্দেহেলা একজনের বাড়িতে গিয়ে পোকার খেলতাম, এখন গাউটের জন্য তাও পারি না।’

‘তা হলে প্রশ্নগুলো করে বোধহয় লাভ নেই।’

‘কী প্রশ্ন?’

‘আপনার ঠাকুরদাদার বাবার নাম ছিল ডেভিড, যার সমাধি রয়েছে সার্কুলার রোড গোরস্থানে।’

‘ইয়েস।’

‘ডেভিডের আর কোনও ভাই বা বোন ছিল কি?’

‘মনে নেই। আমার এক পূর্বপুরুষ আত্মহত্যা করেছিলেন। সে ডেভিডের ভাই কি না মনে নেই।’

‘ডেভিডের ছেলে, অর্থাৎ আপনার ঠাকুরদাদার নাম ছিল অ্যান্ড্রু?’

‘ইয়েস। হি ওয়াজ ইন দি আর্মি।’

‘শার্লট গডউইন তার এক ভাইঝি বা বোনঝির কথা লিখেছেন। হিসেব করে দেখা যাচ্ছে,

তিনি আপনার ঠাকুরদার আপন বোন কিংবা—’

‘আমার ঠাকুরদাদার কোনও ভাই-বোন ছিল না।’

‘তা হলে কাজিন।’

‘তাদের সম্বন্ধে আমি কিছু বলতে পারব না, মিঃ মিটার। আমার স্মরণশক্তি অনেকদিন থেকেই ক্ষীণ হয়ে আসছে। তা ছাড়া আমাদের পরিবার তোমাদের মতো কাছাকাছি থাকে না। তারা সব ছিটকে ছড়িয়ে পড়ে। এ তো আর তোমাদের বাঙালিদের একান্তবর্তী পরিবার নয়।’

* * *

সোসাইটি সিনেমার সামনে নিজামেতে বসে মাটন-রোল খেতে খেতে ফেলুদা লালমোহনবাবুকে একটা প্রশ্ন করল।

‘নরেন বিশ্বাস লোকটাকে আপনার কেমন মনে হয়?’

লালমোহনবাবু চিবোনো শেষ করে ঢোক গিলে বললেন, ‘ভালই তো। চোখের মধ্যে বেশ একটা ইয়ে ভাব আছে।’

‘আমারও তাই মনে হয়েছিল।’

‘এখন আর হচ্ছে না?’

‘অবিশ্যি একটা দোষেই একটা মানুষের গোটা চরিত্র নষ্ট করে দেয় না। কিন্তু এটা বলতেই হয় যে, ভদ্রলোক একটা মারাত্মক অন্যায় করে ফেলেছেন।’

আমরা দুজনেই খাওয়া থামলাম।

‘আজ প্রমাণ পেলাম যে, ওর মানিব্যাগের কাটিং দুটো-ন্যাশনাল লাইব্রেরির রিডিং রুমে সম্বন্ধে রক্ষিত দেড়শো দুশো বছরের পুরনো খবরের কাগজ থেকে ব্লেন্ড দিয়ে কেটে নেওয়া। আমার মতে, এ অপরাধের জন্য মানুষের জেল হওয়া উচিত।’

আমি কল্পনা করতে চেষ্টা করলাম নরেনবাবু রিডিং রুমে বসে দম্ব বন্ধ করে গোপনে কর্মচারীদের দৃষ্টি এড়িয়ে এই দুষ্কর্মটি করছেন, কিন্তু পারলাম না। সত্যি, মানুষকে দেখে চেনার উপায় নেই।

‘এটা একটা রোগ বলতে পারেন,’ ফেলুদা বলে চলল, ‘আর এ ধরনের অন্যায় কাজ ধরা না-পড়ে সাক্ষ্যসফুলি করতে পারলে মানুষ একটা উৎকট আনন্দও পায়, নিজেকে আর পাঁচ জনের চেয়ে বেশি চতুর মনে করে একটা আত্মতৃপ্তি অনুভব করে। ভেরি স্যাড।’

মাটন রোলের পর লসিয়ার অর্ডারের সঙ্গে সঙ্গে ফেলুদা বিলটাও আনতে বলে দিল। ঘড়িতে বলছে আড়াইটা। আরও তিন ঘণ্টা সময় কাটিয়ে তারপর যেতে হবে ঘড়ি-পাগল মিস্টার চৌধুরীর বাড়িতে। আমি জানি পেরিগ্যাল রিপোর্টারের সমস্যা সমাধান না হওয়া পর্যন্ত ফেলুদার সোয়াস্তি নেই।

‘আচ্ছা মশাই, হাড়গিলেও কি এইভাবে খাবারের প্রত্যাশায় জানালার উপর বসে হাঁক পাড়ত নাকি?’

আমাদের পাশেই রাস্তার দিকে একটা জানালা, তার উপর একটা কাক বসে বেশ কিছুক্ষণ থেকে কা-কা করছে। সেইটের দিকে তাকিয়েই লালমোহনবাবু প্রশ্নটা করেছেন।

‘সম্ভবত না’, বলল ফেলুদা, ‘তবে বাড়ির আলসে বা ছাতের পাঁচিলে যে বসত তার অনেক প্রমাণ পুরনো ছবিতে আছে।’

‘আশ্চর্য, পাখিটার চেহারা যে কী রকম তাই জানি না।’

‘জানার একটা উপায় হচ্ছে চিড়িয়াখানায় যাওয়া। আর না হয় চলুন কর্পোরেশন স্ট্রিট দিয়ে

বেরোব। মিউনিসিপ্যাল বিল্ডিং-এর সামনেই কর্পোরেশনের সিম্বলে হাড়গিলের চেহারা দেখিয়ে দেব।’

‘আপনি এখনও কর্পোরেশন স্ট্রিট বলছেন?’ হেসে বললেন জটায়ু।

‘থুড়ি, সুরেন ব্যানার্জি—’

ফেলুদা থেমে গেল। চোখের চাহনি চেঞ্জ। পকেট থেকে খাতা বার করে কী জানি দেখল। তারপরেই ছটফটে ভাব, কারণ বিল দিতে দেরি করছে। ফেলুদা বেয়ারা বলে হাঁক দিল—যেটা সচরাচর করে না। বিল দিয়ে গাড়িতে উঠে ড্রাইভার হরিপদকে নির্দেশ দিয়ে দিল। গাড়ি সুরেন ব্যানার্জি রোডে গিয়ে পড়ল। ফেলুদা বাড়ির নম্বর দেখছে, যদিও সব বাড়িতে নম্বর নেই—কলকাতার এই আরেকটা কেলেক্সারি। ‘আরেকটু এগিয়ে যাব ভাই!...তোপসে, ১৪১ দেখলেই বলবি।’

মনে পড়ে গেল—১৪১ SNB। সুরেন্দ্রনাথ ব্যানার্জি। বুকটা টিপ টিপ করছে।

‘ওই যে একশো একচল্লিশ!’

গাড়ি থামল। বাড়ির গায়ে লেখা Bourne & Shepherd-BS! পাওয়া গেছে। মিলে গেছে।

ফেলুদার সঙ্গে আমরা দুজনও ভিতরে ঢুকলাম। লিফট দিয়ে উঠতে হবে।

দোতলায় লিফট থেকে বেরিয়েই একটা সোফা-বেঞ্চি পাতা ঘর। একজন কর্মচারী আমাদের দিকে এগিয়ে এলেন। ফেলুদার ইতস্তত ভাব, কারণ যে প্রশ্নটা করতে হল সেটায় একটা বেকুবি গন্ধ থাকতে বাধ্য।

‘ইয়ে—ভিক্টোরিয়ার কোনও ছবি আছে আপনারদের এখানে?’

‘ভিক্টোরিয়া মেমোরিয়াল?’

‘না। কুইন ভিক্টোরিয়া।’

‘আজ্ঞে না। আমাদের এখানে শুধু যারা ভারতবর্ষে এসেছেন তাদের ছবি পাবেন। এডওয়ার্ড দ্য সেভেন্থ পাবেন—যখন প্রিন্স অফ ওয়েলস ছিলেন—জর্জ দ্য ফিফ্থ, দিল্লির দরবার...’

‘এসব এখনও পাওয়া যায়?’

‘প্রিন্ট তৈরি থাকে না। নেগেটিভ আছে; অর্ডার দিলে করে দিই। ১৮৫৪ থেকে সব নেগেটিভ রাখা আছে।’

‘বলেন কী! আঠারোশো চ্যুয়ান?’

‘বোর্ন অ্যান্ড শেপার্ড হল পৃথিবীর দ্বিতীয় প্রাচীনতম ফোটোর দোকান।’

‘তার মানে তো হাজার হাজার নেগেটিভ থাকবে আপনারদের এখানে!’

‘আসুন না, দেখিয়ে দিচ্ছি। ওই যে দেখুন দেয়ালে ঝুলছে—১৮৮০-তে মনুমেন্টের উপর থেকে তোলা ছবি।’

এতক্ষণ দেখিনি, এবার বলতে চোখ গেল। এক হাত বাই পাঁচ হাত সাইজের ছবি। মনুমেন্টের উপর থেকে প্রায় একশো বছর আগের কলকাতা শহর। ড্যালহৌসি-এসপ্লানেড থেকে শুরু করে উত্তরে যতদূর দেখা যায়। গির্জাগুলির মাথা অন্য সব বাড়িকে ছাপিয়ে উঠেছে। ত্রিসীমানায় একটাও হাইরাইজ নেই। দেখলেই বোঝা যায় শান্ত শহর।

নেগেটিভের ঘর দেখে চোখ টেরিয়ে গেল। ঘরের চার দেয়ালের মেঝে থেকে সিলিং অবধি শেলফ উঠে গেছে, আর প্রত্যেকটি শেলফ ব্রাউন রঙের চ্যাপটা চ্যাপটা বাস্তে ঠাসা। প্রত্যেক বাস্তের গায়ে লেখা রয়েছে তাতে কোন সালের কী ধরনের ছবি রয়েছে।

ফেলুদা শেলফগুলোর সামনে ঘুরে ঘুরে লেখাগুলোর দিকে কিছুক্ষণ খুব মন দিয়ে দেখে হাতের রিস্টওয়াচটার দিকে একবার চেয়ে আমাদের দিকে ফিরে বলল, ‘তোরা ঘণ্টাখানেক ঘুরে আয়; আমার একটু কাজ আছে এখানে।’

লিফ্টে উঠে লালমোহনবাবু বললেন, ‘তোমার দাদার হুকুম শিরোধার্য। ওই একটা লোককে না বলা যায় না। কী পার্সোনালিটি! চলো একটিবার ফ্র্যাঙ্ক রস্-এ।’

গাড়িটা সুরেন ব্যানার্জি রোডেই রেখে আমরা চৌরঙ্গি দিয়ে গ্র্যান্ড হোটেলের দিকে হাঁটতে লাগলাম। লালমোহনবাবু কী ওষুধ কিনবেন জানি না, জানার দরকারও নেই। উদ্দেশ্য কেবল সময় কাটানো।

ভিড়ের মধ্যে কলিশন বাঁচিয়ে কিছুদূর এগোনোর পর ভদ্রলোক বললেন, ‘কিছু বুঝতে পারছ ভাই তপেশ—তোমার দাদার মতিগতি?’

বলতে বাধ্য হলাম যে কিছুই বুঝছি না, তবে এটুকু আন্দাজ করতে পারছি যে, ফেলুদা ছাড়াও আরেকজন কেউ শার্লট গডউইনের ডায়রি পড়েছে, আর সেই পড়ার সঙ্গে টমাস গডউইনের কবর খোঁড়ার একটা সম্পর্ক রয়েছে।

‘দুশো বছর মাটির নীচে থাকার পরও যে দেহ কঙ্কাল অবস্থায় থাকে সেটা তুমি জানতে?’ জটায়ু জিজ্ঞেস করলেন।

এ ব্যাপারে জোব চার্নকের মৃতদেহ নিয়ে একটা ঘটনা ফেলুদা আমাকে বলেছিল: সেটা লালমোহনবাবুকে বললাম। চার্নক মারা যাবার দুশো বছর পরে সেন্ট জন্স গির্জার একজন পাদ্রির মনে হঠাৎ সন্দেহ ঢোকে চার্নকের সমাধিটা সত্যিই সমাধি তো, নাকি এমনিই একটা স্তম্ভ খাড়া করা হয়েছে। সন্দেহটা এমনিই পেয়ে বসে যে, পাদ্রি শেষে লোক দিয়ে মাটি খোঁড়ালেন। চার ফুট নীচে পর্যন্ত কিছু পাওয়া গেল না, কিন্তু আর দু ফুট খুঁড়তেই একটা কঙ্কালের হাত বেড়িয়ে পড়ল। পাদ্রি মানে মানে গর্ত বুজিয়ে দিলেন।

ফ্র্যাঙ্ক রসে গিয়ে লালমোহনবাবু যখন কাউন্টারের সামনে দাঁড়িয়ে বলছেন ‘ওয়ান ফরহ্যানস ফর দি গামস ফ্যামিলি সাইজ’, ঠিক তখনই লঙ্ক করলাম দোকানে একজন চেনা লোক ঢুকছেন। তিনি অবশ্যি আমাদের দেখামাত্র চেনেননি; বার দু-তিন আমাদের দিকে তাকিয়ে তারপর মুখে হাসিটা এল। নরেনবাবুর ভাই গিরীনবাবু। হাতে একটা বড় বাস্র, তাতে লেখা হংকং ড্রাই ক্লিনারস। বললেন, ‘দাদার জন্য ওষুধ নিতে এসেছি।’

‘কেমন আছেন নরেনবাবু?’ জিজ্ঞেস করলেন জটায়ু।

‘দাদা বেটোর। ভাল কথা—আপনাদের সঙ্গে সেদিন যিনি ছিলেন তিনিই নাকি গোয়েন্দা প্রদোষ মিস্ত্রি? দাদা দিলেন খবরটা। ভদ্রলোকের নাম শুনেছি আগে। ভাবছিলাম—’


গিরীনবাবু ভুরু কুঁচকে একটু যেন অন্যমনস্ক হলেন। তারপর বললেন, ‘ওঁকে বাড়িতে পাওয়া যায় কখন?’

‘সেটা ঠিক বলা মুশকিল,’ আমি বললাম, ‘তবে ডিরেক্টরিতে নম্বর পাবেন। আপনি আসতে চাইলে আগে ফোন করে নিতে পারেন।’

‘হুঁ...ওঁর সঙ্গে একটু...ঠিক আছে, আমি টেলিফোন করে নেব। বলবেন প্রদোষবাবুকে, দরকার পড়লে যাব—হেঃ হেঃ...’

আমরাও হেঁ হেঁ করতে করতে ভদ্রলোকের কাছে বিদায় নিয়ে বেরিয়ে এলাম।

নিউ মার্কেটে একটা চক্কর মেরে মতিশীল স্ট্রিট দিয়ে সুরেন ব্যানার্জিতে পড়লাম। বোর্ন গ্র্যান্ড শেপার্ডের সামনে এসে দেখি ফেলুদা গাড়ির পাশে দাঁড়িয়ে আছে। ওর কাজ নাকি যা আন্দাজ করা গিয়েছিল তার একটু আগেই শেষ হয়ে গেছে। গিরীনবাবুর সঙ্গে দেখা হবার খবরটা ফেলুদাকে দিলাম। ‘বটে?’ বলল ফেলুদা, ‘কী বললেন ভদ্রলোক?’ আমি জানি ফেলুদাকে ভাসাভাসাভাবে কিছু বললে চলবে না, তাই যা কথা হল সব ডিটেলে বললাম। এমনকী ভদ্রলোকের হাতে লজ্জির বাস্রটার কথাও বললাম। ফেলুদা চুপ করে শুনে গেল। ‘কাজ কেমন হল?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন।



‘ফার্স্ট ক্লাস,’ বলল ফেলুদা, ‘একেবারে রত্নখনি। আর ওখান থেকে ফোন করে জেনে নিয়েছি মিঃ চৌধুরী বাড়ি ফিরেছেন। পাকা অ্যাপয়েন্টমেন্ট হয়ে গেছে। মথমলের মতো মোলায়েম গলায় কথা বলেন ভদ্রলোক।’

৯

বাজা-ঘড়ি বা চাইমিং ক্লক অনেক শুনেছি, কিন্তু মহাদেব চৌধুরীর বাড়িতে ঢুকতে না-ঢুকতে ছ’টা বাজার যেসব অদ্ভুত শব্দ একটার পর একটা ঘড়ি থেকে আমাদের কানে আসতে লাগল, সেরকম ঘড়ির বাজনা আমি কোনওদিন শুনিনি। লালমোহনবাবু বললেন, ‘এ যেন স্বর্গদ্বার দিয়ে ঢুকছি মশাই। মাস্তলিক বাজছে। এ রিসেপশন ভাবা যায় না।’

ঢুকতেই যে ভদ্রলোকের সঙ্গে দেখা হল তা নয়। একজন কর্মচারী গোছের লোক এসে বলল, মিঃ চৌধুরী ব্যস্ত আছেন, আমাদের একটু অপেক্ষা করতে হবে। আমরা একটা আপিস ঘরে গিয়ে বসলাম। এই ছোট্ট ঘরেও দুটো বাহারের ঘড়ি—একটা দেয়ালে, একটা বুকশেলফের ওপর।

ঘড়ির শব্দ থামতে এখন বাড়িটা থমথমে মনে হচ্ছে। পেছনায় হাল ফ্যাশানের বাড়ি, পায়ের নীচে শ্বেতপাথরের মেঝেতে মুখ দেখা যায়।

একটা গলার স্বর বাড়ির ভিতর থেকে মাঝে মাঝে শুনতে পাচ্ছি; ফেলুদা বলল সেটাই নাকি মহাদেব চৌধুরীর গলা। মথমল কি না সেটা এখন থেকে বোঝা মুশকিল, তবে এই গলাটাই যে

হঠাৎ সপ্তমে চড়ে আর মখমল রইল না সেটা বেশ বুঝতে পারলাম।

মহাদেব চৌধুরী কাকে যেন বেদম ধমক দিচ্ছেন। আমরা তিনজনে প্রায় দমবন্ধ করে অনিচ্ছাসত্ত্বেও আড়ি পাতছি। দ্বিতীয় ব্যক্তি গলা তুলছে না, তাই তার কথা বুঝছি না। কথা হচ্ছে ইংরিজিতে। চৌধুরীর গলায় হুমকানি শোনা গেল—

‘এসব ব্যাপারে আমি অ্যাডভান্স দিই না—আপনি অত করে বললেন বলে দিলাম—আর এখন বলছেন, সে টাকা খরচ হয়ে গেছে? আপনার একটা কথাও আমি বিশ্বাস করি না। আর এই সামান্য কাজটা করতে এত টাকা কেন লাগবে সেটাও আমি বুঝছি না। যাই হোক, আমি দিচ্ছি টাকা, কিন্তু দুদিনের মধ্যে আমি মাল চাই। আমি কোনও অসুবিধার কথা শুনতে চাই না, বুঝেছেন?’

কিছুক্ষণ সব চুপচাপ, তারপর একটা জুতোর শব্দ পেলাম: মনে হল সেটা সদর দরজার দিকে চলে গেল। এক মিনিটের মধ্যেই কর্মচারীটি আবার এল।—

‘আপলোগ আইয়ে।’

মিঃ চৌধুরীর মাথার চুল থেকে জুতোর ডগা পর্যন্ত সত্যিই মখমলের মতো। ভদ্রলোক দিনে দুবার দাড়ি কামান নিশ্চয়ই, না হলে সন্ধ্যা ছটায় পুরুষ মানুষের গাল এত মসৃণ হয় না। (পরে লালমোহনবাবু বলেছিলেন, মনে হচ্ছিল গালে মাছি বসলে পিছলে যাবে)। যে বিশাল বৈঠকখানা ঘরটাতে আমরা বসেছি সেটাও মিঃ চৌধুরীর মতোই পালিশ করা। আনাচে-কানাচে কোথাও এক কণা ধুলো বা একটাও পিঁপড়ে বা আরশোলা থাকতে পারে বলে মনে হয় না।

সোনার হোল্ডারে ধরা সিগারেটে একটা টান দিয়ে ধোঁয়া ছেড়ে ফেলুদার দিকে চেয়ে প্রশ্ন কললেন মিঃ চৌধুরী—

‘ওয়েল—ঘড়িটা এনেছেন সঙ্গে?’

আমরা সকলেই অবাক; ফেলুদা তো বটেই।

‘ঘড়ি? কী ঘড়ি বলুন তো?’ প্রশ্ন করল ফেলুদা।

‘আপনি যে বললেন একটা ঘড়ির ব্যাপারে দেখা করতে আসছেন? আমি তো ভাবলাম আমার বিজ্ঞাপন পড়ে ফোন করছেন আমাকে।’

‘মাপ করবেন মিস্টার চৌধুরী—আমি আপনার বিজ্ঞাপন পড়িনি। আমার একটা ব্যাপার একটু জানার দরকার হয়ে পড়েছে, সেটা সম্ভবত ঘড়ি সংক্রান্ত। শুনলাম আপনি ঘড়ির বিষয় অনেক কিছু জানেন, তাই—’

মখমলে ভাঁজ পড়েছে। ভদ্রলোক একটু যেন বিরক্তির সঙ্গেই নড়েচড়ে বসে বললেন—

‘আমার সময় বেশি নেই মিঃ মিটার। একটু পরেই কলকাতার বাইরে চলে যাব। আপনার কী জানার আছে সংক্ষেপে বলুন।’

‘পেরিগ্যাল রিপিটার জিনিসটা কী সেটা জানতে চাইছিলাম।’

মখমল হঠাৎ পাথর হয়ে গেল। সিগারেট হোল্ডার ঠোঁটের কাছে এসে থেমে গেছে। চোখের মণি পাথর, দৃষ্টি ফেলুদার দিকে, নিষ্পলক।

‘আপনি কোথায় পেলেন নামটা?’

‘উনবিংশ শতাব্দীর একটা ইংরেজি উপন্যাসে।’

তার কাজের সুবিধের জন্য যে ফেলুদা অগ্নানবদনে মিথ্যে কথা বলতে পারে সেটা আগেও দেখেছি।—‘রিপিটার যে ঘড়িও হতে পারে বন্দুকও হতে পারে সেটা অভিধানে দেখেছি, কিন্তু পেরিগ্যাল সম্বন্ধে কেউ কিছু বলতে পারল না।’

মহাদেব চৌধুরী এখনও সেইভাবেই চেয়ে আছেন ফেলুদার দিকে। এর পরের প্রশ্নটাতে মখমলের সঙ্গে মেশানো একটা ধারালো ভাব দেখা দিল।

‘আপনি কি সব সময়ই কথার মানে জানতে অচেনা লোকের বাড়ি ধাওয়া করেন?’

‘বিশেষ প্রয়োজন হলে করি বইকী।’

আমি ভেবেছিলাম ভদ্রলোক জিঞ্জ্ঞাস করবেন বিশেষ প্রয়োজনটা কী; কিন্তু তা না করে সেই একইভাবে ফেলুদার দিকে তাকিয়ে থেকে যে কথাটা বললেন, তাতে আমার ডান পাশের টেবিলের উপরে ঘড়িটা যেভাবে টিক্‌টিক্‌ করছে, আমার হৃৎপিণ্ডটাও ঠিক সেইভাবেই টিক্‌টিক্‌ করতে আরম্ভ করে দিল।

‘আপনি তো গোয়েন্দা, তাই না?’

ফেলুদার নার্ভের বলিহারি। জবাবটা দিতে বোধহয় পাঁচ সেকেন্ড দেরি হয়েছিল, কিন্তু যখন এল তখন তারও গলা মখমল।

‘আপনি খবর রাখেন দেখছি।’

‘রাখতেই হয় মিস্টার মিটার। খবর সংগ্রহের জন্য লোক থাকে।’

‘আমার প্রশ্নটা বোধহয় ভুলে গেছেন। হয়তো উত্তরটা আপনার জানা নেই। আর যদি জেনেও জবাব না দিতে চান তা হলে আমি উঠি। বৃথা আপনার সময় নষ্ট করতে চাই না।’

‘সিট ডাউন, মিস্টার মিটার।’

ফেলুদা উঠে পড়েছিল, তাই এই হুকুম। লালমোহনবাবুকে দেখে মনে হচ্ছে তাঁর নিজের থেকে ওঠার অবস্থা নেই; ধরে উঠিয়ে দিতে হবে।

‘সিট ডাউন, প্রিজ।’

ফেলুদা বসল।

‘রিপিটার মানে বন্দুকও হয়’, বললেন মহাদেব চৌধুরী, ‘তবে তার সঙ্গে পেরিগ্যাল যোগ দিলে সেটা হয় ঘড়ি। পকেট ওয়াচ। ফ্রানসিস পেরিগ্যাল। ইংলিশম্যান। অষ্টাদশ শতাব্দীর শেষভাগে পেরিগ্যালের মতো ঘড়ির কারিগর পৃথিবীতে কমই ছিল। দুশো বছর আগে ইংল্যান্ডেই সবচেয়ে ভাল ঘড়ি তৈরি হত, সুইটজারল্যান্ডে নয়।’

‘আজকের দিনে একটা পেরিগ্যাল রিপিটারের দাম কত হতে পারে?’

‘সে ঘড়ি কেনার সামর্থ্য তো আপনার নেই মিঃ মিটার।’

‘তা জানি।’

‘আমার আছে।’

‘তাও জানি।’

‘তা হলে দাম জেনে কী হবে?’

‘কৌতুহল।’

‘বার্থ কৌতুহল।’

মিঃ চৌধুরী সিগারেটে শেষ টান দিয়ে হোল্ডার থেকে সেটা খুলে পাশে কাচের অ্যাশট্রেতে ফেলে দিয়ে সোফা ছেড়ে উঠে দাঁড়ালেন।

‘আপনি যা জানতে চেয়েছিলেন সেটা আপনার জানা হয়ে গেছে’, বললেন মিঃ চৌধুরী। ‘এবার আপনি আসুন। পেরিগ্যাল রিপিটার কলকাতায় যেটা আছে সেটা আমিই পাব, আপনি পাবেন না।—পেয়ারেলাল!’

একজন কর্মচারী এসে দাঁড়াল। সেই একই লোক—যিনি আমাদের আপিস ঘরে বসিয়েছিলেন। আমরা উঠে পড়লাম। যখন ঘর থেকে বেরোচ্ছি, তখন মখমলের মতো গলাটা আরেকবার শোনা গেল।

‘আমার কাছে অন্যরকম রিপিটারও আছে মিঃ মিটার; তবে তার আওয়াজ ঘড়ির মতো সুরেলা নয়।’

‘আপনার বর্তমান কাহিনীর নায়ক তো ইনিই বলে মনে হচ্ছে’, বললেন জটায়ু।

আমরা আলিপুর পার্ক থেকে ফিরছি। গাড়ির কাচ আবার তুলে দিতে হয়েছে, কারণ বৃষ্টি। জাজেস কোর্ট রোডে পড়ার সঙ্গে সঙ্গেই বৃষ্টিটা নেমেছে।

ফেলুদা লালমোহনবাবুর কথার কোনও জবাব না দিয়ে জানালার বাইরে দৃশ্য দেখতে লাগল। লালমোহনবাবু একটানা বেশিষণ কথা না-বলে থাকতে পারেন না। বললেন, ‘জানি নায়ক না বলে ভিলেন বলা উচিত, কিন্তু আপনি যে বলেন ক্রাইমের ব্যাপারে সকলকেই সন্দেহ করা উচিত—যে-কেউ ভিলেন হতে পারে—তাই আর বললুম না। অবিশ্যি সন্দেহটাও যে ঠিক কী কারণে করা উচিত, সেটা এখনও আমার কাছে পরিষ্কার নয়। কবর খোঁড়াটা কি ক্রাইমের মধ্যে পড়ে?’

ফেলুদা কোনও কথারই জবাব দিচ্ছে না দেখে লালমোহনবাবু এবার অসহিষ্ণু হয়ে বললেন—‘ও মশাই, আপনি যে দমে গেলেন বলে মনে হচ্ছে। তা হলে আমাদের কী দশা হবে ভেবে দেখুন! একে তো ভদ্রলোকের হাবভাব দেখে হাড়গোড় নড়বড়ে হয়ে যাবার অবস্থা। তারপরে ওই অতগুলো ঘড়ির ঢং ঢং, আর তার উপরে আবার আপনি গুম, বাইরে বৃষ্টি, রাস্তায় গাডা...’

এতক্ষণে ফেলুদা মুখ খুলল।

‘আপনার অনুমান ভুল, মিঃ গাসুলী। আমি দমিনি মোটেই। জটিল গোলকধাঁধার মধ্যে পথ পেয়ে গেলে কি লোকে দমে? বরং উলটো।’

‘পথ পেয়ে গেছেন?’

‘পেয়েছি, তবে পথের শেষে কী আছে তা এখনও জানি না। পথ অত্যন্ত ঘোরালা। আরও বেশ কিছুটা এগোলে পরে শেষ দেখা যাবে।’

আমরা বাড়ি ফেরার পরও টিপ্ টিপ্ করে বৃষ্টি পড়তে লাগল। লালমোহনবাবু বলে গেলেন কাল সকাল সকাল আসবেন।—‘এ কেসটায় আমি ছাড়া আপনার গতি নেই, ফেলুদাবু! বাস-ট্রামে ঘোরাঘুরি করতে গেলে আপনার কত সময় লাগত ভাবুন দিকি!’

আজ দুপুরে নিজামে বসে থাকতেই লক্ষ করেছিলাম, ফেলুদা তার খাতায় কী যেন হিজিবিজি কাটছে; রাত্রে খাবার পর ওর ঘরে এসে জানতে পারলাম সেটা কী। ও যে আমাকে ডেকে পাঠিয়েছিল তা নয়; এমনিতেই আমার ওর জন্য ভাবনা হচ্ছিল; মহাদেব চৌধুরীকে দেখে আর তার কথা শুনে অবধি দুশ্চিন্তা হচ্ছিল; ভদ্রলোকের মুখটা মনে করলেই কেমন জানি বুকটা কেঁপে উঠছিল। লালমোহনবাবু হিরো ভিলেন যা হচ্ছে তাই বলুন না কেন, আমার কাছে উনি একটি ভয়াবহ চরিত্র। বাইরেটা মখমল হলে কী হবে, ভিতরটা থর মরুভূমির কাঁটা-ঝোপের জঙ্গল।


অবিশ্যি ফেলুদাকে দেখে মনেই হল না যে তার কোনও দুশ্চিন্তা হচ্ছে। সে এখন সামনে খাতা খুলে বসে একমনে একটা নকশার দিকে দেখছে। আমি ঢুকতে ‘এই দ্যাখ শাখাপ্রশাখা’ বলে খাতাটা আমার দিকে এগিয়ে দিল। তাতে যে জিনিসটা আঁকা রয়েছে সেটা আমি তুলে দিচ্ছি—

‘ডান দিকটা কী রকম খালি-খালি লাগছে না?’ বলল ফেলুদা।

আমি বললাম, ‘তা তো লাগবেই। শার্লট তো বিয়েই করেনি।’

‘শার্লটকে নিয়ে সমস্যা নয়। সমস্যা ওই জন ব্যক্তিটিকে নিয়ে। ওই একটি শাখার বাকি অংশটা লুকিয়ে আছে। অবিশ্যি একটা জিনিস উলটো অবস্থায় দেখেছি; সেটা সোজা দেখলে পরে কিছুটা আলোকপাত হতে পারবে। অর্থাৎ কাল সকালে।’

এটা ফেলুদার একটা মার্কামারা হৈয়ালি; আর যখন হৈয়ালি করে বলছে, তখন হৈয়ালি ৬২৬



করবার জন্যই বলেছে।

আমাদের কথার ফাঁকেই বৃষ্টিটা থেমে গিয়েছিল। ফেলুদাকে হঠাৎ ব্যস্তভাবে বিছানা থেকে উঠতে দেখে অবাক লাগল।

বললাম, ‘বেরোবে নাকি?’

‘ইয়েস স্যার।’

‘সে কী? কোথায়?’

‘ডিউটি আছে।’

‘কীসের ডিউটি?’

‘পাহারা।’

তার হান্টিং বুট-জোড়া বার করে রেখেছে ফেলুদা সেটা এতক্ষণ দেখিনি। ওটা দেখলেই আমার গায়ে কাঁটা দেয়, কারণ ফেলুদার প্রত্যেকটা বিখ্যাত তদন্তের সঙ্গে ওটা জড়িয়ে আছে। মাঝরাাত্রিরে গোরস্থানে চলতে ফিরতে হলে ওটা ছাড়া গতি নেই।

‘গোরস্থানে?’ ধরা গলায় জিজ্ঞেস করলাম আমি।

‘আর কোথায় বল!’

‘একা যাবে?’

‘চিন্তা নেই। সঙ্গী আছে। রিপটার।’

ফেলুদা আলমারি থেকে তার ৩২ কোল্টটা বার করে পকেটে পুরল। আমার ভাল লাগছে না ব্যাপারটা মোটেই। বললাম, ‘কিন্তু ওখানে কী ঘটনা ঘটবে বলে আশা করছ? কবর তো খোঁড়া হয়ে গেছে। ঘড়ি যদি পেয়ে থাকে সে তো নিয়ে গেছে।’

‘নেয়নি। যে বা যারা খুঁড়ছিল তারা মড়ার খুলি দেখেই ভয়ে পালিয়েছে। নইলে ওভাবে কোদাল ফেলে দিয়ে যায় না। হয় নিয়ে যাবে, না হয় লুকিয়ে রাখবে।’

এ জিনিসটা আমার একেবারেই খেয়াল হয়নি।

ফেলুদা ফিরেছে কখন জানি না। আমি যখন উঠে নীচে নেমেছি, তখন ওর ঘরের দরজা বন্ধ; তখন বেজেছে সোয়া সাতটা। বুঝলাম দু রাত না ঘুমিয়ে সকালে একটু ঘুমিয়ে নিচ্ছে।

নটার সময় ও দরজা খুলল। ফিটফাট দাড়ি কামানো চেহারা, চোখে-মুখে কোনও ক্লান্তির ছাপ নেই। বুড়ো আঙুল নেড়ে বুঝিয়ে দিল রাত্র কিছু ঘটেনি।

সাড়ে নটায় জটায়ু এলেন।

‘দেখুন তো কীরকম জিনিস।’

জটায়ু তাঁর কথামতো তাঁর ঠাকুরদাদার ঘড়িটা নিয়ে এসেছেন। রূপোর ট্যাকঘড়ি, তার সঙ্গে ঝুলছে রূপোর চেন।

‘বাঃ, দিব্যি জিনিস,’ ঘড়িটা হাতে নিয়ে বলল ফেলুদা। ‘কুককেলভির বেশ নাম ছিল এককালে।’

‘কিন্তু সে জিনিস তো হল না’—আক্ষেপের সুরে বললেন লালমোহনবাবু। ‘এ তো কলকাতায় তৈরি ঘড়ি।’

‘কিন্তু আপনি সত্যিই এটা আমাকে দিচ্ছেন?’

‘উইথ মাই ব্লেসিংস অ্যান্ড বেস্ট কমপ্লিমেন্টস। আপনার চেয়ে সাড়ে তিন বছরের বড় আমি, সুতরাং আমার কাছ থেকে আশীর্বাদ নিতে আপনার আপত্তি নেই নিশ্চয়ই।’

ফেলুদা ঘড়িটাকে রুমালে মুড়ে পকেটে রেখে টেলিফোনের দিকে এগোল। কিন্তু ডায়াল করার আগেই রাস্তার দিকের দরজার কড়াটায় নাড়া পড়ল।

খুলে দেখি গিরীনবাবু। ইনি কাল হিট দিলেও, সত্যি করে যে আসবেন, আর এত তাড়াতাড়ি আসবেন, সেটা ভাবিনি। কাজে বেরিয়েছেন সেটা বোঝা যাচ্ছে পোশাক দেখে—কোট প্যান্ট, হাতে একটা ব্রিফকেস।

‘টেলিফোনে দশ মিনিট ডায়াল করেও লাইন পেলাম না। কিছু মনে করবেন না।’ ভদ্রলোকের হাবভাব চনমনে, নার্ভাস।

‘মনে করবার কিছু নেই। টেলিফোন তো না থাকারই সামিল। কী ব্যাপার বলুন।’

ভদ্রলোক সোফায় না বসে একটা চেয়ারে বসলেন। আমি আর জটায়ু তক্তাপোষে, ফেলুদা সোফায়।

‘কার কাছে যাওয়া উচিত ঠিক বুঝতে পারছিলাম না’, রুমাল দিয়ে কপালের ঘাম মুছে বললেন গিরীন বিশ্বাস, ‘পুলিশের ওপর খুব ভরসা নেই, ফ্র্যাঙ্কলি বলছি। ঘটনাচক্রে আপনি যখন এসেই পড়লেন...’

‘সমস্যাটা কী?’

গিরীনবাবু গলা খাক্রে নিলেন। তারপর বললেন, ‘দাদার মাথায় গাছ পড়েনি।’

আমরা তিনজনেই চুপ, ভদ্রলোকও কথাটা বলে চুপ।

‘তা হলে?’ প্রশ্ন করল ফেলুদা।

‘মাথায় বাড়ি মেরে হত্যা করার চেষ্টা হয়েছিল তাকে।’

ফেলুদা শান্তভাবে চারমিনারের প্যাকেটটা ভদ্রলোকের দিকে এগিয়ে দিলে তিনি প্রত্যাখ্যান করতে সে নিজের জন্য একটা বার করে বলল, ‘কিন্তু আপনার দাদা নিজে যে বললেন গাছ পড়েছিল।’

‘তার কারণ দাদা মরে গেলেও তার নিজের ছেলের নাম প্রকাশ করবে না।’

‘নিজের ছেলে?’

‘প্রশান্ত। বড় ছেলে। ছোটটি বিলেতে।’

‘কী করে প্রশান্ত?’

‘কী না-করে সেইটে জিজ্ঞেস করুন। যত রকম গর্হিত কাজ হতে পারে। গত তিন-চার বছরে এই পরিবর্তন। দাদা দুই ভাইকে সমান ভাগ দিয়ে উইল করেছিল। বউদি মারা গেছেন সেডেনটিতে। মাসখানেক আগে দাদা প্রশান্ত-র ব্যবহারে বিরক্ত হয়ে তাকে শাসায়; বলে তাকে উইলচ্যুত করবে, সব টাকা সুশান্তকে দিয়ে দেবে।’

‘প্রশান্ত আপনাদের বাড়িতেই থাকে তো?’

‘থাকার অধিকার আছে, তার জন্য ঘর আছে আলাদা, তবে থাকে না। কোথায় থাকে বলা শক্ত। তার দল আছে। জঘন্যতম টাইপের গুণ্ডা সব। আমার বিশ্বাস সেদিন ও খুনই করে ফেলত, যদি না সাংঘাতিক ঝড়টা এসে পড়ত।’

‘আপনার দাদা এ বিষয় কী বলেন?’

‘দাদা বলছে সত্যিই গাছ পড়েছিল। সে জেনে-শুনেও বিশ্বাস করতে চাইছে না যে তার ছেলে তার মাথার জখমের জন্য দায়ী। কিন্তু দাদা যাই বলুক না কেন—আমার নিজের ভাইপো হলেও বলছি—আপনি একটা কিছু বিহিত না করলে সে আবার খুনের চেষ্টা দেখবে।’

‘নরেনবাবু যদি নতুন উইল করেন তা হলে তো আর তার ছেলের তাকে খুন করে কোনও আর্থিক লাভ হবে না।’

‘আর্থিক লাভটাই কি বড় কথা মিস্টার মিস্তির? সে তো খেপে গিয়েও খুন করতে পারে। প্রতিশোধের জন্য কি মানুষ খুন করে না?—আর দাদা উইল চেঞ্জ করবে না। তার মাথার ঠিক নেই। অপত্যস্নেহ যে কদ্দুর যেতে পারে তা আপনি জানেন না মিস্টার মিস্তির। এ ক’দিন আমি বাড়িতেই ছিলাম, কিন্তু আজ আমাকে একটু কলকাতার বাইরে যেতে হচ্ছে দু-তিন দিনের জন্য, ব্যবসার কাজে। তাই আপনার কাছে এলাম। আপনি যদি ব্যাপারটা...’

‘মিস্টার বিশ্বাস,’ ফেলুদা প্রায় এক ইঞ্চি লম্বা ছাইটা অ্যাশট্রেতে ফেলে দিয়ে বলল, ‘আমি অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি আমি আরেকটা তদন্তে জড়িয়ে পড়েছি। আপনার দাদার প্রোটেকশনের একটা ব্যবস্থা করা উচিত নিশ্চয়ই, কিন্তু এটাও ঠিক যে তিনি নিজেই যদি জোর গলায় বলেন যে তাঁর মাথায় গাছ পড়েছিল, তাঁকে কেউ হত্যা করার চেষ্টা করেনি—তা হলে পুলিশের বাবাও কিছু করতে পারবে না।’

গিরীনবাবু অনেকদিন-পরে-রোদ-ওঠা সকালের মেজাজটা বিগড়ে দিয়ে বিদায় নিলেন।

‘বিচিত্র ব্যাপার’, বলে ফেলুদা সোফা ছেড়ে উঠে গিয়ে টেলিফোনে নম্বর ডায়াল করল।

‘হ্যালো, সুহৃদ? আমি ফেলু বলছি রে...’

সুহৃদ সেনগুপ্ত ফেলুদার সঙ্গে কলেজে পড়ত এটা আমি জানি।

‘শোন—তোর বাড়িতে একটা প্রেসিডেন্সি কলেজ ম্যাগাজিনের শতবার্ষিকী সংখ্যা দেখেছিলাম—তোর দাদার কপি—যদুর মনে হয় পঞ্চাশতে বেরিয়েছিল—সেটা আছে এখনও?...বেশ, ওটা তুই বেরোবার সময় তোরা চাকরের হাতে রেখে যাস, আমি দশটা-সাড়ে দশটা নাগাত গিয়ে নিয়ে আসব...’

আমরা চা খেয়ে বেরিয়ে পড়লাম। তিন জায়গায় যাবার আছে ফেলুদার—নরেনবাবু, বোর্নি অ্যান্ড শেপার্ড আর পার্ক স্ট্রিট গোরস্থান। নরেনবাবু শুনে একটু অবাক হলাম। ফেলুদাকে বলতে বলল, ‘গিরীনবাবুকে মুখে যাই বলি না কেন, ওঁর কথাটা একেবারে উড়িয়ে দিতে পারছি না। কাজেই একবার যাওয়া দরকার। তৃতীয় জায়গাটায় তোদের না গেলেও চলবে, তবে রাত্রে পাছাটা আজ ভাবছি তোদের নিয়ে যাব। গোরস্থানে মাঝরাত্তির অ্যাটমোসফিয়ারটা অনুভব না করা মানে একটা অসামান্য অভিজ্ঞতা থেকে বঞ্চিত হওয়া।’

‘জয় মা সন্তোষী,’ বললেন লালমোহনবাবু। তারপর মাঝপথে একবার বললেন, ‘মশাই, সান অফ টারজনের মতো সান অফ সন্তোষী করা যায় না?’—বুঝলাম পুলক ঘোষালের অফারটা নিয়ে ভদ্রলোক এখনও ভাবা শেষ করেননি।

নরেনবাবু যদিও শরীরের দিক দিয়ে অনেকটা সুস্থ—বললেন ব্যথা-ট্যাথা প্রায় সেরে গেছে, কয়েকদিনের মধ্যেই ব্যান্ডেজ খুলবেন—তবু ওঁর চাহনিটা ভাল লাগল না। কেমন যেন শুকনো, বিষন্ন ভাব।

‘আপনাকে শুধু দু-একটা প্রশ্ন করার আছে,’ বলল ফেলুদা, ‘বেশি সময় নেব না।’

ভদ্রলোক ফেলুদার দিকে একটা সন্দ্বিগ্ন দৃষ্টি দিয়ে বললেন, ‘কিছু মনে করবেন না—আপনি কি কোনও তদন্ত চালাচ্ছেন? আপনি গোয়েন্দা জেনেই এ প্রশ্নটা করছি।’

‘আপনি ঠিকই আন্দাজ করেছেন,’ বলল ফেলুদা। ‘সে ব্যাপারে প্রচুর সাহায্য হবে যদি আপনি সত্য গোপন না করেন।’

ভদ্রলোক চোখ বন্ধ করলেন। অনেক সময় যন্ত্রণাবোধ করলে সেটাকে সহ্য করার চেষ্টায় মানুষে যেভাবে চোখ বন্ধ করে এও সেই রকম। মনে হল উনি আন্দাজ করেছেন যে ফেলুদার জেরাটা ওঁর পক্ষে কষ্টকর হবে। ফেলুদা বলল, ‘আপনি হাসপাতালে জ্ঞান হবার পরমুহূর্তে উইল সম্পর্কে কিছু বলতে চাইছিলেন।’

নরেনবাবু সেইভাবেই চোখ বন্ধ করে রইলেন।

‘উইলের উল্লেখ কেন সে সম্বন্ধে একটু আলোকপাত করবেন কি?’

এবার নরেন বিশ্বাস চোখ খুললেন। তার ঠোঁট নড়ল, কাঁপল, তারপর কথা বেরোল।

‘আমি আপনার কথার জবাব দিতে বাধ্য নই নিশ্চয়ই?’

‘নিশ্চয়ই না।’

‘তা হলে দেব না।’

ফেলুদা কয়েক মুহূর্ত চুপ। আমরা সবাই চুপ। নরেনবাবু দৃষ্টি ঘুরিয়ে নিয়েছেন।

‘বেশ আমি অন্য প্রশ্ন করছি,’ বলল ফেলুদা।

‘জবাব দেওয়া না-দেওয়ার অধিকার কিন্তু আমার।’

‘একশোবার।’

‘বলুন।’

‘ভিক্টোরিয়া কে?’

‘ভিক-টোরিয়া...?’

‘এখানে বলে রাখি আমি একটা অন্যায্য কাজ করে ফেলেছি। আপনার ব্যাগের ভিতরের কাগজপত্র আমি দেখেছি। তাতে একটি স্লিপ-এ—’

‘ও হো হো!’—ভদ্রলোক আমাদের বেশ চমকে দিয়ে হাসিতে ফেটে পড়লেন।—‘ও তো মাকাতার আমলের ব্যাপার! আমিও প্রায় ভুলেই গিয়েছিলাম। আমি তখনও চাকরিতে। এক অ্যাংলো-ইন্ডিয়ান কাজ করত আমাদের আপিসে—নটন—জিমি নটন। বললে তার ঠাকুমার লেখা গুচ্ছের চিঠি রয়েছে তাদের বাড়িতে। সে চিঠি আমি চোখেই দেখিনি। এই ঠাকুমা নাকি মিউটিনির সময় বহরমপুরে ছিলেন—তখন পাঁচ-সাত বছর বয়স। চিঠিগুলো পরে লেখা, কিন্তু তাতে তার ছেলেবেলার অভিজ্ঞতার কথা আছে। আজকাল তো এসব নিয়ে বই-টই খুব বেরোচ্ছে, তাই নটনকে বলেছিলাম কিছু বিলিতি পাবলিশারের নাম দিয়ে দেব। সে নিজে এসব ব্যাপারে একেবারে আনাড়ি। দাঁড়ান—কাগজটা বার করি।’

নরেনবাবু বাঁ হাত বাড়িয়ে টেবিলের উপরের দেরাজটা খুলে ব্যাগ থেকে তার স্লিপটা বার করলেন।

‘এই যে—বোর্ন অ্যান্ড শেপার্ড। ওকে বলতে চেয়েছিলুম খোঁজ করে দেখতে পারে, ওখানে ওর ঠাকুরমার কোনও ছবি পাওয়া যায় কি না। আর এই যে সব পাবলিশারের নামের আদ্যক্ষর। এ কাগজ আর তাকে দেওয়া হয়নি, কারণ নটনের জনডিস হয়। দেড়মাস ট্রিটমেন্টে ছিল, তারপর চাকরি ছেড়ে দেয়।’

ফেলুদা উঠে পড়ল। ‘ঠিক আছে, মিস্টার বিশ্বাস—শুধু একটা ব্যাপারে আক্ষেপ প্রকাশ না করে পারছি না।’

‘কী ব্যাপার?’

‘আপনি ভবিষ্যতে কোনও লাইব্রেরির কোনও বই বা পত্রিকা থেকে কিছু ছিঁড়ে বা কেটে নেবেন না। এটা আমার অনুরোধ। আসি।’

ঘর থেকে বেরোবার সময় ভদ্রলোক আর আমাদের মুখের দিকে চাইতে পারলেন না।

বেণীনন্দন স্ট্রিটের সুহৃদ সেনগুপ্তের চাকর একটা টাউস বই এনে ফেলুদাকে দিল। প্রেসিডেন্সি কলেজ ম্যাগাজিনের শতবার্ষিকী সংখ্যা। সেটা ফেলুদা সারা রাত্তা কেন্ন যে এত মন দিয়ে দেখল, আর দেখতে দেখতে কেন্ন যে বার তিনেক ‘বোবো ব্যাপারখানা’ বলল সেটা বুঝতে পারলাম না।

বোর্ন অ্যান্ড শেপার্ডে ঢুকে ফেলুদা দশ মিনিটের মধ্যে একটা বড় লাল খাম নিয়ে বেরিয়ে এল। দেখেই বোবা যায় তার মধ্যে বড় সাইজের ফোটো রয়েছে।

‘কীসের ছবি আনলেন মশাই?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

‘মিউটিনি,’ বলল ফেলুদা। আমি আর লালমোহনবাবু মুখ চাওয়া-চাওয়ি করলাম। ফেলুদার কথার মানে ছবিগুলো নট ফর দ্য পাবলিক।

‘গোরস্থানে আর আপনাদের ভেতরে টানব না; আমি শুধু দেখে আসি সব ঠিক আছে কি না।’

আমরা গাড়িটা ঘুরিয়ে গোরস্থানের ঠিক সামনেই পার্ক করলাম। ফেলুদা যখন গেট দিয়ে ঢুকল, তখন দেখলাম দারোয়ান বরমদেও বেশ একটা বড় রকমের সেলাম ঠুকল।

দশ মিনিটের মধ্যে ফেলুদা ফিরে এসে ‘ওকে’ বলে গাড়িতে উঠল। ঠিক হল রাত সাড়ে দশটায় আমরা আবার এখানে ফিরে আসছি।

আমার মন বলছে আমরা নাটকের শেষ অঙ্কের দিকে এগিয়ে চলেছি।

১১

ফেলুদার সঙ্গে এতবার এত জায়গায় ঘুরেছি রহস্যের পিছনে পিছনে—সিকিম, লখনৌ, রাজস্থান, সিমলা, বেনারস—কোনওখানেই অ্যাডভেঞ্চারে কমতি পড়েনি; কিন্তু এই কলকাতাতে বসেই এমন একটা রক্ত-হিম-করা রহস্যের জালে জড়িয়ে পড়তে হবে এটা কোনওদিন স্বপ্নেও ভাবিনি।

বিশেষ করে আজকের দিনটা, লালমোহনবাবু যেটার নাম দিয়েছিলেন ব্ল্যাক-লেটার ডে—যদিও সেটাকে আবার পরে বদলিয়ে করলেন ব্ল্যাক-লেটার নাইট। আর পার্ক স্ট্রিট সেমেটরি সম্বন্ধে বলেছিলেন, ‘ছেলেবেলায় মেজো জ্যাঠা বুঝিয়েছিলেন ওটাকে বলে গোরস্থান, কারণ ওখানে গোরাদের সমাধি আছে। এখন মনে হচ্ছে নামটা হওয়া উচিত গোরোস্থান। এমন গোরায় এর আগে পড়িচি কখনও তপেশ? তোমার মনে পড়চে?’

সত্যি বলতে কী, অনেক ভেবেও মনে করতে পারিনি।

লালমোহনবাবু এমনতেই পাংচুয়াল; গাড়ি হবার পর মেজাজটা আরও মিলিটারি হয়ে গেছে। আগে কড়া নাড়তেন, আজ দেখি নক করলেন। আমরা দুজনেই খেয়েদেয়ে তৈরি হয়ে

বসেছিলাম। আজ ফেলুদার সঙ্গে সঙ্গে আমাকেও হান্টিং বুট পরতে হয়েছে। আমারটা গত বছর কেনা, ওরটা এগারো বছরের পুরনো। বোধহয় অবস্থাটা খুব ভাল নয় বলে বিকেলে দেখেছিলাম ও নিজেই সুকতলায় কী সব মেরামতের কাজ করছে। এখন একটু খোঁড়াচ্ছে দেখে মনে হল মুচি ডাকিয়ে কাজটা করালেই ভাল হত। এই বিপদের রাতে খোঁড়ালে চলবে কেন?

দরজায় টোকা পড়তেই আমরা উঠে পড়লাম। ফেলুদার কাঁধে খয়েরি রঙের শান্তিনিকেতনি ঝোলা, তার ভিতর থেকে লাল খামের খানিকটা বাইরে বেরিয়ে রয়েছে। এখানে বলে রাখি, ওরই হকুমমারফিক আজ আমরা সকলে গাঢ় রঙের পোশাক পরেছি। লালমোহনবাবু পরেছেন একটা কালো টেরিকটের সুট।

ভদ্রলোক ঘরে ঢুকেই বললেন, ‘মডার্ন মেডিসিন কোথায় পৌঁছে গেল মশাই!—একটা নতুন নার্ভ-পিল বেরিয়েছে—নামটায় আবার দুটো ‘এক্স’—ভবেন ডাক্তারের সাজেশনে ডিনারের পরে একটা খেয়ে নিলুম—এরই মধ্যে সমস্ত শরীরে বেশ একটা কলপ-দেওয়া ফিলিং হচ্ছে। তপেশ ভাই, যা থাকে কপালে—লড়ে যাব, কী বলো?’ কীসের সঙ্গে লড়বেন সেটা অবিশ্যি উনিও জানেন না, আমিও জানি না।

ফেলুদা আগেই ঠিক করেছিল গাড়িটা গোরস্থানের গেট থেকে বেশ কিছুটা দূরে রাখবে—‘গাড়ির রংটা আপনার আজকের পোশাকের সঙ্গে ম্যাচ করলে অতটা চিন্তা করতাম না।’ সেন্ট জেভিয়ার্স ছাড়িয়ে রডন স্ট্রিটের মোড়ের একটু আগেই ও গাড়িটা থামাতে বলল। ‘তোরা এগিয়ে যা’ গাড়ি থেকে নেমে বলল ফেলুদা, ‘আমি হরিপদবাবুকে কয়েকটা ইনস্ট্রাকশন দিয়ে আসছি।’

আমরা এগিয়ে গেলাম। ফেলুদা কী ইনস্ট্রাকশন দিল জানি না, কিন্তু এটা জানি যে হরিপদবাবু এ ক’দিন আমাদের কাণ্ডকারখানা দেখে আর কথাবার্তা শুনে রীতিমতো উৎসাহ পেয়ে গেছেন। এটা ওঁর হাবেভাবে বেশ বোঝা যায়।

মিনিট তিনেকের মধ্যেই ফেলুদা ফিরে এল। বলল, ‘আপনার লাক ভাল মিঃ গাস্ফুলী যে আপনি এমন একটি ড্রাইভার পেয়েছেন। ভদ্রলোককে কাজের দায়িত্ব দিয়ে বেশ নিশ্চিন্ত হওয়া যায়।’

‘কী দায়িত্ব দিলেন মশাই?’

‘এদিকে গণ্ডগোল না হলে কোনও দায়িত্ব নেই, আর হলে ওঁর উপর বেশ খানিকটা ভরসা রাখতে হবে।’

এর বেশি আর ফেলুদা কিছু বলল না।

লোহার ফটকের সামনে পৌঁছে দেখি সেটা খোলা। ফেলুদাকে ফিসফিস করে জিজ্ঞেস করাতে ও ফিসফিস করে উত্তর দিল যে এমনিতে এ সময় খোলা থাকে না। কিন্তু আজ সেটার ব্যবস্থা করা হয়েছে। ‘পাঁচিলের উপর কাচ বসানো, টপকানো রিসকি, তাই এই ব্যবস্থা। কিন্তু বরমদেও আছেন কি?’

দারোয়ানের ঘরে টিমটিম করে বাতি জ্বলছে, কিন্তু সেখানে কেউ আছে বলে মনে হল না। আমরা ঘরের আশপাশটা ঘুরে দেখলাম। কেউ নেই। পার্ক স্ট্রিট থেকে আসা ফিকে আলোতে দেখতে পাচ্ছি ফেলুদার ক্রকুটি। বুঝলাম দারোয়ানের সঙ্গে যা ব্যবস্থা হয়েছিল তাতে ওর থাকবার কথা।

আমরা এগিয়ে গেলাম। আজ আর মাঝখানের সেই পথটা দিয়ে নয়। সেটা দিয়ে কয়েক পা গিয়েই ফেলুদা বাঁয়ে ঘুরল। আমরা সমাধির ভিড়ের মধ্যে দিয়ে এগোতে লাগলাম। বাতাস বইছে বেশ জোরে। আকাশে ফালি ফালি মেঘের স্রোত। তার ফাঁক দিয়ে ফাঁক দিয়ে ফিকে আধা-চাঁদটা উঁকি মেরেই আবার লুকিয়ে পড়ছে। সেই চাঁদের আলোতে ফলকের নামগুলো এই আছে এই নেই। এই আলোতেই বুঝলাম আমরা স্যামুয়েল কাথবার্ট থর্নহিলের সমাধিতে আশ্রয় ৬৩২



নিলাম। এটা সরু হয়ে উঠে যাওয়া ওবেলিস্ক নয়। এর নীচে বেদি, বেদির উপর চারিদিকে ঘিরে থাম আর মাথায় গম্বুজ। তিনজন লোকে দিব্যি ঘাপটি মেরে থাকতে পারে। এখানে আলো পৌঁছায় না, তবে সুবিধে এই যে ডান দিকে চাইলে অন্য সমাধির ফাঁক দিয়ে লোহার ফটকের একটা অংশ দেখা যায়।

এ গোরস্থান এখন আমরা ছাড়া কেউ থাকতে পারে না ভেবেই ফেলুদা মুখ খুলল; তবে গলা তুলল না।

‘এটা ছড়িয়ে দিন তো একটু আশেপাশে।’

ফেলুদা ঝোলা থেকে একটা ছিপি-আঁটা বোতল বার করে লালমোহনবাবুর দিকে এগিয়ে দিয়েছে।

‘ছোছ—ছড়িয়ে?’

‘কার্বলিক অ্যাসিড। সাপ আসবে না। চারদিকে হাত চারেক দূর অবধি ছিটিয়ে দিলেই হবে।’

লালমোহনবাবু আজ্ঞা পালন করে এক মিনিটের মধ্যেই ফিরে এসে বললেন, ‘যাক নিশ্চিন্ত হওয়া গেল। সাপের ভয়টা মশাই নার্ড-পিলেও যায় না।’

‘ভূতের ভয় গেছে?’

‘টোট্যালি।’

ব্যাঙ ডাকছে। ঝিঝি ডাকছে। একটা ঝিঝি বোধহয় আমাদের পাশের কবরেই আস্তানা গেড়েছে। চলন্ত মেঘের এক-একটা খণ্ড বোধহয় একটু বেশি ঘন বলেই অন্ধকারটা হঠাৎ-হঠাৎ গাঢ় হয়ে উঠছে। তার ফলে সমাধিগুলো তালগোল পাকিয়ে চোখের সামনে একটা জমাট বাঁধা অন্ধকার ছাড়া আর কিছুই দেখা যাচ্ছে না। আবার যেই চাঁদ বেরোচ্ছে অমনি সমাধিগুলোর এক পাশে আলো পড়ে সেগুলো পরস্পর থেকে আলাগা হয়ে যাচ্ছে।

ফেলুদা পকেট থেকে চিকলেট বার করে আমাদের দিয়ে নিজে দুটো মুখে পুরল।

গাড়ির শব্দ ক্রমেই কমে আসছে। এক দুই তিন করে সেকেন্ড গুনে হিসাব করে দেখলাম একটানা প্রায় আধ মিনিট ধরে ব্যাঙ ঝিঝি আর দমকা হাওয়ায় পাতার সরসর ছাড়া আর কোনও শব্দ শোনা যাচ্ছে না।

‘মিডনাইট’, চাপা স্বরে লালমোহনবাবু বললেন।

মিডনাইট কেন বললেন? আমি দু মিনিট আগে হাত বাড়িয়ে আমার রিস্টওয়াচে চাঁদের আলো ফেলিয়ে দেখেছি বেজেছে এগারোটা পঁচিশ। জিঙ্কস করাতে বললেন, ‘না, এমনি বলছি। মিডনাইটের একটা বিশেষ ইয়ে আছে তো!’

‘কী ইয়ে?’

‘গোরস্থানে মিডনাইট তো!—তার একটা বিশেষ ইয়ে আছে। কোথায় যেন পড়িচি।’

‘তখনই ভূত বেরায়?’

লালমোহনবাবু কয়েকবার ‘এক্স’ ‘এক্স’ বলে শেষের বার এক্স-এর ‘স’টাকে সাপের মতো কিছুক্ষণ টেনে রেখে চূপ মেরে গেলেন। আমার পাশে একটা প্রায়-শোনা-যায়-না খচ শব্দ থেকে বুঝলাম ফেলুদা হাতের আড়ালে দেশলাই জ্বালাল। তারপর হাতের আড়ালেই একটা চারমিনার ধরিয়ে হাতের আড়ালেই টান দিয়ে ধোঁয়া ছাড়ল।

আকাশে মেঘ বাড়ছে। গাড়ির আওয়াজ হাওয়া। হাওয়ার আওয়াজ হাওয়া। সব সাড়া, সব শব্দ শেষ। কাছের ঝিঝি ঠাণ্ডা। আমার শরীর ঠাণ্ডা, গলা শুকনো। ঠোঁট চেটে ঠোঁট ভিজল না।

চী-এর পরে একগাদা ঝ-ফলা দিয়ে একটা প্যাঁচা ডেকে উঠল। এক সঙ্গে দুটো থাপ্পড়ের আওয়াজে বুঝলাম লালমোহনবাবু হাত দিয়ে হাইস্পিডে কান ঢাকলেন। ফেলুদা ধীরে ধীরে উঠে দাঁড়াল।

একটা গাড়ি থেমেছে। কতদূরে, সেটা এত রাত্রে বোঝা যাবে না। দরজা বন্ধর শব্দ। মন বলছে শব্দটা উত্তরে পার্ক স্ট্রিট থেকে নয়, পশ্চিমের রডন স্ট্রিট থেকে। ওদিকে গেট নেই, পাঁচিল আছে; পাঁচিলের উপর কাচ বসানো।

আমাদের চোখ তবু লোহার গেটের দিকে। লালমোহনবাবু মুখ খুলতে যাচ্ছিলেন, ফেলুদা আমার কাঁধের উপর দিয়ে হাত বাড়িয়ে ওঁর কাঁধে চাপ দিয়ে থামিয়ে দিল।

কিন্তু কেউ তো আসছে না গেটের দিকে।

হয়তো গাড়ি অন্য কোথাও অন্য কারণে থেমেছে। কত বাড়ি তো রয়েছে চারপাশে। হয়তো কেউ নাইট-শো দেখে ফিরল। আশা করি তাই; তা হলে আর এ-গাড়িটা নিয়ে ভাববার কিছু থাকে না।

ফেলুদা কিন্তু সটান দাঁড়িয়ে আছে, পিছনের দেয়ালের সঙ্গে সঁধিয়ে। তার সামনেই একটা থাম। চারিদিকে বাদুড়ে অন্ধকার। কেউ দেখতে পাবে না আমাদের।

কিন্তু আমরা তাদের দেখব কী করে? যদি তারা এসে থাকে?

দেখবার দরকার নেই। একটু পরেই সেটা বুঝতে পারলাম। চোখের দরকার নেই। কাজ

করবে কান।

ঝুপ...ঝুপ...ঝুপ...ঝুপ...

মাটি খোঁড়ার শব্দ। কিছুক্ষণ চলল শব্দ। আমরা রুদ্ধশ্বাসে শুনিছি।

ঝুপ...ঝুপ...

শব্দ থেমে গেল।

একটা আলো। দূরে দুটো ওবেলিস্কের ফাঁক দিয়ে ঘাসের উপর ক্ষীণ আলো। প্রতিফলিত আলো।

আলোটা স্থির নয়—দুলছে, নড়ছে, খেলছে। টর্চের আলো।

এবার নিভে গেল।

‘পাঁচিল টপকে এসেছে’ দাঁত চিপে মন্তব্য করল ফেলুদা। তারপর বলল, ‘ফলো করবা,’ বুঝলাম আবার গাড়ির আওয়াজের অপেক্ষা করছে ফেলুদা।

এক মিনিট।

দু মিনিট, তিন মিনিট, চার মিনিট।

‘স্ট্রেঞ্জ!’ বলল ফেলুদা।

কোনও শব্দ আসছে না আর পার্ক স্ট্রিট থেকে। রডন স্ট্রিট থেকেও না। যে গাড়িটা এসেছিল সেটা থেমেই আছে। তা হলে?

আরও দু মিনিট গেল। আবার মেঘে ফটল। চাঁদ বেরোল। কেউ কোথাও নেই।

‘ধর এটা—’

ফেলুদা তার ঝোলাটা আমায় দিয়ে ঘাসে নামল। যদিকে আলোটা দেখেছিলাম সেদিকে এগিয়ে গেল। ভয় নেই—ওর পকেটে কোল্ট ৩২। মন বলছে শিগগিরই তার গর্জনে এই গোরস্থানের জমাট নিস্তব্ধতা খান-খান হতে চলেছে। কিন্তু পা যে খোঁড়া ওর! সামান্য হলেও খোঁড়া। কেন যে সর্দারি করে নিজে জুতো সারাতে গেল জানি না।

কিন্তু কই? কোল্টের গর্জন?

‘ভুল করলেন,’ ঘড়ঘড়ে গলায় বললেন জটায়ু। ‘তোমার দাদা ভুল করলেন।’

আর যেন কথা না বলেন তাই আমি জিভ দিয়ে সাপের শব্দ করে ওকে থামিয়ে দিলাম। ফেলুদা কয়েক পা এগিয়ে গিয়েই অন্ধকারে মিলিয়ে গেছে। কী ঘটছে ওই সমাধিস্তম্ভগুলোর মধ্যে কিছুই বুঝতে পারছি না। একটা শব্দ পাওয়া গেল কি? কানের ভুল নিশ্চয়ই।

মিডনাইট? এটা কোন ঘড়ি? সেন্ট পলস্? হাওয়া ওদিক থেকেই। পশ্চিমে হাওয়া হলে রাস্তিরে আলিপুরের চিড়িয়াখানার সিংহের গর্জন শোনা যায় আমাদের বালিগঞ্জের বাড়ি থেকে।

ওই যে গাড়ির শব্দ!

দরজা বন্ধ হল। স্টার্ট নিল। তারপর হুস্।

আর বসে থাকা যায় না। ভয় করছে না; শুধু ভাবনা।

উঠে পড়লাম দুজনেই। লালমোহনবাবুর বিড়বিড়ানিতে কান দেব না; সময় নেই।

এগিয়ে গেলাম দ্রুত পায়ের। মেরি এলিসের কবর। কবরের দেয়ালে হাত ঘষে ঘষে এগোচ্ছি। জটায়ু আমার শার্ট খামচে আছেন পিছন থেকে। পায়ের তলায় ঘাস এখনও ভিজে, এখনও ঠাণ্ডা।

জন মার্টিনের কবর। সিনথিয়া কোলেট। ক্যাপ্টেন এভানস। এবার একটা ওবেলিস্ক। কালো ফলকের উপরে—

খচ্—

পায়ের তলায় কী জানি পড়ল। মৃদু শব্দ করে চেপটে গেল। পা সরিয়ে নীচের দিকে

চাইলাম। চাঁদের আলো রয়েছে। হাতে তুলে নিলাম জিনিসটা।

চারমিনারের প্যাকেট।

খালি না। অনেক সিগারেট রয়েছে ভিতরে। সব চ্যাপটা। ফেলুদা—

আর কিছু মনে নেই—কেবল মুখের উপর একটা চাপ, আর লালমোহনবাবুর এক চিলতে আত্ননাদ।

১২

জ্ঞান হয়ে প্রথমই মনে হল পুরীর সমুদ্রের ধারে রয়েছে। এত হাওয়া সমুদ্রের ধারেই হয়। কান ঠাণ্ডা, নাক ঠাণ্ডা, চুল উড়ছে।

কিন্তু জল কোথায়? বালি? ঢেউ কোথায়? এ গর্জন তো ঢেউয়ের গর্জন নয়; এ তো চলন্ত গাড়ির শব্দ। অন্ধকারের মধ্যে খোলা রাস্তা দিয়ে ছুটে চলেছি আমরা। গাড়ির পিছনে বসে আছি আমি। আমি মাঝখানে, ডান পাশে লালমোহনবাবু, বাঁয়ে যে লোক তাকে চিনি না, দেখিনি কখনও। সামনে ড্রাইভারের মাথায় পাগড়ি, তার পাশে আরেকটা লোক। কেউ কথা বলছে না।

একটু মাথা তুলতেই পাশের লোকটা ঘাড় ফিরিয়ে দেখল। আধা-গুণ্ডা টাইপের চেহারা। কোনও ধমক দিল না। কেন দেবে? আমাদের ভয় করার তো কোনও কারণ নেই। আমাদের কাছে কোনও হাতিয়ার নেই। হাতিয়ার ফেলুদার কাছে। সে এ গাড়িতে নেই। সে কোথায় জানি না।

কিন্তু ফেলুদার সেই ঝোলাটা?

আমার মাথার পিছনে, কাচের সামনের তাকটায়। ঝোলার স্ট্র্যাপটা আমার গালের পাশ অবধি ঝুলে আছে।

‘মিডনাইট’, পাশ থেকে বলে উঠলেন জটায়ু। আমি আড়চোখে দেখলাম ওঁর চোখ এখনও বোজা।

‘মিডনাইট, মা!—জয় মা, মা সন্তোষী!...মিডনাইট...’

‘বকো মং!’ পাশের লোক শাসাল।

আবার ঝিমুনি। আবার অন্ধকার। গাড়ির শব্দ মিলিয়ে এল...

এর পর আবার যখন চোখ খুলল তখন মনে বলছে দেখব কোনও মন্দিরের ভিতর বসে আছি। না, মন্দির না—গির্জা। এ তো পিতলের দিশি ঘণ্টা নয়। এ—সুর বিলিতি।

কিন্তু দেখলাম এটা মন্দির নয়। এটা বৈঠকখানা। মাথার উপর ঝাড় লণ্ঠন, তবে সেটা জ্বলছে না। ঘরে আলো বেশি নেই—কেবল একটা ল্যাম্প। সেটা একটা মখমলে মোড়া সোফার পাশে একটা টেবিলের উপর রাখা। আমিও বসে আছি মখমলের সোফায়। বসে না; আধ-শোয়া। আমার পাশেই লালমোহনবাবু। তাঁর চোখ বন্ধ। আমার ডান দিকে পরের সোফাটায় বসে আছে ফেলুদা। তার মুখ গভীর। তার কপালের ডান দিকে একটা অংশ কালো হয়ে ফুলে আছে। বাঁয়ে আমাদের দিকে মুখ করে দাঁড়িয়ে একটা লোক, যাকে আমরা পেয়ারেলাল বলে চিনি। তাঁর হাতে রিভলভার। কোল্ট .৩২। নির্যাত ফেলুদারটা।

আরও তিনজন লোক দাঁড়িয়ে আছে আমাদের দিকে মুখ করে। কেউ কোনও কথা বলছে না। কথা বলার লোক বোধহয় এখনও আসেনি। আমাদের সামনে সবচেয়ে যে বড় সোফা, যার মখমলের রং কালো, সেটা এখনও খালি। মনে হয় সেটা কারুর অপেক্ষায় রয়েছে। বোধহয় মিস্টার চৌধুরী। কিন্তু এটা আলিপূরের কোনও হালের বাড়ি নয়। এ বাড়ি আদ্যিকালের। এর ৬৩৬

সিলিং বিশ হাত উঁচু। লোহার কড়িবরগা। এর দরজা দিয়ে ঘোড়া ঢুকে যায়।

আরও আছে। ঘড়ি। ঝুলোনো আর দাঁড়ানো ঘড়ি। তার মধ্যে একটা প্রায় দেড় মানুষ উঁচু, আমার ডান দিকে। এই ঘড়িগুলোই বাজছিল একটু আগে। এখনও মাঝে মাঝে বেজে উঠছে। রাত দুটো।

ফেলুদার সঙ্গে একবারই চোখাচোখি হয়েছে। ওর চোখের ভাষাটা আমি জানি বলেই ভরসা পেয়েছি। ওর চোখ বলছে ঘাবড়াসনি, আমি আছি।

‘গুড মর্নিং, মিস্টার মিটার!’

বিলিতি নিয়মে রাত বারোটোর পরেই মর্নিং।

ভদ্রলোককে দেখতে পাইনি, কারণ ল্যাম্পের ঠিক পিছন দিকের দরজা দিয়ে ঢুকেছেন। এখনও মখমল। আগের বার যা দেখেছিলাম তার চেয়েও বেশি। না হবার কোনও কারণ নেই। এখন উনি আপ, ফেলুদা ডাউন।

‘ওতে কী আছে পেয়ারেলাল? ওটা সার্চ করা হয়েছে ভাল করে?’

ভদ্রলোকের চোখ গেছে ফেলুদার ঝোলার দিকে। ওটা যে কখন ফেলুদার কাছে চলে গেছে জানি না।

পেয়ারেলাল জানাল যে ওতে বই খাতা আর ছবি ছাড়া আর কিছু নেই। একটা বোতল ছিল, সরিয়ে রাখা হয়েছে।

‘কিছু মনে করবেন না এইভাবে ধরে আনার জন্য’—গলায় একটু বেশি পালিশ দিয়ে ফেলুদাকে উদ্দেশ্য করে কথাটা বললেন মিঃ চৌধুরী। ‘ভাবলাম পেরিগ্যাল রিপিটার সম্পর্কে যখন আপনার এতই কৌতূহল, তখন জিনিসটা আমার হাতে এসে পড়ার মুহূর্তে আপনি থাকলে হয়তো খুশিই হবেন।—কেয়া বলওয়ন্ত, সাফা হুয়া ঘড়ি?’

একজন ভৃত্য মাথা নেড়ে বলল, ঘড়ি সাফা হয়ে এল, এক্ষুনি আসবে।

‘টু হান্ড্রেড ইয়ারস গ্রেডের মধ্যে পড়েছিল,’ বললেন মিঃ চৌধুরী। ‘উইলিয়াম এ কথাটা আগে আমাকে বলেনি। বলেছে তার কাছে পেরিগ্যাল ঘড়ি আছে। অথচ আনব-আনব করে দেরি করছে। তারপর চাপ দিতে বলল ঘড়ি আছে মাটির নীচে তাই দেরি হচ্ছে। ডেডবডির পাশে পড়েছিল তাই বললাম বুরুশ দিয়ে ঝাড়ুন দিয়ে সাফা না করে আমার কাছে আনবে না। ডেটলের পৌছ দিয়ে দেবার কথাও বলেছি।’

ফেলুদা সটান চেয়ে আছে মিঃ চৌধুরীর দিকে। মুখ দেখে তার মনের ভাব বোঝার উপায় নেই। আমাদের ক্লোরোফর্ম দিয়ে অজ্ঞান করেছিল; ওকে মাথায় বাড়ি মেরে।

‘আপনি কোথেকে জানলেন এ ঘড়ির কথা মিঃ মিটার?’ প্রশ্ন করলেন মহাদেব চৌধুরী।

‘উনবিংশ শতাব্দীর একটা ডায়রি থেকে। যার ঘড়ি তার মেয়ের ডায়রি।’

‘ডায়রি? চিঠি না?’

‘না, ডায়রি।’

মিঃ চৌধুরী তার বিলিতি সিগারেটের প্যাকেটটা বার করেছেন পকেট থেকে, আর সেইসঙ্গে সোনার লাইটার আর সোনার হোল্ডার।

‘আপনার সঙ্গে উইলিয়ামের পরিচয় নেই?’ হোল্ডারে সিগারেট ঢোকালেন মিঃ চৌধুরী।

‘উইলিয়াম নামে আমি কাউকে চিনি না।’

ফস করে মিঃ চৌধুরীর ডানহিল লাইটার জ্বলে উঠল।

‘তা হলে ওই ডায়রি পড়েই আপনার ঘড়িটার উপর লোভ হয়েছিল?’

‘লোভ জিনিসটা তো আপনার একচেটিয়া, মিঃ চৌধুরী।’

মখমলের উপর মেঘের ছায়া। দুই আঙুলে ধরা হোল্ডারটা ঈষৎ কাঁপছে।

‘আপনি মুখ সামলে কথা বলবেন, মিঃ মিটার!’

‘সত্যি কথা বলতে আমি মুখ সামলাই না, মিঃ চৌধুরী। আমার উদ্দেশ্য ছিল ঘড়ি যাতে গডউইনের কবরেই থাকে; আপনার মতো লোকের হাতে—’

ফেলুদার কথা শেষ হল না। একজন লোক হাতে একটা সিলেক্টর রুমালের উপর একটা জিনিস এনে মিঃ চৌধুরীকে দিল। চৌধুরী জিনিসটা হাতে তুলে নেবার সঙ্গে সঙ্গে আমার পাশ থেকে একটা গোঙানির শব্দ উঠল—

‘আঁ...আঁ...আঁ...আঁম্...’

লালমোহনবাবুর জ্ঞান হয়েছে, আর হয়েছে মিঃ চৌধুরীর হাতের জিনিসটা দেখেছেন। জিনিসটা তিনি খুব ভাল করেই চেনেন।

মিঃ চৌধুরীর অবস্থা যে কী হল সেটা আমার পক্ষে লিখে বোঝানো খুব মুশকিল। ফেলুদাকেই বলতে শুনেছি যে গানের সাত সুর আর রামধনুর সাত রঙের মধ্যে একটা সম্পর্ক আছে, কিন্তু একটা মানুষের গলায় আর মুখে এত কম সময়ে এত রকম সুর আর এত রকম রং খেলতে পারে সেটা ভাবতে পারিনি। গালাগাল যা বেরোল মানুষটার মুখ দিয়ে সেটা শোনা যায় না, বলা যায় না, লেখা যায় না। ফেলুদা অবিশ্যি নির্বিকার। আমি বুঝতে পারছি এটা তারই কীর্তি; কাল যখন দুপুরে দশ মিনিটের জন্য সে গোরস্থানে ঢুকেছিল তখনই সে এ কাজটা করে এসেছে। কিন্তু আসল ঘড়ি কি তা হলে নেই?

কুককেলভির ঘড়িটাকে মিঃ চৌধুরী উন্মাদের মতো ছুঁড়ে ফেলে দিলেন তার ডান পাশে খালি সোফাটার দিকে। আর তার পরেই তিনি হুঙ্কার দিয়ে উঠলেন—

‘উইলিয়াম সাহাবকো বোলাও!—আর উয়ো রিভলভার দেও হামকো!’

পেয়ারেলাল রিভলভারটা মিঃ চৌধুরীর হাতে দিয়ে বেরিয়ে গেল ঘর থেকে। মিঃ চৌধুরী দু-একবার ‘স্কাউন্ড্রেল’ ‘সুইন্ডলার’ ইত্যাদি বলে সোফা ছেড়ে উঠে অত্যন্ত অসহিষ্ণু ভাবে পায়চারি শুরু করলেন।

এবার পেয়ারেলাল সেই পিছনের দরজাটা দিয়ে আরেকটা লোককে সঙ্গে নিয়ে ঢুকল। আবছা অন্ধকারে দেখলাম কাঁধ অবধি লম্বা মাথার চুল আর ঠোঁটের দুপাশে ঝুলে থাকা গোঁফ। পরনে প্যান্ট, শার্ট আর সুতির কোট।

‘কী ঘড়ি নিয়ে এসেছ তুমি কবর খুঁড়ে?’ বজ্রগম্ভীর গলায় প্রশ্ন করলেন মিঃ চৌধুরী। তিনি আবার সোফায় গিয়ে বসেছেন, তাঁর হাতে এখনও রিভলভার, দৃষ্টি এখনও ফেলুদার দিকে।

‘যা পেয়েছি তাই এনেছি, মিঃ চৌধুরী’—আগন্তুক কাতর স্বরে জবাব দিল। ‘আপনাকে ঠকিয়ে কি আমি পার পাব? আপনি এত বড় এক্সপার্ট!’

‘তা হলে সে চিঠির কথা কি মিথ্যে?’ ঘর কাঁপিয়ে প্রশ্ন করলেন মহাদেব চৌধুরী।

‘তা কী করে জানব মিঃ চৌধুরী? ওটার উপর ভরসা করেই তো সব কিছু। এই তো সেই চিঠি—দেখুন না।’

আগন্তুক একটা পুরনো চিঠি বার করে মিঃ চৌধুরীর হাতে দিল। চৌধুরী সেটায় চোখ বুলিয়ে বিরক্তভাবে সেটাকেও ছুঁড়ে ফেলে দিলেন পাশের সোফার উপর, আর ঠিক সেই সময় হেসে উঠল ফেলুদা। প্রাণখোলা হাসি। এমন হাসি ওকে অনেকদিন হাসতে দেখিনি।

‘হাসির কী পেলেন আপনি মিঃ মিটার?’ গর্জন করে উঠলেন মহাদেব চৌধুরী। কোনওমতে হাসিটাকে একটু চেপে ফেলুদা উত্তর দিল—

‘আপনার এত নাটকীয় আয়োজন সব ভেসে গেল দেখে হাসি পেল, মিঃ চৌধুরী।’

চৌধুরী রিভলভার হাতে আবার সোফা ছেড়ে উঠে পুরু কার্পেটের উপর দিয়ে নিঃশব্দে হেঁটে এগিয়ে এলেন ফেলুদার দিকে।

‘আমার নাটক কি শেষ হয়ে গেছে ভাবছেন, মিঃ মিটার? আসল ঘড়ি যে আপনার কাছে নেই তার কী বিশ্বাস? আপনি তো গোরস্থানে অনেকবার গেছেন। আজও তো উইলিয়ামের আগে আপনি পৌঁছেছেন। আপনার কাছে ঘড়ি থাকলে সে ঘড়ি হাত না করে কি আমি ছাড়ব? আপনি যেখানে সেটা লুকিয়ে এসেছেন সেখান থেকে আপনাকেই সেটা বার করে দিতে হবে মিঃ মিটার। আর ঘড়ি যদিও নাও থেকে থাকে—এই চিঠি যদি মিথ্যে হয়ে থাকে—তা হলেও যে আমি আপনাকে ছেড়ে দেব এটা কী করে ভাবছেন? আপনার সব ব্যাপারে নাক গলানোর অভ্যাসটা যে আমার পক্ষে বড় অসুবিধাজনক, মিঃ মিটার! কাজেই, নাটক ফুরিয়েছে কী বলছেন? নাটক তো সবে শুরু!’

ফেলুদার গলায় এবার আমার একটা খুব চেনা সুর দেখা দিল। এটা ও নাটকের চরম মুহূর্তে ব্যবহার করে। লালমোহনবাবু বললেন, এ সুরটা নাকি ওঁকে তিব্বতি শিঙার কথা মনে করিয়ে দেয়।

‘আপনি ভুল করছেন, মিঃ চৌধুরী। নাটক এখন আমার হাতে, আপনার হাতে নয়। এই মুহূর্ত থেকে আমি নাটকটা চালাব। আমিই বিচার করব আপনাদের দুজনের মধ্যে কার অপরাধ বেশি—আপনার, না যিনি উইলিয়াম বলে—’

ঘরে তোলপাড় ব্যাপার। উইলিয়াম একটা প্রচণ্ড লাফ দিয়ে তার সামনে দাঁড়ানো পেয়ারেলালকে এক ঘূঁষিতে ধরাশায়ী করে বাইরের দরজার দিকে ধাওয়া করেছে। চৌধুরীর রিভলভারের গুলি তাকে হাত দু-একের জন্য মিস করে দরজার বাঁ দিকের একটা দাঁড়ানো ঘড়ির কাচের ডায়াল খানখান করে দিল; আর সবাইকে অবাক করে সেই সঙ্গে শুরু হয়ে গেল সেই জখম ঘড়ির ঘণ্টাধ্বনি।

মিস্টার উইলিয়ামকে ধরতে আরও দুজন লোক ছুটছে; কিন্তু তারা বেশি দূর যেতে পারল না। তাদের পথ আটকেছে কয়েকজন সশস্ত্র লোক। তারা এবার উইলিয়াম সমেত সকলকে নিয়ে বৈঠকখানায় এসে ঢুকল। সামনের ভদ্রলোককে দেখে বলে দিতে হয় না ইনি একজন পুলিশ ইনস্পেক্টর। সঙ্গে আরও পাঁচজন পুলিশ কনস্টেবল ইত্যাদি, আর সবার পিছন দিয়ে সাগ্রহে উঁকি দিচ্ছেন লালমোহনবাবুর ড্রাইভার হরিপদ দত্ত।

‘সাবাস, হরিপদবাবু,’ বলল ফেলুদা।

‘আপনিই তো ফেলু মিস্তির?’ ঠিক লোকের দিকে চেয়েই প্রশ্নটা করলেন ইনস্পেক্টর মশাই। ‘কী ব্যাপার বলুন তো? মিঃ চৌধুরীকে তো চিনি—কিন্তু ইনি কে, যিনি পালাচ্ছিলেন?’

ফেলুদা এর উত্তর দেবার আগে হতভম্ব মহাদেব চৌধুরীর হাত থেকে নিজের রিভলভারটি অনায়াসে বার করে নিয়ে বলল, ‘থ্যাঙ্ক ইউ, মিঃ চৌধুরী—এবার আপনি কাইন্ডলি আপনার নিজের জায়গায় গিয়ে বসুন তো। নাটকের বাকি অংশটা দেখার সুবিধে হবে। আর তা ছাড়া আপনাকে কালো মখমলে মানায় বড় ভাল। আর মিস্টার উইলিয়াম’—ফেলুদার দৃষ্টি ঘুরে গেছে—‘আপনার চুল আর গোঁফটাতে কিন্তু আপনাকে ছবছ আপনার প্রপিতামহের মতো দেখাচ্ছে। ও দুটো খুলবেন কি দয়া করে?’

পুলিশ টান দিতেই উইলিয়ামের গোঁফ আর পরচূলা খুলে এল, আর অবাক হয়ে দেখলাম উইলিয়ামের জায়গায় দাঁড়িয়ে আছেন নরেন বিশ্বাসের ভাই গিরীন বিশ্বাস!

‘এবার বলুন তো মিঃ বিশ্বাস,’ বলল ফেলুদা, ‘আপনার পুরো নামটা কী?’

‘কেন; আমার নাম আপনি জানেন না?’

‘আপনার এখন দুটো নাম জানা যাচ্ছে। এই দুটো জুড়েই বোধহয় আপনার আসল নাম, তাই না? উইলিয়াম গিরীন্দ্রনাথ বিশ্বাস—তাই না? অন্তত প্রেসিডেন্সি কলেজ ম্যাগাজিনে গোল্ড মেডালিস্টদের তালিকায় তো তাই বলছে। আর আপনার ভাইয়ের নাম বলছে মাইকেল





নরেন্দ্রনাথ বিশ্বাস। ভিজিটিং কার্ডের ‘এমটা হয়ে যাচ্ছে মাইকেল, তাই না? আপনারা বাংলা নামটা ব্যবহার করতেন বলেই বোধহয় নরেনবাবু ভিজিটিং কার্ডে “এম. এন” না ছেপে “এন. এম” ছেপেছিলেন—তাই না?’

গিরীনবাবু চুপ। বোঝাই যাচ্ছে ফেলুদা ঠিকই বলেছে।

‘আপনার দাদা আপনাকে কী বলে ডাকেন, মিঃ বিশ্বাস?’

‘তাতে আপনার কী প্রয়োজন?’

‘আপনি যখন বলবেন না, তখন আমিই বলছি। উইল। উইল বলে ডাকেন আপনার দাদা। হাসপাতালে জ্ঞান হবার পর তিনি আপনারই নাম উচ্চারণ করেছিলেন দুবার—তাই না?’

এবার ফেলুদা লাল খামটা থেকে একটা বড় ছবি টেনে বার করল। ‘দেখুন তো গিরীনবাবু এঁদের চেনেন কি না। এ ছবি হয়তো আপনাদের বাড়িতেও নেই। কিন্তু বোর্ন অ্যান্ড শেপার্ডে ছিল।’

স্বামী-স্ত্রীর ছবি। যাকে বলে ওয়েডিং গ্রুপ। ভদ্রলোকের চেহারার সঙ্গে গিরীনবাবুর চেহারার আশ্চর্য মিল। আর ভদ্রমহিলা মেমসাহেব।

ফেলুদা বলল, ‘চিনতে পারছেন এঁদের? ইনি হচ্ছেন পার্বতীচরণ—অর্থাৎ পি সি বিশ্বাস, আপনার প্রপিতামহ। ইনি যে ক্রিস্চান হয়েছিলেন সেটা তো এঁর পোশাক দেখেই বোঝা যাচ্ছে। আর এই মহিলাটি হচ্ছেন টমাস গডউইনের নাতনি—ওই চিঠিটা যিনি লিখেছেন তিনি—ভিক্টোরিয়া গডউইন। এঁর কুমারী অবস্থার ছবিও বোর্ন অ্যান্ড শেপার্ডে রয়েছে। এই ভিক্টোরিয়া আপনার প্রপিতামহের মতো একজন নেটিভ ক্রিস্চানকে ভালবেসে তার ঠাকুরদাদার বিরাগভাজন হয়েছিলেন। কিন্তু মৃত্যুশয্যা টম গডউইন ভিক্টোরিয়াকে ক্ষমা করে যান। তার এক বছর পরেই পার্বতীচরণ ভিক্টোরিয়াকে বিয়ে করেন। তার মানে হচ্ছে এই যে, কলকাতায় একটি নয়, দুটি পরিবারের সঙ্গে টম গডউইনের নাম জড়িত রয়েছে—একটি রিপন লেনে, আরেকটি নিউ আলিপুরে। আর আশ্চর্য এই যে, দুজনের কাছেই এমন দলিল রয়েছে যাতে টমাসের ঘড়ির উল্লেখ রয়েছে। এক হল ভিক্টোরিয়ার এই চিঠি, আর আরেক হল টমাসের মেয়ে শার্লট গডউইনের ডায়েরি।’

আশ্চর্য ঘটনা! গল্পকে হার মানায়। ভিক্টোরিয়ার লেখা চিঠির একটা তাড়া বহুকাল থেকেই নাকি নরেনবাবুদের বাড়িতে রয়েছে পুরনো ট্রান্সের মধ্যে, কিন্তু কেউ গরজ করে পড়েনি। পুরনো কলকাতা নিয়ে লিখতে শুরু করার পর নরেনবাবু চিঠিগুলো পড়েন। তখনই টমাস গডউইনের ঘড়ির ঘটনাটা জানতে পারেন, আর ভাইকে সে সম্বন্ধে বলেন।

গিরীনবাবু ফেলুদার জেরার ঠেলায় কাহিল, কিন্তু এখনও তাকে রেহাই দেবার সময় আসেনি। ফেলুদা হঠাৎ প্রশ্ন করল—

‘আপনার কি রেসের মাঠে যাবার অভ্যাস আছে, মিঃ বিশ্বাস?’

ভদ্রলোক কিছু বলার আগে মিঃ চৌধুরী খঁকিয়ে উঠলেন।

‘আমার কাছ থেকে টাকা আগাম নিয়ে সব ঘোড়ার পিছনে খুইয়েছে, আর এখন কবর খুঁড়ে কুককেলভির ঘড়ি এনে হাজির করেছে—অকর্মা কোথাকার!’

ফেলুদা চৌধুরীর কথায় কান না দিয়ে গিরীনবাবুকেই উদ্দেশ্য করে বলে চলল, ‘তার মানে টম গডউইনের একটি গুণ আপনি পেয়েছেন! আর সেই কারণেই বোধহয় এত বড় একটা ঝুঁকি নিয়েছিলেন?’

উত্তরটা এল বেশ ঝাঁজের সঙ্গে।

‘মিঃ মিস্ত্রি, আপনি ভুলে যাচ্ছেন যে, একশো বছর পেরিয়ে গেলে কবরের ভিতরের কোনও জিনিসের উপর কোনও ব্যক্তিবিশেষের আর কোনও অধিকার থাকে না। ওই ঘড়িটা ৬৪২

এখন আর টম গডউইনের সম্পত্তি নয়।’

‘সেটা জানি মিঃ বিশ্বাস। ও ঘড়ি সরকারের সম্পত্তি, আপনারও নয়। কিন্তু কথাটা হচ্ছে, আপনার অপরাধ তো শুধু ঘড়ি চুরির চেষ্টা নয়, অন্য অপরাধও যে আছে।’

‘কী অপরাধ?’ গিরীন বিশ্বাস এখনও একগুঁয়ে ভাব করে চেয়ে আছেন ফেলুদার দিকে।

এবার ফেলুদা তার পকেট থেকে ছোট্ট একটা জিনিস বার করল।

‘দেখি তো, এই বোতামটা আপনার ওই কোটটা থেকেই পড়েছে কি না—যে কোটটা আপনি এই দুদিন আগে হংকং লন্ড্রি থেকে নিয়ে এলেন।’

ফেলুদা বোতাম নিয়ে এগিয়ে গেল।

‘এই দেখুন, মিলে যাচ্ছে।’

‘তাতে কী প্রমাণ হল?’ প্রশ্ন করলেন গিরীনবাবু। ‘এটা খুলে পড়ে যায় গোরস্থানে। আমি তো অস্বীকার করছি না যে সেখানে গিয়েছিলাম।’

‘আমি যদি বলি এটা আপনার কোট নয়, আপনার দাদার কোট, তা হলে স্বীকার করবেন কি?’

‘কী আবোল-তাবোল বকছেন আপনি?’

‘আবোল-তাবোল আমি বকছি না, মিঃ বিশ্বাস, আপনি বকছেন। কাল আমার বাড়িতে এসে বকেছেন, আবার এখানে বকছেন। এ কোট আপনার দাদার। এটা পরে তিনি গোরস্থানে গিয়েছিলেন সেই ঝড়ের দিন। গিয়ে দেখেন গডউইনের কবর খোঁড়া হচ্ছে, আপনি রয়েছেন। তিনি আপনাকে বাধা দিতে যান। আপনি তার মাথায় বাড়ি মারেন—লাঠি বা ওই জাতীয় কিছু দিয়ে। নরেনবাবু অজ্ঞান হয়ে পড়েন। আপনি হয়তো তাকে মেরেই ফেলতেন, কিন্তু সেই সময় ঝড়টা আসে। আপনি পালাতে যান। গাছ পড়ে—’

গিরীনবাবু আবার বাধা দিলেন।

‘আমার দাদাকে আপনি মিথ্যেবাদী বানাতে চান? তিনি বলেছেন তাঁর মাথায় গাছের ডাল—’

কিন্তু ফেলুদার কথা আটকানো এখন সহজ নয়। সে বলেই চলল—

‘গাছের ডাল ভেঙে পড়ে আপনার পিঠে। আপনার গায়ে কোট ছিল না। পিঠের জখম ঢাকবার জন্য আপনি দাদার কোট খুলে নিজে পরেন। কোটের বোতাম ছিঁড়ে যায়, পকেট থেকে মানিব্যাগ পড়ে যায়। আপনার নিজের পকেট থেকে রেসের বই—’

গিরীনবাবু আবার পালাতে চেষ্টা করলেন, কিন্তু পারলেন না। এবার ফেলুদাই তাঁকে ধরে তাঁর কোটটা খুলে দিয়ে দেখিয়ে দিল তাঁর টেবিলিনের শার্টের নীচে ব্যান্ডেজটা।

‘আপনার দাদা আপনাকে বাঁচাবার জন্য অনেক মিথ্যে বলেছেন গিরীনবাবু, কারণ তিনি আপনাকে অত্যন্ত বেশিরকম স্নেহ করতেন।’

ফেলুদা এবার তার ঝোলাটায় কুককেলভির ঘড়িটা আর ভিক্টোরিয়ার চিঠিটা ভরে নিয়ে, সেটা কাঁধে নিয়ে হতভম্ব মিঃ চৌধুরীর দিকে ফিরে বলল, ‘আপনার সব ঘড়িতে এক সঙ্গে বারোটা বাজলে কেমন শোনায়, সেটা শোনার আর সুযোগ হল না। হবে হয়তো একদিন।’

তিনবার ডাকার পর জটায়ু উঠলেন। তিনি যে এর ফাঁকে আবার হুঁশ হারিয়ে নাটকের আসল দৃশ্যটাই মিস্ করে গেছেন সেটা এতক্ষণ বুঝতে পারিনি।

* * *

‘এসব লোককে দাবিয়ে রাখা যায় না রে। পুলিশও কিছু করতে পারে না। মহাদেব চৌধুরীর মতো লোকগুলো হল এক-একটা হিটলার। কাজ গুছিয়ে নিতে এরা কত লোককে যে টাকার জোরে হাতের মুঠোর মধ্যে রাখে তার ঠিক নেই।’

আমরা তিনজনে পেনেটির গঙ্গার ঘাটে এসে বসেছি। চৌধুরীর বাড়ি থেকে মিনিট পাঁচেকের পথ এই ঘাট। পূর্ব আকাশের রং দেখে মনে হচ্ছে সূর্য এই উঠল বলে। হরিপদবাবু অক্ষরে অক্ষরে ফেলুদার নির্দেশ পালন না করলে আজ আমাদের কী দশা হত জানি না তো। (লালমোহনবাবু বললেন গঙ্গাপ্রাপ্তি)। একজন লোকের কতখানি দায়িত্বজ্ঞান থাকলে তবে আমাদের গাড়ির পিছনে ধাওয়া করে এসে সটান গিয়ে থানায় খবর দেয়, সেটা ভাবতে অবাক লাগছে। লালমোহনবাবু হরিপদবাবুরই এনে দেওয়া ভাঁড়ের চায়ে একটা চুমুক দিয়ে বললেন, ‘গাড়ি কেনার ফলটা আশা করি টের পেলেন?’

‘মোক্ষমভাবে’, বলল ফেলুদা। ‘আপনার গাড়ির উপর অনেক অত্যাচার হয়েছে এই তিন দিনে। আজ শহরে ফিরে দুটো জায়গায় যাবার পর আর বেশ কিছুদিন ও গাড়ির ওপর জুলুম করব না।’

‘দুটো জায়গা মানে?’

‘এক হল নরেনবাবুর বাড়ি। তাকে খবরটা আর সেই সঙ্গে এই চিঠিটা ফেরত দেওয়া দরকার।’

‘আর দ্বিতীয়?’

‘সাউথ পার্ক স্ট্রিট গোরস্থান।’

‘আ-হাবা-র!’

‘কী সাবধানে পা ফেলতে হয়েছে জানিস্ তোপ্সে? এর জন্যে জুত করে লড়তে পারলাম না লোকগুলোর সঙ্গে!’

ফেলুদা তার বাঁ পায়ের হান্টিং বুটটা খুলে তার ভিতর হাত ঢুকিয়ে প্রথমে বার করল তার তৈরি ফল্‌স সুকতলা, যার তলায় খোপ, যার মধ্যে তুলোর মোড়কে লুকিয়ে আছে একটি আশ্চর্য জিনিস, এত হলস্থূল কাণ্ডের মধ্যেও যার শুধু কাচটি ছাড়া আর সবই অক্ষত, অটুট রয়েছে।

‘এটা যথাস্থানে ফেরত দিতে হবে না?’

ফেলুদার হাতে বুলছে টমাস গডউইনকে তার রান্নার জন্যে দেওয়া লখনৌ-এর নবাব সাদাত আলির প্রথম বকশিশ—ইংল্যান্ডের অন্যতম শ্রেষ্ঠ কারিগর ফ্রানসিস পেরিগ্যালের তৈরি রিপিটার পকেট ঘড়ি—দুশো বছর তার মালিকের কঙ্কালের পাশে ভূগর্ভে থেকেও যার জৌলুস সূর্যের প্রথম আলোতে এখনও আমাদের চোখ ধাঁধিয়ে দিচ্ছে।



ছিন্নমস্তার অভিশাপ

১

রহস্য-রোমাঞ্চ উপন্যাসিক লালমোহন গঙ্গুলী ওরফে জটায়ু চোখের সামনে থেকে বইটা সরিয়ে ফেলুদার দিকে ফিরে বললেন, ‘রামমোহন রায়ের নাতির সার্কাস ছিল সেটা জানতেন?’

ফেলুদার মুখের উপর রুমাল চাপা, তাই সে শুধু মাথা নাড়িয়ে না জানিয়ে দিল।

প্রায় দশ মিনিট ধরে পর্বতপ্রমাণ খড়বোঝাই লরি আমাদের যে শুধু পাশ দিচ্ছে না তা নয়, সমানে পিছন থেকে রেলগাড়ির মতো কালো ধোঁয়া ছেড়ে প্রাণ অতিষ্ঠ করে তুলেছে। লালমোহনবাবুর গাড়ির ড্রাইভার হরিপদবাবু বার বার হর্ন দিয়েও কোনও ফল হয়নি। লরির পিছনের ফুলের নকশা, নদীতে সূর্য অস্ত যাওয়ার দৃশ্য, হর্ন প্লিজ, টা-টা গুডবাই, থ্যাঙ্ক ইউ সব মুখস্থ হয়ে গেছে। লালমোহনবাবু সার্কাস সম্বন্ধে বইটা কিছুদিন হল জোগাড় করেছেন; অনেক দিন আগের লেখা বই, নাম বাঙালির সার্কাস। বইটা ওঁর ঝোঁলার মধ্যে ছিল, লরির জ্বালায় সামনে কিছু দেখবার জো নেই বলে সেটা বার করে পড়তে শুরু করেছেন। ইচ্ছে আছে সার্কাস নিয়ে একটা রহস্য উপন্যাস লেখার তাই ফেলুদার পরামর্শ অনুযায়ী বিষয়টা নিয়ে একটু পড়াশুনা করে রাখছেন। সার্কাসের কথা অবিশ্যি এমনিতেই হচ্ছিল, কারণ আজ সকালেই রাঁচি শহরে দ্য গ্রেট ম্যাজেস্টিক সার্কাসের বিজ্ঞাপন দেখেছি। হাজারিবাগে এসেছে সার্কাস, আর আমরা যাচ্ছিও হাজারিবাগেই। ওখানে সন্কেবেল আর কিছু করার না থাকলে একদিন গিয়ে সার্কাস দেখে আসব সেটাও তিনজনে প্ল্যান করে রেখেছি।

শীতের মুখটাতে কোথাও একটা যাবার ইচ্ছে ছিল; লালমোহনবাবুর নতুন বই পুজোয় বেরিয়েছে, তিন সপ্তাহে দু হাজার বিক্রি, ভদ্রলোকের মেজাজ খুশ, হাত খালি। নতুন বইয়ের নাম ‘ভ্যানকুভারের ভ্যামপায়ার’-এ ফেলুদার আপত্তি ছিল; ও বলেছিল ভ্যানকুভার একটা পেপ্পায় আধুনিক শহর, ওখানে ভ্যাম্পায়ার থাকতেই পারে না; তাতে লালমোহনবাবু বললেন হর্নিমানের জিওগ্রাফির বই তন্নতন্ন করে ঘেঁটে ওঁর মনে হয়েছে ওটাই বেস্ট নাম। ফেলুদা কোডার্মায় একটা তদন্ত করে এসেছে গত সেপ্টেম্বরে; মক্কেল সর্বোত্তম সহায়ের একটা বাড়ি আছে হাজারিবাগে, সেটা প্রায়ই খালি পড়ে থাকে, তাই ফেলুদার কাজে খুশি হয়ে ভদ্রলোক তাঁর বাড়িটা অফার করেছেন দিন দশেকের জন্য। চৌকিদার আছে, সেই দেখাশুনা করে, আর তার বউ রান্না করে। খাওয়ার খরচ ছাড়া আর কোনও খরচ লাগবে না আমাদের।

লালমোহনবাবুর নতুন অ্যাম্বাডাসাডরেই যাওয়া ঠিক হল; বললেন, ‘লং রানে গাড়িটা কীরকম সার্ভিস দেয় সেটা দেখা দরকার।’ গ্র্যান্ডট্রাঙ্ক রোড দিয়ে আসানসোল-ধানবাদ হয়ে আসা যেত, কিন্তু শেষ পর্যন্ত খড়্গপুর-রাঁচি হয়ে আসাই ঠিক হল। খড়্গপুর পর্যন্ত ফেলুদা চালিয়েছে, তারপর থেকে ড্রাইভারই চালাচ্ছে। গতকাল সকাল আটটায় রওনা হয়ে খড়্গপুরে লাঞ্চ সেরে সন্ধ্যায় রাঁচি পৌঁছই। সেখানে অ্যাম্বার হোটেলে থেকে আজ সকাল ন’টায় হাজারিবাগ রওনা দিই। পঞ্চাশ মাইল রাস্তা, খালি পেলে সোয়া ঘণ্টায় পৌঁছে যাওয়া যায়, কিন্তু এই লরির জ্বালায় সেটা নিষ্পাত দেড়ে দিয়ে দাঁড়াবে।

আরও মিনিট পাঁচেক হর্ন দেবার পর লরিটা পাশ দিল, আর আমরাও সামনে খোলা পেয়ে হাঁপ ছাড়লাম। দু পাশে বাবলা গাছের সারি, তার অনেকগুলোতেই বাবুইয়ের বাসা, দূরে পাহাড় দেখা যাচ্ছে। মাঝে মাঝে পথের ধারেও টিলা পড়ছে। লালমোহনবাবু বই বন্ধ করে দৃশ্য দেখে আশ্ব-বাহা করছেন আর মাঝে মাঝে বেমানান-রবীন্দ্র-সংগীত গুনগুন করছেন, যেমন অস্বাভাবিক মাসে ফাগুনের নবীন আনন্দে। ওঁর চেহারায় গান মানায় না, গলার কথা ছেড়ে দিলাম। মুশকিল হচ্ছে, উনি বলেন কলকাতার ডামাডোল থেকে বেরিয়ে নেচারের কনট্যাক্টে এলেই নাকি ওঁর গান আসে, যদিও স্টক কম বলে সব সময়ে অ্যাপ্রোপ্রিয়েট গান মনে আসে না।

তবে এটা বলতেই হবে যে ওঁর দৌলতে এই চব্বিশ ঘণ্টার মধ্যে সার্কাস সম্বন্ধে অনেক তথ্য জেনে ফেলেছি। কে জানত আজ থেকে একশো বছর আগে বাঙালির সার্কাস ভারতবর্ষে এত নাম কিনেছিল? সবচেয়ে বিখ্যাত ছিল প্রোফেসর বোসের গ্রেট বেঙ্গল সার্কাস। এই সার্কাসে নাকি বাঙালি মেয়েরাও খেলা দেখাত, এমনকী বাঘের খেলাও। আর সেই সঙ্গে রাশিয়ান, আমেরিকান জার্মান আর ফরাসি খেলোয়াড়ও ছিল। গাস্ বার্নস বলে একজন আমেরিকানকে রেখেছিলেন প্রোফেসর প্রিয়নাথ বোস বাঘ-সিংহ ট্রেন্ড করার জন্য। ১৯২০-এ প্রিয়নাথ বোস মারা যান। আর তারপর থেকেই বাঙালি সার্কাসের দিন ফুরিয়ে আসে।

‘এই গ্রেট ম্যাজেস্টিক কোন দেশি সার্কাস মশাই?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

‘দক্ষিণ ভারতীয়ই হবে,’ বলল ফেলুদা, ‘সার্কাসটা আজকাল ওদের একচেটে হয়ে গেছে।’

‘ভাল ট্র্যাপিজ আছে কি না সেইটেই হচ্ছে প্রশ্ন। ছেলেবেলায় হার্মস্টোন আর কার্লেকার সার্কাসে যা ট্র্যাপিজ দেখিচি তা ভোলবার নয়।’

লালমোহনবাবুর গল্পে নাকি ট্র্যাপিজের একটা বড় ভূমিকা থাকবে। শূন্যে সব লোমহর্ষক খেলার মাঝখানে একজন ট্র্যাপিজের খেলোয়াড় ঝুলন্ত অবস্থায় আরেকজনকে বিষাক্ত ইনজেকশন দিয়ে খুন করবে। রহস্যের সমাধান করতে হিরো প্রথমে রুদ্রকে নাকি ট্র্যাপিজের খেলা শিখতে হবে। ফেলুদা শুনে বলল, ‘যাক, একটা জিনিস তা হলে আপনার হিরোর এখনও শিখতে বাকি।’

৭২ কিলোমিটারের পোস্টটা পেরিয়ে কিছুদূর গিয়েই আর একটা অ্যাম্বাসাডর দেখা গেল। সেটা রাস্তার এক ধারে বনেট খোলা অবস্থায় দাঁড়িয়ে আছে, আর তার পাশেই দাঁড়িয়ে এক ভদ্রলোক হাত তুলে যে ভঙ্গিটা করছেন সেটা রেলের স্টেশনে খুব দেখা যায়। সেখানে সেটা গুড-বাই, আর এখানে হয়ে গেছে থামতে বলার সংকেত। হরিপদবাবু ব্রেক কবলেন।

‘ইয়ে, আপনারা হাজারিবাগ যাচ্ছেন কি?’

ভদ্রলোকের বয়স চল্লিশের কাছাকাছি। গায়ের রং ফরসা, চোখে চশমা, পরনে খয়েরি প্যান্টের উপর সাদা শার্ট আর সবুজ হাত-কাটা পুলোভার। সঙ্গে ড্রাইভার আছে, যার শরীরের উপরের অর্ধেকটা এখন বনেটের নীচে।

প্রশ্নের উত্তরে ফেলুদা ‘আজ্ঞে হ্যাঁ’ বলায় ভদ্রলোক বললেন, ‘আমার গাড়িটা গুণগোল করছে, বুঝেছেন। বোধহয় সিরিয়াস। তাই ভাবছিলাম...’

‘আপনি আমাদের সঙ্গে আসতে চাইলে আসতে পারেন।’

‘সো কাইন্ড অফ ইউ!’—ভদ্রলোক বোধহয় ভাবতে পারেননি যে না চাইতেই ফেলুদা

অফারটা করবে। —‘আমি ওখান থেকে একটা মেকানিক নিয়ে ট্যাক্সি করে চলে আসব। তা ছাড়া আর কোনও ইয়ে দেখছি না।’

‘আপনার সঙ্গে লাগেজ কী?’

‘একটা সুটকেস, তবে সেটা অবিশ্যি পরে নিয়ে যেতে পারি। এখান থেকে যেতে আসতে তিন কোয়ার্টারের বেশি লাগবে না।’

‘চলে আসুন।’

ভদ্রলোক ড্রাইভারকে ব্যাপারটা বুঝিয়ে দিয়ে আমাদের গাড়িতে উঠে আরও দু বার বললেন সো কাইন্ড অফ ইউ। তারপর বাকি পথটা আমরা কিছু না জিজ্ঞেস করতেই নিজের বিষয়ে একগাদা বলে গেলেন। ওঁর নাম প্রীতীন্দ্র চৌধুরী। বাপ বছর দশেক হল রিটারার করে হাজারিবাগে বাড়ি করে আছেন, আগে রাঁচিতে অ্যাডভোকেট ছিলেন, নাম মহেশ চৌধুরী। এ অঞ্চলের নামকরা লোক।

‘আপনি কলকাতাতেই থাকেন?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘হ্যাঁ। আমি ইলেকট্রনিকসে। ইন্ডোভিশনের নাম শুনেছেন?’

ইন্ডোভিশন নামে একটা নতুন টেলিভিশনের বিজ্ঞাপন কিছুদিন থেকে কাগজে দেখছি, সেটা নাকি এঁদেরই তৈরি।

‘আমার বাবার সত্তর পূর্ণ হচ্ছে কাল’, বললেন ভদ্রলোক, ‘বড়দা আমার স্ত্রী আর মেয়েকে নিয়ে দিন তিনেক হল পৌঁছে গেছেন। আমার আবার দিল্লিতে একটা কাজ পড়ে গেসল, আসা মুশকিল হচ্ছিল, কিন্তু বাবা টেলিগ্রাম করলেন মাস্ট কাম বলে। —একটু থামাবেন গাড়িটা কাইন্ডলি?’

গাড়ি থামল; কেন তা বুঝতে পারছি না। ভদ্রলোক তাঁর হাতের ব্যাগটা থেকে একটা ছোট্ট ক্যাসেট রেকর্ডার বার করে গাড়ি থেকে নেমে রাস্তার পাশেই একটা শালবনে ঢুকে মিনিট খানেকের মধ্যেই ফিরে এসে বললেন, ‘একটা ফ্লাইক্যাচার ডাকছিল; লাকিলি পেয়ে গেলাম। পাখির ডাক রেকর্ড করাটা আমার একটা নেশা। সো কাইন্ড অফ ইউ।’

ধন্যবাদটা অবিশ্যি তাঁর অনুরোধে গাড়ি থামানোর জন্য।

আশ্চর্য, ভদ্রলোক নিজের সম্বন্ধে এত বলে গেলেও, আমাদের কোনও পরিচয় জানতে চাইলেন না। ফেলুদা অবিশ্যি বলে যে একেকজন লোক থাকে যারা অন্যের পরিচয় নেওয়ার চেয়ে নিজের পরিচয় দিতে অনেক বেশি ব্যগ্র।

হাজারিবাগ টাউনে পৌঁছে ইউরেকা অটোমোবিলস্-এ প্রীতীন্দ্রবাবুকে নামিয়ে দেবার পর আর একবার সো কাইন্ড অফ ইউ বলে ভদ্রলোক হঠাৎ জিজ্ঞেস করলেন, ‘ভাল কথা, আপনারা উঠছেন কোথায়?’

জবাবটা দিতে ফেলুদার গলা তুলতে হল, কারণ গাড়ির কাছেই কেন জানি লোকের ভিড় জমেছে, আর সবাই বেশ উত্তেজিত ভাবে কথা বলছে। কী বিষয়ে কথা হচ্ছে সেটা অবিশ্যি পরে জেনেছিলাম।

ফেলুদা বলল, ‘সঠিক নির্দেশ দিতে পারব না, কারণ এই প্রথম আসছি এখানে। এটা বলতে পারি যে ডিস্ট্রিক্ট বোর্ড রেস্ট হাউস আর কর্নেল মোহান্তির বাড়ির খুব কাছে।’

‘ও, তার মানে আমাদের বাড়ি থেকে মিনিট সাতেকের হাটা পথ। —টেলিফোন আছে?’

‘সেভেন ফোর টু।’

‘বেশ, বেশ।’

‘আর আমার নাম মিত্র। পি সি মিত্র।’

‘দেখেছেন, নামটাই জানা হয়নি !’

ভদ্রলোককে ছেড়ে দিয়ে রওনা হবার পর ফেলুদা বলল, ‘নতুন মাল বাজারে ছাড়ছে বলে বোধহয় টেন্স হয়ে আছে ।’

‘বাতিকগ্রস্ত’, বললেন লালমোহনবাবু ।

ডিস্ট্রিক্ট বোর্ড রেস্ট হাউসের কথা জিজ্ঞেস করে আমাদের বাড়ির রাস্তা খুঁজে বার করতে কোনও অসুবিধা হল না । কর্নেল জি সি মোহান্তির নাম লেখা মার্বেল ফলক-ওয়ালা গেট ছাড়িয়ে তিনটে বাড়ি পরেই এসে সহায় লেখা বুগেনভিলিয়ায় ঢাকা গেটের বাইরে এসে হর্ন দিতেই একজন বেঁটে মাঝবয়সী লোক এসে গেটটা খুলে দিয়ে সেলাম ঠুকল । মোরাম ঢাকা পথে খানিকটা এগিয়ে গিয়ে একতলা বাংলো টাইপের বাড়ির সামনে আমাদের গাড়ি থামল । মাঝবয়সী লোকটাও দৌড়ে এসেছে পিছন পিছন, জিজ্ঞেস করে জানলাম সে-ই চৌকিদার, নাম বুলাকিপ্ৰসাদ ।

গাড়ি থেকে নেমে বুলালাম কী নির্জন । বাংলোটা ঘিরে বেশ বড় কম্পাউন্ড (লালমোহনবাবু বললেন অ্যাট লিস্ট তিন বিঘে), একদিকে বাগানে তিন চার রকম ফুল ফুটে আছে, অন্য দিকে অনেকগুলো বড় বড় গাছ, তার মধ্যে তেঁতুল, আম আর অর্জুন চিনতে পারলাম । কম্পাউন্ডের পাঁচিলের উপর দিয়ে উত্তর দিকে একটা পাহাড় দেখা যাচ্ছে, সেটাই নাকি কানারি হিল, এখানে থেকে মাইল দুয়েক ।

বাড়িটা তিনজনের পক্ষে একেবারে ফরমশ দিয়ে তৈরি । সামনে তিন ধাপ সিঁড়ি উঠে চওড়া বারান্দার পর পাশাপাশি তিনটে ঘর । মাঝেরটা বৈঠকখানা, আর দুদিকে দুটো শোবার ঘর । পিছন দিকে আছে খাবার ঘর, রান্নাঘর ইত্যাদি । সানসেট দেখা যাবে বলে লালমোহনবাবু পশ্চিমের বেডরুমটা নিলেন ।

সুটকেস থেকে জিনিস বার করে-বাইরে রাখছি, এমন সময় বুলাকিপ্ৰসাদ আমার ঘরে ঢাকা নিয়ে এসে ট্রেটা টেবিলের উপর রেখে যে কথাটা বলল, তাতে আমাদের দুজনেরই কাজ বন্ধ করে ওর দিকে চাইতে হল । লালমোহনবাবু সবে ঘরে ঢুকেছেন, তিনিও দরজার মুখটাতেই দাঁড়িয়ে গেলেন ।

‘আপলোগ যব বাহার যাঁয়ে,’ বলল বুলাকিপ্ৰসাদ ‘পয়দল যানেসে যারা সমহালকে যানা ।’

‘চোর ডাকাতের কথা বলছে নাকি মশাই ?’ বললেন লালমোহনবাবু ।

‘নেহি, বাবু ; বাঘ ভাগ গিয়া মজিস্টি সর্কস সে ।’

সর্বনাশ ! লোকটা বলে কী !

জিজ্ঞেস করতে জানা গেল আজই সকালে নাকি একটা তাগড়াই বাঘ সার্কাসের খাঁচা থেকে পালিয়েছে । কী করে পালিয়েছে সেটা বুলাকিপ্ৰসাদ জানে না, কিন্তু সেই বাঘের ভয়ে সারা হাজারিবাগ শহর তটস্থ । বাঘের খেলাই নাকি এক সার্কাসের যাকে বলে স্টার অ্যাট্রাকশন । সার্কাসের বিজ্ঞাপনও যা দেখেছি, তাতে বাঘের ছবিটাই সবচেয়ে বেশি চোখে পড়ে । ফেলুদার অবিশ্যি চোখই আলাদা, তাই সে আমাদের চেয়ে বেশি দেখেছে । বলল, বাঘের খেলা যিনি দেখান তিনি নাকি মারাঠি, নাম কারাভিকার, আর নামটা নাকি বিজ্ঞাপনে দেওয়া ছিল ।

লালমোহনবাবু খবরটা শুনে কিছুক্ষণ চুপ করে দাঁড়িয়ে থেকে বললেন তার গল্পে বাঘ পালানোর ঘটনা একটা রাখা যায় কি না সেটা তিনি ভাবছিলেন, কাজেই এটাকে টেলিপ্যাথি ছাড়া আর কিছুই বলা যায় না । —‘তবে আপনি মশাই একেবারে ইনকস্টিটো হয়ে থাকুন, গোয়েন্দা জানলে আপনাকে নির্যাত ওই বাঘ সন্ধানের কাজে লাগিয়ে দেবে ।’

ইনকস্টিটো অবিশ্যি ইনকগনিটোর জটায়ু সংস্করণ । লালমোহনবাবু মাঝে মাঝে ইংরিজি

কথায় এরকম ওলট পালট করে ফেলেন। খবরটা শুনে এত অবাক হয়ে গিয়েছিলাম যে তাঁকে আর শুধরে দেওয়া হল না। ফেলুদা অবিশ্যি অকারণে কখনও ওর পেশাটা প্রকাশ করে না। আর গোয়েন্দা বলেই যে ওকে যে কেউ যে কোনও তদন্তে ফাঁসিয়ে দেবে সেটারও কোনও সম্ভাবনা নেই।

বুলাকিপ্রসাদ আরও বলল যে সার্কাসটা নাকি আগে শহরের মাঝখানে কার্জন মাঠে বসত, এইবারই নাকি প্রথম সেটা শহরের এক ধারে একটা নতুন জায়গায় বসেছে। এই মাঠটার উত্তরে নাকি বিশেষ বসতি নেই। বাঘ যদি সেদিক দিয়ে বেরোয় তা হলে রাস্তা পেরিয়ে কিছুদূর গিয়েই জঙ্গল পাবে। কাছাকাছি আদিবাসীদের গ্রাম আছে, খিদে পেলে সেখান থেকে গোরু বাছুর টেনে নিয়ে যাওয়া কিছুই আশ্চর্য নয়।

মোটকথা, ঘটনাটা চাঞ্চল্যকর। আপশোস এই যে হাজারিবাগের মতো জায়গায় এসে বাঘের ভয়ে স্বচ্ছন্দে হেঁটে বেড়ানো যাবে না।

চা খাওয়ার পর লালমোহনবাবু প্রস্তাব করলেন যে দুপুরে একবার গ্রেট ম্যাজেস্টিকে টুঁ মারা হোক। ঘটনাটা ঠিক কী ভাবে ঘটেছে সেটা জানতে পারলে নাকি ওঁর খুব কাজে দেবে। ‘টুঁ মারা মানে কি টিকিট কেটে সার্কাস দেখার কথা ভাবছেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘ঠিক তা নয়’, বললেন লালমোহনবাবু, ‘আমি ভাবছিলাম যদি খোদ মালিকের সঙ্গে দেখা করা যায়। অনেক ডিটেলস জানা যেত ওঁর কাছে।’

‘সেটা ফেলু মিণ্ডিরের সাহায্য ছাড়া সম্ভব নয়।’

২

দুপুরে বুলাকিপ্রসাদের বউয়ের রান্না মুরগির কারি আর অড়হড়ের ডাল খেয়ে গাড়িতে করেই বেরিয়ে পড়লাম আমরা। বুঝতে পারলাম ফেলুদারও যথেষ্ট কৌতূহল আছে এই বাঘ পালানোর ব্যাপারে। বেরোবার আগে থানায় একটা ফোন করল। কোডার্মায় ওকে বিহার পুলিশের সঙ্গে কাজ করতে হয়েছিল, সর্বশ্রম সহায়কেও এখানে সবাই চেনে, তাই নাম করতেই ইনস্পেক্টর রাউত ফেলুদাকে চিনে ফেললেন। আসলে পুলিশের সাহায্য ছাড়া হয়তো এই জরুরি অবস্থায় সার্কাসের মালিকের সঙ্গে দেখা করা মুশকিল হত। রাউত বললেন, সার্কাসের সামনে পুলিশের লোক থাকবে, ফেলুদার কোনও অসুবিধা হবে না। ফেলুদা এটাও বলে দিল যে সে কোনওরকম তদন্ত করতে যাচ্ছে না, কেবল কৌতূহল মেটাতে যাচ্ছে।

সমস্ত শহরে যে সাড়া পড়ে গেছে সেটা গাড়িতে যেতে যেতে বেশ বুঝতে পারছিলাম। শুধু যে রাস্তার মোড়ে জটলা তা নয়, একটা চৌমাথায় দেখলাম ঢ্যাঁড়া পিটিয়ে লোকদের সাবধান করে দেওয়া হচ্ছে। ফেলুদা একটা পানের দোকানে চারমিনার কিনতে নেমেছিল, সেখানে দোকানদার বলল যে বাঘটাকে নাকি উত্তরে ডাহিরি বলে একটা আদিবাসী গ্রামের কাছাকাছি দেখা গেছে, তবে কোনও উৎপাতের কথা এখনও শোনা যায়নি।

সার্কাসের তাঁবু দেখলেই বুকের ভিতরটা কেমন জানি করে ওঠে, ছেলেবেলা ফেলুদার সঙ্গে কত সার্কাস দেখেছি সে কথা মনে পড়ে যায়। গ্রেট ম্যাজেস্টিকের সাদা আর নীল ডোরাকাটা ছিমছাম তাঁবুটা দেখলেই বোঝা যায় এটা জাত সার্কাস। তাঁবুর চুড়োয় ফরফর করে হলদে ফ্ল্যাগ উড়ছে, চুড়ো থেকে বেড়া অবধি টেনে আনা দড়িতে আরও অজস্র রঙিন ফ্ল্যাগ। তাঁবুর গেটের বাইরে কমপক্ষে হাজার লোক, তারা অনেকেই টিকিট কিনতে

এসেছে। বাঘ পালানোয় সার্কাস বন্ধ হয়নি, শুধু আপাতত বাঘের খেলাটাই স্থগিত। আরও কতরকম খেলা যে সে সার্কাসে দেখানো হয় সেটা হাতে আঁকা প্রকাণ্ড বড় বড় বিজ্ঞাপনে বোঝানো হয়েছে। শিল্পী খুব পাকা নন, তবে লোকের মনে চনমনে ভাব আনতে এই যথেষ্ট।

পুলিশের লোক গেটের বাইরেই ছিল। ফেলুদা কার্ডটা দিতেই খুব খাতির করে ভিতরে ঢুকিয়ে দিল। বলল, মালিক মিঃ কুটিকেও বলা আছে, তিনি তাঁর ঘরে অপেক্ষা করছেন।

তাঁবুটাকে ঘিরে বেশ খানিকটা জায়গা ছেড়ে তারপর টিনের বেড়া। এই বেড়ার মধ্যেই একধারে দাঁড়িয়ে আছে দ্য গ্রেট ম্যাজেস্টিক সার্কাসের মালিক মিঃ কুট্রির ক্যারাভ্যান। বলা যায় একটা সুদৃশ্য চলন্ত বাড়ি। দুপাশের সার বাঁধা কাচের জানালায় নকশা করা পর্দার ফাঁক দিয়ে টুকরো টুকরো রৌদ ঢুকেছে ভিতরে আবছা অন্ধকারে। মিঃ কুট্রি চেয়ার ছেড়ে উঠে আমাদের তিনজনের সঙ্গে হ্যান্ডশেক করে বসবার জন্য মিনি-সোফা দেখিয়ে দিলেন। ভদ্রলোকের গায়ের রং মাজা, বয়স পঞ্চাশের বেশি না হলেও মাথার চুল ধপধপে সাদা, হাসলে বোঝা যায় দাঁতও চুলের সঙ্গে মানানসই, যদিও ফলস টিথ নয়।

ফেলুদা প্রথমেই বলে নিল যে ও পুলিশের লোক নয়, সার্কাস ওর খুব প্রিয় জিনিস, গ্রেট ম্যাজেস্টিকের খ্যাতির কথা ও জানে, হাজারিবাগে এসে সার্কাস দেখার ইচ্ছে ছিল, আপশোস এই যে একটা দুর্ঘটনার জন্য আসল খেলাটাই দেখা হবে না। সেই সঙ্গে লালমোহনবাবুরও পরিচয় করিয়ে দিল একজন বিশিষ্ট লেখক বলে।—‘সার্কাস নিয়ে একটা গল্প লেখার কথা ভাবছেন মিঃ গাঙ্গুলী।’

মিঃ কুট্রি বললেন, সার্কাসে আসার আগে ছবছর উনি কলকাতায় একটা জাহাজ কোম্পানিতে ছিলেন, বাঙালিদের ভালবাসেন, কারণ বাঙালিরাই নাকি সার্কাসের সত্যিকার কদর করে। আমরা সার্কাস দেখায় নিরুৎসাহ বোধ করছি জেনে বললেন যে বাঘের খেলা ছাড়াও অনেক কিছু দেখার আছে গ্রেট ম্যাজেস্টিকে।—‘কাল আমাদের স্পেশাল শো ছিল, হাজারিবাগের অনেক নামকরা লোককে আমরা ইনভাইট করেছিলাম। আপনাদেরও ইনভাইট করছি।’

‘ব্যাপারটা হল কী ভাবে?’ লালমোহনবাবু হিন্দি আর ইংরিজি মিশিয়ে জিজ্ঞেস করলেন। (আসলে জিজ্ঞেস করেছিলেন—‘শের তো ভাগা, বাট হাউ?’)

‘ভেরি আনফরচুনেন্ট, মিঃ গাঙ্গুলী’, বললেন মিঃ কুট্রি। ‘বাঘের খাঁচার দরজাটা ঠিক ভাবে বন্ধ করা হয়নি। বাঘ নিজেই সেটাকে মাথা দিয়ে ঠেলে তুলে পালিয়েছে। তার উপর আর একটা গলতি হয়েছে এই যে টিনের বেড়ার একটা অংশ কে জানি ফাঁক করে বাইরে যাবে বলে শর্টকাট করেছিল তারপর আর বন্ধ করেনি। কে দোষী সেটা আমরা বার করেছি, আর তার জন্য প্রপার স্টেপস নিচ্ছি।’

ফেলুদা বলল, ‘বস্তুতে একবার ঠিক এইভাবে বাঘ পালিয়েছিল না?’

‘হ্যাঁ, ন্যাশনাল সার্কাস। শহরের রাস্তায় বেরিয়ে গিয়েছিল বাঘ। কিন্তু বেশি দূর যাবার আগেই রিং-মাস্টার তাকে ধরে নিয়েছিল।’

এখানকার বাঘ পালানোর ব্যাপারে আরও খবর জানলাম কুট্রির কাছে। কম করে জনা পঞ্চাশেক লোক নাকি বাঘটাকে তাঁবুর বাইরে দেখেছে। এক পেট্রোল স্টেশনের মালিকের বাড়ির উঠোনে নাকি বাঘটা ঢুকেছিল। ভদ্রলোকের স্ত্রী সেটাকে দেখতে পেয়ে ভিরমি যান। এক নেপালি ভদ্রলোক স্কুটারে যাচ্ছিলেন, তিনি বাঘটাকে রাস্তা পেরোতে দেখে সোজা ল্যাম্পপোস্টে ধাক্কা মেরে পাঁজরার তিনটে হাড় ভেঙে এখন হাসপাতালে আছেন।

‘আচ্ছা, আপনাদের তো রিং-মাস্টার আছে নিশ্চয়ই?’

রিং-মাস্টার কথাটা নতুন শিখে সেটা ব্যবহার করার লোভ সামলাতে পারলেন না জটায়ু।

‘কে, কারাভিকার ? তার শরীর কিছুদিন থেকে এমনতেই খারাপ যাচ্ছে। বয়স হয়েছে নিয়ারলি ফর্টি। ঘাড়ে একটা ব্যথা হয় মাঝে মাঝে, তাই নিয়েই খেলা দেখায়। আমার কথা শুনে না, ডাক্তার দেখাবে না। মাস খানেক হল তাই আমি আর একজন লোক রেখেছি। নাম চন্দ্রন। কেরলের লোক। ভেরি গুড। সেও বাঘ ট্রেন করে, কারাভিকার অসুস্থ হলে সে-ই খেলা দেখায়।’

‘কাল স্পেশ্যাল শো-তে দেখিয়েছিল ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘কাল কারাভিকারই দেখিয়েছিল। একটা খেলা ও ছাড়া আর কেউ দেখাতে পারে না। খেলার ক্লাইমাক্সে দুহাতে বাঘের মুখ ফাঁক করে তার মধ্যে মাথা ঢুকিয়ে দেয়। দুঃখের বিষয়, কাল একটা বিস্তীর্ণ গণ্ডগোল হয়ে যায়। দুবার চেষ্টা করেও যখন বাঘ মুখ খুলল না, তখন কারাভিকার হঠাৎ চেষ্টা থামিয়ে দিয়ে খেলা শেষ করে দেয়। ফলে হাততালির সঙ্গে তাকে কিছু টিটকিরিও শুনতে হয়েছিল।’

‘আপনি তাতে কোনও স্টেপ নেননি ?’

‘নিয়েছি বইকী। পুরনো লোক, কিন্তু তাও কথা শোনাতে হল। ও সতেরো বছর কাজ করেছে সার্কাসে। প্রথম তিন বছর গোল্ডেনে ছিল, বাকি সময়টা এখানে। ওর যা নাম তা আমার সার্কাসে খেলা দেখিয়েই। এখন বলছে কাজ ছেড়ে দেবে। খুবই দুঃখের কথা, কারণ অন্তত আরও বছর তিনেক ও কাজ করতে পারত বলে আমার বিশ্বাস।’

‘বাঘ খুঁজতে সার্কাসের লোক যায়নি ?’

‘কারাভিকারেরই যাবার কথা ছিল, কিন্তু ও রাজি হয়নি। তাই চন্দ্রনকে যেতে হয়েছে ফরেষ্ট ডিপার্টমেন্টের লোকের সঙ্গে।’

লালমোহনবাবুর সাহস বেড়ে গেছে। বললেন, ‘কারাভিকারের সঙ্গে দেখা করা যায় ?’

‘কোনও গ্যারান্টি দিতে পারি না’, বললেন মিঃ কুট্রি, ‘খুব মুড়ি লোক। মুকুগেশের সঙ্গে যান আপনারা গিয়ে দেখুন সে দেখা করে কি না।’

মুকুগেশ হল মিঃ কুট্রির পার্সোনাল বেয়ারা। সে বাইরেই দাঁড়িয়ে ছিল, মনিবের হুকুমে আমাদের তিনজনকে নিয়ে গেল রিং-মাস্টারের তাঁবুতে।

তাঁবুর ভিতরে দুটো ভাগ ; একটা বসার জায়গা, আর একটা শোবার। আশ্চর্য এই যে খবর দিতেই বেডরুম থেকে বেরিয়ে এলেন রিং-মাস্টার। ভদ্রলোকের চেহারা দেখে বলে দিতে হয় না যে উনি একজন অত্যন্ত শক্তিশালী পুরুষ, বাঘের খেলা দেখানোর পক্ষে এর চেয়ে উপযুক্ত চেহারা আর হয় না। লম্বায় ফেলুদার সমান, চওড়ায় ওর দেড়া। ফরসা রঙে কুচকুচে কালো চাড়া-দেওয়া গোর্ফটা আশ্চর্য খুলেছে, চোখের দৃষ্টি এখন উদাস হলেও হঠাৎ হঠাৎ এক একটা কথা বলতে জ্বলে ওঠে। ভদ্রলোক জানিয়ে দিলেন যে তিনি মারাঠি মালয়ালম তামিল আর ভাঙা ভাঙা ইংরিজি আর হিন্দি জানেন। শেষের দুটো ভাষাতেই কথা হল।

কারাভিকার প্রথমেই জানতে চাইলেন আমরা কোনও খবরের কাগজ থেকে আসছি কি না। বুঝলাম ভদ্রলোক লালমোহনবাবুর হাতে খাতা পেনসিল দেখেই প্রশ্নটা করেছেন। ফেলুদা প্রশ্নের জবাবটা যেন বেশ হিসেব করে দিল।

‘যদি তাই হয়, তা হলে আপনার কোনও আপত্তি আছে ?’

‘আপত্তি তো নেইই, বরং সেটা হলে খুশিই হব। এটা পাবলিকের জানা দরকার যে বাঘ পালানোর জন্য ট্রেনার কারাভিকার দায়ী নয়, দায়ী সার্কাসের মালিক। বাঘ দুজন ট্রেনারকে মানে না, একজনকেই মানে। অন্য ট্রেনার আসার পর থেকেই সুলতানের মেজাজ খারাপ

হতে শুরু করেছিল। আমি সেটা মিঃ কুট্টিকে বলেছিলাম, উনি গা করেননি। এখন তার ফল ভোগ করছেন।’

‘আপনি বাঘটাকে খুঁজতে গেলেন না যে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘ওরাই খুঁজুক না’, গভীর অভিমানের সঙ্গে বললেন কারাভিকার।

লালমোহনবাবু বিড়বিড় করে ফেলুদাকে বাংলায় বললেন, ‘একটু জিজ্ঞেস করুন তো তেমন তেমন দরকার পড়লে উনি যাবেন কি না। খবরটা পেলে বাঘ ধরা দেখা যেত। অবিশ্যি একা নয়, ইন ইওর কম্প্যানি। খুব থ্রিলিং ব্যাপার হবে নিশ্চয়ই।’

ফেলুদা জিজ্ঞেস করাতে কারাভিকার বললেন যে বাঘকে গুলি করে মারার প্রস্তাব উঠলে তাঁকে যেতেই হবে বাধা দিতে, কারণ সুলতান ওঁর আত্মীয়ের বাড়ি।

আমিও একটা জিনিস জিজ্ঞেস করার কথা ভাবছিলাম, শেষ পর্যন্ত ফেলুদাই করল।

‘আপনার মুখে কি বাঘ কোনওদিন আঁচড় মেরেছিল?’

‘নট সুলতান’, বললেন কারাভিকার। ‘গোল্ডেন সার্কাসের বাঘ। গাল আর নাকের খানিকটা মাংস তুলে নিয়েছিল।’

কথাটা বলে কারাভিকার তাঁর শার্ট খুলে ফেললেন। দেখলাম বুকে পিঠে কাঁধে কত যে আঁচড়ের দাগ রয়েছে তার হিসেব নেই।

আমরা ভদ্রলোককে অনেক ধন্যবাদ দিয়ে উঠে পড়লাম। তাঁবু থেকে বেরোবার সময় ফেলুদা বলল, ‘আপনি এখন এখানেই থাকবেন?’

কারাভিকার গভীর হয়ে বললেন ‘আজ সতেরো বছর আমি সার্কাসের তাঁবুকেই ঘর বলে জেনেছি। এবার বোধহয় নতুন ডেরা দেখতে হবে।’

লালমোহনবাবু মিঃ কুট্টিকে বলে রেখেছিলেন যে তিনি ম্যাজেস্টিকের পশুশালাটা একবার দেখতে চান। মুরুগেশের সঙ্গে গিয়ে আমরা সার্কাসের অবশিষ্ট দুটি বাঘ, একটা বেশ বড় ভাল্লুক, একটা জলহস্তী, তিনটে হাতি, গোটা ছয়েক ঘোড়া আর সুলতানের গা হুমহুম করা খালি খাঁচাটা দেখে বাড়ি ফিরতে ফিরতে হয়ে গেল পাঁচটা। বুলাকিপ্রসাদকে চা দেবার জন্য ডেকে পাঠাতে সে বলল, চৌধুরী সাহেবের বাড়ি থেকে একজন বাবু এসেছিলেন, বলে গেছেন আবার আসবেন।

সাড়ে ছটায় এলেন প্রীতীন্দ্র চৌধুরী। ইতিমধ্যে সূর্য ডোবার সঙ্গে সঙ্গে ঝপ্ করে ঠাণ্ডা পড়েছে, আমরা সবাই কোট পুলোভার চাপিয়ে নিয়েছি, লালমোহনবাবুর মাস্কিক্যাপটা পরার মতো ঠাণ্ডা এখনও পড়েনি, কিন্তু ওঁর টাক বলে উনি রিক্স না নিয়ে এর মধ্যেই ওটা চাপিয়ে বসে আছেন।

‘আপনি যে ডিটেকটিভ সেটা তো বলেননি!’ আমাদের তিনজনকেই অবাক করে দিয়ে বললেন প্রীতীন্দ্র চৌধুরী।—‘বাবা তো আপনার মক্কেল মিঃ সহায়কে খুব ভাল করে চেনেন। সহায় ওঁকে জানিয়েছেন যে আপনারা এখানে আসছেন। বাবা বিশেষ করে বলে দিয়েছেন আপনারা তিনজনেই যেন কাল আমাদের সঙ্গে পিকনিকে আসেন।’

‘পিকনিক?’ লালমোহনবাবু ভুরু কপালে তুলে প্রশ্ন করলেন।

‘বলেছিলাম না—কাল বাবার জন্মদিন। আমরা সবাই যাচ্ছি রাজরাণ্ণা পিকনিক করতে। দুপুরে ওখানেই খাওয়া। আপনাদের তো গাড়ি রয়েছে, ন’টা নাগাত আমাদের ওখানে চলে আসুন। বাড়ির নাম কৈলাস। আপনাদের ডিরেকশন দিয়ে দিচ্ছি, খুঁজে পেতে কোনও অসুবিধা হবে না।’

রাজরাণ্ণা হাজারিবাগ থেকে মাইল পঞ্চাশেক দূর, জলপ্রপাত আছে, চমৎকার দৃশ্য, আর একটা পুরনো কালীমন্দির আছে—নাম ছিন্নমস্তার মন্দির। এসব আমরা আসবার আগেই ৬৫২



জেনে এসেছি, আর পিকনিকের নেমস্তম্ভ না হলে নিজেরাই যেতাম ।

প্রীতীনবাবু আরও বললেন যে আমরা যদি একটু আগে আগে যাই, তা হলে মহেশবাবুর প্রজাপতি আর পাথরের কালেকশনটাও দেখা হয়ে যেতে পারে ।

‘কিন্তু পিকনিকে যে যাচ্ছেন আপনারা, বাঘ পালানোর খবরটা জানেন কি ?’ ধরা গলায় প্রশ্ন করলেন জটায়ু ।

‘জানি বইকী !’ হেসে বললেন প্রীতীনবাবু, ‘কিন্তু তার জন্য ভয় কী ? সঙ্গে বন্দুক থাকবে । আমার বড়দা ক্র্যাক শট । তা ছাড়া বাঘ তো শুনেছি উত্তরে হানা দিচ্ছে, রাজরাণ্ণা তো দক্ষিণে, রামগড়ের দিকে । কোনও ভয় নেই ।’

ঠিক হল আমরা সাড়ে আটটা নাগাত মহেশ চৌধুরীর বাড়িতে পৌঁছে যাব। লালমোহনবাবু, ‘কৈলাস নাম দিল কেন, মশাই’-এর উত্তরে ফেলুদা বলল, শিবের বাসস্থান কৈলাস, আর মহেশ শিবের নাম, তাই কৈলাস।

প্রীতীনবাবু চলে যাবার কিছুক্ষণের মধ্যেই ঘুরঘুটি অন্ধকার হয়ে এল। আমরা বারান্দায় বেতের চেয়ারে এসে বাতিটা জ্বাললাম না, যাতে চাঁদের আলো উপভোগ করা যায়। ছিন্নমস্তার মন্দিরের কথাটা লালমোহনবাবু জানতেন না, তাই বোধহয় মাঝে মাঝে নামটা বিড়বিড় করছিলেন। সাতবারের বার ছিন্ বলেই থেমে যেতে হল, কারণ ফেলুদা হাত তুলেছে।

আমরা তিনজনেই চুপ, ঝাঁঝি পোকাক ডাক ছাড়া আর কোনও শব্দ নেই, এমন সময় শোনা গেল—বেশ দূর থেকে, তাও গায়ের রক্ত জল করা—বাঘের গর্জন। একবার, দু বার, তিনবার।

সুলতান ডাকছে।

কোনদিক থেকে, কতদূর থেকে, সেটা বুঝতে হলে শিকারির কান চাই।

৩

আমি ভেবেছিলাম যে সার্কাসের বাঘ পালানোটাই বুঝি হাজারিবাগের আসল ঘটনা হবে; কিন্তু তা ছাড়াও যে আরও কিছু ঘটবে, আর ফেলুদা যে সেই ঘটনার জালে জড়িয়ে পড়বে, সেটা কে জানত? ২৩শে নভেম্বর মহেশ চৌধুরীর বার্থডে পিকনিকের কথাটা অনেকদিন মনে থাকবে, আর সেই সঙ্গে মনে থাকবে রাজরাণীর আশ্চর্য সুন্দর রক্ষ পরিবেশে ছিন্নমস্তার মন্দির।

কাল রাত্রে বাঘের ডাক শোনার পথ থেকেই লালমোহনবাবুর মুখটা জানি কেমন হয়ে গিয়েছিল, ভাবছিলাম বলি উনি আমাদের ঘরে আমার সঙ্গে শোন, আর ফেলুদা পশ্চিমের ঘরটা নিক, কিন্তু সেদিকে আবার ভদ্রলোকের গোঁ আছে। চৌকিদারের কাছে টাঙি আছে জেনে, আর লোকটা বেঁটে হলেও সাহসী জেনে ভদ্রলোক খানিকটা আশ্বাস পেয়ে নিজের তিন সেলের টর্চের বদলে আমাদের পাঁচ সেলটা নিয়ে দশটা নাগাত নিজের ঘরে চলে গেলেন। বড় টর্চ নেওয়ার কারণ এই যে, ফেলুদা বলেছে তীব্র আলো চোখে ফেললে বাঘ নাকি অনেক সময় আপনা থেকেই সরে পড়ে।—‘অবিশ্যি জানালার বাইরে যদি গর্জন শোনে, তখন টর্চ জ্বালানোর কথা, আর সেই টর্চ জানালার বাইরে বাঘের চোখে ফেলার কথা, মনে থাকবে কি না সেটা জানি না।’

যাই হোক, রাত্রে বাঘ এসে থাকলেও সে গর্জন করেনি, তাই টর্চ ফেলারও কোনও দরকার হয়নি।

আমরা প্রীতীনবাবুর নির্দেশ অনুযায়ী ঠিক সাড়ে আটটার সময় কৈলাসের লাল ফটকের সামনে গিয়ে হাজির হলাম। বাইরে থেকে বাড়িটা দেখে লালমোহনবাবু মন্তব্য করলেন যে বোঝাই যাচ্ছে এ শিব হল সাহেব শিব। সত্যিই, বছর দশেক আগে তৈরি হলেও বাড়ির চেহারাটা সেই পঞ্চাশ বছর আগের ব্রিটিশ আমলের বাড়ির মতো।

দারোয়ান গেট খুলে দিতে আমরা গাড়িটা বাইরে রেখে কাঁকর বিছানো রাস্তা দিয়ে বাড়ির দিকে এগিয়ে গেলাম। আরও তিনটে গাড়ি দাঁড়িয়ে আছে কম্পাউন্ডের এক পাশে : একটা

কালকের দেখা প্রীতীনবাবুর কালো অ্যামবাসাডর, একটা সাদা ফিয়াট, আর একটা পুরনো হলদে পনটিয়াক ।

‘একটা ক্লু পাওয়া গেছে মশাই ।’

লালমোহনবাবু বাগান আর রাস্তার মাঝখানে সাদা রং করা ইটের বেড়ার পাশ থেকে একটা কাগজ কুড়িয়ে নিয়ে ফেলুদাকে দিলেন । ফেলুদা বলল, ‘আপনি রহস্যের অবতরমানেই ক্লু-য়ের সন্ধান পাচ্ছেন ?’

‘জিনিসটা কীরকম মিস্টিরিয়াস মনে হচ্ছে না ?’

একটা ফ্লটানা খাতার পাতা, তাতে সবুজ কালিতে গোটা গোটা অক্ষরে লেখা কিছু, অর্থহীন ইংরিজি কথা । মিস্তির কিছুই নেই ; বোঝাই যাচ্ছে সেটা বাচ্চার হাতের লেখা, আর সেই কারণেই কথাগুলোর কোনও মানে নেই । যেমন—OKAHA, RKAHA, LOKC ।

‘ওকাহা যে জাপানি নাম সে তো বোঝাই যাচ্ছে’ বললেন লালমোহনবাবু ।

‘বাংলা নামটা না চিনে জাপানি নামটা চিনে ফেললেন ?’—বলে ফেলুদা কাগজটা পকেটে পুরে নিল ।

একজন ভীষণ বুড়ো মুসলমান বেয়ারা দাঁড়িয়েছিল গাড়িবারান্দার নীচে, সে আমাদের সেলাম করে ‘আইয়ে’ বলে ভিতরে নিয়ে গেল । একটা চেনা গলা আগে থেকেই পাচ্ছিলাম, বৈঠকখানার চৌকাঠ পেরোতেই প্রীতীনবাবু আমাদের দিকে এগিয়ে এলেন ।

‘আসুন, আসুন—সো কাইন্ড অফ ইউ টু কাম ।’

ঘরে ঢুকে প্রথমই চোখ চলে যায় দেয়ালের দিকে । তিন দেয়াল জুড়ে ছবির বদলে টাঙানো রয়েছে ফ্রেমে বাঁধানো মহেশ চৌধুরীর সংগ্রহ করা পিনে আঁটা সার সার ডানা মেলা প্রজাপতি । প্রতি ফ্রেমে আটটা, সব মিলিয়ে চৌষটি, আর তাদের রঙের বাহারে পুরো ঘরটা যেন হাসছে ।

যাঁর সংগ্রহ, তিনি সোফায় বসে ছিলেন, আমাদের দেখে হাসিমুখে উঠে দাঁড়ালেন । বুঝলাম এককালে ভদ্রলোক বেশ শক্ত সুপুরুষ ছিলেন । টকটকে রং, দাড়িগোঁফ পরিষ্কার করে কামানো, চোখে রিমলেস চশমা, পরনে ফিনফিনে ধুতি, গরদের পাঞ্জাবি আর ঘন কাজ করা কাশ্মীরি শাল । বুঝলাম এটা মহেশ চৌধুরীর সত্তর বছরের জন্মদিন উপলক্ষে স্পেশাল পোশাক ।

প্রীতীনবাবু শুধু ফেলুদার নামটাই জানেন, তাই বাকি দুজনের পরিচয় ফেলুদাকেই দিতে হল । ভদ্রলোক কিছু বলার আগেই লালমোহনবাবু আমাদের অবাক করে দিয়ে বললেন, ‘হ্যাপি বার্থডে টু ইউ স্যার !’

ভদ্রলোক হো হো করে হেসে উঠলেন । —‘থ্যাঙ্ক ইউ, থ্যাঙ্ক ইউ ! বুড়োমানুষের আবার জন্মদিন । এসব আমার বৌমার কাণ্ড । —যাক আপনারা এসে গিয়ে খুব ভালই হল । হোয়ার ইজ দ্য ডেড বডি খুঁজে বার করতে অসুবিধা হয়নি তো ?’

প্রশ্নটা শুনে আমার আর লালমোহনবাবুর মুখ একসঙ্গে হাঁ হয়ে গেছে । ফেলুদা কিন্তু ভুরুটা একটু তুলেই নামিয়ে নিল । ‘আজ্ঞে না, অসুবিধা হয়নি ।’

‘ভেরি গুড । আমি বুঝেছিলাম আপনি যখন গোয়েন্দা তখন হয়তো আমার সাংকেতিক ভাষা বুঝতে পারবেন । তবে আপনার দুই বন্ধু মনে হচ্ছে বোঝেননি ।’

ফেলুদা বুঝিয়ে দিল । ‘কৈলাস হচ্ছে “কই লাশ ?”

এবারে লক্ষ করলাম ঘরের ঠিক মাঝখানে একটা চিতাবাঘের ছালের উপর বসে একটি বছর পাঁচেকের মেয়ে ডান হাতে একটা চিমটির মতো জিনিস নিয়ে বাঁ হাতে ধরা একটি বিলিতি ডলের ভুরুর জায়গায় এক মনে চিমটি কাটছে । বোধহয় পুতুলের ভুরু শ্লাক করা



হচ্ছে। আমি ওর দিকে চেয়ে আছি বলেই বোধহয় মহেশবাবু বললেন, ‘ওটি আমার নাতনি ; ওর নাম জোড়া মৌমাছি।’

‘আর তুমি জোড়া কাটারি’, বলল মেয়েটি।

‘বুঝলেন তো, মিঃ মিস্তির?’

ফেলুদা বলল, ‘বুঝলাম, আপনার নাতনি হলেন বিবি, আর আপনি তার দাদু।’

লালমোহনবাবু আমার দিকে ফ্যালফ্যাল করে চেয়ে আছেন দেখে বুঝিয়ে দিলাম বিবি হচ্ছে Bee-Bee, আর দাদুর ‘দা’ হল কাটারি আর ‘দু’ হল দুই। ফেলুদা আর আমি অনেক ৬৫৬

সময়ই বাড়িতে বসে কথার খেলা তৈরি করে খেলি, তাই এগুলো বুঝতে অসুবিধা হল না ।

প্রীতীনবাবু ‘দাদাকে ডাকি’ বলে ঘর থেকে বেরিয়ে গেলেন ; আমরা তিনজনে সোফায় বসলাম । মহেশবাবুর ঠোঁটের কোণে হাসি, তিনি এক দৃষ্টে চেয়ে রয়েছেন ফেলুদার দিকে । ফেলুদার তাতে কোনও উসখুসে ভাব নেই, সেও দিবি উলটে চেয়ে আছে ভদ্রলোকের দিকে ।

‘ওয়েল, ওয়েল, ওয়েল’, অবশেষে বললেন মহেশ চৌধুরী, ‘সহায় আপনার খুব সুখ্যাতি করছিল, তাই আপনি এসেছেন শুনে তিরিকে বললুম, ভদ্রলোককে ডাক, তাকে একবার দেখি । আমার জীবনেও তো অনেক রহস্য, দেখুন যদি তার দু-একটাও সমাধান করে দিতে পারেন ।’

‘তিরি মানে আপনার তৃতীয় পুত্র কি ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘রাইট এগেন’, বললেন ভদ্রলোক । ‘আমি যে কথা নিয়ে খেলতে ভালবাসি সেটা নিশ্চয়ই বুঝতে পারছেন ।’

‘ও বাতিকটা আমারও আছে ।’

‘সে তো খুব ভাল কথা । আমার নিজের ছেলেদের মধ্যে টেকা তবু একটু আধটু বোঝে, তিরির মাথা এদিকে একেবারেই খেলে না । তা যাক্ গে—আপনি গোয়েন্দাগিরি করছেন কদিন ?’

‘বছর আষ্টেক ।’

‘আর উনি কী করেন ? মিঃ গাঙ্গুলী ?’

‘উনি লেখেন । রহস্য উপন্যাস । জটায়ু ছদ্মনামে ।’

‘বাঃ ! আপনারদের কন্সিনেশনটি বেশ ভাল । একজন রহস্য-প্লট পাকান, আরেকজন রহস্যের জট ছাড়ান । ভেরি গুড ।’

ফেলুদা বলল, ‘আপনার প্রজাপতি আর পাথরের সংগ্রহ তো দেখতেই পাচ্ছি ; এ ছাড়া আরও কিছু জমিয়েছেন কি কোনওদিন ?’

পাথরগুলো রাখা ছিল ঘরের একপাশে একটা বড় কাচের আলমারির ভিতর । এত রকম রঙের পাথর যে হয় আমার ধারণাই ছিল না । কিন্তু ফেলুদা হঠাৎ এ প্রশ্ন করল কেন ? ভদ্রলোকও বেশ অবাক হয়ে বললেন, ‘অন্য সংগ্রহের কথা হঠাৎ জিজ্ঞেস করলেন কেন ?’

‘আপনার নাতনির হাতের চিমটেটাকে পুরনো টুইজারস বলে মনে হচ্ছে তাই—’

‘ব্রিলিয়ান্ট ! ব্রিলিয়ান্ট !’—ভদ্রলোক ফেলুদার কথার উপর তারিফ চাপিয়ে দিলেন ।—‘আপনার অদ্ভুত চোখ । আপনি ঠিক ধরেছেন, ওটা স্ট্যাম্প কালেকটরের চিমটেই বটে । ডাকটিকিট এককালে জমিয়েছি বইকী, আর বেশ যত্ন নিয়ে সিরিয়াসলি জমিয়েছি । এখনও মাঝে মাঝে গিবনসের ক্যাটালগের পাতা উলটেই । ওটাই আমার প্রথম হবি । যখন ওকালতি করি তখন আমার এক মক্কেল, নাম দোরাবজী, আমার উপর কৃতজ্ঞতাবশে তার একটি আস্ত পুরনো অ্যালবাম আমাকে দিয়ে দেয় । তার নিজের অবিশিষ্ট শখ মিটে গিয়েছিল, কিন্তু এ জিনিস সহজে কেউ দেয় না । বেশ কিছু দুস্ত্রাপ্য টিকিট ছিল সেই অ্যালবামে ।’

আমি নিজে স্ট্যাম্প জমাই, আর ফেলুদারও এক সময় ডাকটিকিটের নেশা হয়েছিল । ও বলল, ‘সে অ্যালবাম দেখা যায় ?’

‘আজ্ঞে ?’—ভদ্রলোক যেন একটু অন্যমনস্ক হয়ে পড়েছিলেন—‘অ্যালবাম ? অ্যালবাম তো নেই ভাই । সেটা খোয়া গেছে ।’

‘খোয়া গেছে ?’

‘বলছি না—আমার জীবনে অনেক রহস্য । রহস্যও বলতে পারেন, ট্র্যাজিডিও বলতে পারেন । তবে আজকের দিনটায় সেসব আলোচনা থাক ।—এসো টেকা, তোমার সঙ্গে আলাপ করিয়ে দিই ।’

টেকা মানে বোঝাই যাচ্ছে ভদ্রলোকের বড় ছেলে । প্রীতীনবাবুর সঙ্গে এসে ঘরে ঢুকলেন । বয়সে প্রীতীনবাবুর চেয়ে বেশ কিছুটা বড় । ইনিও সুপুরুষ, যদিও মোটার দিকে, আর প্রীতীনবাবুর মতো ছটফটে নন ; বেশ একটা ভারতাত্তিক ভাব ।

‘তিরিকে মাইক সম্বন্ধে জিজ্ঞেস করলে আপনি ভাল জবাব পাবেন’, বললেন মহেশ চৌধুরী, ‘আর ইনি মাইকার কারবারি । অরুণেন্দ্র । কলকাতায় অফিস, হাজারিবাগ যাতায়াত আছে কর্মসূত্রে ।’

‘আর দুরি বুঝি উনি ?’ ফেলুদা রূপোর ফ্রেমে বাঁধানো একটা ছবির দিকে দেখাল । ফ্যামিলি গ্রুপ । মহেশবাবু, তাঁর স্ত্রী, আর তিন ছেলে । অন্তত বছর পঁচিশ আগে তোলা, কারণ বাপের দুপাশে দাঁড়ানো দুজন ছেলেই হাফ প্যান্ট পরা, আর তৃতীয়টি মায়ের কোলে । দাঁড়ানো ছেলে দুটির মধ্যে যে ছোট সেই নিশ্চয়ই মহেশবাবুর দ্বিতীয় ছেলে ।

‘ঠিকই বলেছেন আপনি,’ বললেন মহেশবাবু, ‘তবে দুরির সঙ্গে আলাপের সৌভাগ্য আপনার হবে কি না জানি না, কারণ সে ভাগলওয়া ।’

অরুণবাবু ব্যাপারটা বুঝিয়ে দিলেন । ‘বীরেন বিলেত চলে যায় উনিশ বছর বয়সে ; তারপর আর ফেরেনি ।’

‘ফেরেনি কি ?’—মহেশবাবুর প্রশ্নে কোথায় যেন একটা খটকার সুর ।

‘ফিরলে কি আর তুমি জানতে না, বাবা ?’

‘কী জানি !’—সেই একই সুরে বললেন মহেশ চৌধুরী । ‘গত দশ বছর তো সে আমাকে চিঠিও লেখেনি ।’

ঘরে কেমন একটা থমথমে ভাব এসে গেছিল বলেই বোধহয় সেটা দূর করার জন্য মহেশবাবু হঠাৎ চাঙা হয়ে সোফা ছেড়ে উঠে পড়লেন । —‘চলুন, আপনাদের আমার বাড়িটা একটু ঘুরিয়ে দেখাই । অখিল আর ইয়ে যখন এখনও এল না, তখন হাতে কিছুটা সময় আছে ।’

‘তুমি উঠছ কেন বাবা,’ বললেন অরুণবাবু, ‘আমিই দেখিয়ে আনছি ।’

‘নো স্যার, আমার প্ল্যান করা আমার বাড়ি, আমিই দেখাব । আসুন, মিঃ মিস্ত্রি ।’

দোতলায় উত্তরে রাস্তার দিকে একটা চমৎকার চওড়া বারান্দা, সেখান থেকে কানারি হিল দেখা যায় । বেডরুম তিনটে, তিনটেতেই এখন লোক রয়েছে । মাকেরটায় থাকেন মহেশবাবু নিজে, এক পাশে বড় ছেলে, অন্য পাশে স্ত্রী আর মেয়েকে নিয়ে প্রীতীনবাবু । নীচে একটা গেস্টরুম আছে, তাতে এখন রয়েছেন মহেশবাবুর বন্ধু অখিল চক্রবর্তী । অরুণবাবুর দুই সন্তানের মধ্যে বড়টি ছেলে, সে এখন বিলেতে, আর মেয়েটির সামনে মাধ্যমিক পরীক্ষা বলে সে মায়ের সঙ্গে কলকাতায় রয়ে গেছে ।

মহেশবাবুর বেডরুমেও দেখলাম কিছু পাথর আর প্রজাপতি রয়েছে । একটা বুকসেলফে পাশাপাশি রাখা অনেকগুলো একরকম দেখতে বইয়ের দিকে ফেলুদার দৃষ্টি গিয়েছিল, ভদ্রলোক বললেন ওগুলো ওঁর ডায়রি । চল্লিশ বছর একটানা ডায়রি লিখেছেন উনি । খাটের পাশে টেবিলে ছোট্ট বাঁধানো ছবি দেখে লালমোহনবাবু বলে উঠলেন, ‘আরে, এ যে দেখছি মুক্তানন্দের ছবি ।’

মহেশবাবু হেসে বললেন, ‘আমার বন্ধু অখিল দিয়েছে ওটা ।’ তারপর ফেলুদার দিকে ফিরে বললেন, ‘তিনটে মহাদেশের শক্তি এঁর পিছনে ।’

‘কারেক্ট।’ বললেন লালমোহনবাবু, ‘বিরাত তাত্ত্বিক সাধু। ইন্ডিয়া, ইউরোপ, আমেরিকা—সর্বত্র ঐর শিষ্য।’

‘আপনি তো অনেক খবর রাখেন দেখছি’, বললেন মহেশ চৌধুরী, ‘আপনিও ঐর শিষ্য নাকি?’

‘অজ্ঞে না, তবে আমার পাড়ায় আছেন একজন।’

দোতলায় থাকতেই একটা গাড়ির শব্দ পেয়েছিলাম, নীচে এসে দেখি, যে-দুজনের কথা মহেশবাবু বলছিলেন, তাঁরা এসে গেছেন। একজন মহেশবাবুরই বয়সী, সাধারণ ধৃতি পাঞ্জাবি আর গাঢ় খয়েরি রঙের আলোয়ান গায়ে। ইনি যে উকিল-টুকিল ছিলেন না কোনওদিন সেটা বলে দিতে হয় না, আর সাহেবিরও কোনও গন্ধ নেই ঐর মধ্যে। অন্য ভদ্রলোককে মনে হল চল্লিশের নীচে বয়স, বেশ হাসিখুশি সপ্রতিভ ভাব, মহেশবাবু আসতেই তাঁকে টিপ করে প্রণাম করলেন। বৃদ্ধ ভদ্রলোকটির হাতে মিষ্টির হাঁড়ি ছিল, সেটা তিনি প্রীতীনবাবুর হাতে চালান দিয়ে মহেশবাবুর দিকে ফিরে বললেন, ‘আমার কথা যদি শোনো তো পিকনিকের পরিকল্পনাটা বাদ দাও। একে যাত্রা অশুভ, তার উপর বাঘ পালিয়েছে। শার্দূলবাবাজী যদি মুক্তনন্দের শিষ্যটিষ্য হন তা হলে একবার ছিন্নমস্তায় হাজিরা দেওয়াটা কিছুই আশ্চর্য নয়।’

মহেশবাবু আমাদের দিকে ফিরে বললেন, ‘আলাপ করিয়ে দিই—এই কুডাকডাকা ভদ্রলোকটি হলেন আমার অনেকদিনের বন্ধু শ্রীঅখিলবন্ধু চক্রবর্তী, এক্স-স্কুলমাস্টার, জ্যোতিষচর্চা আর আয়ুর্বেদ হচ্ছে এনার হবি; আর ইনি হলেন শ্রীমান শঙ্করলাল মিশ্র, আমার অত্যন্ত স্নেহের পাত্র, বলতে পারেন আমার মিসিং পুত্রের স্থান অনেকটা অধিকার করে আছেন।’

সবাই যাবার জন্য তৈরি হচ্ছে দেখে অখিলবাবু আরেকবার বললেন, ‘তা হলে আমার নিষেধ কেউ মানছে না?’

‘না ভাই’, বললেন মহেশ চৌধুরী, ‘আমি খবর পেয়েছি বাঘের নাম সুলতান, কাজেই সে মুসলমান, তাত্ত্বিক নয়।—ভাল কথা, মিঃ মিষ্টির যদি সময় পান তো সাকসিটা একবার দেখে নেবেন। আমাদের ইনভাইট করেছিল পরশু। বৌমা আর বিবিদিদিমণিকে নিয়ে আমি দেখে এসেছি। দিশি সাকসি যে এত উন্নত করেছে জানতাম না। আর বাঘের খেলার তো তুলনাই নেই।’

‘কিন্তু পরশু নাকি বাঘের খেলায় গোলমাল হয়েছিল?’ প্রশ্ন করলেন লালমোহনবাবু।

‘সেটা খেলোয়াড়ের কোনও গুণগোলে নয়। জানোয়ারেরও তো মুড বলে একটি জিনিস আছে। সে-তো আর কলের পুতুল না যে চাবি টিপলেই লফ-ঝম্প করবে।’

‘কিন্তু সেই মুডের ঠেলা তো এখন সামলানো দায়’, বললেন অরুণবাবু। ‘শহরে তো প্যানিক। ওটাকে এক্সকুনি মেরে ফেলা উচিত। বিলিতি সাকসি হলে এ জিনিস কক্ষনও হত না।’

মহেশবাবু একটা শুকনো হাসি হেসে বললেন, ‘হ্যাঁ—তুমি তো আবার বন্যপশু-সংহার সমিতির সভাপতি কি না, তোমার হাত তো নিশাপিশ করবেই।’

রাজরাশ্মি রওনা হবার আগে আর একজনের সঙ্গে আলাপ হল। উনি হলেন প্রীতীনবাবুর স্ত্রী নীলিমা দেবী। এঁকে দেখে বুঝলাম যে চৌধুরী পরিবারের সকলেই বেশ ভাল দেখতে।

রাজরাপা হাজারিবাগ থেকে আশি কিলোমিটার। ৪৮ কিলোমিটার গিয়ে রামগড় পড়ে, সেখান থেকে বাঁয়ে রাস্তা ধরে গোলা বলে একটা জায়গা হয়ে ভেড়া নদী পর্যন্ত গাড়ি যায়। নদী হেঁটে পেরিয়ে খানিকদূর গিয়েই রাজরাপা।

শঙ্করলাল মিশ্রের গাড়ি নেই। তিনি আমাদের গাড়িতেই এলেন। দুজন বেয়ারাকেও নেওয়া হয়েছে পিকনিকের দলে, তাদের একজন হল বুড়ো নূরমহম্মদ, যে মহেশবাবুর ওকালতির জীবনের শুরু থেকে আছে। অন্য জন হল ষণ্মা মার্কা জগৎ সিং, যার জিন্মায় রয়েছে অরুণবাবুর বন্দুক আর টোটোর বাস্ক।

মিঃ মিশ্রকে দেখেই বেশ ভাল লেগেছিল, তার সঙ্গে কথা বলে আরও ভাল লাগল। ভদ্রলোকের জীবনের ঘটনাও শোনবার মতো। শঙ্করলালের বাবা দীনদয়াল মিশ্র ছিলেন মহেশবাবুর দারোয়ান। আজ থেকে পঁয়ত্রিশ বছর আগে, যখন শঙ্করলালের বয়স চার—দীনদয়াল নাকি একদিন হঠাৎ নিখোঁজ হয়ে যায়। দুদিন পরে এক কাঠুরে তার মৃতদেহ দেখতে পায় মহেশবাবুর বাড়ি থেকে প্রায় সাত-আট মাইল দূরে একটা জঙ্গলের মধ্যে। কোনও জানোয়ারের হাতে তার মৃত্যু হয়েছে তাতে সন্দেহ নেই, কিন্তু দীনদয়াল ওই জঙ্গলে কেন গিয়েছিল সেটা জানা যায়নি। একটা পুরনো শিবমন্দির আছে সেখানে, কিন্তু দীনদয়াল কোনওদিন সেখানে যেত না।

এই ঘটনার পর থেকে নাকি মহেশবাবুর ভীষণ মায়া পড়ে যায় বাপহারা চার বছরের শিশু শঙ্করলালের উপর। তিনি শঙ্করলালকে মানুষ করার ভার নেন। শঙ্করলালও খুব বুদ্ধিমান ছেলে ছিল; পরীক্ষায় বৃত্তি পায়, বি এ পাশ করে রাঁচিতে শঙ্কর বুক স্টোর্স নামে একটা বইয়ের দোকান খোলে। হাজারিবাগে ব্রাঞ্চ আছে, দু জায়গাতেই যাতায়াত আছে ভদ্রলোকের।

এই খবরটা শুনে অবিশ্যি লালমোহনবাবু জিজ্ঞেস করার লোভ সামলাতে পারলেন না এই বইয়ের দোকানে বাংলা বইও পাওয়া যায় কি না। ‘নিশ্চয়ই’, বললেন শঙ্করলাল, ‘আপনার বইও বিক্রি করেছি আমরা।’

ফেলুদা সব শুনে বলল, ‘মহেশবাবুর দ্বিতীয় ছেলে তা হলে আপনারই বয়সী ছিলেন?’

‘বীরেন্দ্র ছিল আমার চেয়ে কয়েকমাসের ছোট’, বলল শঙ্করলাল। ‘আমরা দুজন ইস্কুলে এক ক্লাসেই পড়েছি, যদিও কলেজের পড়াটা ওরা তিন ভাই-ই করেছে কলকাতায় ওদের এক জ্যাঠামশাইয়ের বাড়িতে থেকে। বীরেনের পড়াশুনায় মন ছিল না। সে ছিল বেপরোয়া, রোম্যান্টিক প্রকৃতির ছেলে। উনিশ বছর বয়সে বাড়ি ছেড়ে চলে যায়।’

ফেলুদা বলল, ‘মহেশবাবু কি সাধুসংসর্গ-টর্গ করেন নাকি?’

‘আগে করতেন না মোটেই, তবে ওঁর জীবনে অনেক পরিবর্তন হয়েছে। আমি যদিও দেখিনি, তবে শুনেছি এককালে মিলিটারি মেজাজ ছিল, প্রচুর মদ্যপান করতেন। সব ছেড়ে দিয়েছেন। সাধুসঙ্গ না করলেও, আমার বিশ্বাস আজ রাজরাপায় পিকনিকের কারণ ছিন্নমস্তার মন্দির।’

‘এটা কেন বলছেন?’

‘উনি বাইরে বিশেষ প্রকাশ করেন না, কিন্তু আমি এর আগেও কয়েকবার রাজরাপা গিয়েছি ওঁর সঙ্গে। মন্দিরের সামনে এলে ওঁর মুখের ভাব বদলে যায় এটা লক্ষ্য করেছি।’

‘অতীতে কি এমন কোনও ঘটনা ঘটে থাকতে পারে যার ফলে এটা হওয়া সম্ভব?’

‘সেটা আমি বলতে পারব না। ভুলে যাবেন না, আমি ছিলাম ওঁর দারোয়ানের ছেলে।’

সাড়ে দশটা নাগাত পরপর তিনখানা গাড়ি এসে থামল ভেড়া নদীর ধারে। আমাদের গাড়িটা ছিল সবচেয়ে পিছনে; আমাদের সামনে প্রীতীনবাবুর গাড়ি। তিনি প্রথমে নামলেন গাড়ি থেকে, হাতে টেপ রেকর্ডার আর নেমেই চলে গেলেন বাঁয়ে জঙ্গলের দিকে। আমরা সবাই নামলাম। মহেশবাবু ছিলেন প্রথম গাড়িতে, তিনি আমার দিকে এগিয়ে এসে বললেন, ‘তাড়া নেই, নদী পেরিয়েই রাজরাণ্ণা, সঙ্গে ফ্লাস্কে কফি আছে, একটু রিল্যাক্স করে তবে ওপারে যাত্রা।’

আমরা সবাই নদীর দিকে এগিয়ে গেলাম। পাহাড়ে নদী, যাকে বলে খরস্রোতা। বর্ষার ঠিক পরে এ নদী পেরোনো নাকি মুশকিল, কারণ তখন জল থাকে হাঁটু অবধি। ছোট বড় মেজ্ঞ সেজো নানান সাইজের সাদা কালো খয়েরি পাটকিলে ছিটদার সব পাথর ডিঙিয়ে পাশ কাটিয়ে, যুগ যুগ ধরে সেগুলোকে মোলায়েম করে, পালিশ করে ব্যস্তবাগীশ ভেড়া নদী তড়িঘড়ি ছুটে চলেছে দামোদরে ঝাঁপিয়ে পড়বে বলে। এই ঝাঁপের জায়গাই হল রাজরাণ্ণা।

নীলিমা দেবী কফি ঢেলে দিলেন কাগজের কাপে, আমরা সবাই একে একে গিয়ে নিয়ে নিলাম। প্রীতীনবাবুকে বোধহয় নদীর শব্দ বাঁচিয়ে পাখির ডাক রেকর্ড করতে হবে বলে বনের একটু ভিতর দিকে যেতে হয়েছে। পাখি যে ডাকছে নানারকম সেটা ঠিকই।

এখানে এসে নতুন যাদের সঙ্গে আলাপ হল, ফেলুদার কায়দায় তাদের একটু স্টাডি করার চেষ্টা করলাম।

বয়সে যে সবচেয়ে ছোট, সে তার ডলটাকে একটা পাথরের উপর বসিয়ে দিয়ে বলল, ‘চুপটি করে বসে থাকো। দুটুমি করলেই ভেড়া নদীতে ফেলে দেব, তখন দেখবে মজা।’

অরুণবাবু হাত থেকে কাগজের কাপ ফেলে দিয়ে একটু দূরে একটা ঝোপের পিছনে অদৃশ্য হলেন, আর তার পরেই ঝোপের মাথার উপর ধোঁয়া দেখে বুঝলাম এই বয়সেও ভদ্রলোক বাপের সামনে সিগারেট খান না।

মহেশ চৌধুরী হাত দুটো পিছনে জড়ো করে নদীর কাছেই দাঁড়িয়ে এক দৃষ্টে জলের দিকে চেয়ে আছেন।

ফেলুদা দুটো পাথর ঠোকাঠুকি করে সেগুলো চকমকি কি না পরীক্ষা করছিল, অখিলবাবু তার দিকে এগিয়ে গিয়ে বললেন, ‘আপনার রাশিটা কী জানা আছে?’ ফেলুদা বলল, ‘কুস্ত। সেটা গোয়েন্দার পক্ষে ভাল না খারাপ?’

নীলিমা দেবী মাটি থেকে একটা বুনো হলদে ফুল তুলে সেটা খোঁপায় গুঁজে লালমোহনবাবুর দিকে এগিয়ে গিয়ে কী একটা বলায় লালমোহনবাবু মাথাটা পিছনে হেলিয়ে স্মার্টলি হাসতে গিয়ে এক লাফে বাঁয়ে সরে গেলেন, আর নীলিমা দেবী খোলা হাসি হেসে বললেন, ‘সে কী, আপনি গিরগিটি দেখে ভয় পাচ্ছেন?’

শঙ্করলালকে খুঁজতে গিয়ে দেখি উনি ইতিমধ্যে কখন জানি নদী পেরিয়ে গিয়ে ওপারে একজন গেরুয়াধারী ভদ্রলোকের সঙ্গে কথা বলছেন। একটা বাসে কিছু যাত্রী এসেছিল, তারা একটুক্ষণ আগেই নদী পেরিয়েছে সেটা দেখেছিলাম।

কফি খাওয়া শেষ, প্রীতীনবাবুও এসে গেছেন, তাই আমরা ওপারে যাবার জন্য তৈরি হলাম। ধূতি, শাড়ি, প্যান্ট সবই একটু ওপরদিকে উঠে গেল, বিবি চড়ে বসল নূর মহম্মদের পিঠে, লালমোহনবাবু জলে নামবার আগে মনে হল চোখ বুজে কী জানি বিড়বিড় করে নিলেন, পেরোবার সময় বার তিনেক বেসামাল হতে হতে সামলে নিলেন, আর ওপারে পৌঁছিয়েই বললেন ব্যাপারটা যে এত সহজ সেটা উনি ভাবতেই পারেননি।

বাকি পথটার দু পাশে গাছপালা ছিল, যদিও সেটাকে জঙ্গল বলা চলে না। তাও লালমোহনবাবু সেদিকে বারবার আড়চোখে চাওয়াতে বুঝলাম উনি বাঘের কথা ভোলেননি।

একটা মোড়ে থিয়েটারের পর্দা সরে যাওয়ার মতো চোখের সামনে রাজরাণী বেরিয়ে পড়তে লালমোহনবাবু এত জোরে বাঃ বললেন যে পাশের গাছ থেকে একসঙ্গে দুটো ঘুঘু উড়ে পালাল।

অবিশ্যি বাঃ বলার যথেষ্ট কারণ ছিল। আমরা যেখানে এসে দাঁড়িয়েছি সেখান থেকে দুটো নদীই দেখা যাচ্ছে। বাঁ দিকে উত্তরে ভেড়া, আর ডাইনে নীচে দামোদর। জলপ্রপাতের জায়গাটা দেখতে হলে আরও এগিয়ে বাঁয়ে যেতে হবে, যদিও শব্দটা এখান থেকেই পাচ্ছি। সামনে আর নদীর ওপারে বিশাল বিশাল কচ্ছপের পিঠের মতো পাথর, দূরে বন, আর আরও দূরে আবছা পাহাড়ের লাইন।

মন্দির আমাদের বাঁয়ে বিশ হাতের মধ্যে। বোঝাই যায় অনেকদিনের পুরনো, কিন্তু সেটাকে আবার নতুন করে সাজগোজ পরানো হয়েছে। এই ক'দিন আগেই কালীপুজোতে এখানে মোষ বলি হয়েছে বলে শুনলাম। লালমোহনবাবু বললেন এককালে নিখাত নরবলি হত। অবিশ্যি সেটা যে খুব ভুল বলেছেন তা হয়তো না। বসে যেসব যাত্রী এসেছে তাদের দেখার উৎসাহ নেই, তারা সবাই মন্দিরের সামনে জড়ো হয়েছে। শঙ্করলাল ঠিকই বলেছিলেন। মহেশ চৌধুরী প্রায় মিনিট খানেক ধরে মন্দিরের দরজার দিকে চেয়ে রইলেন, যদিও অন্ধকারে বিগ্রহটা দেখাই যায় না। তারপর ধীরে ধীরে চলে গেলেন অন্যরা যেদিকে গেছে সেইদিকে। আমরা তিনজনও সেইদিকেই এগিয়ে গেলাম।

খানিকটা যেতেই ফলসটা দেখতে পেলাম। যেখানে বালির উপর শতরঞ্চি পাতা হচ্ছে সেখান থেকে ওটা দেখা যাবে। লালমোহনবাবু বললেন, 'এটা কিন্তু ফাউ হয়ে গেল মশাই। হাজারিবাগ এসে সেকেন্ড দিনেই একজন রিটার্ড অ্যাডভোকেটের জন্মদিনে পিকনিকে ইনভাইটেড হবেন, এটা কি ভাবতে পেরেছিলেন?'

'এ তো সবে শুরু', বলল ফেলুদা।

'বলছেন?'

'দাবা খেলেছেন কখনও?'

'রক্ষে করুন মশাই।'

'তা হলে ব্যাপার বুঝতেন। দাবার শেষ দিকে যখন দুপক্ষের পাঁচটি কি সাতটি ঘুঁটি বোর্ডের এখানে ওখানে দাঁড়িয়ে থাকে, তখন অনড় অবস্থাতেই তাদের পরস্পরের মধ্যে একটা বৈদ্যুতিক প্রবাহ চলতে থাকে। যারা খেলেছে তারা তাদের প্রত্যেকটি স্নায়ু দিয়ে ব্যাপারটা অনুভব করে। এই চৌধুরী পরিবারটিকে দেখে আমার দাবার ঘুঁটির কথা মনে হচ্ছে, যদিও কে সাদা কে কালো, কে রাজা কে মন্ত্রী, তা এখনও বুঝিনি।'

আমরা মন্দির আর পিকনিকের জায়গার মাঝামাঝি একটা জায়গায় একটা অশ্বখগাছের তলায় পাথরের উপর বসলাম। এগারোটাও বাজেনি এখনও, খাবার তাড়া নেই, সবাইয়ের মধ্যে একটা নিশ্চিন্ত ঢিলেঢালা ভাব। অখিলবাবু বালিতে উবু হয়ে বসে বিবিকে হাত নেড়ে কী যেন বোঝাচ্ছেন; নীলিমা দেবী শতরঞ্চিতে বসে তাঁর ব্যাগের ভিতর থেকে একটা ইংরিজি পেপারব্যাগ বার করলেন, সেটা নিখাত ডিটেকটিভ বই; শ্রীতীনবাবু একটি টিবির উপর বসে তাঁর টেপ রেকর্ডারে একটা নতুন ক্যাসেট ভরলেন; অরুণবাবু জগৎ সিংয়ের কাছ থেকে তাঁর বন্দুকটা নিলেন, মহেশবাবু মাটি থেকে একটা পাথরের টুকরো কুড়িয়ে নিয়ে সেটা নেড়ে চেড়ে দেখে আবার ফেলে দিলেন। 'শঙ্করলালকে দেখছি না', বললেন লালমোহনবাবু।

'আছেন, তবে দূরে', বলল ফেলুদা।

তার দৃষ্টি অনুসরণ করে দেখলাম মন্দির ছাড়িয়ে আরও বেশ কিছুটা দক্ষিণে একটা গাছের

তলায় দাঁড়িয়ে শঙ্করলাল কিছুক্ষণ আগে দেখা সেই গেরুয়াধারীটির সঙ্গে কথা বলছেন।
'একটু যে সাস্পিশাস বলে মনে হচ্ছে', মন্তব্য করলেন লালমোহনবাবু।

ফেলুদারও সাস্পিশাস মনে হচ্ছে কি না সেটা জানবার আগেই আমাদের পাশে এসে দাঁড়ালেন অরুণবাবু, তাঁর হাতে বন্দুক। 'ওটা দিয়ে কি বাঘ মারা যায়?' জিজ্ঞেস করল ফেলুদা।

'সার্কাসের বাঘ এতদূর আসবে না', হেসে বললেন অরুণবাবু। 'সাম্বার মেরেছি এটা দিয়ে, তবে সাধারণত পাখিটাখিই মারি। এটা টোয়েন্টি-টু।'

'তাই তো দেখছি।'

'আপনি শিকার করেন?'

'শুধু মানুষ।'

'আপনার কি কোনও এজেন্সি নাকি? না প্রাইভেট?'

ফেলুদা তার প্রাইভেট ইনভেস্টিগেটর লেখা একটা কার্ড অরুণবাবুকে দিয়ে দিল। ভদ্রলোক বললেন, 'থ্যাক্স। কখন কাজে লেগে যায় বলা তো যায় না।'

ভদ্রলোক যদিও দিয়ে এসেছিলেন সেইদিকেই চলে গেলেন। ফেলুদা এই ফাঁকে কখন যে সেই সকালের কাগজটা পকেট থেকে বের করেছে সেটা দেখতেই পাইনি। লালমোহনবাবু কাগজটার দিকে ঝুঁকে পড়ে বললেন, 'বাংলা নামের কথা কী বলছিলেন মশাই?'

'এই দেখুন।'

ফেলুদা পাশাপাশি লেখা চারটে ইংরিজি অক্ষরের দিকে দেখাল। লালমোহনবাবু ভুরু কুঁচকে বললেন, 'ওটা তো মনে হচ্ছে লক্ লিখতে গিয়ে বানান ভুল করে LOKC লিখেছে।'

'এলোকেশী!' আমি চোঁচিয়ে উঠলাম। এরকম ভাবে ইংরিজি অক্ষরে বাংলা কথা আমিও লিখেছি ছেলেবেলায়।

'বাঃ,' বললেন লালমোহনবাবু, 'সত্যিই তো। আর এই জাপানি নামটা?'

'ওকাহা? এটা একটা বাংলা সেনটেন্স। OKAHA।'

'ও, কে, এ, এইচ, এ? এটা একটা বাংলা সেনটেন্স। একটু বাড়াবাড়ি হয়ে যাচ্ছে না কি?'

'ও, কে, এ, এইচ, এ—এটা তাড়াতাড়ি বলুন তো, না থেমে। দেখুন তো কী রকম শোনায়।'

এবার লালমোহনবাবুর মুখে একটা বিস্ময় আর খুশি মেশানো ভাব দেখা দিল। 'ও কে এয়েচে! ওয়াভারফুল!...বাঃ, বাঃ, এই তো, জলের মতো সোজা—SO—এসো; DO—দিও; NADO—এনে দিও; NHE—এনেচি।—ও বাব্বা! এটা যে বিরাট সেনটেন্স; এর তো শেষ নেই মশাই!—AKLO ATBB BBSO ADK SO RO ADK SO AT KLO PC LO ROT OT DD OK OJT RO OG এ আমার সাধি নেই।'

'ধৈর্য নেই বলুন। তোপসে পড়। পাণ্ডুয়েট করে নিলে জলের মতো সোজা।'

খুব বেশি না ঠেকেই পড়ে গেলাম আমি।—

'এ কে এল? এটি বিবি। বিবি এসো। এদিকে এসো। আরো এদিকে এসো। এটি কে এল? পিসি এল। আর ওটি? ওটি দিদি। ও কে? ও জেটি। আর ও? ও ঝি।'

'ওটা কোথায় পেলেন আপনারা?' মহেশবাবু হাসিমুখে আমাদের দিকে এগিয়ে এসেছেন।

‘আপনার বাগানের ধারে পড়ে ছিল,’ বলল ফেলুদা।

‘বিবিদিদিমণির সঙ্গে একটু খেলা করছিলাম আর কী।’

‘সেটা আন্দাজ করেছি,’ বলল ফেলুদা। আমরা তিনজনেই উঠতে যাচ্ছিলাম, ভদ্রলোক বাধা দিয়ে আমাদের পাশেই পাথরের উপর বসে পড়লেন।

‘আরেকটি কাগজ দেখাব আপনাদের।’

মহেশবাবুর মুখে আর হাসি নেই। পকেট থেকে মানিব্যাগ বার করে তার ভিতর থেকে একটা পুরনো ভাঁজ করা পোস্টকার্ড বার করলেন।—‘আমার দ্বিতীয় পুত্রের শেষ পোস্টকার্ড।’

ফেলুদা পোস্টকার্ডটা নিয়ে ভাঁজ খুলল। একদিকে রঙিন ছবি। লেক সমেত জুরিখ শহরের দৃশ্য। উলটোদিকে শুধুই নাম ঠিকানা দেখে আমরা সকলেই বেশ অবাক।

মহেশবাবু বললেন, ‘শেষের দিকে ও তাই করত। শুধু জানান দিয়ে দিত কোথায় আছে। আগেও দু-এক লাইনের বেশি লেখেনি কখনও।’

ভদ্রলোক ফেলুদার হাত থেকে পোস্টকার্ডটা নিয়ে আবার ভাঁজ করে ব্যাগে রেখে দিলেন।

ফেলুদা বলল, ‘বীরেনবাবু বিলেতে কী করতেন সেটা জানতে পেরেছিলেন?’

মহেশবাবু মাথা নাড়লেন। ‘মামুলি চাকরি করার ছেলে ছিল না বীরেন। সে ছিল যাকে বলে রেবেল। একটি অগ্নিস্ফুলিঙ্গ। গতানুগতিকের একেবারে বাইরে। তার আবার একটি হিরো ছিল। বাঙালি হিরো। একশো বছর আগে তিনিও নাকি বাড়ি থেকে পালিয়ে জাহাজের খালাসি হয়ে বিলেত যান। তারপর শেষ পর্যন্ত ব্রেজিল না মেক্সিকো কোথায় গিয়ে আর্মিতে চুকে কর্নেল হয়ে সেখানকার যুদ্ধে অসাধারণ বীরত্ব দেখান।’

‘সুরেশ বিশ্বাস কি?’ ফেলুদা জিজ্ঞেস করল। লালমোহনবাবুরও চোখ চকচক করে উঠেছে। বললেন, ‘ইয়েস ইয়েস, সুরেশ বিশ্বাস। ব্রেজিলে মারা যান ভদ্রলোক। কর্নেল সুরেশ বিশ্বাস।’

মহেশবাবু বললেন, ‘ঠিক বলেছেন। ওই নাম। কোথেকে তার একটা জীবনী জোগাড় করেছিল, আর সেটা পড়েই ওর অ্যাডভেঞ্চারের শখ হয়। আমি বাধা দিইনি। জানতাম দিলে কোনও ফল হবে না। উধাও হয়ে গেল। তারপর মাস দুয়েক পরে এল ইউরোপ থেকে এক চিঠি। হল্যান্ড, সুইডেন, জার্মানি, অস্ট্রিয়া...কী করেছে কিছু বলে না, শুধু জানিয়ে দেয় সে আছে। চলে গেছে বলে যেমন দুঃখ হত, তেমনি নিজের চেষ্টায় নিজের পায়ে দাঁড়িয়েছে বলে গর্বও হত। তারপর সিন্ধুটি সেভনের পর আর চিঠি নেই।’

মহেশবাবু কিছুক্ষণ উদাস চোখে দূরের গাছপালার দিকে চেয়ে রইলেন। তারপর বললেন, ‘সে আর আমার কাছে আসবে না। এত সুখ আমার কপালে নেই। আমার উপরে যে অভিশাপ লেগেছে!’

‘সে কী হে, তুমি আবার অভিশাপ-টভিশাপে বিশ্বাস কর কবে থেকে?’—অখিলবাবু আমাদের দিকে এগিয়ে এলেন। মহেশবাবু দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘তুমি আমার কোণ্ঠীই বিচার করেছ অখিল, মানুষটাকে বিচার করনি।’

‘ওইখানেই তো ভুল,’ বললেন অখিলবাবু, ‘মানুষের কুণ্ঠি, মানুষের রাশি গ্রহ লগ্ন—এ সবের থেকে তো আলাদা নয় মানুষ। তোমায় বলেছিলুম সেই ফটিটুতে, যে তোমার জীবনে একটা বড় চেষ্টা আসছে—মনে আছে তোমার?—শুনুন মশাই—’ ফেলুদার দিকে ফিরলেন অখিলবাবু—‘এই যে দেখছেন ঐকে এখন দেখলে বুঝতে পারছেন কি যে ইনি এককালে

রাঁচি টু নেতারহাট যাবার পথে ঐর একটি পুরনো ফোর্ড গাড়ি বিকল হয়ে যাওয়ায় তার উপর রাগ করে সেটাকে পাহাড় থেকে হাজার ফুট নীচে ফেলে দিয়েছিলেন ?

মহেশবাবু উঠে পড়েছিলেন। বললেন, ‘বয়সের সঙ্গে সঙ্গে মানুষ বদলায় সেটা বলে দিতে কি জ্যোতিষীর দরকার হয় ?’

কথাটা বলে মহেশবাবু উত্তরদিকে চলে গেলেন, বোধহয় পাথরের সন্ধানে। অখিলবাবু বসলেন তাঁর জায়গায়। গল্প বলার মুডে ছিলেন ভদ্রলোক। বললেন, ‘আশ্চর্য লোক এই মহেশ। আমি ওঁর পড়শি ছিলাম। যদিও অন্য দিক দিয়ে ব্যবধান বিস্তর। আমি শিক্ষক, আর ও উদীয়মান অ্যাডভোকেট। ওর ছেলেদের টিউশনি করেছি কিছুদিন, সেই থেকে আলাপ। অ্যালোপ্যাথিতে আস্থা ছিল না, তাই অসুখ-টসুখ করলে মাঝে মাঝে শিকড় বাকল চেয়ে নিত আমার কাছে। সামাজিক ব্যবধানটা কোনওদিন বুঝতে দিত না। আমার ছেলেকেও নিজের ছেলের মতোই স্নেহ করত। কোনও স্নবারি ছিল না।’

‘আপনার ছেলে কী করে ?’

‘কে, অধীর ? অধীর ইঞ্জিনিয়ার। বোকারোয় আছে। খড়্গাপুরে পাশ করে ডুসেলডর্ফে চাকরি নিয়ে চলে গেসল। বিদেশেই ছিল বছর দশেক, তারপর—’

একটা বিস্ফোরণের শব্দ অখিলবাবুর কথা থামিয়ে দিল। ‘বন্দুক !’—টোঁচিয়ে উঠল বিবি—‘জেরু পাখি মেরেছে ! আমরা রাস্তিরে তিতিরের মাংস খাব !’

‘দেখি মহেশ আবার কোথায় গেল।’ অখিলবাবু যেন কিছুটা চিন্তিত ভাবেই উঠে পড়লেন। ‘পাথর খুঁজতে গিয়ে পা হড়কে পড়ে-টড়ে গেলে জন্মদিনটাই..’

‘পিকনিক বলে মনে হচ্ছে না।’ প্রীতীনবাবুর স্ত্রী হাতের বইটা বন্ধ করে শতরংগির উপর রেখে উঠে আমাদের দিকে এগিয়ে এলেন। ‘সবাই এমন ছড়িয়ে আছে কেন বলুন তো ?’

‘খিদে পেলেই সুড়সুড় করে এসে হাজির হবে’, বলল ফেলুদা।

‘কিছু খেললে হত না ?’

‘তাস ?’ বললেন লালমোহনবাবু, ‘আমি কিন্তু স্কু ছাড়া আর কিছু জানি না।’

‘তাও আবার ঢিলে’, বলল ফেলুদা।

‘তাস তো আর্নিনি সঙ্গে’, বললেন নীলিমা দেবী। ‘এমনি মুখে মুখে কিছু খেলা যেতে পারে।’

‘জল-মাটি-আকাশ হলে লালমোহনবাবু যোগ দিতে পারেন,’ বলল ফেলুদা।

‘সেটা আবার কী মশাই ?’

‘খুব সহজ’, বললেন নীলিমা দেবী, ‘ধরুন, আপনার দিকে তাকিয়ে আমি জল, মাটি, আকাশ এই তিনটির কোনও একটা বলে দশ গুনতে শুরু করব। জল বললে জলের, মাটি বললে মাটির, আর আকাশ বললে আকাশের একটা প্রাণীর নাম করতে হবে আপনাকে ওই দশ গোনার মধ্যে।’

‘এটা খুব কঠিন খেলা বুঝি ?’

‘খেলে দেখুন একবার। আমি আপনাকেই প্রশ্ন করছি।’

‘বেশ। রেডি।’ লালমোহনবাবু দম নিয়ে সোজা হয়ে যোগাসনে বসলেন। নীলিমা দেবী ভদ্রলোকের চোখের দিকে কিছুক্ষণ চেয়ে থেকে হঠাৎ টোঁচিয়ে উঠলেন—

‘আকাশ ! এক দুই তিন চার পাঁচ—’

‘এঁ-এঁ-এঁ—’

‘ছয় সাত আট নয়—’

‘বেঙুর !’



ফেলুদা অবিশ্যি জানতে চাইল বেড়ুরটা কোন গ্রহের আকাশে চরে বেড়ায়। তাতে লালমোহনবাবু বললেন যে ব্যাঙ, হাঙর আর বেলুন—এই তিনটে তিনি ভেবে রেখেছিলেন, বলার সময় তালগোল পাকিয়ে গেছে। তাতে ফেলুদা বলল যে বেলুনকে প্রাণী বলা যায় কি না সে বিষয়ে সন্দেহ আছে; কিন্তু লালমোহনবাবু কথাটা মানতে চাইলেন না। বললেন, ‘বেলুনে অক্সিজেন লাগে, প্রাণীরও অক্সিজেন ছাড়া চলে না, সুতরাং প্রাণী বলব না কেন মশাই?’ ফেলুদা বলল যে সে হাওয়া, হাইড্রোজেন আর হিলিয়ামের বেলুনের কথা শুনেছে, এমন কী কয়লার গ্যাসের বেলুনের কথাও শুনেছে, কিন্তু অক্সিজেন বেলুনের কথা এই প্রথম শুনল।

নীলিমা দেবী তর্ক থামানোর জন্য হাত তুলেছিলেন, ঠিক সেই সময় এমন একটা ঘটনা ঘটল যে তর্ক আপনিই থেমে গেল।

প্রীতীনবাবু।

মানুষে একসঙ্গে দুঃখ আর আতঙ্ক অনুভব করলে তার কীরকম ভাবভঙ্গি হতে পারে, লিওনার্দো দা ভিন্সিঞ্জের করা তার একটা ড্রইং ফেলুদা একবার আমাকে দেখিয়েছিল। প্রীতীনবাবুর চেহারা অবিকল সেই ছবির মতো।

ভদ্রলোক একটা ঝোপের পিছন থেকে বেরিয়ে এসে কাঁপতে কাঁপতে মাটিতে বসে পড়লেন।

নীলিমা দেবী ছুটে গেলেন স্বামীর দিকে, যদিও ফেলুদা তার আগেই পৌঁছে গেছে। কিন্তু ভদ্রলোকের মুখ দিয়ে কথা বেরোতে বেশ সময় লাগল।

‘বা...বা...বাবা!’ বললেন প্রীতীনবাবু, আর সঙ্গে সঙ্গে তার ডান হাতটা পিছন দিকে নির্দেশ করল।

৫

মহেশবাবুকে যখন বাড়িতে আনা হয় তখন প্রায় আড়াইটা। তখনও জ্ঞান হয়নি ভদ্রলোকের। মাথায় চোট লেগেছে, দাঁড়ানো অবস্থা থেকে সটান পড়েছিলেন মাটিতে। ডাক্তার বলছেন হার্ট অ্যাটাক। ভদ্রলোকের হার্ট এমনিতেই দুর্বল ছিল, তার উপর এই বয়সে হঠাৎ কোনও কারণে শক্ পেলে এরকম হওয়া অস্বাভাবিক নয়। মোটকথা, তাঁর অবস্থা ভাল নয়, সেরে ওঠার সম্ভাবনা আছে কি না সেটা এখনও বলা যাচ্ছে না।

রাজরাপ্তার আমরা যেখানে বসেছিলাম, তার উত্তরে খানিকটা দূরে একটা বেশ বড় পাথরের পিছনে একটা খোলা জায়গায় মহেশবাবুকে পাওয়া যায়। এটা কোনওদিন ভুলব না যে আমরা যখন সেখানে পৌঁছলাম তখন তাঁর কাছেই দুটো হলদে প্রজাপতি উড়ে বেড়াচ্ছিল। প্রীতীনবাবু পাহাড় বেয়ে উপর দিকের জঙ্গলে গিয়েছিলেন, ফেরার পথে কিছুদূর নেমে এসে একটা ঝোপ পেরিয়ে নীচের দিকে চেয়ে দেখেন মহেশবাবু পড়ে আছেন মাটিতে। তিনি ভেবেছিলেন ভদ্রলোক মারাই গেছেন, তাই ওরকম চেহারা করে এসেছিলেন খবর দিতে। ফেলুদা গিয়েই মহেশবাবুর নাড়ি ধরে বলল তিনি বেঁচে আছেন। তাঁর মাথাটা পড়েছিল একটা থান ইটের সাইজের পাথরের উপর, তার ফলে খানিকটা রক্ত বেরিয়ে পড়েছিল পাথর আর বালির উপর।

আমরা মহেশবাবুর কাছে পৌঁছানোর মিনিটখানেক পরে প্রথম এলেন অরুণবাবু, তাঁর হাতে বন্দুক। তারপর এলেন অখিলবাবু। সব শেষে এলেন শঙ্করলাল মিশ্র। শেষের ভদ্রলোকটিকে যেরকম ভেঙে পড়তে দেখলাম, তাতে বুঝলাম মহেশবাবুর প্রতি তাঁর টান কত গভীর।

এই অবস্থায় আমাদের পক্ষে মহেশবাবুকে তুলে ভেড়া নদী পেরিয়ে হাজারিবাগ নিয়ে আসা অসম্ভব, তাই ভদ্রলোকের দুই ছেলে তৎক্ষণাৎ চলে গেলেন শহরে। ডাক্তার আর অ্যান্থ্রাক্স নিয়ে আসতে লাগল প্রায় আড়াই ঘণ্টা, কৈলাসে পৌঁছতে আরও এক ঘণ্টা। আমরা কিছুক্ষণ কৈলাসেই রয়ে গেলাম। পিকনিক আর হয়নি, তাই কারুর খাওয়া হয়নি। কিন্তু এই অবস্থার মধ্যেই প্রীতীনবাবুর স্ত্রী আমাদের জন্য পরোটা, আলুর দম, মাংসের কাবাব ইত্যাদি এনে দিলেন। আশ্চর্য শব্দ বলতে হবে ভদ্রমহিলা। বিবি অবিশ্যি ব্যাপারটা বুঝতেই পারছে না, বলছে দাদু মাথা ঘুরে পড়ে গেছে। আমরা বৈঠকখানাতেই বসেছিলাম, অরুণবাবু ডাক্তারের সঙ্গে ছিলেন বাপের ঘরে, প্রীতীনবাবু মাঝে মাঝে এসে ভদ্রতার খাতিরে আমাদের সঙ্গে দু-একটা কথা বলে যাচ্ছিলেন। শঙ্করলাল নির্বাক, এই কয়েক ঘণ্টার মধ্যে তিনি একবারও মুখ খোলেননি। অখিলবাবুর মুখে একটাই কথা—‘এত করে বললাম, তাও কথা শুনল না। আমি জানতাম আজ একটা কিছু অঘটন ঘটবে।’

চারটে নাগাত আমরা উঠে পড়লাম। প্রীতীনবাবু ছিলেন, তাঁকে বললাম কাল এসে খবর নিয়ে যাব কেমন থাকেন মহেশবাবু।

বাড়ি ফিরে এসে হাত মুখ ধুয়ে বারান্দায় এসে বসলাম তিনজন। একদিনে অল্প সময়ের মধ্যে অনেকগুলো ঘটনা ঘটলে মাথাটা কেমন যেন ভোঁ ভোঁ করে, আমার সেই অবস্থা। ফেলুদা কথা বলছে না, তার মানে তার ভাবনা চিন্তাগুলোকে গুছিয়ে ফেলছে। আমি জানি ও এখন বেশি কথা বলা পছন্দ করে না, তাও একটা জিনিস না বলে পারলাম না।

‘আচ্ছা ফেলুদা, ডাক্তার বলেছেন একটা শক্ পেলে এরকম হতে পারে, কিন্তু রাজরাণ্নাতে কী শক পেতে পারেন মহেশবাবু?’

‘গুড কোয়েশ্চন,’ বলল ফেলুদা, ‘আজকের ঘটনার ওই একটা ব্যাপারই আমার কাছে অর্থপূর্ণ। অবিশ্যি শক্ পেয়েছেন কি না নিশ্চিতভাবে বলা যায় না এখনও।’

‘সেটা ভদ্রলোক সুস্থ হয়ে উঠলেই ক্রিয়ার হয়ে যাবে,’ বললেন লালমোহনবাবু।

‘উঠবেন কি সুস্থ হয়ে?’

মহেশবাবু স্বপক্ষে ফেলুদার মনে যে কৌতূহলের ভাব জেগে উঠেছে, সেটা আজ কৈলাসের বৈঠকখানায় বসেই বুঝতে পারছিলাম। বেশির ভাগ সময়টাই ও ঘরের জিনিসপত্র, আলমারির বই, এই সব দেখে কাটিয়েছে। ভার্টা যে তদন্ত করছে তা নয়, বেশ তিলেঢালা, কিন্তু আমি বুঝতে পারছিলাম যে ও সব কিছু মনে মনে নোট করে নিচ্ছে। সেই ফ্যামিলি গ্রুপটা ও হাতে তুলে নিয়ে দেখল প্রায় পাঁচ মিনিট ধরে।

আদিবাসী গ্রাম থেকে মাদলের শব্দ ভেসে আসছে। হঠাৎ খেয়াল হল যে আজ ম্যাজেস্টিক সার্কাসের বাঘটার কোনও খবর পাওয়া যায়নি। অবিশ্যি ধরা পড়লে নিশ্চয়ই জানা যেত। অন্তত বুলাকিপ্ৰসাদ নিশ্চয়ই জানাত।

ঠাণ্ডাটা পড়েছে, লালমোহনবাবু তাই মাস্কিক্যাপটা আরও টেনে নামিয়ে নিয়ে বললেন, ‘সিগ্নিফিক্যান্ট ব্যাপার।’

ভদ্রলোক বোধহয় ভেবেছিলেন আমরা দুজনেই জিজ্ঞেস করব ব্যাপারটা কী; না করাতে শেষে নিজেই বললেন, ‘যে সময়টা ঘটনাটা ঘটল, তখন কিন্তু মিসেস প্রীতীনবাবু আর খুকি ছাড়া আর কে কী করছিল তা আমরা কেউ জানি না।’

‘কেন জানব না,’ বলল ফেলুদা। ‘অরুণবাবু পাখি মারার চেষ্টা করছিলেন, প্রীতীনবাবু পাখির ডাক রেকর্ড করছিলেন, অখিলবাবু মহেশবাবুকে খুঁজছিলেন, শঙ্করলাল তাঁর সন্ধ্যাসী বন্ধুর সঙ্গে গল্প করছিলেন, আর বেয়ারা দুজন আমাদের বিশ হাত দূরে শিমুল গাছের তলায় বসে বিড়ি খাচ্ছিল।’

‘বেয়ারাদের তো আমিও দেখেছি মশাই, কিন্তু আর সবাই সত্যি কথা বলছে কি না সেটা জানচেন কী করে?’

‘যাঁদের সঙ্গে মাত্র কয়েক ঘণ্টার আলাপ তাঁদের আচরণ সম্বন্ধে এত চট করে সন্দেহ প্রকাশ করতে আমি রাজি নই।’

‘তা বটে, তা বটে।’

ডিনারের মাঝখানে লালমোহনবাবু হঠাৎ একটা নতুন কথা ব্যবহার করলেন—‘সুপার-কেলেক্সারি’। এটাও বলা দরকার যে কথাটা বলার সময় তিনি চেয়ার ছেড়ে প্রায় ছইঞ্চি লাফিয়ে উঠেছিলেন। ফেলুদা স্বভাবতই জিজ্ঞেস করল ব্যাপারটা কী।

‘আরে মশাই, একটা জরুরি কথাই বলা হয়নি। সাংঘাতিক ক্রু। যেখানে ডেডবডি—থুড়ি, মহেশবাবু পড়েছিলেন, তার একপাশে পায়ে কী জানি ঠেকতে চেয়ে দেখি প্রীতীনবাবুর টেপ রেকর্ডার।’

‘সেটা এনেছেন সঙ্গে?’

‘ভাবলাম পরে তুলব, তুলে ভদ্রলোককে দেব, তা তখন যা অবস্থা...ফেরার সময় দেখি সেটা আর নেই।’

‘প্রীতীনবাবু তুলে নিয়েছিলেন বোধহয়।’

‘দূর মশাই, প্রীতীনবাবু ওই দিকটাতেই ঘেঁষেননি। তা ছাড়া জিনিসটা পড়েছিল একটা বোপড়ার মধ্যে; পায়ে না ঠেকলে চোখেই পড়ত না।’

ফেলুদা ব্যাপারটা নিয়ে কী যেন মন্তব্য করতে যাচ্ছিল, এমন সময় একটা টেলিফোন এল।

অরুণবাবু।

ফেলুদা দু-একটা কথা বলেই ফোনটা রেখে বলল, ‘কৈলাস চল। মহেশবাবুর জ্ঞান হয়েছে। আমার নাম করছেন।’

গাড়িতে কৈলাস যেতে লাগল এক মিনিট।

মহেশবাবুর ঘরে সকলেই রয়েছেন, এক বিবি ছাড়া। ভদ্রলোকের মাথায় ব্যান্ডেজ, চোখ আধবোজা, হাত দুটো বুকের উপর জড়ো করা। ফেলুদাকে দেখে মুখে যে হাসিটা দেখা দিল সেটা প্রায় চোখে ধরাই পড়ে না। তারপর তাঁর ডান হাতটা উঠে তর্জনীটা সোজা হল।

‘কা কা...’

‘একটা কাজের কথা বলছেন কি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

ভদ্রলোকের মাথাটা সামান্য নড়ে উঠল হ্যাঁ-য়ের ভঙ্গিতে। তারপর তর্জনীর পাশে মাঝের আঙুলটাও উঠে দাঁড়াল। একের জায়গায় দুই।

‘উই...উই...’

এইটুকু বলে দুটো আঙুল আবার ভাঁজ হয়ে গিয়ে সেই জায়গায় বুড়ো আঙুলটা সোজা হয়ে উঠে এদিক ওদিক নড়ল।

তারপর ভদ্রলোক বেশ কষ্ট করে ঘাড়টা ডান দিকে ঘোরালেন। ওদিকে বেডসাইড টেবিল। তার উপর মুক্তানন্দের ছবি।

ছবির দিকে হাতটা বাড়ানোর চেষ্টা করতে অরুণবাবু ছবিটা বাপের দিকে এগিয়ে দিলেন। মহেশবাবু সেটা নিজে না নিয়ে ফেলুদার দিকে দৃষ্টি ফেরালেন। অরুণবাবু ছবিটা ফেলুদাকে দেবার পর মহেশবাবু আবার দু আঙুল দেখালেন। কী যেন একটা বলতেও চেষ্টা করেছিলেন, কিন্তু পারলেন না।

এর পরে আর কোনও কথা বলতে পারেননি মহেশ চৌধুরী।

তিন মহাদেশের শক্তি যাঁর পিছনে, সেই মুক্তানন্দের ফ্রেমে বাঁধানো পাসপোর্ট সাইজের ছবি এখন আমাদের ঘরে। আমরা চলে আসার ঘণ্টা দুয়েকের মধ্যেই মহেশবাবু মারা যান। যাবার আগে ফেলুদার উপর যে তিনি কী দায়িত্ব দিয়ে গেছেন সেটা ফেলুদা বুঝলেও, আমি বুঝিনি। আর লালমোহনবাবুও নিশ্চয়ই বোঝেননি, কারণ উনি বললেন মহেশবাবু নাকি ফেলুদাকে মুক্তানন্দের শিষ্য হতে বলে গেছেন। ফেলুদা যখন জিজ্ঞেস করল যে ছবিটা দেবার পরে দুটো আঙুল দেখানোর মানে কী, তখন লালমোহনবাবু বললেন মুক্তানন্দের শিষ্য হলে ফেলুদার শক্তি ডবল হয়ে যাবে এটাই বোঝাতে চেয়েছিলেন ভদ্রলোক। ‘অবিশ্যি কাঁচকলা দেখালেন কেন সেটা বোঝা গেল না।’ স্বীকার করলেন লালমোহনবাবু।

পরদিন সকালে অখিলবাবুর টেলিফোনে আমরা মৃত্যুসংবাদটা পেলাম।

এগারোটা নাগাদ শ্মশান থেকে ফেরার পথে লালমোহনবাবু জিজ্ঞেস করলেন, ‘কৈলাসে যাবেন, না বাড়ি যাবেন?’ ফেলুদা বলল, ‘এবেলা ওদিকটা না মাড়ানোই ভাল; অনেকে সমবেদনা জানাতে আসবে, কাজ হবে না কিছুই।’

‘কী কাজের কথা বলছেন?’

‘তথ্য সংগ্রহ।’

দুপুরে খাবার পর বারান্দায় বসে ফেলুদা ওর সবুজ খাতায় কিছু নোট লিখল। সেটা শেষ হলে এইরকম দাঁড়াল—

- ১। মহেশ চৌধুরী—জন্ম ২৩শে নভেম্বর ১৯০৭, মৃত্যু ২৪শে নভেম্বর ১৯৭৭ (স্বাভাবিক হার্ট অ্যাটাক? শক?)। হেঁয়ালিপ্রিয়। ডাকটিকিট, প্রজাপতি, পাথর। দোরাবজীর দেওয়া মূল্যবান স্ট্যাম্প অ্যালবাম লোপাট (How?) মেজো ছেলের প্রতি টান। অন্য দুটির প্রতি মনোভাব কেমন? শঙ্করলালের প্রতি অপত্য স্নেহ। স্নবারি ছিল না। অতীতে মেজাজী, মদ্যপ। শেষ বয়সে সাত্ত্বিক, সদাশয়। অভিষাপ কেন?
- ২। ঐ স্ত্রী—মৃতা। কবে?
- ৩। ঐ বড় ছেলে অরুণেন্দ্র—জন্ম (আন্দাজ) ১৯৩৬। অভ্যবসায়ী। কলকাতা-হাজারিবাগ যাতায়াত। মৃগয়াপ্রিয়। স্বল্পভাষী।
- ৪। ঐ মেজো ছেলে বীরেন্দ্র—জন্ম (আন্দাজ) ১৯৩৯। ‘অগ্নিশুলিঙ্গ’। ১৯ বছর বয়সে দেশ-ছাড়া। কর্নেল সুরেশ বিশ্বাসের ভক্ত। বাপকে বিদেশ থেকে চিঠি লিখত ‘৬৭ পর্যন্ত। জীবিত? মৃত? বাপের ধারণা সে ফিরে এসেছে?
- ৫। ছোট ছেলে প্রীতীন্দ্র—অরুণের সঙ্গে ব্যবধান অন্তত ৯-১০ বছর (ভিত্তি: ফ্যামিলি গ্রুপ)। অর্থাৎ জন্ম (আন্দাজ) ১৯৪৫। ইলেকট্রনিকস। পাখির গান। মিশুকে নয়। কথা বললে বেশি বলে, নিজের বিষয়। টেপ রেকর্ডার ফেলে এসেছিল রাজরাণ্নায়।
- ৬। প্রীতীনের স্ত্রী নীলিমা—বয়স ২৫-২৬। সহজ, সপ্রতিভ।
- ৭। অখিল চক্রবর্তী—বয়স আন্দাজ ৭০। এক্স-স্কুলমাস্টার। মহেশের বন্ধু। ভাগ্য গণনা, আয়ুর্বেদ।
- ৮। শঙ্করদয়াল মিশ্র—জন্ম (আন্দাজ) ১৯৩৯। বীরেনের সমবয়সী। মহেশের

দারোয়ান দীনদয়ালের ছেলে। দীনদয়ালের মৃত্যু ১৯৪৩। প্রশ্ন—জঙ্গলে গিয়েছিল কেন? শঙ্করকে মানুষ করেন মহেশ। বর্তমানে বইয়ের দোকানের মালিক। মহেশের মৃত্যুতে মুহম্মান।

৯। নূর মহম্মদ—বয়স ৭০-৮০। চল্লিশ বছরের উপর মহেশের বেয়ারা।

ফেলুদা ঠিকই আন্দাজ করেছিল। দুপুরে খাওয়ার পর কৈলাসে গিয়ে শুনলাম সকালে অনেকেই এসেছিলেন, কিন্তু একটা নাগাদ সবাই চলে গেছেন। বৈঠকখানায় মহেশবাবুর দুই ছেলে আর অখিলবাবু ছিলেন, আমরা সেখানেই বসলাম। প্রীতীনবাবুর অস্থির ভাবটা যেন আরও বেড়ে গেছে; একটা আলাদা সোফার এক কোণে বসে খালি হাত কচলাচ্ছেন। অখিলবাবু মাঝে মাঝে দীর্ঘশ্বাস ফেলছেন আর মাথা নাড়ছেন। অরুণবাবু যথারীতি গভীর ও শান্ত। ফেলুদা তাঁকেই প্রশ্নটা করল।

‘আপনারা কি কিছুদিন আছেন?’

‘কেন বলুন তো?’

‘আপনাদের একটু সাহায্যের দরকার। মহেশবাবু একটা কাজের ভার দিয়ে গেছেন আমাকে, কী কাজ সেটা অবিশ্যি স্পষ্ট করে বলার ক্ষমতা ছিল না তাঁর। আমি প্রথমে জানতে চাই—উনি কী বলতে চেয়েছিলেন সেটা আপনারা কেউ বুঝেছেন কি না।’

অরুণবাবু একটু হেসে বললেন, ‘বাবার সুস্থ অবস্থাতেই তাঁর অনেক সংকেত আমাদের বুঝতে বেশ অসুবিধা হত। রাশভারি লোক হলেও ওঁর মধ্যে একটা ছেলেমানুষি দিক ছিল সেটার কিছুটা আভাস হয়তো আপনিও পেয়েছেন। আমার মনে হয় বাবা শেষ অবস্থায় যে কথাগুলো বললেন সেটার উপর বেশি গুরুত্ব না দেওয়াই ভাল।’

ফেলুদা বলল, ‘আমার কাছে নির্দেশগুলো কিন্তু সম্পূর্ণ অর্থহীন বলে মনে হয়নি।’

‘তাই বুঝি?’

‘হ্যাঁ। তবে সব সংকেত ধরতে পেরেছি এটা বলতে পারব না। যেমন ধরুন, মুক্তানন্দের ছবি।’ ফেলুদা অখিলবাবুর দিকে ফিরল। ‘আপনি ওটা সম্বন্ধে নিশ্চয়ই কিছু বলতে পারেন। ছবিটা তো বোধহয় আপনারাই দেওয়া।’

অখিলবাবু বিষয় হাসি হেসে বললেন, ‘হ্যাঁ, আমারই দেওয়া। মুক্তানন্দ রাঁচিতে এসেছিলেন একবার। আমার তো এসবের দিকে একটু ঝোঁক আছেই চিরকাল। বেশ জেনুইন লোক বলে মনে হয়েছিল। আমি মহেশকে ঠাট্টা করে বলেছিলাম—তুমি তো কোনওদিন সাধু-সন্ন্যাসীতে বিশ্বাস-টিশ্বাস করলে না, শেষ বয়সে একটু এদিকে মন দাও না। তোমাকে একটা ছবি এনে দেব। ঘরে রেখে দিয়ো। মুক্তানন্দের প্রভাব খারাপ হবে না। তিনটি মহাদেশে ঐর প্রভাব ছড়িয়ে পড়েছে, না হয় তোমার উপরেও একটু পড়ল।—তা সে ছবি যে সে তার খাটের পাশে রেখে দিয়েছে সেটা কালই প্রথম দেখলাম। অসুখের আগে তো ওর শোবার ঘরে যাইনি কখনও।’

‘আপনি ওটা সম্বন্ধে জানেন কিছু?’ ফেলুদা অরুণবাবুকে প্রশ্ন করল।

অরুণবাবু মাথা নাড়লেন। ‘ও জিনিসটা যে বাবার কাছে ছিল সেটাই জানতাম না। বাবার শোবার ঘরে আমিও কালই প্রথম গেলাম।’

‘আমিও জানতাম না।’—প্রীতীনবাবুকে কিছু জিজ্ঞেস করার আগেই তিনি বলে উঠলেন।

ফেলুদা বলল, ‘দুটো জিনিস পেলে আমার কাজের একটু সুবিধা হতে পারে।’

‘কী জিনিস?’ অরুণবাবু জিজ্ঞেস করলেন।

‘প্রথমটা হল—মহেশবাবুকে লেখা তাঁর দ্বিতীয় পুত্রের চিঠি ।’

‘বীরেনের চিঠি ?’ অরুণবাবু অবাক । ‘বীরেনের চিঠি দিয়ে কী হবে ?’

‘আমার বিশ্বাস ওই ছবিটা মহেশবাবু বীরেনকে দেবার জন্য দিয়েছিলেন আমাকে ।’

‘হাউ স্ট্রেন্জ ! এ ধারণা কী করে হল আপনার ?’

ফেলুদা বলল, ‘ছবিটা আমাকে দিয়ে মহেশবাবু দুটো আঙুল দেখিয়েছিলেন সেটা আপনারাও দেখেছিলেন ; একটা সম্ভাবনা আছে যে দুই আঙুল মানে দুরি । আমার ভুল হতে পারে, কিন্তু আপাতত এই বিশ্বাসেই আমাকে কাজ চালিয়ে যেতে হবে ।’

‘কিন্তু বীরেনকে আপনি পাচ্ছেন কোথায় ?’

‘ধরুন মহেশবাবু যদি ঠিকই দেখে থাকেন ; যদি সে এখানে এসে থাকে ।’

অরুণবাবু তাঁর বাপের মৃত্যুর কথা ভুলে গিয়ে হো হো করে হেসে উঠলেন ।

‘বাবা গত পাঁচ বছরে কতবার বীরেনকে দেখেছেন তা আপনি জানেন ? বিশ বছর যে ছেলে বিদেশে, বাবা তাঁর দুর্বল দৃষ্টি দিয়ে তাকে এক বলক দেখেই চিনে ফেলবেন এটা আপনি ভাবছেন কী করে ?’

‘আপনি ভুল করছেন অরুণবাবু, আমি নিজে একবারও ভাবছি না যে বীরেনবাবু ফিরে এসেছেন । কিন্তু তিনি যদি দেশের বাইরেও কোথাও থেকে থাকেন, তা হলেও আমার দায়িত্ব দায়িত্বই থেকে যায় । তিনি কোথায় আছেন জেনে জিনিসটা তাঁর হাতে পৌঁছানোর ব্যবস্থা করতে হবে আমাকে ।’

অরুণবাবু একটু নরম হয়ে বললেন, ‘বেশ । আপনি দেখবেন বীরেনের চিঠি । বাবা সব চিঠি এক জায়গায় রাখতেন । বীরেনের চিঠিগুলো আলাদা করে বেছে রাখব ।’

‘ধন্যবাদ’, বলল ফেলুদা, ‘আর দ্বিতীয় জিনিস হচ্ছে—মহেশবাবুর ডায়রি । সম্ভব হলে সেগুলোও একবার দেখব ।’

আমি ভেবেছিলাম অরুণবাবু এতে আপত্তি করবেন, কিন্তু করলেন না । বললেন, ‘দেখতে চান দেখতে পাবেন । বাবা তাঁর ডায়রির ব্যাপারে কোনও গোপনতা অবলম্বন করতেন না । তবে আপনি হতাশ হবেন, মিঃ মিস্ত্রি ।’

‘কেন ?’

‘বাবার মতো ও রকম নীরস ডায়রি আর কেউ লিখেছে কি না জানি না । অত্যন্ত মামুলি তথ্য ছাড়া আর কিছু নেই ।’

‘হতাশ হবার ঝুঁকি নিতে আমার আপত্তি নেই ।’

চিঠির ব্যাপারে ঠিক হল অরুণবাবু আর শ্রীতীনবাবু ভাইয়েরগুলো বেছে আলাদা করে রাখবেন, সেগুলো কাল সকালে ফেলুদাকে দেওয়া হবে । ডায়রিগুলো আজই নিয়ে যাব আমরা, আর কালই ফেরত দিয়ে দেব । বুঝলাম ফেলুদাকে আজ রাত জাগতে হবে, কারণ ডায়রির সংখ্যা চল্লিশ ।

তিনজনে ভাগাভাগি করে খবরের কাগজে মোড়া মহেশ চৌধুরীর ডায়রির সাতটা প্যাকেট নিয়ে কৈলাসের কাঁকর-বিছানো পথ দিয়ে যখন ফটকের দিকে যাচ্ছি, তখন দেখলাম জোড়া-মৌমাছি তার বিলিতি ডল হাতে নিয়ে বাগানে ঘোরাফেরা করছে । পায়ে শব্দে সে হাঁটা থামিয়ে আমাদের দিকে ঘুরে দেখল । তারপর বলল, ‘দাদু আমাকে বলেনি ।’

হঠাৎ এমন একটা কথায় আমরা তিনজনেই থেমে গেলাম ।

‘কী বলেনি দাদু ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘কী খুঁজছিল বলেনি ।’

‘কবে ?’

‘পরশু তরশু নরশু ।’

‘তিনদিন ?’

‘একদিন ।’

‘কী হয়েছিল বলো তো ।’

বিবি দূরে দাঁড়িয়েই চোঁচিয়ে কথা বলছে, যদিও তার মন পুতুলের দিকে । সে পুতুলের মাথায় গোঁজার জন্য বাগান থেকে ফুল নিতে এসেছে । ফেলুদার প্রশ্নের উত্তরে বলল, ‘দাদুর যে ঘর আছে দোতলায়, যেখানে টেবিল আছে, বই আছে আর সব জিনিস-টিনিস আছে, সেইখানে খুঁজছিল দাদু ।’

‘কী খুঁজছিলেন ?’

‘আমি তো জিজ্ঞেস করলাম । দাদু বলল কী পাচ্ছি না, কী খুঁজছি ।’

‘আবোল তাবোল বকছে, মশাই,’ চাপা গলায় বললেন লালমোহনবাবু ।

‘আর কিছু বলেননি দাদু ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘দাদু বলল এটা হেঁয়ালি, পরে মানে বলে দেব, এখন খুঁজতে দাও । তার পর আর বলল না দাদু । দাদু মরে গেল ।’

ইতিমধ্যে ডলের মাথায় ফুল গোঁজা হয়ে গেছে, বিবি বাড়ির দিকে চলে গেল, আর আমরাও হলাম বাড়িমুখো ।

৭

ফেলুদা এখন মহেশ চৌধুরীর ডায়রি নিয়ে বসবে, তাকে ডিসটার্ব না করাই ভাল, তাই আমরা দু জনে চারটে নাগাদ চা খেয়ে একটু ঘুরব বলে গাড়িতে করে বেরিয়ে পড়লাম । লালমোহনবাবুর ধারণা শহরের দিকে গেলে হয়তো সুলতানের লেটেস্ট খবর পাওয়া যেতে পারে । —‘মহেশ চৌধুরীর মৃত্যুর ব্যাপারে তোমার দাদা যতই রহস্যের গন্ধ পেয়ে থাকুন না কেন, আমার কাছে বাঘ পালানোর ঘটনাটা অনেক বেশি রোমাঞ্চকর ।’

বাঘের খবর পেতে বেশি দূর যেতে হল না । পেট্রোল নেবার দরকার ছিল, মেন রোডে ব্রিজভূষণ তেওয়ারির পেট্রোল পাম্পের সামনে ভিড় দেখেই বুঝলাম বাঘের আলোচনা হচ্ছে, কারণ একজন ভদ্রলোক থাবা মারার ভঙ্গি করলেন কথা বলতে বলতে ।

লালমোহনবাবু গাড়ি থেকে নেমে সটান এগিয়ে গেলেন জটলার দিকে । ভদ্রলোক এককালে রাজস্থানে যাবেন বলে বই পড়ে কিছুটা হিন্দি শিখেছিলেন, কিন্তু এখন সেটা ফেলুদার ভাষায় আবার শেয়ালের স্ট্যান্ডার্ডে নেমে গেছে । তার মানে কেয়া ছয়া-র বেশি এগোনো মুশকিল হয় । তবু ভাল, ভিড়ের মধ্যে একজন বাঙালি বেরিয়ে গেল । তার কাছেই জানলাম যে হাজারিবাগের পূবে বিষ্ণুগড়ের দিকে একটা বনের মধ্যে নাকি সুলতানকে পাওয়া গিয়েছিল । ট্রেনার চন্দ্রনের সঙ্গে বনবিভাগের শিকারি নাকি বাঘটার দিকে এগিয়ে যায় । একটা সময় মনে হয়েছিল যে বাঘটা ধরা দেবে, কিন্তু শেষ মুহূর্তে সেটা চন্দ্রনকে একটা থাবা মেরে পালিয়ে যায় । গুলিও চলেছিল, কিন্তু বাঘটা জখম হয়েছে কি না জানা যায়নি । চন্দ্রন অবিশ্যি জখম হয়েছে, তবে তেমন গুরুতরভাবে নয় । সে এখন হাসপাতালে ।

লালমোহনবাবু বললেন, ‘কান্ডারিকারের কোনও খবর জানেন ?’

এটা শুধরাতেই হল । বললাম, ‘কান্ডারিকার নয়, কারাভিকার—যিনি বাঘের আসল ট্রেনার ।’

ভদ্রলোক বললেন তার খবর জানেন না, তবে এটা জানেন যে বাঘের অভাবে নাকি সার্কাসের বিক্রি কিছুটা কমেছে।

বাঘের দিকে গুলি চলেছে জেনে কারাভিকারের মনোভাব কী হল সেটা জানার জন্য ভীষণ কৌতূহল হচ্ছিল আমাদের দুজনেরই, তাই পেট্রোল নিয়ে সোজা চলে গেলাম গ্রেট ম্যাজেস্টিকে।

ফেলুদা সঙ্গে থাকলে দেখেছি লালমোহনবাবু নিজে থেকে আগ বাড়িয়ে কিছু করতে সাহস পান না; আজ দেখলাম সোজা গেটে গিয়ে বললেন, ‘পুট মি থু টু মিস্টার কুটি প্লিজ।’ গেটের লোকটা কী বুঝল জানি না। হয়তো সেদিন আমাদের চিনে রেখেছিল, তাই আর কিছু জিজ্ঞেস না করে আমাদের ঢুকতে দিল, আর আমরাও সোজা গিয়ে হাজির হলাম মিঃ কুটির ক্যারোভানে।

কুটির কাছে যে খবরটা পেলাম সেটাকেও একটা হুঁয়ালি বলা চলে।

কারাভিকার নাকি কাল রাত থেকে হাওয়া।

‘দু দিন থেকেই পাবলিক আবার বাঘের খেলা ডিমাল্ড করতে শুরু করেছে,’ বললেন মিঃ কুটি। ‘আমি নিজে কারাভিকারের কাছে গিয়ে ক্ষমা চেয়েছি। বলেছি সে ছাড়া আর কেউ বাঘ ট্রেন করবে না। কিন্তু তাও সে না বলে চলে গেল। এর মধ্যেও দু-একদিন বেরিয়েছে, কিন্তু ঘণ্টাখানেকের মধ্যেই আবার ফিরে এসেছে। কিন্তু আজ সে এখনও ফিরল না।’

খবরটা শুনে সার্কাসের বাইরে বেরিয়ে এসে লালমোহনবাবু বললেন, ‘সুলতান-ক্যাপচারের দৃশ্য আর দেখা হল না, তপেশ। এমন সুযোগ আর আসবে না।’

আমারও মনটা খারাপ লাগছিল, তাই ঠিক করলাম গাড়িতে করে কোথাও একটু বেরিয়ে আসব। উত্তরে যাব না দক্ষিণে যাব—অর্থাৎ কানারি হিলের দিকে যাব না রামগড়ের দিকে যাব—সেটা ঠিক করতে না পেরে শেষ পর্যন্ত টস্ করলাম। দক্ষিণ পড়ল। লালমোহনবাবু বললেন, ‘ওদিকটাতেও একটা পাহাড় আছে, সেদিন যাবার পথে দেখেছি। খাসা দৃশ্য।’

দৃশ্য ভাল ঠিকই, কিন্তু এগারো কিলোমিটারের পোস্টটা পেরিয়ে কিছু দূর গিয়েই একটা কালভার্টের ধারে যে ঘটনাটা ঘটল, সেটাকে মোটেই ভাল বলা চলে না।

মাত্র ছ মাস আগে কেনা লালমোহনবাবুর অ্যাম্বাসাডর বার তিনেক হেঁচকি তুলে মিনিট খানেক গো স্লো করে অবশেষে বেমালাম ধর্মঘটের দিকে চলে গেল। ‘বোধহয় তেল টানচে না,’ বললেন হরিপদবাবু।

ঘড়িতে পাঁচটা কুড়ি। সূর্য আকাশের নীচের দিকে, কিন্তু দেখা যাচ্ছে না, কারণ পশ্চিমে দূরে শালবনের মাথার উপর মেঘ জমে আছে।

আমরা গাড়ি থেকে নেমে কালভার্টের উপর গিয়ে বসলাম, হরিপদবাবু গাড়ি নিয়ে পড়লেন। লালমোহনবাবুকে এ ব্যাপারে পুরোপুরি ড্রাইভারের উপর নির্ভর করতে হয়, কারণ উনি গাড়ি সম্বন্ধে কিছুই জানেন না। উনি বলেন, ‘আমার নিজের পায়ের ভেতর কটা হাড় আছে কটা মাস্ আছে না জেনে যখন দিবা চলে ফিরে বেড়াচ্ছি, তখন গাড়ির ভেতর কী কলকজা আছে সেটা জানার কী নেসেসিটি ভাই?’

মেঘের গায়ে নীচের দিকে একটা খড়খড়ির মধ্যে দিয়ে একটিবার উঁকি দিয়ে সূর্যদেব যখন আজকের মতো ছুটি নিলেন, হরিপদবাবু সেই সময় জানালেন যে তিনি রেডি—‘চলে আসুন, স্যার।’

কালভার্ট থেকে উঠে আরেকবার ঘড়ির দিকে চেয়ে দেখি পাঁচটা তেত্রিশ। সময়টা জরুরি, কারণ ঠিক তখনই আমরা দেখলাম সুলতানকে।

খবরটা আরও অনেক নাটকীয়ভাবে দিতে পারতাম, কিন্তু ফেলুদা বলে এটাই ৬৭৪

ঠিক । —‘গাদাগুচ্ছের মরচে-ধরা বিশেষণ আর তথাকথিত লোম-খাড়া-করা শব্দ ব্যবহার না করে চোখে যা দেখলে সেইটে ঠিক ঠিক সোজাসুজি বলে গেলে কাজ দেবে ঢের বেশি ।’ আমিও সেটাই করার চেষ্টা করছি ।

খাঁচার বাইরে বাঘ এর আগেও একবার দেখেছি, যেটার কথা রয়েল বেঙ্গল রহসেয় আছে । কিন্তু সেখানে আমাদের সঙ্গে আরও অনেক লোক ছিল । শিকারি আর বন্দুক তো ছিলই, সবচেয়ে বড় কথা—ফেলুদা ছিল । তার উপরে আমি আর লালমোহনবাবু ছিলাম গাছের উপর, বাঘের নাগালের বাইরে । এখানে আমরা তিনজন দাঁড়িয়ে আছি খোলা রাস্তায়, যার দু দিকে বন, অদূরে একটা পাহাড়, যাতে ভল্লুক আছেই, আর সময়টা সন্ধে । এই সময় এই অবস্থায় আমাদের থেকে হাত পঞ্চাশেক দূরে পশ্চিম দিকের বন থেকে বেরিয়ে বাঘটা রাস্তার উপর উঠল । আমরা তিনজনে ঠিক একসঙ্গে একই সময় বাঘটা দেখেছি, কারণ আমার সঙ্গে সঙ্গে অন্য দুজনও ঠিক সেই ভাবেই কাঠ হয়ে গেল । হরিপদবাবুর বাঁ হাতটা গাড়ির দরজার দিকে বাড়িয়ে ছিলেন, সেই বাড়ানোই রয়ে গেল ; লালমোহনবাবু নাক ঝাড়বেন বলে ডান হাতের বুড়ো আঙুল আর তর্জনীটা নাকের দু পাশে ধরে শরীরটা একটু সামনের দিকে ঝুঁকিয়েছিলেন, তিনি সেই ভাবেই রয়ে গেলেন ; আমি ধুলো ঝাড়বার জন্য আমার ডান হাতটা আমার জিন্সের পিছন দিকে নিয়েছিলাম, তার ফলে শরীরটা একটু বেঁকে গিয়েছিল, বাঘটা দেখার ফলে শরীরটা সেইরকম বেঁকেই রইল ।

রাস্তায় উঠে বাঘটা ঠিক চার পা গিয়ে থেমে গেল । তারপর মাথাটা ঘোরাল আমাদের দিকে ।

আমার পা কাঁপতে শুরু করেছে, বুকের ভিতরে কে যেন হাতুড়ি পিটছে । অথচ আমার চোখ কিছুতেই বাঘের দিক থেকে সরছে না । সঙ্গে সঙ্গে এটাও বুঝতে পারছি যে আমার ডান পাশে আবছা কালো জিনিসটা হচ্ছে লালমোহনবাবুর মাথা, আর সেটা ক্রমশ নীচের দিকে নেমে যাচ্ছে । আন্দাজে বুঝলাম তাঁর পা অবশ হয়ে যাবার ফলে শরীরের ভার আর বইতে পারছে না । এটাও বুঝতে পারছিলাম যে আমার দৃষ্টিতে কী জানি গুণ্ডগোল হচ্ছে, কারণ বাঘের আউটলাইনটা বার বার ঝাপসা হয়ে যাচ্ছে, আর গায়ের কালো ডোরাগুলো স্থির না থেকে ভাইব্রেট করছে ।

সুলতান যে কতক্ষণ দাঁড়িয়ে আমাদের দেখল সেটার আন্দাজ দেওয়া মুশকিল । মনে হচ্ছিল সময়টা অফুরন্ত । লালমোহনবাবু পরে বললেন কম করে আট-দশ মিনিট ; আমার মতে আট-দশ সেকেন্ড, কিন্তু সেটাও যথেষ্ট বেশি ।

দেখা শেষ হলে পর মাথা ঘুরিয়ে নিয়ে আরও চার পা ফেলে বাঘ রাস্তা পেরিয়ে গেল । সাহস একটু বাড়তে ধীরে ধীরে ডান দিকে মাথা ঘুরিয়ে দেখলাম শাল সেগুন সরল শিশু শিমুল আর আরও অনেক সব গুলুনো গাছের জঙ্গলে সুলতান অদৃশ্য হয়ে গেল ।

আশ্চর্য এই যে, এর পরেও আমরা অন্তত মিনিটখানেক (লালমোহনবাবুর বর্ণনায় পনেরো মিনিট) প্রায় একই ভাবে দাঁড়িয়ে রইলাম । তার পর তিন জনে কেবল তিনটে কথা বলে গাড়িতে উঠলাম—হরিপদবাবু ‘চলুন’, আমি ‘আসুন’ আর লালমোহনবাবু ‘হুঃ’ । খুব বেশি ভয় নিয়ে কথা বলতে গেলে লালমোহনবাবুর এ রকম হয় এটা আমি আগেই দেখেছি । ডুয়ার্সে মহীতোষ সিংহরায়ের বাড়িতে আমরা তিনজনে একঘরে শুয়েছিলাম । একদিন রাত্রে ঘরের বন্ধ দরজাটা হাওয়াতে খট খট করায় উনি ‘কে’ না বলে ‘খে’ বলেছিলেন ।

হরিপদবাবুর নার্ভটা দেখলাম মোটামুটি ভাল । ফেরার পথে স্টিয়ারিং হুইলে হাত-টাত কাঁপেনি । উনি নাকি এর আগেও রাস্তায় বাঘ দেখেছেন, জামসেদপুরে ড্রাইভারি করার সময় ।



বাড়ি ফিরে দেখি ফেলুদা তখনও মহেশবাবুর ডায়রিতে ডুবে আছে। আমার মনে হচ্ছিল সুলতানের খবরটা লালমোহনবাবু দিতে পারলে খুশি হবেন, তাই আমি আর কিছু বললাম না। ভদ্রলোক লেখেন-টেখেন বলেই বোধহয় সরাসরি খবরটা না দিয়ে একটু পায়তারা কষে নিলেন। বার দু-তিন হুঁ হুঁ করে কী একটা গানের সুর ভেঁজে নিয়ে বললেন, ‘আচ্ছা, তপেশ, বাঘের পায়ের তলায় বোধহয় প্যাডিং থাকে, তাই না?’

আমি মজা দেখছি; বললাম, ‘তাই তো শুনেছি।’

‘নিশ্চয়ই তাই; নইলে এত কাছ দিয়ে গেল আর কোনও শব্দ হল না?’

লালমোহনবাবুর পাঁয়তারা কিন্তু মাঠে মারা গেল। ফেলুদা আমাদের দিকে চাইলও না, কেবল একটা ডায়রি সরিয়ে রেখে আর-একটা হাতে নিয়ে বলল, ‘আপনারা যদি বাঘটাকে দেখে থাকেন, তা হলে ক’টার সময় কোনখানে দেখেছেন সেটা বনবিভাগে ফোন করে জানিয়ে দেওয়া উচিত ইমিডিয়েটলি।’

লালমোহনবাবু বললেন, ‘টাইম পাঁচটা তেত্রিশ, লোকেশন রামগড়ের সান্তায় এগারো কিলোমিটার পোস্টের পরের কালভার্টের কাছে।’

‘বেশ তো, পাশের ঘরে ডিরেকটরি রয়েছে, আপিসে এখন কেউ নেই, আপনি একেবারে ডি-এফ-এর বাড়িতে ফোন করে জানিয়ে দিন। ওদের উপকার হবে।’

‘আচ্ছা, হুঁ, তা হলে...’ লালমোহনবাবু দেখলাম মাসুলগুলোকে টান করে নিচ্ছেন।—‘কী ভাবে পুট করা যায় ব্যাপারটা? ইংরিজিতেই বলব তো?’

‘হিন্দি ইংরিজি যেটায় বেশি দখল তাতেই বলবেন।’

‘দি টাইগার হুইচ এসকেপ্‌ড ফ্রম দি...এসকেপ্‌ডই বলব তো?’

‘সহজ করে নিয়ে র‍্যান অ্যাওয়ে বলতে পারেন।’

‘এসকেপটা বোধহয় ম্যানেজ করতে পারব।’

‘তা হলে তাই বলুন।’

নম্বর বার করে দিলাম আমি। ফোনটাও বোধহয় আমি করলেই ভাল হত, কারণ লালমোহনবাবু ‘দি সার্কাস হুইচ এসকেপ্‌ড ফ্রম দি গ্রেট ম্যাজেস্টিক টাইগার—থুডি’, বলে থেমে গেলেন। ভাগ্যিস ভদ্রলোক কথাটা খুব চোঁচিয়ে বলেছিলেন। ফেলুদা পাশের ঘর থেকে শুনতে পেয়ে দৌড়ে এসে টেলিফোনটা ওঁর হাত থেকে ছিনিয়ে খবরটা নিজেই দিয়ে দিল।

৮

ফেলুদার ঘরেই চা এনে দিল বুলাকিপ্ৰসাদ। আমরা আসার আগেই বাঘের হাতে চন্দ্রনের জখম হবার খবরটা ফেলুদা বুলাকিপ্ৰসাদের কাছে পেয়ে গিয়েছিল। ফেলুদার ধারণা কারাভিকার ছাড়া এই বাঘ জ্যাস্ত ধরার সাধ্যি কারুর নেই।

লালমোহনবাবু গরম চায়ে একটা সশব্দ চুমুক দিয়ে বললেন, ‘কিছু পেলেন ও ডায়রিতে? নাকি অরুণবাবুর কথাই ঠিক?’

‘আপনিই বলুন না।’

ফেলুদা একটা ডায়রি খুলে লালমোহনবাবুর দিকে এগিয়ে দিল।

লালমোহনবাবু পড়লেন ‘Self elected President of club—meeting on 8. 4. 46’—তারপর আরেকটা পাতা খুলে পড়লেন—Tea Party at Brig. Sudarshan’s আর তার পরের পাতায়—‘Trial for new suit at Shakur’s—4. P.M... কী মশাই, এসব খুব তাৎপর্যপূর্ণ বুঝি?’

‘তোপসে, তোর কী মনে হয়?’

আমি লালমোহনবাবুর পিছন দিয়ে ঝুঁকে পড়ে দেখছিলাম, এবার ডায়রিটা হাতে নিয়ে নিলাম। ‘আলোর কাছে আন’, বলল ফেলুদা।

টেবিল ল্যাম্পের নীচে ডায়রিটা ধরে চোখটা কাছে নিতেই একটা শিহরন খেলে গেল আমার শিরদাঁড়ায়।

বেশ বড় সাইজের ডায়রি, তার পাতার মাঝখানে ফাউন্টেন পেনে ইংরেজিতে লেখা

ছাড়াও অন্য লেখা রয়েছে যেটা প্রায় চোখে দেখা যায় না। পাতার একেবারে উপর দিকে ছাপা তারিখেরও উপরে, খুব সফর করে কাটা হার্ড পেনসিল দিয়ে খুদে খুদে অক্ষরে হাল্কা লেখা।

‘কী দেখলি?’

‘বাংলা লেখা।’

‘কী লেখা?’

‘এই পাতাটায় লেখা—“পাঁচের বশে বাহন ধ্বংস”।’

‘সর্বনাশ’, বললেন লালমোহনবাবু, ‘এ যে আবার হেঁয়ালি দেখছি মশাই।’

‘তা তো বটেই’, বলল ফেলুদা, ‘এবার এটা দেখুন। এটা ১৯৩৮ অর্থাৎ প্রথম বছরের ডায়রি, আর এটাই পেনসিলে প্রথম সাংকেতিক লেখা।’

১৯৩৮-এর ডায়রির প্রথম পাতাতেই লিখেছেন ভদ্রলোক “শত্ৰু দুই-পাঁচের বশ।”

‘শত্ৰুটি কে?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

ফেলুদা বলল, ‘ভদ্রলোক নিজের বিষয় বলতে গেলে সব সময়ই শিবের কোনও না কোনও নাম ব্যবহার করেছেন।’

‘শিবের নাম তো হল, কিন্তু দুই-পাঁচের বশ তো বোঝা গেল না।’

‘রিপু বোঝেন?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘মানে হেঁড়া কাপড় সেলাই-টেলাই করা বলছেন?’

‘আপনি ফারসি-সংস্কৃত গুলিয়ে ফেলছেন, লালমোহনবাবু! আপনি যেটা বলছেন সেটা হল রিফু। আমি বলছি রিপু।’

‘ওহো—ষড়রিপু? মানে শত্রু?’

‘শত্রু। এবার মানুষের এই ছটি শত্রুর নাম করুন তো।’

‘ভেরি ইজি। কাম ক্রোধ লোভ মদ মোহ মাৎসর্য।’

‘হল না। অর্ডারে ভুল। কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য। অর্থাৎ দুই আর পাঁচ হল ক্রোধ আর মদ।’

‘ওয়াভারফুল!’ বললেন লালমোহনবাবু, ‘এ তো মিলে যাচ্ছে মশাই!’

‘এবার তা হলে প্রথমটা আর-একবার দেখুন, এটাও মিলে যাবে।’

এবারে আমার কাছেও ব্যাপারটা সহজ হয়ে গেছে। বললাম, ‘বুঝেছি, দুইয়ের বশে বাহন ধ্বংস হচ্ছে, রাগের মাথায় গাড়ি ভাঙা।’

‘ভেরি গুড’, বলল ফেলুদা, ‘তবে দুই-পাঁচ নিয়ে একটা সংকেতের এখনও সমাধান হয়নি।’

যে ডায়রিগুলো দেখা হয়ে গেছে, সেগুলোর বিশেষ বিশেষ জায়গায় কাগজ গুঁজে রেখেছে ফেলুদা। তারই একটা জায়গা খুলে আমাদের দেখাল। লেখাটা হচ্ছে—
 $2+5=X$ ।

লালমোহনবাবু বললেন, ‘এক্স তো মশাই আননোন কোয়ান্টিটি। ওটা বাদ দিন। আর, সব সংকেতেরই যে একটা গুরুত্বপূর্ণ মানে থাকবে সেটাই বা ভাবছেন কেন?’

ফেলুদা বলল, ‘যেখানে একটা লোক বছরে তিনশো পঁয়ষট্টি দিনে মাত্র পনেরো-বিশ দিন সংকেতের আশ্রয় নিয়েছে, সেখানে কারণটা যে জরুরি তা তো বোঝাই যাচ্ছে। কাজেই X-এর রহস্য আমাকে উদ্ঘাটন করতেই হবে।’

‘ওই তারিখের কাছাকাছি কোনও লেখা থেকে কোনও হেল্প পাচ্ছেন না?’

‘ওর দশদিন পরে আর-একটা সংকেত আছে। দেখুন—’

এটাও আমার কাছে অসম্ভব কঠিন বলে মনে হল। লেখাটা হচ্ছে—‘অনর্গল-ঘৃতকুমারী’।

ফেলুদা বলল, ‘লোকটা যে কথা নিয়ে কী না করেছে তাই ভাবছি।’

‘আপনি ধরে ফেলেছেন?’

‘আপনিও পারবেন—একটু হেল্প করলে।’

‘ঘৃতকুমারী তো কবরেজির ব্যাপার মশাই’, বললেন লালমোহনবাবু।

‘হ্যাঁ’, বলল ফেলুদা, ‘ঘৃতকুমারী তেল মাথায় মাখলে মাথা ঠাণ্ডা রাখে। অর্থাৎ রাগ কমায়।’

‘কিন্তু তেল অনর্গল মাখতে হয় এ তো জানতুম না মশাই।’

ফেলুদা হেসে বলল, ‘আপনি ড্যাশটা অগ্রাহ্য করছেন কেন? ওটারও একটা মানে আছে। আর অর্গল মানে জানেন তো?’

‘কপাট। খিল।’

‘এবার ওই দ্বিতীয় মানেটার সঙ্গে একটা নেগেটিভ জুড়ে দিন।’

‘অখিল।’ আমি চোঁচিয়ে উঠলাম। ‘তার মানে অখিলবাবু ওঁকে ঘৃতকুমারী ব্যবহার করতে বলেছিলেন।’

‘সাবাশ। এবার পরেরটা দ্যাখ।’

তিন পাতা পরে পড়ে দেখলাম—‘আজ থেকে পাঁচ বাদ।’ তার মানে মহেশবাবু মদ ছেড়ে দিলেন। কিন্তু তার এক মাস বাদেই মহেশবাবু লিখছেন—‘ভোলানাথ ভোলে না। আবার পাঁচ। পাঁচেই বিস্মৃতি।’

ফেলুদা বলল, ‘কিছু একটা ভুলে থাকার জন্য মহেশবাবু আবার মদের আশ্রয় নিয়েছেন। প্রশ্ন হচ্ছে—কী ভুলতে চাইছেন?’

লালমোহনবাবু আর আমি মাথা চুলকোলাম। মহেশবাবু বলেছিলেন তাঁর জীবনে অনেক রহস্য। এখন মনে হচ্ছে কথাটা ঠাট্টা করে বলেননি।

ফেলুদা আর-একটা জায়গায় ডায়েরিটা খুলে বলল, ‘এটা খুব মন দিয়ে পড়ে দেখুন। কথা নিয়ে খেলার একটা আশ্চর্য উদাহরণ। অনেক তথ্য, অনেক জটিল মনের ভাব এই কয়েকটি কথার মধ্যে পুরে দেওয়া হয়েছে।’

আমরা পড়লাম—‘আমি আজ থেকে পালক। পালক=feather=হাল্কা। পালক=পালনকর্তা। আজ থেকে শমির ভার আমার। শমি আমার মুক্তি।’

শমি যে শঙ্করলাল মিশ্র সেটা আমি বুঝতে পারলাম। ফেলুদা বলল, ‘শঙ্করলালকে মানুষ করার ভার বহন করতে পেরে মহেশবাবুর মন থেকে একটা ভার নেমে গেছে। এই ভারটা কীসের ভার সেইটে জানা দরকার।’

ফেলুদা খাট থেকে উঠে কিছুক্ষণ চিন্তিত ভাবে পায়চারি করল। আমি ডায়েরিগুলোর দিকে দেখছিলাম। কী অদ্ভুত লোক ছিলেন এই মহেশ চৌধুরী। বেঁচে থাকলে ফেলুদার সঙ্গে নিশ্চয়ই ভাব জমে যেত, কারণ ফেলুদারও হেঁয়ালির দিকে ঝোঁক আর হেঁয়ালির সমাধানও করতে পারে আশ্চর্য চটপট।

লালমোহনবাবু খাটের এক কোনায় ডুকুঁক বসেছিলেন। বললেন, ‘অখিলবাবু ভদ্রলোকের এত বন্ধু ছিলেন, ওঁকে কবরেজি ওষুধ দিয়েছেন, ওঁর কৃষ্টি ঘেঁটেছেন, তাঁর তো মহেশবাবুর নাড়ীনক্ষত্র জানা উচিত। আপনি ডায়েরি না ঘেঁটে তাঁকেই জেরা করুন না।’

ফেলুদা পায়চারি থামিয়ে একটা চারমিনার ধরিয়ে বলল, ‘এই ডায়েরিগুলোর মধ্যে দিয়ে আমি আসল মানুষটার সঙ্গে যোগ স্থাপন করার চেষ্টা করছি। ওই পেনসিলের লেখাগুলোতে আমার কাছে মহেশ চৌধুরী এখনও বেঁচে আছেন।’

‘ওঁর ছেলেদের সম্বন্ধে কিছু পেলেন না ডায়েরিতে ?’

‘প্রথম পনেরো বছরে বিশেষ কিছু নেই, তবে পরে—’

একটা গাড়ি থামল আমাদের গेटের বাইরে। ফিয়াটের হর্ন। চেনা শব্দ।

আমরা তিনজনে বারান্দায় এসে দেখলাম অরুণবাবু হাতে একটা প্যাকেট নিয়ে গাড়ি থেকে নামলেন।

‘মিঃ সিং-এর ওখানে যাচ্ছিলাম—এখানকার ফরেস্ট অফিসার,’ বললেন অরুণবাবু, ‘তাই ভাবলাম বীরেনের চিঠিগুলো দিয়ে যাই। চিঠি অবিশ্যি নামেই। তাও আপনি যখন চেয়েছেন...’

‘আপনাকে এই অবস্থায় এত ঝামেলার মধ্যে ফেললাম বলে আমি অত্যন্ত লজ্জিত।’

‘দ্যাক্ট্র অল রাইট,’ বললেন অরুণবাবু ‘বাবা যে কী বলতে চাইছিলেন সেটা আমার কাছে রহস্য। দেখুন যদি আপনি বুদ্ধি খাটিয়ে কিছু বার করতে পারেন। সত্যি বলতে কী, আমি বাবার সঙ্গে খুব বেশি পাইনি। হাজারিবাগে আসি মাঝে মাঝে আমার কাজের ব্যাপারে। এককালে প্রায়ই আসতাম শিকারের জন্য। তা, বড় শিকার তো এরা বন্ধই করে দিয়েছে। কাল একটা সুযোগ পাওয়া গেছে—দেখি !...’

‘কী সুযোগ ?’

‘যে কারণে সিং-এর কাছে যাচ্ছি। খবর এসেছে রামগড়ের রাস্তায় আজ বিকেলেই নাকি বাঘটা দেখা গেছে। এদিকে একটি ট্রেনার তো হাসপাতালে, অন্যটি মালিকের সঙ্গে ঝগড়াটগড়া করে নিখোঁজ। আমি সিংকে বলেছি যে বাঘটাকে যদি মারতেই হয়, তো আমাকে মারতে দাও। অলরেডি তো তার দিকে গুলি চলেছে; যদি জখম হয়ে থাকে তা হলে তো হি ইজ এ ডেঞ্জারাস বীস্ট।’

আমার বলার ইচ্ছে ছিল বাঘটাকে দেখে তো জখম বলে মনে হয়নি, কিন্তু ফেলুদার ইশারাতে সেটা আর বললাম না।

‘আমি তো সঙ্গে থ্রি ওয়ান ফাইভটা নিচ্ছি,’ বললেন অরুণবাবু, ‘কারণ এমনিতেই চারিদিকে প্যানিক। গোক ছাগলও গেছে এক আধটা। সার্কাসের খাঁচায় বন্দি অবস্থায় বুড়ো হয়ে মরার চেয়ে জঙ্গলে গুলি খেয়ে মরাটা খারাপ কীসে?...যাই হোক, আপনার ইন্টারেস্ট থাকলে আপনিও আসতে পারেন। কাল সকালে বেরোব আমরা।’

‘দেখি...’ বলল ফেলুদা। ‘আমার এই কাজটা কতদূর এগোয় তার উপর নির্ভর করছে। ভাল কথা—’

অরুণবাবু যাবার জন্য পা বাড়িয়েছিলেন, ফেলুদার কথায় থামলেন। ফেলুদা বলল, ‘সেদিন পিকনিকে আপনিই তো বন্দুক ছুঁড়েছিলেন, তাই না ?’

ভদ্রলোক হেসে উঠলেন। ‘আপনি বোধহয় ভাবছিলেন—বন্দুক চলল, অথচ শিকার নেই কেন ? গোয়েন্দার মন তো ! ওয়েল, আই মিস্‌ড ইট। একটা বটের। সেরা শিকারিরও লক্ষ্য কি সব সময় অব্যর্থ হয়, মিঃ মিউর ?’

বিলেত থেকে লেখা মহেশবাবুর দ্বিতীয় ছেলের চিঠিগুলো থেকে সত্যিই বিশেষ কিছু জানা গেল না। চিঠি বলতে সবই পোস্টকার্ড, তার একদিকে ছবি, অন্যদিকে ঠিকানা। যেখানে ঠিকানা ছাড়াও কিছু লেখা আছে, সেখানে বীরেন তার বাবার দেওয়া নাম ব্যবহার করেছে—দুরি।

নটায় বুলাকিপ্ৰসাদ ডিনার রেডি করে আমাদের ডাক দিল । ফেলুদা ডায়রি আর খাতা নিয়ে খেতে বসল । যে-সংকেতগুলো তৎক্ষণাৎ সমাধান হচ্ছে না, সেগুলো সে নিজের খাতায় লিখে রাখছে । বাঁ হাতে লিখছে, এবং দিব্য লিখছে । লালমোহনবাবু একবার বললেন, ‘লেখা বন্ধ না করলে আজকের মাংসের কারিটার ঠিক জাসটিস করতে পারবেন না । দুর্ধর্ষ হয়েছে ।’

ফেলুদা বলল, ‘বাঁদর সমস্যা নিয়ে পড়েছি, এখন মাংস-টাংস বলে ডিসটার্ব করবেন না ।’

আমি লক্ষ্য করছিলাম ফেলুদার ভুরুটা সাংঘাতিক কুঁচকে রয়েছে, যদিও ঠোঁটের কোণে একটা হাসির আভাসও রয়েছে । জিজ্ঞেস করতেই হল ব্যাপারটা কী । ফেলুদা ডায়রি থেকে পড়ে শোনাল—‘অগ্নির উপাসকের অসীম বদান্যতা । নবরত্ন বাঁদরের হিসাবে দু হাজার পা ।’

লালমোহনবাবু বললেন, ‘রাঁচিতে পাগলাগারদ আছে বলে ওখানকার বাসিন্দারাও নাকি একটু ইয়ে হয় বলে শুনিচি । সেটাও একটু মনে রাখবেন ।’

ফেলুদা এ কথায় কোনও মন্তব্য না করে বলল, ‘অগ্নির উপাসক পার্সিদের বলে জানি, কিন্তু বাকিটা সম্পূর্ণ ধোঁয়া ।’

তাতে লালমোহনবাবু বললেন যে, প্রথমত নবরত্ন বাঁদর বলে কোনওরকম বাঁদর হয় কি না সে বিষয়ে ঠাণ্ডা সন্দেহ আছে ; আর দ্বিতীয়ত, নটা রত্নের কী করে দু হাজার পা হয়, আর বাঁদর কী করে সে হিসেবটা করে সেটা কোনওমতেই বোধগম্য হচ্ছে না—‘এইবার আপনি খাতা বন্ধ করে একটু বিশ্রাম করুন ।’

লালমোহনবাবু বলার জন্য নিশ্চয়ই নয়, হয়তো চোখ আর মাথাটাকে একটু রেস্ট দেবার জন্য ফেলুদা খাবার পরে হাঁটতে বেরোল । অবিশ্যি একা নয়, আমাদের দুজনকে সঙ্গে নিয়ে ।

পূর্ণিমার চাঁদ এই কিছুক্ষণ হল উঠেছে, তার গায়ের রং থেকে এখনও হলুদের ছোপটা যায়নি । আকাশে মেঘ জমেছে, তাই দেখে জটায়ু বললেন, ‘চন্দ্রালোক ক্ষণস্থায়ী বলে মনে হচ্ছে ।’ পশ্চিম দিক থেকে মাঝে মাঝে একটা দমকা বাতাস দিচ্ছে, আর তার সঙ্গে একটা শব্দ ভেসে আসছে যেটা ভাল করে শুনলে বোঝা যায় সার্কাসের ব্যান্ড ।

ডাইনে মোড় নিয়ে দুটো বাড়ি পরেই কৈলাস । এক সারি ইউক্যালিপটাসের ফাঁক দিয়ে বাড়িটা দেখা যাচ্ছে । দোতলায় একটা ঘরের জানালা খোলা, ঘরে আলো জ্বলছে । সেই আলোর সামনে দিয়ে কে যেন দ্রুত পায়েচারি করছে । ফেলুদারও চোখ সেইদিকে । আমরা হাঁটা থামিয়েছি । ওটা কার ঘর ? শ্রীতীনবাবুর । পায়েচারি করছেন নীলিমা দেবী । একবার জানালায় এসে থামলেন, আবার সরে গিয়ে পায়েচারি । অস্থির ভাব ।

আমরা আবার চলা শুরু করলাম । জানালাটা ক্রমে দৃষ্টির আড়াল হয়ে গেল ।

পরপর আরও বাড়ি । প্রত্যেকটাতেই বেশ বড় কম্পাউন্ড । রেডিয়োতে খবর বলছে ; কোন বাড়িতে চলছে রেডিয়ো জানি না । লালমোহনবাবু আরেকটা বেমানান রবীন্দ্র সংগীত ধরতে যাচ্ছিলেন—গুনগুনানি শুনে মনে হল ধানের ক্ষেতে রৌদ্রছায়ায়—এমন সময় দেখলাম দূরে একজন লোক রাস্তা দিয়ে এগিয়ে আসছে আমাদেরই দিকে । গায়ে নীল রঙের পুলোভার ।

আরেকটু কাছে এলেই চিনতে পারলাম ।

‘আপনাদের ওখানেই যাচ্ছিলাম’, নমস্কার করে বললেন শঙ্করলাল মিশ্র । চেহারা দেখে মনে হল অনেকটা সামলে নিয়েছেন, যদিও সেই হাসিখুশি ছেলেমানুষি ভাবটা এখনও ফিরে আসেনি ।

‘কী ব্যাপার ?’ বলল ফেলুদা ।

‘আপনাকে একটা অনুরোধ করব ।’

‘কী অনুরোধ ?’

‘আপনি তদন্ত ছেড়ে দিন ।’

হঠাৎ এমন একটা অনুরোধে রীতিমতো হকচকিয়ে গিয়েছিলাম, কিন্তু ফেলুদা বেশ স্বাভাবিক ভাবেই বলল, ‘কেন বলুন তো ?’

‘এতে কারুর উপকার হবে না, মিঃ মিস্তির ।’

ফেলুদা একটুক্ষণ চুপ থেকে একটা হালকা হাসি হেসে বলল, ‘যদি বলি আমার নিজের উপকার হবে ? মনে খটকা থাকলে আমি বড় উদ্বেগ বোধ করি মিঃ মিস্ত্রি ; সেটাকে দূর না করা অবধি শান্তি পাই না । তা ছাড়া মৃত্যুশয্যায় একজন একটা কাজের ভার আমাদের দিয়ে গেছেন, সেটা না করেও আমার শান্তি নেই । এইসব কারণে আমাকে তদন্ত চালাতেই হবে । উপকার-অপকারের প্রশ্নটা এখানে খুব বড় নয় । ভেরি সরি, আপনার অনুরোধ আমি রাখতে পারলাম না । শুধু তাই নয়—এই তদন্তের ব্যাপারে আমি আপনাকে অনুরোধ করব যে আমাকে একটু সাহায্য করুন । মহেশবাবু সম্বন্ধে আর কেউ যাই ভাবুন না কেন, আপনি তাঁকে শ্রদ্ধা করতেন এটা তো ঠিক ?’

‘নিশ্চয়ই ঠিক ।’ ফেলুদার কথাটা মনে ধরতে কিছুটা সময় নিল বলেই বোধহয় জবাবটা এল একটু পরে । কিন্তু যখন এল তখন বেশ জোরের সঙ্গেই এল । ‘নিশ্চয়ই ঠিক’, আবার বললেন শঙ্করলাল । তার পর তার গলার সুরটা কেমন যেন বদলে গেল । বললেন, ‘যে শ্রদ্ধাটা বহুদিন ধরে ক্রমে ক্রমে গড়ে ওঠে, সেটাকে কি এক ধাক্কায় ভাঙতে দেওয়া উচিত ?’

‘আপনি কি সেটাই করছিলেন ?’

‘হ্যাঁ, সেটাই করছিলাম । কিন্তু সেটা ভুল । এখন বুঝেছি সেটা মস্ত ভুল, আর বুঝতে পেরে মনে শান্তি পাচ্ছি ।’

‘তা হলে আপনার কাছে সাহায্য আশা করতে পারি ?’

‘কী সাহায্য চাইছেন বলুন’, ফেলুদার দিকে সোজাসুজি চেয়ে বেশ সহজ ভাবে কথাটা বললেন শঙ্করলাল ।

‘তাঁর দুই ছেলের প্রতি মহেশবাবুর মনোভাব কেমন ছিল সেটা জানতে চাই । চৌধুরী পরিবার সম্বন্ধে আপনি যতটা নিরপেক্ষভাবে বলতে পারবেন, তেমন অনেকেই পারবেন না ।’

শঙ্করলাল বললেন, ‘আমি যেটুকু বুঝেছি তা বলছি । আমার বিশ্বাস শেষ বয়সে বীরেন ছাড়া আর কারুর উপর টান ছিল না মহেশবাবুর । অরুণদা আর প্রীতীন দুজনেই ওঁকে হতাশ করেছিল ।’

‘সেটার কারণ বলতে পারেন ?’

‘সেটা পারব না, জানেন, কারণ ওই দু ভাইয়ের সঙ্গে আমার বিশেষ যোগাযোগ ছিল না অনেকদিন থেকেই । তবে অরুণদাকে যে জুয়ার নেশায় পেয়েছে সে কথা আমাকে একদিন মহেশবাবু বলেছিলেন । সোজা করে বলেননি, ওঁর নিজস্ব ভাষায় বলেছিলেন । আমি বুঝতে পারিনি ; শেষে ওঁকেই বুঝিয়ে দিতে হল । বললেন, “অরুণ গুড হলে আমি খুশি হতুম, বেটার হয়েই আমায় চিন্তায় ফেলেছে । শুনছি নাকি আজকাল মহাজাতি ময়দানে যাতায়াত করছে নিয়মিত ।”—বেটার তো বুঝতেই পারছেন, আর জাতি হল রেস ; মহাজাতি ময়দান হল মহেশবাবুর ভাষায় রেসের মাঠ ।’

ফেলুদা বলল, ‘কিন্তু প্রীতীনবাবু তাঁকে হতাশ করবেন কেন ? উনি তো ইলেকট্রনিকসে বেশ—’

‘ইলেকট্রনিকস !’—শঙ্করলাল যেন আকাশ থেকে পড়লেন । ‘ও কি আপনাকে তাই বলেছে নাকি ?’

‘ইন্ডোভিশনের সঙ্গে ওঁর কোনও সম্পর্ক নেই ?’

শঙ্করলাল সশব্দে হেসে উঠলেন । ‘হরি, হরি ! ইন্ডোভিশন ! প্রীতীন একটা সদাগরি আপিসে সাধারণ চাকরি করে । সেটাও ওর স্বশ্রুরের সুপারিশে পাওয়া । প্রীতীন ছেলে খারাপ নয়, কিন্তু অত্যন্ত ইমপ্র্যাকটিক্যাল আর খামখেয়ালি । এককালে সাহিত্য-টাহিত্য করতে চেষ্টা করেছে, কিন্তু সেও খুব মামুলি । ওর স্ত্রী বড়লোক বাপের একমাত্র মেয়ে । ও যে গাড়িটাতে এসেছে সেটাও ওর স্বশ্রুরের । আপিস থেকে ছুটি পাচ্ছিল না, তাই আসতে দেরি হয়েছে ।’

এবার আমাদের আকাশ থেকে পড়ার পালা ।

‘তবে ওর পাখির নেশাটা খাঁটি’, বললেন শঙ্করলাল, ‘ওতে কোনও ফাঁকি নেই ।’

ফেলুদা বলল, ‘আরেকটা প্রশ্ন আছে ।’

‘বলুন ।’

‘সেদিন রাজরাণ্নায় যে গেরুয়াধারীটির সঙ্গে আপনি কথা বলছিলেন, তিনিই কি বীরেন্দ্র ?’

হঠাৎ এরকম একটা প্রশ্ন শুনে শঙ্করলাল থতমত খেলেও, মনে হল চট করে সামলে নিলেন । কিন্তু উত্তর যেটা দিলেন সেটা সোজা নয় ।

‘আপনার যা বুদ্ধি, আমার মনে হয় ক্রমে আপনি সব কিছুই জানতে পারবেন ।’

‘এটা জিজ্ঞেস করার একটা কারণ আছে’, বলল ফেলুদা । ‘যদি তিনি বীরেন হন, তা হলে মহেশবাবুর শেষ ইচ্ছা অনুযায়ী তাঁকে আমার একটা জিনিস দিতে হবে । আপনি প্রয়োজনে বীরেনের সঙ্গে যোগাযোগ করিয়ে দিতে পারবেন কি ?’

শঙ্করলাল বললেন, ‘মহেশবাবুর শেষ ইচ্ছা যাতে পূরণ হয়, তার চেষ্টা আমি করব । এটা আমি কথা দিচ্ছি । এর বেশি আর কিছু বলতে পারব না । আমায় মাপ করবেন ।’

কথাটা বলে শঙ্করলাল যে পথে এসেছিলেন, আবার সেই পথে ফিরে গেলেন ।

আমরা যে হাঁটতে হাঁটতে বেশ অনেকখানি পথ চলে এসেছিলাম সেটা বুঝতেই পারিনি । ফেলুদা টেরে আলোয় ঘড়ি দেখে বলল সাড়ে দশটা । আমরা ফিরতি পথ ধরলাম । কৈলাসে সব বাতি নিভে গেছে, চাঁদ ঢেকে গেছে মেঘে, সার্কাসের বাজনাও আর শোনা যাচ্ছে না । এই থমথমে পরিবেশে ফেলুদার ‘বাঁদর’ বলে চৈঁচিয়ে ওঠাটা এত অপ্রত্যাশিত যে লালমোহনবাবুর সঙ্গে সঙ্গে ‘কোথায়’ বলাতে কিছুই আশ্চর্য হলাম না । আমি অবিশ্যি বুঝেছিলাম যে ফেলুদা মহেশবাবুর ডায়রির বাঁদরের কথা বলছে । ‘কী অদ্ভুত মাথা ভদ্রলোকের !’ বলল ফেলুদা । ‘বাঁদরেও যে বই লিখেছে সেটা তো খেয়ালই ছিল না ।’

‘আপনি সিমপল ফ্র্যাকচারটাকে কম্পাউন্ড ফ্র্যাকচারে পরিণত করছেন কেন বলুন তো মশাই ? শুধু বাঁদরে শানাচ্ছে না, তার উপর আবার বই-লিখিয়ে বাঁদর ?’

‘গিবন ! গিবন ! গিবন !’ বলে উঠল ফেলুদা ।

আরেবাস্ ! সত্যিই তো । গিবন তো একরকম বাঁদর তো বটেই ।

কিন্তু ফেলুদা হঠাৎ কেন জানি মুষড়ে পড়ল । বাড়ির ফটকের কাছাকাছি যখন পৌঁছেছি তখন চাপা গলায় বলতে শুনলাম, ‘সাংঘাতিক দাঁও মেরেছে লোকটা, সাংঘাতিক ।’

‘কে মশাই ?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু ।

‘স্ট্যাম্প-অ্যালবাম চোর’, বলল ফেলুদা ।

রাত বারোটা পর্যন্ত আমাদের ঘরে থেকে লালমোহনবাবু ফেলুদার হেঁয়ালির সমাধান দেখলেন। একটা হেঁয়ালির উত্তরের জন্য এগারোটার সময় কৈলাসে ফোন করতে হল। ১৯১৫-র ১৮ই অক্টোবর মহেশবাবু লিখেছেন He Passes away। কার মৃত্যু সংবাদ ডায়রিতে লেখা রয়েছে জানবার জন্য অরুণবাবুকে জিজ্ঞেস করে জানা গেল ওই দিনে অরুণবাবুর মা মারা গিয়েছিলেন। মা-র নাম জিজ্ঞেস করাতে বললেন হিরণ্ময়ী। তার ফলে বেরিয়ে গেল He হল 'হি'।

১৯৫৮-তে কিছু লেখা পাওয়া গেল যেগুলো পড়লে মনে হয় ইংরিজি 'মটো'। যেমন 'Be foolish', 'Be stubborn', 'Be determined'। তার পর যখন এল 'Be leaves for England' তখন বোঝা গেল Be হচ্ছে বী অর্থাৎ বীরেন।

১৯৭৫-এর পাতায় পাওয়া গেল 'এ তিনের বশ'। কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎস্য। তিন হল লোভ। 'এ' হচ্ছে A—অরুণবাবু।

শেষ লেখা মহেশবাবুর জন্মদিনের আগের দিন।—'ফিরে আসা। ফিরে আশা'—ব্যস—তার পর আর কিছু নেই।

ডায়রি যখন শেষ হল তখন রাত একটা। ফেলুদার তখনও ঘুম আসেনি, কারণ আমি যখন লেপটা গায়ের উপর টানছি, তখন দেখলাম ও লালমোহনবাবুর দেওয়া সার্কাসের বইটা খুলল। উনি কথাই দিয়েছিলেন ওঁর পড়া হলে ফেলুদাকে পড়তে দেবেন, আর ফেলুদার পড়া হলে আমি পড়ব।

যখন তন্দ্রার ভাব আসছে, তখন শুনলাম ফেলুদা কথা বলছে, আর সেটা আমাকেই বলছে।—

'কোথাও খুন হলে পুলিশে গিয়ে খুনের জায়গার একটা নকশা করে লাশ যেখানে পাওয়া গেছে সেখানে একটা চিহ্ন দিয়ে দেয়। সে চিহ্নটা কী জিনিস?'

'এক্স মার্কস দ্য স্পট।' আমি জিজ্ঞেস করলাম।

'ঠিক বলেছিস। এক্স মার্কস দ্য স্পট।'

এই এক্সটাই স্বপ্নে হয়ে গেল দু হাত তোলা পা ফাঁক করা কালী মূর্তি, যেটা অরুণবাবুর দিকে চোখ রাঙিয়ে বলছে, 'তুই দুইয়ের বশ, তুই দুইয়ের বশ, তুই দুইয়ের বশ', আর অরুণবাবু চিৎকার করে বলছেন, 'আমি দেখছিলাম! আমি দেখছিলাম!' তারপরই কালীর মুখটা হয়ে গেল লালমোহনবাবুর মুখ, আর যেই সেই মুখটা বলছে, 'এক মাসে তিন হাজার বিক্রি—হুঁ হুঁ—কালমোহন বেঙ্গলি!'—অমনি স্বপ্নটা ভেঙে গেল একটা শব্দে।

দরজায় ধাক্কা লাগার শব্দ। আর তার সঙ্গে একটা ধস্তাধস্তির শব্দ। বাইরে বৃষ্টি পড়ছে এটাও বুঝতে পারলাম।

আমার হাতটা আপনা থেকেই টেবিল ল্যাম্পের সুইচটার দিকে চলে গেল। আলো জ্বলল না। বিহায়েও যে লোডশেডিং হয় এটা খেয়াল ছিল না।

মেঝেতে ধুপ্ করে কী একটা পড়ার শব্দের সঙ্গে সঙ্গে ফেলুদার গলা—

'টর্চ জ্বাল, তোপসে—আমারটা পড়ে গেছে!'

টেবিলের উপর হাতড়ে জলের গেলাসটাকে মাটিতে ফেলে ভেঙে তবে টর্চটা পেলাম। ফেলুদা ইতিমধ্যে উঠে দাঁড়িয়েছে। টর্চের আলোতে তার নিষ্ফল ক্রোধটা চোখে মুখে ফুটে বেরোচ্ছে।

'কে ছিল ফেলুদা?'

'দেখিনি, তবে অনুমান করতে পারি। লোকটা ষণ্ডা।'

'কী মতলবে এসেছিল, বল তো?'

‘চুরি ।’

‘কিছু নেয়নি তো ?’

‘নেয়নি, তবে নির্ঘাত নিত—যদি আমার ঘুমটা এত পাতলা না হত ।’

‘কী নিত ?’

ফেলুদা এ প্রশ্নের কোনও উত্তর না দিয়ে কেবল বিড়বিড় করে বলল, ‘এখন দেখছি ফেলু মিতিরই একমাত্র লোক নয় যে মহেশ চৌধুরীর সংকেতের মানে বুঝতে পারে । যদিও এটা একটু লেটে বুঝেছে ।’...

১০

পরদিন সকালে লালমোহনবাবু সব শুনে-টুনে বললেন, ‘আমি প্রথম দিনই বলেছিলাম দরজা বন্ধ করে শোবেন । এ সব জায়গায় চোর ডাকাতের উপদ্রব তো হবেই ।’

‘আপনি তো বাঘের ভয়ে দরজা বন্ধ করেছিলেন ।’

‘আর আপনি চোরের জন্য খোলা রেখেছিলেন ! বন্ধ রাখলে দুটোর হাত থেকেই সেফ । ওহে বুলাকিপ্ৰসাদ, চটপট ব্রেকফাস্টটা দাও ভাই ।’

‘এত তাড়া কীসের,’ বলল ফেলুদা ।

‘বাঘ ধরা দেখতে যাবেন না ?’

‘ধরবে কে ? কারাভিকার তো নিখোঁজ ।’

‘নিখোঁজ হলে কী হবে ? বাঘ মারার তাল হচ্ছে সে খবর কি তার কাছে পৌঁছয়নি ?—ওঃ, কী থ্রিলিং ব্যাপার মশাই । এ চাপ ছাড়া যায় না । আপনি ব্যাপারটা কী করে এত কামলি নিচ্ছেন জানি না ।’

আটটা নাগাদ ব্রেকফাস্ট সেরে ডায়রি আর চিঠির প্যাকেট নিয়ে কৈলাসে যাবার জন্য তৈরি হয়েছি, এমন সময় অখিলবাবু এলেন । বললেন তাঁর এক হোমিওপ্যাথ বন্ধু কাছেই থাকেন, তাঁর কাছেই যাচ্ছিলেন, আমাদের বাড়ি পথে পড়ে বলে টুঁ মেরে যাচ্ছেন ।

‘ঘতকুমারীতে মহেশবাবুর মাথা ঠাণ্ডা হয়েছিল ?’ ফেলুদা প্রশ্ন করল হালকাভাবে ।

‘ও বাবা । এত কথাও লিখেছে নাকি মহেশ ডায়রিতে ?’

‘আরও অনেক কথাই লিখেছেন ।’

অখিলবাবু বললেন, ‘আমার ওষুধের চেয়েও অনেক বেশি কাজ দিয়েছিল ওর মনের জোর । যাকে বলে উইল পাওয়ার । সে যে কী ভাবে মদ ছাড়ল সে তো আমি নিজের চোখে দেখেছি । সে তো আর ঘতকুমারীতে হয়নি ।’

‘উইলের কথাই যখন তুললেন,’ বলল ফেলুদা, ‘তখন বলুন তো মহেশবাবুর উইল সম্বন্ধে কিছু জানেন কি না । আমি অবিশ্যি দলিলের কথা বলছি, মনের জোরের কথা বলছি না ।’

‘ডিটেল জানি না, তবে এটুকু জানি যে মহেশ একবার উইল করে পরে সেটা বাতিল করে আরেকটা উইল করে ।’

‘আমার ধারণা এই দ্বিতীয় উইলে বীরেনের কোনও অংশ ছিল না ।’

অখিলবাবু অবাক হয়ে বললেন, ‘এটা কি ডায়রিতে পেলেন নাকি ?’

‘না । এটা উনি মৃত্যুশয্যা বলে গেছেন । সংকেতটা আপনার মনে আছে কি না জানি না । প্রথমে দুটো আঙুল দেখালেন, তারপর উই উই বললেন, আর তারপর বুড়ো আঙুলটা নাড়ালেন । দুই আঙুল যদি দুরি হয়, তা হলে ও ছাড়া আর কোনও মানে হয় না ।’

‘আশ্চর্য সমাধান করেছেন আপনি,’ বললেন অখিলবাবু । ‘প্রথমে উইলে বীরেনের অংশ

ছিল। তার কাছ থেকে চিঠি আসা বন্ধ হবার পর পাঁচ বছর অপেক্ষা করে ছেলে আর আসবে না ধরে নিয়ে গভীর অভিমানে বীরেনকে বাদ দিয়ে মহেশ নতুন উইল করে।’

‘বীরেন ফিরে এসেছে জানলে কি আবার নতুন উইল করতেন?’

‘আমার তো তাই বিশ্বাস।’

এবার ফেলুদা একটু ভেবে প্রশ্ন করল—

‘বীরেন সন্ধ্যাসী হয়ে যেতে পারে, এমন কোনও সম্ভাবনা তার মধ্যে কখনও লক্ষ করেছিলেন কি?’

‘দেখুন বীরেনের কৃষ্টি আমিই করি। সে যে গৃহত্যাগী হবে সেটা আমি জানতাম।’ তাই যদি হয় তা হলে সন্ধ্যাসী হবার সম্ভাবনাটা উড়িয়ে দেওয়া যায় কি?’

‘আরেকটা শেষ প্রশ্ন।—সেদিন আপনি বললেন মহেশবাবুকে খুঁজতে যাচ্ছেন অথচ আপনি এলেন আমাদের পরে। আপনি কি পথ হারিয়েছিলেন? জায়গাটা তো তেমন গোলকবাঁধা নয় কিছু।’

‘এ প্রশ্ন আপনি করবেন সে আমি জানতাম,’ মৃদু হেসে বললেন অখিলবাবু। ‘জায়গাটা গোলকবাঁধা নয় ঠিকই, তবে পথটা দুভাগ হয়ে গেছে সেটা আপনি লক্ষ করেছেন নিশ্চয়ই। মহেশকে খুঁজে পাওয়া আমার পক্ষে সহজই ছিল। কিন্তু ব্যাপার কী জানেন, বুড়ো বয়সে ছেলেবেলার স্মৃতি মাঝে মাঝে জেগে ওঠে মনে; সেই রকম একটা স্মৃতি আমাকে অন্য পথে নিয়ে যায়। সেটা আর কিছুই না; পঞ্চাশ বছর আগে ওই দিকেই একটা পাথরে আমি আমার নামের আদ্যাক্ষর আর তারিখ খোদাই করে রেখেছিলাম। গিয়ে দেখি সে পাথর এখনও আছে, আর সে খোদাইও আছে—A. B. C; 15. 5. 23—বিশ্বাস না হয় আপনি গিয়ে দেখতে পারেন।’

কৈলাসে গিয়ে নূর মহম্মদের কাছে শুনলাম অরুণবাবু আধঘণ্টা আগে বেরিয়ে গেছেন বাঘের সন্ধানে—‘ছোটাবাবা’ আছেন।

প্রীতীনবাবু দোতলায় ছিলেন, খবর দিতে নীচে নেমে এলেন। তাঁর হাতে চিঠি আর ডায়রির প্যাকেট তুলে দিয়ে চলে আসছি, এমন সময় বাধা পড়ল।

নীলিমা দেবী। তিনি ঘরে ঢুকতেই প্রীতীনবাবুর মুখ শুকিয়ে গেছে সেটা লক্ষ করলাম।

‘আপনাকে একটা কথা বলার ছিল, মিঃ মিস্ত্রি। সেটা আমার স্বামীরই বলা উচিত ছিল, কিন্তু উনি বলতে চাইছেন না।’

প্রীতীনবাবু তাঁর স্ত্রীর দিকে কাতরভাবে চেয়ে আছেন, কিন্তু নীলিমা দেবী সেটা গ্রাহ্য করলেন না। তিনি বলে চললেন, ‘সেদিন বাবাকে ওই অবস্থায় দেখে আমার স্বামীর হাত থেকে টেপ রেকর্ডারটা পড়ে যায়। আমি সেটা তুলে আমার ব্যাগে রেখে দিই। আমার মনে হয় এটা আপনার কাজে লাগবে। এই নিন।’

প্রীতীনবাবু আবার বাধা দেবার চেষ্টা করলেন, কিন্তু পারলেন না। ফেলুদা ধন্যবাদ দিয়ে চ্যাপটা ক্যাসেট-রেকর্ডারটা কোটের পকেটে পুরে নিল।

প্রীতীনবাবুকে দেখে মনে হল তিনি একেবারে ভেঙে পড়েছেন।

আমার মন বলছিল যে বাঘ ধরার ব্যাপারে ফেলুদারও যথেষ্ট কৌতূহল আছে। গাড়িতে উঠে ও হরিপদবাবুকে যা নির্দেশ দিল, তাতে বুঝলাম আমার অনুমান ঠিক।

লালমোহনবাবু যতটা সাহস নিয়ে বেরিয়েছিলেন, তার কিছুটা বোধহয় কমেছে, কারণ যাবার পথে একবার ফেলুদাকে বললেন, ‘ভদ্রলোকের তো অনেক বন্দুক ছিল মশাই—একটা চেয়ে নিলেন না কেন? আপনার কোন্ট বত্রিশ এ ব্যাপারে কোনও কাজে লাগবে কি?’

তাতে ফেলুদা বলল, ‘বাঘের গায়ে মাছি বসলে সেটা মারা চলবে।’

সারা পথ ফেলুদা টেপ রেকর্ডারটা চালিয়ে ভল্যুম কমিয়ে কানের কাছে ধরে রইল। কী শুনল ওই জানে।

কাল রাত্রে বৃষ্টি হওয়াতে রাস্তায় অনেক জায়গাই ভিজে ছিল। বড় রাস্তা থেকে একটা মোড়ের কাছে এসে কাঁচা মাটিতে টায়ারের দাগ দেখে বুঝলাম কিছু গাড়ি মেন রোড থেকে বেঁকে ওই দিকেই গেছে। আমরাও বাঁয়ের রাস্তা নিলাম, আর মাইল খানেক গিয়েই দেখলাম রাস্তার বাঁ ধারে একটা বটগাছের পাশে তিনটে তিনরকম গাড়ি দাঁড়িয়ে আছে—একটা বন বিভাগের জিপ, একটা অরুণবাবুর ফিয়াট আর বাঘের খাঁচাসমেত সার্কাসের ট্রাক। পাঁচজন লোক গাছটার তলায় বসে ছিল, তারা বলল আধঘণ্টা হল বাঘ খোঁজার দল বনের ভিতর চলে গেছে। কোনদিকে গেছে সেটাও দেখিয়ে দিল। লোকগুলোর মধ্যে একটাকে সেদিন সার্কাসের তাঁবুতে দেখেছি; ফেলুদা তাকেই জিজ্ঞেস করল ট্রেনারও এসেছে কি না। লোকটা বলল যে দ্বিতীয় ট্রেনার চন্দ্রন এসেছে।

আমরা রওনা দিলাম। সামনে কী অভিজ্ঞতা আছে জানি না, তবে এইটুকু জানি যে অরুণবাবুদের হাতে বন্দুক আছে, হয়তো বনবিভাগের শিকারির হাতেও আছে, কাজেই ভয়ের কোনও কারণ নেই। লালমোহনবাবু মনে হল একটু মুষড়ে পড়েছেন তার কারণ নিশ্চয়ই কারাভিকারের বদলে চন্দ্রনের আসা।

ভিজে মাটিতে মাঝে মাঝে অস্পষ্ট পায়ের ছাপ গাইড হিসেবে কাজ করছে। বন ঘন নয়, শীতকালে আগাছাও কম, তাই এগোতে কোনও অসুবিধে হচ্ছিল না। এর মধ্যে দু-একবার ময়ূর ডেকে উঠেছে; সেটা যে বাঘের সংকেত হতে পারে সেটা আমরা সবাই জানি।

মিনিট দশেক চলার পর শব্দটা পেলাম।

বাঘের ডাক, তবে গর্জন বলব না। ইংরিজিতে এটাকে গ্রাউল বলে, বাংলায় হয়তো গোঙানি, কিংবা গরগরানি বা গজগজানি। ঘন ঘন ডাক, আর বিরক্তির ডাক, বিক্রমের নয়।

আরও কয়েক পা এগিয়ে যেতেই দুটো গাছের ফাঁক দিয়ে একটা অদ্ভুত দৃশ্য দেখতে পেলাম। অদ্ভুত কেন না এ জিনিস সার্কাসের বাইরে কখনও যে দেখতে পাব এটা স্বপ্নেও ভাবিনি।

আমাদের সামনে বাঁয়ে তিনজন লোক দাঁড়িয়ে আছে, তাদের দুজনের হাতে বন্দুক। একটা বন্দুক অরুণবাবুর হাতে, সেটা উচিয়ে তাগ করা আছে সামনের দিকে।

এই তিনজনের পিছনে একটা খোলা জায়গা, যেটাকে বলা যেতে পারে সার্কাসের রিং। এই রিং-এর মাঝখানে দাঁড়িয়ে আছে ডান হাতে চাবুক আর বাঁ হাতে একটা গাছের ডাল নিয়ে একটা লোক। বাঁ কাঁধে ব্যান্ডেজ দেখে বুঝলাম ইনিই হলেন ট্রেনার চন্দ্রন। আমার দিকে পিছন ফিরে হাতের চাবুকটা মাঝে মাঝে সপাং করে মাটিতে মেরে চন্দ্রন ধীরে ধীরে এগিয়ে যাচ্ছে যার দিকে সে হল আমাদের কালকের দেখা গ্রেট ম্যাজেস্টিক সার্কাস থেকে পালানো বাঘ সুলতান।

এ ছাড়া আরও চারজন লোক দাঁড়িয়ে আছে বাঁয়ে একটু দূরে, তাদের দুজনের হাতে যে শিকলটা রয়েছে সেটাই নিশ্চয়ই বাঘকে পরানো হবে, যদি সে ধরা দেয়।

সবচেয়ে অদ্ভুত লাগল সুলতানের হাবভাব। সে পালানোর কোনও চেষ্টা করছে না, অথচ ধরা দেবারও যেন বিন্দুমাত্র ইচ্ছা নেই। শুধু তাই নয়, তার চোখে মুখে যে রাগ আর অবজ্ঞার ভাবটা ফুটে উঠেছে সেটা সে বার বার বুঝিয়ে দিচ্ছে চাপা গর্জনে।

চন্দ্রন যদিও এক পা এক পা করে এগোচ্ছে বাঘটার দিকে, তাকে দেখে মনে হয় না যে



তার নিজের উপর সম্পূর্ণ আস্থা আছে। সে যে একবার জখম হয়েছে এই বাঘেরই হাতে সেটা সে নিশ্চয়ই ভুলতে পারছে না।

আমি আড়চোখে মাঝে মাঝে দেখছি অরুণবাবুর দিকে। তিনি যেভাবে বন্দুক উচিয়ে স্থির লক্ষ্য নিয়ে দাঁড়িয়ে আছেন, বেশ বুঝতে পারছি সুলতান বেসামাল কিছু করলেই বন্দুক গর্জিয়ে উঠে তাকে ধরাশায়ী করে দেবে। আমার বাঁ পাশে দু পা সামনে ফেলুদা পাথরের মতো দাঁড়ানো, ডাইনে লালমোহনবাবু, তাঁর মুখ এমনভাবে হাঁ হয়ে রয়েছে যে মনে হয় না চোয়াল আর কোনওদিনও উঠবে। (ভদ্রলোক পরে বলেছিলেন যে, তাঁর ছেলেবয়সে তিনি যত সার্কাসে যত বাঘের খেলা দেখেছিলেন, তার সমস্ত স্মৃতি নাকি মুছে গেছে আজকের হাজারিবাগের বনের মধ্যে দেখা এই সার্কাসে।)

চন্দ্রন যখন পাঁচ হাতের মধ্যে, তখন সুলতান হঠাৎ তার সমস্ত মাংসপেশি টান করে

শরীরটা একটু নিচু করল, আর ঠিক সেই মুহূর্তে ফেলুদা একটা নিশেধ লাম্বে অরুণবাবুর ধারে পৌঁছে গিয়ে তাঁর বন্দুকের নলের উপর হাত রেখে মৃদু চাপে সেটাকে নামিয়ে দিল ।

‘সুলতান !’

গুরুগম্ভীর ডাকটা এসেছে আমাদের ডান দিক থেকে । যিনি ডাকটা দিয়েছেন, তাঁকে আগে থেকে দেখতে পেয়েই যে ফেলুদা এই কাজটা করেছে তাতে কোনও সন্দেহ নেই ।

‘সুলতান ! সুলতান !’

গম্ভীর স্বরটা নরম হয়ে এল । অবাক হয়ে দেখলাম রঙ্গমঞ্চ অবতীর্ণ হলেন রিং-মাস্টার কারাভিকার ; ঐরূপ হাতে চাবুক, পরনে সাধারণ প্যান্ট আর শার্ট । গলা অনেকখানি নামিয়ে নিয়ে পোষা কুকুর বা বেড়ালকে যেমন ভাবে ডাকে, সেই ভাবে ডাকতে ডাকতে কারাভিকার এগিয়ে গেলেন সুলতানের দিকে ।

চন্দ্রন হতভম্ব হয়ে পিছিয়ে গেল । অরুণবাবুর বন্দুক ধীরে নেমে গেল । বনবিভাগের কর্তার মুখ লালমোহনবাবুর মুখের মতোই হাঁ হয়ে গেল । বনের মধ্যে এগারো জন হতবাক দর্শক দেখল গ্রেট ম্যাজেস্টিক সার্কাসের রিং-মাস্টার কী আশ্চর্য কৌশলে পালালো বাঘকে বশ করে তার গলায় চেন পরিয়ে দিল, আর তার পর সেই চেন ধরে সুলতানকে জঙ্গলের মধ্যে থেকে বার করে নিয়ে এল একেবারে সার্কাসের খাঁচার কাছে । তারপর খাঁচার দরজা খুলে তার বাইরে টুল রেখে দিল সার্কাসের লোক, আর কারাভিকার চাবুকের এক আছাড়ের সঙ্গে সঙ্গে ‘আপ্ !’ বলতেই সেই বাঘ তীরবেগে ছুটে গিয়ে টুলে পা দিয়ে আবার সার্কাসের খাঁচায় বন্দি হয়ে গেল ।

আমরা একটু দূরে দাঁড়িয়ে ব্যাপারটা দেখছিলাম ; বাঘ খাঁচায় বন্দি হওয়া মাত্র কারাভিকার আমাদের দিকে ফিরে একটা সেলাম ঠুকল । তারপর সে একটা গাড়ির দিকে এগিয়ে গেল । এটা একটা প্রাইভেট ট্যাক্সি, আগে ছিল না ।

গাড়িটা চলে যাবার পর অরুণবাবুকে বলতে শুনলাম, ‘ব্রিলিয়ান্ট’ । তার পর ফেলুদার দিকে ফিরে বললেন, ‘থ্যাক্স’ ।

১১

কৈলাসে ফিরে এসে ফেলুদা প্রথমে অরুণবাবুর অনুমতি নিয়ে একটা টেলিফোন করল, কাকে জানি না । তারপর বৈঠকখানায় এল, যেখানে আমরা সবাই বসেছি । নীলিমা দেবী চা পাঠিয়ে দিয়েছেন । ওঁরা তিনজনে কালই কলকাতা ফিরে যাচ্ছেন । মহেশবাবুর শ্রদ্ধা কলকাতাতেই হবে । অখিলবাবুকে বাঘের খবরটা দেওয়াতে তিনি ঘটনাটা দেখতে পেলেন না বলে খুব আপশোস করলেন ।

‘আমিও ভাবছি কালই বেরিয়ে পড়ব,’ বললেন অরুণবাবু, ‘অবিশ্যি যদি আপনার তদন্ত শেষ হয়ে থাকে ।’

ফেলুদা জানাল সব শেষ । —‘আপনার পিতৃদেবের শেষ ইচ্ছা পালনেও কোনও বাধা নেই । সে ব্যবস্থাও হয়ে গেছে ।

অরুণবাবু চায়ের কাপ থেকে দৃষ্টি তুললেন ।

‘সে কী, বীরেনের খোঁজ পেয়ে গেছেন ?’

‘আজ্ঞে হ্যাঁ । আপনার বাবা ঠিকই অনুমান করেছিলেন ।’

‘মানে ?’

‘তিনি এখানেই আছেন ।’

‘হাজারিবাগে ?’

‘হাজারিবাগে ।’

‘খুবই আশ্চর্য লাগছে আপনার কথাটা শুনে ।’

আশ্চর্য লাগার সঙ্গে যে একটা অবিস্বাসের ভাবও মিশে আছে সেটা অরুণবাবুর কথার সুরেই বোঝা গেল । ফেলুদা বলল, ‘আশ্চর্য তো হবারই কথা, কিন্তু আপনারও এরকম একটা সন্দেহ হয়েছিল, তাই নয় কি ?’

অরুণবাবু চায়ের কাপটা নামিয়ে সোজা ফেলুদার দিকে চাইলেন ।

‘শুধু তাই নয়,’ ফেলুদা বলে চলল, ‘আপনার মনে এমনও ভয় ঢুকেছিল যে মহেশবাবু হয়তো আবার নতুন উইল করে আপনাকে বাদ দিয়ে বীরেনকে তাঁর সম্পত্তির ভাগ দেবেন ।’

ঘরের মধ্যে একটা অদ্ভুত থমথমে ভাব । লালমোহনবাবু আমার পাশে বসে সোফার একটা কুশন খামচে ধরেছেন । প্রীতীনবাবুর মাথায় হাত । অরুণবাবু উঠে দাঁড়িয়েছেন—তাঁর চোখ লাল, তাঁর কপালের রং ফুলে উঠেছে ।

‘শুনুন মিঃ মিস্ত্রি,’ গর্জিয়ে উঠলেন অরুণবাবু, ‘আপনি নিজেকে যত বড়ই গোয়েন্দা ভাবুন না কেন, আপনার কাছ থেকে এমন মিথ্যে, অমূলক, ভিত্তিহীন অভিযোগ আমি বরদাস্ত করব না । —জগৎ সিং !’

পিছনের দরজা দিয়ে বেয়ারা এসে দাঁড়াল ।

‘আর একটি পা এগোবে না তুমি !’—ফেলুদার হাতে রিডলবার, সেটার লক্ষ্য অরুণবাবুর পিছনে জগৎ সিং-এর দিকে । —‘ওর মাথার একগাছা চুল কাল রাঙে আমার হাতে উঠে এসেছিল । আমি জানি ও আপনারই আঙ্গা পালন করতে এসেছিল আমার ঘরে । ওর মাথার খুলি উড়ে যাবে যদি ও এক পা এগোয় আমার দিকে !’

জগৎ সিং পাথরের মতো দাঁড়িয়ে রইল ।

অরুণবাবু কাঁপতে কাঁপতে বসে পড়লেন সোফাতে ।

‘আ-আপনি কী বলতে চাইছেন ?’

‘শুনুন সেটা মন দিয়ে,’ বলল ফেলুদা, ‘আপনি উইল চেঞ্জ করার রাস্তা বন্ধ করার জন্য আপনার বাবার চাবি লুকিয়ে রেখেছিলেন । বিবি দেখেছিল মহেশবাবুকে চাবি খুঁজতে । মহেশবাবু হেঁয়ালি করে তাঁর নাতনিকে বলেছিলেন তিনি কী হারিয়েছেন, কী খুঁজছেন । এই কী হল Key—অর্থাৎ চাবি । কিন্তু চাবি সরিয়েও আপনি নিশ্চিন্ত হননি । তাই আপনি সেদিন রাজরাণ্নায় সুযোগ পেয়ে আপনার মোক্ষম অস্ত্রটি প্রয়োগ করেন আপনার বাবার উপর । আপনি জানতেন সেই অস্ত্রে মৃত্যু হতে পারে—এবং সেটা হলেই আপনার কার্যসিদ্ধি হবে—’

‘পাগলের প্রলাপ ! পাগলের প্রলাপ বকছেন আপনি !’

‘সাক্ষী আছে, অরুণবাবু—একজন নয়, তিনজন—যদিও তাঁরা কেউই সাহস করে সেটা প্রকাশ করেননি । আপনার ভাই সাক্ষী—অখিলবাবু সাক্ষী—শঙ্করলাল সাক্ষী ।’

‘সাক্ষী যেখানে নির্বাক, সেখানে আপনার অভিযোগ প্রমাণ করছেন কী করে, মিঃ মিস্ত্রি ?’

‘উপায় আছে, অরুণবাবু । তিনজন ছাড়াও আরেকজন আছে যে নির্দিধায় সমস্ত সত্য ঘটনা উদ্ঘাটন করবে ।’

কৈলাসের বৈঠকখানায় পাখির ডাক কেন ? জলপ্রপাতের শব্দ কেন ?

অবাক হয়ে দেখলাম ফেলুদা তার কোটের পকেট থেকে প্রীতীনবাবুর ক্যাসেট রেকর্ডার বার করেছে ।

‘সেদিন একটি ঘটনা দেখে এবং কয়েকটি কথা শুনে বিহ্বল হয়ে প্রীতীনবাবু হাত থেকে এই যন্ত্রটা ফেলে দেন । নীলিমা দেবী এটা কুড়িয়ে নেন । এই যন্ত্রতে পাখির ডাক ছাড়াও আরও অনেক কিছু রেকর্ড হয়ে গেছে, অরুণবাবু ।’

এইবারে দেখলাম অরুণবাবুর মুখ ক্রমে লাল থেকে ফ্যাকাসের দিকে চলেছে । ফেলুদার ডান হাতে রিভলবার, বাঁ হাতে টেপ রেকর্ডার ।

পাখির শব্দ ছাপিয়ে মানুষের গলা শোনা যাচ্ছে । ক্রমে এগিয়ে আসছে গলার স্বর, স্পষ্ট হয়ে আসছে । অরুণবাবুর গলা—

‘বাবা, বীরু ফিরে এসেছে এ ধারণা তোমার হল কী করে ?’

তারপর মহেশবাবুর উত্তর—

‘বুড়ো বাপের যদি তেমন ধারণা হয়েই থাকে, তাতে তোমার কী ?’

‘তোমার এ বিশ্বাস মন থেকে দূর করতে হবে । আমি জানি সে আসেনি, আসতে পারে না । অসম্ভব ।’

‘আমার বিশ্বাসেও তুমি হস্তক্ষেপ করবে ?’

‘হ্যাঁ, করব । কারণ বিশ্বাসের বশে একটা অন্যায কিছু ঘটে যায় সেটা আমি চাই না ।’

‘কী অন্যায ?’

‘আমার যা পাওনা তা থেকে বঞ্চিত করতে দেব না তোমাকে আমি ।’

‘কী বলছ তুমি !’

‘ঠিকই বলছি । একবার উইল বদল করেছে তুমি বীরু আসবে না ভেবে । তার পর আবার—’

‘উইল আমি এমনিও চেষ্টা করতাম ।’—মহেশবাবুর গলার স্বর চড়ে গেছে ; তাঁর পুরনো রাগ যেন আবার মাথা চাড়া দিয়ে উঠেছে । তিনি বলে চলেছেন—

‘তুমি আমার সম্পত্তির ভাগ পাবার আশা কর কী করে ? তুমি অসৎ, তুমি জুয়াড়ি, তুমি চোর !—লজ্জা করে না ? আমার আলমারি থেকে দোরাবজীর দেওয়া স্ট্যাম্প অ্যালবাম—’

মহেশবাবুর বাকি কথা অরুণবাবুর কথায় ঢাকা পড়ে গেল । তিনি উম্মাদের মতো চোঁচিয়ে উঠেছেন—

‘আর তুমি ? আমি যদি চোর হই তবে তুমি কী ? তুমি কি ভেবেছ আমি জানি না ? দীনদয়ালের কী হয়েছিল আমি জানি না ? তোমার চিংকারে আমার ঘুম ভেঙে গিয়েছিল । সব দেখেছিলাম আমি পদারি ফাঁক দিয়ে । পঁয়ত্রিশ বছর আমি মুখ বন্ধ রেখেছি । তুমি দীনদয়ালের মাথায় বাড়ি মেরেছিলে পিতলের বুদ্ধমূর্তি দিয়ে । দীনদয়াল মরে যায় । তারপর নূর মহম্মদ আর ড্রাইভারকে দিয়ে গাড়িতে করে তার লাশ—’

এর পরেই একটা রূপ শব্দ, আর কথা বন্ধ । তার পর শুধু পাখির ডাক আর জলের শব্দ ।

টেপ রেকর্ডার বন্ধ করে সেটা প্রীতীনবাবুকে ফেরত দিয়ে দিল ফেলুদা ।

মিনিটখানেক সকলেই চুপ, আর সকলেই কাঠ, এক ফেলুদা ছাড়া ।

ফেলুদা রিভলবার চালান দিল পকেটে । তার পর বলল, ‘আপনার বাবা গর্হিত কাজ করেছিলেন, সাংঘাতিক অন্যায করেছিলেন, সেটা ঠিক, কিন্তু তার জন্য তিনি পঁয়ত্রিশ বছর যন্ত্রণা ভোগ করেছেন, যত রকমে পেয়েছেন প্রায়শ্চিত্ত করেছেন । তবুও তিনি শাস্তি পাননি । যেদিন সেই ঘটনা ঘটে, সেইদিন থেকেই তাঁর ধারণা হয়েছে যে, তাঁর জীবনটা অভিশপ্ত, তাঁর অন্যাযের শাস্তি তাঁকে একদিন না একদিন পেতেই হবে । অবিশ্যি সেই শাস্তি

এভাবে তাঁর নিজের ছেলের হাত থেকে আসবে, সেটা তিনি ভেবেছিলেন কি না জানি না।’

অরুণবাবু পাথরের মতো বসে আছেন মেঝের বাঘছালটার দিকে একদৃষ্টে চেয়ে। যখন কথা বললেন, তখন মনে হল তাঁর গলার স্বরটা আসছে অনেক দূর থেকে।

‘একটা কুকুর ছিল। আইরিশ টেরিয়ার। বাবার খুব প্রিয়। দীনদয়ালকে দেখতে পারত না কুকুরটা। একদিন কামড়াতে যায়। দীনদয়াল লাঠির বাড়ি মারে। কুকুরটা জখম হয়। বাবা ফেরেন রাগিত্তরে—পাটি থেকে। কুকুরটা গুঁর ঘরেই অপেক্ষা করত। সেদিন ছিল না। নূর মহম্মদ ঘটনাটা বলে। বাবা দীনদয়ালকে ডেকে পাঠান। রাগলে বাবা আর মানুষ থাকতেন না...’

ফেলুদার সঙ্গে আমরাও উঠে পড়লাম। অখিলবাবুও উঠছেন দেখে ফেলুদা বলল, ‘আপনি একটু আমাদের সঙ্গে আসতে পারেন কি? কাজ ছিল।’

‘চলুন’, বললেন ভদ্রলোক, ‘মহেশ চলে গিয়ে আমার তো এখন অখণ্ড অবসর।’

১২

গাড়িতে অখিলবাবু বললেন—‘আমার নাম লেখা পাথরটার পাশে দাঁড়িয়েই আমি ওদের কথা শুনতে পাই। তাকে অনেক সময় জিজ্ঞেস করেছি সে হঠাৎ হঠাৎ এত অন্যমনস্ক হয়ে পড়ে কেন। সে ঠাট্টা করে বলত—তুমি গুনে বার করো, আমি বলব না। আশ্চর্য—তার জীবনের এত বড় একটা ঘটনা—সেটা কুণ্ঠিতে ধরা পড়ল না কেন বুঝতে পারছি না! হয়তো আমারই অক্ষমতা।’

বাড়ির কাছাকাছি যখন পৌঁছেছি তখন বুঝতে পারলাম ফেলুদা কাকে ফোন করেছিল।

ফটকের বাইরে দাঁড়িয়ে আছেন শঙ্করলাল মিশ্র।

‘আপনার মিশন সাকসেসফুল?’ গাড়ি থেকে নেমে জিজ্ঞেস করল ফেলুদা।

‘হ্যাঁ’, বললেন শঙ্করলাল, ‘বীরেন এসেছে।’

আমরা বৈঠকখানায় ঢুকতে সেই গেরুয়াধারী সন্ন্যাসী সোফা ছেড়ে দাঁড়িয়ে উঠে নমস্কার করলেন। লম্বা চুল, রুক্ষ লম্বা দাড়ি, লম্বা বলিষ্ঠ চেহারা।

‘বাপের শেষ ইচ্ছার কথা শুনে বীরেন আসতে রাজি হল,’ বললেন শঙ্করলাল, ‘মহেশবাবুর উপর কোনও আক্রোশ নেই ওর।’

‘যেমন আক্রোশ নেই, তেমনি আকর্ষণও নেই,’ বললেন বীরেন-সন্ন্যাসী। ‘শঙ্কর এবার অনেক চেষ্টা করেছিল আমাদের ফিরিয়ে আনতে। বলেছিল—ওদের দেখলে তোমার টানটা হয়তো ফিরে আসবে। ওর কথাতেই আমি রাজরাপ্পায় গিয়েছিলাম সেদিন। কিন্তু দূর থেকে দেখেই আমি বুঝেছিলাম আমার আত্মীয়দের উপর আমার কোনও টান নেই। বাবা তবু আমাকে কিছুটা বুঝেছিলেন, তাই প্রথম প্রথম ওঁকে চিঠিও লিখেছি। কিন্তু তারপর...’

‘কিন্তু সে চিঠি তো আপনি বিদেশ থেকে লেখেননি,’ বলল ফেলুদা, ‘আমার বিশ্বাস আপনি দেশের বাইরে কোথাও যাননি কোনওদিন।’

বীরেনবাবু কিছুক্ষণ চুপ করে থেকে হঠাৎ হেসে ফেললেন। আমি হতভম্ব, কী যে হচ্ছে কিছুই বুঝতে পারছি না।

‘শঙ্কর আমাকে বলেছিল আপনার বুদ্ধির কথা,’ বললেন বীরেনবাবু, ‘তাই আপনাকে একটু পরীক্ষা করছিলাম।’

‘তা হলে আর কী। খুলে ফেলুন আপনার অতিরিক্ত সাজ পোশাক। হাজারিবাগের

রাস্তার লোকের পক্ষে ওটা যথেষ্ট হলেও আমার পক্ষে নয় ।’

বীরেনবাবু হাসতে হাসতে তাঁর দাড়ি আর পরচুলি খুলে ফেললেন । লালমোহনবাবু আমার পাশ থেকে চাপা গলায় ‘কান্...কান্...কান্’ বলে থেমে গেলেন । আমি জানি তিনি আবার ভুল নামটা বলতে যাচ্ছিলেন, কিন্তু এবার বললেও আর শুধরোতে পারতাম না, কারণ আমার মুখ দিয়েও কথা বেরোচ্ছে না । কথা বললেন অখিলবাবু, ‘বীরেন বাইরে যায়নি মানে ? ওর চিঠিগুলো তা হলে... ?’

‘বাইরে না গিয়েও বিদেশ থেকে চিঠি লেখা যায় অখিলবাবু, যদি আপনার ছেলের মতো একজন কেউ বন্ধু থাকে বিদেশে, সাহায্য করার জন্য ।’

‘আমার ছেলে !’

‘ঠিকই বলেছেন মিস্টার মিস্তির,’ বললেন বীরেন কারাভিকার, ‘অধীর যখন ডুসেলডর্ফে, তখন ওকে চিঠি লিখে আমি বেশ কিছু ইউরোপীয় পোস্ট কার্ড আনিয়ে নিই । সেগুলোতে ঠিকানা আর যা কিছু লিখবার লিখে খামের মধ্যে ভরে ওর কাছেই পাঠাতাম, আর ও টিকিট লাগিয়ে ডাকে ফেলে দিত । অবিশ্যি অধীর দেশে ফিরে আসার পর সে সুযোগটা বন্ধ হয়ে যায় ।’

‘কিন্তু এই লুকোচুরির প্রয়োজনটা হল কেন ?’ জিজ্ঞেস করলেন অখিলবাবু ।

‘কারণ আছে,’ বলল ফেলুদা । ‘আমি বীরেনবাবুকে জিজ্ঞেস করতে চাই আমার অনুমান ঠিক কিনা ।’

‘বলুন ।’

‘বীরেনবাবু কর্নেল সুরেশ বিশ্বাসের জীবনী পড়ে মুগ্ধ হয়েছিলেন, এবং তাঁর মতো হতে চেয়েছিলেন । সুরেশ বিশ্বাস ঘর ছেড়ে খালাসি হয়ে বিদেশে গিয়ে শেষে ব্রেজিলে যুদ্ধ করে নাম করেছিলেন সেটা আমার মনে ছিল । যেটা মনে ছিল না সেটা আমি কাল রাতে বাঙালির সার্কাস বলে একটা বই থেকে জেনেছি । সেটা হল এই যে সুরেশ বিশ্বাস ছিলেন প্রথম বাঙালি যিনি বাঘ সিংহ ট্রেন করে সার্কাসের খেলা দেখিয়েছিলেন । তাঁর সবচেয়ে আশ্চর্য খেলা ছিল সিংহের মুখ ফাঁক করে তার মধ্যে মাথা ঢুকিয়ে দেওয়া ।’

এখানে লালমোহনবাবু কেন যেন ভীষণ ছটফট করে উঠলেন ।

‘ও মশাই । হ্যাঃ হ্যাঃ হ্যাঃ, এই সেদিন পড়লুম, তাও খেয়াল হল না, হ্যাঃ হ্যাঃ হ্যাঃ...’

‘আপনি ছাছ্যাটা পরে করবেন, আগে আমাকে বলতে দিন ।’

ফেলুদার ধমকে লালমোহনবাবু ঠাণ্ডা হলেন । ফেলুদা বলে চলল, ‘বীরেনবাবুর অ্যান্ডিশন ছিল আসলে বাঘ সিংহ নিয়ে খেলা দেখানো । কিন্তু বাঙালি ভদ্রঘরের ছেলে আজকের দিনে ওদিকে যেতে চাইছে শুনলে কেউ কি সেটা ভাল চোখে দেখত ? মহেশবাবুই কি খুশি মনে মত দিতেন ? তাই বীরেনবাবুকে কৌশলের আশ্রয় নিতে হয়েছিল । তাই নয় কি ?’

‘সম্পূর্ণ ঠিক,’ বললেন বীরেনবাবু ।

‘কিন্তু আশ্চর্য এই যে, অ্যাডিন পরে ছেলেকে রিং-মাস্টার হিসেবে দেখেও মহেশবাবু তাকে চিনতে পেরেছিলেন, যদিও অরুণবাবু সামনে থেকে দেখেও চিনতে পারেননি । সেটার কারণ এই যে বীরেনবাবুর নাকে প্লাস্টিক সার্জারি করানো হয়েছিল, যে কারণে ছেলেবেলার ছবির সঙ্গেও নাকের মিল সামান্যই ।’

‘তাই বলুন ।’ বলে উঠলেন অখিলবাবু, ‘তাই ভাবছি সবাই বীরেন বীরেন করছে, অথচ আমি সঠিক চিনতে পারছি না কেন !’

‘যাক গে,’ বলল ফেলুদা, ‘এখন আসল কাজে আসি ।’

ফেলুদা পকেট থেকে মুক্তানন্দের ছবিটা বার করল । তারপর বীরেনবাবুর দিকে ফিরে

বলল, ‘আপনি বোধহয় জানেন না যে, আপনি আর ফিরবেন না ভেবে মহেশবাবু আপনাকে তাঁর উইল থেকে বাদ দিয়েছিলেন। সেই উইল আর বদল করার উপায় ছিল না। অথচ আপনি একেবারে বঞ্চিত হন সেটাও উনি চাননি। তাই এই ছবিটা আপনাকে দিয়েছেন।’

ফেলুদা ছবিটা উলটে পিছনটা খুলে ফেলল। ভিতর থেকে বেরোল একটা ভাঁজ করা সেলোফেনের খাম, তার মধ্যে ছোট্ট ছোট্ট কতগুলো রঙিন কাগজের টুকরো।

‘তিনটি মহাদেশের ন’টি দুপ্রাপ্য ডাক টিকিট আছে এখানে। অ্যালবাম চুরি যেতে পারে এই আশঙ্কায় তিনি তাঁর সবচেয়ে মূল্যবান স্ট্যাম্প ক’টি এইভাবে লুকিয়ে রেখেছিলেন। গিবন্স ক্যাটালগের হিসেবে পঁচিশ বছর আগে এই ডাক টিকিটের দাম ছিল দু হাজার পাউন্ড। আমার ধারণা আজকের দিনে প্রায় পঞ্চাশ-ষাট হাজার টাকা।’

বীরেন্দ্র কারাভিকার খামটা হাতে নিয়ে কিছুক্ষণ দেখলেন সেটার দিকে। তারপর বললেন, ‘সার্কাসের রিং-মাস্টারের হাতে এ জিনিস যে বড় বেমানান, মিঃ মিত্তির! আমি খুব অসহায় বোধ করছি। আমরা যাযাবর, ঘুরে ঘুরে খেলা দেখিয়ে বেড়াই, আমাদের কাছে এ জিনিস...?’

‘বুঝতে পারছি,’ বলল ফেলুদা, ‘এক কাজ করুন। ওটা আমাকেই দিন। কলকাতার কিছু স্ট্যাম্প ব্যবসায়ীর সঙ্গে চেনা আছে আমার। এর জন্য যা মূল্য পাওয়া যায় সেটা আমি আপনাকে পাঠিয়ে দেব। আমার উপর বিশ্বাস আছে তো আপনার?’

‘সম্পূর্ণ।’

‘কিন্তু আপনার ঠিকানাটা যে আমাকে দিতে হবে।’

‘গ্রেট ম্যাজেস্টিক সার্কাস,’ বললেন বীরেনবাবু, ‘কুটি বুঝেছে যে আমাকে ছাড়া তার চলবে না। আমি এখনও কিছুদিন আছি এই সার্কাসের সঙ্গে। আজ রাত্রে সুলতানকে নিয়ে খেলা দেখাব। আসবেন।’

রাত্রে গ্রেট ম্যাজেস্টিক সার্কাসে সুলতানের সঙ্গে কারাভিকারের আশ্চর্য খেলা দেখে বেরোবার আগে আমরা বীরেনবাবুকে থ্যাক্স ইউ আর গুড বাই জানাতে তাঁর তাঁবুতে গেলাম। আইডিয়াটা লালমোহনবাবুর, আর কারণটা বুঝতে পারলাম তাঁর কথায়।

‘আপনার নামটার মধ্যে একটা আশ্চর্য কাণ্ডকারখানা রয়েছে,’ বললেন জটায়ু, ‘ডু ইউ মাইন্ড যদি আমি নামটা আমার সামনের উপন্যাসে ব্যবহার করি? সার্কাস নিয়েই গল্প, রিং-মাস্টার একটা প্রধান চরিত্র।’

বীরেন্দ্রবাবু হেসে বললেন, ‘নামটা তো আমার নিজের নয়! আপনি স্বচ্ছন্দে ব্যবহার করতে পারেন।’

ধন্যবাদ জানিয়ে বাইরে বেরিয়ে আসার পর ফেলুদা বলল, ‘তা হলে ইনজেকশন বাদ?’

‘বাদ কেন মশাই? ইনজেকশন দিচ্ছে বাঘকে। ভিলেন হচ্ছে সেকেন্ড ট্রেনার। বাঘকে নিস্তেজ করে কারাভিকারকে ডাউন করবে দর্শকদের সামনে।’

‘আর ট্র্যাপিজ?’

‘ট্র্যাপিজ ইজ নাথিং,’ অবজ্ঞা আর বিরক্তি মেশানো সুরে বললেন লালমোহন গাঙ্গুলী।

গ্রন্থ-পরিচয়

ফেলুদা'র গোয়েন্দাগিরি

প্রথম প্রকাশ: সন্দেশ, অগ্রহায়ণ-পৌষ-মাঘ ১৩৭২।

গ্রন্থাকারে 'একডজন গপ্পো'-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ ২৫ বৈশাখ ১৩৭৭। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

অলংকরণ: সত্যজিৎ রায়

'পাহাড়ে ফেলুদা' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

বাদশাহী আংটি

প্রথম প্রকাশ: সন্দেশ, বৈশাখ-চৈত্র ১৩৭৩, বৈশাখ ১৩৭৪।

গ্রন্থাকারে প্রকাশ: আশ্বিন ১৩৭৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

'ফেলুদার সপ্তকাণ্ড' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: নভেম্বর ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

কৈলাস চৌধুরীর পাথর

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৭৪।

গ্রন্থাকারে 'একডজন গপ্পো'-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ ২৫ বৈশাখ ১৩৭৭। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়

'কলকাতায় ফেলুদা' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

শৈয়াল-দেবতা রহস্য

প্রথম প্রকাশ: সন্দেশ, গ্রীষ্ম সংখ্যা ১৩৭৭।

গ্রন্থাকারে 'আরো এক ডজন'-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: এপ্রিল ১৯৭৬।

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়

'কলকাতায় ফেলুদা' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

গ্যাংটকে গণ্ডগোল

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৭৭।

গ্রন্থাকারে প্রকাশ: ফেব্রুয়ারি ১৯৭১। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘পাহাড়ে ফেলুদা’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

সোনার কেহ্না

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৭৮।

গ্রন্থাকারে প্রকাশ: ডিসেম্বর ১৯৭১। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘ফেলুদার সপ্তকাণ্ড’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: নভেম্বর ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

বাক্স-রহস্য

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৭৯।

গ্রন্থাকারে প্রকাশ: ১ বৈশাখ ১৩৮০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘ফেলুদার পানচ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: আগস্ট ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

সমাদ্দারের চাবি

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৮০।

গ্রন্থাকারে ‘আরো এক ডজন’-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: এপ্রিল ১৯৭৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘ফেলুদা একাদশ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

কৈলাসে কেলেকারি

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৮০।

গ্রন্থাকারে প্রকাশ: ১ বৈশাখ ১৩৮১। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘ফেলুদার সপ্তকাণ্ড’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: নভেম্বর ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

রয়েল বেঙ্গল রহস্য

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৮১।

গ্রন্থাকারে প্রকাশ: ১২ বৈশাখ ১৩৮২। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘ফেলুদার পান্চ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: আগস্ট ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

জয় বাবা ফেলুনাথ

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৮২।

গ্রন্থাকারে প্রকাশ: সেপ্টেম্বর ১৯৭৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘ফেলুদার সপ্তকাণ্ড’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: নভেম্বর ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

ঘুরঘুটিয়ার ঘটনা

প্রথম প্রকাশ: সন্দেশ ১৩৮২।

গ্রন্থাকারে ‘আরো একডজন’-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: এপ্রিল ১৯৭৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়

‘ফেলুদা একাদশ’-গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: ডিসেম্বর ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

বোম্বাইয়ের বোম্বেটে

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৮৩।

গ্রন্থাকারে ‘ফেলুদা এন্ড কোং’-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: ১ বৈশাখ ১৩৮৪। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়

‘ফেলুদা একাদশ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: ডিসেম্বর ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

চলচ্চিত্রায়িত হওয়ার পর আনন্দ পাবলিশার্স থেকে একটি ‘বিশেষ ফিল্ম এডিশন’ প্রকাশিত হয় জানুয়ারি ২০০৪-এ।

গোসাঁইপুর সরগরম

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৮৩।

গ্রন্থাকারে ‘ফেলুদা এন্ড কোং’-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: ১ বৈশাখ ১৩৮৪। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়

‘ফেলুদা একাদশ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: ডিসেম্বর ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

গোরস্থানে সাবধান

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৮৪।

গ্রন্থাকারে প্রকাশ: মে ১৯৭৯। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘কলকাতায় ফেলুদা’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স
প্রাইভেট লিমিটেড।

ছিন্নমস্তার অভিষাপ

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৮৫।


গ্রন্থাকারে প্রকাশ: ফেব্রুয়ারি ১৯৮১। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

পরবর্তীকালে ‘ফেলুদার পান্চ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: আগস্ট ২০০০। আনন্দ
পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।



9 788177 564808



ফেলুদা
সমগ্র

সব বয়সী, সব পাঠকের প্রিয় গোয়েন্দা ফেলুদার রহস্য রোমাঞ্চ অ্যাডভেঞ্চার। গোয়েন্দা গল্প বাংলায় কম লেখা হয়নি, কিন্তু এমন টানটান, মেদবিহীন গল্প বিরল। ফেলুদার রহস্য কাহিনীর কোনওটাতেই আড়ষ্টতা নেই। নেই কোনও বাহুল্য। একটা বাড়তি শব্দও খুঁজে পাওয়া ভার। গল্পজুড়ে ছবির পর ছবি ফুটে ওঠে।

ফেলুদার একটা পোশাকি নাম আছে—প্রদোষ মিত্র। কিন্তু ফেলু মিস্তির নামেই তাঁর সমস্ত খ্যাতি। রহস্যের জট খুলতে ফেলুদার জুড়ি নেই। তাঁর সহকারী তোপসে নিজের জবানিতে যেসব গল্প লিখেছে তার মধ্যে ফেলুদার চরিত্রটি স্পষ্ট হয়ে উঠেছে স্ব-মহিমায়। গল্পের শুরুতে তিনি নিজেকে রহস্যের আড়ালে লুকিয়ে রাখলেও শেষ মুহূর্তে সাফল্যের শীর্ষ স্পর্শ করেন। সব সময়ই তিনি তদন্তের গলিঘুঁজি কিংবা গোলকধাঁধা পেরিয়ে বিশ্বাসযোগ্যভাবে ফাঁস করে দেন যাবতীয় রহস্য-জাল। কোনও বাধাই ফেলুদার কাছে বড় নয়।

গোয়েন্দা ফেলুদার অ্যাডভেঞ্চারে তৃতীয় যিনি অপরিহার্য, তিনি লালমোহন গান্ধুলী। ‘জটায়ু’ ছদ্মনামে তিনি অদ্ভুত সব রহস্য-উপন্যাস লেখেন। তোপসের গল্পে বর্ণিত রহস্যের দুর্দান্ত ঘনঘটা ও মগজের ব্যায়ামের ফাঁকে ফাঁকে, অনাবিল হাসি ও সরসতার আশ্চর্য দরজাটা খুলে দেয় লালমোহনবাবুর অতি সরল সাবলীল উপস্থিতি।

শুধু তো গল্প নয়, ফেলুদার গল্প-উপন্যাসে যেসব জায়গায় রহস্য ঘনিয়েছে, সে দেশে কিংবা বিদেশে যেখানেই হোক, সেখানকার নিখুঁত ইতিহাস ও ভূগোলবর্ণনা পাঠকদের চমকে দেয়। কোথাও এতটুকু ভুলচুক নেই। স্থান-কাল-পাত্র সম্পর্কে ফেলুদার জ্ঞান তো গভীর বিস্ময় জাগায়।

সব মিলিয়ে গোয়েন্দা ফেলু মিস্তিরকে তুড়ি মেরে উড়িয়ে দেওয়ার সাধ্য কারও নেই। ফেলুদা, তোপসে আর লালমোহনবাবুকে নিয়ে লেখা সত্যজিৎ রায়ের প্রতিটি অ্যাডভেঞ্চার-অভিযান অবশ্যই পড়তে হবে। না পড়লে ঠকতে হবে। এই পড়ার কাজটি যাতে আরও সহজসাধ্য হয় তারজন্য পাঠকদের হাতে এবার দু'খণ্ডে ফেলুদা সমগ্র।

বিশ্ববরেণ্য চলচ্চিত্রশ্রষ্টা সত্যজিৎ রায়ের জন্ম উত্তর কলকাতার গড়পার রোডে ২ মে ১৯২১ সালে।
 সুকুমার রায় ও সুপ্রভা রায়ের একমাত্র সন্তান।
 স্কুলের শিক্ষা বালিগঞ্জ গভর্নমেন্ট হাইস্কুলে।
 প্রেসিডেন্সি কলেজ থেকে সাম্মানিক স্নাতক
 (১৯৪০)। ওই বছরই শান্তিনিকেতন কলাভবনে ভর্তি
 হন। কিন্তু '৪২-এ শিক্ষা অসমাপ্ত রেখে ফিরে আসেন।
 চাকুরিজীবনের শুরু (১৯৪৩) বিজ্ঞাপন সংস্থা ডি জে
 কিমার-এ। বিবাহ ১৯৪৯-এ।
 এই সময়ের মধ্যেই বিভিন্ন বইয়ের প্রচ্ছদ ও
 চিত্রাঙ্কনের জন্য পুরস্কার লাভ করেছেন। রচনা
 করেছেন বেশ কয়েকটি চিত্রনাট্য। ১৯৫৫-তে তাঁর
 'পথের পাঁচালী' চলচ্চিত্রটি মুক্তি পায়। কান ফিল্ম
 ফেস্টিভ্যালে 'পথের পাঁচালী' পায় শ্রেষ্ঠত্বের সম্মান।
 'অ্যাবস্ট্রাকশান' নামে একটি ইংরেজি গল্প দিয়ে লেখার
 জগতে সত্যজিৎ‌র আত্মপ্রকাশ (১৯৪১)।
 'সন্দেশ' পত্রিকার পুনঃপ্রকাশ (১৯৬১) উপলক্ষে
 বাংলা সাহিত্য রচনা শুরু। প্রোফেসর শঙ্কুকে নিয়ে
 প্রথম গল্প 'ব্যোমযাত্রীর ডায়েরি'।
 প্রথম প্রকাশিত গ্রন্থ 'প্রোফেসর শঙ্কু' (১৯৬৫)। বইটি
 ১৯৬৭-তে শ্রেষ্ঠ শিশুসাহিত্য গ্রন্থরূপে অকাদেমি
 পুরস্কার লাভ করে। 'ফেলুদার গোয়েন্দাগিরি'
 (১৯৬৫) ফেলুদা সিরিজের সূচনা-গল্প।
 তাঁর অবিস্মরণীয় সৃজনশীলতার স্বীকৃতি স্বরূপ
 সত্যজিৎ বহু সম্মান ও পুরস্কারে ভূষিত হয়েছেন। এর
 মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য ভারতরত্ন ও লিজিয়ন
 অফ অনার (ফ্রান্স) সম্মান। পুরস্কারের মধ্যে আনন্দ,
 বিদ্যাসাগর, গোল্ডেন লায়ন (ভেনিস) এবং
 'লাইফটাইম অ্যাচিভমেন্ট'-এর জন্য বিশেষ অস্কার।
 কল্পবিজ্ঞান কাহিনী, গোয়েন্দাকাহিনী, উপন্যাস, গল্প,
 প্রবন্ধ, স্মৃতিকথা, চিত্রনাট্য, সম্পাদিত, সংকলিত ও
 অনূদিত গ্রন্থ মিলিয়ে সত্যজিৎ‌র বইয়ের সংখ্যা
 ষাটের অধিক।
 মৃত্যু ২৩ এপ্রিল ১৯৯২।

.....
 প্রচ্ছদ সমীর সরকার, সুনীল শীল
 সত্যজিৎ রায়ের আলোকচিত্র: তপন দাশ

সত্যজিৎ রায়

ফেলুদা ২ সমগ্র



প্রথম সংস্করণ জানুয়ারি ২০০৫

অলংকরণ সত্যজিৎ রায়, সমীর সরকার, সুব্রত গঙ্গোপাধ্যায়
অভিজিৎ চট্টোপাধ্যায়

ISBN 81-7756-480-3

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে ৪৫ বেনিয়াটোলা লেন
কলকাতা ৭০০ ০০৯ থেকে সুবীরকুমার মিত্র কর্তৃক প্রকাশিত এবং
স্বপ্না প্রিন্টিং ওয়ার্কস প্রাইভেট লিমিটেড
৫২ রাজা রামমোহন রায় সরণি, কলকাতা ৭০০ ০০৯
থেকে মুদ্রিত।

দু'খণ্ড একত্রে ৭৫০.০০

ফেলুচাঁদ

লীলা মজুমদার

ফেলুদার গল্প যারা পড়েনি, তারা ঠকেছে! ভাল জিনিস উপভোগ না-করতে পারার দুঃখ আর কিছুতে নেই। মূল বাংলা ভাষায় যারা পড়তে পাবে না, তাদের জন্য অন্তত পাঁচটা ভারতীয় ভাষা এবং চারটে বিদেশি ভাষায় ফেলুদা-কাহিনী অনুবাদ হয়েছে বলে জানি, এ বড় সুখের কথা! অবিশ্যি নিরক্ষর লোকেরাও দুনিয়া জুড়ে গোয়েন্দা ফেলু মিস্তিরকে চেনে, ডাবডাব করে সিনেমায় দেখতে পায় বলে। লেখক নিজেই ফেলুদার দুটো খাসা গল্প নিয়ে জমজমাট চলচ্চিত্র বানিয়েছেন। জানিস, ফেলুদার মগজের ক্যারামতিতে মুগ্ধ হয়ে, আড়ালে ওঁকে আমি ফেলুচাঁদ বলে ডাকি!

ফেলুদার গল্প-উপন্যাসগুলো লেখা হয়েছে তোপসের জবানিতে, যার বয়েস ১৯৬৫ সালে ছিল সাড়ে তেরো, তারপর ২৬ বছরে (ফেলুচাঁদের শেষ উপাখ্যান ‘রবার্টসনের রুবি’ লেখা হয়েছে ১৯৯১ সালে) পাঁচ বছরও বাড়েনি! ফেলুদার বয়েস বেড়েছে টেনেটুনে আট বছর! ২৭ থেকে ৩৫, এই অবধি হিসেব পাচ্ছি। মোট কথা, তোপসে তার জ্যাঠাতো দাদা গোয়েন্দা ফেলু মিস্তিরের চিরকেলে সহকারী, বেশিরভাগ রহস্য অভিযানের সঙ্গী। আজকাল (মানে গত ৩০ বছরে) ওই বয়েসের চৌকোস বাঙালি ছেলেরা যে আটপৌরে ভাষায় কথা বলে, সেই চাঁচাছোলা বাংলাতেই তোপসে লিখেছে দুর্দান্ত সব ফেলুদা-কাহিনী। কোথাও কোনও আড়ষ্টতা নেই। ন্যাকামি নেই, বোকামো নেই। গল্প-জুড়ে ছবির পর ছবি ফুটে ওঠে, সিনেমায় যেমন হয়! ওঁর বাপ-পিতেমোর মতো, সত্যজিৎ রায়ের সোনার কলমেও যে বে-পরোয়া জাদু থাকবে, তাতে আর আশ্চর্য কী!

গোয়েন্দা ফেলুদার অ্যাডভেঞ্চারে তৃতীয় যে মানুষটা অপরিহার্য, তাঁর নাম লালমোহন গাঙ্গুলী—‘জটায়ু’ ছদ্মনামে তিনি লোম-খাড়া-রহস্য-উপন্যাস লেখেন। তাঁর মজাদার হাবভাব আর বোকামি-ভরা সরস কথাবার্তার মধ্যেও, সোনার মতো ঝকঝকে একটা সরল মন দিবি প্রকাশ হয়ে পড়ে। আহা, মাটির পৃথিবীতে এমন খাঁটি বন্ধু ক’জনের জোটে?

গল্পের রাজ্যে সত্যি-মিথ্যে বলে কিছু নেই। যদিও মন-গড়া জিনিস যতটা নিখুঁত হয়, বাস্তবে সেটা মুশকিল! তবু ফেলুচাঁদের সব বানানো গল্পই সত্যি। পুরোপুরি কাল্পনিক, এমনকী বাস্তবে মোটেও ঘটে না —এমন সব বিষয়বস্তুকেও সত্যজিৎ তাঁর উপস্থাপনার গুণে, কেমন একটা বিশ্বাসযোগ্য আর বাস্তবানুগ রূপ দিয়েছেন। অবিশ্যি দুনিয়ার সব বানানো গল্পই সত্যি। আমার গল্পেও যা-কিছু পড়েছিস, তার মধ্যে কিছু ঘটেছে, কিছু হয়তো ঘটেনি। কিন্তু ঘটতেই পারে। না ঘটলেও, কিছু এসে যায় না!

ফেলুদার গল্প-উপন্যাসে যে-সব অকুস্থলে রহস্য পেকে উঠেছে, সে-সমস্ত জায়গার বর্ণনা নিখুঁত। কোথাও কোনও ইতিহাস-ভূগোল-বিজ্ঞানের এতটুকু ভুল-চুক চোখে পড়ে না। সব বয়েসের পাঠকরাই ফেলুচাঁদের পাঠশালায় শেখা যাবতীয় বিদ্যেবুদ্ধি সটাং বই থেকে তুলে,

নিজের জীবনে যেমন খুশি কাজে লাগাতে পারে। বরং না-লাগালেই ঠকতে হবে। ওরে, ফেলুদার গল্পে কোথাও কোনও আলগা ভাব নেই, বাহুল্য নেই। সব কটা চরিত্র ন্যায্য কারণে এসেছে। ছঁটে ফেললে কিছু যায়-আসে না— এমন একটাও দৃশ্য নেই কোথাও। বাড়তি একটা শব্দ খুঁজতে হলেও, সেই গোলমালে কেসটা ফেলুদাকেই দিতে হবে।

ফেলুদার গল্পগুলো কাল্পনিক এবং মৌলিক। কোথাও একটুও বাড়াবাড়ি নেই। বিদেশি হৈসেল থেকে কিছু হাতানো হয়নি। জোর করে পাঠকদের ওপর কিছু চাপিয়ে দেবার চেষ্টা নেই। মেকি জিনিস বা গোঁজামিল নেই। চালাকি নেই। পাঠকদের চমকে দেবার কোনও উদ্দেশ্য চোখে পড়ে না। এমনকী সব ঘটনাই মনে হয় স্বাভাবিক। হয়তো মাঝে-মধ্যে কিছু দৈব ঘটনা আছে, কিন্তু সে-সব তো যে-কোনও লোকের জীবনে ঘটতেই পারে!

অবিশ্বাস গোয়েন্দা ফেলু মিষ্ট্রির ও তাঁর সহকারীকে মাঝে মাঝে যেন একটু অন্য জগতের লোক বলে মালুম হয়। পৌরাণিক কাহিনীর নায়কদের মতোই ফেলুদাও সর্বদা স্ব-মহিমায় হাজির! তাঁর সেই দৈব প্রশান্তি কখনওই টসকায় না, কিছুতেই হারিয়ে যেতে দেখি না। গল্পের গোড়ায় মাঝে মাঝে তিনি নিজেদেরই একটা জমজমাট রহস্যের আড়ালে লুকিয়ে রাখলেও, শেষকালে অবশ্যই সাফল্যের ঝলমলে মুকুট পরে ‘জয় বাবা ফেলুনাথ’ হয়ে ওঠেন। আবার কখনও ফেলুদাদের রকমসকমের রহস্যময়তা যেন খোদ অপরাধীর চালচলনকে ছাপিয়ে যায়। সাংঘাতিক সেই প্যাঁচে পড়ে, দুষ্টকারীর খোঁজ পাবার জন্য হা-পিতোশ উত্তেজনায় ছটফট করে সব-বয়েসি পাঠক! চুল টুল খাড়া, গায়ের রক্ত হিম, দম আটকে আসে! ব্যস, চান-খাওয়া মাথায় উঠল!

এমনকী স্রেফ মৌনতা দিয়ে নিজের সন্দেহজনক আচরণের দিকে আমাদের নজর ঘুরিয়ে রেখে, অবশেষে ফেলুদা যথেষ্ট বিশ্বাসজনকভাবে ফাঁস করে দেন যাবতীয় রহস্য-জাল। তাঁর সব তদন্তের গলিঘুঁচি, চড়াই-উৎরাই বা গোলকধাঁধা পেরিয়ে, ফেলুদা সবসময়েই (একমাত্র চন্দননগরের সেই জোড়া-খুনের কেসটা বাদে) পৌঁছে গেছেন সফলতার গন্তব্যে। কোনও কিছুতেই ফেলুদাকে ক্লান্ত হতে দেখি না। কোনও বাধাই ফেলুদার কাছে বড় হয়ে দেখা দেয় না। দিলেই-বা, খচমচ করে সেটা টপকাতে কতক্ষণ! মূল বাংলা ও ইংরিজিতে লেখা, কিংবা এই দুই ভাষার জানলা দিয়ে এখনকার পৃথিবীর আরও যে-সব ভাষার গোয়েন্দাদের দেখা পেয়েছি, নিশ্চিত্তে বলতে পারি— ফেলুদাকে তুড়ি মেরে উড়িয়ে দেবার সাধ্য কারও নেই!

ফেলুদার একমাত্র খুঁত হচ্ছে থেকে থেকেই সিগারেট ধরানো! সারাক্ষণ অমন চারমিনার ফুঁকতে দেখলে, মাঝে মাঝে আমি ভারী চটে যাই। অবিশ্বাস আরও বিটকেল নেশা ছিল বিলেতের সেই মস্ত গোয়েন্দা শার্লক হোমস-এর— ছ্যা-ছ্যা, ইঞ্জেকশনের সূঁচ! ফেলুদার সঙ্গে হোমস-এর আবছা একটা মিলও দেখতে পাই। দু’জনেরই চরিত্রের মধ্যে কোনও দুর্বলতা বা অহমিকা নেই। কখনও নিজেদের জাহির করার চেষ্টা করেনি। দু’জনেরই এতটুকু দোষ চোখে পড়ে না, যা কিংবদন্তির নায়কদেরও বেমালুম পতন ডেকে আনে। লালমোহনবাবু পরম বন্ধু বলেই, নানা ব্যাপারে তাঁকে টিটকিরি দেন ফেলুদা, বারে বারে তাঁর ভুল শুধরে দেন— ওটা কিছু দোষের জিনিস নয়, খুব স্বাভাবিক। ওটা খাঁটি বন্ধুত্বের টান! লালমোহনবাবুকে আড়ালে টিটকিরি দিলে বুঝতাম, ফেলুদা লোকটা কিঞ্চিৎ ইয়ে!

তবে ফেলুদার উপাখ্যানে এস্তার গুণ থাকা সত্ত্বেও, এমন কিছু অবাস্তবতা আছে— যেমন দেখা যায় গড়ে-তোলা কোনও শিল্প-কর্মে। বাস্তব জগৎ আর রোজকার জীবনের টিলে-ঢালা ভাব এবং ভুল-চুককে বেমালুম এড়ানো হয়েছে বলে, ফেলুদার গল্পে কোথাও কোথাও অবাস্তব না-লেগে উপায় কী! ফেলুদাও সারাক্ষণ বড় বেশি ফিটফাট, বড্ড (একেবারে শতকরা ১০০ ভাগ) সচেতন লোক! ৩৫টা গল্প-উপন্যাসে ফেলুদার গোটা গোয়েন্দা-জীবন জুড়ে, কোথাও

লোকটার এক ঝিলিক বোকাটিরও আঁচ খুঁজে পাই না। এক অতিমানবের মতোই তিনি চির-অপরাজেয়! এমনকী তোপসেও আমার চেনা-জানা আর-পাঁচজন ওই বয়েসের চৌকোস ছেলের চাইতে একদম আলাদা। একটু বেশি বিজ্ঞ, একটু বেশি সংযত। অমন কাঁচা বয়েসে যে চাপল্য বা উচ্ছ্বাস থাকার কথা, সেটা একটুও দেখতে পাই না কেন? এক যদি না জিবে-জল-আনা খাবারের থালা সামনে এসে পড়ে!

ফেলুদাদের গল্প-উপন্যাসে আর-একটা ব্যাপারও কেমন যেন ঠেকে! হ্যাঁ-গা, গোয়েন্দা ও তাঁর সহকারীর আত্মীয়-পরিজনদের দেখি না কেন? এমনকী খলনায়কদের বাড়িতেও চাকর-বাকর ছাড়া কেউ নেই! ফেলুদা ও তোপসের আত্মীয়-বন্ধুরা ওঁদের চারপাশে ঘিরে থাকলে, পাঠকদের বেজায় আহ্লাদ হত এমনকী তাতে গোয়েন্দাগিরিরও সুখ-সুবিধে ঢের বেড়ে যেত। অথচ আসল মজা বা টইটুঙ্গুর রসটা, মোটেই টসকে যাবার সুযোগ নেই! ফেলুদা না-হয় ছোটবেলায় বাপ-মা হারিয়েছে, তোপসের মা-বাবারা গেল কোথায়? দু'জনেরই ঠামু-দিদু, মামা-কাকা, মাসি-পিসি কেউ নেই?

আমাদের রোজকার জীবনের চেনা-জানা মানুষদের মতো দুর্বলতা, অহংভাব আর দোষে-গুণে মেশানো একজন দারুণ মানুষকে ফেলুদা-কাহিনীতে পেলে, আমরা অবিশ্যি গলে যাই! তিনি হলেন রহস্য-রোমাঞ্চ গল্প-লেখক, ফেলুদার একমাত্র বন্ধু, ওঁদের প্রায় সব তদন্তের কাজে নিত্যসঙ্গী লালমোহন গাঙ্গুলী বা জটায়ু। রহস্যের ঘটনাটা ও মগজের ব্যায়ামের ফাঁকে ফাঁকে, অনাবিল হাসি ও সরসতার আশ্চর্য সিং-দরজাটা খুলে দেয় লালমোহনবাবুর অতি সাবলীল উপস্থিতি! জটায়ু যতই বাস্তব-চরিত্র হোক-না-কেন, আমাদের চারপাশের ঝলমলে জীবনে ফেলুদা বা তোপসের চাইতেও বিরল মানুষ তিনি। লালমোহনবাবুর মতো মানুষ যত বাড়বে, পৃথিবীটা তত বেশি বাসযোগ্য হয়ে উঠবে। অমন অননুকরণীয় বাচনভঙ্গি, চাঁচাছোলা মেলামেশার প্যাটার্ন, ও রকম খাঁটি বন্ধুত্ব— আমাদের পানসে জীবনে নুন মিশিয়ে দেয়। মনে রাখিস, খাবার-দাবারে যেমন, তেমন পার্থিব জীবনে বেঁচে-থাকাটাও শ্রেফ আলুনি হয়ে গেলে মহা মুশকিল! ব্যাপারটা মোটেই সুখের নয়। নুনের চেষ্টা করো।

আর-একটা কথা। সরসতা মানে খেলো ঠাট্টা বা ছেঁদো রসিকতা নয়। সরসতা গভীর জিনিস। তারি মধ্যে গোটা জীবন-দর্শন ধরা থাকে। হাসি হচ্ছে দুনিয়া দেখার একটা ঢং। রঙ্গরস করতে গেলে, বিশ্বব্রহ্মাণ্ডের কাছে নিজেকে বিলিয়ে দিতে হয়। রোজকার জীবনের তলায় তলায় সরসতা বা হাসির যে স্রোত বইছে, পাথরটা সরিয়ে, তার মুখটা খুলে দিতে হয়। ভুলে যাস না, বাস্তব জগতে হাসির জিনিস বলে কিছু নেই। হাসি থাকে মানুষের চোখে, মনে, বুকের ভেতরে। আর কোথাও না। কী জন্যে কোন মানুষ হাসে, তাই দেখে ওই লোকটার মনের যতটা নাগাল পাওয়া যায়, আর-কোনও তদন্তে সেটা সম্ভব না। মোট কথা, তেড়ে-ফুড়ে লাগলে আকাট মুখ্য ছেলেও মহা পণ্ডিত হতে পারে। কিন্তু সরসতা কাউকে শেখানো যায় না। সত্যজিতের মতো খাঁটি রসের ভাণ্ডটা নিয়ে জন্মাতে হয়।

ও-হ্যাঁ, বলতে ভুলে যাচ্ছিলাম, শ্রেফ বেয়ারা ও মোটর-গাড়ির ড্রাইভার ছাড়া, লালমোহনবাবুর জীবনেও আর-কেউ নেই কেন? ভাগ্যিস ফেলুদা ও তোপসের সঙ্গে রক্তের সম্পর্ক গজাল, না-হলে লালমোহনবাবুর মতো ফুর্তিবাজ মানুষের বেঁচে-থাকাটা আলুনি হয়ে যেত!

সূচিপত্র

•

হত্যাপুরী ১

- গোলকধাম রহস্য ৫২
যত কাণ্ড কাঠমাণ্ডিতে ৮১
নেপোলিয়নের চিঠি ১৩৬
টিনটোরেটোর যীশু ১৬৯
অম্বর সেন অন্তর্ধান রহস্য ২২২
জাহাঙ্গীরের স্বর্ণমুদ্রা ২৩৯
এবার কাণ্ড কেদারনাথে ২৬১
বোসপুকুরে খুনখারাপি ২৯৯
দার্জিলিং জমজমাট ৩৩৬
ভূস্বর্গ ভয়ংকর ৩৮৮
ইন্দ্রজাল রহস্য ৪২৫
অঙ্গুরা থিয়েটারের মামলা ৪৪২
শকুন্তলার কণ্ঠহার ৪৬৪
ডাঃ মুনসীর ডায়রি ৫০৩
গোলাপী মুক্তা রহস্য ৫৩৬
লন্ডনে ফেলুদা ৫৬৭
নয়ন রহস্য ৫৯৭
রবার্টসনের রুবি ৬৫৫

অসমাপ্ত ফেলুদা

- তোতা রহস্য ৬৯৮
তোতা রহস্য (দ্বিতীয় খসড়া) ৬৯৯
বাক্স রহস্য (প্রথম খসড়া) ৭০৬
আদিত্য বর্ধনের আবিষ্কার ৭১৪

গ্রন্থ-পরিচয় ৭১৯



হত্যাপুরী

ডুংরুর কথা

ডুংরু পাশেই শিশির ভেজা ঘাসের উপর বাজনাটা রেখে শুধু-গলায় গান ধরল। ওর কান ভাল, তাই দুদিন শুনেই তুলে নিয়েছে গানটা। হনুমান ফটকের বাইরে বসে যে ভিথিরি গানটা গায়, সে অবিশ্যি সঙ্গে সঙ্গে বাজনাও বাজায়। তাই ডুংরুর শখ হয়েছিল সেও বাজাবে। এই বাজনাটা সবজিওয়ালা শ্যাম গুরুঙের। ডুংরু একবেলার জন্য চেয়ে এনে রেখে দিয়েছে তিনদিন। ছড় টেনে সুর বার করা যে এত শক্ত তা কি ও জানত ?

ডুংরু গলা ছাড়ল। সামনে ভুট্টা খেতের ওপরে দুটো মোষ আর কয়েকটা ছাগল ছাড়া কাছে-পিঠে কেউ নেই। ডুংরুর ঠিক পিছনেই খাড়া পাহাড়, তার নীচে একটা বাদাম গাছ, তারই ঠিক সামনে ডুংরুর বসার ঢিবি। ওই যে দূরে ইটের তৈরি টালির ছাতওয়ালা দোতলা বাড়ি, ওটা ডুংরুদের বাড়ি। ভুট্টার খেতটাও ওদের। উত্তরে কুয়াশায় আবছা পাহাড়ের পিছনে তিনটে বরফে ঢাকা পাহাড়ের মধ্যে যেটার চূড়ো মাছের লেজের মতো দু ভাগ হয়ে গেছে, যেটার নাম মাচ্ছাপুছরে, সেটার ডগা এখন গোলাপি।

প্রথম দুটো লাইন গাইবার পর তিনের মাথায় যেখানে সুরটা চড়ে, সেখানে আসতেই আকাশ ভাঙল। গুড় গুড় শব্দটা শুনেই ডুংরু এক লাফে পাঁচ হাত পাশে সরে গিয়েছিল, নইলে ওই হাতির মাথার মতো পাথরটা বাজনাটার সঙ্গে সঙ্গে ওকেও খেঁতলে দিত।

ওরে বাব্বা ! ওটা কী—বাদামগাছটার মাথা ফুঁড়ে সেটাকে তছনছ করে একরাশ ডালপালা খুবলে নিয়ে মাটিতে এসে মুখ খুবড়ে পড়ল ওটা কী ?

একটা মানুষ।

না, একটা বাবু।

মাথায় রক্ত, থুতনিতে রক্ত, একটা পা হাঁটুর কাছ থেকে দুমড়ে আছে যেন খড়ের পুতুল। লোকটা মরে গেছে কি ?

না, ওই যে মাথাটা নড়ল।

ডুংরুর ধাঁ করে মনে পড়ে গেল ওদের কথা। ওই পুর্বের গমের খেতটা পেরিয়ে রাস্তার ওপারে পাহাড়ের গায়ে ঝরনার ধারে তাঁবু ফেলে যে চারজন আছে—যাদের দাড়ির দিকে অবাক হয়ে চেয়ে থাকে ডুংরু, কারণ ওর নিজের বাপ খুড়ো দাদু মামা মেসো কারু দাড়ি নেই—যদি কেউ কিছু করতে পারে তো ওরাই পারবে। ওরা চেনে ডুংরুকে। ডুংরু ওদের গান শুনিয়েছে, খেত থেকে ভুট্টা নিয়ে গিয়ে দিয়েছে, ওরা ডুংরুকে পয়সা দিয়েছে—এক টাকা, দু টাকা, একদিন পাঁচ টাকা।

ডুংরু দিল ছুট।

‘হাই, হাই—কাম, জো, কাম !’

‘হোয়াটস আপ ?’

ডুংরু জিভ বার করে মাথা চিতিয়ে চোখ উলটিয়ে দেখিয়ে দিল। এরা বুঝল। এ ভাষা সকলেই বোঝে।

‘গো!—জিপ, জিপ!—গো!’

এদের জিপের গায়ে রামধনুর রং। এমন গাড়ি ডুংরু দেখেনি কখনও। অনেক গাড়ি সে দেখেছে বড় রাস্তা দিয়ে পোখরার দিকে যেতে।

জো, মার্ক, ডেনিস আর ব্রুস উঠে পড়ল জিপে। ডুংরুকে তুলে নিল সঙ্গে। একটা কিছু হয়েছে; দেখা দরকার।

হ্যাঁ, হয়েছেই বটে।

জাম্পিং জেহোশাফাট! সর্বনাশের মাথায় বাড়ি!

চারজনে ঝুঁকে পড়ল লোকটার উপর। মার্ক মিনেসোটায় ডাক্তারি পড়া ছেড়ে দিয়ে চলে এসেছে নেপালে।

বেইশ রক্তাক্ত লোকটাকে ধরাধরি করে তুলল ওরা জিপে।

হাসপাতাল কাঠমাণ্ডুতে। এখান থেকে তেত্রিশ কিলোমিটার।

১

মানুষের হাতে যে রেখাটাকে বিলিতি মতো হেডলাইন বা বুদ্ধির রেখা বলে, ফেলুদার যে সেটা আশ্চর্যরকম লম্বা আর স্পষ্ট, সেটা আমি জানি। ফেলুদাকে জিজ্ঞেস করলে বলে ও পামিস্তিতে বিশ্বাস করে না, অথচ পামিস্তির বই ওর আছে, আর সে বই ওকে পড়তেও দেখেছি। একবার এটাও দেখেছি—ফেলুদা ওর মার্কামারা একপেশে হাসিটা হেসে লালমোহনবাবুকে ওর বুদ্ধির রেখাটা দেখাচ্ছে। লালমোহনবাবু অবিশ্যি এ সব যোলা আনা বিশ্বাস করেন। তাই ফেলুদার হেডলাইনের বহর দেখে দুবার চাপা গলায় ‘অ্যামেজিং’ কথাটা বলেছিলেন, আর মিনিটখানেক পরে কথার ফাঁকে নিজের ডান হাতের মুঠো খুলে চোখ নামিয়ে রেখাগুলোর দিকে দেখে একটা দীর্ঘশ্বাস ফেলেছিলেন।

হাত দেখে মোটামুটি অতীত-ভবিষ্যৎ বলতে আমার ছোট কাকাই পারেন। এমনকী মুখ দেখে ভাগ্য বলে দেবার ক্ষমতাও কারুর কারুর আছে বলে শুনেছি। কিন্তু কোনও লোকের কপালের ঠিক মধ্যখানে কড়ে আঙুলের ডগা ঠেকিয়ে রেখে চোখ বুজে সেই লোকের ভাগ্য গণনার ক্ষমতা যে কারুর থাকতে পারে, সেটা এই পুরী এসে প্রথম শুনলাম।

কলকাতায় লোডশেডিং-এ নাজেহাল অবস্থা, তার উপর একটানা গরম চলেছে একশো দশ ডিগ্রি। ছাপাখানায় লোডশেডিং-এর জন্য রহস্য-রোমাঞ্চ উপন্যাসিক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ুর নতুন উপন্যাস বৈশাখে বেরোতে পারেনি। ভদ্রলোকের আরও আপশোস এই জন্য যে, এটা ওঁর প্রথম ভৌতিক উপন্যাস। ফেলুদাই ওঁকে বলেছিল যে মোমবাতির আলোয় রহস্য-কাহিনীর চেয়ে ভূতের গল্প জমবে বেশি। সত্যি বলতে কী, ‘পিঠাপুরমের পিশাচ’ গল্পের আইডিয়াটা ফেলুদাই জটায়ুকে দিয়েছিল। কিন্তু সে বই সময় মতো বেরোল না দেখে লালমোহনবাবু রীতিমতো খান্না হয়ে এক রোববারের সকালে আমাদের বাড়িতে এসে বললেন, ‘নাঃ, এ শহরে আর থাকা চলবে না। আর শুনেচেন তো স্কাইল্যাবের ব্যাপার?’

স্কাইল্যাব কলকাতায় পড়বে এ খবর কোথাও বেরোয়নি, কিন্তু লালমোহনবাবুর দৃঢ় বিশ্বাস কলকাতার উপর শনির দৃষ্টি পড়েছে, তাই স্কাইল্যাবের একটা বড় অংশ এখানে না পড়ে যায় না।

ফেলুদাকে দেখেছি ও প্রায় যে কোনও অবস্থার সঙ্গে নিজেকে মানিয়ে চলতে পারে। ওয়েটিং রুমে জায়গা না পেলে প্ল্যাটফর্মে চাদর বিছিয়ে শুয়ে দিব্যি ঘুমিয়ে রাত কাটাতে দেখেছি

কতবার । বালিশও লাগে না—হাত ভাঁজ করে তার উপর মাথা । কিন্তু বাড়িতে বিছানায় শুয়ে ঘণ্টাখানেক না পড়লে যায় ঘুম আসে না, তার পক্ষে সেই অভ্যাসটা বন্ধ হয়ে গেলে আর কতদিন মাথা ঠিক রাখা যায় ? বই পড়া ছেড়ে কিছুদিন তাস নিয়ে হাত সাফাই অভ্যেস করল । তারপর কিছুদিন মুখে মুখে লিমেরিক বানাল, তার একটা লালমোহনবাবুকে নিয়ে—

বুঝে দেখ জটায়ুর কলমের জোর

ঘুরে গেছে রহস্য কাহিনীর মোড়

থোড় বড়ি খাড়া

লিখে তাড়াতাড়ি

এইবারে লিখেছেন খাড়া বড়ি থোড় ।

এটা অবিশ্যি জটায়ুকে বলা হয়নি, আর এই লিমেরিক লেখাও বেশিদিন চলেনি । ভাবলে মনে হয়, শহরে রাস্তিরে বাতি না থাকলে হয়তো খুন-রাহাজানি অনেক বাড়বে ; কিন্তু দুঃখের বিষয় গত তিন মাসে ফেলুদার কোনও কেস জোটেনি, আর ক্রাইমও যা হয়েছে, সেগুলোর কিনারা পুলিশেই করেছে ।

তাই বোধহয় ফেলুদা লালমোহনবাবুর কথায় সায় দিয়ে বলল, ‘সত্যি, কল্লোলিনী তিলোত্তমা বড় জ্বালাচ্ছে । শারীরিক অস্বাচ্ছন্দ্যটা মেনে নেওয়া যায়, কিন্তু ক্রমাগত কাজের ব্যাঘাত, পড়াশুনার ব্যাঘাত, মশার কামড়ে চিন্তার ব্যাঘাত—এগুলো বরদাস্ত করা কঠিন ।’

‘উড়িষ্যাতে তো একসেস্ তাই না ?’

লালমোহনবাবুর এই প্রশ্ন থেকে এল পুরীর কথা, আর পুরী থেকে এল সি-বিচের কাছে নতুন তৈরি নীলাচল হোটেলের কথা, যার মালিক শ্যামলাল বারিক লালমোহনবাবুর বাড়িওয়ালা সুধাকান্তবাবুর ক্লাস-ফ্রেন্ড ।

কিন্তু তা হলে কী হবে ? সুধাকান্তবাবু খোঁজ নিয়ে জানলেন জুনের মাঝামাঝির আগে ঘর পাওয়া যাবে না ।

তাতেও অবিশ্যি আমরা পেছপা হইনি । জুনের মধ্যে কলকাতার অবস্থার উন্নতির কোনও আশা নেই । একুশে জুন আমরা পুরী এক্সপ্রেসে দিয়ে দিলাম রওনা । একবার কথা হয়েছিল যে লালমোহনবাবুর অ্যাস্বাসাডরে যাওয়া হবে, শেষে ভদ্রলোক নিজেই ‘এই সময়টায় লং জার্নিতে মাঝপথে ঝড়বাদল হলে ফ্যাসাদ হতে পারে মশাই’ বলে পিছিয়ে গেলেন । গাড়ি যাবে, তবে সেটা ড্রাইভার হরিপদবাবু নিয়ে যাবেন ; আমাদের একদিন পরে পৌঁছবে । পুরী ছাড়াও আরও দু-একটা জায়গা ঘুরে দেখার ইচ্ছে আছে, সেটা নিজেদের গাড়ি থাকলে সুবিধে হবে ।

ট্রেনের ঘটনার মধ্যে একটাই লেখার মতো । আমাদের ফোর-বার্থ কামরার একটা আপার বার্থে একজন ভদ্রলোক ছিলেন যিনি সিগারেট খাচ্ছিলেন একটা হোল্ডারে যেটা ফেলুদা বলল সোনার । যে লাইটারে সিগারেট ধরাচ্ছিলেন সেটা নাকি গোল্ড-প্লেটেড, আর তার দাম নাকি তিন হাজার টাকা । যে কেস থেকে সিগারেট বার করলেন সেটা সোনার, চশমা সোনার, শার্টের কাফ-লিংকস সোনার । দুহাত মিলিয়ে তিনটে আংটি সোনার, আর ওপর থেকে পা বুলিয়ে নীচে নামতে গিয়ে লালমোহনবাবুর কাঁধে বুড়ো আঙুল লাগাতে যখন হেসে ‘সরি’ বললেন, তখন দেখলাম একটা দাঁত সোনার । পুরী স্টেশনে নেমে কুলির মাথায় জিনিস তুলে ভদ্রলোকটি যখন ভিড়ের মধ্যে মিলিয়ে গেলেন, তখন লালমোহনবাবু বললেন, ‘ইস, এমন সোনায়ে মোড়া ভদ্রলোকটির নামটা জিজ্ঞেস করা হল না ।’ ফেলুদা বলল, ‘সেটা জানার একটা সহজ উপায় ছিল । কামরার বাইরে রিজার্ভেশন চার্ট টাঙানো ছিল হাওড়া থেকেই । ভদ্রলোকের নাম এম. এল. হিস্পোরানি ।’

নীলাচল হোটেলে একবেলা থেকেই সেটাকে সিঙ্গ-স্টার হোটেল বলে ঘোষণা করলেন লালমোহনবাবু। ফেলুদা বলল, ‘হোটেলে সুইমিং পুল না থাকলে সেটা পাঁচ তারার পর্যায়ে ওঠে না; আর পাঁচের উপর রেটিং নেই। আপনি কি দুশো গজ দূরে ওই সমুদ্রটাকে নীলাচলের নিজস্ব সাঁতারের চৌবাচ্চা বলে ধরছেন? তা হলে অবিশ্যি আপনার রেটিং-এ ভুল নেই।’

আসলে দুপুরে খাওয়াটা বেশ ভাল হয়েছিল। লালমোহনবাবুকে লোভী বলা চলে না, তবে তিনি রসিক খাইয়ে তাতে সন্দেহ নেই। বললেন, ‘কাঁচকলার কোফতা এত উপাদেয় হয় জানা ছিল না মশাই। এদের কুকিং-এর জবাব নেই। তা ছাড়া তকতকে বেডরুম-বাথরুম, সদালাপী ম্যানেজার, ইনস্ট্যান্ট পাখা-বাতি, সমুদ্রের নৈকট্য—সিঙ্গ-স্টার বলব না কেন মশাই?’

পুরনো হলে কী হবে জানি না, নতুন অবস্থায় হোটেলটা সতিই বেশ ভাল। ফেলুদা আর আমি দোতলায় একটা ডাবলরুমে আছি, পাশের ডাবল রুমটা লালমোহনবাবু গড়িয়াহাটার এক কাপড়ের দোকানের মালিকের সঙ্গে শেয়ার করে আছেন। ম্যানেজার শ্যামলাল বারিকের সঙ্গে আলাপ হয়েছে, বলেছেন সন্ধ্যাবেলা একটু ফাঁক পেলেই আমাদের ঘরে আসবেন।

হোটেলের গেট থেকে বেরিয়ে ডান দিকে মিনিটখানেক গেলেই পায়ের তলায় বালি শুরু হয়ে যায়। আমি শেষ পুরী এসেছি যখন আমার বয়স পাঁচ বছর। ফেলুদা বছর দুয়েক আগে রাউরকেল্লা এসেছিল একটা কেসে, তখন উড়িষ্যার অনেক জায়গাই দেখে গেছে, পুরী তো বটেই। কেবল লালমোহনবাবু বললে বিশ্বাস করা কঠিন—এই প্রথম নাকি পুরী এলেন। আমরা অবাক ভাব দেখানোয় উনি বললেন, ‘আরে মশাই, কলকাতার ভেতরেই কত কী আছে এখনও দেখলুম না, আর পুরী! ভাবতে পারেন, আমার বাড়ির তিন মাইলের মধ্যে জৈন টেম্পল; জন্মে অবধি নাম শুনে আসছি, এখনও চোখে দেখিনি।’

সমুদ্র দেখে লালমোহনবাবু যে কবিতাটা আবৃত্তি করলেন সেটা আমি কক্ষণও শুনি নি। জিজ্ঞাসা করতে বললেন সেটা বৈকুণ্ঠনাথ মল্লিকের লেখা। তিনি নাকি এথেনিয়াম ইনস্টিটিউশনের বাংলার মাস্টার ছিলেন। লালমোহনবাবু যখন ক্লাস সেভেনে পড়েন, তখন নাকি এই কবিতাটা আবৃত্তি করে প্রাইজ পেয়েছিলেন। বললেন শেষের দুটো লাইন নাকি পার্টিকুলারলি ভাল—‘আরেকবার মন দিয়ে শোনো তপেশ, তা হলেই বিউটিটা ধরতে পারবে—

‘অসীমের ডাক শুনি কল্লোল মর্মরে
এক পায়ে খাড়া থাকি একা বালুচরে।’

ফেলুদা মন্তব্য করল, ‘কবি নিশ্চয়ই এখানে নিজেই সারসের সঙ্গে আইডেন্টিফাই করছেন, কারণ এই ঝোড়ো বাতাসে বালির উপর মানুষের পক্ষে এক পায়ে খাড়া থাকা চাট্টিখানি কথা নয়। যাই হোক, এবার বলুন তো বালির উপর ওই ছাপগুলোর কোনও বিশেষ তাৎপর্য আছে কি না।’

বালির উপর দিয়ে কেউ হেঁটে গেছে পূব থেকে পশ্চিমে। জুতোর ছাপের সঙ্গে সঙ্গে আরেকটা ছাপ চলেছে, সেটা নিশ্চয়ই লাঠি। লালমোহনবাবু বেশ কিছুক্ষণ ছাপগুলোর দিকে চেয়ে থেকে বললেন, ‘জুতো অ্যান্ড লাঠি সেটা তো বোঝাই যাচ্ছে, তবে বিশেষ তাৎপর্য...’

‘তোপ্সে, তোর কী মনে হয়?’



আমি বললাম, ‘লোকে তো সাধারণত ডান হাতে লাঠি ধরে। এখানে দেখছি ছাপটা বাঁ দিকে।’

ফেলুদা আমার পিঠে একটা চাপড় মেরে দিল, যার মানে সাবাস। তারপর বলল, ‘ভদ্রলোক ন্যাটা হলে আশ্চর্য হব না।’

আমরা যেখানটায় এসে দাঁড়িয়েছি সেখানে লোক বলতে তিনটে নুলিয়ার বাচ্চা, তার মধ্যে একটা কাঁকড়া ধরছে, আর দুটো ঝিনুক কুড়োচ্ছে। ভিড়টা আরম্ভ হয় আরও এগিয়ে গিয়ে, যেখানে কাছাকাছির মধ্যে বেশ কয়েকটা বাঙালি হোটেল রয়েছে। আমরা আরও এগিয়ে যাব যাব করছি, এমন সময় পিছন থেকে ডাক এল।

‘মিস্টার গাঙ্গুলী!’

ঘুরে দেখি জটায়ুর রুমমেট, সেই দোকানের মালিক। গোলগাল হাসিখুশি মিশুক লোক, আলাপ হতে জানলাম নাম শ্রীনিবাস সোম, দোকানের নাম হেমাঙ্গিনী স্টোর্স, হেমাঙ্গিনী ভদ্রলোকের মায়ের নাম।

‘যাইবেন না?’ ভদ্রলোক লালমোহনবাবুকে জিজ্ঞেস করলেন। ‘ছয়টায় টাইম দিসে কিন্তু।’

লালমোহনবাবু কিছুক্ষণ থেকেই মাঝে মাঝে পিছন ফিরে দেখছিলেন ; এবার কারণটা বুঝলাম । কিন্তু-কিন্তু ভাব করে ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘আপনি তো বোধহয় নট ইন্টারেস্টেড তাই আপনাকে জোর করব না ।’

‘ব্যাপারটা কী ?’

‘ইয়ে, ইনি এক আশ্চর্য গণকের কথা বলছিলেন । কপালে আঙুল রেখে ভাগ্য বলে দেন ।’

‘কার কপালে ?’

‘যার ভাগ্য বলছেন তার, ন্যাচারেলি ।’

‘কপালের লিখন পড়তে পারেন বলছেন ?’

‘শুনে তো তাই মনে হচ্ছে ।’

ফেলুদা অবিশ্যি কপালের লেখা পড়াতে রাজি হল না । তাও আমরা দুজনে গণৎকারের বাড়ি অবধি গেলাম ওঁদের সঙ্গে । গণৎকারের বাড়ি বলাটা অবিশ্যি ঠিক হল না ; একটা তিনতলা বাড়ির একতলার দুটো ঘর নিয়ে থাকেন ভদ্রলোক । সমুদ্রের ধার দিয়ে সোজা পূবদিকে নুলিয়া বস্তি লক্ষ্য রেখে গিয়ে যেখানে চেঞ্জারদের ভিড় পাতলা হয়ে এসেছে, সেখানে বাঁয়ে বালির চড়াই উঠে ত্রিশ চল্লিশ গজ গেলে বালিতে বসা একটা পোড়ো বাড়ির কিছুটা দূরেই এই তিনতলা বাড়িটা । গেটের একদিকে শ্বেত পাথরের ফলকে লেখা ‘সাগরিকা,’ অন্যদিকে ‘ডি. জি. সেন’ । পুরনো ধাঁচের হলেও, বেশ বাহারের বাড়ি । গেট দিয়ে ঢুকে একটা মাঝারি বাগানও আছে ।

‘মালিক থাকেন ওই তিনতলার ঘরে,’ বললেন শ্রীনিবাস সোম, ‘আর একতলার বারান্দার পিছনে ওই যে দরজা, ওইটা হইল লক্ষ্মণ ভট্টাচার্যের ঘর ।’

গণৎকারের নামটা এই প্রথম শুনলাম । বারান্দায় যে আট-দশজন লোক দাঁড়িয়ে আছে, তারাও যে গণৎকারের কাছেই এসেছে তাতে কোনও সন্দেহ নেই ।

লালমোহনবাবু ‘জয় গুরু’ বলে সোম মশাইয়ের সঙ্গে গেট দিয়ে ঢুকে গেলেন ।

* * *

‘কপাল কী বলেছে ?’ ফেলুদা জিজ্ঞেস করল । লালমোহনবাবু ভীষণ উত্তেজিতভাবে এইমাত্র ঢুকেছেন আমাদের ঘরে ।—‘অবিশ্বাস্য, অলৌকিক, অসামান্য !’ বললেন ভদ্রলোক,—‘সাড়ে সাতে ছপিং কফ, আঠারোয় আছাড়ে পড়ে মালাই চাকি ডিসলোকেশন, প্রথম উপন্যাস, স্পেকট্যাকুলার পপুলারিটি, সামনের বই কটা এডিশন হবে—সব গড় গড় করে বলে দিলেন ।’

‘স্কাইল্যাব মাথায় পড়বে কি না বলেছে ?’

‘ঠাট্টাই করুন আর যাই করুন মশাই, আপনাকে একবারটি ধরে নিয়ে যাবই । আর, ইয়ে, বলেছেন আমার বন্ধুভাগ্য ভাল । শুধু তাই নয়, বন্ধুর চেহারার ডেসক্রিপশনও দিলেন ।’

‘আর বন্ধুর পেশা ?’

‘বলেছেন বন্ধু মেধাবী, কর্মঠ, অনুসন্ধিৎসু, গভীর পর্যবেক্ষণ-শক্তিসম্পন্ন ব্যক্তি । মিলছে ? আর কী চাই ?’

‘মে আই কাম ইন ?’

হোটেলের ম্যানেজার শ্যামলাল বারিক ঘরে ঢুকতেই সুগন্ধি জর্দার গন্ধে ঘর ভরে

গেল । —‘আসুন ।’ পানের ডিবে খুলে এগিয়ে দিলেন আমাদের দিকে । আমরা ইতস্তত করছি দেখে আশ্বাস দিলেন যে এ পানে জর্দা নেই ।

ফেলুদা একটা পান মুখে পুরে চারমিনারের প্যাকেটটা পকেট থেকে বার করে বলল, ‘আচ্ছা, এই ডি. জি. সেন ভদ্রলোকটির পুরো নামটা কী ?’

‘দেখেছেন !’ বলে উঠলেন লালমোহনবাবু, ‘ওঁর বাড়ি থেকেই ঘুরে এলুম, অথচ ওঁর পুরো নামটা জেনে এলুম না । দোলগোবিন্দ নয় তো ?’

আমি জানি, ভদ্রলোকের ‘পিঠাপুরমের পিশাচ’ বইতে একটা আধপাগলা চরিত্র আছে যার নাম দোলগোবিন্দ দত্ত রায় ।

শ্যামলালবাবু হেসে বললেন, ‘মাপ করবেন মশাই, ওঁর পুরো নাম আমারও জানা নেই । কেউই জানেন কি না সন্দেহ । সবাই ডি. জি. সেন বলেই বলেন । এমনকী ‘ডিজিবাবু’ও বলতে শুনেছি কাউকে কাউকে ।’

‘বেশি মেশেন-টেশেন না বুঝি ?’

‘গোড়ায় তবু এখানে সেখানে দেখা যেত । গত বছর সিকিম না ভুটান কোথায় যেন গিয়েছিলেন ; মাস ছয়েক হল ফিরে একেবারে গুটিয়ে নিয়েছেন নিজে ।’

‘কেন, সেটা জানেন ?’

শ্যামলালবাবু মাথা নাড়লেন ।

‘বাড়িটা কি ওঁরই তৈরি ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘না । ওঁর বাপের । বাপের পরিচয় দিলে হয়তো চিনতে পারেন । সেন পারফিউমারস-এর নাম শুনেছেন তো ?’

‘হ্যাঁ, হ্যাঁ—কিন্তু সে ব্যবসা তো উঠে গেছে অনেককাল । ‘এস. এন. সেন’স সেনসেশন্যাল এসেনসেস—সেই সেন তো ?’

‘ঠিক বলেছেন । ইনি ওই এস. এন. সেনের ছেলে । জোর ব্যবসা ছিল । কলকাতায় তিনটে বাড়ি, মধুপুরে একটা, পুরীতে একটা । ভদ্রলোক মারা যাবার পর ব্যবসা আর বেশিদিন টেকেনি । দুই ছেলের মধ্যে সম্পত্তি ভাগ করে দেন উইল করে । ডি. জি. সেন বোধহয় ছোট ছেলে ; তিনি এই বাড়িটা পান । দুই ছেলের কেউই ব্যবসায় যায়নি । ইনি এককালে চাকরি-টাকরি করে থাকতে পারেন, এখন আর্ট নিয়ে আছেন ।’

‘আর্ট ?’ ফেলুদার হঠাৎ কী যেন মনে পড়েছে । ‘এনারই কি পুঁথির কালেকশন ?’

আমাদের সিধু জ্যাঠার কাছে পুঁথি দেখেছি আমি । তিনশো বছরের পুরনো তিনটে পুঁথি আছে ওঁর কাছে । ছাপাখানার আগের যুগে বই লেখা হত হাতে ; তাকেই বলে পুঁথি । সবচেয়ে পুরনো কালে একরকম গাছের ছাল সরু লম্বা করে কেটে তাতে লেখা হত, তাকে বলত ভূর্জিপত্র, তারপরে তালপাতা আর কাগজে লেখা হত । সিধু জ্যাঠা বলে পুঁথি জিনিসটা যে আমাদের আর্টের একটা বড় অঙ্গ, সেটা অনেকেই মনে রাখে না ।

শ্যামলালবাবু বললেন, ‘পুঁথি নিয়েই তো আছেন । দেশ-বিদেশ থেকে লোক এসে ওঁর পুঁথি দেখে যায় ।’

‘ভদ্রলোকের ছেলেপিলে নেই ?’

‘একটি ছেলে তো মাঝে মাঝে আসত, বউকে নিয়ে । অনেককাল দেখিনি । ভদ্রলোক নিজেই এসেছেন বছর তিনেক হল । নিজে থাকেন তিনতলায় ; একাই থাকেন । বিপত্নীক । এক তলায় কিছুকাল থেকে এক পার্মানেন্ট বাসিন্দা এসে রয়েছেন, এক গণৎকার ; দোতলাটা সিজনে ভাড়া দেন । এখন রয়েছে সস্ত্রীক এক রিটার্ডার্ড জজ সাহেব ।’

‘হুঁ...’

ফেলুদা ফুরিয়ে যাওয়া চারমিনারটা অ্যাশট্রেতে ফেলে দিল ।

‘আপনার কি আলাপ করার ইচ্ছে?’ শ্যামলালবাবু জিজ্ঞেস করলেন ।—‘ভারী পিকিউলিয়ার লোক কিন্তু ; ফস করে কারুর সঙ্গে দেখা করতে চান না । অবিশ্যি আপনার যদি পুঁথিতে ইন্টারেস্ট থাকে, তা হলে—’

‘ইন্টারেস্ট কেন থাকবে না ; সেই সঙ্গে কিছুটা জ্ঞানও তো থাকা চাই । একটু হোমওয়ার্ক না করে এসব লোকের সঙ্গে দেখা করার কোনও মানে হয় না ।’

‘কোনও চিন্তা নেই,’ বললেন শ্যামলালবাবু, ‘যতীশ কানুনগোর বাড়ি আমার এই হোটেল থেকে পাঁচ মিনিটের হাঁটা পথ । র‍্যাভেনশ কলেজের প্রোফেসর ছিলেন, এখন রিটায়ার করেছেন । জানেন না এমন বিষয় নেই । ওঁর সঙ্গে দেখা করুন, আপনার হোমওয়ার্ক হয়ে যাবে ।’

৩

ফেলুদা যে সত্যিই পরদিন ভোরে উঠে টেলিফোনে অ্যাপয়েন্টমেন্ট করে তক্ষুনি প্রোফেসর কানুনগোর সঙ্গে দেখা করতে চলে যাবে, সেটা আমি ভাবিনি । আমার ইচ্ছা ছিল আজ সমুদ্রে স্নান করব ; ও থাকলে একজন সঙ্গী জুটত, কারণ লালমোহনবাবুকে বলাতে উনি আমার কাঁধে হাত রেখে বললেন, ‘দেখো তপেশ, তোমাদের বয়সে রেগুলার সাঁতার কেটেছি । আমার বাটারফ্লাই স্ট্রোক দেখে লোকে ক্ল্যাপ পর্যন্ত দিয়েছে । কিন্তু হেদো আর বে অফ বেঙ্গল এক জিনিস নয় ভাই । আর পুরীর ডেউ বড় ট্রেচারস । বোম্বাই-এর সমুদ্র হলে দ্বিধা করতুম না ।’

সত্যি বলতে কী, আজকের দিনটা স্নানের পক্ষে খুব সুবিধের নয় । সারা রাত টিপটিপ করে বৃষ্টি পড়েছে, এখনও মেঘলা আর গুমোট হয়ে রয়েছে । তাই শেষ পর্যন্ত ঠিক হল স্নানটা না হয় ফেলুদার সঙ্গেই করা যাবে, আজ শুধু একটু বিচে হেঁটে আসব । সাতটার মধ্যেই চা-ডিম-রুটি খেয়ে আমরা দুজন বেরিয়ে পড়লাম । লালমোহনবাবুর কাল রাত থেকেই বেশ খুশি-খুশি ভাব ; মনে হয় লক্ষ্মণ গণৎকারই তার জন্য দায়ী ।

বিচে এসে দেখি খাঁ খাঁ । এই দিনে এত সকালে কে আর আসবে ? দূরে জলে দু-তিনটে নুলিয়াদের নৌকা দেখা যাচ্ছে । তবে কালকের সেই নুলিয়া বাচ্চাগুলো নেই । তার বদলে কয়েকটা কাক রয়েছে, ডেউ-এর জল সরে গেলেই তিড়িং তিড়িং করে এগিয়ে গিয়ে ফেনায় ঠোকার দিয়ে কী যেন খাচ্ছে, আবার ডেউ এলেই তিড়িং তিড়িং করে পিছিয়ে আসছে ।

দুজনে ভিজে বালির উপর দিয়ে হাঁটছি, এমন সময় লালমোহনবাবু বললেন, ‘সি-বিচে শুয়ে রোদ পোয়ানোর বাতিক আছে সাহেব-মেমদের এটা শুনিচি, কিন্তু মেঘ-পোয়ানোর কথা তো শুনিনি !’

আমি জানি কথাটা কেন বললেন ভদ্রলোক । একজন লোক চিত হয়ে শুয়ে আছে বালির উপর, হাত পঞ্চাশেক দূরে । বাঁয়ে যেখানে বিচ শেষ হয়ে পাড় উঠে গেছে, সেই দিকটায় । আরেকটু বাঁয়ে শুলেই লোকটা একটা ঝোপড়ার আড়ালে পড়ে যেত ।

‘কেমন ইয়ে মনে হচ্ছে না ?’

আমি জবাব না দিয়ে পা চালিয়ে এগিয়ে গেলাম । খটকা লেগেছে আমারও ।

দশ হাত দূর থেকেও মনে হয় লোকটা ঘুমোচ্ছে, কিন্তু আরেকটু এগোতেই বুঝলাম তার চোখ দুটো খোলা আর মাথার কোঁকড়ানো ঘন চুলের পাশে বালির উপর চাপ-বাঁধা রক্ত ।



পুরু গোর্ফ, ঘন ভুরু, রং বেশ ফরসা, গায়ে ছাইরঙের সুতির কোট, সাদা প্যান্ট আর নীল স্টাইপড শার্ট। জুতো আছে, মোজা নেই। ডান হাতের কড়ে আঙুলে একটা নীল পাথর-বসানো আংটি, হাতের নখ কাটা হয়নি অন্তত এক মাস। কোটের বুক পকেট ফুলে উচু হয়ে আছে; মনে হয় কাগজপত্রের আছে। ভীষণ ইচ্ছে হচ্ছিল কাগজগুলো বার করে দেখতে, কারণ পুলিশ তাই করবে, আর তা হলে হয়তো লোকটা কে তা জানা যাবে।

‘ডোন্ট টাচ,’ বললেন লালমোহনবাবু, যদিও সেটা বলার কোনও প্রয়োজন ছিল না। ফেলুদার সঙ্গে থেকে এসব আমার জানা আছে।

‘আমরাই তো ফার্স্ট?’ বললেন লালমোহনবাবু। ভদ্রলোক পকেটে হাত ঢুকিয়ে রেখেছেন, যেন কিছুই হয়নি এমন ভাব, কিন্তু গলার স্বরে বোঝা যায় ঠাঁর তালু শুকিয়ে গেছে।

আমি বললাম, ‘তাই তো মনে হচ্ছে।’

ভদ্রলোক আবার বিড়বিড় করে বললেন, ‘যাক, তা হলে আমরাই ডিসকাভার করলুম।’

আমি থ ভাবটা কাটিয়ে নিয়ে বললাম, ‘চলুন, রিপোর্ট করতে হবে।’

‘ইয়েস ইয়েস—রিপোর্ট।’

পাঁচ মিনিটের মধ্যে হোটেলে ফিরে এলাম। ইতিমধ্যে ফেলুদা হাজির।—‘পাপোশে যখন পা না মুছেই ঢুকলেন, এবং ঘরের মেঝেতে ছটাক খানেক বালি ছড়ালেন, তখন বেশ বুঝতে পারছি আপনি সবিশেষ উত্তেজিত,’ কফি হাতে খাটে বসে ফেলুদা লালমোহনবাবুকে উদ্দেশ্য করে বলল।

লালমোহনবাবু ঘটনায় রং চড়াতে গিয়ে দেরি করে ফেলবেন বলে আমি দু-কথায় ব্যাপারটা বলে দিলাম। এক মিনিটের মধ্যে ফেলুদা নিজেই ফোন করে থানায় খবরটা দিয়ে দিল। ওই ভাবে সংক্ষেপে শুধিয়ে আমি বলতে পারতাম না, লালমোহনবাবু তো নয়ই।

খুন সম্পর্কে ফেলুদা শুধু একটাই প্রশ্ন করল—

‘লোকটার পাশে কোনও অস্ত্র পড়ে থাকতে দেখেছিলি, পিস্তল-টিস্তল?’

‘না, ফেলুদা।’

‘তবে বাঙালি নয়, এ বিষয়ে আমি ডেফিনিট,’ বললেন লালমোহনবাবু।

‘কেন বলছেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘জোড়া ভুরু,’ ভয়ংকর কনফিডেন্সের সঙ্গে বললেন জটায়ু—‘বাঙালিদের হয় না। আর ওরকম চোয়ালও হয় না। বাজরার রুটি আর গোস্ত খাওয়া চোয়াল। যদ্রু মনে হয় বৃন্দেলখন্দের লোক।’

ফেলুদা যে ইতিমধ্যে ডি. জি. সেনের সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট করে ফেলেছে সে কথা এতক্ষণ বলেনি। সাড়ে আটটায় টাইম দিয়েছেন তাঁর সেক্রেটারি, আর বলেছেন পনেরো মিনিটের বেশি থাকা চলবে না। আমরা পনেরো মিনিট হাতে নিয়ে বেরিয়ে পড়লাম।

এবারে বিচে পৌঁছে দূর থেকেই বুঝলাম যে লাশের পাশে বেশ ভিড়। খবর এতক্ষণে ছড়িয়ে পড়েছে, পুরীর সমুদ্রতটে এভাবে এর আগে খুন হয়েছে কি না সন্দেহ।

আমি জানতাম যে এখানকার থানার কিছু অফিসারের সঙ্গে রাউরকেল্লার কেসটার সময় ফেলুদার আলাপ হয়েছিল। যিনি ফেলুদাকে দেখে হেসে হাত বাড়িয়ে এগিয়ে এলেন তিনি শুনলাম সাব-ইনস্পেক্টর মৃত্যুঞ্জয় মহাপাত্র।

‘এবার কী, ছুটি ভোগ?’ মহাপাত্র জিজ্ঞেস করলেন।

‘সেই রকমই তো বাসনা,’ বলল ফেলুদা। ‘কে খুন হল?’

‘স্থানীয় লোক নয় বলেই তো মনে হচ্ছে। নাম দেখছি রূপচাঁদ সিং।’

‘কীসে পেলেন ?’
‘ড্রাইভিং লাইসেন্স ।’
‘কোথাকার ?’
‘নেপাল ।’

পুরু চশমা পরা একজন বাঙালি ভদ্রলোক পুলিশের ফোটোগ্রাফারকে ঠেলে সরিয়ে এগিয়ে এসে বললেন, ‘আমি লোকটাকে দেখেছি । কাল বিকেলে স্বর্গদ্বার রোডে একটা চায়ের দোকানের বাইরে বসে চা খাচ্ছিল । আমি পান কিনছিলাম পাশের দোকান থেকে ; লোকটা আমার কাছ থেকে দেশলাই চেয়ে নিয়ে সিগারেট ধরায় ।’

‘মরল কীভাবে ?’ ফেলুদা মহাপাত্রকে জিজ্ঞেস করল ।

‘রিভলভার বলেই তো মনে হচ্ছে । তবে ওয়েপন পাওয়া যায়নি । এইটে দেখতে পারেন, লাইসেন্সের ভিতর গোঁজা ছিল ।’

ভদ্রলোক একটা মাঝারি সাইজের ভিজিটিং কার্ড ফেলুদার দিকে এগিয়ে দিলেন । একদিকে কাঠমাণ্ডুর একটা দরজির দোকানের নাম-ঠিকানা, অন্যদিকে বেশ কাঁচা হাতে ইংরিজিতে লেখা—‘এ. কে. সরকার, ১৪ মেহের আলি রোড, ক্যালকাটা ।’ বানান ভুলগুলোর কথা আর বললাম না ।

ফেলুদা কার্ডটা ফেরত দিয়ে বলল, ‘ইন্টারেস্টিং ফ্যাকরা যদি বেরোয় তো জানাবেন । আমরা নীলাচল হোটেলে আছি ।’

আমরা লাশ পিছনে ফেলে এগিয়ে গেলাম ।

কাল যে বাড়িটাকে দেখে আমরা তারিফ না করে পারিনি, আজ মেঘলা দিনে সেটা যেন মেদা মেরে গেছে, ভেতরে যাবার জন্য আর হাতছানি দিয়ে ডাকছে না ।

গেটের বাইরে একজন লোক দাঁড়িয়ে, বয়স পঁচিশের বেশি না, দেখলে মনে হয় চাকর, সে আমাদের দিকে এগিয়ে এসে বলল, ‘মিত্রবাবু ?’

ফেলুদা এগিয়ে গেল । —‘আমিই মিত্রবাবু ?’

‘আসুন ভিতরে ।’

বাগানটাকে দুভাগে চিরে একটা নুড়ি-ফেলা পথ বারান্দার দিকে চলে গেছে । দেখলাম সেটা আমাদের পথ নয় । তিনতলায় যেতে হলে বাড়ির বাঁ পাশ দিয়ে গলির মধ্য দিয়ে যেতে হয়, কারণ তিন তলার দরজা আর সিঁড়ি বাড়ির পিছন দিকে । গলির মাঝামাঝি এসে লালমোহনবাবু হঠাৎ ‘হীক’ শব্দ করে তিন হাত পিছিয়ে গিয়েছিলেন, তার কারণ মাটিতে পড়ে থাকা একটা সরু লম্বা সাদা কাগজের ফালি । লালমোহনবাবু সেটাকে সাপ মনে করেছিলেন ।

সিঁড়ির সামনে গিয়ে চাকর আমাদের ছেড়ে দিল, কারণ ওপর থেকে একটি ভদ্রলোক নেমে এসেছেন ।

‘মিস্টার মিত্র ? আসুন আমার সঙ্গে ।’

ফেলুদাকে চিনেছেন নাকি ? মুখের হাসি তো তাই বলছে । ভদ্রলোকের চোখে মাইনাস পাওয়ারের চশমা, গায়ের চামড়া বলছে বয়স পঁয়ত্রিশের বেশি নয়, কিন্তু মাথার চুল এর মধ্যেই বেশ পাতলা হয়ে গেছে ।

‘আপনার পরিচয়টা ?’ সিঁড়ি উঠতে উঠতে জিজ্ঞেস করল ফেলুদা ।

‘আমার নাম নিশীথ বোস । আমি দুর্গাবাবুর সেক্রেটারি ।’

‘দুর্গাবাবু ? ওঁর নাম তা হলে—’

‘দুর্গাগতি সেন । এখানে সবাই ডি. জি. সেনই বলে ।’

সিঁড়ি দিয়ে উঠে ডাইনে একটা ঘর, বোধহয় সেটাতোই সেক্রেটারি থাকেন, কারণ একটা তক্তাপোশের পাশে একটা ছোট্ট টেবিলের উপর একটা টাইপরাইটার চোখে পড়ল। বাঁয়ে একটা প্যাসেজের দুদিকে দুটো ঘর, শেষ মাথায় ছাত। সেই ছাতেই যেতে হল আমাদের।

মাঝারি ছাত, একপাশে একটা কাচের ঘরের মধ্যে কিছু অর্কিড। ছাতের মাঝখানে একটা বেতের চেয়ারে বসে আছেন একটি বছর ষাটেকের ভদ্রলোক। লালমোহনবাবু পরে যে বলেছিলেন ‘ব্যক্তিত্ব উইথ এ ক্যাপিটাল বি’, সেটা খুব ভুল বলেননি। টকটকে রং, ভাসা ভাসা চোখ, কাঁচা-পাকা মেলানো ফ্রেঞ্চকাট দাড়ি আর মুগুরভাঁজা চওড়া কাঁধ। চেয়ারে বসেই নমস্কার করছেন দেখে প্রথমে একটু কেমন-কেমন লাগছিল, তারপর কারণটা বুঝলাম। নীল প্যান্টের তলা দিয়ে ভদ্রলোকের বাঁ পায়ের যেটুকু দেখা যাচ্ছে, সবটুকুই ব্যান্ডেজে ঢাকা।

আমাদের জন্য আরও তিনটে চেয়ার বার করে রাখা হয়েছে; আমরা বসলে পর ফেলুদা বলল, ‘আপনি যে আমাদের সময় দিয়েছেন তার জন্য আমরা সত্যিই কৃতজ্ঞ। আপনি পুরনো পুঁথি সংগ্রহ করেন শুনে আসার লোভ সামলাতে পারলাম না।’

‘ওটা আমার অনেকদিনের শখ।’—আমাদের দিক থেকে দৃষ্টি সরিয়ে আকাশের দিকে চেয়ে কথটা বললেন ভদ্রলোক। চেহারার সঙ্গে মানানসই গলার স্বর।

ফেলুদা বলল, ‘আমার এক জ্যাঠামশাই আছেন, নাম সিদ্ধেশ্বর বোস, তাঁর তিনটে পুঁথি আছে। আপনি বোধহয় একবার সেগুলো দেখতে গিয়েছিলেন।’

‘কী পুঁথি?’

‘তিনটেই বাংলা। দুটো অন্নদামঙ্গল, আর একটা গোরক্ষবিজয়।’

‘তা গিয়ে থাকতে পারি। পুঁথির পেছনে ঘুরেছি অনেক।’

‘আপনার কি সব বাংলা পুঁথি?’

‘অন্য ভাষাও আছে। যেটা বেস্ট সেটা সংস্কৃত।’

‘কবেকার পুঁথি?’

‘টুয়েল্‌ফথ সেঞ্চুরি।’

আমি মনে মনে বললাম, জিনিসটা যদি আমাদের দেখার ইচ্ছেও থাকে, বলে কোনও লাভ হবে না। ভদ্রলোকের মর্জি হলে দেখাবেন, না তো নয়।

‘লোকনাথ!’

বুঝলাম চাকরের নাম লোকনাথ। কিন্তু তাকে হঠাৎ ডাকা কেন?

চাকরের বদলে মুহূর্তের মধ্যে চলে এলেন নিশীথবাবু। পর্দার বাইরেই দাঁড়িয়েছিলেন কি?

‘লোকনাথ নেই, স্যার। বেরিয়েছে। কিছু বলবেন কি?’

মিঃ সেন ডান হাতটা বাড়িয়ে দিলেন। নিশীথবাবু সেটা ধরে ভদ্রলোককে চেয়ার থেকে উঠতে সাহায্য করলেন।

‘আসুন।’

ভদ্রলোকের পিছন পিছন আমরা ছাত থেকে প্যাসেজ ও প্যাসেজ থেকে শোবার ঘরে গিয়ে ঢুকলাম।

বেশ বড় ঘর, বাঁয়ে একটা প্রকাণ্ড খাট, যাকে ইংরিজিতে বলে ফোর-পোস্টার। খাটের পাশে একটা কাশ্মীরি টেবিলে একটা ল্যাম্প, দুটো ওষুধের শিশি আর একটা কাচের গলাস। ডাইনে একটা মাঝারি সাইজের রোলটপ ডেস্ক, একটা চেয়ার, আর দেয়ালে লাগানো পাশাপাশি দুটো গোদরেজের আলমারি।



‘খোলো ।’

হুকুমটা হল সেক্রেটারিকে । নিশীথবাবু খাটের উপর রাখা বালিশের তলা হাতড়িয়ে একটা চাবির গোছা বার করে ডেস্কের ঠিক পাশের আলমারিটা খুললেন ।

ভিতরে চারটে শেল্ফ । তার প্রত্যেকটাতে পাশাপাশি থরে থরে সাজানো শালুতে মোড়া লম্বা লম্বা প্যাকেট । সব মিলিয়ে আন্দাজ চল্লিশ-পঁয়তাল্লিশটা ।

‘এতেও আছে কিছু’, অন্য আলমারিটা দেখিয়ে বললেন দুর্গাগতি সেন । —‘তবে আসলটা—’

আসলটা বেরোল শেল্ফ থেকে নয়, নীচের দিকের একটা দেরাজ থেকে । লক্ষ করলাম তার নীচে আরেকটা পুঁথি রয়েছে ।

নিশীথবাবু হুকুম পেয়ে শালুর উপর ফিতের বাঁধনটা খুলে ফেললেন । ভিতর থেকে বেরিয়ে এল দুদিকে কাঠের পাটার মধ্যখানে স্যান্ডউইচ করা দ্বাদশ শতাব্দীর সংস্কৃত পুঁথি ।

‘অষ্টাদশসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা’, বললেন দুর্গাগতি সেন,—‘অন্যটা কল্পসূত্র ।’

কাঠের পাটার উপরে আশ্চর্য সুন্দর রঙিন ছবি, এতদিনের পুরনো হওয়া সত্ত্বেও রঙের জৌলুস কমেনি । পুঁথিটা কাগজের নয়, তালপাতার । হাতের লেখা যে এত পরিপাটি আর এত সুন্দর হতে পারে তা আমার ধারণাই ছিল না । লালমোহনবাবু চাপা গলায় মন্তব্য করলেন, ‘ধনি্যি ছেলের অধ্যবসায় ।’

ফেলুদা বলল, ‘এটা কোথায় পেলেন জানতে পারি কি ?’

‘ধরমশালা’, বললেন ভদ্রলোক ।

‘তার মানে কি এ জিনিস তিব্বত থেকে দালাই লামার সঙ্গে এসেছিল ?’

‘হ্যাঁ ।’

ভদ্রলোক পুঁথিটা ফেলুদার হাত থেকে নিয়ে নিশীথবাবুকে দিয়ে দিলেন । সেটা আবার ফিতে বাঁধা অবস্থায় যেখানে ছিল সেখানে চলে গেল ।

‘আপনি কি আপনার জ্যাঠার হয়ে সুপারিশ করতে এসেছেন ?’

প্রশ্নটা শুনে বেশ হকচকিয়ে গিয়েছিলাম । ফেলুদা কিন্তু নানান বেয়াড়া প্রশ্নের সামনে পড়েও নিজেকে দিব্য ঠাণ্ডা রাখতে পারে । বলল, ‘আজ্ঞে না ।’

‘আমি এসব জিনিস নিয়ে ব্যবসা করি না,’ বললেন মিঃ সেন, ‘কেউ যদি দেখতে চায় তো দেখাতে পারি—এই পর্যন্ত ।’

‘আমার জ্যাঠার সামর্থ্য নেই এ জিনিস কেনার,’ হেসে বলল ফেলুদা । ‘অবিশ্যি আমার কোনও ধারণা নেই এর কত দাম হতে পারে ।’

‘অমূল্য ।’

‘কিন্তু এসবও তো দেশের বাইরে চলে যাচ্ছে ?’

‘চামার । যারা বিক্রি করে তারা চামার ।’

‘আপনার ছেলের এ সবে ইন্টারেস্ট নেই ?’

দুর্গাগতিবাবু কেমন যেন অন্যমনস্ক হয়ে পড়লেন প্রশ্নটা শুনে । খাটের পাশের টেবিলটার দিকে চেয়ে কয়েক মুহূর্ত চুপ থেকে বললেন, ‘ছেলেকে আমি চিনি না ।’

‘স্যার, ইনি একজন বিখ্যাত গোয়েন্দা, স্যার ।’

নিশীথবাবু হঠাৎ এই সময় এই কথাটা কেন বললেন বুঝলাম না । দুর্গাগতিবাবু একবার ফেলুদার মুখের দিকে চেয়ে দৃষ্টি ঘুরিয়ে নিয়ে বললেন, ‘তাতে ভয়ের কী ? আমি কি খুন করেছি ?’

শ্যামলালবাবু ঠিকই বলেছিলেন । ভদ্রলোকের হাবভাব কথাবার্তা সত্যিই পিকিউলিয়ার । অবিশ্যি এর পরের কথাটা আরও তাজ্জব, প্রায় একেবারে হৈয়ালির মতো । —

‘যা হারিয়েছে, তা ফিরিয়ে আনা গোয়েন্দার কন্মো নয় । যে পারে সেই করছে চেষ্টা, বন্ধ দরজা খুলছে একে একে । গোয়েন্দার কিছু করার নেই ।’

পনেরো মিনিট হয়ে গেছে, তাই ফেলুদা দরজার দিকে ফিরল । নিশীথবাবু যেন একটু ব্যস্ত হয়ে বললেন, ‘আসুন ।’ আমরা পুঁথির মালিককে ধন্যবাদ জানিয়ে নীচে রওনা দিলাম ।

‘ভদ্রলোকের পায়ে কী ব্যাপার ?’ ফেলুদা নীচে নামতে নামতে প্রশ্ন করল ।

‘ওঁকে গাউটে ধরেছে । গেঁটে বাত,’ বললেন নিশীথবাবু, ‘খুব শক্ত-সমর্থ লোক ছিলেন আগে । এই মাস তিনেক হল কাহিল হয়ে পড়েছেন ।’

‘যে ওষুধগুলো দেখলাম সে কি গাউটের ?’

‘আজ্ঞে হ্যাঁ । কেবল একটা ঘুমের ওষুধ । লক্ষ্মণবাবুর দেওয়া ।’

‘গণৎকার লক্ষ্মণ ভট্টাচার্যি ?’ প্রশ্ন করলেন লালমোহনবাবু ।

‘আজ্ঞে হ্যাঁ । উনি অ্যালোপ্যাথি আয়ুর্বেদ দুটোই বেশ ভাল জানেন । বেশ কোয়ালিফায়েড লোক । অনেক কিছু জানেন ।’

‘বটে ?’

‘কতরি সঙ্গে মাঝে মাঝে পুঁথি নিয়েও কথাবার্তা বলতে শুনিচি ।’

‘আশ্চর্য লোক !’ বললেন জটায়ু ।

ফেলুদার ভুরুটা যে কেন কঁচকে রয়েছে সেটা বুঝতে পারলাম না ।

লালমোহনবাবুর ইচ্ছে ছিল লক্ষ্মণ ভট্টাচার্যের সঙ্গে ফেলুদার আলাপ করিয়ে দেবেন, কিন্তু সেটা আর হল না, কারণ গণৎকারের দরজায় তালা। আমরা সাগরিকা থেকে বেরিয়ে হোটেলমুখো হলাম। সমুদ্রের ধারে ভিড় হয়ে গেছে এই পনেরো মিনিটের মধ্যেই, কারণ মেঘ পাতলা হয়ে গিয়ে সূর্যটা উকি মারব মারব করছে। ডাইনে রেলওয়ে হোটেলটা দেখা যাচ্ছে, ফেলুদা বলল এই ভিড়ের বেশির ভাগ লোকই নাকি ওই হোটেলের। আমরা ভিড় ছাড়িয়ে কয়েক পা যেতেই পিছন থেকে অচেনা গলায় ডাক এল।

‘মিস্টার মিস্ত্রি !’

অন্যদের থেকে একটু আলাগা হয়ে একপাশে দাঁড়িয়ে একজন লম্বা ভদ্রলোক ফেলুদার দিকে চেয়ে হাসছেন। বোঝা যাচ্ছে ইনি বেশ কয়েকদিন সমুদ্রতটে ঘোরাফেরা করেছেন, কারণ সানগ্লাসটা খুলতেই চোখ থেকে কান অবধি একটা ফিকে লাইন দেখা গেল যেখানে চশমার ডাঁটিটা চামড়ায় রোদ লাগতে দেয়নি।

ভদ্রলোক আমাদের দিকে এগিয়ে এলেন। প্রায় ফেলুদার মতোই লম্বা, সুপুরুষ বলা চলে, কালো চাপ দাড়ি আর গোঁফটা বেশ হিসেব করে ছাঁটা, কালো ট্রাউজারের ওপর চিজক্লথের শার্টটা হাওয়ায় সঁটে আছে শরীরের সঙ্গে।

‘আপনার নাম শুনেছি,’ বললেন ভদ্রলোক। ‘এসেই ব্যস্ত হয়ে পড়েছেন নাকি?’

‘কেন বলুন তো?’

‘একটা খুন হয়েছে শুনলাম যে। তাই ভাবলাম আপনি আবার জড়িয়ে পড়লেন কি না।’

ফেলুদা হেসে বলল, ‘খুন হলেই জড়িয়ে পড়তে ইচ্ছে হয় ঠিকই, কিন্তু কেউ না ডাকলে আর কী করে যাই বলুন।’

‘আপনি তো নীলাচলে উঠেছেন?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘হোটলে ফিরছেন?’

‘হ্যাঁ।’

‘ইয়ে—’

ভদ্রলোক কী যেন বলতে গিয়ে ইতস্তত করছেন। ফেলুদা বলল, ‘আপনাকে বুঝি আংটি সামলাতে হচ্ছে?’

এটা আমি আগেই লক্ষ করেছি। ভদ্রলোক ডান হাতের তেলোয় তিনটে সোনার আংটি নিয়ে রয়েছেন, ফলে বেশ বোকা বোকা দেখাচ্ছে।

‘আর বলবেন না,’ বললেন ভদ্রলোক, ‘আমাদের হোটেলের এক বাসিন্দা, কালই আলাপ হয়েছে, জলে নামবেন, তা বললেন এগুলো নাকি আঙুল থেকে খুলে আসে। বলুন তো কী ঝঙ্কি।’

আংটির মালিক যে কে সে আর বলতে হবে না। ওই যে, নুলিয়ার হাত ধরে ছপ্ ছপ্ করে এগিয়ে আসছেন তিনি। সোনায় মোড়া মিঃ হিঙ্গোরানি। ফেলুদাকে দেখে ভদ্রলোক ‘গুড মর্নিং’ বলে একটা হাঁক দিলেন, তারপর আরও এগিয়ে এসে ‘থ্যাঙ্ক ইউ’ বলে আংটিগুলো ফেরত নিয়ে আঙুলে পরে জানিয়ে দিলেন যে গোয়া, ওয়াইকিকি, মায়ামি,

আকাপুলকো, নিস্ ইত্যাদি অনেক জায়গার সমুদ্রতটের অভিজ্ঞতা আছে তাঁর, কিন্তু পুরীর মতো বিচ নাকি কোথাও নেই।

নতুন ভদ্রলোকটি এবার হিস্পোরানির কাছে বিদায় নিয়ে আমাদের সঙ্গে নিলেন। ফেলুদা বলল, ‘আপনার নামটা কিন্তু এখনও জানা হয়নি।’

ভদ্রলোক মৃদু হেসে বললেন, ‘আমার নাম বললে হয়তো চিনবেন না, একটা বিশেষ লাইনে আমার কিছুটা কনট্রিবিউশন আছে, তবে সেটা সকলের জানার কথা নয়। আমার নাম বিলাস মজুমদার।’

ফেলুদা ভুরু কঁচকে ভদ্রলোকের দিকে চাইল।—‘আপনার কি পাহাড়-টাহাড়ের সঙ্গে কোনও সম্পর্ক আছে?’

ভদ্রলোক অবাক।—‘বাবা, আপনার জ্ঞানের পরিধি দেখছি—’

‘না, না,’ ফেলুদা বিলাসবাবুর কথা শেষ করতে দিল না—‘তেমন কিছু নয়। গত মাসখানেকের মধ্যে কোথায় যেন বিলাস মজুমদার নামটা দেখেছি—বোধহয় কোনও পত্রিকায় বা খবরের কাগজে। মনে হচ্ছে তাতে মাউনটেনিয়ারিং বা ওই জাতীয় কিছুর উল্লেখ ছিল।’

‘ঠিকই দেখেছেন। আমি মাউনটেনিয়ারিং শিখেছিলাম দার্জিলিং-এর ইনস্টিটিউটে। আমার আসল কাজ হচ্ছে ওয়াইল্ড-লাইফ ফোটোগ্রাফি। একটা জাপানি দলের সঙ্গে স্নো-লেপার্ডের ছবি তুলতে যাবার কথা ছিল। জানেন বোধহয়—হিমালয়ের হাই অলটিটিউডে স্নো-লেপার্ডের আস্তানা। দেখেছে অনেকেই, কিন্তু আজ পর্যন্ত কোনও ছবি তোলা সম্ভব হয়নি জানোয়ারটার।’

পথে আর কোনও কথা হল না। লালমোহনবাবু বার বার সপ্রশংস দৃষ্টিতে ভদ্রলোকের দিকে দেখছেন সেটা লক্ষ্য করেছি।

হোটেল ফিরে এসেই ফেলুদা চায়ের অর্ডার দিল। ভদ্রলোক চেয়ারে বসে প্রথমেই পকেট থেকে একটা ছবি বার করে আমাদের দিকে এগিয়ে দিলেন।

‘দেখুন তো এঁকে চেনেন কি না।’

পোস্টকার্ড সাইজের ছবি। মাটিতে উবু হয়ে বসা চ্যাপটা টুপি পরা একটা লোক একটা অদ্ভুত জানোয়ারকে জাপটে ধরে আছে, আর আট-দশজন লোক সেই জানোয়ারটাকে দেখছে। মিঃ মজুমদার যে লোকটির দিকে আঙুল দেখাচ্ছেন তাঁকে আমরা চিনি।

‘এঁর কাছ থেকেই তো আসছি আমরা,’ বলল ফেলুদা, ‘যদিও চিনতে একটু সময় লাগে, কারণ ভদ্রলোক দাড়ি রেখেছেন।’

মিঃ মজুমদার ছবিটা ফেরত নিয়ে বললেন, ‘এইটেই জানার দরকার ছিল। বাড়ির গেটে ‘ডি. জি. সেন’ নাম দেখলাম, কিন্তু তিনি এই ছবির ডি. জি. সেন কি না সে বিষয়ে শিওর হতে পারছিলাম না।’

‘জানোয়ারটি প্যাঙ্গোলিন বলে মনে হচ্ছে!’ বলল ফেলুদা।

ঠিক তো!—ওই প্যাঙ্গোলিন নামটা কিছুতেই মনে পড়ছিল না। একরকম পিপীলিকাভুক্ত। দেখে মনে হয় গায়ে বর্ম পরে রয়েছে।

বিলাসবাবু বললেন, ‘প্যাঙ্গোলিনই বটে। নেপালে পাওয়া যায়। কাঠমাণ্ডুর এক হোটেলের বাইরে তোলা। ডি. জি. সেন ছিলেন তখন ওই হোটেল। আমিও ছিলাম।’

‘এটা কবেকার ঘটনা?’

‘গত অক্টোবরে। আমি গেছি সেই জাপানি টিম আসবে বলে। জাপানের কাগজেও আমার তোলা ছবি-টবি বেরিয়েছে। জাপানি দলটা আমার সঙ্গে যোগাযোগ করে।



সাতটা পাঁজরার হাড় আর কলার বোন ভেঙেছিল। খুতনি খেঁতলে গিয়েছিল; দাড়ি রেখেছি ক্ষতচিহ্ন ঢাকবার জন্য। দুদিন পরে জ্ঞান হয়। স্মৃতিশক্তি তখনই হয়ে গিয়েছিল। ডায়রি থেকে নাম ঠিকানা বার করে কলকাতার বাড়িতে খবর দেয়। এক ভাইপো চলে আসে। তাকে চিনতে পারিনি। হাসপাতালে থাকতেই কিছুটা স্মৃতি ফিরে আসে। চিকিৎসার ফলে আরও খানিকটা ইম্প্রুভ করেছে, কিন্তু অ্যাক্সিডেন্টের ঠিক আগের ঘটনা এখনও ঠিক মনে পড়েনি। যেমন, ডি. জি. সেন বলে এক ভদ্রলোকের সঙ্গে আলাপ হয়েছিল, সেটা আমার ডায়রিতে পাচ্ছি কিন্তু তার চেহারাটা মনে পড়েছে মাত্র দুদিন আগে।’

‘ডি. জি. সেন কেন গিয়েছিল কাঠমাণ্ডু, সেটা মনে পড়ছে?’ ফেলুদা জিজ্ঞেস করল—‘পুঁথি সংক্রান্ত কোনও ব্যাপার কি?’

‘পুঁথি?’ একটু অবাক হয়ে জিজ্ঞেস করলেন ভদ্রলোক।—‘যা দিয়ে মালা গাঁথে?’

‘না,’ ফেলুদা হেসে বলল।—‘পুঁথি বা পুঁথি। পুস্তিকা। হাতে লেখা প্রাচীন বই। ভদ্রলোকের খুব ভাল কালেকশন আছে পুঁথির।’

‘ও, তাই বলুন।’

ভদ্রলোক চুপ করে কী যেন ভাবলেন। তারপর বললেন, ‘কী রকম দেখতে হয় বলুন তো এই পুঁথি?’

‘সরু, লম্বা, চ্যাপটা,’ বলল ফেলুদা।—‘ধরুন স্টেট এক্সপ্রেসের একটা কার্টনের সাইজ। তার চেয়ে একটু ছোট বা বড়ও হতে পারে। সাধারণত শালুতে মোড়া থাকে।’

ভদ্রলোক আবার কিছুক্ষণ চুপ। একদৃষ্টে চেয়ে আছেন টেবিল ল্যাম্পটার দিকে, আর আমরা চেয়ে আছি ভদ্রলোকের দিকে।

বেশ মিনিটখানেক পরে বিলাস মজুমদার বললেন, ‘তা হলে বলি শুনুন। কাঠমাণ্ডুতে যে হোটেলে ছিলাম, বিক্রম হোটেল, সেখানে ভারী এক অভূত ব্যাপার ছিল। দু-একটা ঘর ছিল যার চাবি অন্য ঘরে লেগে যেত—যেটা হোটেলের কখনওই হবার কথা না। একদিন আমি আমার ঘরের চাবি নিয়ে ভুল করে আমার পাশের ঘরের দরজায় লাগিয়ে ঘোরাতেই দরজা খুলে গেল। সেটা ছিল ডি. জি. সেন-এর ঘর। প্রথমে ঠিক ধরতে পারিনি। ভাবছি আমার ঘরে এরা কারা, ঢুকল কী করে। আসল ব্যাপারটা বুঝতেই স্যরি বলে বেরিয়ে আসি, কিন্তু ততক্ষণে একটা ঘটনা আমি দেখে ফেলেছি। খাটে বসে আছেন মিঃ সেন, আর চেয়ারে দুটি অচেনা লোক, তাদের একজন একটা কার্ডবোর্ডের বাস্স থেকে একটি প্যাকেট বার করছে। যতদূর মনে পড়ে প্যাকেটটা ছিল লাল, তবে সেটা কাগজ কি কাপড় তা মনে নেই।’

‘তারপর?’ ফেলুদা প্রশ্ন করল।

‘তারপর ব্র্যাক। অনেক চেষ্টা করেও মনে করতে পারিনি। এর পরের মেমরি হচ্ছে হাসপাতালে জ্ঞান হওয়া।’

লালমোহনবাবু হঠাৎ ভীষণ ব্যস্ত হয়ে উঠলেন—‘আরে মশাই, এমন ভাল গণৎকার রয়েছেন এই পুরীতে, আপনি তাঁর কাছে যান না একবারটি। যা ভুলে গেছেন, সব ডিটেলে বলে দেবেন।’

‘কার কথা বলছেন?’

‘লক্ষ্মণ ভট্টাচার্য দি গ্রেট। ওই ডি. জি. সেনেরই বাড়ির এক তলার ভাড়াটে। যদি দ্বিধা হয় তো বলুন, আমি অ্যাপয়েন্টমেন্ট করে আমিই আপনাকে নিয়ে যাব। আপনি একটিবার ট্রায়াল দিয়ে দেখুন।’

‘বলছেন?’

ভদ্রলোকের যেন আইডিয়াটা ভালই লেগেছে।

‘একশোবার !’ বললেন লালমোহনবাবু—‘আপনার কপালে ওই আঁচিলটার উপর আঙুল রেখে সব গড়গড় করে বলে দেবেন ।’

এটা এতক্ষণ বলা হয়নি—বিলাসবাবুর কপালের ঠিক মাঝখানে একটা আঁচিল, হঠাৎ দেখলে মনে হবে ভদ্রলোক বুঝি টিপ পরেছেন ।

‘ভদ্রলোক কি ভিজিটর অ্যালাউ করেন ?’ ফেলুদা প্রশ্ন করল ।

‘হোয়াই নট ?’ বললেন লালমোহনবাবু । ‘আপনি আর তপেশ যাবেন তো ? সে আমি ওঁকে বলে রাখব, কোনও চিন্তা নেই ।’

ঠিক হল, আজই সন্ধ্যা ছটায় অ্যাপয়েন্টমেন্ট করা হবে । ভদ্রলোকের ফি পাঁচ টাকা পঁচাত্তর শুনে বিলাসবাবু হেসেই ফেলেছিলেন কিন্তু ফেলুদা হিসেব করে দেখিয়ে দিল দশজন খন্দের হলেও ভদ্রলোকের মাসিক আয় হয়ে যায় প্রায় দু হাজার টাকা ।

আমি বেশ বুঝতে পারছিলাম যে নিজের ভাগ্য গণনা করাবার ইচ্ছে না থাকলেও, বিলাস মজুমদারের স্মৃতি উদ্ধার হয় কি না দেখার জন্য ফেলুদার যথেষ্ট কৌতূহল রয়েছে ।

৫

আজ ঠিকই করে রেখেছিলাম যে বিকেলে একটু মন্দিরের দিকটায় যাব । মন্দিরের চেয়েও রথটা দেখার ইচ্ছে বেশি । ফেলুদার কাছেই শুনলাম যে এই বিশাল রথ নাকি প্রতিবারই রথযাত্রার পর ভেঙে ফেলা হয় আর তার কাঠ দিয়ে খেলনা তৈরি করে বাজারে বিক্রি করা হয় । পরের বছর আবার ঠিক একই রকম নতুন রথ তৈরি হয় ।

যাবার পথে ফেলুদাকে কেন যেন অন্যমনস্ক মনে হচ্ছিল । হয়তো এই দুদিনে নতুন আলাপীদের সঙ্গে যে সব কথাবার্তা হয়েছে, সেগুলো ওর মাথায় ঘুরছিল । একটা কথা ওঁকে না বলে পারলাম না—

‘আচ্ছা ফেলুদা, নেপালটা কীরকম বারবার এসে পড়ছে, তাই না ? যে লোকটা খুন হল সে নেপালের লোক, বিলাসবাবু কাঠমাণ্ডু গিয়েছিলেন, দুর্গাগতিবাবু ঠিক সেই সময় কাঠমাণ্ডুতে ছিলেন...’

‘তুই কি এতে কোনও তাৎপর্য খুঁজে পেলি ?’

‘না । তবে—’

‘সমপাত মানে জানিস ?’

‘না তো ।’

‘সমপাত হল ইংরিজিতে যাকে বলে কোইনসিডেন্স । যতক্ষণ না আরও এভিডেন্স পাওয়া যাচ্ছে, ততক্ষণ কাঠমাণ্ডুর ব্যাপারটা একটা কোইনসিডেন্স বলে ধরতে হবে—বুঝলি ?’

‘বুঝেছি ।’

পুরীর বিখ্যাত রথ দেখে মন্দিরের সামনে বিশাল চওড়া রাস্তার একপাশে দোকানগুলোয় ঘুরে ঘুরে পাথরের তৈরি খুদে খুদে মূর্তি, কোনারকের চাকা, এইসব দেখছি, এমন সময় সাব-ইনস্পেক্টর মৃত্যুঞ্জয় মহাপাত্রের আবির্ভাব । হঠাৎ চিনতে পারিনি, কারণ এই ফাঁকে কখন জানি চুল ছেঁটে এসেছেন । আমাদের এক দূর সম্পর্কের কাকা আছেন, যিনি হেয়ার কাটিং সেলুনে চেয়ারে বসলেই ঘুমিয়ে পড়েন ; ফলে নাপিত বেহিসাবি কিছু করলেও টের পান না । ঘুম ভাঙার পর অবিশ্যি প্রতিবারই কুরুক্ষেত্র বেধে যায় । মহাপাত্রকে দেখে মনে হল এনারও সে বাতিক আছে ।

ফেলুদা ভদ্রলোককে দেখে জিজ্ঞেস করল, ‘তদন্ত এগোল ? মেহেরালি রোডের মিস্টার

সরকার কী বলেন ?’

‘ইনফরমেশন এসেছে আজ আড়াইটেয়,’ বললেন মহাপাত্র । ‘চোদ্দো নম্বর মেহেরালি রোড হল একটা ফ্ল্যাট বাড়ি ! সবসুদ্ধ আটটা ফ্ল্যাট, সরকার থাকেন তিন নম্বরে । দিন সাতেক হল ওঁর ঘর তালাবন্ধ । প্রায়ই নাকি বাইরে যান ।’

‘এবার কোথায় গেছেন জানতে পারলেন ?’

‘পুরী ।’

‘বটে ? কে বলল ?’

‘চার নম্বরের বাসিন্দা । তাকে নাকি বলেছে চেঞ্জে যাচ্ছে ।’

‘চেহারা কেমন জানতে পারলেন ?’

‘লম্বা, মাঝারি রং, দাড়ি-গোঁফ নেই, বয়স পঁয়ত্রিশ থেকে চল্লিশ । এ ধরনের বর্ণনার অবিশ্যি কোনও মূল্য নেই ।’

‘পেশা ?’

‘বলে ট্র্যাভেলিং সেলসম্যান । কী সেল করে তা কেউ জানে না । বছর খানেক হল ওই ফ্ল্যাটে এসেছে ।’

‘আর রূপচাঁদ সিং ?’

‘সে এখানে এসেছে গতকাল সকালে । বাসস্ট্যান্ডের কাছে একটা হোটেলে ছিল । ভাড়া চুকোয়নি । কাল রাতে নাকি একটা ফোন করতে চেয়েছিল হোটেল থেকে, ফোন খারাপ ছিল । শেষে একটা ডাক্তারি দোকান থেকে কাজ সারে । কম্পাউন্ডার পাশেই দাঁড়িয়েছিল, কিন্তু খদ্দের ছিল বলে কী কথা হয়েছে তা শোনেনি ! এগারোটা নাগাদ হোটেল থেকে বেরোয় । আর ফেরেনি । ঘরে একটা সুটকেস পাওয়া গেছে, তাতে জামা-কাপড় রয়েছে কিছু । দুটো টেরিলিনের শার্ট দেখে মনে হয় লোকটা বেশ শৌখিন ছিল ।’

‘সেটা কিছুই আশ্চর্য না,’ বলল ফেলুদা, ‘আজকাল ড্রাইভারের মাইনে আপিসের কেরানির চেয়ে অনেক বেশি ।’

কথাই ছিল রেলওয়ে হোটেল থেকে বিলাসবাবুকে আমরা তুলে নেব ; ছটা বাজতে পনেরো মিনিটে আমরা হোটেলে গিয়ে হাজির হলাম । ব্রিটিশ আমলের হোটেল, এখন রং ফেরানো হলেও চেহারায় পুরনো যুগের ছাপটা রয়ে গেছে । সামনে বাগান, সেখানে রঙিন ছাতার তলায় বেতের চেয়ারে বসে হোটেলের বাসিন্দারা চা খাচ্ছে । তারই একটা থেকে উঠে পাশের চেয়ারে বসা দুজন সাহেবকে ‘এক্সকিউজ মি’ বলে বিলাসবাবু আমাদের দিকে এগিয়ে এলেন ।

‘চলুন, কপালে কী আছে দেখা যাক !’

আজ লালমোহনবাবু আমাদের গাইড, তাই তাঁর হাবভাব একেবারে পালটে গেছে । দিবি গটগটিয়ে সাগরিকার গেট দিয়ে ঢুকে বাগানের মধ্যখানের নুড়ি ফেলা পথ দিয়ে সটান গিয়ে বারান্দায় উঠে কাউকে না দেখে একটু থতমত খেয়ে তৎক্ষণাৎ আবার নিজে সোজা সামলে নিয়ে সাহেবি মেজাজে ‘কোই হ্যায়’ বলতেই বাঁ দিকে একটা দরজা খুলে গেল ।

‘স্বাগতম !’

বুঝলাম ইনিই লক্ষ্মণ ভট্টাচার্য । পরনে সিল্কের লুঙ্গি আর চিকনের কাজ করা সাদা আদ্রির পাঞ্জাবি । মাঝারি হাইটের চেহারার বিশেষত্ব হল সরু গোঁফটা, যেটা ঠোঁটের দুপাশ দিয়ে প্রায় আধ ইঞ্চি নেমে এসেছে নীচের দিকে ।

লালমোহনবাবু আলাপ করতে যাচ্ছিলেন, ভদ্রলোক বাধা দিয়ে বললেন, ‘ওটা ভিতরে গিয়ে হবে । আসুন ।’

লক্ষ্মণ ভট্টাচার্যের বৈঠকখানার বেশির ভাগটা দখল করে আছে একটা তক্তাপোশ ; বুঝলাম ওটার উপরে বসেই ভাগ্যগণনা হয় । এ ছাড়া আছে দুটো কাঠের চেয়ার, একটা মোড়া, একটা নিচু টেবিলের উপর ওড়িশা হ্যান্ডিক্রাফটসের একটা অ্যাশট্রে, আর পিছনে একটা দেয়ালের আলমারিতে দুটো কাঠের বাস্ক, কিছু বই, কিছু শিশি-বোতল-বয়াম ইত্যাদি ওষুধ রাখার পাত্র, আর একটা ওয়েস্ট এন্ড অ্যালার্ম ঘড়ি ।

‘আপনি বসুন এইখেনটায়’—তক্তাপোশের একটা অংশ দেখিয়ে বিলাসবাবুকে বললেন গণৎকার । —‘আর আপনারা এইখানে ।’

চেয়ার আর মোড়া দখল হয়ে গেল ।

লালমোহনবাবু এইবারে আমাদের সঙ্গে আলাপটা করিয়ে দিলেন । ফেলুদার বিষয় বললেন, ‘ইনিই আমার সেই বন্ধু,’ আর বিলাস মজুমদারের নামটা বলে ‘ইনি হচ্ছেন বিখ্যাত ওয়াই—বলেই জিভ কেটে চুপ করে গেলেন । আমি জানি উনি বলতে গিয়েছিলেন ওয়াইল্ড লাইফ ফোটোগ্রাফার ; নিজের বুদ্ধিতেই যে নিজেকে সামলে নিয়েছেন সেটা আশ্চর্য বলতে হবে ।

ফেলুদা বোধহয় কেলেকারিটা চাপা দেবার জন্যই বলল, ‘আমরা দুজন অতিরিক্ত লোক এসে পড়েছি বলে আশা করি আপনি বিরক্ত হননি ।’

‘মোটাই না,’ বললেন লক্ষ্মণ ভট্টাচার্য । —‘আমার আপত্তি যেটাতে সেটা হচ্ছে স্টেজে উঠে ডিমনস্ট্রেশন দেওয়ায় । সে অনুরোধ অনেকেই করেছে । আমি যে যাদুকর নই সেটা অনেকেই বিশ্বাস করতে চায় না । এই যেমন—’

ভদ্রলোকের কথা থেমে গেল । তাঁর দৃষ্টি চলে গেছে বিলাস মজুমদারের দিকে । —‘কী আশ্চর্য !’ বললেন লক্ষ্মণ ভট্টাচার্য—‘আপনার কপালে ঠিক থার্ড আই—এর জায়গায় দেখছি একটি উপমাংস !’

উপমাংস মানে যে আঁচিল সেটা জানতাম না ।

‘ঠিক ওইখানে খুলির আবরণের তলায় কী থাকে জানেন তো ?’ ভদ্রলোক ফেলুদার দিকে চেয়ে প্রশ্নটা করলেন ।

‘পিনিয়াল গ্ল্যান্ডের কথা বলছেন ?’ ফেলুদা বলল ।

‘হ্যাঁ—পিনিয়াল গ্ল্যান্ড । মানুষের মগজের সবচেয়ে রহস্যময় অংশ । অন্তত পশ্চিমের বৈজ্ঞানিকরা তাই বলেন । আমরা যদিও জানি যে ওটা আসলে প্রমাণ করে যে আদিম যুগে প্রাণীদের তিনটি করে চোখ ছিল, দুটি নয় । ওই থার্ড আইটাই এখন হয়ে গেছে পিনিয়াল গ্ল্যান্ড । নিউগিনিতে একরকম সরীসৃপ আছে, নাম টারটুয়া, যার মধ্যে এখনও এই থার্ড আই দেখতে পাওয়া যায় ।’

ফেলুদা বলল, ‘আপনার কপালে আঙুল রাখার উদ্দেশ্য কি এই পিনিয়াল গ্ল্যান্ডের সঙ্গে যোগস্থাপন করা ?’

‘তা একরকম তাই বলতে পারেন,’ বললেন লক্ষ্মণ ভট্টাচার্য । —‘অবিশ্যি যখন প্রথম শুরু করি তখন পিনিয়াল গ্ল্যান্ডের নামও শুনিনি । জগবন্ধু ইনস্টিটিউশনে ক্লাস সেভেনে পড়ি তখন । এক রবিবার আমার জ্যাঠামশাইয়ের মাথা ধরল । বললেন, ‘লখনা, আমার মাথাটা একটু টিপে দিবি ? আমি তোকে আইসক্রিমের পয়সা দেব ।’ কপাল টনটন করছে, কপালের মধ্যখানে বুড়ো আঙুল আর তর্জনী দিয়ে টিপছি, এমন সময় আঙুল একটা ব্যাপার হল । চোখের সামনে বায়স্কোপের ছবির মতো পরপর দেখতে লাগলাম—জ্যাঠার পৈতে হচ্ছে, জ্যাঠা পুলিশের ভ্যানে উঠছেন—মুখে বন্দেমাতরম্ স্লোগান, জ্যাঠার বিয়ে, জেঠিয়ার মৃত্যু, এমনকী জ্যাঠার নিজের মৃত্যু পর্যন্ত, কীসে মরছেন, কোন খাটে শুয়ে মরছেন, খাটের পাশে



কে কে রয়েছেন, সব । ...তখন কিছু বলিনি, কিন্তু এই মৃত্যুর ব্যাপারটা যখন অক্ষরে অক্ষরে ফলে গেল, তখন...বুঝতেই পারছেন—’

লালমোহনবাবুকে দেখে বেশ বুঝছিলাম যে ওঁর গায়ের লোম খাড়া হয়ে উঠেছে । বিলাসবাবু দেখলাম একদৃষ্টে চেয়ে রয়েছেন গণৎকারের দিকে ।

ফেলুদা বলল, ‘আপনি তো শুনেছি ডাক্তারিও করেন, আর তার চিহ্নও দেখছি ঘরে । নিজেকে কী বলেন—ডাক্তার, না গণৎকার ?’

‘দেখুন, গণনার ব্যাপারটা আমি শিখিনি । আয়ুর্বেদটা শিখেছি । অ্যালোপ্যাথিও যে একেবারে জানি না তা নয় । পেশা কী জিজ্ঞেস করলে ডাক্তারিই বলব । আসুন, এগিয়ে আসুন, কাছে এসে বসুন ।’

শেষের কথাগুলো অবিশ্যি বিলাসবাবুকে বলা হল । ভদ্রলোক এগিয়ে এসে তক্তপোশে পা তুলে বাবু হয়ে বসে বললেন, ‘দেখুন, কপালের ব্ল্যাক স্পটটি যদি ইনফরমেশনের সহায়ক হয় !’

লক্ষ্মণবাবুর পাশেই যে একটা ছোট্ট অ্যালুমিনিয়ামের বাটি রাখা ছিল সেটা এতক্ষণ লক্ষ করিনি । তার মধ্যে তরল পদার্থটা যে কী তা জানি না, কিন্তু দেখলাম লক্ষ্মণবাবু তাতে ডান হাতের কড়ে আঙুলের ডগাটা তিনবার চুবিয়ে নিলেন । তারপর একটা ধবধবে পরিষ্কার রুমালে আঙুলটা মুছে নিয়ে চোখ বুঁজে মাথা হেঁট করে আঙুলের ডগাটা মোক্ষম আন্দাজে ঠিক বিলাসবাবুর কপালের আঁচিলের উপর বসিয়ে দিলেন !

তারপর মিনিটখানেক সব চুপ । সবাই চুপ । কেবল ঘড়ির টিকটিক আর—এই প্রথম খেয়াল হল—বাইরে থেকে আসা একটানা ঢেউ ভাঙার শব্দ ।

‘তেত্রিশ—তেত্রিশ—উনিশ শো তেত্রিশ—তুলা লগ্ন, সিংহ রাশি—পিতামাতার প্রথম সন্তান...’

লক্ষ্মণ ভট্টাচার্য চোখ বন্ধ করেই বলতে শুরু করেছেন ।

‘সাড়ে আটে টনসিল অ্যাডিনয়েডস— পরীক্ষায় বৃত্তি— স্বর্ণপদক...বিজ্ঞান— পদার্থ বিজ্ঞান— উনিশে গ্র্যাজুয়েট— তেইশে উপার্জন শুরু— চাক...না, চাকরি না— ফ্রিলান্স— ফটোগ্রাফার— ষ্ট্রাগল...ষ্ট্রাগল দেখছি, ষ্ট্রাগল— উদ্যম, একাগ্রতা, অধ্যবসায়— পর্বতারোহণে পটুতা— বন্যপশুপক্ষী-প্ৰীতি— বেপরোয়া জীবন— ভ্রাম্যমাণ— অকৃতদার...’

ভদ্রলোক একটু থামলেন। ফেলুদা গভীর মনোযোগের সঙ্গে ওড়িশা হ্যান্ডিক্রাফটসের অ্যাশট্রেটা দেখছে। লালমোহনবাবু হাতদুটো মুঠো করে টান হয়ে বসেছেন। আমার বুক টিপ টিপ করছে। বিলাসবাবুর মুখ দেখলে কিছু বোঝার উপায় নেই, তবে ওঁর চোখ যে গণৎকারের দিক থেকে একবারও সরেনি, সেটা আমি লক্ষ করেছি।

‘সেভেনটি এইট—সেভেনটি এইট...’

আবার কথা শুরু হয়েছে। কপালে বিন্দু বিন্দু ঘাম। বেশ স্ট্রেন হচ্ছে ভদ্রলোকের সেটা বোঝা যায়।

‘বন দেখছি, বন—হিমালয়—অপঘাত—অপ—না—’

পাঁচ সেকেন্ড চুপ থেকে ভদ্রলোক হঠাৎ বিলাসবাবুর কপাল থেকে আঙুল নামিয়ে নিয়ে চোখ খুললেন। তারপর সটান বিলাসবাবুর দিকে চেয়ে বললেন, ‘আপনার বেঁচে থাকার কথা নয়, কিন্তু রাখে হরি মারে কে?’

‘অ্যাক্সিডেন্ট নয়?’ বিলাসবাবু ধরা গলায় প্রশ্ন করলেন।

লক্ষ্মণ ভট্টাচার্য মাথা নেড়ে পকেট থেকে পানের ডিবে বার করে একটা পান মুখে পুরে বললেন, ‘যতদূর দেখছি, নট অ্যাক্সিডেন্ট। আপনাকে ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয়েছিল পাহাড়ের প্রান্ত থেকে। অর্থাৎ, ডেলিবারেট অ্যাটেম্পট মার্ভার। মরেননি সেটা আপনার পরম ভাগ্যি।’

‘কিন্তু কে ঠেলল সেটা—?’

প্রশ্নটা করেছেন লালমোহনবাবু। লক্ষ্মণ ভট্টাচার্য মাথা নাড়লেন।—‘স্যরি। যা দেখেছি তার বাইরে বলতে পারব না। বললে মিথ্যে বলা হবে। দেবতা রুষ্ট হবেন।’

‘দিন আপনার হাতটা।’

বিলাসবাবু করমর্দনের জন্য তাঁর ডান হাতটা বাড়িয়ে দিয়েছেন লক্ষ্মণ ভট্টাচার্যের দিকে।

৬

‘এটাকে কী বলবেন? ফাইভ স্টার না সিক্স স্টার?’ লালমোহনবাবুকে প্রশ্নটা করল ফেলুদা।

আমরা রেলওয়ে হোটেলে এসেছি ডিনার খেতে। বিলাসবাবু সাগরিকা থেকে বেরিয়েই আমাদের নেমস্তন্ন করলেন। বললেন, ‘আপনারা আমার অশেষ উপকার করেছেন; আমার এই অনুরোধটা রাখতেই হবে।’

রেলওয়ে হোটেলের খাওয়া যে অপূর্ব তাতে কোনও সন্দেহ নেই আর সেটা লালমোহনবাবুও না স্বীকার করে পারলেন না। বললেন, ‘রেলের খাওয়ার যা ছিри হয়েছে আজকাল মশাই, আমি ভাবলুম রেলওয়ে হোটেলের খাওয়াও বুঝি সেই স্ট্যান্ডার্ডের হবে। সে ভুল ভেঙে গেছে—থ্যাক্স টু ইউ।’

বিলাসবাবু হেসে বললেন, ‘এবার সুফ্লেটা খেয়ে দেখুন।’

‘কী খাব সুপ প্লেটে? সুপ তো গোড়াতেই খেলুম।’

‘সুপ প্লেট নয়। সুফ্লে—মিষ্টি!’

এই সুফ্লে খেতেই বিলাসবাবু লক্ষ্মণ ভট্টাচার্যের দৌলতে মনে পড়ে যাওয়া ঘটনাটা

বললেন । —

‘মিস্টার সেনের ঘরে দেখা সেই ঘটনাটা আমার মনে কোনওরকম খটকার সৃষ্টি করেনি । পরদিন ভদ্রলোক পোখরা যাচ্ছিলেন ; আমাকে সঙ্গে যাবার জন্য ইনভাইট করলেন । জাপানি দল আসতে আরও তিনদিন দেয়, তাই রাজি হয়ে গেলুম । পোখরা কাঠমাণ্ডু থেকে প্রায় দুশো কিলোমিটার । পথে একটা জঙ্গল পড়ল, ভদ্রলোক সেখানে গাড়ি থামাতে বললেন । বললেন নাকি ভাল অর্কিড পাওয়া যায় ওই জঙ্গলে । আমিও ক্যামেরা নিয়ে নামলুম । আর কিছু না হোক, এক-আধটা ভাল পাখিও যদি পাই, তা হলেই বা মন্দ কী ?—আমি পাখি খুঁজছি, উনি অর্কিড । দুজনে ভাগ হয়ে গেছি, কথা আছে আধ ঘণ্টা বাদে দুজনেই গাড়িতে ফিরব । ওপরে গাছের দিকে চোখ রেখে এগোচ্ছি, এমন সময় পিছন থেকে মাথায় একটা বাড়ি, আর তারপরেই অন্ধকার ।’

ভদ্রলোক থামলেন । আর কিছু বলার নেই, কারণ বাকি ঘটনা উনি আগেই বলেছেন । ফেলুদা বলল, ‘আঘাতটা কে মেরেছিল সেটা সম্বন্ধে আপনি নিশ্চিত নন ?’

বিলাসবাবু মাথা নাড়লেন । —‘একেবারেই না, তবে এটা বলতে পারি যে সেই জঙ্গলে ত্রিসীমানার মধ্যে আর কোনও মানুষ চোখে পড়েনি । গাড়িটা ছিল মেন রোডে, প্রায় কিলোমিটার খানেক দূরে ।’

‘তা হলে অ্যাসেস্পটেড মার্ডারটা যে মিঃ সেনের কীর্তি, আদালতে সেটা প্রমাণ করার কোনও উপায় নেই ?’

‘আজ্ঞে না, তা নেই ।’

লালমোহনবাবু কিছুক্ষণ থেকেই উসখুস করছিলেন, এবার বুঝলাম কেন । ভদ্রলোক বললেন, ‘আপনি একবারটি সেনমশাইয়ের সামনে গিয়ে হাজির হন না । উনিই যদি কালপ্রিট হন, তা হলে আপনাকে দেখে বেশ একটা ভূত দেখার মতো ব্যাপার হতে পারে । সেটা মন্দ হবে কি ?’

‘সে কথা আমি ভেবেছি, কিন্তু সেখানে একটা মুশকিল আছে । উনি আমাকে নাও চিনতে পারেন । কারণ আমার তখন দাড়ি ছিল না । এটা রেখেছি থুতনির ক্ষতচিহ্নটা ঢাকবার জন্য ।’

আরও মিনিট পাঁচেক থেকে বিলাসবাবুকে ধন্যবাদ দিয়ে আমরা উঠে পড়লাম । ভদ্রলোক আমাদের গেট অবধি পৌঁছে দিলেন । মেঘ কেটে গেছে, গুমোট ভাবটাও আর নেই । ফেলুদার পকেটে একটা ছোট জোরালো টর্চ আছে জানি, কিন্তু ফিকে চাঁদের আলো থাকার দরুন সেটা আর জ্বালাবার দরকার হবে না ।

রাস্তা পেরিয়ে সমুদ্রের ধার অবধি বাঁধানো পথটা দিয়ে চলতে চলতে লালমোহনবাবু বললেন, ‘এবার ফ্র্যাঙ্কলি বলুন তো মশাই, কী রকম দেখলেন লক্ষ্মণ ভট্টাচার্যিকে । তাজ্জব ব্যাপার নয় কি ?’

‘হতে পারে তাজ্জব,’ বলল ফেলুদা, ‘কিন্তু অত জেনেও গোয়েন্দার ভাত মারতে পারবে না । বিলাস মজুমদারকে দুর্গাগতি সেনই হত্যা করার চেষ্টা করেছিল কি না সেটা জানতে হলে ফেলু মিণ্ডির ছাড়া গতি নেই ।’

‘আপনি তদন্ত করছেন তা হলে ?’

চাঁদের আলোতেই বুঝলাম লালমোহনবাবুর চোখ ঝিলিক দিয়ে উঠেছে ।

ফেলুদা কী উত্তর দিত জানি না, কারণ ঠিক তখনই সামনে একজন চেনা লোককে দেখে আমাদের কথা থেমে গেল । মাটির দিকে চেয়ে আপন মনে বিড়বিড় করতে করতে ব্যস্তভাবে এগিয়ে আসছেন আমাদেরই পথ ধরে মিঃ হিঙ্গোরানি ।



ভদ্রলোক আমাদের দেখে থমকে দাঁড়ালেন ; তারপর ফেলুদার দিকে আঙুল নেড়ে বেশ ঝাঁজের সঙ্গে বললেন, 'ইউ বেঙ্গলিজ আর ভেরি স্টার্ন, ভেরি স্টার্ন !'

'হঠাৎ এই আক্রোশ কেন ?' ফেলুদা হালকা হেসে ইংরিজিতে প্রশ্ন করল। ভদ্রলোক বললেন, 'আই অফার্ড হিম টোয়েন্টি ফাইভ থাউজ্যান্ড, অ্যান্ড হি স্টিল সেড নো !'

'পঁচিশ হাজারের লোভ সামলাতে পারে এমন লোক তা হলে আছে বিশ্বসংসারে ?'

'আরে মশাই, ভদ্রলোক যে পুঁথি সংগ্রহ করেন সেটা আগে জানতাম। তাই অ্যাপয়েন্টমেন্ট করে দেখা করতে গেলাম। বললাম তোমার সবচেয়ে ভালুয়েবল পিস কী আছে সেটা দেখাও। তৎক্ষণাৎ আলমারি খুলে দেখালেন—দ্বাদশ শতাব্দীর সংস্কৃত পুঁথি। অসাধারণ জিনিস। চোরাই মাল কি না জানি না। আমার তো মনে হয় গত বছর

ভাতগাঁওয়ের প্যালেস মিউজিয়াম থেকে তিনটে পুঁথি চুরি গিয়েছিল, এটা তারই একটা । দুটো উদ্ধার হয়েছিল, একটা হয়নি । আর সেটাও ছিল প্রজ্ঞাপারমিতার পুঁথি ।’

‘হোয়ার ইজ ভাতগাঁও ?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু । জায়গাটার নাম আমিও শুনিনি ।

‘কাঠমাণ্ডু থেকে দশ কিলোমিটার । প্রাচীন শহর, আগে নাম ছিল ভক্তপুর ।’

‘কিন্তু চোরাই মাল কি কেউ চট করে দেখায় ?’ ফেলুদা জিজ্ঞেস করল—‘আর আমি যতদূর জানি প্রজ্ঞাপারমিতার পুঁথি একটা নয়, বিস্তর আছে ।’

‘আই নো, আই নো,’ অসহিষ্ণুভাবে বললেন মিঃ হিস্পোরানি । ‘উনি বললেন এটা দালাই লামার সঙ্গে এসেছিল, উনি নাকি ধরমশালা গিয়ে কিনে এনেছিলেন । কত দিয়ে কিনেছিলেন জানেন ? পাঁচশো টাকা । আর আমি দিচ্ছি পঁচিশ হাজার—ভেবে দেখুন !’

‘তার মানে কি বলছেন পুরী আসাটা আপনার পক্ষে ব্যর্থ হল !’

‘ওয়েল, আই ডোন্ট গিভ আপ সো ইজিলি । মহেশ হিস্পোরানিকে তো চেনেন না মিস্টার সেন ! ওঁর আরেকটা ভাল পুঁথি আছে, ফিফটিন্থ সেনচুরি । আমাকে দেখালেন । আরও দুটো দিন সময় আছে হাতে । দেখা যাক কদ্দিন ওর গোঁ টেকে ।’

ভদ্রলোক সংক্ষেপে গুডনাইট জানিয়ে গজগজ করতে করতে চলে গেলেন হোটেলের দিকে ।

‘একটু সাসপিশাস লাগছে না ?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন । ফেলুদা বলল, ‘কার বা কীসের কথা বলছেন সেটা না জানলে বলা সম্ভব নয় ।’

‘পাঁচশো টাকা দিয়ে কেনা জিনিস পঁচিশ হাজারে ছাড়ছে না ?’

‘কেন, মানুষ নিলোভ হতে পারে এটা আপনার বিশ্বাস হচ্ছে না ? সিধুজ্যাঠা দুর্গাগতিবাবুকে পুঁথি বিক্রি করতে রিফিউজ করেছেন সেটা আপনি জানেন ?’

‘কই, সেটা তো মিঃ সেন বললেন না ।’

‘সেটা তো আমার কাছে আরও সাসপিশাস । ঘটনাটা ঘটেছে মাত্র এক বছর আগে ।’

আমার মনে হল দুর্গাগতিবাবু শুধু পিকিউলিয়ার নন, বেশ রহস্যজনক চরিত্র । আর বিলাসবাবু যা বলছেন তা যদি সত্যি হয়...

‘সাসপিশন কিন্তু একজনের উপর পড়ে নেই,’ বলল ফেলুদা, ‘নিউক্লিয়ার ফল-আউটের মতো চতুর্দিকে ছড়িয়ে পড়ছে । কাকে বাদ দেবেন বলুন । আপনার গণৎকার যে তৃতীয়-চক্ষু-সম্পন্ন সরীসৃপের কথা বললেন, সেটার নাম টারাটুয়া নয়, টুয়াটারা । আর তার বাসস্থান নিউ গিনি নয়, নিউজিল্যান্ড । এ ধরনের ভুল জটায়ুর পক্ষে অস্বাভাবিক নয়, কিন্তু লক্ষ্মণ ভট্টাচার্য যদি তাঁর জ্ঞানের পরিচয় দিয়ে লোককে ইমপ্রেস করতে চান, তা হলে তাঁকে আরও অ্যাকুরেট হতে হবে । তারপর ধরুন নিশীথবাবু । আড়িপাতার অভ্যাস আছে ভদ্রলোকের ; সেটা মোটেই ভাল নয় । তারপর দুর্গাগতিবাবু বললেন ওঁর গাউট হয়েছে কিন্তু ওঁর টেবিলের ওষুধগুলো গাউটের নয় ।’

‘তবে কীসের ?’

‘একটা ওষুধ তো সবে গত বছর বেরিয়েছে, টাইম ম্যাগাজিনে পড়ছিলাম ওটার কথা । কীসের ওষুধ ঠিক মনে পড়ছে না, কিন্তু গাউটের নয় ।’

আমি জিজ্ঞেস করলাম, ‘আচ্ছা, ভদ্রলোককে এত অন্যমনস্ক কেন মনে হয় বলো তো ? আর তা ছাড়া বললেন, ওঁর ছেলেকে চেনেন না...’

‘সেটারও তো কারণ ঠিক বুঝতে পারছি না ।’

লালমোহনবাবু বললেন, ‘ধরুন যদি উনি সত্যিই বিলাস মজুমদারকে খুন করার চেষ্টা করে

থাকেন, তা হলে সেটাই একটা অন্যমনস্কতার কারণ হতে পারে। এখানে অবিশ্যি অন্যমনস্কতা ইজ ইকুয়াল টু নার্ভাসনেস।’

এখানে আমাদের কথা থেমে গেল। শুধু কথা না, হাঁটাও।

বালির উপরে জুতোর ছাপ, আর তার সঙ্গে সঙ্গে বাঁ পাশে লাঠির ছাপ।

ছাপটা হয়েছে গত কয়েক ঘণ্টার মধ্যে।

কিন্তু কথা হচ্ছে এই যে বিলাসবাবু লক্ষ্মণ ভট্টাচার্যের বাড়ি থেকে সোজা হোটেল ফিরে গিয়ে স্নান-টান সেরে আমাদের জন্য অপেক্ষা করছিলেন। তিনি এর মধ্যে আর নীচে আসেননি।

তা হলে এ ছাপ কার?

আর কে বাঁ হাতে লাঠি নিয়ে হেঁটে বেড়ায় পুরীর বিচে?

৭

পরদিন সকালে আমরা চা খেয়ে বেরোব বেরোব ভাবছি, এমন সময় লালমোহনবাবুর গাড়ি চলে এল। ড্রাইভার হরিপদবাবু বললেন যে যদিও সকাল সকাল রওনা হয়েছিলেন, বালাসোরের ৩০ কিলোমিটার আগে নাকি প্রচণ্ড বৃষ্টি নামে, ফলে ওঁকে ঘণ্টা চারেক বালাসোরেই থাকতে হয়েছিল। গাড়ি নাকি দিব্যি এসেছে, কোনও ট্রাবল দেয়নি।

হরিপদবাবুর জন্য আমাদের হোটেলের কাছেই নিউ হোটেল একটা ঘর বুক করে রাখা হয়েছিল, কারণ নীলাচলে জায়গা ছিল না। গাড়িটা নীলাচলে রেখে ভদ্রলোক চলে গেলেন নিজের হোটেল। আমরা বলে দিলাম দিন ভাল থাকলে দুপুরের দিকে ভুবনেশ্বরটা সেরে আসতে পারি। একটার মধ্যে মন্দির-টন্দির সব দেখে ঘুরে আসা যায়।

ফেলুদা বলেই রেখেছিল সকালে একবার স্টেশনে যাবে। ওর আবার স্টেটসম্যান না পড়লে চলে না, হোটেল দেয় শুধু বাংলা কাগজ।

হাঁটা পথে হোটেল থেকে স্টেশনে যেতে লাগে আধ ঘণ্টা। আমরা যখন পৌঁছলাম তখন পৌনে নটা। কলকাতা থেকে জগন্নাথ এক্সপ্রেস এসে গেছে সাতটায়; পুরী এক্সপ্রেস এক ঘণ্টা লেট, এই এল বলে। কোথাও যাবার না থাকলেও স্টেশনে আসতে দারুণ লাগে। বিশেষ করে কোনও বড় ট্রেন আসামাত্র ঠাণ্ডা স্টেশন কী রকম টগবগিয়ে ফুটে ওঠে, সে জিনিস দেখে দেখেও পুরনো হয় না।

বুক-স্টলে গিয়ে লালমোহনবাবু প্রথমেই জিজ্ঞেস করলেন বিখ্যাত রহস্যরোমাঞ্চ ঔপন্যাসিক জটায়ুর কোনও বই আছে কি না। এটা করার কোনও মানে হয় না, কারণ ওই সিরিজের গোটা দশেক বই সামনেই রাখা রয়েছে, আর তার মধ্যে তিনটে যে জটায়ুর সেটা পরিষ্কার দেখা যাচ্ছে।

ফেলুদা খবরের কাগজ কিনে অন্য বই ঘাঁটছে, এমন সময় একটা গলা পেলাম।

‘জ্যেষ্ঠের রহস্য মাসিকটা এসেছে?’

পাশ ফিরে দেখি নিশীথবাবু। ভদ্রলোক প্রথমে আমাদের দেখেননি; চোখ পড়তেই কান অবধি হেসে ফেললেন।

‘দেখুন। পাশে গোয়েন্দা দাঁড়িয়ে, আর আমি কিনছি রহস্য মাসিক!’

‘আপনার বস-এর কী খবর?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আর বলবেন না’, বললেন নিশীথবাবু, ‘অ্যাপয়েন্টমেন্ট না করে লোক চলে আসে, আর দেখা করার জন্য ঝুলোঝুলি করে। পুঁথির এত সমঝদার আছে জানতুম না মশাই।’

‘আবার কে এল ?’

‘লম্বা, চাপ দাড়ি, চোখে কালো চশমা । নাম জানতে চাইলে বললেন নাম বললে চিনবেন না তোমার মনিব । বলো ভাল পুঁথির খবর আছে । বললুম কতাকৈ, বললেন নিয়ে এসো । ছাতে নিয়ে গিয়ে বসালুম । আরও কিছু চিঠি টাইপ করার ছিল, ঘরে চলে গেছি, ও মা, তিন মিনিটের মধ্যেই হাঁকডাক । গিয়ে দেখি কতার মুখ ফ্যাকাসে, এই বুঝি হার্ট ফেল করবেন । বললেন ঐকে নিয়ে যাও । ভদ্রলোককে তৎক্ষণাৎ নিয়ে চলে এলুম । সে আবার যাবার সময় বলে কী, তোমার মনিবের হার্টের ব্যামো আছে নিশ্চয়ই, ডাক্তার দেখাও !’

‘এখন কেমন আছেন উনি ?’

‘এখন অনেকটা ভাল ।’ ভদ্রলোক প্ল্যাটফর্মের ঘড়িটার দিকে দৃষ্টি দিয়েই আঁতকে উঠেছেন—‘এত যে লেট হয়ে গেছে সেটা খেয়ালই করিনি । শুনুন মশাই আছেন তো কদিন ? একদিন সব বলব । সে অনেক ব্যাপার । আ—চ্ছা !’

ইতিমধ্যে পুরী এক্সপ্রেস এসে পড়েছিল, গার্ডের হুইসেলের সঙ্গে সঙ্গে ট্রেন ছেড়ে দিল, আর নিশীথবাবুও ভিড়ের মধ্যে মিলিয়ে গেলেন ।*

ফেলুদা একটা চটি বই দেখে রেখেছিল, সেটা কিনে নিল । দাম সতেরো পঞ্চাশ । নাম—এ গাইড টু নেপাল ।

ফেরার পথে ফেলুদা বলল, ‘আপনারা বরং আজই ভুবনেশ্বরটা দেখে আসুন । একটা ফিলিং হচ্ছে, আমার এখানে থাকা দরকার । এখুনি কিছু হবে বলে মনে হয় না, তবে আবহাওয়া সুবিধের নয় । তা ছাড়া আমার কিছু কাজও আছে । কাঠমাণ্ডুতে একটা ফোন করা দরকার । তথ্যগুলো জট পাকিয়ে যাবার আগে একটু গুছিয়ে ফেলা দরকার ।’

আমি ফেলুদার এই মুডটা ভাল করে জানি । ও এখন গুটিয়ে নেবে নিজেকে, মৌনী হয়ে যাবে । খাটে চিত হয়ে শুয়ে শূন্যে চেয়ে থাকবে । আমি লক্ষ করেছি এই অবস্থায় ওর প্রায় তিন-চার মিনিট ধরে চোখের পাতা পড়ে না । আমরা যদি এ সময়ে ঘরে থাকি তো ফিস্‌ফিস্ করে কথা বলি । সবচেয়ে ভাল হয় ঘরে না থাকলে । আর ফেলুদার সঙ্গেই যদি না পাই তো ভুবনেশ্বরে যেতে ক্ষতি কী ?

আমি লালমোহনবাবুকে ইশারায় বুঝিয়ে দিলাম যে আমাদের যাওয়াই উচিত ।

হোটেলের কাছাকাছি যখন পৌঁছেছি তখন দেখি একজন চেনা লোক গেট দিয়ে বেরোচ্ছেন ।

‘দেখেছেন, আর এক মিনিট এদিক-ওদিক হলেই আর দেখা হত না,’ বললেন বিলাস মজুমদার ।

‘চলুন ওপরে !’

বিলাসবাবু আমাদের ঘরে এসে চেয়ারে বসে কপালের ঘাম মুছলেন ।

‘আপনি তো আমার অ্যাডভাইস নিয়েছেন শুনলাম,’ একগাল হেসে বললেন লালমোহনবাবু ।

‘শুধু তাই না,’ বললেন ভদ্রলোক, ‘আপনি ঠিক যেমনটি বলেছিলেন একেবারে ভবছ তাই । যাকে বলে ভূত দেখা । আমি তো অপ্রস্তুতেই পড়ে গেসলাম মশাই । দাড়ি সত্বেও লোকটা চিনে ফেলল !’

ফেলুদা বলল, ‘আপনি বোধহয় খেয়াল করেননি যে আপনার চেহারায় একটা বিশেষত্ব আছে যেটা চট করে ভোলবার নয় ।’

বিলাসবাবু একটু অবাক হয়ে বললেন, ‘কী বলুন তো ?’

‘আপনার কপালে থার্ড আই,’ বলল ফেলুদা ।

‘ঠিক বলেছেন। ওটা আমার খেয়ালই হয়নি। যাকগে, একটা আশ্চর্য ব্যাপার হল, জানেন। লোকটার দশা দেখে ওর ওপর মায়া হল। আর, ওই ঘটনাটার ফলেই বোধহয়, ওঁকে কাঠমাগুতে যেমন দেখেছিলাম তেমন আর উনি নেই। এই ছয়-সাত মাসে বয়স যেন বেড়ে গেছে দশ বছর। আজ দেখা করে খুব ভাল হল। এবার ঘটনাটা মন থেকে মুছে ফেলতে কোনও অসুবিধা হবে না।’

‘এটা সুখবর,’ বলল ফেলুদা—‘শুধু অনুমানের ওপর ভিত্তি করে আপনি বেশি দূর এগোতেও পারতেন না।’

ভদ্রলোক উঠে পড়লেন।

‘আপনাদের প্ল্যান কী?’

ফেলুদা বলল, ‘এঁরা দুজন যাচ্ছেন ভুবনেশ্বর, সন্ধ্যায় ফিরবেন। আমি এখানেই আছি।’

‘আমি ভাবছি কালই বেরিয়ে পড়ব। উড়িষ্যার ফরেস্টগুলো দেখা হয়নি।...‘যদি পারি যাবার আগে গুডবাই করে যাব।’

আমাদের বেরোতে বেরোতে সাড়ে বারোটা হলেও, দিনটা ভাল থাকায়, আর চমৎকার রাস্তায় হরিপদবাবু স্পিডোমিটারের কাঁটা ৮০ কিলোমিটারের নীচে নামতে না দেওয়ার দরুন আমরা ঠিক বেয়াল্লিশ মিনিটে ভুবনেশ্বর পৌঁছে গেলাম।

আমরা প্রথমে চলে গেলাম রাজারানি মন্দির দেখতে, কারণ এরই গায়ের একটা যক্ষীর মাথা চুরি হয়ে গিয়েছিল, আর ফেলুদা তার আশ্চর্য গোয়েন্দাগিরির ফলে সেটা উদ্ধার করে দিয়েছিল। সেটাকে মন্দিরের গায়ে চিনতে পেরে শিরদাঁড়ায় এমন একটা শিহরন খেলে গেল যে বলতে পারি না।

অবিশ্যি মন্দির তো শুধু ওই একটাই নয়—লিঙ্গরাজ, কেমারগৌরী, মুক্তেশ্বর, ব্রহ্মেশ্বর, ভাস্করেশ্বর আর আরও কত যে ঈশ্বর তা মনেও নেই। লালমোহনবাবুর আবার সবগুলো দেখা চাই, কারণ এথিনিয়াম ইনস্টিটিউশনের সেই কবি-শিক্ষক বৈকুণ্ঠনাথ মল্লিকের নাকি চার লাইনের একটা গ্রেট পোয়েম আছে ভুবনেশ্বর নিয়ে, যেটা ওঁকে হট করে। মুক্তেশ্বরের চাতালে দাঁড়িয়ে প্রায় চল্লিশ জন দেশি-বিদেশি টুরিস্টের সামনে উনি সেটা গলা ছেড়ে আবৃত্তি করলেন—

‘কত শত অজ্ঞাত মাইকেল এঞ্জেলো

একদা এই ভারতবর্ষে ছেলো—

নীরবে ঘোষিছে তাহা ভাস্কর্যে ভাস্বর

ভুবনেশ্বর!’

ভদ্রলোক যাতে কষ্ট না পান তাই আমি মুখে ‘বাঃ’ বললাম, যদিও এঞ্জেলোর সঙ্গে মিল দেবার জন্য ‘ছিল’কে ‘ছেলো’ করাটা আমার মোটেই গ্রেট পোয়েটের লক্ষণ বলে মনে হল না। কথাটা নরম করে ওঁকে বলাতে ভদ্রলোক রেগেই গেলেন।

‘পোয়েটের ব্যাকগ্রাউন্ড না জেনে ভাষা ক্রিটসাইজ করার বদ অভ্যাসটা কোথায় পেলে, তপেশ? বৈকুণ্ঠ মল্লিক চুঁচড়োর লোক ছিলেন। ওখানে ছিলকে ছেলই বলে। ওতে ভুল নেই।’

ভুবনেশ্বর ছিমছাম শহর তাতে সন্দেহ নেই, কিন্তু আমার মতে, সমুদ্র না থাকায় পুরীর পাশে দাঁড়াতে পারে না। কাজেই সাতটা নাগাদ আবার নীলাচল হোটেলে ফিরে আসতে দিব্যি ভাল লাগল।

তিন খাপ সিঁড়ি দিয়ে হোটেলের বারান্দায় উঠতেই ম্যানেজার শ্যামলাল বারিক তাঁর ঘর



থেকে হাঁক দিলেন ।

‘ও মশাই, মেসেজ আছে ।’

আমরা হতুদন্ত হয়ে ঢুকলাম তাঁর ঘরে ।

‘মিতির মশাই এই দশ মিনিট হল বেরোলেন । বললেন আপনারা যেন ঘরেই থাকেন ।’

‘কী ব্যাপার ? কোথায় গেলেন ?’

‘থানা থেকে ফোন করেছিল ঔকে । ডি. জি. সেনের বাড়িতে চুরি হয়েছে । একটি মহামূল্য পুঁথি ।’

আশ্চর্য ! ফেলুদার মন বলছিল কিছু একটা হবে, আর সত্যিই হয়ে গেল ।

৮

স্নান করে চা খেয়ে শরীরের ক্লান্তি দূর হল ঠিকই । কিন্তু মন ছটফট, বুকের ভিতর ঢিপ ঢিপ । ফেলুদা তদন্তে লেগে গেছে । পুরী আমাদের হতাশ করেনি ।

কিন্তু সেই সঙ্গে এও মনে হচ্ছে, এতে ফেলুদার ট্যাঁকে কিছু আসবে কি ? অবিশ্যি কেস তেমন জমাটি হলে রোজগার হল কি না হল সেটা ফেলুদা ভুলে যায় । অনেক সময় রোজগার যেগুলোতে হয়—মানে, যেখানে মক্কেল ঘরে এসে ফেলুদাকে তদন্তের ভার দেয়, সেখানে পকেট ভরলেও মন ভরে না, কারণ রহস্যটা হয় মামুলি । আবার এমন অনেকবার হয়েছে যে ফেলুদা শখ করে তদন্ত করেছে, পয়সা হয়তো কিছুই আসেনি, অথচ রহস্য জটিল হওয়াতে সমাধান করে মন মেজাজ মগজ সব একসঙ্গে চাঙিয়ে উঠেছে !

‘কাকে সাসপেক্ট করছ, তপেশ ?’ আটটা নাগাত প্রশ্ন করলেন লালমোহনবাবু । উনি এতক্ষণ হাত দুটোকে পিছনে জড়ো করে আমাদের ঘরে পায়েচারি করেছেন ।

আমি বললাম, ‘চুরি করার সুযোগ সবচেয়ে বেশি নিশীথবাবুর, কিন্তু সেইজন্যই উনি করবেন বলে মনে হয় না। এ ছাড়া হিঙ্গোরানির তো লোভ ছিলই ওই পুঁথির ওপর। বিলাস মজুমদারও টাকা আর প্রতিশোধের জন্য করতে পারেন। তারপর লক্ষ্মণ ভট—’

‘না না না,’ ভীষণভাবে প্রতিবাদ করে উঠলেন লালমোহনবাবু। ‘এমন একজন লোককে এর মধ্যে টেনো না—প্লিজ। কী অলৌকিক ক্ষমতা ভেবে দেখো তো ভদ্রলোকের।’

‘আপনার কী মনে হয়?’ আমি পালটা প্রশ্ন করলাম।

‘আমার মনে হয় তুমি আসল লোকটাকেই বাদ দিয়ে গেলে।’

‘কে?’

‘সেন মশাই হিমসেলফ।’

‘সে কী? উনি নিজের জিনিস চুরি করতে যাবেন কেন?’

‘চুরি নয়, চুরি নয়, পাচার। চোরাই মাল পাচার করলেন অ্যাডমিনে। হিঙ্গোরানি হাইয়ার প্রাইস অফার করেছেন, আর উনি বেচে দিয়েছেন। লোককে বলছেন চুরি।’

আমি ভেবে দেখছিলাম লালমোহনবাবুর কথা ঠিক হতে পারে কি না, এমন সময় রুম বয় এসে খবর দিল যে, আমার টেলিফোন আছে। ফেলুদা।

রুদ্ধশ্বাসে নীচে গিয়ে ফোন ধরলাম।

‘কী ব্যাপার?’

‘শ্যামলালবাবু বলেছেন?’

‘হ্যাঁ। কিন্তু কিছু বুঝতে পারলে?’

‘নিশীথবাবু হাওয়া।’

‘তাই বুঝি? পুলিশে খবর দিল কে?’

‘সে সব গিয়ে বলব। আমি আধ ঘণ্টার মধ্যেই ফিরছি। ভুবনেশ্বর কেমন লাগল?’

‘ভাল। ইয়ে—’

ফেলুদা ফোন রেখে দিয়েছে।

লালমোহনবাবুকে বললাম। ভদ্রলোক মাথা চুলকে বললেন, ‘সিন অফ ক্রাইমে একবার গিয়ে পড়তে পারলে ভালই হত, তবে তোমার দাদা বোধহয় চাইছেন না।’

আরও এক ঘণ্টা অপেক্ষা করেও যখন ফেলুদা এল না, তখন সত্যিই চিন্তা হতে শুরু করল। রুম-বয়কে বলে আরেক দফা চা আনিয়ে নিলাম। দুজনে পালা করে পায়চারি করছি। ইতিমধ্যে একটা অন্যায় কাজ করে ফেলেছি, কিন্তু না করে পারলাম না। ফেলুদার খাতাটা খাটের উপরই ছিল, তাতে আজ দুপুরে ও কী লিখেছে সেটা দেখে ফেলেছি, যদিও মাথামুণ্ড কিছুই বুঝিনি। ওর ধনী ব্যবসায়ী মক্কেল হরিহর জরিওয়ালার দেওয়া ‘ক্রস’ মার্কা ডট পেনে একটা পাতায় ছড়িয়ে লেখা রয়েছে—

ডায়াবিড?—গাউট—সাপ?—কী ফিরে আসবে? ছেলেকে চেনে না কেন?—কালোডাক? কাকে? কেন?—লাঠি হাতে কে হাঁটে?...

ন’টা নাগাত ধৈর্য ফুরিয়ে গেল। যা থাকে কপালে বলে দুজন বেরিয়ে পড়লাম। সাগরিকা থেকে ফিরতে হলে ফেলুদা সমুদ্রের ধার দিয়ে শটকাউট নেবে। আমরা তাই হোটেল থেকে বেরিয়ে ডাইনেই ঘুরলাম।

কালও রাত্রে রেলওয়ে হোটেল থেকে সমুদ্রের ধার ধরে ফিরবার সময় মনে হয়েছে, দিনে আর রাতে কত তফাত। ঢেউয়ের গর্জন যেমন দিনে তেমন রাত্তিরেও চলে, কিন্তু রাত্রে সমস্ত ব্যাপারটা আবছা অন্ধকারে ঘটে বলে গা হুমহুম করে অনেক বেশি। প্রকৃতির কী অদ্ভুত খেয়াল। জলের ফসফরাস না থাকলে এমন মেঘলা রাত্তিরে কি ঢেউগুলো দেখা

যেত ?

দূরে বাঁয়ে আকাশটা যে ফিকে হয়ে আছে, সেটা শহরের আলোর জন্য । সামনে দূরের টিমটিমে আলোর বিন্দুগুলো নিশ্চয় নুলিয়া বস্তির ।

আমরা দুজনে যতটা পারা যায় জল দূরে রেখে বাঁদিক ধরে চলতে লাগলাম । ঢেউয়ের ফেনা আমাদের বিশ-পঁচিশ হাত দূর অবধি গড়িয়ে এসে থেমে যাচ্ছে । লালমোহনবাবুর সঙ্গে টর্চ আছে, কিন্তু অপ্রয়োজনে সেটা ব্যবহার করার কোনও মানে হয় না ।

আজ সারাদিন বৃষ্টি না হওয়ায় বালি শুকনো কিন্তু তাও পা বসে যায় । এ বালি দিঘার মতো জমাট নয় যে প্লেন ল্যান্ড করবে । লালমোহনবাবু কেড্‌স পরেছেন, আর আমি চপ্পল । এই চপ্পলেই হঠাৎ জানি কীসের সঙ্গে ঠোঁকর খেলাম, আর খাওয়ার সঙ্গে সঙ্গে মুখ খুবড়ে বালিতে । লালমোহনবাবুও ‘কী হল, কী হল’ করে এগিয়ে এসে কীসে জানি বাধা পেয়ে হুড়মুড়িয়ে পড়ে দুবার ‘হেলপ্ হেলপ্’ বলে বিকট চিৎকার করে উঠলেন । আমি ধরা গলায় বললাম, ‘আমার পেটের নীচে দুটো ঠ্যাং ।’

‘বলো কী !’

আমরা দুজনেই কোনওরকমে উঠে পড়েছি, লালমোহনবাবু টর্চটা জ্বালাতে চেষ্টা করে পারছেন না বলে সেটার পিছনে থাবড়া মারছেন ।

একটা গোঙানির শব্দ, আর তারপর একটা মানুষের শরীর বালি থেকে উঠে বসল । চোখে যত না দেখছি, তার চেয়ে বেশি আন্দাজে বুঝছি ।

‘হাতটা দে—’

ফেলুদা !

আমি ডান হাতটা বাডালাম । ফেলুদা সেটা ধরে এক ঝটকায় উঠে দাঁড়িয়ে কিছুক্ষণ আমার পিঠে হাত রেখে টলল ।

টর্চ জ্বলেছে । লালমোহনবাবু কাঁপা হাতে আলোটা ফেলুদার মুখে ফেললেন । ফেলুদা নিজের ডান হাতটা সাবধানে মাথার উপর রেখে যত্নগায় মুখটা বিকৃত করে হাতটা নামিয়ে নিল ।

টর্চের আলোতে দেখলাম হাতের তেলোয় রক্ত ।

‘ফে ফ-ফেটে গেছে ?’ ফাটা গলায় প্রশ্ন করলেন জটায়ু ।

কিন্তু ফেলুদার চোখে ভ্রুকুটি । —‘কী রকম হল ?’

ফেলুদাকে এত হতভম্ব হতে দেখিনি কখনও । ও নিজের পকেট থেকে ছোট্ট টর্চটা বার করে এদিক ওদিক ফেলল । এক জোড়া জুতো পরা পায়ের ছাপ ফেলুদা যেখানে পড়েছিল তার পাশ থেকে চলে গেছে উঁচু পাড়টার দিকে, যেখানে বালি শেষ হয়ে গেছে ।

আমরা এগিয়ে গেলাম পায়ের ছাপ ধরে । পাড় এখানে বুক অবধি উঁচু । উপরে ঘাস আর ঝোপড়া । কাছাকাছির মধ্যে বাড়ি-টাড়ি নেই । যেখানে লোকটা ওপরে উঠে গেছে, সেখানে বালিতে কিছু ঘাসের চাবড়া পড়ে থাকতে দেখে বুঝলাম, লোকটাকে বেশ কসরত করে উঠতে হয়েছে ।

ফেলুদা হোটেলমুখো ঘুরল, আমরা তার পিছনে ।

‘আপনি কতক্ষণ এই ভাবে পড়ে ছিলেন বলুন তো ?’ লালমোহনবাবুর গলার স্বর এখনও স্বাভাবিক হয়নি । ফেলুদা রিস্টওয়াচের ওপর টর্চ ফেলে বলল, ‘প্রায় আধ ঘণ্টা ।’

‘মাথায় তো স্টিচ দিতে হবে মনে হচ্ছে ।’

‘না,’ বলল ফেলুদা । —‘আমার মাথায় শুধু বাড়ি লেগেছে, জখম হয়নি ।’

‘তা হলে রক্ত— ?’

ফেলুদা কোনও জবাব দিল না ।

৯

হোটেলে এসে মাথায় বরফ দিয়ে ফেলুদার ব্যথাটা কমল । এই কীর্তির জন্য কে দায়ী সে সম্বন্ধে ফেলুদার কোনও ধারণা নেই । সাগরিকা থেকে ফেরার পথে জনমানবশূন্য বিচে হঠাৎ চোখের উপর আচমকা টর্চের আলো, আর তারপরেই মাথায় বাড়ি । ফেলুদা ফোন করে মহাপাত্রকে ঘটনাটা বলায় ভদ্রলোক বললেন, ‘আপনি একটু বুঝে-সুঝে চলুন মশাই । কিছু অত্যন্ত বেপরোয়া লোক যে আশেপাশে ঘোরাফেরা করছে তাতে কোনও সন্দেহ নেই । আপনি চুপচাপ থেকে পুরো ব্যাপারটা আমাদের হ্যান্ডল করতে দিলে সবচেয়ে ভাল হয় । ফেলুদা উত্তরে বলে যে এই ঘটনাটা ঘটবার আগে সেটা বললে ও হয়তো ভেবে দেখতে পারত, এখন টু লেট ।

রাত্রে খাওয়া সেরে ঘরে এসেছি, ঘড়িতে বলছে পৌনে এগারোটা, এমন সময় শ্যামলাল বারিক একটি ভদ্রলোককে নিয়ে আমাদের ঘরে ঢুকলেন । বছর চল্লিশেক বয়স, ফরসা ফিটফাট চেহারা, চোখে পুরু কালো ফ্রেমের চশমা । শ্যামলালবাবু বললেন, ‘ইনি আধ ঘণ্টা হল অপেক্ষা করছেন । আপনারা খাচ্ছিলেন, তাই আর ডিসটার্ব করিনি ।’

ভদ্রলোককে বসিয়ে শ্যামলালবাবু বিদায় নিলেন ।

আগন্তুক ফেলুদার দিকে চেয়ে হেসে বললেন, ‘আমি আপনার নাম শুনেছি । ইন ফ্যাক্ট, আপনার কীর্তিকলাপ পড়ার দরুন এঁদের দুজনকেও চিনতে পারছি । আমার নাম মহিম সেন ।’

ফেলুদার ভুরু কঁচকে গেল । ‘তার মানে— ?’

‘দুর্গাগতি সেন আমার বাবা ।’

আমরা তিনজনেই চুপ । ভদ্রলোকই কথা বলে চললেন ।

‘আমি এসেছি আজই দুপুরে । মোটরে । আমাদের কোম্পানির একটা গেস্ট হাউস আছে, সেখানে উঠেছি ।’

‘আপনার বাবার সঙ্গে দেখা করেননি ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘ফোন করেছিলাম এসেই । ওঁর সেক্রেটারি ধরেছিলেন । আমি আমার পরিচয় দিলাম । উনি বাবার সঙ্গে কথা বলে জানালেন বাবা ফোনে আসতে চাইছেন না ।’

‘কারণ ?’

‘জানি না ।’

ফেলুদা বলল, ‘আপনার বাবার সঙ্গে কথা বলে আমার ধারণা হয়েছে, তিনি আপনার প্রতি খুব প্রসন্ন নন । কেন, সেটা আপনি অনুমান করতে পারছেন না ?’

ভদ্রলোক ফেলুদার অফার করা চারমিনার প্রত্যাখ্যান করে নিজের একটা রথম্যান ধরিয়ে বললেন, ‘দেখুন, বাবার সঙ্গে আমার খুব একটা মেলামেশা কোনওদিনও ছিল না ; তাই বলে অসন্তোষও ছিল না । আমি ওঁর হবি সম্বন্ধে কোনওদিন বিশেষ ইনটারেস্ট দেখাইনি ; আর্টের চোখ আমার নেই । আমি থাকি কলকাতায় ; কোম্পানির কাজে বছরে বার-দুয়েক বিদেশে যেতে হয় । চিঠি লিখে সব সময়ই উত্তর পেয়েছি, তা পোস্টকার্ডে দুটো লাইনই হোক ।

বাবা এখানে আসবার পর দুবার আমি আর আমার স্ত্রী ওঁরই বাড়ির দোতলায় হুপ্তা-দুয়েক করে থেকে গেছি। আমার একটি বছর আটকের ছেলে আছে, তাকে উনি অত্যন্ত স্নেহ করেন। কিন্তু এবার যেটা করলেন সেটা আমার কাছে একেবারে রহস্য। বাবার মতো শক্ত লোকের বাষট্টি বছরে ভীমরতি ধরবে এটা বিশ্বাস করা কঠিন। কোনও তৃতীয় ব্যক্তি এর জন্য দায়ী কি না তাও জানি না। তাই যখন শুনলাম আপনি এসে রয়েছেন পুরীতে, ভাবলাম একবার দেখা করে যাই।’

‘আপনার বাবার সেক্রেটারিটি কদিন রয়েছেন?’

‘তা বছর চারেক হবে। আমি সেভেনটি সিন্সে এসে ওঁকে দেখেছি।’

‘কী রকম লোক বলে মনে হয়েছে আপনার?’

‘আমার পক্ষে বলা শক্ত। এটুকু বলতে পারি যে চিঠি টাইপ করা ইত্যাদি মোটামুটি জানলেও, বাবা ওঁর সঙ্গে কথা বলে নিশ্চয়ই আনন্দ পেতেন না।’

‘তা হলে আপনাকে খবর দিই—আপনার বাবার সংগ্রহের সবচেয়ে মূল্যবান পুঁথিটি আজ চুরি হয়েছে। এবং সেই সঙ্গে সেক্রেটারিও উধাও।’

মহিমবাবুর মুখ হাঁ হয়ে গেল।

‘বলেন কী! আপনি গিয়েছিলেন ওখানে?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘কী রকম দেখলেন বাবাকে?’

‘স্বভাবতই মুহূমান। ওঁর দুপুরে ওষুধ খেয়ে ঘুমোনের অভ্যাস হয়েছে আজকাল; আগে ছিল কি না জানি না। আজ বিকেলে সাড়ে ছটায় নাকি একজন আমেরিকান ভদ্রলোকের আসবার কথা ছিল। নিশীথবাবুই অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারটা দেখেন, কেউ এলে উনিই সঙ্গে করে নিয়ে যান। আজ উনি ছিলেন না। চাকর ছিল, সে-ই সাহেবকে নিয়ে যায় ওপরে। আপনার বাবা সাধারণত সাড়ে চারটের মধ্যে উঠে পড়েন, কিন্তু আজ উঠতে হয়ে গেছিল প্রায় ছটা। যাই হোক, সাহেব পুঁথি দেখতে চায়। মিঃ সেন আলমারির দেরাজ খুলে দেখেন শালুর মোড়ক ঠিকই আছে, কিন্তু তার ভিতরে রয়েছে দুটো কাঠের মাঝখানে ফালি করে কাটা এক গোছা সাদা কাগজ। আপনার বাবা খুবই বিচলিত হয়ে পড়েন, শেষটায় ওই আমেরিকানই পুলিশে ফোন করেন।’

‘কিন্তু তার মানে নিশীথবাবুই কি—?’

‘তাই তো মনে হচ্ছে। ভদ্রলোকের সঙ্গে সকালে স্টেশনে দেখা হয়েছিল। এখন মনে হচ্ছে টিকিট কিনতে গিয়েছিলেন; কারণ ওঁর ঘরে সুটকেস-বেডিং নেই। স্টেশনে গিয়েছিল পুলিশ, কিন্তু ততক্ষণে পুরী এক্সপ্রেস, হাওড়া প্যাসেঞ্জার দুটোই চলে গেছে। অবিশ্যি ওরা পরের স্টেশনগুলোতে খবর পাঠিয়ে দিয়েছে।’

আমরা তিনজনেই চুপ। এর মধ্যে এত ঘটনা ঘটে গেছে শুনে মাথা ভোঁ ভোঁ করছে।

‘আপনার বাবা গত বছর নেপালে গিয়েছিলেন সে খবর জানেন?’

মহিমবাবু বললেন, ‘অগাস্টের পর গিয়ে থাকলে জানার কথা নয়, কারণ আমি তখন থেকে সাত মাস দেশের বাইরে। বাবা পুঁথির খোঁজে অনেক জায়গায় যেতেন। কেন, নেপালে কী হয়েছিল?’

ফেলুদা এ প্রশ্নের কোনও জবাব না দিয়ে বলল, ‘আপনার বাবার গাউট হয়েছে এটাও কি আপনার কাছে নতুন খবর?’

মহিমবাবু যেন আকাশ থেকে পড়লেন।

‘গাউট? বাবার গাউট?’

‘বিশ্বাস করা কঠিন ?’

‘খুবই । গত বছর মে মাসেও দেখেছি বাবা ভোরে আর সন্ধ্যায় সমুদ্রের ধারে বালির উপর দিয়ে হনহনিয়ে হেঁটে চলেছেন । ওনার খাওয়া-দাওয়া ছিল পরিমিত, ড্রিংক করতেন না, কোনওরকম অনিয়ম করতেন না । স্বাস্থ্য নিয়ে ঠুঁর একটা অহংকার ছিল । বাবার গাউট হলে খুবই আশ্চর্য হব, এবং খুবই ট্রাজিক ব্যাপার হবে ।’

‘এটাই কি ঠুঁর বর্তমান মানসিক অবস্থার কারণ হতে পারে ?’

‘তা তো পারেই,’ বেশ জোরের সঙ্গে বললেন মহিমবাবু । ‘নিজেকে পঙ্গু বলে মেনে নেওয়াটা বাবার পক্ষে খুবই কঠিন হবে ।’

ফেলুদা বলল, ‘আমি রয়েছি আরও কয়েকদিন । দেখি যদি কিছু করতে পারি । আমার কাছে অনেক কিছুই এখনও পর্যন্ত ধোঁয়াটে ।’

মহিমবাবু উঠে পড়ে বললেন, ‘আমি এসেছি বাবার সঙ্গে আমাদের পুরনো ব্যবসা সংক্রান্ত কিছু জরুরি ব্যাপার নিয়ে আলোচনা করতে । সেটা যদি না সম্ভব হচ্ছে, তদিন আমাদেরও থাকতে হবে ।’

ভদ্রলোক চলে যাবার পর শুতে শুতে প্রায় বারোটা হল ।

পাশের ঘর থেকে লালমোহনবাবু গুডনাইট করতে এলেন, যেমন রোজই আসেন । ঠুঁর রুমমেট আজ সকালে চলে গেছেন, উনি এখন একা । বললেন, ‘ভাল কথা, আপনি তো আজ কাঠমাগুতে ফোন করেছিলেন ।’

‘তা করেছিলাম ।’

‘কী ব্যাপার মশাই ?’

‘বীর হাসপাতালের ডাঃ ভার্গবকে জিজ্ঞেস করলাম, গত অক্টোবরে বিলাস মজুমদার নামে কোনও ব্যক্তি হেভি ইনজুরি নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছিল কি না ।’

‘কী বললেন ?’

‘বললেন, হ্যাঁ । শিন্‌বোন, কলারবোন, পাঁজরার হাড়, খুতনি—সব বললেন ।’

‘আপনার বুদ্ধি মজুমদারের কথা বিশ্বাস হয়নি ?’

‘সন্দেহ জিনিসটা গোয়েন্দাগিরির একটা অপরিহার্য অঙ্গ লালমোহনবাবু । কেন, আপনার গুল্লের গোয়েন্দা প্রথর রুদ্র কি ওই বাতিক থেকে মুক্ত ?’

‘না না, তা তো নয়—মোটাই নয়...’ বিড়বিড় করতে করতে ভদ্রলোক ফিরে গেলেন ঠুঁর ঘরে ।

বেশি রাত হলেই সমুদ্রের গর্জন শোনা যায় আমাদের ঘর থেকে । আমি জানি ফেলুদার মনের মধ্যেও ঢেউয়ের ওঠা-নামা চলেছে, যদিও বাইরে দেখছি শান্ত গাভীর্য । এটাও অবিশ্যি সমুদ্রেরই একটা রূপ । এই রূপটা নুলিয়ারা দেখতে পায় মাছের নৌকো করে ব্রেকারস পেরিয়ে গেলে পর ।

‘ওটা কী ফেলুদা ?’

বেডসাইড ল্যাম্পটা নেভাতে গিয়ে দেখি ফেলুদা পকেট থেকে একটা চ্যাপটা চৌকো ব্রাউন রঙের জিনিস বার করে দেখছে ।

‘ভাল করে দেখে বুঝলাম সেটা একটা মানি ব্যাগ ।’

ব্যাগটার ভিতর থেকে কয়েকটা দশ টাকার নোট বার করে অন্যমনস্ক ভাবে দেখে সেগুলো আবার ভিতরে পুরে দিয়ে ফেলুদা বলল, ‘এটা নিশীথবাবুর দেরাজে কিছু কাগজপতরের তলায় ছিল । আশ্চর্য ! লোকটা বাস্ক বিছানা নিয়েছে, অথচ পার্সটাই ভুলে গেছে ।’

চোখ খুলতেই যখন দেখলাম ফেলুদা যোগ ব্যায়াম করছে, তখন বুঝলাম সূর্য উঠতে এখনও অনেক দেরি। অথচ এটা জানি যে ও অনেক রাত পর্যন্ত ল্যাম্প জ্বালিয়ে কাজ করেছে।

একটা শব্দ শুনে বারান্দার দিকের জানালাটার দিকে চাইতে দেখি, লালমোহনবাবুও এরই মধ্যে উঠে পড়ে টুথব্রাশে ওঁর প্রিয় লাল সাদা ডোরাকাটা সিগন্যাল টুথপেস্ট লাগাচ্ছেন। বুঝলাম, আমাদের দুজনের মনের একই অবস্থা।

ফেলুদা ব্যায়াম শেষ করে বলল, ‘চা খেয়েই বেরিয়ে পড়ব।’

‘কোথাও যাবার আছে বুঝি?’

‘মাথাটা পরিষ্কার করা দরকার। বিশালত্বের সামনে পড়লে সেটা সময় সময় হয়। ভোরের সমুদ্রের দিকে চাইলেই একটা টনিকের কাজ দেয়।’

বেরোবার আগে শ্যামলাল বারিকের ঘরে গিয়ে ফেলুদা বলল, ‘শুনুন, কয়েকটা ব্যাপার আছে। নেপালে একটা কল বুক করতে হবে, এই নিন নম্বর। আর মহাপাত্রের কাছ থেকে কোনও মেসেজ এলে রেখে দেবেন। আর, হ্যাঁ—এখানে খুব ভাল অ্যালোপ্যাথিক ডাক্তার কে আছে?’

‘কটা চাই? আপনি কি ভাবছেন অজ পাড়াগাঁয়ে এসে পড়েছেন?’

‘বুড়ো হাবড়া হলে চলবে না। ইয়াং চৌকস ডাক্তার চাই।’

‘বেশ তো, ডাঃ সেনাপতি আছেন। গ্র্যান্ড রোডে উৎকল কেমিস্টে চেম্বার আছে। সকালে দশটার পর গেলেই দেখা পাবেন।’

আমরা বেরিয়ে পড়লাম।

সমুদ্রের ধারে স্নানের লোক এখনও কেউ আসেনি, শুধু নুলিয়া ছাড়া আর কোনও মানুষ দেখা যাচ্ছে না। পূর্বের আকাশ ফিকে লাল, ছাই রঙের মেঘের টুকরোগুলোর নীচের দিকটা গোলাপি হয়ে আসছে। সমুদ্র কালচে নীল, শুধু তীরে এসে ভাঙা ঢেউয়ের মাথাগুলো সাদা।

প্রথমদিন এসে যে তিনটে নুলিয়া ছেলেকে তীরে বসে খেলতে দেখেছিলাম, কাঁকড়া সম্বন্ধে তাদের ভীষণ কৌতূহল। ওই কাঁকড়াই হল লালমোহনবাবুর মতে পুরীর সমুদ্রতটের একমাত্র মাইনাস পয়েন্ট।

‘কী নাম রে তোর?’

তিনটে নুলিয়া ছেলের একটার মাথায় পাগড়ির মতো করে বাঁধা লাল কাপড়; সে ফেলুদার প্রশ্নে দাঁত বার করে হেসে বলল, ‘রামাই, বাবু।’

আমরা এগিয়ে চললাম। লালমোহনবাবুর কবিত্বভাব জেগে উঠেছে, বললেন, ‘এই উন্মুক্ত উদার পরিবেশে রক্তপাত! ভাবা যায় না মশাই।’

‘হুঁ—ব্লান্ট ইনসট্রুমেন্ট...’ অনামনস্কভাবে বলল ফেলুদা। আমি জানি অস্ত্র দিয়ে খুনটা সাধারণত তিন রকমের হয়। এক হল আগ্নেয়াস্ত্র দিয়ে—যেমন রিভলভার পিস্তল; দুই: শার্প ইনসট্রুমেন্ট, যেমন ছোরা-ছুরি-চাকু ইত্যাদি; তিন হল ব্লান্ট ইনসট্রুমেন্ট বা ভোঁতা হাতিয়ার, যেমন ডাঙা জাতীয় কিছু। বেশ বুঝতে পারলাম ফেলুদা কাল রাত্রে ওর মাথায় বাড়ি লাগার কথাটা ভাবছে। সত্যি, ভাবলে রক্ত জল হয়ে যায়। ভাগ্যে আঘাতটা মোক্ষম হয়নি।

‘ফুটপ্রিন্টস...’ ফেলুদা বলে উঠল।

একটু এগিয়ে গিয়েই দেখতে পেলাম টাটকা পায়ের ছাপ। জুতো, আর সেই সঙ্গে বাঁ

হাতে ধরা লাঠি ।

‘বিলাসবাবু খুব আলি রাইজার বলে মনে হচ্ছে’, মন্তব্য করলেন লালমোহনবাবু ।

‘বিলাসবাবু ? বিলাসবাবু বলে মনে হচ্ছে কি ? দেখুন তো ভাল করে’—দূরে সামনের দিকে দেখিয়ে বলল ফেলুদা ।

এত দূর থেকেও বুঝতে পারলাম, যিনি বালিতে দাগ ফেলতে ফেলতে এগিয়ে চলেছেন তিনি মোটেই বিলাসবাবু নন ।

‘তাই তো !’ বললেন লালমোহনবাবু, ‘ইনি তো দেখছি আমাদের সেনসেশন্যাল সেন সাহেব !’

‘ঠিক ধরেছেন । দুর্গাগতি সেন ।’

‘কিন্তু তা হলে গঁটে বাত ?’

‘সেইখানেই তো ভেলকি ! লক্ষ্মণ ভট্টাচার্যের ওষুধের গুণ বোধহয় !’

মনে ধাঁধাটে ভাব নিয়ে আবার হাঁটা শুরু করলাম । রহস্যের পর রহস্য যেন ঢেউয়ের পর ঢেউ ।

বাঁয়ে রেলওয়ে হোটেল দেখা যাচ্ছে । ডাইনে গোটা পাঁচেক নুলিয়া আর সুইমিং ট্রাক্সস পরা তিনজন সাহেব । তার মধ্যে একজন ফেলুদার দিকে হাত তুললেন ।

‘গুড মর্নিং !’

আন্দাজে বুঝলাম ইনিই কালকের সেই পুলিশকে ফোন করা আমেরিকান ।

আমরা এগিয়ে গেলাম । ওই যে হিস্তোরানি আসছেন, কাঁধে তোয়ালে । ভারী অপ্রসন্ন মনে হচ্ছে ভদ্রলোককে । আমাদের দিকে দেখলেনই না ।

আমার মন কেন জানি বলছে ফেলুদা সাগরিকায় যাচ্ছে, কারণ ও সমুদ্রের ধারের বালি ছেড়ে বাঁয়ে চড়াইয়ে উঠতে শুরু করেছে । সূর্যের আধখানা কিন্তু এর মধ্যেই উঠে বসে আছে । ফেলুদার মাথা বিশালত্বের সামনে পড়ে পরিস্কার হয়েছে কি ?

‘প্রাতঃপ্রণাম !’

গণৎকার মশাই এগিয়ে এসেছেন বালির উপর দিয়ে, লুঙ্গিটা খাটো করে পরা, কাঁধে তোয়ালে, হাতে নিমের দাঁতন ।

‘কাল কোথায় ছিলেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘কখন ?’

‘সন্ধ্যাবেলা ; আপনার খোঁজ করেছিলাম ।’

‘ওহো । কাল গেসলাম কের্তন শুনতে । মঙ্গলাঘাট রোডে একটা কের্তনের দল আছে ; মাঝে-মধ্যে যাই ।’

‘কখন গিয়েছিলেন ?’

‘আমার তো ছটার আগে ছুটি নেই । তারপরেই গেসলাম ।’

‘আপনি তো ও বাড়ির বাসিন্দা, তাই ভাবছিলাম চুরির ব্যাপারে যদি কোনও আলোকপাত করতে পারেন । আপনার ঘর থেকে পশ্চিমের গলিটা তো দেখা যায় ।’

‘তা তো যায়ই, তবে পশ্চিমের গলিতে যা দেখেছি তাতে খুব অবাক হইনি,’ বললেন লক্ষ্মণ ভট্টাচার্য । ‘নিশীথবাবুকে দেখলাম তল্লিতল্লা নিয়ে বেরুতে । তা উনি যে কলকাতায় যাবেন সেটা তো কদিন থেকেই ঠিক ছিল ।’

‘তাই বুঝি ?’

‘ওঁর মা-র যে এখন-তখন অবস্থা । টেলিগ্রাম এসেছিল কদিন আগে ।’

‘বটে ? আপনি দেখেছিলেন সে টেলিগ্রাম ?’

‘শুধু আমি কেন ? সেন মশাইও দেখেছিলেন ।’

ফেলুদা অবাক ।

‘আশ্চর্য ! সেন মশাই তো সে কথা বললেন না ।’


‘সে আর কী বলব বলুন ! উনি মানুষটা কী রকম সেটা তো আপনারাও দেখলেন । দুর্ভোগ আছে আর কী । কপালের লিখন খণ্ডায় কার সাধ্যি বলুন !’

‘আপনি মিঃ সেনেরও ভাগ্য গণনা করেছেন নাকি ?’ ভারী ব্যস্ত হয়ে জিজ্ঞেস করলেন লালমোহনবাবু ।

‘এ তল্লাটে কার করিনি ? কিন্তু করলে কী হবে ? সবাইকে তো আর সব কথা বলা যায় না । অবিশ্যি ব্যারাম-টারামের লক্ষণ দেখলে বলি ; তাই বলে, আপনি খুন করবেন, আপনার জেল হবে, ফাঁসি হবে, অপঘাতে মৃত্যু আছে আপনার—এ সব কি বলা যায় ? তা হলে আর কেউ আসবে না মশাই । আসলে লোকে ভালটাই শুনতে চায় । তাই অনেক হিসেব করে ঢেকে-ঢুকে বলতে হয় ।’

লক্ষ্মণ ভট্টাচার্য বিদায় জানিয়ে সমুদ্রের দিকে চলে গেলেন । আমরা এগিয়ে চললাম সাগরিকার দিকে । সকালের রোদ পড়ে বাড়িটাকে সত্যিই সুন্দর দেখাচ্ছে ।

‘হতাপুরী’, বললেন লালমোহনবাবু ।



‘সে কী মশাই,’ প্রতিবাদের সুরে বলল ফেলুদা, ‘হত্যা কোথায় হল যে হত্যাপুরী বলছেন ? বরং চুরিপুরী বলতে পারেন ।’

‘নট সাগরিকা,’ বললেন লালমোহনবাবু । —‘আমি এ দিকের বাড়িটার কথা বলছি ।’

সাগরিকা থেকে আন্দাজ ত্রিশ গজ এই দিকে বালিতে বসে যাওয়া এই বাড়িটার কথা আগেই বলেছি । লালমোহনবাবু খুব ভুল বলেননি । এমনতেই পোড়া নোনাধরা বাড়ি দেখলে কেমন গা ছমছম করে, এটার আবার তলার দিকের হাত-পাঁচেক বালিতে বসে যাওয়াতে, আর কাছাকাছি অন্য কোনও বাড়ি না থাকাতে সত্যিই বেশ ভূতুড়ে মনে হচ্ছিল । দিনের বেলাতেই এই, রাত্রে না জানি কী রকম হবে ।

অন্যান্য দিন বাড়িটাকে পাশ কাটিয়ে যাই, আজ একটু কাছ থেকে দেখার লোভ সামলাতে পারল না বোধহয় ফেলুদা । ফটকের থামগুলো এখনও রয়েছে, তার একটার গায়ে কালসিটে মেরে যাওয়া শ্বেতপাথরের ফলকে লেখা ‘ভূজঙ্গ নিবাস’ । বালি আর এক হাত উঠলেই ফলকটা ঢাকা পড়ে যাবে । ফটক পেরিয়ে বোধহয় এককালে একটা ছোট্ট বাগান ছিল, তারপরেই সিঁড়ি উঠে গিয়ে বারান্দা । সিঁড়ির শুধু ওপরের দুটো ধাপ বেরিয়ে আছে, বাকিগুলো বালির নীচে । বারান্দার রেলিং ক্ষয়ে গেছে, ছাত যে কেন ধসে পড়েনি জানি না । বারান্দার পরে যে ঘর, সেটা নিশ্চয়ই বৈঠকখানা ছিল ।

‘একেবারে পরিত্যক্ত বলে তো মনে হচ্ছে না,’ ফেলুদা মন্তব্য করল । করার কারণটা স্পষ্ট । লোকের যাতায়াত আছে, সেটা বারান্দার বালির উপর পায়ের ছাপ থেকে বোঝা যায় ।


‘আর দেশলাইয়ের কাঠি, ফেলুদা ।’

একটা নয়, তিন-চারটে । সিঁড়ি উঠেই বারান্দার বাঁ দিকের থামটার পাশে ।

‘সমুদ্রের হাওয়ায় সিগারেট ধরাতে গেলে কাঠি খরচা একটু বেশি হবেই ।’

আমরা ফটকের মধ্যে ঢুকলাম । সাংঘাতিক কৌতূহল হচ্ছে বাড়িটার ভিতরে ঢোকার । দরজা নিশ্চয়ই খোলা যায়, কারণ দমকা বাতাসে সেটা খটখট করে নড়ছে ; একেবারে যে খুলছে না, সেটা ঘরের মেঝেতে জমে থাকা বালিতে বাধা পাওয়ার জন্য ।

পায়ের ছাপগুলো ফেলুদা খুব মন দিয়ে দেখল । প্রায় দেখা যায় না বললেই চলে, কারণ



ক্রমাগতই হাওয়ার সঙ্গে বালি এসে তার উপর জমা হচ্ছে ।

কিন্তু জুতোর ছাপ তাতে সন্দেহ নেই ।

এ ছাড়াও আর একটা জিনিস আছে সেটা পা দিয়ে খানিকটা বালি সরাতেই বেরিয়ে পড়ল ।

আমার মনে হল পানের পিক, যদিও লালমোহনবাবুর মতে নিঃসন্দেহে ব্লাড ।

লালমোহনবাবু একবার মৃদুস্বরে ‘ব্রেকফাস্ট’ কথাটা বলাতে বুঝলাম ওঁর আর এগোতে সাহস হচ্ছে না । আমারও বুক টিপটিপ করছে, কিন্তু ফেলুদা নির্বিকার ।

‘তা হলে হত্যাপুরীতে একবার প্রবেশ করতে হয় ।’

এটা জানাই ছিল । এতদূর এসে পায়ের ছাপটাপ দেখে ফেলুদা চট করে পিছিয়ে যাবে না ।

কাঁ—চ শব্দে দরজার দুটো পাল্লাই খুলে গেল ফেলুদার দু হাতের চাপে ।

বাদুড়ে গন্ধ । বাইরে থেকে ভিতরের কিছুই দেখা যায় না, কারণ ভিতরে জানালা থেকে থাকলেও তা নিশ্চয়ই বন্ধ । আর দরজা দিয়ে যে আলো ঢুকবে তার পথ আপাতত আমরাই বন্ধ করে রেখেছি ।

ফেলুদা চৌকাঠ পেরোল । আমি জানি ঘুটঘুটে রাতির হলেও ও দ্বিধা করত না, তফাত হত এই যে ওর সঙ্গে তখন হয়তো ওর কোন্ট রিভলভারটা থাকত ।

‘আসুন ভিতরে ।’

আমি ঢুকে গেছি, কিন্তু লালমোহনবাবু এখনও চৌকাঠের বাইরে । —‘অল ক্রিয়ার কি ?’ অস্বাভাবিক রকম চড়া গলায় জিজ্ঞেস করলেন ভদ্রলোক ।

‘ক্রিয়ার তো বটেই । আরও ক্রিয়ার হবে ক্রমে ক্রমে । এসে দেখুন না কী আছে ঘরের মধ্যে ।’

আমি অবিশ্যি এর মধ্যেই দেখে নিয়েছি ।

প্রথমেই চোখে পড়েছে একটা টিনের ট্রান্স আর শতরঞ্জিতে মোড়া একটা বেডিং । ঘরের এক পাশে দেয়ালের সামনে যেমন-তেমন করে ফেলে রাখা হয়েছে সে দুটো ।

‘পুলিশের পণ্ডশ্রম,’ বলল ফেলুদা, ‘নিশীথবাবু যাননি ।’

‘তবে কোথায় গেলেন ভদ্রলোক ?’ লালমোহনবাবু অবাক হয়ে জিজ্ঞেস করলেন । ফেলুদা কথাটা গ্রাহ্য করল না ।

‘হুঁ—ভেরি ইন্টারেস্টিং ।’

ঘরের এক কোণে স্তূপ করে রাখা রয়েছে সুরু আর লম্বা-করে কাটা কাঠ, আর পাশেই ফিতেয় মোড়া দিস্তা দিস্তা ফিকে হলদে রঙের সস্তা কাগজ ।

‘বলুন তো এ থেকে কী বোঝা যায়,’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘ও তো পুঁথির কাঠ বলে মনে হচ্ছে । আর ওই, ইয়ে—’

লালমোহনবাবু এত সময় নিচ্ছেন কেন জানি না । আমি বললাম, ‘মনে হচ্ছে নিশীথবাবু একেবারে ব্যবসা খুলে বসেছিলেন—ডামি পুঁথি তৈরি করার । সাইজমার্কিন কাগজ কেটে দুদিকে কাঠ চাপা দিয়ে শালুতে মুড়ে দিলে বাইরে থেকে ঠিক পুঁথি ।’

‘এগজ্যাক্টলি,’ বলল ফেলুদা—‘আমার বিশ্বাস, সেন মশাইয়ের সব পুঁথিগুলো বার করে খুললে দেখা যাবে তার অনেকগুলোই কেবল সাদা কাগজ । আসলগুলো পাচার হয়ে গেছে হিঙ্গোরানি সম্প্রদায়ের লোকদের কাছে ।’

‘ও হো হো !’—লালমোহনবাবু চোঁচিয়ে উঠলেন—‘সাপ, সাপ ! সেদিন একটা কাগজের ফালি দেখেছিলাম সাগরিকার গলিতে—সে তা হলে এই কাগজ !’



‘নিঃসন্দেহে,’ বলল ফেলুদা।

এর পরে যে ঘটনাটা ঘটল সেটা লিখতে আমার হাত না কাঁপলেও, বুক কাঁপছে।

বৈঠকখানায় ঢুকেই ডাইনে-বাঁয়ে মুখোমুখি দুটো দরজা রয়েছে পাশের দুটো ঘরে যাবার জন্য। লালমোহনবাবু ডান দিকের দরজাটার সামনে দাঁড়িয়ে ছিলেন। আমরা সামনের দরজা খুলে ঢোকাতে সেটা দিয়ে শৌঁ শৌঁ শব্দে সমুদ্রের বাতাস ঢুকছিল। একটা দমকা হাওয়ার ফলে হঠাৎ ডাইনের দরজাটা প্রচণ্ড শব্দে খুলে গেল, লালমোহনবাবু চমকে উঠে খোলা দরজাটার দিকে চাইলেন, আর চাইতেই তাঁর চোখ কপালে উঠে গেল। ভদ্রলোক পড়েই যেতেন যদি না ফেলুদা এক লাফে গিয়ে ওঁকে জাপটে ধরে ফেলত।

এগিয়ে গিয়ে দেখি একটা লোক চোখ উলটে মরে পড়ে আছে পাশের ঘরের মেঝেতে।

তার মাথা থেকে বেরোনো রক্ত চাপ বেঁধে আছে মেঝের উপর ।

লোকটাকে চিনতে কোনওই অসুবিধা হল না ।

ইনি দুর্গাগতি সেনের সেক্রেটারি নিশীথ বোস ।

১১

ফেলুদার আর ব্রেকফাস্ট খাওয়া হল না ।

রেলওয়ে হোটেল থেকে টেলিফোনে পুলিশ খবর দিয়ে আমরা আমাদের হোটলে চলে এলাম । ফেলুদা বলল যে ওর দু-একটা কাজ আছে, বিশেষ করে নুলিয়া বস্তিতে একবার যাওয়া দরকার, কাজেই ও একটু পরে ফিরবে । লাশ ছোঁয়াছুঁয়ি না করেই ও বলল যে, বোঝাই যাচ্ছে লোকটাকে মারা হয়েছে একটা ব্লান্ট ইনস্ট্রুমেন্ট দিয়ে—যদিও সে ধরনের কোনও হাতিয়ার কাছাকাছির মধ্যে পেলাম না ।

লালমোহনবাবু না জেনে মোক্ষম নাম দিয়েছিলেন বাড়িটার এটা স্বীকার করতেই হবে, যদিও পরে বলেছিলেন যে পুরী কথাটা বাড়ি অর্থে ব্যবহার করেননি । উনি মিন করেছিলেন পুরী শহর । ‘তিন দিনের মধ্যে দু-দুটো খুন, হত্যাপুরী ছাড়া আর কী ?’

একটা সুখবর দিয়ে রাখি । দুর্গাগতিবাবুর সঙ্গে তাঁর ছেলের মিটমাট হয়ে গেছে । অস্তিত্ব দেখে তাই মনে হল । আমরা যখন ভূজঙ্গ নিবাস থেকে বেরোচ্ছি, তখন সাগরিকার দিকে চোখ পড়তে দেখি ছাতে দুজন লোক । বাপ আর ছেলে । শুধু তাই নয়, ছেলে আমাদের দিকে হাত নাড়লেন, কাজেই বুঝলাম খোশ মেজাজে আছেন । এটাও আমার কাছে কম রহস্য নয় ।

ফেলুদা যখন ঘরে এসে ঢুকল তখন পৌনে এগারোটা । আমার মনে পড়ে গেল নেপালে টেলিফোনের কথাটা । বললাম, ‘কলটা পেয়েছিলে ?’

‘এই তো কথা বলে আসছি ।’

‘কলটা কি কাঠমাণ্ডুতে করেছিলে ?’

‘উহু, পাটন । কাঠমাণ্ডুর কাছেই বাঘমতী নদী পেরিয়ে একটা পুরনো শহর ।’

লালমোহনবাবু বললেন, ‘যাই বলুন, লাশের কাছে ভূত কিছুই না । এখনও ভাবলে শিভারিং হচ্ছে ।’

‘সব শিভারিং খরচা করে ফেলবেন না, রাস্তার জন্য কিছু হাতে রাখবেন ।’

‘রাস্তারে ?’

আমরা দুজনেই ফেলুদার দিকে চাইলাম । ও একটা ওমলেটের আধখানা মুখে পুরে দিয়ে বলল, ‘এক পায়ে না হলেও, খাড়া থাকতে হবে আজ রাস্তারে ।’

‘কোথায় ?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন ।

‘দেখতেই পাবেন ।’

‘কারণটা কী ?’

‘জানতেই পাবেন ।’

লালমোহনবাবু চুপসে গেলেন । অবিশ্যি এটা ওঁর কাছে নতুন কিছু না ।

‘সেনাপতি দিব্যি স্মার্ট ডাক্তার,’ বলল ফেলুদা ।

‘তুমি এর মধ্যে ডিসপেনসারি ঘুরে এলে ?’

‘ভদ্রলোক দুর্গা সেনের ট্রিটমেন্ট করেছেন সেটা জানলাম । এপ্রিলে আমেরিকা ঘুরে এসেছেন । ওষুধটা ওঁরই আনা ।’

‘ডায়াপিড ?’—নামটা মনে ছিল তাই জিজ্ঞেস করলাম ।

‘তোর প্রশ্ন শুনে বুঝতে পারছি ওষুধটা তোর কোনও কাজে লাগবে না ।’

থানা থেকে ফোন এল পৌনে বারোটায় । ডাক্তারের রিপোর্ট বলছে, নিশীথবাবু খুন হয়েছেন গতকাল সন্ধ্যা ছটা থেকে রাত আটটার মধ্যে, আর তাঁকে মারা হয়েছে কোনও ব্লাস্ট ইনস্ট্রুমেন্ট দিয়ে । হাতিয়ার খুঁজে পাওয়া যায়নি । ভূজঙ্গ নিবাসের বাইরে গেটের ধারেই মনে হয় খুনটা হয়েছে, তারপর মৃতদেহ টেনে নিয়ে ওই ঘরে ফেলে দেওয়া হয়, কারণ বারান্দার বালির নীচে রক্তের দাগ পাওয়া গেছে ।

আমি একটা জিনিস আন্দাজ করছি, যদিও ফেলুদাকে এ বিষয়ে কিছু বলিনি এখনও । যে লোক নিশীথবাবুকে খুন করেছিল, সে লোকই ফেলুদার মাথায় বাড়ি মেরেছে, আর একই অস্ত্র দিয়ে । তাই ফেলুদার মাথায় রক্ত লেগে ছিল ।

সাড়ে বারোটো নাগাত ভাবছি লাঞ্চটা সেরে নেওয়া যায় কি না, কারণ লালমোহনবাবু কিছুক্ষণ থেকেই বলছেন রান্নাঘর থেকে টেরিফিক পেঁয়াজ-রসুনের গন্ধ পাচ্ছেন, এমন সময় বিলাস মজুমদার এসে হাজির ।

‘কী মশাই, যাবেন নাকি ?’ ঘরে ঢুকেই ভদ্রলোকের প্রশ্ন ।

‘কোথায় ?’—ফেলুদা বিছানায় কাত হয়ে শুয়ে কনুইয়ের উপর ভর দিয়ে ওর খাতায় কী যেন লিখছিল ।

টুরিস্ট ডিপার্টমেন্টের এয়ার-কন্ডিশন লিমুজিন । ছ জনের জায়গা, মাত্র দুজন যাচ্ছি । আমি, আর একটি অ্যামেরিকান—নাম স্টেডম্যান । ভাবতে পারেন—এও ওয়াশিংটন লাইফ ! কেওনঝরগড় যাচ্ছে । খুব মিশুক । ভাল লাগত আপনার ।’

‘কখন বেরোচ্ছেন ?’

‘লাঞ্চ খেয়েই ।’

‘না, থ্যাঙ্ক ইউ,’ বলল ফেলুদা, ‘আমার একটু কাজ আছে । বরং আপনি যদি থেকে যেতেন তো পুরী ওয়াশিংটন লাইফের কিছুটা নমুনা দেখে যেতে পারতেন ।’

‘নো, থ্যাঙ্ক ইউ,’ হেসে বললেন বিলাস মজুমদার ।

ভদ্রলোক ঘর থেকে বেরোনোর মিনিট খানেকের মধ্যেই একটা ভারী অ্যামেরিকান গাড়ির শব্দ পেলাম । বুঝলাম গাড়িটা মুখ ঘুরিয়ে উত্তর দিকে চলে গেল ।

* * *

শেষ কবে যে চাপা উত্তেজনার মধ্যে এতটা সময় কাটাতে হয়েছে তা ভেবে মনে করতে পারলাম না ।

রাত্তিরের খাওয়া সারার প্রায় ঘণ্টা খানেক পর দশটা নাগাত ফেলুদা বলল যে যাবার সময় হয়েছে । সঙ্গে সঙ্গে এটাও বলে দিল যে যদিও ওর মন বলছে যে একটা কিছু ঘটতে পারে, পণ্ডশ্রম যে হবে না এমন কোনও গ্যারান্টি নেই ।—‘ফিটফাট স্মার্ট হয়ে নে । ওসব কুর্তা পায়জামা চলবে না । সাদা জামা চলবে না । অন্ধকারে গা-ঢাকা দেবার জন্য কী পরতে হয় সেটা আশা করি আর বলে দিতে হবে না ।’

‘না । তার দরকার নেই । পার্ক স্ট্রিটের গোরস্থানেও আমাদের ঠিক এই কাজই করতে হয়েছিল ।

হোটেল থেকে বেরিয়ে আকাশের দিকে চেয়ে দেখলাম তারা দেখা যাচ্ছে না । লালমোহনবাবু এমনিতেই ঘন ঘন আকাশের দিকে দেখেন, তবে সেটা তারা দেখার জন্য নয়, স্কাইল্যাবের চিহ্ন দেখার জন্য । আজ সমুদ্রের দিক থেকে প্রচণ্ড হাওয়া বইছে দেখে বললেন,

‘হাওয়া উলটোমুখো হলে টুকরোগুলো তাও সমুদ্রে পড়ার চান্স ছিল। এখন কিস্যু বলা যায় না।’

ভূজঙ্গ নিবাসের চারিদিকে যদিও বালি, বিচটা কিন্তু বাড়ি থেকে প্রায় পঞ্চাশ-ষাট গজ পূবে। যেখানে বিচ শুরু হয়েছে সেখানে রেলওয়ে হোটেল থেকে যারা স্নান করতে আসে তাদের জন্য বাঁশের খুঁটির ওপর হোগলা দেওয়া কয়েকটি ছাউনি রয়েছে। তারই একটার পাশে এসে ফেলুদা থামল।

পশ্চিম দিকের আকাশটা শহরের আলোর জন্য খানিকটা ফিকে, আমাদের পিছনে সমুদ্রের দিকে গাঢ় অন্ধকার। সামনের দিকে লোক হেঁটে গেলে তাকে ছায়ামূর্তির মতো দেখা যাবে, কিন্তু চেনা যাবে না। সে লোক কিন্তু আমাদের দেখতেই পাবে না।

মনে মনে বললাম, মোক্ষম জায়গা বেছেছে ফেলুদা, যদিও কেন বেছেছে জানি না, জিজ্ঞেস করলেও কোনও উত্তর পাব না। ওর এই অভ্যেসটার জন্য লালমোহনবাবু একবার বলেছিলেন, ‘আপনি মশাই সাসপেন্স ফিলিম তৈরি করুন। লোকে দেখে দম ফেলতে পারবে না। কোথায় লাগে হচকিক্।’

সাগরিকার তিনতলায় দুর্গাগতিবাবুর ঘরে এখনও আলো জ্বলছে; দোতলার আলো এইমাত্র নিভল। পাঁচিলের উপর দিয়ে লক্ষ্মণ ভট্টাচার্যের একতলার ঘরের জানালার একটি ফালি দেখা যাচ্ছে; বুঝতে পারছি সে ঘরে এখনও আলো জ্বলছে।

আমরা তিনজনেই ছাউনির তলায় বালির উপর বসেছি। কথা বলার কোনও প্রস্নই ওঠে না, আর বলতে হলেও গলা না তুললে হাওয়ায় আর সমুদ্রের গর্জনে কথা হারিয়ে যাবে। চোখ খানিকটা সয়ে এসেছে অন্ধকারে; ডাইনে চাইলে বেশ বুঝতে পারছি জটায়ুর কানের পাশের চুলগুলো বাতাসে মোরগের ঝুঁটির মতো খাড়া হয়ে উঠেছে। বাঁয়ে ফেলুদা; ও এইমাত্র বাঁ কব্জিটা চোখের কাছে এনে ওর রেডিয়াম-ডায়াল ঘড়িটাতে সময় দেখল। তারপর বুঝলাম ঝোলাতে হাত ঢুকিয়ে একটা জিনিস বার করে ওর চোখের সামনে ধরল।

ওর জাপানি বাইনোকুলার।

ফেলুদা কী দেখছে জানি।

দুর্গাগতি সেনকে দেখা যাচ্ছে ওঁর শোবার ঘরের জানালায়, কিছুক্ষণ চুপ করে থেকে দু পা বাঁয়ে সরে ডান হাত বাড়িয়ে কী জানি একটা তুললেন।

গেলাস।

কী খেলেন ভদ্রলোক গেলাস থেকে?

একতলার ঘরে বাতি এইমাত্র নিভে গেছে, এবার তিনতলার বাতি নিভল, আর নিভতেই আমাদের আশেপাশের অন্ধকার যেন হঠাৎ আরও গাঢ় হয়ে গেল।

কিন্তু এখনও আমাদের মধ্যে কেউ নড়াচড়া করলে বেশ বুঝতে পারছি।

যেমন লালমোহনবাবু তাঁর পকেট থেকে টর্চটা বার করলেন।

কিন্তু কেন? কী মতলব ভদ্রলোকের?

আমি ঝুঁকে পড়ে ওঁর কানের সঙ্গে মুখ লাগিয়ে বললাম, ‘জ্বালাবেন না, খবরদার!’ ভদ্রলোক উত্তরে আমার কানে মুখ এনে বললেন, ‘ব্রান্ট ইনস্ট্রুমেন্ট, হাতে থাক।’

উনি মুখ সরিয়ে নেওয়ার প্রায় সঙ্গে সঙ্গে একটা জিনিস দেখে আমার হৃৎপিণ্ডটা এক লাফে গলার কাছে চলে এল।

ডাইনে হাত দশেক দূরে আরেকটা হোগলার ছাউনি।

তার পাশে একটা লোক দাঁড়িয়ে আছে।

কখন এসেছে জানি না।

লালমোহনবাবুও দেখেছেন, কারণ ওঁর কাঁপা হাত থেকে টচটা বুপ শব্দ করে বালির উপর পড়ে গেল ।

আর ফেলুদা ?

ও দেখেনি ।

ওর দৃষ্টি সোজা সাগরিকার দিকে ।

আমিও জোর করে চোখ সেই দিকেই ঘোরালাম ।

আর তাই বোধহয় ফেলুদার সঙ্গে সঙ্গেই লোকটাকে দেখতে পেলাম ।

সাগরিকার দিক থেকে লোকটা আসছে আমাদের দিকে ।

না, এই দিকে না । ভুজঙ্গ নিবাসের দিকে ।

লোকটাকে চেনার কোনও উপায় নেই ।

এগিয়ে এল । ওই তো ভুজঙ্গ নিবাসের গেটের থাম ।

গেটের কাছাকাছি পৌঁছে লোকটা হাঁটার গতি কমাল, তারপর হাঁটা থামল ।

এবারে আরেকটা লোক । এতক্ষণ দেখিনি । বোধহয় বাড়িটার আড়ালে দাঁড়িয়ে ছিল ।

দ্বিতীয় লোকটা প্রথম লোকটার দিকে এগিয়ে গেল ।

গেটের সামনে এখন দুজন লোক ।

এবার দুজনে ভাগ হল । যে সাগরিকার দিক থেকে এসেছিল সে আবার ফিরে—

সর্বনাশ ! লালমোহনবাবুর অসাবধান আঙুলের চাপে ওঁর পাগলা টর্চ জ্বলে উঠেছে !

ফেলুদা এক থাপ্পড়ে টচটা বালিতে ফেলে দিল, আর সেই মুহূর্তে লালমোহনবাবুর চার ইঞ্চি ডাইনের বাঁশের খুঁটিটাতে কান-ফাটানো শব্দের সঙ্গে একটা গুলি এসে লাগল ।

‘তুই ওটাকে ধর !’

ফেলুদা হাউইয়ের মতো লাফিয়ে উঠে ছুটে গেছে দ্বিতীয় লোকটাকে লক্ষ্য করে ।

আশ্চর্য এই যে ওই একটা কথাতেই দেখলাম যে বিপদের তোয়াক্কা না করে আমিও নিশ্চন্দ্রে তীরবেগে ছুটেতে শুরু করেছি বালির উপর দিয়ে প্রথম লোকটাকে লক্ষ্য করে ।

ফেলুদার আর আমার পথ ভাগ হয়ে গেল ।

রাগবি খেলায় যেমন ফ্লাইং ট্যাকল করে একজন খেলোয়াড় আরেকজনের উপর ঝাঁপিয়ে পড়ে তাকে জাপটে ধরে, আমিও ঠিক সেই ভাবে অব্যর্থ লক্ষ্যে লোকটার পা দুটোকে জাপটে ধরলাম ।

লোকটা হুমড়ি খেয়ে পড়ল বালির ওপর । আমি লোকটার পিঠে, আমার দৃষ্টি ঘুরে গেছে ফেলুদার দিকে ।


একটা হাড়ে-হাড়ে সংঘর্ষের শব্দের সঙ্গে ফিকে আকাশের সামনে দেখলাম একটা ছায়ামূর্তি আরেকটা ছায়ামূর্তিকে ঘুঁসি মেরে ধরাশায়ী করল ।

ইতিমধ্যে লালমোহনবাবু এসে পড়েছেন, এবং এসেই মহা বিক্রমে আমার হাতে বন্দি লোকটার মাথা লক্ষ্য করে তাঁর হাতের ব্লান্ট ইনস্ট্রুমেন্টটা নিক্ষেপ করেছেন । একটা ভোঁতা শব্দে বোঝা গেল হাতিয়ার লক্ষ্যভ্রষ্ট হয়ে এখন বালিতে লুটোপুটি খাচ্ছে ।

‘ওকে নিয়ে আয় এদিকে !’

আমরা দুজনে লোকটার দুই পা ধরে বালির উপর দিয়ে হেঁচড়ে টেনে নিয়ে গেলাম যেখানে রয়েছে ওরা দুজন । ফেলুদা দাঁড়ানো, অন্য লোকটি চিত, ফেলুদার একটা পা তার পেটের উপর, আর অন্যটা ডান হাতের তেলোর উপর—যে হাত থেকে রিভলভারটা আলাগা হয়ে পড়ে আছে বালিতে ।

‘আপনার খুতনিতে ক্ষতচিহ্ন ছিল না, কিন্তু আজ থেকে থাকবে ।’



আমার ওয়াইল্ড লাইফ কথাটা মনে পড়ল। অদ্ভুত হিংস্র চেহারা নিয়ে টর্চের তীব্র আলোতে কপাল কুঁচকে ফেলুদার দিকে চেয়ে আছেন বিলাস মজুমদার, তাঁর বাঁ হাতে আঁকড়ানো রয়েছে লাল শালু দিয়ে মোড়া একটা পুঁথি।

ফেলুদা ঝুঁকে পড়ে এক ঝটকায় পুঁথিটা ছিনিয়ে নিয়ে নিজের ঝোলার মধ্যে রেখে দিল।

তারপর ওর টর্চ ঘুরে গেল আমাদের বন্দির দিকে।

‘আপনার থার্ড আই কী বলছে লক্ষ্মণবাবু ? শেষটায় এই ছিল আপনার কপালে ?’

অন্ধকার থেকে আরও লোক বেরিয়ে এসেছে।

‘আসুন মিঃ মহাপাত্র,’ ফেলুদা হাঁক দিল। —‘এঁদের দুজনকে তুলে দিচ্ছি আপনাদের হাতে, তবে কাজ ফুরোয়নি। আমরা হত্যাপুরীর বৈঠকখানায় একটু বসব। এঁরা দুজনও থাকবেন।’

চারজন কনস্টেবল এগিয়ে এসে বিলাসবাবু আর লক্ষ্মণবাবুকে তুলে নিল।

‘মহিমবাবু আছেন তো !’ ফেলুদা পিছনের অন্ধকারের দিকে ফিরে প্রশ্ন করল।

‘আছি বইকী।’

অন্ধকার থেকে সেই রহস্যজনক চতুর্থ ব্যক্তি বেরিয়ে এলেন। —‘বাবাও এসে পড়লেন বলে। ওই যে টর্চের আলো।’

‘কোনও চিন্তা নেই,’ বললেন, মিঃ মহাপাত্র, ‘মোড়া এনে রাখা হয়েছে ঘরে—সবাই বসতে পারবেন।’

লালমোহনবাবুর ‘বাইরেই তো বেশ—’ কথাটা কারুর কানে গেল কি না জানি না, কারণ সবাই রওনা দিয়েছে ভূজঙ্গ নিবাসের দিকে ।

১২

‘আসুন, মিঃ সেন, আপনার জন্যই ওয়েট করছি ।’

ফেলুদা এগিয়ে গেছে দরজার দিকে ।

মহিমবাবু তাঁর বাবাকে নিয়ে ঢুকলেন । তিনটে লণ্ঠন জ্বলছে ঘরের ভিতর । পুলিশের লোক ঝাড়পোঁছ করে ঘরের চেহারা ফিরিয়ে দিয়েছে ।

দুর্গাগতিবাবু আর মহিমবাবু দুটো পাশাপাশি মোড়ায় বসলেন ।

‘এই নিন আপনার কল্লসূত্র ।’

ফেলুদা সদ্য-পাওয়া পুঁথিটা দুর্গাগতিবাবুর হাতে দিলেন । ভদ্রলোক একটা স্বস্তির নিশ্বাস ফেলে তক্ষুনি আবার গভীর হয়ে গিয়ে উৎকণ্ঠার সুরে বললেন, ‘আর অন্যটা ?’

‘সেটার কথায় আসছি,’ বলল ফেলুদা । —‘আপনি একটু ধৈর্য ধরুন । আপনি আজ আবার ঘুমের ওষুধ খাননি তো ?’

‘পাগল ! ঘুমের ওষুধই তো আমার সর্বনাশ করল । কাল কী মিশিয়ে দিয়েছিল জলের সঙ্গে কে জানে ?’

দুর্গাগতিবাবু গভীর বিরক্তির ভাব করে পুলিশের হাতে বন্দি লক্ষ্মণ ভট্টাচার্যের দিকে চাইলেন ।

ফেলুদা বলল, ‘এত ভাল একজন অ্যালোপ্যাথ থাকতে আপনি এই হাতুড়ে হামবাগটিকে প্রশ্নই দিচ্ছিলেন কেন বলুন তো ?’

‘কী করব বলুন ! লোক যাচাই করার ক্ষমতা কি আর ছিল ? সবাই এত সুখ্যাৎ করলে, যেচে এল আমার কাছে, বললে নিজের গরজে আমাকে সারিয়ে দেবে । আরও বললে, ওর সন্ধানে ভাল পুঁথি আছে—জ্যোতিষশাস্ত্রের পুঁথি...’

‘ওই তো মুশকিল । পুঁথির কথা বললেই আপনার মন গলে যায় । যাই হোক ডায়াপিডে কাজ দিয়েছে তো ? লুপ্ত স্মৃতি ফিরিয়ে আনার পক্ষে ওটাই তো সবচেয়ে নতুন আর সবচেয়ে ভাল ওষুধ বলে ।’

‘আশ্চর্য ওষুধ,’ বললেন মিঃ সেন, ‘মুহূর্তে মুহূর্তে যেন স্মৃতির এক-একটা দরজা খুলে যাচ্ছে । সেনাপতি নিজে এসে ওষুধটা দিল বলেই তো হল । সেই যে আমার ডাক্তার সে কথাও তো ভুলে গিয়েছিলাম !’

‘তা হলে বলুন তো, এই ভদ্রলোককে চেনেন কি না ।’

ফেলুদা তার টর্চ ফেলল বিলাস মজুমদারের মুখে । দুর্গাগতিবাবু তাঁর দিকে কিছুক্ষণ চেয়ে থেকে বললেন, ‘কালকেই চিনেছিলাম গলার স্বর আর চাহনি থেকে । কেন যে তবু খটকা লাগছিল জানি না ।’

‘এঁর নামটা মনে পড়ছে ?’

‘পরিস্কার—যদি না উনি নাম ভাঁড়িয়ে থাকেন ।’

‘সরকার কি ?’ ফেলুদা প্রশ্ন করল ।

‘সরকার,’ সায় দিয়ে বললেন দুর্গাগতিবাবু । ‘পুরো নামটা কোনওদিন জানিনি ।’

‘লায়ার !’ চোখমুখ লাল করে চিৎকার করে উঠলেন অভিযুক্ত ভদ্রলোক । ‘পাসপোর্ট দেখতে চান আমার ?’

‘না, চাই না’—বরফের মতো ঠাণ্ডা গলায় বলল ফেলুদা। —‘আপনার মতো ধূর্ত লোকের পাসপোর্টের কী মূল্য ? কী আছে পাসপোর্টে ? বিলাস মজুমদার নাম আছে তো ? আর চেহারার বিশেষত্বের মধ্যে কপালের আঁচিলের কথা বলেছে ?—‘ডিসটিংগুইশিং মার্ক—মোল অন ফোরহেড’—এই তো ? তবে দেখুন—’

কথাটা বলেই ফেলুদা ভদ্রলোকের দিকে হনহনিয়ে এগিয়ে গিয়ে পকেট থেকে এক ঝটকায় একটা রুমাল বার করে সেটা দিয়ে একটা চাপড় মারল ভদ্রলোকের কপালে, আর তার ফলে কৃত্রিম আঁচিল কপাল থেকে খুলে ছিটকে গিয়ে পড়ল অন্ধকারে মেঝেতে।

‘আপনি বিলাস মজুমদার সম্বন্ধে অনেক খবর নিয়েছিলেন,’ ফেলুদা বলল দৃপ্তকণ্ঠে, ‘স্নো লেপোর্ডের ছবি তুলতে গিয়ে পাহাড় থেকে গড়িয়ে পড়া, কোন হাসপাতালে গিয়েছিল, কী কী হাড় ভেঙেছিল, গত মাস অবধি সে হাসপাতালে ছিল—এ সবই আপনি জানতেন। কিন্তু একটি সংবাদ আপনার কানে পৌঁছয়নি। খবরের কাগজে সেই সংবাদটাই আমি পড়েছিলাম, কিন্তু তেমন মন নিয়ে পড়িনি। খবরটা কালকে আমি পেয়েছি কাঠমাগুর বীর হাসপাতালের ডাঃ ভার্গবের কাছ থেকে। সেটা হল এই—বিলাস মজুমদারের সবচেয়ে মারাত্মক ইনজুরি হয়েছিল ব্রেনে। তিন সপ্তাহ আগে তাঁর মৃত্যু হয়েছে।’

লণ্ঠনের আলোতেও বুঝতে পারছি লোকটার মুখ কাগজের মতো সাদা হয়ে গেছে।

‘শুনুন মিঃ সরকার,’ ফেলুদা বলে চলল, ‘আপনার পেশা পাসপোর্টে লেখা যায় না। আপনার পেশা স্মাগলিং। নিজে সব সময় চুরি না করলেও, চোরাই মাল পাচার করেন আপনি। ভাতগাঁওয়ের প্যালেস মিউজিয়াম থেকে চুরি করা পুঁথি আপনার হাতে আসে কাঠমাগুতে। তার পরের ঘটনা যে কী, সেটা শুনুন মিস্টার সেনের মুখে।’

দুর্গাগতি সেনের চাহনিতে এমন কঠিন গাভীরে ভাব এর আগে দেখিনি। ভদ্রলোক বললেন :

‘কাঠমাগুতে একই হোটেলে ছিলাম এই ভদ্রলোক আর আমি। পাশাপাশি ঘর—একদিন ভুল করে আমার চাবি ওঁর ঘরে লাগিয়ে দেখি দরজা খুলে গেছে। ভেতরে উনি ছাড়া দুজন লোক, তাদের একজন বাস্ক থেকে একটা লাল মোড়ক বার করে ওঁকে দিচ্ছে। দেখেই বুঝলাম পুঁথি। খটকা লাগল। মাপ চেয়ে বেরিয়ে এলাম ঘর থেকে। সেই রাতে ঘুমের মধ্যে কী হল জানি না, জ্ঞান হল হাসপাতালে। মাথা ব্যাধ। এই ঘটনার আগের সব স্মৃতি মন থেকে মুছে গেছে ! হোটেলে খোঁজ করে আমার নাম-ঠিকানা পায়, এখানে খবর দেয়, নিশীথ গিয়ে আমাকে নিয়ে আসে। সাড়ে তিন মাস ছিলাম হাসপাতালে।’

‘আপনার না-জানা অংশ আমি বলছি,’ বলল ফেলুদা, ‘ভুল হলে মিঃ সরকার যেন শুধরে দেন।—আপনাকে সেই রাতে অজ্ঞান করে গাড়িতে নিয়ে তুলে শহরের বাইরে গিয়ে পাহাড়ের গা দিয়ে পাঁচশো ফুট নীচে ফেলে দেওয়া হয়। মিঃ সরকারের ধারণা ছিল আপনার মৃত্যু হয়েছে। ন মাস পরে হয়তো চোরাই মাল পাচার করতেই পুরীতে এসে ডি. জি. সেন নাম দেখে খটকা লাগে। আমার ধারণা আপনার বাড়ির একতলার বাসিন্দা গণৎকার লক্ষ্মণ ভট্টাচার্যের কাছ থেকে আপনার বর্তমান অবস্থা সম্পর্কে যাবতীয় ইনফরমেশন পান মিঃ সরকার। তাই নয় কি ?’

ঝিমিয়ে পড়া লক্ষ্মণ ভট্টাচার্য হঠাৎ যেন চাক্ষুষ হয়ে উঠলেন—‘এ সব কী বলছেন মশাই—উনি তো আপনাদের সঙ্গে প্রথম এলেন আমার বাড়িতে !’

‘বটে ?’—ফেলুদা এগিয়ে গেছে লক্ষ্মণ ভট্টাচার্যের দিকে। ‘তা হলে বলুন তো গণৎকার মশাই, পরিচয় হবার আগেই আপনি কেন ভদ্রলোককে তক্তপোশে বসতে বললেন আর আমাদের চেয়ার দেখিয়ে দিলেন ? উনিই যে বিলাস মজুমদার, আমি নই, সেটা আপনি কী

করে জানলেন ?’

এই এক প্রশ্নে লক্ষ্মণ ভট্টাচার্য আশ্চর্যভাবে কুঁকড়ে গেলেন ।

ফেলুদা বলে চলল, ‘আমার বিশ্বাস দুর্গাগতিবাবুর স্মৃতি লোপ পাবার কথাটা জেনে, এবং লক্ষ্মণ ভট্টাচার্যের সাহচর্যের প্রতিশ্রুতি পেয়ে, সরকার মশাইয়ের মনে পুঁথি চুরির আইডিয়াটা আসে । ভাল খদ্দেরও রয়েছে একই হোটеле—মিঃ হিঙ্গোরানি । কিন্তু এই ব্যাপারে তিনটে মুশকিল দেখা দেয় । প্রথমটা হল—একজন অবাক্তিত লোক মিঃ সরকারকে ধাওয়া করে এখানে এসে হাজির হয় । সে হল রূপচাঁদ সিং । ভারী মুশকিল, না, মিঃ সরকার ? যে গাড়িতে করে আপনি বেইশ মিঃস্টার সেনকে নিয়ে গেছিলেন পাহাড় থেকে ফেলে হত্যা করতে, তার ড্রাইভার—যাকে হয়তো আপনি ভালরকম ঘুষ দিয়েছিলেন—সে যদি হঠাৎ আরও লোভী হয়ে পড়ে, এবং আপনাকে ব্ল্যাকমেল করে হুমকি দিয়ে আরও টাকা আদায় করতে চায় ? ভারী মুশকিল ! তখন তাকে খতম করা ছাড়া আর রাস্তা থাকে কি ?’

‘মিথ্যে, মিথ্যে, মিথ্যে !’—মরিয়া হয়ে চিৎকার করে উঠলেন মিঃ সরকার ।

‘কিন্তু যদি প্রমাণ হয় যে তার মাথায় যে গুলিটা লেগেছিল সেটা আপনার এই রিভলভারটা থেকেই বেরিয়েছে, তা হলে ?’

মিঃ সরকার আবার নেতিয়ে পড়লেন । বেশ দেখতে পাচ্ছি যে ভদ্রলোকের সমস্ত শরীর ঘামে ভিজে গেছে । আমিও ঘামছি, তবে সেটা শ্বাসরোধ করা উভেজনা নয় । ফেলুদার খাতায় লেখা ছিল ‘কালোডাক’ । এখন বুঝতে পারছি সেটা হল ব্ল্যাকমেল । আমার পাশে লালমোহনবাবু যেন ফেনসিং ম্যাচ দেখছেন । কথার তলোয়ার খেলায় ফেলুদার জুড়ি নেই সেটা স্বীকার করতেই হবে । আর সে খেলা এখনও শেষ হয়নি ।

‘অতএব রূপচাঁদ সিং হল মাদারি নাস্তার ওয়ান,’ ফেলুদা বলে চলল । —‘এখন দ্বিতীয় মুশকিলে আসা যাক । সেটা হল শ্রীক্ষেত্রে গোয়েন্দার আগমন । ফেলু মিঃস্টারকে ধোঁকা না দিয়ে সরকার মশাইয়ের কার্যসিদ্ধি ছিল অসম্ভব । সেখানে বলব যে, বিলাস মজুমদারের ভূমিকায় নিজে একটা ব্লিশ করতে, এবং নিজের অপরাধ একজন স্মৃতিভ্রষ্ট অসহায় প্রৌড়ের স্কন্ধে চাপাতে, তিনি বেশ কিছুটা সফল হয়েছিলেন । এই সাফল্যই তাঁর মনে একটা বেপরোয়া ভাব এনে দেয় । পরিকল্পনা খুবই সহজ । পুঁথি এনে দিতে পারলে হিঙ্গোরানি কিনবেন ; সরাসরি মালিকের কাছ থেকে কেনার উপায় নেই, কারণ দুর্গাগতিবাবুর টাকার লোভ নেই এবং পুঁথিগুলি তাঁর প্রাণস্বরূপ । সুতরাং আলমারি থেকে পুঁথি বার করতে হবে । উপায় কী ? অতি সহজ । কাজটা করবেন লক্ষ্মণ ভট্টাচার্য, কারণ এ কাজ তিনি বেশ কিছুদিন থেকেই করে আসছেন । আগে পুরো টাকাটাই তিনি নিজে পকেটস্থ করেছেন ; এখানে টাকা অঙ্কটা অনেক বেশি, কাজেই সেটা অন্যের সঙ্গে শেয়ার করতে আপত্তি নেই । কিন্তু এখানে একজনের কথা একটু ভাবতে হবে । সেক্রেটারি নিশীথ বোস ।’

ফেলুদা থামল । তারপর লক্ষ্মণ ভট্টাচার্যের দিকে এগিয়ে গিয়ে বলল, ‘মঙ্গলা রোডে কীর্তনের কথা বলেছিলেন না আপনি ?’

লক্ষ্মণ ভট্টাচার্য একটা বেপরোয়া ভাব আনবার চেষ্টা করে বললেন, ‘মিথ্যে বলেছি ?’

‘না, মিথ্যে বলেননি,’ বলল ফেলুদা, ‘প্রতি সোমবার সেখানে কীর্তন হয় সেটা ঠিকই ! কিন্তু আপনি যে বলেছিলেন আপনি সেখানে যান, সেটা ঠিক না । আপনি কোনওদিন যাননি । আমি খোঁজ নিয়েছি । তবে এ বাড়ি থেকে একজন যেতেন । নিশীথ বোস । সোমবার বিকেলে পাঁচটা থেকে সাড়ে ছটা নিশীথবাবু বাড়ি থাকতেন না । চাকর থাকত । এই সোমবার অর্থাৎ গত কালও নিশীথবাবু ছিলেন না । চাকরটা অপদার্থ । তাকে ঘুষ দিয়ে হাত করা কিছুই না । আপনি দুপুরে মিঃ সেনের ঘুমের ওষুধের মাত্রা বাড়িয়ে দিয়ে সাড়ে

পাঁচটায় তাঁর ঘরে ঢুকে, বালিশের নীচ থেকে চাবি বার করে নিয়ে আলমারি থেকে পুঁথি বার করে নিয়ে যান। সেটা মিঃ সরকারের হাতে তুলে দিতে হবে। তার জন্য অ্যাপয়েন্টমেন্ট হয় ভুজঙ্গ নিবাসের বারান্দায়। আপনি অপেক্ষা করছিলেন সেখানে। আপনার জুতোর ছাপ, আপনার দেশলাইয়ের কাঠি ও আপনার পানের পিক তার সাক্ষ্য দিচ্ছে। কিন্তু এই সময় একটা অপ্রত্যাশিত ঘটনা ঘটে যায়।’

আমরা সবাই কাঠ। লক্ষ্মণ ভট্টাচার্য থর থর করে কাঁপছেন, কারণ মিঃ সরকার ছাড়া ঘরের সবাইয়ের দৃষ্টি এখন তাঁর দিকে।

ফেলুদা আবার শুরু করল— ‘একজন আমেরিকান ভদ্রলোক সাড়ে ছটায় আসবেন মিঃ সেনের পুঁথি দেখতে। তাই ছটার মধ্যে নিশীথবাবু ফিরে আসেন। হয়তো কতর্কে তখনও ঘুমোতে দেখে তাঁর সন্দেহ হয়। আলমারি খুলে দেখেন পুঁথির বদলে সাদা কাগজ। আপনি বাড়ি নেই। সন্দেহটা নিশ্চয়ই বাড়ে। বাইরে এসে দেখেন বালিতে পায়ের ছাপ। চলে আসেন ভুজঙ্গ নিবাসে। বলুন তো লক্ষ্মণবাবু, এই অবস্থায় তাকে কি বাঁচতে দেওয়া চলে? একটি ভোঁতা হাতিয়ার তো ছিল আপনার সঙ্গে, তাই না? তাই দিয়ে তাকে মেরে, লাশ সরিয়ে, সাগরিকায় ফিরে গিয়ে নিশীথবাবুর বাক্স বিছানা ভুজঙ্গ নিবাসে রেখে ইঠাৎ খেয়াল হয় হাতিয়ারে রক্ত লেগে আছে। তখন সেটা সমুদ্রের জলে ফেলতে গিয়ে পথে আমায় দেখে সেটা দিয়ে আমার মাথায় বাড়ি মেরে, তারপর সেটাকে জলে ফেলে দেন—তাই তো?’

ফেলুদা জানে যে এ-প্রশ্নের কোনও উত্তর নেই, কিন্তু তাও সে থামল, কারণ পরের প্রশ্নটায় জোর দেবার জন্য। আদিকালের পোড়ো বৈঠকখানার চার দেয়াল কাঁপিয়ে প্রশ্নটা করল সে—

‘কিন্তু তাতেও কি আপনার কার্যসিদ্ধি হয়েছিল?’

উত্তরটাও ফেলুদাই দিল, কারণ লক্ষ্মণ ভট্টাচার্যকে দেখে মনে হয়, তিনি বাক্যবাণে আধমরা।

‘না, তাতেও হয়নি। সে পুঁথি হিঙ্গোরানি পায়নি। মিঃ সরকারও পাননি। তাই অন্য পুঁথিটিকে সরাবার দরকার হয়েছিল আজকে। তার আগে, হয়তো কাল রাত্রেই, আপনি নিশীথবাবুর মায়ের অসুখের গল্পটি ফেঁদেছেন। কিন্তু প্রথম দিন এত করেও আপনার পরিশ্রম ব্যর্থ হল কেন সেটা এঁদের একটু বুঝিয়ে বলবেন? বলবেন না? তা হলে আমিই বলি—কারণ এত আশ্চর্য একটি ঘটনা বর্তমান অবস্থায় আপনার পক্ষে গুছিয়ে বলা সম্ভব না। আমি অনেক রহস্যের সমাধান করেছি কিন্তু বর্তমান রহস্যটি এতই অদ্ভুত ও অসামান্য যে, আমাকে বোকা বানিয়ে দিয়েছিল। ভোঁতা হাতিয়ারের কথা বলছিলাম, কিন্তু সেই ভোঁতা হাতিয়ার যে প্রজ্ঞাপারমিতার পুঁথি, তা আমি কী করে বুঝব? আপনার হাতে যে আর কিছুই ছিল না, তা আমি কী করে বুঝব! নিজের মাথায় কাঠের পাটার বাড়ি সত্ত্বেও আমি বুঝিনি। সেই রক্ত লাগা পুঁথি কেমন করে আপনি সরকারের হাতে তুলে দেবেন, আর সরকারই বা হিঙ্গোরানিকে দেবেন কেমন করে?’

‘হায়, হায়, হায়!’—দুর্গাগতি সেন দু হাত মাথায় দিয়ে উপুড় হয়ে পড়েছেন।—‘আমার এত সাধের পুঁথি শেষটায়—’

‘আপনাকে একটা কথা বলি মিস্টার সেন’—ফেলুদা দুর্গাগতিবাবুর দিকে এগিয়ে এসেছে—‘আপনি কি জানেন যে সমুদ্র মাঝে মাঝে দান গ্রহণ করে না, ফিরিয়ে দেয়? এমনকী তৎক্ষণাৎ ফিরিয়ে দেয়?’

এবার ফেলুদা তার ঝোলার ভিতর হাত ঢুকিয়ে টেনে বার করল আরেকটা শালুতে মোড়া

পুঁথি ।

‘এই নিন আপনার অষ্টসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা । এটাকে “নাই মামা” বলতে পারেন । শালু যেমন ছিল তেমনই আছে । পাটার রং ফিকে হয়ে গেছে, তবে লেখা যে খুব বেশি নষ্ট হয়েছে তা বলব না । কাপড় আর কাঠ ভেদ করে জল বেশি ঢুকতে পারেনি ।’

‘কিন্তু, কিন্তু—এ আপনি কেমন করে পেলেন মশাই !’ লালমোহনবাবু জিজ্ঞেস না করে পারলেন না ।

ফেলুদা বলল, ‘এই শালুটা আপনিও দেখেছিলেন আজ সকালে । রামাই নামে নুলিয়া বাচ্চাটি মাথায় জড়িয়ে বসে ছিল । দেখেই সন্দেহ হয় । নুলিয়া বস্তিতে গিয়ে খোঁজ করে আমি আজই সকালে এটা উদ্ধার করি । পুঁথিটা পেয়ে ছেলেটি তার মার কাছে দিয়ে আসে । শালুটা সে নিয়ে নেয়, পাটা আর পুঁথি ওদের ঘরেই সযত্নে রাখা ছিল । দশ টাকা দিয়ে কিনতে হয়েছে আমায় । মিঃ মহাপাত্র, মিঃ সরকারের পকেট থেকে পার্সটা নিয়ে তার থেকে দশটা টাকা বের করে দিন তো আমায় ।’

* * *

দুর্গাগতিবাবুর বাড়ির ছাত থেকে সমুদ্রটা যে আরও কত বিশাল দেখায় সেটা আজ ছাতের পাঁচিলের ধারে দাঁড়িয়ে বুঝতে পারলাম ।

কাল রাতে সব চুকে যাবার পর মিঃ সেন বার বার অনুরোধ করলেন, আমরা যেন সকালে তাঁর বাড়িতে এসে কফি খাই । মহিমবাবু রাতে বাপের সঙ্গেই থাকলেন, কারণ নিশীথবাবু নেই, চাকরটাও ঘুম খেয়ে পালিয়েছে । ফেলুদা কথা দিয়েছে, শ্যামলাল বারিককে বলে একজন চাকরের বন্দোবস্ত করে দেবে । রান্নার একটা লোক অবিশ্যি আছে ; সে-ই কফি করে এনেছে আমাদের জন্য, আর সে-ই ছাতে চেয়ার পেতে আমাদের বসবার জায়গা করে দিয়েছে ।

এখানে বলে রাখি, পুঁথি উদ্ধার করার জন্য ফেলুদা যা পারিশ্রমিক পেয়েছে, তাতে ওর গত তিন মাসের বসে থাকা পুষিয়ে গেছে । ও অবিশ্যি ওর স্বভাব অনুযায়ী প্রথমে টাকা নিতে আপত্তি করেছিল, কিন্তু শেষে বাপ-ছেলের পীড়াপীড়িতে চেক নিতেই হল । লালমোহনবাবু পরে বলেছিলেন, ‘আপনি না নিলে আপনার মাথায় আবার ব্রান্ট ইনস্ট্রুমেন্টের বাড়ি পড়ত, এবং সেটা মারতুম আমি । এ সব ব্যাপারে আপনার হ্যাঁ-না, না-হ্যাঁ ভাবটা ডিজগাসটিং ।’

কফি খেতে খেতেই ফেলুদা বলল, ‘আপনি কি জানেন মিঃ সেন, আমার কাছে সবচেয়ে বড় রহস্য ছিল আপনার গাউট ?’

দুর্গাগতিবাবু কপালে ভুরু তুলে বললেন, ‘কেন, এতে রহস্যের কী আছে ? বুড়ো মানুষের গাউট হতে পারে না ?’

‘কিন্তু গাউট নিয়েই তো আপনি সকাল-সন্ধ্যা সমুদ্রের ধারে দিব্যি হেঁটে বেড়ান । গোড়ায় এসে পায়ের ছাপ দেখেছি এবং মূর্খের মতো ভেবেছি সেটা বিলাস মজুমদারের ফুটপ্রিন্ট । কিন্তু কাল যে আপনাকে স্বচক্ষে দেখলাম ।’

‘তাতে কী প্রমাণ হল মিঃ মিস্ত্রি ? গাউটের যন্ত্রণা যে সর্বক্ষণ স্থায়ী, এমন তো নয় ।’

‘কিন্তু আপনার পায়ের ছাপ যে অন্য কথা বলছে, মিঃ সেন । সে কথাটা কাল রাতে বলিনি, কারণ আমার বিশ্বাস কথাটা আপনি গোপন রাখতে চান । কিন্তু মুশকিল হচ্ছে কী, গোয়েন্দার কাছ থেকে যে সব কিছু গোপন রাখা যায় না । আপনার বাঁ হাতের লাঠিটাই যে

শুধু তাৎপর্যপূর্ণ তা তো নয়, আপনার দুটো জুতোর ছাপে যে বেমিল রয়েছে ।’

দুর্গাগতিবাবু চুপ করে চেয়ে আছেন ফেলুদার দিকে । ফেলুদা বলে চলল, ‘সেদিন কাঠমাণ্ডুর বীর হাসপাতালে ফোন করে বিলাস মজুমদারের ইনজুরির ব্যাপারটা কনফার্মড হয় । সেখানে ওই সময়ে পাহাড় থেকে পড়ে জখম হওয়া আর কোনও পেশেন্ট আসেনি । শেষে গাইড বৃকে দেখলাম কাঠমাণ্ডুর কাছেই পাটানে আরেকটা হাসপাতাল আছে—শান্তা ভবন । সেখানে ফোন করে জানি যে দুর্গাগতি সেন অক্টোবর থেকে জানুয়ারির গোড়া পর্যন্ত সেখানে ছিলেন । আপনার ইনজুরির বর্ণনাও তারা দিল ।’

দুর্গাগতিবাবুর মুখের চেহারা পালটে গেছে । একটুক্ষণ চুপ থেকে দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘নিশীথ জানত যে আমি ব্যাপারটা কাউকে জানতে দিতে চাই না । সকালে কেউ আসার থাকলে ও-ই ব্যান্ডেজ বেঁধে দিত, আর জিঞ্জেস করলে বলত গাউট । আজ মহিম বেঁধে দিয়েছে ব্যান্ডেজ । এ জিনিস আমি প্রচার করতে চাইনি, মিঃ মিস্ত্রি । একটা মহামূল্য পুঁথি হারানোর চেয়ে এটা কিছু কম ট্রাজিক নয় । কিন্তু আপনি যখন বুঝেই ফেলেছেন—’

দুর্গাগতিবাবু তাঁর বাঁ পায়ের ট্রাউজারটা বেশ খানিকটা তুলে ফেললেন ।

অবাক হয়ে দেখলাম ব্যান্ডেজটা শুধু গোড়ালির ইঞ্চি তিনেক উপর অবধি । তার উপরে আসল পায়ের বদলে রয়েছে কাঠ আর প্লাস্টিকে তৈরি যান্ত্রিক পা !



গোলকধাম রহস্য

‘জয়দ্রথ কে ছিল?’

‘দুর্যোধনের বোন দুঃশলার স্বামী।’

‘আর জরাসন্ধ?’

‘মগধের রাজা।’

‘ধৃষ্টদ্যুম্ন?’

‘দ্রৌপদীর দাদা।’

‘অর্জুন আর যুধিষ্ঠিরের শাখের নাম কী?’

‘অর্জুনের দেবদত্ত, যুধিষ্ঠিরের অনন্তবিজয়।’

‘কোন অস্ত্র ছুঁড়লে শক্ররা মাথা গুলিয়ে সেমসাইড করে বসে?’

‘ত্বষ্টি।’

‘ভেরি গুড।’

যাক বাবা, পাশ করে গেছি! ইদানীং রামায়ণ-মহাভারত হল ফেলুদার যাকে বলে স্টেপল রিডিং। সেই সঙ্গে অবিশ্যি আমিও পড়ছি। আর তাতে কোনও আপশোস নেই। এ তো আর ওষুধ গেলা না, এ হল একধার থেকে ননস্টপ ভূরিভোজ। গল্পের পর গল্পের পর গল্প। ফেলুদা বলে ইংরিজিতে বইয়ের বাজারে আজকাল একটা বিশেষণ চালু হয়েছে—আনপুটডাউনেবল। যে বই একবার পড়ব বলে পিকআপ করলে আর পুট ডাউন করবার জো নেই। রামায়ণ-মহাভারত হল সেইরকম আনপুটডাউনেবল। ফেলুদার হাতে এখন কালীপ্রসন্ন সিংহের মহাভারতের দ্বিতীয় খণ্ড। আমারটা অবিশ্যি কিশোর সংস্করণ। লালমোহনবাবু বলেন ওঁর নাকি

কৃষ্ণিবাসী রামায়ণের অনেকখানি মুখস্থ; ওঁর ঠাকুমা পড়তেন, সেই শুনে শুনে মুখস্থ হয়ে গেছে। আমাদের বাড়িতে কৃষ্ণিবাসের রামায়ণ নেই; ভাবছি একটা জোগাড় করে জটায়ুর স্মরণশক্তিটা পরীক্ষা করে দেখব। ভদ্রলোক আপাতত ঘরবন্দি অবস্থায় পুজোর উপন্যাস লিখছেন, তাই লেখা-সাক্ষাৎটা একটু কম।

বই থেকে মুখ তুলে রাস্তার দরজাটার দিকে চাইতে হল ফেলুদাকে। কলিং বেল বেজে উঠেছে। হিজলীতে একটা খুনের রহস্য সমাধান করে গত শুক্রবার ফিরেছে ফেলুদা। এখন আয়েশের মেজাজ, তাই বোধহয় বেলের শব্দে তেমন আগ্রহ দেখাল না। ও যা পারিশ্রমিক নেয় তাতে মাসে একটা করে কেস পেলেই ওর দিব্যি চলে যায়। জটায়ুর ভাষায় ফেলুদার জীবনযাত্রা ‘সেন্ট পাসেন্ট অনাডম্বর’। এখানে বলে রাখি, জটায়ুর জিভের সামান্য জড়তার জন্য ‘অনাডম্বর’টা মাঝে মাঝে ‘অনারম্বর’ হয়ে যায়। সেটা শোধরাবার জন্য ফেলুদা ওঁকে একটা সেনটেন্স গড়গড় করে বলা অভ্যেস করতে বলেছিল; সেটা হল—‘বারো হাঁড়ি রাবড়ি বড় বাড়াবাড়ি।’ ভদ্রলোক একবার বলতে গিয়েই চারবার হোঁচট খেয়ে গেলেন।

ফেলুদা বলে, ‘নতুন চরিত্র যখন আসবে, তখন গোড়াতেই তার একটা মোটামুটি বর্ণনা দিয়ে দিবি। তুই না দিলে পাঠক নিজেই একটা চেহারা কল্পনা করে নেবে; তারপর হয়তো দেখবে যে তোর বর্ণনার সঙ্গে তার কল্পনার অনেক তফাত।’ তাই বলছি, ঘরে যিনি ঢুকলেন তাঁর রং ফরসা, হাইট আন্দাজ পাঁচ ফুট ন’ ইঞ্চি, বয়স পঞ্চাশ-টঞ্চাশ, কানের দুপাশের চুল পাকা, থুতনির মাঝখানে একটা আঁচিল, পরনে ছাই রঙের সাফারি স্ট্রট। ঘরে ঢুকে যেভাবে গলা খাঁকরালেন তাতে একটা ইতস্তত ভাব ফুটে ওঠে, আর খাঁকরানির সময় ডান হাতটা মুখের কাছে উঠে আসাতে মনে হল ভদ্রলোক একটু সাহেবিভাবাপন্ন।

‘সরি, অ্যাপয়েন্টমেন্ট করে আসতে পারিনি,’ সোফার এক পাশে বসে বললেন আগন্তুক—‘আমাদের ওদিকে রাস্তা খোঁড়াখুঁড়িতে লাইনগুলো সব ডেড।’

ফেলুদা মাথা নাড়ল। খোঁড়াখুঁড়িতে শহরের কী অবস্থা সেটা আমাদের সকলেরই জানা আছে।

‘আমার নাম সুবীর দত্ত।’—গলার স্বরে মনে হয় দিব্যি টেলিভিশনে খবর পড়তে পারেন। ‘ইয়ে, আপনিই তো প্রাইভেট ইনভেস্—’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আমি এসেছি আমার দাদার ব্যাপারে।’

ফেলুদা চুপ। মহাভারত বন্ধ অবস্থায় তার কোলের উপরে, তবে একটা বিশেষ জায়গায় আঙুল গোঁজা রয়েছে।

‘অবিশ্যি তার আগে আমার পরিচয়টা একটু দেওয়া দরকার। আমি করবেট অ্যান্ড নরিস কোম্পানিতে সেলস এগজিকিউটিভ। ক্যামাক স্ট্রিটের দীনেশ চৌধুরীকে বোধহয় আপনি চেনেন; উনি আমার কলেজের সহপাঠী ছিলেন।’

দীনেশ চৌধুরী ফেলুদার একজন মক্কেল সেটা জানতাম।

‘আই সি’ ভীষণ সাহেবি কায়দায় গম্ভীর গলায় বলল ফেলুদা। ভদ্রলোক এবার তাঁর দাদার কথাই চলে গেলেন—

‘দাদা এককালে বায়োকেমিস্ট্রিতে খুব নাম করেছিলেন। নীহার দত্ত। ভাইরাস নিয়ে রিসার্চ করছিলেন। এখানে নয়, আমেরিকায়। মিশিগ্যান ইউনিভার্সিটিতে। ল্যাবরেটরিতে কাজ করতে করতে একটা এক্সপ্লোশন হয়। দাদার প্রাণ নিয়ে টানাটানি হয়; কিন্তু শেষে ওখানকারই হাসপাতালের এক ডাক্তার ওঁকে বাঁচিয়ে তোলে। তবে চোখ দুটোকে বাঁচানো যায়নি।’

‘অন্ধ হয়ে যান?’

‘অন্ধ। সেই অবস্থায় দাদা দেশে ফিরে আসেন। ওখানে থাকতেই একজন আমেরিকান মেয়েকে বিয়ে করেন; অ্যান্ড্রিডেন্টের পর মহিলা দাদাকে ছেড়ে চলে যান। তারপর আর দাদা বিয়ে করেননি।’

‘তাঁর গবেষণাও তো তা হলে শেষ হয়নি?’

‘না। সেই দুঃখেই হয়তো দাদা প্রায় মাস ছয়েক কারওর সঙ্গে কথা বলেননি। আমরা ভেবেছিলাম হয়তো মাথা খারাপ হয়ে গেছে। শেষে ক্রমে মোটামুটি স্বাভাবিক অবস্থায় ফিরে আসেন।’

‘এখন কী অবস্থা?’

‘বিজ্ঞানে এখনও উৎসাহ আছে সেটা বোঝা যায়। একটি ছেলেকে রেখেছেন—ওঁর হেলপার বা সেক্রেটারি বলতে পারেন—সেও বায়োকেমিস্ট্রির ছাত্র ছিল—তার একটা কাজ হচ্ছে সায়েন্স ম্যাগাজিন থেকে প্রবন্ধ পড়ে শোনানো। এমনিতে যে দাদা একেবারে হেলপলেন্স তা নন; বিকেলে আমাদের বাড়ির ছাতে একাই লাঠি হাতে পায়চারি করেন। এমনকী বাড়ির বাইরেও রাস্তার মোড় পর্যন্ত একাই মাঝে মাঝে হেঁটে আসেন। বাড়িতে এঘর ওঘর করার সময় ওঁর কোনও সাহায্যের দরকার হয় না।’

‘ইনকাম আছে কিছু?’

‘বায়োকেমিস্ট্রির উপর দাদার একটা বই বেরিয়েছিল আমেরিকা থেকে, তার থেকে একটা রোজগার আছে।’

‘ঘটনাটা কী?’

‘আজ্ঞে?’

‘মানে, আপনার এখানে আসার কারণটা...’

‘বলছি।’

পকেট থেকে একটা চুরুট বের করে ধরিয়ে নিয়ে ধোঁয়া ছেড়ে বললেন সুবীর দত্ত—

‘দাদার ঘরে কাল রাত্তিরে চোর এসেছিল।’

‘সেটা কী করে বুঝলেন?’

ফেলুদা এতক্ষণে হাত থেকে মহাভারত নামিয়ে সামনের টেবিলের উপর রেখে প্রশ্নটা করল।

‘দাদা নিজে বোঝেননি। ওঁর চাকরটাও যে খুব বুদ্ধিমান তা নয়। নটর সময় ওঁর সেক্রেটারি এসে ঘরের চেহারা দেখে ব্যাপারটা বুঝতে পারে। ডেস্কের দুটো দেরাজই আধখোলা, কাগজপত্র কিছু মেঝেতে ছড়ানো, ডেস্কের উপরের জিনিসপত্র ওলটপালট, এমনকী গোদরেজের আলমারির চাবির চারপাশে ঘষটানোর দাগ; বোঝাই যায় কেউ আলমারিটা খোলার চেষ্টা করেছে।’

‘আপনাদের পাড়ায় চুরি হয়েছে ইদানীং?’

‘হয়েছে। আমাদের বাড়ির দুটো বাড়ি পরে। পাড়ায় এখন দুটো পুলিশের লোক টহল দেয়। পাড়া বলতে বালিগঞ্জ পার্ক। আমাদের বাড়িটা প্রায় আশি বছরের পুরনো। ঠাকুরদার তৈরি। খুলনায় জমিদারি ছিল আমাদের। ঠাকুরদা চলে আসেন কলকাতায় এইটিন নাইনটিতে। রাসায়নিক যন্ত্রপাতি ম্যানুফ্যাকচারিং-এর ব্যবসা শুরু করেন। কলেজ স্ট্রিটে বড় দোকান ছিল আমাদের। বাবাও চালিয়েছিলেন কিছুদিন ব্যবসা। বছর ত্রিশেক আগে উঠে যায়।’

‘আপনার বাড়িতে এখন লোক ক’জন?’

‘আগের তুলনায় অনেক কম। বাবা-মা দুজনেই মারা গেছেন। আমার স্ত্রীও, সেভেনটি ফাইভে। আমার দুটি মেয়ের বিয়ে হয়ে গেছে, বড় ছেলে জার্মানিতে। এখন মেস্বার বলতে

আমি, দাদা, আর আমার ছোট ছেলে। দুটি চাকর আর একটি বাগার লোক আছে। আমরা নেতলায় থাকি। একতলাটা দুভাগ করে ভাড়া দিয়েছি।’

‘কারা থাকে সেখানে?’

‘সামনের ফ্ল্যাটটাতে থাকেন মিঃ দস্তুর। ইলেকট্রিক্যাল গুডসের ব্যবসা। পিছনে থাকেন মিঃ সুখওয়ানি, অ্যান্টিকের দোকান আছে লিভসে স্টিতে।’

‘এদের ঘরে চোর ঢোকেনি? শুনে তো বেশ অবস্থাপন্ন বলে মনে হয়।’

‘পয়সা তো আছেই। ফ্ল্যাটগুলোর ভাড়া আড়াই হাজার করে। সুখওয়ানির ঘরে দামি জিনিস আছে বলে ও দরজা বন্ধ করে শোয়। দস্তুর বলে বন্ধ ঘরে ওর সাফোকেশন হয়।’

‘চোর আপনার দাদার ঘরে ঢুকেছিল কী নিতে অনুমান করতে পারেন?’

‘দেখুন, দাদার অসমাপ্ত গবেষণার কাগজপত্র দাদার আলমারিতেই থাকে, আর সেগুলো যে অত্যন্ত মূল্যবান তাতে কোনও সন্দেহ নেই। অবিশ্যি সাধারণ চোর আর তার মূল্য কী বুঝবে। আমার ধারণা চোর টাকা নিতেই ঢুকেছিল। অন্ধ লোকের ঘরে চুরির একটা সুবিধে আছে সেটা তো বুঝতেই পারেন?’

‘বুঝেছি’ বলল ফেলুদা ‘অন্ধ মানে বোধহয় ব্যাক অ্যাকাউন্ট নেই, কারণ চেক সই করা তো...’

‘ঠিক বলেছেন। বই বাবদ দাদা যা টাকা পান সব আমার নামে আসে। আমার অ্যাকাউন্টে জমা পড়ে। তারপর আমি চেক কেটে টাকা তুলে দাদাকে দিয়ে দিই। সেই ব্যাঙ্কের টাকা সব ওই গোদরেজের আলমারিতেই থাকে। আমার আন্দাজ হাজার ত্রিশেক টাকা ওই আলমারিতে রয়েছে।’

‘চাবি কোথায় থাকে?’

‘যতদূর জানি, দাদার বালিশের নীচে। বুঝতেই পারছেন, দাদা অন্ধ বলেই দৃষ্টিস্তা। রাত্তিরে নরজা খুলে শোন, চৌকাঠের বাইরে শোয় চাকর কৌমুদী—যাতে মাঝরাত্তিরে প্রয়োজনে ডাক নিলে আসতে পারে। ধরুন যদি তেমন বেরোয়া চোর হয়, আর চাকরের ঘুম না ভাঙে, তা হলে তো দাদার আত্মরক্ষার কোনও উপায় থাকে না। অথচ পুলিশে উনি খবর দেবেন না। বলেন ওরা কেবল জানে জেরা করতে, কাজের বেলায় ঢুট, সব ব্যাটা ঘুষখোর ইত্যাদি। তাই আপনার কথা বলতে উনি রাজি হলেন। আপনি যদি একবারটি আমাদের বাড়িতে আসেন, তা হলে অন্তত প্রিভেনশনের ব্যাপারে কী করা যায় সেটা একটু ভেবে দেখতে পারেন। এমনকী বাইরের চোর না ভেতরের চোর সেটাও একবার—’

‘ভেতরের চোর?’

আমি আর ফেলুদা দুজনেই উৎকর্ণ মানে কান খাড়া।

ভদ্রলোক চুরটের ছাই অ্যাশট্রেতে ফেলে গলাটা যতটা পারা যায় খাদে নামিয়ে এনে বললেন, ‘দেখুন মশাই, আমি স্পষ্টবক্তা। আপনার কাছে যখন এসেছি, তখন জানি ঢেকেঢুকে কথা বললে আপনার কোনও সুবিধে হবে না। প্রথমত আমাদের দু’জন ভাড়াটের একটিকেও আমার খুব পছন্দ না। সুখওয়ানি এসেছে বছর তিনেক হল। আমি নিজে জানি না, কিন্তু যারা পুরনো আর্টের জিনিস-টিনিস কেনে তেমন লোকের কাছে শুনেছি সুখওয়ানি লোকটা সিধে নয়। পুলিশের নজর আছে ওর ওপর।’

‘আর অন্য ভাড়াটে?’

‘দস্তুর এসেছে মাস চারেক হল। ও ঘরটায় আমার বড় ছেলে থাকত সে পার্মানেন্টলি দেশের বাইরে। ডুসেলডর্ফে একটা ইঞ্জিনিয়ারিং ফার্মে চাকরি করে জার্মান মেয়ে বিয়ে করেছে। দস্তুর লোকটা সম্বন্ধে বদনাম শুনি নি তবে সে এত অতিরিক্ত রকম চাপা যে সেটাই সন্দেহের কারণ হয়ে দাঁড়ায়। আর, ইয়ে—’

ভদ্রলোক থামলেন। তারপর বাকি কথাটা বললেন মুখ নামিয়ে, দৃষ্টি ছাইদানিটার দিকে রেখে।

‘শঙ্কর, আমার ছোট ছেলে, একেবারে সংস্কারের বাইরে চলে গেছে।’

ভদ্রলোক আবার চুপ। ফেলুদা বলল, ‘কত বড় ছেলে?’

‘তেইশ বছর বয়স। গত মাসে জন্মতিথি গেল, যদিও তার মুখ দেখিনি সেদিন।’

‘কী করে?’

‘নেশা, জুয়া, ছিনতাই, গুণাগিরি কোনওটাই বাদ নেই। পুলিশের খপ্পরে পড়েছে তিনবার। আমাকেই গিয়ে ছাড়িয়ে আনতে হয়েছে। আমাদের পরিবারের একটা খ্যাতি আছে সেটা তো বুঝতেই পারছেন, তাই নাম করলে এখনও কিছুটা ফল পাওয়া যায়। কিন্তু সে নাম আর কদিন টিকবে জানি না।’

‘চোর যেদিন আসে সেদিন ও বাড়িতে ছিল?’

‘রাস্তিরে খেতে এসেছিল—সেটাও রোজ আসে না—তারপর আর দেখিনি।’

ঠিক হল আজই বিকেলে আমরা একবার যাব বালিগঞ্জ পার্কে। কেসটাকে এখনও ঠিক কেস বলা যায় না, কিন্তু আমি জানি বিস্ফোরণে অন্ধ হয়ে যাওয়া বৈজ্ঞানিকের ব্যাপারটা ফেলুদার মন টেনেছে। তার মাথায় নিশ্চয়ই ঘুরছে ধূতরাষ্ট্র।

খবরের কাগজের কাটিং-এর বাইশ নম্বর খাতা থেকে মিশিগ্যান বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরিতে বিস্ফোরণে উদীয়মান বাঙালি জীবরাসায়নিক নীহাররঞ্জন দত্ত-র চোখ নষ্ট হয়ে যাওয়ার খবরটা খুঁজে বার করে দিতে সিধু জ্যাঠার লাগল সাড়ে তিন মিনিট। তার মধ্যে অবিশ্যি দুমিনিট গেল ফেলুদা অ্যাড্বিন ডুব মেরে থাকার জন্য তাকে ধমকানিতে। সিধু জ্যাঠা আমাদের সত্যি জ্যাঠা না হলেও আত্মীয়ের বাড়ি। কোনও অতীতের ঘটনার বিষয় জানতে হলে ফেলুদা ন্যাশনাল লাইব্রেরিতে না গিয়ে সিধু জ্যাঠার কাছে যায়। তাতে কাজ হয় অনেক বেশি তাড়াতাড়ি আর অনেক বেশি ফুর্তিতে।

ফেলুদা প্রসঙ্গটা তুলতেই সিধু জ্যাঠা ভুরু কুঁচকে বললেন, ‘নীহার দত্ত? যে ভাইরাস নিয়ে রিসার্চ করছিল? এক্সপ্লোশনে চোখ হারায়?’

বাপরে বাপ!—কী স্মৃতিশক্তি! বাবা বলেন শ্রুতিধর। ফেলুদা বলে ফোটোগ্রাফিক মেমরি; একবার কোনও ইন্টারেস্টিং খবর পড়লে বা শুনলে তৎক্ষণাৎ মগজে চিরকালের মতো ছাপা হয়ে যায়। ‘—কিন্তু সে তো একা ছিল না?’

এ খবরটা নতুন।

‘একা ছিল না মানে?’ ফেলুদা প্রশ্ন করল।

‘তার মানে, যদূর মনে পড়েছে—’ সিধু জ্যাঠা ইতিমধ্যে তাঁর বুকশেলফের সামনে গিয়ে খবরের কাটিং-এর খাতা টেনে বার করেছেন—‘এই গবেষণায় তাঁর একজন পার্টনার ছিল—হ্যাঁ এই যে।’

বাইশ নম্বর খাতার একটা পাতা খুলে সিধু জ্যাঠা খবরটা পড়লেন। ১৯৬২-র খবর। তাতে জানা গেল যে নীহার দত্তের গবেষণার ব্যাপারে তাঁর সঙ্গে কাজ করছিলেন আরেকটি বাঙালি বায়োকেমিস্ট, নাম সুপ্রকাশ চৌধুরী। অ্যাক্সিডেন্টে চৌধুরীর কোনও ক্ষতি হয়নি, কারণ সে ছিল ঘরের অন্য দিকে। এই চৌধুরীর জন্যই নাকি নীহার দত্ত নিশ্চিত মৃত্যুর হাত থেকে রেহাই পেয়েছিলেন, কারণ আশুন নেবানো ও তৎক্ষণাৎ নীহার দত্তকে হাসপাতালে পাঠানোর ব্যবস্থাটা চৌধুরীই করেন।

‘এই চৌধুরী এখন—?’

‘তা জানি না,’ বললেন সিধু জ্যাঠা। ‘সে খবর আমার কাছে পাবে না। এদের জীবনে



1991/92/93

উল্লেখযোগ্য কিছু ঘটলে যদি সেটা খবরের কাগজে স্থান পায় তবেই সেটা আমার নজরে আসে। আমি যেচে কারুর খবর নিই না। কী দরকার? আমার খবর কজন নেয় যে ওদের খবর আমি নেব? তবে এটা ঠিক যে, এই চৌধুরী যদি বিজ্ঞানের জগতে সাড়া জাগানো একটা কিছু করত, তা হলে সে খবর আমি নিশ্চয়ই পেতাম।’

২

সাতের এক বালিগঞ্জ পার্কের বাড়িতে যে বয়সের ছাপ পড়েছে সেটা আর বলে দিতে হয় না। এটাও ঠিক যে বাড়ির মালিকের যদি সে ছাপ ঢাকবার ক্ষমতা থাকত, তা হলে ঢাকা পড়ত নিশ্চয়ই। তার মানে বোঝা যাচ্ছে যে দত্ত পরিবারের অবস্থা এখন খুব একটা ভাল নয়। বাগানটা বোধহয় বাড়ির পিছন দিকে। সামনে একটা গোল ঘাসের চাকতির উপর একটা অকেজো ফোয়ারা, সেই গোলের দুপাশ দিয়ে নুড়িবেছানো রাস্তা চলে গেছে গাড়িবারান্দার দিকে। গেটের গায়ে শ্বেতপাথরের ফলকে ‘গোলোকধাম’ দেখে ফেলুদা কৌতুহল প্রকাশ করাতে সুবীরবাবু বললেন যে ওঁর ঠাকুরদাদার নাম ছিল গোলোকবিহারী দত্ত। বাড়িটা তিনিই তৈরি করেছিলেন।

গোলোকধাম যে এককালে দারুণ বাড়ি ছিল সেটা এখনও দেখলে বোঝা যায়। গাড়িবারান্দা থেকে তিন ধাপ সিঁড়ি উঠে শ্বেতপাথরের বাঁধানো ল্যান্ডিং-এর বাঁ দিক দিয়ে শ্বেতপাথরের সিঁড়ি দোতলায় উঠে গেছে। সামনে একটা দরজা দিয়ে ভিতরে করিডর দেখা যাচ্ছে, তার ডান দিকে নাকি পর পর দুটো ফ্ল্যাট। বাঁ দিকে একটা প্রকাণ্ড হলঘর, যেটা দত্তরা ভাড়া দেননি। এই ঘরে নাকি এককালে অনেক থানাপিনা গানবাজনা হয়েছে।

হলঘরের ঠিক ওপরেই হল দোতলার বৈঠকখানা। আমরা সেখানেই গিয়ে বসলাম। মাথার ওপর কাপড়ে মোড়া চিরকালের মতো অকেজো ঝাড়লিষ্ঠন, তার যে কত ডালপালা তার ঠিক নেই। একদিকে দেয়াল গিস্ট-করা ফ্রেমে বিশাল আয়না, সুবীরবাবু বললেন সেটা বেলজিয়াম থেকে আনানো। মেঝেতে পুরু গালিচার এখানে ওখানে খুবলে গিয়ে দাবার ছকের মতো সাদা-কালো শ্বেতপাথরের মেঝেটা বেরিয়ে পড়েছে।

সুবীরবাবু সুইচ টিপে একটা স্ট্যান্ডার্ড ল্যাম্প জ্বালিয়ে দিতে ঘরের অন্ধকার খানিকটা দূর হল। আমরা সোফায় বসতে যাব, এমন সময় বাইরের করিডর থেকে একটা শব্দ পাওয়া গেল—খট্ খট্ খট্ খট্।

লাঠি আর চটি মেশানো শব্দ।

শব্দটা চৌকাঠের বাইরে এসে মুহূর্তের জন্য থামল, আর তার পরেই লাঠির মালিকের প্রবেশ। সেই সঙ্গে আমরা তিনজনেই দণ্ডায়মান।

‘অচেনা গলার আওয়াজ পেলাম—এঁরা এলেন বুঝি?’

গম্ভীর গলা, ছফুট লম্বা চেহারার সঙ্গে সম্পূর্ণ মানানসই। এনার চুল সব পাকা, কিছুটা এলোমেলো, চোখে কালো চশমা, পরনে আদির পাঞ্জাবি আর সিল্কের পায়জামা। বিশ্লেষণ যে শুধু চোখই নষ্ট করেনি, মুখের অন্যান্য অংশেও যে তার ছাপ রেখে গেছে, সেটা ল্যাম্পের চাপা আলোতেও বোঝা যাচ্ছে।

সুবীরবাবু দাদাকে সাহায্য করতে এগিয়ে এলেন।—‘বোসো, দাদা।’

‘বসছি। আগে এঁদের বসাও।

‘নমস্কার,’ ফেলুদা বলল, ‘আমার নাম প্রদোষ মিত্র। আমার বাঁ পাশে আমার কাজিন তপেশ।’

আমিও খাটো গলায় একটা নমস্কার বলে দিলাম। শুধু হাত জোড় করাটা তো অন্ধ লোকের কাছে মাঠে মারা যাবে।

‘আমারই মতো হাইট বলে মনে হচ্ছে মিস্তির মশাইয়ের, আর কাজিন বোধ করি পাঁচ সাত কি সাড়ে সাত।’

‘আমি পাঁচ সাত’, বলে ফেললেন তপেশরঞ্জন মিত্র।

মনে মনে ভদ্রলোকের আন্দাজের তারিফ না করে পারলাম না।

‘বসুন এবং বোসো’ বলে ভাইয়ের সাহায্য না নিয়েই আমাদের সামনের সোফায় বসে পড়লেন নীহার দত্ত।—‘চায়ের কথা বলেছ?’

‘বলেছি’, বললেন সুবীর দত্ত।

ফেলুদা অভ্যাসমতো ভনিতা না করে সোজা কাজের কথায় চলে গেল।

‘আপনি যে রিসার্চ করছিলেন, সে ব্যাপারে বোধ হয় আপনার একজন পার্টনার ছিল, তাই না?’

সুবীরবাবুর উসখুসে ভাব দেখে বুঝলাম যে এ ব্যাপারটা তিনিও জানতেন, এবং আমাদের না বলার জন্য অপ্রস্তুত বোধ করেছেন।

‘পার্টনার নয়,’ বললেন নীহার দত্ত—‘অ্যাসিস্ট্যান্ট সুপ্রকাশ চৌধুরী। সে আমেরিকাতেই পড়াশুনা করেছিল। পার্টনার বললে বেশি বলা হবে। আমাকে ছাড়া তার এগোনোর পথ ছিল না।’

‘তিনি এখন কোথায় বা কী করছেন সে খবর জানেন?’

‘না।’

‘অ্যাক্সিডেন্টের পর তিনি আপনার সঙ্গে যোগাযোগ রাখেননি?’

‘না। এটুকু বলতে পারি যে তার একাগ্রতার অভাব ছিল। বায়োকেমিস্ট্রি ছাড়াও অন্য পাঁচ রকম ব্যাপারে তার ইন্টারেস্ট ছিল।’

‘বিস্ফোরণটা কি অসাবধানতার জন্য হয়?’

‘আমি নিজে সজ্ঞানে কখনও অসাবধান হইনি।’

চা এল। ঘরটা কেমন যেন থমথম করছে। সুবীরবাবুর দিকে আড়চোখে দেখলাম। তাঁরও যেন তটস্থ ভাব। ফেলুদা একদৃষ্টে চেয়ে আছে কালো চশমার দিকে।

চায়ের সঙ্গে শিঙাড়া আর রাজভোগ। আমি প্লেটটা হাতে তুলে নিলাম। ফেলুদার যেন ষাওয়ার ব্যাপারে কোনও আগ্রহ নেই। ও একটা চারমিনার ধরিয়ে নিয়ে বলল—

‘আপনি যে ব্যাপারটা নিয়ে গবেষণা করছিলেন, সেটা তা হলে অসমাপ্তই রয়ে গেছে!’

‘সে দিকে কেউ অগ্রসর হলে খবর পেতাম নিশ্চয়ই।’

‘সুপ্রকাশবাবু সে নিয়ে আর কোনও কাজ করেননি সেটা আপনি জানেন?’

‘এটুকু জানি যে আমার নোটস ছাড়া তার কিছু করার ক্ষমতা ছিল না। গবেষণার শেষপর্বের নোটস আমার কাছে ছিল আমার ব্যক্তিগত লকারে। তার নাগাল পাওয়া বাইরের কারোর সাধ্য ছিল না। সে সব কাগজপত্র আমার সঙ্গেই দেশে ফিরে আসে, আমার কাছেই আছে। এটা জানি যে গবেষণা সফল হলে নোবেল প্রাইজ এসে যেত আমার হাতের মুঠোয়। ক্যানসারের চিকিৎসার একটা রাস্তা খুলে যেত।’

ফেলুদা চায়ের পেয়ালাটা তুলে নিয়েছে। আমিও ইতিমধ্যে চুমুক দিয়ে বুঝেছি এ চা ফেলুদার মতো খুঁতখুঁতে লোককেও খুশি করবে। কিন্তু চুমুক দিয়ে তার মুখের অবস্থা কী হয় সেটা আর দেখা হল না।

ঘরের বাতি নিভে গেছে। লোডশেডিং।

‘ক’দিন থেকে ঠিক এই সময়টাতেই যাচ্ছে,’ সোফা ছেড়ে উঠে পড়ে বললেন সুবীরবাবু।—‘কৌমুদী!’

বাইরে এখনও অন্ধ আলো রয়েছে; সেই আলোতেই সুবীরবাবু চাকরের খোঁজে ঘর থেকে বেরিয়ে গেলেন।

‘বাতি গেল বুঝি?’ প্রশ্ন করলেন নীহার দত্ত। তারপর একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘এতে আমার কিছু এসে যায় না।’

গ্র্যান্ডফাদার ক্লকটা ঠিক এই সময় আমাদের চমকে দিয়ে বেজে উঠল—ঢং ঢং ঢং ঢং ঢং ঢং। ছ’টা।

সুবীরবাবু ফিরলেন, পিছনে মোমবাতি হাতে চাকর কৌমুদী।

মাঝের টেবিলে মোমবাতি রাখায় সকলের মুখ আবার দেখা যাচ্ছে। নীহারবাবুর কাঁলো চশমার দুই কাচে দুটি কম্পমান হলদে বিন্দু। মোমবাতির শিখার ছায়া।

ফেলুদা চায়ে আরেকটা চুমুক দিয়ে আবার চশমার দিকে চেয়ে বলল, ‘আপনার গবেষণার নোটস যদি অন্য কোনও বায়োকেমিস্টের হাতে পড়ে তা হলে তাঁর পক্ষে সেটা লাভজনক হবে কি?’

‘নোবেল প্রাইজটা যদি লাভ বলে মনে করেন তা হলে হতে পারে বইকী।’

‘আপনার কি মনে হয় এই কাগজপত্র চুরি করার জন্য চোর আপনার ঘরে ঢুকেছিল?’

‘সেরকম মনে করার কোনও কারণ নেই।’

‘আরেকটা প্রশ্ন। আপনার এই নোটসের কথা আর কে জানে?’

‘বৈজ্ঞানিক মহলে অনেকেই এটার অস্তিত্ব অনুমান করতে পারে। আর জানে আমার বাড়ির লোকেরা আর আমার সেক্রেটারি রণজিৎ।’

‘বাড়ির লোক বলতে কি একতলার দুই ফ্ল্যাটের বাসিন্দাদের কথাও বলছেন?’

‘তারা কী জানে না-জানে তা আমি জানি না। এরা ব্যবসাদার লোক। জানলেও কোনও ইন্টারেস্ট হবার কথা না। অবিশ্যি আজকাল তো সব জিনিস নিয়েই ব্যবসা চলে; এ ধরনের কাগজপত্র নিয়েই বা চলবে না কেন। বিজ্ঞানী হলেই তো আর ধর্মপুত্র যুধিষ্ঠির হয় না।’

নীহারবাবু উঠে পড়লেন; সেই সঙ্গে আমরাও।

‘আপনার ঘরটা একবার দেখতে পারি কি?’ ফেলুদা প্রশ্ন করল। ভদ্রলোক চৌকাঠের মুখে থেমে গিয়ে বললেন, ‘দেখবেন বইকী। সুবীর দেখিয়ে দেবে। আমি ছাতে সাক্ষ্যভ্রমণটা সেরে আসি।’

করিডরে বেরিয়ে এলাম চারজনে। অন্ধকার আরও ঘনিয়ে এসেছে। করিডরের ডাইনে বাঁয়ে ঘরগুলোর ভিতর থেকে মোমবাতির ক্ষীণ আলো বাইরে এসে পড়েছে। নীহারবাবু লাঠি ঠক ঠক করে ছাতের সিঁড়ির দিকে এগিয়ে গেলেন। শুনলাম তিনি বলছেন, ‘স্টেপ গোনা আছে। সতেরো স্টেপ গিয়ে বাঁয়ে ঘুরে সিঁড়ি। সেভেন প্লাস এইট—পনেরো ধাপ উঠে ছাত। প্রয়োজন হলে খবর দেবেন...’

৩

নীহারবাবুর বেশ বড় ঘরের একপাশে অনেকখানি জুড়ে পুরনো আমলের খাট। খাটের পাশে একটা ছোট গোল টেবিল। তাতে ঢাকনি-চাপা গেলাসে জল, আর তার পাশে রাংতায় মোড়া গোটা দশেক বড়ি। বোধহয় ঘুমের ওষুধ।

এই টেবিলের পাশে জানালার সামনে একটা আরাম কেদারা। তার পিঠে অনেক দিনের ব্যবহারের ফলে বেতের বুনুনিতে কালশিটে পড়ে গেছে। মনে হল এই আরাম কেদারাতেই বেশির ভাগ সময় কাটান নীহারবাবু।

এ ছাড়া আছে একটা কাজের টেবিল—যার উপর এখন একটা মোমবাতি টিমটিম করছে—
একটা স্টিলের চেয়ার, টেবিলের উপর লেখার সরঞ্জাম, চিঠির র‍্যাক, একটা পুরনো
টাইপরাইটার আর এক তাড়া বৈজ্ঞানিক পত্রিকা।

এই টেবিলের পাশেই, দরজার ঠিক বাঁয়ে, রয়েছে গোদরেজের আলমারিটা।

ঘরে ঢুকেই একবার চারিদিকে চোখ বুলিয়ে নিয়ে ফেলুদা তার মিনি টর্চ দিয়ে আলমারির
চাবির গর্তটা ভাল করে দেখে বলল, ‘খোলার চেষ্টার অভাব হয়নি। গর্তের চারপাশে দাগ।’
তারপর এগিয়ে গিয়ে বেডসাইড টেবিল থেকে বড়ির পাতাটা তুলে নিয়ে বলল,
‘সোনারিল...বুঝেছিলাম নীহারবাবু বেশ কড়া ওষুধ খান। না হলে ঘুম ভেঙে যাবার কথা।’

তারপর চৌকাঠের বাইরে দাঁড়ানো চাকর কৌমুদীর দিকে ফিরে বলল, ‘তোমার ঘুম ভাঙল
না? তুমি কীরকম পাহারা দাও বাবুকে?’

কৌমুদীর মাথা হেঁট হয়ে গেল। সুবীরবাবু বললেন, ‘ও বেজায় ঘুমকাতুরে। এমনিতেই
তিনবার না ডাকলে ওঠে না।’

বাইরে থেকে পায়ের আওয়াজ পেয়েছিলাম আগেই; এবার একটি বছর ত্রিশেকের ভদ্রলোক
এসে ঘরে ঢুকলেন। রোগা, চোখে চশমা, চুল কোঁকড়া। সুবীরবাবু আলাপ করিয়ে দিতে বুঝলাম
ইনিই নীহারবাবুর সেক্রেটারি, নাম রণজিৎ বন্দ্যোপাধ্যায়।

‘কে জিতল?’

ফেলুদার অপ্রত্যাশিত প্রশ্ন, করা হয়েছে সেক্রেটারি মশাইকে। রণজিৎবাবুর ফ্যালফেলে
ভাব দেখে ফেলুদা হেসে বলল, ‘আপনার পাতলা টেরিলিনের শার্টের পকেটে স্পষ্ট দেখছি
খেলার টিকিটের কাউন্টারফয়েল। তার উপর রোদে মুখ ঝলসানো—লিগের বড় খেলা দেখে
এলেন সেটা অনুমান করাটা কি খুব কঠিন?’

‘ইস্টবেঙ্গল,’ হেসে বললেন রণজিৎবাবু। সুবীরবাবুর মুখেও তারিফ আর বিস্ময় মেশানো
হাসে।

‘আপনি এখানে কদিন কাজ করছেন?’

‘চার বছর।’

‘নীহারবাবু তাঁর বিস্ফোরণের ঘটনার বিষয় কখনও কিছু বলেছেন?’

‘আমি জিজ্ঞেস করেছিলাম,’ বললেন রণজিৎবাবু, ‘কিন্তু উনি খুলে কিছু বলতে চাননি। তবে
চোখ গিয়ে যে সাংঘাতিক ক্ষতি হয়েছে সেটা উনি মাঝে মাঝে নিজের অজান্তেই বলে
ফেলেন।’

‘আর কিছু বলেন?’

রণজিৎবাবু একটু ভেবে বললেন, ‘একটা কথা বলতে শুনেছি যে, উনি যে এখনও বেঁচে
আছেন তার কারণ হল যে ওঁর একটা কাজ এখনও অসমাপ্ত রয়ে গেছে। সেটা কী কাজ আমি
জিজ্ঞেস করতে সাহস পাইনি। মনে হয় উনি এখনও আশা রাখেন যে ওঁর গবেষণাটা শেষ
করবেন।’


‘নিজে তো আর পারবেন না। অন্য কাউকে দিয়ে করাবেন এটাই হয়তো ভেবেছেন। তাই
নয় কি?’

‘তাই বোধহয়।’

‘আপনার এখানে ডিউটি কতক্ষণ?’

‘নটায় আসি, ছটায় যাই। আজ খেলা দেখার জন্য তাড়াতাড়ি ছুটি চেয়েছিলাম, উনি আপত্তি
করেননি। তবে বাইরে গেলেও সন্ধ্যাবেলা একবার এখানে হয়ে যাই। যদি ওঁর কোনও...’

‘গোদরেজের চাবি কোথায় থাকে?’ ফেলুদা হঠাৎ প্রশ্ন করল।—‘টাকা আর গবেষণার



নোটস কী অবস্থায় থাকে সেটা একবার দেখে নিতে চাই।’

‘ওই বালিশের নীচে।’

ফেলুদা এগিয়ে গিয়ে বালিশের তলায় হাত ঢুকিয়ে পাঁচটা চাবি সমেত একটা রিং বার করে আনল। তারপর তা থেকে প্রয়োজনীয় চাবিটা বেছে নিয়ে আলমারি খুলল।

‘টাকা কোথায় থাকে?’

‘ওই দেরাজে।’—রণজিৎবাবু আঙুল দেখালেন।

ফেলুদা দেরাজটা টেনে খুলল।

‘সে কী!’

রণজিৎবাবুর চোখ কপালে। মোমবাতির আলোতেই বুঝলাম তাঁর মুখ ফ্যাকাসে হয়ে গেছে। দেরাজের মধ্যে একটা পাকানো কাগজ—খুলে দেখা গেল সেটা কুপ্তী—আর একটা কাশ্মীরি কাঠের বাস্কে কিছু পুরনো চিঠিপত্র। আর কিছু নেই।

‘এ কী করে হয়?’—রণজিৎবাবুর গলা দিয়ে যেন আওয়াজ বেরোতে চাইছে না।—‘তিনটে বাঙালি করা একশো টাকার নোট...সব মিলিয়ে প্রায় তেত্রিশ হাজার...’

‘গবেষণার কাগজপত্র কি এই অন্য দেরাজটায়?’

রণজিৎবাবু মাথা নাড়লেন। ফেলুদা দ্বিতীয় দেরাজটা খুলল।

এটা একেবারেই খালি।

বাইরে পায়ের শব্দ—খট খট খট খট। নীহারবাবু ছাত থেকে নামছেন।

‘মিশিগ্যান ইউনিভার্সিটির একটা লম্বা সীলমোহর লাগানো খামে ছিল গবেষণার নোটস...’
রণজিৎবাবুর গলা খটখটে শুকনো।

‘আজ সকালে ছিল টাকা আর কাগজপত্র?’

‘আমি নিজে দেখেছি,’ বললেন সুবীরবাবু।—‘একশো টাকার নোটের নম্বরগুলো সব নোট করা আছে। দাদাই এ ব্যাপারে ইনসিস্ট করতেন।’

ফেলুদা থমথমে ভাব করে বলল, ‘তার মানে গত মিনিট পনেরোর মধ্যে—অর্থাৎ লোড শেডিং হবার পরেই—ব্যাপারটা ঘটেছে। আমরা যখন বৈঠকখানায় ছিলাম তখন।’

নীহারবাবু ঢুকলেন ঘরে। তাঁর মুখ দেখে বুঝলাম তিনি বাইরে থেকে সব শুনেছেন।

আমরা পথ করে দিতে ভদ্রলোক এগিয়ে গিয়ে তাঁর আরাম কেদারায় বসলেন। তারপর দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘বোঝো!—গোয়েন্দার নাকের সামনে দিয়ে নিয়ে গেল।’

‘সামনের সিঁড়ি ছাড়া দোতলায় ওঠার অন্য সিঁড়ি আছে?’ নীহারবাবুর ঘর থেকে করিডরে বেরিয়ে এসে সুবীরবাবুকে জিজ্ঞেস করল ফেলুদা।

সুবীরবাবু বললেন, ‘জমাদারের সিঁড়ি আছে পিছন দিকে।’

‘লোড শেডিং কি রোজই এই সময় হয়?’

‘তা দিন দশেক হল হচ্ছে। অনেকে তো ঘড়ি মেলাতে শুরু করেছে। ছটায় যায়, আসে দশটায়।’

ভাবতে চেষ্টা করলাম ফেলুদার গোয়েন্দা জীবনে এরকম অদ্ভুত ঘটনা আর ঘটেছে কি না। একটাও মনে পড়ল না।

‘নীচের বাসিন্দারা কেউ ফিরেছেন কি?’ সিঁড়ির মুখটায় এসে ফেলুদা প্রশ্ন করল।

‘সেটা একবার খোঁজ করা যেতে পারে,’ বললেন সুবীরবাবু, ‘মোটামুটি এই সময়টাতেই আসে।’

নীচের ল্যান্ডিং-এ সিঁড়ির উলটোদিকে মিঃ দস্তুরের ঘরের দরজা। সেটা এখন বন্ধ, আর ঘর যে অন্ধকার সেটা বাইরে থেকেই বোঝা যায়।

‘সুখওয়ানির ঘরে যেতে হলে পিছন দিক দিয়ে যেতে হবে,’ বললেন সুবীরবাবু।

বাড়ির পুব দিক দিয়ে গিয়ে বাগানের পাশের পথ দিয়ে সুখওয়ানির ঘরের দিকে এগোলাম আমরা। ঘরে ফ্লুরোসেন্ট আলো জ্বলছে, ব্যাটারি লাইট, যেমন আজকাল চালু হয়েছে।

পায়ের আওয়াজ শুনে ভদ্রলোক বারান্দায় বেরিয়ে এলেন। ফেলুদার টর্চের আলো দেখতে পাচ্ছেন, অথচ মানুষগুলো কে বোঝার উপায় নেই। সুবীরবাবু ইংরেজিতে প্রশ্ন করলেন—

‘একটু আসতে পারি কি?’

গলা চিনতে পেরে ভদ্রলোকের চাহনি পালটে গেল।

‘সার্টেনলি, সার্টেনলি!’

ফেলুদার পরিচয় পেয়ে ভদ্রলোক ব্যস্ত হয়ে উঠলেন।

‘ইউ সি, মিস্টার মিটার—আমার ঘরভর্তি ভ্যালুয়েবল জিনিস। চুরির কথা শুনলে আমার হৃৎকম্প হয়। আজ সকালে যখন শুনলাম যে রাত্রে চোর এসেছিল, বুঝতেই পারেন তখন আমার কী মনের অবস্থা!’

সত্যি, এত দামি জিনিস যে একটা ঘরে থাকতে পারে সে আমার ধারণাই ছিল না। তাণ্ডবমূর্তি, ভৈরবমূর্তি, বুদ্ধমূর্তি ইত্যাদি পাথর, পিতল আর ব্রঞ্জের স্ট্যাচুয়েটের সংখ্যাই অন্তত গোটা তিরিশ। তা ছাড়া ছবি, বই, পুরনো ম্যাপ, নানারকম পাত্র, ঢাল-তলোয়ার, পিকদান, গড়গড়া, আতরদান এসব তো আছেই। ফেলুদা পরে বলেছিল, ‘টাকা থাকলে অন্তত বই আর প্রিন্টগুলো সব কিনে ফেলতাম রে তোপসে!’

ভদ্রলোককে জিজ্ঞেস করতে বললেন তিনি নাকি লোডশেডিং-এর দশ মিনিট আগে ফিরেছেন।

‘এই দশ মিনিটের মধ্যে কেউ এদিকটা এসেছিল কি? দোতলায় যাবার একটা সিঁড়ি রয়েছে আপনার ঘরের পিছনেই; ওদিক থেকে কোনও আওয়াজ পেয়েছিলেন?’

ভদ্রলোক বললেন উনি এসেই স্নানের ঘরে ঢুকেছিলেন।—‘আর তা ছাড়া এই অন্ধকারে দেখার প্রশ্ন আর উঠছে কী করে? আর ইয়ে, ভাল কথা, আপনারা কি বাইরের লোককে সন্দেহ করছেন?’

‘কেন বলুন তো?’

‘আপনারা মিঃ দস্তুরের সঙ্গে কথা বলেছেন?’

ভাবটা যেন, আমরা দস্তুরের সঙ্গে কথা বললেই বুঝে যাব যে তাকে ছাড়া আর কাউকে সন্দেহ করা চলতে পারে না।

ফেলুদা কিছু বলার আগেই ভদ্রলোক বললেন, ‘হি ইজ এ মোস্ট পিকিউলিয়ার ক্যারেকটার। আমি জানি আমার প্রতিবেশী সম্বন্ধে এরকম করে বলা উচিত নয়, কিন্তু আমি ওকে কিছুদিন থেকেই ওয়াচ করছি। গোড়ায় আলাপ হবার আগে শুধু ওর নাকডাকার শব্দ পেতাম ওর জানালা দিয়ে। আমার বিশ্বাস সে শব্দ দোতলা অবধি পৌঁছে যায়।’

সুবীরবাবুর ঠোঁটের কোণে হাসি দেখে মনে হল সুখওয়ানি খুব বাড়িয়ে বলেনি।

‘তারপর আলাপ হয়, যখন একদিন সকালে ও আমার টাইপরাইটার ধার নিতে আসে। আমার ঘরের জিনিসপত্রের দিকে যেরকম লোলুপ দৃষ্টি দিচ্ছিল সেটা আমার মোটেই ভাল লাগেনি। সাধারণ কৌতূহলবশে জিজ্ঞেস করলাম, ও কী করে। বলল ইলেকট্রিক্যাল গুডসের ব্যবসা। আরে বাপু, তাই যদি হবে তা হলে এই লোড শেডিং-এর বাজারে ঘরে একটা ব্যাটারি লাইট আর পাখার ব্যবস্থা করনি কেন? সমস্ত ব্যাপারটাই সন্দেহজনক।’

ভদ্রলোক থামলেন, আর আমরা সেই ফাঁকে উঠে পড়লাম। ফেলুদা বেরোবার আগে বলল, ‘অস্বাভাবিক কিছু দেখলে মিঃ দস্তুরকে জানালে আমাদের কাজের খুব সুবিধা হবে।’

পূর্বের গলিটা দিয়ে বাড়ির সামনের দিকে এগোনোর সময়ই একটা ট্যাক্সির হর্ন পেয়েছিলাম এবার দেখলাম একটি ভদ্রলোক নুড়ি ফেলা পথের উপর দিয়ে গাড়িবারান্দার দিকে এগিয়ে আসছেন। আবছা আলোতেও দেখতে পাচ্ছি ভদ্রলোক মাঝারি হাইটের এবং মোটা, পরনে খয়েরি টেরিলিনের সুট, পরিচ্ছন্ন করে ছাঁটা কাঁচা-পাকা মেশানো ফ্রেঞ্চকাট দাড়ি। রংটা বোধহয় বেশ ফরসাই। হাতের ব্রিফকেসটা দেখে নতুন বলে মনে হয়।

ভদ্রলোক আমাদের দিকে ফিরতেই সুবীরবাবু তাঁকে গুড ইভনিং জানালেন। তাতে উনি কেমন যেন থতমত খেয়ে গেলেন। বুঝলাম এ বাড়িতে কারুর মুখ থেকে গুড মর্নিং, গুড ইভনিং শুনতে অভ্যস্ত নন।

‘গুড ইভনিং, মিঃ ডাট।’

অদ্ভুত খ্যানখ্যানে গলার স্বর। কথাটা বলেই চলে যাচ্ছিলেন ভদ্রলোক, ফেলুদা চাপা ফিসফিসে গলায় সুবীরবাবুকে বললেন, ‘ওকে থামান।’

সুবীরবাবু তৎক্ষণাৎ আদেশ পালন করলেন।

‘ইয়ে, মিঃ দস্তুর!’

দস্তুর থামলেন। সুবীরবাবুর সঙ্গে সঙ্গে আমরাও এগিয়ে গেলাম।

সুবীরবাবু সংক্ষেপে আজকের ঘটনাটা বলতে ভদ্রলোকের চোখ ছানাবড়া হয়ে গেল।

‘এই মাত্র কয়েক মিনিটের মধ্যে এত ঘটনা ঘটে গেল? ইওর ব্রাদার মাস্ট বি টেরিবলি আপসেট!’

ফেলুদা বলেছিল যে অস্বাভাবিক মানসিক অবস্থায় মানুষের গলার স্বর এত বদলে যেতে পারে যে অনেক সময় চেনাই যায় না। মিঃ দস্তুর ইংরেজিতে আতঙ্ক ও বিস্ময় মেশানো স্বরে এই কথাগুলো বলার সময় লক্ষ করলাম যে খ্যানখ্যানে ভাবটা একেবারেই নেই। প্রায় মনে হয় যেন আরেকজন মানুষ কথাটা বলল।

‘আপনি যখন এলেন তখন কাউকে বেরোতে দেখলেন এ বাড়ি থেকে?’ ফেলুদা প্রশ্ন করল।

‘কই, না তো?’ বললেন মিঃ দস্তুর। ‘অবিশ্যি এমনও হতে পারে যে অন্ধকারে দেখতে পাইনি। থ্যাঙ্ক গড যে আমার ঘরে কোনও মূল্যবান জিনিস নেই!’

‘কে?’

প্রশ্নটা এল দোতলার ল্যান্ডিং থেকে। নীহারবাবুর গলা। আমরা সবাই গাড়িবারান্দার সিঁড়ির কাছটায় দাঁড়িয়ে কথা বলছিলাম, এবার ‘ভিতরে ঢুকে উপরে চেয়ে দেখলাম অন্ধকারেও নীহারবাবুর কালো চশমাটা চকচক করছে।

‘ইটস মি মিস্টার ডাট,’ দৃষ্টি উপরে করে বললেন দস্তুর—‘আপনার ভাই এই মাত্র আপনার লস-এর কথাটা বলল। আমি আপনাকে আমার সহানুভূতি জানাচ্ছি।’

চশমাটা সরে গেল। আর তার পরেই মিলিয়ে এল চটি আর লাঠির শব্দ।

‘আপনারা একটু বসে যাবেন না আমার ঘরে?’ বললেন মিঃ দস্তুর।—‘সারাদিন কাজের পরে একটু সঙ্গ পেলে ভাল লাগে।’

ফেলুদা আপত্তি করল না। তার কারণ অবিশ্যি আমি জানি। যে বাড়িতে ক্রাইম ঘটেছে, সে বাড়ির লোকদের চিনে রাখা গোয়েন্দার গোড়ার কাজ।

সুখওয়ানির ঘরের পর মিঃ দস্তুরের বৈঠকখানার নেড়া ভাবটা সত্যিই দেখবার মতো। আসবাব বলতে একটা সোফা, দুটো কাউচ, একটা রাইটিং ডেস্ক আর একটা বুকশেল্ফ। সোফার সামনে একটা নিচু টেবিল আছে বটে, তবে সেটা নেহাতই ছোট। তারই উপর একটা মোমবাতি রাখা ছিল। ফেলুদা সেটা ওর লাইটার দিয়ে জ্বালিয়ে দিল; এখন দেখলাম দেয়ালে একটিমাত্র ক্যালেন্ডার ছাড়া আর কিছুই নেই।

ভদ্রলোক ভিতর দিয়ে গিয়েছিলেন বোধহয় চাকরকে ডাকতে; ফিরে আসতে ফেলুদা তাঁকে একটা সিগারেট অফার করল।

‘নো, থ্যাঙ্কস। ক্যানসারের ভয়ে ধূমপানটা বছর তিনেক হল ছেড়ে দিয়েছি।’

‘অন্যের ধূমপানে আশা করি আপত্তি নেই। আপনার অ্যাশট্রেতে অলরেডি একটা আধখাওয়া সিগারেট পড়ে আছে।’

ফেলুদা টুকরোটা তুলে নিয়ে বলল, ‘আমারই ব্র্যান্ড।’ চারমিনারের টুকরো আমিও দূর থেকেই চিনতে পারি।

দস্তুর বলল, ‘অনেকবার ভেবেছি সুখওয়ানির মতো আমিও আলো-পাখার একটা ব্যবস্থা করে নিই। তারপর যখনই মনে হয়েছে যে কলকাতার শতকরা নব্বই ভাগ লোককে গরম আর অন্ধকার ভোগ করতে হচ্ছে, তখন মনটা খারাপ হয়ে যায়। সেই কারণে আমিও’...

‘আপনার তো ইলেকট্রিক্যাল গুডস্-এর ব্যবসা?’

‘ইলেকট্রিক্যাল?’

‘সুখওয়ানি যে বলছিলেন—’

‘সুখওয়ানি ওই রকমই বলে। ইলেকট্রিক্যাল নয়, ইলেকট্রনিকস্। বছরখানেক হল শুরু করেছে।’

‘আপনি নিজেই?’

‘না, আমার এক বন্ধুর সঙ্গে পার্টনারশিপে। আমি বোম্বাই-এর লোক, তবে অনেকদিন দেশের

বাইরে। জার্মানিতে একটা কম্পিউটার ম্যানুফ্যাকচারিং ফার্মে কাজ করতাম। বন্ধু কলকাতা থেকে লিখল এখানে চলে আসতে। পয়সা ওর, আমি জোগাচ্ছি অভিজ্ঞতা।’

‘কবে এলেন কলকাতায়?’

‘গত নভেম্বরে। বন্ধুর বাড়িতে ছিলাম মাস তিনেক; এই ফ্ল্যাটের খবরটা পেয়ে এখানে চলে আসি।’

চাকর কোল্ড ড্রিন্‌কস নিয়ে এল। থাম্‌স আপ। মিঃ দস্তুর ফেলুদার পরিচয় আগেই পেয়েছেন, এবার গলাটা নামিয়ে বললেন, ‘মিঃ মিটার, আমার ঘরে মূল্যবান জিনিস নেই ঠিকই, কিন্তু একটা কথা আপনাকে না বলে পারছি না। আমার প্রতিবেশীটি কিন্তু খুব সিধে লোক নন। তাঁর ঘরে নানারকম গোপন কারবার চলে। গর্হিত ব্যাপার।’

‘আপনি জানলেন কী করে?’

‘আমার স্নানের ঘর আর ওর স্নানের ঘর লাগোয়া। দুটোর মাঝখানে একটা বন্ধ দরজা আছে। সে দরজায় কান লাগালে মাঝে মাঝে ওর শোবার ঘর থেকে কথাবার্তা শোনা যায়।’

ফেলুদা গলা খাকরিয়ে বলল, ‘এই ভাবে কান লাগানোও একটা গর্হিত ব্যাপার নয় কি?’

মিঃ দস্তুর একটুও অপ্রস্তুত না হয়ে বললেন, ‘সেটা করতাম না। যখন দেখলাম যে আমার চিঠি ভুল করে ওর হাতে পড়লে ও জল দিয়ে খাম খুলে তারপর আবার আঠা দিয়ে সঁটে ফেরত দেয়, তখন একটা পালটা দুষ্টমি করার লোভ সামলাতে পারলাম না। আমি নির্ঝঞ্ঝাট মানুষ। কিন্তু উনি যদি আমার পিছনে লাগেন তা হলে আমিও ওকে ছাড়ব না, এই বলে দিলাম।’

কোল্ড ড্রিন্‌কসের জন্য ধন্যবাদ জানিয়ে আমরা উঠে পড়লাম।

গেটের কাছে এসে ফেলুদা দারোয়ানকে জিজ্ঞেস করল গত আধ ঘণ্টার মধ্যে কাউকে ঢুকতে বা বেরোতে দেখেছে কি না। সে বলল সুখওয়ানি আর দস্তুরকে ছাড়া কাউকে দেখেনি। এটা আশ্চর্য না। সাতের এক বালিগঞ্জ পার্কের কম্পাউন্ড ওয়াল রয়েছে বাড়ির চারদিক ঘিরে। পিছন দিকের একটা বাড়ি নাকি খালি পড়ে আছে আজ কয়েক মাস যাবৎ। জোয়ান চোর হলে পাঁচিল টপকে আসায় কোনও অসুবিধা নেই—যদিও আমাদের সকলেরই মন বলছে এ কাজ বাড়ির লোকেই করেছে। কিন্তু সেই সঙ্গে আবার বলছে—ভেতরের লোকই যে বাইরের লোককে দিয়ে কাজটা করায়নি তারই বা বিশ্বাস কী?

আমাদের গাড়ি নেই। সুবীরবাবু বলেছিলেন তাঁর গাড়িতে আমাদের বাড়ি পৌঁছে দেবার কথা, কিন্তু ফেলুদা বলল হেঁটে গিয়ে ট্যাক্সি পেতে কোনও অসুবিধা হবে না।

‘পুলিশে একটা খবর দিলে ভাল করতেন কিন্তু।’

ফেলুদার এ প্রস্তাবটা আমার কাছে একেবারই অপ্রত্যাশিত। সুবীরবাবুও বেশ একটু অবাক হলেন। বললেন, ‘কেন বলছেন বলুন তো!’

‘পুলিশ সম্বন্ধে আপনার দাদার ধারণা যাই হোক না কেন, পলাতক চোর ধরার যে সব উপায় পুলিশের জানা আছে কোনও প্রাইভেট ইনভেস্টিগেটরের তা নেই। বিশেষ করে যখন এতগুলো টাকা, তখন পুলিশকে বলাটা বুদ্ধিমানের কাজ হবে। নোটের নম্বর লেখা আছে বলছেন। কাজটা এমনিতেই অনেকটা সহজ হয়ে যাবে।’

সুবীরবাবু বললেন, ‘আপনাকে যখন আসতে বলেছি, এবং দুর্ঘটনা যখন একটা ঘটেছে, তখন আপনাকে বাদ দেবার কথা আমি ভাবতেই পারি না। পুলিশ আসুক, কিন্তু তার পাশে আপনিও থাকলে শুধু আমিই নিশ্চিত হব না, দাদাও হবেন। অবিশ্যি, সত্যি বলতে কী, চোর কে সেটা কারুর সাহায্য ছাড়াই আমি বলতে পারি।’

‘আপনার ছেলের কথা বলছেন কি?’

সুবীরবাবু একটা দীর্ঘশ্বাস ফেলে মাথা নেড়ে সায় দিলেন।—‘এ শব্দর ছাড়া আর কেউ হতে

পারে না। সে জানে এ পাড়ায় ছটায় বাতি নিভে যায়। ডানপিটে ছেলে, পাঁচিল টপকানো তার কাছে কিছুই নয়। তার পর পিছনের সিঁড়ি দিয়ে উঠে এসে জ্যাঠার ঘরে ঢুকে আলমারি খোলা—এ সবই তো তার কাছে নসিয়া!’

‘কিন্তু নীহারবাবুর গবেষণার কাগজপত্র নিয়ে সে কী করবে? বৈজ্ঞানিক মহলে কি তার খুব যাতায়াত আছে?’

‘সেটার দরকার কী বলুন! সে তো সেই কাগজপত্রের বিনিময়ে তার জ্যাঠার কাছ থেকেই টাকা আদায় করতে পারে। এই কাগজপত্রের দাম যে দাদার কাছে কতখানি সেটা তো সে খুব ভালভাবেই জানে!’

এই অল্প সময়ের মধ্যে এত রকম ঘটনা ঘটার ফলে মাথাটা ভোঁ ভোঁ করছিল। তার পরেও একই দিনে যে আরও কিছু ঘটতে পারে সেটা ভাবতেই পারিনি। অবিশ্যি সেটার কথা বলার আগে বাড়ি ফিরে এসে ফেলুদা আর আমার মধ্যে যে কথা হয়েছিল সেটা বলা দরকার।

রাত্রে খাবার পরে ফেলুদার ঘরে গিয়ে দেখি সে খাটে চিত হয়ে শুয়ে সিলিং-এর দিকে চেয়ে পান চিবোচ্ছে আর চারমিনার ফুঁকছে। আমিও গিয়ে খাটে বসলাম। সে প্রশ্নটা গোলোকধাম থেকেই মনে খোঁচা দিচ্ছিল সেটা না বলে পারলাম না।

‘তুমি কেসটা ছেড়ে দিতে চাইছিলে কেন ফেলুদা?’

ফেলুদা পর পর দুটো মোক্ষম রিং ছেড়ে বলল, ‘কারণ আছে রে, কারণ আছে।’

‘কারণ তো বললেই তুমি—পালানো চোর ধরা পুলিশের পক্ষে আরও সহজ—বিশেষ করে যদি অনেক টাকা নিয়ে পালায়।’

‘সুবীরবাবুর ছেলেই নিয়েছে বলে তোর মনে হয়?’

‘আর কে নেবে বল। বাড়ির লোক নিয়েছে সে তো বোঝাই যাচ্ছে। দস্তুর তো ছিলেনই না। সুখওয়ানি চুরি করে দিব্যি ঘরে বসে থাকবেন সেটাও যেন কেমন কেমন লাগে। রণজিৎবাবুও এলেন চুরির পরে। আর আছে চাকরবাকর...’

‘কিন্তু ধর যদি মক্কেল নিজেই কিছু করে থাকেন?’

আমি অবাক হয়ে চাইলাম ফেলুদার দিকে।

‘সুবীরবাবু!’

‘একটু মাথা ঠাণ্ডা করে চুরি আবিষ্কারের ঠিক আগের ঘটনাগুলো ভেবে দেখ।’

আমি চোখ বুজে কল্পনা করলাম আমরা চারজনে বৈঠকখানায় বসে আছি। চা এল। আমরা চা খাচ্ছি। ফেলুদার হাতে কাপ। ঘরের বাতি নিভল। তারপর—

ধাঁ করে একটা জিনিস মনে পড়ে গিয়ে বুকটা কেঁপে উঠল।

‘লোড শেডিং-এর সঙ্গে সঙ্গে সুবীরবাবু ঘর থেকে বেরিয়ে গিয়েছিলেন, ফেলুদা—চাকরকে ডাকতে!’

‘তবে!—ভেবে দেখ আমার পোজিশনটা কী হবে যদি বেরোয় যে সুবীরবাবুই আলমারি খুলেছিলেন। এটা অসম্ভব নয় এই কারণেই যে ওই একটি লোক সম্বন্ধে আমরা বিশেষ কিছুই জানি না। চাকরের কথা যেটা বলেছেন সেটা অবিশ্যি অবিশ্বাস করার কোনও কারণ নেই। কিন্তু ধর যদি শেয়ার বাজারে বা রেসের মাঠে বা জুয়োর আড্ডায় ভদ্রলোকের অনেক টাকা খোয়া গিয়ে থাকে, বাজারে একগাদা ধারদেনা থাকে, তা হলে তাঁর পক্ষে টাকাটা নেওয়া খুব আশ্চর্য কি?’

‘কিন্তু উনি তো নিজেই এলেন তোমার কাছে! উনিই তো তোমায় গোয়েন্দা অ্যাপয়েন্ট করলেন!’

‘উনি যদি খুব উচ্চস্তরের ধূর্ত ব্যক্তি হয়ে থাকেন তা হলে নিজের উপর যাতে সন্দেহ না

পড়ে তার জন্যে ঠিক ওই কাজটাই করা কিছুই আশ্চর্য নয়।’

এর পরে আর কোনও কথা বলা যায় না।

ফেলুদা কালী সিংহের মহাভারতটা হাতে নিয়ে রিডিং ল্যাম্পটা জ্বালিয়েছে দেখে আমি খাট থেকে উঠে পড়লাম।

বসবার ঘরে আসতেই বাইরে থেকে একটা শব্দ পেলাম। স্কুটার। একটা নয়, একটার বেশি।

নির্জন নিস্তব্ধ পাড়াটাকে কাঁপিয়ে যেন আমাদের বাড়ির সামনেই এসে থামল।

আর তার পরেই আমাদের দরজায় কলিং বেল বেজে উঠল।

দিনকাল ভাল নয়, আর তা ছাড়া আমাদের বাড়িতে মাঝে মাঝে বেটাইমে লোক এলেও স্কুটারে আসে না।

আমি দরজার দিকে না গিয়ে আগে ফেলুদার পর্দাটা ফাঁক করে একবার উঁকি দিলাম। ফেলুদা বই রেখে খাট থেকে উঠে পড়েছে। বলল—‘দাঁড়া।’ অর্থাৎ তুই খুলিস না, আমি খুলছি।

দরজা খুলতেই যিনি প্রবেশ করলেন তিনি যে শয়তানের অবতার সেটা বুঝতে পাঁচ সেকেন্ডও লাগল না। বসবারও দরকার নেই; ঘরে ঢুকে পিঠ দিয়ে দরজাটা বন্ধ করে ফেলুদার দিকে ঘোলাটে চোখ করে তাকিয়ে কথার চাবুক আছড়াতে শুরু করলেন সুবীর দত্তর ছেলে শঙ্কর দত্ত।

‘শুনুন মশাই, আমার বাবা আমার বিষয়ে কী বলেছেন জানি না, কিন্তু গেস করতে পারি। এইটুকু শুধু বলে দিচ্ছি আপনাকে—আমার পেছনে টিকটিকি লাগিয়ে কারুর বাপের সাথি নেই কিছু করে। আপনাকে ওয়ার্নিং দিচ্ছি; আমি একা নই। আমাদের গ্যাং আছে। বেশি ওস্তাদি করলে পস্তাবেন। বাপের নাম ভুলিয়ে ছাড়ব এই বলে দিলাম।’

শঙ্কর দত্ত যেরকম নাটকীয় ভাবে ঢুকেছিলেন, ঠিক সেই ভাবেই বেরিয়ে গেলেন স্পিচ ঝাড়া শেষ করে। তারপরই আওয়াজ পেলাম তিনটে স্কুটার স্টার্ট নিয়ে পাড়া কাঁপিয়ে বেরিয়ে চলে গেল।

ফেলুদা এতক্ষণ স্থির হয়ে ছিল। স্নায়ুর উপর অসাধারণ দখল আছে বলেই এত অপমানেও ও পাথর। ও বলে প্রচণ্ড রাগে যে ফেটে পড়ে তার চেয়ে সেই রাগ যে দমিয়ে রাখতে পারে তার মনের জোর বেশি।

স্কুটারের শব্দ মিলিয়ে যাবার আগেই কিন্তু ফেলুদা ঝড়ের বেগে গায়ে একটা পাঞ্জাবি চাপিয়ে পকেটে তার মানিব্যাগটা নিয়ে নিয়েছে।

‘চ’ তোপসে—ট্যাক্সি...’

তিন মিনিটের মধ্যে সার্দান এভিনিউতে একটা চলন্ত ট্যাক্সি থামিয়ে উঠে পড়লাম দুজনে। উত্তর দিকে গেছে স্কুটারগুলো এটা জানি।

‘ল্যানসডাউন ধরুন’, বলল ফেলুদা। বড় রাস্তায় খোঁড়াখুঁড়ি, তাই ল্যানসডাউন রোড ধরেই যাবে ওরা এটা আমারও মনে হয়েছিল।

পৌনে এগারোটা। সার্দান এভিনিউ প্রায় ফাঁকা। ট্যাক্সি চালক বাঙালি, আমাদের মুখ চেনা। বললেন, ‘কাউকে ফলো করবেন, স্যার?’

‘তিনটে স্কুটার’, চাপা গলায় বলল ফেলুদা।

আন্দাজে ভুল নেই। এলগিন রোডের মোড়ের কাছে এসে স্কুটার তিনটির দেখা পাওয়া গেল। শঙ্কর একাই বসেছে একটায়, অন্য দুটোয় দুজন করে লোক। এরা সব মার্কামারা মস্তান সেটা আর বলে দিতে হয় না। আমাদের ট্যাক্সি ওদের লেজ ধরে চলতে লাগল।

লোয়ার সার্কুলার রোড, ক্যামাক স্ট্রিট পেরিয়ে স্কুটারগুলো পার্ক স্ট্রিটে পড়ে বাঁ দিকে ঘুরল। একেবেঁকে সাপের মতো চালানোয় বোঝা যাচ্ছে এদের বেপরোয়া ফুর্তির ভাবটা। ফেলুদা



রাস্তার আলো বাঁচিয়ে ভিতর দিকে চেপে বসেছে, তার মাথায় কী খেলছে কিছুই বুঝতে পারছি না।

মিরজা গালিব স্ট্রিট দিয়ে কিছুদূর গিয়ে স্কুটারগুলো আবার বাঁয়ে ঘুরল। মার্কুইস স্ট্রিট। রাস্তা সরু হয়ে আসছে, পাড়া অন্ধকার, বাতিগুলো টিমটিমে। যাতে ওরা সন্দেহ না করে তাই ফেলুদার আদেশে আমাদের ড্রাইভার ট্যাক্সির স্পিড কমিয়ে ওদের সঙ্গে দূরত্বটা একটু বাড়িয়ে নিল।

আরও দুটো মোড় ঘুরে দেখলাম স্কুটারগুলো একটা বাড়ির সামনে দাঁড়িয়েছে।

‘চালিয়ে বেরিয়ে যান’, বলল ফেলুদা।

বাড়ি না। এক ধরনের হোটেল। নাম নিউ কোরিনথিয়ান লজ। নিউ? বাড়ির বয়স কম করে একশো বছর।

ফেলুদার কাজ শেষ। বুঝলাম এদের ডেরাটা জানার দরকার ছিল।

বাড়ি যখন ফিরলাম তখন এগারোটা চল্লিশ। ভাড়া উঠেছে উনিশ পঁচাত্তর।

পরদিন ভোরে সিধু জ্যাঠার আবির্ভাবটা একেবারে আনএক্সপেকটেড। উনি সকালে হাটতে বেরোন জানি, কিন্তু সেটা লেকের দিকে। আমাদের বাড়িতে আসার মানেই কোনও একটা বিশেষ কারণ আছে।

‘খাতার ওজন অনেক, তাই খবরটা কপি করে এনেছি,’ বললেন সিধু জ্যাঠা।— ‘সুপ্রকাশ কিনা জানি না, তবে এস. চৌধুরী বলে লিখেছে, আর বায়োকেমিস্ট সেটাও লিখেছে।’

‘কবেকার খবর?’

‘উনিশশো একাত্তর। মেক্সিকোতে একটা ড্রাগ কোম্পানির উপর পুলিশের হামলায় একটি বাঙালি বায়োকেমিস্ট ধরা পড়ে, নাম এস. চৌধুরী। ভেজাল ড্রাগের ব্যবসা চালাচ্ছিল; তার ফলে সব মারাত্মক ব্যাধি দেখা দিয়েছিল। লোকটার জেল হয়। এইটুকুই খবর। আসলে মাথায় ঘুরছে সুপ্রকাশ, তাই এস. চৌধুরীর সঙ্গে নামটা ঠিক কানেস্ট করতে পারিনি। অবিশ্যি এ সেই একই এস. চৌধুরী কি না—’

‘একই,’ গভীর ভাবে বলল ফেলুদা।

সিধু জ্যাঠা উঠে পড়লেন। তাঁর আজ চুল কাটার দিন, নাপিত এসে বসে থাকবে। ফেলুদার পিঠ চাপড়ে, আমার কান ধরে একটা মোচড় দিয়ে, মালকোচাটা একটু ভাল করে গুঁজে নিয়ে রাস্তায় বেরিয়ে পড়লেন।

ফেলুদা খাতা খুলে হিজিবিজি লেখা শুরু করেছে দেখে আমি পাশে গিয়ে দাঁড়ালাম। পর পর তিনটে প্রশ্ন লেখা রয়েছে খাতায়—

১) চাবির গর্তের ধারে আঁচড়ের বাড়াবাড়ি কেন?’

২) ‘কে’-র অর্থ কী?’

৩) অসমাপ্ত কাজটা কী?’

প্রশ্নগুলো পড়ে সে সম্বন্ধে আমিও খানিকটা না ভেবে পারলাম না।

আলমারির চাবির গর্তের চারিধারে আঁচড় কালই ফেলুদার টর্চের আলোয় দেখেছিলাম। এটায় খটকা লাগার একটা কারণ থাকতে পারে। রীতিমতো জোরে ঘষা না লাগলে ইস্পাতের ওপর ওরকম দাগ পড়তে পারে না। নীহারবাবুর ঘুম কি এতই গভীর যে এত ঘষাঘষিতেও ঘুম ভাঙবে না?

‘কে’-র ব্যাপারটা প্রথমে বুঝতে পারিনি। তারপর মনে পড়ল যে মিঃ দস্তুরের গলা শুনে দোতলার ল্যান্ডিং থেকে নীহারবাবু ‘কে’ বলে উঠেছিলেন। ফেলুদা এই ‘কে’ প্রশ্নে খটকার কারণ কী দেখল সেটা বুঝলাম না।

অসমাপ্ত কাজের কথাটাও নীহারবাবুই বলেছেন। অন্তত রণজিৎবাবু তাই বলেন। সেটা যে উনি গবেষণার বিষয় বলছিলেন সেটা কি ফেলুদা বিশ্বাস করে না?

ফেলুদা আরও কী সব লিখতে যাচ্ছিল, এমন সময় টেলিফোনটা বেজে উঠল। ওর ঘরেই এক্সটেনশন ফোন; বিছানা থেকে হাত বাড়িয়ে টেবিলের উপর থেকে রিসিভারটা তুলে নিল।

‘হ্যালো।’

দু-চারবার হুঁ হুঁ করে এবং শেষে ‘আমি এক্ষুনি আসছি’ বলে ফোনটা রেখে ফেলুদা আলনা

থেকে শার্ট ও ট্রাউজার সমেত হ্যান্ডারটা একটানে নামিয়ে নিয়ে বলল, 'তৈরি হয়ে নে। গোলোকধামে খুন।'

আমার বুক ধড়াস।

'কে খুন হল?'

'মিঃ দস্তুর।'

বড় রাস্তা থেকে বালিগঞ্জ পার্কে ঢুকতেই দূরে সাতের একের সামনে' দেখলাম পুলিশের ভ্যান আর লোকের জটলা। তাও সাহেবি পাড়া বলে রক্ষে, নইলে ভিড় আরও অনেক বেশি হত।

কলকাতার পুলিশ মহলে ফেলুদাকে চেনে না এমন লোক নেই। গোলোকধামে ঢুকতেই ওকে দেখে ইন্সপেক্টর বকশী হাসি হাসি মুখে এগিয়ে এসে বললেন, 'এসে পড়েছেন? গন্ধে গন্ধে হাজির?'

ফেলুদা ওর একপেশে হাসিটা হেসে বলল, 'সুবীরবাবুর সঙ্গে আলাপ হয়েছে সম্প্রতি; ফোন করছিলেন, তাই চলে এলাম। আপনাদের কাজে কোনও ব্যাঘাত করব না গ্যারান্টি দিচ্ছি। খুনটা হল কী ভাবে?'

'মাথায় বাড়ি। একটা নয়, তিনটে। ঘুমন্ত অবস্থায়। লাশ নিয়ে যাবে এইবার পোস্টমর্টেমের জন্য। ডাঃ সরকার একবার এসে দেখে গেছেন। আন্দাজ রাত দুটো থেকে তিনটের মধ্যে ব্যাপারটা ঘটে।'

'লোকটার সম্বন্ধে কিছু জানতে পারলেন?'

'খুব গণ্ডগোল। সুটকেস গুছোতে শুরু করেছিল। সটকাবার তালে ছিল।'

'টাকাকড়ি গেছে কিছু?'

'মনে তো হয় না। খাটের পাশের টেবিলে ওয়ালেটে শ'তিনেক টাকা রয়েছে। বাড়িতে ক্যাপ বেশি রাখত বলে মনে হয় না। অথচ ব্যাঙ্কের জমার খাতা, চেক বই এসব কিছু পাওয়া যাচ্ছে না। একটা সোনার ঘড়ি পাওয়া গেছে বালিশের পাশে। এখনও ভাল করে সার্চ করা হয়নি; এবার করবে। এ পর্যন্ত যা পাওয়া গেছে তা থেকে লোকটার সঠিক পরিচয় কিছু পাওয়া যায়নি।'

সুবীরবাবু মিনিট খানেক হল এসে পাশে দাঁড়িয়েছেন। মিঃ বকশীকে উদ্দেশ্য করে বললেন, 'সুখওয়ানি বেজায় তস্বি করছে। বলছে তার নাকি একটা জরুরি অ্যাপয়েন্টমেন্ট আছে ডালহাউসিতে। আমি বলেছি জেরা না হওয়া পর্যন্ত ছাড়া যাবে না।'

'ঠিকই বলেছেন,' বললেন মিঃ বকশী। 'অবিশ্যি জেরাতে আপনিও বাদ যাবেন না।'

শেষের কথাটা হালকা হেসে বললেন মিঃ বকশী। সুবীরবাবু মাথা নেড়ে বুঝিয়ে দিলেন যে সেটা তিনি জানেন।

'তবে আমার দাদাকে যত অল্পের উপর দিয়ে সারতে পারেন ততই ভাল।'

'ন্যাচারেলি।'

'ঘরটা একবার দেখতে পারি কি?' ফেলুদা জিজ্ঞেস করল।

'নিশ্চয়ই!'

বকশীও ফেলুদার সঙ্গে সঙ্গে এগিয়ে গেলেন, পিছনে আমি। ঘরে ঢোকান আগে ফেলুদা সুবীরবাবুর দিকে ফিরে বলল, 'ভাল কথা, আপনার ছেলে কাল আমার বাড়িতে এসেছিল।'

'কখন!—সুবীরবাবু অবাক।

ফেলুদা সংক্ষেপে কাল রাত্তিরের ঘটনাটা বলে বলল, 'সে কি কাল ফিরেছিল?'

'ফিরে থাকলেও টের পাইনি,' বললেন সুবীরবাবু। 'সকালে উঠে তাকে দেখিনি।'

‘যাক, তা হলে আপনার ছেলের ডেরার একটা সন্ধান পাওয়া গেল,’ বললেন মিঃ বকশী, ‘ওই হোটেলটা মোটেই সুবিধের নয়। বার দুয়েক রেড হয়ে গেছে ওখানে অলরেডি।’

কালকের দেখা ঘরের চেহারা আজ একেবারে পালটে গেছে। কাল ছিল অন্ধকার, আর আজ দুটো জানালা দিয়ে ঝলমল রোদ এসে, সোফা আর মেঝের উপর পড়েছে। আশ্চর্য লাগল দেখে যে কালকের দেখা চারমিনারের টুকরোটা এখনও অ্যাশট্রেতে পড়ে আছে। ঘরে দুজন পুলিশের লোক রয়েছে, আর পুলিশের ফোটোগ্রাফার তাঁর কাজ শেষ করে সরঞ্জাম ব্যাগে পুরছেন।

খুনটা অবিশ্যি হয়েছে পাশের শোবার ঘরে। ফেলুদা বকশীর সঙ্গে সেই ঘরেই গিয়ে ঢুকল। আমি চৌকাঠ অবধি গিয়ে একবার বিছানার দিকে চেয়ে চাদরে ঢাকা লাশটা দেখে নিলাম। একজন পুলিশের লোক খানাতল্লাশি চালিয়ে যাচ্ছে। মেঝেতে একটা খোলা সুটকেসের মধ্যে দেখলাম কিছু জামাকাপড় ভাঁজ করে রাখা রয়েছে। তার পাশে মাটিতে দাঁড় করানো রয়েছে গতকাল দস্তুরের হাতে দেখা নতুন ব্রিফকেসটা।

আমি আরও মিনিট তিনেক বসবার ঘরে জিনিসপত্র দেখে কাটিয়ে দিলাম। কোনও কিছুতেই হাত দেওয়া চলবে না এটা জানি, তার উপর দুটো পুলিশই আমার দিকে ড্যাভড্যাভ করে চেয়ে আছে।

‘চ’ তোপসে।’

ফেলুদা বেরিয়ে এসেছে শোবার ঘর থেকে। ‘আপনি আছেন কিছুক্ষণ?’ বকশী প্রশ্ন করল।

‘একবার বড় কর্তার সঙ্গে দেখা করে যাব’, বলল ফেলুদা। ‘ইন্টারেস্টিং কিছু পেলে বলবেন।’

সুবীরবাবু দোতলায় অপেক্ষা করছিলেন। আমরা তাঁর সঙ্গে নীহারবাবুর ঘরে গিয়ে হাজির হলাম।

ভদ্রলোক তাঁর আরাম কেদারায় চিত হয়ে শুয়ে আছেন। চোখে কালো চশমা, হাতের লাঠি পাশে খাটের উপর শোয়ানো। অ্যাঙ্গিন লাঠিটা ভদ্রলোকের হাতে দেখেছি, তাই সেটার মাথা যে রূপো দিয়ে বাঁধানো সেটা বুঝতে পারিনি। মাথার নকশার মধ্যে খোদাই করা জি বি ডি দেখে বুঝলাম লাঠিটা ছিল নীহারবাবুর ঠাকুরদা গোলোকবিহারী দত্তর।

আমরা এসেছি সে খবরটা দেওয়াতে নীহারবাবু কাত করা ঘাড়টাকে একটু সোজা করে বললেন, ‘শব্দ পেয়েছি। পায়ের শব্দ। শব্দ আর স্পর্শ—এই দুই নিয়েই তো কাটিয়ে দিলাম বিশ বছর। আর স্মৃতি...কী হতে পারত, কী হল না। লোকে বলে দুর্ভাগ্য। আমি তো জানি এটা ভাগ্য-টাগ্য কিছু নয়। আপনি সেদিন জিঙ্গেস করলেন বিস্ফোরণটা অসাবধানতার জন্য হয়েছিল কিনা; আজ আপনাকে বলছি মিঃ মিস্তির—সমস্ত ব্যাপারটা করা হয়েছিল আমার শ্রম পণ্ড করার জন্য। ঈর্ষা যে মানুষকে কত নীচে নামাতে পারে সেটা আপনি গোয়েন্দা হয়ে নিশ্চয়ই বোঝেন।’

ভদ্রলোক একটু থামলেন। ফেলুদা বলল, ‘তার মানে আপনার ধারণা সুপ্রকাশ চৌধুরীই বিস্ফোরণের জন্য দায়ী?’

‘বাঙালি যে বাঙালির সবচেয়ে বড় শত্রু সেটা আপনি মানেন কি?’

ফেলুদা একদৃষ্টে চেয়ে আছে কালো চশমার দিকে। নীহারবাবুও যেন উত্তরের অপেক্ষা করছেন।

ফেলুদা বলল, ‘আপনি এখন যে কথাটা যে ভাবে আমাদের বলছেন, সেটা এর আগে কাউকে বলেছেন কি?’

‘না, বলিনি। কোনওদিন না। হাসপাতালে জ্ঞান হবার পর আমার এই কথাটাই প্রথম মনে হয়েছিল। কিন্তু বলিনি। বলে কী করব? আমার সর্বনাশ যা হবার তা তো হয়েই গেছে। যে এটার জন্য দায়ী, তার শাস্তি হলে তো আর আমি দৃষ্টি ফিরে পাব না, বা আমার গবেষণাও শেষ

করতে পারব না।’

‘কিন্তু আপনাকে চিরকালের মতো অসহায় করে চৌধুরীরই বা কী লাভ হল বলুন। সে কি ভেবেছিল যে আপনার কাগজপত্রগুলো হাত করে সে-ই গবেষণা চালিয়ে নিজে নাম কিনবে?’

‘নিশ্চয়ই তাই। তবে তার সে ধারণা ভুল। আমি তো বলেইছি আপনাকে। আমাকে ছাড়া এগোনোর পথ ছিল না তার।’

আমরা দুজনেই খাটে বসেছি। ফেলুদাকে দেখে বুঝতে পারছি সে গভীর ভাবে চিন্তা করছে। রণজিৎবাবু ইতিমধ্যে ঘরে এসে টেবিলটার পাশে দাঁড়িয়েছেন। সুবীরবাবু কোনও কাজে বাইরে গেছেন।

ফেলুদা বলল, ‘টাকার কথা জানি না, সেটা হয়তো পুলিশের পক্ষে উদ্ধার করা আরও সহজ, কিন্তু আপনার এত মূল্যবান কাগজপত্র আমি এ বাড়িতে উপস্থিত থাকতে চুরি হয়ে গেল, এটা আমি কিছুতেই মানতে পারছি না। ওগুলো উদ্ধার করার আশ্রয় চেষ্টা আমি চালিয়ে যাব।’

‘আপনি যা ইচ্ছা তাই করতে পারেন।’

আমরা আর বেশিক্ষণ থাকলাম না। পুলিশ তাদের কাজ চালিয়ে যাচ্ছে। বকশী ফেলুদাকে বলে দিলেন যে তাদের জেরা আর খানাতল্লাশির কী ফল হয় সেটা ফোনে জানিয়ে দেবেন।

‘আর নিউ কোরিনথিয়ান লজের খবরটাও জানাতে ভুলবেন না’, বলে দিল ফেলুদা।

আমরা বাড়ি ফিরেছি সাড়ে দশটায়। তখন থেকে শুরু করে দুপুরের খাওয়ার আগে পর্যন্ত ফেলুদা পায়চারি করে, থেমে, শুয়ে-বসে, চোখ খুলে, চোখ বুজে, ভ্রুকুটি করে, মাথা নেড়ে, বিড়বিড় করে, মাঝে মাঝে ছোট বড় মাঝারি দীর্ঘশ্বাস ফেলে বুঝিয়ে দিচ্ছিল যে তার মনের মধ্যে নানারকম প্রশ্ন সন্দেহ খটকা দ্বন্দ্ব ইত্যাদির হটোপাটি চলছিল। একবার হঠাৎ আমার দিকে চেয়ে প্রশ্ন করল, ‘গোলকধামের একতলার প্ল্যানটা তোর মোটামুটি মনে পড়ছে?’

আমি একটু ভেবে বললাম, ‘মোটামুটি।’

‘সুখওয়ানির ঘর থেকে দস্তরের ঘরে কীভাবে যাওয়া যায় বল তো?’

আমি আবার একটু ভাবলাম। তারপর বললাম, ‘যদুর মনে পড়ছে, দুটো ফ্ল্যাটের পাশ দিয়ে বাড়ির ভিতরে যে বারান্দাটা গেছে, তার মাঝখানে একটা দরজা রয়েছে, আর সে দরজাটা বোধ হয় বন্ধ থাকে। সেটা খোলা থাকলে সেই বারান্দা দিয়েই সোজা এক ফ্ল্যাট থেকে আরেক ফ্ল্যাটে চলে যাওয়া যেত।’

‘ঠিক বলেছিস। তার মানে সুখওয়ানিকে যদি দস্তরের ফ্ল্যাটে আসতে হয় তা হলে বাগান ঘুরে বাড়ি আর কম্পাউন্ড-ওয়ালের মধ্যের গলি দিয়ে একেবারে সামনে এসে সদর দরজা দিয়ে ঢুকতে হয়।’

‘কিন্তু সামনের কোল্যাপ্সিবল্ গেট কি মাঝরাতিরে খোলা থাকবে?’

‘নিশ্চয়ই না।’

তারপর আবার পায়চারি শুরু করে বলতে লাগল—

‘X, Y, Z, ...X, Y, Z...X হল গবেষণার কাগজ, Y হল টাকা, আর Z হল খুন। এখন কথা হচ্ছে— X, Y, Z, কি একই সূত্রে গাঁথা, না তিনটে আলাদা...’

আমি এক ফাঁকে বলে ফেললাম, ‘ফেলুদা, আমার কিন্তু মনে হচ্ছে যে সুপ্রকাশ চৌধুরী দস্তর সেজে নীহারবাবুর বাড়িতে ভাড়াটে হয়ে এসেছিলেন।’

আশ্চর্য হয়ে গেলাম দেখে যে ফেলুদা মোটেই আমার কথাটা উড়িয়ে দিল না। বরং আমার পিঠে দুটো চাপড় মেরে বলল, ‘যদিও এ ধারণাটা আমার মাথায় আগেই এসেছে, তবুও বলতেই

হয় আজকাল তোর চিন্তায় মাঝে মাঝে বেশ ঝিলিক দিচ্ছে। কিন্তু দস্তুর যদি সুপ্রকাশ হয়, তা হলে মনে করা যেতে পারে সে গবেষণার নোটসের লোভেই ওখানে আস্তানা নিয়েছিল। এখন প্রশ্ন হচ্ছে, সেই যদি খামটা চুরি করে থাকে তা হলে সেটা গেল কোথায়? আর তার পক্ষে নিজে চুরি করাটা সম্ভবই বা হয় কী করে? সে তো দোতলায় কোনওদিন যায়ইনি।’

আমার সত্যিই মাথা খুলে গেছে। ব্যাপারটা তো জলের মতো সোজা! বললাম, ‘উনি যাবেন কেন? ধর যদি ওঁর সঙ্গে শঙ্কর দস্তুর ষড় হয়ে থাকে? শঙ্করই কাগজটা চুরি করে ওকে এনে দিয়েছে, আর তার জন্য কিছু টাকাও পেয়ে গেছে।’

‘এক্সপ্লেনেট’ বলল ফেলুদা। ‘অ্যাঙ্গিনে বলা যায় তুই আমার উপযুক্ত অ্যাসিস্ট্যান্ট হলি। কিন্তু এতে তো খুনের রহস্যের সমাধান হচ্ছে না।’

‘ধরো যদি রণজিৎবাবু বুঝে থাকেন যে দস্তুর আসলে সুপ্রকাশ। রণজিৎবাবু তো নীহারবাবুর সব ব্যাপারই জানেন, আর সেই সঙ্গে নীহারবাবুকে দারুণ ভক্তিও করেন। যে লোক নীহারবাবুর ভবিষ্যৎ অঙ্ককার করে দিয়েছিল, তার উপর প্রচণ্ড আক্রোশে খুন করতে পারেন না রণজিৎবাবু?’

ফেলুদা মাথা নাড়ল।

‘খুন জিনিসটা অত সহজ নয় রে তোপসে। রণজিতের মোটিভটাকে মোটেই জোরালো বলা চলে না। আসল আপশোসের ব্যাপার হচ্ছে যে দস্তুর লোকটার ঘরে সার্চ করে এখন অবধি কিছু পাওয়া গেল না। অত্যন্ত সাবধানী লোক ছিলেন এই দস্তুর।’

‘আমার কী মনে হয় জান ফেলুদা?’

ফেলুদা পায়চারি থামিয়ে আমার দিকে চাইল। আমি বললাম, ‘পুলিশের বদলে তুমি যদি সার্চ করতে তা হলে অনেক রকম ক্লু পেতে।’

‘বলছিস?’

ফেলুদা নিজের ওপর কনফিডেন্স হারাচ্ছে এটা স্বপ্নেও ভাবতে পারি না; কিন্তু ওর ওই ‘বলছিস’ কথাটাতে যেন ওটারই একটা আভাস পেলাম। আর তারপর যে কথাটা বলল তাতে মনটা আরও দমে গেল।

‘এই গরম আর এই লোড শেডিং-এ আইনস্টাইনেরও মাথা খুলত কিনা সন্দেহ।’

দুটো নাগাদ ইন্সপেক্টর বকশীর ফোন এল। দস্তুরের একটা জুতোর গোড়ালির মধ্যে একটা চোরা খুপরিতে অ্যামেরিকান ডলার আর জার্মান মার্ক মিলে প্রায় সতেরো হাজার টাকা পাওয়া গেছে। কিন্তু এমন কোনও কাগজ বা দলিল পাওয়া যায়নি যা থেকে লোকটার বিষয় কিছু জানা যায়। ইলেকট্রনিকস-এর নতুন কোনও দোকানের হৃদিস মেলেনি, দস্তুরের কোনও বন্ধুরও সন্ধান পাওয়া যায়নি। চিঠিপত্র প্রায় ছিল না বললেই চলে। একটি মাত্র ব্যক্তিগত চিঠি, আর্জেন্টিনা থেকে লেখা, যা থেকে বোঝা যায় যে সে দক্ষিণ আমেরিকায় কিছুদিন কাটিয়েছিল।

বকশীর দ্বিতীয় খবর হচ্ছে এই যে, নিউ কোরিনথিয়ান লজের ম্যানেজারকে ছবি দেখাতে সে শঙ্করকে চিনেছে; কাল সারারাত নাকি শঙ্কর কয়েকজন বন্ধু সমেত হোটেলের একটা ঘর ভাড়া করে সেখানে নেশা করেছে আর জুয়া খেলেছে। সকাল হতে তারা পাওনা চুকিয়ে দিয়ে চলে যায়। বকশী বললেন এবার শঙ্করকে ধরা নাকি ‘এ ম্যাটার অফ মিনিটস’।

ফেলুদা সব শুনেটুনে ফোনটা রেখে দিয়ে বলল, ‘শঙ্করবাবু যদি হোটেলের পেমেন্টটা চুরির টাকায় করতেন তা হলে খুব সুবিধে হত। যাই হোক, এটা প্রমাণ হয়ে গেল যে খুনটা সে করেনি, কারণ সেই সময়টা তার অ্যালিবাই ছিল।’

অ্যালিবাই কথাটার মানে অবিশ্যি আমি অনেকদিন থেকেই জানি, কিন্তু যারা জানে না তাদের বাংলায় কীভাবে বোঝানো যায় জিজ্ঞেস করাতে ফেলুদা বলল, ‘ডিকশনারিতে যা লেখা আছে

তাই লিখে দে।’ তাই বলছি, অ্যালিবাই মানে হল—‘অপরাধের অনুষ্ঠানকালে অন্যত্র থাকার অজুহাতে রেহাই পাইবার দাবি।’ তার মানে ‘আমার বাড়িতে যখন খুন হয় তখন আমি কোরিন্থিয়ান লজে বসে জুয়া খেলছিলাম’—এটাই হবে শঙ্করের অ্যালিবাই।

টেলিফোনটা পেয়েও ফেলুদার উসখুস ভাব গেল না। তিনটে নাগাদ দেখি ও পায়জামা ছেড়ে ট্রাউজারস পরেছে। বলল কতগুলো তথ্য সংগ্রহ করতে হবে তাই বেরোচ্ছে। ফিরল প্রায় সাড়ে চারটেয়। আমি এই দেড় ঘণ্টা একটানা মহাভারত পড়ে শেষ করে ফেলেছি।

মহাপ্রস্থানের পথে দ্রৌপদী নকুল সহদেব সবাই একে একে মরে গিয়ে ঠিক যখন অর্জুনের পতন হব-হব, তখন ক্রিং করে ফোনটা বেজে উঠল। আমিই ধরলাম। ফেলুদার ফোন, গোলোকধাম থেকে সুবীরবাবু কথা বলতে চাইছেন।

ফেলুদা তার ঘরেই ফোন ধরল; আমি বসবার ঘরের ফোনে কান লাগিয়ে দু তরফের কথাই শুনে নিলাম।

‘হ্যালো।’

‘কে, মিঃ মিস্ত্রি?’

‘বলুন মিঃ দত্ত।’

‘দাদার গবেষণার নোটস সমেত সীল করা খামটা পাওয়া গেছে।’

‘দস্তুরের ঘরে ছিল কি?’

‘ঠিক বলেছেন। খাটের পাটাতনের তলায় সেলোট্যেপ দিয়ে আটকে রেখেছিল। একদিকের সেলোট্যেপ খুলে গিয়ে ঝুলছিল। পেয়েছে আমাদের চাকর ভগীরথ।’

‘আপনার দাদা জানেন খবরটা?’

‘তা জানেন। তবে দাদার মধ্যে কেমন যেন একটা হাল-ছেড়ে-দেওয়া ভাব এসেছে। কোনও ব্যাপারেই যেন বিশেষ প্রতিক্রিয়া হচ্ছে না। আজ সারাদিন চেয়ার ছেড়ে ওঠেননি। আমি আমাদের ডাক্তারকে আসতে বলেছি।’

‘আপনার ছেলের কোনও খবর আছে?’

‘আছে। জি টি রোডে ওদের পুরো দলটাই ধরা পড়েছে।’

‘আর চোরাই টাকা?’

‘সেটা নিলেও অন্য কোথাও সরিয়ে রেখেছে। অবিশ্যি চুরির ব্যাপারটা শঙ্কর সম্পূর্ণ অস্বীকার করছে।’

‘খুনের ব্যাপারে পুলিশ কী বলছে?’

‘ওরা সুখওয়ানিকেই সন্দেহ করছে। তা ছাড়া একটা নতুন ক্লু-ও পাওয়া গেছে। দস্তুরের জানলার বাইরে পড়ে থাকা একটা দলা পাকানো কাগজ।’

‘কী লেখা আছে তাতে?’

‘ইংরিজিতে এক লাইন ছমকি—“অতিরিক্ত কৌতূহলের পরিণাম কী জান তো?”’

‘সুখওয়ানি কী বলে?’

‘সে সম্পূর্ণ অস্বীকার করছে। তার ঘর থেকে যে দস্তুরের ঘরে যাবার কোনও উপায় নেই সেটা ঠিকই, কিন্তু একটা ভাড়াটে গুণ্ডা পাইপ বেয়ে দোতলার বারান্দায় উঠে তারপর সিঁড়ি দিয়ে নীচে নেমে এসে অনায়াসেই সে কাজটা করতে পারে।’

‘হুঁ...ঠিক আছে, আমি একবার আসছি।’

ফেলুদা ফোনটা রেখে দিয়ে প্রথমে আপন মনে বিড়বিড় করে বলল, ‘X আর Y তা হলে একই লোক। এখন প্রশ্ন হচ্ছে Z-কে নিয়ে।’ তারপর আমার দিকে ফিরে বলল, ‘ডেসটিনেশন গোলোকধাম। তৈরি হয়ে নে তোপসে।’

‘আপনি চললেন নাকি?’

গোলোকধামের গেট দিয়ে ঢুকে দেখি রণজিৎবাবু আসছেন। বাইরে পুলিশ দেখে বুঝেছি বাড়িটার উপর নজর রাখা হয়েছে।

‘আজ্ঞে হ্যাঁ,’ বললেন রণজিৎবাবু, ‘নীহারবাবু বললেন আজ আর আমাকে প্রয়োজন হবে না।’

‘উনি আছেন কেমন?’

‘ডাক্তার এসেছিলেন। বললেন বাড়িতে এতগুলো ঘটনা একসঙ্গে ঘটাতে শক্ পেয়েছেন। প্রেসারটা ওঠানামা করছে।’

‘কথা বলছেন কি?’

‘হ্যাঁ হ্যাঁ, তা বলছেন’, আশ্বাসের সুরে বললেন রণজিৎবাবু।

‘যে খামটা পাওয়া গেছে দস্তরের ঘর থেকে সেটা একবার দেখব। আপনার খুব তাড়া না থাকলে আর একবারটি চলুন ওপরে। আলমারিতে আছে তো ওটা?’

‘হ্যাঁ।’

‘আপনাকে বেশিক্ষণ ধরে রাখব না কথা দিচ্ছি। এ বাড়িতে তো আর বিশেষ আসা-টাসা হবে না।’

‘কিন্তু খাম তো সীল করা’, কিন্তু-কিন্তু ভাব করে বললেন রণজিৎবাবু।

‘তা হলেও আমি জিনিসটা একবার শুধু হাতে নিয়ে দেখতে চাই।’

রণজিৎবাবু আর আপত্তি করলেন না।

আজও বাড়ি অন্ধকার, দশটার আগে আলো আসবে না, এখন বেজেছে মাত্র সোয়া-ছটা। দোতলার বারান্দায় আর ল্যান্ডিং-এ কেরোসিন ল্যাম্প জ্বললেও আনাচে-কানাচে অন্ধকার।

রণজিৎবাবু আমাদের বৈঠকখানায় বসিয়ে সুবীরবাবুকে খবর দিতে গেলেন। যাবার আগে বলে গেলেন যে নীহারবাবু যদি খামটা আলমারি থেকে বার করার ব্যাপারে আপত্তি করেন, তা হলে কিন্তু সেটা দেখানো সম্ভব হবে না।

‘সেটা বলাই বাহুল্য’, বলল ফেলুদা।


সুবীরবাবুকে দেখে বেশ ক্লান্ত বলে মনে হল। বললেন সারাদিন নাকি খবরের কাগজের রিপোর্টারদের ঠেকিয়ে রাখতেই কেটে গেছে। ‘তবে একটা ভাল এই যে, দাদার নামটা লোক ভুলতে বসেছিল, এই সুবাদে আবার মনে পড়ছে।’

মিনিটখানেকের মধ্যেই রণজিৎবাবু এলেন, হাতে লম্বা সাদা খাম। বললেন, ‘নীহারবাবু আপনার নাম শুনেই বোধহয় আপত্তি করলেন না। এমনিতে কাউকে দেখতে দিতেন না।’

‘আশ্চর্য’, ফেলুদা খামটা হাতে নিয়ে ল্যাম্পের তলায় এদিক ওদিক ঘুরিয়ে দেখে মন্তব্য করল। আমার চোখে মনে হচ্ছে সাধারণ লম্বা খাম, পিছনে লাল গালার সীল, সামনের দিকে ওপরের বাঁ কোণে ছাপার হরফে লেখা “ডিপার্টমেন্ট অফ বায়োকেমিস্ট্রি, ইউনিভার্সিটি অফ মিশিগ্যান, মিশিগ্যান, ইউ এস এ”। এতে যে আশ্চর্যের কী আছে জানি না। সুবীরবাবু আর রণজিৎবাবু বসে আছেন আবছা অন্ধকারে, তাঁদেরও মনের অবস্থা নিশ্চয়ই আমার মতো।

ফেলুদা সোফায় এসে বসল, তার দৃষ্টি তখনও খামটার দিকে। তারপর দুই ভদ্রলোককে সম্পূর্ণ অগ্রাহ্য করে, শুধু আমাকেই উদ্দেশ্য করে কথা বলতে শুরু করল। ভাবটা স্কুলমাস্টারের। এই মেজাজে অনেক সময় অনেক বিষয়ে অনেক জ্ঞান দিয়েছে ফেলুদা আমাকে।

‘বুঝেছিস তোপসে, আশ্চর্য জিনিস এই ইংরেজি হরফ। বাংলায় সব মিলিয়ে গোটা দশ



বারো ধাঁচের হরফ আছে, আর ইংরিজিতে আছে কম পক্ষে হাজার দুয়েক। একটা তদন্তের ব্যাপারে আমাকে এই নিয়ে কিছুটা পড়াশুনা করতে হয়েছিল। হরফের শ্রেণী আছে, জাত আছে, প্রতিটি শ্রেণীর আলাদা নাম আছে। যেমন এই বিশেষ ডিজাইনের হরফের নাম হল গ্যারামন্ড।’—ফেলুদা খামের উপর ছাপা বিশ্ববিদ্যালয়ের নামের দিকে আঙুল দেখাল। তারপর বলে চলল—

‘এই গ্যারামন্ড টাইপের উদ্ভব ষোড়শ শতাব্দীতে, ফ্রান্সে। তারপর ক্রমে এই টাইপ সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। ইংল্যান্ড, জার্মানি, সুইটজারল্যান্ড, আমেরিকা ইত্যাদি দেশে শুধু যে এই টাইপের প্রচলন হয় তা নয়, ক্রমে এই সব দেশের নিজস্ব কারখানায় এই টাইপের ছাঁচ তৈরি করা শুরু করা হয়। এমনকী সম্প্রতি ভারতবর্ষেও এটা হচ্ছে। মজা এই যে, খুব ভাল করে দেখলে দেখা যায় যে এক দেশের গ্যারামন্ডের সঙ্গে অন্য দেশের গ্যারামন্ডের সূক্ষ্ম তফাত রয়েছে। কয়েকটা বিশেষ বিশেষ অক্ষরের গড়নে এই তফাতটা ধরা পড়ে। যেমন এই খামের উপরের হরফটা হওয়া উচিত আমেরিকান গ্যারামন্ড, কিন্তু তা না হয়ে এটা হয়ে গেছে ইন্ডিয়ান গ্যারামন্ড। এমনকী ক্যালকাটা গ্যারামন্ডও বলতে পারিস।’

ঘরে থমথমে স্তব্ধতা। ফেলুদার দৃষ্টি খাম থেকে চলে গেছে রণজিৎবাবুর দিকে। লন্ডনে

মাদাম ত্যুসোর মিউজিয়ামে মোমের তৈরি বিখ্যাত লোকের মূর্তির ছবি দেখেছি; তার সব কিছু অবিকল মানুষের মতো হলেও, শুধু কাচের চোখগুলো দেখলেই বোঝা যায় যে মানুষটা জ্যান্ত নয়। রণজিৎবাবু জ্যান্ত হলেও, তার দৃষ্টিহীন চোখ দুটো দেখাচ্ছে অনেকটা সেই মোমের মূর্তির চোখের মতো।

‘কিছু মনে করবেন না রণজিৎবাবু, আমি এই খামটা খুলতে বাধ্য হচ্ছি।’

রণজিৎবাবু তাঁর ডান হাতটা তুলে একটা বাধা দেওয়ার ভঙ্গির মাঝপথে থেমে গেলেন।

একটা তীক্ষ্ণ শব্দের সঙ্গে ফেলুদার দু আঙুলের এক টানে খামের পাশটা ছিঁড়ে গেল। তারপর সেই দু আঙুলেরই আরেকটা টানে খামের ভিতর থেকে বেরিয়ে এল এক তাঁড়া ফুলস্ক্যাপ কাগজ।

রুল টানা ফুলস্ক্যাপ।

তাতে শুধু রুলই আছে, লেখা নেই। অর্থাৎ যাকে বলে ব্ল্যাঙ্ক পেপার।

কাচের চোখ এখন বন্ধ, মাথা হেঁট, দুহাতের কনুই হাঁটুর উপর, হাতের তেলোয় মুখ ঢাকা।

‘রণজিৎবাবু’, ফেলুদার গলা গভীর ‘আপনি গতকাল সকালে এসে যে চোর আসার ইঙ্গিত করেছিলেন, সেটা একেবারে ধাপ্পা, তাই না?’

রণজিৎবাবুর মুখ দিয়ে উত্তরের বদলে বেরোল শুধু একটা গোঙানির শব্দ। ফেলুদা বলে চলল—

‘আসলে রাস্তিরে চোর এসেছে এমন একটা ধারণা প্রচার করার দরকার ছিল আপনার। কারণ আপনি নিজেই চুরির জন্য তৈরি হছিলেন, এবং সন্দেহটা যাতে আপনার উপর না পড়ে সেদিকটা দেখা দরকার ছিল। আমার বিশ্বাস সকালে চোর আসার ধাপ্পাটা দিয়ে দুপুরের দিকে সুযোগ বুঝে আপনিই আলমারি খোলেন এবং খুলে দুটি কাজ সারেন—তেরিশ হাজার টাকা এবং নীহারবাবুর গবেষণার নোটস হস্তগত করা। আমার বিশ্বাস এই জাল খামটা কাল তৈরি ছিল না; এটা আপনি রাতারাতি ছাপিয়ে নিয়েছেন। এটার হঠাৎ প্রয়োজন হল কেন সেটা জানতে পারি কি?’

রণজিৎবাবু এবার ফেলুদার দিকে চোখ তুললেন। তারপর ধরা গলায় বললেন, ‘কাল বিকেলে দস্তরের গলা শুনে নীহারবাবু ওকে সুপ্রকাশ চৌধুরী বলে চিনতে পেরেছিলেন! আমাকে বললেন, “বিশ বছর পরে লোকটার লোভ আবার মাথা চাড়া দিয়ে উঠেছে। আমার কাগজপত্র ওই সরিয়েছে।” তখন...’

‘বুঝেছি। তখন আপনি ভাবলেন চুরিটা দস্তরের ঘাড়ে চাপানোর এই সুযোগ। আপনিই তো পুলিশ চলে যাবার পর সেলোট্যেপ দিয়ে খামটাকে খাটের তলায় আটকে ঝুলিয়ে রেখেছিলেন—ঠিক এমনভাবে যাতে নিচু হলেই সেটা চোখে পড়ে তাই না?’

রণজিৎবাবু প্রায় ডুকরে কেঁদে উঠলেন।

‘আমায় মাপ করবেন! আমি ফেরত দিয়ে দেব! টাকা আর কাগজপত্র আমি কালই ফেরত দিয়ে দেব, মিঃ মিস্তির! আমি...আমি লোভ সামলাতে পারিনি! সত্যি বলছি, আমি লোভ সামলাতে পারিনি!’

‘ফেরত আপনাকে দিতেই হবে। না হলে আপনাকে পুলিশের হাতে তুলে দেব সেটা বুঝতেই পারছেন।’

‘আমি জানি’, বললেন রণজিৎবাবু। ‘তবে একটা অনুরোধ। নীহারবাবু যেন জানতে না পারেন। তিনি আমাকে অত্যন্ত স্নেহ করেন। তিনি এ শব্দ সহ্য করতে পারবেন না।’

‘বেশ। তিনি জানবেন না এটা কথা দিচ্ছি। কিন্তু আপনি এত ভাল ছাত্র হয়ে এটা কী করলেন?’

রণজিৎবাবু ফ্যালফ্যাল করে ফেলুদার দিকে চাইলেন। ফেলুদা বলে চলল—

‘আমি আপনার প্রোফেসর বাগচীর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম। আপনার উপর আমার সন্দেহ পড়ে চাবির গর্তের পাশের দাগ দেখে। চোর অত অসাবধানে কাজ করে না। বিশেষত যেখানে ঘরে লোক রয়েছে, দরজার বাইরে চাকর রয়েছে। যাই হোক, আপনার ভবিষ্যৎ কত উজ্জ্বল ছিল সেটা উনি বললেন। পরীক্ষা দিলে আপনি ফার্স্ট ক্লাস পেতেন এ বিশ্বাস তাঁর ছিল। হঠাৎ পড়াশুনা বন্ধ করে সেক্রেটারির চাকরিটা নেওয়া কি শর্ট কাটে নোবেল প্রাইজের লোভ?’

রণজিৎবাবু ভয়ে, লজ্জায়, অনুশোচনায় আর কথাই বলতে পারলেন না। ওঁর অবস্থা দেখে আমার মতো ফেলুদারও যে মায়া হচ্ছিল সেটা ওর পরের কথা থেকেই বুঝলাম।

‘আপনি এবার বাড়ি যেতে চান যেতে পারেন। কালকের জন্য আর অপেক্ষা করব না আমরা। আপনি আজই আসল কাগজপত্র আর টাকা নিয়ে চলে আসুন। একটু অপেক্ষা করুন, আপনার সঙ্গে যাতে পুলিশ থাকে তার ব্যবস্থা করে দিচ্ছি। এতগুলো টাকা নিয়ে যাতায়াত করাটা মোটেই বুদ্ধিমানের কাজ হবে না।’

সুবোধ বালকের মতো মাথা নাড়লেন রণজিৎ ব্যানার্জি।

সুবীরবাবু তাঁর ছেলে সম্বন্ধে যাই বলে থাকুন না কেন, সে যে চুরি করেনি, সেটা জেনে তাঁর নিশ্চয়ই খানিকটা নিশ্চিত লাগছে। অন্তত তাঁর চেহারা দেখে আর গলার স্বরে তাই মনে হল। বললেন, ‘একবার দাদার সঙ্গে দেখা করে যাবেন কি?’

‘নিশ্চয়ই’, বলল ফেলুদা, ‘সেটাই তো আসল কাজ।’

সুবীরবাবুর পিছন পিছন আমরা নীহারবাবুর ঘরে গিয়ে হাজির হলাম।

‘আপনারা এসেছেন?’ চেয়ারে শোয়া অবস্থায় প্রশ্ন করলেন নীহারবাবু।

‘আজ্ঞে হ্যাঁ,’ বলল ফেলুদা। ‘আপনার গবেষণার কাগজপত্রগুলো ফেরত পেয়ে নিশ্চয়ই খানিকটা নিশ্চিত বোধ করছেন?’

‘ওগুলোর আর বিশেষ কোনও মূল্য নেই আমার কাছে’, নিচু গলায় ক্লান্ত ভাবে বললেন নীহারবাবু। এক দিনে একজন মানুষ এত ফ্যাকাসে হয়ে যেতে পারে সেটা আমার ধারণাই ছিল না। কালকেও দেখে মনে হয়েছে ভদ্রলোক রীতিমতো শক্ত।

‘আপনার কাছে মূল্য না থাকলেও আমাদের কাছে আছে’, বলল ফেলুদা। ‘বিশ্বের অনেক বৈজ্ঞানিকের কাছে আছে।’

‘সে আপনারা বুঝবেন।’

‘আপনাকে শুধু একটা প্রশ্ন করতে চাই। কথা দিচ্ছি এর পরে আর বিরক্ত করব না।’

নীহারবাবুর ঠোঁটের কোণে একটা হালি হাসি দেখা দিল। বললেন, ‘বিরক্ত আর করবেন কী করে? বিরক্তির অনেক উর্ধ্বে চলে গেছি যে আমি!’

‘তা হলে বলি শুনুন। কাল টেবিলের উপর দেখেছিলাম ঘুমের ট্যাবলেট দশটা। আজও দেখছি দশটা। আপনি কি কাল তা হলে ঘুমের ওষুধ খাননি?’

‘না, খাইনি। আজ খাব।’

‘তা হলে আসি আমরা!’

‘দাঁড়ান।’

নীহারবাবু তাঁর ডান হাতটা ফেলুদার দিকে বাড়িয়ে দিলেন। দুজনের হাত মিলল। ভদ্রলোক ফেলুদার হাতটা বেশ ভাল করে ঝাঁকিয়ে দিয়ে বললেন—

‘আপনি বুঝবেন। আপনার দৃষ্টি আছে।’

বাড়িতে এসেও ফেলুদা গম্ভীর। কিন্তু তা বলে আমি অত রহস্য বরদাস্ত করব কেন? চেপে

ধরে বললাম, ‘ঢাক ঢাক গুড় গুড় চলবে না। সব খুলে বলা।’

ফেলুদা উত্তরে রামায়ণে চলে গেল। ওর সাসপেন্স বাড়ানোর কিছু কায়দা আমি সত্যিই বুঝে উঠতে পারি না।

‘রামকে বনবাসে পাঠানোর ছদিন পর দশরথের হঠাৎ মনে পড়েছিল যে তিনি যুবরাজ অবস্থায় একটা সাংঘাতিক কুকীর্তি করে ফেলেছিলেন, আর সেই কারণেই আজ তাঁকে পুত্রশোক ভোগ করতে হচ্ছে। তোর মনে আছে সে কুকীর্তিটা কী?’

রামায়ণটা টাটকা পড়া ছিল না, কিন্তু এ ঘটনাটা মনে ছিল। বললাম, ‘অন্ধমুনির ছেলে রাব্রে নদীতে জল তুলছিল কলসিতে। দশরথ অন্ধকারে শব্দ শুনে ভাবলেন বুঝি হাতি জল খাচ্ছে। উনি শব্দভেদী বাণ মেরে ছেলেটিকে মেরে ফেলেছিলেন।’

‘গুড়। অন্ধকারে শব্দ শুনে লক্ষ্যভেদ করার এই ক্ষমতাটা ছিল দশরথের। নীহারবাবুরও ছিল।’

‘নীহারবাবু!’—আমি প্রায় চেয়ার থেকে পড়ে যাচ্ছিলাম।

‘ইয়েস স্যার’, বলল ফেলুদা।—‘রাত জাগতে হবে বলে ঘুমের ওষুধ খাননি। সবাই যখন ঘুমে অচেতন, তখন খালি পায়ে সিঁড়ি দিয়ে নেমে চলে যান দস্তুর সুপ্রকাশের ঘরে। এই ঘরে এক কালে ওঁর ভাইপো থাকত। ঘর ওঁর চেনা। হাতে ছিল অস্ত্র—রূপো দিয়ে বাঁধানো জাঁদরের লাঠি। খাটের কাছে গিয়ে লাঠি দিয়ে মোক্ষম ঘা। একবার নয়, তিনবার।’

‘কিন্তু...কিন্তু...’

আমার এখনও সাংঘাতিক গোলমাল লাগছে। এ সব কী বলছে ফেলুদা? লোকটা তো অন্ধ! ‘একটা কথা কি মনে পড়ছে না তোর?’ অসহিষ্ণুভাবে বলল ফেলুদা। ‘সুখওয়ানি কী বলেছে দস্তুর সম্পর্কে?’

বিদ্যুতের ঝলকের মতো কথাটা মনে পড়ে গেল।—

‘দস্তুরের নাক ডাকত!!’

‘এগজ্যাক্টলি!’ বলল ফেলুদা।—‘তার মানে বালিশের কোনখানে মাথা...কোন পাশে ফিরে রয়েছে, এ সবই বুঝতে পেরেছিলেন নীহারবাবু। যার শ্রবণশক্তি এত প্রখর, তার আর এর চেয়ে বেশি জানার কী দরকার? এক ঘায়ে যদি না হয়, তিন ঘায়ে তো হবেই!’

আমি কিছুক্ষণ হতভম্ব হয়ে থেকে ভয়ে ভয়ে বললাম, ‘এই অসমাপ্ত কাজটার কথাই কি বলেছিলেন নীহারবাবু? প্রতিশোধ?’

‘প্রতিশোধ’, বলল ফেলুদা, ‘জিঘাংসা। অন্ধেরও দেহমনে প্রচণ্ড শক্তির সঞ্চার করতে পারে এই প্রবৃত্তি। এই জিঘাংসাই তাঁকে এতদিন বাঁচিয়ে রেখেছিল। এখন তিনি মৃত্যুশয্যা। আর সেই কারণেই তিনি আইনের নাগালের বাইরে।’

আরও সতেরো দিন বেঁচে ছিলেন নীহাররঞ্জন দত্ত। মারা যাবার ঠিক আগে তিনি উইল করে তাঁর গবেষণার কাগজপত্র আর জমানো টাকা দিয়ে গেছিলেন তাঁর বিশ্বস্ত মেধাবী সেক্রেটারি রণজিৎ বন্দ্যোপাধ্যায়কে।



যত কাণ্ড কাঠমাণ্ডতে

১

রহস্য-রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ুর মতে হগ সাহেবের বাজারের মতো বাজার নাকি ভূ-ভারতে নেই। যারা জানে না তাদের জন্যে বলা দরকার যে হগ সাহেবের বাজার হল আমরা যাকে নিউ মার্কেট বলি তারই আদি নাম।—‘দিল্লি বোম্বাই যোধপুর জয়পুর সিমলা কাশী, সবই তো দেখলুম, আর আপনাদের সঙ্গেই দেখলুম, কিন্তু আন্ডার দি সেম রুফ এমন একটা বাজার কোথাও দেখেছেন কি?’

এ ব্যাপারে অবিশ্যি আমি আর ফেলুদা দুজনেই লালমোহনবাবুর সঙ্গে একমত। মাঝে একটা কথা হয়েছিল যে এই মার্কেট ভেঙে ফেলে সেখানে একটা মাল্টি-স্টোরি সুপার মার্কেট তৈরি হবে। ফেলুদা তো শুনেই ফায়ার। বলল, ‘এ কাজটা হলে কলকাতার অর্ধেক কলকাতাত্ব চলে যাবে সেটা কি এরা বুঝতে পারছে না? নগরবাসীদের কর্তব্য প্রয়োজনে অনশন করে এই ধ্বংসের পথ বন্ধ করা।’

আমরা তিনজন প্লোবে ম্যাটিনিতে এপ অ্যান্ড সুপার এপ দেখে বাইরে এসে নিউ মার্কেটে যাব বলে স্থির করেছি। লালমোহনবাবুর টর্চের ব্যাটারি আর ডট পেনের রিফিল কেনা দরকার, আর ফেলুদাও বলল কলিমুদ্দিন দোকান থেকে ডালমুট নিয়ে নেবে; বাড়ির ডালমুট মিইয়ে গেছে, অথচ চায়ের সঙ্গে ওটা চাই-ই চাই। তা ছাড়া লালমোহনবাবুর একবার মার্কেটটা ঘুরে দেখা দরকার, কারণ কালই নাকি এই মার্কেটকে সেন্টার করে একটা ভাল ভূতুড়ে গল্পের প্লট গুঁর মাথায় এসেছে। ট্রাফিক বাঁচিয়ে রাস্তা পেরিয়ে প্রাইভেট গাড়ি ও ট্যাক্সির লাইনের ফাঁক দিয়ে এগোনোর সময় প্লটের খানিকটা আভাস দিলেন আমাকে—‘একজন লোক রাস্তিরে মার্কেট বন্ধ হয়ে যাবার পরে দেখে কী, সে ভিতরে আটকা পড়ে গেছে। লোকটা রিটায়ার্ড জজ—অনেককে ফাঁসিতে ঝুলিয়েছে। বোঝা তপেশ—এই বিশাল হগ সাহেবের বাজার, সব দোকান বন্ধ, সব বাতি নিভে গেছে, শুধু লিভসে স্ট্রিটের দিকের কোল্যাপ্সিবল গেটের ভিতর দিয়ে আসা রাস্তার ক্ষীণ আলোয় যেটুকু দেখা যায়। গলিগুলোর এ মাথা থেকে ও মাথা খাঁ খাঁ করছে, আর তারই মধ্যে কেবল একটিমাত্র দোকান খোলা, একটা কিউরিওর দোকান, তাতে টিমটিমে আলো, আর তার ভিতর থেকে বেরিয়ে এল একটা কঙ্কাল, হাতে ছোরা! খুনির কঙ্কাল, যে খুনিকে ফাঁসিকাঠে ঝুলিয়েছিলেন ওই জজ সাহেব। যে দিকেই পালাতে যান, মোড় ঘুরেই দেখেন সামনে সেই কঙ্কাল, হাতে ছোরা, ড্রিপিং উইথ ব্লাড!’

আমি মুখে কিছু না বললেও মনে মনে বললাম ভদ্রলোক ভেবেছেন ভালই, তবে ফেলুদার হেলপ না নিলে গল্পের গোড়ায় গলদ থেকে যাবে; জজ সাহেবের আটকে পড়ার বিশ্বাসযোগ্য কারণ খুঁজে বার করা জটায়ুর সাধ্যের বাইরে।

সামনেই মোহনস্-এর কাপড়ের দোকানের ডান পাশ দিয়ে ঢুকে, বাঁয়ে ঘুরে গুলাবের ঘড়ির দোকান পেরিয়ে ডাইনে একটু গেলেই একটা তেমাখার মোড়ে ইলেকট্রিক্যাল গুডসের দোকান। ব্যাটারি সেইখানেই পাওয়া যাবে, আর তার উলটোদিকেই পাওয়া যাবে রিফিল। দে ইলেকট্রিক্যালসের মালিক ফেলুদার ভক্ত. দেখেই একগাল হেসে নমস্কার করলেন।

আমাদের প্রায় সঙ্গে সঙ্গেই একজন লোক ঢুকলেন, তিনি গল্পে একটা বড় ভূমিকা নেবেন, তাই তাঁর বর্ণনা দিয়ে রাখি। বছর চল্লিশ বয়স, মাঝারি হাইট, ফরসা রং, মাথার চুল পাতলা, দাড়ি-গোঁফ নেই, সাদা বুশ শার্ট, কালো প্যান্ট আর হাতে একটা প্লাস্টিকের ব্যাগ।

‘আপনি মিস্টার মিত্র না?’ ভদ্রলোক ফেলুদার দিকে তাকিয়ে অবাক হেসে প্রশ্নটা করলেন।

‘আজ্ঞে হ্যাঁ।’

‘ওই সামনের বইয়ের দোকানের লোক আমাকে চিনিয়ে দিল। বলল, উনি হচ্ছেন ফেমাস ডিটেকটিভ প্রদোষ মিত্র। হাউ স্টেজ! ঠিক আপনার কথাই ভাবছি আজ দু’দিন থেকে।’

বাংলায় সামান্য টান। হয় ওদিকের লোক এদিকে সেটলড, না হয় এদিকের লোক ওদিকে।

‘কেন বলুন তো?’ ফেলুদা প্রশ্ন করল।

ভদ্রলোক কিছুটা নার্ভাস কি? গলাটা খাকরে নিয়ে বললেন, ‘সেটা আপনার সঙ্গে দেখা করেই বলব। আপনি কাল বাড়ি থাকবেন কি?’

‘বিকেল পাঁচটার পরে থাকব।’

‘তা হলে আপনার অ্যাড্রেসটা যদি একটু—’

ভদ্রলোক পকেট থেকে একটা নোটবুক আর ফাউনটেন পেন বার করে ফেলুদার হাতে দিলেন। ফেলুদা ঠিকানা লিখে দিল।

‘স্যরি!’

ভদ্রলোকের ‘স্যরি’ বলার কারণ আর কিছুই না, পেন থেকে সামান্য বেগুনি কালি লিক করে ফেলুদার আঙুলে লেগেছে। আমি জানি ফেলুদা পুরনো ধরনের ফাউনটেন পেনই পছন্দ করে, বলে তাতে হাতের লেখা আরও ভাল হয়, কিন্তু মাঝে মাঝে লিক করে বলে ইদানীং ডট পেনই ব্যবহার করছে।

‘আমার নাম বাটরা,’ পেন-খাতা পকেটে পুরে বললেন ভদ্রলোক, ‘আমার গ্র্যান্ডফাদার ক্যালকটায় সেটল করেছিলেন সেভেনটি ফাইভ ইয়ারস আগে।’

‘আই সি।’

‘এর মধ্যেই মক্কেল জুটিয়ে ফেললেন নাকি?’

ভদ্রলোক চলে যাবার পরমুহূর্তেই সামনের দোকান থেকে রিফিল কিনে এনে প্রশ্ন করলেন জটায়ু। ফেলুদা একটা নিঃশব্দ হাসি ছাড়া কোনও মন্তব্য করল না। তিনজনে রওনা দিলাম ডালমুটের উদ্দেশ্যে।

লালমোহনবাবু পকেট থেকে ওঁর ছোট্ট লাল ডায়রিটা বার করে নোট নিতে শুরু করলেন। তার ফলে মাঝে মাঝে একটু পিছিয়ে পড়ছেন, আবার তৎক্ষণাৎ পা চালিয়ে আমাদের পাশ নিয়ে নিচ্ছেন। গত সপ্তাহে একবার লোডশেডিং-এর মধ্যে এসে দেখেছি সারা মার্কেটটার উপরে যেন মৃত্যুর ছায়া নেমে এসেছে। আজ আলো থাকায় ভোল পালটে গেছে। পদে পদে কানে আসছে এ পাশ ও পাশ থেকে ছুঁড়ে মারা ‘কী চাইলেন দাদা?’—আর আমরা তারই মধ্যে একেবেঁকে এগিয়ে চলেছি ভিড় বাঁচিয়ে। ফেলুদার লক্ষ্য একটাই, কিন্তু দৃষ্টি ভাইনে বাঁয়ে সামনে তিন দিকে, যদিও তার জন্য ঘাড় ফেরাতে হয় না, চোখ ফেরালেই হল, আর তাতেই মনের মধ্যে অবিরাম ছাপা হয়ে যাচ্ছে ছবি আর কথা, যেগুলো পরে কখন কোন কাজে লাগবে কে জানে। আমি জানি লালমোহনবাবু অত কসরত করে খাতায় যা লিখছেন, ফেলুদার মাথায় আগেই তা লেখা হয়ে যাচ্ছে। সামনে

পুজো, তাই ভিড় বেশি, তাড়া বেশি, কেনার তাগিদ বেশি, লোকের পকেটে পয়সাও নিশ্চয়ই বেশি ।

লালমোহনবাবু বেশ সাহেবি কায়দায় ‘কস্মোপোলিট্যান’ কথাটা বলার প্রায় সঙ্গে সঙ্গেই আমরা কলিমুদ্দিন দোকানের সামনে এসে পড়লাম । এ দোকানও চেনা, ‘সালাম বাবু’ বলে কলিমুদ্দিন তার কাজে লেগে গেল । দিব্যি লাগে দু হাতে ঠোঙা ধরে ঝাঁকিয়ে মেশানোর ব্যাপারটা । আর সেই সঙ্গে টাটকা, নোনতা, জিভে-জল আনা গন্ধ ।

আমি গরম ঠোঙাটা হাতে নিয়েছি, এমন সময় দেখি ওয়ালেট থেকে টাকা বার করতে গিয়ে কী যেন একটা দেখে ফেলুদা একেবারে স্ট্যাচু ।

কারণটা স্পষ্ট । আমাদের পাশ দিয়ে আমাদের সম্পূর্ণ অগ্রাহ্য করে যে লোকটা এই মুহূর্তে মার্কেটের আরও ভিতর দিকে চলে গেল, সে হল মিঃ বাটরার ডুপলিকেট ।

‘টুইন্স,’ চাপা গলায় মন্তব্য করলেন জটায়ু ।

সত্যি, যমজ ছাড়া এ রকম লুব্ধ মিল কল্পনা করা যায় না । তফাত শুধু শার্টের রঙে । ঐরাটা গাঢ় নীল । হয়তো কাছ থেকে সময় নিয়ে দেখলে আরও তফাত ধরা পড়ত, কিন্তু সেও নিশ্চয়ই খুবই সূক্ষ্ম । অবিশ্যি আরেকটা তফাত এই যে ইনি ফেলুদাকে আদর্শই চেনেন না ।

‘এতে অবাক হবার কিছু নেই,’ ফেরাপথে রওনা দিয়ে বলল ফেলুদা, ‘মিঃ বাটরার একটি যমজ ভাই থেকে থাকলে মহাভারত অশুদ্ধ হয়ে যাবে না ।’

‘সে আপনার নীলগিরি, বিষ্ণু, আরাবল্লী, ওয়েস্টার্ন ঘাটস—যাই বলুন না কেন, পাহাড়ের মাথায় যদি বরফ না থাকে তাকে আমি পাহাড়ই বলব না ।’

এবার পুজোয় পাহাড়ে যাবার কথাটা ক’দিন থেকেই হচ্ছিল । নতুন উপন্যাস বেরিয়ে গেছে, লেখার তাগিদ নেই, তাই লালমোহনবাবু তার সেকেন্ড হ্যান্ড সবুজ অ্যান্ডারসোভারে রোজই বিকেলে আসছেন আড্ডা দিতে । কাস্মীরটা আমাদের কারুরই দেখা হয়নি, কিন্তু ওখানকার অকটোবরের শীত সহ্য হবে না সেটা বোধহয় নিজেই বুঝতে পেরে লালমোহনবাবু দু-একবার ‘কাশ’ ‘কাশ’ করে থেমে গেছেন । একটা অ্যাটলাস পড়ে আছে সামনের টেবিলে চা-ডালমুটের পাশে, সেটা খুলে বোধহয় ভারতবর্ষের ম্যাপটা একবার দেখার ইচ্ছে ছিল ভদ্রলোকের, এমন সময় কলিং বেল ।

শ্রীনাথ আমাদের বাড়িতে চোদ্দ বছর কাজ করছে, তাই মিঃ বাটরা এসে বসার সঙ্গে সঙ্গে আরেক পেয়ালা চা এসে গেল ।

‘আপনার কি কোনও যমজ ভাই আছে ?’

বাটরা কপালের ঘাম মুছে রুমালটা রাখার প্রায় সঙ্গে সঙ্গেই প্রশ্নটা করলেন লালমোহনবাবু ।

মিঃ বাটরার ভুরু যে কতটা ওপরে উঠতে পারে, আর তলার ঠোঁট যে কতটা নীচে নামতে পারে সেটা এই এক প্রশ্নেই বোঝা গেল ।

‘আপনারা...আপনারা কী করে... ?’

‘আপনার সঙ্গে দেখা হবার মিনিট পাঁচ-সাতের মধ্যেই নিউ মার্কেটেই তাকে দেখেছি আমরা’, বলল ফেলুদা ।

‘মিস্টার মিটার’,—চেয়ারে প্রায় এক হাত এগিয়ে এসে হাতলে একটা জবরদস্ত চাপড় মেরে বললেন মিঃ বাটরা—‘আই অ্যাম দি ওনলি চাইল্ড অফ মাই পেরেন্টস্ । আমার ভাই

বোন কিছু নেই ।’

‘তা হলে—?’

‘সেজনেই তো আপনার কাছে এলাম মিঃ মিটরা । এক উইক হল এই ব্যাপারটা আরম্ভ হয়েছে । ফ্রম কাঠমাণ্ডু । আমি কাঠমাণ্ডুর একটা ট্রাভেল এজেন্সিতে কাজ করি—সান ট্রাভেলস—আই অ্যাম দ্য পি আর ও । আমাকে কাজের জন্য ক্যালকাটা বোম্বাই দিল্লি যেতে হয় মাঝে মাঝে । আমার অফিসের কাছে একটা ভাল রেস্টোরাণ্ট আছে—ইন্দিরা—সেখানেই লাঞ্চ করি আমি এভরি ডে । লাস্ট মানডে গেছি—ওয়েটার বলছে, আপনি তো আধঘণ্টা আগে লাঞ্চ করে গেলেন, আবার কী ব্যাপার ?—বুঝুন মিঃ মিটরা ! আরও দু-একজন চেনা লোক ছিল, তারাও বলল আমাকে দেখেছে । দেন আই হ্যাড টু টেল দেম—কী আমি আসিনি । তখন ওয়েটার বলে কী, ওর সাসপিশন হয়েছিল, কারণ যে লোক খেতে এসেছিল, হি হ্যাড এ ফুল লাঞ্চ, উইথ রাইস অ্যান্ড কারি অ্যান্ড এভরিথিং ; আর আমি খাই স্রেফ স্যান্ডউইচেজ অ্যান্ড এ কাপ অফ কফি ।’

মিঃ বাটরা দম নিতে থামলেন । আমরা তিনজনেই যাকে বলে উৎকর্ষ হয়ে শুনছি । লালমোহনবাবু বেশি মনোযোগ দিলে মুখ হাঁ হয়ে যায়, এখনও সেই অবস্থা । মিঃ বাটরা চায়ে একটা চুমুক দিয়ে আবার শুরু করলেন ।

‘আমি কলকাতায় এসেছি পরশু, সানডে । কাল সকালে হোটেল থেকে বেরোছি—আমি আছি গ্র্যান্ডে—ফ্র্যাঙ্ক রসে যাব টু বাই সাম অ্যাসপিরিন । আপনি জানান বোধহয়, হোটেলের ভিতরেই একটা কিউরিওর দোকান আছে ? সেইটের পাশ দিয়ে যাবার সময় হঠাৎ শুনি ভিতর থেকে আমায় ডাকছে—মিঃ বাটরা, প্লিজ কাম ফর এ মোমেন্ট !—কী ব্যাপার ? গেলাম ভিতরে । সেলসম্যান একটা একশো টাকার নোট বার করে আমাকে দেখাচ্ছে । বলে—মিঃ বাটরা, আপনার এই নোটটা জাল নোট, নো ওয়াটারমার্ক, প্লিজ চেঞ্জ ইট !—আমার তো মাথায় বাজ পড়ল মিঃ মিটরা ! আমি তো দোকানে ঢুকিইনি ! অ্যান্ড দে ইনসিসটেড, কি আমি গেছি আধ ঘণ্টা আগে, আর আমি ওই একশো টাকার নোট দিয়েছি ওদের, অ্যান্ড আই বট এ কুকরি !’

‘কুকরি ? মানে, নেপালি ছুরি ?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু ।

‘বুঝুন কী ব্যাপার ! আমি থাকি কাঠমাণ্ডুতে ; কলকাতায় এসে গ্র্যান্ড হোটেলের দোকান থেকে আমি নেপালের জিনিস কিনব কেন ? নেপালে তো ও জিনিস আমি হাফ প্রাইসে পাব !’

‘আপনাকে নোটটা বদলে দিতে হল ?’ ফেলুদা প্রশ্ন করল ।

‘অনেকবার বললাম, যে আই অ্যাম নট দ্য সেম পারসন । শেষকালে এমন ভাবে আমার দিকে চাইতে লাগল যেন আমি আইদার পাগল, অর ফোর টোয়েন্টি । এ অবস্থায় কী করা যায়, বলুন !’

‘হুঁ...’

ফেলুদা ভাবছে । হাতটা সাবধানে বাড়িয়ে চারমিনারের ডগা থেকে প্রায় এক ইঞ্চি লম্বা ছাইটা অ্যাশট্রেতে ফেলে দিয়ে বলল, ‘আপনি বেশ অসহায় বোধ করছেন সেটা বুঝতে পারছি ।’

‘আমার রেগুলার প্যানিক হচ্ছে, মিঃ মিটরা । সে যে কখন কী করবে তার ঠিক কী ?’

‘খুবই অদ্ভুত ব্যাপার,’ বলল ফেলুদা । —‘আপনার কথা আমার পক্ষে বিশ্বাস করাই কঠিন হত যদি না আমরা নিজের চোখে সে লোককে দেখতাম । কিন্তু তাও বলতে বাধ্য হচ্ছি, আমি এ ব্যাপারে আপনাকে কীভাবে হেল্প করতে পারি সেটা ঠিক বুঝতে পারছি না ।’

ভদ্রলোকও চিন্তিতভাবে মাথা নেড়ে বললেন, ‘সেটা ঠিক। এখন, আমি তো কাল কাঠমাণ্ডু ফিরে যাচ্ছি। ভরসা কী যে সে লোক আমার পিছে পিছে যাবে না, আর সেখানেও আমাকে হারাস করবে না? এ তো বুঝতে পারছি যে সে লোককে আমি না দেখলেও, সে আমাকে দেখেছে, আর ডেলিবারেটলি আমার পিছনে লেগেছে। দিস ইজ এ নিউ টাইপ অফ ক্রাইম, মিঃ মিটরা। এবারে হান্ড্রেড রুপিঞ্জের উপর দিয়ে বেরিয়ে গেছে, এর পরে কী হবে কে জানে?’

বাইরের লোকের সঙ্গে কথা বলার সময় ফেলুদা এমনিতে পায়ের উপর পা তুলে বসে। যখন বোঝে আর কথা বলার নেই, বেশি বললে সময় নষ্ট হবে, তখন পা-টা এমন ভাবে নামিয়ে নেয় যে তাতেই বেশ বোঝা যায় ‘এবার আপনি আসুন’। আজও তাই করল, আর তাতে ফলও হল। মিঃ বাটরা উঠে পড়লেন। বুঝলাম কতকটা ভদ্রতার খাতিরেই ফেলুদা বলল, ‘আশা করি কাঠমাণ্ডুতে গিয়ে কোনও অসুবিধায় পড়তে হবে না।’

‘লেট আস হোপ সো’, বললেন ভদ্রলোক। ‘এনিওয়ে, আপনার সঙ্গে আলাপ হয়ে গেল। আপনার খুব প্রশংসা শুনেছি মিঃ সর্বেশ্বর সহায়ের কাছে।’

সর্বেশ্বর সহায় ফেলুদার এক মক্কেল। কোডামার্য থাকেন। হাজারিবাগে তাঁর একটা বাংলা প্রায়ই খালি পড়ে থাকে; আমরা একবার সেখানে গিয়ে ছিলাম দিন দশেক।

‘কাঠমাণ্ডুতে কোনও গোলমাল দেখলে আপনি পুলিশে খবর দিয়ে দেবেন’, বলল ফেলুদা। ‘এসব লোকের দরকার স্রেফ ধোলাই।’

মিঃ বাটরা চলে যাবার পর লালমোহনবাবুই প্রথম মুখ খুললেন।

‘আশ্চর্য! ফরেন কান্ট্রি বলেই বোধহয় এই হিল স্টেশনের কথাটা একবারও মাথায় আসেনি।’

২

পরদিন সকালে যে ঘটনাটা ঘটল, বলা যেতে পারে সেটা থেকেই আমাদের এই অ্যাডভেঞ্চারের শুরু। অবিশ্যি সেটার বিষয়ে বলার আগে গতকাল রাত্রে টেলিফোনটার কথা বলা দরকার।

কলকাতায় অকটোবর মাসেও মাঝে মাঝে আকাশ কালো-টালো করে বৃষ্টি এসে যায়। কালও তাই হল। লালমোহনবাবু সাধারণত বিকেলে এলে আটটা-সড়ে আটটা পর্যন্ত থাকেন; কাল সাতটা নাগাদ মেঘের গর্জন শুনে হস্তদস্ত হয়ে উঠে পড়লেন—‘বরঞ্চ কাল সকালে আসা যাবে, তপেশ। নিউ মার্কেটের প্লটটা আরও খানিকটা এগিয়েছে; তোমার একটা ওপিনিয়ন নেওয়া দরকার।’

বৃষ্টি এল আটটায়, আর ফোনটা পৌনে নটায়। ফেলুদা ওর ঘরে এক্সটেনশনে কথা বলল, আর আমি বসবার ঘরের মেইন টেলিফোনে শুনলাম।

‘মিস্টার প্রদোষ মিত্র?’

‘কথা বলছি।’

‘ডিটেকটিভ প্রদোষ মিত্র?’

‘আজ্ঞে হ্যাঁ। প্রাইভেট ইনভেসটিগেটর।’

‘নমস্কার। আমার নাম অনীকেন্দ্র সোম। আমি বলছি সেন্ট্রাল হোটেল থেকে।’

‘বলুন।’

‘আপনার সঙ্গে একটু দরকার ছিল। একটু দেখা করা যাবে কি?’

‘ব্যাপারটা জরুরি ?’

‘খুবই । আজ তো বাদলা, তবে কাল সকালে যদি একটু সময় দিতে পারেন । আমি বাইরে থেকে এসেছি, এবং আসার একটা প্রধান কারণ হল আপনার সঙ্গে দেখা করা । মনে হয় আপনি ব্যাপারটা শুনে ইন্টারেস্টেড হবেন ।’

‘টেলিফোনে এর বেশি বলা যাবে না বোধহয় ?’

‘আজ্ঞে না । ভেরি স্যারি ।’

অ্যাপয়েন্টমেন্ট হল সকাল ন’টায় । ‘কণ্ঠস্বরে বেশ ব্যক্তিত্বের পরিচয় পাওয়া যায়’, বলল ফেলুদা । আমারও অবিশ্যি তাই মনে হয়েছিল । মনে মনে বললাম—সকালে বাটরা, বিকেলে সোম—মক্কেলের কিউ লেগে গেছে ।

আজকাল ফেলুদার সঙ্গে আমিও যোগব্যায়াম করি । সকাল আটটার মধ্যে স্নান-টান সেরে দুজনেই সারা দিনের জন্য তৈরি । সাড়ে আটটায় লালমোহনবাবু ফোন করে বললেন, সেদিন নিউমার্কেটে একটা দোকানের উইন্ডোতে নাকি একটা লাইট গ্রিন জার্কিন দেখেছেন, সেইটের দরটা জেনেই আমাদের বাড়িতে চলে আসবেন । বুঝলাম ভদ্রলোক হিল স্টেশনে যাবার তোড়জোড় আরম্ভ করে দিয়েছেন ।

পীনে দশটাতেও যখন অনীকেন্দ্র সোম এলেন না, তখন ফেলুদার হাত থেকে খবরের কাগজটা পাশে ফেলে মাথা নাড়ার ভাবটা দেখে বুঝলাম বাঙালিদের পাণ্ডুয়ালিটির অভাব নিয়ে একটা তেতো মন্তব্য করার জন্য তৈরি হচ্ছে ।

দশ মিনিটের মধ্যেই ফোনটা বেজে উঠল ।

‘মার্ডার ভিকটিমের নোটবুকে আপনার ফোন নম্বর দেখছি কেন মশাই ?’

প্রশ্নটার মধ্যে একটা ভড়কে দেবার ভাব থাকলেও, আসলে সেটা যে হালকা মেজাজেই করা হয়েছে তা বুঝতে অসুবিধা হয় না । প্রশ্নকর্তা হচ্ছে জোড়াসাঁকো থানার ইন্সপেক্টর মহিম দত্তগুপ্ত ।

ফেলুদার কপালে খাঁজ ।

‘কে খুন হল ?’

‘চলে আসুন সেন্ট্রাল অ্যাভিনিউ । সেন্ট্রাল হোটেল । তেইশ নম্বর ঘর ।’

‘অনীকেন্দ্র সোম কি ?’

‘আপনার চেনা নাকি ?’

‘পরিচয় হবার কথা ছিল আজ সকালেই । কীভাবে খুন হল ?’

‘ছুরিকাঘাত ।’

‘কখন ?’

‘আর্লি মর্নিং । এলে সব জানতে পারবেন । আমি এসেছি এই মিনিট কুড়ি ।’

‘আমি চেষ্টা করছি আধ ঘণ্টার মধ্যে পৌঁছে যেতে ।’

লালমোহনবাবু এলেন দশ মিনিট পরেই, তবে ঘরে ঢোকার আর সুযোগ পেলেন না । ‘মার্ডার !’ বলে লালমোহনবাবুকে ঠেলে নিয়ে গিয়ে তাঁর গাড়িতে তুলে দিয়ে নিজে উঠে তাঁর পাশে বসে ফেলুদা ড্রাইভার হরিপদবাবুকে বলল, ‘সেন্ট্রাল হোটেল, চট-জলদি ।’

আপিসের ট্রাফিক, তার মধ্যেই যথাসম্ভব স্পিডে চলেছে আমাদের গাড়ি, আমি সামনে বসে একবার ঘাড় ঘুরিয়ে পিছনে দেখেই বুঝেছি লালমোহনবাবুর অবস্থা বিনা মেঘে বজ্রাঘাতের মতো । এটাও তিনি জানেন যে এ অবস্থায় ফেলুদাকে কোনও প্রশ্ন করেই কোনও উত্তর পাবেন না ।

হোটেল পৌঁছে যেটা জানা গেল তা মোটামুটি এই । রবিবার সন্ধ্যাবেলা অনীকেন্দ্র সোম

এসে হোটেল গেলেন। খাতা থেকে জানা যাচ্ছে তিনি থাকেন কানপুরে। আগামীকাল তাঁর চলে যাবার কথা ছিল। আজ ভোর পাঁচটায় নাকি একজন লোক এসে তাঁর খোঁজ করেন। তাঁকে বলা হয় সোম থাকেন তেইশ নম্বর ঘরে। দোতলার ঘর, তাই আগন্তুক লিফটে না উঠে সিঁড়ি দিয়েই ওঠেন, আর মিনিট পনেরো বাদেই নাকি চলে যান। চেহারার বর্ণনা হল—মাঝারি হাইট, পরিষ্কার রং, দাড়ি-গোঁফ নেই, পরনে ছাই রঙের প্যান্ট আর নীল বুশ শার্ট। দারোয়ান বলল যে ভদ্রলোক নাকি একটা ট্যাক্সি দাঁড় করিয়ে রেখেছিলেন।

মিঃ সোম আটটায় ব্রেকফাস্ট চেয়েছিলেন, রুমবয় ঠিক সময়ে গিয়ে দরজার বেল টিপে কোনও সাড়া পায়নি। তারপর ডুপলিকেট চাবি দিয়ে ঘর খুলে দেখে দরজার সামনেই পড়ে আছে মিঃ সোমের মৃতদেহ। অস্ত্রটা হচ্ছে একটা নেপালি কুকরি। সেটা মেরেছে বুকের মোক্ষম জায়গায়, এবং সেটাকে আর বার করা হয়নি।

তেইশ নম্বর ঘরে পুলিশ খানাতল্লাসি করছে, তবে জিনিস বলতে বিশেষ কিছুই নেই। একটি মাত্র ছোট ভি আই পি ব্যাগ, তাতে দিন-তিনেকের ব্যবহারের জন্য জামা-কাপড়। টাকা-পয়সা কিছুই পাওয়া যায়নি, অর্থাৎ ধরে নেওয়া যেতে পারে সেগুলো আততায়ীই সরিয়েছে। ফেলুদা লাশ দেখে এসে বলল ভদ্রলোক রীতিমতো সুপুরুষ ছিলেন, বয়স ত্রিশের বেশি নয়। রুমবয়ের সঙ্গে কথা বলে জানা গেল মিঃ সোম সিগারেট খেতেন না, ড্রিংক করতেন না। রিসেপশনে বসেন মিঃ লতিফ, তিনি বললেন মিঃ সোম নাকি গতকাল বেশির ভাগ সময়টাই হোটেলের বাইরে ছিলেন, ফেরেন বৃষ্টি নামার ঘণ্টাখানেক আগে। আজ ভোরে ছাড়া ওঁর কাছে কোনও ভিজিটর আসেনি, কেউ টেলিফোনেও ওঁর খোঁজ করেনি। তবে হ্যাঁ, এই হোটেলের ঘরে টেলিফোন নেই, তাই মিঃ সোম নাকি কাল রাতে রিসেপশন থেকে ডিরেক্টরি দেখে একটা নম্বর বার করে কাকে যেন টেলিফোন করেন, এবং করার পর নিজের নোটবুকে নম্বরটা লিখে নেন।

যে নোটবুকে ফেলুদার নম্বরটা ছিল সেটা পাওয়া যায় খাট এবং বেডসাইড টেবিলের মাঝখানে মেঝেতে। নতুন কেনা নোটবুক, তার প্রথম তিনটে পাতাতেই শুধু লেখা। এলোমেলো টুকরো টুকরো কথা—বাংলা ইংরেজি মেশানো। ‘কী মনে হচ্ছে বল তো?’—একটা পাতা খুলে আমার দিকে এগিয়ে দিয়ে বলল ফেলুদা।

আমি বললাম, ‘লেখা মাঝে মাঝে কেঁপে গেছে, বিশেষ করে “ঘাঁটি” কথাটা তো প্রায় পড়াই যায় না।’

‘প্রচণ্ড নার্ভিস টেনশনে লিখেছেন বলে মনে হয়’, মন্তব্য করলেন জটায়ু।

‘অথবা প্রচণ্ড বেগে ধাবমান কোনও যানে,’ বলল ফেলুদা, ‘ধরুন ঘণ্টায় ছ’শো মাইল।’

বোঝাই যাচ্ছে ফেলুদা প্লেনের কথা বলছে। জেটপ্লেনের স্পিড গড়ে ঘণ্টায় ছ’শো মাইল হতে পারে।

‘আমার বিশ্বাস ঘাঁটি কথাটা লেখার সময় প্লেনটা একটা এয়ারপোর্টে পড়েছিল,’ বলল ফেলুদা।

‘মোক্ষম ধরেছেন,’ বললেন জটায়ু, ‘সেবার বসে যাবার সময় মনে আছে সবোমাত্র কফিতে চুমুক দিয়েছি—আর অমনি পকেট! সে মশাই কফি অন্ননালীতে না গিয়ে শ্বাসনালীতে ঢুকে বিষম-টিষম লেগে এক কেলেকারি ব্যাপার।’

ফেলুদা লেখাগুলো নিজের খাতায় টুকে নিয়ে নোটবুকটা মহিমবাবুকে ফেরত দিয়ে দিল।

‘আমরা কানপুরে জানিয়ে দিচ্ছি,’ বললেন মহিম দত্তগুপ্ত, ‘লাশ সনাক্ত করার একটা ব্যাপার আছে তো।’

ফেলুদা বলল, ‘আমার বিশ্বাস রাস্তিরে দিল্লি থেকে একটা ফ্লাইট আছে যেটা কানপুর হয়ে আসে। গত রবিবারের ফ্লাইটে অনীকেন্দ্র সোম নামে কোনও প্যাসেঞ্জার ছিল কি না সেটাও খোঁজ করে দেখতে পারেন। তবে আমার ধারণা লোকটা কোনও পাহাড়ি জায়গা থেকে আসছে।’

‘কেন বলুন তো?’

‘এক জোড়া মাউন্টেনিয়ারিং বুটস দেখলাম, তার একটার তলায় এক টুকরো ফার্ন লেগে রয়েছে, যেটা পাহাড়েই থাকা স্বাভাবিক।’

মহিমবাবু বললেন নতুন কোনও তথ্য পেলেই জানিয়ে দেবেন, বিশেষ করে কুকরি হত্যে কোনও ফিংগার প্রিন্ট পাওয়া গেল কি না।

‘আর গ্র্যান্ড হোটেলে ঢুকেই প্যাসেজের বাঁদিকে একটা কিউরিওর দোকান আছে,’ বলল ফেলুদা, ‘খোঁজ করে দেখতে পারেন, কুকরিটা ওখান থেকেই কেনা হয়েছে কি না।’

ফেরার পথে নোটবুকের তিনটে পাতায় যে লেখাগুলো ছিল সেগুলো দেখাল ফেলুদা।

প্রথম পাতায় দু লাইন লেখা—(১) only L S D কি? (২) ASK C P about methods and past cases.

দ্বিতীয় পাতায় তিন লাইন—(১) ঘাঁটি এখানে না ওখানে? (২) A B সম্বন্ধে আগে জানা দরকার; (৩) Ring up P C M, D D C.

তৃতীয় পাতায় শুধু আমাদের বাড়ির ফোন নম্বর।

‘ফরেন কারেন্সি ঘটিত কোনও ব্যাপার নাকি মশাই?’ প্রশ্ন করলেন জটায়ু। মেট্রো ছাড়িয়ে চৌমাথায় লাল বাতিতে এসে থেমেছে আমাদের গাড়ি।

‘কেন বলুন তো?’

‘না, ওই এল এস ডি দেখলাম কি না। পাউন্ড-শিলিং-পেন্স তো?’

‘আপনি বৈষয়িক চিন্তাটা একটু কম করুন তো মশাই,’ মেকি ধমকের সুরে বলল ফেলুদা—‘এল এস ডি হল এক রকম ড্রাগ। লাইসেন্সযুক্ত অ্যাসিড ডাইয়েথিলামাইড। হিপিদের দৌলতে এর খ্যাতি এখন সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে। আজকাল বৈজ্ঞানিকরা বলেন, মানুষের মগজে সেরোটোনিন বলে এক রকম রাসায়নিক পদার্থ আছে যেটা মানুষকে সুস্থ মস্তিষ্কে ভাবতে বুঝতে, চিন্তা করতে সাহায্য করে। এল এস ডি নাকি সেরোটোনিনের মাত্রা সাময়িকভাবে কমিয়ে দিয়ে মস্তিষ্কের বিকার ঘটিয়ে দেয়। কিছুক্ষণের জন্য মানুষ তাই একটা অবাস্তব জগতে বিচরণ করে। ধরুন, এই চৌরঙ্গিকে মনে হতে পারে নন্দনকানন।’

‘বলেন কী! এ জিনিস কিনতে পাওয়া যায় নাকি?’

‘তা যায় বইকী। তাই বলে কি আর দে’জ মেডিক্যাল স্টোর্সে গিয়ে চাইলে পাবেন? এসব পাওয়া যায় গোপন আস্তানায়। গ্লোব সিনেমার পিছন দিকে হিপিদের একটা হোটেল আছে। সেখানে গিয়ে তাদের সঙ্গে মিশলে পরে এক-আধটা শুগার কিউব পেলেও পেতে পারেন।’

‘শুগার কিউব?’

‘চার চৌকো চিনির ডেলা দেখেননি? তার মধ্যে পোরা থাকে এক কণা এল এস ডি। এই এক কণার তেজ আপনার ভাষায় ফাইভ থাউজ্যান্ড হর্স পাওয়ার। অবিশ্যি এল এস ডি সেবন করে সাময়িক স্বর্গবাস নরকবাস দুই-ই হতে পারে। সেটা কে খাচ্ছে তার উপর নির্ভর করে। সিঁড়ি নামছে মনে করে সাততলার ছাতের কার্নিশে দাঁড়িয়ে শূন্যে পা বাড়িয়ে দিয়েছে এল এস ডি-র প্রভাবে এও শোনা যায়।’

‘তার মানে পপাত চ—?’

‘অ্যান্ড মমার চ।’

‘কী ভয়ঙ্কর!’

খুনটা হয়েছিল মঙ্গলবার সকালে । বিষ্যদবার দুপুরে ফেলুদার ফোন এল মহিম দত্তগুপ্তর কাছ থেকে । খবর আছে অনেক ।

অনীকেন্দ্র সোম কানপুরের আই আই টি-তে অধ্যাপনা করতেন । সেখানে তাঁর কোনও আত্মীয় থাকে না । তবে তাঁরা খবর পাঠান যে কলকাতায় অনীকেন্দ্র সোমের এক ভাই থাকে । সে নাকি স্টেট ব্যাঙ্কে চাকরি করে । পুলিশ তার হৃদিশ বার করে । ভদ্রলোক নাকি খবরের কাগজে তাঁর দাদার মৃত্যু-সংবাদটা মিস্ করে গেছিলেন । যাই হোক, তিনি লাশ সনাক্ত করে যান, এবং বলেন যে অনীকেন্দ্রবাবু নাকি তাঁর আত্মীয়-স্বজনের সঙ্গে বিশেষ যোগাযোগ রাখতেন না । কলকাতায় প্রায় আসতেন না বললেই চলে । তবে দাদা একটু খামখেয়ালি হলেও, নির্ভীক, স্বাধীনচেতা পুরুষ ছিলেন সেটা ভাই স্বীকার করেন ।

দু নম্বর—কুকরিতে কোনও আঙুলের ছাপ পাওয়া যায়নি । অর্থাৎ খুনি অত্যন্ত সাবধানি লোক । যে ভাবে যে অ্যাপ্সেলে ছোরা বৃকে ঢুকেছে, তাতে মনে হয় খুনি নাটা বা লেফট-হ্যান্ডেড । গ্র্যান্ড হোটেলের কিউরিওর দোকানের মালিক ছোরাটা দেখে চিনেছেন এবং বলেছেন সেটা তাঁরা বিক্রি করেন সোমবার সকালে মিঃ বাটরা নামক এক ব্যক্তিকে । ইনি গ্র্যান্ড হোটেলেরই ছিলেন, এবং যেদিন খুন হয় সেদিন ইন্ডিয়ান এয়ার লাইনসের সকাল ন'টার ফ্লাইটে চলে যান কাঠমাণ্ডু ।

তিন নম্বর—কানপুর হয়ে আসা দিল্লির রবিবারের ফ্লাইটে অনীকেন্দ্র সোম বলে কোনও যাত্রী ছিলেন না । তবে রবিবারের অন্য সব ফ্লাইটের প্যাসেঞ্জার লিস্ট দেখে পুলিশ জেনেছে যে সে দিন কাঠমাণ্ডু-ক্যালকাটা বিকালের ফ্লাইটে অনীকেন্দ্র সোম নামে একজন প্যাসেঞ্জার ছিলেন । এক ঘণ্টা লেট ছিল ফ্লাইটটা ; সেটা এসে দমদমে পৌঁছায় সাড়ে পাঁচটায় ।

মহিমবাবু শেষ কথা বললেন এই যে, খুনি যখন বিদেশে ভাগলওয়া, তখন এখান থেকে কিছু করার কোনও সোজা রাস্তা নেই । কেসটা আপাতত চলে যাচ্ছে সি আই ডি হোমিসাইডের হাতে । সেখান থেকে দিল্লির হোম ডিপার্টমেন্টে জানালে পর তারা আবার নেপাল সরকারের কাছে অনুরোধ জানাবেন এই খুনের তদন্তে সহায়তার জন্য । নেপাল সরকার সম্মতি জানালে পর এখান থেকে সি আই ডি-র লোক চলে যাবে কাঠমাণ্ডু ।

ফেলুদা ফোনটা রাখার সময় শুধু একটি কথাই বলল—

‘বেস্ট অফ লাক্ !’

এর পর দুটো দিন ফেলুদার কথা একদম বন্ধ । তবে ও যে গভীরভাবে চিন্তা করছে সেটা ওর ঘনঘন পায়চারি, মাঝে মাঝে আঙুল মটকানো, আর হঠাৎ হঠাৎ বিছানায় চিত হয়ে শুয়ে পড়ে সিলিং-এর দিকে চেয়ে থাকা দেখেই বুঝতে পারছিলাম ।

দ্বিতীয় দিন লালমোহনবাবু এসে প্রায় দু ঘণ্টা রইলেন, অথচ পুরো সময়টা ফেলুদা টোট্যাঁলি মৌনী । ভদ্রলোক শেষটায় যা বলার আমাকেই বললেন, এবং মোন্দা ব্যাপারটা এই যে, উনি নাকি গতকাল এক আশ্চর্য পামিস্টের কাছে গিয়ে হাত দেখিয়ে এসেছেন ।

‘বুঝলে ভাই তপেশ, ভদ্রলোকের নাম হচ্ছে মৌলিনাথ ভট্টাচার্য । শুধু যে দুর্ধর্ষ হাত-দেখিয়ে তা নয়, ওরিজিন্যাল রিসার্চ আছে । বলেন, মানুষের মতো বাঁদরের হাতেও

নাকি রেখা থাকে, আর সে রেখা পড়া যায়। আমাদের চিড়িয়াখানায় একটা শিম্পাজি আছে। মৌলিবাবু কিউরেটরকে বলে স্পেশাল পারমিশন নিয়ে, যে লোকটা শিম্পাজিটার দেখাশোনা করে তাকে সঙ্গে নিয়ে ঢুকেছিলেন খাঁচার ভেতর। বললেন ভারী ভব্য জানোয়ার। দশ মিনিট ধরে হাত বাড়িয়ে বসে ছিল, টু শব্দটি করেনি। কেবল বেরোবার সময় নাকি ভদ্রলোকের কাছটা টেনে খুলে দেয়, হুইচ মে বি অনিচ্ছাকৃত। যাই হোক, হেড লাইন, লাইফ লাইন, হার্ট লাইন, ফেট লাইন—সব আছে ওই বাঁদরের হাতে। ওটা মরবে এইটটি-থ্রির অগাস্টে। অ্যাট দি এজ অফ থার্টি থ্রি। আমি ডায়রিতে নোট করে নিয়েছি। আমার তো মনে হয় ফলে যাবে। তুমি কী বলো?’

আমি বললাম, ‘ফললে নিশ্চয়ই একটা অদ্ভুত ব্যাপার হবে। কিন্তু আপনাকে কী বললেন?’

‘সে তো আরেক মজা। বছর পাঁচেক আগে কৈলাস বোস স্ট্রিটে এক পামিস্টকে হাত দেখিয়েছিলাম। তিনি বলেছিলেন ফরেন ট্রার নেই। ইনি দেখিয়ে দিলেন স্পষ্ট রয়েছে। না হয়ে যায় না।’

লালমোহনবাবু হতাশ হননি। পরদিনই সকালে চা খেতে খেতে ফেলুদা বলল, ‘বুঝলি তোপসে, মন বলছে অল রোডস্ লিড টু নেপাল। আর তার মধ্যে কিছু রাস্তা বেশ সর্পিল। অতএব নেপাল যাওয়াটা ফেলু মিস্তিরের কর্তব্য।’

ইন্ডিয়ান এয়ারলাইনসে কাঠমাণ্ডু ফ্লাইটে তিনজনের টিকিট কিনে, লন্ড্রি থেকে গরম জামা আনিয়ে, পুষ্পক ট্র্যাভেলস-এর সুদর্শনবাবুকে দিয়ে ওখানকার হোটেল বুক করার কথা বলে দিয়ে আমাদের রওনা হতে আরও তিন দিন লেগে গেল।

এরই মধ্যে একদিন আমি ফেলুদাকে জিজ্ঞেস করলাম, ‘তোমার কি ধারণা নকল বাটরাও কাঠমাণ্ডু চলে গেছে?’

ফেলুদা বলল, ‘খুন করে দেশের বাইরে পালিয়ে যেতে পারলে একটা মস্ত সুবিধে আছে। শুনলি তো মহিমবাবু কী বললেন—দুই দেশের সরকারের মধ্যে সমঝোতা না হওয়া পর্যন্ত তো খুনি নিশ্চিন্ত। যুক্তরাষ্ট্রে খুন করে অনেকে সীমানা পেরিয়ে পালিয়ে যায় মেকসিকোতে, শুনেছিস তো। ভারত আর নেপালও তো সেই একই ব্যাপার।’

যাবার আগের দিন সকালবেলা লালমোহনবাবু এসে বলে গেলেন যে লেনিন সরগির মোড়ে নকল বাটরাকে দেখেছেন। সে নাকি একটা ঠাণ্ডাইয়ের দোকানের সামনে দাঁড়িয়ে লসিয় খাচ্ছিল। ফেলুদা চারমিনারে টান দিয়ে সিলিং-এর দিকে দৃষ্টি রেখে প্রশ্ন করল, ‘গেলাসটা বাঁ হাতে ধরেছিল কি না সেটা লক্ষ করেছিলেন?’

‘এই রে!’

লালমোহনবাবু জিভ কেটে বুঝিয়ে দিলেন সেটা করেননি।

‘তা হলে আপনার স্টেটমেন্টের কোনও মূল্য নেই’, বলল ফেলুদা।

এয়ারপোর্টের কাউন্টারে ফেলুদার চেনা লোক ছিল। তিনি বললেন, ‘আপনাদের ডানদিকে সিট দিচ্ছি, তা হলে ভাল ভিউ পাবেন।’

ভাল ভিউটা যে কতটা ভাল সেটা যে না দেখেছে তাকে বলে বোঝানো মুশকিল। স্বপ্নেও কি ভাবা যায় যে কলকাতার মাটি ছেড়ে আকাশে ওঠার দশ মিনিটের মধ্যে ডানদিকে চেয়ে দেখতে পাব দূরে ঝলমল করছে আমাদের সেই ছেলেবেলা থেকে চেনা কাঞ্চনজঙ্ঘা?

আর তার পরেই অবিশ্যি শুরু হল সারা ডানদিকটা জুড়ে ভিড় করে দাঁড়িয়ে থাকা বিখ্যাত সব পর্বতশৃঙ্গ, যার অনেকগুলোই কোনও-না-কোনও সময়ে কোনও-না-কোনও দেশের

বিখ্যাত পর্বতারোহী দলগুলোকে চুষকের মতো টেনে নিয়ে গেছে শেরপাদের দেশে, যেখান থেকে তারা থোড়াই-কেয়ার মেজাজে মরণপণে ঝাঁপিয়ে পড়েছে শৃঙ্গবিজয় অভিযানে।

ক্যাপ্টেন মুখার্জি যে এই প্লেনের অধিনায়ক সেটা আগেই ঘোষণা করা হয়েছিল। আমরা জানালা দিয়ে মস্তমুগ্ধের মতো বরফের চূড়োগুলোর দিকে দেখছি, এমন সময় একজন বাঙালি এয়ার হোস্টেস এসে ফেলুদার উপর ঝুঁকে পড়ে বলল, ‘ক্যাপ্টেন একবার আপনাকে ককপিটে ডেকেছেন।’

ফেলুদা ওঠবার জন্য তৈরি হয়ে মেয়েটিকে বলল, ‘আমার পরে এঁরা দুজনও একবার যেতে পারেন কি?’

এয়ার হোস্টেস হেসে বলল, ‘আপনারা তিনজনেই আসুন না।’

ককপিটে জায়গা খুবই কম, তবে ফেলুদার পিছনে দাঁড়িয়ে ওর কাঁধের দু দিক দিয়ে গলা বাড়িয়ে আমরা দুজনে যা দেখলাম তাই যথেষ্ট। দেখে মনের যে ভাবটা হল সেটাকে লালমোহনবাবু পরে বলেছিলেন ‘সুদৃশ্য রুদ্ধশ্বাস বিমুক্ত বিমূঢ় বিস্ময়’। পর পর চূড়োর লাইন ডানদিক থেকে এসে বাঁয়ে ঘুরে প্লেন যদিকে যাচ্ছে সেদিকে একটা প্রাচীর সৃষ্টি করেছে। দূরত্ব যতই কমে আসছে, শৃঙ্গগুলো ততই ফুলে ফেঁপে চাপিয়ে চিতিয়ে উঠছে। কো-পাইলটের হাতে একটা হ্যাডলি চেজের বই, তিনি সেটাকে বন্ধ করে পর পর চূড়াগুলো চিনিয়ে দিলেন। কাঞ্চনজঙ্ঘার পরই মাকালু, আর তার দুটো চূড়োর পরেই এভারেস্ট। বাকিগুলোর মধ্যে যে নামগুলো আমার চেনা সেগুলো হল গৌরীশঙ্কর, অন্নপূর্ণা আর ধবলগিরি।

মিনিট পাঁচেক ককপিটে থেকে আমরা ফিরে এলাম। এক ঘণ্টা লাগে কাঠমাণ্ডু পৌঁছাতে। এয়ার হোস্টেস চা দিয়েছিল, সেটা শেষ হতে না হতে বুঝতে পারলাম প্লেন নীচে নামতে শুরু করেছে। জানালা দিয়ে চেয়ে দেখি নীচে ঘন সবুজ ছাড়া আর কিছু দেখা যাচ্ছে না। এই সেই বিখ্যাত তেরাই। এর পরে মহাভারত পাহাড় পেরিয়েই কাঠমাণ্ডু ভ্যালি।

সামনে একটা বিশাল সাদা মেঘের কুণ্ডলী, আমাদের প্লেনটা তার মধ্যে ঢুকতেই বাইরের দৃশ্য মুছে গেল, আর সঙ্গে সঙ্গে একটা ঝাঁকুনি শুরু হল।

মিনিটখানেক এই অবস্থায় চলার পর হঠাৎ মেঘ সরে গেল, ঝাঁকুনি থেমে গেল, আর ঝলমলে রোদে দেখতে পেলাম নীচে বিছিয়ে আছে এক আশ্চর্য সুন্দর উপত্যকা।

‘এ যে ফরেন কান্ট্রি সে আর বলে দিতে হয় না মশাই,’ ঢোক গিলে কানের তালো ছাড়িয়ে অবাক চোখ করে বললেন লালমোহনবাবু।

কথাটা ঠিকই। ভারতবর্ষে এমন জায়গা নেই! পাহাড় নদী ধানখেত গাছপালা ঘরবাড়ি সবই আছে, কিন্তু তাও যেন একেবারে অন্য রকম।

‘গ্রামের বাড়িগুলো লক্ষ কর,’ বলল ফেলুদা, ‘চিনেদের তৈরি ইটের দোতলা বাড়ি, তার উপর খড়ের চাল। এ জিনিস আমাদের দেশে দেখতে পাবি না।’

‘ওগুলো কি মন্দির নাকি মশাই?’

‘বৌদ্ধমন্দির,’ বলল ফেলুদা। ‘নদীর এ পারে, তাই মনে হয় ওটা পাটন শহর। আর ওইটে ক্রাঠমাণ্ডু।’

আমাদের প্লেনের ছায়াটা কিছুক্ষণ থেকেই সঙ্গে সঙ্গে চলছিল। লক্ষ করছিলাম সেটার বড় হওয়ার স্পিড ক্রমেই বাড়ছে; এবারে সেটা যেন হঠাৎ তড়িঘড়ি ছুটে এসে বিরাট হয়ে আমাদের প্লেনের সঙ্গে মিশে যাওয়ার সঙ্গে সঙ্গে বুঝতে পারলাম আমরা ত্রিভুবন এয়ারপোর্টে ল্যান্ড করেছি।

এয়ারপোর্টে বেশ চনমনে অভিজ্ঞতা হল। এ রকম বিদেশি টুরিস্টের ভিড় এর আগে একবারই দেখেছি, বোম্বের তাজমহল হোটেলের লবিতে।

আগেই জানতাম এখানে কাস্টমস-এর ঝামেলা আছে, চেকিং-এর একটু বাড়াবাড়ি, সকলেরই সুটকেস নাকি খুলে দেখে। আমাদের কাছে আপত্তিকর কিছুই নেই, তাও লালমোহনবাবু দাঁতে দাঁত চেপে আছেন কেন জিজ্ঞেস করাতে বললেন, ‘একটা টিফিন বক্সে কিছু আমসত্ত্ব এনিচি ভাই। ফরেন কান্ট্রি, যদি সন্দেহ-টন্দেহ করে।’

শেষ পর্যন্ত কাস্টমস কিছু বলল না দেখে লালমোহনবাবু একটা হাঁপ-ছাড়া হাসি হেসেই হঠাৎ আবার গম্ভীর হয়ে গেলেন কেন সেটা ওঁর দৃষ্টি অনুসরণ করে বুঝতে পারলাম।

ফেলুদা আগেই দেখেছে লোকটাকে। একজন লালচে দাড়িওয়ালা স্বেতাঙ্গ ঢ্যাঙ্গার সঙ্গে কথা বলছেন লাউঞ্জের কোণে দাঁড়িয়ে হয় নকল না হয় আসল বাটরা।

না, নকল নয়, আসল।

ফেলুদার সঙ্গে চোখাচোখি হওয়াতে ভদ্রলোক সাহেবকে ‘এক্সকিউস মি’ বলে ভুরু কপালে তুলে হেসে এগিয়ে এলেন আমাদের দিকে।

‘ওয়েলকাম টু কাঠমাণ্ডু!’

‘শেষ পর্যন্ত নিজেদের তাগিদেই এসে পড়লাম’, বলল ফেলুদা।

‘ভেরি গুড, ভেরি গুড!’ তিনজনের সঙ্গেই হ্যান্ডশেক করলেন ভদ্রলোক। ‘ফরচুনটলি, সে লোক বোধহয় আর আমাকে ফলো করেনি, মিঃ মিটরা। এ ক’ দিনে আর কোনও গোলমাল হয়নি। আপনারা ক’ দিন আছেন?’

‘দিন সাতেক?’

‘কোথায় উঠছেন?’

‘হোটেল লুইসীতে রিজার্ভেশন আছে।’

‘নতুন হোটেল’, বললেন মিঃ বাটরা, ‘অ্যান্ড কোয়াইট গুড। আপনারা সাইট-সিইং-এ যেতে চাইলে আমি বন্দোবস্ত করে দিতে পারি। আমার আপিস আপনাদের হোটেল থেকে পাঁচ মিনিটের হাঁটা পথ।’

‘থ্যাঙ্ক ইউ। ইয়ে—এ খবরটা আপনি দেখেছেন কি? কলকাতার কাগজ এখানে আসে?’

ফেলুদা পকেট থেকে একটা কাটিং বার করে বাটরার হাতে দিল। আমি জানি এটা অনীকেন্দ্র সোমের খুনের খবর, স্টেটসম্যানে বেরিয়েছিল। তাতে এটাও বলা হয়েছিল যে খুনটা করা হয়েছিল একটা নেপালি কুকরির সাহায্যে।

‘আপনি যেদিন এলেন সেদিনকারই ঘটনা এটা।’

মিঃ বাটরা খবরটা পড়ে কাগজটা থেকে চোখ তুলে গভীর সংশয়ের দৃষ্টিতে চাইলেন ফেলুদার দিকে। ফেলুদা বলল, ‘কুকরিটা গ্র্যান্ড হোটেলের দোকান থেকে কেনা হয়েছিল খুনের আগের দিন সেটা পুলিশ ভেরিফাই করেছে! দোকানি এটাও বলে যে, যিনি কিনেছিলেন তার নাম বাটরা।’

‘হাউ টেরিবল!’

মিঃ বাটরার মুখ ফ্যাকাশে হয়ে গেছে।

‘আপনি বোধহয় এই অনীকেন্দ্র সোমের নাম শোনেননি?’

‘নেভার,’ কাটিংটা ফেরত দিয়ে বললেন মিঃ বাটরা।



‘ইনি কিন্তু একই প্লেনে এসেছিলেন আপনার সঙ্গে ।’

‘ফ্রম কাঠমাণ্ডু ?’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘নেপাল এয়ারলাইনস্ ?’

‘হ্যাঁ ।’

‘তা হলে চেহারা দেখলে হয়তো চিনতে পারতাম । একশো ত্রিশজন প্যাসেঞ্জার ছিল ওই ফ্লাইটে, মিঃ মিটরা ।’

‘যাই হোক, আপনি আর এর মধ্যে কলকাতা-টলকাতা যাবেন না, তা হলে গোলমালে পড়তে পারেন,’ মোটামুটি হালকা ভাবেই বলল ফেলুদা ।

‘কিন্তু আমাকে ফাঁদে ফেলার এ রকম চেষ্টা কেন, মিঃ মিটরা ?’ প্রায় কাঁদো কাঁদো হয়ে বললেন মিঃ বাটরা ।

ফেলুদা বলল, ‘একজন ক্রিমিন্যাল যদি আবিষ্কার করে যে আরেকজন লোকের সঙ্গে তার চেহারা খুব মিল, তা হলে তার নিজের ক্রাইমের বোঝাটা সেই লোকের ঘাড়ে ফেলার চেষ্টাটা কি তার পক্ষে খুব অস্বাভাবিক ?’

‘সে তো মানছি, কিন্তু এ তো সাধারণ ক্রাইম নয়, এ যে মার্ডার !’

ফেলুদা বলল, ‘আমার ধারণা খুনি কাঠমাণ্ডুতেই ফিরে আসবে, এবং আমার সঙ্গে তার একটা মোকাবিলা হবেই। এই অনীকেন্দ্র সোম কতকটা আমার সাহায্য চাইতেই কলকাতায় গিয়েছিলেন। কী কারণে সেটা আর জানা হয়নি। তার খুনি বেকসুর খালাস পেয়ে যাবে সেটা আমি মানতে পারছি না, মিঃ বাটরা। আমি অনুরোধ করব, আপনি বা আপনার কোনও লোক যদি তাকে কাঠমাণ্ডুতে দেখেন তা হলে আমি যেন একটা খবর পাই।’

‘সেটা আমি কথা দিচ্ছি আপনাকে,’ বললেন মিঃ বাটরা। ‘আমি কালকের দিনটা থাকছি না, একটা অ্যামেরিকান ট্যুরিস্ট দলের সঙ্গে পোখরা যেতে হচ্ছে, পরশু ফিরে এসে আপনাকে কনট্যাক্ট করব।’

কাস্টমসের ঝামেলা চুকিয়ে আমরা ট্যাক্সিতে করে রওনা দিলাম। জাপানি ডাটসুন ট্যাক্সি, রাস্তায় জাপানি ও বিদেশি গাড়ির ছড়াছড়ি, পরিষ্কার চওড়া রাজপথের ধারে ইউক্যালিপ্টাসের সারি, পেলায় পার্কের মধ্যে বাহারের স্পোর্টস স্টেডিয়াম, বিরাট বিরাট বিলিতি ধাচের বিল্ডিং—যার অনেকগুলোই নাকি আগে রাণাদের প্রাসাদ ছিল—দূরে এখানে-ওখানে মাথা উচিয়ে আছে হিন্দু-বৌদ্ধ মন্দিরের চূড়ো—সব মিলিয়ে ফরেন-ফরেন ভাবটা যে ক্রমে লালমোহনবাবুকে আরও বেশি করে পেয়ে বসছে সেটা তাঁর হাত কচলানি আর আধ-বোজা চোখ দেখেই বুঝতে পারছিলাম। নেপালের রাজাই যে পৃথিবীর একমাত্র হিন্দু রাজা সেটা শুনে তিনি যেমন ইমপ্রেসড, তেমনই ইমপ্রেসড শুনে যে নেপালের লুম্বিনী শহরেই বুদ্ধের জন্ম, আর নেপাল থেকেই বৌদ্ধধর্ম গিয়েছিল চীন আর জাপানে!

শহরের মেইন রাস্তা ‘কান্তি পথ’ দিয়ে বাঁয়ে ঘুরে একটা কারুকার্য করা তোরণের ভিতর দিয়ে আমরা এসে পড়লাম নিউ রোডে। এই নিউ রোডেই আমাদের হোটেল। দু দিকে দেখে বুঝলাম এটা দোকান আর হোটেলেরই পাড়া। লোকের ভিড়টাও এখানেই প্রথম চোখে পড়ল।

একটা চৌমাথার কাছাকাছি এসে আমাদের ট্যাক্সিটা রাইট অ্যাবাউট টার্ন করে রাস্তার উলটোদিকে একটা বাহারের কাঠের ফ্রেমে কাচ বসানো দরজার সামনে থামল। একদিকের পাথরের কাছে লেখা ‘হোটেল’, অন্য দিকে ‘লুম্বিনী’!

ফেলুদা একদিন বলছিল ভ্রমণের বাতিকটা বাঙালিদের মধ্যে যেমন আছে, ভারতবর্ষের আর কোনও জাতের মধ্যে তেমন নেই; আর এই বাতিকটা নাকি মধ্যবিত্তদের মধ্যেই সবচেয়ে বেশি দেখা যায়। সবচেয়ে আশ্চর্য এই যে, যাতায়াতের খরচ যত বাড়ছে, ভ্রমণের নেশাও নাকি বাড়ছে তার সঙ্গে পাশা দিয়ে।

কাঠমাণ্ডুতে এসেও যার সঙ্গে প্রথম আলাপ হল তিনি একজন বাঙালি ট্যুরিস্ট। হোটেলের রিশেপসনে দাঁড়িয়ে খাতায় নাম লেখা হচ্ছে, এমন সময় ভদ্রলোক পাশের একটা সোফা থেকে উঠে এগিয়ে এলেন আমাদের দিকে।

‘আপনারা আই-এ ফ্লাইটে এলেন?’ লালমোহনবাবুকে বয়োজ্যেষ্ঠ দেখে তাকেই প্রশ্ন করলেন ভদ্রলোক।

‘আজ্ঞে হ্যাঁ। ইন্ডিয়ান এয়ারলাইনস। দশ মিনিট লেট ছিল।’

‘এদিকে এই প্রথম?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘পারলে পোখরাটা একবার ঘুরে আসবেন। বেড়াতে এসেছেন তো?’

‘আজ্ঞে হ্যাঁ। হলিডে,’ ফেলুদার দিকে একবার আড়-চোখে দেখে বললেন জটায়ু।

‘আপনি এখানে থাকেন?’ ফেলুদা প্রশ্ন করল। বেয়ারা এসে আমাদের মালপত্র নিয়ে

গেছে দোতলায়। দুটো পাশাপাশি ঘর আমাদের—দুশো ছাব্বিশ, দুশো সাতাশ।

‘আমি কলকাতার লোক,’ বললেন ভদ্রলোক, ‘বেড়াতে এসেছি ফ্যামিলি নিয়ে। ইনি অবিশ্যি এখানেরই বাসিন্দা।’

আরেকজন বয়স্ক ভদ্রলোকও যে সোফাটায় বসে ছিলেন সেটা এতক্ষণ লক্ষ করিনি। চোখে কালো ফ্রেমের চশমা, টকটকে রং, চুল ধপধপে সাদা। সব মিলিয়ে রীতিমতো সৌম্য চেহারা।

ভদ্রলোক এগিয়ে এসে আমাদের নমস্কার করলেন।

‘এনারা নেপালে আছেন প্রায় তিনশো বছর,’ প্রথম ভদ্রলোকটি বললেন।

‘বলেন কী!’ ফেলুদা ও জটায়ু একসঙ্গে বলে উঠল।

‘সে এক ইতিহাস। শুনে দেখবেন ঐর কাছে।’

‘তা চলুন না আমাদের ঘরে,’ বলল ফেলুদা। ‘আমি এমনিতেই নেপালের বাঙালিদের সম্বন্ধে একটু ইনফরমেশন চাচ্ছিলাম, একটা বিশেষ দরকারে।’

আমি জানি ফেলুদা কী দরকারের কথা বলছে, আর এটাও জানি যে দরকার না থাকলে ফেলুদা চট করে কাউকে প্রথম আলাপেই নিজের ঘরে ডেকে এনে গল্পো করে না।

দুশো ছাব্বিশ-টা ডাবল রুম, অর্থাৎ আমার আর ফেলুদার ঘর। সেখানেই বসে রুম সার্ভিসকে বলে আনানো চা খেতে খেতে কথা হল।

কাঠমাণ্ডুর বাসিন্দা ভদ্রলোকটির নাম হরিনাথ চক্রবর্তী। ত্রিভুবন কলেজের ইংরিজির অধ্যাপক ছিলেন, পাঁচ বছর হল রিটায়ার করেছেন। তিনি তাঁদের বংশের ইতিহাস যা বললেন তা হল এই—

প্রায় তিনশো বছর আগে নেপালে নাকি একবার প্রচণ্ড খরা হয়। এখানে তখন মল্লদের রাজত্ব। রাজা জগৎজয় মল্ল এক বিখ্যাত তান্ত্রিককে নিয়ে আসেন বাংলাদেশ থেকে, যদি তার তন্ত্রের জোরে তিনি খরা দূর করতে পারেন। এই তান্ত্রিক ছিলেন হরিনাথের পূর্বপুরুষ জয়রাম চক্রবর্তী। জয়রামের পুজোর জোরে নাকি কাঠমাণ্ডু উপত্যকায় এগারো দিন ধরে একটানা বৃষ্টি হয়। জগৎজয় মল্ল জমিজমা দিয়ে জয়রামকে সপরিবারে কাঠমাণ্ডুতেই রেখে দেন। পঁচিশ বছরে এক পুরুষের হিসেবে চক্রবর্তীরা কাঠমাণ্ডুতে দশ-পুরুষ ধরে আছেন। মল্লদের পরে রাণাদের আমলেও চক্রবর্তীদের খাতির কমেনি, কারণ রাণারাও ছিলেন গোঁড়া হিন্দু। দুই পুরুষ আগে অবধি পুজো-আচ্চার কাজই চালিয়ে এসেছেন চক্রবর্তীরা। হরিনাথবাবুর এক কাকা এখনও পশুপতিনাথের মন্দিরের পুজারিদের একজন। হরিনাথের বাবা দীননাথই প্রথম কলকাতায় গিয়ে পড়াশুনা করেন বিংশ শতাব্দীর গোড়ায়। ফিরে এসে তিনি রাণাদের ফ্যামিলিতে প্রাইভেট টিউশনি করেন বাহাণ্ডুর বছর বয়সে তাঁর মৃত্যু পর্যন্ত। হরিনাথবাবুও কলকাতায় লেখাপড়া করেন। তাঁর ছিল ইংরেজি সাহিত্যের দিকে ঝোঁক। প্রেসিডেন্সি কলেজ থেকে বি এ আর বিশ্ববিদ্যালয় থেকে এম এ পাশ করে তিনিও কাঠমাণ্ডু ফিরে এসে একই রাণা পরিবারে প্রাইভেট টিউশনি করেন। তার পর যখন রাণাদের প্রতিপত্তি চলে গিয়ে রাজা ত্রিভুবনের নামে কলেজ তৈরি হল, তখন হরিনাথ সেই কলেজে ইংরেজির অধ্যাপক হিসেবে যোগ দেন।

‘অবিশ্যি আমার ছেলেরা মস্ততন্ত্র থেকে আরও দূরে সরে গিয়েছিল’, তাঁর কাহিনী শেষ করে বললেন হরিনাথ চক্রবর্তী। ‘বড়টি—নীলাদ্রি ছিল মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউটের শিক্ষক।’

‘ছিল মানে?’

‘সে সেভেনটি-সিক্সে পাহাড় থেকে পড়েই মারা যায়।’

‘আর অন্যটি ?’

‘হিমাদ্রি করত নেপাল সরকারের চাকরি। হেলিকপটার পাইলট। তেরাই-এর জঙ্গল আর হিমালয়ের পিকগুলো দেখিয়ে নিয়ে আসত ট্যুরিস্টদের। সেও ফাঁকি দিয়ে চলে গেছে আজ তিন হপ্তা হল।’

‘এয়ার ক্র্যাশ ?’

ভদ্রলোক বিষণ্ণভাবে মাথা নাড়লেন।

‘তা হলে তো তবু এক রকম বীরের মৃত্যু হত। এক বন্ধুকে খ্যাংবোচে নিয়ে যায় সেখানকার মনাস্টরি দেখাতে। ফিরে এসে দেখে কখন যেন হাতে একটা সামান্য ইনজুরি হয়েছে। কাউকে বলেনি, ডেটল লাগিয়ে চুপচাপ ছিল। শেষটায় ওর বন্ধুর চোখে পড়ে। তার ধারণা, একটা কাঁটাতারের বেড়া পেরোনোর সময় ক্র্যাচটা হয়েছে, সুতরাং কোনও রিস্ক না নিয়ে অ্যান্টি-টেক্সটাইল ইনজেকশন নেওয়া উচিত। শেষটায় বন্ধুই ডাক্তার ডেকে এনে জোর করে ইনজেকশন নেওয়ায়।’

‘তারপর ?’

ভদ্রলোক মাথা নাড়লেন।

‘কিছুই হল না। সেই টেক্সটাইলই মরল।’

‘দেরি হয়ে গিয়েছিল কি ইনজেকশন নিতে ?’

‘দেরি আর কী করে বলি ? বন্ধুটির হিসেবে বিকেলে জখমটা হয়েছে। পরদিন সকালে ইনজেকশন পড়েছে। কিন্তু ফল হল না। ইনজেকশনের কিছু পর থেকেই কনভালশন শুরু হল। এক দিনের মধ্যে সব শেষ।’

‘ডাক্তার কি আপনার বাড়ির ডাক্তার ?’ প্রশ্ন করল ফেলুদা।

‘বাড়ির ডাক্তার না হলেও, ডঃ দিবাকরকে আমরা যথেষ্ট চিনি। ইদানীং প্র্যাকটিসও বেড়েছে খুব—নতুন গাড়ি, বাড়ি—বোধহয় ডঃ মুখার্জি মারা যাবার পর থেকেই। মুখার্জি ছিলেন আমাদের ফ্যামিলি ফিজিশিয়ান।’

এবার অন্য বাঙালি ভদ্রলোকটি একটি মন্তব্য করলেন।

‘ডাক্তারের কথা জিজ্ঞেস করে কী হবে ? বরং ওষুধের কথা জিজ্ঞেস করুন। ওষুধে কাজ না দেওয়াটা আর আজকের দিনে কী আজব ব্যাপার মশাই ? এ তো আকছার হচ্ছে। অ্যামপুলে জল, ক্যাপসুলে চুণ, চকখড়ি, এমনকী স্নেফ ধুলো—এ সব শোনেননি ?’

হরিনাথবাবু একটা শুকনো হাসি হাসলেন।

‘বেশির ভাগ লোকে আপনার কথাটাই বলবে। আজকের যুগে সব কিছু মেনে নেওয়া ছাড়া গতি নেই। আমাদেরও মেনে নিতে হল !’

ভদ্রলোক উঠে পড়লেন, আর সেই সঙ্গে অন্যটিও, যাঁর নাম এখনও জানা হয়নি।

‘আপনার অনেকটা সময় নষ্ট করে গেলাম,’ ফেলুদার দিকে ফিরে বললেন হরিনাথ চক্রবর্তী, ‘কিছু মনে করবেন না।’

‘মোটাই না,’ বলল ফেলুদা, ‘শুধু একটা কথা জানার ছিল।’

‘বলুন।’

‘আপনার ছেলের বন্ধুটি কি এখন এখানে ?’

‘না। তবে কোথায় তা বলতে পারব না। ভয়ানক শক পেয়েছিল হিমুর মৃত্যুতে। তাকে বললাম, কপালের লিখন খণ্ডায় কার সাধ্য ! সে আমার সঙ্গে কথা বন্ধ করে দিল। আমার বাড়িতেই ছিল। দিন আটেক হল একদিন দেখি কোথায় যেন চলে গেছে। অবিশ্যি

ফিরে সে আসবেই। কারণ তার কিছু জিনিসপত্র এখনও রয়ে গেছে আমার বাড়িতে। দশ বছর এক ইন্সকুলে, এক কলেজে পড়েছে দুজনে।’

‘তার নামটা?’

‘অনীক বলে ডাকি। অনীকেন্দ্র সোম।’

৫

স্নান ঘণ্টার মধ্যে স্নান সেরে নিয়ে তিনজনে একতলায় গেলাম হোটেলেরই নিরভানা রেস্টোর্যান্টে লাঞ্চ খেতে। কাঠমাণ্ডুতে আসার এত অল্প সময়ের মধ্যেই ঘটনা একটা বিরাট ধাপ এগিয়ে গেছে ভাবতে মনের মধ্যে একটা চাপা উত্তেজনার ভাব এসে গেছে, আর সেই সঙ্গে খিদেটাও পেয়েছে জ্বর। কলকাতায় অনীকেন্দ্র সোম খুন, নেপালে বাঙালি হেলিকপটার পাইলটের মৃত্যু, মিঃ বাটারার ডুপলিকেট—এ সবই যে এক সঙ্গে জট-পাকানো তাতে কোনও সন্দেহ নেই। মিঃ সোম কি চেয়েছিলেন ফেলুদা ওঁর বন্ধুর মৃত্যুর ব্যাপারেই তদন্ত করুক? ইনজেকশনে ভেজাল ছিল বলেই কি হিমাদ্রি চক্রবর্তীর মৃত্যু হয়? কিন্তু এ ব্যাপারে ফেলুদা আর কত দূর কী করতে পারে?

আমরা দুজনে মোটামুটি চেনাশোনা খাবার অর্ডার দিয়েছি, কিন্তু লালমোহনবাবু হঠাৎ কেন যেন মেনু দেখে ওয়েটারকে জিজ্ঞেস করে বসলেন, ‘হোয়াট ইজ মোমো?’

‘ইটস মিট বলস ইন সস, স্যার,’ বলল ওয়েটার।

‘তরল পদার্থে ভাসমান মাংসপিণ্ড,’ বলল ফেলুদা। ‘তিব্বতের খাবার। শুনেছি মন্দ লাগে না খেতে। ওটা খেলে আপনি কলকাতায় গিয়ে বলতে পারেন যে দলাই লামা যা খান, আপনিও তাই খেয়ে এসেছেন।’

‘দেন ওয়ান মোমো ফর মি, ইফ ইউ প্লিজ।’

এছাড়া অবিশ্যি ভাত আর ফিশকারি অর্ডার দিয়েছেন ভদ্রলোক। বললেন, ‘মোমোটা ফর একসপিরিয়েন্স।’

একটা হালকা সবুজ রংয়ের কার্ড হাতে নিয়েই রেস্টোর্যান্টে ঢুকেছিলেন লালমোহনবাবু, এবার সেটা ফেলুদার দিকে এগিয়ে দিয়ে বললেন, ‘এইটে যে ধরিয়ে দিল হাতে হোটেলের কাউন্টারে, এর মানেটা কিছু বুঝলেন? আমি তো মশাই হেড অর টেল কিছুই বুঝছি না। ক্যাসিনো কথাটা চেনা চেনা লাগছে, কিন্তু ব্র্যাকজ্যাক, পনটুন, রুলেট, জ্যাকপট—এগুলো কী? আর বলছে এই কার্ডের ভ্যালু নাকি পাঁচ ডলার। তার মানে তো চল্লিশ টাকা। ব্যাপারটা কী বলুন তো।’

আমিই লালমোহনবাবুকে বুঝিয়ে দিতে পারতাম, কিন্তু ফেলুদা আরও গুছিয়ে বলতে পারবে বলে ওর ওপর ছেড়ে দিলাম।

‘এখানে একটা বিখ্যাত হোটেল আছে,’ বলল ফেলুদা। ‘নানা রকম জুয়া খেলার ব্যবস্থা আছে সেখানে। জ্যাকপট, পনটুন, কিনো—এ সবই এক-এক রকম জুয়ার নাম। আর খেলার জায়গাটাকে বলে ক্যাসিনো। আমাদের দেশে এ ধরনের পাবলিক গ্যাম্বলিং নিষিদ্ধ, তাই ক্যাসিনো জিনিসটা পাবেন না। এই কার্ডটা নিয়ে ক্যাসিনোতে গিয়ে আপনি পাঁচ ডলার পর্যন্ত জুয়া খেলতে পারেন, নিজের পকেট থেকে পয়সা না দিয়ে।’

‘লেগে পড়ব নাকি, তপেশ?’

‘আমার আপত্তি নেই।’

‘নাকের সামনে মুলোর টোপ ঝোলালে গাধা কি আর না খেয়ে পারে?’

‘খেলার শেষে নিজেকে গর্দভ গর্দভ মনে হতে পারে সেটা কিন্তু আগে থেকে বলে দিচ্ছি,’

বলল ফেলুদা। ‘অবিশ্যি জ্যাকপটে এক টাকা দিয়ে হাতলের এক টানে পাঁচশো টাকা পেয়ে গেছে এমনও শোনা যায়।’

ঠিক হল একদিন সন্ধ্যাবেলা গিয়ে দেখে আসা যাবে ক্যাসিনো ব্যাপারটা। হোটেল থেকেই বার-তিনেক বাস যায় সেখানে, তার জন্য আলাদা পয়সা লাগে না।

মোমো খেয়ে লালমোহনবাবু বললেন যে এর পাকপ্রণালীটা জেনে নেওয়া দরকার। ওঁর রান্নার লোক বসন্ত নাকি খুব এক্সপার্ট—‘উইকে একদিন করে মোমো খেতে পারলে মশাই ছ’ মাসের মধ্যে চেহারায়ে একটা ধ্যানী ভাব এসে যাবে। রাস্তায় বেরোলে পাড়ার ছোঁড়াগুলো যে মাঝে মাঝে ফ্যাচ ফ্যাচ করে হাসে, সেটা বন্ধ হয়ে যাবে।’

মনে মনে বললাম যে লালমোহনবাবু যখন মাঝে মাঝে ধ্যানী ভাব আনার চেষ্টা করেন, তখনই ওঁকে দেখে সবচেয়ে বেশি হাসি পায়।

তবে কাঠমাগুতে কেউ হাসবে না সেটা ঠিকই।

দুপুরে খাওয়ার পর নিউ রোড ধরে দক্ষিণ দিকে যেতে যেতে মনে হল, দেশি-বিদেশি এত জাতের লোক—নেপালি তিব্বতি পাঞ্জাবি সিন্ধি মারোয়াড়ি, জার্মান সুইডিশ ইংলিশ আমেরিকান ফ্রেঞ্চ—আর এত রকম ঘর বাড়ি দালান দোকান মন্দির হোটেলের এ রকম সাড়ে বত্রিশ ভাঙ্গা পৃথিবীর আর কোথাও আছে কি না সন্দেহ।

ফেলুদা বলল আমরা যেখানে যাচ্ছি—দরবার স্কোয়ার—যেটাকে বলা চলে কাঠমাগুর নার্স সেন্টার, যেমন চৌরঙ্গি ধর্মতলার মোড় কলকাতার—সেইখানেই নাকি এখানকার পুলিশ ঘাঁটি। ওকে একবার সেখানে যেতে হবে। আমরা ততক্ষণ চারপাশটা ঘুরে দেখব। আধঘণ্টা পরে একটা বাছাই করা জায়গায় আমরা আবার মিট করব।

হোটেল থেকে বেরিয়ে খানিকটা গিয়েই একটা চৌমাথা পড়ে, তারপর থেকে নিউ রোডের নাম হয়ে গেছে গঙ্গা-পথ। তারপর খানিকটা গিয়ে রাস্তাটা চওড়া হয়ে গেছে। এটা হল বসন্তপুর স্কোয়ার। ডাইনে পুরনো রাজার প্যালেস। সেটা ছাড়িয়ে ডাইনে ঘুরতেই বুঝে গেলাম দরবার স্কোয়ারে এসে গেছি, আর এমন একটা বিচিত্র জায়গা আমরা এর আগে কখনও দেখিনি।

লালমোহনবাবু বার তিনেক ‘এ কোথায় এলাম মশাই’ বলাতে ফেলুদা আর থাকতে না পেরে বলল, ‘আপনার প্রশ্নের যে উত্তরটা এক কথায় হয়, যেটা আপনি ম্যাপ খুলেই পেতে পারেন, সেটা আপনি নিশ্চয়ই চাচ্ছেন না। আর অন্য যে উত্তর, সেটা সোজা গদ্যে বলার জিনিস নয়। আপাতত আপনাকে অ্যাডভাইস দিচ্ছি—চোখ-কান সজাগ রেখে মনপ্রাণ ভরে দেখে নিন। প্রাচীন শহরের এমন চেহারা আপনি ভারতবর্ষের কোথাও পাবেন না। এক পেতে পারেন কাশীর দশাশ্বমেধে, কিন্তু তার মেজাজ একেবারে আলাদা।’

সত্যিই, যদিকে চাই সেদিকেই চমক। দাবা খেলা কিছুক্ষণ চলার পর যেমন ছকের উপর রাজা মন্ত্রী বড়ে গজ নৌকো সব ছড়িয়ে বসে থাকে, তেমনই কোনও খামখেয়ালি দানব যেন এই সব ঘর বাড়ি প্রাসাদ মন্দির মূর্তি স্তম্ভ ছড়িয়ে বসিয়ে দিয়েছে। আর তারই মধ্যে ছড়িয়ে আছে অসংখ্য মানুষ আর যানবাহন। কাশীর কথা যে মনে পড়ে না তা নয়, কিন্তু কাশীর আসল মন্দিরগুলো সব গলির মধ্যে হওয়াতে সেগুলো আর দূর থেকে দেখার কোনও উপায় থাকে না। এখানে কিন্তু তা নয়। রাস্তা দিব্যি চওড়া। পুরনো প্যালেসের বারান্দায় এসে রাজা দর্শন দিতেন বলে অনেকখানি খোলা জায়গা রাখা আছে।

‘ম্যাপ অনুযায়ী একটু এগিয়েই কালভেরবের মূর্তি,’ বলল ফেলুদা। ‘ওই মূর্তির সামনে আধঘণ্টা পরে তোদের মিট করছি।’

ফেলুদা পা চালিয়ে এগিয়ে গেল।

নেপালের কাঠের কাজ প্রসিদ্ধ সেটা আগেই শুনেছিলাম, সেটা যে কেন, এখানে এসে বুঝতে পারলাম। পুরনো বাড়িগুলোর জানালা দরজা বারান্দা, ছাত, সবই কাঠের তৈরি, আর তার কারুকার্য দেখলে মাথা ঘুরে যায়। এখানকার মন্দিরগুলোও কাঠের, আর তেমন মন্দির আর কোথাও দেখিনি। এমনিতে ভারতবর্ষের ধাঁচের হিন্দু মন্দিরও আছে, কিন্তু আসল হল যেগুলোকে গাইড বুকে বলে প্যাগোডা। দো-চালা, তিন-চালা, চার-চালা মন্দির, চওড়া থেকে ধাপে ধাপে ক্রমে সরু হয়ে উপর দিকে উঠেছে।

তবে দরবার স্কোয়ার শুধু ধর্মস্থান নয়, বাজারও বটে। রাস্তায় ফুটপাথে সিঁড়িতে বারান্দায়—সব জায়গায় জিনিস ফেরি হচ্ছে। শাকসবজি ফলমূল থেকে ঘটি-বাটি জামা-কাপড় অবধি। এখানকার নেপালিরা যে টুপি ব্যবহার করে, তার মধ্যে বেশ বাহার আছে। এক জায়গায় সেই টুপি বিক্রি হচ্ছে দেখে দুজনে সেদিকে এগিয়ে গেলাম। কলকাতার নিউ মার্কেট থেকে জটায়ুর মন এখন কাঠমাণ্ডুর বাজারে চলে এসেছে, সেটা বুঝতে পারলাম ভদ্রলোককে তাঁর লাল ডায়রিটা বার করতে দেখে।

টুপির শেপ সবই এক, কিন্তু নকশা প্রত্যেকটাতে আলাদা। আমি নিজে একটা বাছাই করে দর করছি, এমন সময় পিছন থেকে চাপা গলা পেলাম জটায়ুর।

‘তপেশ !’

নামটা কানে আসতেই ঘুরে দেখি ভদ্রলোক কী যেন দেখে তটস্থ হয়ে গেছেন।

ওঁর দৃষ্টি অনুসরণ করে ডাইনে মুখে ঘোরাতেই দেখলাম—

হাত পঁচিশেক দূরে দাঁড়িয়ে বাটরা বা নকল বাটরা আমাদের দিকে পাশ করে সিগারেট ধরিয়ে হাঁটতে শুরু করল ডানদিকে একটা গলি লক্ষ্য করে।

‘তোমার দাদাকে বাঁ হাতে লাইটার ধরাতে দেখেছ কখনও ?’

‘না।’

‘ইনি ধরালেন।’

‘দেখেছি। আর বাঁ পকেটে রাখলেন লাইটারটা।’

‘ফলো করবে ?’

‘আপনাকে দেখেছে লোকটা ?’

‘মনে তো হয় না।’

রোখ চেপে গেল। ফেলুদার সঙ্গে অ্যাপয়েন্টমেন্টের আরও বিশ মিনিট দেরি।

দুজনে এগিয়ে গেলাম।

সামনে একটা মন্দিরের চারপাশে ভিড়। লোকটা হারিয়ে গেছে ভিড়ের মধ্যে।

মন্দিরটা পেরোতেই আবার দেখতে পেলাম তাকে। সে এবার গলিটার মধ্যে ঢুকেছে।

প্রায় বিশ হাত তফাত রেখে আমরা তাকে অনুসরণ করে চললাম।


গলিটার দু দিকে দোকান, ছোট ছোট হোটেল, রেস্টোরাঁ। ‘পাই শপ’ কথাটা অনেক রেস্টোরাঁ-র গায়েই লেখা রয়েছে। ‘কলকাতায় পাইস হোটেল ছিল এককালে বলে জানি,’ চাপা গলায় মন্তব্য করলেন লালমোহনবাবু, ‘পাই শপ তো কখনও শুনিনি।’

আমি বললাম, ‘এ পাই টাকা-আনা-পাই না ; পাই একরকম বিলিতি খাবার।’

একদল হিপি আসছে। গলিতে পাঁচমিশালি গন্ধ, তার বেশির ভাগটাই খাবারের। কয়েক মুহূর্তের জন্য একটা নতুন গন্ধ যোগ হল যখন হিপির দলটা আমাদের পাশ দিয়ে বেরিয়ে গেল। গাঁজা, ঘাম আর অনেক দিনের না-ধোয়া জামা-কাপড়ের গন্ধ।

‘এই রে !’

কথাটা লালমোহনবাবু বলে উঠেছেন, কারণ লোকটা ডাইনে একটা দোকানের মধ্যে ঢুকে



পড়েছে।

কী করব এবার? লোকটা আবার বেরোবে নিশ্চয়ই। অপেক্ষা করব? যদি দেরি করে? হাতে আর পনেরো মিনিট সময়। বললাম, ‘চলুন যাই গিয়ে ঢুকি দোকানে। সে তো আমাদের চেনে না, ভয়টা কীসের?’

‘ঠিক বলেছ।’

তিব্বতি হ্যাণ্ডিক্র্যাফটের দোকান। মাঝারি দোকান, দরজা দিয়ে ঢুকেই সামনে একটা কাউন্টার। তার পাশে ফাঁক দিয়ে দোকানের পিছন দিকে যাওয়া যায়। পিছনে দরজা, তারও পিছনে একটা অন্ধকার ঘর।

সেই ঘরেই হয়তো গিয়ে থাকবেন নকল বাটরা, কারণ আর কোনও যাবার জায়গা নেই।

‘ইয়েস?’

কাউন্টারের পিছনে দাঁড়ানো তিব্বতি মহিলা হাসিমুখে আমাদের দিকে চেয়ে প্রশ্নটা করলেন। তার পিছনে একটি মাঝবয়সি তিব্বতি পুরুষ, গালে অসংখ্য বলিরেখা, একটা চোখ একটু ছোট, বেঞ্চিতে বসে আছে বিম ভাব নিয়ে।

আমরা দোকানে ঢুকে পড়েছি, তাই মহিলার প্রশ্নের উত্তরে কিছু বলা দরকার। কিছু দেখতে চাইতে হবে, যেন কিনতে চাই এমন ভাব করে। জিনিসের অভাব নেই দোকানে—মুখোশ, তংখা, জপযন্ত্র, তামার ঘটিবাটি, ফুলদানি, মূর্তি।

‘আই লাইক মোমো,’ হঠাৎ কী কারণে যেন বলে বসলেন লালমোহনবাবু।

‘মোমো ইউ গেট ইন টিবেটান রেস্টোরাণ্ট, নট হিয়ার।’

ইংরিজিটা মোটামুটি ভালই বলেন মহিলা।

‘নো নো নো,’ বললেন লালমোহনবাবু, ‘মানে, আই ডোন্ট ওয়ান্ট টু ইট মোমো।’

মহিলার ভুরু বিশেষ না থাকলেও, যেটুকু আছে সেটুকু উপর দিকে উঠে গেছে।

‘ইউ লাইক মোমো, অ্যান্ড ইউ ডোন্ট ওয়ান্ট টু ইট মোমো?’

‘নো নো—মানে, নট নাউ । ইন হোটেল আই এট মোমো । নাউ আই ওয়ন্ট টু, মানে, নো হাউ—মানে...’

এর কোনও শেষ নেই, অথচ ভদ্রলোক কী বলতে চাইছেন সেটা বেশ বুঝতে পারছি ।

লালমোহনবাবুর পিঠে হাত দিয়ে ওঁকে থামিয়ে দিয়ে বললাম, ‘ডু ইউ হ্যাভ এ টিবেটান কুক-বুক ?’

আমি জানতাম এ জিনিসটা দোকানে থাকবে না । মহিলাও মাথা নেড়ে ‘স্যরি’ বলে বুঝিয়ে দিলেন নেই ।

‘থ্যাঙ্ক ইউ’ বলে বেরিয়ে এলাম দুজনে । হাতে মিনিট আষ্টেক সময় । নকল-বাটরা-উধাও রহস্যটাকে হজম করে যে পথে গিয়েছিলাম সে পথে ফিরে এসে একজন লোকের কাছ থেকে দুটো নেপালি ক্যাপ কিনে সেগুলো মাথায় চাপিয়ে কিছুটা এগিয়ে গিয়েই দেখি পৌঁছে গেছি কালভৈরবের মূর্তির সামনে ।

বাপরে কী ভয়াবহ মূর্তি ! দিনের বেলা দেখেই গা শিউরে ওঠে, আর রাত্তিরে যখন লোক থাকে না তখন দেখলে না জানি কী হবে । এর কাছেই কোথায় যেন আবার একটা শ্বেতভৈরবের মূর্তি আছে, সেটাও এক সময় এসে দেখে যেতে হবে ।

ফেলুদা এল মিনিট পাঁচেকের মধ্যেই । থানার ফটক মূর্তির ঠিক সামনেই ।

আমরা দুজনেই নকল বাটরার ঘটনাটা বলার জন্য উদ্গ্রীব, কিন্তু ফেলুদার কী বলার আছে সেটা জানা দরকার, সে যে কেন থানায় গিয়েছিল সেটাই জানি না । বলল, ‘দিব্যি লোক ও সি মিং রাজগুরুং । বললেন নেপাল সরকার যদি ভারত সরকারের অনুরোধ রাখতে রাজি হয়, তা হলে মিং সোমের আততায়ীকে ধরার ব্যাপারে এরা সব রকম সাহায্য করবেন ।’

‘দ্যাট ম্যান ইজ হিয়ার, ফেলুবাবু !’ আর চাপতে না পেরে বলে ফেললেন জটায়ু ।

আমি ব্যাপারটা আরেকটু খুলে বললাম ।

‘তুই ঠিক দেখেছিস বাঁ হাতে লাইটার ধরাল ?’

‘আমরা দুজনেই দেখেছি !’ বললেন জটায়ু ।

‘ভেরি গুড’, বলল ফেলুদা । ‘মিং বাটরাকে কাল খবরটা দিতে হবে । ইয়ে, তোরা বরং বাজার-টাঙ্গার একটু ঘুরে দেখ, আমার হোটেলে গিয়ে দু-একটা ফোন করার আছে ।’

বুঝলাম কাঠমাণ্ডুতে এসে সাইট-সিইং ব্যাপারটা খুব বেশি হবে না ফেলুদার ।


৬

আমাদের হোটেল থেকে বেরিয়েই যে চৌমাথার কথা বলেছিলাম, সেটা দিয়ে ডাইনে ঘুরলে পড়ে শুক্র পথ । এই শুক্র পথ দিয়ে কিছু দূর গেলেই এখানকার সুপার মার্কেট । একটা বেশ বড় ছাতওয়ালা চত্বরের চারদিক ঘিরে দোকানের সারি । কোনটা যে কীসের দোকান বোঝা মুশকিল, কারণ প্রায় সবকটাতেই সব কিছুই পাওয়া যায় । জামাকাপড় ঘড়ি ক্যামেরা রেকর্ডার রেডিও ক্যালকুলেটর কলম পেনসিল টফি চকোলেট—কী না নেই, আর সবই অবশ্য বিদেশি জিনিস ।

‘ডাক ছেড়ে কাঁদতে ইচ্ছে করছে ভাই তপেশ’, একটা দোকানের সামনে দাঁড়িয়ে বললেন লালমোহনবাবু ।

‘কেন ?’

‘এসব দোকান কি আর আমাদের জন্যে ? এখানে আসবে জন ডি রকফেলার, কি বোম্বাইয়ের ফিল্ম স্টার !’



শেষ পর্যন্ত আর লোভ সামলাতে না পেরে পৌনে দু মিটার জাপানি টেরিউলের ট্রাউজারের কাপড় কিনে ফেললেন লালমোহনবাবু। ‘এই গেরুয়া টাইপের রংটা লামাদের দেশে মানাবে ভাল, কী বলো তপেশ?’

আমাকে বাধ্য হয়ে বলতে হল লামাদের দেশটা আসলে হল তিব্বত, নেপালের শতকরা আশি ভাগ লোকই হিন্দু।

ট্রাউজারস আগামীকাল বিকেলে চারটেয় রেডি থাকবে, ট্রায়াল লাগবে না। লোকে দু দিনের জন্য এসেও কোট-প্যান্ট করিয়ে নিয়ে যায় কাঠমাণ্ডু থেকে, আর তার ফিটিংও হয় নাকি দিব্যি ভাল।

হোটেল ফিরে এসে দেখি, ফেলুদা তার খাটে বসে নোটবুকটা খুলে কী যেন লিখছে। বলল, ‘বোস। ডাক্তারকে কল দিয়েছি।’

ডাক্তার? ডাক্তার আবার কেন? শরীর-টরীর খারাপ হল নাকি ফেলুদার?

আমরা দুজনে সোফায় বসে ফেলুদার দিকে চেয়ে রইলাম রহস্য উদ্ঘাটনের অপেক্ষায়।

ফেলুদা আরও দু মিনিট সময় নিল। তারপর খাতাটাকে পাশে সরিয়ে রেখে একটা চারমিনার ধরিয়ে বলল, ‘হরিনাথ চক্রবর্তী মশাইয়ের ছেলেকে যে ইনজেকশন দিয়েছিল, সেই ডাঃ দিবাকরকে একটা কল দিয়েছি। ধর্ম পথে স্টার ডিসপেনসারিতে বসেন। তাঁর সঙ্গে একবার কথা বলা দরকার। কিছু পয়সা খসবে, ভিজিট নেবে, তা সে আর কী করা যায়!’

‘আমাদের এই তদন্তে ওষুধপত্রের একটা বড় ভূমিকা আছে বলে মনে হচ্ছে!’ লালমোহনবাবু মন্তব্য করলেন।

ফেলুদা তার কথাগুলোর ওপর বেশ জোর দিয়ে বলল, ‘শুধু ভূমিকা নয়, আমার ধারণা প্রধান ভূমিকা।’

‘সেই যে সার্জিক্যাল অ্যাসিডের কথা অনীকেন্দ্র সোমের নোটবুকে লেখা ছিল, সেটা কি—’

‘সার্জিক্যাল নয়, লাইসার্জিক অ্যাসিড। এল এস ডি। অবিশ্যি—’

ফেলুদা আবার খাতাটা হাতে তুলে নিয়েছে, তার কপালে ভাঁজ।

‘এল এস ডি অক্ষরগুলোর আরেকটা মানে হতে পারে। সেটা এই কিছুক্ষণ হল খেয়াল হয়েছে। এল এস ডি—লাইফ সেভিং ড্রাগস, অর্থাৎ যে ড্রাগ বা ওষুধের উপর মানুষের মরণ-বাঁচন নির্ভর করে। যেমন টেট্যানাস-রোধক ইনজেকশন। বা পেনিসিলিন, টেরামাইসিন, স্ট্রেপটোমাইসিন, টি বি-র ওষুধ, হার্টের ওষুধ। আমার তো মনে হচ্ছে—’

ফেলুদা আবার খাতাটার দিকে দেখল। তারপর বলল—

‘A-B-র বিষয় জানা দরকার’ কথাটাও এই সব ওষুধের বিষয়েই বলা হয়েছে। এ বি হচ্ছে অ্যান্টিবায়োটিকস। মিঃ সোম বোধহয়—বোধহয় কেন, নিশ্চয়ই—এই সব ড্রাগ সম্বন্ধে অনুসন্ধান করতে চাচ্ছিলেন। রিং আপ পি সি এম, ডি ডি সি—পি সি এম তো প্রদোষচন্দ্র মিত্র, আর ডি ডি সি নিখাত আমাদেরই পশ্চিমবঙ্গ সরকারের ডিরেকটোরেট অফ ড্রাগ কন্ট্রোল। সোম নিশ্চয় কোনও ওষুধ নিয়ে গিয়েছিল সঙ্গে, যেটা সে এই ড্রাগ কন্ট্রোলকে দিয়ে টেস্ট করাতে চেয়েছিল। আশ্চর্য। লোকটা যেরকম মেথডিক্যালি এগোচ্ছিল, তাতে তো মনে হয় ও হচ্ছে করলে আই আই টি-র প্রোফেসরি ছেড়ে গোয়েন্দাগিরিতে নেমে পড়তে পারত।’

‘আর C P নিয়ে যে ব্যাপারটা ছিল?’

‘ওটা সহজ। সি পি হল ক্যালকাটা পুলিশ। আঙ্ক সি পি অ্যাবাউট মেথডিস্ অ্যান্ড কেসেস—অর্থাৎ পুলিশকে জিজ্ঞেস করতে হবে কত রকম ভাবে ওষুধ জাল হয়, আর আগে

এ রকম জালের কেস কী কী ধরা পড়েছে ।’

‘তা হলে তো খাতায় যা লেখা ছিল তার সবই—’

কলিং বেল ।

আমি উঠে গিয়ে দরজা খুললাম ।

যিনি ঢুকলেন, তাঁকে দেখলে বেশ হকচকিয়ে যেতে হয়, কারণ এত ফিটফাট ডাক্তার এর আগে দেখেছি বলে মনে পড়ে না । বয়স ষাটের মধ্যে, বিলিতি পোশাকটা নিশ্চয়ই কাঠমাণ্ডুর সেরা টেলারের তৈরি, চশমার সোনার ফ্রেমটা বিলিতি, হাতের সোনার ঘড়িটা নিশ্চয়ই পেশেন্টের কাছ থেকে পাওয়া ।

ফেলুদা খাটে ছিল বলে ভদ্রলোক অনুমান করে নিলেন সেই রুগী । আমি খাটের পাশে একটা চেয়ার দিয়ে দিলাম । ফেলুদা উঠে দাঁড়িয়েছিল, এখন খাটেই বসল ।

‘কী ব্যাপার ?’

ভদ্রলোক বাংলা বলবেন আশা করিনি, কারণ ‘দিবাকর’ পদবিটা হয়তো বাংলা নয় । তারপর মনে হল এখানকার অনেকেই তো কলকাতায় গিয়ে পড়াশুনা করেছে । ইনিও নিষার্ত মেডিক্যাল কলেজ থেকে পাশ করা ।

‘এই নিন ।’

ফেলুদা বালিশের তলা থেকে একটা খাম বার করে ভদ্রলোককে দিল ! ডাক্তার কিঞ্চিৎ হতভম্ব ।

‘এটা—’

‘ওটা আপনার ফি । আর এইটে আমার কার্ড ।’

কার্ড মানে ফেলুদার ভিজিটিং কার্ড, যাতে নামের তলায় ওর পেশাটা লেখা আছে ।

ভদ্রলোক কার্ডটার দিকে দেখতে দেখতে চেয়ারে বসলেন ।

‘আমি জানি, আপনার কাছে ব্যাপারটা এখনও পরিষ্কার হচ্ছে না,’ বলল ফেলুদা, ‘কিন্তু কয়েকটা কথা বললেই আপনি বুঝতে পারবেন ।’

ডাক্তারের ভাব দেখে বুঝলাম, তিনি সত্যিই এখনও অন্ধকারে রয়েছেন ।

ফেলুদা বলল, ‘প্রথমেই বলি দিই, আমি একটা খুনের তদন্ত করছি । খুনটা হয়েছে কলকাতায়, কিন্তু আমার ধারণা খুনি এখানে রয়েছে । আমি সেই ব্যাপারে কিছু তথ্য সংগ্রহ করছি । আমার বিশ্বাস আপনি আমাকে কিছুটা সাহায্য করতে পারেন ।’

খুন শুনেই ভদ্রলোকের ভুরুতে ভাঁজ পড়েছে । বললেন, ‘কে খুন হয়েছে ?’

‘সেটা পরে বলছি,’ বলল ফেলুদা, ‘আগে একটা জিনিস একটু ভেরিফাই করে নিই—হরিনাথ চক্রবর্তীর ছেলেকে তো আপনি অ্যান্টি-টোট্যানাস ইনজেকশন দেন ?’

‘হ্যাঁ, আমিই ।’

‘ইনজেকশনটা বোধ করি আপনার স্টক থেকেই এসেছিল ?’

‘হ্যাঁ । আমার ডিসপেনসারির স্টক ।’

‘কিন্তু তাতে কাজ দেয়নি !’

‘তা দেয়নি, কিন্তু তার জন্য আমাকে রেসপনসি—’

‘আপনি ব্যস্ত হবেন না, ডঃ দিবাকর । দায়িত্বের প্রশ্ন এখনও আসছে না । ইনজেকশন দিয়েও লোকে টোট্যানাসে মরেছে এমন ঘটনা নতুন নয় । সাধারণ লোক সেটা মেনেই নেয় । হরিনাথবাবুও তাঁর ছেলের মৃত্যু মেনেই নিয়েছেন । কিন্তু ডাক্তার হয়ে, হিমাঙ্গি চক্রবর্তীর মৃত্যুর কী কারণ, সে সম্বন্ধে হয়তো আপনার কোনও মতামত থাকতে পারে ।’

‘কারণ একটা নয়,’ বললেন ডঃ দিবাকর, ‘প্রথমত সে নিজেই জানত না তার ইনজুরি

কখন হয়েছে। তার বন্ধু বলেছে পনেরো-ষোল ঘণ্টা আগে। সেটা যদি ষোল না হয়ে ছাব্বিশ হয়, দেন দ্য ইনজেকশন মাইট হ্যাভ বিন টু লেট। দ্বিতীয়ত, সে ছেলে আগে কোনও কালে প্রিভেনটিভ নিয়েছে কি না সেটারও কোনও ঠিক নেই। নেওয়া থাকলে ইনজেকশনে কাজ দেবার সম্ভাবনা থাকে বেশি। ছেলে বলছে মনে নেই, বাবা বলছে নিয়েছে। হরিনাথবাবুর কথা, খুব বেশি নির্ভর করা যায় না। ওঁর স্ত্রী আর ছেলে মারা যাবার পর থেকে আমি দেখেছি ভদ্রলোকের মাঝে মাঝে মেমরি ফেল করে।’

ফেলুদা বলল, ‘হিমাদ্রির মৃত্যুর পর ওর বন্ধু কি আপনার ডিসপেনসারি থেকে কোনও ইনজেকশনের অ্যামপুল নেয়?’

‘নিয়েছিল।’

‘অ্যান্টি-টেট্যানাস?’

‘হ্যাঁ।’

‘সেটা আপনি জানলেন কী করে? সে কি আপনার সঙ্গে দেখা করেছিল?’

‘দেখা করেছিল বললে ঠিক বলা হবে না। সে আমার চেম্বারে ঢুকে এসে আমায় জানিয়ে দিয়ে যায় যে আমিই তার বন্ধুর মৃত্যুর জন্য দায়ী। আর সেটা যে সে খুব নরম ভাবে জানিয়েছিল তা নয়।’

‘এই বন্ধুটিই খুন হয়েছে।’

‘মানে?’

‘হিমাদ্রি চক্রবর্তীর বন্ধু। অনীকেন্দ্র সোম।’

ডাঃ দিবাকর অবাক হয়ে চেয়ে আছেন ফেলুদার দিকে। ফেলুদা বলে চলল—

‘সে আপনার দোকান থেকে ওষুধ নিয়ে কলকাতা গিয়েছিল ল্যাবরেটরিতে টেস্ট করাবে বলে। সম্ভবত সে-কাজটা তার করা হয়ে ওঠেনি। তার দৃঢ় বিশ্বাস ছিল যে ইনজেকশনে ভেজাল ছিল। সে চেয়েছিল যে আমার সাহায্য নিয়ে এই জাল ওষুধের চোরা কারবারটা একবার তলিয়ে দেখবে।’

‘আমার ডিসপেনসারি থেকে কোনও জাল ওষুধ বেরোয়নি,’ দৃঢ় স্বরে বললেন ডাঃ দিবাকর।

‘আপনি কি ওষুধ খাঁটি কি না পরীক্ষা করে ইনজেকশন দেন?’

ভদ্রলোক রীতিমতো উত্তেজিত হয়ে উঠলেন।

‘হাউ ইজ দ্যাট পসিবল? এমারজেন্সি কেস, তখন আমি ওষুধ পরীক্ষা করব, না ইনজেকশন দেব?’

‘আপনার ডিসপেনসারির ওষুধ আসে কোথেকে?’

‘হোলসেলারদের কাছে থেকে। তাতে ব্যাচ নম্বর থাকে, এক্সপায়ারি ডেট থাকে—’

‘সে সবই যে জাল করা যায় সেটা আপনি জানেন? ছাপাখানার সঙ্গে বন্দোবস্ত থাকে চোরা কারবারিদের সেটা জানেন? নাম-করা বিলিতি কোম্পানির লেবেল পর্যন্ত ছাপাখানার ব্যাকডোর দিয়ে চলে যায় এই সব জালিয়াতদের হাতে সেটা আপনি জানেন?’

ডাঃ দিবাকরকে দেখে বেশ বুঝতে পারলাম যে তিনি এ কথার যুৎসই উত্তর খুঁজে পাচ্ছেন না।

‘শুনুন ডাঃ দিবাকর,’ ফেলুদা এবার একটু নরম সুরে বলল, ‘আমি গ্যারান্টি দিচ্ছি যে, ঘুণাঙ্করে কেউ ব্যাপারটা জানবে না। আপনি স্টক থেকে একটা অ্যান্টি-টেট্যানাসের অ্যামপুল নিয়ে তার ভেতরের পদার্থটি ল্যাবরেটরিতে টেস্ট করে তার রিপোর্ট আমাকে দিন। সময় বেশি নেই, সেটা বুঝতেই পারছেন।’

ডাঃ দিবাকর ধীরে ধীরে উঠে পড়লেন চেয়ার থেকে। ‘কাল একটা জরুরি কেস আছে,’—দরজার দিকে যেতে যেতে বললেন ভদ্রলোক—‘কাল সম্ভব না হলে পরশু জানাব।’

‘আপনাকে অজস্র ধন্যবাদ ; এবং আপনাকে এভাবে উত্ত্যক্ত করার জন্য আমি ক্ষমা চাইছি।’

আমরা যে একটা সাংঘাতিক গোলমালে ব্যাপারের মধ্যে জড়িয়ে পড়েছি সেটা বেশ বুঝতে পারছি। আর, যতই নতুন নতুন ব্যাপার শুনছি, ততই অনীকেন্দ্র সোম লোকটার উপর শ্রদ্ধা বেড়ে যাচ্ছে। এমন একজন লোকের এভাবে খুন হওয়াটা যে ফেলুদা কিছুতেই বরদাস্ত করতে পারবে না সেটা খুবই স্বাভাবিক। কুরিরটার জন্য দু নম্বর বাটরাকেই খুনি বলে মনে হয় ; কিন্তু তা না হয়ে যদি অন্য কেউ হয়, ফেলুদা তাকে শায়েস্তা না করে ছাড়বে না।

ফেলুদা আগেই বলে রেখেছিল যে খাবার পরে একবার ঘুরতে বেরোবে, তবে সেটা কী উদ্দেশ্যে সেটা আন্দাজ করতে পারিনি। দরবার স্কোয়ারের দিকে যাচ্ছি দেখে মনে একটা সন্দেহ উকি দিল, আর সেটা যে ঠিক, সেটা বুঝতে পারলাম যখন পুরনো প্যালেসের সামনে খোলা জায়গাটায় এসে ফেলুদা বলল, ‘এবার বল কোন গলিটায় গিয়েছিলি দুপুরে।’

রাতিরে দরবার স্কোয়ারের চেহারা একেবারে অন্য রকম। এখান থেকে ওখান থেকে মন্দিরের ঘণ্টা শোনা যাচ্ছে, এরই মধ্যে কোথেকে যেন হিন্দি ফিল্মের গান ভেসে আসছে। ট্যুরিস্টদের ভিড় আর সাইকেল-রিকশার ভিড় কাটিয়ে আমরা গলিটার মুখে গিয়ে পড়লাম। ‘এটার নাম আগে ছিল মারু টোল’, বলল ফেলুদা, ‘হিপিরা এর নতুন নাম দিয়েছে পিগ অ্যালি—শুয়ার গলি।’

পাই শপগুলোর পাশ দিয়ে আমরা এগিয়ে গেলাম আমাদের সেই তিব্বতি দোকানটার দিকে।

দোকানটা এখনও খোলা রয়েছে। দু-একজন খদ্দেরও রয়েছে কাউন্টারের এদিকে, আর পিছনে দাঁড়িয়ে রয়েছেন সকালের সেই মহিলা। সেই পুরুষটা নেই।

ফেলুদা দোকানের বাইরে থেকেই ভেতরটায় একবার চোখ বুলিয়ে নিল। দোতলা বাড়ির এক তলায় দোকানটা। দোতলায় রাস্তার দিকে দুটো পাশাপাশি জানালা, দুটোই বন্ধ। কাঠের পাশাগুলোর একটার ফাটলের মধ্যে দিয়ে ঘরের ভিতর একটা ক্ষীণ আলোর আভাস পাওয়া যাচ্ছে।

দোকানের ডান পাশে একটা সরু চিলতে গলির পরেই একটা তিনতলা হোটেল, নাম হেভেনস্ গোট লজ। স্বর্গদ্বার বলতে চোখের সামনে যে দৃশ্যটা ভেসে ওঠে তার সঙ্গে কোনও সাদৃশ্য নেই।

ফেলুদা হোটেলটার ভিতরে গিয়ে ঢুকল, পিছনে আমরা দুজন।

‘হাউ মাচ ডু ইউ চার্জ ফর কমস হিয়ার?’

কাউন্টারে একটা রোগামতন লোক বসে একটা ছোট্ট পকেট ক্যালকুলেটরের উপর পেনসিলের ডগা দিয়ে টোকা মেরে মেরে হিসেব করে একটা খাতায় লিখছে। লোকটা নেপালি কি ভারতীয় সেটা বোঝা গেল না। ফেলুদা তাকে প্রশ্নটা করেছে।

‘সিঙ্গল টেন, ডাবল ফিফটিন।’

কাউন্টারের সামনে খোলা জায়গাটার এক পাশে একটা খালি সোফা, তার উপরে দেওয়ালে তিনটে পাশাপাশি ট্যুরিস্ট পোস্টার, তিনটেতেই হিমালয়ের কোনও না কোনও

বিস্ময় শব্দের ছবি।

‘ঘর খালি আছে?’ ফেলুদা ইংরেজিতে জিজ্ঞেস করল।

‘ক’টা চাই?’

‘একটা সিঙ্গল একটা ডাবল। দোতলার পুবদিকে হলে ভাল হয়। অবিশ্যি নেবার আগে একবার দেখে নেওয়া দরকার।’

কাউন্টারের ভদ্রলোক যাকে বলে স্বল্পভাষী। মুখে কিছু না বলে শুধু একটা বেল টিপলেন, তার ফলে একটি নেপালি বেয়ারার আবির্ভাব হল। ভদ্রলোক তার হাতে একটা চাবি দিয়ে আমাদের দিকে একবার শুধু দেখিয়ে দিয়ে আবার হিসেব করতে লেগে গেলেন।

বেয়ারার পিছন পিছন সিঁড়ি উঠে আমরা সোজা চলে গেলাম পুবমুখো একটা প্যাসেজ দিয়ে। ডাইনের শেষ ঘরটা চাবি দিয়ে খুলে দিল বেয়ারা।

ঘরের বর্ণনা দেবার কোনও মানে হয় না, কারণ ফেলুদা যে ঘর ভাড়া করতে আসেনি সেটা খুব ভাল করেই জানি।

যেটা বলা দরকার সেটা এই যে, ঘরটার পুব দেয়ালে একটা জানালা রয়েছে যেটা দিয়ে তিব্বতি দোকানের দোতলার একটা জানালা এক পাশ থেকে দেখা যাচ্ছে।

লালমোহনবাবু যতক্ষণ খাটের গদি-টদি টিপে, বাথরুমের বাতি জ্বালিয়ে ভিতরটা দেখে, টেবিলের দেওয়াল খোলা কি না দেখে, আমরা যে সত্যিই ঘর নিতে এসেছি—এমন একটা ধারণা বেয়ারার মনে ঢোকানোর চেষ্টা করছেন, ততক্ষণে আমি আর ফেলুদা যা দেখার দেখে নিলাম।

দোকানে দুপুরে যে তিব্বতি লোকটাকে দেখেছিলাম, সে বসে আছে ওই টিমাটিমে বাতি-জ্বালা ঘরটার ভেতর। তার কাঁধ অবধি দেখা যাচ্ছে। তবে বেশ বোঝা যায় সে কোনও একটা কাজে ব্যস্ত। তার পিছনে কার্ড বোর্ডের প্যাকিং কেসের স্তূপ দেখে মনে হল, সে হয় বাস্স থেকে জিনিস বার করছে, না হয় বাস্সের মধ্যে পুরছে।

আরেকজন লোক রয়েছে ঘরের ভেতর, তবে তার শুধু ছায়াটা দেখা যাচ্ছে। সে যে ঘাড় নিচু করে তিব্বতিটার কাজ দেখছে সেটা বোঝা যায়।

হঠাৎ আমার বুকের ভিতরটা কেমন যেন করে উঠল।

ছায়াটা পকেট থেকে সিগারেটের প্যাকেট বার করেছে।

সিগারেট মুখে গোঁজার পর আরেকটা জিনিস বার করল পকেট চাপড়িয়ে।

লাইটার।

এবার লাইটারটা জ্বালানো হল।

বাঁ হাতে।

৭

‘তোরা দুজন দেখবার জায়গাগুলোর কিছু আজ সকালেই দেখে নে,’ পরদিন সকালে ব্রেকফাস্টের সময় বলল ফেলুদা।—‘আমার আরেকবার থানায় যাওয়া দরকার। ট্রান্সপোর্ট তো সান ট্র্যাভেলস্ থেকে পেয়ে যাবি। আর কিছু না হোক, স্বয়ম্ভু, পশুপতিনাথ ও পাটনটা ঘুরে আয়। একদিনের পক্ষে এই তিনটেই যথেষ্ট।’

রেস্টোরাণ্ট থেকে বেরিয়ে সামনেই দেখি মিঃ বাটরা। একেই বলে টেলিপ্যাথি।

ভদ্রলোক হাসিমুখে তিনজনকেই গুড মর্নিং জানালেন বটে, কিন্তু সে হাসি টিকল না।

‘দ্যাট ম্যান ইজ ব্যাক হিয়ার,’ গভীরভাবে বললেন মিঃ বাটরা। ‘কাল বিকেলে নিউ

রোডেরই এক জুয়েলারি শপ থেকে ওকে বেরোতে দেখেছে আমাদের আপিসের এক ছোকরা ।’

‘সে ছোকরা কি ভেবেছিল আপনি হঠাৎ পোখরা থেকে ফিরে এসেছেন ?’

বাটরা একটু হেসে বললেন ‘সেখানে একটা সুবিধে আছে । আমার যমজ ভাইটি একটু উগ্র রং-এর জামাকাপড় পছন্দ করে । কাল পরেছিল একটা শকিং পিংক পুলোভার আর একটা সবুজ শার্ট । আমাকে যারা চেনে তারা কখনও ওকে দেখে আমি বলে ভুল করবে না । যাই হোক, আমি আজ শুনেই পুলিশে জানিয়েছি ব্যাপারটা । এক সাব-ইনস্পেকটর আছে, তাকে আমি ভাল করে চিনি ।’

‘তিনি কী বললেন ?’

‘যা বলল তাতে আমি অনেকটা নিশ্চিত্ত বোধ করছি । বলল পুলিশ এ লোক সম্বন্ধে জানে । ওদের সন্দেহ লোকটা কোনও স্মাগলিং র‍্যাকেটের সঙ্গে জড়িত । তবে, কোনও পাওয়ারফুল, ধনী লোক ওর পিছনে থাকায় পুলিশ ওকে বাগে আনতে পারছে না । তা ছাড়া লোকটা অত্যন্ত ধূর্ত । যতক্ষণ পর্যন্ত না একটা বেচাল চালছে, ততক্ষণ পুলিশের ওত পেতে থাকা ছাড়া আর কিছু করার নেই ।’

‘কিন্তু আপনার নিজের যে অসুবিধে হচ্ছে সেটা বললেন না ? কুকরিটা কিন্তু সে আপনার নামেই কিনেছিল ।’

বাটরা বললেন, ‘আপনার কথাটা মনে করেই ওদের জিজ্ঞেস করলাম যে লোকটা তার ক্রাইমের বোঝা আমার ঘাড়ে চাপাতে পারে কি না । তাতে ওই সাব-ইনস্পেকটর হেসেই ফেলল । বলল, মিঃ বাটরা, ডোন্ট থিংক দ্য নেপাল পোলিস আর সো স্টুপিড ।’

‘যাক, তা হলে আপনি এখন খানিকটা হালকা বলুন ।’

‘মাচ রিলিভড, মিঃ বাটরা । আমি বলি কী, আপনারাও একটু রিল্যাক্স করুন । প্রথম বার কাঠমাণ্ডুতে এসে স্রেফ একটা ক্রিমিন্যালের পিছনে ঘুরে বেড়াবেন, সেটা কি ভাল হবে ? আপনি একটা দিন ফ্রি রাখুন । এই জন্যে বলছি কী, আমাদের কোম্পানি একটা নতুন ফরেস্ট বাংলা করেছে রাপ্তি ভ্যালিতে, ইন দ্য তেরাইজ । এ রিয়েলি ওয়াভারফুল স্পট । আপনি বিকেলে বলবেন, আমি পরদিন সকালে আপনার ট্রানসপোর্ট অ্যারেঞ্জ করে দেব । চাই কী, আমি ফ্রি থাকলে আপনাদের সঙ্গে চলেই আসব । কী বলেন ?’

তেরাই শুনেই আমার মনটা নেচে উঠেছে । লালমোহনবাবুরও চোখ চকচক । তবু ভাল যে ফেলুদা কথা না দিলেও ব্যাপারটা বাতিল করে দিল না ।

‘আপনি শূকর-সরগির ঘটনাটা চেপে গেলেন কেন ?’ ভদ্রলোক চলে যাবার পর জটায়ু প্রশ্ন করলেন ।

‘তার কারণ,’ বলল ফেলুদা, ‘তদন্তের সব কথা সববাইয়ের কাছে ফাঁস করে দেওয়াটা আপনার গোয়েন্দা-হিরো প্রখর রুদ্রের অভ্যাস হলেও, প্রদোষ মিত্রের নয় । বিশেষ করে যে ব্যক্তির সঙ্গে সর্বসাকুল্যে আড়াই ঘণ্টার আলাপ, তার কাছে তো নয়ই ।’

‘বুঝলাম,’ বললেন জটায়ু । ‘জানলাম । শিখলাম ।’

সকালের আর একটা ঘটনা হল—যে-বাঙালি ভদ্রলোকটির সঙ্গে কাল এসেই আলাপ হল, যাঁর নাম আজ জানলাম বিপুল ভৌমিক—তাঁর সঙ্গে দেখা হল মিঃ বাটরাকে বিদায় দিয়ে দোতলায় ওঠার সময় ।

‘এটা কী চিনতে পারছেন ?’ ভনিতা না করেই হাতের একটা বোতল ফেলুদার দিকে তুলে ধরে প্রশ্নটা করলেন ভদ্রলোক । বোতল আমার চেনা, বিশেষ করে তার ভিতরের লাল রঙের ওষুধটার জন্য । কাশির ওষুধ, আমাদের বাড়িতে সব সময়ই থাকে । বেন্যাড্রিল

একসপেকটোর্যান্ট ।

‘চিনতে তো পারছি,’ বলল ফেলুদা, ‘কিন্তু রংটা তো—’

‘আপনি রঙে তফাত পাচ্ছেন ? সেটা বোধহয় আপনাদের বিশেষ ক্ষমতা । আমি পাচ্ছি গন্ধে ।’

ভদ্রলোক ক্যাপ খুলে বোতলটা ফেলুদার নাকের সামনে ধরলেন ।

‘আপনার ঘ্রাণশক্তি তো খুবই প্রখর,’ বেশ তারিফের সঙ্গে বলল ফেলুদা । —‘তফাত আছে, তবে খুবই সূক্ষ্ম ।’

‘অন্তত একটি ইন্দ্রিয় তো জোরদার হওয়া চাই,’ বললেন বিপুলবাবু, ‘আপনি চারমিনার খেয়েছেন না একটু আগে ? আমি দেখিনি খেতে, কিন্তু গন্ধ পাচ্ছি । কেমন, ঠিক তো ?’

‘ঠিক তো বটেই । কিন্তু আপনি বোতল নিয়ে চললেন কোথায় ?’

‘ফেরত দোব । পয়সা ফেরত নোব,’ বললেন বিপুলবাবু, ‘ছাড়ব না । একি ইয়ার্কি পেয়েছে ?’

‘কোন দোকান ?’

‘আইডিয়াল মেডিক্যাল স্টোর্স, ইন্ড্র চক । আপনাকে বললাম না সেদিন, ওষুধ নিয়ে যাচ্ছেতাই কারবার হচ্ছে ? মিস্ক পাউডারে খড়ি মিশিয়ে দেয়, জানেন ? শিশুদের পর্যন্ত বাঁচতে দেবে না এরা ।’

মিঃ বাটরাকে গাড়ির কথা বলে দিয়েছিলাম, সাড়ে নটায় একটা জাপানি টয়োটা এসে হাজির । আমরা যখন বেরোচ্ছি তখন ফেলুদা টেলিফোন ডিরেকটর নিয়ে পড়েছে । বলল এ অঞ্চলের ওষুধের দোকানগুলোর নাম নোট করে নিচ্ছে ।

একই শহরে স্বয়ম্ভুনাথের মতো বৌদ্ধস্তুপ আর পশুপতিনাথের মতো হিন্দু মন্দির—এ এক কাঠমাগুতেই সম্ভব । পশুপতিতে ‘তপেশ, তুমি দৃশ্য দেখো’ বলে আমাদের ফেলে রেখে মন্দিরে ঢুকে পূজো দিয়ে ফোঁটা-টোটা কেটে এলেন লালমোহনবাবু । মন্দিরটা কাঠের তৈরি, দরজাগুলো রূপোর আর চুড়োটা সোনা দিয়ে বাঁধানো । গেট দিয়ে ঢুকে প্রথমেই যেটা সামনে পড়ে সেটা হল পাথরের বেদিতে বসানো সোনায় মোড়া বিশাল নন্দীর মূর্তি । চাতাল দিয়ে এগিয়ে গেলে দেখা যায় নীচ দিয়ে বাগমতী নদী বয়ে যাচ্ছে, সেখানেই শ্রাশান । নদীর ওপারে পাহাড় ।

স্বয়ম্ভুতে যেতে হলে গাড়ি প্যাঁচালো পাহাড়ি পথ দিয়ে উপরে উঠে একটা জায়গায় এসে থেমে যায় । বাকি পথ সিঁড়ি দিয়ে উঠতে হয় ।

আমরা গাড়ি থেকে নেমে দেখি সিঁড়ির মুখ অবধি রাস্তার ধারে তিব্বতি জিনিস বিক্রি হচ্ছে । লালমোহনবাবুর হঠাৎ শখ হয়েছে একটা জপযন্ত্র কিনবেন । জিনিসটা আর কিছুই না—একটা লাঠির মাথায় একটা কৌটো, তার পাশ থেকে ঝুলছে একটা চেনের ডগায় একটা বলের মতো জিনিস । লাঠিটা হাতে নিয়ে ঘোরালে মাথার বল সমেত কৌটোটা ঘুরতে থাকে । ভদ্রলোক আমাদের বুঝিয়ে বললেন, ‘লিখতে লিখতে যখন আইডিয়ার অভাবে থেমে যাই, বুঝলে তপেশ, তখন অনেক সময় মনে হয়েছে হাতে একটা কিছু নিয়ে ঘোরাতে পারলে হয়তো মাথাটা খুলে যেত । দেখে মনে হচ্ছে জপযন্ত্র ইজ আইডিয়াল ফর দ্যাট ।’

চার রকমের হয় জিনিসটা—কাঠের, তামার, রূপোর আর হাতির দাঁতের । কাঠের হলেই চলত, কিন্তু এখানে টুরিস্টদের জন্য সব জিনিসের দাম চড়িয়ে রেখেছে এরা ; কাঠও সস্তর টাকার কমে হবে না শুনে ভদ্রলোক আর এগোলেন না ।

দু হাজার বছর আগে পাহাড়ের চূড়ায় বসানো বৌদ্ধস্তুপ স্বয়ম্ভুনাথে যে জিনিসটা

সবচেয়ে বেশি মনে থাকে সেটা হল স্তূপের চূড়োর ঠিক নীচে চারকোনা স্তম্ভের চারদিকে আঁকা ঢেউ খেলানো ভুরুওয়ালা জোড়া জোড়া চোখ—যে চোখ মনে হয় সেই আদ্যিকাল থেকেই সারা কাঠমাণ্ডু উপত্যকার উপর সজাগ দৃষ্টি রেখে আসছে, কোথায় কী ঘটেছে সব জানে, কিন্তু কোনওদিন বলবে না ।

স্তূপটা যে সমতল চাতালের উপর দাঁড়িয়ে আছে, সেটা যেমন গিজগিজ করছে দেখবার জিনিসে, তেমনই করছে মানুষ আর বাঁদরের ভিড়ে । লালমোহনবাবু একবার কোমরে একটা খোঁচা খেয়ে বললেন, বাঁদরের খোঁচা, কিন্তু সেটা যে আসলে তা নয় সেটা পরে জেনেছিলাম । সেটার কথা, যাকে বলে, যথাস্থানে বলব ।

আসল ঘটনা ঘটল পাটনে ।

পাটন শহর, যার প্রাচীন নাম ললিতপুর, হল বাগমতীর ওপারে, কাঠমাণ্ডু থেকে মাত্র তিন মাইল । শহরে ঢোকবার মুখে একটা পেছায় তোরণ, সেটা পেরিয়ে একটা দোকানের সামনে গাড়ি থামিয়ে আমেরিকান কোকা-কোলা খেয়ে তেষ্ঠা মিটিয়ে আমরা এখানকার দরবার স্কোয়ারে গিয়ে হাজির হলাম ।

ফেলুদা এবার আমাকে সাবধান করে দিয়েছিল—‘আমাদের কাঠমাণ্ডু অ্যাডভেঞ্চার সম্বন্ধে যখন লিখবি, তখন খেয়াল রাখিস যে ফেলু মিণ্ডিরের গোয়েন্দা কাহিনী যেন নেপালের ট্যুরিস্ট গাইড না হয়ে পড়ে ।’

ফেলুদার কথা মনে রেখে শুধু এইটুকুই বলছি যে দেড় হাজার বছর আগে লিচ্ছবি বংশের রাজা বরদেবের পত্তন করা পাটন বা ললিতপুরের মন্দির, স্তূপ, প্রাসাদ, কাঠের কারুকার্য, স্বর্ণস্তম্ভের মাথায় রাজার মূর্তি ইত্যাদির এ-বলে-আমায়-দেখ ও-বলে-আমায়-দেখ অবস্থার মধ্যে পড়ে লালমোহনবাবু অবিশ্বাস্য, অভাবনীয়, অকল্পনীয়, অতুলনীয়, অননুकरणीয়, অবিস্মরণীয় ইত্যাদি ছাব্বিশ রকম বিশেষণ ব্যবহার করেছিলেন গড়ে তিন মিনিটে একটা করে । আমার বিশ্বাস সেই সময় সেই বিশেষ ঘটনাটা না ঘটলে তিনি আরও মিনিট পনেরো এই ভাবে চালিয়ে যেতে পারতেন ।

ঘটনাটা ঘটল দরবার স্কোয়ার পেরিয়ে ডাইনে মোড় নিয়ে একটা বাজারে পড়বার পর । এই বাজার যে মঙ্গল বাজার নামে বিখ্যাত সেটা পরে জেনেছিলাম । এখানে চারদিকে ছোট ছোট দোকানে নেপালি আর তিব্বতি জিনিস বিক্রি হচ্ছে । কাঠমাণ্ডুর চেয়ে দাম কম, আর ভিড় কম বলে দেখার বেশি সুবিধে ।

আমরা জিনিস দেখতে দেখতে এগিয়ে চলেছি । লালমোহনবাবুর দৃষ্টি জপয়ন্ত্রের দিকে, ফেলুদা বলে দিয়েছে পাটনের কাঠের কাজ পৃথিবী-বিখ্যাত, তাই দাম স্বয়ম্ভুর চেয়ে অনেক কম হলেও ‘হাই ক্লাস কারুকার্য নয়’ বলে অনেকগুলোই হাতে নিয়েও বাতিল করে দিচ্ছেন । এমন সময় দেখলাম বাজারের শেষ দিকে একটা মোটামুটি নিরিবিলি অংশে একটা বেশ বড় পুরনো বাড়ির নীচে একটা দোকানের সামনে টেম্পোতে মাল তোলা হচ্ছে ।

দোকানের কাছে গিয়ে দেখি লালমোহনবাবু যা চাইছেন সেই জিনিসই বাস্ক-বোঝাই হয়ে চালান যাচ্ছে, সম্ভবত কাঠমাণ্ডুর বাজারে ।

‘এইথেনেই বোধহয় তৈরি হচ্ছে জিনিসগুলো, বুঝলে তপেশ । দেখে একেবারে টাটকা বলে মনে হয় । এটা বোধহয় একটা ফ্যাকটরি ।’

সেটাও অসম্ভব না । ফেলুদা বলেছিল পাটনে নাকি অনেক কারিগর এইসব পুরনো কালের জিনিস নতুন করে তৈরি করছে ।

‘সুবিধের দরে পাওয়া যেতে পারে । জিজ্ঞেস করব ?’

‘করুন না ।’

সে গুড়ে বালি । দোকানদার বলল অন্য দোকানে দেখো, আমাদের স্টক ফুরিয়ে গেছে ।
যা মাল চালান যাচ্ছে সব অর্ডারের মাল ।

‘যাচ্চলে, লাক্‌টাই—’

লালমোহনবাবুর কথা আটকে গেছে, আর সেই সঙ্গে আমাদের দুজনেরই দৃষ্টি চলে গেছে পাশের গলিটায় ।

একটা লোক গলির ডানদিক থেকে বাঁয়ে আসছে । তিব্বতি । একে আমরা চিনি । সেই হলদে টুপি, সেই লাল জোব্বা, সেই একটা চোখ বড়, একটা ছোট ।

এ সেই শুয়োর-গলির তিব্বতি দোকানের বেষ্টিতে বসা আধঘুমো লোকটা । একটা বাড়ি থেকে বেরিয়ে আমরা যে-বাড়িটার সামনে দাঁড়িয়ে আছি, তারই একটা পাশের দরজা দিয়ে ঢুকে গেল ।

ঢুকেছে কি ? আমরা যেখানে দাঁড়িয়ে, সেখান থেকে দরজাটা দৃষ্টির বাইরে । সেটা দেখতে পাওয়া যাবে চার পা সামনে গিয়ে বাঁয়ের গলিটায় ঢুকে এগিয়ে গেলে ।

আবার সেই ফলো করার রোখ চেপেছে আমাদের দুজনের একসঙ্গে ।

লোকটা কোথায় গেল দেখা দরকার ।

গোয়েন্দা-গোয়েন্দা ভাবটা যথা সম্ভব চেপে রেখে দুজনে এগিয়ে গেলাম গলিটা দিয়ে ।

হাত-বিশেক যেতেই বাঁয়ে একটা দরজা পড়ল, যার পাল্লা আর ফ্রেমে কাঠের কাজ দেখলে তাক্ লেগে যায় ।

দরজাটা বন্ধ ।

বাড়িটার এদিকের দেওয়ালে এই একটাই দরজা ।

এই দরজা দিয়েই ভিতরে ঢুকেছে লোকটা ।

আরও দশ পা গিয়ে বাড়িটা শেষ হয়েছে ; তার পাশ দিয়ে একটা গলি বাঁয়ে চলে গেছে । একটা ছড়-টানা বাজনার শব্দ আসছে । মনে হল গলিটা থেকেই ।

এগিয়ে গেলাম গলিটার মুখ অবধি । এদিকটা একেবারে নির্জন ।

গলির ডাইনে, আমাদের থেকে দশ-বারো হাত দূরে, একটা ভিথিরি একটা বাড়ির রোয়াকে বসে সারিন্দা বাজাচ্ছে । লোকটা নেপালি, কারণ সারিন্দা নেপালের যন্ত্র, তিব্বতের নয় । অবিশ্যি এই রকমই যন্ত্র একই নামে পূর্ববঙ্গেও পাওয়া যায় ।

যতটা সম্ভব ট্যুরিস্টের ভাব করে এগিয়ে গেলাম গলি ধরে । লোকটার সামনে একটা মরচে-ধরা টিনের কৌটো । যেখানে বসেছে, তার উলটোদিকে একটা দরজা । এটা সেই একই বাড়ির দরজা, যার সামনের দিকে দোকান থেকে জপযন্ত্র চালান যাচ্ছে কাঠমাণ্ডু । এই বাড়িতেই ঢুকেছে শুয়োর-গলির সেই তিব্বতি ।

ভিথিরি এক মনে বাজিয়ে চলেছে তার নেপালি গং, আমাদের সম্বন্ধে তার কোনও কৌতূহল নেই ।

লালমোহনবাবু টিনের কৌটোটা কয়েকটা খুচরো পয়সা ফেলে দিয়ে চাপা গলায় বললেন, ‘যাবে নাকি ভেতরে ?’

এ দরজাটা খোলা । এটা সাইজেও ছোট আর এটার বাহারও কম, কারণ এটা হল ব্যাকডোর, যাকে বলে খিড়কি ।

‘চলুন ।’

‘যদি জিজ্ঞেস করে তো কী বলবে ?’

‘বলব ট্যুরিস্ট, ভেতরে কী আছে দেখতে এসেছি ।’

‘চলো ।’



ভিথিরিটার দিকে একটা আড়দৃষ্টি দিয়ে, গলিতে আর কোনও লোক নেই দেখে আমরা দুজনে মাথা হেঁট করে দরজাটা দিয়ে ভেতরের প্যাসেজে ঢুকলাম।

প্যাসেজটা পেরিয়ে ডাইনে একটা উঠোনের এক চিলতে দেখা যাচ্ছে। তারও ডাইনে নিশ্চয়ই ঘর আছে। সেই ঘরের দিক থেকেই শব্দটা আসছে।

যান্ত্রিক শব্দ।

না, ঠিক যান্ত্রিক না। যদি বা একটা মেশিন গোছের কিছু চলে, তার সঙ্গে আরও কয়েকটা শব্দ মিশে আছে। মোটামুটি বলা যায় যে শব্দটার মধ্যে একটা তাল আছে।

আমরা দম বন্ধ করে পা টিপে টিপে এগিয়ে গেলাম।

বাঁয়ে একটা দরজার পিছনে অন্ধকার ঘর।

একটা পায়ের শব্দ পাচ্ছি। ডানদিক থেকে আসছে সেটা। শব্দটা বাড়ছে।

হঠাৎ খেয়াল হল যে এর মধ্যে কখন জানি সারিন্দার সুর পালটে গেছে। আগেরটা ছিল করুণ, মোলায়েম; এটা নাচানি, হালকা সুর।

এবারে যে লোকটা আসছে তাকে দেখা যাবে।

গলা শুকিয়ে গেছে।

বুঝলাম লোকটা যদি কিছু জিজ্ঞেস করে তো গলা দিয়ে আওয়াজ বেরোবে না।

আর চিন্তা না করে এক ঝটকায় লালমোহনবাবুকে টেনে নিয়ে দুজনে ঢুকে পড়লাম বাঁ পাশের অন্ধকার ঘরটায়। রাস্তার দিকের একটা খুপরি জানালা দিয়ে ঘরে সামান্য আলো আসছে, তাতে দেখা যাচ্ছে একটা খাটিয়া, একটা তামার পাত্র, দড়িতে ঝোলানো কিছু জামা-কাপড়।

আমরা দরজার আড়ালে দাঁড়িয়ে শুনলাম পায়ের শব্দটা বাইরে প্যাসেজ দিয়ে রাস্তার দিকে চলে গেল।

সারিন্দা থেমেছে। তার বদলে গলার আওয়াজ পেলাম। লোকটা বাইরে গিয়ে ভিথিরিটার সঙ্গে কথা বলছে।

আমাদের ডাইনে আর একটা দরজার পরে আর একটা ঘর। এটাও অন্ধকার।

জটায়ুর আস্তিন ধরে টেনে নিয়ে সেই ঘরে ঢুকলাম।

কাঠ ও কার্ডবোর্ডের বাস্কে বোঝাই ঘরটা। তা ছাড়া আছে কিছু তামার জিনিস, কিছু মূর্তি, গোটা কুড়ি-পঁচিশ কাঠের ছাঁচ। বাঁয়ে ঘরের কোনায় পড়ে আছে লালমোহনবাবুর শখের জিনিস—তিনটে কাঠের জপযন্ত্র।

আমরা ঢুকেই বাঁয়ে দরজার আড়ালে লুকিয়ে পড়েছি। বেশ বুঝতে পারছি, এ ঘরের বাইরেই বারান্দা পেরিয়ে উঠোন, আর উঠোনের ওদিকের ঘর থেকেই শব্দটা আসছিল।

এখন শব্দ নেই।

এবার একটা নতুন শব্দ।

লোকটা বাইরে থেকে ফিরে এসেছে।

সে খুঁজছে আমাদের।

প্যাসেজ ধরে পায়ের শব্দ এগিয়ে গিয়ে কাউকে না পেয়ে আবার ফিরে এল। যে ঘরে আছি, সে ঘরের ডাইনের দেওয়ালে উঠোনের দিকে পর পর তিনটে দরজা। দরজার বাইরে থেকে আসা আলো তিনবার বাধা পেল সেটা দেখতে পেলাম।

এবারে আমাদের ঠিক পাশের দরজার সামনে এসে পায়ের শব্দটা থামল।

একটা আবছা ছায়া ঢুকে এল ঘরের ভিতরে চৌকাঠ পেরিয়ে।

আমার দম বন্ধ। শরীরের সব শক্তি জড়ো করে তৈরি হচ্ছি। যা করবার আমাকেই

করতে হবে ।

লোকটা আর দু পা এগোতেই আমাদের দেখতে পেল ।

ওর প্রথম হকচকানিটা কাটবার আগেই আমি ডাইভ দিয়ে পড়লাম লোকটার উপর । হাত দুটো সমেত কোমর জাপটে ধরে ঘুরিয়ে দেয়াল-ঠাসা করব ।

কিন্তু লোকটা ষণ্ডা । এক ঝটকায় হাত দুটোকে ছাড়িয়ে নিয়ে আমার কোটের লেপেল দুটো দু হাতের মুঠোয় ধরে এক হাঁচকায় মাটি থেকে শূন্য তুলে ফেলল আমায় । বোধহয় ইচ্ছে ছিল ছুড়ে ফেলবে, কিন্তু লালমোহনবাবু সে ব্যাপারে বাগড়া দিচ্ছেন । আমাদের দুজনের মাঝখান দিয়ে হাত গলিয়ে দিয়ে লোকটার হাত দুটোকে আমার কোট থেকে ছাড়াবার চেষ্টা করছেন ।

কিন্তু পারলেন না ।

লোকটার কনুইয়ের ধাক্কা লালমোহনবাবুকে ছিটকে ফেলে দিল কার্ডবোর্ডের বাক্সের স্তূপের ওপর ।

আমার দু হাতের তেলো লোকটার থুতনির তলায় রেখে উপর দিকে চাড়া দিয়ে মাথাটাকে চিতিয়ে দিয়েছি, কিন্তু বুঝতে পারছি আমি এখনও শূন্য, এখনও লোকটা আমাকে ধরে— ।

ঠকাং !

হাত দুটো আলগা হয়ে গেল । আমার পায়ের তলায় আবার মাটি । লোকটা দুমড়ে মুচড়ে মাটিতে পড়ল অজ্ঞান হয়ে ।

মাথায় বাড়ি ।

জপযন্ত্রের বাড়ি ।

পাঁচ সেকেন্ডের মধ্যে আমরা দুজনে আবার রাস্তায়, জপযন্ত্র লালমোহনবাবুর থলিতে ।

৮

কলকাতায় আমাদের বাড়িতে বসে আমি আর ফেলুদা অনেক সময় আমাদের পুরনো অ্যাডভেঞ্চারগুলো সম্বন্ধে আলোচনা করেছি, বিশেষ করে তাদের সম্বন্ধে, যাদের শয়তানি বুদ্ধি ফেলুদাকেও মাঝে মাঝে প্যাঁচে ফেলে দিয়েছিল । লখনউ-এর বনবিহারী সরকার, কৈলাসের মূর্তি চোর, সোনার কেল্লার বর্মন আর মন্দার বোস, মিঃ গোরে, কাশীর মগনলাল মেঘরাজ—এরা সব কোথায় ? কী করছে ? ভোল পালটে সংপথে চলছে, না শয়তানির মওকা খুঁজছে ? নাকি অলরেডি আরম্ভ করে দিয়েছে শয়তানি ?

এসবগুলো এত দিন শুধু প্রশ্নই ছিল ; শেষে কাঠমাগুতে এসে এই পুরনো আলাপীদের একজনের সঙ্গে দেখা হয়ে নেগেটিভ-পজিটিভের ঠোকাঠুকিতে যে বিশ্লেষণের সৃষ্টি হবে, সেটা কে জানত ?

পাটন থেকে ফিরে ইন্দিরা রেস্টোরাণ্টে লাঞ্চ খেয়ে (এদের মেনুতে মোমো ছিল না) প্রায় তিনটে নাগাদ হোটеле ফিরে দেখি ফেলুদা খাটে শুয়ে সদ্য-কেনা একটা ইংরিজি বই পড়ছে, নাম 'ব্ল্যাক মার্কেট মেডিসিন' । আমাদের দিকে চোখ পড়তেই চোখ কপালে উঠে গেল ।

'ব্যাপার কী ? খুব ধকল গেছে বলে মনে হচ্ছে ?'

দুজনে ভাগাভাগি করে পাটনের পুরো ঘটনাটা বললাম । জানতাম ফাঁকে ফাঁকে অনেক প্রশ্ন গুঁজে দেবে ফেলুদা । বেশ বুঝতে পারছি আমরা দুজনে মিলে আজ একটা জবরদস্ত কাজ করে এসেছি । কেন তা ঠিক বলতে পারব না, সমস্ত বাড়িটার মধ্যে যেন জালিয়াতির

একটা গন্ধ ছড়িয়ে ছিল। অথচ বাইরে থেকে দেখলে প্রাচীন পাটনের ইমারতি আর কাঠের কাজের তারিফ করা ছাড়া আর কিছুই করার থাকে না।

সব শুনে-টুনে ফেলুদা ‘সাবাস’ বলে আমাদের দুজনেরই পিঠ চাপড়ে দিল।

‘গোয়েন্দাগিরিতে বীরচক্র থাকলে আমি তোদের দুজনেরই নাম রেকমেন্ড করতাম। কিন্তু আপনি যে জিনিসটা দিয়ে বাজিমাত করলেন, সেটা একবার দেখান!’

লালমোহনবাবু হালকা মেজাজে থলি থেকে জপযন্ত্রটা তুলে ধরে দেখালেন।

‘ওর মধ্যে মন্ত্র পোরা আছে কি না সেটা দেখেছেন?’

‘আজ্ঞে?’

‘ওম্ মণি পদ্মে হুম্।’

‘আজ্ঞে?’

‘ওম্—মণি—পদ্মে—হুম্। তিব্বতি মহামন্ত্র। এই মন্ত্রটা একটা কাগজে হাজার বার লিখে অথবা ছেপে প্রত্যেকটা জপযন্ত্রে পুরে দেবার কথা।’

‘পুরে দেবে? কোথায় পুরে দেবে?’

‘ওই ওপরের জিনিসটা তো একটা কৌটো। ওটার মাথাটা তো ঢাকনার মতো খুলে যাবার কথা।’

‘তাই বুঝি?’

লালমোহনবাবু একটা মোচড় দিতেই মাথাটা খুলে এল।

‘উহ—নো সাইন অফ মন্ত্র।’

‘ভেতরে কিচ্ছু নেই?’

লালমোহনবাবু আর একবার ভেতরটা দেখলেন আলোর কাছে এনে।

‘নাথিং।—না না, দেয়ার ইজ সামথিং। কীসের যেন গুঁড়ো চক্চক করছে।’

‘কই দেখি!’

এবার ফেলুদা ভাল করে দেখল ভেতরটা। তারপর ল্যাম্পের পাশে বেডসাইড টেবিলের উপর উপুড় করে ধরল কৌটোটা।

‘কাচ। কাচের টুকরো।’

‘একটা বড় টুকরো রয়েছে, ফেলুদা।’

‘দেখেছি।’

‘মনে হয় একটা ছোট্ট পাইপ জাতীয় কিছুর অংশ।’

ফেলুদা মাথা নাড়ল।

‘পাইপ নয়। অ্যামপুল। অসাবধানে ভেঙে ফেলাতে এই পুরো জিনিসটাকে বাতিল করে দিয়েছে।’

‘তার মানে বলছেন এই জপযন্ত্রের মধ্যে জাল ওষুধ চালান হত?’

‘কিছুই আশ্চর্য না। জপযন্ত্রের ভিতর পুরে প্যাকিং কেসে করে জমা হত পিগ অ্যালির তিব্বতি দোকানের দোতলায়। সেখান থেকে নিশ্চয়ই চলে যেত হোলসেলারদের কাছে। তারপর সেখান থেকে দাওয়াখানায়। যে বাস্তুগুলো কাল ওই হোটেলের ঘর থেকে দেখেছিলি, আর আজ টেম্পোতে যে বাস্তুগুলো তুলছিল—সে কি একই রকম?’

‘আইডেনটিক্যাল,’ উত্তর দিলেন জটায়ু।

‘বুঝেছি—ফেলুদার কপালে ত্রিশূলের মতো দাগ—‘সাপ্লাইয়ের ব্যাপারটা তদ্বির করছে নকল বাটরা। আর ব্যাপারটা যদি বড় স্কেলে হয়, তা হলে হয়তো বেশ কিছু মাল চলে যাচ্ছে সীমানা পেরিয়ে ভারতবর্ষে। বিহার, ইউ পি-র ছোট ছোট শহরে কত লোক এই ভেজাল

ওষুধ খায় আর ভেজাল ইনজেকশন ব্যবহার করে তার হিসেব কে রাখছে ? ডাক্তারের সন্দেহ হলেও সে যে শোরগোল তুলবে না সে তো দেখাই গেল । এই যুগটাই যে ওই রকম । চাচা আপন প্রাণ বাঁচা !’

ফেলুদা খাট থেকে উঠে কিছুক্ষণ বেশ তেজের সঙ্গে পায়চারি করে নিল । লালমোহনবাবু আবার জপযন্ত্রে ঢাকনা পরিয়ে সেটা হাতে নিয়ে ঘোরাচ্ছেন । ফেলুদার অ্যাডভেঞ্চারে অনেক সময়ই তিনি কেবল দর্শকের ভূমিকা পালন করেছেন ; আজ তিনি যাকে বলে স্বয়ং রঙ্গমঞ্চে অবতীর্ণ ।

ঘড়িতে দেখি পৌনে চারটে । আমি লালমোহনবাবুকে মনে করিয়ে দিলাম যে এতক্ষণে তাঁর প্যান্ট রেডি হয়ে থাকার কথা ।

‘এইদ্যাখো ! ভুলেই গেসলাম ।’

ভদ্রলোক এক লাফে সোফা থেকে উঠে পড়লেন । ‘আজ ক্যাসিনো যাচ্ছি তো আমরা ? ট্রাউজারটা কিন্তু সেই উদ্দেশ্যেই করানো ।’

ফেলুদা পায়চারি থামিয়ে একটা তালি মেরে মন থেকে যেন সমস্ত চিন্তা দূর করে দিয়ে বলল, ‘গুড আইডিয়া । আজকে উই ডিজার্ড এ হলিডে । ডিনারের পরে এক ঘণ্টা ক্যাসিনোয় যাপন ।’

অবিশ্যি ক্যাসিনো-পর্ব এক ঘণ্টায় শেষ হয়নি । কেন হয়নি সেটা জানতে হলে আর একটু ধৈর্য ধরতে হবে ।

সাড়ে আটটার মধ্যে ডিনার খেয়ে বেরিয়ে পড়লাম । ক্যাসিনো খোলা থাকে নাকি ভোর চারটে অবধি, আর আসল ভিড়টা হয় এগারোটার পর থেকে । এখন গেলে খানিকটা খালি পাওয়া যাবে ।

হোটেলটা শহর থেকে খানিকটা বাইরে । বাসে যেতে যেতে বেশ বুঝতে পারছিলাম যে আমরা লোকালয় ছাড়িয়ে চলে যাচ্ছি, কারণ রাস্তার আলো ছাড়া আর বিশেষ আলো চোখে পড়ছে না ।

মিনিট পনেরো চলার পর খানিকটা চড়াই উঠে একটা গেট পড়ল । তারপর ডাইনে বেশ বড় একটা লন ও সুইমিং পুল পেরিয়ে আবার ডাইনে ঘুরে বাসটা গিয়ে থামল হোটেলের পোর্টিকোর ঠিক আগে একেবারে ক্যাসিনোর প্রবেশদ্বারের সামনে । পেছনায় হোটেলের এক পাশটায় এই ক্যাসিনো । বুঝলাম যারা বাইরে থেকে আসবে তাদের আর আসল হোটেলে ঢুকতেই হবে না ।

আমাদের আজকের হিরো—অন্তত এখন পর্যন্ত—হলেন লালমোহনবাবু । বিদেশি ফিল্মে দেখা আদব-কায়দার কোনওটাই বাদ দেবেন না এমন একটা সংকল্প নিয়েই যেন তিনি ক্যাসিনোতে এসেছেন । অবিশ্যি এসব আদব-কায়দা যে তিনি সব সময় ঠিকভাবে প্রয়োগ করতে পেরেছিলেন তা নয় । যেমন, সুইং ডোর দিয়ে ঢুকই বাঁয়ে কাউন্টারের পিছনে যে দুটি বো-টাই পরা ভদ্রলোক বসে ছিলেন—যাদের কাছে হোটেল থেকে পাওয়া পাঁচ ডলারের কার্ডটা দেখিয়ে তবে ক্যাসিনোয় ঢুকতে হয়—তাদের দিকে চেয়ে রীতিমতো গলা তুলে ‘হেল্লো’ বলাটা ঠিক বিলিতি কেতার মধ্যে বোধহয় পড়ে না । তবে এটা স্বীকার করতেই হবে যে কাঠমাণ্ডুর টেলার ভদ্রলোকের প্যান্ট বেশ ভালই বানিয়েছে । তার সঙ্গে নিউ মার্কেটে কেনা হাল্কা সবুজ জার্কিন আর মাথায় নেপালি ক্যাপ—সব মিলিয়ে ভদ্রলোকের মধ্যে বেশ একটা স্মার্টনেসের ভাব এসেছে সেটা স্বীকার করতেই হবে ।

কয়েক ধাপ সিঁড়ি নেমে গিয়ে তবে আসল ক্যাসিনো । এক জাপানি ভদ্রমহিলা উঠছিলেন সিঁড়ি দিয়ে হ্যান্ডব্যাগ খুলে টাকা ভরতে ভরতে, আর লালমোহনবাবুর দৃষ্টি হাতের কার্ডের দিকে ; ফলে দুজনের মধ্যে একটা কোলিশন লাগত যদি না আমি ভদ্রলোকের জার্কিনের আস্তিনটা ধরে ঠিক সময়ে একটা টান দিতাম । লালমোহনবাবু মহিলার দিকে চেয়ে যেভাবে হেসে “হেহেকসখিউজ মিহিহি” বললেন, সেটার দামও লাখ টাকা ।

অবিশ্যি যতই কনফিডেন্স-এর ভাব করুন না কেন, খোদ ক্যাসিনোয় ঢুকে চারিদিকের ব্যাপার-স্বাপার দেখে ভদ্রলোককে ফেলুদার শরণাপন্ন হতেই হল । ফেলুদাও তৈরি ছিল ওঁকে উদ্ধার করার জন্য ।

‘হাতের কার্ডটায় দেখুন পাঁচ রকম খেলার জন্য পাঁচটা কুপন রয়েছে । আপনার দ্বারা জ্যাকপট ছাড়া আর কিছু খেলা চলবে না : অন্যগুলোর তল পাবেন না । আপনি জ্যাকপটের কুপনটি ছিঁড়ে ওই কাউন্টারে দিন । ওটা হল ক্যাসিনোর ব্যাঙ্ক । আপনাকে এক ডলারের হিসেবে যত টাকা হয় দিয়ে দেবে । বোধহয় এগারো টাকার মতো হবে—নেপালি টাকা । তাতে আপনি এগারোটা চান্স পাবেন জ্যাকপটে । তাতে যদি কিছু মূলধন হয়, তা হলে আরও খেলতে পারবেন । যদি টাকাগুলো যায়, তবে আরও খেলতে হলে ট্যাক থেকে দিতে হবে । কখন থামবেন সেটা সম্পূর্ণ আপনার মর্জি । বেশি হারলে কী হয় তার একটা বড় নজির তো রয়েইছে—যুধিষ্ঠির ।’

একটা বড় হলঘর আর তার ডানদিকে একটা মাঝারি ঘর মিলিয়ে ক্যাসিনো । বড়টায় পনটুন, ব্ল্যাকজ্যাক, ফ্ল্যাশ আর আসল খেলা রুলেট ছাড়াও কিছু জ্যাকপটের মেশিন রয়েছে, আর ছোটটায় রয়েছে কিনো আর জ্যাকপট । ফেলুদা দেখলাম রুলেটের দিকে এগিয়ে গেল : আমরা গিয়ে ঢুকলাম ডাইনের ঘরে । আমরা দুজনেই কুপন ভাঙিয়ে টাকা নিয়ে নিয়েছি ।

তিনদিকের দেয়ালের সামনে পর পর দাঁড়িয়ে আছে বারো-চোদ্দটা জ্যাকপট মেশিন ।

‘ব্যাপারটা খুব সোজা,’ একটা মেশিনের সামনে নিয়ে গিয়ে বললাম লালমোহনবাবুকে, ‘এই দেখুন স্লট । ওয়েইং মেশিনের মতো করে এর মধ্যে টাকা গুঁজে দেবেন । তারপর এই ডাইনের হাতল ধরে টান । তারপর যা হবার আপনিই হবে ।’

‘মানে ?’

‘জিত হলে মেশিন থেকে টাকা বেরিয়ে এই পাত্রটায় পড়বে, যেমন ওজনে কার্ড পড়ে । হার হলে কিছুই বেরুবে না ।’

‘হু...’

‘আপনি একবার ফেলে দেখুন ।’

‘দেখব ?’

‘হ্যাঁ । গুঁজুন টাকা ।’

‘গুঁজলাম ।’

একটা ঘড়ঘড় শব্দের পর বোঝা গেল টাকাটা একটা জায়গায় গিয়ে পড়ল, আর সঙ্গে সঙ্গে মেশিনের গায়ে এক লাইন লেখা জ্বলে উঠল—‘কয়েন অ্যাক্সেপটেড ।’

‘এবার হাতল টানুন । জোরে ।’

লালমোহনবাবু মারলেন টান ।

মেশিনের সামনে একটা চৌকো কাচের জানালায় পিছনে পাশাপাশি তিনটে তিন-রকম ছবি ছিল—হলুদে ফল, লাল ফল, ঘণ্টা । হাতলে টান দিতেই মেশিনের ভিতর থেকে একটা ঘড়ঘড় করে ঘোরার শব্দ শুরু হল আর চোখের সামনে কাচের পিছনের ছবিগুলো বদলাতে

বদলাতে সেকেন্ড পাঁচেক পরে ঘট ঘট শব্দে একটা নতুন কব্বিনেশনে এসে দাঁড়াল।
হলদে ফল, হলদে ফল, নীল ফল।

আর তার পরমুহূর্তেই ঝনাৎ ঝনাৎ করে দুটো টাকা এসে পড়ল পাত্রের মধ্যে।

‘জিতলুম নাকি?’ চোখ গোল গোল করে জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

‘জিতলেন বইকী। একে দুই। সে-রকম ভাগ্য হলে একে একশোও হতে পারে। এই দেখুন চার্ট। কোন কব্বিনেশনে কত লাভ হবে এটা দেখালেই বুঝতে পারবেন। ঠিক হ্যাঁ?’

‘ওকে!’

আমি দুটো মেশিন পরে আমার মেশিনে চলে গেলাম। আরও সাত-আটটা মেশিনের সামনে দেশি-বিদেশি মেয়ে-পুরুষ দাঁড়িয়ে খেলে যাচ্ছে। ঘরের এক পাশে কাউন্টারে একজন লোক বসে আছে, তার কাছে চাইলেই একটা প্লাসটিকের বাটি পাওয়া যায় টাকা রাখার জন্য। আমি দুটো চেয়ে নিয়ে একটা লালমোহনবাবুকে দিয়ে এলাম।

এমন জমাটি ব্যাপার যে, খেলার সময় অন্য কোনও দিকে চাওয়া যায় না, অন্য কিছু ভাবা যায় না, মনে হয় বেঁচে থাকার একমাত্র উদ্দেশ্য হল এই জ্যাকপট। তাও একবার বাঁদিকে আড়চোখে চেয়ে দেখলাম লালমোহনবাবু বাটিতে করে বেশ কিছু টাকা কাউন্টারে নিয়ে গিয়ে সেগুলোর বদলে নোট নিয়ে এলেন।

আমারও জিতই হচ্ছিল, রোখও চেপে গিয়েছিল, এমন সময় ফেলুদা পাশের ঘর থেকে এসে হাজির, সঙ্গে একজন বছর পঁচিশেকের মহিলা।

‘আপাতত কিছুক্ষণের বিরতি,’ বলল ফেলুদা।

‘হোয়াই স্যার?’

বুঝলাম লালমোহনবাবুর মোটেই ভাল লাগল না ফেলুদার প্রস্তাবটা।

‘চারশো তেত্রিশ থেকে ডাক এসেছে।’

‘মানে?’

ভদ্রমহিলাই বুঝিয়ে দিলেন পরিষ্কার বাংলায়।

‘ফোর থার্টিতে আপনাদের একজন বন্ধু রয়েছেন। তিনি বিশেষ করে অনুরোধ করেছেন একবার তাঁর সঙ্গে দেখা করতে।’

‘হু ইজ দিস ফ্রেন্ড?’

লালমোহনবাবু এখনও পুরো ক্যাসিনোর মেজাজে রয়েছেন।

‘নাম বললেন না, তবে বললেন আপনারা তিনজনেই খুব ভাল করে চেনেন?’

‘চলুন চট করে দেখাটা সেরে আসি,’ বলল ফেলুদা, ‘কৌতূহলও হচ্ছে, তা ছাড়া মিনিট দশেকের বেশি থাকার তো কোনও প্রয়োজন নেই।’

অগত্যা খেলা থামিয়ে রওনা দিলাম এই অজানা বন্ধুর উদ্দেশ্যে। ভদ্রমহিলা লিফ্টের মুখ অবধি এসে নমস্কার করে চলে গেলেন।

চার তলায় লিফ্ট থেকে বেরিয়ে বাঁয়ে কাপের্ট মোড়া প্যাসেজ ধরে একেবারে শেষ প্রান্তে গিয়ে ডানদিকে ৪৩৩ নম্বর ঘর। ফেলুদাই বেল টিপল।

‘কাম ইন।’

দরজাটা লক্ করা ছিল না; ঠেলতেই খুলে গেল। ফেলুদাকে সামনে নিয়ে ঢুকলাম আমরা।

বিশাল বৈঠকখানায় একটা মাত্র ল্যাম্প জ্বলছে। ঘরের এক প্রান্তে একটা সোফায় যিনি বসে আছেন, তার ঠিক পিছনেই ল্যাম্পটা জ্বলছে বলে ভদ্রলোকের মুখ ভাল করে বোঝা

যাচ্ছে না। বাইরে থেকে মনে হয়েছিল ঘরে আরও লোক, কারণ কথাবার্তা শুনতে পাচ্ছিলাম। এখন দেখলাম ভদ্রলোকের উলটোদিকে একটা টেলিভিশনের পাশে আরেকটা যন্ত্র। রঙিন অ্যামেরিকান ছবি হচ্ছে টিভিতে, দেখে বুঝলাম ভিডিও চলছে। ফিল্মের কথাবার্তা শোনা যাচ্ছিল বাইরে থেকে।

‘আসুন মিঃ মিস্তর, আসুন আঙ্কল।’

আমার মাথাটা ভোঁ ভোঁ করছে, গলা শুকিয়ে গেছে, পেটের ভিতরটা খালি খালি লাগছে।

এ গলা যে আমাদের খুব চেনা! ফেলুদা বলেছিল এর মতো ধুরন্ধর প্রতিদ্বন্দ্বীর সঙ্গে লড়েও আনন্দ। পুণ্যতীর্থ কাশীধামে এর সঙ্গে মোকাবিলা হয়েছিল ফেলুদার।

মগনলাল মেঘরাজ।

যার মাইনে করা নাইফ থ্রোয়ার লালমোহনবাবুকে টার্গেট করে খেলা দেখিয়ে গুঁর আয়ু কমিয়ে দিয়েছিল অন্তত তিন বছর।

কাঠমাণ্ডুতে কী করছে এই সাংঘাতিক লোকটা?

৯

‘আসেন! বসেন।’

টিভির পাশের যন্ত্রটা থেকে একটা তার চলে গেছে ভদ্রলোকের হাতে, সেটার ডগায় একটা সুইচ। ভদ্রলোক সেটা টিপতেই শব্দ সমেত রঙিন ছবি উবে গেল।

‘ওয়েল, মিঃ মিটার?’

আমরা দুটো সোফায় ভাগ করে বসেছি, আমার পাশে লালমোহনবাবু।

এতক্ষণে ভদ্রলোকের মুখটা খানিকটা স্পষ্ট। বিশেষ বদল হয়নি চেহারায়। ধূতিটা এখনও ছাড়ে ননি, তবে শেরওয়ানিটায় জাত কাটারের ছাপ রয়েছে, আর বোতামগুলো হিরের হলেও হতে পারে। সবচেয়ে বদল হয়েছে পরিবেশে; বেনারসের গলির বাড়ির গদি, আর ফাইভ-স্টার হোটেলের রয়েল সুইটে আকাশ পাতাল তফাত।

‘এবার রিয়েল হলিডে তো?’

‘তার কি আর জো আছে,’ একপেশে হাসি হেসে বলল ফেলুদা। ‘ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে, জানেন তো?’

‘এখানে কী ধান ভানবেন আপনি মিঃ মিস্তর?’

মগনলালের সামনে রূপোর ট্রেতে চায়ের সরঞ্জাম। কাপে শেষ চুমুক দিয়ে সেটা নামিয়ে রেখে পাশের টেবিল থেকে ফোনটা তুলে নিলেন।

‘টি অর কফি? বেস্ট দার্জিলিং টি পাবেন এই হোটেলে।’

‘চা-ই হোক।’

রুম সার্ভিস ডায়াল করে তিনটে চায়ের অর্ডার দিয়ে ফোন রেখে আবার ফেলুদার দিকে চাইলেন মগনলাল।

‘ইন্ডিয়াতে আপনি হিরো—বিগ ডিটেকটিভ। কাঠমাণ্ডু ইজ ফরেন কান্ট্রি মিঃ মিস্তর। এখানে জান-পেছান আছে কি আপনার?’

‘এই তো একজন পুরনো আলাপী বেরিয়ে গেল!’

মগনলাল হালকা হাসি হাসলেন। দুজনের দৃষ্টি পরস্পরের দিক থেকে সরছে না।

‘আপনি কি সারপ্রাইজড হলেন আমাকে দেখে?’

‘তা একটু হয়েছি বইকী !’ একটা চারমিনার ধরিয়ে দুটো রিং ছেড়ে জবাব দিল ফেলুদা ।
‘আপনি হাজতের বাইরে দেখে নয় ; ওটা আপনার কাছে কিছুই না । অবাক হচ্ছি আপনার কর্মক্ষেত্র বদলেছে দেখে ।’

‘হোয়াই ? বনারস হোলি প্লেস, কাঠমাণ্ডুভি হোলি প্লেস । ওখানে বিশ্বনাথজি, ইখানে পস্পতিনাথজি । একই বেপার, মিঃ মিস্তুর । যেখানে ধরম, সেখানেই আমার করম । কী বলেন, আঙ্কল ?’

‘হেঁঃ হেঁঃ ।’

বুঝলাম হাসি ফুটলেও, কথা ফোটার অবস্থা এখনও হয়নি জটায়ুর ।

‘করমের কথা যে বলছেন, সেটা কি ওষুধ সংক্রান্ত কোনও কাজ ?’

আমার শিরদাঁড়ায় একটা শিহরন খেলে গেল । বাঘের সামনে পড়ে ধরনের বেতোয়াকার ব্যবহার একমাত্র ফেলুদার পক্ষেই সম্ভব ।

‘ওসুদ ?’ মগনলাল যেন আকাশ থেকে পড়লেন । ‘হোয়াট ওসুদ মিঃ মিস্তুর ? সুদের কারবার আমার একটা আছে ঠিকই, लेकिन ওসুদকা কেয়া মতলব ?’

‘তা হলে আপনি এখানে কী করছেন সেটা জানতে পারি কি ?’

‘সার্টেনলি ! लेकिन ফেয়ার এক্সচেঞ্জ হোনা চাই ।’

‘বেশ । আপনি বলুন । আমিও বলব ।’

‘আমার বেপার ভেরি সিম্পল মিঃ মিস্তুর । আমি আর্টের কারবারি সেটা তো আপনি জানেন, আর নেপালে যে আর্টের ডিপো, সেটাও আপনি নিশ্চয়ই জানেন ।’

ফেলুদা চুপ । লালমোহনবাবু দ্রুত নিশ্বাস ফেলছেন ।

‘এবার আপনার বেপার বলুন । ফেয়ার এক্সচেঞ্জ ।’

‘আপনি সব কথা খুলে বলেছেন বলে মনে হয় না,’ বলল ফেলুদা, ‘তবে আমার কথা আমি খুলেই বলছি । আমি এসেছি একটা খুনের তদন্ত করতে ।’

‘খুন ?’

‘খুন ।’

‘ইউ মিন দ্য মার্ডার অফ মিঃ সোম ?’

আমি থ । ফেলুদাও থ কি না বোঝার উপায় নেই । লালমোহনবাবু শীত লাগার ভাব করে দাঁতে দাঁত চাপলেন সেটা লক্ষ করলাম । হোটেলের ভিতরের টেমপারেচারটা এমনিতেই একটু কমের দিকে । ক্যাসিনোতে লোকের ভিড়ের জন্য বলে বোধহয় ঠাণ্ডা লাগেনি ।

‘আপনি ঠিকই ধরেছেন মগনলালজি,’ বলল ফেলুদা, ‘মিস্টার অনীকেন্দ্র সোম ।’

চা এল । মগনলালের আদেশে নতুন ট্রে থেকে শুধু তিনটে কাপ-ডিশ আর টি-পট রেখে পুরনোটা থেকে টি-পট আর মগনলালের ব্যবহার করা পেয়ালাটা তুলে নিয়ে চলে গেল বেয়ারা ।

‘আমার বিশ্বাস,’ ফেলুদা বলে চলল, ‘সোম ভদ্রলোকটি এখানকার কোনও ব্যক্তির কিছুটা অসুবিধার সৃষ্টি করেছিল । তাই তাকে খতম করে ফেলা হল ।’

মগনলাল চা ঢালছেন আমাদের জন্য ।

‘ওয়ান ? টু ?’

মগনলালের হাতে চিনির পাত্র । কিউব শুগার ।

‘ওয়ান,’ আমি বললাম, কারণ প্রশ্নটা আমাকেই করা হয়েছিল ।

‘ওয়ান ?’

এবার জটায়ুকে প্রশ্ন । আমি জানি জটায়ুর মাথায় এল এস ডি ঘুরছে, আর ঘুরছে সেই লোকটার কথা, যে সিঁড়ি নামছে ভেবে সাত তলার ছাতের কার্নিশ থেকে পা বাড়িয়ে দিয়েছিল ।

‘তু ? থ্রি ?’

‘নো, নো ।’

‘নো শুগার ?’

‘নো ।’

লালমোহনবাবু মিষ্টির ভক্ত, চায়ের দু চামচের কম চিনি হলে চলে না, তাও নো বলছেন ।

‘ই কেমন কথা হল মোহনবাবু ? আপনার রসগুল্লা খাওয়া চেহারা, শুগারে নো করছেন কেন ?’

আমি নিয়েছি বলেই বোধহয় ভদ্রলোক শেষ পর্যন্ত সাহস পেলেন ।

‘ও-কে । ওয়ান ।’

ফেলুদারও একটা । উঠে গিয়ে যে যার চা নিয়ে এসে আবার বসলাম ।

ফেলুদা চায়ের কাপটা পাশের টেবিলে রেখে আগের কথার জের টেনে বলল—

‘আমার বিশ্বাস মিঃ সোম জানতে পেরেছিলেন যে এখানে একটা গর্হিত কারবার চলেছে । সে ব্যাপারে তিনি কলকাতা গিয়েছিলেন । একটা উদ্দেশ্য ছিল আমার সঙ্গে দেখা করা । তার আগেই তাকে খুন করা হয় । আপনি যখন খুনের ব্যাপারটা জানেন, তখন স্বভাবতই প্রশ্ন জাগে আপনি এ ব্যাপারে জড়িত কি না ।’

মগনলাল ভাসা ভাসা চোখে ঠোঁটের কোণে মৃদু হাসি নিয়ে কিছুক্ষণ ফেলুদার দিকে চেয়ে রইলেন । আমাদের হাতে ধরা পেয়ালা থেকে ভুরভুর করে হাই ক্লাস চায়ের গন্ধ বেরোচ্ছে ; আমি আর লালমোহনবাবু এই অবস্থাতেই চুমুক না দিয়ে পারলাম না ।

‘জগদীশ !’

মগনলাল হঠাৎ হাঁকটা দেওয়াতে চমকে উঠেছিলাম । বসবার ঘরের দু দিকেই যে আরও ঘর আছে সেটা এসেই বুঝেছিলাম । এবার মগনলালের পিছনের একটা দরজা খুলে একজন লোক এসে আমাদের ঘরে ঢুকল । সঙ্গে সঙ্গে ‘কিডিং’ করে যে শব্দটা হল সেটা লালমোহনবাবুর হাতের পেয়ালা কেঁপে গিয়ে পিরিচের সঙ্গে লাগার শব্দ ।

জগদীশ নামে যে ভদ্রলোকটি মগনলালের পিছনে এসে দাঁড়ালেন, তিনি হলেন বাটরা নাস্বার টু । কাছ থেকে দেখে বাটরার সঙ্গে সামান্য তফাতটা বুঝতে পারছি । এনার চোখ একটু কটা, কানের দু পাশের চুলে সামান্য পাক ধরেছে, হয়তো শরীরে মাংসও কিছুটা বেশি । আরেকটা বড় তফাত হল, এর চাহনিতে মিশুকে ভাবটা নেই ।

‘ইনাকে চিনেন ?’ প্রশ্ন করলেন মগনলাল ।

‘আলাপ হয়নি । দেখেছি,’ বলল ফেলুদা ।

‘তবে শুনে রাখুন গোয়েন্দা বাহাদুর । ইনাকে হ্যারাস করবেন না । আমি জানি আপনারা ইনার পিছনে লেগেছেন । উয়ো আমি বরদাস্ত করব না । জগদীশ ইজ মাই রাইট হ্যান্ড ম্যান ।’

‘যদিও উনি নিজে যা করেন তা বাঁ হাতেই করেন ।’

বলিহারি ফেলুদা । এখনো নার্ভ স্টেডি, গলার স্বর একটুও কাঁপছে না ।

মগনলাল আর কিছু বলার আগে ফেলুদা একটা প্রশ্ন করল ।

‘ওনার চেহারার সঙ্গে প্রায় হুবহু মিলে যায়, এমন একজন লোক কাঠমাগুতে আছে সেটা আপনি জানেন কি ?’

মগনলালের মুখ আরও থমথমে হয়ে উঠল।

‘ইয়েস মিঃ মিস্তর। আই নো দ্যাট। সে লোক যদি আপনার দোস্ত হয় তা হলে টেল হিম টু বি ভেরি কেয়ারফুল। সে যেন বুঝে-সুঝে কাম করে। আপনি তো আজ পস্পতিনাথজির শ্মশান দেখে এসেছেন, মোহনবাবু?’

লালমোহনবাবু প্রচণ্ড মনের জোরে মগনলালের কথা যেন শুনতে পাননি এমন ভাব করে বাকি চা-টা ঢক করে খেয়ে পেয়ালাটা ঠং শব্দে পাশের টেবিলে রেখে দিলেন।

মগনলালের দৃষ্টি আবার ফেলুদার দিকে ঘুরল।

‘বাটরা যদি মনে করে সে তার নিজের গলতি কাম জগদীশের কান্ধে ডালবে, তবে তাকে বলে দিবেন, মিঃ মিস্তর, কি ওই শ্মশানে তার ডেডবডির সংকার হবে উইদিন টু ডেজ।’

‘নিশ্চয়ই বলব।’

ফেলুদাও তার চা শেষ করে কাপটা হাত থেকে নামিয়ে রাখল।

মগনলালের কথা শেষ হয়নি এখনও।

‘আরও একটা কথা বলে দিই মিঃ মিস্তর। আপনি দাওয়াইয়ের কথা বলছিলেন। আপনি জানেন আমাদের দেশের মানুষের সব্বে বড়া দুষমন কে? অ্যালোপ্যাথ ডকটরস্! মাইসিন জানেন তো? সিন মানে কী? সিন মানে পাপ! পাকিট ফেঁড়ে পয়সা নেবে, হাথ ফেঁড়ে ব্লাড নেবে, পেট ফেঁড়ে পিঠ ফেঁড়ে বুক ফেঁড়ে এটা নেবে সেটা নেবে। ওয়র্স দ্যান এনি স্মাগলিং র্যাকেট। পেনিসিলিনসে পসপতিনাথের চরণামৃত ইজ হাভ্বেড টাইমস বেটার! দেশের লোক যদি অ্যালোপ্যাথি ছেড়ে দুস্‌রা দাওয়াই খাবে তো আখেরে দেশের মঙ্গল হবে—এ আপনি জেনে রাখবেন!’

‘শুনলাম আপনার কথা’—ফেলুদা উঠে দাঁড়িয়েছে,—‘কিন্তু আপনি দেখছি নিজে এখনও অ্যালোপ্যাথি ছাড়তে পারেননি। আপনার টেলিফোনের পাশে রাখা ওই শিশিটা নিশ্চয়ই চরণামৃতের শিশি নয়!’

শিশিটা এমনভাবে আড়ালে রয়েছে যে প্রায় চোখেই পড়ে না।

কথাটা যে মগনলালের মোটেই পছন্দ হল না সেটা তার মুখের উপর ঝোড়ো ভাবটা নেমে আসা থেকেই বুঝেছি।

‘আসি, মগনলালজি। চা-টা সত্যিই ভাল ছিল।’

মগনলাল তার জায়গা থেকে নড়লেন না।

যখন চারশো তেত্রিশ নম্বর সুইট থেকে বেরোচ্ছি, তখন একটা সুইচের শব্দের সঙ্গে সঙ্গে শুনলাম মার্কিন ছবির সংলাপ আবার শুরু হয়েছে।

মগনলালপর্বের পরেও একই রাত্রে যে আরও কিছু ঘটতে পারে সেটা আমি স্বপ্নেও ভাবতে পারিনি। অথচ লুম্বিনী হোটেলে ফেব্রার পর আরও দুটো এমন ঘটনা ঘটল, যার ফলে এই বিশেষ দিনটা আমার জীবনে চিরকালের মতো একটা লাল-তারিখ মার্ক দিন হয়ে রইল।

হোটেলে ফিরে রিসেপশনের বেষ্টিতে হরিনাথ চক্রবর্তীকে বসে থাকতে দেখে রীতিমতো অবাক হলাম। এত রাত্রে কী ব্যাপার? বললেন প্রায় এক ঘণ্টা, মানে সাড়ে দশটা থেকে, ভদ্রলোক অপেক্ষা করছেন আমাদের জন্য, বিশেষ দরকার।

‘আসুন আমাদের ঘরে,’ বলল ফেলুদা।

ঠাণ্ডা মানুষটার মধ্যে বেশ একটা চাপা উদ্বেগের ভাব লক্ষ্য করছিলাম।

‘কী ব্যাপার বলুন তো ?’ ঘরে এসে ভদ্রলোককে সোফায় বসিয়ে প্রশ্ন করল ফেলুদা ।

ভদ্রলোক একটুক্ষণ সময় নিয়ে যেন তাঁর চিন্তাশুলোকে গুছিয়ে নিলেন । তারপর বললেন, ‘হিমাঙ্গি এইভাবে চলে যাওয়াতে সব যেন কেমন গণ্ডগোল হয়ে গিয়েছিল । আর সত্যি বলতে কী, এও মনে হচ্ছিল যে, তাকে যখন আর ফিরিয়ে আনা যাবে না, তখন এত কথা বলেই বা লাভ কী ?’

‘কীসের কথা বলছেন আপনি ?’

‘বছর তিনেক আগে,’ একটু দম নিয়ে বললেন হরিনাথবাবু, ‘হিমাঙ্গি এখানে একটা চোরা কারবারের ব্যাপার ধরিয়ে দিয়েছিল । গাঁজা চরস ইত্যাদি গোপনে চালান যাচ্ছিল এখান থেকে । হিমাঙ্গি ছিল ভয়ানক রেকলেস অ্যাডভেঞ্চার-প্রিয় ছেলে । নিজের জীবনের কোনও তোয়াক্কা করত না । স্মাগলিং যে হচ্ছে সেটা শোনা যাচ্ছিল, কিন্তু ঘাঁটিটা কোথায় জানা যাচ্ছিল না । আপনাকে আগেই বলেছি যে হিমাঙ্গিকে হেলিকপটরে নেপালের উত্তর-দক্ষিণ দুদিকেই যেতে হত । একবার উত্তরে গিয়ে সে নিজেই অনুসন্ধান করে জানতে পারে যে ঘাঁটিটা হচ্ছে হেলাধুর কাছে একটা শেরপাদের গ্রামে । সে পুলিশকে খবর দেয় । ফলে দলটা ধরা পড়ে ।’

ভদ্রলোক একটু থামলেন । ফেলুদা বলল, ‘আপনার কি ধারণা ইদানীং সে এই ধরনের আরেকটা চোরা কারবারের সন্ধান পেয়েছিল ?’

‘আমাকে সে কিছু বলেনি,’ বললেন হরিনাথবাবু, ‘তবে ও মারা যাবার দিন পাঁচেক আগে থেকে দুই বন্ধুতে উত্তেজিত হয়ে আলোচনা করতে দেখেছি । তার কিছু কিছু কথা আমার কানেও এসেছিল । আমি ওকে বলেছিলাম, তুই এসব গোলমালের মধ্যে আর যাস না । এসব গ্যাঙ বড় সাংঘাতিক হয় ; এদের দয়ামায়া বলে কিছু নেই । ও আমার কথায় কান দেয়নি ।’

ফেলুদা গম্ভীরভাবে মাথা নাড়ল ।

‘ওরা যে নির্মম হয় সেটা তো অনীকেন্দ্র সোমের খুন থেকেই বুঝতে পারছি ।’

‘আমার বিশ্বাস হিমু টেট্যানাসে না মরলে ওকেও হয়তো এরাই মেরে ফেলত ।’

‘এটা কেন বলছেন ?’

ভদ্রলোক পকেট থেকে এক টুকরো কাগজ বার করে ফেলুদার হাতে দিলেন । খাতার পাতা থেকে ছেঁড়া কাগজ । তাতে লাল কালি দিয়ে দেবনাগরীতে লেখা এক লাইন কথা ।

‘এটা ছিল হিমুর একটা প্যান্টের পকেটে । ও মারা যাবার পর আমার চাকর পেয়ে আমাকে দেয় ।’

‘নেপালি ভাষা বলে মনে হচ্ছে ?’ ফেলুদা বলল ।

‘হ্যাঁ । ওর মোটামুটি বাংলা হচ্ছে—তোমার বাড়ি বড় বেড়েছে ।’

ফেলুদা কাগজটা ফেরত দিয়ে একটা শুকনো হাসি হেসে বলল, ‘সবচেয়ে আশ্চর্যের ব্যাপার এই যে, জাল ওষুধের চোরা কারবার বন্ধ করতে গিয়ে আপনার পুত্রকে সেই জাল ওষুধের ইনজেকশনেই মরতে হল !’

‘আপনি তা হলে বিশ্বাস করেন যে ইনজেকশনে ভেজাল ছিল ?’

‘আমার তো তাই বিশ্বাস । সেটা ঠিক কি না সেটা কাল জানতে পারব বলে আশা করছি ।’

ডাঃ দিবাকরকে যে ওষুধ টেস্ট করতে বলা হয়েছে সেটা ফেলুদা হরিনাথবাবুকে বলল । ভদ্রলোক উঠে পড়লেন ।

‘জানি না এসব তথ্য জেনে আপনার কোনও লাভ হল কি না,’ দরজার দিকে এগিয়ে

গিয়ে বললেন হরিনাথ চক্রবর্তী ।

‘আমার মনের কিছু অস্পষ্ট ধারণা খানিকটা স্পষ্ট হল ।’ বলল ফেলুদা । ‘তদন্তের ব্যাপারে সেটা একটা মস্ত লাভ ।’

হরিনাথবাবু যাবার সঙ্গে সঙ্গে লালমোহনবাবুও গুডনাইট করে চলে গেলেন তাঁর ঘরে ।

আমি শুয়ে পড়লাম, যদিও ফেলুদার হাবভাবে মনে হচ্ছে বেড-সাইড ল্যাম্প এখন জ্বলবে কিছুক্ষণ ।

আজকের রাতটা কী অদ্ভুত ভাবে গেল, হিমাদ্রিবাবুর চোরা কারবারিদের ধরিয়ে দেওয়া, মগনলাল কী সাংঘাতিক লোক, কী বেপরোয়াভাবে ফেলুদাকে শাসিয়ে দিল—এইসব ভাবতে ভাবতে চোখের পাতা দুটো বুজে এসেছে, এমন সময় হঠাৎ দরজার বেলটা বেজে উঠল ।

সোয়া বারো । এই সময় আবার কে এল ?

উঠে গিয়ে দরজা খুলে দেখি তাজ্জব ব্যাপার ।

লালমোহনবাবু । বাঁ হাতে এক টুকরো কাগজ, ডান হাতে জপযন্ত্র । মুখের হাসিটাকে লামা-স্মাইল ছাড়া আর কিছু বলা যায় না । এরকম অমায়িক, স্নিগ্ধ হাসি আজকের দিনে চট করে কোনও সেয়ানা শহুরে লোকের মুখে দেখা যায় না ।

‘হুম্ হুম্ হুম্ !’

তিনবার হুম্ শব্দটা উচ্চারণ করে জপযন্ত্র ঘোরাতে ঘোরাতে ভদ্রলোক ঢুকে এলেন ঘরের ভেতর ।

ফেলুদা খাটে উঠে বসেছে । আমি ভদ্রলোকের হাত থেকে কাগজের টুকরোটা নিয়ে নিয়েছি । তাতে লাল কালি দিয়ে ইংরাজিতে লেখা—‘ইউ হ্যাভ বিন ওয়ানড ।’ অর্থাৎ তোমাদের সাবধান করে দেওয়া হচ্ছে । ঠিক এই লাল কালিই দেখেছি একটু আগে একটা নেপালি ভাষায় লেখা হুমকিতে ।

‘কোথায় ছিল এটা ?’ ফেলুদার হাতে কাগজটা চালান দিয়ে জিজ্ঞেস করলাম ভদ্রলোককে । লালমোহনবাবু তাঁর জহরকোটের ডান পকেটে দুটো চাপড় মেরে বুঝিয়ে দিলেন । ভদ্রলোক এই কোটটা পরেই বেরিয়েছিলেন সকালে । মনে পড়ল স্বয়ম্ভুনাথে বলেছিলেন বাঁদরে ওঁর পকেট ধরে টান দিয়েছিল ।

‘ও—মুম্ মুম্ !’

টেনে দম নিয়ে পুরো দমটা ছেড়ে শব্দটা উচ্চারণ করলেন ভদ্রলোক চেয়ারে বসতে বসতে ।

‘ও-ম্ মণি পদ্মে হুম্—হুম্—হুমকি ।’

হুমকি তো বটেই, কিন্তু এ কী দশা লালমোহনবাবুর ! অথচ মুখে সেই হাসিটা রয়েই গেছে ।

আমি ফেলুদার দিকে চাইলাম । ও ঠোঁট নেড়ে বুঝিয়ে দিল—‘পাউন্ড-শিলিং-পেন্স ।’

এল এস ডি ।

শুগার কিউব !

মগনলাল নিজের হাতেই চিনি দিয়েছিল আমাদের চায়ে । আমাদের দুজনের যখন কিছুই হচ্ছে না, তখন শুধু লালমোহনবাবুর চায়েই দিয়েছিল ওই বিশেষ একটি কিউব । আঙ্কলকে নিয়ে রসিকতা করাটা দেখছি মগনলাল চরিত্রের একটা বিশেষ দিক । কী শয়তান লোকটা !

‘ওঁ—মুম্ মুম্ মণিপদ্মে হুমকি !’ আবার বললেন ভদ্রলোক । পরমুহূর্তেই হঠাৎ হাসিটা চলে গিয়ে একটা বিরক্তির ভাব দেখা দিল চাহনিতে । দৃষ্টি ফেলুদার দিকে । ফেলুদা একদৃষ্টে লক্ষ করে যাচ্ছে ভদ্রলোককে ।



‘খুলিটা খুলে ফেলুন!’ ধমকের সুরে বললেন ভদ্রলোক—‘বলছে খুলি, অথচ খোলার নামটি নেই। হ্যাঃ!’

ফেলুদা চাপা গলায় বলল, ‘স্কাউন্ডেল’। বুঝলাম সেটা মগনলালকে উদ্দেশ্য করে বলা হচ্ছে।

জপযন্ত্র এখন থেমে আছে। আস্তে আস্তে বিরক্ত ভাবটা চলে গিয়ে লালমোহনবাবুর চোখ ফেলুদার উপর থেকে সরে গিয়ে চলে গেছে খাটের পাশে জলভরা গেলাসটার দিকে।

চোখের দৃষ্টি ক্রমশ তীক্ষ্ণ থেকে তীক্ষ্ণতর হয়ে এল।

আমার দম বন্ধ হয়ে আসছে। ঘরে পিন ড্রপ সাইলেন্স। লালমোহনবাবু চেয়ে আছেন গেলাসটার দিকে; মনে হচ্ছে গেলাসটা হয়তো বা ওঁর মস্তের জোরে টেবিল থেকে শূন্যে

উঠে পড়বে ।

‘অহোহো !’ বললেন লালমোহনবাবু । তীক্ষ্ণতা চলে গিয়ে একটা ঢুলু-ঢুলু ভাব চোখে, সেই সঙ্গে তারিফের হাসি । ‘অহোহো ভিবজিওর ! অহো ! অহো !—তপেশ, দেখেছ রং ?’

আমি খতমত খেয়ে কিছু বলার খুঁজে পাচ্ছি না । অথচ লালমোহনবাবু ছাড়বেন না । ভিবজিওর মানে হচ্ছে ভায়োলেট, ইন্ডিগো, ব্লু, গ্রীন, ইয়েলো, অরেঞ্জ, রেড । অর্থাৎ গেলাসের জলে রামধনুর রং দেখছেন তিনি ।

‘তপেশ ভাই, দেখেছ রং ? ভিবজিওর ভাইব্রোট করছে, দেখেছ ?’

কথার মাঝে মাঝে যখন ফাঁক পড়ছে আর লালমোহনবাবু শুধু চুপ করে চেয়ে আছেন সামনের দিকে, সেই সময়টা আমার তন্দ্রার মতো আসছে । আবার কথা শুরু হলেই ঘুমটা ভেঙে যাচ্ছে । একবার তন্দ্রার অবস্থা থেকে ‘মাইস !’ বলে একটা চিংকারে লাফিয়ে উঠে দেখি লালমোহনবাবু ভীষণ সোজা হয়ে বসে ওঁর সামনে মেঝের দিকে চেয়ে আছেন ।

‘মাইস !’ আবার বললেন ভদ্রলোক । তারপর বিড়বিড়ানি শুরু হল কিছুক্ষণ—‘টেরামাইস, টেট্রমাইস, সুবামাইস, ক্লোরোমাইস, কমপ্রোমাইস...কিলবিল করে ঘুরে বেড়াচ্ছে সব !—আমার সঙ্গে ইয়াকি ?’

শেষের কথাটা বেদম জোরে বলে লালমোহনবাবু হঠাৎ সোফা ছেড়ে উঠে কার্পেটে মোড়া মেঝেতে পায়ের গোড়ালি দিয়ে ঘা দিতে শুরু করলেন—যেন প্রত্যেকটা ইঁদুরকে পিষে পিষে মারছেন । —‘আবার পেখম ধরা হয়েছে ! এদিক নেই ওদিক আছে !’

এইভাবে চলল মিনিট তিনেক । এক জায়গায় দাঁড়িয়ে না—সারা ঘর ঘুরে ঘুরে এই কাণ্ড । আশা করি আমাদের ঠিক নীচের ঘরে কোনও গেস্ট নেই !

‘ব্যস, খতম ।’

লালমোহনবাবু বসে পড়লেন ।

‘ব্যাক্’ আবার বললেন ভদ্রলোক । —‘অল টিকটিকিজ খতম ।’

কোন ফাঁকে যে ইঁদুর টিকটিকি হয়ে গেল সেটা বোঝা গেল না ।

‘খতম্ ! অ্যান্টিবায়োটিকটিকিজ—খতম্ ।’

এতটা এনার্জি খরচ করার ফলেই বোধহয় লালমোহনবাবুর মধ্যে এবার একটা ঝিমধরা ভাব এসে গেল । তার সঙ্গে সেই আলাভোলা হাসি ।

‘ওম্‌ম্‌ম্‌ মোমোমোমোমো—ওম্‌ম্‌ম্‌ !’

এর পরে কখন যে ঘুমিয়ে পড়েছি জানি না । যখন উঠলাম, তখন পুর্বের জানালা দিয়ে রোদ এসে ঘর একেবারে আলোয় আলো । ফেলুদা চানটান করে দাড়িটাড়ি কামিয়ে রেডি, সবেমাত্র কাকে যেন ফোন করে রিসিভারটা নামিয়ে রাখল ।

‘উঠে পড় তোপসে, কাজ আছে । আজ সকালেই বাটরার সঙ্গে একবার দেখা করা দরকার । তার অবস্থাটা যে খুব নিরাপদ নয় সেটা তাকে জানানো দরকার ।

‘ফোনটা কাকে করলে ?’

‘পুলিশ স্টেশন । ভেরি গুড নিউজ । দুই সরকারে সমঝোতা হয়ে গেছে ।’

‘এ তো দারুণ খবর !’

‘হ্যাঁ । কিন্তু তার আগে আমি নিজে একটা ফোন করেছিলাম, সেটার খবরটা খুব ভাল না ।’

‘কেন ? কাকে করেছিলে ফোন ?’

‘ডাঃ দিবাকর । উনি নাকি আজ ভোরে একটা জরুরি কল পেয়ে চলে গেছেন, এখনও ফেরেননি । ব্যাপারটা মোটেই ভাল লাগছে না ।’

‘কেন ফেলুদা ?’

‘মনে হয় উনি আমাদের হয়ে ওষুধ পরীক্ষা করে দেখছিলেন, সেটা চোরাকারবারি দল পছন্দ করেনি। অবিশ্যি এটা আমার অনুমান। দেখি, ঘণ্টাখানেক পরে আরেকটা ফোন করে দেখব। তাতেও না হলে ডিসপেনসারিতে চলে যাব।’

লালমোহনবাবুর ব্যাপারটা কতক্ষণ চলেছিল সেটা না জিজ্ঞেস করে পারলাম না।

‘উনি গেছেন ঘণ্টা খানেক হল’, বলল ফেলুদা, ‘পরের দিকটা একেবারে মহানিবাণের অবস্থা। কোনও উৎপাত করেননি। আসলে এল এস ডি-র প্রভাব সাত-আট ঘণ্টার কমে যায় না।’

‘তুমি অল অ্যালং জেগে ছিলে ?’

‘উপায় কী ? কখন কী করে বসে তার তো ঠিক নেই। ভাগ্য ভাল ভদ্রলোকের কোনও খারাপ এফেক্ট হয়নি।’

‘এখন একদম নরম্যাল ?’

‘পুরোপুরি নয়। যাবার সময় বলে গেলেন আমার মগজের নাকি তিন ভাগ স্থল, একভাগ জল। সেটা কমপ্লিমেন্ট হল কি না ঠিক বুঝলাম না। তবে খোশ মেজাজে আছেন। কোনও ডেঞ্জার নেই।’

১১

আমি আধ ঘণ্টার মধ্যে তৈরি হয়ে নিলাম। ফেলুদা বলেছিল নীচে থাকবে, যাতে টেলিফোন এলে তৎক্ষণাৎ রিসেপশন থেকেই কথা বলতে পারে। গিয়ে দেখি ও পায়চারি করছে। বলল, ‘এখনও ফেরেনি ডাঃ দিবাকর। মুশকিল হচ্ছে কী, কোথায় যে গেছেন, সেটাও বাড়ির লোকে জানে না।’

‘আর বাটরা ?’

‘বাটরার লাইনটা পাচ্ছি না। আরও বার-দুয়েক দেখি। না হলে ব্রেকফাস্টের পর সোজা চলে যাব ওর আপিসে। এমনিতেও একটা গাড়ির ব্যবস্থা করতে হবে।’

মিনিট তিনেকের মধ্যেই লালমোহনবাবু এসে হাজির। কোনও তাপ-উত্তাপ নেই, যেন অস্বাভাবিক কিছুই ঘটেনি। তবে আমার সঙ্গে যে সামান্য কথাবার্তা হল তাতে বুঝলাম যে চিনি এখনও সম্পূর্ণ হজম হয়নি।

রিসেপশনের দেওয়ালে টাঙানো একটা নেপালি মুখোসের নাকের উপর বার তিনেক হাত বুলিয়ে বললেন, ‘ইংলন্ডের রাজপ্রাসাদের নামটা কী যেন ভাই তপেশ ?’

‘বাকিংহাম প্যালেস ?’

‘ইয়েস,’ বললেন লালমোহনবাবু, ‘তবে এর সঙ্গে বোধহয় কমপ্যারিজন হয় না।’

‘কার সঙ্গে ?’

‘আমাদের এই হোটেল লুমুন্স।’

‘লুম্বিনী।’

‘লুম্বিনী।’

তারপর একটুক্ষণ চুপ থেকে বললেন, ‘এইখানেই তো জন্মেছিলেন, তাই না ?’

‘কে ?’

‘গৌতম বুদ্ধ ?’

‘এই হোটেলে নয় নিশ্চয়ই।’

‘কেন, বিফোর ক্রাইস্ট হোটেল ছিল না বলছ ?’

এই অদ্ভুত আলোচনা আর বেশিক্ষণ চলল না, কারণ ফেলুদা এসে বলল যে চটপট ব্রেকফাস্ট সেরে বাটরার আপিস সান ট্রাভেলসে যাওয়া দরকার, ওদের টেলিফোনে পাওয়া যাচ্ছে না।

ফেলুদার দেখাদেখি আমরাও শুধু কফিতে ব্রেকফাস্ট সারলাম। মন বলছে আজ অনেক কিছু ঘটবে, কিন্তু কী ঘটবে সেটা বুঝতে পারছি না।

আমাদের হোটেল থেকে পাঁচ মিনিটের হাঁটা পথ মিঃ বাটরার আপিস। বেশি বড় না হলেও, বেশ ছিমছাম আপিস, দেখেই বোঝা যায় বয়স বছর-তিনেকের বেশি না। এক দেওয়ালে নেপালের রাজা-রানির ছবি, আর অন্য দেওয়ালে যার ছবি—বুঝলাম সে-ই এই আপিসের মালিক মিঃ রাণা।

আপিসে এসে যে খবরটা পেলাম সেটাকে একটা বমশেল বললেও বাড়িয়ে বলা হবে না।

বাটরার ঘরে গিয়ে দেখি তিনি নেই, রয়েছেন তাঁর সেক্রেটারি মিঃ প্রধান। তাঁর কাছেই জানলাম যে মিঃ বাটরাকে হঠাৎ বেরিয়ে যেতে হয়েছে।

‘এ ভেরি ইম্পর্ট্যান্ট পারসন আজ সকালে ফোন করলেন মিঃ বাটরাকে,’ বললেন মিঃ প্রধান। ‘বললেন তেরাইতে আমাদের নতুন বাংলোটা দেখার খুব ইচ্ছা। তাই মিঃ বাটরাকে ওঁর সঙ্গে চলে যেতে হল। অবিশ্যি উনি ইনস্ট্রাকশন দিয়ে গেছেন যে আপনার গাড়ি লাগলে যেন তার ব্যবস্থা আমরা করে দিই। তার কোনও ডিফিকাল্টি হবে না।’

‘এই ইম্পর্ট্যান্ট পারসনটির নাম জানতে পারি কি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘সার্ভেনলি। মিঃ মেঘরাজ। ওবেরয় হোটেলে আছেন। ভেরি বিগ আর্ট ডিলার।’

লালমোহনবাবু আমার হাতটা খপ করে ধরলেন। বুঝলাম মেঘরাজের নামেই ওর নেশা ছুটে গেছে। সত্যিই, যেখানে বাঘের ভয় সেখানেই সন্ধে হয়। মিঃ বাটরা যে এত সহজেই মগনলালের ফাঁদে পড়ে যাবেন সেটা ভাবতে পারিনি।

‘এখান থেকে আপনাদের বাংলায় যেতে কতক্ষণ লাগে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আপনাকে যেতে হবে ত্রিভুবন রোড দিয়ে হেতাওরা—১৫০ কিলোমিটার। হেতাওরা ইজ এ টাউন—ওখানে আপনি লাঞ্চ করে নিতে পারেন। কারণ আমাদের বাংলো নতুন, সেখানে কিচেন চালু হয়নি এখনও। টাউন থেকে ডাইনে ঘুরে রাপ্তি নদীর পাশ দিয়ে তিন কিলোমিটার গিয়ে আরও ডাইনে দু ফার্লং গিয়েই বাংলা। জঙ্গলের মধ্যে—বিউটিফুল স্পট।’

ফেলুদা আধঘণ্টা পরে হোটেলে গাড়ি পাঠাতে বলে দিল। ওকে একবার নাকি চট করে দরবার স্কোয়ারের দিকে ঘুরে আসতে হবে। বলল, ‘তোরা হোটেলে ফিরে গিয়ে আমার জন্য অপেক্ষা কর। আমার বিশ-পঁচিশ মিনিটের বেশি লাগবে না।’

গাড়ি এল কুড়ি মিনিটের মধ্যে, আর ফেলুদা পঁচিশে। বলল, ওকে নাকি একবার ফ্রিক স্ট্রিট যেতে হয়েছিল। ‘সেটা আবার কোথায়?’ আমি জিজ্ঞেস করলাম।

‘কাছেই,’ বলল ফেলুদা, ‘বলা যেতে পারে হিপি-পাড়া।’

পাঁচ মিনিটের মধ্যে শহর ছাড়িয়ে ত্রিভুবন রোড ধরল আমাদের ট্যাক্সি। ফেলুদার হাতে খাতা, চোখে ভূকুটি, বাইরের দৃশ্য সম্বন্ধে সম্পূর্ণ উদাসীন। লালমোহনবাবুর নেশা ছুটে গেলেও, একটা আশ্চর্য মোলায়েম ভাব লক্ষ করছি ওঁর মধ্যে যেটা আগে কখনও দেখিনি। মনে হয় যেন এ সব সাময়িক উত্তেজনার অনেক উর্ধ্বে উঠে গেছেন তিনি। জানালা দিয়ে বাইরের দৃশ্য দেখে শুধু একটা মাত্র মন্তব্য করলেন—

‘কাল সব ডবল দেখছিলাম, আজ সিঙ্গেল ।’

ফেলুদা কথাটা শুনে খাতা থেকে মুখ তুলে লালমোহনবাবুর দিকে কেমন যেন অন্যমনস্কভাবে চেয়ে থেকে বলল, ‘এটাও যেমন ঠিক, তেমন এর উলটোটাও ঠিক ।’

কথাটা আমার কাছে ভীষণ রহস্যজনক বলে মনে হল ।

কাঠমাণ্ডুর চার হাজার ফুট থেকে আরও অনেক উপরে উঠে এসেছি । তিন পাশ ঘিরে বরফের চূড়ো দেখা যাচ্ছে । আগেই জানতাম যে সাড়ে সাত হাজার ফুট অবধি উঠতে হবে তাই ঝোলাতে করে গরম মাফলার নিয়ে নিয়েছিলাম । ঘণ্টা দেড়েক চলার পর সেগুলোর প্রয়োজন হয়ে পড়ল । সঙ্গে ফ্লাস্কে কফি ছিল, গাড়ি চালু অবস্থাতেই তিনজন খেয়ে নিলাম ।

অল্পক্ষণের মধ্যেই নামা শুরু হয়ে গেল । ন্যাড়া মহাভারত পর্বতশ্রেণী ছাড়িয়ে আমরা এখন ঘন সবুজে ঢাকা শিবালিক পর্বতশ্রেণীর দিকে চলেছি । অত দূর যেতে হবে না আমাদের, কারণ মাঝপথেই পড়বে রাপ্তি উপত্যকায় নদীর পাশে হেতাওরা শহর । সেইখান থেকে ত্রিভুবন রাজপথ ছেড়ে ডানদিকে ঘুরব আমরা ।

‘তোপসে—বাটরার পুরো নামটা জানিস ?’

হাতের খাতাটা বন্ধ করে হঠাৎ প্রশ্ন করল ফেলুদা ।

আমি বললাম, ‘না তো, উনি তো কোনওদিন বলেননি ।’

‘না বললেও তোর জানা উচিত ছিল,’ বলল ফেলুদা, ‘ওর আপিসের ঘরে ওর টেবিলের উপর একটা প্লাস্টিকের ফলকে লেখা ছিল পুরো নামটা । অনন্তলাল বাটরা ।’

হেতাওরা যখন পৌঁছলাম তখন দুটো বেজে গেছে । খিদে পাবার কথা, কিন্তু পায়নি । একেকটা অবস্থায় পড়লে মানুষ খিদে-তেষ্টা ভুলে যায়, এটা সেই অবস্থা । লালমোহনবাবুকে জিজ্ঞেস করাতে বললেন, ‘ফুড ইজ নাথিং ।’

ড্রাইভার রাস্তা জানে, সে ত্রিভুবন রোড ছেড়ে ডানদিকে ঘুরল । একটা সাইন বোর্ড দেখে বুঝলাম যে, এই রাস্তা দিয়েই ট্রি-টপস হোটেলে যায়, যেখানে গাছের মাথায় বসানো হোটেলের বারান্দায় বসে তেরাই-এর বন্য জানোয়ার দেখা যায় । আমাদের বাংলা অবিশ্যি পড়বে তার অনেক আগেই ।

বাঁদিক দিয়ে রাপ্তি নদী ছুটে চলেছে পাথর ভেঙে দু দিকের ঘন জঙ্গলের মধ্যে দিয়ে । আমাদের রাস্তারও ডানদিকে ঘন শালবন । মন বার বার বলছে, এই হল সেই তেরাই, সেই গায়ে কাঁটা দেওয়া অরণ্যভূমি, হিংস্র জানোয়ারের ডেরা হিসেবে যার আর জুড়ি নেই । সিপাহি বিদ্রোহের পর নানাসাহেব তার দলবল নিয়ে ভারতবর্ষ থেকে পালিয়ে এসে এই তেরাইয়েরই এক অংশে গা ঢাকা দিয়ে ছিল ।

রাস্তা আবার ডাইনে মোড় নিল । এটা কাঁচা, হালে তৈরি হয়েছে ।

এই রাস্তা ধরে মিনিট তিনেক চলেই লাল টালির ছাতওয়ালা কালো কাঠের বাংলাটা চোখে পড়ল । বনের গাছ কেটে বেশ কিছুটা জায়গা সাফ করে কম্পাউন্ডে ঘেরা বাংলাটা তৈরি হয়েছে ।

ডাইনে ঘুরে বাংলার গেট দিয়ে ঢুকে নুড়ি ফেলা পথের উপর দিয়ে শব্দ তুলে আমাদের গাড়ি বাংলার বারান্দার সামনে গিয়ে দাঁড়াল । বাঁয়ে কিছুটা দূরে কম্পাউন্ডেরই ভেতর দুটো পাশাপাশি গ্যারাজের সামনে আর একটা গাড়ি দাঁড়িয়ে আছে ।

গাড়ি থামার সঙ্গে সঙ্গে জায়গাটার আশ্চর্য নিস্তব্ধতার একটা আন্দাজ পেয়েছি । ঝিঝির শব্দ ছাড়া আর কোনও শব্দ নেই । না, সেটা ঠিক না । একটা সামান্য খুটখাট শব্দ কোথেকে আসছে সেটা বুঝতে পারছি না ।

আমাদের গাড়ির ড্রাইভার অন্য গাড়িটার দিকে চলে গেল, আমরা তিনজন তিন ধাপ সিঁড়ি ভেঙে জাল দেওয়া দরজাটা খুলে বারান্দায় গিয়ে ঢুকলাম।

‘ভিতরে আসুন মিঃ মিস্তর !’

সামনের ঘরটাই বৈঠকখানা, তার ভিতর থেকেই ডাকটা এসেছে। মগনলালের পালিশ করা গভীর গলাটা চিনতে অসুবিধা হয় না।

আমরা তিনজন গিয়ে বৈঠকখানায় ঢুকলাম।

ঘরের তিন দিকে সোফা, মাঝখানে একটা বড় গোল টেবিল, দেওয়ালে বাঁধানো নেপালের দৃশ্য, মেঝেতে তিব্বতি কার্পেট। এ ছাড়া পাশে একটা টেবিলের উপর একটা রেডিয়ো রয়েছে। আর এক কোণে একটা বুক শেলফে কিছু বই আর পত্রিকা।

আমাদের ঠিক সামনের সোফাটায় এক ধারে বসে মগনলাল একটা টিফিন ক্যারিয়ার থেকে পুরি আর তরকারি খাচ্ছে। একজন চাকর পাশে দাঁড়িয়ে আছে জলের জাগ আর গামলা হাতে নিয়ে।

এ ছাড়া আর কোনও তৃতীয় ব্যক্তি নেই।

‘আমি জানতাম আপনি আসবেন,’ খাওয়া শেষ করে ভেজা তোয়ালে দিয়ে মুখ মুছে বললেন মগনলাল। আমরা তিনজনে ইতিমধ্যে বসে পড়েছি।

‘আপনি কী ব্যাপারে এসেছেন, সেটা আমি জানি মিঃ মিস্তর। বাট দিস টাইম ইট ইজ মাই টার্ন। ঘুষতে বার বার খাবে না দানা, খাবে কি?’

ফেলুদা নির্বাক।

‘বেনারসে আপনি যে বেইজ্জত করলেন আমাকে,’ বললেন মগনলাল, ‘সে তো আমি ভুলিনি মিঃ মিস্তর। বদলা নেবার মওকা যদি আপনি দিয়ে দেন, বদলা আমি নেব না?’

একটা ধপ ধপ আওয়াজ শুনতে পাচ্ছি মাঝে মাঝে এই বাংলোরই কোনও অংশ থেকে। মনে হচ্ছে, ডানদিকের কোনও ঘর থেকে আসছে। কীসের শব্দ বোঝা মুশকিল।

‘মিঃ বাটরা কোথায় সেটা জানতে পারি কি?’

মগনলালের হুমকি অগ্রাহ্য করে শান্তভাবে জিজ্ঞেস করল ফেলুদা।

মগনলাল আপসোসের ভঙ্গিতে চুপ্ চুপ্ করে শব্দ করে বললেন, ‘ভেরি স্যাড, মিঃ মিস্তর। আমি তো কাল বললাম আপনাকে—জগদীশ আমার রাইট হ্যান্ড ম্যান। রাইট হ্যান্ড তো একটাই থাকে মানুষের—দোনো কা কেয়া জরুরত?’

‘আপনি কিন্তু আমার কথার জবাব দিলেন না। আমি জানতে চাই সে ভদ্রলোক কোথায়?’

‘বাটরা জিন্দা আছে মিঃ মিস্তর,’ শেরওয়ানির পকেট থেকে পানের ডিবে বার করে দুটো পান মুখে পুরে দিয়ে বললেন মগনলাল—‘ডে টাইমে হি উইল বি সেফ। তেরাই-এর বেপার তো আপনি জানেন। গরমিস্ট ল আছে কী এখানে ওয়াইলড লাইফ মারা চলবে না, লেकिन ওয়াইলড লাইফ যদি মানুষ মারে, দেন হোয়াট? সেটার এগনেস্টে কোনও ল আছে কি?’

‘আপনি যে এখানে চলে এলেন, কাঠমাণ্ডুতে আজ কী হচ্ছে সেটা আপনি জানেন?’

‘কী হচ্ছে মিঃ মিস্তর?’

‘আপনার পাটনের কারখানা আর কাঠমাণ্ডুর শ্যোর-গলির গুদাম আজ তছনছ হয়ে যাচ্ছে।’

মগনলাল সমস্ত দেহ দুলিয়ে অটহাসি করে উঠলেন।

‘আপনি কি ভাবেন আমি এত বুদ্ধি মিঃ মিস্তর? পোলিস উইল ফাইন্ড নাথিং, নাথিং। পাটনে দেখবে হ্যান্ডিক্রাফট তৈয়ার হচ্ছে, আউর শ্যোর-গলিতে দেখবে গুদাম খালি! সব ১৩০

মাল লরিতে করে আমি সঙ্গে নিয়ে এসেছি মিঃ মিত্তর । হেতাওরা দিয়ে লরিতে মাল যায় ইন্ডিয়া । টিম্বার । সেই লরিতে করে সব দাওয়াই চলে যাবে বিহার, ইউ পি । ওষুধের অনেক কাম তো আমার ইন্ডিয়াতেই হয় । লেবেল, ক্যাপসুল, অ্যামপুল, ক্যাপ, ফায়াল, সবই তো ইন্ডিয়া থেকে আসে । বাকি কাম হয় এখানে, বিকজ এখানের লোক ইন্ডিয়ার লোকের চেয়ে কাম করে বেশি । অ্যান্ড বেটার ।’

আমার কানটা খুব ভাল বলেই বোধহয় ঝিঝির ডাক ছাপিয়ে আরেকটা আওয়াজ শুনতে পেলাম । ফেলুদার ঘাড়টা এক মুহূর্তের জন্য একবার সামান্য বাঁদিকে ঘুরতে বুঝলাম সেও আওয়াজটা পেয়েছে ।

‘জগদীশ !’

বুঝলাম মগনলাল কথা শেষ করে কাজে চলে এসেছেন ।

ডান পাশের ঘর থেকে ফুলকারি করা পর্দা ফাঁক করে যিনি আমাদের ঘরে এসে ঢুকলেন, তার বাঁ হাতে ধরা রিভলভারটা সোজা ফেলুদার দিকে তাগ করা রয়েছে ।

‘উঠুন আপনারা তিনজন !’ মগনলাল হাঁকিয়ে হুকুম দিলেন ।

আমরা উঠলাম ।

‘হাত তুলুন মাথার উপরে ।’

তুললাম ।

‘গঙ্গা ! কেসরী !’

আরও দুজন লোক—তাদের ঠিক ভদ্র বলা যায় না—পিছনের দরজা দিয়ে ঢুকে সোজা আমাদের তিনজনকে সার্চ করে ফেলুদার পকেট থেকে ওর কোন্ট রিভলভারটা বার করে মগনলালের কাছে দিয়ে দিল ।

রিভলভারধারী জগদীশ ভদ্রলোকটিকে দিনের আলোতে দেখেও বাটরার সঙ্গে যে তফাতটুকু পেয়েছিলাম, তার চেয়ে বেশি পাওয়া যাচ্ছে না ।

ডানদিক থেকে আবার সেই ধূপ ধূপ শব্দটা শোনা গেল । এবার মগনলাল সেদিকে একটা বিরক্ত দৃষ্টি দিয়ে বললেন, ‘ভেরি স্যারি মিঃ মিত্তর, আপনার আর একজন ফ্রেন্ডকেও এখানে নিয়ে এসেছি আমি । উনি আমাদের ওষুধ নিয়ে ল্যাবরেটরিতে টেস্ট করে ঝামেলা করছিলেন । ন্যাচারেলি ওনাকে রোকে দিতে হল ।’

‘উনিও কি বাঘের পেটে যাবেন ?’

‘নো নো মিঃ মিত্তর,’ হেসে বললেন মগনলাল, ‘ওনাকে দিয়ে আমার অন্য কাম হবে । একজন ডকটর হাতে রাখলে সুবিধা হবে আমার, মিঃ মিত্তর । আমার নিজের হাট খুব ভাল নেই, সেটা আপনি বোধহয় জানেন না ।’

‘তা হলে চরণামৃততে কাজ দিল না ?’

মগনলাল এ কথার কোনও উত্তর দেবার আগেই গঙ্গা ও কেশরী নামে দুটো ষণ্ডা মার্কা লোক লম্বা লম্বা দড়ি নিয়ে ঘরে ঢুকে সোজা আমাদের দিকে এগিয়ে আসতেই পর পর এমন কতকগুলো ঘটনা ঘটে গেল যে সেগুলো লিখে বোঝানো খুবই কঠিন । তাও আমি চেষ্টা করছি—

প্রথমে বাইরে একটা গাড়ির শব্দতে জগদীশ ভদ্রলোক খচ্ শব্দে রিভলভারটার সেফটি ক্যাচটা খুলে ফেলুদার দিকে টান করে বাড়তেই কিছু বোঝার আগেই দেখলাম ফেলুদার ডান পা-টা একটা হাই কিং করে রিভলভারটাকে ভদ্রলোকের হাত থেকে ছিটকে বার করে দিল, কিন্তু তার আগে ট্রিগারের চাপ পড়ে যাওয়াতে তার থেকে সশব্দে একটা গুলি বেরিয়ে বন্ধ সিলিং ফ্যানের ব্লেডের কিনারে লেগে সেটাকে ঘোরাতে আরম্ভ করে দিল ।



এরই মধ্যে কখন যে ঘরে এত লোক ঢুকে পড়েছে জানি না। এদের কাউকেই চিনি না, কিন্তু বুঝতে পারছি এরা সবাই পুলিশের লোক। আর তার মধ্যে কিছু নেপালের আর কিছু আমাদের পশ্চিমবাংলার। এদেরই একজন খপ করে ধরে ফেললেন জগদীশকে, যিনি পিছনের দরজা দিয়ে পালাতে গিয়েছিলেন।

মগনলাল সোফা ছেড়ে উঠে দাঁড়িয়েছে, তার চোখ দিয়ে আগুন ঠিকরে বেরোচ্ছে।

‘খবরদার! আমার গায়ে কেউই হাত দিবেন না! খবরদার!’

‘আপনার ব্যাপারে পরে আসছি মগনলালজি,’ বলল ফেলুদা, ‘আগে এনারটা ফয়সালা হয়ে যাক।’

ফেলুদার দৃষ্টি ঘুরে গেছে পুলিশের হাতে বন্দি জগদীশের দিকে।

‘আপনার বাঁ হাতের তর্জনীটা এতক্ষণ রিভলভারের ট্রিগারে ছিল বলে দেখতে পাইনি,’ বলল ফেলুদা, ‘এখন দেখছি তর্জনীতে বেগুনি কালির দাগ। আপনি কি এখনও সেই লিক-করা কলমটাই ব্যবহার করছেন, মিঃ বাটরা?’

‘আপনি মুখ সামলে কথা বলবেন মিঃ মিস্তুর,’ যাঁড়ের মতো টেঁচিয়ে উঠলেন মগনলাল, ‘জগদীশ ইজ মাই—’

‘জগদীশ না, বাটরা—অনন্তলাল বাটরা—ইজ ইওর রাইট হ্যান্ড ম্যান। জগদীশ বলে কেউ নেই, নকল বাটরা নেই, লোক একজনই। একটু চাপ দিলেই উনি চোখের কনট্যাকট লেন্স দুটো খুলে ফেলবেন, তা হলেই কটা ভাবটা চলে যাবে। আর মিঃ বাটরা বোধহয় জানেন না যে তিনি আজ ভোরে চলে আসার পর তার বাড়িতে সার্চ হয়েছিল, এবং একটি চোরা কুঠরি থেকে বেশ কিছু জাল একশো টাকার নোট পাওয়া গেছে—যেগুলো আপনার ওই জাল ওষুধের কারখানাতেই ছাপানো হত।’

নেপাল পুলিশের একজন অফিসার এক বাঙালি একশো টাকার নোট বার করে ধরলেন আমাদের সামনে। বাটরার মুখ ব্লটিং পেপার। ফেলুদা বলল—

‘আপনি একটা কাঁচা কাজ করে ফেলেছিলেন কলকাতায়, মিঃ বাটরা। আপনি যে জাল নোটটা দিয়েছিলেন সেই কুকরির দোকানে, সেটা আর ফেরত নেননি। কারণ একবার যখন বলেছেন সেটা আপনি দেননি, তখন আর সেটা ফেরত নেওয়া যায় না। ফলে সেটা দোকান থেকে পুলিশের হাতে চলে আসে। এখন দেখা যাচ্ছে সে নোটের নম্বর আর আজ আপনার বাড়িতে পাওয়া নোটের নম্বর এক!’

বাটরার শেষ অবস্থা, কিন্তু মগনলাল এখনও তস্থি করে চলেছে।

‘আমি ফের বলছি মিস্টার মিস্তুর, আমি—’

‘আপনি বড্ড বেশি বকছেন,’ বাধা দিয়ে বলল ফেলুদা, ‘আপনার বুকনিটা বন্ধ করা দরকার। তোপসে, তোরা দুজনে চেপে ধর তো লোকটাকে।’

আমি তো এ সব পারিই, কিন্তু লালমোহনবাবুর মধ্যেও যে হঠাৎ এতটা এনার্জি এসে যাবে সেটা ভাবতে পারিনি। দুই রাজ্যের পুলিশ হল দর্শক, আর তার মধ্যে আমাদের এই নাটক।

দুজনের কন্সাইন্ড ঠেলা আর চাপে মগনলাল সোফার সঙ্গে সিঁড়িয়ে গেলেন। ফেলুদা এর মধ্যে ওর পকেট থেকে দুটো জিনিস বার করেছে, তার একটা ভদ্রলোকের হাঁসফাঁসানির ফাঁকে তার মুখের ভেতর ঢাল গেল। এটা হল একটা শুল্লার কিউব। বুঝলাম এটা আজই সকালে ফ্রিক স্ট্রিটের হিপীদের কাছ থেকে জোগাড় করে এনেছে ফেলুদা। দ্বিতীয় জিনিসটা হল একটা স্কচ টেপ, যেটা থেকে চড়াং করে খানিকটা অংশ ছিড়ে ফেলুদা সেটা দিয়ে মগনলালের ঠোঁট দুটো সিল করে দিল।

সব শেষে একটা সিগারেট কেসের মতো দেখতে জিনিস বার করে নেপাল পুলিশ

অফিসারের হাতে দিয়ে ফেলুদা বলল, ‘এই মিনি-ক্যাসেট রেকর্ডারটা এই ঘরে ঢুকবার আগেই আমি পকেটে চালু করে দিয়েছিলাম। এতে আপনারা এই ভদ্রলোকের জাল ওষুধের কারবার সম্বন্ধে ওঁর নিজেরই বলা অনেক তথ্য পাবেন।’

১২

ফেলুদা বলল, ‘আমার ধারণা তার আপিসের জনসংযোগের কাজের মধ্য দিয়েই মগনলালের সঙ্গে বাটরার পরিচয় হয়।’

আমরা ফিরতি পথে কাঠমাণ্ডুর আশি কিলোমিটার আগে সাড়ে সাত হাজার ফুট হাইটে দামন ভিউ টাওয়ার লজের ছাতে বসে কফি আর স্যান্ডউইচ খাচ্ছি। আমরা তিনজন ছাড়া আছেন ডাঃ দিবাকর, নেপাল পুলিশের সাব-ইন্সপেক্টর শর্মা, আর কলকাতার হোমিসাইড ডিপার্টমেন্টের ইন্সপেক্টর জোয়ারদার। ডাঃ দিবাকরকে হাত-পা-মুখ বাঁধা অবস্থায় পাওয়া গিয়েছিল বাংলোর বৈঠকখানার দুটো ঘর পরে দক্ষিণে একটা বেডরুমে। হাত-পা বাঁধা অবস্থাতেই পা দিয়ে মেঝেতে লাথি মেরে উনিই ধপ্ ধপ্ শব্দ করছিলেন। তিনি যে ফেলুদার ফরমাশে তাঁর দোকানের ওষুধ টেস্ট করছেন সে খবর তার চর মারফত পৌঁছায় মগনলালের কাছে। তার রাইট হ্যান্ড ম্যান বাটরা আজই ভোরে একটা রুগি দেখতে নিয়ে যাবার অছিলায় ডাঃ দিবাকরকে তার বাড়ি থেকে তুলে নিয়ে, মগনলালকেও তুলে, এখানে চলে আসে। মগনলালের দলকে নিয়ে যাওয়া হয়েছে কাঠমাণ্ডু। এল এস ডি খেয়ে তার কী প্রতিক্রিয়া হয় সেটা কালকের আগে জানা যাবে না। ঘড়িতে বলছে পাঁচটা পাঁচ। বেশ বুঝতে পারছি আমাদের চারিদিকে ঘিরে থাকা হিমালয়ের বিখ্যাত চূড়াগুলোতে একটু পরেই সোনার রং ধরতে শুরু করবে।

ফেলুদা বলে চলল—‘বাটরা চতুর লোক, শিক্ষিত আর ভদ্র বলে তার ভারতবর্ষেও যাতায়াত আছে, এই সব জেনে মগনলাল বাটরাকে তার চোরা কারবারের মধ্যে জড়ায়।

‘অনীকেন্দ্র সোম জাল ওষুধের পিছনে উঠে পড়ে লেগেছে শুনে মগনলাল বাটরাকে দিয়ে তাকে হটবার মতলব করে। মিঃ সোম কলকাতায় যাচ্ছে জেনে বাটরাকে তার সঙ্গে পাঠায়। হয় এয়ারপোর্টে না হয় প্লেনে, বাটরা সোমের সঙ্গে আলাপ করে, যদিও বাটরা আমার কাছে এটা অস্বীকার করে। সোমের নোটবুকে একটা কথা লেখা ছিল—এ বি-র বিষয় আরও জানা দরকার। আমি প্রথমে ভেবেছিলাম এ বি হল অ্যান্টিবায়োটিকস, কিন্তু যখন জানলাম বাটরার প্রথম নাম অনন্তলাল, তখন বুঝতে পারলাম সোম আসলে বাটরার বিষয়েই আরও জানবার কথা লিখেছিল। হয়তো আলাপ করে বাটরা সম্বন্ধে সোমের মনে কোনওরকম সন্দেহ দেখা দিয়েছিল।

‘আমার বিশ্বাস কথাগুলো সোম বাটরাকে বলেছিল সে কলকাতায় এসে আমার সঙ্গে দেখা করবে। বাটরা আমাকে নামে জানত। তার তখন বিশ্বাস হয় যে সে যদি সোমকে খুন করে, তা হলে সে-খুনের তদন্ত আমিই করব।

‘নিউ মার্কেটে দৈবাৎ আমার সঙ্গে দেখা হয়ে যাবার ফলে একটা নকল বাটরা তৈরি করার আশ্চর্য ফন্দিটা বাটরার মাথায় আসে। মার্কেটে তার হাতে প্লাস্টিকের ব্যাগে নতুন কেনা একটা নীল রংয়ের শার্ট ছিল। আমার সঙ্গে আলাপ হবার পরমুহূর্তেই সে কোনও একটি কাপড়ের দোকানে ঢুকে তাদের ট্রায়াল রুমে গিয়ে পুরনোর জায়গায় নতুন শার্টটা পরে নিয়ে, পুরনোটা আরেকটা প্যাকেটে ভরে আমাদের সামনে দিয়ে হেঁটে চলে যায়, এবং বুঝিয়ে দেয় সে আমাদের আদৌ চেনে না।

‘পরদিন বিকেলে আমার বাড়িতে এসে সে নকল বাটার ধারণাটা আমার মনে আরও বদ্ধমূল করার চেষ্টা করে। তার পরদিন সকালে ন’টায় তার কাঠমাগুর ফ্লাইট। মালপত্র নিয়ে ট্যাক্সি করে ভোরে হোটেল থেকে বেরোয়, পাঁচটায় সেন্ট্রাল হোটেল গিয়ে সোমকে খুন করে চলে যায় এয়ারপোর্টে। ছুরিটা সে রেখেই যায়, যেন আমি মনে করি যে গ্র্যান্ড হোটেল থেকে যে লোক ছুরিটা কিনেছিল অর্থাৎ নকল বাটরা, সে-ই খুনটা করেছে।’

‘কিন্তু আপনার প্রথম সন্দেহটা হয় কখন?’ প্রশ্ন করলেন ইন্সপেক্টর জোয়ারদার।

ফেলুদা বলল, ‘নিউ মার্কেটে বাটার একটা পুরনো ফাউনটেন পেন দিয়ে আমি তার নোটবুকে আমার ঠিকানাটা লিখে দিই। সে আমাকে দিয়ে লেখাল, কারণ নিজে লিখলে লিখতে হত বাঁ হাতে। সে প্রমাণ করতে চেয়েছিল যে নকল বাটরাই লেফট-হ্যান্ডেড। কিন্তু ব্যাপার হচ্ছে কী, যারা ন্যাটা হয়, তারা এক কলম দিয়ে বেশি দিন লিখলে সেই কলমের নিব একটা বিশেষ অ্যাঙ্গেলে ক্ষয়ে যায়, ফলে রাইট-হ্যান্ডেড লোকেদের সে কলম দিয়ে লিখতে একটু অসুবিধে হয়। এই সামান্য অসুবিধাটা তখন বোধ করেছিলাম। কিন্তু গা করিনি। পরে যখন জানলাম যিনি খুন করেছেন তিনি লেফট-হ্যান্ডেড, তখনই প্রথম খটকাটা লাগে, আর তখনই স্থির করি যে কাঠমাগু গিয়ে ব্যাপারটা একটু তলিয়ে দেখতে হবে। অবিশ্যি এসে যে দেখব খুন একটা নয়, দুটো—সেটা ভাবতেই পারিনি।’

‘ডাবল?’ ভুরু তুলে প্রশ্ন করলেন লালমোহনবাবু। আমরা সকলেই অবাক, সকলেই জিজ্ঞাসু দৃষ্টিতে দেখছি ফেলুদার দিকে। দ্বিতীয় কোন খুনের কথা বলছে ফেলুদা?

শেষ পর্যন্ত মুখ খুললেন ডাঃ দিবাকর।

‘উনি ঠিকই বলেছেন। টেট্যানাসের ওষুধ আমার টেস্ট করা হয়ে গিয়েছিল। খবরটা মিঃ মিত্রকে দেবার আর সুযোগ হয়নি। ওটা সত্যিই ছিল জাল। কাজেই এই ইনজেকশানের পর টেট্যানাস হয়ে মরাটা এক রকম খুন বইকী। যারা জাল ওষুধ চালু করে তারা তো এক রকম খুনিই।’

‘আমি কিন্তু জাল ওষুধের কথা বলছি না।’

এবার দিবাকরও অবাক হয়ে চাইলেন ফেলুদার দিকে। পাহাড়ের চূড়োগুলোতে সোনালি রং লেগেছে বলেই বোধ হয় সকলের মুখ এত হলদে দেখাচ্ছে।

‘তা হলে কীসের কথা বলছেন?’ ডাঃ দিবাকর প্রশ্ন করলেন।

‘সেটা বলার আগে আমি একটা কথা বলতে চাই। হিমা দ্রি চক্রবর্তী বছর তিনেক আগে একটা চোরা-কারবারের ব্যাপার ফাঁস করে দিয়েছিল। এই নতুন চোরা-কারবারটা সম্বন্ধেও তার মনে সন্দেহ জেগে থাকতে পারে সে খবর হরিনাথবাবু আমাদের দিয়েছেন। সুতরাং মগনলালের দিক থেকে তাকে হটাবার একটা বড় কারণ পাওয়া যাচ্ছে। মগনলাল সে ব্যাপারে পেছ-পা হবার পাত্র নয়।’

‘কিন্তু হটাবে সে কীভাবে?’

‘রাস্তা আছে,’ বলল ফেলুদা, ‘যদি একজন ডাক্তার তার হাতে থাকে।’

‘ডাক্তার?’

‘ডাক্তার।’

‘কোন ডাক্তারের কথা বলছেন আপনি?’

‘এমন ডাক্তার যার অবস্থার উন্নতি দেখা গেছে সম্প্রতি—নতুন গাড়ি, নতুন বাড়ি, সোনার ঘড়ি, সোনার কলম—’

‘আপনি এসব কী ননসেন্স—’

‘—যে ডাক্তার সামান্য একটা স্ক্র্যাচ দেখে টেট্যানাসের কোনও সম্ভাবনা নেই বুঝেও

ইনজেকশন দেয়। আজ আপনাকে হাত-পা বেঁধে ফেলে রাখাটা যে শ্রেফ ভাঁওতা সেটা কি আমি বুঝিনি, ডাঃ দিবাকর? আপনিও যে বাটরার মতোই মগনলালের একজন রাইট হ্যান্ড ম্যান, সেটা কি আমি জানি না?’

‘কিন্তু জল দিয়ে কি খুন করা যায়?’ কাঁপতে কাঁপতে তারস্বরে প্রশ্ন করলেন ডাঃ দিবাকর।

‘না, জল দিয়ে যায় না, যায় বিষ দিয়ে।’ কপালের শিরা ফুলে উঠেছে ফেলুদার—‘বিষ, ডাঃ দিবাকর, বিষ! স্ট্রিকনিন! যার প্রতিক্রিয়ার সঙ্গে টেট্যানাসের প্রতিক্রিয়ার কোনও পার্থক্য ধরা যায় না। ঠিক কি না, মিঃ জোয়ারদার?’

ইন্সপেক্টর জোয়ারদার গভীরভাবে মাথা নেড়ে সায় দিলেন।

ডাঃ দিবাকর চেয়ার ছেড়ে উঠে দাঁড়িয়েছিলেন, এবার আবার ধপ করে বসে চেয়ার থেকে গড়িয়ে মুখ খুবড়ে মাটিতে পড়ে গেলেন।

আসলে গল্প এখানেই শেষ, তবু লেজুড় হিসেবে তিনটে খবর দেওয়া যেতে পারে।

এক—এল এস ডি খেয়ে মগনলালের প্রতিক্রিয়া নাকি মোটেই ভাল হয়নি, একটানা তিন ঘণ্টা ধরে হাজতের দেয়াল নখ দিয়ে আঁচড়ানোর পর ঘরের টেবিল ক্লথটাকে কাশীর কচৌরি গলির রাবড়ি মনে করে চিবিয়ে ফালা ফালা করে দেয়।

দুই—ওষুধের চোরা কারবার, আর সেই সঙ্গে জাল নোটের কারবার—ধরে দেবার জন্য নেপাল সরকার ফেলুদাকে পুরস্কার দেয়, যাতে কাঠমাণ্ডুর পুরো খরচটা উঠে আসার পরেও হাতে বেশ কিছুটা থাকে।

তিন—লালমোহনবাবুর ভীষণ ইচ্ছে ছিল যে আমাদের কাঠমাণ্ডুর অ্যাডভেঞ্চার উপন্যাসের নাম হোক ‘ওম্ মণি পদ্মে হুমিসাইড’। যখন বললাম সেটা একটু বাড়াবাড়ি হয়ে যাবে, ভদ্রলোক শুধু ‘হুমম্’ বলে যেন একটু রাগত ভাবেই আমাদের ঘরের শোফায় বসে জপযন্ত্র ঘোরাতে লাগলেন।



নেপোলিয়নের চিঠি

১

‘তুমি কি ফেলুদা?’

প্রশ্নটা এল ফেলুদার কোমরের কাছ থেকে। একটি বছর ছয়েকের ছেলে ফেলুদার পাশেই দাঁড়িয়ে মাথাটাকে চিত করে তার দিকে চেয়ে আছে। এই সে দিনই একটা বাংলা কাগজে ফেলুদার একটা সাক্ষাৎকার বেরিয়েছে, তার সঙ্গে হাতে চারমিনার নিয়ে একটা ছবি। তার ফলে ফেলুদার চেহারাটা আজকাল রাস্তাঘাটে লোকে ফিল্মস্টারের মতোই চিনে ফেলছে। আমরা এসেছি পার্ক স্ট্রিট আর রাসেল স্ট্রিটের মোড়ে খেলনা আর লাল মাছের দোকান হবি সেন্টারে। সিধু জ্যাঠার সন্তর বছরের জন্মদিনে তাঁকে একটা ভাল দাবার সেট উপহার দিতে চায় ফেলুদা।

ছেলেটির মাথায় আলতো করে হাত রেখে ফেলুদা বলল, ‘ঠিক ধরেছ তুমি।’

‘আমার পাখিটা কে নিয়েছে বলে দিতে পারো?’ বেশ একটা চ্যালেঞ্জের সুরে বলল ছেলেটি। ততক্ষণে ফেলুদারই বয়সী এক ভদ্রলোক ব্রাউন কাগজে মোড়া একটা লম্বা প্যাকেট নিয়ে আমাদের দিকে এগিয়ে এসেছেন, তাঁর মুখে খুশির সঙ্গে একটা অপ্রস্তুত ভাব মেশানো।

‘তোমার নিজের নামটাও বলে দাও ফেলুদাকে’, বললেন ভদ্রলোক।

‘অনিরুদ্ধ হালদার’, গম্ভীর মেজাজে বলল ছেলেটি।

‘ইনি আপনার খুদে ভক্তদের একজন’, বললেন ভদ্রলোক। ‘আপনার সব গল্প ওর মার কাছ থেকে শোনা।’

‘পাখির কথা কী বলছিল?’

‘ও কিছু না’, ভদ্রলোক হালকা হেসে বললেন, ‘পাখি পোষার শখ হয়েছিল, তাই ওকে একটা চন্দনা কিনে দিয়েছিলাম। যে দিন আসে সে দিনই কে খাঁচা থেকে পাখিটা বার করে নিয়ে যায়।’

‘খালি একটা পালক পড়ে আছে’, বলল ফেলুদার খুদে ভক্ত।

‘তাই বুঝি?’

‘রাতিরে ছিল পাখিটা, সকালবেলা নেই। রহস্য।’

‘তাই তো মনে হচ্ছে। তা অনিরুদ্ধ হালদার এই রহস্যের ব্যাপারে কিছু করতে পারেন না?’

‘আমি বুঝি গোয়েন্দা? আমি তো ক্লাস টু-তে পড়ি।’

ছেলের বাবা আর বেশিদূর কথা এগোতে দিলেন না।

‘চলো অনু। আমাদের আবার নিউ মার্কেট যেতে হবে। তুমি বরং ফেলুদাকে একদিন আমাদের বাড়িতে আসতে বলো।’

ছেলে বাবার অনুরোধ চালান করে দিল। এবার ভদ্রলোক একটা কার্ড বের করে ফেলুদার হাতে দিয়ে বললেন, ‘আমার নাম অমিতাভ হালদার।’

ফেলুদা কার্ডটায় একবার চোখ বুলিয়ে বলল, ‘বারাসতে থাকেন দেখছি।’

‘আপনি হয়তো আমার বাবার নাম শুনে থাকতে পারেন। পার্বতীচরণ হালদার।’

‘হ্যাঁ হ্যাঁ। ওঁর লেখা-টেখাও তো পড়েছি। ওঁরই সব নানারকম জিনিসের কালেকশন আছে না?’

‘ওটা বাবার নেশা। ব্যারিস্টারি ছেড়ে এখন ওসবই করেন। সারা পৃথিবী ঘুরেছেন ওই সবে পিছনে। আপনার তো অনেক ব্যাপারে ইয়ে আছে, আমার মনে হয় আপনি দেখলে আনন্দ পাবেন। আদিকালের গ্রামোফোন, মুগল আমলের দাবা বড়ে, ওয়ারেন হেস্টিংসের নস্যির কৌটো, নেপোলিয়নের চিঠি...। তা ছাড়া আমাদের বাড়িটাও খুব ইন্টারেস্টিং। দেড়শো বছরের পুরনো। এক দিন যদি ফ্রি থাকেন, একটা ফোন করে দিলে—রোববার-টোববার...। আমিই বরং একটা ফোন করব। ডাইরেকটরিতে তো আপনার—?’

‘আজ্ঞে হ্যাঁ, আমার নামেই আছে। এই যে।’

ফেলুদাও তার একটা কার্ড ভদ্রলোককে দিয়ে দিল।

কথা হয়ে গেল আমরা এই মাসেই এক দিন বারাসত গিয়ে হাজির হব। লালমোহনবাবুর গাড়ি আছে, যাবার কোনও অসুবিধে নেই। এখানে বলে রাখি, লালমোহনবাবু বহাল তবিয়েতে এবং খোশমেজাজে আছেন, কারণ এই পুজোয় জটায়ুর জায়ান্ট অমনিবাস বেরিয়েছে, তাতে বাছাই করা দশটা সেরা রহস্য রোমাঞ্চ উপন্যাস। দাম পঁচিশ টাকা এবং

লালমোহনবাবুর ভাষায় ‘সেলিং লাইক হট কচুরিজ ।’

সন্ধ্যাবেলা ফেলুদার মুখ শুকনো দেখে জিজ্ঞেস করলাম, কী ব্যাপার । ও বলল, ‘খুদে মক্কেলের আরজিটা মাথায় ঘুরছে রে ।’

‘সেই চন্দনার ব্যাপারটা ?’

‘খাঁচা থেকে পাখি চুরি যায় শুনেছিস কখনও ?’

তা শুনি সেটা স্বীকার করতেই হল । —‘তুমি কি এর মধ্যেও রহস্যের গন্ধ পাচ্ছ নাকি ?’

‘ব্যাপারটা ঠিক দৈনন্দিন ঘটনার মধ্যে পড়ে না । চন্দনা তো আর বার্ড অফ প্যারাডাইজ নয় । এক যদি না কারও নেগলিজেন্সে খাঁচার দরজাটা বন্ধ করতে ভুল হয়ে গিয়ে থাকে ।’

‘কিন্তু সেটা তো আর জানবার কোনও উপায় নেই ।’

‘তা থাকবে না কেন ? ওখানে গিয়ে জিজ্ঞেস করলেই জানা যায় । আসলে বুঝতে পারছি এ ব্যাপারটা ও-বাড়ির কেউ সিরিয়াসলি নেয়নি । ঘটনাটা যে অস্বাভাবিক সেটা কারুর মাথায় ঢোকেনি । অথচ ছেলের মনটা যে খচ্ খচ্ করছে সেটা বুঝতে পারছি, না হলে আমায় দেখে ও কথাটা বলত না । অন্তত একবার যদি গিয়ে দেখা যেত...’

‘তা ভদ্রলোক তো বললেনই যেতে ।’

‘হ্যাঁ—কিন্তু সেটাও হয়তো আমাকে সামনা-সামনি দেখলেন বলে । বাড়ি ফিরে সে কথা আর মনে নাও থাকতে পারে । ছোট ছেলের অনুরোধ বলেই মনে হচ্ছে সেটাকে একেবারে এড়িয়ে যাওয়া ঠিক নয় ।’

ক্রিসমাসের যখন আর পাঁচ দিন বাকি তখনই এক শনিবারের সকালে এসে গেল অমিতাভবাবুর ফোন । আমি কলটা ফেলুদার ঘরে ট্রান্সফার করে বসবার ঘরের মেন টেলিফোনে কান লাগিয়ে শুনলাম ।

‘মিঃ মিস্ত্রি ?’

‘বলুন কী খবর ।’

‘আমার ছেলে তো মাথা খেয়ে ফেলল । কবে আসছেন ?’

‘পাখির কোনও সন্ধান পেলেন ?’

‘নাঃ—সে আর পাওয়া যাবে না ।’

‘ভয় হয়, আপনার ছেলে যদি ধরে বসে থাকে তার পাখি উদ্ধার করে দেব, তখন সেটা না পাওয়া গেলে তো বেইজ্জতের ব্যাপার হবে ।’

‘সে নিয়ে আপনি চিন্তা করবেন না । ছেলেকে খানিকটা সময় দিলেই সে খুশি হয়ে যাবে । আসলে আমার বাবার সঙ্গে একবার আপনার আলাপ করিয়ে দিতে চাই । আজ তো আমার ছুটি ; আপনি কী করছেন ?’

‘তেমন কিছুই না । আজ দশটা নাগাদ হলে হবে ?’

‘নিশ্চয়ই ।’

শনি রবি দু দিনই আমাদের বাড়িতে সকাল নটায় লালমোহনবাবুর আসাটা একেবারে হান্ড্রেড পারসেন্ট শিওর । ঘড়ির কাঁটায় কাঁটায় আসাটা কলকাতা শহরে আজকাল আর সম্ভব নয়, তবে দশ মিনিট এদিক ওদিকের বেশি হয় না কোনও দিনই । আজও হল না । ঠিক ন’টা বেজে পাঁচ মিনিটে ঘরে ঢুকে ধপ্ করে সোফায় বসে পড়ে বললেন, ‘কালি কলম মন, লেখে তিনজন । মশাই, পুজোর লেখার ধকলের পর শীতকালটা এলে লেখার চিন্তাটা থাউজ্যান্ড মাইলস দূরে চলে যায়—কালি কলম খাতার দিকে আর চাইতেই ইচ্ছা করে না ।’

লালমোহনবাবু ইদানীং প্রবাদ নিয়ে ভীষণ মেতে উঠেছেন । সাড়ে তিনশো প্রবাদ নাকি

উনি মুখস্থ করেছেন। লেখার ফাঁকে ফাঁকে লাগসই প্রবাদ গুঁজে দিতে পারলে সাহিত্যের রস নাকি ঘনীভূত হয়। তিনি অবিশ্যি শুধু লেখায় নয়, কথাতেও যখন-তখন প্রবাদ লাগাচ্ছেন। আজ ভদ্রলোকের পরনে ছাই রঙের টেরিলিনের প্যান্ট আর সবুজ সোয়েটার, আর হাতে এক চাঙাড়ি কচুরি। কচুরির কারণ আর কিছুই না—হট কচুরির আজকাল আর তেমন ডিমাম্ব আছে কি না ফেলুদার এই প্রশ্নের উত্তরে লালমোহনবাবু বলেন, ‘মশাই, বাগবাজারের মোহন ময়রার দোকানে কচুরির জন্য কিউ দেখলে মনে হবে সেখানে কোনও বোম্বাই-মার্কা হিন্দি হিট ছবি চলছে। আপনাকে খাওয়ালে বুঝবেন উপমাটা কত অ্যাপ্রোপ্রিয়েট।’

সঙ্গে এক ফ্লাস্ক জল আর কচুরির চাঙাড়িটা নিয়ে আমরা বেরিয়ে পড়লাম। লালমোহনবাবু পার্বতী হালদারের নাম শোনেননি। তবে নেপোলিয়নের চিঠি শুনে ভয়ানক ইমপ্রেসড হলেন। বললেন ইস্কুলে থাকতে গুঁর হিরো নাকি ছিল নেপোলিয়ন। ‘গ্রেট ম্যান, বোনাপার্টি’ কথাটা বার তিনেক চাপা গলায় বললেন যাবার পথে।

ভি আই পি রোডের আগে স্পিড তুলতে পারলেন না লালমোহনবাবুর ড্রাইভার হরিপদবাবু। বারাসতে যখন পৌঁছলাম, তখন প্রায় সাড়ে দশটা।

অমিতাভবাবুদের বাড়িটা মেন রোডের উপরেই, তবে গাছপালায় ঘেরা বলে আসল বাড়িটা রাস্তা থেকে চোখে পড়ে না। গেট দিয়ে ঢুকে নুড়ি ফেলা রাস্তায় খানিকটা গিয়ে তবে থামওয়ালা দালানটা দেখা যায়। একেবারে সাহেবি ঢঙের বাড়ি, বয়সের ছাপ যতটা থাকার কথা ততটা নেই; মনে হয় বছরখানেকের মধ্যেই অন্তত সামনের অংশটায় চুনকাম ও রিপেয়ার দুই-ই হয়েছে। বাড়ির সামনে একটা বাঁধানো পুকুরের চারিপাশে সুপুরি গাছের সারি।

অমিতাভবাবু নীচেই অপেক্ষা করছিলেন আমাদের জন্য, ফেলুদা লালমোহনবাবুর সঙ্গে আলাপ করানোতে বললেন, ‘আমি নিজে আপনার লেখা পড়িনি বটে, তবে আমার স্ত্রী রহস্য-রোমাঞ্চ সিরিজের ভীষণ ভক্ত।’

আমরা শ্বেত পাথরের সিঁড়ি দিয়ে দোতলায় উঠলাম। পার্বতীবাবুর কালেকশনের জিনিস নাকি সবই দোতলায়।

‘বাবার আগে আমার পুত্রের সঙ্গে দেখাটা সেরে নিন’, বললেন অমিতাভবাবু। ‘বাবার কাছে এখন লোক আছে। উনি বাইরের লোকের সঙ্গে দেখা-সাক্ষাৎগুলো সকালেই করেন।’

‘আদুরেও লোক এসে উৎপাত করে?’

‘বাবার মতো কিছু কালেক্টর আছেন, তাঁরা প্রায়ই আসেন। তা ছাড়া সম্প্রতি বাবা একজন সেক্রেটারির জন্য কাগজে বিজ্ঞাপন দিয়েছেন। তার জন্য কিছু লোক দেখা করতে আসছে।’

‘ওনার সেক্রেটারি নেই?’

‘আছে, তবে তিনি দিল্লি চলে যাচ্ছেন সামনের সপ্তাহে একটা ভাল কাজ পেয়ে। লোকটি বেশ কাজের ছিল। আসলে সেক্রেটারির ব্যাপারে বাবার লাক্টাই খারাপ। গত দশ বছরে চারটি সেক্রেটারি এল গেল। একটি তো বছরখানেক কাজ করার পর মেনিনজাইটিসে মারা গেলেন। আরেকটি কথা নেই বার্তা নেই, সাঁইবাবার ভক্ত হয়ে বিবাগী হয়ে গেলেন। এখন যে ভদ্রলোকটির সঙ্গে বাবা কথা বলছেন, তাকে সাত বছর আগে তাড়িয়ে দেন। সেও ছিল সেক্রেটারি।’

‘কেন, তাড়ান কেন?’

‘ভদ্রলোক কাজ খুব ভালই করতেন, তবে অসম্ভব কুসংস্কারী। বাবা সেটা একেবারে সহ্য করতে পারতেন না। একবার ইজিপ্ট থেকে একটা জেড পাথরের মূর্তি আনার পর কলকাতায় এসে বাবার অসুখ করে। সাধনবাবু বাবাকে সিরিয়াসলি বলেন যে, মূর্তিটি যে দেবীর, তাঁর অভিশাপ পড়েছে বাবার ওপর। এই এক কথাতেই বাবা তাঁকে একরকম ঘাড় ধরে বার করে দেন।’

‘এই সাধনবাবু যদি আবার এসে থাকেন তা হলে তাঁকে খুবই অপটিমিস্টিক বলতে হবে, এবং আপনার বাবাকে অত্যন্ত ক্ষমাশীল বলতে হয়।’

‘আসলে লোকটাকে তাড়িয়ে দেবার পর বাবার একটু অনুশোচনা হয়েছিল। কারণ ভদ্রলোকের অবস্থা মোটেই ভাল ছিল না। আর বাবা ওঁকে সার্টিফিকেটও দেননি।’

বাড়িটা বাইরে থেকে বিলিতি খাঁচের হলেও, ভিতরটা বাংলা জমিদারি বাড়ির মতোই। মাঝখানের নাটমন্দিরকে ঘিরে দোতলার বারান্দার এক পাশে সারি সারি ঘর। বৈঠকখানা, আর পার্বতীচরণের স্টাডি বা কাজের ঘর সামনের দিকে, আর ভিতর দিকে সব শোবার ঘর। ফেলুদার খুদে মক্কেল বারান্দায় তার ঘরের সামনেই দাঁড়িয়ে ছিল। আমরা সেই দিকে এগিয়ে যাব, এমন সময় জুতোর শব্দ শুনে বৈঠকখানার দিকে চেয়ে দেখি, নীল কোট পরা হাতে ব্রিফকেসওয়ালা একজন লোক গটগটিয়ে ঘরটা পেরিয়ে সিঁড়ির দিকে চলে গেল। অমিতাভবাবু বললেন, ‘এই সেই প্রাক্তন সেক্রেটারি সাধনবাবু। ভদ্রলোককে খুব প্রসন্ন বলে মনে হল না।’

‘এই যে আমার পাখির খাঁচা’, ফেলুদা তার সামনে গিয়ে দাঁড়াতেই বলল অনিরুদ্ধ।

‘আমি তো সেটাই দেখতে এলাম।’

খাঁচাটা একটা হুক থেকে ঝুলছে বারান্দায় রেলিং-এর উপরে। ঝকঝকে ভাবটা দেখে বোঝা যায় খাঁচাটাও কেনা হয়েছিল পাখির সঙ্গেই। ফেলুদা সেটার দিকে এগিয়ে গেল। দরজাটা এখনও খোলাই রয়েছে।

‘আপনার বাড়ির কোনও চাকরের পাখিতে অ্যালার্জি আছে বলে জানেন?’

অমিতাভবাবু হেসে উঠলেন।

‘সেটা ভাববার তো কোনও কারণ দেখি না। আমাদের বাড়ির কোনও চাকরই কুড়ি বছরের কম পুরনো নয়। তা ছাড়া এক কালে এ বাড়িতে একসঙ্গে দুটো গ্রে প্যারট ছিল। বাবা নিজেই এনেছিলেন। অনেক দিন ছিল তারপর মারা যায়।’

‘এই ব্যাপারটা লক্ষ করেছেন কি?’

ফেলুদা বেশ কিছুক্ষণ হাত দিয়ে খাঁচাটাকে নেড়ে-চেড়ে প্রশ্নটা করল।

অমিতাভবাবুর সঙ্গে আমরা দুজনও এগিয়ে গেলাম।

ফেলুদা খাঁচার দরজাটার একটা অংশে আঙুল দিয়ে দেখাল।

‘ছোট্ট একটা লালের ছোপ বলে মনে হচ্ছে?’ বললেন অমিতাভবাবু। ‘তার মানে কি—?’

‘যা ভাবছেন তাই। ব্লাড।’

‘চন্দনা মার্ভার?’ বলে উঠলেন লালমোহনবাবু।

ফেলুদা খাঁচার দরজাটা বন্ধ করে দিয়ে বলল, ‘পাখির রক্ত না মানুষের রক্ত সেটা কেমিক্যাল অ্যানালিসিস না করে বোঝা যাবে না। তবে একটা স্ট্রাগল হয়েছে তাতে কোনও সন্দেহ নেই। অবিশ্যি সেটা তেমন অস্বাভাবিক কিছু নয়। এটা বোঝাই যাচ্ছে যে খাঁচার দরজা খোলা রাখার জন্য পাখি পালায়নি; দরজা খুলে পাখিকে বার করে নেওয়া হয়েছে। আপনারা কোথেকে কিনেছিলেন পাখিটা?’

‘নিউ মার্কেট,’ বলে উঠল অনিরুদ্ধ।



мѣсяцѣ

অমিতাভবাবু বললেন, ‘নিউ মার্কেটের তিনকড়িবাবুর পাখির দোকান খুব পুরনো দোকান। আমাদের জানাশোনা অনেকেই ওখান থেকে পাখি কিনেছে।’

অনিরুদ্ধর ইচ্ছা ছিল তার নতুন কেনা খেলনাগুলো আমাদের দেখায়, বিশেষ করে মেশিনগানটা, কিন্তু অমিতাভবাবু বললেন, ‘এঁরা আবার তোমার কাছে আসবেন। তখন তোমার খেলনা দেখবেন, তোমার মা-র সঙ্গে আলাপ করবেন, চা খাবেন—সব হবে। আগে দাদুর সঙ্গে আলাপ করিয়ে দিই, কেমন?’

আমরা পার্বতীবাবুর স্টাডির উদ্দেশ্যে রওনা দিলাম।

কিন্তু দাদুর সঙ্গে আর আলাপ হল না। লালমোহনবাবু পরে বলেছিলেন, এক-একটা ঘটনার শক্-এর এফেক্ট নাকি সারা জীবন থাকে। এটা সেইরকম একটা ঘটনা।

বৈঠকখানায় ঢুকেই বুঝেছিলাম চারিদিকে দেখবার জিনিস গিজগিজ করছে। সে সব দেখার সময় ঢের আছে মনে করে আমরা এগিয়ে গেলাম ঘরের দক্ষিণ-পশ্চিম কোণে পরদা দেওয়া স্টাডির দরজার দিকে।

‘আসুন’ বলে অমিতাভবাবু গিয়ে ঢুকলেন ঘরের মধ্যে। আর ঢোকামাত্র এক অশ্রুট চিৎকার দিয়ে উঠলেন—

‘বাবা!’

ফেলুদার অমিতাভবাবুকে দু হাত দিয়ে ধরতে হল, কারণ ভদ্রলোক প্রায় পড়েই যাচ্ছিলেন।

ততক্ষণে আমরা দুজনেও ঘরে ঢুকেছি।

বিরাট মেহগনি টেবিলের পিছনে একটা রিভলভিং চেয়ারে বসে আছেন পার্বতীচরণ হালদার। তাঁর মাথাটা চিত, দুটো পাথরের মতো চোখ চেয়ে আছে সিলিং-এর দিকে, হাত দুটো ঝুলে রয়েছে চেয়ারের দুটো হাতলের পাশে।

ফেলুদা এক দৌড়ে চলে গেছে ভদ্রলোকের পাশে। নাড়ীটা দেখার জন্য হাতটা বাড়িয়ে আমাদের দিকে ফিরে বলল, ‘তোরা দৌড়ে গিয়ে ওই সাধন লোকটাকে আটকা...দারোয়ানকে বল। দরকার হলে বাইরে রাস্তায় দ্যাখ্—’

আমার সঙ্গে সঙ্গে লালমোহনবাবুও ছুট দিলেন। মন বলছিল, দশ মিনিট চলে গেছে, সে লোককে আর পাওয়া যাবে না—বিশেষ করে যদি সে খুন করে থাকে।

সিঁড়ি দিয়ে নামবার সময় এক ভদ্রলোকের সঙ্গে প্রায় কোলিশন হয়েছিল। পরে জেনেছিলাম উনি পার্বতীচরণের বর্তমান সেক্রেটারি হৃষীকেশবাবু। দুজন অচেনা লোককে এইভাবে তড়িঘড়ি নামতে দেখে তিনি কী ভাবলেন সেটা আর তখন ভাবার সময় ছিল না।


বাইরে কেউ নেই, রাস্তায়ও না, কারুর থাকার কথাও নয়। যেটা সবচেয়ে অদ্ভুত লাগল সেটা হল এই যে দারোয়ান জোর গলায় বলল গত দশ মিনিটের মধ্যে কেউ গেট দিয়ে বাইরে যায়নি। বাবুর কাছে লোক আসবে বলে সে সকাল থেকে ডিউটিতে রয়েছে, তার ভুল হতেই পারে না।

‘চলো বাগানের দিকটা দেখি’, বললেন লালমোহনবাবু, ‘হয়তো কোথাও ঘাপটি মেরে আছে।’

তাই করলাম। দক্ষিণের পুকুরের ধার, পশ্চিমের গোলাপ বাগান, কম্পাউন্ড ওয়ালের পাশটা, চাকরদের ঘরের আশেপাশে, কোথাও বাদ দিলাম না। প্যাঁচিল টপকানোও সহজ নয়, কারণ প্রায় আট ফুট উঁচু।

হাল ছাড়তে হল।

সাধনবাবু উধাও।



পার্বতীবাবুকে মাথার উপরের একটা ভারী জিনিস দিয়ে আঘাত মেরে খুন করা হয়েছে।
 এঁদের বাড়ির ডাঙার সৌরীন সোম বললেন, মৃত্যুটা হয়েছে মারার সঙ্গে সঙ্গেই।
 ভদ্রলোকের রক্তের চাপ ওঠা-নামা করত, হার্টেরও গোলমাল ছিল।

ইতিমধ্যে পুলিশও এসে গেছে। ইন্সপেক্টর হাজরা ফেলুদাকে চেনেন। মোটামুটি
 খাতিরও করেন। সাধারণ পুলিশের লোক প্রাইভেট ইনভেসটিগেটরকে যে রকম অবজ্ঞার
 চোখে দেখে, সে রকম নয়। বললেন, ‘আমাদের যা রুটিন কাজ তা করে যাচ্ছি আমরা, যদি
 কিছু তথ্য বেরোয় তো আপনাকে জানাব।’

ফেলুদা বলল, ‘যে ভারী জিনিসটা দিয়ে খুন করা হয়েছিল সেটা সম্বন্ধে কোনও আইডিয়া
 করেছেন?’

হাজরা বললেন, ‘তেমন তো কিছু দেখছি না আশেপাশে। খুনি সেই জিনিসটা নিয়েই
 ভেগেছে বলে মনে হচ্ছে।’

‘পেপারওয়েট।’

‘পেপারওয়েট?’

‘একবার আসুন আমার সঙ্গে।’

হাজরা ও ফেলুদার পিছন পিছন আমরাও ঢুকলাম ঘরের মধ্যে।

ফেলুদা টেবিলের একটা অংশে আঙুল দিয়ে দেখাল।

সবুজ ফেণ্টের উপর মিহি ধুলো জমে আছে। তারই একটা অংশে একটা ধুলোহীন গোল
 চাকতি। খুব ভাল করে লক্ষ না করলে বোঝা যায় না।

‘অমিতাভবাবুকে জিজ্ঞেস করেছিলাম’, বলল ফেলুদা, ‘একটা বেশ বড় এবং ভারী
 ভিক্টোরীয় আমলের কাচের পেপারওয়েট থাকত এই টেবিলের উপর। এখন নেই।’

‘ওয়েল ডান, মিস্টার মিস্ত্রি!’

‘কিন্তু আসল লোক তো বেমালুম হাওয়া হয়ে গেল বলে মনে হচ্ছে’, ঘর থেকে বেরিয়ে
 এসে বলল ফেলুদা।

হাজরা বললেন, ‘নাম আর ডেসক্রিপশন যখন পাওয়া গেছে, তখন তাকে খুঁজে বের
 করতে অসুবিধা হবে না। তা ছাড়া সে তো অ্যাপ্লিকেশন করেছিল; সেটা থেকে থাকলে
 তো তার ঠিকানাই পাওয়া যাবে। আমার মনে হয় দারোয়ান সত্যি কথা বলছে না। একটা
 সময় সে গেটের কাছে ছিল না; তখনই লোকটা পালিয়েছে। মেন রোডের উপর বাড়ি,
 হয়তো বেরিয়েই বাস পেয়ে গেছে। অবিশ্যি সে ছাড়াও তো আরও লোক এসেছিল
 সকালে। সাধনবাবু আসার ঠিক আগেই আরেকজন ভদ্রলোক এসেছিলেন। খুনটা তিনিও
 করে থাকতে পারেন।’

‘কিন্তু পার্বতীবাবুকে মৃত দেখলে সাধনবাবু আর থাকবেন কেন?’

‘আপনি তো দেখেছেন ঘরটা; ও তো কিউরিওর দোকান মশাই। একজন লোক যদি
 অসং হয়, ও ঘরে ঢুকে মালিক মৃত দেখলে তো তার পোয়া বারো!’

‘আপনি দেখলে বুঝতে পারবেন কোনও জিনিস গেছে কি না?’

ফেলুদা প্রশ্নটা করল বর্তমান সেক্রেটারি হৃষীকেশ দত্তকে। ভদ্রলোক দশটার ঠিক আগে
 বেরিয়েছিলেন পোস্ট আপিসে দুটো জরুরি বিদেশি টেলিগ্রাম করতে। ফেরার পরেই
 আমাদের সঙ্গে সিঁড়িতে দেখা হয়।

‘তা হয়তো পারতে পারি’, বললেন হৃষীকেশবাবু। ‘বাইরের যা জিনিস তা মোটামুটি সবই আমার জানা। ভিতরে আলমারিবন্দি জিনিসেরও একটা তালিকা একবার আমাকে দিয়ে করিয়েছিলেন মিঃ হালদার। তার কিছু জিনিস বোধহয় আজ পেস্টনজীকে দেখাবার জন্য বার করেছিলেন। পেস্টনজী আসেন সাড়ে ন’টায়।’

‘এই পেস্টনজীর সঙ্গে কি আগেই আলাপ ছিল পার্বতীবাবুর?’

‘খুব। প্রায় দশ বছরের আলাপ। মাসে অন্তত দুবার করে আসতেন। উনিও একজন কালেক্টার। মিঃ হালদারের সংগ্রহে একটা চিঠি ছিল, সেটা দেখতেই ভদ্রলোক আসেন।’

‘এটা কি সেই নেপোলিয়নের চিঠি?’

‘হ্যাঁ।’

‘সেটা কি মিঃ হালদার বিক্রি করার কথা ভাবছিলেন?’

‘মোটাই না। পেস্টনজীর খুব লোভ ছিল ওটার উপর। তিনি মোটা টাকা অফার করবেন, আর মিঃ হালদার রিফিউজ করবেন—তাতে পেস্টনজীর মুখের ভাবটা কেমন হবে সেটা দেখেই মিঃ হালদারের আনন্দ। এ ব্যাপারে ওঁর একটা জিদও ছিল। এই চিঠিটা কেনার জন্য একবার এক আমেরিকান দাম চড়াতে চড়াতে বিশ হাজার ডলারে উঠেছিল। মিঃ হালদার ক্রমাগত মাথা নেড়ে গেলেন। সাহেবের মুখ লাল, শেষ পর্যন্ত মুখ খারাপ করতে আরম্ভ করল, আর সমস্ত ব্যাপারটা বসে বসে উপভোগ করলেন মিঃ হালদার। আজও পেস্টনজী গলা চড়াতে শুরু করেছিলেন সেটা আমি বাইরে থেকেই বুঝতে পেরেছিলাম।’

‘কীসের মধ্যে থাকত জিনিসটা?’

‘একটা অ্যালক্যাথিনের খামে।’

‘তা হলে বোধ হয় যায়নি চিঠিটা। কারণ খামটা টেবিলের উপরই রয়েছে। আর তার মধ্যে একটা সাদা ভাঁজ করা কাগজও দেখলাম।’

‘না গেলেই ভাল। ও চিঠির মর্ম সকলে বুঝবে না।’

চুরি হয়েছে কি না সেটা এখন জানা যাবে না, কারণ পুলিশ ও ঘরে কাজ করছে; তা ছাড়া পুলিশের ডাক্তার এইমাত্র এসেছেন, তিনি লাশ পরীক্ষা করছেন।

হৃষীকেশবাবু বললেন, ‘আশ্চর্য। যে সময় সাধনবাবু গেলেন, প্রায় সে সময়ই আমি ফিরেছি। অথচ লোকটার সঙ্গে দেখা হল না।’

‘আপনি বেরিয়েছেন ক’টায়?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘ঠিক দশটা বাজতে পাঁচ। এখান থেকে পাঁচ মিনিট লাগে পোস্টাফিস যেতে। খোলার সঙ্গে সঙ্গে টেলিগ্রামগুলো দিতে চেয়েছিলাম।’

‘সে তো পাঁচ মিনিটের কাজ, তা হলে ফিরতে এত দেরি হল কেন?’

হৃষীকেশবাবু মাথা নাড়ালেন।—‘আর বলবেন না মশাই। ঘড়ির ব্যান্ডের খোঁজ করছিলুম স্টেশনারি দোকানগুলোতে। দেখছেন না ডান হাতে ঘড়ি পরেছি। ব্যান্ডটা টিলে হয়ে গেছে। বাঁ কব্জি আমার ডান কব্জির চেয়ে প্রায় আধ ইঞ্চি সরু। ব্যান্ড ঢলঢল করে। কোনও লাভ হল না। সেই নিউ মার্কেট ছাড়া গতি নেই।’

ভদ্রলোক ডান হাতে ঘড়ি পরেন সেটা আগেই লক্ষ করেছি।

‘আপনি এ বাড়িতেই থাকেন?’ ফেলুদা জিজ্ঞেস করল। অমিতাভবাবু ভিতরে সামলাচ্ছেন, তা ছাড়া উনি নিজেও বেশ ভেঙে পড়েছেন, তাই ফেলুদা হৃষীকেশবাবুর কাছ থেকে যা তথ্য পাওয়া যায় বার করে নিচ্ছে।

‘হ্যাঁ, এ বাড়িতেই’, বললেন হৃষীকেশবাবু, ‘একতলায়। ফ্যামিলি-ট্যামিলি নেই, তাই মিঃ হালদার বললেন এখানেই থাকতে; ঘরের তো অভাব নেই। সাধনবাবুও শুনেছি এ বাড়িতেই থাকতেন।’

‘এ কাজ তো ছেড়ে চলে যাচ্ছিলেন আপনি। ভাল লাগছিল না বুঝি?’

‘প্রাণ হাঁপিয়ে উঠছিল মশাই। তা ছাড়া উন্নতির সুযোগ আজকের দিনে কে ছাড়ে বলুন। মিঃ হালদার অবিশ্যি এমপ্লয়ার হিসেবে ভালই ছিলেন। তাঁর বিরুদ্ধে কিছু বলার নেই আমার।’

আর একজন ভদ্রলোকের সঙ্গে এর মধ্যে আলাপ হয়েছে, যদিও কথা হয়নি। ‘তিনি হলেন অমিতাভবাবুর ছোট ভাই অচিন্ত্যবাবু। ভদ্রলোক বাড়িতেই ছিলেন, তাই বোধ হয় পুলিশ এখন তাঁকে জেরা করছে। ফেলুদা হৃষীকেশবাবুকেই জিজ্ঞেস করলেন ছোট ভাইয়ের কথা।

‘অচিন্ত্যবাবু কী করেন?’

‘থিয়েটার।’

‘থিয়েটার?’

আমরা তিনজনেই অবাক।

‘পেশাদারি থিয়েটার? মানে থিয়েটার করেই ওঁর রোজগার?’

হৃষীকেশবাবুকে উত্তরটা দিতে যেন বেশ একটু ভাবতে হল। বললেন, ‘এ সব ভেতরের ব্যাপার। আর সত্যি, আমার পক্ষে বলাটা বোধ হয় খুব শোভা পায় না। এ ফ্যামিলিতে থিয়েটার করাটা বেমানান তাতে সন্দেহ নেই, তবে আমার একটা সন্দেহ হয়েছে যে অচিন্ত্যবাবুর মনে একটা বড় রকমের অভিমান ছিল। চার ভাইয়ের মধ্যে উনিই একমাত্র বিলেত যাননি পড়াশুনো করতে। আসলে বড় ফ্যামিলিতে ছোট ভাই অনেক সময় একটু নেগলেকটেড হয়। ওনার ক্ষেত্রে মনে হয় সেটাই হয়েছে। আমার সঙ্গে মাঝে-মধ্যে কথাবার্তা থেকেও সেটাই মনে হয়েছে। চাকরি একটা করিয়ে দিয়েছিলেন মিঃ হালদারই, কিন্তু অচিন্ত্যবাবু সেটা ছেড়ে দেন। থিয়েটারের শখটা বোধ হয় এমনিতেই ছিল। বারাসতে একটা ড্রামাটিক ক্লাব নিয়ে খুব মেতে ওঠেন, কিন্তু তাতে মন ভরে না। এখন নবরঙ্গক্ষেত্রে ঘোরাঘুরি করছেন। দু-একটা হিরোর পাটও নাকি করেছেন। কালও দেখছিলাম পাট মুখস্থ করছেন।’

এবারে ইনস্পেক্টর হাজরা এগিয়ে এলেন আমাদের দিকে। অচিন্ত্যবাবুর জেরা শেষ। তিনি গোমড়া মুখে ঘর থেকে বেরিয়ে গেলেন। হাজরা বললেন, ‘খুনটা হয়েছে দশটা থেকে সাড়ে দশটার মধ্যে। পেস্টনজী ছিলেন সাড়ে ন’টা থেকে দশটার কিছু পর অবধি। সাধন দস্তিদার এসেছেন সোয়া দশটায়, গেছেন সাড়ে দশটায়। ছোট ছেলের ঘর থেকে বাইরের বরান্দা দিয়ে সোজা বাপের ঘরে যাওয়া যায়। বাড়ির ভেতরের লোক দেখতে পাবে না। দশটা পাঁচ থেকে সোয়া দশটার মধ্যে অচিন্ত্যবাবু বাপের ঘরে এসে থাকতে পারেন। উনি বলছেন সারা সকাল পাট মুখস্থ করেছেন, কেবল সাড়ে দশটা নাগাদ একবার ভাইপো অনিরুদ্ধর ডাক পেয়ে তার কাছে যান তার খেলার মেশিনগানটা দেখতে। তখনও তিনি বাপের মৃত্যু-সংবাদ পাননি। যাই হোক, মোটামুটি তিন জনেরই মোটিভ ছিল। ছেলের সঙ্গে বাপের বনত না, পেস্টনজী ছিলেন মিঃ হালদারের রাইভ্যাল, আর সাধন দস্তিদারের ছিল পুরনো আক্ৰোশ। এই হল ব্যাপার। এবার আপনি এসে একটু দেখে বলুন তো কিছু চুরি গেছে কি না।’

শেষ অনুরোধটা করা হল হৃষীকেশবাবুকে। ভদ্রলোক এগিয়ে গেলেন স্টাডির দিকে, ১৪৬



আমরা তাঁর পিছনে ।

ঘরটায় ঢুকে হৃষীকেশবাবু একবার চারিদিকে চোখ বুলিয়ে নিলেন । মেক্যানিক্যাল জিনিসে পার্বতীবাবুর খুব শখ ছিল, কারণ বৈঠকখানায় দেখেছি একটা প্রথম যুগের সিলিন্ডার গ্রামোফোন, আর এ ঘরে দেখছি একটা আদিকালের ম্যাজিক ল্যানটার্ন । তা ছাড়া ছোট ছোট মূর্তি, পাত্র, দোয়াত, কলম, পিস্তল, পুরনো ছবি, মাপ, বই—এ সব তো আছেই । বাইরের জিনিসপত্র দেখে, চাবি দিয়ে আলমারি, বাস্ক দেরাজ ইত্যাদি খুলে দেখে অবশেষে হৃষীকেশবাবু জানালেন যে কোনও জিনিস গেছে বলে তো মনে হচ্ছে না ।

ফেলুদা বলল, ‘আপনি অ্যালক্যাথিনের খামটা একবার দেখলেন না ?’

‘ওতে তো চিঠিটা রয়েছে বলেই মনে হচ্ছে ।’

‘তবু একবার দেখে নেওয়া উচিত ।’

হৃষীকেশবাবুকে খামটা খুলে ভেতরের কাগজটা টেনে বার করতে হল । কাগজের রংটা দেখেই আমার সন্দেহ হয়েছিল ; পুরনো কাগজ কি এত সাদা হয় ? ভাঁজ করা কাগজটা খুলে ফেলেই ভদ্রলোক চৈঁচিয়ে উঠলেন ।

‘এ কী ! এ তো প্যাড থেকে ছেঁড়া হালদার মশাইয়ের নিজের চিঠির কাগজ !’

অর্থাৎ নেপোলিয়নের চিঠি উধাও ।

৩

আরও আধ ঘণ্টা ছিলাম আমরা হালদারবাড়িতে । সেই সময়টা ফেলুদা বাড়ির কম্পাউন্ডটা ঘুরে দেখল । বাগানটা দেখা শেষ করে, কম্পাউন্ড ওয়ালের কোনও অংশ নিচু বা ভাঙা

আছে কি না দেখে আমরা পুকুরের কাছে এলাম। ফেলুদার দৃষ্টি মাটির দিকে, জানি ও পায়ের ছাপ খুঁজছে। শুকনো মাটি, পায়ের ছাপের সম্ভাবনা কম, তবে পুকুরের পূর্ব পাড়ে একটা অংশ ফেলুদার দৃষ্টি আকর্ষণ করায় সে থেমে গেল।

একটা ছোট্ট বুনো ফুলের গাছ যেন কীসের চাপে পিষে গেছে। আর সেটা হয়েছে কিছুক্ষণ আগেই।

ফেলুদা ফুলের আশপাশটা দেখে পুকুরের দিকে চেয়ে কিছুক্ষণ চুপ করে দাঁড়িয়ে রইল। এ পুকুর ব্যবহার হয় না, তাই জলটা পানার আবরণে ঢেকে গেছে। আমরা যেখানটা দাঁড়িয়ে আছি, সেখান থেকে হাত পাঁচেক দূরে বেশ খানিকটা জায়গা জুড়ে পানা সরে গিয়ে জল বেরিয়ে পড়েছে।

কিছু ফেলা হয়েছে কি জলের মধ্যে? তাই তো মনে হয়।

কিন্তু ফেলুদা এ নিয়ে কোনও মন্তব্য করল না। যা দেখবার ও দেখে নিয়েছে।

বাড়ি ফেরার সময় লালমোহনবাবু হঠাৎ বললেন, ‘বাগানে একটা চন্দনা দেখলুম বলে মনে হল। একটা পেয়ারা গাছ থেকে উড়ে একটা সজনে গাছে গিয়ে বসল।’

‘সেটা আমাদের বললেন না কেন?’ ধমকের সুরে বলল ফেলুদা।

‘কী জানি, যদি বেরিয়ে যায় টিয়া! দুটো পাখি এত কাছাকাছি। তবে এ পাখিটা কথা বলে।’

‘আপনি শুনলেন কথা?’

‘শুনলুম বইকী। আপনারা তখন বাগানের উলটো দিকে। আমি আরেকটু হলেই একটা তেঁতুলে বিছের উপর পা ফেলেছি, এমন সময় শুনলুম, “বাবু, সাবধান।” আর মুখ তুলে দেখি পাখি।’

‘পাখি বলল বাবু সাবধান?’

‘তাই তো স্পষ্ট শুনলুম। আপনারা বিশ্বাস করবেন না বলেই বলিনি।’

বিশ্বাস করাটা সত্যিই কঠিন, তাই কথা আর এগোল না।

তবে এটা ঠিক যে এ রকম একটা খুন আর এ রকম চুরির পরেও ফেলুদার মন থেকে চন্দনার ব্যাপারটা যাচ্ছে না। খুনের দু দিন পর, সোমবার সকালে চা খাওয়ার পর ফেলুদার কথায় সেটা বুঝতে পারলাম। ও বলল, ‘পার্বতীবাবুর খুন আর নেপোলিয়নের চিঠি চুরি—এই দুটো ঘটনাই গতানুগতিক। কিন্তু আমাকে একেবারে বোকা বানিয়ে দিয়েছে এই পাখি চুরির ব্যাপারটা।’

গতকাল অমিতাভবাবু ফোন করেছিলেন; ফেলুদা জানিয়ে দিয়েছে যে নেহাত দরকার না পড়লে এই অবস্থায় ও আর ওঁদের বিরক্ত করবে না, বিশেষ করে পুলিশ যখন তদন্ত চালাচ্ছেই। লালমোহনবাবু বলেছেন সোমবার হলেও আজ একবার আসবেন, কারণ কী ডেভেলপমেন্ট হচ্ছে না হচ্ছে সেটা জানার ওঁর বিশেষ আগ্রহ।

আমি বললাম, ‘পাখির খাঁচার গায়ে রক্তটা পাখির না মানুষের সেটা তো এখনও জানা গেল না।’

‘ওটা যে মানুষের, সেটা অ্যানালিসিস না করেই বলা যায়’, বলল ফেলুদা। ‘কেউ যদি পাখিকে খাঁচা থেকে বার করতে যায় তা হলে সেটা সাবধানেই করবে, কিন্তু পাখি ছুটফট করতে পারে, খামচাতে পারে, ঠোকরাতে পারে। অর্থাৎ যে লোকে পাখিটাকে বার করেছে, তার হাতে জখমের চিহ্ন থাকা উচিত।’

‘সে জিনিস ও বাড়ির কারুর হাতে দেখলে?’

উহ। সেটার দিকে আমি চোখ রেখেছিলাম। বাবু, চাকর কারুর হাতেই দেখিনি। অথচ টাটকা জখম। অমিতাভবাবু বললেন পার্ক স্ট্রিটে আমাদের সঙ্গে দেখা হবার দু দিন আগে পাখিটা কিনেছিলেন। তার মানে ১৩ ডিসেম্বর। খুনটা হয় ১৯ ডিসেম্বর।...এই পাখির জন্য আমি অন্য ব্যাপারগুলোতে পুরোপুরি মনও দিতে পারছি না।’

‘খুনের সুযোগ কার কার ছিল তার একটা লিস্ট করছিলে না তুমি কাল রাত্তিরে?’

‘শুধু সুযোগ নয়, মোটিভও।’

ফেলুদার পাশেই সোফায় পড়েছিল খাতাটা। সে ওটা খুলে বলল, ‘সাধন দস্তিদার সম্বন্ধে নতুন কথা বলার বিশেষ কিছু নেই। রহস্যটা হচ্ছে তার অন্তর্ধানে। এটা সম্ভব হয় একমাত্র যদি দারোয়ান মিথ্যে কথা বলে থাকে। সাধন তাকে ভালরকম ঘুষ দিয়ে থাকলে এটা হতে পারে। সেটা পুলিশে বার করুক। মিথ্যেবাদীকে সত্যি বলানোর রাস্তা তাদের জানা আছে।’

‘দ্বিতীয় সাসপেক্ট—পেস্টনজী। তবে পেস্টনজীর সত্তর বছর বয়স; বুড়ো মানুষের পক্ষে এ খুন সম্ভব কি না সেটা ভাবতে হবে। আঘাতটা করা হয়েছিল রীতিমতো জোরে। অবিশ্যি সত্তরেও অনেকের স্বাস্থ্য দিব্যি ভাল থাকে। সেটা ভদ্রলোককে চাক্ষুষ না দেখা পর্যন্ত বোঝা যাবে না।’

‘তৃতীয়—অচিন্ত্য হালদার। বাপের উপর ছেলের টান না থাকলেও খুন করার মতো আক্রোশ ছিল কি না সেটা ভাবার কথা। তবে নেপোলিয়নের চিঠি হাতাতে পারলে ওর আর্থিক সমস্যা কিছুটা মিটত ঠিকই। আর কেউ না হোক, পেস্টনজী যে সে চিঠি কিনতে রাজি হতেন, সেটা বোধহয় অনুমান করা যায়। চতুর্থ—’

‘আবার আরও একজন আছে নাকি?’

‘তাকে সাসপেক্ট বলে বলছি না, কিন্তু অমিতাভবাবু সে সময়টা কী করছিলেন, সেটা জানা দরকার বইকী। তাঁর জবাবিতে তিনি বলেছেন সকালে তিনি বাগানে থাকেন। ওঁর খুব ফুলের শখ। সে দিন দশটা পর্যন্ত তিনি বাগানে ছিলেন। মাঝে একবার আমাদের ফোন করতে নটার সময় তাঁকে নীচের বৈঠকখানায় আসতে হয়। তারপর আমরা আসার আগে আর দোতলায় যাননি। চাকর তাঁকে চা দিয়ে যায় দশটার সময় একতলায় বাগানের দিকের খোলা বারান্দায়। আমাদের গাড়ির আওয়াজ পেয়ে তিনি সামনের দিকে চলে আসেন। দোতলায় যান তিনি একেবারে আমাদের নিয়ে, তার আগে নয়।’

‘সব শেষে হলেন হৃষীকেশবাবু। ইনি দশটা বাজতে পাঁচে বেরিয়েছেন সেটা দারোয়ান দেখেছে, কিন্তু ফিরতে দেখেছে কি না মনে করতে পারছে না। দারোয়ানের কথাবার্তা খুব রিলায়েবল বলে মনে হয় না। চল্লিশ বছর চাকরি করেছে বটে হালদার বাড়িতে, হয়তো এমনিতে বিশ্বস্ত, কিন্তু বয়স হয়েছে সত্তরের উপর, কাজেই স্মরণশক্তি ক্ষীণ হয়ে আসা অস্বাভাবিক নয়। হৃষীকেশবাবু স্টেশনারি দোকানে অতটা সময় কাটিয়েছেন কি না সেটা জানা দরকার। যদি সে ব্যাপারে মিথ্যেও বলে থাকেন, তার খুনের সুযোগ সম্বন্ধে সন্দেহ থেকেই যায়। একমাত্র নেপোলিয়নের চিঠি হাত করা ছাড়া মোটিভও খুঁজে পাওয়া যায় না।’

ফেলুদা খাতাটা বন্ধ করল। আমি বললাম, ‘চাকর-বাকরদের বোধহয় সব ক’টাকেই বাদ দেওয়া যায়!’

‘শুনলিই তো চাকর সব ক’টাই পুরনো। তাদের মধ্যে বেয়ারা মুকুন্দ পার্বতীচরণের ঘরে কফি নিয়ে যায় পেস্টনজী ও পার্বতীবাবুর জন্য। পার্বতীচরণ একা থাকলেও রোজ দশটায় কফি খেতেন। এ ছাড়া আর কোনও চাকর নটার পর পার্বতীচরণের ঘরে যায়নি। বাড়িতে

লোক বলতে আর আছে অমিতাভবাবুর স্ত্রী, অনিরুদ্ধ, পার্বতীবাবুর আশি বছরের বুড়ি মা, মালী, মালীর এক ছেলে, ড্রাইভার ও দারোয়ান। অচিন্ত্যবাবু বিয়ে করেননি।

ফেলুদা একটা চারমিনার ধরাবার সঙ্গে সঙ্গেই ফোন বেজে উঠল। ইনস্পেক্টর হাজরা।

‘কী খবর বলুন স্যার’, বলল ফেলুদা।

‘সাধন দস্তিদারের ঠিকানা পাওয়া গেছে।’

‘ভেরি গুড।’

‘ভেরি ব্যাড. কারণ সে ঠিকানায় ওই নামে কেউ থাকে না।’

‘বটে?’

‘এবং কোনও দিন ছিলও না।’

‘তা হলে?’

‘তা হলে আর কী—যে তিমিরে সেই তিমিরে। মহা ফিচেল লোক বলে মনে হচ্ছে।’

‘আর হযীকেশবাবুর অ্যালিবাই ঠিক আছে?’

‘উনি পোস্টাপিসে গিয়েছিলেন দশটায় এবং টেলিগ্রামগুলো করেছেন এটা ঠিক। তারপর স্টেশনারি দোকানে যাবার কথা যেটা বললেন সেটা ভেরিফাই করা গেল না, কারণ দোকানে কেউ মনে করতে পারল না।’

‘আর পেস্টনজী?’

‘অসম্ভব তিরিফি মেজাজের লোক। প্রচণ্ড ধনী। দেড়শো বছর কলকাতায় আছে এই পার্শি ফ্যামিলি। এমনিতে বেশ শক্ত সমর্থ লোক, তবে কাবু হয়ে আছেন আরথ্রাইটিসে, ডান হাত কাঁধের উপর ওঠে না। ওঁর পক্ষে এই খুন প্রায় ইমপসিবল। লর্ড সিন্হা রোডে গিয়ে রোজ সকালে ফিজিওথেরাপি করান। চেক করে দেখেছি; কথাটা সত্যি।’

‘তা হলে তো সাধন দস্তিদারের সন্ধানই লেগে থাকতে হয়।’

‘আমার ধারণা লোকটা বারাসতেই থাকে, কারণ ওর অ্যাপ্লিকেশনের খামে বারাসতের পোস্টমার্ক রয়েছে।’

‘সে কী, এ তো খুবই ইন্টারেস্টিং ব্যাপার।’

‘আমরা খোঁজ করছি। এখানে গা ঢাকা দিয়ে থাকতে পারবে বলে মনে হয় না। ও, ভাল কথা, খোকার ঘরে চোর এসেছিল।’

‘আবার?’

‘আবার মানে?’

হাজরা পাখির কথাটা জানেন না। ফেলুদা সেটা চেপে গিয়ে বলল, ‘না, বলছিলাম—একটা চুরি তো হল বাড়িতে, আবার চোর?’

‘যাই হোক, কিছু নেয়নি।’

‘খোকা টের পেল কী করে?’

‘সে বাবা-মায়ের পাশের ঘরে একা শোয়। বিলিতি কায়দা আর কী! তা কাল মাঝ রাত্তিরে নাকি খুটখাট শব্দে ঘুম ভেঙে যায়। ছেলের সাহস আছে। “কে” বলে চুঁচিয়ে ওঠে, আর তাতেই নাকি চোর পালিয়ে যায়। আমি খোকাকে জিজ্ঞেস করলুম—তোমার ভয় করল না? তাতে সে বললে যে বাড়িতে খুন হবার পর থেকে নাকি সে বালিশের তলায় মেশিনগান নিয়ে শোয়, আর সেই কারণেই নাকি তার ভয় নেই।’

দশটার সময় লালমোহনবাবু এসে হাজির। ফেলুদাকে গম্ভীর দেখে ভদ্রলোক ভারী ব্যস্ত হয়ে উঠলেন।—‘সে কী মশাই, আপনি এখনও অন্ধকারে নাকি?’

‘কী করি বলুন—রোজ যদি একটা করে নতুন রহস্যের উদ্ভব হয়, তা হলে ফেলু মিণ্ডির

কী করে ?’

‘আবার রহস্য ?’

‘খোকার ঘরে চোর ঢুকেছিল কাল রাত্তিরে ।’

‘বলেন কী ? চোরের কি কোনও বাছবিচার নেই ? মুড়ি-মিছরি এক দর ?’

‘এখন আপনার উপর ভরসা ।’

‘হুঁ—চন্দ্র-সূর্য অস্ত গেল, জোনাক ধরে বাতি—ভীষ্ম দ্রোণ কর্ণ গেল, শল্য হল রথী ! তবে হ্যাঁ—চন্দ্রনার ব্যাপারটা কিন্তু আমায় হন্ট করছে । ওটা নিয়ে একটা আলাদা তদন্ত করা উচিত । আপনার সময় না থাকলে আমি করতে রাজি আছি । তিনকড়িবাবুর দোকানে আমার খুব যাতায়াত ছিল এককালে ।’

‘সে কী, এটা তো বলেননি আগে ।’

‘আরে মশাই, এককালে খুব পাখির শখ ছিল আমার । একটা ময়না ছিল, সেটাকে মেঘনাদবধ কাব্যের প্রথম লাইন আবৃত্তি করতে শিখিয়েছিলাম ।’

‘জল পড়ে পাতা নড়ে দিয়ে শুরু করা উচিত ছিল আপনার ।’

ভদ্রলোক ফেলুদার খোঁচাটা অগ্রাহ্য করে আমার দিকে ফিরে বললেন, ‘কী হে তপেশবাবু, যাবে নিউমার্কেট ?’

ফেলুদা বলল, ‘যেতে হয় তো বেরিয়ে পড়ুন । আমি ঘণ্টাখানেক পরে আপনাদের মিট করব ।’

‘কোথায় ?’

‘নিউ মার্কেটের মধ্যখানে, কামানটার পাশে । বিস্তর ঘোরাঘুরি আছে, বাইরে খাওয়া আছে ।’

সপ্তাহে এক দিন রেস্টুর্যান্টে খাওয়াটা আমাদের রেগুলার ব্যাপার ।

লালমোহনবাবুর গাড়িতে করে বেরিয়ে পড়লাম ।

নিউ মার্কেটের পাখির বাজারের জবাব নেই । তবে তিনকড়িবাবু যে জটায়ুকে চিনবেন না তাতে আশ্চর্য হবার কিছু নেই, কারণ ভদ্রলোক এ দোকানে শেষ এসেছেন সিক্স্টি এইটে । লালমোহনবাবু এক গাল হেসে ‘চিনতে পারছেন ?’ জিজ্ঞেস করাতে তিনকড়িবাবু তাঁর মোটা চশমার উপর দিয়ে লালমোহনবাবুর দিকে চেয়ে বললেন, ‘চেনা মুখ তো ভুলি না চট করে । নাকু বাবু তো ? আপনি কারবালা ট্যাক্স রোডে থাকেন না ?’

লালমোহনবাবুর চুপসানো ভাব দেখে আমিই কাজের কথাটা পাড়লাম ।

‘আপনার এখান থেকে গত দিন দশেকের মধ্যে কি কেউ একটা চন্দনা কিনে নিয়ে গেছে ? বারাসতের এক ভদ্রলোক ?’

‘বারাসতে কিনা জানি না, তবে দুখানা চন্দনা বিক্রি হয়েছে দিন দশেকের মধ্যে । একটা নিল জয়শক্তি ফিল্ম কোম্পানির নেপেনবাবু । বলল চিন্ময়ী মা না মুন্ময়ী মা কী একটা বইয়ের শুটিং-এ লাগবে । ভাড়াই চাইছিল—আমি বললুম সে দিন আর নেই । নিলে ক্যাশ দিয়ে নিয়ে যান, কাজ হয়ে গেলে পর আপনাদের হিরোইনকে দিয়ে দেবেন ।’

‘আর অন্যটা যে বেচলেন, সেটা কোথেকে এসেছিল আপনার দোকানে মনে আছে ?’

‘কেন মশাই, অত ইনফরমেশনে কী দরকার ?’

ভদ্রলোক একটু সন্দ্বিগ্ন বলে মনে হল ।

‘সেই পাখিটা খাঁচা থেকে চুরি গেছে অত্যন্ত রহস্যজনকভাবে’, বললেন লালমোহনবাবু, ‘সেটা ফিরে পাওয়া দরকার ।’

‘ফিরে পেতে চান তো কাগজে অ্যাডভারটাইজ দিন ।’

‘তা না হয় দেব, কিন্তু আপনার দোকানে কোথেকে এসেছিল সেটা—’

‘অতশত বলতে পারব না । আপনি অ্যাডভারটাইজ দিন ।’

‘পাখিটা কথা বলত কি ?’

‘তা বলবে না কেন ? তবে কী বলত জিজ্ঞেস করবেন না । সতেরোটা টকিং বার্ড আছে আমার দোকানে । কেউ বলে গুড মর্নিং, কেউ বলে ঠাকুর ভাত দাও, কেউ বলে জয় গুরু, কেউ বলে রাধাকেষ্ট—কোনটা কোন পাখি বলে সেটা ফস্ করে জিজ্ঞেস করলে বলতে পারব না ।’

আধ ঘণ্টা সময় ছিল হাতে, তার মধ্যে লালমোহনবাবু একটা নখ কাটার ক্লিপ, আধ ডজন দেশবন্ধু মিলসের গোল্ডি আর একটা সিগন্যাল টুথপেস্ট কিনলেন । তারপর চীনে জুতোর দোকানে গিয়ে একটা মোকাসিনের দাম করতে করতে আমাদের অ্যাপয়ন্টমেন্টের সময় এসে গেল । আমরা কামানের কাছে যাবার তিন মিনিটের মধ্যেই ফেলুদা হাজির ।

‘এবার কোথায় যাওয়া ?’ মার্কেট থেকে বাইরে এসে জিজ্ঞেস করলেন লালমোহনবাবু ।

‘পার্শ্বী প্রায় দুশো বছর ধরে কলকাতায় আছে, সেটা জানতেন ?’

‘বলেন কী ? সেই সিরাজদ্দৌলার আমল থেকে ?’

‘সেই রকম একটি প্রাচীন পার্শ্বী বাড়িতে এখন যাব আমরা । ঠিকানা হচ্ছে’—ফেলুদা পকেট থেকে খাতা বার করল—

‘একশো তেত্রিশের দই বৌবাজার স্ট্রিট ।’

8

একশো তেত্রিশের দুই বৌবাজার স্ট্রিট দেড়শো বছরের পুরনো বাড়ি কি না জানি না । তবে এত পুরনো বাড়িতে এর আগে আমি কখনও যাইনি তাতে কোনও সন্দেহ নেই । দুটো দোকানের মাঝখানে একটা খিলেনের মধ্যে দিয়ে প্যাসেজ পেরিয়ে কাঠের সিঁড়ি । সেই সিঁড়ি দিয়ে তিনতলায় গিয়ে ডান দিকে ঘুরে সামনেই দরজার উপর পিতলের ফলকে লেখা ‘আর. ডি. পেস্টনজী’ । কলিং বেল টিপতেই একজন বেয়ারা এসে দরজা খুলল । ফেলুদা তার হাতে তার নিজের নাম আর পেশা লেখা একটা কার্ড দিয়ে দিল ।

মিনিট তিনেক পর বেয়ারা এসে বলল, ‘পাঁচ মিনিটের বেশি সময় দিতে পারবেন না বাবু ।’

তাই সই । আমরা তিনজন বেয়ারার সঙ্গে গিয়ে একটা ঘরে ঢুকলাম ।

বিশাল অন্ধকার বৈঠকখানা, তারই এক পাশে দেওয়ালের সামনে সোফায় বসে আছেন ভদ্রলোক । সামনে টেবিলে রাখা বোতলে পানীয় ও গলাস । গায়ের রং ফ্যাকাসে । নাকটা টিয়া পাখির মতো ব্যাঁকা, চওড়া কপাল জুড়ে মেচেতা ।

সোনার চশমার মধ্যে দিয়ে ঘোলাটে চোখে আমাদের দিকে চেয়ে কর্কশ গলায় বললেন, ‘বাট ইউ আর নট ওয়ান ম্যান, ইউ আর এ ক্রাউড !’

ফেলুদা ক্ষমা চেয়ে ইংরাজিতে বুঝিয়ে দিল যে তিনজন হলেও, সে একাই কথা বলবে ; বাকি দুজনকে ভদ্রলোক অনায়াসে অগ্রাহ্য করতে পারেন ।

‘ওয়েল, হোয়াট ডু ইউ ওয়ান্ট ?’

‘আপনি পার্বতী হালদারকে চিনতেন বোধহয় ?’

‘মাই গড্, এগেন !’

ফেলুদা হাত তুলে ভদ্রলোককে ঠাণ্ডা করার চেষ্টা করে বলল, ‘আমি পুলিশের লোক নই

সেটা আমার কার্ড দেখেই নিশ্চয় বুঝেছেন। তবে ঘটনাচক্রে আমি এই খুনের তদন্তে জড়িয়ে পড়েছি; আমি শুধু জানতে চাইছিলাম—এই যে নেপোলিয়নের চিঠিটা চুরি হয়েছে, সেটা সম্বন্ধে আপনার কী মত।’

পেস্টনজী কিছুক্ষণ চুপ করে থেকে বললেন, ‘তুমি দেখেছ চিঠিটা?’

ফেলুদা বলল, ‘কী করে দেখব, যে দিন ভদ্রলোকের মৃত্যু, সে দিনেই তো আমি প্রথম গেলাম তার বাড়িতে।’

পেস্টনজী বললেন, ‘নেপোলিয়নের বিষয় পড়েছ তো তুমি?’

‘তা কিছু পড়েছি।’

ফেলুদা গত দু দিনে নেপোলিয়ন সম্বন্ধে আর পুরনো আর্টিস্টিক জিনিস সম্বন্ধে সিধু জ্যাঠার কাছ থেকে বেশ কিছু বই ধার করে এনে পড়েছে সেটা আমি জানি।’

‘সেন্ট হেলেনায় তার শেষ নির্বাসনের কথা জানো তো?’

‘তা জানি।’

‘কোন সালে সেটা হয়েছিল মনে আছে?’

‘১৮১৫।’

ভদ্রলোকের ঠোঁটের কোণে হাসি দেখে বুঝলাম তিনি ইমপ্রেসড হয়েছেন। বললেন, ‘এই চিঠি লেখা হয়েছিল ১৮১৪ খ্রিস্টাব্দে। সেন্ট হেলেনায় যে ছ বছর বেঁচেছিলেন নেপোলিয়ন, সেই সময়টা তাঁকে চিঠি লিখতে দেওয়া হয়নি। তার মানে এই চিঠিটা তাঁর শেষ চিঠিগুলির মধ্যে একটা। কাকে লেখা সেটা জানা যায়নি—শুধু ‘মঁশেরামী’—অর্থাৎ ‘আমার প্রিয় বন্ধু।’ চিঠির ভাব ও ভাষা অপূর্ব। সব হারিয়েছেন তিনি, কিন্তু এই অবস্থাতেও তিনি এক বিন্দু আদর্শচ্যুত হননি। এ চিঠি লাখে এক। জুরিখ শহরে এক সর্বস্বান্ত মাতালের কাছ থেকে জলের দরে এ চিঠি কিনেছিলেন পার্বতী হালদার। আর সে জিনিস আমার হাতে চলে আসত মাত্র বিশ হাজার টাকায়।’

‘কী রকম?’—আমরা সকলেই অবাক—‘মাত্র বিশ হাজার টাকায় এ চিঠি আপনাকে বিক্রি করতে রাজি ছিলেন মিঃ হালদার?’

পেস্টনজী মাথা নাড়লেন।—‘নো নো। হি ডিডন্ট ওয়ান্ট টু সেল ইট। হালদারের গোঁ ছিল সাংঘাতিক। ওঁর এদিকটা আমি খুব শ্রদ্ধা করতাম।’

‘তা হলে?’

পেস্টনজী গেলাসটা তুলে মুখে খানিকটা পানীয় ঢেলে বললেন, ‘তোমাদের কিছু অফার করতে পারি? চা, বিয়ার—?’

‘না না, আমরা এখুনি উঠব।’

‘ব্যাপারটা আর কিছুই না’ বললেন পেস্টনজী, ‘এটা পুলিশকে বলিনি। ওদের জেরার ঠেলায় আমার ব্লাড প্রেশার চড়িয়ে দিয়েছিল সাংঘাতিকভাবে। ইউ লুক লাইক এ জেন্টলম্যান, তাই তোমাকে বলছি। কাল সকালে একটা বেনামি টেলিফোন আসে। লোকটা সরাসরি আমায় জিজ্ঞেস করে, আমি বিশ হাজার টাকায় নেপোলিয়নের চিঠিটা কিনতে রাজি আছি কি না। আমি তাকে গতকাল রাত্রে আসতে বলি। সে বলে সে নিজে আসবে না, লোক পাঠিয়ে দেবে, আমি যেন তার হাতে টাকাটা দিই। সে এও বলে যে, আমি যদি পুলিশে খবর দিই তা হলে আমারও দশা হবে পার্বতী হালদারের মতো।’

‘এসেছিল সে লোক?’—আমরা তিনজনেই যাকে বলে উদ্গ্রীব, উৎকর্ণ।

পেস্টনজী মাথা নাড়লেন।—‘নো। নোবডি কেম।’

আমরা তখনই উঠে পড়তাম, কিন্তু ফেলুদার হঠাৎ পেস্টনজীর পিছনের তাকের উপর



রাখা একটা জিনিসের দিকে দৃষ্টি গেছে।

‘ওটা মিৎ যুগের পোর্সিলেন বলে মনে হচ্ছে?’

ভদ্রলোকের দৃষ্টি উদ্ভাসিত।

‘বাঃ, তুমি তো এ সব জানোটানো দেখছি। এক্সকুইজিট জিনিস।’

‘একবার যদি...’

‘নিশ্চয়ই, নিশ্চয়ই। হাতে নিয়ে না দেখলে বুঝতে পারবে না।’

ভদ্রলোক উঠে গিয়ে জিনিসটার দিকে হাত বাড়িয়েই ‘আউচ!’ বলে যন্ত্রণায় কঁচকে

গেলেন ।

‘কী হল ?’ ফেলুদা গভীর উৎকর্ষের সুরে বলল ।

‘আর বোলো না ! বুড়ো বয়সের যত বিদ্যুটে ব্যারাম । আরথ্রাইটিস । হাতটা কাঁধের উপর তুলতেই পারি না ।’

শেষকালে ফেলুদা নিজেই এগিয়ে গিয়ে তাক থেকে চীনেমাটির পাত্রটা নামিয়ে নিয়ে হাতে করে ঘুরিয়ে ঘুরিয়ে দেখে বার দু-এক ‘সুপার্ব’ বলে আবার যথাস্থানে রেখে দিল ।

‘ভদ্রলোকের সতাই হাত ওঠে কি না সেটা যাচাই করা দরকার ছিল’, রাস্তায় এসে বলল ফেলুদা ।

‘ধন্য মশাই আপনার মস্তিষ্ক ! বলুন, এবার কোনদিকে ?’

‘বলতে সংকোচ হচ্ছে । এবার একেবারে কর্নওয়ালিস স্ট্রিট ।’

‘কেন, সংকোচের কী আছে ?’

‘যা দাম হয়েছে আজকাল পেট্রলের ।’

‘আরে মশাই, দাম তো সব কিছুই বেশি । আমার যে বই ছিল পাঁচ টাকা, সেটা এখন এইট রুপিজ । অথচ সেল একেবারে স্টেডি । আপনি ওসব সংকোচ-টংকোচের কথা বলবেন না ।’

কর্নওয়ালিস স্ট্রিটের নতুন থিয়েটার নবরঙ্গমঞ্চে গিয়ে হাজির হলাম । প্রোপ্রাইটারের নাম অভিলাষ পোদ্দার । ফেলুদা কার্ড পাঠাতেই তৎক্ষণাৎ আমাদের ডাক পড়ল । দোতলার আপিস ঘরে ঢুকলাম গিয়ে ।

‘আসুন আসুন, কী সৌভাগ্য আমার, স্বনামধন্য লোকের পায়ের ধুলো পড়ল এই গরিবের ঘরে !’

নাদুস-নুদুস বার্নিশ করা চেহারাটার সঙ্গে এই বাড়িয়ে কথা বলাটা বেশ মানানসই । হাতে সোনার ঘড়ি, ঠোট দুটো টুকটুকে লাল—এই সব এক খিলি পান পুরেছেন মুখে, গা থেকে ভুরভুরে আতরের গন্ধ ।

ফেলুদা লালমোহনবাবুকে আলাপ করিয়ে দিল ‘গ্রেট থ্রিলার রাইটার’ বলে ।

‘বটে ?’ বললেন পোদ্দারমশাই ।

‘একটা হিন্দি ফিল্ম হয়ে গেছে আমার গল্প থেকে’, বললেন জটায়ু । ‘বোম্বাইয়ের বোস্বেটে । নাটকও হয়েছে একটা গল্প থেকে । গড়পারের রিক্রিয়েশন ক্লাব করেছিল সেভেনটি এইটে ।’

ফেলুদা বলল, ‘আপনার জায়ান্ট অমনিবাস একটা পাঠিয়ে দেবেন না মিস্টার পোদ্দারকে ।’

‘সার্টেনলি, সার্টেনলি’, বললেন মিঃ পোদ্দার । ‘আমি নিজে অবিশ্যি বই-টাই পড়ি না, তবে আমার মাইনে করা লোক আছে । তারা পড়ে ওপিনিয়ন দেয় আমাকে । তা বলুন মিঃ মিস্ত্রি, আপনার কী কাজে লাগতে পারি ।’

‘আপনাদের একটি হিরো সম্বন্ধে ইনফরমেশন চাই ।’

‘হিরো ? মানস ব্যানার্জি ?’

‘অচিন্ত্য হালদার ।’

‘অচিন্ত্য হালদার ? কই সে রকম নামে তো—ও হো, হ্যাঁ হ্যাঁ, ওই নামে একটি ছেলে ঘোরাঘুরি করছে বটে । একটা বইয়ে একটা পার্টও করেছিল । চেহারা মোটামুটি ভাল, তবে ভয়েসে গওগোল । বরং সিনেমা লাইনে কিছু হতে পারে । আমি সেই কথাই বলেছি তাকে । ইন ফ্যাক্ট, ছেলেটি আমাকে টাকা অফার করেছে ।’

‘মানে ? হিরোর পার্ট পাবার জন্য ?’

‘আপনি আকাশ থেকে পড়লেন যে । এ রকম হয় মিঃ মিস্ত্রি ।’

‘আপনি আমল দেননি ?’

‘নো মিঃ মিস্ত্রি । আমাদের নতুন কোম্পানি, এ সব ব্যাপার খুব রিস্কি । এ প্রস্তাবে রাজি হবার কোনও প্রশ্নই ওঠে না । ইয়ে—চা, কফি... ?’

‘নো, থ্যাঙ্কস ।’

আমরা উঠে পড়লাম । দেড়টা বাজে, পেটে বেশ চন্চনে খিদে ।

রয়েল হোটেল খাবারের অর্ডার দিয়ে ফেলুদা চন্দনা চুরির ব্যাপারে একটা বিজ্ঞাপনের খসড়া করে ফেলল । ওর চেনা আছে খবরের কাগজের আপিসে ; সম্ভব হলে কালকে না হয় লেটেস্ট পরশু কাগজে বেরিয়ে যাবে । গত দশ দিনের মধ্যে নিউ মার্কেটে তিনকড়িবাবুর দোকানে কেউ যদি একটা চন্দনা বিক্রি করে থাকেন, তা হলে তিনি যেন নিম্নলিখিত ঠিকানায়, ইত্যাদি ।

বিরিয়ানি খেতে খেতে একটা নলী হাড় কামড় দিয়ে ভেঙে ম্যারো-টা মুখে পুরে ফেলুদা বলল, ‘রহস্য যে রকম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, কোথাকার জল কোথায় গিয়ে দাঁড়ায় বলা মুশকিল ।’

‘দাঁড়ান দাঁড়ান, দেখি গেস্ করতে পারি কি না’, বললেন লালমোহনবাবু, ‘এই নতুন রহস্য হচ্ছে—সেই লোক চিঠি নিয়ে আসবে বলে এল না কেন, এই তো ?’

‘ঠিক ধরেছেন । আমার মতে এর মানে একটাই । সে লোক চিঠিটা পাবে বলে আশা করেছিল, কিন্তু শেষ পর্যন্ত পায়নি ।’

আমি বললাম, ‘তার মানে যে চুরি করেছে সে নয়, অন্য লোক ।’

‘তাই তো মনে হচ্ছে ।’

‘ওরেব্বাস’, বললেন লালমোহনবাবু, ‘তার মানে তো একজন ক্রিমিন্যাল বাড়ল ।’

‘আচ্ছা ফেলুদা’—এ প্রশ্নটা ক দিন থেকেই আমার মাথায় ঘুরছে—‘পেপারওয়ায়েট দিয়ে মাথায় মারলে লোক মরবেই এমন কোনও গ্যারান্টি আছে কি ?’

‘গুড কোয়েশ্চন’, বলল ফেলুদা । ‘উত্তর হচ্ছে, না নেই । তবে এ ক্ষেত্রে যে মেরেছে তার হয়তো ধারণা ছিল মরবেই ।’

‘কিংবা অজ্ঞান করে জিনিসটা নিতে চেয়েছিল ; মরে যাবে ভাবেনি ।’

‘রয়েলের খাওয়া যে ব্রেন টনিকের কাজ করে, সেটা তো জানতাম না । তুই ঠিক বলেছিস তোপ্‌সে । সেটাও একটা পসিব্‌ল ব্যাপার । কিন্তু সেগুলো জানলেও যে এ ব্যাপারে খুব হেল্প হচ্ছে তা তো নয় । যে লোকটাকে দরকার সে এমন আশ্চর্য ভাবে গা ঢাকা দিয়েছে যে, ঘটনাটা প্রায় অসম্ভবের পর্যায়ে পড়ে ।’

অবিশ্যি ভ্যানিশ যে করেনি সে লোক সেটা সন্ধেবেলা জানতে পারলাম, আর সেটা ঘটল বেশ নাটকীয় ভাবে ।

সেটা বলার আগে জানানো দরকার যে সাড়ে চারটের সময় হাজরা ফোন করে জানালেন বারাসতে সাধন দস্তিদারের কোনও সন্ধান পাওয়া যায়নি ।

লালমোহনবাবু হোটেল থেকে আর বাড়ি ফেরেননি । আমাদের পৌঁছে দিয়ে আমাদের এখানেই রয়ে গিয়েছিলেন । সাড়ে সাতটার সময় শ্রীনাথ আমাদের কফি এনে দিয়েছে, এমন সময় কলিং বেল বেজে উঠল । শীতকালের সন্ধ্যা, পাড়াটা এর মধ্যেই নিঝুম, তাই বেলের শব্দে বেশ চমকে উঠেছিলাম ।

দরজা খুলে আরও এক চমক ।

এসেছেন হৃষীকেশবাবু ।

‘কিছু মনে করবেন না—অসময়ে খবর না দিয়ে এসে পড়লাম—আমাদের টেলিফোনটা ফাঁকা পাওয়া যাচ্ছে না মিঃ হালদারের মৃত্যুর পর থেকেই...’

শ্রীনাথকে বলতে হয় না, সে নতুন লোকের গলা পেয়েই আরেক কাপ কফি দিয়ে গেল ।

ফেলুদা বলল, ‘আপনাকে বেশ উত্তেজিত মনে হচ্ছে । বসে ঠাণ্ডা হয়ে কী ঘটনা বলুন ।’

হৃষীকেশবাবু কফিতে একটা চুমুক দিয়ে দম নিয়ে বললেন, ‘আপনি আমার একতলার ঘরটা দেখেননি, তবে আমি বলতে পারি ও ঘরটায় থাকতে বেশ সাহসের দরকার হয় । অত বড় বাড়ির একতলায় আমি একমাত্র বাসিন্দা । চাকরদের আলাদা কোয়ার্টারস আছে । এ ক বছরে অভ্যাস খানিকটা হয়েছে ঠিকই, কিন্তু পুরোপুরি হয় না । সন্ধে থেকে গাটা কেমন ছমছম করে । যাই হোক, কাল রাত্তিরে, তখন সাড়ে দশটা হবে, আমি খাওয়া সেরে ঘরে এসে দরজা বন্ধ করে মশারিটা ফেলেছি সবে, এমন সময় দরজায় টোকা পড়ল । সত্যি বলতে কী, নক্ করার লোক ও বাড়িতে কেউ নেই । যারা আমাকে চায় তারা বাইরে থেকে হাঁক দেয়—এমন কী চাকর-বাকরও । কাজেই বুঝতে পারছেন, আমার মনে বেশ একটু খটকা লাগল । খোলার আগে জিজ্ঞেস করলুম, কে ? উত্তরের বদলে আবার টোকা পড়ল । একবার ভাবলুম খুলব না । কিন্তু সারারাত যদি ওই ভাবে খটখট চলে তা হলে তো আরও গণ্ডগোল । তাই কোনওরকমে সাহস সঞ্চয় করে যা থাকে কপালে করে দরজাটা খুললুম ; খোলামাত্র একটি লোক ঢুকে এসে দরজাটা বন্ধ করে দিল । তখনও মুখ দেখিনি ; তারপর আমার দিকে ফিরতে চাপ-দাড়ি দেখে আন্দাজ করলুম কে । ভদ্রলোক আমাকে কোনও কথা বলতে না দিয়ে সোজা গড়গড় করে তাঁর কথা বলে গেলেন এবং যতক্ষণ বললেন ততক্ষণ তাঁর ডান হাতে একটি ছোরা সোজা আমার দিয়ে পয়েন্ট করা ।’

বর্ণনা শুনে আমারই ভয় করছিল । লালমোহনবাবুর দেখলাম মুখ হাঁ হয়ে গেছে ।

‘কী বললেন সাধন দস্তিদার ?’ প্রশ্ন করল ফেলুদা ।

‘সাংঘাতিক কথা’, বললেন হৃষীকেশবাবু । ‘মিঃ হালদারের কালেকশনে কী জিনিস আছে তা যেমন মোটামুটি আমি জানি, তেমনি ইনিও জানেন । বললেন বাহাদুর শা-র যে পান্না বসানো সোনার জদরি কৌটোটা মিঃ হালদারের সংগ্রহে রয়েছে, সেটার একজন ভাল খন্দের পাওয়া গেছে, সেটা তার চাই । আমি যেন আজ রাত্তিরে এগারোটার সময় মধুমুরলীরা দিঘির ধারে ভাঙা নীলকুঠির পাশে শ্যাওড়া গাছটার নীচে ওয়েট করি—ও এসে নিয়ে যাবে ।’

‘এই যে কাজটা করতে বলেছে তার জন্য আপনার পারিশ্রমিক কী ?’

‘কচু পোড়া । এ তো হুমকির ব্যাপার । বললে যদি পুলিশে খবর দিই, তা হলে নির্যাতন মৃত্যু ।’

‘রাত্তিরে দারোয়ান গেটে থাকে না ?’

‘থাকে বইকী, কিন্তু আমার ধারণা হয়েছে লোকটা পাঁচিল উপক্কে আসে ।’

‘আপনার ঘর চিনল কী করে ?’

‘সাধু দস্তিদারও তো ওই ঘরেই থাকত—চিনবে না কেন ?’

‘ভদ্রলোকের ডাক নাম সাধু ছিল বুঝি ?’

‘মিঃ হালদারকে তো সেই নামই বলতে শুনেছি !’

‘আপনি তাকে কী বললেন ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘আমি বললুম, এখন মিঃ হালদারের জিনিসপত্রে কড়া পাহারা, সে কৌটো আমি নেব কী করে ? সে বললে, চেষ্টা করলেই পারবে । তুমি মিঃ হালদারের সেক্রেটারি ছিলে ; জরুরি

কাগজপত্র দেখার জন্য তোমার সে ঘরে ঢোকার সম্পূর্ণ অধিকার আছে ; ব্যস্—এই বলেই সে চলে গেল । আমি জানি, আপনি ছি ছি করবেন, বলবেন পুলিশে খবর দেওয়া উচিত ছিল, অন্তত বাড়ির লোককে জানানো উচিত ছিল । কিন্তু প্রাণের ভয়ের মতো ভয় আর কী আছে বলুন । আপনার কথাটাই মনে হল । আপনিও যে তদন্ত করছেন সেটা আমার মনে হয় সাধু জানে না ।’

‘আপনি তা হলে কৌটো বার করেননি ।’

‘পাগল !’

‘আপনি কি প্রস্তাব করছেন যে, আমরা সেখানে যাই ?’

‘আপনারা যদি একটু আগে গিয়ে গা ঢাকা দিয়ে থাকেন—আমি গেলাম এগারোটায়—তারপর সে এলে যা করার দরকার সে তো আপনিই ভাল বুঝবেন । এইভাবে হাতেনাতে লোকটাকে ধরার সুযোগ তো আর পাবেন না ।’

‘পুলিশকে খবর দেব না বলছেন ?’

‘অমন সর্বনাশের কথা উচ্চারণ করবেন না, দোহাই । আপনি আসুন, সঙ্গে এঁদেরও নিতে পারেন । তবে সশস্ত্র অবস্থায় যাবেন, কারণ লোকটা ডেঞ্জারাস ।’

‘লেগে পড়ুন’, বিনা দ্বিধায় বললেন লালমোহনবাবু । ‘রাজস্থানের ডাকাত যখন আমাদের পেছু হটাতে পারেনি, তখন এর জন্য কী ভয় ? এ তো নসি়া মশাই ।’

‘আমি অবিশ্যি জায়গাটা দেখিয়ে দেব’, বললেন হৃষীকেশবাবু ; ‘মেন রোড ছেড়ে খানিকটা ভেতর দিকে যেতে হয় । স্টেশন থেকে মাইল চারেক ।’

ফেলুদা রাজি হয়ে গেল । হৃষীকেশবাবু কফি শেষ করে উঠে পড়ে বললেন, ‘দশটা নাগাদ তা হলে আপনারা মিট করছেন আমাকে ।’

‘কোথায় ?’

‘আমাদের বাড়ি ছাড়িয়ে দু ফার্লং গেলেই একটা তেমাথার মোড় পাবেন । সেখানে দেখবেন একটা মিষ্টির দোকান । সেই দোকানের সামনে থাকব আমি ।’

৫

রাত্রে বিশেষ ট্রাফিক নেই, তাও এক ঘণ্টা হাতে নিয়ে আমরা বেরিয়ে পড়লাম । খাওয়াটা বাড়িতেই সেরে নিলাম । এত তাড়াতাড়ি খাওয়া অভ্যেস নেই আমাদের ; লালমোহনবাবু বললেন, ‘খিদে পেলে ওই মিষ্টির দোকানে ঢুকে পড়া যাবে । কচুরি আর আলুর তরকারি নিঘাত পাওয়া যাবে ।’

একটা সুবিধে এই যে লালমোহনবাবুর ড্রাইভার হরিপদবাবু ফেলুদার ভীষণ ভক্ত । তার উপর বোস্বাই মার্কা ফাইটিং-এর ছবি দেখার সুযোগ ছাড়েন না কখনও । এ রকম না হলে রাতবিরেতে বারাসতে ঠ্যাঙাতে অনেক ড্রাইভারই গজগজ করত ; ইনি যেন নতুন লাইফ পেলেন ।

ভি আই পি রোডে পড়ে লালমোহনবাবু গান ধরেছিলেন—‘জ্যোৎস্না রাতে সবাই গেছে বনে’, কিন্তু ফেলুদা তাঁর দিকে চাইতে অমাবস্যায় গানটা বেমানান হচ্ছে বুঝতে পেরে থেমে গেলেন ।

আকাশে এক টুকরো মেঘ নেই । তারার আলো বলে একটা জিনিস আছে, সেটা হয়তো আমাদের কিছুটা হেল্প করতে পারে । ফেলুদার ফরমাশ অনুযায়ী গাড়ি রঙের জামা পরেছি । লালমোহনবাবুর পুলোভারটা ছিল হলদে, তাই তার উপর ফেলুদার রেনকোটটা

চাপিয়ে নিয়েছেন। ভদ্রলোক এখন গাড়িতে বসা ; যখন হাঁটবেন তখন একটা পকেট ভীষণ ঝুলে থাকবে, কারণ তাতে ভরা আছে একটা হামানদিস্তার লোহার ডাঙা। ওয়েপন হিসেবে ব্যবহার করার জন্য ভদ্রলোক ওটা চেয়ে নিয়েছেন শ্রীনাথের কাছে। ফেলুদার পকেটে অবশ্য রয়েছে তার কোণ্ট রিভলভার।

আমাদের আন্দাজ ভুল হয়নি ; দশটার কিছু আগে আমরা তেমাথায় পৌঁছে গেলাম। মিষ্টির দোকানের পাশেই একটা পানের দোকান—তার সামনে থেকে হষীকেশবাবু এগিয়ে এসে আমাদের গাড়িতে উঠে হরিপদবাবুকে বললেন, ‘ডাইনের রাস্তাটা নিন।’

খানিক দূর যেতেই বাড়ি কমে এল। আলোও বেশি নেই ; রাস্তায় যা আলো ছিল তাও ফুরিয়ে গেল বাঁয়ে মোড় নিতে। বুঝলাম এটা প্রায় পল্লীগ্রাম অঞ্চল। ‘বারাসতেই ছিল প্রথম নীলকুঠি।’ বললেন হষীকেশবাবু। ‘এ দিকটাতে এককালে অনেক সাহেব থাকত ; দিনের আলোয় তাদের সব ভাঙা বাগানবাড়ি দেখতে পেতেন।’

মিনিট কুড়ি চলার পর একটা জায়গায় এসে গাড়ি দাঁড় করাতে বললেন হষীকেশবাবু।

‘আসুন।’

গাড়ি থেকে নামলাম চার জনে। ‘গাড়িটা এখানেই ওয়েট করুক’, বললেন হষীকেশবাবু, ‘আমি আপনাদের জায়গাটা দেখিয়ে দিয়ে আসি, তারপরে এই গাড়িই আমাকে বাড়ি পৌঁছে দিয়ে আবার ফিরে আসবে। আমি সাইকেল রিকশা করে ঠিক এগারোটার সময় চলে আসব।’

লালমোহনবাবু হরিপদবাবুকে টাকা দিয়ে বললেন, ‘তুমি এঁকে পৌঁছে দিয়ে ফেরার সময় কোনও দোকান-টোকান থেকে খাওয়াটা সেরে নিও। ফিরতে রাত হবে আমাদের।’

ঘাসের উপর দিয়ে মিনিট পাঁচেক হাঁটতে একটা জংলা জায়গা এসে পড়ল।

‘এখানেই ছিল মধুমুরলীর দিঘি’, বললেন হষীকেশবাবু। ‘আমাদের যেতে হবে ওখানটায়।’

খুবই কম আলো, কিন্তু তাও বুঝতে পারছি যে গাছপালা ছাড়াও ও দিকে একটা দালানের ভগ্নস্তূপ রয়েছে। শীতকাল বলে রক্ষে, না হলে এ জায়গাটা হত সাপ ব্যাঙের ডিপো !

‘এখন টর্চের আলোটা বোধহয় তেমন বিপজ্জনক কিছু নয়’, বলল ফেলুদা।

‘মনে তো হয় না’, বললেন হষীকেশবাবু।

ছোট পকেট টর্চের আলোতে ঝোপঝাড় খানাখন্দ বাঁচিয়ে আমরা পৌঁছে গেলাম নীলকুঠির ভগ্নস্তূপের পাশে।

‘ওই যে দেখুন শ্যাওড়া গাছ’, বললেন হষীকেশবাবু ! ফেলুদা সে দিকে একবার টর্চ ফেলে সেটা নিবিয়ে পকেটে পুরল।

‘আমি তা হলে আসি।’

‘আসুন।’

‘তিন কোয়ার্টার আপনাদের একটু অপেক্ষা করতে হবে।’

আমরা যে দিক দিয়ে এসেছিলাম সে দিক দিয়েই চলে গেলেন হষীকেশবাবু। এক মিনিটের মধ্যেই তাঁর পায়ের আওয়াজ মিলিয়ে গেল।

‘ওডোমসটা লাগিয়ে নিন।’

ফেলুদা পকেট থেকে টিউব বার করে লালমোহনবাবুর দিকে এগিয়ে দিল।

‘যা বলেছেন মশাই। ম্যালেরিয়া শুনছি আবার খুব বেড়েছে।’

আমরা তিন জনেই ওডোমস লাগিয়ে নিয়ে একটা বড় রকম দম নিয়ে অপেক্ষার জন্য তৈরি হলাম। আমাদের কাউকেই দাঁড়াতে হবে না, কারণ ভগ্নস্তূপে নানান হাইটের ইটের

পাঁজা রয়েছে, তাতে চেয়ার চৌকি মোড়া সব কিছুই কাজ হয়। কথা বলতে হলে ফিস্‌ফিস্‌ ছাড়া গতি নেই, তাও প্রথম দিকটায়। পরের দিকে কমপ্লিট মৌনী। অন্ধকারে চোখ সয়ে গেছে, এখন চারিদিকে চাইলে বাঁট, অশ্বখ, আমগাছ, বাঁশঝাড়—এসব বেশ তফাত করা যায়। ঝিঁঝিঁর শব্দ ছাড়াও যে অন্য শব্দ আছে সেটা বেশ বুঝতে পারছি। ট্রেনের আওয়াজ, সাইকেল রিকশার চড়া হর্ন, রাস্তার কুকুরের ঘেউ ঘেউ, এমন কী দূরের কোনও বাড়ি থেকে ট্রানজিস্টারের গান পর্যন্ত। ফেলুদার ঘড়িতে রেডিয়াম ডায়াল, তাই অন্ধকারেও টাইম দেখতে পারে।

শীত যেন মিনিটে মিনিটে বাড়ছে। শহরের চেয়ে নিখাত পাঁচ-সাত ডিগ্রি কম। লালমোহনবাবু তাঁর টুপি আনেননি, রুমাল সাদা, তাই সেটা বাঁধলেও চলে না; নিরুপায় হয়ে দু হাতের তেলো দিয়ে টাক ঢেকেছেন। একবার মুখ দিয়ে একটা অস্ফুট শব্দ করাতে ফেলুদা বলল, ‘কিছু বললেন?’ তাতে ভদ্রলোক ফিস্‌ফিস্‌ করে জবাব দিলেন, ‘শ্যাওড়া গাছেই বোধহয় পেঁজি না শাঁকচুনি কী যেন থাকে।’

‘শ্যাওড়া গাছের নামই শুনেছি’, ফিস্‌ফিসিয়ে বলল ফেলুদা, ‘চোখে এই প্রথম দেখলাম।’

আকাশে তারাগুলো সরছে। একটু আগে একটা তারাকে দেখেছিলাম নারকোল গাছের মাথার উপরে, এখন দেখছি গাছটায় ঢাকা পড়ে গেছে। কোনও চেনা কনস্টেলেশন আছে কি না দেখার জন্য মাথাটা উপর দিকে তুলেছি, এমন সময় একটা শব্দ কানে এল। পায়ের শব্দ।

এগারোটা বাজে নি এখনও। ফেলুদা দু মিনিট আগে ঘড়ি দেখে ফিস্‌ফিস্‌ করে বলেছে, ‘পৌনে।’

আমরা পাথরের মতো স্থির।

যে দিক দিয়ে এসেছি, সে দিক দিয়েই আসছে শব্দটা। ঘাসের উপর মাঝে মাঝে ইট-পাটকেল রয়েছে, তার জন্যই শব্দ। তাও কান না পাতলে, আর অন্য শব্দ না কমলে শোনা যায় না। এখন ঝিঁঝিঁর ডাক ছাড়া আর কোনও শব্দ নেই।

এবার লোকটাকে দেখা গেল। সে এগিয়ে এসেছে শ্যাওড়া গাছটাকে লক্ষ্য করে।

এবারে তার হাঁটার গতি কমাল। আমরা মাটিতে ঘাপটি মেরে বসা, সামনে একটা ভাঙা পাঁচিল আমাদের শরীরের নীচের অংশটা ঢেকে রেখেছে। আমরা তার উপর দিয়ে দেখছি।

‘হযীকেশবাবু—’

লোকটা চাপা গলায় ডাক দিয়েছে। হাঁটা থামিয়ে। তার দৃষ্টি যে শ্যাওড়া গাছটার দিকে সেটা মাথাটা দেখে আন্দাজ করতে পারছি, যদিও মানুষ চেনার কোনও প্রশ্ন ওঠে না।

‘হযীকেশবাবু—’

ফেলুদা ওঠার জন্য তৈরি। তার শরীর টান সেটা বেশ বুঝতে পারছি।

লোকটা ধীরে ধীরে এগিয়ে আসতে শুরু করল।

লালমোহনবাবুর ডান কনুইটা উচিয়ে উঠেছে। উনি পকেট হাতড়াচ্ছেন হামানদিস্তার ডাঙাটার জন্য।

লোকটা এখন দশ হাতের মধ্যে।

‘হযীকেশ—’

ফেলুদা বাঘের মতো লাফিয়ে উঠতেই একটা রক্ত জল করা ব্যাপার ঘটে গেল।

আমাদের পিছন থেকে দুটো লোক এসে তার উপর হুমড়ি খেয়ে পড়েছে।

ফেলুদার সঙ্গে থেকেই বোধহয় আমার নার্ভও শক্ত হয়ে গেছে। চট করে বিপদে মাথা গুলোয় না। আমি তৎক্ষণাৎ লাফিয়ে উঠে ঝাঁপিয়ে পড়লাম সামনের দিকে। ফেলুদার ঘুঁষি

খেয়ে একটা লোক আমারই দিকে ছিটকে এসেছিল। আমি তাকে লক্ষ্য করে আরেকটা ঘূঁষি চালাতে সে হুমড়ি খেয়ে পড়ল ঘাসের উপর।

কিন্তু এ কী, আরও লোক এসে পড়েছে পিছন থেকে! তার মধ্যে একটা আমায় জাপটে ধরেছে, আরও দুটো গিয়ে আক্রমণ করেছে ফেলুদাকে। ধস্তাধস্তির শব্দ পাচ্ছি। কিন্তু আমি নিজে বন্দি, যদিও তারই মধ্যে জুতো পরা ডান পা-টা দিয়ে ক্রমাগত পিছন দিকে লাথি চালাচ্ছি।

লালমোহনবাবু কী করছেন এই চিন্তাটা মাথায় আসতেই থুতনিতে একটা বিরশি শিক্কা ঘা খেলাম, আর সঙ্গে সঙ্গে চারিদিকের অন্ধকার যেন আরও দশ গুণ গাঢ় হয়ে গেল।

তারপর আর কিছু জানি না।

‘কীরে, ঠিক হ্যায়?’

ফেলুদার চেহারাটাই প্রথম দেখতে পেলাম জ্ঞান হয়ে।

‘ঘাবড়াসনি, আমিও নক-আউট হয়ে গেসলাম দশ মিনিটের জন্য।’

এবারে দেখলাম ঘরের অন্য লোকেদের। অমিতাভবাবু তাঁর পাশে একজন মহিলা—নিশ্চয়ই তাঁর স্ত্রী—লালমোহনবাবু, হৃষীকেশবাবু, আর দরজার মুখে দাঁড়িয়ে অচিন্ত্যবাবু। এ ঘরটা আগে দেখিনি; বাড়ির বত্রিশটা ঘরের কোনও একটা হবে।

আমি বিছানায় উঠে বসলাম। একটা কনকনে ব্যথা থুতনির কাছটায়। তা ছাড়া আর কোনও কষ্ট নেই। ফেলুদা ঘূঁষিটা খেয়েছিল ডান চোখের নীচে সেটা কালসিতে দেখেই বোঝা যাচ্ছে। ব্ল্যাক-আই ব্যাপারটা অনেক বিদেশি ছবিতে দেখেছি; স্বচক্ষে এই প্রথম দেখলাম।

‘একমাত্র জটায়ুই অক্ষত’, বলল ফেলুদা।

সে কী। আশ্চর্য ব্যাপার তো!—‘কী করে হল?’

‘মোক্ষম ওয়েপন ওই হামানদিস্তা’, বললেন লালমোহনবাবু, ‘হাতে নিয়ে মাথার উপর তুলে হেলিকপ্টারের মতো বাঁই বাঁই করে ঘুরিয়ে গেলাম। আমার ধারে কাছেও এগোয়নি একটি গুণ্ডাও।’

‘ওরা গুণ্ডা ছিল বুঝি?’

‘হয়ার্ড গুণ্ডাজ’, বললেন লালমোহনবাবু।

‘বললাম লোকটা ডেঞ্জারাস’, বললেন হৃষীকেশবাবু। ‘তবে ও যে এতটা করবে তা ভাবিনি। আমি তো গিয়ে অবাক। একজন শোয়া একজন বসা একজন হুমড়ি খেয়ে পড়ে মাটিতে। আর আসল যে লোক সে হাওয়া।’

ফেলুদা আর লালমোহনবাবু নাকি আমাকে ধরাধরি করে গাড়িতে এনে তোলেন। অমিতাভবাবু নিজে বেশ রাত অবধি পড়েন, তাই উনি জেগে ছিলেন। যে ঘরটায় আমরা রয়েছি সেটা একতলার একটা গেস্টরুম। বেশ বড় ঘর, পাশেই বাথরুম। পূর্বে জানালা দিয়ে নাকি বাগান দেখা যায়। অমিতাভবাবুই জোর করলেন আজ রাতটা এখানে থাকার জন্য। অসুবিধা এই যে বাড়তি কাপড় নেই, যা পরে আছি তাই পরেই শুতে হবে। ‘হৃষীকেশবাবুর ভয়ের জন্যই এই গোলমালটা হল’, বললেন অমিতাভবাবু, ‘পুলিশকে বলা থাকলে সাধু সমেত গুণ্ডারা এতক্ষণে হাজতে।’

হৃষীকেশবাবুও অবিশ্যি অ্যাপলজাইজ করলেন। কিন্তু ভদ্রলোককেই বা দোষ দেওয়া যায় কী করে? ও রকম শাসানির পর যে কোনও মানুষেরই ভয় হতে পারে।

অমিতাভবাবুর স্ত্রীই সব ব্যবস্থা করে দিয়েছেন। বললেন, ‘বাড়িতে এই দুর্যোগ,



আপনাদের সঙ্গে বসে দু'দণ্ড কথা বলারও সুযোগ হল না। এনার এত বই আমি পড়েছি—কী যে আনন্দ পাই তা বলতে পারি না।’

শেষের কথাটা অবিশ্যি লালমোহনবাবুকে উদ্দেশ্য করে বলা।

ফেলুদা বলল, ‘কাল সকালে যাবার আগে আপনার ছেলের সঙ্গে একবার কথা বলে নেব। ঘরে চোর ঢোকান পরেও ও যা সাহস দেখিয়েছে তেমন সচরাচর দেখা যায় না।’

সাড়ে বারোটা নাগাদ যখন আমরা শোবার আয়োজন করছি তখন ফেলুদা একটা কথা বলল।

‘ঘুঁষিটাও যে ব্রেন টনিকের কাজ করে সেটা আজ প্রথম জানলাম।’

‘কী রকম?’ বললেন লালমোহনবাবু।

‘সাধুবাবু ভ্যানিশ করার ব্যাপারটা বুঝতে পারছি এতদিনে।’

‘বলেন কী!’

‘তুথোড় লোক। তবে যার সঙ্গে মোকাবিলা করছে, সেও তো কম তুথোড় নয়!’

এর বেশি আর কিছু বলল না ফেলুদা।

৬

অনিরুদ্ধ সকালে স্কুলে যায়, তাই চা খাবার আগেই ফেলুদা ওর সঙ্গে দেখা করে নিল।

চোর ঢোকান কথাটা আজ শুনে মনে হল ছেলেটি বেশি রকম কল্পনাপ্রবণ। পরপর দুবার! একটু বাড়াবাড়ি বলে মনে হল। ফেলুদা বলল, ‘তুমি যে বন্দুকটা দিয়ে চোরকে মারবে ঠিক করেছিলে সেটা তো আমাকে দেখালে না। শুনলাম তোমার ছোটকাকাকে দেখিয়েছ।’

অনিরুদ্ধ বন্দুকটা বার করে ফেলুদার হাতে দিয়ে বলল, ‘এটা থেকে আগুনের ফুলকি বেরোয়।’

লাল প্লাস্টিকের তৈরি মেশিনগান, ট্রিগার টিপলে মেশিনগানের মতো শব্দের সঙ্গে নলের মুখ দিয়ে সতিই স্পার্ক বেরোয়।

ফেলুদা বন্দুকটা নিয়ে নেড়ে-চেড়ে দেখে সেটার খুব তারিফ করে ফেরত দিয়ে বলল, ‘তোমার’যে ঘুমের ব্যাঘাত হচ্ছে, দেখা যাক সেটা বন্ধ করা যায় কি না।’

‘তুমি চোর ধরে দেবে?’

‘গোয়েন্দার তো ওই কাজ।’

‘আর আমার চন্দনা যে চুরি করেছে সেই চোর?’

‘সেটারও চেষ্টা চলেছে, তবে কাজটা খুব সহজ নয়।’

‘খুব শক্ত?’

‘খুব শক্ত।’

‘দারুণ রহস্য?’

‘দারুণ রহস্য।’

‘আর সে দিন যে বললে, খাঁচার দরজায় রক্ত লেগে আছে?’

‘ওটাই তো ভরসা। ওটাই তো ক্লু।’

‘ক্লু মানে?’

‘ক্লু হল যার সাহায্যে গোয়েন্দা দুট্ট লোককে জব্দ করে।’

লালমোহনবাবু হঠাৎ জিজ্ঞেস করলেন, ‘আচ্ছা, তোমার পাখিকে কথা বলতে শোনে?’

‘হ্যাঁ, বলল অনিরুদ্ধ। ‘আমি ঘরে ছিলাম, আর শুনলাম পাখিটা কথা বলছে।’

‘কী কথা?’

‘বলছে : “দাদু ভাত খান, দাদু ভাত খান।” আমি তক্ষুনি বেরিয়ে এলাম কিন্তু তারপর আর কিছু বলল না।’

লালমোহনবাবুর মুখে হাসি। অনিরুদ্ধ শুনেছে, ‘দাদু ভাত খান’ আর লালমোহনবাবু শুনেছেন, ‘বাবু সাবধান’। মানতেই হয় দুটো খুব কাছাকাছি। পাখি নিশ্চয়ই ওই ধরনেরই কিছু বলছিল।

‘আপনার এখানে পাখি ধরতে পারে এমন কেউ আছে?’ ফেলুদা অমিতাভবাবুকে জিজ্ঞেস করল।

‘আমাদের মালীর ছেলে আছে, শঙ্কর’, বললেন অমিতাভবাবু। ‘এর আগে দু-একবার ধরেছে পাখি। খুব চালাক-চতুর ছেলে।’

‘তাকে বলবেন একটু চোখ রাখতে। খুব সম্ভব চন্দনাটা আপনাদের বাগানেই রয়েছে।’

বারাসতে থাকতেই দেখেছিলাম যে, খবরের কাগজে চন্দনার বিষয় বিজ্ঞাপনটা বেরিয়েছে। সেটার কাজ যে এত তাড়াতাড়ি হবে তা ভাবতে পারিনি।

বারোটা নাগাদ একটি বছর পঁচিশের ছেলে আমাদের বাড়িতে এসে হাজির। বেশ চোখাচোখা চেহারা, পরনে জিন্স আর মাথার চুলের কপাল-ঢাকা কায়দা দেখলেই বোঝা যায় ইনি হাল-ফ্যাশানের তরুণ।

ফেলুদা বসতে বলাতে ভদ্রলোক মাথা নেড়ে বললেন, ‘বসব না। আজ একটা ইন্টারভিউ আছে।’ ইয়ে, আমি আসছি ওই পাখির ব্যাপারে কাগজে যে বিজ্ঞাপনটা দিয়েছেন সেইটে দেখে।’

‘ওটা আপনাদের পাখি ছিল?’

‘আমাদের মানে আমার দাদুর। দাদু মারা গেছেন লাস্ট মান্থ। তাই বাবা ওটাকে বেচে দিলেন। ওটার দেখাশুনা দাদুই করতেন। বাবা কোর্ট-কাচারি করেন, মা বাতে ভোগেন, আর আমার ও সবে ইন্টারেস্ট নেই।’

‘কদিন ছিল আপনাদের বাড়ি?’

‘তা বছর দশেক। দাদুর খুব পিয়ারের চন্দনা ছিল।’

‘কথা বলত?’

‘হ্যাঁ। দাদুই শিখিয়েছিলেন। খুব রসিক মানুষ ছিলেন। অদ্ভুত অদ্ভুত কথা শিখিয়েছিলেন।’

‘অদ্ভুত মানে?’

‘এই যেমন—দাদুর পাশার নেশা ছিল; পাখিটাকে শিখিয়েছিলেন “কচে বারো” বলতে। তারপর ব্রিজও খেলতেন দাদু। খেলার সময় অপোনেন্টের তাস ভাল বুঝতে পারলে পার্টনারকে একটা কথা খুব বলতেন। সেটা পাখিটা তুলে নিয়েছিল।’

‘কী কথা?’

‘সাধু সাবধান।’

‘ঠিক আছে। অনেক ধন্যবাদ।’

‘আর কিছু—?’

‘না, আর কিছু জানার নেই।’

‘ইয়ে, বিজ্ঞাপন দেখে বুঝতে পারিনি এটা আপনার বাড়ি।’

‘সেটা না বোঝারই কথা।’

‘আপনাকে মিট করে খুব ইয়ে হলাম ।’

ঝাড়া পাঁচ ঘণ্টা তার ঘরের দরজা বন্ধ করে বসে থেকে বিকেলে চা খেতে বেরিয়ে এসে ফেলুদা হাজরাকে একটা টেলিফোন করল :

‘কাল সকালে কী করছেন ?’

‘কেন বলুন তো ?’

‘হালদার বাড়িতে আসতে পারবেন—নটা নাগাদ ? মনে হচ্ছে রহস্যের কিনারা হয়েছে । তৈরি হয়ে আসবেন ।’

লালমোহনবাবুকে টেলিফোনে বলে দেওয়া হল, আমরা ট্যাক্সি করে চলে যাব তাঁর বাড়ি সাড়ে আটটায় । সেখান থেকে তাঁর গাড়িতে বারাসত ।

‘রহস্য আরও বৃদ্ধি পেল নাকি ?’

‘না । সম্পূর্ণ উদ্ঘাটিত ।’

সব শেষে অমিতাভবাবুকে ফোন করা হল ।

‘আপনাদের বাড়িতে কাল সকালে একটা ছোটখাটো মিটিং করব ভাবছি ।’

‘মিটিং ?’

‘আপনাদের পুরুষ মেম্বর যে কজন আছেন তাঁরা যেন থাকেন । আর হাজরাকে থাকতে বলেছি ।’

‘কটায় করতে চাইছেন ?’

‘নটায় হাজিরা । আপনার কাজের হয়তো একটু দেরি হতে পারে, কিন্তু ব্যাপারটা জরুরি ।’

অমিতাভবাবু রাজি হয়ে গেলেন । —‘পুরুষ মেম্বর মানে কি অনেকেও চাইছেন ?’

‘না । সে না থাকাটাই বাঞ্ছনীয় । এটা শুধু প্রাপ্তবয়স্কদের জন্য ।’

আমরা যখন পৌঁছলাম, তার আগেই হাজরার দল হাজির । ফেলুদা এ রকম ধরনের মিটিং এর আগেও করেছে । প্রত্যেক বারই আমার মনের মধ্যে একটা চনমনে ভাব, কারণ জানি না কী হতে চলেছে, কার ভাগ্যে হাতকড়া আছে, কীভাবে ফেলুদা রহস্যের সমাধান করেছে । লালমোহনবাবু আমাকে বললেন, ‘আমি চিন্তাটাকে স্রেফ অন্য পথে ঘুরিয়ে নিয়েছি । এ ব্যাপারে ব্রেন খাটিয়ে কোনও লাভ নেই, কারণ আমার ঘিলুতে অনেক ভেজাল, তোমার দাদারটা পিওর । নিজের তৈরি রহস্যের সমাধান এক জিনিস, আর অ্যাকচুয়েল লাইফে সমাধান আরেক জিনিস ।’

নীচের বৈঠকখানা ঘরে জমায়েত হয়েছে । হরীকেশবাবুর দিল্লি যাবার সময় হয়ে এসেছে । বললেন, ‘এ বাড়ি ছেড়ে যেতে পারলে বাঁচি মশাই । কাজ থাকলে তবু একটা কথা । এখন প্রাণ হাঁপিয়ে ওঠে ।’

অচিন্ত্যবাবুর সঙ্গে ভাল করে আলাপ হয়নি । তিনি আপত্তি করেছিলেন এই মিটিং-এ উপস্থিত থাকার ব্যাপারে । তাঁর নাকি একটা বড় পার্ট নিয়ে খুব পরিশ্রম করতে হচ্ছে । কালই নাকি নাটকটার প্রথম শো । ভদ্রলোক ফেলুদাকে বললেন, ‘আপনার এ ব্যাপারটা কতক্ষণ চলবে ?’

ফেলুদা বলল, ‘খুব বেশি তো আধ ঘণ্টা ।’

ভদ্রলোক তাও গজগজ করতে লাগলেন ।

কফি খাবার পর ফেলুদা উঠে দাঁড়াল । কালশিটে ঢাকার জন্য ও আজ কালো চশমা পরেছে । এটা ওর একেবারে নতুন চেহারা । হাত দুটোকে প্যান্টের পকেটে পুরে সে আরম্ভ করল তার কথা ।

‘পার্বতীচরণের খুনের ব্যাপারে আমাদের যেটা সবচেয়ে অবাক করেছিল সেটা হল সাধন দস্তিদারের অন্তর্ধান। দশটা থেকে সাড়ে দশটার মধ্যে খুনটা হয়। সাধন দস্তিদার পার্বতীবাবুর ঘরে ছিলেন সোয়া দশটা থেকে সাড়ে দশটা পর্যন্ত। সাড়ে দশটায় তাঁকে আমরা ঘর থেকে বেরিয়ে সিঁড়ির দিকে যেতে দেখেছি; দশটা পঁয়ত্রিশে অনিরুদ্ধর সঙ্গে কথা বলে পার্বতীবাবুর ঘরে গিয়ে আমরা তাঁকে মৃত অবস্থায় দেখি। তৎক্ষণাৎ সাধন দস্তিদারকে খোঁজা হয়, কিন্তু পাওয়া যায় না। দারোয়ান বলে, তাঁকে গেট থেকে বেরোতে দেখিনি। বাগানে খোঁজা হয়, সেখানেও পাওয়া যায়নি। কম্পাউন্ডের যে পাঁচিল, সেটা আট ফুট উঁচু। সেটা টপকানো সহজ নয়, বিশেষ করে হাতে একটা ব্রিফকেস থাকলে। আমরা—’

এখানে অচিন্ত্যবাবু ফেলুদাকে বাধা দিলেন।

‘সাধনবাবুর আগে যিনি এসেছিলেন, তাকে কি আপনি বাদ দিচ্ছেন?’

‘আপনার বাবাকে যেভাবে আঘাত করা হয়েছিল, সেটা শক্ত সমর্থ লোকের পক্ষেই সম্ভব। পেস্টনজীর আরথ্রাইটিস আছে, তিনি ডান হাত কাঁধের উপর তুলতে পারেন না। অবিশ্যি পেস্টনজী ছাড়াও একজন তৃতীয় ব্যক্তি ছিলেন যিনি পেস্টনজী ও সাধনবাবুর ফাঁকে পার্বতীবাবুর ঘরে গিয়ে থাকতে পারেন।’

‘তিনি কে?’

‘আপনি।’

অচিন্ত্যবাবু সোফা ছেড়ে উঠে পড়েছেন।

‘আ—আপনার কি ধারণা আমি—?’

‘আমি শুধু বলেছি আপনার সুযোগ ছিল। আপনি খুন করেছেন সে কথা তো বলিনি।’

‘তাও ভাল।’

‘যাই হোক—সাধনবাবুর অন্তর্ধান বিশ্বাসযোগ্য হয় এক যদি দারোয়ান ভুল বা মিথ্যে বলে থাকে। আর দুই, যদি সাধনবাবু এ বাড়ি থেকে না বেরিয়ে থাকেন।’

‘কোনও চোরা কুঠরিতে আত্মগোপন করার কথা বলছেন?’ হ্রীকেশবাবু প্রশ্ন করলেন।

অমিতাভবাবু বললেন, ‘সে রকম লুকোনোর কোনও জায়গা এ বাড়িতে নেই। একতলার অধিকাংশ ঘরই তালাচাবি বন্ধ। এক বৈঠকখানা খোলা, রান্নাঘর ভাঁড়ারঘর খোলা আর হ্রীকেশবাবুর ঘর খোলা।’

‘এবং সে ঘরে তাকে আমি আশ্রয় দিইনি সেটা আমি বলতে পারি’, বললেন হ্রীকেশবাবু। ‘শুধু তাই নয়, সাধনবাবু যখন আসেন, তখন আমি ছিলাম না।’

‘আমরা পোস্টাপিসে খোঁজ নিয়েছি’, বলল ফেলুদা। ‘আপনি টেলিগ্রাম পাঠিয়েছেন পোস্টাপিস খোলার সঙ্গে সঙ্গে। তখন দশটা। পাঁচ মিনিট আগেই আপনার টেলিগ্রাম করতে। তারপরেই আপনি—’

‘তারপর আমি যাই ঘড়ির ব্যান্ড কিনতে।’

‘দুঃখের বিষয় দোকানের লোক আপনাকে মনে করতে পারছে না।’

‘মিঃ মিস্ত্রি, দোকানের লোকের স্মরণশক্তির উপর নির্ভর করেই কি আপনি গোয়েন্দাগিরি করেন?’

‘না, তা করি না। এবং তাদের কথায় আমরা খুব আমল দিইনি। আর আপনিও যে সত্যি কথা বলছেন সেটা আমরা মানতে বাধ্য নই।’

‘কেন, আমি মিথ্যে বলব কেন?’

‘কারণ সোয়া দশটার সময় আপনারও তো পার্বতীচরণের ঘরে যাবার প্রয়োজন হয়ে থাকতে পারে!’

‘এ সব কী বলছেন আপনি ? আপনি নিজেই বলছেন সাধনবাবুকে বেরোতে দেখেছেন, আবার বলছেন আমি গিয়েছি ?’

‘ধরুন সাধন দস্তিদার যদি নাই এসে থাকেন । তার জায়গায় আপনি গেলেন ।’

আমার মাথা গুলিয়ে যাচ্ছে । ঘরে সবাই চুপ, তারই মধ্যে হৃষীকেশবাবু হো হো করে হেসে উঠলেন ।

‘মিঃ হালদার কি উন্মাদ না জরাগ্রস্ত, যে আমি দাড়ি গোঁফ লাগিয়ে তাঁর ঘরে ঢুকব আর তিনি আমাকে চিনবেন না ?’

‘কী করে চিনবেন, হৃষীকেশবাবু ? আপনি যদি গোঁফ দাড়ি লাগিয়ে চোখের চশমাটা খুলে পোশাক বদলে তাঁর ঘরে ঢোকেন, তা হলে আপনাকে সাত বছর আগের সাধন দস্তিদার বলে কেন মনে করবেন না পার্বতীবাবু ? আপনি আর সাধন দস্তিদার যে আসলে একই লোক ! প্রতিশোধ নেবার জন্য চেহারা পালটে নাম পালটে সেই একই লোক যে আবার সেক্রেটারি হয়ে ফিরে এসেছে, সেটা তো আর বোঝেননি পার্বতীচরণ !’

হৃষীকেশবাবুর মুখের ভাব একদম পালটে গেছে । তাঁর ঠোঁট নড়ছে, কিন্তু মুখ দিয়ে কথা বেরোচ্ছে না । দুজন কনস্টেবল এগিয়ে গেল তাঁর দিকে ।

ফেলুদার কথা এখনও শেষ হয়নি ।

‘খুনের পর কি আপনার ভাড়া করা কোটের পকেটে পেপার ওয়েট পুরে তার ওজন বাড়িয়ে আপনি পুকুরের জলে ফেলে দেননি ? তারপর নিজের ঘরে গিয়ে আবার হৃষীকেশ দত্ত সেজে বেরিয়ে আসেননি ?’

এই শীতকালেও হৃষীকেশবাবুর শার্টের কলার ভিজে গেছে ।

‘আরও একটা কথা’, বলে চলল ফেলুদা । ‘সাধু সাবধান কথাটা কি চেনা চেনা লাগছে ? অনিরুদ্ধের জন্য কেনা চন্দনার মুখে কি কথাটা শোনেননি আপনি সম্প্রতি ? আর শুনে আপনার কুসংস্কারাচ্ছন্ন মনে কি বিশ্বাস ঢোকেনি যে কথাটা আপনাকে উদ্দেশ্য করেই বলছে ? আপনি সাধু সেজে মনিবের সর্বনাশ করতে যাচ্ছেন জেনেই পাখি এই সাবধানবাণী উচ্চারণ করছে ? আপনিই কি এই পাখিকে খাঁচা থেকে বার করে বাগানে নিয়ে গিয়ে ছেড়ে দেননি ? এবং এই কাজটা করার সময় আপনাকেই কি পাখি জখম করেনি ?’

হৃষীকেশবাবু এবার লাফিয়ে উঠলেন চেয়ার থেকে ।

‘অ্যাবসার্ড ! অ্যাবসার্ড ! কোথায় জখম করেছে ? কোথায় ?’

‘ইনস্পেক্টর হাজরা, আপনার লোককে বলুন তো ওঁর ডান হাত থেকে ঘড়িটা খুলে নিতে ।’

প্রচণ্ড বাধা সত্ত্বেও ঘড়ি খুলে এল ।

কবজিতে প্রায় এক ইঞ্চি লম্বা একটা আঁচড়ের দাগ, সেটা দিব্যি ঘড়ির ব্যান্ডের তলায় লুকিয়ে ছিল ।

‘আমি খুন করতে যাইনি—দোহাই আপনার—বিশ্বাস করুন !’

হৃষীকেশবাবুর অবস্থা শোচনীয় ।

‘সেটা অবিশ্বাস্য নয়’, বলল ফেলুদা, ‘কারণ আপনার আসল উদ্দেশ্য ছিল নেপোলিয়নের চিঠিটা নেওয়া । পেস্টনজী বড় রকম দর দিয়েছেন সেটা আপনি জানতেন । মিঃ হালদার বেচবেন না সেটাও আপনি পূর্ব-অভিজ্ঞতা থেকে জানতেন । কিন্তু জিনিসটা চুরি করে তো পেস্টনজীর কাছে বিক্রি করা যায় ! তাই—’

‘আমি না, আমি না !’ মরিয়া হয়ে প্রতিবাদ জানালেন হৃষীকেশবাবু ।

‘আগে আমার কথা শেষ করতে দিন । ফেলু মিতির আধাখোঁচড়াভাবে সমস্যার সমাধান

করে না। এ ব্যাপারে আপনি একা নন, সেটা আমি জানি। চিঠিটা বার করে এনে নিজের ঘরে গিয়ে মেক-আপ বদলে আপনি যান আরেকজনের কাছে চিঠিটা দিতে। কিন্তু বাড়িতে খুন হয়েছে, খানাতল্লাশি হবে, সেটা জেনে এই দ্বিতীয় ব্যক্তিও সাময়িকভাবে চিঠিটাকে অন্য জায়গায় চালান দেন। তাই নয়, অচিন্ত্যবাবু ?’

প্রশ্নটা একেবারে বুলেটের মতো। কিন্তু লোকটার আশ্চর্য নার্ড। অচিন্ত্যবাবু ঠোঁটের কোণে হাসি নিয়ে দিব্যি বসে আছেন সোফায়।

‘বলুন, বলুন, কী বলবেন,’ বললেন ভদ্রলোক, ‘আপনি তো দেখছি সবই জেনে বসে আছেন।’

‘আপনি সাড়ে দশটার একটু পরে একবার আপনার ভাইপোর ঘরে যাননি ?’

‘গিয়েছিলাম বইকী। আমার ভাইপোর ঘরে যাওয়ায় তো কোনও বাধা নেই। সে কদিন থেকেই বলছে তার নতুন খেলনা দেখাবে, তাই গিয়েছিলাম।’

‘আপনার ভাইপোর ঘরে গতকাল এবং তার আগের রাতে একজন চোর ঢুকেছিল। সে যা খুঁজছিল তা পায়নি। আপনি কি অস্বীকার করতে পারেন যে, সে চোর আপনিই এবং আপনি খুঁজতে গিয়েছিলেন নেপোলিয়নের চিঠি—যেটা আপনিই তার ঘরে লুকিয়ে রেখেছিলেন ? চিঠিটা পাবেন এই বিশ্বাসে আপনিই পেস্টনজীকে ফোন করে অফার দিয়েছিলেন, তারপর সেটা না পেয়ে আর পেস্টনজীর ওখানে যেতে পারেননি ?’

‘আমিই যখন লুকিয়েছিলাম, তখন সেটা আমি কেন পাব না সেটা বলতে পারেন ?’

‘কারণ যাতে লুকিয়েছিলেন, সেটা ছিল খোকার বালিশের তলায়। এই যে।’

ফেলুদা মিঃ হাজারার দিকে হাত বাড়িয়ে দিল। হবি সেন্টার থেকে কেনা লাল প্লাস্টিকের মেশিনগান চলে এল ফেলুদার হাতে। তার নলের ভিতরে আঙুল ঢুকিয়ে টান দিতে বেরিয়ে এল গোল করে পাকানো নেপোলিয়নের চিঠি।

‘হৃষীকেশবাবুর মেক-আপের ব্যাপারে আপনিই মালমশলা সাপ্লাই করেছিলেন বোধহয় ?’ প্রশ্ন করল ফেলুদা, ‘ভাগ বাঁটোয়ারা কী রকম হত ? ফিফটি ফিফটি ?’

*

মালীর ছেলে শঙ্কর চন্দনাটা ধরতে পেরেছিল ঠিকই, যদিও পাখি ফেরত পাওয়ার পুরো ক্রেডিটটা তার খুদে মক্কেলের কাছে ফেলুদাই পেল।

অমিতাভবাবু ফেলুদাকে অফার করেছিলেন পার্বতীচরণের কালেকশন থেকে একটা কোনও জিনিস বেছে নিতে। ফেলুদা রাজি হল না। বলল, ‘এই কেসটায় আমার জড়িয়ে পড়াটা একটা আকস্মিক ঘটনা। আসলে আমি এসেছিলাম আপনার ছেলের ডাকে। তার কাছ থেকে তো আর ফি নেওয়া যায় না !’

ঘটনার দু দিন পরে শনিবার সকালে লালমোহনবাবু এসে বললেন, ‘জলের তল পাওয়া যায়, মনের তল পাওয়া যায়। আপনার অতলম্পর্শী চিন্তাশক্তির জন্য আপনাকে একটি অনারারি টাইটেলে ভূষিত করা গেল। —এ বি সি ডি।’

‘এ বি সি ডি ?’

‘এশিয়া’জ বেস্ট ক্রাইম ডিটেক্টর।’



টিনটোরের যীশু

রুদ্রশেখরের কথা (১)

মঙ্গলবার ২৮শে সেপ্টেম্বর ১৯৮২ সন্ধ্যা সাড়ে ছটায় একটি কলকাতার ট্যাক্সি—নম্বর ডব্লিউ. বি. টি. ৪১২২—বৈকুণ্ঠপুরের প্রাক্তন জমিদার নিয়োগীদের বাড়ির গাড়িবারান্দায় এসে থামল।

দারোয়ান এগিয়ে আসার সঙ্গে সঙ্গে একটি বছর পঞ্চান্নর ভদ্রলোক গাড়ি থেকে নেমে এলেন। ভদ্রলোকের রং ফরসা, চুল অবিন্যস্ত, মুখে কাঁচা-পাকা গোঁফদাড়ি, চোখে টিনটেড গ্লাসের চশমা, পরনে গাঢ় নীল টেরিলিনের সুট।

গাড়ির ড্রাইভার ক্যারিয়ারের ডালা খুলে একটি ব্রাউন রঙের সুটকেস বার করে ভদ্রলোকের পাশে রাখল।

‘নিয়োগী সাহাব?’ দারোয়ান প্রশ্ন করল।

ভদ্রলোক মাথা নেড়ে হ্যাঁ বললেন। দারোয়ান সুটকেসটা তুলে নিল।

‘আসুন, বাবু আপনার জন্য অপেক্ষা করছেন।’

বাড়ির বর্তমান মালিক সৌম্যশেখর নিয়োগী দোতলার দক্ষিণের বারান্দায় আরাম কেদারায় বসে বায়ু সেবন করছিলেন। আগন্তুককে দেখে তিনি একটু সোজা হয়ে বসে নমস্কার করে সামনে রাখা চেয়ারের দিকে ইঙ্গিত করলেন। সৌম্যশেখরের বয়স সত্তরের কাছাকাছি। দৃষ্টির দুর্বলতা হেতু চোখে পুরু চশমা পরতে হয়েছে, এ ছাড়া শরীরে বিশেষ কোনও ব্যারাম নেই।

‘আপনিই রুদ্রশেখর?’

আগন্তুক ইতিমধ্যে চেয়ারে বসে কোটের বুক পকেট থেকে একটি পাসপোর্ট বার করে সৌম্যশেখরের দিকে এগিয়ে দিয়েছেন। সৌম্যশেখর সেটি হাতে নিয়ে একবার চোখ বুলিয়ে একটু হেসে বললেন, ‘দেখুন কী কাণ্ড। আপনি আমার আপন খুড়তুতো ভাই, অথচ আপনাকে পাসপোর্ট দেখিয়ে সেটা প্রমাণ করতে হচ্ছে। অবিশ্যি আপনাকে দেখলে নিয়োগী পরিবারের বলে বিশ্বাস করতে কষ্ট হয় না।’

ভদ্রলোকের ঠোঁটের কোণে একটা সামান্য কৌতুকের আভাস দেখা গেল।

‘তা যাক্গে,’ পাসপোর্ট ফেরত দিয়ে বললেন সৌম্যশেখর, ‘আপনার রোম থেকে লেখা চিঠিটা পেয়ে আমি যে উত্তর দিয়েছিলাম সেটা আপনি পেয়েছিলেন আশা করি। আপনি যে অ্যাডমিন আসেননি সেটাই আমাদের কাছে একটা বিস্ময়ের ব্যাপার। কাকা ঘর ছেড়ে চলে যান ফিফ্টি ফাইভে, অর্থাৎ সাতাশ বছর আগে। থার্টি-এইটে কাকা যখন আপনাকে ছাড়াই দেশে ফিরলেন তখন অনুমান করেছিলুম আপনাদের দুজনের মধ্যে খুব একটা বনিবনা নেই। কাকা অবিশ্যি এ নিয়ে কোনওদিন কিছু বলেননি, আর আমরাও জিজ্ঞেস করিনি। শুধু জানতুম যে তাঁর একটি ছেলে আছে রোমে। তা এখন যে এলেন, সেটা বোধ করি সম্পত্তির ব্যাপারে?’

‘হ্যাঁ।’

‘আপনাকে তো লিখেছিলুম যে বছর দশেক আগে অবধি মাঝে মাঝে একটা করে কাকার পোস্টকার্ড পেয়েছি। তারপর আর পাইনি। কাজেই আইনের চোখে তাঁকে মৃত বলেই ধরে



নেওয়া যায়। আপনি এ বিষয়ে উকিলের সঙ্গে কথা বলেছেন ?

‘হ্যাঁ।’

‘তা বেশ তো। আপনি কদিন থাকুন এখানে। সব দেখে-শুনে নিন। ওপরে কাকার স্টুডিয়ো এখনও সেইভাবেই আছে। রং তুলি ছবি ক্যানভাস সবই আছে, আমরা কেউ হাত দিইনি। কী আছে না আছে সব দেখে নিন। ব্যাক্সের বই-টাই সবই আছে। তবে, আপনাদের ইটালিতে কী রকম জানি না, আমাদের দেশে এসব ব্যাপারে লেখাপড়া হতে হতে ছমাস লেগে যায়। আপনি সময় হাতে নিয়ে এসেছেন আশা করি ?’

‘হ্যাঁ।’

‘মাঝে মাঝে তো কলকাতায় যাতায়াত করতে হবে ; ট্যাক্সিটা রেখে দিয়েছেন তো ?’

‘হ্যাঁ।’

‘আপনার ড্রাইভারের থাকার বন্দোবস্ত করে দেবে আমার লোক, কোনও অসুবিধা হবে না।’

‘গ্রা—থ্যাক্স।’

রুদ্রশেখর বলতে গিয়েছিলেন গ্রাৎসিয়ে, অর্থাৎ ইটালিয়ান ভাষায় ধন্যবাদ।

‘ইয়ে, আপনি আমাদের দিশি খাবারে অভ্যস্ত কি ? লন্ডনে তো শুনিচি রাস্তার মোড়ে মোড়ে ইন্ডিয়ান রেস্টোরাঁ, রোমেও আছে কি ?’

‘কিছু আছে।’

‘বেশ, তা হলে আর চিন্তা নেই। গাঁয়ে দেশে আপনাকে যে হোটেল থেকে খাবার

আনিয়ে দেব তারও তো উপায় নেই । —কী, জগদীশ—কী হল ?’

একটি বৃদ্ধ ভৃত্য দরজার মুখে এসে দাঁড়িয়েছে । দেখে বোঝা যায় সে কোনও রকমে অশ্রু সংবরণ করে আছে ।

‘হুজুর, ঠুম্রী মরে গেছে ।’

‘মরে গেছে !’

‘হাঁ হুজুর ।’

‘সেকী ? ভিখু যে ওকে নিয়ে বেড়াতে বেরোল !’

‘ওরা কেউ ফেরেনি । তাই খুঁজতে গেলাম । বাঁশবনে মরে আছে হুজুর । ভিখু পালিয়েছে ।’

সংগীতপ্রিয় সৌম্যশেখরের দুটি ফক্স টেরিয়ারের একটির নাম ছিল ঠুম্রী, একটি কাজরী । কাজরী স্বাভাবিক কারণেই মারা গেছে দু বছর আগে । ঠুম্রীর বয়স হয়েছিল এগারো । তবে আজ বিকেল অবধি সে ছিল সম্পূর্ণ সুস্থ ।

সৌম্যশেখরকে প্রিয় কুকুরের শোকে বিহ্বল দেখে সদ্য রোম থেকে আগত রুদ্রশেখর নিয়োগী চেয়ার ছেড়ে উঠে পড়লেন ।

এই বেলা তাঁর থাকার ঘরটা দেখে নিতে হবে ।

২

শিবপুরের ট্র্যাফিক আর ঘন বসতি পেরিয়ে ন্যাশনাল হাইওয়ে নাম্বার সিক্স-এ আমাদের গাড়িটা পড়তেই যেন একটা নতুন জগতে এসে পড়লাম । আমাদের গাড়ি মানে রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ুর সবুজ অ্যাসাসাডার । গাড়ি কেনার পয়সা ফেলুদার নিজের কোনও দিন হবে বলে মনে হয় না । এ দেশের প্রাইভেট ইনভেসটিগেটরের রোজগারে গাড়ি বাড়ি হয় না । আমাদের রজনী সেন রোডের ফ্ল্যাট ছেড়ে ফেলুদা কিছুদিন থেকেই একটা নিজের ফ্ল্যাটে যাবার চিন্তা করছিল, বাবা সেটা জানতে পেরে এক ধমকে ফেলুদাকে ঠাণ্ডা করেছেন । ‘সুখে থাকতে ভুতে কিলোয়’, বললেন বাবা । ‘যেই একটু রোজগার বেড়েছে অমনি নিজের ফ্ল্যাটের ধান্দা । পরে পসার কমলে যদি আবার সুড়সুড় করে এই কাকার ফ্ল্যাটেই ফিরে আসতে হয় ? সেটার কথা ভেবেছিস কি ?’ তারপর থেকে ফেলুদা চুপ ।

আর গাড়ির ব্যাপারে জটায়ুর তো আগে থেকেই বলা আছে । ‘ধরে নিন আমার গাড়ি ইজ ইকুয়াল টু আপনার গাড়ি । আপনি আমার এত উপকার করেছেন, এই সামান্য প্রিভিলেজটুকু তো আপনার ন্যায্য পাওনা মশাই ।’

উপকারের ব্যাপারটা লালমোহনবাবুর ভাষাতেই বলা ভাল । ওঁর জীবনের অনেকগুলো বন্ধ দরজা নাকি ফেলুদা এসে খুলে দিয়েছে । তাতে নাকি উনি শরীরে নতুন বল মনে নতুন সাহস আর চোখে নতুন দৃষ্টি পেয়েছেন । ‘আর, কত জায়গায় ঘোরা হল বলুন তো আপনার দৌলতে—দিল্লি, বোম্বাই, কাশী, সিমলা, রাজস্থান, সিকিম, নেপাল—ওঃ ! ট্র্যাভেল ব্রডন্স ‘দি মাইন্ড—এটা শুনে এসেছি সেই ছেলেবেলা থেকে । এটার সত্যতা উপলব্ধি করলুম তো আপনি আসার পর ।’

এবারের ট্র্যাভেলটায় মনের প্রসার কতটা বাড়বে জানি না । ক্যালকাটা টু মেচেদা ভ্রমণ বলতে তেমন কিছুই নয় । তবে লালমোহনবাবুরই ভাষায় আজকাল কলকাতায় বাস করা আর ব্ল্যাক হোলে বাস করা নাকি একই জিনিস । সেই ব্ল্যাক হোল থেকে একটি দিনের

জন্যও যদি বাইরে বেরিয়ে আসা যায় তা হলে খাঁটি অক্সিজেন পেয়ে মানুষের আয়ু নাকি কমপক্ষে তিন মাস বেড়ে যায় ।

অনেকেই হয়তো ভাবছে এত জায়গা থাকতে মেচেদা কেন । তার কারণ সংখ্যাভিত্তিক ভবেশচন্দ্র ভট্টাচার্য । মাস তিনেক হল এঁর কথা কাগজে পড়ার পর থেকেই লালমোহনবাবুর রোখ চেপেছে এর সঙ্গে দেখা করার ।

এই ভবেশ ভট্টাচার্য নাকি সংখ্যাভিত্তিকের সাহায্যে লোকেদের নানা রকম অ্যাডভাইস দিয়ে তাঁদের জীবনের মোড় ঘুরিয়ে দিচ্ছেন । বড় বড় ব্যবসাদার, বড় বড় কোম্পানির মালিক, খবরের কাগজের মালিক, ফিল্মের প্রযোজক, বইয়ের প্রকাশক, উপন্যাসের লেখক, উকিল, ব্যারিস্টার, ফিল্মস্টার—সব রকম লোক নাকি এখন তাঁর মেচেদার বাড়ির দরজায় কিউ দিচ্ছে । জটায়ুর শেষ উপন্যাসের কাটতি আগের তুলনায় কম—এক মাসে তিনটে এডিশনের বদলে দুটো এডিশন হয়েছে । জটায়ুর বিশ্বাস উপন্যাসের নামে গুণ্ডগোল ছিল, তাই এবার ভট্টাচার্য মশাইয়ের অ্যাডভাইস নিয়ে নতুন বইয়ের নামকরণ হবে, তারপর সেটা বাজারে বেরবে । ফেলুদার মত অবিশ্যি আলাদা । গত উপন্যাসটা পড়েই ফেলুদা বলেছিল রংটা বেশি চড়ে গেছে ।—‘সাত-সাতটা গুলি খাওয়া সত্ত্বেও আপনার হিরোকে বাঁচিয়ে রাখাটা একটু বাড়াবাড়ি হয়ে যাচ্ছে না, লালমোহনবাবু ?’

‘কী বলছেন মশাই ! একি যেমন-তেমন হিরো ? প্রখর রুদ্র ইজ এ সুপার-সুপার-সুপারম্যান’ ইত্যাদি । এবারের গল্পটা ফেলুদার মতে বেশ জমেছে, নামের রদবদলে বিক্রির এদিক ওদিক হবার সম্ভাবনা কম । কিন্তু তাও লালমোহনবাবু একবার সংখ্যাভিত্তিকের মত না নিয়ে ছাড়বেন না । তাই মেচেদা ।

ন্যাশনাল হাইওয়ে সিক্স খুব বেশি দিন হল তৈরি হয়নি । এই রাস্তাই সোজা চলে গেছে বস্বে । গ্র্যান্ড ট্যাক্স রোডের ধারে ধারে যেমন সব প্রাচীন গাছ দেখা যায়, এখানে তা একেবারেই নেই । বাড়ি-ঘরও বেশি নেই, চারিদিক খোলা, আশ্বিন মাসের প্রকৃতির চেহারাটা পুরোপুরি পাওয়া যায় । ড্রাইভার হরিপদবাবু স্পিডোমিটারের কাঁটা আশি কিলোমিটারে রেখে দিয়ে দিব্যি চালাচ্ছেন গাড়ি । কলকাতা থেকে মেচেদা যেতে লাগবে দু ঘণ্টা । আমরা বেরিয়েছি সকাল সাড়ে সাতটায় ; কাজ সেরে দেড়টা-দুটোর মধ্যে স্বচ্ছন্দে ফিরে আসতে পারব ।

কোলাঘাট পেরিয়ে মিনিট তিনেক যাবার পরেই একটা উদ্ভট গাড়ির দেখা পেলাম যেটা রাস্তার একপাশে অকেজো হয়ে পড়ে আছে । মালিক করুণ মুখ করে দাঁড়িয়ে আছেন গাড়ির পাশেই । আমাদের আসতে দেখে ভদ্রলোক হাত নাড়লেন, আর হরিপদবাবু ব্রেক কষলেন ।

‘একটা বিশ্রী গোলমালে পড়েছি মশাই,’ রুমালে ঘাম মুছতে মুছতে বললেন ভদ্রলোক । ‘টায়ারটা গেছে, কিন্তু জ্যাকটা বোধ হয় অন্য গাড়িতে রয়ে গেছে, হেঁ হেঁ...’

‘আপনি চিন্তা করবেন না,’ বললেন লালমোহনবাবু । ‘দেখো তো হরিপদ ।’

হরিপদবাবু জ্যাক বার করে নিজেই ভদ্রলোকের গাড়ির নীচে লাগিয়ে সেটাকে তুলতে আরম্ভ করে দিলেন ।

‘আপনার এ গাড়ি কোন ইয়ারের ?’ প্রশ্ন করল ফেলুদা ।

‘থার্টী-সিক্স,’ বললেন ভদ্রলোক, ‘আর্মস্ট্রং সিডলি ।’

‘লং রানে কোনও অসুবিধা হয় না ?’

‘দিব্যি চলে । আমার আরও দুটো পুরনো গাড়ি আছে । ভিনটেজ কার-র্যালিতে প্রতিবারই যোগ দিই আমি । ইয়ে, আপনারা চললেন কতদূর ?’

‘মেচেদায় একটু কাজ ছিল ।’

‘কতক্ষণের কাজ ?’

‘আধ ঘণ্টাখানেক ।’

‘তা হলে একটা কাজ করুন না । ওখান থেকে আমাদের বাড়িতে চলে আসুন । মেচেদা থেকে বাঁয়ে রাস্তা ধরবেন—মাত্র আট কিলোমিটার । বৈকুণ্ঠপুর ।’

‘বৈকুণ্ঠপুর ?’

‘ওখানেই পৈতৃক বাড়ি আমাদের । আমি অবিশ্যি থাকি কলকাতায় । তবে মা-বাবা ওখানেই থাকেন । দুশো বছরের পুরনো বাড়ি । আপনাদের খুব ভাল লাগবে । দুপুরে আমাদের ওখানেই খাওয়া-দাওয়া করে বিকেলের দিকে চলে আসবেন । আপনারা আমার যা উপকার করলেন ! কতক্ষণ যে এইভাবে দাঁড়িয়ে থাকতে হত জানি না ।’

ফেলুদা একটু যেন অন্যমনস্ক । বলল, ‘বৈকুণ্ঠপুর নামটা কোথায় যেন দেখেছি রিসেন্টলি ?’

‘ভূদেব সিং-এর লেখাতে কি ? ইল্যাস্ট্রেটেড উইকলিতে ?’

‘হ্যাঁ হ্যাঁ । মাস দেড়েক আগে বেরিয়েছিল ।’

‘আমি শুনেছি লেখাটার কথা, কিন্তু পড়া হয়নি ।’

ইল্যাস্ট্রেটেড উইকলি আমাদের বাড়িতে আসে না । ফেলুদা কোথায় পড়েছে জানি । হেয়ার কাটিং সেলুনে । একটা বিশেষ সেলুনে ও যায় আর ইয়াসিন নাপিত ছাড়া কাউকে দিয়ে চুল কাটায় না । ইয়াসিন যতক্ষণ ব্যস্ত থাকে ফেলুদা ততক্ষণ ম্যাগাজিন পড়ে ।

‘বৈকুণ্ঠপুরের নিয়োগী পরিবারের একজনকে নিয়ে লেখা,’ বলল ফেলুদা, ‘ভদ্রলোক ছবি আঁকতেন । রোমে গিয়ে আঁকা শিখেছিলেন ।’

‘আমার দাদু চন্দ্রশেখর,’ হেসে বললেন ভদ্রলোক । ‘আমি ওই পরিবারেরই ছেলে । আমার নাম নবকুমার নিয়োগী ।’

‘আই সি । আমার নাম প্রদোষ মিত্র । ইনি লালমোহন গাঙ্গুলী, আর ইনি আমার খুড়তুতো ভাই তপেশ ।’

প্রদোষ মিত্র শুনে ভদ্রলোকের ডুরু কুঁচকে গেল ।

‘গোয়েন্দা প্রদোষ মিত্র ?’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘তা হলে তো আপনাদের আসতেই হবে । আপনি তো বিখ্যাত লোক মশাই । সত্যি বলতে কী, এর মধ্যে আপনার কথা মনেও হয়েছিল একবার ।’

‘কেন বলুন তো ?’

‘একটা খুনের ব্যাপারে । আপনি শুনলে হাসবেন, কারণ ভিকটিম মানুষ নয়, কুকুর ।’

‘বলেন কী ? কবে হল এ খুন ?’

‘গত মঙ্গলবার । আমাদের একটা ফক্স টেরিয়ার । বাবার খুবই প্রিয় কুকুর ছিল ।’

‘খুন মানে ?’

‘চাকরের সঙ্গে বেড়াতে বেরিয়েছিল । আর ফেরেনি । চাকরও ফেরেনি । কুকুরের লাশ পাওয়া যায় বাড়ি থেকে মাইল খানেক দূরে, একটা বাঁশবনে । মনে হয় বিষাক্ত কিছু খাওয়ানো হয়েছিল । বিস্কিটের গুঁড়ো পড়ে ছিল আশেপাশে ।’

‘এ তো অদ্ভুত ব্যাপার । এর কোনও কিনারা হয়নি ?’

‘উঁহঁ । কুকুরের বয়স হয়েছিল এগারো । এমনিতেই আর বেশিদিন বাঁচত না । আমার কাছে ব্যাপারটা তাই আরও বেশি মিস্টিরিয়াস বলে মনে হয় । যাই হোক, আপনাকে অবিশ্যি এ নিয়ে তদন্ত করতে হবে না, কিন্তু আপনারা এলে সত্যিই খুশি হব । দাদুর স্টুডিও এখনও

রয়েছে, দেখিয়ে দেব ।’

‘ঠিক আছে,’ বলল ফেলুদা । ‘আমারও লেখাটা পড়ে যথেষ্ট কৌতূহল হয়েছিল নিয়োগী পরিবার সম্বন্ধে । আমরা কাজ সেরে সাড়ে দশটা নাগাত গিয়ে পড়ব ।’

‘মেচেদার মোড় থেকে দু-কিলোমিটার গেলে একটা পেট্রল পাম্প পড়ে । সেখানে জিজ্ঞেস করলেই বৈকুণ্ঠপুরের রাস্তা বাতলে দেবে ।’

টায়ার লাগানো হয়ে গিয়েছিল । আমাদের গাড়ি আরও স্পিডে যাবে বলে ভদ্রলোক আমাদেরই আগে যেতে দিলেন । গাড়ি রওনা হবার পর ফেলুদা বলল, ‘কত যে ইন্টারেস্টিং বাঙালি চরিত্র আছে যাদের নামও আমরা জানি না । এই চন্দ্রশেখর নিয়োগী বিংশ শতাব্দীর গোড়ার দিকে চব্বিশ বছর বয়সে রোমে চলে যান ওখানকার বিখ্যাত অ্যাকাডেমিতে পেন্টিং শিখতে । ছাত্র থাকতেই একটি ইটালিয়ান মহিলাকে বিয়ে করেন । স্ত্রীর মৃত্যুর পর দেশে ফিরে আসেন । এখানে পোর্ট্রেট আঁকিয়ে হিসেবে খুব নাম হয় । নেটিভ স্টেটের রাজ-রাজ্যাদের ছবি আঁকতেন । একটি রাজার সঙ্গে খুব বন্ধুত্ব হয় । তিনিই লিখেছেন প্রবন্ধটা । প্রৌঢ় বয়সে আঁকাটাকা সব ছেড়ে দিয়ে সন্ন্যাসী হয়ে চলে যান ।’

‘আপনি বলছেন চন্দ্রশেখরের কথা । আর আমি ভাবছি কুকুর খুন,’ বললেন লালমোহনবাবু । ‘এ জিনিস শুনেছেন কখনও ?’

ফেলুদা স্বীকার করল সে শোনেনি ।

‘লেগে পড়ুন মশাই,’ বললেন লালমোহনবাবু ‘শাঁসালো মক্কেল । তিন তিনখানা ভিনটেজ গাড়ি । হাতের ঘড়িটা দেখলেন ? কমপক্ষে ফাইভ থাউজ্যান্ড চিপস । এ দাঁও ছাড়বেন না ।’

৩

ভবেশ ভট্টাচার্যের সঙ্গে পোস্টকার্ডে অ্যাপয়েন্টমেন্ট করা ছিল, তাই তাঁর দর্শন পেতে দেরি হল না । ইন্সকুল মাস্টার টাইপের চেহারা, চোখে মোটা চশমা, গায়ে ফতুয়ার উপর একটা এন্ডির চাদর, বসেছেন তক্তাপোশে, সামনে ডেস্কের উপর গোটা পাঁচেক ছুঁচোলো করে কাটা পেনসিল, আর একটা খোলা খেরোর খাতা ।

‘লালমোহন গঙ্গোপাধ্যায় ?’—পোস্টকার্ডে নামটা পড়ে জিজ্ঞেস করলেন ভদ্রলোক । লালমোহনবাবু মাথা নাড়লেন । ‘বয়স কত হল ?’ লালমোহনবাবু বয়স বললেন । ‘জন্মতারিখ ?’ ‘উনত্রিশে শ্রাবণ ।’

‘হুঁ...সিংহ রাশি । তা আপনার জিজ্ঞাসাটা কী ?’

‘আজ্ঞে আমি রহস্য রোমাঞ্চ সিরিজে উপন্যাস লিখি । আমার আগামী উপন্যাসের তিনটি নাম ঠিক করা আছে । কোনটা ব্যবহার করব যদি বলে দেন ।’

‘কী কী নাম ?’

‘“কারাকোরামে রক্ত কার ?”, “কারাকোরামের মরণ কামড়”, আর “নরকের নাম কারাকোরাম” ।’

‘হুঁ । দাঁড়ান ।’

ভদ্রলোক নামগুলো খাতায় লিখে নিয়ে কীসব যেন হিসেব করলেন, তার মধ্যে যোগ বিয়োগ গুণ ভাগ সবই আছে । তারপর বললেন, ‘আপনার নাম থেকে সংখ্যা পাচ্ছি একুশ, আর জন্ম-মাস এবং জন্মতারিখ মিলিয়ে পাচ্ছি ছয় । তিন সাথে একুশ, তিন দুগুণে ছয় । অর্থাৎ তিনের গুণনীয়ক না হলে ফল ভাল হবে না । আপনি তৃতীয় নামটাই ব্যবহার

করুন। তিন আঠারং চুয়ান্ন। কবে বেরোচ্ছে বই ?’

‘আজ্ঞে পয়লা জানুয়ারি।’

‘উহু। তেসরা করলে ভাল হবে, অথবা তিনের গুণণীয়ক যে-কোনও তারিখ।’

‘আর, ইয়ে—বিক্রিটা—?’

‘বই ধরবে।’

একশোটি টাকা খামে পুরে দিয়ে আসতে হল ভদ্রলোককে। লালমোহনবাবুর তাতে বিন্দুমাত্র আক্ষেপ নেই। উনি ষোল আনা শিওর যে বই হিট হবেই। বললেন, ‘মনের ভার নেমে গিয়ে অনেকটা হালকা লাগছে মশাই।’

‘তার মানে এবার থেকে কি প্রত্যেক বই বেরোবার আগেই মেচেদা—?’

‘বছরে দুটি তো! সাক্সেসের গ্যারান্টি যেখানে পাচ্ছি...’

ভটচাষ মশাইয়ের কাছে বিদায় নিয়ে একটা চায়ের দোকানে চা খেয়ে আমরা বৈকুণ্ঠপুর রওনা দিলাম। নবকুমারবাবুর নির্দেশ অনুযায়ী পেট্রল পাম্প জিঙ্ক্স করে নিয়োগী প্যালেসে পৌঁছাতে লাগল বিশ মিনিট।

বাড়ির বয়স যে দুশো সেটা আর বলে দিতে হয় না। খানিকটা অংশ মেরামত করে রং করা হয়েছে সম্প্রতি, বাড়ির লোকজন বোধহয় সেই অংশটাতেই থাকে। দুদিকে পাম গাছের সারিওয়ালা রাস্তা পেরিয়ে বিরাট পোর্টিকোর নীচে এসে আমাদের গাড়ি থামল। নবকুমারবাবু গাড়ির আওয়াজ পেয়েই নীচে এসে দাঁড়িয়েছিলেন। একগাল হেসে আসুন আসুন বলে আমাদের ভিতরে নিয়ে গেলেন। আমরা কথা রাখব কি না এ বিষয়ে তাঁর খানিকটা সংশয় ছিল এটাও বললেন।

‘বাবাকে আপনার কথা বলেছি,’ সিঁড়ি দিয়ে দোতলায় উঠতে উঠতে বললেন ভদ্রলোক। ‘আপনারা আসছেন শুনে উনি খুব খুশি হলেন।’

‘আর কে থাকেন এ বাড়িতে?’ জিঙ্ক্স করল ফেলুদা।

‘সব সময় থাকার মধ্যে বাবা আর মা। মা-র জন্যেই থাকা। ওঁর স্বাস্থ্যের কষ্ট। কলকাতার ক্লাইমেট সহ্য হয় না। তা ছাড়া বন্ধিমবাবু আছেন। বাবার সেক্রেটারি ছিলেন। এখন ম্যানেজার বলতে পারেন। আর চাকর-বাকর। আমি মাঝে মধ্যে আসি। এমনিতেও আমি ফ্যামিলি নিয়ে আর কদিন পরেই আসতাম। এ বাড়িতে পুজো হয়, তাই প্রতিবারই আসি। এবারে একটু আগে এলাম কারণ শুনলাম বাড়িতে অতিথি আছে—আমার কাকা, চন্দ্রশেখরের ছেলে, রোম থেকে এসেছেন কদিন হল—তাই মনে হল বাবা হয়তো একা ম্যানেজ করতে পারছেন না।’

‘আপনার কাকার সঙ্গে আপনাদের যোগাযোগ আছে বুঝি?’

‘একেবারেই না। এই প্রথম এলেন। বোধহয় দাদুর সম্পত্তির ব্যাপারে।’

‘আপনার দাদু কি মারা গেছেন?’

‘খবরাখবর নেই বহুদিন। বোধহয় মৃত বলেই ধরে নিতে হবে।’

‘উনি রোম থেকে ফিরে এসে এখানেই থাকতেন?’

‘হ্যাঁ।’

‘কলকাতায় না থেকে এখানে কেন?’

‘কারণ উনি যাদের ছবি আঁকতেন তারা সারা ভারতবর্ষে ছড়ানো। নেটিভ স্টেটের রাজা-মহারাজা। কাজেই ওঁর পক্ষে কলকাতায় থাকার কোনও বিশেষ সুবিধে ছিল না।’

‘আপনি আপনার দাদুকে দেখেছেন?’

‘উনি যখন বাড়ি ছেড়ে চলে যান তখন আমার বয়স ছয়। আমায় ভালবাসতেন খুব



এইটুকু মনে আছে ।’

বৈঠকখানায় আসবাবের চেহারা দেখে চোখ টেরিয়ে গেল । মাথার উপরে ঘরের দুদিকে দুটো ঝাড়লঠন রয়েছে যেমন আর আমি কখনও দেখিনি । একদিকের দেয়ালে প্রায় আসল মানুষের মতো বড় একটা পোর্ট্রেট রয়েছে একজন বৃদ্ধের—গায়ে জোকা, কোমরে তলোয়ার, মাথায় মণিমুক্তা বসানো পাগড়ি । নবকুমার বললেন ওটা ওঁর প্রপিতামহ অনন্তনাথ নিয়োগীর ছবি । চন্দ্রশেখর ইটালি থেকে ফিরে এসেই ছবিটা ঐঁকেছিলেন । —‘ছেলে ইটালিয়ান মেয়ে বিয়ে করেছে শুনে অনন্তনাথ বেজায় বিরক্ত হয়েছিলেন । বলেছিলেন আর কোনওদিন ছেলের মুখ দেখবেন না । কিন্তু শেষ বয়সে ওঁর মনটা অনেক নরম হয়ে যায় । দাদু বিপত্তীক অবস্থায় ফিরলে উনি দাদুকে ক্ষমা করেন, এবং উনিই দাদুর প্রথম সিটার ।’

আমি একটা কথা না জিজ্ঞেস করে পারলাম না ।

‘এস. নিয়োগী লেখা দেখছি কেন ? ওঁর নাম তো ছিল চন্দ্রশেখর ।’

‘রোমে গিয়ে ওঁর নাম হয় সানড্রো । সেই থেকে ওই নামই লিখতেন নিজের ছবিতে ।’

পোর্ট্রেট ছাড়া ঘরে আরও ছবি ছিল এস. নিয়োগীর আঁকা । আর্টের বইয়ে যে সব বিখ্যাত বিলিতি পেন্টারের ছবি দেখা যায়, তার সঙ্গে প্রায় কোনও তফাত নেই । বোঝাই যায় দুর্দান্ত শিল্পী ছিলেন সানড্রো নিয়োগী ।

একজন চাকর শরবত নিয়ে এল । ট্রে থেকে একটা গেলাস তুলে নিয়ে ফেলুদা প্রশ্ন করল ।

‘ওই প্রবন্ধটাতে ভদ্রলোক লিখেছেন চন্দ্রশেখরের ব্যক্তিগত সংগ্রহে নাকি কোনও বিখ্যাত বিদেশি শিল্পীর আঁকা একটি পেন্টিং ছিল । অবিশ্যি ভদ্রলোক শিল্পীর নাম বলেননি, কারণ চন্দ্রশেখরই নাকি ওঁকে বলতে বারণ করেছিলেন—বলেছিলেন “বললে কেউ বিশ্বাস করবে না” । আপনি কিছু জানেন এই পেন্টিং সম্বন্ধে ?’

নবকুমারবাবু বললেন, ‘দেখুন, মিস্টার মিত্র—পেন্টিং একটা আছে এটা আমাদের পরিবারের সকলেই জানে । বেশি বড় না । এক হাত বাই দেড় হাত হবে । একটা ক্রাইস্টের ছবি । সেটা কোনও বিখ্যাত শিল্পীর আঁকা কি না বলতে পারব না । ছবিটা দাদু নিজের স্টুডিয়ার দেয়ালেই টাঙিয়ে রাখতেন, অন্য কোনও ঘরে টাঙানো দেখিনি কখনও ।’

‘অবিশ্যি যিনি প্রবন্ধটা লিখেছেন তিনি জানেন নিশ্চয়ই ।’

‘তা তো জানবেনই, কারণ ভগওয়ানগড়ের এই রাজার সঙ্গে দাদুর খুবই বন্ধুত্ব ছিল ।’

‘আপনার কাকা জানতেন না ? যিনি এসেছেন ?’

নবকুমার মাথা নাড়লেন ।

‘আমার বিশ্বাস বাপ আর ছেলের মধ্যে বিশেষ সম্ভাব ছিল না । তা ছাড়া কাকা বোধহয় আর্টের দিকে যাননি ।’

‘তার মানে ওই ছবির সঠিক মূল্যায়ন এ বাড়ির কেউ করতে পারবে না ?’

‘কাকা না পারলে আর কে পারবে বলুন । বাবা হলেন গানবাজনার লোক । রাতদিন ওই নিয়েই পড়ে থাকতেন । আর্টের ব্যাপারে আমার যা জ্ঞান, ওঁরও সেই জ্ঞান । আর আমার ছোটভাই নন্দকুমার সম্বন্ধেও ওই একই কথা ।’

‘তিনিও গানবাজনা নিয়ে থাকেন বুঝি ?’

‘না । ওর হল অ্যাকটিং-এর নেশা । আমাদের একটা ট্র্যাভেল এজেন্সি আছে কলকাতায় । বাবাই করেছিলেন, আমরা দুজনেই পার্টনার ছিলাম তাতে । নন্দ সেভেন্টি-ফাইভে হঠাৎ সব ছেড়ে ছুড়ে বম্বে চলে যায় । ওর এক চেনা লোক ছিল ওখানকার ফিল্ম লাইনে । তাকে ধরে হিন্দি ছবিতে একটা অভিনয়ের সুযোগ করে নেয় । তারপর থেকে ওখানেই আছে ।’

‘সাকসেসফুল ?’

‘মনে তো হয় না । ফিল্ম পত্রিকায় গোড়ার দিকের পরে তো আর বিশেষ ছবিটবি দেখিনি ওর ।’

‘আপনার সঙ্গে যোগাযোগ আছে ?’

‘মোটাই না । শুধু জানি নেপিয়ান সি রোডে একটা ফ্ল্যাটে থাকে । বাড়ির নাম বোধহয় সি-ভিউ । মাঝে মাঝে ওর নামে চিঠি আসে । সেগুলো রিডাইরেস্ট করতে হয় । ব্যস ।’

শরবত শেষ করে আমরা নবকুমারবাবুর বাবার সঙ্গে দেখা করতে গেলাম ।

দক্ষিণের একটা চওড়া বারান্দায় একটা ইংরিজি পেপারব্যাক চোখের খুব কাছে নিয়ে

আরাম কেরারায় বসে আছেন ভদ্রলোক ।

আমাদের সঙ্গে পরিচয়ের পর ভদ্রলোক ছেলেকে বললেন, ‘ঠুমরীর কথা বলেছিস ঐকে ?’
নবকুমারবাবু একটু অপ্রস্তুত ভাব করে বললেন, ‘তা বলেছি । তবে ইনি এমনি বেড়াতে এসেছেন, বাবা ।’

ভদ্রলোকের ভুরু কুঁচকে গেল ।

‘কুকুর বলে তোরা ব্যাপারটাকে সিরিয়াসলি নিচ্ছিস না, এটা আমার মোটে ভাল লাগছে না । একটা অবোলা জীবকে যে-লোকে এভাবে হত্যা করে তার কি শাস্তি হওয়া উচিত নয় ? শুধু কুকুরকে মেরেছে তা নয়, আমার চাকরকে শাসিয়েছে । তাকে মোটা ঘুষ দিয়েছে, নইলে সে পালাত না । ব্যাপারটা অনেক গণ্ডগোল । আমার তো মনে হয় যে-কোনও ডিটেকটিভের পক্ষে এটা একটা চ্যালেঞ্জিং ব্যাপার । মিস্টার মিণ্ডির কী মনে করেন জানি না ।’

‘আমি আপনার সঙ্গে একমত,’ বলল ফেলুদা ।

‘যাক । আমি শুনে খুশি হলাম । এবং সে লোককে যদি ধরতে পারেন তো আরও খুশি হব । ভাল কথা—’ সৌম্যশেখরবাবু ছেলের দিকে ফিরলেন—‘তোর সঙ্গে রবীনবাবুর দেখা হয়েছে ?’

‘রবীনবাবু ?’ নবকুমারবাবু বেশ অবাক । ‘তিনি আবার কে ?’

‘একটি জানালিস্ট ভদ্রলোক । বয়স বেশি না । আমায় লিখেছিল আসবে বলে । চন্দ্রশেখরের জীবনী লিখবে । একটা ফেলোশিপ না গ্রান্ট কী জানি পেয়েছে । সে দু দিন হল এসে রয়েছে । অনেক তথ্য সংগ্রহ করেছে । ইটালিও যাবে বলে বলছে । বেশ চৌকস ছেলে । আমার সঙ্গে কথা বলে সকালে ঘণ্টাখানেক ধরে । টেপ করে নেয় ।’

‘তিনি কোথায় এখন ?’

‘বোধহয় তার ঘরেই আছে । এক তলায় উত্তরের বেডরুমটায় রয়েছে । আরও দিন দশেক থাকবে । রাতদিন কাজ করে ।’

‘তার মানে তোমাকে দুজন অতিথি সামলাতে হচ্ছে ?’

‘সামলানোর আর কী আছে । রোম থেকে আসা খুড়তুতো ভাইটিকে তো সারাদিন প্রায় চোখেই দেখি না । আর যখন দেখিও, দুচারটের বেশি কথা হয় না । এমন মুখচোরা লোক দুটি দেখিনি ।’

‘যখন কথা বলেন কী ভাষায় বলেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘ইংরিজি বাংলা মেশানো । বললে চন্দ্রশেখর নাকি ওর সঙ্গে বাংলাই বলত । তবে সেও তো আজ প্রায় চল্লিশ বছর হয়ে গেছে । চন্দ্রশেখর যখন দেশে ফেরে তখন ছেলের বয়স আঠারো-উনিশ । বাপের সঙ্গে বোধহয় বিশেষ বনত না । পাছে কিছু জিজ্ঞেস-টিজ্ঞেস করি তাই বোধহয় কথা বলাটা অ্যাভয়েড করে । ভেবে দেখুন—আমার নিজের খুড়তুতো ভাই, তাকে পাসপোর্ট দেখিয়ে বোঝাতে হল সে কে !’

‘ইন্ডিয়ান পাসপোর্ট কি ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘তাই তো দেখলাম ।’

নবকুমার বললে, ‘তুমি ভাল করে দেখেছিলে তো ?’

‘ভাল করে দেখার দরকার হয় না । সে যে নিয়োগী পরিবারের ছেলে সে আর বলে দিতে হয় না ।’

‘উনি সম্পত্তির ব্যাপারেই এসেছেন তো ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘হ্যাঁ । এবং পেয়েও যাবে । সে নিজে তার বাবার কোনও খবরই জানত না । তাই রোম

থেকে চিঠি লিখেছিল আমায়। আমিই তাকে জানাই যে দশ বছর হল তার বাপের কোনও খোঁজ নেই। তার পরেই সে এসে উপস্থিত হয়।’

ফেলুদা বলল, ‘চন্দ্রশেখরের সংগ্রহে যে বিখ্যাত পেন্টিংটা আছে সেটা সম্বন্ধে উনি কিছু জানেন? কিছু বলেছেন?’

‘না। ইনি নাকি ইঞ্জিনিয়ারিং-এর লোক। আর্টে কোনও ইন্টারেস্ট নেই।...তবে ছবিটার খোঁজ করতে লোক এসেছিল।’

‘কে?’ জিজ্ঞেস করলেন নবকুমারবাবু।

‘সোমানি না কী যেন নাম। বঙ্কিমের কাছে তার নাম ঠিকানা আছে। বললে এক সাহেব কালেক্টর নাকি ইন্টারেস্টেড। এক লাখ টাকা অফার করলে। প্রথমে পঁচিশ হাজার দেবে, তারপর সাহেব দেখে জেনুইন বললে বাকি টাকা। দিন পনেরো আগের ঘটনা। তখনও রুদ্রশেখর আসেনি, তবে আসবে বলে লিখেছে। সোমানিকে বললাম এ হল আর্টিস্টের ছেলের প্রপাটি। সে ছেলে আসছে। যদি বিক্রি করে তো সেই করবে। আমার কোনও অধিকার নেই।’

‘সে লোক কি আর এসেছিল?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘এসেছিল বই কী। সে নাছোড়বান্দা। এবার রুদ্রশেখরের সঙ্গে কথা বলেছে।’

‘কী কথা হয়েছিল জানেন?’

‘না। আর রুদ্র যদি বিক্রিও করতে চায়, আমাদের তো কিছু বলার নেই। তার নিজের ছবি সে যা ইচ্ছে করতে পারে।’

‘কিন্তু সেটা সম্পত্তি পাবার আগে তো নয়,’ বলল ফেলুদা।

‘না, তা তো নয়ই।’

খাবার সময় দুজন ভদ্রলোকের সঙ্গেই দেখা হল। রবীনবাবু সাংবাদিককে দেখে হঠাৎ কেন জানি চেনা-চেনা মনে হয়েছিল। হয়তো কোনও কাগজে ছবি-টবি বেরিয়েছে কখনও। দাড়ি-গোঁফ কামানো, মাঝারি রং, চোখ দুটো বেশ উজ্জ্বল। বয়স ত্রিশ-পঁয়ত্রিশের বেশি না। বললেন অদ্ভুত সব তথ্য বার করেছেন চন্দ্রশেখর নিয়োগী সম্বন্ধে। স্টুডিয়োতে একটা কাঠের বাস্কে নাকি অনেক মূল্যবান কাগজপত্র আছে।

‘রুদ্রশেখরবাবু থাকতে আপনার খুব সুবিধে হয়েছে বোধহয়?’ বলল ফেলুদা, ‘ইটালির অনেক খবর তো আপনি এঁর কাছেই পাবেন।’

‘ওঁকে আমি এখনও বিরক্ত করিনি,’ বললেন রবীনবাবু, ‘উনি নিজে ব্যস্ত রয়েছেন। আপাতত আমি চন্দ্রশেখরের ভারতবর্ষে ফিরে আসার পরের অংশটা নিয়ে রিসার্চ করছি।’

রুদ্রশেখরের মুখ দিয়ে একটা হুঁ ছাড়া আর কোনও শব্দ বেরোল না।

বিকলে নবকুমারবাবুর সঙ্গে একটু বেড়াতে বেরিয়েছিলাম, কাছেই পোড়া ইটের কাজ করা দুটো প্রাচীর মন্দির আছে সেগুলো নাকি খুবই সুন্দর। ফটক দিয়ে বেরিয়ে গ্রামের রাস্তায় পড়তেই একটা কাণ্ড হল। পশ্চিম দিক থেকে ঘন কালো মেঘ এসে আকাশ ছেয়ে ফেলল, আর দশ মিনিটের মধ্যেই বজ্রপাতের সঙ্গে নামল তুমুল বৃষ্টি। লালমোহনবাবু বললেন এরকম ড্রামাটিক বৃষ্টি তিনি কখনও দেখেননি। সেটার একটা কারণ অবশ্য এই যে এ রকম খোলা প্রান্তরে বৃষ্টি দেখার সুযোগ শহরবাসীদের হয় না।

দৌড় দেওয়া সত্ত্বেও বৃষ্টির ফোঁটা এড়ানো গেল না। তারপর বুঝতে পারলাম যে এ বৃষ্টি সহজে ধরার নয়। আর আমাদের পক্ষে এই দুর্যোগের সন্ধ্যায় কলকাতায় ফেরাও সম্ভব নয়।

নবকুমারবাবু অবিশ্যি তাতে বিন্দুমাত্র বিচলিত হলেন না। বললেন বাড়তি শোবার ঘর

কম করে দশখানা আছে এ বাড়িতে । খাট বালিশ তোশক চাদর মশারি সবই আছে ; কাজেই রাত্তিরে থাকার ব্যবস্থা করতে কোনওই হাঙ্গাম নেই । পরার জন্য লুঙ্গি দিয়ে দেবেন উনি, এমনকী গায়ের আলোয়ান, ধোপে কাচা পাঞ্জাবি, সবই আছে । —‘আমাকে এখানে মাঝে মাঝে আসতে হয় বলে কয়েক সেট কাপড় রাখাই থাকে । আপনারা কোনও চিন্তা করবেন না ।’

উত্তরের দিকে পাশাপাশি দুটো পেছনায় ঘরে আমাদের বন্দোবস্ত হল । লালমোহনবাবু একা একটি জাঁদরেল খাট পেয়েছেন, বললেন, ‘একদিন-কা সুলতানের গল্পের কথা মনে পড়ছে মশাই ।’

তা খুব ভুল বলেননি । দুপুরে শ্বেত পাথরের থালাবাটি গেলাসে খাবার সময় আমারও সে কথা মনে হয়েছিল । রাত্তিরে দেখি সেই সব জিনিসই রূপোর হয়ে গেছে ।

‘আপনার দাদুর স্টুডিয়োটা কিন্তু দেখা হল না,’ খেতে খেতে বলল ফেলুদা ।

‘সেটা কাল সকালে দেখাব,’ বললেন নবকুমারবাবু । ‘আপনারা যে দুটো ঘরে শুচ্ছেন, ওটা ঠিক তারই উপরে ।’

যখন শোবার বন্দোবস্ত করছি, তখন বৃষ্টিটা ধরে গেল । জানালায় দাঁড়িয়ে দেখলাম ধুবতারা দেখা যাচ্ছে । চারিদিকে অদ্ভুত নিস্তব্ধতা । রাজবাড়ির পিছনে বাগান, সামনে মাঠ । আমাদের ঘর থেকে বাগানটাই দেখা যাচ্ছে, তার গাছে গাছে জোনাকি জ্বলছে । অন্য কোনও বাড়ির শব্দ এখানে পৌঁছায় না, যদিও পূবে বাজারের দিক থেকে ট্রানজিস্টারের গানের একটা ক্ষীণ শব্দ পাচ্ছি ।

সাড়ে দশটা নাগাত লালমোহনবাবু গুডনাইট করে তাঁর নিজের ঘরে চলে গেলেন । দুই ঘরের মাঝখানে একটা দরজা আছে । ভদ্রলোক বললেন সেটা বেশ কনভিনিয়েন্ট ।

এই দরজা দিয়েই ভদ্রলোক মাঝরাত্তিরে ঢুকে এসে চাপা গলায় ডাক দিয়ে ফেলুদার ঘুম ভাঙালেন । সঙ্গে সঙ্গে অবিশ্যি আমারও ঘুম ভেঙে গেল ।

‘কী ব্যাপার মশাই ? এত রাত্তিরে ?’

‘শ্ শ্ শ্ শ্ ! কান পেতে শুনুন ।’

কান পাতলাম । আর শুনলাম ।

খচ্ খচ্ খচ্ খচ্...

মাথার উপর থেকে শব্দটা আসছে । একবার একটা খুট শব্দও পেলাম । কেউ হাঁটাচলা করছে ।

মিনিট তিনেক পরে শব্দ থেমে গেল ।

উপরেই সানড্রো নিয়োগীর স্টুডিয়ো ।

ফেলুদা ফিসফিস করে বলল, ‘তোরা থাক, আমি একটু ঘুরে আসছি ।’

ফেলুদা খালি পায়ে নিঃশব্দে বেরিয়ে গেল ।

লালমোহনবাবু আর আমি আমাদের খাটে বসে রইলাম । প্রচণ্ড সাসপেন্স, ফেলুদা না-আসা পর্যন্ত হৃৎপিণ্ডটা ঠিক আলজিভের পিছনে আটকে রইল । প্রাসাদের কোথায় যেন ঘড়িতে ঢং ঢং করে দুটো বাজল । তারপর আরও দুটো ঘড়িতে ।

মিনিট পাঁচকের মধ্যে আবার ঠিক তেমনি নিঃশব্দে এসে ঘরে ঢুকল ফেলুদা ।

‘দেখলেন কাউকে ?’ চাপা গলায় ঘড়ঘড়ে গলায় লালমোহনবাবুর প্রশ্ন ।

‘ইয়েস ।’

‘কাকে ?’

‘সিঁড়ি দিয়ে এক তলায় নেমে গেল ।’

‘কে ?’

‘সাংবাদিক রবীন চৌধুরী ।’

8

রাত্তিরের ঘটনাটা আর নবকুমারবাবুকে বলল না ফেলুদা । চায়ের টেবিলে শুধু জিজ্ঞেস করল, ‘স্টুডিয়োটা চাবি দেওয়া থাকে না ?’

‘এমনিতে সবসময়ই থাকে,’ বললেন নবকুমারবাবু, ‘তবে ইদানীং রবীনবাবু প্রায়ই গিয়ে কাজ করেন । রুদ্রশেখরবাবুও যান, তাই ওটা খোলাই থাকে । চাবি থাকে বাবার কাছে ।’

চা খাওয়ার পর আমরা চন্দ্রশেখরের স্টুডিয়োটা দেখতে গেলাম ।

তিনতলায় ছাত । তারই একপাশে উত্তর দিকটায় স্টুডিয়ো । সিঁড়ি দিয়ে উঠে ডান দিকে ঘুরে স্টুডিয়োতে ঢোকান দরজা ।

উত্তরের আলো নাকি ছবি আঁকার পক্ষে সবচেয়ে ভাল, তাই স্টুডিয়োর উত্তরের দেয়ালটা পুরোটাই কাচ । বেশ বড় ঘরের চারদিকে ছড়ানো রয়েছে ডাই করা ছবি, নানান সাইজের কাঠের ফ্রেমে বাঁধানো সাদা ক্যানভাস, দুটো বেশ বড় টেবিলের উপর রং তুলি প্যালেট ইত্যাদি নানারকম ছবি আঁকার সরঞ্জাম, জানালার পাশে দাঁড় করানো একটা ইজেল । সব দেখেটেখে মনে হয় আর্টিস্ট যেন কিছুক্ষণের জন্য স্টুডিয়ো ছেড়ে বেরিয়েছেন, আবার এক্ষুনি ফিরে এসে কাজ শুরু করবেন ।

‘জিনিসপত্তর সবই বিলিতি,’ চারিদিক দেখে ফেলুদা মন্তব্য করল । ‘এমনকী লিনসীড অয়েলের শিশিটা পর্যন্ত । রংগুলো তো দেখে মনে হয় এখনও ব্যবহার করা চলে ।’

ফেলুদা দু-একটা টিউব তুলে টিপে টিপে পরীক্ষা করে দেখল ।

‘হুঁ, ভাল কন্ডিশনে রয়েছে জিনিসগুলো । রুদ্রশেখর এগুলো বিক্রি করেও ভাল টাকা পেতে পারেন । আজকালকার যে কোনও আর্টিস্ট এসব জিনিস পেলে লুফে নেবে ।’

ঘরের দক্ষিণ দিকের বড় দেয়ালে আট-দশটা ছবি টাঙানো রয়েছে । তার একটার দিকে নবকুমারবাবু আঙুল দেখালেন ।

‘ওটা দাদুর নিজের আঁকা নিজের ছবি ।’

আর্টিস্টরা অনেক সময় আয়নার সামনে বসে সেলফপোর্ট্রেট আঁকতেন সেটা আমি জানি । চন্দ্রশেখর নিজেকে ঐকেছেন বিলিতি পোশাকে । চমৎকার শার্প, সুপুরুষ চেহারা । কাঁধ অবধি ঢেউখেলানো কুচকুচে কালো চুল, দাড়ি আর গৌঁফও খুব হিসেব করে আঁচড়ানো বলে মনে হয় ।

‘এই ছবিটাই ওই প্রবন্ধের সঙ্গে বেরিয়েছে,’ বলল ফেলুদা ।

‘তা হবে,’ বললেন নবকুমারবাবু, ‘বাবার কাছে শুনেছিলাম ভূদেব সিং-এর এক ছেলে এখানে এসেছিল একদিনের জন্য । বাপের আর্টিকলের জন্য বেশ কিছু ছবি তুলে নিয়ে যায় ।’

‘ভদ্রলোকের রং তো তেমন ফরসা ছিল বলে মনে হচ্ছে না ।’

‘না,’ বললেন নবকুমারবাবু । ‘উনি আমার প্রপিতামহ অনন্তনাথের রং পেয়েছিলেন । মাঝারি ।’

‘সেই বিখ্যাত ছবিটা কোথায় ?’ এবার ফেলুদা প্রশ্ন করল ।

‘এদিকে আসুন, দেখাচ্ছি ।’



নবকুমারবাবু আমাদের নিয়ে গেলেন দক্ষিণের দেয়ালের একেবারে কোণের দিকে ।
গিল্টিংকরা ফ্রেমে বাঁধানো রয়েছে যীশুখ্রিস্টের ছবিটা ।

মাথায় কাঁটার মুকুট, চোখে উদাস চাহনি, ডান হাতটা বুকের উপর আলতো করে রাখা ।
মাথার পিছনে একটা জ্যোতি, তারও পিছনে গাছপালা-পাহাড়-নদী-বিদ্যুৎ-ভরা মেঘ মিলিয়ে
একটা নাটকীয় প্রাকৃতিক দৃশ্য ।

আমরা মিনিটখানেক ধরে অবাক হয়ে চেয়ে রইলাম ছবিটার দিকে । কিছুই জানি না,
অথচ মনে হল হাজার ঐশ্বর্য, হাজার রহস্য লুকিয়ে রয়েছে ওই ছবির মধ্যে ।

ফেলুদার হাবভাবে বেশ বুঝতে পারছিলাম যে বৈকুণ্ঠপুরের নিয়োগীদের সঙ্গে সম্পর্ক
এইখানেই শেষ নয় । নীচে এসেই ফেলুদা একটা অনুরোধ করল নবকুমারবাবুকে ।

‘আপনাদের একটা বংশলতিকা পাওয়া যাবে কি ? অনন্তনাথ থেকে শুরু করে আপনারা
পর্যন্ত জন্ম মৃত্যু ইত্যাদির তারিখ সমেত হলে ভাল হয়, আর আলাদা করে চন্দ্রশেখরের
জীবনের জরুরি তারিখগুলো । অবিশ্যি যেসব তারিখ আপনাদের জানা আছে ।’

‘আমি বক্ষিমবাবুকে বলছি । উনি খুব এফিশিয়েন্ট লোক । দশ মিনিটের মধ্যে তৈরি করে
দেবেন আপনাকে ।’

‘আর, ইয়ে—যে ভদ্রলোক ছবি কিনতে এসেছিলেন তাঁর ঠিকানাটা । যদি বক্ষিমবাবুর
কাছে থাকে ।’

বন্ধিমবাবুর বয়স পঞ্চাশের কাছাকাছি। বেশ চালাক চেহারা। হাসলেই গোঁফের নীচে ধবধবে সাদা দাঁতের পাটি বেরিয়ে পড়ে। বললেন, বংশলতিকা একটা রবীনবাবুর জন্য করেছিলেন, তার কার্বন রয়েছে। সেটা পেতে দশ মিনিটের জায়গায় লাগল দু মিনিট।

যিনি ছবি কিনতে এসেছিলেন তাঁর একটা কার্ড বন্ধিমবাবুর কাছে ছিল, উনি সেটা এনে দিলেন ফেলুদাকে। দেখলাম নাম হচ্ছে হীরালাল সোমানি, ঠিকানা ফ্ল্যাট নং ২৩, লোটার্স টাওয়ারস, আমীর আলি অ্যাভিনিউ।

কার্ডটা দেবার পর ভদ্রলোক দাঁড়িয়ে রয়েছেন, মুখে একটা কিন্তু কিন্তু ভাব। ফেলুদা বলল, ‘কিছু বলবেন কি?’

‘আপনার নাম শুনেছি,’ বললেন ভদ্রলোক, ‘আপনি ডিটেকটিভ তো?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আপনি কি আবার আসবেন?’

‘প্রয়োজন হলে নিশ্চয়ই আসব। কেন বলুন তো?’

‘ঠিক আছে,’ ভদ্রলোকের এখনও সেই ইতস্তত ভাব। —‘মানে, একটু ইয়ে ছিল। তা সে পরেই হবে।’

আমার কাছে ব্যাপারটা কেমন যেন রহস্যময় মনে হল, যদিও পরে ফেলুদাকে বলতে ও বলল, ‘বোধহয় অটোগ্রাফ নেবার ইচ্ছে ছিল, বলতে সাহস পেলেন না।’

গাড়িতে যখন উঠছি তখন ফেলুদা নবকুমারবাবুকে বলল, ‘অনেক ধন্যবাদ, মিস্টার নিয়োগী। আপনাদের এখানে এসে সত্যিই ভাল লাগল। যা দেখলাম আর শুনলাম, তা খুবই ইন্টারেস্টিং। আমি যদি একটু এদিক ওদিক খোঁজখবর করি তাতে আপনার আপত্তি হবে না তো?’

‘মোটাই না।’

‘একবার ভগওয়ানগড়ে ভূদেব সিং-এর কাছে যাবার ইচ্ছে আছে। ওই যীশুর বাজার দরটা কী হতে পারে সেটা একবার গুঁর কাছ থেকে জানা দরকার।’

‘বেশ তো, চলে যান ভগওয়ানগড়। আমার আপত্তির কোনও প্রশ্নই ওঠে না।’

‘আর আপনার বাবা কিন্তু ঠিকই বলেছেন; আপনাদের ফক্স-টেরিয়ার খুনের ব্যাপারটাকে কিন্তু আপনি মোটেই হালকা করে দেখবেন না। আমি ওটার মধ্যে গুট রহস্যের গন্ধ পাচ্ছি।’

‘তা তো বটেই। আমার কাছে ব্যাপারটা অত্যন্ত নৃশংস বলে মনে হয়েছিল।’

ফেলুদা আর নবকুমারবাবুর মধ্যে কার্ড বিনিময় হল। ভদ্রলোক বললেন, ‘আপনি প্রয়োজনে টেলিফোন করবেন, তেমন বুঝলে সোজা চলে আসবেন। আর ভগওয়ানগড়ে কী হল সেটা দয়া করে জানিয়ে দেবেন।’

*

‘ভগওয়ানগড় বলে যে একটা জায়গা আছে সেটাই জানা ছিল না, মশাই,’ ফেরার পথে বললেন লালমোহনবাবু।

‘জায়গাটা বোধহয় মধ্যপ্রদেশে,’ বলল ফেলুদা। ‘তবে আই অ্যাম নট শিওর। গিয়েই পুষ্পক ট্রাভেলসের সুদর্শন চক্রবর্তীর শরণাপন্ন হতে হবে।’

‘এম পি-টা দেখা হয়নি,’ আপন মনে বললেন জটায়ু।

‘অবিশ্যি এ যাত্রায় যে বিশেষ দেখা হবে সেটা মনে করবেন না। শ্রেফ কতগুলো তথ্য

জেনে নিয়ে ফিরে আসা । বৈকুণ্ঠপুরকে বেশিদিন নেগলেকট করা চলবে না ।’

‘এটা কেন বলছেন ?’

‘রুদ্রশেখরের পায়ের দিকে লক্ষ করেছেন ?’

‘কই, না তো ?’

‘রবীন চৌধুরীর খাওয়াটা লক্ষ করেছেন ?’

‘কই, না তো ।’

‘তা ছাড়া ভদ্রলোক রাত দুটোর সময় স্টুডিয়োতে কী করেন, বন্ধিমবাবু কী বলতে গিয়ে বললেন না, একটা কুকুরকে কী কী কারণে খুন করা যেতে পারে—এসব অনেক প্রশ্ন আছে ।’

আমি বললাম, ‘কোনও বাড়ির কুকুর যদি ভাল ওয়াচডগ হয়, তা হলে একজন চোর সে-বাড়ি থেকে কিছু সরাবার মতলব করে থাকলে আগে কুকুরকে সরাতে পারে ।’

‘ভেরি গুড । কিন্তু কুকুরকে মারা হয়েছে মঙ্গলবার আঠাশে সেপ্টেম্বর, আর আজ হল ৫ই অক্টোবর । কই, এখনও তো কিছু চুরি হয়েছে বলে জানা যায়নি । আর, এগারো বছরের বুড়ো ফক্স-টেরিয়ার কতই বা ভাল ওয়াচডগ হবে ?’

‘আমার কী আপশোস হচ্ছে জানেন তো ?’ বললেন লালমোহনবাবু ।

‘কী ?’

‘যে আর্টের বিষয় এত কম জানি ।’

‘বর্তমান ক্ষেত্রে শুধু এইটুকু জানলেই চলবে যে একজন প্রাচীন যুগের প্রখ্যাত শিল্পীর ছবি যদি বাজারে আসে, তা হলে তার দাম লাখ দু লাখ টাকা হলেও আশ্চর্য হবার কিছু নেই ।’

‘অ্যাঁ !’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘তার মানে বলতে চান একটি লাখ টাকার ছবি আজ চল্লিশ বছর ধরে টাঙানো রয়েছে বৈকুণ্ঠপুরের ওই স্টুডিয়ার দেয়ালে, অথচ সেটা সম্বন্ধে কেউ কিছু জানে না ?’

‘ঠিক তাই । এবং সেইটে জানার জন্যেই ভগওয়ানগড় যাওয়া ।’

৫

কলকাতায় ফিরে এসেই ফেলুদা প্রবন্ধের কথাটা উল্লেখ করে একটা জরুরি অ্যাপয়েন্টমেন্ট চেয়ে টেলিগ্রাম করে দিল ভগওয়ানগড়ের এক মহারাজা ভূদেব সিংকে । তার আগেই অবিশ্যি পুষ্পক ট্রাভেলসে ফোন করেছিল ফেলুদা । ও ঠিকই আন্দাজ করেছিল ; ভগওয়ানগড় মধ্যপ্রদেশেই, তবে আমাদের প্রথমে যেতে হবে নাগপুরে । সেখান থেকে ছোট লাইনের ট্রেনে ছিন্দওয়ারা । ছিন্দওয়ারা থেকে পঁয়তাল্লিশ কিলোমিটার পশ্চিমে হল ভগওয়ানগড় ।

টেলিগ্রামের উত্তর এসে গেল পরের দিনই । এই সপ্তাহে যে-কোনওদিন গেলেই ভূদেব সিং আমাদের সঙ্গে দেখা করবেন । কবে যাচ্ছি জানিয়ে দিলে ছিন্দওয়ারাতে রাজার লোক গাড়ি নিয়ে থাকবে ।

সুদর্শনবাবুকে ফোন করতে ভদ্রলোক বললেন, ‘আপনাদের তাড়া থাকলে কাল বুধবার ভোরে একটা নাগপুর ফ্লাইট আছে । সাড়ে ছ’টায় রওনা হয়ে পৌঁছবেন সোয়া আটটায় । তারপর নাগপুর থেকে সাড়ে দশটায় ট্রেন আছে, সেটা ছিন্দওয়ারা পৌঁছবে বিকেল পাঁচটায় । ট্রেনের টিকিট আপনাদের ওখানেই কেটে নিতে হবে ।’

‘আর ফেরার ব্যাপারটা ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘আপনি বিষ্যদবার রাত্রে আবার ছিন্দওয়ারা থেকে ট্রেন ধরতে পারবেন । সেটা নাগপুর পৌঁছবে শুক্রবার ভোর পাঁচটায় । সেদিনই কলকাতার ফ্লাইট আছে তিন ঘন্টা পরে । সাড়ে দশটায় ব্যাক ইন ক্যালকাটা ।’

সেইভাবেই যাওয়া ঠিক হল, আর রাজাকেও জানিয়ে টেলিগ্রাম করে দেওয়া হল ।

আজকের বাকি দিনটা হাতে আছে, তাই ফেলুদা ঠিক করল এই ফাঁকে একটা জরুরি কাজ সেরে নেবে ।

টেলিফোনে অ্যাপয়েন্টমেন্ট করে আমরা বিকেল সাড়ে পাঁচটায় গিয়ে হাজির হলাম আমীর আলি অ্যাভিনিউতে লোটাস টাওয়ারসে হীরালাল সোমানির ফ্ল্যাটে ।

বেল টিপতে একটি বেয়ারা এসে দরজা খুলে আমাদের বৈঠকখানায় নিয়ে গিয়ে বসিয়ে দিল ।

ঘরে ঢুকলেই বোঝা যায় ভদ্রলোকের সংগ্রহের বাতিক আছে, আর অনেক জিনিসেরই যে অনেক দাম সেটাও বুঝতে অসুবিধে হয় না । যেটা নেই সেটা হল সাজানোর পারিপাট্য ।

ঝাড়া দশ মিনিট বসিয়ে রাখার পর সোমানি সাহেব প্রবেশ করলেন, আর করামাত্র একটা পারফিউমের গন্ধ ঘরটায় ছড়িয়ে পড়ল । বুঝলাম তিনি সবেমাত্র গোসল সেরে এলেন । সাদা ট্রাউজারের উপর সাদা কুর্তা । পায়ে সাদা কোলাপুরি চটি । পালিশ করে আঁচড়ানো চুলেও সাদার ছোপ লক্ষ করা যায় । যদিও সুরু করে ছাঁটা গোঁফটা সম্পূর্ণ কালো ।

ভদ্রলোক আমাদের সামনের সোফায় বসে ফেলুদা ও লালমোহনবাবুকে সিগারেট অফার করে নিজে একটা ধরিয়ে একরাশ ধোঁয়া ছেড়ে পরিষ্কার বাংলায় বললেন—

‘বলুন কী ব্যাপার ।’

‘আমি কয়েকটা ইনফ্রমেশন চাইছিলাম,’ বলল ফেলুদা ।

‘বলুন যদি পসিবল হয় দেব ।’

‘আপনি রিসেন্টলি একটা ছবির খোঁজে বৈকুণ্ঠপুর গিয়েছিলেন । তাই না ?’

‘ইয়েস ।’

‘ওরা বিক্রি করতে রাজি হননি ।’

‘নো ।’

‘আপনি ছবির কথাটা কীভাবে জানলেন সেটা জানতে পারি কি ?’

ভদ্রলোক প্রশ্নটা শুনে একটু আড়ষ্ট হয়ে গেলেন, যেন ফেলুদা বাড়াবাড়ি করছে, এবং উত্তর দেওয়া-না দেওয়াটা তাঁর মর্জি । কিন্তু শেষ পর্যন্ত উত্তরটা এল ।

‘আমি জানিনি । আরেকজন জেনেছিলেন । আমি তাঁরই রিকোয়েস্টে ছবি কিনতে গিয়েছিলাম ।’

‘আই সি ।’

‘আপনি কি সেই ছবি আমায় এনে দিতে পারেন ? তবে, জেনুইন জিনিস চাই । ফোজারি হলে এক পইসা ভি নহী মিলেগা ।’

‘জাল না আসল সেটা আপনি বুঝবেন কী করে ?’

‘আমি বুঝব কেন ? যিনি কিনবেন তিনি বুঝবেন । হি হ্যাজ থার্টিফাইড ইয়ারস এক্সপিরিয়েন্স অ্যাজ এ বাইয়ার অফ পেন্টিংস ।’

‘তিনি কি এদেশের লোক ?’

সোমানি সাহেবের চোয়ালটা যেন একটু শক্ত হল । ভদ্রলোক ধোঁয়া ছেড়ে যাচ্ছেন, কিন্তু দৃষ্টি এক মুহূর্তের জন্য সরেনি ফেলুদার দিক থেকে । এই প্রথম ভদ্রলোকের চোঁটের কোণে

একটা হাসির আভাস দেখা গেল ।

‘এ-ইনফরমেশন আমি আপনাকে দেব কেন ? আমি কি বুদ্ধ ?’

‘ঠিক আছে ।’

ফেলুদা ওঠার জন্য তৈরি হচ্ছিল, এমন সময় সোমানি বললেন, ‘আপনি যদি আমাকে এনে দিতে পারেন, আমি আপনাকে কমিশন দেব ।’

‘শুনে সুখী হলাম ।’

‘টেন থাউজ্যান্ড ক্যাশ ।’

‘আর তারপর সেটা দশ লাখে বিক্রি করবেন ?’

সোমানি কোনও উত্তর না দিয়ে একদৃষ্টে চেয়ে রইল ফেলুদার দিকে ।

‘ছবি পেলে আপনাকে দেব কেন, মিস্টার সোমানি ?’ বলল ফেলুদা । ‘আমি সোজা চলে যাব আসল লোকের কাছে ।’

‘নিশ্চয় যাবেন, বাট ওনলি ইফ ইউ নো হোয়্যার টু গো ।’

‘সে সব বার করার রাস্তা আছে, মিস্টার সোমানি । সকলের না থাকলেও, আমার আছে । ...আমি আসি ।’

ফেলুদা উঠে পড়ল ।

‘অনেক ধন্যবাদ ।’

‘গুডডে, মিস্টার প্রদোষ মিত্র ।’

শেষ কথাটা ভদ্রলোক এমনভাবে বললেন যেন উনি ফেলুদার নাম ও পেশা দুটোর সঙ্গেই বিশেষভাবে পরিচিত ।

‘একরকম মাংসাশী ফুল আছে না,’ বাইরে বেরিয়ে এসে বললেন, লালমোহনবাবু, ‘দেখতে খুব বাহারে, অথচ পোকা পেলেই কপ্ করে গিলে ফেলে ?’

‘আছে বই কী ।’

‘এ লোক যেন ঠিক সেইরকম ।’

ফেলুদার উৎকণ্ঠার ভাবটা বুঝতে পারলাম যখন সন্ধ্যাবেলা বাড়ি ফিরে এসেই ও বেকুণ্ঠপুরে একটা ফোন করল ।

তবে নবকুমার বললেন আর নতুন কোনও ঘটনা ঘটেনি ।

বাড়িতে ফিরে বৈঠকখানায় বসে ‘ভাই, শ্রীনাথকে একটু চা করতে বলো না,’ বলে লালমোহনবাবু পকেট থেকে একটা বই বার করে সশব্দে টেবিলের উপর রাখলেন । বইটা হল ‘সমগ্র পাশ্চাত্য শিল্পের ইতিহাস’, লেখক অনুপম ঘোষদস্তিদার ।

‘কী বলছেন ঘোষদস্তিদার মশাই ?’ আড়চোখে বইটা দেখে প্রশ্ন করল ফেলুদা । ও নিজে আজই দুপুরে সিধু জ্যাঠার বাড়িতে গিয়ে দুটো মোটা আর্টের বই নিয়ে এসেছে সেটা আমি জানি ।

‘ওঃ, ভেরি ইউজফুল মশাই । আপনি আর রাজা কথা বলবেন আর্ট নিয়ে, আর আমি হংসমধ্যে বক যথা, এ হতে দেওয়া যায় না । এটা পড়ে নিলে আমিও পার্টিসিপেট করতে পারব ।’

‘গোটা বইটা পড়ার কোনও দরকার নেই ; আপনি শুধু রেনেসাঁস অংশটা পড়ে রাখবেন । রেনেসাঁস আছে তো ও বইয়ে ?’

‘তা তো বলছে না ।’

‘তবে কী বলছে ?’

‘রিনেইস্যাস ।’

‘ষোড়শদিকারের জবাব নেই।’

‘জিনিসটা তো একই?’

‘তা একই।’

‘ইয়ে, রেনেসাঁস বলতে বোঝাচ্ছেটা কী?’

‘পঞ্চদশ আর ষোড়শ শতাব্দী। এই দেড়শো-দুশো বছর হল ইটালির পুনর্জন্মের যুগ। রেনেসাঁস হল পুনর্জন্ম, পুনর্জাগরণ।’

‘কেন পুনঃ বলছে কেন? হোয়াই এগেইন?’

‘কারণ প্রাচীন গ্রিক ও রোম্যান সভ্যতার আদর্শে ফিরে যাওয়ার একটা ব্যাপার ছিল এই যুগে—যে আদর্শ মধ্যযুগে হারিয়ে গিয়েছিল। তাই রেনেসাঁস। ইটালিতে শুরু হলেও রেনেসাঁসের প্রভাব ক্রমে ছড়িয়ে পড়েছিল সমস্ত ইউরোপে। বহু প্রতিভা জন্মেছে এই সময়টাতে। শিল্পে, সাহিত্যে, সংগীতে, বিজ্ঞানে, রাজনীতিতে। ছাপাখানার উদ্ভব এই সময়; তার মানে শিক্ষার প্রসার এই সময়। কোপার্নিকাস, গ্যালিলিও, শেক্সপিয়ার, দাভিঞ্চি, রাফেল, মাইকেল এঞ্জেলো—সব এই দেড়শো-দুশো বছরের মধ্যে।’

‘তা আপনার কি ধারণা বৈকুণ্ঠপুরের যীশুও আঁকা হয়েছে এই রেনেসাঁসের যুগে?’

‘তার কাছাকাছি তো বটেই। আগে নয় নিশ্চয়ই, বরং সামান্য পরে হতে পারে। মধ্যযুগের পেন্টিং-এ মানুষ জন্তু গাছপালা সব কিছুর মধ্যে একটা কেঠো-কেঠো, আড়ষ্ট, অস্বাভাবিক ভাব দেখতে পাবেন। রেনেসাঁসে সেটা আরও অনেক জীবন্ত, স্বাভাবিক হয়ে আসে।’

‘এই যে সব নাম দেখছি এ বইয়ে—গায়োট্রো—’

‘গায়োট্রো লিখেছে নাকি?’

‘তাই তো দেখছি। গায়োট্রো, বট্রিসেল্লি, মানটেগ্‌না’...

‘আপনি ও বইটা রাখুন। আমি আর্টিস্টের নামের একটা তালিকা করে দেব—আপনি চান তো সে নামগুলো মুখস্থ করে রাখবেন। গায়োট্রো নয়। ইংরিজি উচ্চারণে জিয়োট্রো, ইতালিয়ানে জ্যোত্তো। জ্যোত্তো, বট্রিসেল্লী, মানতেন্যা...’

‘এরা সব বলছেন জাঁদরেল আঁকিয়ে ছিলেন?’

‘নিশ্চয়ই! শুধু এঁরা কেন? এ রকম অন্তত ত্রিশটা নাম পাবেন শুধু ইটালিতেই।’


‘আর এই ত্রিশ জনের মধ্যে একজনের আঁকা ছবি রয়েছে বৈকুণ্ঠপুরে? বোঝো!’

রাত্রি খাওয়া-দাওয়া সেরে জিনিসপত্র গুছিয়ে ফেলুদা নিয়োগীদের বংশলতিকা খাটে বিছিয়ে সেটা খুব মনোযোগ দিয়ে দেখতে লাগল। সেই সঙ্গে অবিশ্যি চন্দ্রশেখরের জীবন সংক্রান্ত তারিখগুলোও ছিল। সে কার দাদু, কে কার কাকা, কে কার ভাই, এগুলো আমার একটু গুলিয়ে যাচ্ছিল। এবার সেটা পরিষ্কার হয়ে গেল।

. দুটো জিনিসের চেহারা এই রকম—

বংশলাতিকা

১। অনন্তনাথ (১৮৬২-১৯৪১)



২। চন্দ্রশেখর নিয়োগী

- ১৮৯০ — জন্ম (বৈকুণ্ঠপুর)
- ১৯১২ — প্রেসিডেন্সি কলেজ থেকে বি.এ. পাশ
- ১৯১৪ — রোমযাত্রা। অ্যাকাডেমি অব ফাইন আর্টসের ছাত্র
- ১৯১৭ — কার্লা ক্যাসিনিকে বিবাহ
- ১৯২০ — পুত্র রুদ্রশেখরের জন্ম
- ১৯৩৭ — কার্লার মৃত্যু
- ১৯৩৮ — স্বদেশে প্রত্যাবর্তন
- ১৯৫৫ — গৃহত্যাগ

৬

প্লেনে নাগপুরে সাড়ে আটটার সময় পৌঁছে, সেখান থেকে দশটা পঞ্চাশের প্যাসেঞ্জার ট্রেন ধরে হিন্দওয়ারা পৌঁছতে প্রায় ছটা বেজে গেল। স্টেশনে শেভরোলে গাড়ি নিয়ে হাজির ছিলেন ভূদেব সিং-এর লোক। হাসিখুশি হুটপুট মাঝবয়সী এই ভদ্রলোকটির নাম মি. নাগপাল। চারজন গাড়িতে রওনা দিয়ে পৌনে সাতটার মধ্যে পৌঁছে গোলাম ভগওয়ানগড়ের রাজবাড়ি।


নাগপাল বললেন, ‘আপনাদের জন্য ঘর ঠিক করা আছে, আপনারা হাত-মুখ ধুয়ে নিন, সাড়ে সাতটার সময় রাজা আপনাদের মিট করবেন। আমি এসে আপনাদের নিয়ে যাব।’

ঘরের চেহারা দেখেই বুঝলাম যে আজ রাতটা আমাদের এইখানেই থাকার জন্য ব্যবস্থা হয়েছে। বিছানা, বালিশ, লেপ, মশারি, বাথরুমে তোয়ালে সাবান—সবই রয়েছে। যে কোনও ফাইভ-স্টার হোটেলের চেয়ে কোনও অংশে কম নয়। লালমোহনবাবু বললেন, এখানকার বাথরুমে নাকি তাঁর গড়পারের বাড়ির পাঁচটা বেডরুম ঢুকে যায়। ‘নেহাত টাইম নেই, নইলে টবে গরম জল ভরে শুয়ে থাকতুম আধ ঘণ্টা।’

কাঁটায় কাঁটায় সাড়ে সাতটার সময় মিঃ নাগপাল আমাদের রাজার সামনে নিয়ে গিয়ে হাজির করলেন। শ্বেতপাথরের মেঝেওয়ালা বারান্দায় বেতের চেয়ারে বসে আছেন ভূদেব সিং। চেহারা যাকে বলে সৌম্যকান্তি। বয়স সাতাত্তর, কিন্তু মোটেও থুথুড়ে নন।

আমরা নিজেদের পরিচয় দিয়ে রাজার সামনে তিনটে বেতের চেয়ারে বসলাম। হাসনাহানা ফুলের গন্ধে বুঝতে পারছি বারান্দার পরেই বাগান, কিন্তু অন্ধকারে গাছপালা বোঝা যাচ্ছে না।

কথাবার্তা ইংরিজিতেই হল, তবে আমি বেশির ভাগটা বাংলা করেই লিখছি। জটায়ু
১৮৮



বলেছিলেন, পার্টিসিপেট করবেন। কতদূর করেছিলেন সেটা যাতে ভাল বোঝা যায় তাই নাটকের মতো করে লিখছি।

ভূদেব—আমার লেখাটা কেমন লাগল ?

ফেলুদা—খুবই ইন্টারেস্টিং। ওটা না পড়লে এরকম একজন শিল্পীর বিষয় কিছুই জানতে পারতাম না।

ভূদেব—আসলে আমরা নিজের দেশের লোকদের কদর করতে জানি না। বিদেশ হলে এ রকম কখনওই হত না। তাই ভাবলাম—আমার তো বয়স হয়েছে, সেভেনটি-সেভেন—মরে যাবার আগে এই একটা কাজ করে যাব। চন্দ্রশেখরের বিষয় জানিয়ে দেব দেশের লোককে। আমার ছেলেকে পাঠিয়ে দিলাম বৈকুণ্ঠপুর। চন্দ্রর সেল্ফপোর্ট্রেট আমার কাছে ছিল না। সে আমাকে ছবি তুলে এনে দিল।

ফেলুদা—আপনার সঙ্গে চন্দ্রশেখরের আলাপ হয় কবে ?

ভূদেব—দাঁড়ান, এই খাতাটায় সব লেখা আছে। ...হ্যাঁ, ৫ই নভেম্বর ১৯৪২ সে আমার পোর্ট্রেট আঁকতে আসে এখানে। তার কথা আমি শুনি ভূপালের রাজার কাছ থেকে। রাজার পোর্ট্রেট চন্দ্র করেছিল। আমি দেখেছিলাম। আমার খুব ভাল লেগেছিল। চন্দ্র হ্যাড ওয়াভারফুল স্কিল।

জটায়ু—ওয়াভারফুল।

ফেলুদা—আপনার লেখায় পড়েছি তিনি ইটালিতে গিয়ে একজন ইটালিয়ান মহিলাকে বিয়ে করেন। এই মহিলা সম্বন্ধে

আরেকটু কিছু যদি বলেন ।

জটায়ু—সামথিং মোর...

ভূদেব—চন্দ্রশেখর রোমে গিয়ে অ্যাকাডেমি অফ ফাইন আর্টসে ভর্তি হয় । ওর ক্লাসেই ছিল কার্লা ক্যাসিনি । ভেনিসের অভিজাত বংশের মেয়ে । বাবা ছিলেন কাউন্ট । কাউন্ট আলবের্তো ক্যাসিনি । কার্লা ও চন্দ্রশেখরের মধ্যে ভালবাসা হয় । কার্লা তার বাবার সঙ্গে চন্দ্রশেখরের পরিচয় করিয়ে দেয় । এখানে বলে রাখি, চন্দ্রশেখর আয়ুর্বেদ চর্চা করেছিল । ইটালি যাবার সময় সঙ্গে বেশ কিছু শিকড় বাকল নিয়ে গিয়েছিল । কারলার বাপ ছিলেন গাউন্টের রুগি । প্রচণ্ড যন্ত্রণায় ভুগতেন । চন্দ্রশেখর তাঁকে ওষুধ দিয়ে ভাল করে দেয় । বুঝতেই পারছ, এর ফলে চন্দ্রর পক্ষে কাউন্টের মেয়ের পাণিগ্রহণের পথ অনেক সহজ হয়ে যায় । ১৯১৭-তে বিয়েটা হয়, এবং এই বিয়েতে কাউন্ট একটি মহামূল্য উপহার দেন চন্দ্রকে ।

ফেলুদা—এটা কি সেই ছবি ?

জটায়ু—রেনেসাঁস ?

ভূদেব—হ্যাঁ । কিন্তু এই ছবিটা সম্বন্ধে কতটা জানেন আপনারা ?

ফেলুদা—ছবিটা দেখেছি, এই পর্যন্ত । মনে হয় রেনেসাঁস যুগের কোনও শিল্পীর আঁকা ।

জটায়ু—(বিড়বিড় করে)—বন্টিজান্তো...দাভিঞ্জেল্লি...

ভূদেব—আপনারা ঠিকই ধরেছেন, তবে যে-কোনও শিল্পী নয় । রেনেসাঁসের শেষ পর্বের অন্যতম সবচেয়ে খ্যাতিমান শিল্পী । টিনটোরেটো ।

জটায়ু—ওফ্‌ফ্‌ফ্‌ !

ফেলুদা—টিনটোরেটোর নিজের আঁকা তো খুব বেশি ছবি আছে বলে জানা যায় না, তাই না ?

ভূদেব—না । অনেক ছবিই আংশিক ভাবে টিনটোরেটোর আঁকা, বাকিটা ঐক্কে তার স্টুডিও বা ওয়র্কশপের শিল্পীরা । এটা তখনকার অনেক পেন্টার সম্পর্কেই খাটে । তবে কাজটা যে উচুদরের তাতে সন্দেহ নেই । সে ছবি চন্দ্র এনে আমাদের দেখিয়েছিল । টিনটোরেটোর সব লক্ষণই রয়েছে ছবিটায় । ষোড়শ শতাব্দী থেকেই ক্যাসিনি প্যালেসে ছিল ছবিটা ।

ফেলুদা—তার মানে ওটা তো একটা মহামূল্য সম্পত্তি ।

ভূদেব—ওর দাম বিশ-পঁচিশ লাখ হলে আশ্চর্য হব না ।

জটায়ু—(নিশ্বাস টেনে)—হিঁ ই ই ই ই ই !

ভূদেব—সেই জন্যেই তো আমি পেন্টারের নামটা বলিনি প্রবন্ধটায় ।

ফেলুদা—কিন্তু তাও বৈকুণ্ঠপুরে লোক এসে খবর নিয়ে গেছে ।

ভূদেব—কে ? ক্রিকোরিয়ান এসেছিল নাকি ?

ফেলুদা—ক্রিকোরিয়ান ? কই না তো । ও নামে তো কেউ আসেনি ।

ভূদেব—আর্মেনিয়ান ভদ্রলোক । আমার কাছে এসেছিল । ওয়লটার ক্রিকোরিয়ান । টাকার কুমির । হংকং-এর ব্যবসাদার এবং ছবির কালেক্টর । বলে ওর কাছে ওরিজিন্যাল রেমব্রান্ট আছে, টার্নার আছে, ফ্রাগোনার আছে । আমাদের বাড়িতে একটা বুশের-এর ছবি আছে, আমার ঠাকুরদাদার কেনা । সেটা কিনতে এসেছিল । আমি দিইনি । তারপর বলল ও আমার লেখাটা পড়েছে । জিজ্ঞেস করছিল নিয়োগীদের ছবিটার কথা । ও নিজে এত বড়াই করছিল যে আমি উলটে একটু বড়াই করার লোভ সামলাতে পারলাম না । বলে দিলাম টিনটোরেটোর কথা । ও তো লাফিয়ে উঠেছে চেয়ার থেকে । আমি বললাম, ও ছবিও তুমি কিনতে পাবে না, কারণ পয়সার লোভের চেয়ে প্রাইড অফ পোজেশন আমাদের ভারতীয়দের অনেক বেশি । এটা তোমরা বুঝবে না । ও বললে, সে ছবি আমার হাতে আসবেই, তুমি দেখে নিয়ো । বলেছিল নিজেই যাবে বৈকুণ্ঠপুরে । হয়তো হঠাৎ কোনও কাজে ফিরে গেছে । তবে ওর এক দালাল আছে—

ফেলুদা—হীরালাল সোমানি ?

ভূদেব—হ্যাঁ ।

ফেলুদা—ইনিই গিয়েছিলেন বৈকুণ্ঠপুরে ।

ভূদেব—অত্যন্ত ঘুঘু লোক । ওকে যেন একটু সাবধানে হ্যান্ডল করে ।

ফেলুদা—কিন্তু ও ছবি তো চন্দ্রশেখরের ছেলের সম্পত্তি । সে তো এখন বৈকুণ্ঠপুরে ।

ভূদেব—হোয়াট ! চন্দ্রর ছেলে এসেছে ? এতদিন পরে ?

ফেলুদা—তাকে দেখে এলাম আমরা ।

ভূদেব—ও । তা হলে অবিশ্যি সে ছবিটা ক্লেম করতে পারে ।

কিন্তু টিনটোরেটো তার হাতে চলে যাচ্ছে এটা ভাবতে ভাল লাগে না মিস্টার মিট্রা !

ফেলুদা—এটা কেন বলছেন ?

ভূদেব—চন্দ্রর ছেলের কথা তো আমি জানি । চন্দ্রকে কত দুঃখ দিয়েছে তাও জানি । এসব কথা তো নিয়োগীরা জানবে না, কারণ চন্দ্র আমাকে ছাড়া আর কাউকে বলেনি । পরের দিকে অবিশ্যি ছেলের কথা আর বলতই না, কিন্তু গোড়ায় বলেছে । ছেলে মুসোলিনির ভক্ত হয়ে পড়েছিল । মুসোলিনি তখন ইটালির একচ্ছত্র অধিপতি ।

বেশির ভাগ ইটালিয়ানই তাকে পূজো করে। কিন্তু কিছু বুদ্ধিজীবী—শিল্পী, সাহিত্যিক, নাট্যকার, সংগীতকার—ছিলেন মুসোলিনি ও ফ্যাসিস্ট পার্টির ঘোর বিরোধী। চন্দ্র ছিল এদের একজন। কিন্তু তার ছেলেই শেষ পর্যন্ত ফ্যাসিস্ট পার্টিতে যোগ দেয়। তার এক বছর আগে কার্লা মারা গেছে ক্যানসারে। এই দুই ট্র্যাজিডির ধাক্কা চন্দ্র সহিতে পারেনি। তাই সে দেশে ফিরে আসে। ছেলের সঙ্গে সে কোনও যোগাযোগ রাখেনি। ভাল কথা, ছেলেকে দেখলে কেমন? তার তো ষাটের কাছাকাছি বয়স হবার কথা।

ফেলুদা—বাষাট্টি। তবে এমনিতে শক্ত আছেন বেশ। কথাবার্তা বলেন না বললেই চলে।

ভূদেব—বলার মুখ নেই বলেই বলে না।...স্ত্রীর মৃত্যু ও ছেলের বিপথে যাওয়ার দুঃখ চন্দ্র কোনওদিন ভুলতে পারেনি। শেষে তাই তাকে সংসার ত্যাগ করতে হয়েছিল। এই নিয়ে অবশ্য তার সঙ্গে আমার কথা কাটাকাটিও হয়। তাকে বলি—তোমার মধ্যে এত ট্যালেন্ট আছে, এখনও কাজের ক্ষমতা আছে, তুমি বিবাগী হবে কেন? কিন্তু সে আমার কথা শোনেনি।

ফেলুদা—আপনার সঙ্গে যোগাযোগ রেখেছিলেন কি?

ভূদেব—মাঝে মাঝে একটা করে পোস্টকার্ড লিখত, তবে অনেকদিন আর খবর পাইনি।

ফেলুদা—শেষ কবে পেয়েছিলেন মনে আছে?

ভূদেব—দাঁড়াও, এই বাস্তবের মধ্যেই আছে তার চিঠিগুলো। হ্যাঁ, সেপ্টেম্বর ১৯৭৭। হ্রষীকেশ থেকে লিখেছে এটা।

ফেলুদা—অর্থাৎ পাঁচ বছর আগে। তার মানে তো আইনের চোখে তিনি এখনও জীবিত!

ভূদেব—সত্যিই তো! এটা তো আমার খেয়াল হয়নি।

ফেলুদা—তার মানে রুদ্রশেখর এখনও তার সম্পত্তি ক্রেম করতে পারেন না।

পরদিন ভূদেব সিং গাড়িতে ঘুরিয়ে ভগওয়ানগড়ের যা কিছু দ্রষ্টব্য সব দেখিয়ে দিলেন আমাদের। গড়ের ভগ্নস্তুপ, ভবানীর মন্দির, লক্ষ্মীনারায়ণ গার্ডেনস, পিথোরি লেক, জঙ্গলে হরিণের পাল—কিছুই বাদ গেল না।

কথাই ছিল এবার শেভরোলে গাড়ি আমাদের একেবারে নাগপুর অবধি পৌঁছে দেবে, যাতে আমাদের আর প্যাসেঞ্জার ট্রেনের বক্কি পোয়াতে না হয়। গাড়িতে ওঠার আগে ভূদেব সিং ফেলুদার কাঁধে হাত রেখে বললেন—

‘সি দ্যাট দ্য টিনটোরোটো ডাজনট ফল ইনটু দ্য রং হ্যান্ডস।’

মি. নাগপালকে আগেই বলা ছিল; তিনি ওই আমেনিয়ান ভদ্রলোকের নাম ঠিকানা একটা কাগজে লিখে ফেলুদাকে দিলেন, ফেলুদা সেটা সযত্নে ব্যাগে পুরে রাখল।

পরদিন এগারোটায় বাড়ি ফিরে এক ঘণ্টার মধ্যে বৈকুণ্ঠপুর থেকে নবকুমারবাবুর টেলিফোন এল ।

‘চট করে চলে আসুন মশাই । এখানে গুণ্ডগোল ।’

৭

আমরা আধ ঘণ্টার মধ্যেই বেরিয়ে পড়লাম ।

‘ছবিটা কি লোপাট হয়ে গেল নাকি মশাই ?’ যেতে যেতে জিজ্ঞেস করলেন লালমোহনবাবু ।

‘সেইটেই তো ভয় পাচ্ছি ।’

‘অ্যাদিন ছবির ব্যাপারটায় ঠিক ইন্টারেস্ট পাচ্ছিলুম না, জানেন । এখন বইটা পড়ে, আর ভূদেব রাজার সঙ্গে কথা বলে কেমন যেন একটা নাড়ীর যোগ অনুভব করছি ওই টিরিনটোরোর সঙ্গে ।’

ফেলুদা গম্ভীর, লালমোহনবাবুর ভুল শুধরোনোর চেষ্টাও করল না ।

এবারে হরিপদবাবু স্পিডোমিটারের কাঁটা আরও চড়িয়ে রাখায় আমরা ঠিক দুঘণ্টায় পৌঁছে গেলাম ।

নিয়োগীবাড়িতে এই তিনদিনে যেমন কিছু নতুন লোক এসেছে—নবকুমারবাবুর স্ত্রী ও দুই ছেলে-মেয়ে—তেমনি কিছু লোক চলেও গেছে ।

চন্দ্রশেখরের ছেলে রুদ্রশেখর আজ ভোরে চলে গেছেন কলকাতা ।

আর বঙ্কিমবাবুও নেই ।

বঙ্কিমবাবু খুন হয়েছেন ।

কোনও ভারী জিনিস দিয়ে তাঁর মাথায় আঘাত করা হয়, আর তার ফলেই তাঁর মৃত্যু হয় । বেশ বেলা পর্যন্ত তাঁর কোনও হৃদিস না পেয়ে খোঁজাখুঁজি পড়ে যায় । শেষে চাকর গোবিন্দ স্টুডিয়োতে গিয়ে দেখে তাঁর মৃতদেহ পড়ে আছে মেঝেতে, মাথার চার পাশে রক্ত । পুলিশের ডাক্তার দেখে বলেছে মৃত্যু হয়েছে আঘাতের সঙ্গে সঙ্গে । সময়—আন্দাজ রাত তিনটে থেকে ভোর পাঁচটার মধ্যে ।

নবকুমার বললেন, ‘আপনাকে ফোনে পাওয়া গেল না, তাই বাধ্য হয়েই পুলিশে খবর দিতে হল ।’

‘তা ভালই করেছেন,’ বলল ফেলুদা—‘কিন্তু কথা হচ্ছে—ছবিটা আছে কি ?’

‘সেটাই তো আশ্চর্য ব্যাপার মশাই । আততায়ী যে কে সেটা আন্দাজ করা তো খুব মুশকিল নয় ; ভদ্রলোকের হাবভাব এমনতেই সন্দেহজনক মনে হত । বোঝাই যাচ্ছিল টাকার দরকার, অথচ আইনের পথে যেতে গেলে সম্পত্তি পেতে অন্তত ছ-সাত মাস তো লাগতই—’

‘আরও অনেক বেশি,’ বলল ফেলুদা, ‘পাঁচ বছর আগেও ভূদেব সিং চন্দ্রশেখরের কাছ থেকে চিঠি পেয়েছেন ।’

‘তাই বুঝি ? তা হলে তো ভদ্রলোকের কোনও লিগ্যাল রাইটই ছিল না ।’

‘তাতে অবিশ্যি চুরি করতে কোনও বাধা নেই ।’

‘কিন্তু চুরি হয়নি ! ছবি যেখানে ছিল সেখানেই আছে ।’

‘তাজ্জব ব্যাপার,’ বলল ফেলুদা । ‘এ জাতীয় ঘটনা সমস্ত হিসেব-টিসেব গুলিয়ে দেয় । পুলিশে কী বলে ?’

‘এক দফা জেরা হয়ে গেছে সকালেই। আসল কাজ তো হল, যে চলে গেছে তাকে খুঁজে পাওয়া। কারণ, কাল রাতে এ বাড়িতে ছিলাম আমি, আমার স্ত্রী আর ছেলেমেয়ে, বাবা, মা, রবীনবাবু আর চাকর-বাকর।’

‘রবীনবাবু ভদ্রলোকটি—?’

‘উনি প্রায় রোজ রাত দেড়টা-দুটো অবধি ওঁর ঘরে কাজ করেন। চাকরেরা ওঁর ঘরে বাতি জ্বলতে দেখেছে। তাই সকাল আটটার আগে বড় একটা ঘুম থেকে ওঠেন না। আটটায় ওঁর ঘরে চা দেয় গোবিন্দ। আজও দিয়েছে। রুদ্রশেখরও যে খুব সকালে উঠতেন তা নয়, তবে আজ সাড়ে ছ’টার মধ্যে উনি চলে গেছেন। উনি আর ওঁর সঙ্গে একজন আর্টিস্ট।’

‘আর্টিস্ট?’

‘আপনি যেদিন গেলেন সেদিনই এসেছেন কলকাতা থেকে। রুদ্রশেখরই গিয়ে নিয়ে এসেছিলেন। স্টুডিয়ার জিনিসপত্রের একটা ভ্যালুয়েশন করার জন্য। সব বিক্রি করে দেবেন বলে ভাবছিলেন বোধহয়।’

‘ভদ্রলোক আপনার সঙ্গে দেখা করে যাননি?’

‘উহ। আমি তো জানি কলকাতায় যাচ্ছেন উকিল-টুকিলের সঙ্গে কথা বলতে; কাজ হলেই আবার ফিরে আসবেন। কিন্তু এখন তো আর মনে হয় না ফিরবেন বলে।’

আমরা এক তলার বৈঠকখানায় বসে কথা বলছিলাম। নবকুমারবাবু বোধহয় আমাদের দোতলায় নিয়ে যাবেন বলে সোফা ছেড়ে উঠতেই ফেলুদা বলল—

‘রুদ্রশেখর যে ঘরটায় থাকতেন সেটা একবার দেখতে পারি কি?’

‘নিশ্চয়ই। এই তো পাশেই।’

ঘরের দক্ষিণ দিকের দরজা একটা দিয়ে আমরা মেঝেতে চিনে মাটির টুকরো বসানো একটা শোবার ঘরে ঢুকলাম। ঢুকেই মনে হল যেন ঊনবিংশ শতাব্দীতে এসে পড়েছি। এমন খাট, খাটের উপর মশারি টাঙানোর এমন ব্যবস্থা, এমন ড্রেসিং টেবিল, এমন রাইটিং ডেস্ক, কাপড় রাখার এমন আলনা—কোনওটাই আর আজকের দিনে দেখা যায় না। নবকুমারবাবু বললেন, এ ঘরটাতে আগে চন্দ্রশেখরের ভাই সূর্যশেখর—অর্থাৎ নবকুমারবাবুর ঠাকুরদা—থাকতেন। ‘ঠাকুরদাদা শেষের দিকে আর দোতলায় উঠতে পারতেন না। অথচ রোজ সকালে-বিকেলে মন্দিরে যাওয়া চাই, তাই একতলাতেই বসবাস করতেন।’

‘বিছানা করা হয়নি দেখছি,’ বলল ফেলুদা। সত্যি, মশারিটা পর্যন্ত এখনও ঝুলে রয়েছে।

‘সকাল থেকেই বাড়িতে যা হট্টগোল, চাকরবাকররা সব কাজকর্ম ভুলে গেছে আর কী!’

‘পাশের ঘরটায় কে থাকে?’

‘ওটায় থাকতেন বঙ্কিমবাবু।’

দুটো ঘরের মাঝখানে একটা দরজা রয়েছে, কিন্তু সেটা বন্ধ। ফেলুদা রুদ্রশেখরের ঘর থেকে বেরিয়ে এসে বাইরের দরজা দিয়ে ঢুকল বঙ্কিমবাবুর ঘরে।

এঘরে স্বভাবতই জিনিসপত্র অনেক বেশি। আলনায় জামা-কাপড়, তার নীচে চটি-জুতো, টেবিলের উপর কিছু বই, কলপ, প্যাড, একটা রেমিংটন টাইপরাইটার। দেয়ালে টাঙানো কিছু ফোটোগ্রাফ, তার মধ্যে একটা একজন সন্ন্যাসী-গোছের ভদ্রলোকের। এ ঘরেও বিছানা করা হয়নি। মশারি ঝুলে রয়েছে।

ফেলুদা হঠাৎ খাটের দিকে এগিয়ে গিয়ে মশারিটা তুলে ধরল, তার দৃষ্টি বালিশের দিকে।

বালিশটা তুলতেই তার তলা থেকে একটা জিনিস বেরিয়ে পড়ল।

একটা ছোট্ট নীল বাস্ত্রের মধ্যে একটা ট্র্যাভেলিং অ্যালার্ম ক্লক ।

‘এ জিনিস তো আমরাও এককালে করতুম মশাই’ বললেন লালমোহনবাবু । ‘আমার পাশের ঘরে ছোটকাকা শুতেন ; পরীক্ষার সময় অ্যালার্ম দিয়ে ভোরে উঠতুম, আর ওঁর যাতে ঘুম না ভাঙে তাই ঘড়িটা রাখতুম বালিশের নীচে ।’

‘হুঁ’ বলল ফেলুদা, ‘কিন্তু ইনি অ্যালার্ম দিয়েছিলেন সাড়ে তিনটেয় ।’

‘সাড়ে তিনটে !’

নবকুমারবাবু অবাক ।

‘এবং সেই সময়ই বোধহয় গিয়েছিলেন চন্দ্রশেখরের স্টুডিয়োতে । মনে হয় ভয়ানক কিছু একটা সন্দেহ করছিলেন । সেই সন্দেহের কথাটাই বোধহয় আমায় বলতে চেয়েছিলেন গতবার ।’

*

এই খুনের আবহাওয়াতেও লালমোহনবাবুর হঠাৎ উৎফুল্ল হয়ে ওঠার কারণ আর কিছুই না ; নবকুমারবাবুর এগারো বছরের ছেলে আর ন বছরের মেয়ে দুজনেই বেরিয়ে গেল জটায়ুর অন্ধ ভক্ত । ভদ্রলোককে বৈঠকখানার সোফায় ফেলে দুজনেই চেপে ধরল—‘একটা গল্প বলুন ! একটা গল্প বলুন !’

লালমোহনবাবু খুব স্পিডে উপন্যাস লেখেন ঠিকই, তাই বলে কেউ চেপে ধরলেই যে টুথপেস্টের টিউবের মতো গলগল করে নতুন গল্প বেরিয়ে যাবে এমন নয় । ‘আচ্ছা বলছি’ বলে পর পর তিনবার খানিকদূর এগোতেই ভাই বোনে চুঁচিয়ে ওঠে—‘আরে, এ তো সাহায্য শিহরন !’ ‘আরে, এ তো হনডুরাসে হাহাকার !’ এ তো অমুক, এ তো তমুক...

শেষে ভদ্রলোকের কী অবস্থা হল জানি না, কারণ ফেলুদা নবকুমারবাবুকে বলল যে একবার খুনের জায়গাটা দেখবে ।

লালমোহনবাবুকে দোতলায় রেখে আমরা তিনজনে গেলাম চন্দ্রশেখরের স্টুডিয়োতে ।

প্রথমেই যেটার দিকে দৃষ্টি দিয়ে ফেলুদা থেমে গেল সেটা হল ঘরের মাঝখানের টেবিলটা ।

‘এর ওপর একটা ব্রঞ্জের মূর্তি ছিল না—একটা ঘোড়সওয়ার ?’

‘ঠিক বলেছেন । ওটা ইম্পেস্টের মণ্ডল নিয়ে গেলেন আঙুলের ছাপ নেওয়ার জন্য । ওঁর ধারণা ওটা দিয়েই খুনটা করা হয়েছে ।’

‘হুঁ...’

এবার আমরা তিনজনেই দক্ষিণের দেয়ালের কোণের ছবিটার দিকে এগিয়ে গেলাম ।

আজ যেন যীশুর জৌলুস আরও বেড়েছে । কেউ পরিষ্কার করেছে কি ছবিটাকে ?

ফেলুদা এক পা এক পা করে এগিয়ে গিয়ে ছবিটার একেবারে কাছে দাঁড়াল । তারপর মিনিটখানেক সেটার দিকে চেয়ে থেকে একটা অদ্ভুত প্রশ্ন করল ।

‘ইটালিতে রেনেসাঁসের যুগে মিনি-শ্যামাপোকা ছিল কি ?’

‘মিনি-শ্যামাপোকা ?’ নবকুমারবাবুর চোখ কপালে উঠে গেছে ।

‘আজকাল তিনরকম শ্যামাপোকা হয়েছে জানেন তো ? মিনি, মিডি আর ম্যাক্সি । ম্যাক্সিগুলো সাদা, সবুজ নয় । মিনিগুলো রেগুলার কামড়ায় । সবুজ মিডিগুলো অবিশ্যি চিরকালই ছিল । কিন্তু ষড়বিংশ শতাব্দীর ভেনিসে ছিল কি না সে বিষয় আমার সন্দেহ আছে ।’

‘ভেনিসে না হোক, এই বৈকুণ্ঠপুরে তো আছেই। কাল রাত্রেও হয়েছিল।’

‘তা হলে দুটো প্রশ্ন করতে হয়,’ বলল ফেলুদা, ‘প্রাচীন পেন্টিং-এর শুকনো রঙে সে পোকা আটকায় কী করে, আর যে ঘরে বাতি জ্বলে না সে ঘরে পোকা আসে কী করে।’

‘তার মানে—?’

‘তার মানে এ ছবি আসল নয়, মিস্টার নিয়োগী। আসল ছবিতে যীশুর কপালে শ্যামাপোকা ছিল না, আর ছবির রংও এত উজ্জ্বল ছিল না। এ ছবি গত দু-এক দিনে আঁকা হয়েছে মূল থেকে কপি করে। কাজটা রাণ্ডিরে মোমবাতি বা কেরোসিনের বাতি জ্বালিয়ে হয়েছে, আর সেই সময় একটি শ্যামাপোকা ঢুকে যীশুর কপালের কাঁচা রঙে আটকে গেছে।’

নবকুমারবাবুর মুখ ফ্যাকাসে।

‘তা হলে আসল ছবি—?’

‘আসল ছবি সরিয়ে ফেলা হয়েছে মিস্টার নিয়োগী। খুব সম্ভবত আজ ভোরেই। এবং কে সরিয়েছে সেটা তো নিশ্চয়ই বুঝতে পারছেন।’

৮

রুদ্রশেখরের কথা (২)

‘গুড আফটারনুন, মিস্টার নিয়োগী।’

‘গুড আফটারনুন।’

রুদ্রশেখর এগিয়ে এসে সোমানির বিপরীত দিকে একটা চেয়ারে বসলেন। দুজনের মাঝখানে একটা প্রশস্ত আধুনিক ডেস্ক। আপিসঘরটা শীতাতপনিয়ন্ত্রিত ও চারিদিক থেকে বন্ধ। তাই শহরের কোনও শব্দই এখানে পৌঁছায় না। পাশের শেলফের উপর ঘড়িটা ইলেকট্রনিক, তাই সেটাও নিঃশব্দ।

‘আপনি কি ছবিটা পেয়েছেন?’ প্রশ্ন করলেন হীরালাল সোমানি।

রুদ্রশেখর নিয়োগী কোনও জবাব দেওয়ার পরিবর্তে বললেন, ‘আপনি তো আরেকজনের হয়ে ছবিটা কিনতে চান, তাই না?’

হীরালাল একদৃষ্টে চেয়ে রইলেন রুদ্রশেখরের দিকে, ভাবটা যেন তিনি প্রশ্নটা শুনতেই পাননি।

‘আমি সেই ভদ্রলোকের নাম-ঠিকানাটা চাইতে এসেছি,’ বললেন রুদ্রশেখর নিয়োগী।

হীরালাল ঠিক সেই ভাবেই চেয়ে থেকে বললেন, ‘আমি আবার জিজ্ঞেস করছি মিঃ নিয়োগী—ছবিটা কি এখন আপনার হাতে?’

‘সেটা বলতে আমি বাধ্য নই।’

‘তা হলে আমিও ইনফরমেশন দিতে বাধ্য নই।’

‘এবার দেবেন কি?’

রুদ্রশেখর বিদ্যুৎবেগে উঠে দাঁড়িয়েছে, তার হাতে একটা একটি রিভলভার, সোজা হীরালালের দিকে তাগ করা।

‘বলুন মিঃ সোমানি। আমার জানা দরকার। আমি আজই সে লোকের সঙ্গে যোগাযোগ করতে চাই।’

টেবিলের তলায় সোমানি যে তাঁর বাঁ হাঁটু দিয়ে একটি বোতামে চাপ দিয়েছেন, এবং দেওয়ামাত্র রুদ্রশেখরের পিছনের একটি ঘরের দরজা খুলে গিয়ে দুটি লোক বেরিয়ে এসে

তাঁর পিছনে দাঁড়িয়েছে, সেটা তাঁর জানার উপায় ছিল না ।

পরমহুর্তেই রুদ্রশেখর দেখলেন যে তিনি মোক্ষম প্যাঁচে পড়েছেন ।

একটি লোক তার ডান হাতটা ধরে তাতে মোচড় দেওয়াতে রিভলভারটা এখন তারই হাতে চলে গেছে, এবং সেটি এখন রুদ্রশেখরের দিকেই তাগ করা ।

‘পালাবার কোনও চেষ্টায় ফল হবে না মিঃ নিয়োগী । এই দুজন লোক আপনার সঙ্গে গিয়ে আপনার কাছ থেকে ছবিটা নিয়ে আসবে । আশা করি আপনি মুখের মতো বাধা দেবেন না ।’

বিশ মিনিটের মধ্যে লোক দুজন সমেত রুদ্রশেখর একটি ফিয়াট গাড়িতে করে সদর স্ট্রিটের একটি হোটেলে পৌঁছে গেলেন । আপাতদৃষ্টিতে কোনও অস্বাভাবিক ঘটনা নয়—দুটি লোককে সঙ্গে নিয়ে রুদ্রশেখর তাঁর ঘরে চলেছেন । দুজনের একজনের হাত কোটের পকেটে ঠিকই, কিন্তু সে হাতে যে রিভলভার ধরা সেটা বাইরের লোকে বুঝবে কী করে ?

উনিশ নম্বর ঘরে ঢুকে দরজা বন্ধ করে দেবার পর রিভলভার বেরিয়ে এল কোটের পকেট থেকে । রুদ্রশেখর বুঝলেন কোনও আশা নেই, তাঁকে আদেশ মানতেই হবে ।

সুটকেস বিছানার উপর রেখে চাবি দিয়ে ডালা খুলে একটা খবরের কাগজে মোড়া পাতলা বোর্ড বার করে আনেন রুদ্রশেখর ।

যে লোকটির হাতে রিভলভার নেই সে মোড়কটা ছিনিয়ে নিয়ে খবরের কাগজের র‍্যাপিং খুলতেই বেরিয়ে পড়ল যীশু খ্রিষ্টের ছবি ।

লোকটা ছবিটা আবার কাগজে মুড়ে পকেট থেকে প্রথমে একটি সিল্কের রুমাল বার করে তাই দিয়ে রুদ্রশেখরের মুখ বাঁধল ।

তারপর একটি মোক্ষম ঘূঁষিতে তাকে অজ্ঞান করে মেঝেতে ফেলে, নাইলনের দড়ির সাহায্যে আষ্টেপৃষ্ঠে বেঁধে সেইভাবেই ফেলে রেখে দুজনে ঘর থেকে বেরিয়ে গেল ।

পনেরো মিনিটের মধ্যে যীশু খ্রিষ্টের ছবি হীরালাল সোমানির কাছে পৌঁছে গেল । সোমানি ছবিটার উপর চেখ বুলিয়ে দুটির একটি লোকের হাতে দিয়ে বললেন, ‘এটা ভাল করে প্যাক করো ।’

তারপর অন্য লোকটিকে বললেন, ‘একটা জরুরি টেলিগ্রাম লিখে দিচ্ছি । এখনি পার্ক স্ট্রিট পোস্টাফিসে চলে যাও । টেলিগ্রাম আজকের মধ্যেই যাওয়া চাই ।’

সোমানি টেলিগ্রাম লিখলেন—

মিঃ ওয়লটার ক্রিকোরিয়ান

ক্রিকোরিয়ান এন্টারপ্রাইজিজ

১৪ হেনেসি স্ট্রিট

হংকং

অ্যারাইভিং স্যাটারডে নাইনথ অক্টোবর

—সোমানি

সন্দের দিকে ইন্সপেক্টর মণ্ডল এলেন । মহাদেব মণ্ডল । নামটা শুনলেই যে একটা গোলগাল নাদুননাদুন চোহরা মনে হয়, মোটেই সেরকম নয় । বরং একেবারেই উলটো । লালমোহনবাবু পরে বলেছিলেন, ‘নামের তিনভাগের দুভাগই যখন রোগা, তখন এটাই স্বাভাবিক, যদিও সচরাচর এটা হয় না ।’ এখানে অবিশ্যি নাম বলতে লালমোহনবাবু



‘দারোগা’ বোঝাতে চেয়েছিলেন ।

দেখলাম ফেলুদার নাম যথেষ্ট জানা আছে ভদ্রলোকের ।

‘আপনি তো খড়্গপুরের সেই জোড়া খুনের রহস্যটা সমাধান করেছিলেন, তাই না ? সেভেনটি এইটে ?’

যমজ ভাইয়ের একজনকে মারার কথা, কোনও রিস্ক না নিয়ে দুজনকেই খুন করেছিল এক ভাড়াটে গুণ্ডা । ফেলুদার খুব নামডাক হয়েছিল কেসটাতে ।

ফেলুদা বলল, ‘বর্তমান খুনের ব্যাপারটা কী বুঝেছেন ?’

‘খুনি তো যিনি ভেগেছেন তিনিই,’ বললেন ইন্সপেক্টর মণ্ডল । ‘এ বিষয়ে তো কোনও ডাউট নেই, কিন্তু কথাটা হচ্ছে মোটিভ নিয়ে ।’

‘একটা মহামূল্য জিনিস নিয়ে খুনি ভেগেছেন সেটা জানেন কি ?’

‘এটা আবার কী ব্যাপার ?’

‘এটা আবিষ্কারের ব্যাপারে আমার সামান্য অবদান আছে ।’

‘জিনিসটা কী ?’

‘একটা ছবি । স্টুডিয়োতেই ছিল । সেই ছবিটা নেবার সময় বন্ধিমবাবু গিয়ে পড়লে পরে খুনটা অসম্ভব নয় ।’

‘তা তো বটেই ।’

‘আপনি সাংবাদিক ভদ্রলোকটিকে জেরা করেছেন ?’

‘করেছি বইকী । সত্যি বলতে কী, দু-দুটি সম্পূর্ণ অচেনা লোক একই সঙ্গে বাড়িতে এসে রয়েছে এটা খুবই খটকার ব্যাপার । ওঁর ওপরেও যে আমার সন্দেহ পড়েনি তা না, তবে জেরা করে মনে হল লোকটি বেশ স্ট্রেট-ফরওয়ার্ড, কথাবার্তাও পরিষ্কার । তা ছাড়া, যে মূর্তিটা মাথায় মেরে খুন করা হয়েছে বলে আমার বিশ্বাস, তাতে স্পষ্ট আঙুলের ছাপ পাওয়া গেছে । তার সঙ্গে এনার আঙুলের ছাপ মেলে না ।’

‘রুদ্রশেখরবাবুর ট্যাক্সির খোঁজটা করেছেন ? ডব্লু বি টি ফোর ওয়ান ডবল টু ?’

‘বা-বা, আপনার তো খুব মেমারি !—খোঁজ করা হয়েছে বই কী । পাওয়া গেছে সে ট্যাক্সি । রুদ্রশেখরকে এখান থেকে নিয়ে গিয়ে সদর স্ট্রিটে একটা হোটেলে নামায় । সে হোটেলে খোঁজ করে ভদ্রলোককে পাওয়া যায়নি । অন্য হোটেলগুলোতেও নাম এবং চেহারার বর্ণনা দিয়ে খোঁজ করা হচ্ছে, কিন্তু এখনও কোনও খবর আসেনি । মহামূল্য ছবি যদি নিয়ে থাকে তা হলে তো সেটাকে বিক্রি করতে হবে । সে কাজটা কলকাতায় হবারই সম্ভাবনা বেশি ।’

‘সে ব্যাপারে পুরোপুরি ভরসা করা যায় বলে মনে হয় না ।’

‘আপনি বলছেন শহর ছেড়ে চলে যেতে পারে ?’

‘দেশ ছেড়েও যেতে পারে ।’

‘বলেন কী !’

‘আমার যদুদ্র ধারণা আজই হংকং-এ একটা ফ্লাইট আছে ।’

‘হংকং ! এ যে আন্তর্জাতিক পুলিশের ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে মশাই । হংকং চলে গেলে আর মহাদেব মণ্ডল কী করতে পারে বলুন !’

‘হংকং যে গেছে এমন কোনও কথা নেই । তবে আপনি না পারলেও আমাকে একটা চেষ্টা দেখতেই হবে ।’

‘আপনি হংকং যাবেন ?’ বেশ কিছুটা অবাক হয়েই জিজ্ঞেস করলেন নবকুমারবাবু ।

‘আরও দু-একটা অনুসন্ধান করে নিই,’ বলল ফেলুদা, ‘তারপর ডিসাইড করব ।’

‘যদি যাওয়া স্থির করেন তো আমাকে জানাবেন । ওখানে একটি বাঙালি ব্যবসাদারের সঙ্গে খুব আলাপ আছে আমার । পূর্ণেন্দু পাল । আমার সঙ্গে কলেজে পড়ত । ভারতীয় হ্যাভিক্রাফটসের দোকান আছে । সিক্কি-পাঞ্জাবিদের সঙ্গে পাল্লা দিয়ে মন্দ করছে না ।’

‘বেশ তো । আমি গেলে তাঁর ঠিকানা নিয়ে নেব আপনার কাছে ।’

‘ঠিকানা কেন ? আমি তাকে কেবল করে জানিয়ে দেব, সে আপনাদের এসে মিট করবে এয়ারপোর্টে । প্রয়োজনে তার ফ্ল্যাটেই থাকতে পারেন আপনারা ।’

‘ঠিক আছে, ঘুরে আসুন,’ ফেলুদাকে উদ্দেশ্য করে বললেন মিঃ মণ্ডল, ‘যদি পারেন আমার জন্য কিছু বিলিতি ব্রেন্ড নিয়ে আসবেন তো মশাই । আমার দাড়ি বড় কড়া । দিশি ব্রেডে শানায় না ।’

মিঃ মণ্ডল বিদায় নিলেন ।

‘যাক, তা হলে শেষমেষ আমাদের পাসপোর্টটা কাজে লাগল,’ আমরা তিনজনে আমাদের ঘরে গিয়ে বসার পর বললেন লালমোহনবাবু । দু বছর আগে বিশ্বের প্রেসিডেন্ট হোটেলের একজন আরব বাসিন্দা খুন হয় । ফেলুদার বন্ধু বিশ্বের ইন্সপেক্টর পটবর্ধন মারফত কেসটা ফেলুদার হাতে আসে । সেই সূত্রেই আমাদের আবু ধাবি যাবার কথা হয়েছিল । সব ঠিক, পাসপোর্ট-টাসপোর্ট রেডি, এমন সময় খবর আসে খুনি পুলিশের কাছে আত্মসমর্পণ করেছে ।—‘কান ঘেঁষে বেরিয়ে গেল, তপেশ ভাই !’ আক্ষেপ করে বলেছিলেন লালমোহনবাবু । ‘কাঠমাণ্ডু ফরেন কান্ট্রি ঠিকই, কিন্তু পাসপোর্ট দেখিয়ে ফরেনে যাবার একটা আলাদা ইয়ে আছে ।’

সেই ইয়েটা এবার হলেও হতে পারে ।

লালমোহনবাবু হংকং-এর ক্রাইম রোট সম্বন্ধে কী একটা মন্তব্য করতে যাচ্ছিলেন, এমন সময় দরজার বাইরে একটা মৃদু কাশির শব্দ পেলাম ।

‘আসতে পারি ?’

সাংবাদিক রবীন চৌধুরীর গলা ।

ফেলুদা ‘আসুন’ বলাতে ভদ্রলোক ঘরে ঢুকে এলেন । আমার আবার মনে হল ঐকে যেন আগে দেখছি, কিন্তু কোথায় সেটা বুঝতে পারলাম না ।

ফেলুদা চেয়ার এগিয়ে দিলেন ভদ্রলোকের দিকে ।

‘আপনি শুনলাম ডিটেকটিভ ?’ বসে বললেন ভদ্রলোক ।

‘আজ্ঞে হ্যাঁ । সেটাই আমার পেশা ।’

‘জীবনী লেখার কাজটাও অনেক সময় প্রায় গোয়েন্দাগিরির চেহারা নেয় । এক-একটা নতুন তথ্য এক-একটা ক্লু-এর মতো নতুন দিক খুলে দেয় ।’

‘আপনি চন্দ্রশেখর সম্বন্ধে নতুন কোনও তথ্য পেলেন নাকি ?’

‘স্টুডিয়ো থেকে চন্দ্রশেখরের দুটো বাস্ক আমি আমার ঘরে নিয়ে এসেছিলাম । তাতে বেশির ভাগই চিঠি, দলিল, ক্যাশমো, ক্যাটালগ ইত্যাদি, কিন্তু সেই সঙ্গে কিছু খবরের কাগজের কাটিং-ও ছিল । তার মধ্যে একটা খুবই গুরুত্বপূর্ণ । এই দেখুন ।’

ভদ্রলোক পকেট থেকে একটা খবরের কাগজের টুকরো বার করে ফেলুদার দিকে এগিয়ে দিলেন । তার একটা অংশ লাল পেনসিল দিয়ে মার্ক করা । তাতে লেখা—

La moglie Vittoria con in figlio Rajsekhar annuncio con profondo dolore la scomparsa del loro Rudrasekhar Neogi.

—Roma, Juli 27, 1955

‘এ তো দেখছি ইটালিয়ান ভাষা,’ বলল ফেলুদা ।

‘হ্যাঁ, কিন্তু আমি ডিকশনারি দেখে মানে করেছি । এতে বলছে—স্ত্রী ভিক্টোরিয়া ও ছেলে রাজশেখর গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছে—“লা স্কমপারসা দেল লোরো রুদ্রশেখর নিয়োগী”—অর্থাৎ, দ্য লস্ অফ দেয়ার রুদ্রশেখর নিয়োগী ।’

‘মৃত্যু সংবাদ ?’ ভুরু কুঁচকে বলল ফেলুদা ।

‘রুদ্রশেখর ডেড ?’ চোখ কপালে তুলে বললেন জটায়ু ।

‘তা তো বটেই । এবং তিনি মারা যান ১৯৫৫ সালের সাতাশে জুলাই । তার সঙ্গে এটাও জানা যাচ্ছে যে তিনি বিয়ে করেছিলেন, এবং রাজশেখর নামে তাঁর একটি ছেলে হয়েছিল ।’

‘সর্বনাশ ! এ যে বিস্ফোরণ !’ ফেলুদা খাট ছেড়ে উঠে দাঁড়িয়েছে । ‘আমার নিজেরও সন্দেহ হয়েছিল, কিন্তু এই ভাবে হাতে-নাতে প্রমাণ পাওয়া যাবে সেটা ভাবতে পারিনি ।

আপনি কবে পেলেন এটা ?’

‘আজই দুপুরে ।’

‘ইস—লোকটা সটকে পড়ল । কী মারাত্মক ধাপ্পাবাজি !’

‘আমি কিন্তু প্রথম থেকেই সন্দেহ করেছিলাম, কারণ আমি কোনও প্রশ্ন করলে হয় উনি এড়িয়ে যাচ্ছিলেন, না হয় ভুল জবাব দিচ্ছিলেন । শেষে অবিশ্যি প্রশ্ন করা বন্ধই করে দিয়েছিলাম ।’

‘যাক্গে । এই নিয়ে এঁদের এখন কিছু জানিয়ে কোনও লাভ নেই । এখন লোকটাকে ধরা নিয়ে কথা । তারপর অবিশ্যি শাস্তি যেটা দরকার সেটা হবে । আপনি সত্যিই গোয়েন্দার কাজ করেছেন । অনেক ধন্যবাদ ।’

রবীনবাবু চলে গেলেন । আমাদের অনেক উপকার করে গেলেন ঠিকই, কিন্তু তাও ওঁর সম্বন্ধে খটকা লাগছে কেন ?

ওঁর শার্টের এক পাশে রক্তের দাগ কেন ?

ফেলুদাকে বললাম ।

লালমোহনবাবুও দেখেছেন দাগটা, এবং বললেন, ‘হাইলি সাস্পিশাস ।’

ফেলুদা শুধু গম্ভীরভাবে একটা কথাই বলল, ‘দেখেছি ।’

*

আমরা সঙ্গে সাততায় বৈকুণ্ঠপুর থেকে বেরিয়ে পড়লাম । রওনা দেবার ঠিক আগে নবকুমারবাবু আমাদের সঙ্গে দেখা করতে এসে একটা অপ্রত্যাশিত ব্যাপার করলেন । ফেলুদার হাতে একটা খাম গুঁজে দিয়ে বললেন, ‘এই নিন মশাই, সামনে আপনাদের অনেক খরচ আছে । এতে কিছু আগাম দিয়ে দিলাম । আমাদেরই হয়ে আপনি তদন্তটা করছেন এ ব্যাপারে আপনার মনে যেন কোনও দ্বিধা না থাকে ।’

‘অনেক ধন্যবাদ ।’

‘আর আমি পূর্ণেন্দুকে কাল একটা টেলিগ্রাম করে দেব । আপনি যদি যান তা হলে ফ্লাইট নাম্বার জানিয়ে এই ঠিকানায় ওকে একটা তার করে দেবেন । ব্যস, আর কিছু ভাবতে হবে না ।’

খাম ছিল পাঁচ হাজার টাকার একটা চেক ।

‘জাল-রুদ্রশেখরকে খোঁজার কী করবেন ?’ ফেরার পথে লালমোহনবাবু জিজ্ঞেস করলেন ।

‘ওঁর পাত্তা পাবার আশা কম, যদি বা ভদ্রলোক হংকং গিয়ে থাকেন ।’

‘গেছে কি না-গেছে সেটা জানছেন কী করে ?’

‘জানার কোনও উপায় নেই । তাকে দেশের বাইরে যেতে হলে তার নিজের নামে যেতে হবে ; তার পাসপোর্টও হবে নিজের নামে । নবকুমারবাবুর বাবাকে যে পাসপোর্ট দেখিয়েছিলেন ভদ্রলোক, সেটা জাল ছিল তাতে কোনও সন্দেহ নেই । ক্ষীণদৃষ্টি বৃদ্ধের পক্ষে সেটা ধরার কোনও সম্ভাবনা ছিল না । কিন্তু এয়ারপোর্টে তো আর সে ধাপ্পা চলবে না তার আসল নামটা যখন আমরা জানি না, তখন প্যাসেঞ্জার লিস্ট দেখে কোনও লাভ নেই ।’

‘তা হলে ?’

‘একটা ব্যাপার হতে পারে । আমার মনে হয় সেই আমেনিয়ান ভদ্রলোকের নাম ঠিকানা নিতে জাল-রুদ্রশেখরকে একবার হীরালাল সোমানির কাছে যেতেই হবে । সোমানি সম্বন্ধে

যা শুনলাম, এবং তাকে যতটুকু দেখেছি, তাতে মনে হয় না সে নাম ঠিকানা দেবে। এত বড় দাঁও সে হাতছাড়া করবে না। ছলেবলে কৌশলে সে জাল-রুদ্রশেখরের হাত থেকে ছবিটা আদায় করবে। তারপর সেটা নিয়ে নিজেই হংকং যাবে সাহেবকে দিতে।’

‘তা হলে তো সোমানির নাম খুঁজতে হবে প্যাসেঞ্জার লিস্টে।’

‘তা তো বটেই। ওটার উপরই তো নির্ভর করছে আমাদের যাওয়া না-যাওয়া।’

লালমোহনবাবুর চট করে চোখ কপালে তোলা থেকে বুঝলাম উনি একটা কুইক্ প্রার্থনা সেরে নিলেন যাতে হংকং যাওয়া হয়। যদি যাওয়া হয় তা হলে চিনে ভাষা শেখার প্রয়োজন হবে কি না জিজ্ঞেস করাতে ফেলুদা বলল, ‘চিনে ভাষায় অক্ষর কটা আছে জানেন?’

‘কটা?’

‘দশ হাজার। আর আপনার জিভে প্লাস্টিক সাজারি না করলে চিনে উচ্চারণ বেরোবে না মুখ দিয়ে। বুঝেছেন?’

‘বুঝলাম।’

পরদিন সকালে আপিস খোলার টাইম থেকেই ফেলুদা কাজে লেগে গেল।

আজকাল শুধু এয়ার ইন্ডিয়া আর থাই এয়ারওয়েজে হংকং যাওয়া যায় কলকাতা থেকে। এয়ার ইন্ডিয়া যায় সপ্তাহে একদিন—মঙ্গলবার, আর থাই এয়ারওয়েজ যায় সপ্তাহে তিনদিন—সোম, বুধ আর শনি—কিন্তু শুধু ব্যাঙ্কক পর্যন্ত; সেখান থেকে অন্য প্লেন নিতে হয়।

আজ শনিবার, তাই ফেলুদা প্রথমে থাই এয়ারওয়েজেই ফোন করল।

পাঁচ মিনিটের মধ্যেই প্যাসেঞ্জার লিস্টের খবর জানা গেল।

আজই সকালে হীরালাল সোমানি হংকং চলে গেছেন।

আমরা সবচেয়ে তাড়াতাড়ি যেতে পারি আগামী মঙ্গলবার, অর্থাৎ তরশু।

তার মানে হংকং-এ তিনটে দিন হাতে পেয়ে যাচ্ছে হীরালাল সোমানি।

সুতরাং ধরে নেওয়া যেতে পারে আমরা যতদিনে পৌঁছাব ততদিনে ছবি সোমানির হাত থেকে সাহেবের হাতে চলে যাবে।

তা হলে আমাদের গিয়ে কোনও লাভ আছে কি?

কথাগুলো অবিশ্যি ফেলুদাই বলছিল আমাদের শুনিয়ে শুনিয়ে।

লালমোহনবাবু কিছুক্ষণ চুপ করে থেকে বললেন—

‘টিনটোরেরটোর ইটালিয়ান উচ্চারণটা কী মশাই?’

‘তিনতোরোন্তো,’ বলল ফেলুদা।

‘নামের গোড়াতেই যখন তিন, আর আমি যখন আছি আপনাদের সঙ্গে, তখন মিশন সাক্ষেসফুল না হয়ে যায় না।’

‘যাবার ইচ্ছেটা আমারও ছিল পুরোমাত্রায়,’ বলল ফেলুদা, ‘কিন্তু যাবার এত বড় একটা জাস্টিফিকেশন খুঁজে পাওয়া আমার পক্ষে সম্ভব হত না।’

মঙ্গলবার ১২ই অক্টোবর রাত দশটায় এয়ার ইন্ডিয়ার ৩১৬নম্বর ফ্লাইটে আমাদের হংকং যাওয়া। বোইং ৭০৭ আর ৭৩৭-এ ওড়ার অভিজ্ঞতা ছিল এর আগে, এবার ৭৪৭ জাম্বো-জেটে চড়ে আগের সব ওড়াগুলো ছেলেমানুষি বলে মনে হল।

প্লেনের কাছে পৌঁছে বিশ্বাস হচ্ছিল না যে এত বড় জিনিসটা আকাশে উড়তে পারে।
২০২

সিঁড়ি দিয়ে উঠে ভিতরে ঢুকে যাত্রীর ভিড় দেখে সেটা আরও বেশি করে মনে হল। লালমোহনবাবু যে বলেছিলেন শুধু ইকনমি ক্লাসের যাত্রীতেই নেতাজি ইন্ডোর স্টেডিয়াম ভরে যাবে, সেটা অবিশ্যি বাড়াবাড়ি, কিন্তু একটা মাঝারি সাইজের সিনেমা হলের একতলাটা যে ভরে যাবে তাতে সন্দেহ নেই।

ফেলুদা গতকাল সকালেই পূর্ণেন্দুবাবুকে টেলিগ্রাম করে দিয়েছে। আমরা হংকং পৌঁছাব আগামীকাল সকাল পৌনে আটটা হংকং টাইম—তার মানে ভারতবর্ষের চেয়ে আড়াই ঘণ্টা এগিয়ে।

যেখানে যাচ্ছি সেটা যদি নতুন জায়গা হয় তা হলে সেটা সম্বন্ধে পড়াশুনা করে নেওয়াটা ফেলুদার অভ্যাস, তাই ও গতকালই অক্সফোর্ড বুক অ্যান্ড স্টেশনারি থেকে হংকং সম্বন্ধে একটা বই কিনে নিয়েছে। আমি সেটা উলটে পালটে ছবিগুলো দেখে বুঝেছি হংকং-এর মতো এমন জমজমাট রংদার শহর খুব কমই আছে। লালমোহনবাবু উৎসাহে ফেটে পড়ছেন ঠিকই, কিন্তু যেখানে যাচ্ছেন সে-জায়গা সম্বন্ধে ধারণা এখনও মোটেই স্পষ্টই নয়। একবার জিজ্ঞেস করলেন চিনের প্রাচীরটা দেখে আসার কোনও সুযোগ হবে কি না। তাতে ফেলুদাকে বলতে হল যে চিনের প্রাচীর হচ্ছে পিপ্লস রিপাবলিক অফ চায়নায়, পিকিং-এর কাছে, আর হংকং হল ব্রিটিশদের শহর। পিকিং হংকং থেকে অন্তত পাঁচশো মাইল।

আবহাওয়া ভাল থাকলে জাহাজে জেটের মতো এমন মোলায়েম ঝাঁকানিশূন্য ওড়া আর কোনও প্লেনে হয় না। মাঝরাাত্র ব্যাককে নামে প্লেনটা, কিন্তু যাত্রীদের এয়ারপোর্টে নামতে দেবে না শুনে দিব্যি ঘুমিয়ে কাটিয়ে দিলাম।

সকালে উঠে জানালা দিয়ে চেয়ে দেখি আমরা সমুদ্রের উপর দিয়ে উড়ে চলেছি।

তারপর ক্রমে দেখা গেল জলের উপর উচিয়ে আছে কচ্ছপের খোলার মতো সব ছোট ছোট দ্বীপ। প্লেন নীচে নামছে বলে দ্বীপগুলো ক্রমে বড় হয়ে আসছে, আর বুঝতে পারছি তার অনেকগুলোই আসলে জলে-ডুবে-থাকা পাহাড়ের চূড়া।

সেগুলোর উপর দিয়ে যেতে যেতে হঠাৎ দেখতে পেলাম পাহাড়ের ঘন সবুজের উপর সাদার ছোপ।

আরও কাছে আসতে সেগুলো হয়ে গেল পাহাড়ের গায়ে থরে থরে সাজানো রোদে-চোখ-ঝলসানো বিশাল বিশাল হাইরাইজ।

হংকং-এ ল্যান্ডিং করতে হলে পাইলটের যথেষ্ট কেরামতির দরকার হয় সেটা আগেই শুনেছি। তিনদিকে সমুদ্রের মাঝখানে এক চিলতে ল্যান্ডিং স্ট্রিপ—হিসেবে একটু গুণ্ডগোল হলে জলে ঝপাং, আর বেশি গুণ্ডগোল হলে সামনের পাহাড়ের সঙ্গে দড়াম্।

কিন্তু এ দুটোর কোনওটাই হল না। মোক্ষম হিসেবে প্লেন গিয়ে নামল ঠিক যেখানে নামবার, থামল যেখানে থামবার, আর তারপর উলটো মুখে গিয়ে টার্মিন্যাল বিল্ডিং-এর পাশে ঠিক এমন জায়গায় দাঁড়াল যে চাকার উপর দাঁড় করানো দুটো চারকোনা মুখ-ওয়ালা সুডঙ্গ এসে ইকনমি ক্লাস আর ফার্স্ট ক্লাসের দুটো দরজার মুখে বেমালাম ফিট করে গেল। ফলে আমাদের আর সিঁড়ি দিয়ে নীচে নামতে হল না, সোজা দরজা দিয়ে বেরিয়ে সুডঙ্গে ঢুকে টার্মিন্যাল বিল্ডিং-এর ভিতরে পৌঁছে গেলাম।

‘হংকং-এর জবাব নেই,’ বললেন চোখ-ছানাবড়া লালমোহনবাবু।

‘এটা হংকং-এর একচেটে ব্যাপার নয় লালমোহনবাবু,’ বলল ফেলুদা। ‘ভারতবর্ষের বাইরে পৃথিবীর সব বড় এয়ারপোর্টেই প্লেন থেকে সোজা টার্মিন্যাল বিল্ডিং-এ ঢুকে যাবার এই ব্যবস্থা।’

হংকং-এ এক মাসের কম থাকলে ভিসা লাগে না, কাস্টমস-এও বিশেষ কড়াকড়ি নেই,

তাই বিশ মিনিটের মধ্যে সব ল্যাঠা চুকে গেল। লাগেজ ছিল সামান্যই, তিন জনের তিনটে ছোট সুটকেস, আর কাঁধে একটা করে ছোট ব্যাগ। সব মাল আমাদের সঙ্গেই ছিল।

কাস্টমস থেকে বেরিয়ে এসে দেখি একটা জায়গায় লোকের ভিড়, তাদের মধ্যে একজনের হাতে একটা হাতলের মাথায় বোর্ডে লেখা ‘পি. মিটার’। বুঝলাম ইনিই হচ্ছেন পূর্ণেন্দু পাল। পরস্পরের মুখ চেনা নেই বলে এই ব্যবস্থা।

‘ওয়েলকাম টু হংকং’, বলে আমাদের অভ্যর্থনা করলেন পাল মশাই। নবকুমারবাবুরই বয়স, অর্থাৎ চল্লিশ-বেয়াল্লিশ-এর মধ্যেই। মাথায় টাক পড়ে গেছে, তবে দিব্যি চকচকে স্মার্ট চেহারা, আর গায়ের খয়েরি সুটটাও স্মার্ট আর চকচকে। ভদ্রলোক যে রোজগার ভালই করেন, আর এখানে দিব্যি ফুটিতে আছেন, সেটা আর বলে দিতে হয় না।

একটা গাঢ় নীল জার্মান ওপেল গাড়িতে গিয়ে উঠলাম আমরা। ভদ্রলোক নিজেই ড্রাইভ করেন। ফেলুদা ওঁর পাশে সামনে বসল, আমরা দুজন পিছনে। আমাদের গাড়ি রওনা দিয়ে দিল।

‘এয়ারপোর্টটা কাউলুনে,’ বললেন মিঃ পাল। ‘আমার বাসস্থান এবং দোকান দুটোই হংকং-এ। কাজেই আমাদের বে পেরিয়ে ওপারে যেতে হবে।’

‘আপনার উপর এভাবে ভর করার জন্য সত্যিই লজ্জিত,’ বলল ফেলুদা।

ভদ্রলোক কথাটা উড়িয়েই দিলেন।

‘কী বলছেন মশাই। এটুকু করব না? এখানে একজন বাঙালির মুখ দেখতে পেলে কীরকম লাগে তা কী করে বলে বোঝাব? ভারতীয় গিজগিজ করছে হংকং-এ, তবে বঙ্গসন্তান তো খুব বেশি নেই!’

‘আমাদের হোটেলের কোনও ব্যবস্থা—?’

‘হয়েছে, তবে আগে চলুন তো আমার ফ্ল্যাটে! ইয়ে, আপনি তো ডিটেকটিভ?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘কোনও তদন্তের ব্যাপারে এসেছেন তো?’

‘হ্যাঁ। একদিনের মামলা। কাল রাত্রেই আবার এয়ার ইন্ডিয়াতেই ফিরে যাব।’

‘কী ব্যাপার বলুন তো।’

‘নবকুমারবাবুদের বাড়ি থেকে একটি মহামূল্য পেন্টিং চুরি হয়ে এখানে এসেছে। এনেছে সোমানি বলে এক ভদ্রলোক। হীরালাল সোমানি। সেটা চালান যাবে এক আর্মেনিয়ানের হাতে। জিনিসটার দাম বেশ কয়েক লাখ টাকা।’

‘বলেন কী!’

‘সেইটেকে উদ্ধার করতে হবে।’

‘ওরে বাবা, এ তো ফিল্মের গল্পো মশাই। তা এই আর্মেনিয়ানটি থাকেন কোথায়?’

‘এঁর আপিসের ঠিকানা আছে আমার কাছে।’

‘সোমানি কি কলকাতার লোক?’

‘হ্যাঁ, এবং তিনি এসেছেন গত শনিবারের ফ্লাইটে। সে ছবি ইতিমধ্যে সাহেবের কাছে পৌঁছে গেছে।’

‘সর্বনাশ! তা হলে?’

‘তা হলেও সাহেবের সঙ্গে একবার দেখা করে ব্যাপারটা বলতে হবে। চোরাই মাল ঘরে রাখা তার পক্ষেও নিরাপদ নয়। সেইটে তাকে বুঝিয়ে দিতে হবে।’

‘হুঁ...’

পূর্ণেন্দুবাবুকে বেশ চিন্তিত বলে মনে হল।

লালমোহনবাবুকে একটু গভীর দেখে গলা বেশি না তুলে জিজ্ঞেস করলাম, কী ব্যাপার।

‘হংকংকে কি বিলেত বলা চলে?’ জিজ্ঞেস করলেন ভদ্রলোক।

বললাম, ‘তা কী করে বলবেন। বিলেত তো পশ্চিমে। এটা তো ফার ইস্ট। তবে বিলেতের যা ছবি দেখেছি তার সঙ্গে এর কোনও তফাত নেই।’

ফেলুদার কান খাড়া, কথাগুলো শুনে ফেলেছে। বলল, ‘আপনি চিন্তা করবেন না, লালমোহনবাবু। আপনার গড়পারের বন্ধুদের বলবেন হংকংকে বলা হয় প্রাচ্যের লন্ডন। তাতেই ওঁরা যথেষ্ট ইমপ্রেসড হবেন।’

‘প্রাচ্যের লন্ডন! শুভ।’

ভদ্রলোক ‘প্রাচ্যের লন্ডন’ বলে বিড়বিড় করছেন, এমন সময় আমাদের গাড়িটা গোঁৎ খেয়ে একটা চওড়া টানেলের ভিতর ঢুকে গেল। সারবাঁধা হলদে বাতিতে সমস্ত টানেলের মধ্যে একটা কমলা আভা ছড়িয়ে দিয়েছে। পূর্ণেন্দুবাবু বললেন আমরা নাকি জলের তলা দিয়ে চলেছি। আমাদের মাথার উপর হংকং বন্দর। আমরা বেরোব একেবারে হংকং-এর আলোয়।

লালমোহনবাবু বললেন, ‘এমন দুর্দান্ত শহর, তার নামটা এমন ছপিং কাশির মতো হল কেন?’

‘হংকং মানে কী জানেন তো?’ জিজ্ঞেস করলেন পূর্ণেন্দুবাবু।

‘সুবাসিত বন্দর,’ বলল ফেলুদা। বুঝলাম ও খবরটা পেয়েছে ওই বইটা থেকে।

বেশ কিছুক্ষণ এই পথে চলার পর টানেল থেকে বেরিয়ে দেখলাম ছোট বড়-মাঝারি নানারকম জলযান সমেত পুরো বন্দরটা আমাদের পাশে বিছিয়ে রয়েছে, আর তারও পিছনে দূরে দেখা যাচ্ছে ফেলে আসা কাউলুন শহর।

আমাদের বাঁয়ে এখন বিশাল হাইরাইজ। কোনওটা আপিস, কোনওটা হোটেল, প্রত্যেকটারই নীচে লোভনীয় জিনিসে ঠাসা দোকানের সারি। পরে বুঝেছিলাম পুরো হংকং শহরটা একটা অতিকায় ডিপার্টমেন্ট স্টোরের মতো। এমন কোনও জিনিস নেই যা হংকং-এ পাওয়া যায় না।

কিছুদূর গিয়ে বাঁয়ে ঘুরে দুটো হাইরাইজের মাঝখান দিয়ে আমরা আরেকটা বড় রাস্তায় গিয়ে পড়লাম।

এমন রাস্তা আমি কখনওই দেখিনি।

ফুটপাথ দিয়ে চলেছে কাতারে কাতারে লোক, আর রাস্তা দিয়ে চলেছে ট্যাক্সি, বাস, প্রাইভেট গাড়ি আর ডবলডেকার-ট্রাম। ট্রামের মাথা থেকে ডাঙা বেরিয়ে তারের সঙ্গে লাগানো, কিন্তু রাস্তায় লাইন বলে কিছু নেই। রাস্তার দুপাশে রয়েছে দোকানের পর দোকান। তাদের সাইনবোর্ডগুলো দোকানের গা থেকে বেরিয়ে আমাদের মাথার উপর এমন ভাবে ভিড় করে আছে যে আকাশ দেখা যায় না। চিনে ভাষা লেখা হয় ওপর থেকে নীচে, তাই সাইনবোর্ডগুলোও ওপর থেকে নীচে, তার একেকটা আট-দশ হাত লম্বা।

ট্র্যাফিক প্রচণ্ড, আমাদের গাড়িও চলেছে ধীরে, তাই আমরা আশ মিটিয়ে দেখে নিচ্ছি এই অদ্ভুত শহরের অদ্ভুত রাস্তার চেহারাটা। কলকাতার ধরমতলাতেও ভিড় দেখেছি, কিন্তু সেখানে অনেক লোকের মধ্যেই যেন একটা যাচ্ছি-যাব ভাব, যেন তাদের হাতে অনেক সময়, রাস্তাটা যেন তাদের দাঁড়িয়ে আড্ডা মারার জায়গা। এখানের লোকেরা কিন্তু সকলেই ব্যস্ত, সকলেই হাঁটছে, সকলেরই তাড়া। বেশির ভাগই চিনে, তাদের কারুর চিনে পোশাক, কারুর বিদেশি পোশাক। এদেরই মধ্যে কিছু সাহেব-মেমও আছে। তাদের হাতে ক্যামেরা, চোখে কৌতূহলী দৃষ্টি আর মাঝে মাঝে দাঁড়িয়ে পড়ে এদিক ওদিক ঘাড় ঘোরানো থেকেই বোঝা

যায় এরা টুরিস্ট ।

অবশেষে এ-রাস্তাও পিছনে ফেলে একটা সরু রাস্তা ধরে একটা অপেক্ষাকৃত নিরিবিলি অঞ্চলে এসে পড়লাম আমরা । পরে জেনেছিলাম এটার নাম প্যাটারসন স্ট্রিট । এখানেই একটা বত্রিশ তলা বাড়ির সাত তলায় পূর্ণেন্দুবাবুর ফ্ল্যাট ।

গাড়ি থেকে যখন নামছি তখন আমাদের পাশ দিয়ে একটা কালো গাড়ি হঠাৎ স্পিড বাড়িয়ে বেরিয়ে গেল আর ফেলুদা কেমন যেন একটু টান হয়ে গেল । এই গাড়িটাকে আমি আগেও আমাদের পিছনে আসতে দেখেছি । এদিকে পূর্ণেন্দুবাবু নেমেই এগিয়ে গেছেন কাজেই আমাদেরও তাঁকে অনুসরণ করতে হল ।

‘একটু হাত পা ছড়িয়ে বসুন স্যার,’ আমাদের নিয়ে তাঁর বৈঠকখানায় ঢুকেই বললেন পূর্ণেন্দুবাবু । ‘দুঃখের বিষয় আমার এক ভাগনের বিয়ে, তাই আমার স্ত্রী ও ছেলেমেয়েকে এই সেদিন রেখে এসেছি কলকাতায় । আশা করি আতিথেয়তার একটু-আধটু ত্রুটি হলে মাইন্ড করবেন না । —কী খাবেন বলুন ।’

‘সবচেয়ে ভাল হয় চা হলে,’ বলল ফেলুদা ।

‘টি-ব্যাগস-এ আপত্তি নেই তো ?’

‘মোটাই না ।’

ঘরের উত্তর দিকে একটা বড় ছড়ানো জানালা দিয়ে হংকং শহরের একটা অংশ দেখা যাচ্ছে । লালমোহনবাবু দৃশ্য দেখছেন, আমি দেখছি সোনি কালার টেলিভিশনের পাশে আরেকটা যন্ত্র, সেটা নিশ্চয়ই ভিডিয়ো । তারই পাশে তিন তাক ভরা ভিডিয়ো ফিল্ম । তার মধ্যে বেশির ভাগই হিন্দি, আর অন্য পাশে টেবিলের উপর ডাই করা ম্যাগাজিন । ফেলুদা তারই খানকতক টেনে নিয়ে পাতা ওলটাতে আরম্ভ করেছে । মিঃ পাল ঘরে নেই তাই এই ফাঁকে প্রশ্নটা না করে পারলাম না ।

‘গাড়িতে কে ছিল ফেলুদা ?’

‘যে না-থাকলে আমাদের আসা বৃথা হত ।’

‘বুঝেছি ।’

হীরালাল সোমানি ।

‘কিন্তু লোকটা কী করে জানল যে আমরা এসেছি ?’

‘খুব সহজ,’ বলল ফেলুদা । ‘আমরা যে ভাবে ওর আসার ব্যাপারটা জেনেছি সেই ভাবেই । প্যাসেঞ্জার লিস্ট চেক করেছে । এয়ারপোর্টে ছিল নিশ্চয়ই । ওখান থেকে পিছু নিয়েছে ।’

লালমোহনবাবু জানালা থেকে ফিরে এসে বললেন, ‘ছবি যদি পাচার হয়ে গিয়ে থাকে তা হলে আর আমাদের পিছনে লাগার কারণটা কী ?’

‘সেটাই তো ভাবছি ।’

‘আসুন স্যার !’

পূর্ণেন্দুবাবু ট্রে-তে চা নিয়ে এসেছেন, সঙ্গে বিলিতি বিস্কুট । টেবিলের উপর ট্রে-টা রেখে ফেলুদার দিকে ফিরে বললেন, ‘আপনি যে মাস্কাতার আমলের ফিল্মের পত্রিকায় মশগুল হয়ে পড়লেন ।’

ফেলুদা একটা ছবি বেশ মন দিয়ে দেখতে দেখতে বলল, ‘স্ক্রিন ওয়ার্ল্ডের এই সংখ্যাটা কি আপনার খুব কাজে লাগছে ? এটা সেভেনটি-সিক্স-এর ।’

‘মোটাই না । আপনি স্বচ্ছন্দে নিতে পারেন । ওগুলো আমি দেখি না মশাই, দেখেন আমার গিন্নি । একেবারে ফিল্মের পোকা ।’

‘থ্যাক্স ইউ’। তোপসে, এই পত্রিকাটা আমার ব্যাগের মধ্যে ভরে দে তো। ইয়ে, আপনাদের এখানকার আপিস-টাপিস খোলে কখন?’

‘আর মিনিট দশেকের মধ্যেই খুলে যাবে। আপনি সেই সাহেবকে ফোন করবেন তো?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘নম্বর আছে?’

‘আছে।’

ফেলুদা নোটবুক বার করল।—‘এই যে—৫-৩১,১৬৮৬।’

‘হুঁ। হংকং-এর নম্বর। আপিসটা কোথায়?’

‘হেনেসি স্ট্রিট। চোদ্দো নম্বর।’

‘হুঁ। আপনি দশটায় ফোন করলেই পাবেন।’

‘আমাদের হোটেল কোনটা ঠিক করেছেন জানতে পারি কি?’

‘পার্ল হোটেল। এখান থেকে হেঁটে পাঁচ মিনিট। তাড়া কীসের? দুপুরের খাওয়াটা সেরে যাবেন এখন। কাছেই খুব ভাল ক্যান্টিনিজ রেস্টোরাণ্ট আছে। তারপর, আপনাদের মিশন যদি আজ সাক্সেসফুল হয়, তা হলে কাল নিয়ে যাব কাউলুনের এক রেস্টোরাণ্টে। এমন একটা জিনিস খাওয়াব যা কখনও খাননি।’

কী জিনিস মশাই?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন। ‘এরা তো আরশোলা-টারশোলাও খায় বলে শুনিচি।’

‘শুধু আরশোলা কেন,’ বলল ফেলুদা, ‘আরশোলা, হাঙরের পাখনা, বাঁদরের ঘিলু, এমন কী সময় সময় কুকুরের মাংস পর্যন্ত।’

‘এ একেবারে অন্য জিনিস,’ বললেন পূর্ণেন্দুবাবু। ‘ফ্রাইড স্নেক।’

‘স্-স্-স্নেক?’ লালমোহনবাবুর চোখ-নাক সব একসঙ্গে কুঁচকে গেল।

‘স্নেক।’

‘মানে সাপ? সর্প?’

‘সর্প। সাপের সুপ, সাপের মাংস, ফ্রাইড স্নেক—সব পাওয়া যায়।’

‘খেতে ভাল?’

‘অপূর্ব। ব্যাঙের মাংস তো অতি সুস্বাদু জিনিস, জানেন বোধহয়। তা ব্যাঙের ভক্ষক কেন ভাল হবে না খেতে বলুন।’

লালমোহনবাবু যদিও বললেন ‘তা বটে,’ কিন্তু যুক্তি পুরোপুরি মানলেন বলে মনে হল না।

ফেলুদা উঠে পড়েছে।

‘যদি কিছু মনে না করেন—আপনার টেলিফোনটা...’

‘নিশ্চয়ই, নিশ্চয়ই।’

ফেলুদা আর্মেনিয়ান সাহেবের নম্বরটা ডায়াল করল। এ ডায়ালিং আমাদের মতো ঘুরিয়ে ডায়ালিং নয়। এটা বোতাম টিপে ডায়ালিং। টেপার সঙ্গে সঙ্গে বিভিন্ন নম্বরে বিভিন্ন সুরে একটা ‘পি’ শব্দ হয়।

‘আমি একটু ক্রিকোরিয়ান সাহেবের সঙ্গে কথা বলতে চাই।’

‘তিনি তো নেই।’

‘কোথায় গেছেন?’

‘তাইওয়ান।’

‘কবে?’

‘গত শুক্রবার । আজ সন্ধ্যায় ফিরবেন ।’

‘থ্যাঙ্ক ইউ ।’

ফেলুদা ফোন রেখে তারপর কী কথা হয়েছে সেটা বলল আমাদের ।

‘তার মানে সে ছবি তো এখনও সোমানির কাছেই আছে,’ বললেন পূর্ণেন্দুবাবু ।

‘তাই তো মনে হচ্ছে,’ বলল, ফেলুদা । ‘তার মানে আমাদের এখানে আসাটা ব্যর্থ হয়নি ।’

১১

ইয়ুং কী রেস্টোরাণ্টে আমাদের দুর্দান্ত ভাল চিনে খাবার খাইয়ে বাইরে বেরিয়ে এসে পূর্ণেন্দুবাবু বললেন, ‘আপনাদের তিনটির আগে যখন হোটেলে যাবার দরকার নেই তখন কিছু কেনাকাটার থাকলে এই বেলা সেরে নিন । অবিশ্যি কালকেও সময় পাবেন । আপনাদের ফ্লাইট তো সেই রাত দশটায় ।’

‘কিনি বা না কিনি, দু-একটা দোকানে অন্তত একটু উকি দিতে পারলে ভাল হত,’ বলল ফেলুদা ।

‘আমার দোকানে নিয়ে যেতে পারতাম, কিন্তু সে তো ভারতীয় জিনিস । আপনাদের ইন্টারেস্ট হবে না বোধহয় ।’

লালমোহনবাবুর একটা পকেট ক্যালকুলেটর কেনার শখ—বইয়ের বিক্রির হিসেবটা নাকি চেক করতে সুবিধে হয়—তাই ইলেকট্রনিক্সের দোকানেই যাওয়া স্থির হল ।

‘আমার চেনা দোকানে নিয়ে যাচ্ছি,’ বললেন পূর্ণেন্দুবাবু, ‘জিনিসও ভাল পাবেন, দামেও এদিক ওদিক হবে না ।’

ফেলুদা আর লালমোহনবাবু দুজনেই তাদের প্রাপ্য পাঁচশো ডলার নিয়ে এসেছেন সঙ্গে করে । তাই হংকং-এর মতো জায়গা থেকে কিছু কেনা হবে না এটা হতেই পারে না ।

লী ব্রাদারসে ইলেকট্রনিক্স-এর সব কিছু ছাড়াও ক্যামেরার জিনিসপত্রও পাওয়া যায় । আমার সঙ্গে ফেলুদার পেনটাক্স, তার জন্য কিছু রঙিন ফিল্ম কিনে নিলাম । আজ আর সময় হবে না, কিন্তু কাল মা-বাবার জন্যে কিছু কিনে নিতে হবে । লালমোহনবাবু যে ক্যালকুলেটরটা কিনলেন সেটা এত ছোট আর চ্যাপটা যে তার মধ্যে কোথায় কী ভাবে ব্যাটারি থাকতে পারে সেটা আমার মাথায় ঢুকল না । ফেলুদা একটা ছোট্ট সোনি ক্যাসেট রেকর্ডার কিনে আমাকে দিয়ে বলল, ‘এবার থেকে মস্কেল এলে এটা অন করে দিবি । কথাবার্তা রেকর্ড করা থাকলে খুব সুবিধে হয় ।’

দোকানের পাট সেরে তিনটে নাগাদ আবার পূর্ণেন্দুবাবুর বাড়িতে গিয়ে আমাদের মালপত্র তুলে রওনা দিলাম । পূর্ণেন্দুবাবুকে একবার দোকানে যেতে হবে, এবং সেটা আমাদের হোটেলের উলটো দিকে, তাই আমরা ট্যাক্সিতেই যাব পার্ল হোটেলে ।

‘আমি কিন্তু চিন্তায় থাকব মশাই,’ বললেন পূর্ণেন্দুবাবু । ‘কী হল না-হল একটা ফোন করে জানিয়ে দেবেন ।’

রাস্তায় বেরিয়ে সামনেই একটা ট্যাক্সি পাওয়া গেল । মাথাটা ঝপোলি, গা-টা লাল—এই হল হংকং ট্যাক্সির রং । লম্বা আমেরিকান গাড়ি, তিনজনে উঠে পিছনে বসলাম ।

‘পার্ল হোটেল,’ বলল ফেলুদা ।

ট্যাক্সি ফ্ল্যাগ ডাউন করে চলতে আরম্ভ করল ।

লালমোহনবাবুর কিছুক্ষণ থেকেই একটা ঝিম-ধরা নেশা-করা ভাব লক্ষ্য করছিলাম ।

জিজ্ঞেস করাতে বললেন সেটা অল্প সময়ে মনের প্রসার প্রচণ্ড বেড়ে যাওয়ার দরুন। আর বাড়লে নাকি সামলানো যাবে না।—‘কলকাতায় কেবল চিনে ছুতোর মিশ্রি আর চিনে জুতোর দোকানের কথাই শুনিচি। তারা যে এমন একখানা শহর গড়তে পারে সেটা চাক্ষুষ না দেখলে বিশ্বাস করতুম না মশাই।’

পূর্ণেন্দুবাবু বলেছিলেন পায়ে হেঁটে পার্ল হোটেলে যেতে লাগে পাঁচ মিনিট। অলি গলি দিয়ে দশ মিনিট চলার পরেও যখন পার্ল হোটেল এল না, তখন বেশ ঘাবড়ে গেলাম। ব্যাপার কী? ফেলুদা আরেকবার গলা চড়িয়ে বলে দিল, ‘পার্ল হোটেল। উই ওয়ন্ট পার্ল হোটেল।’

উত্তর এল—‘ইয়েস, পার্ল হোটেল।’ কালো কোট, কালো চশমা পরা ড্রাইভার, ভুল শুনেছে এটাও বলা চলে না, আর একই নামে দুটো হোটেল থাকবে সেটাও অবিশ্বাস্য।

প্রায় কুড়ি মিনিট চলার পর ট্যাক্সিটা একটা রাস্তার মোড়ে এসে থামল।

এটা যে একেবারে চিনে পাড়া তাতে কোনও সন্দেহ নেই। রাস্তার দু-দিকে সারবাঁধা আট-দশ তলা বাড়ি। সেগুলোর প্রত্যেকটির জানালায় ও ছোট ছোট ব্যালকনিতে কাপড় শুকোচ্ছে, বাইরে থেকেই বোঝা যায় ঘরগুলোতে বিশেষ আলো বাতাস ঢোকে না। দোকান যা আছে তার মধ্যে টুরিস্টের মাথা-ঘোরানো হংকং-এর কোনও চিহ্ন নেই। সব দোকানের নামই চিনে ভাষায় লেখা, তাই বাইরে থেকে কীসের দোকান তা বোঝার উপায় নেই।

‘পার্ল হোটেল—হোয়্যার?’ ফেলুদা জিজ্ঞেস করল।

লোকটা হাত বাড়িয়ে বুড়ো আঙুল দিয়ে বুঝিয়ে দিল সামনের ডাইনের গলিটায় যেতে হবে।

মিটারে ভাড়া বলছে হংকং ডলারে, সেটা হিসেব করে দাঁড়ায় প্রায় একশো টাকার মতো। উপায় নেই। তাই দিয়ে আমরা তিনজন মাল নিয়ে নেমে পড়লাম। আমি আর লালমোহনবাবুর দিকে চাইছি না, জানি তাঁর মুখ ফ্যাকাসে হয়ে গেছে, হংকং-এ ক্রাইমের বাড়াবাড়ি সম্বন্ধে যা কিছু শুনেছেন সবই এখন বিশ্বাস করছেন।

যে গলিটার দিকে ড্রাইভার দেখিয়েছে সেটায় সূর্যের আলো কোনওদিন প্রবেশ করে কি না জানি না; অন্তত এখন তো নেই।

আমরা মোড় ঘুরে গলিটায় ঢুকলাম, আর ঢোকার সঙ্গে সঙ্গে কোথেকে কারা যেন এসে আমাদের ঘিরে ফেলল, আর তার পরমুহূর্তেই মাথায় একটা মোক্ষম বাড়ির সঙ্গে সঙ্গে ব্ল্যাক-আউট।

যখন জ্ঞান হল তখন বুঝতে পারলাম একটা ঘুপচি ঘরের মেঝেতে পড়ে আছি। ফেলুদা আমার পাশে একটা কাঠের প্যাকিং কেসের উপর বসে চারমিনার খাচ্ছে। একটা অদ্ভুত গন্ধে মাথাটা কীরকম ভার ভার লাগছে। পরে জেনেছিলাম সেটা আফিং-এর গন্ধ। ব্রিটিশরা নাকি ভারতবর্ষের আফিং চিনে বিক্রি করে প্রচুর টাকা করেছিল, আর সেই সঙ্গে চিনেদের মধ্যে ঢুকিয়ে দিয়েছিল আফিং-এর নেশা।

লালমোহনবাবু এখনও অজ্ঞান, তবে মাঝে মাঝে নড়ছেন-চড়ছেন, তাই মনে হয় এবার জ্ঞান ফিরবে।

আমাদের মালপত্র? নেই।

ঘরে গোটাপাঁচেক ছোট বড় প্যাকিং কেস, একটা কাত হয়ে পড়ে থাকা বেতের চেয়ার, দেয়ালে একটা চিনে ক্যালেন্ডার—বাস, এ ছাড়া কিছু নেই। বাঁ দিকের দেয়ালে প্রায় দেড় মানুষ উচুতে একটা ছোট জানালা, তাই দিয়ে ধোঁয়া মেশানো একটা ফিকে আলো আসছে। বোঝা যাচ্ছে দিনের আলো এখনও ফুরোয়নি। ডাইনে আর সামনে দুটো দরজা, দুটোই

বন্ধ । শব্দের মধ্যে মাঝে মাঝে একটা পাখির ডাক শুনতে পাচ্ছি । চিনেরা খাঁচায় পাখি রাখে এটা অনেক জায়গায় লক্ষ্য করেছি, এমন কী দোকানেও ।

‘উঠুন লালমোহনবাবু,’ বলল ফেলুদা, ‘আর কত ঘুমোবেন ?’

লালমোহনবাবু চোখ খুললেন, আর সঙ্গে সঙ্গে চোখ কুঁচকোনোতে বুঝলাম মাথার যন্ত্রণাটা বেশ ভাল ভাবেই অনুভব করছেন ।

‘উঃ, কী ভয়ংকর অভিজ্ঞতা !’ কোনওমতে উঠে বসে বললেন ভদ্রলোক । ‘এ কোথায় এনে ফেলেছে আমাদের ?’

‘গুম ঘর,’ বলল ফেলুদা । ‘একেবারে আপনার গল্পের মতো, তাই না ?’

‘আমার গল্প ? হ্যাঃ !’

হ্যাঃ বলতেই বোধহয় মাথাটা একটু ঝনঝন্ করে উঠেছিল, তাই নাকটা কুঁচকে একটু থেমে এবার গলাটা খানিকটা নামিয়ে নিয়ে বললেন—

‘যা ঘটল তার কাছে গল্প কোন ছার ? সব ছেড়ে দোব মশাই । ঢের হয়েছে । হনডুরাস ড্যাড্যাড্যাং, ক্যাস্‌ভোডিয়ায় কচকচি আর ভ্যানকুভারের ভ্যানভ্যানানি—দূর দূর !’

‘আর লিখবেন না বলছেন ?’

‘নেভার ।’

‘আপনার এই স্টেটমেন্ট কিন্তু রেকর্ড হয়ে গেল । এর পরে আবার লিখলে কিন্তু কথার খেলাপ হবে ।’

ফেলুদার পাশেই রাখা আছে তার নতুন কেনা ক্যাসেট রেকর্ডার । আর কিছু করার নেই তাই ওটা নিয়েই খুটুর খুটুর করছে । রেকর্ডিং-এর কথাটা যে মিথ্যে বলেনি সেটা ও প্লে-ব্যাক করে জানিয়ে দিল ।

‘এ তো সোমানিরই কীর্তি বলে মনে হচ্ছে,’ বললেন লালমোহনবাবু ।

‘নিঃসন্দেহে । এখন আমাদের লাগেজটা ফেরত পেলে হয় । রিভলভারটা গেছে । কী ভাগ্য রেকর্ডারটা নেয়নি ।’

‘দুটো যে দরজা দেখছি, দুটোই কি বন্ধ ?’

‘সামনেরটা বন্ধ । পাশেরটা খোলা যায় । ওটা বাথরুম ।’

‘ওটাতে পালাবার পথ নেই বোধহয় ?’

‘দরজা একটা আছে । বাইরে থেকে বন্ধ । জানালা দিয়ে মাথা গলবে, ধড় গলবে না ।’

লালমোহনবাবু একটা দীর্ঘশ্বাস ফেলে হাতের উপর মাথা রেখে আবার শুয়ে পড়লেন ।

মিনিট খানেক পরে দেখি ভদ্রলোক গুনগুন করে গান গাইছেন । অনেক কষ্টে চিনতে পারলাম গানটা । হরি দিন তো গেল সন্ধ্যা হল পার কর আমরা ।

‘কড়িকাঠের দিকে চেয়ে কী ভাবছেন মশাই ?’

‘মাথায় ঘা খেয়ে অজ্ঞান হয়েও যে লোকে স্বপ্ন দেখে সেটা এই এক্সপেরিয়েন্সটা না হলে জানতুম না ।’

‘কী স্বপ্ন দেখলেন ?’

‘এক জায়গায় ডজনখানেক বাঁদর বিক্রি হচ্ছে, আর একটা লোক ডুগডুগি বাজিয়ে বলছে—রেনেসাঁসকা সুবাসিত বান্দর—রেনেসাঁসকা সুবাসিত বান্দর—দো দো ডলার—দো দো—’

ঘরের বাইরে পায়ের শব্দ । সিঁড়ি দিয়ে উঠছে লোক । তার মানে বাইরে বারান্দা ।

সামনের দরজা চাবি দিয়ে খোলা হল ।

একজন কালো সুট পরা ভদ্রলোক এসে ঢুকলেন । পিছনে আবছা অন্ধকারে আরও দুটো



লোক রয়েছে দেখতে পাচ্ছি। তিনজনেই ভারতীয়।

যিনি ঢুকলেন তিনি হচ্ছেন হীরালাল সোমানি। চোখে মুখে বিশী একটা বিদ্রূপের হাসি।

‘কী মিস্টার মিত্তির? কেমন আছেন?’

‘আপনারা যেমন রেখেছেন।’

‘আপনি ঘাবড়াবেন না। আপনাকে লাইফ ইমপ্রিজনমেন্ট দিইনি আমি। আমার কাম হয়ে গেলেই খালাস করে দেব।’

‘আমাদের মালগুলো সরিয়ে রাখার কী কারণ বুঝতে পারলাম না।’

‘দ্যাট ওয়জ এ মিসটেক। কান্‌হাইয়া! কান্‌হাইয়া!’

দুজন লোকের একজন কোথায় চলে গিয়েছিল, সে ডাক শুনে ফিরে এল। এতক্ষণে বুঝতে পারছি যে অন্য লোকটি সোমানির পিছনে দাঁড়িয়ে রিভলভার উচিয়ে রয়েছে।

‘ইনলোগকা সামান লাকে রথ্‌ দো ইস্‌ কামরেমে,’ কান্‌হাইয়াকে আদেশ করলেন হীরালাল। তারপর ফেলুদার দিকে ফিরে বললেন, ‘এখানে ডিনারের অ্যারেঞ্জমেন্ট একটু মুশকিল হবে। আজ রাতটা ফাস্ট করুন। কাল থেকে আবার খাবেন, কেমন?’

কান্‌হাইয়া লোকটা আমাদের ব্যাগগুলো এবার ঘরের মধ্যে ছুঁড়ে ফেলে দিল।

‘বেশি ঝামেলা করবেন না মিস্টার মিত্তির। রাধেশ্যাম হ্যাজ ইওর রিভলভার। উয়্যো আলতু ফালতু আদমি নহী হ্যায়। গোলি চালাতে জানে। আর মনে রাখবেন কি হংকং ইজ নট ক্যালকাটা। প্রদোষ মিটার ইজ নোবডি হিয়ার। আমি চলি। কাল সকালে দশটার সময় এসে এরা আপনাদের ফ্রি করে দেবে। গুড নাইট।’

ঘরের আলো ইতিমধ্যে অনেক কমে গেছে। বুঝতে পারছি সূর্য ডুবে গেছে। এ ঘরে

বাল্‌বের হোল্ডার আছে, কিন্তু বাল্‌ব নেই।

হীরালাল চলে গেলেন। কান্‌হাইয়া এগিয়ে এসে দরজাটা বন্ধ করার জন্য পাল্লাটা টানল।

‘কান্‌হাইয়া ! কান্‌হাইয়া !’

মনিবের ডাক শুনে কান্‌হাইয়া ‘হুজুর’ বলে ডাইনে বেরিয়ে গেল, রাধেশ্যাম এগিয়ে এল তার কাজটা শেষ করে দেবার জন্য, আর সেই মুহূর্তে ঘটে গেল এক তুলকালাম কাণ্ড।

ফেলুদার সামনে ওর কাঁধের ব্যাগটা পড়ে ছিল, ও সেটাকে চোখের নিমেষে তুলে প্রচণ্ড বেগে ছুঁড়ল দরজার দিকে, আর সেই সঙ্গে এক লাফে ঝাঁপিয়ে পড়ল রাধেশ্যামের উপর।

ফেলুদার সঙ্গে থেকে আমারও একটা প্রত্যাৎপন্নমতিত্ব এসে গেছে, আমিও লাফিয়ে এগিয়ে গেছি।

ইতিমধ্যে ফেলুদা জাপটে ধরেছে রাধেশ্যামকে, তার হাত থেকে রিভলভার ছিটকে পড়ে গেছে মেঝেতে। ফেলুদা ‘ওটা তোল’ বলার সঙ্গে সঙ্গে আমি রিভলভারটা হাতে নিয়ে নিয়েছি—আমার হাতের রিভলভার তার দিকে তাগ করা। ছেলেবেলা এয়ার গান চালিয়েছি, পয়েন্ট ব্ল্যাক রেঞ্জ মিস করার কোনও প্রশ্নই উঠতে পারে না।

রাধেশ্যাম লোকটা তাগড়াই, সে প্রাণপণে চেষ্টা করছে ফেলুদার হাত থেকে নিজেকে ছাড়িয়ে নিতে। এমন সময় হঠাৎ দেখি লালমোহনবাবু ঘর থেকে একটা মাঝারি গোছের প্যাকিং কেস তুলে এনে সেটা দুহাতে ধরে তিড়িং-তিড়িং এদিক-ওদিক লাফাচ্ছেন রাধেশ্যামের মাথায় সেটাকে মারার সুযোগের জন্য।

সুযোগ মিলল। প্যাকিং কেসের একটা কোনা রাধেশ্যামের ঘন কালো চুল ভেদ করে তার ব্রহ্মতালুতে এক মোক্ষম আঘাতে তাকে ধরাশায়ী করে দিল। এক ঝলক দেখলাম লোকটার চুল থেকে রক্ত ফুঁইয়ে পড়ছে মেঝের উপর।

ফেলুদা আমার হাত থেকে রিভলভার নিয়ে নিল। সেটা কান্‌হাইয়ার দিক থেকে এক চুলও নড়েনি।

‘ব্যাগগুলো বাইরে আন। আমার ছোট ব্যাগটা আমার কাঁধে ঝুলিয়ে দে। বড়টা তুই হাতে নে।’

আমি আর লালমোহনবাবু মিলে আমাদের মাল বাইরে নিয়ে এলাম।

রাধেশ্যাম মেঝেতে পড়ে আছে; এবার ফেলুদার একটা আপার কাঁটে কান্‌হাইয়াও তার পাশেই মাটিতে লুটিয়ে পড়ল। যতক্ষণে এদের জ্ঞান হবে ততক্ষণে আমরা আউট অফ ডেনজার।

আমরা এতক্ষণ ছিলাম তিনতলায়। সিঁড়ি দিয়ে নেমে রাস্তায় বেরিয়ে এসে দেখি চারিদিক জ্বলন্ত নিয়নে ছেয়ে আছে। চিনে ভাষায় দশ হাজার অক্ষরের সব অক্ষরই যেন আমাদের গিলে ফেলতে চাইছে চতুর্দিক থেকে। তবে এটা কোনও মেন রোড নয়। পিছন দিকের একটা মাঝারি রাস্তা। এখানে ট্রাম নেই, বাসও নেই; আছে ট্যাক্সি, প্রাইভেট গাড়ি আর মানুষ।

আমরা প্রথম দুটো ট্যাক্সি ছেড়ে দিয়ে তৃতীয়টায় উঠলাম। উঠেই ফেলুদাকে প্রশ্নটা করলাম।

‘কান্‌হাইয়াকে ডাকার ব্যাপারটা কি তোমার ক্যাসেটে বাজল?’

‘ঠিক ধরেছিস। হীরালাল আসতেই রেকর্ডারটা আবার অন করে দিয়েছিলাম। কান্‌হাইয়া বলে যখন দু’বার ডাকল, তার পরেই বন্ধ করে দিয়েছিলাম। মন বলছিল ডাক দুটো কাজে লাগতে পারে। আর সত্যিই তাই হল।’



‘আপনার জবাব নেই,’ বলল লালমোহনবাবু।

‘আপনারও,’ বলল ফেলুদা। আমি জানি ফেলুদা কথাটা অন্তর থেকে বলেছে।

পার্ল হোটেলে পৌঁছাতে লাগল দশ মিনিট, ভাড়া উঠল সাড়ে সাত ডলার।

আমাদের ঘরে গিয়েই পূর্ণেন্দুবাবুকে একটা ফোন করল ফেলুদা। ভদ্রলোক জানালেন ফেলুদাকে নাকি অনেক চেষ্টা করেও পাননি।—‘হোটেলে বলল আপনারা নাকি আসেনইনি। আমি তো চিন্তায় পড়ে গেসলাম মশাই।’

‘একবার আসতে পারবেন?’

‘পারি বই কী। তা ছাড়া আপনাদের জন্য খবর আছে।’

পনেরো মিনিটের মধ্যে পূর্ণেন্দুবাবু চলে এলেন। ফেলুদা সংক্ষেপে আমাদের ঘটনাটা বলল।

‘এইসব শুনলে বাঙালির জন্য গর্বে বুকটা দশ হাত হয়ে ওঠে মশাই। যাক্গে, এখন আমার খবরটা বলি। সেই ক্রিকোরিয়ান কোথায় থাকে সেটা তো টেলিফোনের বই দেখেই বেরিয়ে গেল। কিন্তু হীরালাল সোমানির হৃদিসও পেয়েছি।’

‘কী করে?’

‘এখানে আরও পাঁচজন সোমানি থাকে। তাদের এক-এক করে ফোন করে বেরিয়ে গেল হীরালাল হচ্ছে কেশব সোমানির খুড়তুতো ভাই। কেশবের কাপড়ের দোকান আছে কাউলুনে। কাউলুনেরই তার বাড়ি, আর হীরালাল সেখানেই উঠেছে। আপনার আমেনিয়ান তো সঙ্কেবেলা আসছে। তাইওয়ানের প্লেন এসে গেছে এতক্ষণে। হীরালাল নিশ্চয়ই আজই ছবি পাচার করবে। আমি ওয়াং শূ-কে পাঠিয়ে দিয়েছি সোমানির বাড়ির উপর চোখ রাখতে। আমাদের আপিসের এক ছোকরা। খুব স্মার্ট। তাকে বলা ছিল সোমানির বাড়ি থেকে কোনও গাড়ি বেরোতে দেখলেই যেন আমাকে ফোন করে।’

‘ক্রিকোরিয়ান কোথায় থাকে?’

‘ভিকটোরিয়া হিল। হংকং-এ। অভিজাত পাড়া। সোমানি রওনা হবার সঙ্গে সঙ্গেই আমরা রওনা দিলে ওর আগেই ভিকটোরিয়া হিল পৌঁছে যাব। তখন আপনি ইচ্ছে করলে ওকে মাঝপথে রুখতে পারেন। অবিশ্যি আপনার নিজের প্ল্যানটা কী সেটা আমার জানা ছিল না।’

ফেলুদা পূর্ণেন্দুবাবুর পিঠ চাপড়ে দিল।

‘আপনি তো মশাই সাংঘাতিক বুদ্ধিমানের কাজ করেছেন। আপনার রাস্তা ছাড়া আর রাস্তাই নেই। কিন্তু সেই ছোকরার কাছ থেকে ফোন পেয়েছেন কি?’

‘আমি এখানে আসার ঠিক আগেই করেছিল। অর্থাৎ মিনিট কুড়ি আগে। গাড়ি রওনা হয়ে গেছে। যিনি আসছেন তাঁর হাতে একটা ফ্ল্যাট কাগজের প্যাকেট।’

তিন মিনিটের মধ্যে আমরা পূর্ণেন্দুবাবুর গাড়িতে করে রওনা দিয়ে দিলাম।

মিনিট দশেকের মধ্যে গাড়ি প্যাঁচালো রাস্তা দিয়ে ঘুরে ঘুরে পাহাড়ে উঠতে শুরু করল। যেন হিল-স্টেশনে যাচ্ছি। হংকং এখন আলোয় আলো, আর যত উপরে উঠছি ততই সমুদ্র পাহাড় রাস্তা গাড়ি হাইরাইজ সমেত সমস্ত শহরটা আরও বেশি বেশি করে দেখা যাচ্ছে, আর লালমোহনবাবু খালি বলছেন, ‘স্বপ্ন রাজ্য, স্বপ্ন রাজ্য’।

আরও কিছুক্ষণ যাবার পর পূর্ণেন্দুবাবু বললেন, ‘এইবার বাড়ির নম্বরটা দেখে নিতে হবে।’

গাছপালা বাগানে ঘেরা দারুণ সুন্দর সব পুরনো বাড়ি, দেখলেই মনে হয় সাহেবদের জন্য সাহেবদেরই তৈরি। তারই একটা বাড়ির গেটের সামনে এসে নম্বর দেখে বুঝলাম ক্রিকোরিয়ানের বাড়িতে এসে গেছি। আর এসেই দেখলাম ভিতরে পোর্টিকোর এক পাশে একটা কালো গাড়ি দাঁড়িয়ে আছে যেটা আমাদের চেনা। আমরা যখন সকালে পূর্ণেন্দুবাবুর গাড়ি থেকে নামছি, তখন এই গাড়িটাই আমাদের পাশ দিয়ে বেরিয়ে গিয়েছিল।

হীরালাল সোমানির গাড়ি।

আমাদের গাড়িটা আরেকটু এগিয়ে নিয়ে গিয়ে রাস্তার ধারে একটা গাছের তলায় পার্ক করে পূর্ণেন্দুবাবু বললেন, ‘সাহেবের বাড়িটার দিকে চোখ রাখার জন্য একটা গোপন জায়গা বার করতে হবে।’

সেরকম একটা জায়গা পেয়েও গেলাম।

তবে বেশিক্ষণ আড়ি পাততে হল না।

মিনিটখানেকের মধ্যেই বাড়ির সামনের দরজাটা খুলে যাওয়াতে তার থেকে একটা

চতুষ্কোণ আলো বেরিয়ে পড়ল বাগানের ঘাসের উপর, আর তার পরেই নেপথ্যে বলা গুড নাইটের সঙ্গে সঙ্গে হীরালাল নিজেই বেরিয়ে এসে তাঁর গাড়িতে উঠলেন, আর গাড়িও রওনা দিল বিলিতি এঞ্জিনের মৃদু গম্ভীর শব্দ তুলল ।

‘এবার কী করবেন ?’ ফিসফিসিয়ে প্রশ্ন করলেন পূর্ণেন্দুবাবু ।

‘সাহেবের সঙ্গে দেখা করব,’ বলল ফেলুদা ।

আমরা আড়াল থেকে বেরিয়ে এগিয়ে গিয়ে সাহেবের গেট দিয়ে ভিতরে ঢুকলাম ।

পোর্টিকোর দিকে এগোচ্ছি এমন সময় হঠাৎ এক অদ্ভুত ব্যাপার হল ।

বাড়ির দরজা আবার খুলে গিয়ে উদ্ভ্রান্ত ভাবে সাহেব স্বয়ং বেরিয়ে এসে আমাদের সম্পূর্ণ অগ্রাহ্য করে দৌড়ে এগিয়ে গেলেন গেটের দিকে । সাহেবের হাতে গিপ্টিকরা নতুন ফ্রেমে বাঁধানো টিনটোরেটোর যীশু ।

গেট থেকে বেরিয়ে রাস্তার দিকে একবার চেয়ে মাথায় হাত দিয়ে সাহেব চোঁচিয়ে উঠলেন—‘স্কাউন্ড্রেল ! সুইন্ডলার ! সান-অফ-এ-বিচ !’

তারপর আমাদের দিকে ফিরে দিশেহারা আধ-পাগলা ভাব করে বললেন, ‘হি হ্যাজ জাস্ট সোল্ড মি এ ফেক—অ্যান্ড আই পেড ফিফ্টি থাউজ্যান্ড ডলারস ফর ইট !’

অর্থাৎ লোকটা আমাকে এক্ষুনি একটা জাল ছবি বিক্রি করে গেল, আর আমি ওকে তার জন্য পঞ্চাশ হাজার ডলার দিলাম ।

আমরা কে, কেন এসেছি তার বাড়িতে, এসব জানার কোনও প্রয়োজন বোধ করলেন না সাহেব ।

‘তুমি কি টিনটোরেটোর ছবিটার কথা বলছ ?’ ফেলুদা জিজ্ঞেস করল । সাহেব আবার বোমার মতো ফেটে পড়লেন ।

‘টিনটোরেটো ? টিনটোরেটো মাই ফুট ! এসো, তোমাকে দেখাচ্ছি, এসো !’

সাহেব দ্রুত পায়ে এগিয়ে গেলেন পোর্টিকোর দিকে । আমরা চারজন তাঁর পিছনে ।

পোর্টিকোর আলোতে সাহেব ছবিটা তুলে ধরলেন ।

‘লুক অ্যাট দিস্ ! থ্রি গ্রিন ফ্লাইজ স্টিকিং টু দ্য পেন্ট—থ্রি গ্রিন ফ্লাইজ ! এই পোকা আমার জীবন অতিষ্ঠ করে তুলেছিল কলকাতার গ্র্যান্ড হোটেলে ! সেই পোকা আটকে আছে এই ছবির ক্যানভাসে । আর লোকটা বলে কিনা ছবিটা জেনুইন !—হি ফুলড মি, বিকজ ইটস এ গুড কপি—বাট ইটস এ কপি !’

‘ঠিক বলেছ,’ বলল ফেলুদা, ‘ষোড়শ শতাব্দীতে ইটালিতে এ পোকা থাকা সম্ভব না ।’

পোর্টিকোর আলোতে দেখতে পাচ্ছি সাহেবের সাদা মুখ লাল হয়ে গেছে । —‘দ্যাট ডার্ট ডাবল ক্রসিং সোয়াইন ! লোকটার ঠিকানাটা পর্যন্ত জানি না ।’

‘ঠিকানা আমি জানি,’ বললেন পূর্ণেন্দুবাবু ।

‘জান ?’ সাহেব যেন ধড়ে প্রাণ পেলেন ।

‘হ্যাঁ, জানি । কাউলুনে থাকেন ভদ্রলোক । হ্যানয় রোড ।’


‘গুড । দেখি ব্যাটা কী ভাবে পার পায় । আই’ল স্কিন হিম অ্যালাইভ ।’

তারপর সাহেব হঠাৎ ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘হু আর ইউ ?’

‘আমরা জানতাম ছবিটা জাল, তাই আপনাকে সাবধান করে দিতে আসছিলাম’—অম্লানবদনে মিথ্যে কথা বলল ফেলুদা ।

‘কিন্তু তাকে তো ধরা যেতে পারে,’ হঠাৎ বললেন পূর্ণেন্দুবাবু, ‘এক্সুনি চলুন না । আমার গাড়ি আছে । লোকটা এখনও বেশি দূর যায়নি ।’

সাহেবের চোখ জ্বলজ্বল করে উঠল ।



‘লেটস গো !’

আসবার সময় চড়াই বলে বেশি স্পিড দেওয়া সম্ভব হয়নি ; উতরাই পেয়ে পূর্ণেন্দুবাবু দেখিয়ে দিলেন তারাবাজি কাকে বলে । সোমানির পকেটে পঞ্চাশ হাজার ডলারের চেক, তার কাজ উদ্ধার হয়ে গেছে, তার আর তাড়া থাকবে কেন ? পাঁচ মিনিটের মধ্যে একটা মোড় ঘুরেই দেখতে পেলাম চেনা গাড়িটাকে ।

পূর্ণেন্দুবাবু আরেকটু স্পিড বাড়িয়ে গাড়িটার একেবারে পিছনে এসে পড়লেন । তারপর বার কয়েক হর্ন দিতেই সোমানির গাড়ি পাশ দিল । পূর্ণেন্দুবাবু ওভারটেক করে নিজের গাড়িটাকে টেরচাভাবে রাস্তায় দাঁড় করিয়ে দিলেন ।

ব্যাপারটা দেখে সোমানি গাড়ি থেকে নেমে পড়েছে, ক্রিকোরিয়ানও নেমেছেন ছবিটা হাতে নিয়ে, আর সেই সঙ্গে ফেলুদাও ।

‘এক্সকিউজ মি !’

ফেলুদা ক্রিকোরিয়ানের হাত থেকে ছবিটা নিয়ে নিল । ক্রিকোরিয়ান যেন বাধা দিতে গিয়েও পারল না ।

তারপর বড় বড় পা ফেলে সোমানির দিকে এগিয়ে গিয়ে কী হচ্ছে সেটা বোঝার আগেই দেখলাম ছবি সমেত ফেলুদার হাত দুটো মাথার উপর উঠল, আর সঙ্গে সঙ্গে প্রচণ্ড বেগে নেমে এল সোমানির মাথার উপর ।

দিশি ক্যানভাস ফুঁড়ে সোমানির মাথাটা বেরিয়ে এল বাইরে, আর ছবির গিল্টিংকরা ফ্রেমটা হয়ে গেল হতভম্ব ভদ্রলোকের গলার মালা ।

‘এবার উনি আপনাকে আপনার চেকটা ফেরত দেবেন ।’

ফেলুদার হাতে এখন রিভলভার ।

সোমানির হতভম্ব ভাবটা এখনও কাটেনি, কিন্তু ফেলুদার কথা বুঝতে ওঁর কোনও

অসুবিধে হল না ।

কাঁপা হাত পকেটের মধ্যে ঢুকিয়ে চেকটা বার করে ফ্রিকোরিয়ানের দিকে এগিয়ে দিলেন ভদ্রলোক ।

সাহেব যখন চেকটা ছিনিয়ে নিয়ে পকেটে পুরছেন, তখন সোমানির হাঁ করা মুখ আরও হাঁ করিয়ে দিয়ে ফেলুদা বলল—

‘এই যে আপনার সর্বনাশটা হল, হীরালালজি, এর জন্য কিন্তু আমি দায়ী নই, দায়ী তিনটি সবুজ পোকা ।’

১২

সবচেয়ে যেটা অবাক লাগছিল সেটা হল দ্বিতীয় ছবিটাও জাল বেরিয়ে পড়া । কিন্তু আশ্চর্য, এটা নিয়ে ফেলুদা কোনও মন্তব্যই করল না । এমনিতে ছবিটা দেখে একেবারেই জাল বলে মনে হয়নি । লালমোহনবাবু তো বললেন, ‘ইটালিতে চারশো বছর আগে শ্যামাপোকা ছিল না—এ ব্যাপারে আপনি এত শিওর হচ্ছেন কী করে ? হয়তো পশ্চিম থেকেই আমদানি হয়েছে এই পোকার । শুনিচি তো কচুরিপানাও এদেশে এককালে ছিল না, সেটা নাকি এসেছে এক মেমসাহেবের সঙ্গে ।’

এতেও ফেলুদা তার একপেশে হাসিটা ছাড়া কোনও মন্তব্য করল না ।

পরদিন পূর্ণেন্দুবাবু এয়ারপোর্টে এলেন আমাদের সি-অফ্ করতে । ফেলুদা তাঁকে একটা ভাল টাই কিনে উপহার দিল । ভদ্রলোক বললেন, ‘চব্বিশ ঘণ্টায় একটা ছোটখাটো ঝড় বইয়ে দিলেন মশাই হংকং-এ । তবে এর পরের বার আরেকটু বেশি দিন থাকতে হবে । আপনাদের সাপের মাংস না খাইয়ে ছাড়ছি না ।’

হংকং ছাড়তে সত্যিই হচ্ছে করছিল না, কিন্তু আমি জানি ফেলুদা যে-কয়েকটা মস্ত্র বিশ্বাস করে তার মধ্যে একটা হল ‘ডিউটি ফাস্ট’ । এত রহস্যের সমাধান বাকি আছে—নকল যীশুর রহস্য, বন্ধিমবাবু খুনের রহস্য, কুকুর খুনের রহস্য—সেগুলির একটা গতি না করে হংকং-ভোগ ফেলুদার ধাতে নেই ।

বুধবার রাতে রওনা হয়ে বিষুদবার দুপুর সাড়ে বারোটায় পৌঁছলাম কলকাতা । এয়ারপোর্টেই লালমোহনবাবুকে বলে দেওয়া হয়েছিল যে আজকের দিনটা বিশ্রাম । কাল সকাল আটটা নাগাত ট্যাক্সিতে গুঁর বাড়িতে পৌঁছে যাব, সেখান থেকে গুঁর বাড়িতে বৈকুণ্ঠপুর । ফেরার পথে ফেলুদা একবার পার্ক স্ট্রিট পোস্টঅফিসে থামল । বলল, একটা জরুরি টেলিগ্রাম করার আছে ; কাকে সেটা বলল না ।

বাকি দিনটা ফেলুদার পেট থেকে আর কোনও কথা বার করা গেল না । ওর এই মৌনী অবস্থাটা আমার খুব ভাল জানা আছে । এটা হচ্ছে ঝড়ের থমথমে পূর্ববস্থা । আমি নিজে অনেক ভেবেও কূলকিনারা পাইনি । এখনও যেই তিমিরে সেই তিমিরে । তার উপর একদিনের হংকং-এর ধাক্কায় এমনিতেই সব তালগোল পাকিয়ে গেছে, চোখ বুজলেই এখনও চোখের সামনে দেখতে পাচ্ছি আকাশের গায়ে ঝুলছে লম্বা লম্বা চিনে অক্ষর ।

‘পরদিন বৈকুণ্ঠপুর পৌঁছতে পৌঁছতে প্রায় এগারোটা হয়ে গেল ।

নবকুমারবাবু উদ্গ্রীব হয়ে হংকং-এর কথা জিজ্ঞেস করতে ফেলুদার মাথা নাড়তে হল ।

‘ছবি পাওয়া যায়নি ?’

‘যেটা ছিল সেটাও জাল,’ বলল ফেলুদা ।

‘সে কী করে হয় মশাই ? দু-দুটো জাল ? তা হলে আসলটা গেল কোথায় ?’

আমরা সিঁড়ির নীচে দাঁড়িয়ে কথা বলছিলাম। ফেলুদা বলল, ‘ওপরে চলুন। বৈঠকখানায় বসে কথা হবে।’

বৈঠকখানায় গিয়ে দেখি মহাদেব মণ্ডল বসে লেবুর সরবত খাচ্ছেন।

‘কী মশাই—মিশন সাকসেসফুল?’ প্রশ্ন করলেন ভদ্রলোক।

‘চোরাই মাল পাওয়া যায়নি। তবে সেটা আমারই ভুল। অন্য দিক দিয়ে সাকসেসফুল বই কী।’

‘বটে? খুনি?’

‘সে হয়তো নিজেই ধরা দেবে।’

‘বলেন কী!’

ফেলুদা আর চেয়ারে বসল না। আমাদের জন্যও ট্রে-তে সরবত এসেছিল, একটা গেলাস তুলে নিয়ে তাতে একটা চুমুক দিয়ে টেবিলে নামিয়ে রেখে ফেলুদা পকেট থেকে খাতাটা বার করল। আমরা সবাই ওকে ঘিরে সোফায় বসেছি।

‘আমার মনে হয় শুরু থেকেই শুরু করা ভাল,’ বলল ফেলুদা। তারপর খাতাটা একটা বিশেষ পাতায় খুলে সেটার দিকে একবার চোখ বুলিয়ে নিয়ে বলল—

‘২৮শে সেপ্টেম্বর মঙ্গলবার বৈকুণ্ঠপুরে দুটো ঘটনা ঘটে—নবকুমারবাবুদের ফক্স টেরিয়ার ঠুমরীকে কে জানি বিষ খাইয়ে মারে, আর চন্দ্রশেখরের ছেলে রুদ্রশেখর বৈকুণ্ঠপুরে আসেন। এটা একই দিনে ঘটায় আমার মনে প্রশ্ন জেগেছিল এই দুটোর মধ্যে কোনও যোগ আছে কি না। একটা পোষা কুকুরকে কে মারতে পারে এবং কেন মারতে পারে, এই প্রশ্ন নিয়ে ভাবতে গিয়ে দুটো উত্তর পেলাম। কোনও বাড়ির কুকুর যদি ভাল পাহারাদার হয়, তা হলে সে বাড়ি থেকে কিছু চুরি করতে হলে চোর কুকুরকে আগে থেকে সরিয়ে ফেলতে পারে। কিন্তু এখানে চুরি যেটা হয়েছে সেটা কুকুর মারা যাবার অনেক পরে। তাই আমাকে দ্বিতীয় কারণটার কথা ভাবতে হল। সেটা হল, কোনও ব্যক্তি যদি তার পরিচয় গোপন করে ছদ্মবেশে কোনও বাড়িতে আসতে চায়, এবং সে ব্যক্তি যদি সে বাড়ির কুকুরের খুব চেনা হয়, তা হলে কুকুর ব্যাঘাতের সৃষ্টি করতে পারে। এবং সেই কারণে কুকুরকে সরানোর প্রয়োজন হতে পারে। কারণ, কুকুর প্রধানত মানুষ চেনে মানুষের গায়ের গন্ধ থেকে এবং এই গন্ধ ছদ্মবেশে ঢাকা পড়ে না।

‘তখনই মনে হল রুদ্রশেখর হয়তো আপনাদের চেনা লোক হতে পারে। তার হাবভাবও এ বিশ্বাস আরও বদ্ধমূল হল। তিনি কথা প্রায় বলতেন না, ঘোলাটে চশমা ব্যবহার করতেন, পারতে কারুর সামনে বেরোতেন না। তা হলে এই রুদ্রশেখর আসলে কে? তিনি ইটালি থেকে এসেছেন, অথচ পায়ে বাটার জুতো পরেন। তিনি তাঁর পাসপোর্ট আপনার বাবাকে দেখিয়েছেন ঠিকই, কিন্তু আপনার বাবা চোখে ভাল দেখেন না, এবং চক্ষুলাঙ্কার খাতিরে পাসপোর্ট খুঁটিয়ে দেখবেন না, তাই জাল পাসপোর্ট চালানো খুব কঠিন নয়।

‘অথচ পাসপোর্ট যদি জাল হয়, তা হলে চন্দ্রশেখরের সম্পত্তি পাবার ব্যাপারেও তিনি ব্যর্থ হতে বাধ্য, কারণ উকিলের কাছে তিনি কোনওদিনও প্রমাণ করতে পারবেন না যে তিনি চন্দ্রশেখরের ছেলে।

‘তা হলে তিনি এলেন কেন? কারণ একটাই—চন্দ্রশেখরের ব্যক্তিগত সংগ্রহের মহামূল্য ছবিটি হাত করার জন্য। ভূদেব সিং-এর প্রবন্ধের দৌলতে এ ছবির কথা আজ ভারতবর্ষের অনেকেরই জানা।

‘যিনি রুদ্রশেখরের ভেক ধরে এসেছিলেন, তিনি একটা কথা জানতেন না, যে কথাটা আমরা জেনেছি চন্দ্রশেখরের বাঞ্চে পাওয়া একটি ইটালিয়ান খবরের কাগজের কাটিং

থেকে । এই খবরে বলা হয়েছে, আজ থেকে ছাব্বিশ বছর আগে রোম শহরে রুদ্রশেখরের মৃত্যু হয় ।’

‘অ্যাঁ !—নবকুমারবাবু প্রায় চেয়ার থেকে লাফিয়ে উঠলেন ।

‘আজ্ঞে হ্যাঁ, নবকুমারবাবু । আর খবরটার জন্য আমি রবীনবাবুর কাছে কৃতজ্ঞ ।’

‘তা হলে এখানে এসেছিল কে ?’

ফেলুদা এবার পকেট থেকে একটা কাগজ বার করল । একটা ম্যাগাজিনের পাতা ।

‘হংকং-এ অত্যন্ত আকস্মিকভাবে এই পত্রিকার পাতাটা আমার চোখে পড়ে যায় । এই ভদ্রলোকের ছবিটা একবার দেখবেন কি নবকুমারবাবু ? “মোম্বাসা” নামক একটি হিন্দি ফিল্মের ছবি এটা । ১৯৭৬-এর ছবি । এই ছবির অনেক অংশ আফ্রিকায় তোলা হয়েছিল । এতে ভিলেনের ভূমিকায় অভিনয় করেছিলেন এই শ্মশু-গুফা বিশিষ্ট ভদ্রলোকটি । দেখুন তো এঁকে চেনেন কি না ।’

কাগজটা হাতে নিয়ে নবকুমারবাবুর চোখ কপালে উঠে গেল ।

‘এই তো রুদ্রশেখর !’

‘নীচে নামটা পড়ে দেখুন ।’

নবকুমারবাবু নীচের দিকে চাইলেন ।

‘মাই গড ! নন্দ !’

‘হ্যাঁ, নবকুমারবাবু । ইনি আপনারই ভাই । প্রায় এই একই মেক-আপে তিনি এসেছিলেন রুদ্রশেখর সেজে । আসল দাড়ি-গোঁফ, নকল নয় । কেবল চুলটা বোধহয় ছিল পরচুলা । আসবার আগে তাঁর কোনও চেনা লোককে দিয়ে রোম থেকে একটা চিঠি লিখিয়েছিল সৌম্যশেখরকে । এ কাজটা করা অত্যন্ত সোজা ।’

নবকুমারবাবুর অবস্থা শোচনীয় । বার বার মাথা নেড়ে দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘নন্দটা চিরকালই রেকলেস ।’

ফেলুদা বলল, ‘আসল ছবি হঠাৎ মিসিং হলে মুশকিল হত, তাই উনি কলকাতা থেকে আর্টিস্ট আনিয়ে তার একটা কপি করিয়ে নিয়েছিলেন । কোনও কারণে বোধহয় বক্সিমবাবুর সন্দেহ হয়, তাই যেদিন ভোরে নন্দকুমার যাবেন সেদিন সাড়ে তিনটায় অ্যালার্ম লাগিয়ে স্টুডিয়োতে গিয়েছিলেন । এবং তখনই তিনি নিহত হন ।’

বৈঠকস্থানায় কিছুক্ষণের জন্য পিন-ড্রপ সাইলেন্স । তারপর ফেলুদা বলল, ‘অবিশ্যি একজন ব্যক্তি নন্দবাবুকে আগেই ধরিয়ে দিতে পারতেন, কিন্তু দেননি কারণ তাঁর বোধহয় লজ্জা করছিল । তাই নয় কি ?’

প্রশ্নটা ফেলুদা করল যাঁর দিকে চেয়ে তিনি মিনিটখানেক হল ঘরে এসে এক কোনায় একটা সোফায় বসেছেন ।

সাংবাদিক রবীন চৌধুরী ।

‘সত্যিই কি ? আপনি সত্যিই পারতেন নন্দকে ধরিয়ে দিতে ?’ নন্দকুমারবাবু প্রশ্ন করলেন ।

রবীনবাবু একটু হেসে ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘এতদূর যখন বলেছেন, তখন বাকিটাও আপনিই বলুন না ।’

‘আমি বলতে পারি, কিন্তু সব প্রশ্নের উত্তর তো আমার জানা নেই রবীনবাবু । সেখানে আপনার আমাকে একটু সাহায্য করতে হবে ।’

‘বেশ তো, করব । আপনার কী কী প্রশ্ন আছে বলুন ।’

‘এক—আপনি যে সেদিন বললেন ইটালিয়ান কাগজের খবরটা পড়তে আপনার

ডিকশনারির সাহায্য নিতে হয়েছিল, সেটা বোধহয় মিথ্যে, না ?’

‘হ্যাঁ, মিথ্যে ।’

‘আর আপনার শার্টের বাঁ দিকে যে লাল রংটা লেগে রয়েছে, যেটাকে প্রথম দেখে রক্ত বলে মনে হয়েছিল, সেটা আসলে অয়েল পেন্ট, তাই না ?’

‘তাই ।’

‘আপনি পেন্টিং শিখেছিলেন বোধহয় ?’

‘হ্যাঁ ।’

‘কোথায় ?’

‘সুইটজারল্যান্ডে । বাবা মারা যাবার পর মা আমাকে নিয়ে সুইটজারল্যান্ডে চলে যান । মা নার্সিং শিখেছিলেন, জুরিখে একটা হাসপাতালে যোগ দেন । আমার বয়স তখন তেরো । আমি লেখাপড়ার সঙ্গে সঙ্গে আর্ট অ্যাকাডেমিতে ক্লাস করি ।’

‘কিন্তু বাংলাটা শিখলেন কোথায় ?’

‘সেটা আরও পরে । ১৯৬৬-তে আমি প্যারিসে যাই একটা আর্ট স্কুলের শিক্ষক হিসেবে । ওখানে কিছু বাঙালির সঙ্গে পরিচয় হয় এবং বাংলা শেখার ইচ্ছে হয় । শেষে সোরবোন বিশ্ববিদ্যালয়ে বাংলার ক্লাসে যোগ দিই । ভাষার উপর আমার দখল ছিল, কাজেই শিখতে মুশকিল হয়নি । বছর দু-এক হল চন্দ্রশেখরের জীবনী লেখা স্থির করি । রোমে যাই । ভেনিসেও গিয়ে ক্যাসিনি পরিবারের সঙ্গে আলাপ করি । সেখানেই টিনটোরেটোর ছবিটার কথা জানতে পারি ।’

‘তার মানে আপনিও একটি কপি করেছিলেন টিনটোরেটো ছবির । এবং সেই কপিই হীরালাল সোমানি নিয়ে গিয়েছিল হংকং-এ ?’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘তা হলে আসলটা কোথায় ?’ চোঁচিয়ে উঠলেন নবকুমারবাবু ।

‘ওটা আমার কাছেই আছে,’ বললেন রবীনবাবু ।

‘কেন, আপনার কাছে কেন ?’

‘ওটা আমার কাছে আছে বলেই এখনও আছে, না-হলে হংকং চলে যেত । এখানে এসেই আমার সন্দেহ হয়েছিল যে ওটাকে সরাবার মতলব করছেন জাল-রুদ্রশেখর । তাই ওটার একটা কপি করে, আসলটাকে আমার কাছে রেখে কপিটাকে ফ্রেমে ভরে টাঙিয়ে রেখেছিলাম ।’

ফেলুদা বলল, ‘আসলটা তো আপনারই নেবার ইচ্ছে ছিল, তাই না ?’

‘নিজের জন্য নয় । আমি ভেবেছিলাম ওটা ইউরোপের কোনও মিউজিয়ামে গিয়ে দেব । পৃথিবীর যে-কোনও মিউজিয়াম ওটা পেলে লুফে নেবে ।’

‘আপনি মিউজিয়ামে দেবেন মানে ?’ সোফা ছেড়ে উঠে দাঁড়িয়ে রীতিমতো উত্তেজিত হয়ে বললেন নবকুমারবাবু । ‘ওটা তো নিয়োগী পরিবারের সম্পত্তি ।’

‘আপনি ঠিকই বলেছেন নবকুমারবাবু,’ বলল ফেলুদা, ‘কিন্তু উনিও যে নিয়োগী পরিবারেরই একজন ।’

‘মানে ?’

‘আমার বিশ্বাস উনি রুদ্রশেখরের পুত্র ও চন্দ্রশেখরের নাতি—রাজশেখর নিয়োগী । অর্থাৎ আপনার আপন খুড়তুতো ভাই । ওঁর পাসপোর্টও নিশ্চয়ই সেই কথাই বলছে ।’

নবকুমারবাবুর মতো আমরা সকলেই থ ।

রবীন—থুড়ি, রাজশেখরবাবু বললেন, ‘পাসপোর্টটা কোনওদিন দেখাতে হবে ভাবিনি ।

আমি ভেবেছিলাম ছদ্মনামে এখানে থেকে ঠাকুরদাদা সম্বন্ধে রিসার্চ করে চলে যাব, আর যেহেতু ছবিটা উত্তরাধিকারসূত্রে আমারই প্রাপ্য, ওটা নিয়ে যাব। কিন্তু ঘটনাচক্রে এবং প্রদোষবাবুর আশ্চর্য বুদ্ধির জন্য—আসল পরিচয়টা দিতেই হল। আশা করি আপনারা অপরাধ নেবেন না।’

ফেলুদা বলল, ‘এখানে একটা কথা বলি রাজশেখরবাবু—পাঁচ বছর আগে পর্যন্ত চন্দ্রশেখরের চিঠি পেয়েছেন ভূদেব সিং। কাজেই আইনত ছবিটা এখনও আপনার প্রাপ্য নয়। কিন্তু আমার মতে ছবি আপনার কাছেই থাকা উচিত। কারণ আপনিই সত্যি করে এটার কদর করবেন। কী বলেন নবকুমারবাবু?’

‘একশোবার। কিন্তু মিস্টার মিস্তির, আপনার সন্দেহটা হল কী করে বলুন তো? আমার কাছে তো সমস্ত ব্যাপারটা ভেলকির মতো।’

ফেলুদা বলল, ‘উনি যে বাংলাদেশের বাঙালি নন সেটা সন্দেহ হয় সেদিন দুপুরে গুঁর খাওয়া দেখে। সুত্রে কখন খেতে হয় সেটা বাংলার বাঙালিরা ভাল ভাবেই জানে। ইনি দেখলাম বেশ কিছুক্ষণ ইতস্তত করে প্রথমে খেলেন ডাল, তারপর মাছ, সব শেষে সুত্রে! তা ছাড়া, সন্দেহের দ্বিতীয় কারণ হল—’

এবার ফেলুদা যে ব্যাপারটা করল সেটা একেবারে ম্যাজিক।

উত্তরের দেওয়ালের দিকে গিয়ে চন্দ্রশেখরের আঁকা তাঁর বাবা অনন্তনাথের ছবির সামনে দাঁড়িয়ে নিজের দুটো হাত ছবির গোঁফে আর দাড়ির উপর চাপা দিতেই দেখা গেল মুখটা হয়ে গেছে রবীন চৌধুরীর!

লালমোহনবাবু ক্ল্যাপ দিয়ে উঠলেন, আর আমি অ্যাডমিনে বুঝতে পারলাম রবীনবাবুকে দেখে কেন চেনা চেনা মনে হত।

কিন্তু চমকের এখানেই শেষ না।

একটি চাকর কিছুক্ষণ হল একটা টেলিগ্রাম নিয়ে দাঁড়িয়ে ছিল, এবার সেটা নবকুমারবাবুর হাতে এল।

ভদ্রলোক সেটা খুলে পড়ে চোখ কপালে তুলে বললেন, ‘আশ্চর্য! নন্দ লিখেছে আজ সকালের ফ্লাইটে কলকাতায় আসছে। আমি কিছুই বুঝতে পারছি না।’

ফেলুদা বলল, ‘ওটার জন্য আমিই দায়ী, মিস্টার নিয়োগী। আপনার নাম করে কাল আমিই ওঁকে টেলিগ্রাম করেছিলাম।’

‘আপনি?’

‘আজ্ঞে হ্যাঁ। আমি বলেছিলাম সৌম্যশেখরবাবুর হার্ট অ্যাটাক হয়েছে। কন্ডিশন ক্রিটিক্যাল। কাম ইমিডিয়েটলি।’

*

নবকুমারবাবুর কাছ থেকে আরও টাকা নেওয়ার ব্যাপারে প্রচণ্ড আপত্তি করেছিল ফেলুদা। বলল, ‘দেখলেন তো, তদন্তর ফলে বেরিয়ে গেল আপনার নিজের ভাই হচ্ছেন অপরাধী।’ তাতে নবকুমারবাবু বেশ বিরক্ত হয়েই বললেন, ‘ওসব কথা আমি শুনতে চাই না। আপনি আমাদের হয়ে তদন্ত করেছেন। ফলাফলের জন্য তো আপনি দায়ী নন। আপনার প্রাপ্য আপনি না নিলে আমরা অসন্তুষ্ট হব। সেটা নিশ্চয়ই আপনি চান না।’

নিজের ভাই অপরাধী প্রমাণ হলেও, সেই সঙ্গে যে খুড়তুতো ভাইটিকে পেলেন নবকুমারবাবু, তেমন ভাই সহজে মেলে না। টিনটোরেটোর যীশু যে এখন উপযুক্ত লোকের

হাতেই গেছে তাতে সন্দেহ নেই। কিছুদিনের মধ্যেই সেটা ইউরোপের কোনও বিখ্যাত মিউজিয়ামের দেয়ালে শোভা পাবে।

আমরা আর একদিন ছিলাম বৈকুণ্ঠপুরে। ফেব্রার পথে লালমোহনবাবুর অনুরোধে একবার ভবেশ ভট্টাচার্যের ওখানে টু মারতে হল। সামনের বছর বৈশাখের জন্য জটায়ু যে উপন্যাসটা লিখবেন সেটার নাম ‘হংকং-এ হিমসিম’ হলে সংখ্যাতত্ত্বের দিক দিয়ে ঠিক হবে কিনা সেটা জানা দরকার।



অম্বর সেন অন্তর্ধান রহস্য

‘আপনি তো আমার লেখা শুধরে দেন,’ বললেন লালমোহনবাবু, ‘সেটা আর এবার থেকে দরকার হবে না।’

ফেলুদা তার প্রিয় সোফাটায় পা ছড়িয়ে বসে রুবিকস কিউবের একটা পিরামিড সংস্করণ নিয়ে নাড়াচাড়া করছিল; সে মুখ না তুলেই বলল, ‘বটে?’

‘নো স্যার। আমার পাড়ায় এক ভদ্রলোক এয়েচেন, কাল পার্কে দেখা হল। এক বেঞ্চিতে বসে কথা বললুম প্রায় আধ ঘণ্টা। গ্রেট স্কলার। নাম মৃত্যুঞ্জয় সোম।’

‘স্কলার?’

‘স্কলার। বোধহয় হার্বার্ট ইউনিভার্সিটির ডবল এম এ, বা ওই ধরনের কিছু।’

‘উফ্!’ ফেলুদা এবার মুখ না তুলে পারল না। ‘হার্বার্ট নয় মশাই, হার্ভার্ড, হার্ভার্ড!’

‘তাই হবে। হার্ভার্ড।’

‘হার্ভার্ড সেটা বুঝলেন কী করে? নাকিসুরে মার্কিন মার্কা ইংরিজি বলেন ভদ্রলোক?’

‘ইংরিজিটা একটু বেশি বলেন। নাকিসুর কিনা লক্ষ করিনি। তবে বিদ্বান লোক। থাকেন বহরমপুর। একটা বই লিখছেন, তাই নিয়ে রিসার্চ করবেন বলে ক’দিনের জন্য কলকাতায় এসেছেন। চেহারাতে বেশ একটা ইয়ে আছে। ফ্রেঞ্চ-কাট দাড়ি, চোখে সোনার বাই-ফোকাল, জামাকাপড়ও ধোপদুরন্ত। আমার ‘হঁদুরাসে হাহাকার’টা পড়তে দিয়েছিলেন। চৌত্রিশটা মিসটেক দেখিয়ে দিলেন। তবে বললেন ভেরি এনজয়েব্‌ল।’

‘তা হলে আর কী। আপনার পেটল খরচা অনেক কমে যাবে এবার থেকে। আর গড়পার-বালিগঞ্জ ঠ্যাঙাতে হবে না।’

‘তবে ব্যাপারটা হচ্ছে কী—’

ব্যাপারটা কী হচ্ছে সেটা আর জানা গেল না, কেন না ঠিক এই সময় এসে পড়লেন ফেলুদার মক্কেল অম্বর সেন। নটায় অ্যাপয়েন্টমেন্ট ছিল। ঘড়ির কাঁটায় কাঁটায় আমাদের কলিং বেল বেজে উঠল।

অম্বর সেনের বয়স মনে হয় পঁয়তাল্লিশ থেকে পঞ্চাশের মধ্যে, ফরসা রং, দাড়িগোঁফ কামানো, চোখে পুরু ফ্রেমের চশমা, গায়ে পাঞ্জাবি আর ধুতির উপর একটা পুরনো জামেওয়ার শাল। কাশ্মীরি শাল যে কতরকম হয় সেটা সেদিন ফেলুদার সঙ্গে মিউজিয়ামে গিয়ে দেখে এসেছি।

অম্বর সেন ফেলুদার মুখোমুখি চেয়ারে বসে বললেন, ‘আপনিও ব্যস্ত মানুষ, আমিও ব্যস্ত।

কাজেই সময় নষ্ট না করে সোজা কাজের কথায় চলে যাওয়াই ভাল। আগে এই জিনিসটা দেখুন।’

পাঞ্জাবির পকেট থেকে একটা কাগজ বের করে ভদ্রলোক ফেলুদার দিকে এগিয়ে দিলেন। খাতা থেকে ছেঁড়া একটা পাতা, সেটাকে দলা করে পাকানো হয়েছিল, তারপর আবার হাত বুলিয়ে মসৃণ করার চেষ্টা করা হয়েছে।

কাগজটাতে গোটা অক্ষরে লাল কালি দিয়ে লেখা—‘আমার সর্বনাশের শাস্তি ভোগ করার জন্য প্রস্তুত হও। আর সাতদিন মেয়াদ। পালিয়ে পথ পাবে না।’

কাগজটা নেড়েচেড়ে দেখে ফেলুদা প্রশ্ন করল, ‘কীভাবে পেলেন এটা?’

‘আমার বাড়িতে একতলায় আমার কাজের ঘর’, বললেন ভদ্রলোক, ‘রাতিরে এসে জানালা দিয়ে হুঁড়ে ডেস্কের উপর ফেলে দিয়ে গেছে। সকালে আমার চাকর লক্ষ্মণ এটা পেয়ে আমার কাছে নিয়ে আসে।’

‘আপনার ঘর কি রাস্তার উপর?’

‘না। ঘরের বাইরে বাগান, তারপর কম্পাউন্ড ওয়াল, তারপর রাস্তা। তবে দেয়াল টপকানো যায়।’

‘সর্বনাশের কথা যে বলছে সেটা কী?’

অশ্বর সেন মাথা নাড়লেন।

‘দেখুন মিস্টার মিস্তির, আমি নির্বঙ্কট মানুষ। আমার পেশা হল ব্যবসা, তবে আসল কাজ আমার ভাইই করে। আমার পাঁচ রকম অন্য শখ আছে, সেই সব নিয়ে থাকি। সজ্ঞানে কারুর কখনও কোনও সর্বনাশ করেছি বলে তো মনে পড়ে না। অন্তত এমন সর্বনাশ নিশ্চয়ই নয় যেটা এই হুমকি-চিঠিকে জাস্টিফাই করতে পারে। ব্যাপারটা আমার কাছে সম্পূর্ণ অর্থহীন বলে মনে হচ্ছে।’

ফেলুদা ভুরু কুঁচকে একটুক্ষণ ভেবে বলল, ‘অবিশ্যি এটা এক ধরনের রসিকতাও হতে পারে—যাকে বলে প্র্যাকটিক্যাল জোক। আপনার পাড়ায় কাছাকাছির মধ্যে মস্তান ছেলেদের আস্তানা আছে?’

‘আমরা থাকি পাম এডিনিউতে,’ বললেন অশ্বর সেন। ‘পুব দিকে কিছু দূরে একটা বস্তি আছে, সেখানে এই ধরনের ছেলে থাকা কিছুই আশ্চর্য নয়।’

‘পুজোর চাঁদার জন্য হামলা করে না?’

‘তা করে, কিন্তু চাঁদা তো আমরা নিয়মিত দিই।’

শ্রীনাথ চা এনেছে, তাই কাজের কথা কিছুক্ষণের জন্য বন্ধ হল। লালমোহনবাবু দুবার বিড়বিড় করে ‘রিভেঞ্জ’ কথাটা বললেন। ফেলুদা সেই সুযোগে আমাদের দুজনের সঙ্গে ভদ্রলোকের আলাপ করিয়ে দিল।

‘আপনিই বিখ্যাত লালমোহন গাঙ্গুলী?’

‘হেঁ হেঁ।’

ভদ্রলোক বেশ তৃপ্তি সহকারে চায়ে চুমুক দিয়ে ফেলুদার দিকে ফিরে বললেন, ‘আসলে আপনার বিষয় আমি আপনার কাহিনীগুলো থেকেই জেনেছি। তাই মনে হল আপনার কাছেই আসি।’

‘পুলিশে খবর দেননি?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘আমার ভাই অবিশ্যি পুলিশের কথাই বলেছিল, কিন্তু আমি আবার এ সব ব্যাপারে একটু আন-অর্থডক্স। প্রচলিত নিয়মগুলো চট করে মানতে মন চায় না। আর সত্যি বলতে কী, এখনও বোধহয় অতটা বিচলিত হবার কারণ ঘটেনি। আপনার কাছে এলাম, তার একটা কারণ

আপনাকে দেখারও একটা ইচ্ছে ছিল। আমাদের পরিবারের মোটামুটি সকলেই আপনাকে চেনে।’

‘পরিবারে আর কে কে আছেন?’

‘আমার ভাই অম্বুজ আছে। সে বিয়ে করেছে, আমি করিনি। অম্বুজের স্ত্রী আছে, একটি মেয়ে আছে বছর দশেকের—ছেলে দুটি বড়, তারা বাইরে থাকে—তা ছাড়া আমার বিধবা মা আছেন, আর আছে আমাদেরই এক দূর সম্পর্কের আত্মীয়। সে আমাদেরই বাড়িতে মানুষ। ফ্যামিলি মেমবার বলতে এই; তার বাইরে তিনজন চাকর, একটি ঠিকে ঝি, রান্নার লোক, মালী, দারোয়ান আর ড্রাইভার। আমরা থাকি ফাইভ বাই ওয়ান পাম এভিনিউতে। বাবা ছিলেন নামকরা হার্ট স্পেশালিস্ট অনাথ সেন।’

ফেলুদা একটু কিস্ত-কিস্ত ভাব করছে দেখে ভদ্রলোক বললেন, ‘আপনাকে আমি শুধু ব্যাপারটা জানিয়ে গেলাম। হতে পারে এটা একটা প্র্যাকটিক্যাল জোক ছাড়া আর কিছুই না; তবে কী জানেন, এ ধরনের রসিকতার টারগেট বিখ্যাত ব্যক্তিদের মাঝে মাঝে হতে হয় ঠিকই, কিস্ত আমি তো আর তেমন কেউ-কেটা নই, তাই...’

ফেলুদা বললে, ‘বুঝতেই পারছেন, এ হুমকি যদি সম্পূর্ণ ভিত্তিহীন হয় তা হলে আমার পক্ষে কিছু করা সম্ভব নয়। যাই হোক—আপাতত এই চিঠিটা আমি রাখতে পারি তো?’

‘নিশ্চয়ই। ওটা তো আপনাকে দেবার জন্যেই আনা।’

এমন একটা হুমকি-চিঠি নিয়ে অম্বর সেনের ফেলুদার কাছে আসাটা একটু বাড়াবাড়ি বলেই মনে হচ্ছিল, পরদিন সকালে পাম এভিনিউ থেকে যে ফোনটা এল, তাতে সমস্ত ব্যাপারটা একটা অন্য চেহারা নিল।

বসবার ঘর থেকে ফেলুদার ঘরে কলটা ট্রান্সফার করে দিয়ে কান লাগিয়ে যা শুনলাম তা হল এই—

‘কে, মিস্টার মিস্তির?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আমার নাম অম্বুজ সেন। কাল আমার দাদা বোধহয় আপনার ওখানে গেস্লেন একটা হুমকি-চিঠির ব্যাপারে?’

‘হ্যাঁ হ্যাঁ।’

‘ওয়েল, হি ইজ মিসিং।’

‘মানে?’

‘দাদাকে পাওয়া যাচ্ছে না।’

‘পাওয়া যাচ্ছে না?’

‘না। দাদা রোজ ভোরে গাড়িতে করে বেরোন; গঙ্গার ধারে গাড়ি দাঁড় করিয়ে তারপর মাইল দুয়েক হাঁটেন। আজও গেস্লেন, কিস্ত আজ আর ফেরেননি।’

‘সে কী!’

‘ড্রাইভার গাড়ি নিয়ে ফিরে এসেছে এক ঘণ্টা ওয়েট করার পর। ও তন্নতন্ন করে খুঁজেও দাদার দেখা পায়নি।’

‘পুলিশে জানাননি?’

‘সেখানে একটা গোলমাল আছে মিঃ মিস্তির। আমার মা’র বয়স আশি, শরীরও ভাল নেই। ওঁকে দাদার ব্যাপারটা নিয়ে এখনও কিছুই জানাইনি। পুলিশ এলেই কিস্ত ব্যাপারটা আর চাপা থাকবে না। তখন ওঁকে সামলানো মুশকিল হবে। কাজেই আমাদের ইচ্ছা কেসটা আপনিই

হ্যান্ডল করুন। আপনার উপর আমাদের পুরো ভরসা আছে। অবশ্য আপনার উপযুক্ত পারিশ্রমিক আমরা দেব।’

‘আমি তা হলে একবার আপনাদের ওখানে আসছি। অসুবিধা হবে না তো?’

‘মোটাই না। আপনি এখনই চলে আসুন। আমাদের বাড়ির নম্বরটা জানেন তো?’

‘ফাইভ বাই ওয়ান পাম এভিনিউ তো?’

‘হ্যাঁ হ্যাঁ।’

২

সাহেবি ধাঁচের গাড়িবারান্দাওয়ালা দোতলা ছড়ানো বাড়ি, সামনে একটা ছোট বাগান, পিছনেও সবুজ দেখে মনে হল বোধহয় টেনিস কোর্ট জাতীয় কিছু আছে। গেটের গায়ে শ্বেতপাথরের ফলকে অম্বরবাবুর বাবার নাম, নামের পরে অনেকগুলো ইংরিজি অক্ষর, কমা, ফুলস্টপ। সব শেষে ব্র্যাকেটের মধ্যে ‘এডিন’ কথাটা দেখে বুঝলাম ভদ্রলোককে স্কটল্যান্ড যেতে হয়েছিল ডাক্তারি পড়তে।

যিনি আমাদের ট্যাক্সির শব্দ পেয়ে বেরিয়ে এলেন তাঁর সঙ্গে অম্বরবাবুর আদল আছে ঠিকই, কিন্তু ইনি বেঁটে, মোটা আর কালো। অর্থাৎ মুখের মিল বাদ দিলে ইনি অম্বরবাবুর ঠিক উলটো।

আমাদের দেখে ভদ্রলোকের মুখে হাসি ফুটে উঠলেও, দৃষ্টিস্তার ফলে সেটা সঙ্গে সঙ্গেই মিলিয়ে গেল।

‘আসুন ভিতরে।’

শ্বেতপাথরের মেঝেওয়ালা ল্যান্ডিং পেরিয়ে বৈঠকখানায় গিয়ে ঢুকলাম। এখানেও মার্বেল, তার উপর কার্পেট, আর তার উপর দামি দামি ফারনিচার। যে সোফায় বসলাম, সেটার গদি এত নরম যে, আমার ভারেই প্রায় ছ ইঞ্চি বসে গেল।

‘রুনা, এসো।’

একটি ফ্রক-পরা মেয়ে এসে দরজায় দাঁড়িয়ে অবাক চোখে চেয়ে আছে ফেলুদার দিকে। অম্বরবাবু ডাকতেই সে গুটি গুটি ঘরের ভিতরে এগিয়ে এল।

‘ইনি কে জান?’ জিজ্ঞেস করলেন অম্বরবাবু।

‘ফেলুদা,’ চাপা গলায় উত্তর এল।

‘আর ইনি?’

‘তোপসে।’

‘বাঃ, তুমি তো আমাদের দুজনকেই চেনো দেখছি,’ বলল ফেলুদা।

‘জটায়ু কোথায়?’ জিজ্ঞেস করল মেয়েটি। বোঝা গেল সে এই তৃতীয় ব্যক্তিটিকে না দেখে কিছুটা হতাশ হয়েছে।

‘তিনি তো আসেননি,’ বলল ফেলুদা। ‘তবে তাঁকে একদিন নিশ্চয়ই নিয়ে আসব।’

‘তোপসে এত মিথ্যে কথা বলে কেন?’

এই রে!—আমার সম্বন্ধে হঠাৎ এমন বদনাম কেন?

‘মিথ্যে মানে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘একটা বইয়ে লিখেছে ফেলুদা ওর মাসতুতো ভাই, আরেকটায় লিখেছে জ্যাঠতুতো ভাই। মিথ্যেই তো!’

ফেলুদাই আমাকে বাঁচিয়ে দিল। বলল, ‘ওহো—প্রথমে মাসতুতো ভাই লিখেছিল বটে, তখন ও গপ্পের মতো বানিয়ে লিখতে চেষ্টা করছিল। আমি ধমক দিতে তারপর সত্যি কথাটা

লিখতে শুরু করল। আসলে জ্যাঠাতুতো ভাইটাই ঠিক।’

‘আপনার সব অ্যাডভেঞ্চার ওর পড়া,’ বললেন অম্বুজ সেন।

‘জেঠুকে খুঁজে বার করে দিতে পারবে তুমি?’ ফেলুদার দিকে সটান তাকিয়ে প্রশ্ন করল রুনা।

‘চেষ্টা করতে হবে।’ বলল ফেলুদা। ‘তুমি যদি কোনও ক্লু জোগাড় করে দিতে পারো তা হলে তো কথাই নেই।’

‘ক্লু?’

‘ক্লু জান তো?’

‘জানি।’

‘আছে তোমার কাছে কোনও ক্লু, যাতে আমরা চট করে বের করে দিতে পারি তোমার জেঠুকে?’

‘ক্লু তো তুমি বার করবে। তুমি তো ডিটেকটিভ।’

‘ঠিক বলেছ। খুব চালাক মেয়ে তুমি। কী নাম তোমার? একটা নাম তো জানি, অন্যটা কী?’

‘ভাল নাম বর্না।’

ফেলুদা অম্বুজবাবুর দিকে ফিরল।

‘দেখুন, আপনাদের দিক থেকে কতকগুলো ব্যাপারে সাহায্য না পেলে কিন্তু আমার পক্ষে এগোনো মুশকিল হবে।’

‘কী সাহায্য বলুন।’

‘প্রথমত, আপনাদের সকলের সঙ্গে কথাবার্তা বলতে হবে। আপনার দাদার সঙ্গে আমার মাত্র কয়েক মিনিটের আলাপ। তাঁকে আমার আরেকটু ভাল করে চিনতে হবে। তাঁর কাজের ঘরটাও একবার দেখা দরকার। এমনকী, দরকার হলে তাঁর জিনিসপত্র একটু ঘেঁটে দেখতে হতে পারে। আশা করি আপত্তি হবে না।’

‘মোটাই না,’ বললেন অম্বুজবাবু।

‘আর আপনার দাদা যেখানে মর্নিং ওয়াকে যেতেন, সেই জায়গাটাও একবার দেখে আসা দরকার।’

‘কোনওই অসুবিধে নেই। আমাদের ড্রাইভার বিলাস আপনাদের গাড়ি করে নিয়ে গিয়ে সব দেখিয়ে আনবে।’

ফেলুদা সোফা ছেড়ে উঠে পায়চারি আরম্ভ করেছে। তিনটে বড় বড় বুককেস বোঝাই বই, সেইদিকে তার দৃষ্টি।

‘এ সব বই কার?’

‘সবই দাদার।’

‘নানান বিষয়ে ইন্টারেস্ট আছে দেখছি।’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘এমনকী গোয়েন্দাগিরি সম্বন্ধেও তো বই আছে।’

‘হ্যাঁ। এক সময় ওটা নিয়েও পড়াশুনা করেছেন।’

‘বিজ্ঞান, ইতিহাস, রান্নার বই, মুদ্রা সংগ্রহ, থিয়েটার...’

‘থিয়েটারটা দাদার নেশা বলতে পারেন। আমাদের মাঠে পুজোর সময় স্টেজ বেঁধে নাটক হয়। দাদাই নির্দেশক; ফ্যামিলির সকলেই রংটং মেখে নেমে পড়ে। এমনকী ইনিও।’ রুনার দিকে দেখিয়ে দিলেন অম্বুজবাবু। রুনা এখনও সেইভাবেই হাঁ করে চেয়ে আছে ফেলুদার দিকে।

‘এবারে অম্বুজবাবুর কাজের ঘরটা একটু দেখতে পারি?’

‘আসুন আমার সঙ্গে।’

অম্বুজবাবু উঠে পড়লেন সোফা থেকে।

বৈঠকখানার পাশে একটা প্যাসেজ, সেইটা পেরিয়ে পিছনের মাঠের দিকের একটা ঘরে গিয়ে ঢুকলাম আমরা।

পুব দিকের জানালা দিয়ে রোদ এসে ঘরটাকে আলো করে দিয়েছে। একটা বড় ডেস্ক, তার সামনে একটা রিভলভিং চেয়ার, উলটো দিকে আরও দুটো চেয়ার। জানালার ধারে একটা আরাম-কেদারা। এ ছাড়া টেবিলের পিছন দিকে রয়েছে একটা শেলফ, একটা ক্যাবিনেট আর একটা গোদরেজের আলমারি। তার পাশের দেয়ালে একটা ফোলডিং ব্র্যাকেট থেকে হ্যান্ডারে ঝুলছে একটা ছাই রঙের কোট।

ডেস্কের উপরটা দেখলে মনে হয় অম্বুজবাবু বেশ গোছানো লোক ছিলেন। কাগজপত্র টেলিফোন পেনহোল্ডার পিনকুশন পেপার-ওয়েট চিঠির ব্যাক, সব পরিপাটি করে সাজানো। একটা ডেট-ক্যালেন্ডার রয়েছে, তার তারিখটা তিনদিন আগের। ব্যাপারটা আমারও খটকা লেগেছিল, ফেলুদা সেটার দিকে অম্বুজবাবুর দৃষ্টি আকর্ষণ করায় ভদ্রলোক বললেন, ‘দাদাকে কয়েকদিন থেকেই অন্যমনস্ক দেখছিলাম। সচরাচর দাদার এরকম ভুল হয় না কিন্তু।’

ফেলুদা খুঁতখুঁতে মানুষ, সে নিজেই শনিবার দোসরাটা বদলে মঙ্গলবার পাঁচই করে দিল।

‘দেবরাজ খুলে দেখতে পারি কি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘দেখুন না।’

তিনটে দেবরাজই পরপর খুলে তার ভিতরের জিনিসপত্র হাতড়ে দেখল ফেলুদা। ওপরের দেবরাজ থেকে পাওয়া এক টুকরো কাগজ সম্বন্ধে মনে হল তার একটু কৌতূহল হয়েছে, কারণ সেটা সে ঘুরিয়ে ফিরিয়ে দেখছে।

‘হিমালয়ান অপটিক্যালস থেকে চশমা করাতেন বুঝি আপনার দাদা?’

‘হ্যাঁ।’

‘একটা ক্যাশমেমো দেখছি। তারিখটা সাতদিন আগের। নতুন চশমা করিয়েছিলেন বুঝি?’

‘কই, না তো!’ বলে উঠল রুনা। সে-ও আমাদের পিছন পিছন এসেছে।

‘তুমি কী করে জানলে, রুনা?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘আমাকে তো দেখায়নি জেঠু!’

অম্বুজবাবু একটু হেসে বললেন, ‘দাদা যে কখন কী করছেন তার খবর আমরা সব সময়ে পেতাম না।’

আমরা অম্বুজবাবুর স্টাডি থেকে বেরিয়ে এলাম।

‘আপনাদের এক আত্মীয় এখানে থাকেন বোধ হয়’, প্যাসেজে বেরিয়ে এসে বলল ফেলুদা, ‘আপনাদের এখানেই মানুষ হয়েছেন?’

‘কে, সমরেশ? হাঁ, থাকে বইকী।’

ফেলুদার অনুরোধে সমরেশকে ডেকে পাঠানো হল। বছর পঁয়ত্রিশ বয়স, মুখে বসন্তের দাগ, চোখে পুরু চশমা। একটু যেন আড়ষ্টভাব নিয়ে ভদ্রলোক এসে দাঁড়ালেন আমাদের দিকে হাত দশেক দূরে।


‘বসুন,’ বলল ফেলুদা।

বেশ কিছুটা দূরে একটা চেয়ারে বসলেন সমরেশবাবু।

‘আপনার পদবিটা কী?’

‘মল্লিক।’

‘কদিন আছেন এ-বাড়িতে?’



‘বছর পঁচিশ।’

‘কী করেন?’

‘একটা ফিল্ম ডিসট্রিবিউশন আপিসে কাজ করি।’

‘কোথায়?’

‘ধরমতলায়।’

‘কী নাম কোম্পানির?’

‘কোহিনুর পিকচার্স।’

‘কদিন আছেন ওখানে?’

‘সাত বছর।’

‘তার আগে কী করতেন.’

‘এই...বাড়ির কাজকর্ম।’

হাত দুটোকে ভাঁজ করে হাঁটুর মধ্যে চেপে রেখেছেন ভদ্রলোক—যাকে বলে জবুথবু ভাব।

‘আপনি অশ্বরবাবুর অন্তর্ধানের ব্যাপারে কোনও আলোকপাত করতে পারেন?’

সমরেশবাবু চুপ। ফেলুদা বলল, ‘তিনি একটা হুমকি-চিঠি পেয়েছিলেন জানেন?’

‘জানি।’

‘আপনার ঘর কি এ-বাড়ির একতলাতে?’

‘হ্যাঁ।’

‘অশ্বরবাবুর কাছে বাইরের লোকজন দেখা করতে আসত?’

‘তা আসত, মাঝে-মাঝে।’

‘সম্প্রতি এমন কোনও লোককে আসতে দেখেছেন, যাকে আগে দেখেননি?’

‘সেটা লক্ষ করিনি। তবে—’

‘তবে কী?’

‘এই পাড়ায় কিছু ছেলেকে দেখেছি, যাদের আগে দেখিনি।’

‘কোথায়?’

‘মোড়ের মাথায়।’

‘কী করত তারা?’

‘মনে হত এই বাড়ির দিকে চোখ রাখছে।’

‘বয়স কীরকম তাদের?’

‘বিশ থেকে পঁচিশের মধ্যে বলে মনে হয়।’

‘কজন ছেলে?’

‘চারজন।’

ফেলুদা একটুক্ষণ চুপ করে কী যেন ভাবল। তারপর বলল, ‘ঠিক আছে। আপনি আসতে পারেন।’

এইসব কথা থেকে ফেলুদা কোনও ক্লু পেল কিনা জানি না। যেটাতে মনে হয় সত্যি করে কাজ হল, সেটা হল অশ্বজবাবুর স্ত্রীর সঙ্গে কথাবার্তায়।

রীতিমতো সুন্দরী মহিলা, তার উপর যাকে বলে ‘ব্রাইট’। বয়স চল্লিশের উপর হলেও দেখে বোঝার জো নেই। দোতলার একটা ছোট বৈঠকখানায় বসে কথা হল।

ফেলুদা প্রথমই ক্ষমা চেয়ে নিল ভদ্রমহিলাকে বিব্রত করার জন্য। ‘তাতে কী হয়েছে,’ বললেন মিসেস অশ্বজ সেন, ‘গোয়েন্দাকে যে এভাবে জেরা করতে হয় সে তো ফেলুদার গল্প পড়েই জেনেছি। খুব ভাল লাগে পড়তে গোয়েন্দার কাহিনী।’

‘তা হলে তো ভালই হল,’ বলল ফেলুদা। ‘আমার প্রধান মুশকিলটা কোথায় হচ্ছে বলি। অশ্বরবাবু একটা হুমকি-চিঠি পেয়েছিলেন জানেন বোধহয়।’

‘তা জানি বইকী।’

‘দেখেছেন সে চিঠি?’

‘তাও দেখেছি।’

‘আমি অশ্বরবাবুকে জিজ্ঞেস করেছিলাম তাঁর জীবনে এমন কোনও ঘটনা ঘটেছিল কি না যার ফলে অন্য কোনও মানুষের সর্বনাশ হতে পারে। উনি বলেছিলেন তেমন কোনও ঘটনা তাঁর জানা নেই। অবিশ্যি আমার বলা উচিত ছিল যে, রিসেন্ট ঘটনা হবার দরকার নেই, অতীতের

ঘটনা হলেও চলবে, কেন না প্রতিহিংসার ভাবটা মানুষ অনেক সময়ে অনেক দিন পুষে রাখে। আমি এখন আপনাকে জিজ্ঞেস করতে চাই, আপনি কি এমন কোনও ঘটনার কথা জানেন? দশ-বিশ বছর আগের হলেও চলবে।’

ভদ্রমহিলা একটুক্ষণ চিন্তিতভাবে চুপ করে থেকে বললেন, ‘তা হলে আপনাকে বলি। আপনি দেখুন এমনি ঘটনার কথাই বলছেন কি না। এটা আমার কাল রাত্তিরে হঠাৎ মনে পড়ে। আমার স্বামীকেও এখনও বলিনি।’

‘কী ঘটনা বলুন তো।’

‘একটা অ্যান্ড্রিডেন্টের ব্যাপার।’

‘অ্যান্ড্রিডেন্ট?’

‘অনেকদিন আগে। তখনও রুনা হয়নি; বোধহয় তার পরের বছরই হল। আমার ভাসুর তখন নিজেই গাড়ি চালাতেন। আমার স্বশুরের গাড়ি। অস্টিন। উনি শ্যামবাজারের দিকে একজন লোককে চাপা দেন। সে-লোক মারা যায়।’

আমরা দুজনেই চুপ। ঘরে থমথমে ভাব। অম্বুজবাবু পাশেই ছিলেন, চাপা গলায় বললেন, ‘আশ্চর্য, এটা আমার মনেই ছিল না।’

‘আর কী মনে পড়ছে?’ ফেলুদা দুজনকেই প্রশ্নটা করল।

‘নিম্ন-মধ্যবিত্ত ফ্যামিলি,’ বললেন অম্বুজবাবু, ‘ক্লার্ক ছিলেন ভদ্রলোক।’

‘নাম মনে পড়ছে?’

‘উহু।’

‘স্ত্রী ছিল, আর তিনটি ছেলেমেয়ে,’ বললেন মিসেস সেন। ‘ছেলেটির বয়স তেরো-চোদ্দো। মেয়ে দুটি আরও ছোট। পাঁচ হাজার টাকা তুলে দেন বিধবার হাতে।’

‘কে, অম্বরবাবু?’

‘হ্যাঁ।’

‘সেই থেকেই দাদা ড্রাইভিং বন্ধ করে দেন,’ বললেন অম্বুজবাবু। ‘এখন মনে পড়ছে।’

‘হুঁ...’ ফেলুদা গম্ভীর। ‘তার মানে এখন সে-ছেলের বয়স বছর পঁচিশ। পরিবারটির যে সর্বনাশ হবে এই ঘটনার ফলে, এটা মোটেই অস্বাভাবিক নয়। পাঁচ হাজার টাকা আর কদিন চলে?’

‘এর বেশি আর কিছু মনে পড়ছে না, জানেন,’ বললেন মিসেস সেন।

‘আমারও না,’ বললেন অম্বুজবাবু।

‘অম্বরবাবু কি ডায়রি রাখতেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘কই, সে রকম তো শুনিনি এখনও,’ বললেন অম্বুজবাবু।

ফেলুদা উঠে পড়ল।

‘অনেক ধন্যবাদ, মিসেস সেন। আপনি অন্ধকারে একটা আলো দেখিয়েছেন আমাদের, তার জন্য আমি বিশেষ কৃতজ্ঞ।’

‘আমরা কিন্তু মনেপ্রাণে চাইছি যে, আপনি ব্যাপারটার একটা সুরাহা করেন।’

কথাটা যে ভদ্রমহিলা খুব আন্তরিকতার সঙ্গে বললেন তাতে কোনও সন্দেহ নেই।

অশ্বরবাবুর অসুস্থ মাকে বিরক্ত করার কোনও মানে হয় না, তাই আমরা আপাতত পাম এভিনিউ-এর পাট শেষ করে সেনেদের অ্যামবাসাডরে চলে গেলাম গঙ্গার ধারে। গে রেস্টোরাণ্টের সামনে গাড়ি দাঁড় করিয়ে ড্রাইভার বিলাসবাবু বললেন, ‘এইখান থেকে স্যার হাটতে আরম্ভ করে সোজা দক্ষিণ দিকে গিয়ে ঠিক এক ঘণ্টা বাদে আবার ফিরে আসতেন। একেবারে ঘড়ির কাঁটায় কাঁটায়।’

‘আপনি গাড়িতেই বসে থাকতেন?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘কদ্দিন ড্রাইভারি করছেন সেন-বাড়িতে?’

‘নাইন ইয়ারস।’

‘তার মানে অ্যাক্সিডেন্টের ব্যাপারটা আপনি জানেন না?’

‘অ্যাক্সিডেন্ট?’

‘অশ্বরবাবু বছর বারো আগে একবার একটি লোককে গাড়ি চাপা দিয়ে মারেন।’

‘সেন সাহেব?’

‘কেন, আপনার বিশ্বাস হচ্ছে না?’

‘উনি যে কোনওদিন নিজে ড্রাইভ করেছেন সেইটেই জানতুম না।’

‘ওই ঘটনার পরেই ড্রাইভিং ছেড়ে দেন।’

‘তা হবে। ড্রাইভারের তো দোষ দেওয়া যায় না সব সময়! রাস্তার লোকে যেভাবে চলাফেরা করে, আরও বেশি লোক মরে না কেন সেইটেই তো ভাবি। ড্রাইভারের আর কী দোষ?’

‘অশ্বরবাবু যেদিন আর ফিরলেন না, সেদিনের ঘটনাটা একটু বলবেন?’

‘সেদিন উনি আসছেন না দেখে আমি হেস্টিংস পর্যন্ত গিয়ে তল্লাশ করেছিলাম। পথে লোক ধরে ধরে জিজ্ঞেস পর্যন্ত করছি। গাড়ি থামিয়ে থামিয়ে রাস্তায় নেমে খুঁজেছি যদি কোথাও পড়ে-টড়ে গিয়ে থাকেন। হাটটা তেমন মজবুত ছিল না তো।’

‘লোকজন কেমন ছিল রাস্তায়?’

‘সকালে এদিকটা লোক মন্দ থাকে না। সব হাটতে আসে। তবে নিউ হাওড়া ব্রিজের সাইডটায় লোক থাকে না বললেই চলে। স্যার তো ওদিকেই যেতেন। ফস করে যদি গাড়িতে কটা জোয়ান লোক এসে কোলপাঁজা করে তুলে নিয়ে যায়, কেউ টেরও পাবে না।’

আমরা গাড়িতে করেই দশ মাইল স্পিডে চালিয়ে হেস্টিংস পর্যন্ত ঘুরে এলাম, কিন্তু সন্দেহজনক কিছুই দেখতে পেলাম না।

এরপর দুদিন পাম এভিনিউ থেকে কোনও খবর নেই। বিষ্ময়বাহার বিকেলে লালমোহনবাবু এসেই বললেন, ‘ঘটনা এগোল?’ অশ্বর সেন উধাও শুনে ভদ্রলোকের চোখ কপালে উঠে গেল। বললেন, ‘আপনার একটি কেসও গেঁজে যেতে দেখলুম না। ধনি আপনার লাক্!’

‘আপনার গ্রেট স্কলার প্রতিবেশী মৃত্যুঞ্জয় সোমের কী খবর?’

‘দূর দূর! স্কলার না মুণ্ডু!’

‘সে কী মশাই, এর মধ্যে আবার কী হল? সেদিন তো সুপারলেটিভ ছাড়া কথাই বলছিলেন না।’

‘আর বলবেন না মশাই।’

‘কেন, কী হল?’

‘বলতেও লজ্জা করে।’

‘আমার কাছে আবার লজ্জা কী? বলে ফেলুন।’

ব্যাপারটা কী জানি না, কিন্তু সেটা যে লালমোহনবাবু চেপে যেতে চাইছেন সেটা বুঝতেই পারছি। এদিকে ফেলুদাও ছাড়বার পাত্র নয়। শেষটায় পীড়াপীড়িতে ভদ্রলোক বলেই ফেললেন।

‘আরে মশাই, ভাবতে পারেন, ভদ্রলোক প্রদোষ মিত্তিরের নাম শোনেননি! আপনার বন্ধু বলে পরিচয় দিতে গিয়ে একেবারে ভেড়া বনে গেলুম! বলে কিনা—হু ইজ প্রদোষ মিত্র?’

‘তাতে আর কী হল, এত বড় স্কলার, হার্বার্টের ডবল এম এ, আমিও তো তাঁর নাম শুনিনি।’

কথাটা বোধহয় লালমোহনবাবুকে কিছুটা আশ্বস্ত করল। বললেন, ‘তা যা বলেছেন। এত বড় দুনিয়ায় কটা মানুষকে আর কটা মানুষ চেনে! আর ভদ্রলোক বোধহয় বেশির ভাগ সময় বিদেশে কাটিয়েছেন। কাজেই এক্সকিউজ করে দেওয়া যায়—কী বলেন?’

আমাদের কথার মাঝখানেই পাম এভিনিউ থেকে ফোন এল। অম্বুজ সেন। একটা বেনামি চিঠি এসেছে ভদ্রলোকের নামে। টেলিফোনে সেটা পড়ে শোনালেন ভদ্রলোক।

আগামীকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ছটায় ১০০ টাকার নোটে ২০০০০ টাকা ব্যাগে পুরে প্রিন্সেসপঘাটের দক্ষিণ-পূর্ব কোণের থামের ধারে রেখে যাবেন। অম্বুর সেনকে অক্ষত অবস্থায় ফিরে পাবার এই একমাত্র উপায়। পুলিশ বা গোয়েন্দার সাহায্য নিলে ফল হবে মারাত্মক।’

ফেলুদা ফোনে বলল, ‘এখনই কোনও সিদ্ধান্ত নেবার দরকার নেই, মিঃ সেন। আরও চব্বিশ ঘণ্টা সময় আছে। এর মধ্যে আমার কয়েকটা কাজ আছে। আপনাদের দিক থেকে কী করণীয় সেটা আমি কাল দুপুর দুটোর মধ্যে আপনাদের বাড়ি গিয়ে বলে আসব। তবে হ্যাঁ, টাকার ব্যবস্থাটা করে রাখবেন। ওটা খুবই জরুরি।’

‘কিন্তু গোয়েন্দার ব্যাপারে শাসিয়ে রেখেছে যে মশাই,’ ফেলুদা ফোন রাখার পর লালমোহনবাবু বললেন।

ফেলুদা উত্তরে শুধু বলল, ‘জানি।’

রকেটের বেগে ঘটনা এগিয়ে চলেছে। এই টাকাটা না দিয়ে উপায় কী আছে সেটা আমিও ভেবে পেলাম না।

‘লালমোহনবাবু, কাল আপনার গাড়িটা একটু পাওয়া যাবে কি?’ প্রায় পাঁচ মিনিট চুপ করে থেকে অবশেষে প্রশ্ন করল ফেলুদা।

‘এনি টাইম,’ বললেন জটায়ু। ‘কখন চাই বলুন।’

‘সকালে একবার বেরোব। সাড়ে নটা নাগাত পেলেই চলবে। ঘণ্টা দুয়েকের মধ্যে আমার কাজ হয়ে যাবে। তারপর বিকেল পাঁচটা নাগাত আপনি যদি গাড়িটা নিয়ে চলে আসেন তো খুব ভাল হয়।’

‘ভেরি গুড।’

এরপর ফেলুদা আর কোনও কথাই বলল না।

পরদিন লালমোহনবাবুর গাড়িতে করে ফেলুদা বেরোল। একাই বেরোল, কাজেই কোথায় গেল কী করল জানার উপায় নেই। বারোটা নাগাত ফিরে আসার পর দেখলাম তার মুখের ভাব বদলে গেছে।

‘কী ঠিক করলে ফেলুদা!’ ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম।

‘টাকাটা দিতেই হবে,’ বলল ফেলুদা। ‘তবে গোয়েন্দা সম্পর্কে হুমকিটা মানা চলবে না।’

‘মানে? তুমি নিজেও থাকবে সেখানে?’



‘ফেলু মিত্তির অত সহজে ঘাবড়াবার লোক নয় রে তোপসে।’
‘আর আমরা? আমরা কোথায় থাকব?’
‘তোরাও থাকবি কাছাকাছির মধ্যে, কারণ হেলপ দরকার হতে পারে।’
আমি তো শুনে থা।
দুপুরে খেয়ে দেয়ে আমরা গেলাম পাম এভিনিউ।
অম্বুজবাবু স্বভাবতই বাড়িতে ছিলেন, ফেলুদাকে দেখেই ব্যস্ত হয়ে উঠলেন।
‘কাল রাত্তিরে চোখের পাতা এক করতে পারিনি মশাই। দেখতে দেখতে কী যে হয়ে গেল!’
ফেলুদা গভীরভাবে বলল, ‘টাকাটা আপনাদের খসবেই, মিঃ সেন। অম্বুজবাবুকে ফিরে
পাবার আর কোনও রাস্তা নেই।’

‘তুমি ধরতে পারনি এখনও?’ রুনা হঠাৎ ঘরের দরজা থেকে চৌঁচিয়ে জিজ্ঞেস করে উঠল।
‘অনেকটা ধরে ফেলেছি, রুনা,’ বলল ফেলুদা। ‘খুব চেষ্টা করছি যাতে বাকিটা আজ বিকেলের মধ্যেই ধরতে পারি।’

‘ব্যাস, ঠিক আছে।’

রুনাকে ভীষণ নিশ্চিন্ত বলে মনে হল। ফেলুদা ব্যর্থ হবে এটা যেন তার কাছে ভয়ানক একটা দুঃখের ব্যাপার।

‘তা হলে কী করা উচিত বলে মনে হয়?’ জিজ্ঞেস করলেন অম্বুজবাবু।

‘টাকার ব্যবস্থা হয়েছে?’

‘সেটা করে ফেলেছি। বাড়িতে তো অত ক্যাশ থাকে না, তাই আজ সকালেই সমরেশকে দিয়ে ব্যাঙ্ক থেকে আনিয়ে নিয়েছি।’

‘সেই টাকা, এবং যে ব্যাগে করে সেটা দেওয়া হবে—এই দুটো জিনিস আমি একবার দেখতে চাই।’

টাকা এবং ব্যাগ এসে গেল। এত টাকা এর আগে একসঙ্গে দেখেছি কি? মনে তো পড়ে না।

ফেলুদার সামনেই কুড়িটা করে একশো টাকার নোট রাবার ব্যান্ড দিয়ে গোছ করে দশ ভাগে ব্যাগের মধ্যে পুরে দেওয়া হল। তার ফলে ব্যাগের চেহারা হয়ে গেল কচ্ছপের পিঠের মতো।

‘ভেরি গুড,’ বলল ফেলুদা। ‘তা হলে আমরা বেরিয়ে পড়ছি পৌনে ছটা নাগাত।’

অম্বুজবাবু চমকে উঠলেন।

‘সে কী, আপনি যাবেন?’

‘অপরাধীকে ধরার চেষ্টা আমাকে করতেই হবে, মিঃ সেন। আপনি টাকা রেখে আসবেন, আর সে লোক দিব্যি এসে সেটা তুলে নিয়ে চলে যাবে, এ তো হতে দেওয়া যায় না! অম্বরবাবুকে ফেরত পাওয়াটাই বড় কথা সেটা জানি, কিন্তু সেই সঙ্গে এই গুণ্ডাদেরও সাজা হওয়া উচিত নয় কি? না হলে তো তারা এই ধরনের কুকীর্তি করেই চলবে। তবে আপনি চিন্তা করবেন না। সাবধানতা অবলম্বন না করে আমি কখনও কিছু করি না।’

‘তা হলে—’

‘আমি বলছি, আপনি মন দিয়ে শুনুন। আপনি আপনার গাড়িতে করে যাবেন টাকা নিয়ে। নিউ হাওড়া ব্রিজের দিকটা দিয়ে আসবেন। ওদিকটা মোটামুটি নিরিবিলা। গাড়ি প্রিনসেপঘাট থেকে অন্তত দুশো গজ আগে দাঁড় করিয়ে আপনার ড্রাইভারকে বলবেন টাকাটা যথাস্থানে রেখে আসতে। আমি কাছাকাছির মধ্যেই থাকব। কাজটা ঠিকমতো হচ্ছে কিনা সেটা আমি দেখতে পাব। আমরা মিট করব ঘটনার পর। গে রেস্টোরাণ্টের সামনে। আপনি টাকা রেখে সোজা ওখানে চলে আসবেন। আমিও তাই করব। অপরাধীকে যদি ধরতে পারি তা হলে তিনিও আমার সঙ্গেই থাকবেন, বলাই বাহুল্য।’

অম্বুজবাবুকে মনে হল যিনি তিনি বেশ নার্ভাস বোধ করছেন। সেটা অস্বাভাবিক নয়। টাকার অঙ্কটা তো কম নয়। আর গুণ্ডারা কী করবে না-করবে কে জানে?

বিকেলে সাড়ে চারটের সময় লালমোহনবাবু এলে পর ফেলুদার প্রথম কথা হল, ‘মশাই, এমন অভিনব কেস আর আমি কোনওদিন পাইনি।’

অবিশ্যি আমাকে জিজ্ঞেস করলে পরে আমি এখনও বলতে পারব না এর বিশেষত্বটা কোথায়।

‘তা হলে আমরা কী করছি?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

‘শুনে নিন মন দিয়ে,’ বলল ফেলুদা। ‘তুইও শোন, তোপ্‌সে। সাড়ে পাঁচটার সময় আপনার

গাড়ি নিয়ে আপনি আর তোপসে চলে যাচ্ছেন গে রেস্টোরাণ্টে। সেখানে আপনাদের অভিরুচি অনুযায়ী পানাহার সেরে ঠিক সোয়া ছটায় রেস্টোরাণ্ট থেকে বেরিয়ে সটান চলে যাবেন দক্ষিণে প্রিনসেপঘাট লক্ষ্য করে। গাড়ি রেখে যাবেন রেস্টোরাণ্টের সামনে। থামওয়ালা ঘাটটার কাছে পৌঁছানোর কিছু আগেই দেখবেন ডানদিকে একটা গম্বুজওয়ালা বসার ঘর রয়েছে। দুজনে সেখানে ঢুকে বেষ্টিতে বসে পড়বেন। ভাবটা এমন হওয়া চাই যেন সাক্ষ্যভ্রমণ আর বায়ুসেবন ছাড়া আপনাদের আর কোনও উদ্দেশ্য নেই। ঘাটের দিকে আড়দৃষ্টি রাখবেন, তবে যেন মনে না হয় যে, ওটাই আপনাদের লক্ষ্য। তারপর সাড়ে ছটায় দশ মিনিট পর ওখান থেকে উঠে পড়ে নিজের গাড়িতে ফিরে আসবেন। আমিও সেখানেই আপনাদের মিত করব।’

৫

ফেব্রুয়ারি মাস শেষ হতে চলল, কিন্তু এখনও দিব্যি ঠাণ্ডা। তবে শীতকালের মতো দিন আর অত ছোট নেই, ছটা পর্যন্ত বেশ আলো থাকে। আমি আর লালমোহনবাবু কফি আর মুরগির কাটলেট খেয়ে ঠিক সোয়া ছটায় রেস্টোরাণ্ট থেকে বেরিয়ে রওনা দিলাম প্রিনসেপঘাটের দিকে।

পথে লালমোহনবাবু মাঝে-মাঝে বুক ভরে নিশ্বাস নিয়ে আঃ উঃ শব্দ করে সাক্ষ্যভ্রমণের অভিনয় করছেন, সেটা যে খুব কনভিনসিং হচ্ছে তা নয়। কিন্তু ক্রমেই আশপাশের লোকজন এত কমে আসছে, ফুচকাওয়ালা আর ভেলপুриওয়ালার দল এত পিছিয়ে পড়ছে যে, এখন উনি যা খুশি করলেও আপত্তির কিছু নেই।

দশ মিনিট লাগল আমাদের গম্বুজওয়ালা বসার জায়গাটায় পৌঁছতে। বেঞ্চ দখল করার পর এদিক ওদিক চেয়ে লালমোহনবাবু চাপা গলায় প্রশ্ন করলেন, ‘তোমার দাদাকে দেখতে পাচ্ছ কি, তপেশ?’

দাদা কেন, কোনও মানুষকেই দেখতে পাচ্ছি না ঘাটের নৌকোর মাঝিদের ছাড়া। কোনখানে লুকিয়ে রয়েছে ফেলুদা কে জানে। ঘাটের দেড়শো বছরের পুরনো থামগুলো মাথা উঁচিয়ে দাঁড়িয়ে আছে, তাদের মধ্যে ফাঁকগুলো ক্রমেই অন্ধকারে হয়ে আসছে। ওখানে গিয়ে কেউ টাকার ব্যাগ রাখলে, বা সে ব্যাগ নিতে এলে, কেউ দেখতেও পাবে না।

‘ওই যে!’ লালমোহনবাবু আমার হাত খামচে ধরেছেন।

হ্যাঁ—ঠিকই দেখেছেন ভদ্রলোক।

একজন সাদা প্যান্ট আর কালো কোট পরা লোক হাতে একটা ব্যাগ নিয়ে এগিয়ে যাচ্ছে প্রিনসেপঘাটের দিকে। অম্বরবাবুদের ডাইভার। বিলাসবাবু।

বিলাসবাবু এবার থামগুলোর ফাঁক দিয়ে ভিতরে ঢুকে অন্ধকারে মিলিয়ে গেলেন।

মিনিটখানেক পরেই তাঁকে আবার দেখা গেল। এবার হাত খালি। বড়রাস্তায় পড়ে ডাইনে মোড় ঘুরে গাছের আড়াল হয়ে গেলেন ভদ্রলোক।

সাড়ে ছটা বেজে গেছে। আলো আরও পড়ে এসেছে। এখন সামনের সারির থামগুলো ছাড়া আর কোনওটাই দেখা যাচ্ছে না। একবার মনে হল অন্ধকারের মধ্যে কে যেন নড়ল; কিন্তু সেটা চোখের ভুল হতে পারে।

এবার দেখলাম সেনদের গাড়ি আমাদের সামনে দিয়ে রেস্টোরাণ্টের দিকে চলে গেল। তারপর তিনজন জিনস-পরা ছেলে, আর তাদের পিছনে ঢোলা প্যান্টপরা হাতে লাঠিওয়ালা এক বৃদ্ধ ফিরিস্কিও সেই দিকেই চলে গেল।

আমরাও উঠে পড়লাম।

আবার ঠিক দশ মিনিটই লাগল আমাদের গাড়িতে পৌঁছাতে।

কিন্তু ফেলুদা কই?

এবার গাড়ির ভিতরে চোখ গেল।

নসি়রঙের আলোয়ান জড়ানো এবং লুঙ্গি পরা এক বুড়ো বসে আছে ড্রাইভার হরিপদবাবুর পাশে। থুতনিতে খোঁচা-খোঁচা দাড়ি, কিন্তু গৌফ নেই।

‘স্যারাম কর্তা!’ লালমোহনবাবুর দিকে চেয়ে বলল লোকটা।

এ আর বলতে হবে না। ওই মুসলমান মাঝি ফেলুদা ছাড়া আর কেউ না। এদিকে অম্বুজবাবুও এসে পড়েছেন রাস্তার ওদিক থেকে। তাঁর কাছে ফেলুদার নিজের পরিচয় দিতেই হল। ‘নৌকো থেকে ঘাটটা সবচেয়ে ভাল দেখা যায়, তাই ওখানেই ওত পাতার সিদ্ধান্ত নিয়েছিলাম।’

‘কিন্তু কী হল সেইটে বলুন, মিঃ মিস্ত্রি।’

ফেলুদা গম্ভীর।

‘ভেরি সরি, মিঃ সেন।’

‘মানে?’

‘আমি ঘাটে ওঠার আগেই সে লোক টাকা নিয়ে হাওয়া।’

‘বলেন কী! টাকা নেই? লোকটাকেও ধরা গেল না?’

‘বলছি তো—আমি অত্যন্ত দুঃখিত।’

অম্বুজবাবু কিছুক্ষণ ফ্যালফ্যাল করে চেয়ে রইলেন ফেলুদার দিকে। কথাটা যেন ভদ্রলোকের বিশ্বাসই হচ্ছে না। সত্যি বলতে কী, আমারও কেমন যেন মাথা ঝিমঝিম করছিল। ফেলুদাকে এভাবে হার মানতে এর আগে দেখিনি কখনও।

‘আপনাদের পুলিশের সাহায্যই নিতে হবে, মিঃ সেন,’ বলল ফেলুদা। ‘আপনি বাড়ি চলে যান। এবার তো অম্বরবাবুর ফিরে আসা উচিত। আমরা একবার বাড়িতে ঢুঁ মেরে আপনার ওখানেই আসছি। এই বেশে তো আর পাম এভিনিউ-এর বৈঠকখানায় ঢোকা যাবে না।’

বাড়ি যাওয়ার একমাত্র কারণ ফেলুদার একটু ফিটফাট হয়ে নেওয়া। তা ছাড়া হাতেও রং লেগেছিল—জিঙ্গেস করতে বলল আলকাতরা—সেটাও ধুয়ে নেওয়া দরকার। আলকাতরাটাও মেক-আপের অংশ কিনা জিঙ্গেস করাতে কোনও উত্তর দিল না ফেলুদা।

আমরা যখন পাম এভিনিউ রওনা হলাম, তখন প্রায় সাড়ে সাতটা বাজে। পথে লালমোহনবাবু একবার বলেছিলেন, ‘আপনার অমন ব্রিলিয়ান্ট মেক-আপটা মাঠে মারা যাবে ভাবিনি মশাই—’ কিন্তু তাতে ফেলুদা কোনও মন্তব্য করেনি।

পাম এভিনিউ পৌঁছানোর সঙ্গে-সঙ্গেই রুনার গলায় উচ্ছ্বসিত চিৎকার শোনা গেল, ‘জেরু এসে গেছে!’

অম্বরবাবু ফিরেছেন আমরা আসার মিনিট দশেক আগে। আমরা বৈঠকখানায় গিয়ে ঢুকতেই ভদ্রলোক সোফা ছেড়ে উঠে হাত বাড়িয়ে ফেলুদার হাত দুটো ধরে ঝাঁকিয়ে দিলেন। ভাই ভাইয়ের বউ, ভাইঝি, সমরেশবাবু, বিলাসবাবু, সকলেই ঘরে রয়েছেন।

‘কোথায় আটক করে রেখেছিল আপনাকে?’ একগাল হেসে প্রশ্ন করলেন লালমোহনবাবু।

‘ওঃ—সে আর বলবেন না—’

ফেলুদা হাত তুলে বাধা দিল ভদ্রলোককে।

‘উনি তো বলবেনই না, আর আপনিও বলবেন না, মিঃ সেন। কারণ বললেই একরাশ কল্পনার আশ্রয় নিতে হবে। মিথ্যে শব্দটা ব্যবহার করলাম না, কারণ সেটা ভাল শোনায় না।’

‘হররে হররে হররে!’ চৈঁচিয়ে উঠল রুনা। ‘ফেলুদা ধরে ফেলেছে, ফেলুদা ধরে ফেলেছে!’

এবার ফেলুদা একটা চারমিনার ধরিয়ে নিয়ে বলল, ‘আপনারা যে একটা বিরাট ফন্দি এঁটেছিলেন সেটা ধরে ফেলেছি, কিন্তু সেটার কারণটা এখনও ঠিক ধরতে পারছি না।’

‘কারণ বলছি মিঃ মিস্ত্রি,’ হেসে বললেন অম্বর সেন। ‘কারণ আমার ওই খুদে ভাইবিটি। সে আপনাকে বলতে গেলে একরকম পুজোই করে। তার ধারণা আপনি ভুলভ্রান্তির উদ্ভেদে। তাই ওকে আমি সেদিন বললাম যে, তোর ফেলুদাকে আমি জব্দ করতে পারি। ব্যস—ওই একটি উক্তি থেকেই সমস্ত ফন্দিটির উৎপত্তি। এতে আমাদের সকলেরই ভূমিকা আছে।’

‘অর্থাৎ এও আপনাদের একটা ফ্যামিলি নাটক?’

‘ঠিক তাই। সবাইকে সব কিছু আমিই শিখিয়ে পড়িয়ে দিয়েছিলাম। আপনি কী জিজ্ঞেস করলে কী উত্তর দেবে, সব লিখে মুখস্থ করিয়ে দিয়েছিলাম—এমনকী ড্রাইভার ও চাকরকে পর্যন্ত। প্রধান নারীচরিত্র অবশ্য বউমা, যাকে দিয়ে মনগড়া অ্যাকসিডেন্টের কথাটা বলানো হয়েছিল। আমি নিজে ভাবিনি যে, আপনি ব্যাপারটা ধরে ফেলবেন—ইন ফ্যাক্ট, এই নিয়ে আমার ভাইয়ের সঙ্গে একশো টাকা বাজিও ধরেছিলাম। এ ব্যাপারে রন্নার উৎকণ্ঠাই ছিল সবচেয়ে বেশি। কারণ তার হিরো যদি ফেল করত, তা হলে তার দুঃখের সীমা থাকত না। এই ঝুঁকিটা অবশ্য আমাকে নিতেই হয়েছিল, কিন্তু এখন সে নিশ্চিত। এবার বলুন তো আপনার সিসটেমটা কী। কীসে আপনার প্রথম সন্দেহ হল মিঃ মিস্ত্রি?’

ফেলুদা বলল, ‘প্রথমত এবং প্রধানত, দুটো ক্লু, দুটোই আপনার কাজের ঘরে পাওয়া। এক হল হিমালয়ান অপটিক্যালসের ক্যাশ মেমো। আমি সেখানে খোঁজ নিয়ে জেনেছি যে, আপনি দিন সাতেক আগে একটি সোনালি ফ্রেমের নতুন চশমা করিয়েছেন। অথচ আপনার বাড়িতে সেটা সম্বন্ধে কেউ জানে না, বা কেউ সেটা আপনাকে পরতে দেখেনি। প্রশ্ন হল, এই চশমার দরকার পড়ছে কেন। এবং ঠিক এই সময় দরকার কেন।

‘দুই হল—আপনার ডেট ক্যালেন্ডারে তিন দিনের পুরনো তারিখ। আপনার চাকর যখন তারিখ বদল করে না, তখন সেটা নিশ্চয় আপনিই করেন। তা হলে বদল হয়নি কেন?’

‘তখনই মনে হল যে, আপনাকে যদি কিডন্যাপড হবার ভান করে গা ঢাকা দিতে হয়, তা হলে হয়তো একটা ডেরা স্থির করে দু’দিন আগে গিয়েই সেখানে থাকা অভ্যাস করতে হবে। নতুন জায়গা ধাতস্থ হতে সময় লাগে বইকী! আর তাই যদি হয়, তা হলে সাবধানতা অবলম্বন করার জন্য আপনাকে হয়তো একটি ছদ্মবেশ ও একটি নতুন নাম নিতে হবে। সেই ক্ষেত্রে একটি নতুন চশমা নেওয়াও মোটেই অস্বাভাবিক নয়।’

‘ধরে ফেলেছে, ফেলুদা সব ধরে ফেলেছে!’ আবার চোঁচিয়ে উঠল রুনা।

এর মধ্যে লালমোহনবাবু যে হঠাৎ কেন খাঁচায়-বন্ধ সিংহের মতো পায়চারি করতে আরম্ভ করেছেন তা বুঝতে পারলাম না। ভদ্রলোক যাতে কোনও বাড়াবাড়ি না করে ফেলেন তাই ওঁকে সামলাতে যাব, এমন সময় উনি হঠাৎ দুহাত তুলে চোঁচিয়ে উঠলেন—

‘ইউরেকা!’

‘চিনেছেন ভদ্রলোককে?’ ফেলুদা প্রশ্ন করল।

‘চিনব না? মৃত্যুঞ্জয় সোম!’

অম্বরবাবু হো হো করে হেসে উঠলেন।

‘আপনার সঙ্গে সেদিন পার্কে দেখা হওয়াটা সম্পূর্ণ অ্যাকসিডেন্ট, মশাই। আসলে গড়পারেই আমার এক বন্ধুর বাড়িতে গিয়ে ছিলাম সাতদিন। আপনি যখন এগিয়ে এসে জটায়ু-টটায়ু বলে নিজের পরিচয় দিলেন, তখন ভাবলাম— বা রে, এ তো বেশ মজা! যাকে জব্দ করতে যাচ্ছি তারই সাকরদের সঙ্গে দেখা হয়ে গেল! তা হলে এঁকে নিয়ে একটু রগড় করতে পারলে কেমন হয়? তারপর অবিশ্যি মিস্ত্রি মশাইয়ের বাড়িতেও আপনার সঙ্গে দেখা

হয়েছিল আমার আসল চেহারা, কিন্তু আপনি চিনতে পারেননি।’

‘কিন্তু তা হলে ব্যাপারটা কী দাঁড়াচ্ছে?’ বলল ফেলুদা, ‘নাটকের তো এখানেই শেষ নয়, অম্বরবাবু। এখনও তো ড্রপসিন ফেল চলবে না।’

ঘরের আবহাওয়া মুহূর্তে বদলে গেল, কারণ ফেলুদা কথাটা বলেছে গভীর থমথমে ভাবে।

‘হোয়্যার ইজ দ্য মানি?’ প্রশ্ন করল ফেলুদা।

অম্বর সেন ফেলুদার দিকে তীক্ষ্ণদৃষ্টিতে চেয়ে বললেন, ‘মিঃ মিস্ত্রি, আপনি আমাকেও কিন্তু একজন শখের গোয়েন্দা বলতে পারেন। আমি যদি বলি যে, টাকাটা আপনিই নিয়ে আমাদের সঙ্গে একটু রগড় করছেন, তা হলে কি খুব ভুল বলা হবে? অপরাধী যখন নেই, কিডন্যাপার নেই, তখন টাকাটা সরে কোথায় যাবে মিঃ মিস্ত্রি?’

ফেলুদা মাথা নেড়ে বলল, ‘মিঃ সেন অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আপনার শখের গোয়েন্দাগিরি এক্ষেত্রে খাটল না। প্রিনসেপঘাটের কাছে আজ সম্ভ্রায় আমি ছাড়াও আরেকজন ছদ্মবেশী ছিলেন।’

‘বলেন কী!’ বললেন অম্বর সেন, ‘আপনি তাকে দেখেছেন?’

‘দেখেছি, কিন্তু চিনিনি।’

‘কিন্তু আপনি তখনই তাকে ধরলেন না কেন?’

‘তখন ধরাটা আপনাদের পক্ষে যথেষ্ট নাটকীয় হত না। আপনারা নাটক পছন্দ করেন তো? আমার মনে হয় আপনাদের সামনে ধরাটা আরও নাটকীয় হবে। আমার সন্দেহ তিনি এখানেই আছেন। এ সন্দেহ ঠিক কি না সেটা আমি একবার পরখ করে দেখতে চাই।’

ঘরে যাকে বলে পিন-পড়া নিস্তরুতা। রুনার দিকে আড়চোখে চেয়ে দেখলাম সেও ফ্যাকাসে মেরে গেছে।

‘বিলাসবাবু, আপনার জুতোর তলাটা একবার দেখুন তো,’ বলে উঠল ফেলুদা।

বিলাসবাবু ঘরের দরজার মুখে দাঁড়িয়ে ছিলেন, বললেন, ‘দেখব আর কী স্যার, জুতোর তলায় তো আলকাতরা লেগে রয়েছে। ব্যাগ রেখে ফেরবার সময় তো রাস্তায় পা আটকে যাচ্ছিল।’

‘ওই আলকাতরা আমিই ছড়িয়ে রেখেছিলাম থামটার চারপাশে,’ বলল ফেলুদা, ‘কারণ একজনের সম্বন্ধে আমার মনে একটা সন্দেহের কারণ ঘটেছিল। আপনারা সকলেই বানিয়ে বানিয়ে কথা বলেছিলেন। কিন্তু ইনি যে মিথ্যাটা বলেছিলেন সেটা একটু অন্যরকম। ইনি বলেছিলেন...ও কী, আপনি যাচ্ছেন কোথায়?’

কিন্তু পালাবার পথ নেই। দরজা আগলে দাঁড়িয়ে আছেন বিলাসবাবু। এক ঝটকায় যাকে বগলদাবা করে ফেলেছেন ভদ্রলোক, তিনি হচ্ছেন সমরেশ মল্লিক।

‘এবার আপনার স্যাভেলের তলাটা এঁদের দেখিয়ে দিন তো,’ বলল ফেলুদা। ‘বিলাসবাবু একটু হেল্প করলে ব্যাপারটা সহজে হয়ে যায়।’

বিলাসবাবু নিচু হয়ে সমরেশবাবুর পা থেকে স্যাভেলটা একটানে খুলে নিয়ে তার তলাটা সকলকে দেখিয়ে দিলেন। উনিই যে গিয়েছিলেন প্রিনসেপঘাটের থামের পাশে, তাতে আর কোনও সন্দেহ রইল না।

‘আপনার কোহিনুর কোম্পানি তো দুবছর হল লাটে উঠেছে সমরেশবাবু,’ বলল ফেলুদা, ‘তা সত্ত্বেও আপনি সেখানে চাকরি করছিলেন কী করে সেটা এঁদের একটু বুঝিয়ে বলবেন? আর যদি চাকরি না-ই করে থাকেন, তবে এই দুবছর কীভাবে রোজগার করেছেন সেটা বলবেন?’

সমরেশবাবু নিরুত্তর। বিলাসবাবু এখনও তাঁকে জাপটে ধরে আছেন; মনে হয় পুলিশ

আসার আগে পর্যন্ত সেইভাবেই ধরে থাকবেন।

‘অবিশ্যি এই ব্যক্তির খোলস খুলে ফেলার জন্য আপনাদের আমাকেই ধন্যবাদ দিতে হবে,’ বলল ফেলুদা। ‘আপনারা তো আর বিশ হাজার টাকা রাখতেন না থামের পাশে! নেহাত আমি যখন বললাম শাসানি কেয়ার করি না, আমি নিজে থাকব সেখানে, তখন আপনাদের বাধ্য হয়েই রাখতে হল, আর সেই টাকা হাত করার সুযোগ নিলেন সমরেশবাবু। যাকগে, এখন তো জানলেন টাকা কোথায় আছে। এবার সেটা আদায় করার রাস্তা আপনারা দেখুন। উনি যদি সে-টাকা অন্যত্র পাচার করে থাকেন, তা হলে পুলিশ তো আছেই; তারা এসব আদায়ের অনেক রাস্তা জানে। আমার কাজ এখানেই শেষ।’

ফেলুদার সঙ্গে সঙ্গে আমরা দুজনও উঠে পড়েছিলাম, কিন্তু ওঠা আর হল না। মিসেস সেন বাধা দিলেন।

‘শেষ বলছেন কী? এত সহজে শেষ হবে কী করে? আপনাকে ঝুড়ি ঝুড়ি মিথ্যে কথাগুলো বললাম, তার বুঝি প্রায়শ্চিত্ত করতে হবে না? আজ রাত্তিরে আপনাদের খেতে হবে আমাদের বাড়িতে।’

‘আর ওই বিশ হাজারের অন্তত খানিকটা তো আপনার প্রাপ্য,’ বললেন অম্বর সেন, ‘সেটা না নিয়ে যাবেন কী করে?’

‘আর তোমরা তিনজনে একসঙ্গে এসেছ,’ বললেন শ্রীমতী রুনা, ‘আমার অটোগ্রাফে সই দেবে না বুঝি?’

‘এন্ডস ওয়েল দ্যাট অলস্ ওয়েল,’ বললেন লালমোহনবাবু।



জাহাঙ্গীরের স্বর্ণমুদা

১

‘হ্যালো—প্রদোষ মিত্র আছেন?’

‘কথা বলছি।’

‘ধরুন—পানিহাটি থেকে কল আছে আপনার.....হ্যাঁ, কথা বলুন।’

‘হ্যালো—’

‘কে, মিঃ প্রদোষ মিত্র?’

‘বলছি—’

‘আমার নাম শঙ্করপ্রসাদ চৌধুরী। আমি পানিহাটি থেকে বলছি। আমি অবিশ্যি আপনার অপরিচিত, কিন্তু একটা বিশেষ অনুরোধ জানাতে আপনাকে টেলিফোন করছি।’

‘বলুন।’

‘আমার ইচ্ছা আপনি একবার এখানে আসেন।’

‘পানিহাটি?’

‘আজ্ঞে হ্যাঁ। আমি এখানেই থাকি। গঙ্গার উপরে আমাদের একটা একশো বছরের পুরনো বাড়ি আছে। নাম অমরাবতী। এখানে সকলেই জানে। আপনার কাজের সঙ্গে আমার যথেষ্ট পরিচয় আছে, এবং আপনারা যে তিনজন একসঙ্গে ঘোরাফেরা করেন তাও আমি জানি। আমি আপনাদের তিনজনকেই আমন্ত্রণ জানাচ্ছি। এই শনিবার সকালে

এসে—এই ধরুন দশটা নাগাদ—রাস্ত্রিটা থেকে আবার রবিবার ফিরে যাবেন ।’

‘কোনও অসুবিধায় পড়েছেন কি ? মানে আমার পেশাটা তো জানেন ; কোনও রহস্য— ?’

‘তা না হলে আপনাকে ডাকব কেন বলুন ? তবে সে বিষয়ে আমি ফোনে বলব না, আপনি এলে বলব । আমার বাড়িটা আপনাদের ভালই লাগবে, ভাল ইলিশ মাছ খাওয়াব, যদি ভিডিও ক্যাসেটে ছবি দেখতে চান তাও দেখাব, আর তার উপরে আপনার মস্তিষ্ক খাটানোর খোরাকও জুটবে বলে মনে হয় ।’

‘আমার অবিশ্যি এখন এমনিতে কোনও এন্‌গেজমেন্ট নেই—’

‘তা হলে চলে আসুন—দ্বিধা করবেন না । তবে একটা কথা ।’

‘কী ?’

‘এখানে আমি ছাড়াও কয়েকজন থাকবেন । গোড়ায় আমি কাউকে আপনার আসল পরিচয়টা দিতে চাই না—একটা বিশেষ কারণে ।’

‘ছদ্মবেশ নিয়ে আসতে বলছেন ?’

‘সেটার হয়তো প্রয়োজন নেই । আপনি তো ফিল্মস্টার নন । যাঁরা এখানে থাকবেন, আমার বিশ্বাস তাঁরা আপনার চেহারার সঙ্গে পরিচিত নন । আপনি শুধু আপনাদের তিনজনের জন্য ভূমিকা বেছে নেবেন । কী ভূমিকা সেটাও আমি সাজেস্ট করতে পারি ।’

‘কীরকম ?’

‘আমার প্রপিতামহ বনোয়ারিলাল চৌধুরী ছিলেন এক বিচিত্র চরিত্র । তাঁর কথা পরে জানবেন, কিন্তু আমি এইটুকু বলতে পারি যে তাঁর একটা জীবনী লেখা এমনিতেও বিশেষ দরকার । আপনি যদি ধরুন তাঁর সম্বন্ধে তথ্য সংগ্রহ করতে আসেন ।’

‘ভেরি গুড । আর আমার বন্ধু—মিঃ গাঙ্গুলী ।’

‘আপনার বাইনোকুলার আছে ?’

‘তা আছে ।’

‘তা হলে গুঁকে পক্ষিবিদ করে দিন না । আমার বাগানে অনেক পাখি আসে ; গুঁর একটা অকুপেশন হয়ে যাবে ।’

‘বেশ । আমার খুড়তুতো ভাইটি হবেন পক্ষিবিদের ভাইপো ।’

‘ব্যাঙ্গ, তা হলে তো হয়েই গেল ।’

‘তা হলে পরশু শনিবার সকাল দশটা ?’

‘দশটা ।’

‘অমরাবতী ?’

‘অমরাবতী । আর আমার নাম শঙ্করপ্রসাদ চৌধুরী ।’

ফেলুদাকে অবিশ্যি টেলিফোনের পুরো ব্যাপারটা আমার জন্য রিপিট করতে হল । বলল, ‘কিছু লোক আছে যাদের কণ্ঠস্বরে এমন একটা ভরসা-জাগানো হৃদ্যতাপূর্ণ ভাব থাকে যে তাদের অনুরোধ এড়ানো খুব মুশকিল হয় ।’

আমি বললাম, ‘এড়াবে কেন ? এঁকে তো একরকম মক্কেল বলেই মনে হচ্ছে । তোমার রোজগারের কথাটাও ভাবতে হবে তো ।’

আসলে ফেলুদার একটা ব্যাপার আছে । পর পর গোটা দু-তিন কেসে ভাল রোজগার হলে কিছুদিনের জন্য গোয়েন্দাগিরিতে ইস্তফা দিয়ে অন্য জিনিস নিয়ে পড়ে । সে জিনিসে অবিশ্যি রোজগার নেই, শুধু শখের ব্যাপার । এখন ওর সেই অবস্থা চলেছে । এখনকার নেশা হল আদিম মানুষ । সম্প্রতি পূর্ব আফ্রিকার জীবতত্ত্ববিদ রিচার্ড লীকির একটা

সাক্ষাৎকার পড়ে ও জেনেছে যে লীকির কিছু আবিষ্কারের ফলে আদিম মানুষের উদ্ভবের সময়টা এক ধাক্কা লাগে লাখ লাখ বছর পিছিয়ে গেছে। ফেলুদা এখন আদিম মানুষ ও তার বানর পূর্বাবস্থার ভাবনায় মশগুল। পাঁচবার গেছে মিউজিয়ামে, তিনবার ন্যাশনাল লাইব্রেরি আর একবার চিড়িয়াখানা। একদিন বলল, ‘একটা থিওরিতে কী বলে জানিস?’ বলে মানুষ এসেছে আফ্রিকার এক বিশেষ ধরনের খুনে বানর থেকে, যাকে বলে “কিলার এপ”। আর সেই কারণেই নাকি মানুষের মজ্জায় একটা হিংস্র প্রবৃত্তি রয়ে গেছে—যেটা প্রকাশ পায় যুদ্ধে, দাঙ্গায় আর খুন-খারাপিতে।’

পানিহাটিতে মানুষের এই হিংস্র প্রবৃত্তির কোনও নমুনা ও আশা করছে কি না জানি না, তবে এটা জানি যে মাঝে মাঝে ওর কলকাতা ছেড়ে অন্তত কিছুক্ষণের জন্য বাইরে ঘুরে আসতে ভালই লাগে। এইতো সেদিন আমরা লালমোহনবাবুর গাড়িতে গিয়ে বর্ধমানের রাস্তায় পাণ্ডুয়ার বিখ্যাত ঐতিহাসিক গম্বুজ আর হিন্দু মন্দিরের উপরে তৈরি ষোড়শ শতাব্দীর মুসলমান মসজিদ দেখে এলাম।

লালমোহনবাবুর ড্রাইভার হরিপদবাবু দশ দিনের ছুটিতে দেশে গেছেন বলে ফেলুদাকেই তাঁর জায়গা নিতে হল। পথে যেতে যেতে লালমোহনবাবু বললেন, ‘দিলেন তো মশাই একটা দায়িত্ব আর একটা বাইনোকুলার আর দুখানা বই ঘাড়ে চাপিয়ে; এদিকে গড়পারে তো কাক-চড়ুই ছাড়া কোনও পাখি কোনওদিন দেখিচি বলে মনে পড়ে না।’

বই দুটো হল সেলিম আলির ইন্ডিয়ান বার্ডস আর অজয় হোমের বাংলার পাখি।

ফেলুদা বলল, ‘কুছ পরোয়া নেহী। মনে রাখবেন, কাক হল করভাস স্প্লেন্ডেন্স, চড়ুই হল পাসের ডোমেস্টিকাস। সব সময় ল্যাটিন নাম বলতে গেলে জিভ জড়িয়ে যাবে, তাই ইংরিজি নামও ব্যবহার করতে পারেন—যেমন ফিঙেকে ড্রস্কো, টুনটুনিকে টেলর বার্ড, ছাতারেকে জাঙ্গল ব্যাবলার। আর পাখি না দেখলেও, মাঝে মাঝে বাইনোকুলার চোখে লাগালেই অনেকটা কাজ দেবে।’

‘আমার নামও তো একটা চাই’ বললেন লালমোহনবাবু।

‘আপনি হলেন ভবতোষ সিংহ, আপনার ভাইপো প্রবীর আর আমি সোমেশ্বর রায়।’

পৌনে নটায় রওনা হয়ে আমরা দশটা বেজে পাঁচে পানিহাটিতে শঙ্করপ্রসাদ চৌধুরীর বাড়ি অমরাবতীতে পৌঁছে গেলাম। আমাদের গাড়ি দেখেই বন্দুকধারী গুর্খা দারোয়ান এসে বিকট কার্গ-চ শব্দে লোহার গেট খুলে দিল।

ফেলুদা বলে, ‘গল্পের শুরুতেই একগাদা বর্ণনা হড় হড় করে ঢেলে দিলে পাঠক হাবুড়বু খায়; ওটা দিবি গল্পের ফাঁকে ফাঁকে।’ তাই শুধু বলছি—বিশাল জমির ওপর লাল বাড়িটা পেলায়, থমথমে আর অনেকটা বিলিতি কাসলের ধাঁচে তৈরি। বাড়ির দক্ষিণে ফুলবাগান, তার পরে গাছপালা রাখার কাচের ঘর, আর তারও পরে ফুলবাগান। নুড়ি বিছানো প্যাঁচালো পথ দিয়ে আমরা সদর দরজায় পৌঁছলাম।

বাড়ির মালিক গাড়ির শব্দ পেয়ে বাইরে এসে দাঁড়িয়েছিলেন, আমরা নামলে হেসে বললেন, ‘ওয়েলকাম্ টু অমরাবতী।’ এঁর বর্ণনা হল—মাঝারি হাইট, ফরসা রং, বয়স পঞ্চাশ-ষষ্ঠাশ। পরনে পায়জামা আর আদির পাঞ্জাবি, পায়ে শুঁড় তোলা লাল চটি, ডান হাতে চুরুট।

‘আমার খুড়তুতো ভাই জয়ন্তও কাল এসেছে, তাকেও দলে টেনে নিয়েছি। অর্থাৎ সে আপনার আসল পরিচয় জানলেও অন্যদের সামনে প্রকাশ করবে না।’

‘অন্যরা কি এসে গেছেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না। তাঁরা আসবেন বিকেলে। চলুন, একটু বসে জিরোবেন। আর সেই সুযোগে কিছু

কথাও হবে ।’

আমরা বাড়ির পশ্চিমদিকের বিরাট চওড়া বারান্দায় গিয়ে বসলাম । সামনে দিয়ে গঙ্গা বয়ে চলেছে, দেখলেও চোখ জুড়িয়ে যায় । অমরাবতীর প্রাইভেট ঘাটও দেখতে পাচ্ছি সামনে ডান দিকে । একটা তোরণের নীচ দিয়ে সিঁড়ি নেমে গেছে জল অবধি ।

‘ওই ঘাট কি ব্যবহার হয় ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘হয় বইকী,’ বললেন শঙ্করবাবু । ‘আমার খুড়িমা থাকেন তো এখানে । উনি রোজ সকালে গঙ্গাস্নান করেন ।’

‘উনি একা থাকেন এ বাড়িতে ?’

‘একা কেন ? আমিও তো দু বছর হল এখানেই থাকি । টিটাগড় আমার কাজের জায়গা । কলকাতায় আমহার্স্ট স্ট্রিটের বাড়ির চেয়ে এ বাড়ি অনেক কাছে হয় ।

‘আপনার খুড়িমার বয়স কত ?’

‘সেভেনটি এইট । আমাদের পুরনো চাকর অনন্ত ঔর দেখাশোনা করে । এমনিতে মোটামুটি শক্তই আছেন, তবে ছানি কাটাতে হয়েছে কিছুদিন হল, দাঁতও বেশি বাকি নেই, আর মাথায় সামান্য ছিট দেখা দিয়েছে । নাম ভুলে যান, খেতে ভুলে যান, মাঝরাতিরে পান ছাঁচতে বসেন—এই আর কী । ঘুম তো এমনিতে খুবই কম—রাতিরে ঘণ্টা দুয়েকের বেশি নয় । আসলে চার বছর আগে কাকা মারা যাওয়ার পর উনি আর কলকাতায় থাকতে চাননি । এখানে থাকাটা ঔর কাছে একরকম কাশীবাসের মতো ।’

বেয়ারা ট্রেতে করে চা আর মিষ্টি নিয়ে এল ।

‘দুপুরে খেতে খেতে সেই একটা-দেড়টা হবে,’ বললেন শঙ্করবাবু, ‘কাজেই আপনারা মিষ্টিটার সদ্যবহার করুন । এ মিষ্টি কলকাতায় পাবেন না ।’

চায়ের কাপ হাতে নিয়ে একটা চুমুক দিয়ে ফেলুদা বলল, ‘আমাদের আসল আর নকল দুটো পরিচয়ই তো জানেন, এবার আপনাদের পরিচয়টা পেলে ভাল হত । আপনি কী করেন জিজ্ঞেস করাটা কি অভদ্রতা হবে ?’

‘মোটাই না,’ বললেন শঙ্করবাবু । ‘আপনাকে ডেকেছি তো সব কথা খুলে বলবার জন্যেই ; না হলে আপনি কাজ করবেন কী করে ?—সোজা কথায় আমি হলাম ব্যবসাদার । বুঝতেই পারছেন, এত বড় বাড়ি যখন মেনটেন করছি তখন ব্যবসা আমার মোটামুটি ভালই চলে ।’

‘আপনার কি বংশানুক্রমিক ব্যবসা ?’

‘না । এ বাড়ি তৈরি করেন আমার প্রপিতামহ—বনোয়ারিলাল চৌধুরী ।’

‘অর্থাৎ যাঁর জীবনী লিখতে যাচ্ছি আমি ?’

‘এগজ্যাক্টলি । তিনি ছিলেন রামপুরের ব্যারিস্টার । অগাধ পয়সা করে শেষ বয়সে কলকাতায় চলে আসেন ; এসে এই বাড়িটা তৈরি করেন । উনি এখানেই থাকতেন, এখানেই মৃত্যু হয় । ঠাকুরদাদাও ব্যারিস্টার ছিলেন, তবে তাঁর পসার আমার প্রপিতামহের মতো ছিল না । তার দুটো কারণ—জুয়া আর মদ । তার ফলে চৌধুরী পরিবারের অবস্থা কিছুটা পড়ে যায় । বাড়িতে বনোয়ারিলালের কিছু মূল্যবান সম্পত্তি ছিল—সেগুলোর কথায় পরে আসছি—তার কিছু আমার ঠাকুরদাদা বিক্রি করে দেন । ব্যবসা শুরু করেন আমার বাবা, আর তার ফলে বংশের ভিত খানিকটা মজবুত হয় । তারপর আমি ।’

‘আর আপনার খুড়িতো ভাই ?’

‘জয়ন্ত ব্যবসায় যায়নি । সে আছে এক এনজিনিয়ারিং ফার্মে । ভালই রোজগার করে, তবে ইদানীং শুনছি ক্লাবে গিয়ে পোকার খেলছে । ঠাকুরদাদার একটা গুণ পেয়েছে আর

কী ? জয়ন্ত আমার চেয়ে পাঁচ বছরের ছোট ।’

এই ফাঁকে ফেলুদা পকেট থেকে তার মাইক্রোক্যাসেট রেকর্ডারটা বার করে চালু করে দিয়েছে । এটা হংকং থেকে আনা । আজকাল মক্কেলের কথা খাতায় না লিখে রেকর্ডারে তুলে নেয়, তাতে অনেক বেশি সুবিধা হয় ।

শঙ্করবাবু বললেন, ‘আত্মীয়ের কথা তো হল, এবার অনাত্মীয়ের প্রসঙ্গে আসা যাক ।’

‘তার আগে একটা প্রশ্ন করে নিই,’ বলল ফেলুদা । ‘যদিও প্রায় ঘষে উঠে গেছে, তবুও মনে হচ্ছে আপনার কপালে একটা চন্দনের ফোঁটা দেখতে পাচ্ছি । তার মানে—’

‘তার মানে আর কিছুই না, আজ হল আমার জন্মতিথি । ফোঁটাটা দিয়েছেন খুড়িমা ।’

‘জন্মতিথি বলেই কি আজ এখানে অতিথি সমাগম হবে ?’

‘অতিথি বলতে মাত্র তিনজন । গত বছর ছিল ফিফ্টিয়েথ বার্থডে, সেবারও ডেকেছিলাম এই তিনজনকেই । ভেবেছিলাম ওই একটি বারই তিথি পালন করব । কিন্তু একটা বিশেষ কারণে এবারও করছি । বুঝতেই পারছেন, এ বাড়িতে যাঁরা একবার এসেছেন, তাঁদের দ্বিতীয়বার আসতে কোনও আপত্তি হবে না ।’

‘এই দ্বিতীয়বারের কারণটা কী ?’

শঙ্করবাবু একটু ভেবে বললেন, ‘খুব ভাল হয় আপনারা যদি চা খেয়ে একবারটি দোতলায় আসেন আমার সঙ্গে—আমার খুড়িমার ঘরে । তা হলে বাকি ঘটনাটা বুঝতে সহজ হবে । আর আমিও ব্যাপারটা গুছিয়ে বলতে পারব ।’

আমরা মিনিটখানেকের মধ্যেই উঠে পড়লাম ।

সিঁড়িতে পৌঁছাতে হলে বৈঠকখানা দিয়ে যেতে হয় । এখানে বলে রাখি—বাহারের আসবাব, কার্পেট, মখমলের পর্দা, ঝাড়লন্ঠন, শ্বেতপাথরের মূর্তি ইত্যাদি মিলিয়ে এমন জমজমাট বৈঠকখানা আমি বেশি দেখিনি ।

সিঁড়ি উঠতে উঠতে ফেলুদা বলল, ‘আপনার খুড়িমা ছাড়া দোতলায় আর কে থাকেন ?’

‘খুড়িমা থাকেন উত্তর প্রান্তে,’ বললেন শঙ্করবাবু, ‘আর দক্ষিণে থাকি আমি । জয়ন্ত এলেও দক্ষিণেরই একটা ঘরে থাকে ।’

দোতলার ল্যান্ডিং পেরিয়ে আমরা ঢুকলাম খুড়িমার ঘরে । বেশ বড় ঘর, কিন্তু এতে কোনও জাঁকজমক নেই । পশ্চিমে দরজার বাইরে আলো আর বাতাসের বহর দেখে বোঝা যায় ওদিকেই গঙ্গা । দরজার পাশেই বুড়ি মাদুরে বসে মালা জপছেন । তাঁর পাশে একটা হামানদিস্তা, একটা পানের বাটা আর একটা মোটা বই । নিবর্তা রামায়ণ কি মহাভারত হবে । আসবাব বলতে একটা খাট আর একটা ছোট আলমারি ।

আমরা ঘরে ঢুকতেই খুড়িমা মাথা তুলে পুরু চশমার ভিতর দিয়ে আমাদের দিকে চাইলেন ।

‘কজন অতিথি এসেছেন কলকাতা থেকে,’ বললেন শঙ্করবাবু ।


‘তাই এই ঘাটের মড়াকে দেখাতে আনলি ?’

আমরা তিনজনে এগিয়ে গিয়ে প্রণাম করতে বৃদ্ধা বললেন, ‘তা বাপু তোমাদের পরিচয় জেনে আর কী হবে, নাম তো মনে থাকবে না । নিজের নামটাই ভুলে যাই মাঝে মাঝে । এখন তো বসে বসে দিন গোনা ।’

‘আসুন—’

শঙ্করবাবুর ডাকে আমরা ঘুরলাম । বৃদ্ধা আবার বিড়বিড় করে মালা জপতে শুরু করলেন ।

এবার দেখলাম ঘরের উলটোদিকে খাটের পাশে একটা প্রকাণ্ড সিন্দুক রয়েছে । শঙ্করবাবু



পকেট থেকে চাবি বার করে সিন্দুকটা খুলতে খুলতে বললেন, ‘এবারে আপনাদের যে জিনিস দেখাব সে হল আমার প্রপিতামহের সম্পত্তি। রামপুরে থাকতে বহু নবাব-তালুকদার তাঁর মক্কেল ছিলেন। এগুলো তাঁদের উপটোকন। এরই বেশ কিছু আমার ঠাকুরদাদা বিপাকে পড়ে বেচে দিয়েছিলেন। তবে তার পরেও কিছু আছে। যেমন এই যে দেখুন—’

শঙ্করবাবু একটা থলি বার করে তার মুখটা ফাঁক করে হাতের তেলোয় উপুড় করলেন। বানবান করে কিছু গোল চাকতি তেলোয় পড়ল।

‘জাহাঙ্গীরের আমলের স্বর্ণমুদ্রা’, বললেন শঙ্করবাবু। ‘দেখুন, প্রত্যেকটিতে একটি করে রাশির ছবি খোদাই করা। এই জিনিস একেবারেই দুস্প্রাপ্য।’

‘রাশিচক্র হলে এগারোটা কেন?’ ফেলুদা জিজ্ঞেস করল। ‘বারোটা হওয়া উচিত নয় কি?’

‘একটি মিসিং।’

আমরা পরস্পরের দিকে চাইলাম।

‘আরও জিনিস আছে’, বললেন শঙ্করবাবু, ‘সেগুলো এই আইভরির বাস্টটার মধ্যে। সোনার উপর চুনি বসানো ইটালিয়ান নস্যির কৌটো, জেড পাথরে চুনি আর পাল্লা বসানো মোগল সুরাপাত্র, আংটি, লকেট...কিন্তু সে সব আপনারা দেখবেন আজ সন্ধ্যাবেলা, সর্বসমক্ষে। এখন নয়।’

‘এর চাবি তো আপনার কাছেই থাকে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘হ্যাঁ, আমার কাছেই। একটা ডুপলিকেট আছে, থাকে খুড়িমার আলমারিতে।’

‘কিন্তু সিন্দুক আপনার ঘরে নয় কেন?’

‘এ ঘরটা অতীতে ছিল আমার প্রপিতামহের ঘর। সিন্দুক তাঁরই আমলের। ওটা আর সরাইনি। আর কড়া পাহারা আছে গেটে, এ ঘরে খুড়িমা প্রায় সর্বক্ষণ থাকেন, তাই এক হিসেবে ওটা এখানে যথেষ্ট সেফ।’

আমরা আবার নীচের বারান্দায় ফিরে এলাম। চেয়ারে বসার পর ফেলুদা টেপরেকডার চালু করে দিয়ে বলল, ‘একটি মুদ্রা মিসিং হল কী করে?’

‘সে কথাই তো বলছি, বললেন শঙ্করবাবু।’ তিনজনকে উইক এন্ডে নেমস্তন্ন করেছিলাম গত জন্মতিথিতে। একজন হলেন আমার বিজনেস পার্টনার নরেশ কাঞ্জিলাল। আরেকজন এখানকারই ডাক্তার অর্ধেন্দু সরকার। আর তৃতীয় ব্যক্তি হলেন কালীনাথ রায়। ইনি ইস্কুলে আমার সহপাঠী ছিলেন; পঁয়ত্রিশ বছর পর আবার আমার সঙ্গে যোগাযোগ করেন। আমার প্রপিতামহের মহামূল্য সম্পত্তির কথা এঁরা সকলেই শুনেছিলেন, কিন্তু চোখে দেখেননি। আমার পরিকল্পনা অনুযায়ী রাণ্ডিরে ডিনারের পর জয়ন্ত সিন্দুক থেকে স্বর্ণমুদ্রার থলিটা বার করে নীচে বৈঠকখানায় আনে। কয়েনগুলো টেবিলের উপর ছড়িয়ে রেখেছি, সকলে ঘিরে দেখছে, এমন সময় হল লোডশেডিং। ঘর অন্ধকার। এটা অবিশ্যি অস্বাভাবিক ঘটনা নয়। চাকর দুমিনিটের মধ্যে মোমবাতি নিয়ে আসল, আমি কয়েনগুলো তুলে নিয়ে আবার সিন্দুকে রেখে এলাম। একটা যে কমে গেছে সেটা তখন খেয়াল করিনি। এমন যে হতে পারে কল্পনাও করিনি। পরদিন সকলে চলে যাবার পর মনে একটা খটকা লাগাতে সিন্দুক খুলে দেখি ককট রাশির মুদ্রাটি নেই।’

‘কয়েনগুলো আপনিই তুলে রেখেছিলেন?’

‘হ্যাঁ, আমি। ব্যাপারটা বুঝুন মিঃ মিস্ত্রি। তিনজন নিমন্ত্রিত। একজনকে পঁচিশ বছর চিনি—আমার বিজনেস পার্টনার। অর্ধেন্দু সরকার হলেন ডাক্তার এবং ভালই ডাক্তার। খড়দা টিটাগড় থেকে কল আসে ওঁর। আর কালীনাথ আমার বাল্যবন্ধু।’

‘কিন্তু এঁদের সকলকেই কি অনেস্ট লোক বলে জানেন আপনি?’

‘সেখানেই অবিশ্যি গুণগোল। কাঞ্জিলালের কথা ধরুন। ব্যবসায় অনেকেই জেনেশুনে অসৎ পন্থা নেয়, কিন্তু কাঞ্জিলালের মতো এমন অস্মান বদনে নিতে আমি আর কাউকে দেখিনি। আমাকে ঠাট্টা করে বলে—তুমি ধর্মযাজক হয়ে যাও, তোমার দ্বারা ব্যবসা হবে না।’

‘আর অন্য দুজন?’

‘ডাক্তারের কথা আমি জানি না। খুড়িমা মাঝে মাঝে বাতে ভোগেন, ডাক্তার তাঁকে এসে দেখে যান। এর বেশি জানি না। তবে কালীনাথ বোধহয় গভীর জলের মাছ। এক যুগ দেখা নেই, হঠাৎ একদিন টেলিফোন করে আমার কাছে এল। বলল—বয়স যত বাড়ছে ততই পুরনো দিনের কথা মনে পড়ে। তাই একবার ভাবলাম তোমার সঙ্গে দেখা করি।’

‘আপনি তাঁকে দেখেই চিনেছিলেন?’

‘তা চিনেছিলাম। তা ছাড়া ইস্কুলের বহু পুরনো গল্প করল। সে যে আমার সহপাঠী তাতে সন্দেহ নেই। গোলমালটা হচ্ছে, সে যে এখন কী করে তা কিছুতেই ভেঙে বলে না। জিজ্ঞেস করলেই বলে, ধরে নাও তোমারই মতো ব্যবসা করে। এদিকে গুণ যে নেই তা নয়। খুব আমুদে রসিক লোক। ইস্কুলে থাকতে ম্যাজিক দেখাত, এখনও সে অভ্যাসটা রেখেছে। হাত সাফাই রীতিমতো ভাল।’

‘আপনার ভাইও তো অন্ধকারের মধ্যে ঘরে ছিলেন।’

‘সে ছিল। তবে সে তো এ জিনিস আগে দেখেছে, তাই সে টেবিলের কাছে ছিল না। নিয়ে থাকলে ওই তিনজনের একজনই নিয়েছে।’

‘তারপর আপনি কী করলেন?’

‘কী আর করতে পারি বলুন। এমন লোক আছে যারা এই অবস্থায় সোজাসুজি পুলিশ ডেকে তিনজনের বাড়ি সার্চ করাত। কিন্তু আমি পারিনি। ওই তিনজনের সঙ্গে বসে কত ব্রিজ খেলেছি, আর তাদের একজনকে বলব চোর?’

‘তার মানে শ্রেফ হজম করে গেলেন ব্যাপারটা?’

‘শ্রেফ হজম করে গেলাম। ফলে এখনও কেউ জানেই না যে আমি ব্যাপারটা টের পেয়েছি। সেই ঘটনার পরেও তো এদের সঙ্গে দেখা হয়েছে কতবার, কিন্তু কেউ তো কোনওরকম অসোয়াস্তি বা অপরাধ বোধ করছে বলে মনে হয়নি। অথচ আমি জানি যে এই তিনজনের মধ্যেই একজন দোষী। একজন চোর।’

আমরা তিনজনেই চুপ। ঘটনাটা অদ্ভুত তাতে সন্দেহ নেই। কিন্তু এ অবস্থায় কী করা যায়?

আমার মনের প্রশ্নটা ফেলুদাই করল। শঙ্করবাবু বললেন, ‘এরা জানে যে আমি এদের সন্দেহ করি না। তাই এদের আবার ডেকেছি, এবং আজ রাতে আমি আবার এদের সামনে বনোয়ারিলালের কিছু মূল্যবান জিনিস বার করব। মাসখানেক থেকে ঘড়ির কাঁটায় কাঁটায় সন্ধ্যা সাতটায় লোডশেডিং হচ্ছে এখানে। তার ঠিক আগে আমি জিনিসগুলো টেবিলে সাজাব। ঘর আবার অন্ধকার হবে। আশা করছি সেই অন্ধকারে চোরের প্রবৃত্তি আবার মাথা চাড়া দিয়ে উঠবে। সব মিলিয়ে এই সম্পত্তির মূল্য চল্লিশ-পঞ্চাশ লাখের কম নয়। হয়তো আমার ভুল হতে পারে, কিন্তু আমার বিশ্বাস চোর লোভ সামলাতে পারবে না। চুরির পর আপনি আপনার আসল ভূমিকায় অবতীর্ণ হবেন। তখন প্রদোষ মিথিরের কাজ হবে চোর ধরা এবং চোরাই মাল বার করা।’

ফেলুদা বলল, ‘আপনার ভাই এ সম্বন্ধে কী বলেন?’

‘সেও তো কাল অবধি কিছুই জানত না,’ বললেন শঙ্করবাবু, ‘কাল আপনাকে ইনভাইট করার পর ওকে বলি।’

‘উনি কী বললেন?’

‘খুব চোটপাট করল। বলল—তুমি অ্যাডিন চেপে রেখেছ ব্যাপারটা—তখন তখনই পুলিশে খবর দেওয়া উচিত ছিল। এক বছর পরে কি মিঃ মিস্ত্রির কিছু করতে পারবেন, ইত্যাদি।’

‘একটা কথা বলব মিঃ চৌধুরী?’

‘বলুন।’

‘আপনি মানুষটা এত নরম বলেই কিন্তু চোর তার সুযোগটা নিয়েছিল। অতিথিকে চুরির অপবাদ দিতে সবাই পেছপা হত না।’

‘সেটা জানি। সেই জন্যই তো আপনাকে ডাকা। আমি যেটা পারিনি, সেটা আপনি পারবেন।’

সরষে বাটা দিয়ে চমৎকার গঙ্গার ইলিশ সমেত দুপুরের খাওয়াটা হল ফার্স্ট ক্লাস। জয়ন্তবাবুর সঙ্গে আলাপ হল খাবার টেবিলে। ইনি মাঝারি হাইটের চেয়েও কম, বেশ সুস্থ, সবল মানুষ। শঙ্করবাবুর পার্সোনালিটি ঐর নেই, কিন্তু বেশ হাসিখুশি চালাক চতুর লোক।

খাবার পর শঙ্করবাবু বললেন, ‘আপনাদের এখন আর ডিস্টার্ব করব না, যা মন চায় ২৪৬

করুন। আমি একটু গড়িয়ে নিই। বিকেলে চায়ের সময় বারান্দায় আবার দেখা হবে।’

আমরা জয়ন্তবাবুর সঙ্গে বাড়ির আশপাশটা ঘুরে দেখব বলে বেরোলাম।

পশ্চিম দিকে একটানা একটা নিচু থামওয়ালা পাঁচিল চলে গেছে নদীর ধার দিয়ে। পাঁচিলের পরেই জমি ঢালু হয়ে নেমে গেছে জল অবধি। এই পাঁচিলই বাকি তিনদিকে হয়ে গেছে দেড় মানুষ উঁচু। জয়ন্তবাবুর ফুলের শখ, তাই তিনি আমাদের বাগানে নিয়ে গিয়ে গোলাপ সম্বন্ধে একটা ছোটখাটো বক্তৃতা দিয়ে দিলেন। গোলাপ যে তিনশো রকমের হয় তা এই প্রথম জানলাম।

বাড়ির উত্তরে গিয়ে দেখলাম সেদিকে আর একটা গেট রয়েছে। শহরে কোথাও যেতে হলে এই গেটটাই নাকি ব্যবহার করা হয়।

আরেকটা সিঁড়িও রয়েছে এদিকে। জয়ন্তবাবু বললেন খুড়িমা, মানে গুঁর মা, গঙ্গান্নানে যেতে ওটাই ব্যবহার করেন। একতলায় নদীর দিকে আর গঙ্গার দিকে চওড়া বারান্দা, দুদিক দিয়েই সিঁড়ি রয়েছে নীচে নামার জন্য।

দেখা শেষ হলে পর আমরা ঘরে ফিরে এলাম। জয়ন্তবাবু কাচের ঘরে চলে গেলেন অর্কিড দেখার জন্য।

আমাদের থাকার জন্য একতলায় একটা প্যাসেজের এক দিকে পর পর দুটো ঘর দেওয়া হয়েছে। উলটোদিকে আরও তিনটে পাশাপাশি ঘর দেখে মনে হল তাতেই বোধহয় তিনজন অতিথি থাকবেন। ঘরে ঢুকে বাহারে খাটে নরম বিছানা দেখে লালমোহনবাবু বোধহয় দিবানিদ্রার তাল করছিলেন, কিন্তু শেষ পর্যন্ত বললেন, ‘পাখির বইগুলোতে একবার চোখ বুলিয়ে নেওয়া দরকার।’

আমি একটা কথা ফেলুদাকে না জিজ্ঞেস করে পারলাম না।

‘আচ্ছা, এক বছর আগে যে লোক চুরি করেছে, সে যদি এবার আর চুরি না করে, তা হলে তুমি চোর ধরবে কী করে?’


ফেলুদা বলল, ‘সেটা এই তিন ভদ্রলোককে স্টাডি না করে বলা শক্ত। যার মধ্যে চুরির প্রবৃত্তি রয়েছে, তার সঙ্গে আর পাঁচটা অনেস্ট লোকের একটা সূক্ষ্ম তফাত থাকা উচিত। চোখ-কান খোলা রাখলে সে তফাত ধরা পড়তে পারে। ভুলিস না, যে লোক চুরি করে তার বাইরেটা যতই পালিশ করা হোক না কেন তাকে আর ভদ্রলোক বলা চলে না। সত্যি বলতে কী, ভদ্রলোক সাজার জন্য তাকে যথেষ্ট অভিনয় করতে হয়।’

বিকেলে পর পর দুটো গাড়ির আওয়াজ পেয়ে বুঝলাম অতিথিরা এসে গেছেন। বারান্দায় চায়ের আয়োজন হলে পর শঙ্করবাবুই আমাদের ডেকে নিয়ে গেলেন তিন গেস্টের সঙ্গে আলাপ করানোর জন্যে।

ডাঃ সরকার এক মাইলের মধ্যে থাকেন, ইনি হেঁটেই এসেছেন। বছর পঞ্চাশ বয়স, চোখে চশমা, মাথার চুল পাতলা হয়ে এসেছে, গৌঁফটা কাঁচা হলেও, কানের পাশের চুলে পাক ধরেছে।

নরেশ কাঞ্জিলাল বিরাট মানুষ, ইনি সুট-টাই পরে সাহেব সেজে এসেছেন। ফেলুদার পরিচয় জেনে বললেন, ‘বনোয়ারিলালের জীবনী লেখার কথা আমি শঙ্করকে অনেকবার বলেছি। আপনি এ কাজের ভারটা নিয়েছেন শুনে খুশি হলাম। হি ওয়াজ এ রিমার্কবল ম্যান।’

মজার লোক হলেন কালীনাথ রায়। ঐর কাঁধে একটা ব্যাগ ঝুলছে, তাতে হয়তো ম্যাজিকের সরঞ্জাম থাকতে পারে। লালমোহনবাবুর সঙ্গে পরিচয় হতেই বললেন, ‘পক্ষিবিদ যে মুরগির ডিম পকেটে নিয়ে ঘোরে তা তো জানতুম না মশাই।’ কথাটা বলেই খপ্প করে



লালমোহনবাবুর পাঞ্জাবির পকেটে হাত ঢুকিয়ে একটা মুরগির ডিমের সাইজের মসৃণ সাদা পাথর বার করে দিয়ে আক্ষেপের সুরে বললেন, ‘এ হে হে, এ যে দেখেছি পাথর ! আমি তো ফ্লাই করে খাবার মতলব করেছিলুম ।’

কথা হল রাত্তিরে খাবার পর কালীনাথবাবু তাঁর হাতসাফাই দেখাবেন ।

সূর্য হেলে পড়েছে, গঙ্গার জল চিক্ চিক্ করছে, ঝিরঝিরে হাওয়া, তাই বোধহয় নরেশবাবু আর কালীনাথবাবু নেমে গেলেন বাইরের শোভা উপভোগ করতে । লালমোহনবাবু কিছুক্ষণ থেকেই উস্খুস্ করছিলেন, এবার বাইনোকুলার বার করে উঠে পড়ে বললেন, ‘দুপুরে যেন একটা প্যারাডাইজ ফ্লাইক্যাচারের ডাক শুনেছিলুম । দেখি তো পাখিটা আশেপাশে আছে কি না ।’

ফেলুদার গম্ভীর মুখ দেখে আমিও হাসিটা কোনওমতে চেপে গেলাম ।

ডাক্তার সরকার চায়ে চুমুক দিয়ে শঙ্করবাবুর দিকে ফিরে বললেন, ‘আপনার ভ্রাতাটিকে দেখছি না—সে কি বাগানে ঘুরছে নাকি ?’

‘ওর ফুলের নেশার কথা তো আপনি জানেন ।’

‘ওঁকে তো বলেছি মাথায় টুপি না পরে যেন রোদে না ঘোরেন । সে আদেশ তিনি মেনেছেন কি ?’

‘জয়ন্ত কি ডাক্তারের আদেশ মানার লোক ? আপনি তাকে চেনেন না ?’

ফেলুদা যে চারমিনার হাতে আড়চোখে ডাক্তারের কথাবার্তা হাবভাব লক্ষ করে যাচ্ছে সেটা বেশ বুঝতে পারছি ।

‘আপনার খুড়িমা কেমন আছেন ?’ শঙ্করবাবুর দিকে ফিরে জিজ্ঞেস করলেন ডাঃ সরকার ।

‘এমনিতে তো ভালই’, বললেন শঙ্করবাবু, ‘তবে অরুচির কথা বলছিলেন যেন । আপনি একবার টু মেরে আসুন না ।’

‘তাই যাই ।’

ডাঃ সরকার চলে গেলেন খুড়িমাকে দেখতে । প্রায় একই সঙ্গে জয়ন্তবাবু ফিরে এলেন বাগান থেকে—ঠোঁটের কোণে হাসি ।

‘কী ব্যাপার ? হাসির কী হল ?’ জিজ্ঞেস করলেন শঙ্করবাবু ।

জয়ন্তবাবু টি পট থেকে কাপে চা ঢেলে নিয়ে ফেলুদার দিকে ফিরে বললেন, ‘আপনার বন্ধু কিন্তু চোখে বাইনোকুলার লাগিয়ে বেদম অভিনয় করে যাচ্ছেন পক্ষিবিদের ।’

ফেলুদাও হেসে বলল, ‘অভিনয় তো আজ সকলকেই করতে হবে অল্পবিস্তর । আপনার দাদার পরিকল্পনাটাই তো নাটকীয় ।’

জয়ন্তবাবু গম্ভীর হয়ে গেলেন ।

‘আপনি কি দাদার পরিকল্পনা অ্যাপ্রুভ করেন ?’

‘আপনি করেন না বলে মনে হচ্ছে ?’ বলল ফেলুদা ।

‘মোটাই না,’ বললেন জয়ন্তবাবু । ‘আমার ধারণা চোর অত্যন্ত সেয়ানা লোক । সে কি আর বুঝবে না যে তার জন্য ফাঁদ পাতা হচ্ছে ? সে কি জানে না যে দাদা অ্যাডমিনে টের পেয়েছে যে সিন্দুকের একটি মূল্যবান জিনিস গায়েব হয়ে গেছে ?’

‘সবই বুঝি,’ বললেন শঙ্করবাবু, ‘কিন্তু তাও আমি ব্যাপারটা ট্রাই করে দেখতে চাই । ধরে নাও এটা আমার গোয়েন্দা কাহিনী প্রীতির ফল ।’

‘তুমি কি সিন্দুকের বাকি সব জিনিসই বার করতে চাও ?’

‘না । শুধু ইটালিয়ান নসিয়ার কৌটো আর মোগলাই সুরাপাত্র । ডাঃ সরকার খুড়িমাকে দেখতে গেছেন । উনি এলেই তুমি ওপরে গিয়ে জিনিস দুটো বার করে আনবে । আমি পকেটে রেখে দেব । এই নাও চাবি ।’

জয়ন্তবাবু অনিচ্ছার ভাব করে চাবিটা নিলেন ।

মিনিট পাঁচেকের মধ্যে ডাঃ সরকার ফিরে এলেন । ভদ্রলোক হেসে বললেন, ‘দিব্যি ভাল আছেন আপনার খুড়িমা । বারান্দায় বসে দুধভাত খাচ্ছেন । আপনাদের আরও অনেকদিন জ্বালাবেন ।’

জয়ন্তবাবু চুপচাপ উঠে পড়লেন ।

‘কী বসে আছেন চেয়ারে ?’ ফেলুদার দিকে ফিরে বললেন ডাঃ সরকার । ‘চলুন একটু হাওয়া খাবেন । এ হাওয়া কলকাতায় পাবেন না ।’

শঙ্করবাবু সমেত আমরা চারজনই সিঁড়ি দিয়ে নামলাম । বাঁয়ে চেয়ে দেখি লালমোহনবাবু বাগানের মাঝখানে একটা শ্বেতপাথরের মূর্তির পাশে দাঁড়িয়ে চোখে বাইনোকুলার লাগিয়ে এদিক ওদিক দেখছেন । ‘পেলেন আপনার প্যারাডাইজ ফ্লাইক্যাচারের দেখা ?’ জিজ্ঞেস

করল ফেলুদা ।

‘না, তবে এইমাত্র একটা জাম্বল ব্যাবলার দেখলুম মনে হল ।’

‘এখন পাখিদের বাসায় ফেরার সময়’, বলল ফেলুদা । ‘এর পরে প্যাঁচা ছাড়া আর কিছুই দেখতে পাবেন না ।’

বাকি দুজনে গেলেন কোথায় ? বাড়ির সামনের দিকে কি, না কাচের ঘরের পিছনে ফলবাগানে ?

শঙ্করবাবুর বোধহয় একই প্রশ্ন মনে জেগেছিল, কারণ উনি হাঁক দিয়ে উঠলেন—‘কই হে, নরেশ ? কালীনাথ গেলে কোথায় ?’

‘একজনকে দেখলুম এদিকের সিঁড়ি দিয়ে বাড়ির ভেতর ঢুকতে,’ বললেন লালমোহনবাবু ।

‘কোনজন ?’ প্রশ্ন করলেন শঙ্করবাবু ।

‘বোধহয় সেই ম্যাজিশিয়ান ভদ্রলোক ।’

কিন্তু লালমোহনবাবু ভুল দেখেছিলেন । বাড়ি থেকে বেরিয়ে এলেন কালীনাথবাবু নয়, নরেশ কাঞ্জিলাল ।

‘সন্দের দিকে ঝপ করে টেমপারেচারটা পড়ে,’ বললেন কাঞ্জিলাল, ‘তাই আলোয়ানটা চাপিয়ে এলাম ।’

‘আর কালীনাথ ?’ প্রশ্ন করলেন শঙ্করবাবু ।

‘সে তো বাগানে নেমেই আলাদা হয়ে গেল । বলছিল শুকনো ফুলকে টাটকা করে দেবার একটা ম্যাজিক দেখাবে, তাই—’

মিঃ কাঞ্জিলালের কথা আর শেষ হল না, কারণ সেই সময় বুড়ো চাকর অনন্তর চিৎকার শোনা গেল ।

‘দাদাবাবু !’

অনন্ত গঙ্গার দিকে বারান্দায় সিঁড়ি দিয়ে নেমে অত্যন্ত ব্যস্তভাবে ছুটে এল আমাদের দিকে ।

‘কী হল অনন্ত ?’ শঙ্করবাবু উদ্বিগ্নভাবে প্রশ্ন করে এগিয়ে গেলেন ।

‘ছোট দাদাবাবু অজ্ঞান হয়ে পড়ে আছেন দোতলায় ।’

৩

দোতলার সিঁড়ি দিয়ে উঠে ল্যান্ডিং পেরিয়েই খুড়িমার ঘর, সেটা আগেই বলেছি । জয়ন্তবাবু সেই ঘরের চৌকাঠের হাত তিনেক এদিকে চিত হয়ে পড়ে আছেন, তাঁর মাথার পিছনের মেঝেতে খানিকটা রক্ত চুঁইয়ে পড়েছে ।

ডাক্তার সরকার দ্রুত সিঁড়ি দিয়ে উঠে সবচেয়ে আগে পৌঁছে জয়ন্তবাবুর নাড়ি টিপে ধরলেন । ফেলুদাও প্রায় একই সঙ্গে পৌঁছে জয়ন্তবাবুর পাশে হাঁটু গেড়ে বসেছে । তার মুখ গম্ভীর, কপালে খাঁজ ।

‘কী মনে হচ্ছে ?’ চাপা গলায় প্রশ্ন করলেন শঙ্করবাবু ।

‘পাল্‌স সামান্য দ্রুত,’ বললেন ডাঃ সরকার ।

‘মাথার জখমটা ?’

‘মনে হচ্ছে পড়ে গিয়ে হয়েছে । এই সময় খালি মাথায় রোদে ঘোরা ডেনজারাস সেটা অনেকবার বলেছি ওঁকে ।’



‘কনকশন—?’

‘সেটা তো পরীক্ষা না করে বলা সম্ভব না। আজ আবার আমি যন্ত্রপাতি কিছুই আনি নি সঙ্গে। একবার হাসপাতালে নিয়ে যেতে পারলে ভাল হত।’

‘তাই করুন না। গাড়ি তো রয়েছে।’

ভদ্রলোক বেশ ভাল ভাবেই অজ্ঞান হয়েছেন, কারণ ফেলুদা সমেত চারজন ধরাধরি করে গাড়িতে তোলার সময়ও তাঁর জ্ঞান হল না। সিঁড়ি দিয়ে নামার সময় অবিশ্যি কালীনাথবাবুর সঙ্গেও দেখা হল। বললেন, ‘আমি জাস্ট ওষুধটা খাবার জন্য ঘরে গেছি—আর তার মধ্যে এই কাণ্ড!’

‘আমি সঙ্গে আসব কি?’ শঙ্করবাবু ডাক্তারকে জিজ্ঞেস করলেন।

‘কোনও দরকার নেই’, বললেন ডাঃ সরকার, ‘আমি হাসপাতাল থেকে আপনাকে ফোন করব।’

গাড়ি চলে গেল। এই দুর্ঘটনার জন্য শঙ্করবাবুর প্ল্যান যে ভেঙে গেল সেটা বুঝতে পারছি। বেচারি ভদ্রলোকের জন্মতিথিতে এমন একটা ঘটনা ঘটার জন্য আমারও খারাপ লাগছিল।

আমরা সবাই এসে বসবার ঘরে বসেছিলাম, প্রায় সঙ্গে সঙ্গেই ফেলুদা কেন যে, ‘আমি

আসছি' বলে উঠে গেল তা জানি না। অবিশ্যি মিনিট দুয়ের মধ্যে আবার ফিরে এল।

শঙ্করবাবু অতিথিদের সামনে যথাসম্ভব স্বাভাবিক হাসিখুশি ব্যবহার করছিলেন। এমনকী তাঁর আশ্চর্য প্রপিতামহ সম্বন্ধে অদ্ভুত সব ঘটনাও বলছিলেন, কিন্তু আমি বুঝতে পারছিলাম যে সেটা করতে তাঁর বেশ বেগ পেতে হচ্ছে।

প্রায় ঘণ্টাখানেক এইভাবে চলার পর হাসপাতাল থেকে ডাঃ সরকারের ফোন এল। জয়ন্তবাবুর জ্ঞান হয়েছে। তিনি অনেকটা ভাল। মনে হচ্ছে কাল সকালেই আসতে পারবেন।

এই সুখবরের পর অবিশ্যি ঘরের আবহাওয়া খানিকটা হালকা হল, কিন্তু আমি জানি যে শঙ্করবাবুর মোটেই ভাল লাগছে না, কারণ চোরের রহস্য রহস্যই থেকে যাবে।

খাওয়া দাওয়ার পর, ভিডিও-ক্যাসেট ছবি দেখতে চাই কি না জিজ্ঞেস করতে আমরা সকলেই না বললাম। এ অবস্থায় ফুটি চলে না। তাই ম্যাজিকও বাদ পড়ল।

সকলকে শুভ নাইট জানিয়ে নিজেদের ঘরে আসতেই আমি যে প্রশ্নটা ফেলুদাকে করব তাবছিলাম, সেটা লালমোহনবাবু করে ফেললেন।

'আপনি তখন ফস্ করে বেরিয়ে কোথায় গেলেন মশাই?'

'খুড়িমার ঘরে।'

'খুড়িমাকে দেখতে গেসলেন?' অবিশ্বাসের সুরে প্রশ্নটা করলেন লালমোহনবাবু।

'সেই সঙ্গে অবিশ্যি সিন্দুকের হাতল ধরে একটা টানও দিয়ে এলাম।'

'খোলা নাকি?'

'বন্ধ। সেটাই স্বাভাবিক। যে ভাবে ঘরের দরজার দিকে পা করে পড়েছিলেন ভদ্রলোক, তাতে মনে হয় ঘরে ঢোকার আগেই পড়েছেন।'

'কিন্তু চাবিটা কোথায়, ফেলুদা?' আমি জিজ্ঞেস করলাম। প্রশ্নটা কিছুক্ষণ থেকেই আমার মাথায় ঘুরছিল।

ফেলুদা বলল, 'শঙ্করবাবু হয়তো দুর্ঘটনায় ওটার কথা ভুলেই গিয়েছিলেন।'

কথাটা বলতে বলতেই শঙ্করবাবু এসে ঢুকলেন আমাদের ঘরে। 'দেখুন তো কী বিস্ত্রী ব্যাপার ঘটে গেল!' বললেন ভদ্রলোক। 'জয়ন্তর আর একবার এরকম হয়েছিল। ওর ব্লাড প্রেশারটা একটু বেশি নেমে যায় মাঝে মাঝে।'

'ফোনে আর কী বললেন ডাঃ সরকার?'

'সেটাই তো বলতে এলাম। তখন লোকজনের সামনে বলিনি। চাবির কথাটা তো গোলমালে ভুলেই গিয়েছিলাম; এখন কী হয়েছে জানেন তো? ডাক্তারকে জিজ্ঞেস করতে বললেন জয়ন্তর কাছে চাবি ছিল না। হয়তো অজ্ঞান হবার সময় হাত থেকে পড়ে গেছে।'

'আপনি খুঁজেছেন চাবি?'

'তন্ন তন্ন করে। সিঁড়ি, ল্যান্ডিং, সদর দরজার বাইরে, কোথাও বাদ দিইনি। সে চাবি হাওয়া।'

'যাকগে, ডুপ্লিকেট আছে তো,' বলল ফেলুদা। 'ও নিয়ে ভাববেন না।'

'তা না হয় ভাবব না', গম্ভীরভাবে বললেন শঙ্করবাবু, 'কিন্তু রহস্য তো দূর হল না! চোর তো অজ্ঞাতেই রয়ে গেল। আর আপনাকে একটা মাথা খেলানোর সুযোগ দেব ভেবেছিলাম, সেটাও হল না।'

'তাতে কী হল?' ফেলুদা বলল। 'এখানে এসে লাভ হয়েছে বিস্তর। একে এরকম বাড়ি, তার উপর আপনার আতিথেয়তা।'

শঙ্করবাবু যাবার আগে বলে গেলেন যে সকালে সাড়ে ছটায় চা দেবে, আর আটটায় ব্রেকফাস্ট।

'এটা অ্যাটেমটেড মার্ভার নয়তো মশাই?' লালমোহনবাবু ফিস্ ফিস্ করে প্রশ্ন করলেন।

‘মিঃ কাজিলাল আর মিঃ ম্যাজিসিয়ান দুজনেই কিন্তু বাড়ির মধ্যে ঢুকেছিলেন ।’

‘মার্ডারের দরকার কী ? কার্যসিদ্ধির জন্য তো শুধু অজ্ঞান করলেই চলে ।’

‘কার্যসিদ্ধি ?’

‘জয়ন্তবাবুকে অজ্ঞান করে তাঁর হাত থেকে চাবিটা নিয়ে সিঁদুক খুলে যা বার করার বার করে আবার হাতে চাবি গুঁজে দিয়ে চলে আসা ।’

সর্বনাশ ! এটা তো খেয়াল হয়নি আমার । আমি বললাম ‘তাই যদি হয়ে থাকে তা হলে তো এখন তিনজনের জায়গায় সাসপেন্সে মাত্র দুজন—কাজিলাল আর কালীনাথ ।’

‘নারে তোপসে,’ বলল ফেলুদা ‘ব্যাপারটা অত সহজ নয় । জয়ন্তবাবুর মাথায় কেউ বাড়ি মারলে তো সেটা তিনি জ্ঞান হলে বলতেন ; তা তো বলেননি । আর অজ্ঞান করে যে সিঁদুক খুলবে সেটাই বা কী করে সম্ভব—খুঁড়িমা তো ঘরে থাকতে পারেন । একজন বাইরের লোক সিঁদুক খুলছে দেখলে কি তিনি চুপ করে থাকতেন ?’

একটা আশার আলো জ্বলতে না জ্বলতে নিভে গেল । আমি শুয়ে পড়েছিলাম, কিন্তু অত তাড়াতাড়ি আর ঘুমোনো হল না । ফেলুদা এমনিতেও পায়চারি করছিল, বারোটা নাগাদ লালমোহনবাবু হঠাৎ আমাদের ঘরে এসে নিচু গলায় বললেন, ‘বারান্দায় গেসলুম । চাঁদের হাসির বাঁধ ভেঙেছে, মশাই—উপচে পড়ে আলো !’

‘উপচে নয়, উছলে,’ বলল ফেলুদা ।

‘সরি, উছলে । কিন্তু একবার বাইরে এসে দেখুন । এ দৃশ্য দেখবেন না কখনও ।’

‘আপনি একা কাব্য করবেন, এটা হতে দেওয়া যায় না,’ বলল ফেলুদা । বিছানা ছেড়ে উঠে পড়লাম ।

বাইরে গিয়ে মনে হল এ যেন দিনের বেলার দৃশ্যর চেয়েও ঢের বেশি সুন্দর । একটা পাতলা কুয়াশা নদীর ওপারটাকে প্রায় অদৃশ্য করে ফেলেছে । গঙ্গার আবছা গাঢ় জলের উপর ছড়ানো চাঁদির টুকরোগুলো ধীরে ধীরে দুলছে । তারই মধ্যে ঝিকির ডাক, হাসনুহানার গন্ধ, ফুরফুরে বাতাস, সব মিলিয়ে সত্যিই অমরাবতী ।

ফেলুদা ত্রয়োদশীর চাঁদটার দিকে কিছুক্ষণ চেয়ে থেকে বলল, ‘চাঁদের মাটিতে মানুষের পা পড়লেও, এর মজা কোনওদিন নষ্ট করতে পারবে না ।’

‘একটা মারাত্মক পোয়েম আছে চাঁদ নিয়ে,’ বললেন লালমোহনবাবু ।

‘আপনার এথিনিয়াম ইন্সটিটিউশনের সেই বাংলার শিক্ষকের লেখা ?’

‘ইয়েস । বৈকুণ্ঠ মল্লিক । এই পোড়া দেশে লোকটা রেকগনিশন পেলে না, কিন্তু আপনি শুনুন কবিতাটা । শোনো, তপেশ ।’

এতক্ষণ আমরা নিচু গলায় কথা বলছিলাম । কিন্তু আবৃত্তির সময় লালমোহনবাবুর গলা আপনা থেকেই চড়ে গেল ।

‘আহা, দেখ চাঁদের মহিমা

কভু বা সুগোল রৌপ্যখালি

কভু আধা কভু সিকি কভু একফালি

যেন সদ্য কাটা নখ পড়ে আছে নভে—

সেটুকুও নাহি থাকে, যবে

আসে অমাবস্যা—

সেই রাতে তুমি তাই

অচন্দ্রমপশ্যা !

বুঝতেই পারছ, তপেশ, পদ্যটা একজন লেডিকে অ্যাড্রেস করে লেখা ।

‘একজন লেডিকে তো আপনি আবৃত্তির ঠেলায় ঘর থেকে টেনে বার করেছেন দেখছি ।’

ফেলুদার দৃষ্টি দোতলার বারান্দার দিকে । এই যে খুড়িমার ঘর । বৃদ্ধা বারান্দার দরজার মুখটাতে এসে দাঁড়িয়েছেন । মিনিটখানেক এদিক ওদিক দেখে আবার ভিতরে ঢুকে গেলেন ।

এর পরে আমরা ঘাটের সিঁড়িতে গিয়ে বসেছিলাম আধ ঘণ্টা । মনমেজাজ তাজা, রাতের খাওয়া হজম । তারপর এক সময় ফেলুদা তার হাতঘড়ির রেডিয়াম ডায়াল চোখের সামনে ধরে বলল, ‘পৌনে এক ।’

আমরা তিনজনেই উঠে পড়লাম, আর তিনজনেই একসঙ্গে শুনলাম শব্দটা ।

সেটা যেন আসছে বাড়ির দোতলা থেকেই ।

খট্ খট্ খট্ খট্ ঠং খট্ খট্...

আমরা ঘাটের সিঁড়ি দিয়ে উপরে উঠে এলাম ।

‘সিঁদ কাটছে নাকি মশাই ?’ লালমোহনবাবু ফিস্ফিস্ করে জিজ্ঞেস করলেন । আলো জ্বলছে । আওয়াজটা আসছে ওই ঘর থেকে ।

খট্ খট্ খট্ খট্ ঠং ঠং...

কিন্তু এই ঘর ছাড়াও আরেকটা ঘরে আলো জ্বলছে । দক্ষিণ দিকের ঘরটা । খোলা জানালা দিয়ে দেখা যাচ্ছে একজন লোক দাঁড়িয়ে হাত পা নেড়ে উত্তেজিত ভাবে কথা বলছে ।

এবার লোকটা ঘর থেকে বেরিয়ে গেল ।

‘মিঃ কাজিলাল’, বলল ফেলুদা । ‘ওটাই শঙ্করবাবুর ঘর ।’

‘এই মাঝরাত্তিরে কী আলোচনা মশাই ?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন ।

‘জানি না’, বলল ফেলুদা । ‘ব্যবসা সংক্রান্ত কিছু হবে ।’

‘আপনাদেরও ঘুম আসছে না ?’

নতুন গলা পেয়ে চমকে উঠে দেখি ম্যাজিশিয়ান কালীনাথবাবু ।

ভদ্রলোক সিঁড়ি দিয়ে নেমে এলেন । খট্ খট্ শব্দটা এখনও হয়ে চলেছে । কালীনাথবাবুর ঘাড় ঘুরে গেল সেই দিকে ।

‘কীসের শব্দ বুঝতে পারছেন তো ?’ প্রশ্ন করলেন ভদ্রলোক ।

‘হামানদিস্তা কি ?’ ফেলুদা বলল ।

‘ঠিক বলেছেন । এই মাঝরাত্তিরে বুড়ি পান ছাঁচতে বসেন । এ শব্দ আগেও পেয়েছি ।’

কথাটা বলে হাতের তেলোর আড়ালে দেশলাই জ্বালিয়ে সিগারেট ধরিয়ে ফেলুদার দিকে একটা সেয়ানা দৃষ্টি দিয়ে বললেন, ‘বনোয়ারিলালের জীবনী লেখার জন্য গোয়েন্দার দরকার হল কেন ?’

‘আমি তো থ’ ! লালমোহনবাবুর মুখ হাঁ হয়ে গেছে । ফেলুদা একটু হালকা হেসে বলল, ‘যাক, অন্তত একজন আমার আসল পরিচয়টা জানে দেখে ভালই লাগল ।’

‘তা জানবে না কেন মিঃ মিস্তির ? এ শর্মা অনেক ঘাটের জল খেয়েছে । অনেক কিছু দেখে শুনে চোখ কান দুইই খুলে গেছে ।’

ফেলুদা একদৃষ্টে চেয়ে আছে ভদ্রলোকের দিকে । তারপর বলল, ‘আপনি কি রহস্যই

করবেন, না খুলে বলবেন ?’

‘খুলে ছার কজনে বলতে পারে মিঃ মিস্ত্রি ? স্পষ্টবক্তা আর কজনে হয় ? বেশির ভাগই তো মুখচোরা । আর দুঃখের বিষয়, আমিও যে সেই দলেই পড়ি । আপনি গোয়েন্দা, খুলে বলার কাজ হল আপনার । তবে আপনাকে আমি একটা কথা বলতে চাই । এখানে এসে আপনার পেশটাকে কাজে লাগানোর কথা ভুলে যান । অমরাবতীতে এসেছেন, দুদিন ফুর্তি করে গঙ্গার হাওয়া খেয়ে ফিরে যান । নইলে বিপদে পড়তে পারেন ।’

‘আপনার উপদেশের জন্য ধন্যবাদ ।’

কালীনাথবাবু নিজের ঘরে ফিরে গেলেন ।

‘লোকটা অনেক কিছু জানে বলে মনে হচ্ছে ?’ চাপা গলায় বললেন লালমোহনবাবু ।

‘একটা জিনিস তো জানতেই পারে,’ বলল ফেলুদা ।

‘কী ?’ আমরা দুজনে একসঙ্গে জিজ্ঞেস করলাম ।

‘চুরিটা কে করেছিল । যে করেছিল সে তো ওঁর পাশেই দাঁড়িয়ে ছিল ।’

আমি বললাম, ‘কিন্তু সেটা তো উনি নিজেও করে থাকতে পারেন । উনি তো হাত সাফাই জানেন ।’

‘এগজ্যাক্টলি,’ বলল ফেলুদা ।

8

সাড়ে ছটায় বেড় টি না দিলে হয়তো ঘুম ভাঙতে আরও দেরি হত, কিন্তু ফেলুদাকে দেখে মনে হল সে অনেকক্ষণ আগেই উঠেছে । জিজ্ঞেস করতে বলল, ‘শুধু উঠেছি নয়, এর মধ্যে একটা চক্রও মেরে এসেছি ।’

‘কোথায় ?’

‘শহরের দিকে ।’

‘কী দেখলে ?’

‘কী দেখলাম না সেটাই বড় কথা ।’

‘কিছু বুঝতে পারলে ?’

‘পানিহাটিতে আসা বৃথা হয়নি এটা বুঝেছি ।’

লালমোহনবাবু এসে বললেন এমন সলিড ঘুম নাকি ওঁর অনেকদিন হয়নি ।

‘খুড়িমার উঠতে দেরি দেখে তিনিও খুব সলিড ঘুমিয়েছেন বলে মনে হচ্ছে,’ বলল ফেলুদা ।

আমি বললাম, ‘সেটা আবার কী করে জানলে ?’

‘অনন্তকে জিজ্ঞেস করেছিলাম । সে বলল মা-ঠাকরুণ এখনও গঙ্গাস্নানে যাননি । এমনতে ছটার মধ্যে নাকি ওঁর স্নান সারা হয়ে যায় ।’

আমরা তিনজন বারান্দায় গিয়ে বসেছিলাম, মিনিট দশেকের মধ্যে শঙ্করবাবু এসে পড়লেন । স্নান-টান সেরে ফিটফাট ।

‘আমি কিন্তু ধরা পড়ে গেছি, মিঃ চৌধুরী,’ বলল ফেলুদা । ‘আপনার বাল্যবন্ধু আমায় চিনে ফেলেছেন ।’

‘সে কী !’

‘আপনি ঠিকই বলেছিলেন । ভদ্রলোক গভীর জলের মাছ ।’

‘তা হলে কি বলছেন আপনার পরিচয়টা দিয়েই দেব ?’

‘তা হলে কিন্তু সেই সঙ্গে আপনার জানিয়ে দিতে হবে আপনি কেন আমাকে ডেকেছেন ।
অর্থাৎ এতদিন যে কথাটা চেপে রেখেছিলেন সেটা প্রকাশ করতে হবে ।’

শঙ্করবাবুর কপালে আবার দৃষ্টিস্তার রেখা দেখা দিল ।

পাঁচ মিনিটের মধ্যেই কাজিলাল আর কালীনাথবাবু বারান্দায় এসে পড়লেন, আর তার
প্রায় সঙ্গে সঙ্গেই বাইরে একটা গাড়ির আওয়াজ পাওয়া গেল । কাজিলাল আর কালীনাথ
বারান্দায় রয়ে গেলেন, আমরা চারজন সদর দরজায় গিয়ে হাজির হলাম ।

লাল ক্রস-মারা একটা কালো অ্যামবাসাডর থেকে নামলেন জয়ন্তবাবু আর ডাঃ সরকার ।
জয়ন্তবাবুর মাথার পিছনের চুল খানিকটা কামিয়ে সেখানে প্লাস্টার লাগানো হয়েছে ।

জয়ন্তবাবু নেমেই তাঁর দাদার কাছে ক্ষমা চাইলেন । —‘ভেরি সরি । তোমার জন্মতিথিতে
এমন একটা অঘটন ঘটিয়ে ফেললাম । আসলে প্রেশারটা...’

‘কোনও চিন্তা নেই’, বললেন ডাঃ সরকার । ‘আমি ওষুধ দিয়ে দিয়েছি । তবে রোদে
বেশি ঘোরাঘুরি চলবে না ।’

‘আপনারা চা খাবেন তো ?’ বললেন শঙ্করবাবু ।

‘তা হলে মন্দ হত না । চা-পানের সময় পাইনি এখনও ।’

‘এরা সব কোথায় ?’ জয়ন্তবাবু জিজ্ঞেস করলেন ।

‘বারান্দায়’, বললেন শঙ্করবাবু ।

জয়ন্তবাবু আর ডাঃ সরকার বারান্দার দিকে চলে গেলেন ।

‘চলুন, সকলে একসঙ্গেই বসা যাক,’ ফেলুদার দিকে ফিরে বললেন শঙ্করবাবু ।

‘দাঁড়ান, আগে একটা কাজ সেরে নেওয়া দরকার ।’

ফেলুদা কথাটা বেশ জোরের সঙ্গেই বলল । কী কাজের কথা বলছে ও ?

‘কাজ ?’ শঙ্করবাবু একটু যেন অবাক হয়েই জিজ্ঞেস করলেন ।

‘আপনার খুড়িমার কাছে সিন্দুকের যে ডুপ্লিকেট চাবিটা আছে সেটা চাইলে পাওয়া যাবে
নিশ্চয়ই ।’

‘তা নিশ্চয়ই যাবে, কিন্তু—’

‘একবার সিন্দুকটা খুলে দেখতে চাই ।’

খুড়িমার ঘরে গিয়ে দেখি বুড়ি গামছা নিয়ে স্নানে বেরোচ্ছেন ।

‘আজ তোমার এত দেরি ?’ শঙ্করবাবু প্রশ্ন করলেন ।

‘আর বলিস না । চোখ মেলে দেখি ঝাঁ ঝাঁ রোদ । একেকদিন কী যে হয় !’

‘তোমার চাবিগোছাটা একবার দিতে হবে খুড়িমা । সিন্দুকটা খুলব ।’

‘কিন্তু তোর কাছে যে— ?’

‘আমারটা খুঁজে পাচ্ছি না ।’

খুড়িমা আলমারি খুলে চাবির গোছা বার করে দিয়ে চলে গেলেন ।

শঙ্করবাবু সিন্দুকের দিকে এগিয়ে গেলেন, আর সেই ফাঁকে কেন জানি ফেলুদা
হামানদিস্তাটা হাতে নিয়ে একবার নেচেচেড়ে দেখল ।

‘সর্বনাশ !’

শঙ্করবাবুর চিংকারে চমকে লালমোহনবাবু সেলিম আলির বইটা তাঁর হাত থেকে ফেলেই
দিলেন ।

‘থলি বাস্তব কিছুই নেই’, বলল ফেলুদা ।

শঙ্করবাবুর ফ্যাকাসে মুখ দিয়ে কথাই বেরোচ্ছে না ।

‘ওটা বন্ধ করুন’, বলল ফেলুদা । ‘তারপর চলুন নীচে যাওয়া যাক । সত্য উদ্ঘাটনের

সময় এসেছে। আমার আসল পরিচয়টা সকলকে জানিয়ে দিন এবং কতকগুলো প্রশ্ন করব সেটাও জানিয়ে দিন।’

বুঝতে পারছি শঙ্করবাবুকে অনেকখানি মনের জোর প্রয়োগ করতে হচ্ছে, কিন্তু তিনি গত বছরের চুরির ব্যাপারটা আর আজ এইমাত্র সিন্দুক খুলে যা দেখলেন সেটা মোটামুটি গুছিয়ে সকলকে বলে বললেন, ‘আমার বাড়িতে আমারই অতিথি হয়ে এসে আমার এত কাছের লোক যে এমন একটা কাজ করতে পারে সেটা স্বপ্নেও ভাবিনি। কিন্তু ঘটনা যে ঘটেছে তাতে কোনও ভুল নেই, আর সেই কারণেই আমি কলকাতার স্বনামধন্য ইনভেসটিগেটর প্রদোষ মিত্রকে ডেকেছি এর কিনারা করার জন্য। ইনি তোমাদের কয়েকটা প্রশ্ন করবেন। আশা করি তোমরা তার ঠিক জবাব দেবে।’

সকলে চুপ। কার মনে কী প্রতিক্রিয়া হচ্ছে দেখে বোঝার উপায় নেই।

ফেলুদা শুরু করল। প্রথম প্রশ্নটা ডাঃ সরকারকে, আর সেটা যাকে বলে অপ্ৰত্যাশিত।

‘ডাঃ সরকার, আপনাদের এই পানিহাটিতে কটা হাসপাতাল আছে?’

‘একটাই,’ বললেন ডাঃ সরকার।

‘তার মানে সেখানেই আপনি নিয়ে গিয়েছিলেন জয়ন্তবাবুকে, আর সেখান থেকেই কাল রাতে ফোন করেছিলেন?’

‘হঠাৎ এ প্রশ্ন কেন জানতে পারি কি?’

‘কারণ আজ সকালে আমি সে হাসপাতালে গিয়েছিলাম, জয়ন্তবাবু সেখানে যাননি।’

ডাঃ সরকার হাসলেন।

‘কাল রাতে যে আমি হাসপাতাল থেকে ফোন করেছিলাম সে কথা তো আমি শঙ্করবাবুকে বলিনি।’

‘তবে কোথেকে করছিলেন?’

‘আমার বাড়ি থেকে। কাল যাবার পথেই জয়ন্তবাবুর জ্ঞান হয়। তখন বুঝতে পারি আঘাত গুরুতর নয়, কনকাক্ষন হয়নি। তবু একবার দেখব বলে আমার বাড়িতেই নিয়ে যাই। তখনই ঠিক করি রাশ্ত্রিটা ওখানে রেখে সকালে পৌঁছে দিয়ে যাব।’

‘এবার জয়ন্তবাবুকে একটা প্রশ্ন,’ বলল ফেলুদা। ‘আপনি কাল যে সিন্দুক খোলার জন্য চাবিটা নিলেন, সেটা তো আপনার হাতেই ছিল?’

‘হ্যাঁ, কিন্তু মাথা ঘুরে পড়ার পর আর হাতে নাও থাকতে পারে।’

‘হাতে না থাকলেও, কাছাকাছিই পড়ে থাকার কথা। কিন্তু তা তো ছিল না।’

‘সেটার আমি কী জানি? চাবি আপনারা খুঁজে পেলেন কি না পেলেন তার আমি কী করতে পারি? আপনি কী বলতে চাইছেন সেটা সরাসরি বলুন না।’

‘আর একটা প্রশ্ন আছে, সেটা ডাক্তারকে। তার পরেই সরাসরি বলছি। ডাঃ সরকার, হিমোগ্লোবিন বলে একটা পদার্থ আছে সেটা আপনি জানেন নিশ্চয়ই।’

‘কেন জানব না?’

‘সাধারণ লোকের চোখে সেটার রঙের সঙ্গে রক্তের কোনও তফাত ধরা পড়ে না সেটাও নিশ্চয়ই জানেন।’

ডাক্তার সরকার গলা থাক্রানি দিয়ে মাথা নেড়ে হ্যাঁ জানিয়ে দিলেন।

‘আমার বিশ্বাসটা কী তা হলে এবার বলি?’ বলল ফেলুদা। সকলে একদৃষ্টে চেয়ে আছে ফেলুদার দিকে। ‘আমার বিশ্বাস জয়ন্তবাবু অজ্ঞান হননি, অজ্ঞান হবার ভান করেছিলেন—ডাক্তার সরকারের সঙ্গে একজোট হয়ে। কারণ তাঁদের দুজনের এই বাড়ি থেকে চলে যাওয়ার দরকার ছিল।’



নগদীবা

‘ননসেন্স !’ চৈচিয়ে উঠলেন জয়ন্তবাবু । ‘কেন, চলে যাব কেন ?’

‘কারণ মাঝরাতিরে গোপনে আবার ফিরে আসবেন বলে ।’

‘ফিরে আসব ?’

‘হ্যাঁ । উত্তরের ফটক দিয়ে ঢুকে, পিছনের সিঁড়ি দিয়ে উঠে আপনার মার ঘরে যাবেন বলে ।’

‘আপনি একটু বাড়াবাড়ি করছেন মিঃ মিস্ত্রি । মাঝ রাতিরে মা-র ঘরে যাব, আর মা টের পাবেন না ? মা রাতিরে তিনঘণ্টার বেশি ঘুমোন না সেটা আপনি জানেন ?’

‘এমনিতে ঘুমোন না—কিন্তু ঘুমের ওষুধ খাওয়ালে ? ধরুন যদি ডাক্তারবাবু গতকাল তাঁকে দেখার সময় তাঁর দুধভাতে কিছু মিশিয়ে দিয়ে থাকেন ?’

জয়ন্তবাবু আর ডাঃ সরকার দুজনেরই ডোস্ট-কেয়ার ভাবটা মিনিটে মিনিটে কমে আসছে সেটা বুঝতে পারছি । ফেলুদা বলে চলল, ‘আপনার ফিরে আসতে হয়েছিল কারণ এক বছর আগে যে কাঁচা কাজটা করেছিলেন, এবার আর সেরকম করলে চলত না । শঙ্করবাবুর পুরো

প্ল্যানটাই ভেস্তে দিয়ে মাঝরাতিরে এসে চুরিটা সারার দরকার ছিল। সে চুরি ধরা পড়ত কবে তার কোনও ঠিক নেই। অবিশ্যি চাবি আপনার কাছে ছিল না, তাই আপনার মা-র আলমারি থেকে ডুপলিকেট বার করে নিতে হয়েছিল। সেই সময় আমার এই বন্ধুর আবৃত্তি শুনে আপনি কিঞ্চিৎ বিচলিত হয়ে পড়েন। তাই গায়ে একটা থান জড়িয়ে দরজার মুখে এসে প্রমাণ করতে হয়েছিল যে আপনার মা জেগেই আছেন, এভরিথিং ইজ অল রাইট। তার পরে আমাদের মনে এই ধারণা বদ্ধমূল করার জন্য হামানদিস্তা পিটতে শুরু করেন। এতেও আমার সন্দেহ হয়েছিল, কারণ হামানদিস্তায় পান থাকলে শব্দটা হয় একটু অন্যরকম; এটা ছিল ফাঁকা শব্দ।’

‘সবই বুঝলাম, মিঃ মিস্তির’, বললেন জয়ন্তবাবু, ‘কিন্তু তারপর?’

‘তারপর চাবি দিয়ে সিন্দুক খোলা।’

‘আপনি কোন্ অপরাধে আমাদের অভিযুক্ত করছেন, মিঃ মিস্তির? অজ্ঞান হবার ভান করা? আমার মাকে ঘুমের ওষুধ দেওয়া? রাত্তিরে ফিরে এসে ডুপলিকেট চাবি বার করে সিন্দুক খোলা?’

‘তার মানে এর সবগুলোই করেছেন স্বীকার করছেন তো?’

‘এর কোনওটার জন্য শাস্তি হয় না সেটা আপনি জানেন? আসল ব্যাপারটায় আসছেন না কেন আপনি?’

‘ঘটনা যে দুটো জয়ন্তবাবু, একটা তো নয়। আগে প্রথম ঘটনাটা সেরে নিই—এক বছর আগের চুরি।’

‘সেটা আপনি সারবেন কী করে, মিঃ মিস্তির? আপনি কি অস্ত্রধারী? আপনি তখন কোথায়?’

‘আমি ছিলাম না ঠিকই, কিন্তু অন্য লোক তো ছিল। যিনি চুরি করেছিলেন তাঁর ঠিক পাশেই লোক ছিল। তাদের মধ্যে অন্তত একজন কি টের পেয়ে থাকতে পারেন না?’

এবারে শঙ্করবাবু কথা বললেন। তিনি বেশ উত্তেজিত।

‘এটা আপনি কী বলছেন, মিঃ মিস্তির? চুরি হয়েছে সেটা জানবে অথচ আমায় বলবে না, আমার এত কাছের লোক হয়ে?’

ফেলুদা এবার ম্যাজিশিয়ান কালীনাথবাবুর দিকে ঘুরল।

‘আপনি কাল রাত্তিরে কী বিপদের কথা ভেবে আমাকে তদন্ত বন্ধ করতে বলছিলেন সেটা বলবেন, কালীনাথবাবু?’

কালীনাথবাবু হেসে বললেন, ‘অপ্রিয় সত্য প্রকাশ করায় বিপদ নেই? শঙ্করের মনের অবস্থাটা ভেবে দেখুন তো!’

‘না, নেই বিপদ,’ দৃঢ়স্বরে বললেন শঙ্করবাবু! ‘অনেকদিন ব্যাপারটা ধামা চাপা রয়েছে। এবার প্রকাশ হওয়াই ভাল। তুমি যদি কিছু জেনে থাক তো বলে ফেলো, কালীনাথ।’

‘সেটা বোধহয় ওঁর পক্ষে সহজে নয়, মিঃ চৌধুরী’, বলল ফেলুদা, ‘কারণ তদন্তে চোর ধরা পড়লে যে ওঁরও বিপদ হত। এই একটা বছর যে উনি চোরকে নিংড়ে শেষ করেছেন!’

‘ব্ল্যাকমেল!’

‘ব্ল্যাকমেল, শঙ্করবাবু। সেটা উনিও স্বীকার করবেন না, চোরও স্বীকার করবেন না। অবিশ্যি চোরের যে দোসর আছে সেটা সম্ভবত কালীনাথবাবু জানতেন না, উনি একজনকেই লক্ষ্য করেছিলেন। কিন্তু আমার ধারণা এই অনবরত ব্ল্যাকমেলিং—এর ঠেলায় দ্বিতীয় চুরিটার প্রয়োজন হয়ে পড়েছিল। আর তাই—’

‘ভুল! ভুল!’ তারস্বরে চৈটিয়ে উঠলেন জয়ন্তবাবু। ‘সিন্দুক থেকে যা নেবার তা আগেই

নেওয়া হয়ে গেছে । বনোয়ারিলালের আর একটি জিনিসও তাতে নেই ! সিন্দুক খালি !’

‘তার মানে আমার বাকি অভিযোগ সবই সত্যিই ?’

‘কিন্তু..কাল রাত্তিরে কুকীর্তিটা কে করেছে সেটা বলছেন না কেন ?’

‘সেটাও বলছি, কিন্তু তার আগে আপনার স্পষ্ট স্বীকারোক্তিটা চাই । আপনি বলুন জয়ন্তবাবু—ডাঃ সরকার আর আপনি মিলে গতবছর বারোটোর মধ্যে থেকে একটি স্বর্ণমুদ্রা সরিয়েছিলেন কি না ।’

জয়ন্তবাবুর মাথা হেঁট হয়ে গেছে ; ডাঃ সরকার দুহাতে রগ টিপে বসে আছেন ।

‘আমি স্বীকার করছি,’ বললেন জয়ন্তবাবু । ফেলুদা পকেট থেকে টেপ রেকর্ডারটা বার করে চালু করে আমার হাতে দিয়ে দিল ।

‘আমি দাদার কাছে ক্ষমা চাইছি । সে স্বর্ণমুদ্রা ডাঃ সরকারের কাছেই আছে, সেটা ফেরত দেওয়া হবে । আমাদের দুজনেরই অর্থাভাব হয়েছিল । একটার জায়গায় বারোটোর পুরো সেটটা বিক্রি করলে প্রায় একশো গুণ বেশি দাম পাওয়া যাচ্ছিল, তাই...’

‘তাই বাকি এগারোটা নেবার কথা ভাবছিলেন ।’

‘স্বীকার করছি, কিন্তু চোর আরও আছে, মিঃ মিস্ত্রি । যে লোক ব্ল্যাকমেল করতে পারে—’

‘—সে লোক চুরি করতে পারে’ বলল ফেলুদা । ‘কিন্তু তিনি চুরি করেননি ।’

‘তা হলে ?’ প্রশ্ন করলেন শঙ্করবাবু ।

‘ওগুলো সরিয়েছেন প্রদোষ মিত্র ।’

ফেলুদা ঘর থেকে বাকি মাল এনে টেবিলের উপর রাখল । সকলের মুখ হাঁ হয়ে গেছে ।

‘এই হল বনোয়ারিলালের বাকি সম্পত্তি, বলল ফেলুদা, ‘মেঝেতে চাবি না পেয়ে, এবং রক্তের বদলে হিমোগ্লোবিন দেখে মনে ঘোর সন্দেহ উপস্থিত হয় । তাই যখন আপনাকে ধরাধরি করে নীচে নিয়ে যাচ্ছিলাম, তখন বাধ্য হয়েই আমাকে পিকপকেটের ভূমিকা অবলম্বন করতে হয়েছিল । ভাগ্য ভাল যে চাবিটা ছিল আপনার প্যান্টের ডান পকেটে । বাঁ পকেটে থাকলে পেতাম না । আপনাকে নিয়ে যাবার পর বৈঠকখানায় এসে বসি । তখনই এক ফাঁকে বেরিয়ে গিয়ে আমি সিন্দুক খুলে জিনিসগুলো বার করে আমার ঘরে রেখে দিই । আমি জানতাম যে বিপদের আশঙ্কা আছে ।—এই নিন আপনার চাবি, মিঃ চৌধুরী । এরপর কী করা হবে সেটা আপনিই স্থির করুন ; আমার কাজ এখানেই শেষ ।’

ফেরার পথে লালমোহনবাবুর মুখে আর একটা আবৃত্তি শুনতে হল । এটাও বৈকুণ্ঠ মল্লিকের লেখা । নাম হল ‘জিনিয়াস’—

‘অবাক প্রতিভা কিছু জন্মেছে এ ভবে
এদের মগজে কী যে ছিল তা কে কবে ?
দ্য ভিক্সি আইনস্টাইন খনা লীলাবতী
সবারেই স্মরি আমি, সবারে প্রণতি ।’



এবার কাণ্ড কেদারনাথে

১

‘কী ভাবছেন, ফেলুবাবু ?’

প্রশ্নটা করলেন রহস্য-রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ু। আমরা তিনজনে রবিবারের সকালে আমাদের বালিগঞ্জের বৈঠকখানায় বসে আছি, লালমোহনবাবু যথারীতি তার গড়পারের বাড়ি থেকে চলে এসেছেন গল্পগুজবের জন্য। কিছুক্ষণ হল এক পশলা বৃষ্টি হয়ে গেছে, কিন্তু এখন গন্গনে রোদ। রবিবার লোডশেডিং নেই বলে আমাদের পাখাটা খুব দাপটের সঙ্গে ঘুরছে।

ফেলুদা বলল, ‘ভাবছি আপনার সদ্যপ্রকাশিত উপন্যাসটার কথা।’

পয়লা বৈশাখ জটায়ুর ‘অতলান্তিক আতঙ্ক’ বেরিয়েছে, আর আজ পাঁচই বৈশাখের মধ্যেই নাকি সাড়ে চার হাজার কপি বিক্রি হয়ে গেছে।

লালমোহনবাবু বললেন, ‘ও বইতে যে আপনার মতো লোকের ভাবনার খোরাক ছিল, তা তো জানতুম না মশাই।’

‘ঠিক সে রকম ভাবনা নয়।’

‘তবে ?’

‘ভাবছিলাম আপনার গল্প যতই গাঁজাখুরি হোক না কেন, স্রেফ মশলা আর পরিপাকের জোরে শুধু যে উতরে যায় তা নয়, রীতিমতো উপাদেয় হয়।’

লালমোহনবাবু গদগদ ভাব করে কিছু বলার আগেই ফেলুদা বলল, ‘তাই ভাবছিলাম আপনার পূর্বপুরুষদের মধ্যে কোনও গল্প লিখিয়ে-টিখিয়ে ছিলেন কি না।’

সত্যি বলতে কী, আমরা লালমোহনবাবুর পূর্বপুরুষদের সম্বন্ধে প্রায় কিছুই জানি না। উনি বিয়ে করেননি এবং ওঁর বাপ-মা আগেই মারা গেছেন সেটা জানি, কিন্তু তার বেশি উনিও বলেননি, আর আমরাও কিছু জিজ্ঞেস করিনি।

লালমোহনবাবু বললেন, ‘পাঁচ-সাত পুরুষ আগের কথা তো আর বিশেষ জানা যায় না, তাঁদের মধ্যে হয়তো কোনও কথক ঠাকুর-টাকুর থেকে থাকতে পারেন। তবে গত দু-তিন জেনারেশনের মধ্যে ছিল না সেটা বলতে পারি।’

‘আপনার বাবার আর ভাই ছিল না ?’

‘থ্রি ব্রাদার্স। উনি ছিলেন মিডল। জ্যাঠা মোহিনীমোহন হোমিওপ্যাথিক ডাক্তার ছিলেন। ছেলেবেলায় আরনিকা রাসটকস বেলাডোনা পালসেটিলা যে কত খেয়েছি তার ইয়ত্তা নেই। গ্রেট গ্র্যান্ডফা দার ললিতমোহন ছিলেন পেপার মার্চেন্ট। এল এম গাঙ্গুলী অ্যান্ড সন্সের দোকান এই সেদিন অবধি ছিল। ভাল ব্যবসা ছিল। গড়পারের বাড়িটা এল-এমই তৈরি করেন। ঠাকুরদাদা, বাবা দুজনেই ব্যবসায় যোগ দেন। বাবা যদিও বেঁচে ছিলেন তদ্দিন ব্যবসা চালান। ফিফটি-টু-তে চলে গেলেন। তার পর যা হয় আর কী। এল এম গাঙ্গুলী অ্যান্ড সন্স-এর নামটা ব্যবহার হয়েছিল কিছু দিন, কিন্তু মালিক বদল হয়ে গেছিল।’

‘আপনার ছোটকাকা ? তিনি ব্যবসায় যোগ দেননি ?’

‘নো স্যার। ছোটকাকা দুর্গামোহনকে দেখি আমার জন্মের অনেক পরে। আমার জন্ম খার্ট সিন্ধে। দুর্গামোহন টোয়েন্টি নাইনে সন্ত্রাসবাদীদের দলে যোগ দিয়ে খুলনার অ্যাসিস্ট্যান্ট কমিশনার টার্নবুল সাহেবকে গুলি মেরে তাঁর খুতনি উড়িয়ে দেন।’

‘তার পর?’

‘তারপর হাওয়া। বেপান্তা। পুলিশ ধরতে পারেনি ছোটকাকাকে। আমরা ধারণা আমার অ্যাডভেঞ্চার প্রীতিটা ছোটকাকার কাছ থেকেই পাওয়া।’

‘উনি আর আসেননি?’

‘এসেছিলেন। একবার। স্বাধীনতার পর ফার্ট নাইনে। তখন আমি খার্ড ক্লাসে পড়ি। সেই প্রথম আর সেই শেষ দেখা ছোটকাকার সঙ্গে। তবে যাকে দেখলাম, তিনি সেই অগ্নিযুগের ছোটকাকা দুর্গামোহন গাঙ্গুলী নন। কমপ্লিট চেঞ্জ। কোথায় সন্ত্রাস, কোথায় পিস্তল। একেবারে নিরীহ, সান্ত্বিক পুরুষ। মাসখানেক ছিলেন, তার পর আবার চলে যান।’

‘কোথায়?’

‘যদূর মনে পড়ে কোনও জঙ্গলে কাঠের ব্যবসা করতে যান।’

‘বিয়ে করেননি?’

‘নাঃ।’

‘কিন্তু আপনার আপন বা জ্যাঠাতুতো ভাইবোন আছে নিশ্চয়ই।’

‘আপন বোন একটি আছেন, দিদি। স্বামী রেলওয়েতে চাকরি করেন; ধানবাদে পোস্টেড। জ্যাঠার ছেলে নেই, তিন মেয়ে, তিনজনের স্বামীই ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে আছেন। বিজয়া দশমীতে একটি করে পোস্টকার্ড—বাস্। আসলে রক্তের সম্পর্কটা কিছুই নয়, ফেলুবাবু। এই যে আপনার আর তপেশের সঙ্গে আমার ইয়ে, তার সঙ্গে কি ব্লাড রিলেশনের কোনও—?’

লালমোহনবাবুর কথা থামতে হল, কারণ দরজায় টোকা পড়েছে। এটা যাকে বলে প্রত্যাশিত, কারণ টেলিফোনে অ্যাপয়েন্টমেন্ট করা ছিল। সাড়ে ন’টার জন্য, এখন বেজেছে ন’টা তেত্রিশ।

ভদ্রলোকের নামটা জানা ছিল টেলিফোনে—উমাশঙ্কর পুরী—এবার চেহারাটা দেখা গেল। মাঝারি হাইট, দোহারা গড়ন, পরনে ঘি রঙের হ্যান্ডলুমের সুট। দাড়ি-গোঁফ কামানো। মাথার চুল কাঁচা-পাকা মেশানো, ডান দিকে সিঁথি। এই শেষের ব্যাপারটা দেখলেই কেন যেন আমার অসোয়াস্তি হয়; মনে হয় মুখটা যেন আয়নায় দেখছি। পুরুষদের মধ্যে শতকরা একজনের বেশি ডান দিকে সিঁথি করে কিনা সন্দেহ, যদিও কারণটা জিজ্ঞেস করলে বলতে পারব না।

‘আপনাকে খুব তাড়াহুড়ো করে চলে আসতে হয়েছে বলে মনে হচ্ছে?’ ফেলুদা মন্তব্য করল আলাপ পর্বের পর ভদ্রলোক চেয়ারে বসতেই।

‘হ্যাঁ, তা—’ উমাশঙ্করের ভুরু কপালে উঠে গেল—‘কিন্তু সেটা আপনি জানলেন কী করে?’

‘আপনার বাঁ হাতের সব নখই পরিষ্কার করে ক্লিপ দিয়ে কাটা, তার একটি নখ এখনও কোটের পকেটের ধারে লেগে আছে, অথচ ডান হাতে দুটো নখের পরে আর বাকিগুলো...’

‘আর বলবেন না!’ বললেন মিঃ পুরী, ‘ঠিক সেই সময় একটা ট্রাঙ্ক কল এসে গেল; কথা শেষ হতে দেখি, আপনার সঙ্গে অ্যাপয়েন্টমেন্টের সময় হয়ে গেছে।’

‘যাক্ গে—এবার বলুন আপনাকে কীভাবে সাহায্য করতে পারি।’



মিঃ পুরী গভীর হয়ে নিজেকে সংযত করে নিলেন। তার পর বললেন, ‘মিঃ মিটার, আমি থাকি ভারতবর্ষের আরেক প্রান্তে। আপনার নাম আমি শুনেছি ভগওয়ানগড়ের রাজার কাছ থেকে। শুধু নাম নয়, প্রশংসা। তাই আমি আপনার কাছে এসেছি।’

‘আমি তাতে গর্ব বোধ করছি।’

‘এখন কথা হচ্ছে কি—’ মিঃ পুরী থামলেন। তাঁর মধ্যে একটা ইতস্তত ভাব লক্ষ্য করছিলাম। তিনি আবার বললেন, ‘ব্যাপারটা হচ্ছে কি—একটা দুর্ঘটনা ঘটতে পারে; সেইটে যাতে না ঘটে তাই আমি আপনার সাহায্য চাইছি। সেটা পাওয়া যাবে কি?’

ফেলুদা বলল, ‘আপনি কী ঘটনা বা দুর্ঘটনার কথা বলছেন, সেটা না জানা পর্যন্ত আমি মতামত দিতে পারছি না।’

শ্রীনাথ এই সময় চা-চানাচুর-বিস্কুট এনে রাখাতে কথায় একটু বিরতি পড়ল। তারপর মিঃ পুরী একটা বিস্কুট তুলে নিয়ে বললেন, ‘আপনি রূপনারায়ণগড় স্টেটের নাম শুনেছেন?’

‘নামটা চেনা-চেনা লাগছে’, বলল ফেলুদা, ‘উত্তরপ্রদেশে কি?’

‘ঠিকই বলেছেন,’ বললেন মিঃ পুরী। ‘আলিগড় থেকে ৯০ কিলোমিটার পশ্চিমে। আমি যখনকার কথা বলতে যাচ্ছি সেটা আজ থেকে ত্রিশ বছর আগে। তখন রাজা ছিলেন চন্দ্রদেও সিং। আমি ছিলাম এস্টেটের ম্যানেজার। ভারত স্বাধীন হয়ে গেলেও তখনও এসব নেটিভ স্টেটের উপর তত চাপ পড়েনি; রাজারা রাজাই ছিলেন। চন্দ্রদেও-এর বছর চুয়ান্ন বয়স, কিন্তু তখনও সিংহের মতো চেহারা। শিকার করেন, টেনিস খেলেন, পোলো খেলেন, প্রৌঢ়ের কোনও লক্ষণ নেই। একটি ব্যারাম তাঁকে মাঝে মাঝে বিব্রত করত, কিন্তু সেটা যে হঠাৎ এমন আকার ধারণ করবে, সেটা কেউ স্বপ্নেও ভাবেনি। হাঁপানি। সে যে কী হাঁপানি সে আমি আপনাকে বলে বোঝাতে পারব না। একটা জলজ্যান্ত জোয়ান

মানুষকে ছ' মাসের মধ্যে কঙ্কালে পরিণত হতে এই প্রথম দেখলাম। কোনও ওষুধে কোনও কাজ দিল না। হয়তো দু দিন দেয়, আবার যেই কে সেই।

‘সেই সময় খবর এল, হরিদ্বারে নাকি এক ভদ্রলোক থাকেন, নাম ভবানী উপাধ্যায়, তিনি নাকি হাঁপানির অব্যর্থ ওষুধ জানেন। বহু রুগি তাঁর ওষুধে সম্পূর্ণ আরোগ্যলাভ করেছে।

‘আমি নিজেই চলে গেলাম হরিদ্বার। ঠিকানা জানা ছিল না ভদ্রলোকের, কিন্তু খোঁজ পেতে অসুবিধা হল না, কারণ ঠুঁকে অনেকেই চেনে। সাদাসিধা মানুষ, ছোট্ট একটা বাড়িতে থাকেন, আমাকে যথেষ্ট খাতির করে তাঁর তত্ত্বপোশে বসালেন। তার পর সব শুনেটুনে বললেন, ‘আমি যাব আপনার সঙ্গে, রাজাকে ওষুধ দেব; সারবার হলে দশ দিনের মধ্যে সারবে, না হলে নয়। সেই দশ দিন আমি ওখানে থাকব। ওষুধে কাজ না দিলে আমি কোনও পয়সা নেব না।

‘বললে বিশ্বাস করবেন না মিঃ মিটার, দশ দিন নয়, সাত দিন নয়, তিন দিনের মধ্যে রাজার হাঁপানি উধাও। এমন যে ঘটতে পারে সেটা না দেখলে বিশ্বাস করা যায় না। উপাধ্যায় বললেন তাঁর ওষুধের দাম পঞ্চাশ টাকা। রাজাকে বলতে তিনি তো কথাটা কানেই তুললেন না। বললেন, ‘আমি মরতে বসেছিলাম, উনি এসে আমাকে নতুন জীবন দান করলেন, আর তার দাম হল কিনা পঞ্চাশ টাকা?’

‘এখানে বলে রাখি যে রাজা চন্দ্রদেও মানুষটা একটু খামখেয়ালি ছিলেন। তা ছাড়া তাঁর শোক, তাঁর আনন্দ, তাঁর ক্রোধ, তাঁর দয়া-দাক্ষিণ্য—সবই সাধারণ মানুষের চেয়ে মাত্রায় অনেকটা বেশি ছিল। পঞ্চাশ টাকার বদলে উনি উপাধ্যায়কে যেটা দিলেন, সেটা একটা মণিমুক্তাখচিত সোনার বালগোপাল। জিনিসটা আসলে একটা পেনডেন্ট বা লকেট—লম্বায় ইঞ্চি তিনেক। তখনকার দিনে সেটার দাম পাঁচ-সাত লাখ টাকা।’

একটু ফাঁক পেয়ে ফেলুদা প্রশ্ন করল, ‘উপাধ্যায় নিলেন সেই লকেট?’

‘সেই কথাই তো বলছি, বললেন উমাশঙ্কর পুরী। উপাধ্যায় বললেন, ‘আমি সাদাসিধে মানুষ, আমাকে এমন বিপাকে ফেলছেন কেন? এত দামি একটা জিনিস আমার কাছে থাকবে, সেটা লোকে আমার বলে বিশ্বাস করবে কেন? সবাই ভাববে আমি চুরি করেছি।’

রাজা বললেন—‘কারুর তো জানার দরকার নেই। আমরা তো আর খবরটা ঢাক পিটিয়ে জাহির করতে যাচ্ছি না। আর নেহাতই যদি কেউ জেনে ফেলে, তার জন্য আমি আমার নিজের সিলমোহর দিয়ে লিখে দিচ্ছি যে, এটা আমি তোমাকে পারিতোষিক হিসেবে দিলাম। এর পরে তো আর কারুর কিছু বলার নেই।

‘উপাধ্যায় বলল, তাই যদি হয়, তা হলে আমি মাথা পেতে নেব আপনার এ পারিতোষিক।’

ফেলুদা বলল, ‘আপনি, রাজা, এবং উপাধ্যায়—এই তিনজন ছাড়া আর কেউ কি ঘটনাটা জানত?’

‘আমি সত্যি কথা বলব’, বললেন উমাশঙ্কর পুরী, ‘রাজা নিজে যদি খেয়ালবশে কাউকে বলে থাকেন তো সে আমি জানি না; ব্যাপারটা জানত রাজা, রানি এবং দুই রাজকুমার—সূর্য ও পবন। বড় কুমার সূর্য অতি চমৎকার ছেলে, রাজপরিবারে এমন দেখা যায় না। তার বয়স তখন বাইশ-তেইশ। ছোট কুমারের বয়স পনেরো। এ ছাড়া জানতাম আমি, আমার স্ত্রী আর আমার ছেলে দেবীশঙ্কর—তার বয়স তখন পাঁচ কি ছয়। ব্যস্, আর কেউ না। আর এটাও আপনি খেয়াল করে দেখুন মিঃ মিটার—এ খবর কিন্তু গত ত্রিশ বছরে কোনও কাগজে বেরোয়নি। আপনি তো সাংবাদিকদের জানেন; তারা এর গন্ধ পেলে কি ছেড়ে দিত?’

‘সে কথা ঠিক’, বলল ফেলুদা, ‘ব্যাপারটার গোপনীয়তা রক্ষিত হয়েছে তাতে কোনও সন্দেহ নেই।’

‘মাই হোক, এবার আমি এগিয়ে আসছি বর্তমানের দিকে। রাজা চন্দ্রদেও সিং বেঁচেছিলেন আর বছর বারো। তার পর সূর্যদেও রাজা হলেন। রাজা মানে, তখন তো আর রাজা কথাটা ব্যবহার করা চলে না; বলতে পারেন উনিই হলেন কর্তা।’

‘আপনি তখনও ম্যানেজার?’

‘আজ্ঞে হ্যাঁ; এবং আমি প্রাণপণে চেষ্টা করছি যাতে ব্যবসা ইত্যাদির সাহায্যে রূপনারায়ণগড়ের ভবিষ্যৎকে আরও মজবুত করা যায়। কিন্তু মুশকিল হয়েছে কী, সূর্যদেও-এর এসব দিকে কোনও উৎসাহ নেই। তার নেশা হচ্ছে বই। সে দিনের মধ্যে ষোলো ঘণ্টা তার লাইব্রেরিতে পড়ে থাকে। সেখানে আমার একার চেষ্টায় আমি কী করতে পারি? ফলে আর্থিক দিক দিয়ে স্টেটের অবস্থা ক্রমেই খারাপ হয়ে আসতে থাকে।’

‘আপনার নিজের ছেলেও তো তত দিনে বড় হয়েছে?’

‘হ্যাঁ। দেবীকে অবশ্য আমি আগেই আলিগড়ে স্কুলে পাঠিয়ে দিই। সে আর রূপনারায়ণগড়ে ফেরেনি। দিল্লী গিয়ে নিজেই ব্যবসা শুরু করেছে।’

‘আপনার কি ওই একই ছেলে?’

‘আজ্ঞে হ্যাঁ। যাই হোক, আমার নিজের অনেকবার মনে হয়েছে যে ম্যানেজারি ছেড়ে দিয়ে আমার নিজের দেশ মোরাদাবাদে গিয়ে একটা কিছু করি, কিন্তু মায়া কাটাতে পারছিলাম না।’

মিঃ পুরী এবার পকেট থেকে একটা চুরুট বার করে ধরিয়ে নিয়ে বললেন, ‘এবার আমি আসল ঘটনায় আসছি; আপনার ধৈর্যচ্যুতি হয়ে থাকলে আমায় মাপ করবেন।’

‘সাত দিন আগে, অর্থাৎ উনত্রিশে এপ্রিল, শনিবার রূপনারায়ণগড়ের ছোটকুমার পবনদেও সিং হঠাৎ আমার কাছে এসে হাজির হন। তার প্রথম কথাই হল, “আমার বাবার হাঁপানি যিনি সারিয়েছিলেন, তাঁর নাম ও তাঁর হরিদ্বারের ঠিকানাটা আমার চাই।’

‘স্বভাবতই আমি প্রথমে জিজ্ঞেস করলাম, কারুর কোনও অসুখ করেছে কি না। পবন বলল, না, তা নয়; সে একটা টেলিভিশনের ছবি করেছে, তার জন্য তার এই ভদ্রলোককে দরকার।’

‘পবন যে ক্যামেরা নিয়ে ঘাঁটাঘাঁটি করে সেটা আমি জানতাম, কিন্তু সে যে টেলিভিশন নিয়ে মেতে উঠেছে, সে খবর জানতাম না। আমি বললাম, “তুমি কি তোমার ছবিতে সে ভদ্রলোককে দেখাতে চাও?” সে বললে, “অবশ্যই। শুধু তাই না। বাবা তাকে যে লকেটটা দিয়েছিলেন সেটাও দেখাব। একটা অসুখ সারিয়ে এ রকম বকশিস আর কেউ কোথাও পেয়েছে বলে আমার মনে হয় না।”

‘তখন আমার পবনকে বলতেই হল যে, উপাধ্যায় তাঁর এই পারিতোষিকের ব্যাপারটা একেবারেই প্রচার করতে চাননি। পবন বলল, “ত্রিশ বছর আগে একটা লোক যে কথা বলেছে, আজও যে সে তাই বলবে এমন কোনও কথা নেই। সমস্ত পৃথিবীর কাছে নানা রকম তথ্য পরিবেশন করা টেলিভিশনের একটা প্রধান কাজ। আপনি আমাকে নাম ঠিকানা দিন। ওঁকে রাজি করাবার ভার আমার।”

‘কী আর করি; বাধ্য হয়ে উপাধ্যায়ের নাম ঠিকানা দিয়ে দিলাম; সে ধন্যবাদ দিয়ে চলে গেল।’

‘উপাধ্যায়ের বয়স এখন আন্দাজ কত হবে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘তা সত্তর-বাহাত্তর তো হবেই। রূপনারায়ণগড়ে যখন এসেছিল, তখন তার যৌবন

পেরিয়ে গেছে ।’

ফেলুদা উমাশঙ্করের দিকে কিছুক্ষণ তীক্ষ্ণ দৃষ্টিতে চেয়ে থেকে বলল, ‘আপনি কি শুধু এই ব্যাপারটার গোপনীয়তা রক্ষা হবে না বলেই চিন্তিত হচ্ছেন ?’

মিঃ পুরী মাথা নাড়লেন ।

‘না মিঃ মিটার । আপনি ঠিকই আন্দাজ করেছেন । শুধু যদি তাই হত, তা হলে আমি আপনার কাছে আসতাম না । আমার ভয় হচ্ছে ওই লকেটটাকে নিয়ে । পবনের নতুন শখ হয়েছে টেলিভিশনের ছবি তোলার । আপনি নিশ্চয় জানেন যে কাজটা খরচসাপেক্ষ । পবনের নিজের কোনও অর্থ সংগ্রহের রাস্তা আছে কিনা জানি না, কিন্তু এটা জানি যে ওই একটি লকেট ওর সমস্ত অর্থসমস্যা দূর করে দিতে পারে ।’

‘কিন্তু ওই লকেটটি হাত করতে হলে তো তাকে অসদুপায় অবলম্বন করতে হতে পারে ।’

‘তা তো বটেই ।’

‘পবনদেও ছেলে কেমন ?’

‘সে বাপের কিছু দোষ-গুণ দুটোই পেয়েছে । পবনের মধ্যেও একটা বেপরোয়া দিক আছে । ভাল খেলোয়াড় । ছবি ভাল তোলে । আবার জুয়ার নেশাও আছে । অথচ তার দরাজ মনের পরিচয় পেয়েছি । ওকে চেনা ভারী শক্ত । যেমন ছিল ওর বাপকে ।’

‘তা হলে আপনি আমার কাছে কী চাইছেন ?’

‘আমি চাইছি, আপনি দেখুন যাতে এই অসদুপায়টি অবলম্বন না করা হয় ।’

‘পবনদেও কি হরিদ্বার যাচ্ছেন ?’

‘আজ্ঞে হ্যাঁ, তবে তাঁর যেতে একটু দেরি হবে—অন্তত পাঁচ-সাত দিন, কারণ এখন উনি প্যালাসের ছবি তুলছেন ।’

‘আমাদেরও যেতে গেলে সময় লাগবে, কারণ তার আগে তো ট্রেনে বুকিং পাওয়া যাবে না ।’

‘তা বটে ।’

‘কিন্তু ধরুন যদি আমি কেসটা নিই, আমি আপনাদের ছোট কুমারকে চিনছি কী করে ?’

‘সে ব্যবস্থাও আমি করে এনেছি । দিল্লির একটি সাপ্তাহিক কাগজে কুমারের এই রঙিন ছবিটা বেরিয়েছিল গত মাসে । একটা বিলিয়ার্ড চ্যাম্পিয়নশিপে জিতেছিল । এটা আপনি রাখুন । আর ইয়ে, আপনাকে আগাম কিছু... ?’

‘আমি হাজার টাকা অ্যাডভান্স নিই’, বলল ফেলুদা । ‘কেস সফল না হলেও সেটা ফেরত দিই না, কারণ সফল না হওয়াটা অনেক সময় গোয়েন্দার অক্ষমতার উপর নির্ভর করে না । সফল হলে আমি আরও এক হাজার টাকা নিই ।’

‘বেশ । আপনাকে এখনই কিছু বলতে হবে না । আমি পার্ক হোটেলে আছি । আপনি কী স্থির করেন, বিকেল চারটে নাগাত ফোন করে জানিয়ে দেবেন । হ্যাঁ হলে আমি নিজে এসে আপনাকে আগাম টাকা দিয়ে যাব ।’

ফেলুদা যে কেসটা নেবে, সেটা আমি আগে থেকেই জানতাম । আজকাল আমরা মক্কেলের কথাবার্তা হংকং থেকে কেনা একটা মাইক্রোক্যাসেট রেকর্ডারে তুলে রাখি । মিঃ পুরীর বেলাতে ওঁর অনুমতি নিয়ে তাই করেছিলাম । ফেলুদা দুপুরে সেই সব কথাবার্তা প্লে ব্যাক করে খুব মন দিয়ে শুনে বলল, ‘কেসটা নেবার সপক্ষে দুটো যুক্তি রয়েছে ; একটা হল এর ২৬৬

অভিনবদ্ভ, আর দুই হল—গোয়েন্দাগিরির প্রথম যুগে দেখা হরিদ্বার-হৃষীকেশটা আর একবার দেখার লোভ ।’

বাদশাহী আংটির ক্লাইম্যাক্‌স্‌টা যে হরিদ্বারেই শুরু হয়েছিল, সেটা আমিও কোনও দিন ভুলব না ।

পার্ক হোটেলে টেলিফোন করে কেসটা নিচ্ছে বলে ফেলুদা মিঃ পুরীকে জানিয়ে দিয়েছিল । আর মিঃ পুরীও আধ ঘণ্টার মধ্যে এসে আগাম টাকা দিয়ে গিয়েছিলেন । প্রায় সঙ্গে সঙ্গেই পুষ্পক ট্রাভেলসে ফোন করে ফেলুদা ডুন এক্সপ্রেসে আমাদের বুকিং-এর জন্য জানিয়ে দিয়েছিল । হঠাৎ দু দিন পরে এক অদ্ভুত ব্যাপার । রূপনারায়ণগড় থেকে মিঃ পুরীর এক টেলিগ্রাম এসে হাজির—

‘রিকোয়েস্ট ড্রপ কেস । লেটার ফলোজ ।’

ড্রপ কেস ! এ তো তাজ্জব ব্যাপার ! এমন তো আমাদের অভিজ্ঞতায় কখনও হয়নি ।

মিঃ পুরীর চিঠিও এসে গেল দু দিন পরে । মোদা কথা হচ্ছে—ছোটকুমার মত পালটেছে । সে হরিদ্বার-হৃষীকেশ গিয়ে ছবি তুলবে, তাতে উপাধ্যায় থাকবেন, কিন্তু তাতে শুধু দেখানো হবে তিনি কীভাবে নিজের তৈরি ওষুধ দিয়ে স্থানীয় লোকের চিকিৎসা করেন । রূপনারায়ণগড়ের রাজার চিকিৎসাও যে উপাধ্যায় করেছিলেন, সেটা ছবিতে বলা হবে, কিন্তু মহামূল্য পারিতোষিকের কথাটা বলা হবে না ।

ফেলুদা টেলিগ্রামে উত্তর দিল—‘ড্রপিং কেস, বাট গোইং অ্যাজ পিলগ্রিমস ।’ অর্থাৎ কেস বাতিল করছি, কিন্তু তীর্থযাত্রী হিসেবে যাচ্ছি ।

আমি জানি, ফেলুদা ও কথা লিখলেও ও নিজের গরজেই চোখ-কান খোলা রাখবে, আর তদন্তের কোনও কারণ দেখলে তদন্ত করবে । সত্যি বলতে কী, ভবানী উপাধ্যায় আর ছোটকুমার পবনদেও সিং—এই দুটি লোককেই আমার খুব ইন্টারেস্টিং বলে মনে হচ্ছিল ।

আমরা তিনজন এখন ডুন এক্সপ্রেসের একটা থ্রি টিয়ার কম্পার্টমেন্টে বসে আছি । ফৈজাবাদ স্টেশনে মিনিট দু-এক হল গাড়ি থেমেছে, আমরা ভাঁড়ের চা কিনে খাচ্ছি ।

‘আপনি যে বলছিলেন হরিদ্বার গেসলেন, সেটা কবে ?’ ফেলুদা তার সামনের সিটে বসা লালমোহনবাবুকে জিজ্ঞেস করল ।

‘আমার ঠাকুরদা একবার সপরিবারে তীর্থভ্রমণে যান’, বললেন লালমোহনবাবু, ‘ইনক্লুডিং হরিদ্বার । তখন আমার বয়সে দেড় ; কাজেই নো মেমারি ।’

এবার অন্য দিক থেকে একটা প্রশ্ন এল ।

‘আপনারা কি শুধু হরিদ্বারই যাচ্ছেন, না ওখান থেকে এ দিকে ও দিকেও ঘুরবেন ?’

এ-প্রশ্ন করলেন লালমোহনবাবুর পাশে বসা এক বৃদ্ধ । মাথায় সামান্য চুল যা আছে তা সবই পাকা, কিন্তু চামড়া টান, দাঁত সব ওরিজিন্যাল, আর চোখের দুপাশে যে খাঁজগুলো রয়েছে, সেগুলো যেন হাসবার জন্য তৈরিই হয়ে আছে ।

‘হরিদ্বারে একটু কাজ ছিল’, বলল ফেলুদা । ‘সেটা হয়ে গেলে পর...দেখা যাক—’

‘কী বলছেন মশাই !’ বৃদ্ধের চোখ কপালে উঠে গেছে—‘অ্যাদূর এসে কেদার-বদ্রীটা দেখে যাবেন না ? বদ্রীনাথ তো সোজা বাসে করেই যাওয়া যায় । কেদারের শেষের কটা মাইল অবিশ্যি এখনও বাস-রুট হয়নি । তবে এও ঠিক যে কেদারের কাছে বদ্রী কিছুই নয় । যদি পারেন তো একবার কেদারটা ঘুরে আসবেন । শেষের হাঁটা পথটুকু আর—’ ফেলুদা আর আমার দিকে তাকিয়ে—‘আপনাদের বয়সে কী ! আর—’ লালমোহনবাবুর দিকে তাকিয়ে—‘এনার জন্য তো ডাঙি আর টাট্টু ঘোড়াই আছে । টাট্টু ঘোড়ায় চড়েছেন

কখনও ?’

শেষের প্রশ্নটা অবিশ্যি লালমোহনবাবুকেই করা হল। লালমোহনবাবু হাতের ভাঁড়টায় একটা শেষ চুমুক দিয়ে জানালা দিয়ে বাইরে ফেলে দিয়ে গম্ভীরভাবে অন্য দিকে চেয়ে বললেন, ‘আজ্ঞে না, তবে খর ডেজার্টে একবার উটের পিঠে চড়ে দৌড়ের অভিজ্ঞতা হয়েছে। সেটা আপনার হয়েছে কি ?’

বৃদ্ধ মাথা নাড়লেন।—‘তা হয়নি। আমার চরবার ক্ষেত্র হল হিমালয়ের এই বিশেষ অংশ। তেইশবার এসেছি কেদার-বদ্রী। ভক্তি-টক্তি আমার যে তেমন আছে তা নয়, তবে এখানকার প্রাকৃতিক দৃশ্য থেকেই আমি সব আধ্যাত্মিক শক্তি আহরণ করি। কোনও বিগ্রহের দরকার হয় না।’

ভদ্রলোকের নাম পরে জেনেছিলাম মাখনলাল মজুমদার। শুধু কেদার-বদ্রী নয়, যমুনোত্রী, গঙ্গোত্রী, গোমুখ, পঞ্চকেদার, বাসুকিতাল—এ সবও ঐর দেখা আছে। নেহাত একটা সংসার আছে, না হলে হিমালয়েই থেকে যেতেন। অবিশ্যি এটাও বললেন যে, আজকের বাস-ট্যাক্সিতে করে যাওয়া আর আগেকার দিনের পায়ে হেঁটে যাওয়া এক জিনিস নয়। বললেন, ‘আজকাল তো আর কেউ পিলগ্রিম নয়, সব পিকনিকারস। তবে হ্যাঁ, গাড়ির রাস্তা তৈরি করে তো আর হিমালয়ের দৃশ্য পালটানো যায় না। নয়নাভিরাম বলতে যা বোঝায়, সে রকম দৃশ্য এখনও অফুরন্ত আছে।’

ভোর ছ’টায় ডুন এক্সপ্রেস পৌঁছাল হরিদ্বার।

সেই বাদশাহী আংটির সময় যেমন দেখেছিলাম, পাণ্ডুর উপদ্রবটা যেন তার চেয়ে একটু কম বলে মনে হল। স্টেশনেই একটা রেস্টোরাণ্টে চা-বিস্কুট খেয়ে নিলাম। উপাধ্যায়ের নাম এখানে অনেকেই জানে আন্দাজ করেই বোধহয় ফেলুদা রেস্টোরাণ্টের ম্যানেজারকে তাঁর হিন্দিস জিজ্ঞেস করল।

উত্তর শুনে বেশ ভালরকম একটা হেঁচট খেলাম।

ভবানী উপাধ্যায় তিন-চার মাস হল হরিদ্বার ছেড়ে রুদ্রপ্রয়াগ চলে গেছেন।

‘তাঁর বিষয়ে আরও খবর কে দিতে পারে, বলতে পারেন?’ জিজ্ঞেস করল ফেলুদা। উত্তর এল—‘এখনকার খবর পেতে হলে রুদ্রপ্রয়াগ যেতে হবে, আর যদি আগেকার খবর চান তো কাস্তিভাই পণ্ডিতের কাছে যান। উনি ছিলেন উপাধ্যায়জীর বাড়িওয়ালা। তিনি সব খবর জানবেন।’

‘তিনিও কি লক্ষ্মণ মহল্লাতেই থাকেন?’

‘হ্যাঁ হ্যাঁ। পাশাপাশি বাড়িতে থাকতেন ওঁরা। সবাই ওঁকে চেনে ওখানে। জিজ্ঞেস করলেই বলে দেবে।’

আমরা আর সময় নষ্ট না করে বিল চুকিয়ে দিয়ে বেরিয়ে পড়লাম।

কাস্তিভাই পণ্ডিতের বয়স ষাট-পঁয়ষাট, বেঁটেখাটো চোখাচাখা ফরসা চেহারা, খোঁচা খোঁচা গোঁফ, কপালে চন্দনের ফোঁটা আর চোখে বাইফোক্যাল চশমা। আমরা ভবানী উপাধ্যায়ের খোঁজ করছি জেনে উনি রীতিমতো অবাক হয়ে বললেন, ‘কী ব্যাপার বলুন তো? আর একজন তো ওঁর খোঁজ করে গেলেন এই তিন-চার দিন আগে।’

‘তাঁর চেহারা মনে আছে আপনার?’

‘তা আছে বইকী।’

‘দেখুন তো এই চেহারার সঙ্গে মেলে কিনা।’

ফেলুদা পকেট থেকে ছোটকুমার পবনদেও-এর ছবিটা বার করে দেখাল।

‘হ্যাঁ হ্যাঁ, এই তো সেই লোক’, বললেন কাস্তিভাই পণ্ডিত। ‘আমি রুদ্রপ্রয়াগের ঠিকানা

দিয়ে দিলাম তাঁকে ।’

‘সে ঠিকানা অবিশ্যি আমরাও চাই’, বলে ফেলুদা তার একটা কার্ড বার করে দিল মিঃ পণ্ডিতের হাতে ।

কার্ডটা পাওয়ামাত্র মিঃ পণ্ডিতের হাবভাব একদম বদলে গেল । এতক্ষণ আমরা দাঁড়িয়ে কথা বলছিলাম, এবার আমাদের সকলকে চেয়ার, মোড়া আর তক্তপোশে ভাগাভাগি করে বসতে দেওয়া হল ।

‘কেয়া, কুছ গড়বড় হুয়া মিঃ মিস্তর ?’

‘যত দূর জানি, এখনও হয়নি,’ বলল ফেলুদা । ‘তবে হবার একটা সম্ভাবনা আছে । এবার আমি আপনাকে একটা প্রশ্ন করতে চাই, মিঃ পণ্ডিত ; আপনি সঠিক উত্তর দিতে পারলে খুব উপকার হবে ।’

‘আই উইল ট্রাই মাই বেস্ট ।’

‘মিঃ উপাধ্যায়ের ব্যক্তিগত সংগ্রহে কি কোনও একটা মূল্যবান জিনিস ছিল ?’

মিঃ পণ্ডিত একটু হেসে বললেন, ‘এ প্রশ্নটাও আমাকে দ্বিতীয়বার করা হচ্ছে । আমি মিঃ সিংকে যা বলেছি, আপনাকেও তাই বলছি । মিঃ উপাধ্যায়ের একটা থলি উনি আমার সিন্দুকে রাখতে দিয়েছিলেন । কিন্তু তাতে যে কী ছিল, সেটা আমি কোনও দিন দেখিনি বা জিজ্ঞেসও করিনি ।’

‘সেটা উনি রুদ্রপ্রয়াগ নিয়ে গেছেন ?’

‘ইয়েস স্যার । অ্যান্ড অ্যানাদার থিং—আপনি ডিটেকটিভ, তাই এ খবর আমি আপনাকে বলছি, আপনার হয়তো কাজে লাগতে পারে—পাঁচ-ছ মহিনে আগে দুজন লোক—তখনও মিঃ উপাধ্যায় ছিলেন এখানে—একজন সিদ্ধী কি মাড়োয়ারি হবে—হি লুকড এ রিচ ম্যান—অ্যান্ড অ্যানাদার ম্যান—দুজন উপাধ্যায়ের সঙ্গে দেখা করতে এসেছিল । অনেক কথা হচ্ছিল সেটা আমি বুঝতে পারছিলাম । এক ঘন্টার উপর ছিল । তারা যাবার পর উপাধ্যায় একটা কথা আমাকে বলে—পণ্ডিতজী, আজ আমি একটি রিপুকে জয় করেছি । মিঃ সিংঘানিয়া আমাকে লোভের মধ্যে ফেলেছিলেন, কিন্তু শেষ পর্যন্ত আমি সে লোভ কাটিয়ে উঠেছি ।’

‘আপনি উপাধ্যায়ের এই সম্পত্তির কথা আর কাউকে বলেননি ?’

‘দেখুন মিঃ মিস্তর, ওঁর যে একটা কিছু লুকোবার জিনিস আছে, সেটা অনেকেই জানত । আর সেই নিয়ে আড়ালে ঠাট্টাও করত । আমার আবার সন্ধ্যাবেলায় একটু নেশা করার অভ্যাস আছে, হয়তো কখনও কিছু বলে ফেলেছি । কিন্তু উপাধ্যায়জীকে সকলে এখানে এত ভক্তি করত যে, সিন্দুকে কী আছে সেই নিয়ে কেউ কোনও দিন মাথা ঘামায়নি ।’

‘এই যে রুদ্রপ্রয়াগ গেলেন তিনি, এর পিছনে কোনও কারণ আছে ?’

‘আমাকে বলেছিলেন, গঙ্গার ঘাটে ওঁর একজন সাধুর সঙ্গে আলাপ হয় । তাঁর সঙ্গে কথা বলে উপাধ্যায়ের মধ্যে একটা মানসিক চেঞ্জ আসে । আমার মনে হয়, চেঞ্জটা বেশ সিরিয়াস ছিল । কথা-টথা সব কমিয়ে দিয়েছিলেন । অনেক সময় চুপচাপ বসে ভাবতেন ।’

‘ওঁর ওষুধপত্তর কি উনি সঙ্গেই নিয়েছিলেন ?’

‘ওষুধ বলতে তো বেশি কিছু ছিল না : কয়েকটা বৈয়াম, কিছু শিকড়-বাকল, কিছু মলম, কিছু বড়ি—এই আর কী । এগুলো সবই উনি নিয়ে গিয়েছিলেন । তবে আমার নিজের ধারণা উনি ক্রমে পুরোপুরি সন্ন্যাসের দিকে চলে যাবেন ।’

‘উনি বিয়ে করেননি ?’

‘না । সংসারের প্রতি ওঁর কোনও টান ছিল না । যাবার দিন আমাকে বলে

গেলেন—ভোগের রাস্তা, ত্যাগের রাস্তা, দুটোই আমার সামনে ছিল। আমি ত্যাগটাই বেছে নিলাম।’

‘ভাল কথা,’ বলল ফেলুদা, ‘আপনি যে বললেন, ওঁর রুদ্রপ্রয়াগের ঠিকানা আপনি দিয়ে দিয়েছেন ওই ভদ্রলোকটিকে—আপনি ঠিকানা পেলেন কী করে?’

‘কেন, উপাধ্যায় আমাকে পোস্টকার্ড লিখেছে সেখান থেকে।’

‘সে পোস্টকার্ড আছে?’

‘আছে বইকী।’

মিঃ পণ্ডিত তাঁর পিছনের একটা তাকে রাখা বাক্সের ভিতর হাত ঢুকিয়ে একটা পোস্টকার্ড বার করে ফেলুদাকে দিলেন। হিন্দিতে লেখা আট-দশ লাইনের চিঠি। সেটা ফেলুদা বার বার পড়ল কেন, আর পড়ে বিড়বিড় করে দু বার ‘মোস্ট ইন্টারেস্টিং’ বলল কেন, সেটা বলতে পারব না।

মিঃ পণ্ডিত আমাদের একটা ভাল ট্যাক্সির কথা বলে দিলেন। আপাতত রুদ্রপ্রয়াগ, তার পর যেখানেই যাওয়া দরকার—সেখানেই যাবে। গাড়োয়ালি ড্রাইভারের নাম যোগীন্দররাম। লোকটিকে দেখে আমাদের ভাল লাগল। আমরা বললাম, বারোটা নাগাদ খেয়েদেয়ে রওনা দেব হৃষীকেশ থেকে। হৃষীকেশ এখান থেকে মাইল পনেরো। হরিদ্বারে কিছুই দেখবার নেই, গঙ্গার ঘাটটা পর্যন্ত আগের বার যা দেখেছিলাম, তেমন আর নেই। বিশ্রী দেখতে সব নতুন বাড়ি উঠেছে আর তাদের দেওয়াল-জোড়া বিজ্ঞাপন। হৃষীকেশে যাওয়া দরকার, কারণ আমাদের রুদ্রপ্রয়াগে থাকার বন্দোবস্ত করতে হবে। ইচ্ছে করলে ধরমশালায় থাকা যায়; এখানে প্রায় সব শহরেই বহু দিনের পুরনো নাম-করা কালীকমলী ধরমশালা রয়েছে, কিন্তু ফেলুদা জানে যে রূপনারায়ণগড়ের ছোট্টকুমার ও সব ধরমশালায় থাকবে না।

আমরা হৃষীকেশে গিয়ে গাড়ওয়াল মণ্ডল বিকাশ নিগমের রেস্ট হাউসে একটা ডবল-রুম পেয়ে গেলাম। ওরা বলল যে, তিনজন লোক হলে বাড়তি একটা খাটিয়া পেতে দেবে। বারোটা নাগাদ খেয়ে আমরা রওনা দিলাম রুদ্রপ্রয়াগ। কয়েক মাইল যাবার পর ডাইনে পড়ল লছমনঝুলা। এখানেও দুদিকে বিশ্রী বিশ্রী নতুন বাড়ি আর হোটেল হয়ে জায়গাটার মজাই নষ্ট করে দিয়েছে। তাও বাদশাহী আংটির শেষ পর্বের ঘটনা মনে করে গা-টা বেশ ছমছম করছিল।

রুদ্রপ্রয়াগ জরুরি দুটো কারণে। এক হল জিম করবেট। ‘দ্য ম্যান-ইটিং লেপার্ড অফ রুদ্রপ্রয়াগ’ যে পড়েছে, সে কোনও দিন ভুলতে পারবে না কী আশ্চর্য ধৈর্য, অধ্যবসায়, আর সাহসের সঙ্গে করবেট মেরেছিল এই মানুষকেকে আজ থেকে পঞ্চান্ন বছর আগে। আমাদের ড্রাইভার যোগীন্দর বলল, সে ছেলেবেলায় তার বাপ-ঠাকুরদার কাছে শুনেছে এই বাঘ মারার গল্প। করবেট যেমন ভালবাসত এই গাড়োয়ালিদের, গাড়োয়ালিরাও ঠিক তেমনই ভক্তি করত করবেটকে।

রুদ্রপ্রয়াগের আর একটা ব্যাপার হচ্ছে—এখান থেকে বদ্রী ও কেদার দু জায়গাতেই যাওয়া যায়। দুটো নদী এসে মিশেছে রুদ্রপ্রয়াগে—মন্দাকিনী আর অলকানন্দা। অলকানন্দা ধরে গেলে বদ্রীনাথ আর মন্দাকিনী ধরে গেলে কেদারনাথ। বদ্রীনাথের শেষ পর্যন্ত বাস যায়; কেদারনাথ যেতে বাস থেমে যায় ১৪ কিলোমিটার আগে গৌরীকুণ্ডে। সেখান থেকে হয় হেঁটে, না হয় ডাণ্ডি বা টাট্টু ঘোড়া ভাড়া করে যাওয়া যায়।

হৃষীকেশ থেকে বেরিয়েই বনের মধ্য দিয়ে পাহাড়ের পথ আরম্ভ হয়ে গেল। পাশ দিয়ে বয়ে চলছে স্থানীয় লোকেরা যাকে বলে গঙ্গা মাদি। হৃষীকেশ থেকে রুদ্রপ্রয়াগ ১৪০ ২৭০



কিলোমিটার ; পাহাড়ে রাস্তায় ঘণ্টায় ৩০ কিলোমিটার করে গেলেও সেই সন্ধ্যার আগে পৌঁছানো যাবে না। তা ছাড়া পথে তিনটে জায়গা পড়ে—দেবপ্রয়াগ, কীর্তিনগর, আর শ্রীনগর। এই শ্রীনগর কাশ্মীরের রাজধানী নয়, গাড়ওয়াল জেলার রাজধানী।

পাহাড় ভেদ করে বনের মধ্য দিয়ে কেটে তৈরি করা রাস্তা ঘুরে ঘুরে উঠছে, আবার ঘুরে ঘুরে নামছে। মাঝে মাঝে গাছপালা সরে গিয়ে খোলা সবুজ পাহাড় বেরিয়ে পড়ছে, তারই কোলে ছবির মতো ছোট ছোট গ্রাম দেখা যাচ্ছে।

দৃশ্য সুন্দর ঠিকই, কিন্তু আমার মন কেবলই বলছে ভবানী উপাধ্যায়ের কাছে একটা মহামূল্য লকেট রয়েছে। একজন সন্ন্যাসীর কাছে এমন একটা জিনিস থাকবে, আর তাই নিয়ে কোনও গোলমাল হবে না, এটা যেন ভাবাই যায় না। তা ছাড়া মিঃ পুরীর একবার ফেলুদাকে কাজের ভার দিয়ে, তার পরই টেলিগ্রাম করে বারণ করাটাও কেমন যেন গুণগোল

লাগছে। অবশ্য তিনি চিঠিতে কারণ দিয়েছেন ঠিকই, কিন্তু এ জিনিস এর আগে কক্ষনও হয়নি বলেই বোধহয় একটা খটকা মন থেকে যাচ্ছে না।

লালমোহনবাবু কিছুক্ষণ থেকেই উসখুস করছিলেন, এবার বললেন, ‘আমি ভূ-গুণ্ডগোল আর ইতিহাস-ফাঁসে চিরকালই কাঁচা ছিলাম ফেলুবাবু—সেটা তো আপনি আমার লেখা পড়েও অনেক বার বলেছেন। তাই, মানে, আমরা ভারতবর্ষের এখন ঠিক কোনখানে আছি, সেটা একটু বলে দিলে নিশ্চিত বোধ করব।’

ফেলুদা তার বাথোলোমিউ কোম্পানির বড় ম্যাপটা খুলে বুঝিয়ে দিল—‘এই যে দেখুন হরিদ্বার। আমরা এখন যাচ্ছি এই দিকে। এই যে রুদ্রপ্রয়াগ। অর্থাৎ পূবে নেপাল, পশ্চিমে কাশ্মীর, আমরা তার মধ্যখানে, বুঝেছেন?’

‘হ্যাঁ। এই বারে ক্রিয়ার।’

৩

পথে শ্রীনগরে থেমে চা খেয়ে রুদ্রপ্রয়াগ পৌঁছতে পৌঁছতে হয়ে গেল প্রায় পাঁচটা। ইস্কুল কলেজ হাসপাতাল পোস্টাপিস থানা সব মিলিয়ে রুদ্রপ্রয়াগ বেশ বড় শহর। করবেট যেখানে লেপার্ডটা মেরেছিল, সেখানে অনেক দিন পর্যন্ত নাকি সাইনবোর্ড ছিল, কিন্তু যোগীন্দর বলল, সেটা নাকি কয়েক বছর হল ভেঙে গেছে।

আমরা সোজা চলে গেলাম গাড়ওয়াল নিগম রেস্ট হাউসে। শহরের একটু বাইরে সুন্দর নিরিবিলি জায়গায় তৈরি রেস্ট হাউসে গিয়ে যে খবরটা প্রথমেই শুনলাম, সেটা হল : কেরানাতের রাস্তায় এক জায়গায় ধস নামাতে নাকি বাস চলাচল বেশ কয়েক দিন বন্ধ ছিল, আজই আবার নতুন করে শুরু হয়েছে। এতে যে আমাদের একটা বড় রকম সুবিধে হয়েছিল, সেটা পরে বুঝেছিলাম।

ম্যানেজার মিঃ গিরিধারী ফেলুদাকে না চিনলেও আমাদের খুব খাতির করলেন। উনি নাকি হিন্দি অনুবাদে বহু বাংলা উপন্যাস পড়ে খুব বাঙালি-ভক্ত হয়ে পড়েছেন। ওঁর ফেভারিট অথরস হচ্ছেন বিমল মিত্র আর শংকর।

মিঃ গিরিধারী ছাড়াও আরেকজন ভদ্রলোক ছিলেন রেস্ট হাউসে, তিনি কেরানের পথ বন্ধ বলে আটকা পড়ে গিয়েছিলেন। ইনি কিন্তু ফেলুদাকে দেখে চিনে ফেললেন। বললেন, ‘আমি একজন সাংবাদিক, আমি আপনার অনেক কেসের খবর জানি ; সেভেনটি নাইনে এলাহাবাদে সুখতরুর মার্ডার কেসে আপনার ছবি বেরিয়েছিল নর্দার্ন ইন্ডিয়া পত্রিকায়। সেই থেকেই আমি আপনাকে চিনেছি। আমার নাম কৃষ্ণকান্ত ভার্গব। আই অ্যাম ভেরি প্রাউড টু মিট ইউ, স্যার।’

ভদ্রলোকের বছর চল্লিশেক বয়স, চাপদাড়ি, মাঝারি গড়ন। মিঃ গিরিধারী স্বভাবতই ফেলুদার পরিচয় পেয়ে ভারী উত্তেজিত হয়ে পড়লেন—‘দেয়ার ইজ নো ট্রাবল হিয়ার আই হোপ?’

‘ট্রাবল সর্বত্রই হতে পারে, মিঃ গিরিধারী। তবে আমরা এসেছি একটা অন্য ব্যাপারে। আপনার এখানে ভবানী উপাধ্যায় নামে একজন ভদ্রলোক—’

‘উপাধ্যায় তো এখানে নেই’, বলে উঠলেন সাংবাদিক মিঃ ভার্গব। ‘আমি তো ওঁকে নিয়েই একটা স্টোরি করব বলে এখানে এসেছি। হরিদ্বারে গিয়ে শুনলাম, উনি রুদ্রপ্রয়াগ গেছেন ; এখন এখানে এসে শুনছি তিনি খুব সম্ভবত কেরানাত গেছেন। আমি তাই কাল সকালে কেরানাত যাচ্ছি ওঁর খোঁজে। হি ইজ এ মোস্ট ইন্টারেস্টিং ক্যারেকটার, মিঃ মিটার।’

‘আমি অবিশ্যি ওঁর অসুখ সারানোর কথা শুনেছি’, বলল ফেলুদা। তারপর লালমোহনবাবুর দিকে দেখিয়ে চাপা গলায় বলল, ‘আমার এই বন্ধুটির মাঝে মাঝে একটা মস্তিস্কের ব্যারামের মতো হয়। তুল বকেন, সামান্য ভায়োলেন্সও প্রকাশ পায়। তাই একবার ওঁকে দেখাব ভাবছিলাম। কলকাতার অ্যালোপ্যাথি হোমিওপ্যাথিতে কোনও কাজ দেয়নি।’

লালমোহনবাবু প্রথমে কেমন থতমত খেয়ে, তার পর ফেলুদার কথা সত্যি প্রমাণ করার জন্য মুখে একটা হিংস্র ভাব আনার চেষ্টা করলেন, যেটা আমাদের একটা নেপালি মুখোশ আছে, সেটার মতো দেখাল।

‘তা হলে আপনাদের এই কেদার-বদ্রী যাওয়া ছাড়া গতি নেই’, বললেন মিঃ ভার্গব। ‘আমি বদ্রী গিয়ে ওঁকে পাইনি। অবিশ্যি উনি নাকি সন্ন্যাসী হয়ে গেছেন, তাই নামও হয়তো বদলে নিয়েছেন।’

এই সময় রেস্ট হাউসের গেটের বাইরে একটা আমেরিকান গাড়ি থামল, আর তার থেকে তিনজন ভদ্রলোক নেমে আমাদের দিকে এগিয়ে এলেন। এদের যিনি দলপতি, তাঁকে চিনতে মোটেই অসুবিধা হল না, কারণ তাঁরই রঙিন ছবি রয়েছে ফেলুদার কাছে। ইনি হলেন রূপনারায়ণগড়ের ছোটকুমার বিলিয়ার্ড চ্যাম্পিয়ন পবনদেও সিং। অন্য দুজন নির্যাত এঁর চামচা।

আমরা পাঁচজন এতক্ষণ বাংলোর সামনের বারান্দায় বসে চা খাচ্ছিলাম, এবার আরও তিনজন লোক বাড়ল। পবনদেও একটা বেতের চেয়ার দখল করে বললেন, ‘আমরা বদ্রীনাথ থেকে আসছি। নো লাক্। উপাধ্যায় ওখানে নেই।’

মিঃ গিরিধারী বললেন, ‘আশ্চর্য ব্যাপার এই যে, আমার এখানে যতজন অতিথি এসেছেন, সকলেই উপাধ্যায়ের খোঁজ করছেন, এবং প্রত্যেকে বিভিন্ন কারণে। আপনি ওঁর ছবি তুলবেন, মিঃ ভার্গব ওঁকে ইন্টারভিউ করবেন, আর মিঃ মিটার তাঁর বন্ধুর চিকিৎসা করাবেন।’

পবনদেওর দলের সঙ্গে টেলিভিশনের যন্ত্রপাতি রয়েছে। ক্যামেরাটা পবনদেওর নিজের হাতে, আর তাতে লাগানো একটা পেপ্লায় লেন্স।

‘ওটা তো আপনার টেলি-লেন্স দেখছি’, ফেলুদা মন্তব্য করল।

পবনদেও ক্যামেরাটা টেবিলের উপর রেখে বলল, ‘হ্যাঁ। সকালের রোদে বদ্রীনাথের চুড়ো থেকে বরফ গলে গলে পড়তে দেখা যায়। অ্যাকচুয়েলি আমার পুরো স্রঞ্জাম একজনেই হ্যান্ডল করতে পারে। ক্যামেরা, সাউন্ড, সব কিছু। আমার এই দুই বন্ধু থাকবেন গৌরীকুণ্ড পর্যন্ত। বাকিটা আমি একাই তুলব।’

‘তার মানে আপনিও কেদারনাথ যাচ্ছেন?’

‘হ্যাঁ। কাল ভোরেই বেরিয়ে পড়ছি।’

‘আপনি ভবানী উপাধ্যায়কে নিয়ে ফিল্ম তুলছেন?’

‘হ্যাঁ। অস্ট্রেলিয়ান টেলিভিশনের জন্য। উপাধ্যায় মানে, তার সঙ্গে হরিদ্বার-হরীকেশ-কেদার-বদ্রীও কিছু থাকবে। তবে সেন্ট্রাল ক্যারেকটার হবেন ভবানী উপাধ্যায়। আশ্চর্য চরিত্র। উনি আমার বাবার হাঁপানি যেভাবে সারিয়েছিলেন, সেটা একটা মিরাক্‌ল।’

আমি আড়চোখে পবনদেওকে লক্ষ্য করে যাচ্ছিলাম। মিঃ উমাশঙ্কর পুরী যে চরিত্র বর্ণনা করেছিলেন, তার সঙ্গে কোনও মিল পাচ্ছিলাম না। ফেলুদা দেখলাম উমাশঙ্কর পুরীর কোনও উল্লেখ করল না।

রুদ্রপ্রয়াগে পৌঁছানোর সময় একটা হোটেল দেখে রেখেছিলাম, সেইখানেই আমরা

তিনজন গিয়ে ডিনার সারলাম। বয় যখন অর্ডার নিতে এল, তখন লালমোহনবাবু হঠাৎ ভীষণ তেজের সঙ্গে টেবিলের উপর একটা ঘুঁষি মেরে একটা গোলমরিচদান উলটে দিয়ে বললেন, তিনি আরমাডিলোর ডিমের ডালনা খাবেন। তখন ফেলুদার তাঁকে বুঝিয়ে বলতে হল যে, যাদের কাছে ওঁর অসুখের কথাটা বলা হয়েছে, শুধু তাদের সামনেই এই ধরনের ব্যবহার চলতে পারে, অন্য সময় নয়। বিশেষ করে ভায়োলেস্টা যার-তার সামনে দেখাতে গেলে হয়তো লালমোহনবাবুকেই প্যাদানি খেতে হবে।

‘তা বটে’; বললেন লালমোহনবাবু। ‘তবে অপরচুনিটি পেলে কিন্তু ছাড়ব না।’

পরদিন ভোরে উঠতে হবে বলে আমরা খাওয়ার পর্ব শেষ করেই রেস্ট হার্ডসে চলে এলাম। কেউ কোনও হুমকি চিঠি দিয়ে যায়নি তো এই ফাঁকে? আমাদের আবার এই জিনিসটার একটা ট্র্যাডিশন আছে। কিন্তু না; এদিক ওদিক দেখেও তেমন কিছু পেলাম না।

আমাদের দুটো ঘর পরেই যে পবনদেও তার দুই বন্ধু আর মিঃ গিরিধারীকে নিয়ে পানীয়ের সন্ধ্যাবহার করছেন, সেটা গেলাসের টুং টাং আর দমকে দমকে হাসি থেকেই বুঝতে পারছিলাম।

লালমোহনবাবু তাঁর বালিশে মাথা দিয়ে বললেন, ‘একটা কথা কিন্তু বলতেই হবে ফেলুবাবু—সে দিন আপনার ঘরে বসে পুরী সাহেব ছোটকুমার সম্বন্ধে যাই বলে থাকুন না কেন, আমার কিন্তু ভদ্রলোককে বেশ মাই ডিয়ার বলেই মনে হচ্ছে।’

ফেলুদা বলল, ‘প্রকৃতি কিন্তু অনেক হিংস্র প্রাণীকেই সুন্দর করে সৃষ্টি করেছে। বাংলার বাঘের চেয়ে সুন্দর কোনও প্রাণী আছে কি? ময়ূরের ঠোঁটরানিতে যে কী তেজ আছে, তা তো আপনি জানেন। জানেন না?’

লালমোহনবাবু তাঁর অ্যালার্ম ক্লকের চাবিটায় একটা মোচড় দিয়ে, চোখে একটা হিংস্র উন্মাদ ভাব এনে বললেন—‘পোপোক্যাটাপেটাপোটোপুলটিশ!’

8

আমরা ঠিক সাড়ে পাঁচটার সময় ট্যাক্সির সামনে গিয়ে হাজির হলাম। যোগীন্দররাম তার আগেই রেডি। আমাদের গাড়ির কাছেই পবনদেওর আমেরিকান গাড়িতে মাল তোলা হচ্ছে। ও গাড়ি আধ ঘণ্টার আগে বেরোতে পারবে বলে মনে হয় না। তবে এও ঠিক যে, মাঝপথে ও আমাদের ছাড়িয়ে যাবে।

ট্যাক্সিতে যখন উঠতে যাব, তখন ছোটকুমার হঠাৎ আমাদের দিকে এগিয়ে এলেন। বোঝাই যাচ্ছে কিছু বলার আছে।

ভদ্রলোক ফেলুদাকে উদ্দেশ্য করে বললেন, ‘কাল রাতে মিঃ গিরিধারী নেশার ঝোঁকে আপনার আসল পরিচয়টা আমাদের দিয়ে দিয়েছেন। আমি আপনাকে একটা সোজা প্রশ্ন করতে চাই।’

‘বলুন।’

‘উমাশঙ্কর কাকা কি আমার উপর চোখ রাখার জন্য আপনাকে এ কাজে বহাল করেছেন?’

‘তিনি যদি সেটা করেও থাকতেন,’ বলল ফেলুদা, ‘সেটা আমি নিশ্চয়ই আপনার কাছে প্রকাশ করতাম না, কারণ সেটা নীতিবিরুদ্ধ এবং বোকামি হত। তবে আমি আপনাকে বলেই দিচ্ছি—আসলে আমি মিঃ পুরীর হয়ে কিছু করছি না। আমাদের এখানে আসার প্রধান



উদ্দেশ্য ভ্রমণ । তবে যদি কোনও গণ্ডগোল দেখি, তা হলে গোয়েন্দা হয়ে আমার নিজেকে সংযত রাখা খুবই মুশকিল হবে । ভবানী উপাধ্যায় সম্পর্কে আমার নিজেরও একটা প্রবল কৌতূহল জেগে উঠেছে । তার একটা বিশেষ কারণ আছে, যদিও এখনও সেটা প্রকাশ করতে পারছি না ।’

‘আই সি ।’

‘এবার আমি আপনাকে একটা প্রশ্ন করতে পারি ?’

‘করুন ।’

‘আপনি কি আপনার ফিল্মে সেই বিখ্যাত লকেটটি দেখাতে চান ?’

‘নিশ্চয়ই। অবিশ্যি সেটা যদি এখনও উপাধ্যায়ের কাছে থেকে থাকে।’

‘কিন্তু উপাধ্যায়ের কাছে যে ও-রকম একটা জিনিস আছে, সেটা জানাজানি হয়ে গেলে তো ওঁর জীবন বিপন্ন হয়ে উঠবে। এত দিন যে-ব্যাপারটা গোপন ছিল, সেটা আপনি প্রচার করে দেবেন?’

‘মিঃ মিত্তির, তিনি যদি সত্যিই সম্মাসী হয়ে থাকেন, তা হলে তো তাঁর আর ও জিনিসের কোনও প্রয়োজনই থাকতে পারে না। আমি ওঁকে বলব, একটা কোনও বড় মিউজিয়ামে ওটা দান করে দিতে। জিনিসটা চারশো বছর আগে ত্রিবাঙ্কুরের রাজার ছিল। কারিগরির দিক দিয়ে অতুলনীয়। উনি ওটা ডোনেট করলে চিরকাল ওঁর নাম ওই লকেটের সঙ্গে জড়িত থাকবে। মোটকথা, ওই লকেট আমি ছবিতে দেখাচ্ছি, এবং সেখানে আপনি আশা করি কোনও বাধা দিতে চেষ্টা করবেন না।’

শেষের কথাটা বেশ দাপটের সঙ্গেই বলে ছোটকুমার তাঁর গাড়িতে ফিরে গেলেন। এবার তাঁর জায়গায় সাংবাদিক মিঃ ভার্গব এসে বললেন, ‘আপনারা তিনজন আছেন জানলে তো আপনাদের সঙ্গেই যাওয়া যেত। উপাধ্যায় সম্বন্ধে আমি যে-সব তথ্য আবিষ্কার করেছি, সেগুলো আপনাকে বলতে পারতাম।’

‘আপনার এই তথ্যের সোর্স কী?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘কিছু দিয়েছেন রূপনারায়ণগড়ের বড় কুমার সূর্যদেও, কিন্তু আসল তথ্য দিয়েছে রাজবাড়ির এক আশি বছরের বুড়ো বেয়ারা। আপনি কি জানেন যে, রূপনারায়ণগড়ের রাজা চন্দ্রদেও সিং-এর হাঁপানি উপাধ্যায় সারিয়ে দিয়েছিলেন?’

‘তাই বুঝি?’

‘আর তার জন্য রাজা তাঁকে ইনাম দিয়েছিলেন ওয়ান অফ হিজ মোস্ট প্রেয়াস অনামেন্টস। এ খবর এত দিন ওদের ফ্যামিলির বাইরে কেউ জানত না। আপনি ভাবতে পারেন, খবরের কাগজের কাছে এই ঘটনার কী দাম!’

‘আপনি তো তা হলে রাজা হয়ে যাবেন, মিঃ ভার্গব!’

‘অমি আপনাকে বলছি মিঃ মিত্তির, এই লকেট উপাধ্যায়ের কাছে বেশি দিন থাকবে না। আপনি কি ছোটকুমারের কথায় বিশ্বাস করেন যে, ও শুধু টি. ভি-র ছবি তুলতে এসেছে? আমি বলছি আপনাকে, এখানে শিগগিরই আপনার নিজের পেশার আশ্রয় নিতে হবে।’

‘তার জন্য আমি সদা প্রস্তুত’, বলল ফেলুদা।

মিঃ ভার্গব চলে গেলেন।

‘লোকটা তো ঘোড়েল আছে, মশাই’, বললেন লালমোহনবাবু।

‘সাংবাদিক মাত্রেরি ঘোড়েল’, বলল ফেলুদা। ‘গোয়েন্দাগিরিতে ওরাও কম যায় না। রাজবাড়ির পুরনো বেয়ারাকে জেরা করায় ও খুব বুদ্ধির পরিচয় দিয়েছে। চাকররা অনেক সময় এমন খবর রাখে, যা মনিবেরা জানতেই পারে না। কিন্তু তাও—’

‘তাও কী?’ আমি জিজ্ঞেস করলাম। আমি বুঝতে পারছিলাম, ফেলুদার মনটা খচখচ করছে।

‘তাও যে কেন লোকটাকে দেখে অসোয়াস্তি লাগছে, তা বুঝতে পারছি না।’

আমাদের গাড়ি রুদ্রপ্রয়াগ থেকে রওনা হয়ে অলকানন্দার পাশ দিয়ে কিছু দূর গিয়ে হঠাৎ একটা টানেলে ঢুকে পড়ল। সেই টানেল থেকে যখন আবার আলোয় বেরোলাম, তখন নদী পালটে গিয়ে হয়ে গেছে ‘মন্দাকিনী’। এটাই এখন চলবে আমাদের সঙ্গে কৈদার পর্যন্ত। কৈদার থেকেই নাকি মন্দাকিনীর উৎপত্তি।

ফেলুদার ভুকুটি থেকেই বুঝতে পারছিলাম, কোনও একটা কারণে ওর বিরক্ত লাগছে।

এবারে ওর কথায় সেটা বুঝতে পারলাম—

‘আমার সমস্ত রাগটা গিয়ে পড়ছে ওই গিরিধারী লোকটার উপর। ও যে এত ইরেসপনসিব্লে তা ভাবতে পারিনি। ছোটকুমার এখন যে কথাগুলো বললেন, সেগুলো অবিশ্যি ওঁর পক্ষে স্বাভাবিক। তবে আশ্চর্য লাগছে জেনে যে, মিঃ পুরীর সঙ্গে ওঁর আর দ্বিতীয়বার কোনও কথাই হয়নি। সেক্ষেত্রে মিঃ পুরীর চিঠি, টেলিগ্রাম দুটোই রহস্যজনক হয়ে উঠছে। অবিশ্যি সবই নির্ভর করছে, কে সত্যি বলছে কে মিথ্যে বলছে তার উপর। মোটকথা, কেস ড্রপ করলেও, এখানে আসার সিদ্ধান্ত যে ড্রপ করিনি, সেটা খুব ভাগ্যের কথা।’

গৌরীকুণ্ড রুদ্রপ্রয়াগ থেকে আশি কিলোমিটার হলেও এত চড়াই-উতরাই আর এত ঘোরপ্যাঁচের রাস্তা, যেতে বেশ সময় লাগে। পথে তিনটে শহর পড়ে। ৩০ কিলোমিটারের মাথায় অগস্ত্যমুনি, হাইট আন্দাজ ৯০০ মিটার; সেখান থেকে ৯ কিলোমিটার দূরে গুপ্তকাশী—যদিও হাইট এইটুকুর মধ্যে বেড়ে যাচ্ছে ডবল। গুপ্তকাশী থেকে শোনপ্রয়াগ, যেখানে শোনগঙ্গা মন্দাকিনীর সঙ্গে এসে মিশেছে। এই শোনপ্রয়াগ থেকে ৮ কিলোমিটার দূরে হল গৌরীকুণ্ড—যদিও সেখানে গিয়ে হাইট হয়ে যাচ্ছে সোয়া দু হাজার মিটার।

আমাদের গরম জামা যাতে প্রয়োজন হলে সহজেই বার করে নেওয়া যায়, তার ব্যবস্থা আমরা করে নিয়েছিলাম। বড় সুটকেস জাতীয় মাল আমাদের সঙ্গে যা ছিল, তা সবই গাড়ওয়াল নিগম রেস্ট হাউসের লকারে রেখে দিয়ে এসেছি, ফেরার সময় আবার নিয়ে যাব। লালমোহনবাবুর টাকের জন্য উনি এর মধ্যেই টুপি পরে নিয়েছেন, যদিও আমাদের বাঙালি মাষ্কি ক্যাপ না; রাজস্থান থেকে কেনা কান-ঢাকা পশমের লাইনিং দেওয়া স্মার্ট চামড়ার টুপি।

অগস্ত্যমুনি পৌঁছে গাড়ি থামিয়ে যখন আমরা গরম জামা পরছি, তখন আমাদের পাশ দিয়ে বেরিয়ে গেল পবনদেওর আমেরিকান টুরার। ছোটকুমার জানালা দিয়ে হাত বাড়িয়ে ওয়েভ করতে ফেলুদাকে হাত নাড়াতে হল।

আমরা শীতের সঙ্গে লড়াই করবার জন্য তৈরি হয়ে আবার রওনা দিলাম। বাঁয়ে মন্দাকিনী একবার আমাদের পাশে চলে আসছে, আবার পরক্ষণেই নেমে যাচ্ছে সেই খাদের একেবারে নীচে। নদীর শব্দ ছাপিয়ে শোনা যাচ্ছে লালমোহনবাবুর সুর করে বলা, ‘ওরে তোরা কি জানিস কেউ, জলে কেন এত ওঠে ঢেউ’। আমার দৃঢ় বিশ্বাস উনি পুরো কবিতাটার কেবলমাত্র ওই দুটো লাইনই জানেন।

শেষে ফেলুদা আর থাকতে না পেরে লাইন যোগ করতে শুরু করে দিল—ওরে তোরা কি জানিস কেউ, কেন বাঘ এলে ডাকে ফেউ...ওরে তোরা কি শুনিস কেউ, কুকুরের যেউ যেউ, খোকা কাঁদে ভেউ ভেউ...

গুপ্তকাশী যখন পৌঁছলাম, তখন বেজেছে দশটা। এখানে একটা চায়ের দোকান দেখে থামতে হল। যাকে ব্রেকফাস্ট বলে সেটা সকালে হয়নি, কাজেই খিদেটা ভালই হয়েছিল। গরম জিলিপি, কচুরি আর চা দিয়ে দিব্যি ব্রেকফাস্ট হয়ে গেল।

যোগীন্দরের এক ভাই কাছেই থাকে, সে বলল তার সঙ্গে পাঁচ মিনিটের জন্য দেখা করে আসছে। সেই ফাঁকে লালমোহনবাবু চন্দ্রশেখর মহাদেব আর অর্ধনারীশ্বরের মন্দিরগুলো দেখতে গেলেন।

গুপ্তকাশী থেকে পাহাড়ের উপর দেখা যায় উখীমঠ। নভেম্বর থেকে এপ্রিল পর্যন্ত কেদারের পথ যখন বরফের জন্য বন্ধ থাকে, তখন কেদারেশ্বরের পূজো এই উখীমঠেই হয়ে থাকে।

লালমোহনবাবু মন্দির দেখে ফিরে এলেন, কিন্তু যোগীন্দরের ফেরার নাম নেই। ফেলুদা আর আমি ব্যস্তভাবে এদিক-ওদিক দেখছি। এমন সময় দেখি, ছোটকুমারের গাড়ি আসছে। ওরা আমাদের পেরিয়ে গিয়ে আবার পিছিয়ে পড়ল কেন ?

আমাদের দেখে গাড়ি থামিয়ে কুমার নেমে এলেন। বললেন, গুপ্তকাশী থেকে নাকি কেদার ও বদ্রী দুটো চুড়োরই ভিউ পাওয়া যায়, তাই ওঁরা এখানে কিছুটা সময় দিলেন। তবে আর দেরি করলে চলবে না, কারণ তা হলে যাত্রীদের রওনা দেবার দৃশ্য তোলার জন্য আর আলো থাকবে না।

কিন্তু তাও যোগীন্দরের দেখা নেই। তার বদলে দেখা দিলেন সাংবাদিক মিঃ ভার্গব। তাঁর গাড়িটা আগে দেখেছিলাম, আর ভাবছিলাম তিনি এখানে এতক্ষণ কী করছেন। ভদ্রলোক বললেন যে, কেদারনাথের সেবায়ের একজন নাকি এখানে রয়েছেন। এরা সকলেই রাওয়াল পরিবারের লোক; এই বিশেষ রাওয়ালটির সঙ্গে নাকি একটা ইন্টারভিউ নিতে গিয়েছিলেন মিঃ ভার্গব। এখনই আবার তাঁকে ছুটতে হবে শোনপ্রয়াগ হয়ে গৌরীকুণ্ড।

মিঃ ভার্গব চলে যাবার সঙ্গে সঙ্গে একটা বছর পনেরোর ছেলে এসে হঠাৎ ‘ফোর-থার্মি-ফোর ট্যাক্সি কি কোই পাসিঞ্জর হ্যায় ইহা?’ বলে হাঁক দিতেই ফেলুদা ব্যস্তভাবে তার দিকে এগিয়ে গেল।

‘ফোর-থ্রি-জিরো-ফোর কি পাসিঞ্জর?’

‘হ্যাঁ। কেন, কী হয়েছে?’

ব্যাপার আর কিছুই না, আমাদের গাড়ির ড্রাইভার জখম হয়ে পড়ে আছে কিছু দূরে। ছেলেটি তাকে চেনে বলে সে খবর দিতে এসেছে।

লালমোহনবাবুকে আমাদের জিনিসপত্র পাহারা দেবার জন্য রেখে, আমরা দুজন ছেলেটাকে অনুসরণ করে গেলাম।

পাঁচ-সাতটা বাড়ি নিয়ে একটা নিরিবিলি পাড়ায় একটা কলাগাছের ধারে যোগীন্দররাম মাটিতে মুখ খুবড়ে পড়ে আছে। তার মাথার পিছন দিকের ঘন কালো চুলে রক্তের ছোপ। শরীরের ওঠা-নামা থেকে বোঝা যাচ্ছে সে মরেনি, কিন্তু ফেলুদা তাও দৌড়ে গিয়ে তার নাড়ি পরীক্ষা করল।

কে এই কুকীর্তি করেছে, এ নিয়ে চিন্তা করার সময় নেই; এখন দরকার ওর চিকিৎসা। ছোকরাটি বলল, এখানে হাসপাতাল দাওয়াখানা দুইই আছে। সে আবার গাড়িও চালাতে জানে। শেষ পর্যন্ত সে-ই নিজে ট্যাক্সি চালিয়ে যোগীন্দরকে হাসপাতালে নিয়ে গেল।

সব মিলিয়ে ঘণ্টা দেড়েক দেরি হয়ে গেল। যোগীন্দরের মাথায় ব্যান্ডেজ, ব্যথাও আছে; তাকে বলা হল যে এখান থেকে অন্য ট্যাক্সির ব্যবস্থা করে দিলে, আমরা তাতেই যাব। কিন্তু সে রাজি হল না। সে নিজেই যাবে আমাদের নিয়ে।

‘কে মেরেছিল, কিছু বুঝতে পেরেছিলে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘নেহি’, বলল যোগীন্দর, ‘পিছে সে আ কর মারা।’

‘এখানে তোমার কোনও দুশমন আছে?’

‘কোই ভি নেহী।’

ফেলুদা কী ভাবছে সেটা আমি জানি। দুশমন যদি থাকে তো সে আমাদের দুশমন। আমাদের দেরি করিয়ে দেবার জন্য ব্যাপারটা করা হয়েছে। শত্রু কে আমরা বুঝতে না পারলেও, শত্রু যে রয়েছে তাতে সন্দেহ নেই।

আমরা রওনা হবার পর আমি ফেলুদাকে বললাম, ‘আচ্ছা, মিঃ পুরী যে তোমার কাছে



এসেছিলেন, সেটা জানতে পেরে ছোটকুমার তাঁকে দিয়ে টেলিগ্রামটা করিয়ে চিঠিটা লেখায়নি তো ?—যাতে তার কাজে ফেলু মিণ্ডির কোনও বাধার সৃষ্টি না করতে পারে ?’

‘এটা তুই খুব ভাল ভেবেছিস তোপসে । কথাটা আমারও মনে হয়েছে । অবিশ্যি তার মানে এটাও বোঝা যায় যে, মিঃ পুরীর উপর এতটা কর্তৃত্ব করার ক্ষমতা ছোটকুমারের আছে ।’

‘তা থাকবে না কেন’, বললেন লালমোহনবাবু, ‘ছোটকুমার ইজ এ প্রিন্স, অ্যান্ড পুরী ইজ ওনলি এ কর্মচারী ।’

‘ঠিক বলেছেন আপনি’, বলল ফেলুদা, ‘এখানে বয়সের তফাতটা কিছু ম্যাটার করে না ।

তবে হ্যাঁ—এটাও ঠিক যে টেলিগ্রাম আর চিঠি সত্ত্বেও যে আমি চলে আসব, সেটা বোধহয় ছোটকুমার ভাবতেই পারেনি ।’

‘তার মানে যোগীন্দ্রকে জখম ওরাই করিয়েছে ?’

‘যোগীন্দ্র যখন বলছে এখানে ওর কোনও শত্রু নেই, তখন আর কী হতে পারে ?’

‘এক্সকিউজ মি স্যার’, বললেন লালমোহনবাবু, ‘আমার কিন্তু ওই সাংবাদিক লোকটিকেও বিশেষ সুবিধের লাগছে না ।’

‘কেন বলুন তো ? আমার নিজেরও যে ভদ্রলোককে একেবারে আদর্শ চরিত্র বলে মনে হচ্ছে তা নয় । কিন্তু আপনার ভাল না-লাগার কারণটা জানার কৌতূহল হচ্ছে ।’

‘সাংবাদিক হলে পকেটে কলম থাকবে না ?’ বললেন লালমোহনবাবু । ‘বাইরের পকেটে তো নেই-ই, কাল যখন কেট পরছিল তখন দেখলাম বুক পকেটেও নেই, শার্টের পকেটেও নেই ।’

‘আমার মতো যদি একটা মাইক্রোক্যাসেট রেকর্ডার থাকে ?’

লালমোহনবাবু যেন কথাটা শুনে একটু দমে গেলেন । বললেন, ‘তা যদি হয়, তা হলে অবশ্য আলাদা কথা । আসলে আমার চাপ-দাড়ি দেখলেই কেমন যেন একটা সন্দেহ হয় ।’

‘যাকগে—এবার একটু কাজের কথায় আসা যাক ।’

‘কী ?’

‘আপনি কোনটা প্রেফার করবেন—ঘোড়া না ডাঙি ?’

‘ন্যাচারেলি আপনারা যেটা প্রেফার করবেন, সেটাই । এক যাত্রায় তো আর পৃথক ফল হতে পারে না ।’

‘কেদারের পথ সম্বন্ধে আপনার কিঞ্চিৎ ধারণা আছে, আশা করি ?’

‘হ্যাঃ হ্যাঃ হ্যাঃ হ্যাঃ !’

‘হাসছেন কেন ?’

‘আমার ধারণাটা বোধহয় আপনার চেয়েও ভিভিড, কারণ কেদার-যাত্রা সম্বন্ধে এথিনিয়ামের বাংলা শিক্ষক বৈকুণ্ঠ মল্লিক যা লিখে গেছেন, তার তুলনা লিটারেচরে বেশি পাবেন না । তপেশ, জানো পোয়েমটা ?’

‘না তো !’

‘শুনুন ফেলুবাবু ।’

‘দাঁড়ান, সামনে দুটো ইউ-টার্ন আসছে, সেগুলো পেরিয়ে যাক । সোজা রাস্তা না পেলে আবৃত্তি করাও যায় না, শোনাও যায় না ।’

মিনিট দশেক পরে একটা সোজা রাস্তা পেয়ে লালমোহনবাবু তাঁর আবৃত্তি আরম্ভ করলেন—

“শহরের যত ক্রেদ, যত কোলাহল

ফেলি পিছে সহস্র যোজন

দেখ চলে কত ভক্তজন

হিমগিরি বেষ্টিত এই তীর্থপথে

শুধু আজ নয়, সেই পুরাকাল হতে—

সাথে চলে মন্দাকিনী

অটল গান্ধীর্ষ মাঝে ক্ষিপ্রা প্রবাহিনী”—

এইবার হচ্ছে আসল ব্যাপার । শুনুন, যাত্রীদের কীভাবে ওয়ার্নিং দিচ্ছেন ভদ্রলোক—

“তবে শুন এবে অভিজ্ঞের বাণী—
 দেবদর্শন হয় জেনো বহু কষ্ট মানি’
 গিরিগাত্রে শীর্ণপথে যাত্রী অগণন
 প্রাণ যায় যদি হয় পদস্থলন,
 তাও চলে অশ্বারোহী, চলে ডাণ্ডিবাহী,
 যষ্টিধারী বৃদ্ধ দেখ তাঁরও ক্লান্তি নাহি
 আছে শুধু অটল বিশ্বাস
 সব ক্লান্তি হবে দূর, পূর্ণ হবে আশ
 যাত্রা অস্তে বিরাজেন কেদারেশ্বর
 সর্বগুণ সর্বশক্তিধর
 মহাতীর্থে মহাপুণ্য হবে নিশ্চয়
 উচ্চকণ্ঠে বল সবে—কেদারের জয় !”

‘হুঁ’ বলল ফেলুদা, ‘বোঝাই যাচ্ছে, মল্লিক মশাই এ কবিতা লিখেছিলেন বাস-ট্যাক্সির যুগের অনেক আগে।’

‘সার্টেনলি,’ বললেন লালমোহনবাবু, ‘তাকে তীর্থযাত্রীর পুরো ধকল ভোগ করতে হয়েছিল।’

‘কিন্তু আমার প্রশ্ন হচ্ছে—আপনি কি অশ্বারোহী হতে চান, না ডাণ্ডির দ্বারা বাহিত হতে চান, না পয়দল যেতে চান।’

‘সেটা সব ডিপেন্ড করছে আপনাদের উপর। দলচ্যুত হবার প্রশ্ন তো আর উঠতে পারে না।’

‘আমি আর তোপসে তো হেঁটেই যাব স্থির করেছি। আপনার পক্ষে ডাণ্ডিটা সবচেয়ে নিরাপদ, কারণ ঘোড়াগুলোর টেন্ডেন্সি হচ্ছে পথের যে দিকটায় খাদ, তার কানা ধরে চলা। সে টেনশন আপনার সহ্য হবে না।’

লালমোহনবাবু ভয়ঙ্কর রকম গম্ভীর হয়ে বললেন, ‘শুনুন ফেলুবাবু, আপনি কিন্তু আমার ক্ষমতাকে ক্রমান্বয়ে আন্ডার এস্টিমেট করে চলেছেন। আমি গেলে হেঁটে যাব, আর নয়তো যাব না। এই আমার সোজা কথা।’

‘যাক্, তা হলে এটা সেটলড’, বলল ফেলুদা।

‘একটা প্রশ্ন আমি করতে পারি কি?’ বললেন লালমোহনবাবু—‘অবিশ্যি এটা জার্নি সম্বন্ধে নয়।’

‘নিশ্চয় পারেন।’

‘এরা তো মশাই আমাদের চিনে ফেলেছে; এখন কেদার গিয়ে আমরা করছিটা কী?’

‘সেটা সব নির্ভর করছে—কে আগে উপাধ্যায়ের সন্ধান পায় তার উপর।’

‘ধরুন যদি আমরাই পাই।’

‘তা হলে তাঁকে সবিস্তারে ব্যাপারটা বলতে হবে। সন্ন্যাসী হয়ে তাঁর মনোভাব যদি বদলে গিয়ে থাকে, তা হলে হয়তো লকেটটা উনি আর নিজের কাছে রাখতে চাইবেন না। আমাদের কর্তব্য হবে—তিনি সেটা কাকে দিয়ে যেতে চান, তাঁর অনুসন্ধান করা—অবশ্য সে রকম লোক যদি কেউ থেকে থাকে। এর মধ্যে যদি ছোটকুমারও উপাধ্যায়ের সন্ধান পেয়ে যান, তা হলে তিনি হয়তো লকেটটার ছবি তুলতে চাইবেন। চন্দ্রদেওর ছেলে বলে উপাধ্যায় হয়তো স্নেহবশত তাতে রাজিও হয়ে যেতে পারেন। কিন্তু উপাধ্যায়ের অমতে পবনদেওকে

কোনও মতেই লকেটটা হস্তগত করতে দেওয়া যায় না। অবিশ্যি সে যে সেটা হাত করতে চাইছে, এমন বিশ্বাস করার কোনও কারণ এখনও ঘটেনি। আমরা শুধু অনুমান করছি যে, সে-ই হুমকি দিয়ে মিঃ পুরীকে চিঠি ও টেলিগ্রামটা পাঠাতে বাধ্য করেছিল। কিন্তু তারও এখনও কোনও প্রমাণ নেই। টেলিভিশনের ছবি তোলা ছাড়া তার আর কোনও উদ্দেশ্য নাও থাকতে পারে।’

আমি বললাম, ‘কিন্তু সাংবাদিক মিঃ ভার্গবও যে উপাধ্যায়ের খোঁজ করছেন।’

ফেলুদা বলল, ‘আমার বিশ্বাস ভার্গব যখন আসল ঘটনা জেনে গেছে, তখন তার শুধু দুটো ছবি পেলেই কাজ হয়ে যাবে—একটি উপাধ্যায়ের, একটি লকেটের। কারণ এই কাহিনী খবরের কাগজে প্রকাশিত হলে ভার্গবের অন্তত কিছু দিন আর অন্নচিন্তা থাকবে না।’

ইতিমধ্যে আমাদের গাড়িটা কিন্তু অত্যন্ত বেয়াড়া রকম চড়াই উঠে দশ হাজার ফুট বা সাড়ে তিন হাজার মিটারের উপরে পৌঁছে গেল। অন্তত যোগীন্দর তাই বলল, আর সেই সঙ্গে বাইরের কনকনে শীতেও তার প্রমাণ পেলাম। এখন মাঝে মাঝে বরফের পাহাড়ের চূড়ো দেখা যাচ্ছে, কিন্তু কোনটা যে কোন শৃঙ্গ তা বুঝতে পারছি না। মিনিট পনেরোর মধ্যেই গৌরীকুণ্ড পৌঁছে যাওয়া উচিত। ঘড়ি বলছে পাঁচটা পনেরো। দূরে পাহাড়ের চূড়োয় উজ্জ্বল রোদ থাকলেও আশেপাশের পাহাড়ে পাইন আর রডোডেনড্রনের বনে অন্ধকার ঘনিয়ে এসেছে।

একটা মোড় ঘুরে সামনে ঘর বাড়ি গাড়ি ঘোড়া ইত্যাদি দেখে বুঝলাম যে, আমরা গৌরীকুণ্ডে এসে গেছি। এটাও বুঝলাম যে, আজ রাতটা এখানেই থাকতে হবে। আমাদের কেরদার-যাত্রা শুরু হবে কাল ভোরে। আর ভোরে রওনা হলেও চোদ্দ কিলোমিটার চড়াই পথ যেতে সঙ্কে হয়ে যাবে। অর্থাৎ আসল ঘটনা যা ঘটবার, তা পরশুর আগে নয়।

বাস টারমিনাস হবার ফলে ছোট জায়গা হওয়া সত্ত্বেও গৌরীকুণ্ডে ব্যস্ততার শেষ নেই। ঘোড়া, ডাঙি, কাঙি, কুলি—এদের সঙ্গে দর-দস্তুরি চলছে। কাঙি জিনিসটা ঝুড়ি টাইপের। এতে করেও মানুষ যায়, যদিও দেখে মোটেই ভরসা হয় না।

এখানে রাত্রে থাকতে হবে জেনেও আগে কোনও বন্দোবস্ত করিনি। কারণ, জানি অন্তত একটা ধরমশালা কি চটি পেয়ে যাব। সত্যিই দেখা গেল, জায়গার কোনও অভাব নেই। এখানে পাণ্ডারা ঘর ভাড়া দেয়। বিছানা বালিশ লেপ কবল সবই দেয়। পাণ্ডারা বাঙালি না হলেও বাঙালি যাত্রী এত আসে যে, এরা দিব্যি বাংলা শিখে গেছে। এদের থাকার ঘরগুলো হয় দোতলায়। বেঁটে বেঁটে ঘর, যার সিলিং-এ ফেলুদার প্রায় মাথা ঠেকে যায়। এই ঘরের নীচে থাকে সেই রকমই বেঁটে বেঁটে সার বাঁধা দোকান। সস্তার ব্যাপার, তবে আমাদের কথা হচ্ছে, রাস্তিরে ঘুমোনো। সেই কাজটায় কোনও ব্যাঘাত হবে বলে মনে হল না।

আমরা এখানে এসেই ছোটকুমারের হলদে আমেরিকান গাড়িটা দেখেছিলাম। ওরা আমাদের চেয়ে ঘণ্টা চারেক আগে পৌঁছেছে নিশ্চয়। অর্থাৎ দুপুরে ঘোড়া নিয়ে রওনা হয়ে রাস্তিরের মধ্যে পৌঁছে যাবে। তার মানে কেরদারে একটা পুরো দিনেরও বেশি সময় পাচ্ছে ছোটকুমার।

আমার ধারণা, মিঃ ভার্গবও আজ রাস্তিরের মধ্যে পৌঁছে যাবেন।

আশ্চর্য এই যে, সকলেরই উদ্দেশ্য এক—উপাধ্যায় মশাইয়ের সন্ধান করা।

পাণ্ডাদের ঘরে গভীর ঘুমে রাত কাটিয়ে ভোর পাঁচটার মধ্যে অ্যালান বাজিয়ে উঠে আমরা তিনজনে বাইরে বেরিয়ে এলাম।

এত ভোরে বিভিন্ন দেশীয় এত যাত্রীর ভিড় এখানে জমায়েত হয়েছে, সেটা ভাবতেই পারিনি। এদের মধ্যে বাঙালি আছে প্রচুর, আর তাদের প্রায় সবাই দলে এসেছে। দল বলতে অবিশ্যি পরিবারও বোঝায়। সত্তর বছরের দাদু থেকে নিয়ে পাঁচ বছরের নাতনি পর্যন্ত, তার মধ্যে মাসি-পিসিও যে নেই, তা নয়।

ভিড়ের মধ্যে হঠাৎ ক্যামেরা হাতে পবনদেওকে দেখে বেশ অবাক হলাম। তিনি ঘোড়া ভাড়া করেছেন দুটো—একটা নিজের জন্য, আর একটার পিঠে থাকবে সরঞ্জাম। আমাদের দেখে বললেন, শোনপ্রয়াগে নাকি অনেক ইন্টারেস্টিং ছবি তোলায় ছিল, তাই কাল এসে পৌঁছাতে পৌঁছাতে বেশ রাত হয়েছে। আমাদের সঙ্গেই অবিশ্যি রওনা হচ্ছেন, তবে উনি থেমে থেমে ছবি তুলতে তুলতে যাবেন; ক্যামেরা ও সাউন্ডের সরঞ্জাম থাকবে নিজের সঙ্গে—ফিল্ম, অর্থাৎ কাঁচামাল থাকবে অন্য ঘোড়ার পিঠে।

ফেলুদা ছোটকুমারের কাছ থেকে সরে এসে বলল, ‘রহস্যের শেষ নেই। উনি কি তা হলে কেদারে লোক লাগিয়েছেন উপাধ্যায়কে খুঁজে বার করার জন্য?’

যাই হোক, এ সব ভাববার সময় এখন নয়, কারণ আমাদের রওনা দেবার সময় এসে গেছে।

‘আপনি তা হলে দৃঢ়সংকল্প যে হেঁটেই যাবেন?’ ফেলুদা লালমোহনবাবুকে আবার জিজ্ঞেস করল।

‘ইয়েস স্যার’, বললেন জটায়ু, ‘তবে হ্যাঁ, আপনাদের সঙ্গে তাল রেখে হাঁটতে পারব কিনা সে বিষয়ে—’

‘সে বিষয়ে আপনি আদৌ চিন্তা করবেন না। আপনি আপনার নিজের ক্ষমতা অনুযায়ী হাঁটবেন। গন্তব্য যখন এক, রাস্তা যখন এক, তখন পিছিয়ে পড়লেও চিন্তার কারণ কিছু নেই। এই নিন, এইটে হাতে নিন।’

আমরা তিনজনের জন্য তিনটে লাঠি কিনে নিয়েছি, যার নীচের অংশটা ছুঁচোলো লোহা লাগানো। এ লাঠি এখন প্রত্যেক পদযাত্রীর হাতে। এর দাম দু টাকা, ফিরে এসে আবার ফেরত দিলে এক টাকা ফেরত পাওয়া যায়। তারই একটা ফেলুদা লালমোহনবাবুকে দিয়ে দিল।

আমরা ঘড়ি ধরে ছাঁটায় রওনা দিলাম। লালমোহনবাবু যে রকম হাঁক দিয়ে ‘জয় কেদার’ বলে তাঁর প্রথম পদক্ষেপ নিলেন—আমার তো মনে হল, তাতেই তাঁর অর্ধেক এনার্জি চলে গেল।

পাহাড়ের গা দিয়ে পাথরে বাঁধানো রাস্তা। শুধু যে শীর্ণ তা নয়, এক-এক জায়গায় একজনের বেশি একসঙ্গে পাশাপাশি যেতে পারে না। এক দিকে পাহাড়, এক দিকে খাদ, খাদের নীচ দিয়ে বেগে বয়ে চলেছে মন্দাকিনী। দু দিকেই মাঝে মাঝে বড় বড় গাছ থাকার ফলে যাত্রীদের মাথার উপর একটা চাঁদোয়ার সৃষ্টি হয়েছে। তবে বেশির ভাগ অংশেই গাছপালা নেই, খালি শুকনো ঘাস আর পাথর। পায়ে যারা হাঁটছে, তাদের মুশকিল হচ্ছে, অশ্বারোহী আর ডাঙিবাহীদের জন্য প্রায়ই তাদের পাশ দিতে হচ্ছে। এখানে নিয়মটা হচ্ছে কি, সব সময়ই পাহাড়ের গা ঘেঁষে পাশ দেওয়া। খাদের দিকটায় গিয়ে পাশ দিতে গেলে পদস্থলনের সমূহ সম্ভাবনা।

যোগব্যায়াম করি বলে বোধহয় আমাদের দুজনের খুব একটা কষ্ট হচ্ছিল না। লালমোহনবাবুর পক্ষে ব্যাপারটা খুব শ্রমসাপেক্ষ হলেও উনি প্রাণপণে চেষ্টা করছিলেন সেটা যেন বাইরে প্রকাশ না পায়। চড়াই ওঠার সময় তো কথা বলা যায় না; এর পর খানিকটা সমতল রাস্তায় আমাদের কাছাকাছি পেয়ে বললেন, ‘তেনজিং নোরকের মাহাত্ম্যটা কোথায়, সেটা এখন বুঝতে পারছি।’

মিনিট কুড়ি চলার পর একটা ঘটনা ঘটল, যেটা আমাদের কেদার পৌঁছানোটা আরও আধ ঘণ্টা পিছিয়ে দিল।

একটা বেশ বড় পাথরের খণ্ড পাহাড়ের গা দিয়ে হঠাৎ গড়িয়ে এল সোজা ফেলুদার দিকে। ব্যাপারটা সম্বন্ধে সচেতন হতে যে কয়েকটা মুহূর্ত গেল, তাতেই কিছুটা ড্যামেজ হয়ে গেল। পাথরের ঘষা খেয়ে ফেলুদার হাতের এইচ এম টি ঘড়িটা চুরমার হয়ে গেল, আর আমাদের পাশের এক শ্রৌট যাত্রীর লাঠিটা হস্তচ্যুত হয়ে পাশের খাদ দিয়ে পাথরের সঙ্গে ঝড়ের বেগে গড়িয়ে নেমে গেল মন্দাকিনী লক্ষ্য করে।

ফেলুদা একটু হকচকিয়ে গেলেও সেটা মুহূর্তের জন্য। ওর শরীর যে কত মজবুত আর স্ট্যামিনা যে কী সাংঘাতিক, সেটা বুঝলাম এই এতখানি খাড়াই পথ হাঁটার পর সোজা পাহাড়ের গা বেয়ে উপরে উঠে গেল। আমিও ওর পিছন পিছন গিয়েছিলাম, কিন্তু যতক্ষণে ওর কাছে পৌঁছলাম, তার মধ্যেই ও একটা লোকের কলার চেপে তাকে একটা গাছে ঠেসে ধরেছে। লোকটার বয়স বছর পঁচিশের বেশি না। তার মুখ ফ্যাকাসে হয়ে গেছে এবং সে স্বীকার করেছে যে, পাথর ফেলার ব্যাপারে সে আর একজনের আদেশ পালন করছিল। পকেট থেকে দশখানা কড়কড়ে দশ টাকার নোট বার করে সে দেখিয়ে দিল, কেন তাকে এমন একটা কাজ করতে রাজি হতে হয়েছে।

কে তাকে এই টাকা দিয়েছে জিজ্ঞেস করতে সে বলল, তারই এক অচেনা জাতভাই। বোঝা গেল আসল লোক সে নয়, সে শুধু দালালের কাজ করেছে।

আপাতত ফেলুদা লোকটার গা থেকে একটা পশমের চাদর খুলে, সেটা দিয়ে তাকে দু হাত সমেত পিছমোড়া করে গাছের সঙ্গে বেঁধে দিল। বলল, যাত্রীদের ফাঁকে ফাঁকে কনস্টেবল থাকে, তাদের একজনকে পেলে তার কাছে পাঠিয়ে দেবে।

লালমোহনবাবুর ভাষায় পাথর ফেলার অন্তর্নিহিত মানোটা সত্যি করে ভাবিয়ে তোলে। ভদ্রলোক বললেন, ‘বোঝাই যাচ্ছে, কেউ বা কাহারো কেদারে আপনার উপস্থিতিটা প্রিভেন্ট করার জন্য উঠে-পড়ে লেগেছে।’

গৌরীকুণ্ড আর কেদারের মাঝামাঝি একটা জায়গা আছে, যেটার নাম রামওয়াড়া। সকলেই এখানে থামে বিশ্রামের জন্য। চটি আছে, ধরমশালা আছে, চায়ের দোকান আছে। লালমোহনবাবুকে আমরা এখানে আধঘণ্টা বিশ্রাম দেওয়া স্থির করলাম। এখানকার এলিভেশনে আড়াই হাজার মিটার, অর্থাৎ প্রায় আট হাজার ফুট। চারিদিকের দৃশ্য ক্রমেই ফ্যানটাস্টিক হয়ে আসছে। লালমোহনবাবু একেবারে মহাভারতের মুড়ে চলে গেছেন; এমন কী এও বলছেন যে যাত্রাপথে যদি তাঁর পতনও হয়, তা হলেও কোনও আক্ষেপ নেই, কারণ এমন প্লোরিয়াস ডেথ নাকি হয় না।

ফেলুদা বলল, ‘আপনি কিন্তু পাবলিকের উপর যে পরিমাণে গাঁজাখুরি মাল চাপিয়েছেন, আপনার নরকভোগ না হয়ে যায় না।’

‘হেঃ’, বললেন লালমোহনবাবু, ‘যুধিষ্ঠির পার পাননি মশাই নরকভোগের হাত থেকে, আর লালমোহন গাঙ্গুলী!’

বাকি সাড়ে তিন মাইলের মধ্যে একটা উল্লেখযোগ্য ঘটনা ঘটল। একটা জায়গা থেকে



হঠাৎ কেদারের মন্দিরের চুড়ো দেখতে পেয়ে সব যাত্রীরা ‘জয় কেদার !’ বলে কেউ মাথা নত করে, কেউ হাত জোড় করে, কেউ বা সাষ্টাঙ্গ হয়ে তাদের ভক্তি জানালেন । কিন্তু আবার হাঁটা শুরু করার সঙ্গে সঙ্গেই মন্দিরের চুড়ো লুকিয়ে গেল পাহাড়ের পিছনে, আর বেরোল একেবারে কেদার পৌঁছানোর পর । পরে জানলাম যে, এই বিশেষ জায়গা থেকেই এই বিশেষ দর্শনটাকে এরা বলে ‘দেও-দেখনী’ ।

৬

কেদার পৌঁছাতে পৌঁছাতে আমাদের হয়ে গেল বিকেল সাড়ে পাঁচটা । তখনও যথেষ্ট আলো রয়েছে, চার দিকের পাহাড়ের চুড়োগুলোয় রোদ ঝলমল করছে ।

এতক্ষণ চড়াই-এর পর হঠাৎ সামনে সমতল জমি দেখতে পেলে যে কেমন লাগে, তা লিখে বোঝাতে পারব না । এটুকু বলতে পারি যে, অবিশ্বাস আশ্বাস আনন্দ—সব যেন এক সঙ্গে মনের মধ্যে জেগে ওঠে, আর তার সঙ্গে কৃতজ্ঞতা মেশানো একটা অদ্ভুত শান্ত ভাব । সেটাই বোধহয় যাত্রীদের মনে আরও বেশি ভক্তি জাগিয়ে তোলে ।

চারিদিকে সবাই পাথর-বাঁধানো জমিতে শুয়ে বসে দাঁড়িয়ে ‘জয় কেদার’ ‘জয় কেদার’ করছে, মন্দিরটা দাঁড়িয়ে রয়েছে তিন দিকে ঘেরা বরফের পাহাড়ের মধ্যে, আমরা তিনজন তারই মধ্যে এগিয়ে গেলাম একটা বাসস্থানের ব্যবস্থা করতে ।

এখানে হোটেল আছে—হোটেল হিমলোক—কিন্তু তাতে জায়গা নেই, বিড়লা রেস্ট হাউসেও জায়গা নেই । এক রাত্রের ব্যাপার যখন, মোটামুটি একটা ব্যবস্থা হলেই হল । তাই শেষ পর্যন্ত কালীকমলীওয়ালির ধরমশালায় উঠলাম আমরা । সামান্য ভাড়ায় গরম লেপ তোশক কম্বল সবই পাওয়া যায় ।

কেদারনাথের মন্দির এই কিছুক্ষণ আগে সন্ধ্যা ছাঁটায় বন্ধ হয়ে গেছে, আবার খুলবে সেই কাল সকাল আটটায় । তাই লালমোহনবাবুর পূজো দেবার কাজটা আজ স্থগিত থাকবে । আপাতত ঠিক এই মুহূর্তে যেটা দরকার, সেটা হল গরম চা । আমাদের থাকার ঘর থেকে নীচে নেমেই চায়ের দোকান পেয়ে গেলাম । এটা হল কাশীর বিশ্বনাথের গলির মতোই কেদারনাথের গলি । দোকানগুলো সবই অস্থায়ী, কারণ নভেম্বর থেকে এপ্রিল পর্যন্ত বরফের জন্য কেদারনাথে জনপ্রাণী থাকবে না ।

আমি ভেবেছিলাম, এই ধকলের পর লালমোহনবাবু হয়তো একটু বিশ্রাম নিতে চাইবেন । কিন্তু তিনি বললেন যে, তাঁর দেহের রক্তে রক্তে নাকি নতুন এনার্জি পাচ্ছেন—‘তপেশ, এই হল কেদারের মহিমা !’

বিশ্বনাথের মতোই এখানেও কেদারের গলির দোকানগুলোতে বেশির ভাগই পূজোর সামগ্রী বিক্রি হয় । এমন কী, বেনারসের সেই অতি-চেনা গন্ধটাও যেন এখানে পাওয়া যায় ।

আমরা তিনজনে এলাচ-দেওয়া গরম চা খাচ্ছি, এমন সময় হঠাৎ চেনা গলায় প্রশ্ন এল—‘উপাধ্যায়ের সন্ধান পেলেন ?’

ছোটকুমার পবনদেও সিং । এখনও তার হাতে ক্যামেরা আর বেণ্টের সঙ্গে লাগানো সাউন্ড রেকর্ডিং যন্ত্র ।

‘আমরা তো এই মিনিট কুড়ি হল এলাম’, বলল ফেলুদা ।

‘আমি এসেছি আড়াইটেয়,’ বলল পবনদেও । ‘যেটুকু জেনেছি, তিনি এখন পুরোপুরি সাধুই হয়ে গেছেন । চেহারাও সাধুরই মতো । বুঝে দেখুন, এখানে এত সাধুর মধ্যে তাকে ২৮৬

খুঁজে বার করা কত কঠিন। একটা ব্যাপার সম্বন্ধে আমি শিওর। তিনি নাম বদলেছেন।
উপাধ্যায় বলে কাউকে এখানে কেউ চেনে না।’

‘দেখুন চেষ্টা করে’, বলল ফেলুদা, ‘আমরাও খুঁজছি।’

পবনদেও চলে গেলেন। লোকটা আমার কাছে এখনও রহস্য রয়ে গেল।

আমরা চা শেষ করে উঠে কয়েক পা এগিয়েছি, এমন সময় আর-একটা চেনা কণ্ঠ
বাংলায় একটা প্রশ্ন এল।

‘এই যে—এসে পড়েছেন? কেমন, আসা সার্থক কিনা বলুন।’

আমাদের ট্রেনের আলাপী মাখনলাল মজুমদার।

‘ষোল আনা সার্থক’, বলল ফেলুদা, ‘আমাদের ঘোর এখনও কাটেনি।’

‘হরিদ্বারের কাজ হল?’

‘হয়নি বলেই তো এখানে এলাম। একজনের সন্ধান করে বেড়াচ্ছি। আগে ছিলেন
হরিদ্বারে। সেখানে গিয়ে শুনি, তিনি চলে গেছেন রুদ্রপ্রয়াগ। আবার রুদ্রপ্রয়াগে গিয়ে
শুনি কদারনাথ।’

‘কার কথা বলছেন, বলুন তো?’

‘ভবানী উপাধ্যায় বলে এক ভদ্রলোক।’

মাখনবাবুর চোখ কপালে উঠে গেল।

‘ভবানী? ভবানীর খোঁজ করছেন আপনারা? আর সে কথা অ্যাডিন আমাকে
বলেননি?’

‘আপনি তাঁকে চেনেন নাকি?’

‘চিনি মানে? সাত বছর থেকে চিনি। আমার পেটের আলসার সারিয়ে দিয়েছিল এক
বড়িতে। তার পর হরিদ্বার ছাড়ার কিছু দিন আগেও আমার সঙ্গে দেখা করেছে। একটা
বৈরাগ্য লক্ষ করেছিলাম ওর মধ্যে। বললে, রুদ্রপ্রয়াগে যাবে। আমি বললাম, বাসরুট হয়ে
প্রয়াগ আর এখন সে জিনিস নেই। তুমি জপতপ করতে চাও তো সোজা কদার চলে
যাও। বোধহয় একটা দোটার মধ্যে পড়েছিল, তাই কিছু দিন রুদ্রপ্রয়াগে থেকে যায়।
কিন্তু এখন সে এখানেই।’

‘সে তো বুঝলাম, কিন্তু কোথায়?’

‘শহরের মধ্যে তাকে পাবেন না ভাই। সে এখন গুহাবাসী। চোরাবালিতাল নাম
শুনেছেন? যাকে এখন গান্ধী সরোবর বলা হয়?’

‘হ্যাঁ, হ্যাঁ, শুনেছি বটে।’

‘ওই চোরাবালিতাল থেকে মন্দাকিনী নদীর উৎপত্তি। কদারনাথের পিছন দিয়ে পাথর
আর বরফের উপর দিয়ে মাইল তিনেক যেতে হবে। হ্রদের ধারে একটা গুহায় বাস করে
ভবানী। উপাধ্যায় অংশটা তার নাম থেকে উবে গেছে; এখন সে ভবানীবাবা। একা
থাকে, কাছেপিঠে আর কেউ থাকে না। কাল সকালে আপনারা চেষ্টা করে দেখতে
পারেন।’

‘আপনার সঙ্গে এবার দেখা হয়েছে?’

‘না, তবে স্থানীয় লোকের কাছে খবর পেয়েছি। ফলমূলের জন্য তাকে বাজারে আসতে
হয় মাঝে মাঝে।’

‘আপনি আমাদের অশেষ উপকার করলেন, মিঃ মজুমদার। কিন্তু তাঁর অতীতের ইতিহাস
কি এখানে কেউ জানে?’

‘তা তো জানতেই পারে,’ বললেন মাখনবাবু, ‘কারণ সে তো চিকিৎসা এখনও সম্পূর্ণ



ছাড়েনি। এই কেদারনাথের মোহাস্তাই তো বলছিলেন যে, ভবানী সম্প্রতি নাকি একটি ছেলের পোলিও সারিয়ে দিয়েছে। তবে আমার ধারণা, সে কিছু দিনের মধ্যে আর চিকিৎসা করবে না—পুরোপুরি সন্ম্যাসী বনে যাবে।’

‘একটা শেষ প্রশ্ন’, বলল ফেলুদা, ‘ভদ্রলোক কোন্ দেশি তা আপনি জানেন?’

‘এ বিষয় তো তাকে কোনও দিন জিজ্ঞেস করিনি। তবে সে আমার সঙ্গে সব সময় হিন্দিতেই কথা বলেছে। ভাল হিন্দি। তাতে অন্য কোনও প্রদেশের ছাপ পাইনি কখনও।’

মাখনবাবু চলে গেলেন।

লালমোহনবাবু ইতিমধ্যে আমাদের দল থেকে একটু দূরে সরে গিয়ে কার সঙ্গে যেন কথা বলছিলেন। এবার এগিয়ে এসে বললেন, ‘বিড়লা গেস্ট হাউস থেকে আমাদের তলব পড়েছে।’

‘কে ডাকছে?’ প্রশ্ন করল ফেলুদা।

একজন বেঁটে ভদ্রলোক এগিয়ে এসে বললেন, ‘মিঃ সিংঘানিয়া।’

ফেলুদার ভুরুটা কুঁচকে গেল। আমাদের দিকে ফিরে চাপা গলায় বলল, ‘মনে হচ্ছে এই সিংঘানিয়াই এক ভদ্রলোককে সঙ্গে নিয়ে হরিদ্বার গিয়েছিলেন উপাধ্যায়ের সঙ্গে দেখা করতে। আমার মনে হয়, ঐকে খানিকটা সময় দেওয়া যেতে পারে—চলিয়ে।’

যদিও চারিদিকে অনেকগুলো বরফের পাহাড়ের চূড়োতে এখনও রোদ রয়েছে—তার কোনওটা সোনালি, কোনওটা লাল, কোনওটা গোলাপি—কেদার শহরের উপর অন্ধকার নেমে এসেছে।

বিড়লা গেস্ট হাউস কেদারনাথের মন্দিরের পাশেই, কাজেই আমরা তিন মিনিটের মধ্যেই পৌঁছে গেলাম। দেখে মনে হল, এখানে হয়তো এটাই থাকবার সবচেয়ে ভাল জায়গা। অন্তত পরিচ্ছন্নতার দিক দিয়ে তো বটেই; খাবারের কথা জানি না। খাবারের ব্যাপারে এমনিতেও শুনছি, এখানে আলু ছাড়া আর বিশেষ কিছুই পাওয়া যায় না।

বেঁটে লোকটা আমাদের আগে আগে পথ দেখিয়ে বিড়লা গেস্ট হাউসের দোতলার একটা ঘরে নিয়ে গিয়ে হাজির করল। বেশ বড় ঘর, চারিদিকে চারটে গদি পাতা। মাথার উপর একটা ঝুলন্ত লোহার ডাণ্ডা থেকে বেরোনো তিনটি হুকে টিমটিম করে তিনটে বাল্ব জ্বলছে। কেদারনাথে ইলেকট্রিসিটি আছে বটে, কিন্তু আলোর কোনও তেজ নেই।

আমরা মিনিটখানেক অপেক্ষা করতেই, যিনি আমাদের আহ্বান করেছিলেন, তাঁর আবির্ভাব হল।

৭

যা ভাবা যায়, সেটা যখন না হয়—তখন মনের অবস্থাটা আবার স্বাভাবিক হতে বেশ কিছুটা সময় লাগে। সিংঘানিয়ার নামটার সঙ্গে সিংহের মিল আছে বলে বোধহয় ব্যক্তিত্বসম্পন্ন কাউকে আশা করেছিলাম। যিনি এলেন তাঁর মাঝারি গড়ন, মেজাজে মাঝারি গাভীর্ষ, গলার স্বর সুরুও নয় মোটাও নয়। শুধু একটা মোটা পাকানো গোঁফে বলা যায় কিছুটা ভারি ভাব এসেছে।

‘মাই নেম ইজ সিংঘানিয়া’ বললেন ভদ্রলোক—‘প্লিজ সিট ডাউন।’

আমরা তিনজনে দুটো গদিতে ভাগাভাগি করে বসলাম, সিংঘানিয়া বসলেন তৃতীয় গদিতে সোজা আমাদের দিকে মুখ করে। কথা হল ইংরেজি-হিন্দি মিশিয়ে।

সিংঘানিয়া বললেন, ‘আপনার খ্যাতির সঙ্গে আমি পরিচিত মিঃ মিটার, কিন্তু আলাপ হবার সৌভাগ্য হয়নি।’

ফেলুদা বলল, ‘বিপদে না পড়লে তো আর আমার ডাক পড়ে না, তাই আলাপ হবার সুযোগও হয় না।’

‘আমি অবিশ্যি আপনাকে বিপদে পড়ে ডাকিনি।’

‘তা জানি’, বলল ফেলুদা। ‘আপনার নামও কিন্তু আমি শুনেছি। অবিশ্যি সিংঘানিয়া তো অনেক আছে, কাজেই যাঁর নাম শুনেছি, তিনিই আপনি কিনা বলতে পারব না।’

‘আই অ্যাম ভেরি ইন্টারেস্টেড টু নো, আপনি কী ভাবে আমার নাম শুনলেন।’

‘আপনি হরিদ্বার গিয়েছিলেন কখনও ?’

‘সার্টেনলি ।’

‘সেখানে ভবানী উপাধ্যায় বলে একজনের সঙ্গে দেখা করেছিলেন ?’

‘করেছিলাম বইকী ; কিন্তু আপনি সেটা জানলেন কী করে ?’

‘উপাধ্যায়ের বাড়িওয়ালা আমাকে বলেছিলেন যে, মিঃ সিংঘানিয়া এবং আর একজন ভদ্রলোক উপাধ্যায়ের সঙ্গে দেখা করতে এসেছিলেন ।’

‘আর কিছু বলেননি ?’

‘বলেছিলেন যে উপাধ্যায়কে নাকি আপনি লোভে ফেলে দিয়েছিলেন, কিন্তু উপাধ্যায় সেটা কাটিয়ে ওঠে ।’

‘হোয়াট এ স্ট্রেঞ্জ ম্যান, দিস উপাধ্যায় ! আমি এমন লোক আর দ্বিতীয় দেখিনি । ভেবে দেখুন মিঃ মিটার—লোকটার রোজগার মাসে পাঁচশো টাকার বেশি নয়, কারণ গরিবদের সে বিনা পয়সায় চিকিৎসা করে । সেই লোককে আমি পাঁচ লাখ টাকা অফার করলাম । আপনি জানেন বোধহয় যে, ওঁর কাছে একটা অত্যন্ত ভ্যালুয়েবল লকেট আছে—খুব সম্ভবত এককালে সেটা ট্র্যাভাক্কোরের মহারাজার ছিল ।’

‘সে তো জানি, কিন্তু আমার জানার কৌতূহল হচ্ছে, আপনি এই লকেটের খবরটা জানলেন কী করে । ওটা তো রাজার পাঁচ-ছ’ জন খুব কাছের লোক ছাড়া আর কারও কাছে প্রচার হয়নি ।’

‘আমি খবরটা জেনেছিলাম সেই কাছের লোকেদের একজনের কাছ থেকেই । আমার জুয়েলারির ব্যবসা আছে দিল্লিতে । আমার কাছে এই লকেটের খবর আনে রূপনারায়ণগড়ের ম্যানেজার মিঃ পুরীর ছেলে দেবীশঙ্কর পুরী । সে আমাকে লকেটা কিনতে বলে । ন্যাচারেলি হি এক্সপেক্টেড এ পারসেনটেজ । আমরা গেলাম হরিদ্বার । উপাধ্যায় রিফিউজ করলেন । পুরীর উৎসাহ চলে গেল । কিন্তু আমি ওটা কেনার লোভ ছাড়তে পারছি না । আমার মনে হয়, এখনও চেষ্টা করলে হয়তো পাওয়া যাবে । তখন তিনি ডাক্তারি করছিলেন, লোকের সেবা করছিলেন, এখন হি ইজ এ সন্ন্যাসী । একজন গৃহত্যাগী সন্ন্যাসীর ওই রকম একটা পার্থিব সম্পদের উপর কোনও আসক্তি থাকবে, এটা ভাবতে একটু অদ্ভুত লাগছে না ? আমি চাই, ওঁকে আর একবার অ্যাপ্রোচ করতে ।’

‘বেশ তো, করুন না ।’

‘দ্যাট ইজ ইমপসিবল, মিঃ মিটার ।’

‘কেন ?’

‘উনি এমন জায়গায় থাকেন, সেখানে আমার পক্ষে যাওয়া অসম্ভব । আমি আপনাকে একটা কথা জিজ্ঞেস করতে পারি ?’

‘করুন ।’

‘হোয়াই আর ইউ হিয়ার ?’

‘প্রধানত ভ্রমণের উদ্দেশ্যে । তবে উপাধ্যায় লোকটার উপর আমার একটা শ্রদ্ধা রয়েছে । তার যদি কোনও অনিষ্ট হচ্ছে দেখি, তা হলে কিন্তু আমি বাধা দেব ।’

‘ইউ আর অ্যাকটিং অ্যাজ এ ফ্রি এজেন্ট ? আপনাকে কেউ এমপ্লয় করেনি ?’

‘না ।’

‘আপনি আমার হয়ে কাজ করবেন ?’

‘কী কাজ ?’

‘আপনি উপাধ্যায়ের সঙ্গে দেখা করে তাকে বুঝিয়ে বলে লকেটটা এনে দিন । আমি

আপনাকে পাঁচ লাখের টেন পার্সেন্ট দেব। উনি যদি নিজে টাকা না নেন, তা হলে ওঁর যদি কোনও উত্তরাধিকারী থাকে, তাকে আমি টাকাটা দেব।’

‘কিন্তু এই লকেট সম্বন্ধে ইন্টারেস্টেড আরও কয়েকজন এখানে রয়েছে, আপনি জানেন সেটা?’

‘রূপনারায়ণগড়ের ছোটকুমার তো?’

‘আপনি জানেন?’

‘জানতাম না। আজ বিকেলেই ভার্গব বলে এক সাংবাদিক এসেছিল। কেদারে এসেও যে সাংবাদিকদের উৎপাত সহ্য করতে হবে, সেটা ভাবিনি। যাই হোক, সে-ই খবরটা দিল। কিন্তু ছোটকুমার তো ফিল্ম তুলতে এসেছে।’

‘জানি। কিন্তু তাতে উপাধ্যায় আর লকেটের একটা বড় ভূমিকা আছে।’

সিংঘানিয়ার চেহারাটা এবার একটা ইদুরের মতো হয়ে গেল। সে হাতজোড় করে বলল—

‘দোহাই মিঃ মিটার—প্লিজ হেল্প মি!’

‘আপনি ভার্গবকে এ সব নিয়ে কিছু বলেননি তো?’

‘পাগল! আমি বলেছি তীর্থ করতে এসেছি। কেদারে আসার আর কোনও কারণ থাকার দরকার আছে কি?’

‘ভার্গব লোকটাও উপাধ্যায় সম্বন্ধে ইন্টারেস্টেড। তবে খবরের কাগজের খোরাক হিসেবে।’

‘আপনি কিন্তু এখনও আমার কথার উত্তর দেননি।’

‘মিঃ সিংঘানিয়া—আমি এইটুকু বলতে পারি যে, আপনার প্রস্তাব আমি উপাধ্যায়কে জানাব। তবে আমার ধারণা যে তিনি যদি লকেটটা নিজে না রাখেন, তবে সেটা হয়তো অন্য কাউকে দিয়ে যেতে চাইবেন। কাজেই এখন কোনও পাকাপাকি কথা বলার দরকার নেই; তখন অবস্থা বুঝে ব্যবস্থা হবে, কেমন?’

‘ভেরি গুড।’

*

বাইরে রাত। কেদার শহর ঝিমিয়ে পড়েছে। বাড়ির বাতি, রাস্তার বাতি, দোকানের বাতি—সবই যেন ঝুকছে। তারই মধ্যে এক জায়গায় বেশ একটা উজ্জ্বল আলো দেখে অবাক হয়ে এগিয়ে গিয়ে দেখি, ছোটকুমার পবনদেও একটা ব্যাটারির আলো জ্বালিয়ে কেদারের গলির ফিল্ম তুলছে। আমাদের দেখে শুটিং থামিয়ে ফেলুদাকে উদ্দেশ্য করে প্রশ্ন করল, ‘উপাধ্যায়ের কোনও খবর পেলেন?’

ফেলুদা উত্তর না দিয়ে একটা পালটা প্রশ্ন করল—

‘আপনি উঠেছেন কোথায়?’

‘এখানে পাণ্ডুরা ঘর ভাড়া দেয়, জানেন তো? তারই একটাতে রয়েছি—এই বাঁয়ের রাস্তা দিয়ে দুটো বাড়ির পরে ডান দিকের বাড়ি।’

‘ঠিক আছে—আমি আপনার সঙ্গে যোগাযোগ করছি’, বলল ফেলুদা। আমরা এগিয়ে গেলাম আমাদের ধরমশালার দিকে।

লালমোহনবাবু হঠাৎ মস্তব্য করলেন, ‘ছোটকুমার কেমন লোক জানি না মশাই, কিন্তু সিংঘানিয়া লোকটা ধড়িবাজ আছে।’

‘কী করে জানলেন?’ ফেলুদা প্রশ্ন করল।

‘আপনি যেখানে বসেছিলেন, সেখান থেকে বোধ হয় দেখতে পাননি, কিন্তু আমি

দেখলাম, লোকটার কোটের বাঁ পকেটে একটা ক্যাসেট রেকর্ডার। কথা শুরু হবার আগে সেটা টুক করে চালু করে দিল।’

‘ধড়িবাজের উপর আবার ধড়িবাজতর হয় জানেন তো?’

ফেলুদাও তার পকেট থেকে মাইক্রোক্যাসেট রেকর্ডারটা বার করে দেখিয়ে দিল।

‘আপনি কি ভাবছেন যে, এটা আমি—’

ফেলুদার কথা শেষ হল না, কারণ কাঁধে একটা ঘা খেয়ে ততক্ষণে সে মাটিতে পড়ে গেছে। গলির এই অংশটা নিরিবিলা, সেই সুযোগে পাশের কোনও গলি থেকে একটা লোক আচমকা বেরিয়ে এসে ওই কাণ্ডটি করেছে।

মুহূর্তের মধ্যে একটা তুলকালাম কাণ্ড হয়ে গেল।

লোকটা মেরেই পালাচ্ছিল; আমি তার উপর ঝাঁপ দিয়ে পড়ে তার কোমরটা দু হাতে জাপটে ধরে তাকে দেয়ালে চেপে ধরলাম। সেও পালটা চাপ দিয়ে আমাকে ঠেলে সরিয়ে পালাতে যাচ্ছিল, এমন সময় লালমোহনবাবু তার হাতের অস্ত্রটা দিয়ে তাকে এক ঘায়ে ধরাশায়ী করে দিলেন।

অস্ত্রটা আর কিছুই না, গৌরীকৃণ্ডে দু টাকা দিয়ে কেনা সেই লোহা-লাগানো লাঠি। স্পষ্ট দেখতে পাচ্ছি, লোকটার মাথা ফেটে গলগল করে রক্ত বেরোচ্ছে কিন্তু সেই অবস্থাতেই সে আবার উঠে, এক দৌড়ে অন্ধকারে মিলিয়ে গেল।

এদিকে ফেলুদা উঠে বসেছে। বোঝাই যাচ্ছে সে বেশ কাবু। আমরা দু জন দু দিক থেকে তাকে ধরে তুললাম। আমাদের ধরমশালায় প্রায় পৌঁছে গেছি। শেষ পথটুকু ফেলুদা শুধু একটা কথাই বলল, ‘কেদারেও তাহলে গুণ্ডা এসে পৌঁছে গেছে!’

কপাল-জোরে আমাদের পাশের ঘরেই একজন বাঙালি ডাক্তার পাওয়া গেল, নাম অধীর সেন। অধীরবাবু আবার ফেলুদাকে চিনে ফেললেন, কাজেই যত না জখম, তার তুলনায় গুশুঘাটা একটু বেশিই হল। ডান কাঁধে একটা জায়গায় কেটে গিয়েছিল, সেখানে ওষুধ দিয়ে ব্যান্ড-এড দিয়ে দিলেন। বললেন, ‘ফ্র্যাকচার হয়েছে কি না, সেটা তো এক্স-রে না করলে বোঝা যাবে না।’

ফেলুদা বলল, ‘ফ্র্যাকচারই হোক আর যাই হোক, আমাকে বিছানায় শুইয়ে রাখতে পারবেন না, এটা আগে থেকেই বলে দিলাম।’

ফি-এর কথা জিজ্ঞেস করাতে ভদ্রলোক জিভ-টিভ কেটে একাকার—‘তবে ব্যাপারটা কী জানেন, মিঃ মিস্ত্রি। এই নিয়ে আমার তিনবার হল কেদার। প্রাকৃতিক সৌন্দর্য যেমন ছিল তেমনই আছে, কিন্তু ক্রমে অ্যান্টি-সোশ্যাল এলিমেন্টস ঢুকে পড়ছে শহরে। এর জন্য দায়ী কী জানেন তো? আমাদের যানবাহনের সুব্যবস্থা। এক দিকে ভাল করেন তো অন্য দিক দিয়ে খারাপ ঢুকে পড়ে—এই তো দেখে আসছি জগতের নিয়ম।’

কালীকমলীর ম্যানেজার নিজের বুদ্ধি খাটিয়েই এখানকার পুলিশকে খবর দিয়ে আনিয়ে নিয়েছিলেন। ফেলুদা তার সঙ্গে বেশ কিছুক্ষণ ধরে কথা বলল। বুঝতে পারলাম যে, নানা রকম নির্দেশ দেওয়া হল, এবং সবই দারোগা সাহেব অতি মনোযোগের সঙ্গে শুনে নিলেন।

পুলিশ চলে যাবার পর সাংবাদিক মিঃ ভার্গব এসে হাজির—‘শুনলাম আপনার লাইফের উপর একটা অ্যাটেন্শন পট হয়ে গেছে?’

‘গোয়েন্দার জীবনে এ তো দৈনন্দিন ঘটনা, মিঃ ভার্গব। এখানকারই কোনও গুণ্ডা হয়তো পকেট মারতে চেয়েছিল, কিন্তু বিশেষ সুবিধা করতে পারেনি।’

‘আপনি বলতে চান, আপনার কোনও তদন্তের সঙ্গে এর কোনও কানেকশন নেই?’

‘তদন্ত আবার কোথায়? আমি তো এখানে এসেছি উপাধ্যায়ের সঙ্গে দেখা করতে।’



‘ভাল কথা, তিনি কোথায় থাকেন সে খবর পেয়েছেন ?

‘আপনি পেয়েছেন ?’

‘উপাধ্যায় বলে এখানে কেউ কাউকে চেনে না ।’

‘তা হলে ভদ্রলোক হয়তো নাম বদলেছেন ।’

‘তাই হবে ।’

ফেলুদা আসল ব্যাপারটা বেমালুম চেপে গেল । ভার্গব কিছুটা নিরাশ হয়েই যেন চলে গেলেন ।

কাল সকাল সকাল উঠতে হবে বলে আমরা সাড়ে আটটার মধ্যে পুরি-তরকারি খেয়ে নিয়ে শুয়ে পড়ার আয়োজন করতে লাগলাম। এই সময় ফেলুদা যে ব্যাপারটা করল, সেটা কিন্তু আমি আর লালমোহনবাবু মোটেই অ্যাগ্রুভ করতে পারলাম না। ও বলল, ‘তোরা দুজনে শুয়ে পড়, আমি একটু ঘুরে আসছি।’

‘ঘুরে আসছ মানে?’ আমি অবাক এবং কিছুটা বিরক্ত হয়ে প্রশ্ন করলাম। আমি জানি, ওর কাঁধে এখনও বেশ ব্যথা। ‘কোথেকে ঘুরে আসছ?’

‘একবার ছোটকুমারের সঙ্গে দেখা করা দরকার।’

‘সে কী, তুমি সোজা এনিমি ক্যাম্পে চলে যাবে?’

‘আমার এ রকম অনেক বার হয়েছে রে তোপ্‌সে। একটা চোট খেয়ে বুদ্ধিটা খুলে গেছে। এবারও তাই। পবনদেও আমাদের শত্রু না।’

‘তবে?’

‘আসল শত্রু কে, সেটা জানতে পারবি খুব শিগগিরই।’

‘কিন্তু তুমি বেরোবে, আর শত্রু যদি এখন ওঁত পেতে থাকে?’

‘আমার সঙ্গে অস্ত্র আছে। তোরা শুয়ে পড়। আমি যখনই ফিরি না কেন, কালকের প্রোগ্রামে কোনও চেষ্টা নেই। গান্ধী সরোবর। ভোর সাড়ে চারটায় রওনা হচ্ছি।’

সঙ্গে রিভলভার আর একটা বড় টর্চ নিয়ে ফেলুদা চলে গেল।

‘তোমার দাদার সাহসের জবাব নেই’, বললেন জটায়ু।

৮

ফেলুদা কাল রাত্তিরে কখন ফিরেছে জানি না। সেটা ওকে আর জিজ্ঞেস করলাম না, কারণ ও দেখলাম সাড়ে চারটার মধ্যে রেডি হয়ে আছে।

আমরা দুজনও দশ মিনিটের মধ্যে তৈরি হয়ে নেওয়ার পর তিনজনে এক সঙ্গে বেরিয়ে পড়লাম। বাইরে এখন ফিকে ভোরের আলো, রাস্তার বাতিগুলো এখনও টিমটিম করে জ্বলছে।

কেদারনাথের মন্দির ছাড়িয়ে খোলা জায়গায় পড়ে ফেলুদা হঠাৎ জিজ্ঞেস করল, ‘তুই যে জিভ আর দাঁতের ফাঁক দিয়ে খুব জোরে শিস দিতিস, সেটা এখনও পারিস?’

আমি একটু অবাক হয়েই বললাম, ‘হ্যাঁ, তা পারি বইকী।’

ফেলুদা বলল, ‘আমি যখন বলব, তখন দিবি।’

আমরা তিনজনেই সঙ্গে লোহার স্পাইক-দেওয়া লাঠি এনেছিলাম, তা না হলে মাঝে মাঝে বরফে ঢাকা এই পাথুরে পথ দিয়ে হাঁটা অসম্ভব হত। গোড়াতেই মন্দাকিনীর উপর দিয়ে একটা তক্তা-ফেলা সেতু পার হতে হয়েছে আমাদের। নদী এখানে স্রু নালার মতো। তিন দিকে ঘিরে যে সব তুষার-শৃঙ্গ রয়েছে, তার কোনওটার নাম এখনও জানা হয়নি। তাদের মধ্যে যেগুলো সবচেয়ে উঁচু, তার চূড়ায় গোলাপি আভা লক্ষ করা যাচ্ছে। শীত প্রচণ্ড, তারই মধ্যে কাঁপা গলায় লালমোহনবাবু হঠাৎ প্রশ্ন করলেন, ‘তো-হো-হোপ্‌সে তো শি-হিস দেবে; আমার ভূ-হু-হুমিকাটা—?’

ফেলুদা বলল, ‘আপনি আপনার ওই হাতের লাঠিটা প্রয়োজনে পাগ্লা জগাই-এর মতো মাথার ওপর ঘোরাবেন, তাতে আপনার বীরত্ব আর ব্যারাম দুটোই একসঙ্গে প্রমাণ হবে।’

‘বু-হু-ঝোছি।’

আরও আধঘণ্টা চলার পরে দেখতে পেলাম, দূরে একটা ছাই রঙের মসৃণ সমতল প্রান্তর

রয়েছে। চারিদিকের পাথরের মধ্যে সেটাই যে চোরাবালিতাল বা গান্ধী সরোবর, সেটা বুঝতে অসুবিধা হল না। তবু আমি ফেলুদার দিকে ঘাড় ফিরিয়ে জিজ্ঞেস করলাম, ‘ওটাই কি—?’ ফেলুদা ঘাড় নাড়িয়ে বুঝিয়ে দিল, হ্যাঁ।

হুদের পশ্চিম ধারে একটা পাথরের ঢিবি রয়েছে, সেটার মধ্যে অনায়াসে একটা গুহা থাকতে পারে। পুরো ব্যাপারটা এখনও আমাদের থেকে অন্তত আড়াইশো গজ দূরে।

আমরা যেখান দিয়ে যাচ্ছি সেখানে জমিতে আলগা পাথর ছাড়াও বেশ বড় বড় শিলাখণ্ড রয়েছে। তা ছাড়া বরফ জমে রয়েছে চতুর্দিকে।

কিছুক্ষণ থেকেই লক্ষ করছি যে ফেলুদার দৃষ্টিটা এদিক ওদিক ঘুরছে, ও যেন কিছু একটা খুঁজছে। এবারে দৃষ্টিটা এক জায়গায় স্থির হল।

তার দৃষ্টি অনুসরণ করে দেখলাম আমাদের ডান দিকে একটা পাথরের আড়াল থেকে বেরিয়ে আছে ক্যামেরার তেপায়ার একটা ঠ্যাং।

ফেলুদা প্রায় নিঃশব্দে সেই দিকে এগিয়ে গেল, আমরা তার পিছনে।

পাথরটা পেরোতেই দেখা গেল ছোটকুমার পবনদেও ক্যামেরায় চোখ লাগিয়ে দাঁড়িয়ে আছে। লেন্সটা দেখেই বোঝা যাচ্ছে, সেটা টেলি-ফোটো, অর্থাৎ—টেলিস্কোপের কাজ করবে।

ছোটকুমারের পাশে পৌঁছতেই তিনি বললেন, ‘স্পষ্ট দেখা যাচ্ছে গুহাটা, কিন্তু এখনও উনি বেরোননি।’

এবার পর পর ফেলুদা আর আমি দুজনেই চোখ লাগলাম।

লেকের জলটা স্থির, তাতে আকাশের আবছা গোলাপি রং প্রতিফলিত হয়েছে। তারপর বাঁ দিকে ক্যামেরা ঘুরিয়ে দেখা গেল গুহাটা। পাথরের ফাঁকে গোঁজা একটা গৈরিক পতাকা রয়েছে গুহাটার ঠিক পাশে।

আমাদের চারপাশের যে শৃঙ্গগুলো সবচেয়ে উঁচু, তাতে এখনই গোলাপি রোদ লেগেছে। পূবে একটা উঁচু শৃঙ্গ, তার পিছনে আকাশের লাল রং দেখে মনে হচ্ছে সূর্যটা ওখান দিয়েই উঠবে।

মিনিটখানেকের মধ্যেই পূবের পাহাড়ের চূড়ার পিছন দিয়ে চোখ-ঝলসানো সূর্যটা উঁকি দিতেই গান্ধী সরোবরটা রোদে ধুয়ে গেল।

সেই সঙ্গে লক্ষ করলাম, গুহার গায়ে রোদ পড়েছে আর এক আশ্চর্য প্রাকৃতিক পরিবেশে এক আশ্চর্য নাটক হচ্ছে এইভাবে এক সন্ধ্যাসী বেরিয়ে এলেন গুহা থেকে। তাঁর দৃষ্টি সোজা পূব দিকে। যেন নতুন-ওঠা সূর্যকে স্বাগত জানাচ্ছেন।

‘তোপ্সে, এগিয়ে চল!’ ফিস্ফিসিয়ে আদেশ এল ফেলুদার কাছ থেকে।

‘আমি ক্যামেরায় আছি’, বললেন ছোটকুমার।

আমরা তিনজন দ্রুত এগিয়ে গেলাম গুহার দিকে এ-পাথর ও-পাথরের আড়াল দিয়ে।

আলো পড়ছে, কিন্তু কোনও শব্দ নেই। প্রকৃতি যেন রুদ্ধশ্বাসে কোনও একটা বিশেষ ঘটনার জন্য অপেক্ষা করছে।

এবার গুহা, সন্ধ্যাসী, পতাকা সবই স্পষ্ট দেখতে পাচ্ছি। আমরা উত্তর-মুখে এগিয়ে চলেছি। সন্ধ্যাসী আমাদের দিকে পাশ করে পূব দিকে চেয়ে আছেন, তাঁর গেরুয়া বসনের উপর একটা খয়েরি রঙের পট্টর চাদর।

এবার একটা আশ্চর্য জিনিস লক্ষ করলাম। গুহার পূব দিকের পাথরের ঢিবির গায়ে একটা আলো নড়া চড়া করছে। সেটা যে কোনও ধাতব জিনিস থেকে প্রতিফলিত, তাতে কোনও সন্দেহ নেই।



এবার গুহার ঢিবির পিছন দিয়ে একটা লোক বেরিয়ে এল। তার ওভারকোটের কলার তোলা, তাই মুখটা বোঝা যাচ্ছে না। লোকটার মাথায় একটা পশমের টুপি, আর হাতে যে জিনিসটা রোদ পড়ে চক্চক করছে, সেটা রিভলভার ছাড়া আর কিছুই না।

সন্ধ্যাসী সেই একই ভাবে সামনের দিকে চেয়ে আছেন, সূর্যের আলো পড়ছে তার মুখে। ফেলুদা এবার চাপা গলায় বলল, ‘আমি এগোচ্ছি। তোরা এই পাথরের আড়াল থেকে দ্যাখ। রিভলভারের আওয়াজ শুনলেই তোর সেই শিসটা দিবি।’

ফেলুদা নিঃশব্দে এগিয়ে গেল গুহাটার দিকে। খানিক দূর গিয়ে সে একটা পাথরের

পাশে এমনভাবে দাঁড়াল যে সমস্ত ঘটনাটা দেখতে পায়। আমরা আছি তার বিশ গজ পিছনে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি নাটকের সব চরিত্রকে।

ফেলুদার পকেট থেকেও এবার রিভলভার বেরিয়ে এল।

এবার সন্ন্যাসী তাঁর দৃষ্টি ঘুরিয়েছেন বাঁ দিকে, অর্থাৎ ওভারকোটের মুখ-ঢাকা লোকটার দিকে।

পরমুহূর্তেই এই অপার্থিব নৈশঙ্ক্য চুরমার করে একটা রিভলভারের শব্দের সঙ্গে সঙ্গে ওভারকোট পরা লোকটা বাঁ হাত দিয়ে ডান হাতের কবজি টিপে বরফের উপর বসে পড়ল, আর তার হাতের রিভলভারটাও ছিটকে গিয়ে পড়ল বরফের উপর।

সঙ্গে সঙ্গে আমার মনে পড়ল ফেলুদার নির্দেশ।

শিসের শব্দ হওয়া মাত্র এ-পাথর সে-পাথরের আড়াল থেকে বেরিয়ে এল পুলিশ।

‘তোপসে, তোরা আয়!’

আমরা দুজনে দৌড়ে এগিয়ে গেলাম ঘটনাস্থলের দিকে।

এক মিনিটের মধ্যে পৌঁছে গেলাম সাধুর গুহার সামনে।

সৌম্যমূর্তি গেক্সাধারী সন্ন্যাসী এখনও যেন পুরো ব্যাপারটা অনুধাবন করতে পারেননি। আমাদের সকলের দিকেই ঘুরে ঘুরে অবাক হয়ে দেখছেন।

আর যিনি মাটিতে বসে আছেন তাঁর কবজি টিপে? এবারে তো তাঁর মুখ দেখা যাচ্ছে।

সে কী, ইনি যে সাংবাদিক মিঃ ভার্গব!

একজন কনস্টেবল যেন ফেলুদারই কাছ থেকে নির্দেশ পাবার অপেক্ষায় দাঁড়িয়ে আছেন। ফেলুদা বলল, ‘আগে ওঁর দাড়িটা টেনে খুলুন তো!’

ভার্গবের দাড়িটা টেনে খুলতে যে মুখটা বেরোল, সেই মুখটাই ম্যাজিকের মতো আশ্চর্য রকম চেনা চেনা হয়ে গেল—যখন ফেলুদা নিজেই গিয়ে এক টানে মাথার টুপিটা খুলে ফেলল।

‘আশ্চর্য জিনিস রে হেরেডিটি’, বলল ফেলুদা—‘শুধু যে এর কানের লতি এর বাপের মতো, তা নয়, ইনি সিঁথিও করেন ডান দিকে—আর তাই এঁকে দেখে আমার এত অসোয়াস্তি হত।’

তার মানে কী দাঁড়াল?

ইনি উমাশঙ্কর পুরীর ছেলে দেবীশঙ্কর পুরী।

৯

এবার আমাদের সকলের দৃষ্টি গেল সন্ন্যাসীর দিকে। তাঁর এখনও কেমন যেন মুহাম্মান ভাব। হিন্দিতে বললেন, ‘পিস্তলের শব্দ শুনে মনটা কেমন যেন হয়ে গিয়েছিল—কিছু মনে করবেন না।’

ফেলুদাও হিন্দিতে বলল, ‘যদি কিছু মনে না করেন, আপনার কাছে যে থলিটি আছে, সেটি একবার বার করা দরকার। আমরা আপনার বন্ধু, সেটা বোধহয় বুঝতেই পারছেন। ওটা আপনার গুহার মধ্যেই আছে তো?’

‘আর কোথায় থাকবে? ওই তো আমার একমাত্র সম্পত্তি!’

একজন কনস্টেবল গিয়ে গুহার ভিতর থেকে একটা লাল থলি বার করে নিয়ে এল। সেটা খুলতে প্রথমে বেরোল একটা পাকানো কাগজ। এটা রাজা চন্দ্রদেও সিং-এর সিলমোহর সমেত ভবানী উপাধ্যায়কে লকেট-দানের স্বীকৃতি।

তারপর বেরোল আরেকটা ছোট থলি থেকে সেই বিখ্যাত সোনার লকেট—বালগোপাল—যার অপরূপ সৌন্দর্য এই পরিবেশে, এই সকালের রোদে আরও শতগুণ বেড়ে গেছে।

এইবার ফেলুদা মুখ খুলল। তার বেস্ট হিন্দিতে সে বলল, ‘এবার আপনার আসল পরিচয়টা দিলে কিন্তু আমাদের সকলের খুব সুবিধে হত।’

‘আমার আসল পরিচয়?’

‘আপনার নিজের নামটা বাংলাতেই বলুন না। অ্যাড্বিন পরে বাংলা বলতে আপনার নিশ্চয়ই ভাল লাগবে।’

উপাধ্যায় ফেলুদার দিকে অবাক হয়ে গিয়ে বাংলায় বললেন, ‘আপনি বুঝে ফেলেছেন আমি বাঙালি?’

‘কেন বুঝব না?’ বলল ফেলুদা, ‘আপনি দেবনাগরী অক্ষরে হিন্দিতে চিঠি লিখেছেন, কিন্তু আপনার “ল” আর বর্গীয় “জ” বাংলার মতো। তা ছাড়া আপনার হরিদ্বারের ঘরের তাকে একটা বইয়ের পাতার টুকরো পেয়েছি, সেটাও বাংলা।’

‘আপনার বুদ্ধি তো আশ্চর্য তীক্ষ্ণ!’

‘এবার আর একটা প্রশ্নের জবাব দেবেন কি?’

‘কী?’

‘উপাধ্যায় কি সত্যিই আপনার পদবি, আর ভবানী কি সত্যিই আপনার নাম?’

‘আপনি কী বলছেন আমি—’

‘উপাধ্যায় কি গঙ্গোপাধ্যায়ের অংশ নয়, আর ভবানী কি দুর্গার আরেকটা নাম নয়? আমি যদি বলি, আপনার আসল নাম দুর্গামোহন গঙ্গোপাধ্যায়—তা হলে কি খুব মিথ্যে বলা হবে?’

‘হো—হো—হো—হো—’

‘আপনি কাকে ধিক্কার দিচ্ছেন লালমোহনবাবু?’ ফেলুদা বলে উঠল।

‘হো—হোটকাকা!’

দুর্গামোহন গঙ্গোপাধ্যায় অবাক হয়ে চাইলেন লালমোহনবাবুর দিকে।

‘আমি যে লালু!’ বললেন জটায়ু।

লালমোহনবাবু গিয়ে দুর্গামোহনকে টিপ করে প্রণাম করায় সাধুবা তঁার ভাইপোকে বুকে জড়িয়ে ধরে বললেন, ‘তা হলে তো আমার সমস্যার সমাধান হয়েই গেল। ওই লকেট তো তোরই প্রাপ্য! ও জিনিস আমার কাছে রাখা এক বিরাট বিভ্রম।’

‘তা তো বটেই। তা, আমাকে দিলে আমি একটা ব্যাক্সের ভেঁটে রেখে দিতে পারি। আপনি তো জানেন না ছোটকাকা, আজকাল আমি ছোটদের উপন্যাস লিখে বেশ টু পাইস করছি; তবে রুচির তো কিছু বলা যায় না, একদিন দেখব ঝপ করে সেল পড়ে গেছে! তখন লকেটটা থাকলে তবু একটা...’

*

নিজের ছেলে লকেটটা হাত করার তাল করছে জেনে উমাশঙ্করকে বাধ্য হয়ে ফেলুদাকে টেলিগ্রাম ও চিঠি পাঠাতে হয়েছিল। বাপকে হাতের মুঠোর মধ্যে রাখার ক্ষমতা দেবীশঙ্করের নিশ্চয়ই আছে। দুর্গামোহন খুন হলে লকেট বেহাত হয়ে যেত এটাও ঠিক, কিন্তু বাঁচিয়ে দিয়েছিল ওই ধস্। দেবীশঙ্কর আটকা পড়ে গিয়েছিল রুদ্রপ্রয়াগে। সিংঘানিয়া যে এসেছিল কেদারে, সে একেবারে নিজের গরজে, লকেটটাকে কেনার জন্য।

দেবীশঙ্করই লোক লাগিয়ে ফেলুদার দিকে পাথর গড়িয়ে দিয়েছিল, সে-ই আবার কেদারে রাঙিরবেলা গুণ্ডা লাগিয়ে ফেলুদাকে জখম করার চেষ্টা করেছিল।

ছোটকুমার পবনদেও সিং অবিশ্যি তার ক্যামেরা দিয়ে পুরো ঘটনাই টেলি-ফোটে লেন্স-এর জোরে বেশ কাছ থেকেই তুলে রেখেছিল। দেবীশঙ্কর যে রিভলভার বার করে দুর্গামোহনের দিকে তাগ করেছিল, সেটা স্পষ্ট বোঝা যাবার কথা। আপাতত ছোটকুমারের আর ফিল্ম নেই, কিন্তু দিল্লি থেকে স্টক এলে পরে দুর্গামোহনের একটা সাক্ষাৎকার নেবার ইচ্ছা প্রকাশ করল। দুর্গামোহন আপত্তি করলেন না; বরং বললেন, ‘একজন রাজার আশ্চর্য দরাজ মনের কথাটা বিশ্বের লোকের কাছে গোপন থাকে কেন? আমি টেলিভিশন ক্যামেরায় নিশ্চয়ই বলব আমার সোনার বালগোপাল পাবার কথা।’

পবনদেও বললেন, ‘কিন্তু বালগোপাল তো আর আপনার কাছে থাকছে না।’

‘না’, বললেন দুর্গামোহন। ‘সেটার ছবি যদি তুলতে চাও তো আমার ভাইপোকে বলো।’

পবনদেও লালমোহনবাবুর দিকে ফিরে বললেন, ‘আপনার বাড়ি গিয়ে আমি লকেটটার ছবি তুলে আনতে পারি কি?’

জটায়ু তাঁর সবচেয়ে বেশি সাহেবি উচ্চারণে বললেন, ‘ইউ আর মোউস্ট ওয়েলখাম!’



বোসপুকুরে খুনখারাপি

১

আমাদের বন্ধু রহস্য-রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ুর পাল্লায় পড়ে শেষটায় যাত্রা দেখতে হল। এখনকার সবচেয়ে নামকরা যাত্রার দল ভারত অপেরার হিট নাটক সূর্যতোরণ। এটা বলতেই হবে যে যতক্ষণ দেখা যায় ততক্ষণ জমে যেতে হয়। কোথাও কোনও টিলেঢালা ব্যাপার নেই; অ্যাকটিং একটু রং চড়া হলেও কাউকেই কাঁচা বলা যায় না। লালমোহনবাবু ফেরার পথে বললেন, ‘আমার গল্পের যা গুণ, এরও তাই। মনকে টানবার শক্তি আছে পুরোপুরি। অথচ তলিয়ে দেখুন, দেখবেন অনেক ফাঁক, অনেক ফাঁকি।’

কথাটা বড়াই-এর মতো শোনাতেও, অস্বীকার করা যায় না। লালমোহনবাবুর লেখাও তলিয়ে দেখলে তাতে তেমন কিছু পাওয়া যাবে না। অথচ ভদ্রলোকের পপুলারিটি কিন্তু একটা চমক লাগার মতো ব্যাপার। নতুন বই বেরোনোর পরদিন থেকে একটানা তিন মাস বেস্ট সেলার লিস্টে নাম থাকে। অথচ উনি বেশি লেখেন না; বছরে দুটো উপন্যাস—একটা বৈশাখে, একটা পুজোয়। আজকাল তথ্যের ভুল আগের চেয়ে অনেক কম থাকে। কারণ শুধু যে ফেলুদাকে পাণ্ডুলিপি দেখিয়ে নেন তা নয়, সম্প্রতি নিজেও অনেক রকম এনসাইক্লোপিডিয়া ইত্যাদি কিনেছেন। সেগুলোর যে সদ্যবহার হচ্ছে সেটা বইগুলো পড়লেই বোঝা যায়।

সূর্যতোরণ যাত্রা নামটা প্রথমেই করার কারণ হল, এই যাত্রার সঙ্গে যুক্ত এক ভদ্রলোককে নিয়েই আমাদের এবারের তদন্ত। ভদ্রলোকের নাম ইন্দ্রনারায়ণ আচার্য। এঁরই লেখা নাটক, গানও এঁর লেখা, অর্থাৎ নিজেই গীতিকার—আর ইনি নিজেই অর্কেস্ট্রায় বেহালা বাজান। মোট কথা গুণী লোক। তাঁকে নিয়ে যে গোলমালটা হল সেটা অবিশ্যি খুবই প্যাঁচালো ব্যাপার, আর ফেলুদাকে তার বুদ্ধির শেষ কণাটুকু খরচ করে এই রহস্যের সমাধান করতে হয়েছিল।

আমরা যাত্রা দেখবার দিন দশেক পরেই একদিন টেলিফোনে অ্যাপয়েন্টমেন্ট করে



ইন্দ্রনারায়ণবাবু নিজেই আমাদের বাড়িতে এলেন তাঁর সমস্যাটা নিয়ে। দিনটা রবিবার। লালমোহনবাবু যথারীতি নটার মধ্যেই আড্ডা মারতে চলে এসেছেন, দশটা নাগাত ভদ্রলোক এসে হাজির হলেন। যাকে বলে ক্লিন শেভন চেহারা, বয়স আন্দাজ চল্লিশ-বেয়াল্লিশ, রং ফরসা। হাইট মাঝারির চেয়ে একটু বেশি, মাথার চুল প্রায় সবই কাঁচা। ফেলুদা প্রথমেই সূর্যতোরণের প্রশংসা করে বলল, ‘আপনি তো মশাই ম্যান অফ মেনি পার্টস; এত রকম শিখলেন কী করে?’

ভদ্রলোক হালকা হেসে বললেন, ‘আমার লাইফ হিস্ট্রিটা একটু বেয়াড়া ধরনের। আমার ফ্যামিলির কথা জানলে পরে বুঝবেন যে আমার যাত্রার সঙ্গে কানেকশনটা কত অস্বাভাবিক। আপনি কি বোসপুকুরের আচার্য পরিবারের কথা জানেন?’

‘হ্যাঁ হ্যাঁ,’ ফেলুদা বলল, ‘সে তো অতি নামকরা ফ্যামিলি মশাই। আপনাদেরই এক পূর্বপুরুষ ছিলেন না কন্দর্পনারায়ণ আচার্য? যিনি বিলেত গিয়ে প্রিন্স দ্বারকানাথের মতো নবাবি মেজাজে থাকতেন?’

‘আপনি ঠিকই বলেছেন,’ বললেন ইন্দ্রনারায়ণবাবু। ‘কন্দর্পনারায়ণ ছিলেন আমার ঠাকুরদার বাবা। আঠারো শো পঁচাত্তরে বিলেত যান। অত্যন্ত শৌখিন লোক ছিলেন। গান-বাজনার শখ ছিল। তাঁর কিনে আনা বেহালাই আমি বাজাই। আমাদের পরিবারে এক আমার মেজো দাদা হরিনারায়ণ ছাড়া গান-বাজনার দিকে আর কেউ যায়নি। সে অবিশ্যি কিছু বাজায়-টাজায় না; তার উচ্চাঙ্গ সংগীতের শখ। সে রেকর্ড আর ক্যাসেট শোনে। যাই হোক, পরিবার যে খানদানি সে তো বুঝতেই পারছেন। আমরা তিন ভাই—আমি, হরিনারায়ণ আর দেবনারায়ণ। আমি ছোট, দেবনারায়ণ বড়। দেব ব্যবসায়ী আর হরি চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট। আমাদের বাবা বেঁচে আছেন। নাম কীর্তিনারায়ণ, বয়স উনআশি। উনি ব্যারিস্টার, যদিও এখন আর কোর্ট-কাছারি করার সামর্থ্য

নেই। বুঝতেই পারছেন, এই অবস্থায় আমার যাত্রার সঙ্গে যোগটা কত অস্বাভাবিক। কিন্তু আমার ছেলোবেলা থেকেই ওই দিকে শখ। আই. এ. পাশ করে আর পড়িনি। বেহালা শিখেছি মাস্টার রেখে, গান করতাম, গান লিখতাম খুব কম বয়স থেকেই। বাবাকে সোজাসুজি বলি যে আমি যাত্রায় জয়েন করব। বাবার আবার কেন জানি আমার উপর একটা দুর্বলতা ছিল, তাই আমার আবদারটা মেনে নিলেন। এখন অবিশ্যি আমি আমার অন্য দু ভাইয়ের চেয়ে কম কিছু রোজগার করি না। যাত্রার আর্থিক সম্বলতার কথাটা জানেন তো?’

‘তা আর জানি না,’ বললেন লালমোহনবাবু। ‘হিরো-হিরোইন মাইনে পায় পঁচিশ-ত্রিশ হাজার টাকা করে।’

‘আমার নিজের কথাটা নিজেই বলছি বলে কিছু মনে করবেন না,’ বললেন ইন্দ্রনারায়ণবাবু, ‘কিন্তু আজ ভারত অপেরার যে এত নাম-ডাক সেটা প্রায় অনেকটাই আমার জন্য। আমার নাটক, আমার গান, আমার বাজনা—এগুলো ভারত অপেরার বড় অ্যাট্রাকশন, এবং আমার গোলমালটাও এর থেকেই।’

কথাটা বলে ভদ্রলোক থামলেন। তার একটা কারণ অবিশ্যি শ্রীনাথ চা এনেছে তাই। ফেলুদা বলল, ‘আপনি কি অন্য দলের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতার কথা বলছেন?’

‘আপ্তে হ্যাঁ, আপনি ঠিক ধরেছেন। আমাকে বেশি টাকার প্রলোভন দেখিয়ে ভাঙিয়ে নেবার চেষ্টা তো অনেক দিন থেকেই চলছে। টাকা জিনিসটাকে তো আর অগ্রাহ্য করা চলে না, তবে ভারত অপেরার সঙ্গে আমি আছি আজ সতেরো বছর ধরে। এরা আমাকে যথেষ্ট যত্ন-আত্তি করে, আমার গুণের মর্যাদা দেয়। কাজেই এ দল ছেড়ে অন্য দলে যাবার আগে অনেকবার ভাবতে হয়। আমি তাই এদের সবাইকে ঠেকিয়ে রেখেছি। কিন্তু সেদিন যেটা হল এবং যেটার জন্য আমি আপনার কাছে আসতে বাধ্য হলাম—সেটা হল আমাকে হটিয়ে ভারত অপেরাকে পঙ্গু করার চেষ্টা।’

‘হটিয়ে মানে?’

‘সোজা কথায় খুন করে।’

‘এটার প্রমাণ কী?’

‘প্রমাণ একেবারে শারীরিক আক্রমণ। তিন দিন আগের ঘটনা। এখনও কাঁধে ব্যথা রয়েছে।

‘কোথায় হল আক্রমণটা?’

‘বিডন স্ট্রিট থেকে বেরিয়েছে মহম্মদ শফি লেন। সেখানে একটা বাড়িতে আমাদের আপিস আর রিহার্সালের ঘর। গলিটা অন্ধকার এবং নিরিবিলা। সেদিন আবার ছিল লোডশেডিং। ডিসি অফ। আমি যাচ্ছি আপিসে, এমন সময় পিছন থেকে এসে মারল রড জাতীয় একটা কিছু দিয়ে। মাথায় মারতে চেয়েছিল বোধহয়; অস্ত্রের জন্য পারেনি। সৌভাগ্যক্রমে ঠিক সেইসময় আমাদের দলের দুজন অভিনেতা আসছিল গলি দিয়ে আপিসেই। আমি তখন মাটিতে পড়ে যন্ত্রণায় কাতরাচ্ছি। তারা আমাকে তুলে আপিসে নিয়ে গিয়ে সব ব্যবস্থা করে। আমার হাতে বাক্সে বেহালা ছিল, সেটা পড়ে যায় রাস্তায়। আমার সবচেয়ে ভয় ছিল সেটার বুঝি কোনও ক্ষতি হয়েছে—কিন্তু দেখলাম তা হয়নি। এখন, আমি আপনার কাছে এসেছি আমার কী করা উচিত সে বিষয়ে পরামর্শ নিতে।’

ফেলুদা একটা চারমিনার ধরিয়ে বলল, ‘এই অবস্থায় তো আমার পক্ষে কিছু করা সম্ভব নয়। আর যে লোক আপনাকে আক্রমণ করেছে সে যে বিরুদ্ধ পার্টির লোক এমনও ভাবার কোনও কারণ দেখছি না। সে সাধারণ চোর ছাঁচড় হতে পারে—হয়তো আপনার মানিবাগ হাতানোর তালে ছিল। আপনি বরং পুলিশে খবর দিতে পারেন। এর বেশি আর আমার দিকে থেকে কিছু বলা সম্ভব নয়, মিঃ আচার্য। তবে আর যদি কোনও ঘটনা ঘটে তা হলে আপনি আমাকে



জানাবেন। কিন্তু এ ব্যাপারে পুলিশ আপনাকে আরও বেশি সাহায্য করতে পারবে বলে আমার বিশ্বাস। এটুকু বলতে পারি যে আপনার পারিবারিক ইতিহাস আমার খুব ইন্টারেস্টিং লাগল। এ রকম পরিবার থেকে কেউ কোনওদিন যাত্রায় যোগ দিয়েছে বলে আমার জানা নেই।’

‘আমাকে বলা হত আচার্য ফ্যামিলির ব্ল্যাক শিপ’, বললেন ইন্দ্রনারায়ণবাবু, ‘অন্তত আমার ভাইরা তাই বলতেন।’

ইন্দ্রনারায়ণবাবু আর বসলেন না। উনি চলে যাবার পর ফেলুদা দুটো ধোঁয়ার রিং ছেড়ে বলল, ‘ভাবতে অবাক লাগে যে মাত্র একশো বছর আগে এই আচার্য ফ্যামিলির কন্দর্পনারায়ণ বিলেত গিয়ে চুটিয়ে নবাধি করেছে, আর আজ সেই ফ্যামিলিরই ছেলে মহম্মদ শফি লেনে যাত্রার রিহর্সাল দিতে গিয়ে গুণ্ডার হাতে রডের বাড়ি খাচ্ছে। মাত্র তিন জেনারেশনে এই

পরিবর্তন কল্পনা করা যায় না।’

‘অবিশ্যি পরিবর্তনটা হয়েছে শুধু ঐরই ক্ষেত্রে,’ বললেন লালমোহনবাবু। ‘অন্য ভাইদের কথা যা শুনলুম তাতে তো মনে হয় তাঁরা দিব্যি আচার্য ফ্যামিলির ট্র্যাডিশন চালিয়ে যাচ্ছেন।’

‘যাই হোক,’ বলল ফেলুদা, ‘ফ্যামিলিটাকে ইন্টারেস্টিং লাগছে। বোসপুকুরে একবার গিয়ে পড়তে পারলে মন্দ হত না।’

সেই বোসপুকুরের আচার্য বাড়িতে যাবার সুযোগ যে কয়েকদিনের মধ্যেই এসে পড়বে তা কে জানত?

২

ইন্দ্রনারায়ণের কথা

‘সম্রাট অশোক’ আর দুদিনে শেষ হয়ে যাবে। সেদিক দিয়ে ইন্দ্রনারায়ণের চিন্তা করার কিছু নেই। সত্যি বলতে কী, নাটক আরও চারখানা আগেই তৈরি হয়ে আছে, যদিও সে কথা ইন্দ্রনারায়ণ তাঁর যাত্রা দলের মালিককে এখনও বলেননি। সব নাটক সব সময় চলে না; দর্শকের রুচি আশ্চর্যরকম বদলায় বছরে বছরে। হাওয়া বুঝে নাটক লিখতে হয়, না হলে ভাল নাটকও অনেক সময় মার খেয়ে যায়। সে বিচারে সম্রাট অশোক এখন খুবই যুগোপযোগী নাটক।

আসলে দুশ্চিন্তার কারণ অন্য। এখন বেজেছে রাত দশটা। আর কিছুক্ষণ পরেই বীণাপাণি অপেরার ম্যানেজার অশ্বিনী ভড় আসবেন ইন্দ্রনারায়ণের কাছে। এই নিয়ে পাঁচবার হবে তাঁর আসা। এ ছাড়া নব নট কোম্পানির লোকও এসেছে তাঁর কাছে; কিন্তু বীণাপাণির মতো জোর তাদের নেই। আসার কারণ একটাই; ভারত অপেরা থেকে ভাঙিয়ে নিতে চায় তারা ইন্দ্রনারায়ণকে। সতেরো বছর যাত্রার সঙ্গে যুক্ত রয়েছেন ইন্দ্রনারায়ণ। এখন তাঁর বয়স বেয়াল্লিশ। এই খাওয়া-খাওয়ার ব্যাপারটা সম্পর্কে এতদিন তিনি ওয়াকিবহাল ছিলেন না; এখন হয়েছেন। অবিশ্যি এর জন্য তাঁর খ্যাতিই দায়ী। ঈশ্বরদত্ত ক্ষমতা নিয়ে জন্মেছিলেন ইন্দ্রনারায়ণ। তাই আজ সব দল তাঁকে হাত করতে চায়। বিশেষ করে বীণাপাণি অপেরা।

সেদিনের আক্রমণটা অবিশ্যি এই রেযারেখির সঙ্গে যুক্ত নাও হতে পারে। প্রদোষবাবু ঠিকই বলেছিলেন। এটা খুব সম্ভবত চোর-ছাঁচড়ের ব্যাপার। মাথায় বাড়ি মারতে চাইলে কি মারতে পারত না? আসলে সে উদ্দেশ্য ছিল না; ছিল অজ্ঞান করে পকেট থেকে মানিব্যাগটি নিয়ে পালানো। সেদিন সঙ্গে টাকাও ছিল দেড়শোর উপর। ভাগ্যিস মলয় আর ইন্দ্রজিৎ এসে পড়ল! খুব বাঁচন বেঁচেছেন ইন্দ্রনারায়ণ।

সন্তোষ বেয়ারা এসে স্লিপ দিল। অশ্বিনী ভড়।

‘যাও, ডেকে আনো,’ বললেন ইন্দ্রনারায়ণ আচার্য।

অশ্বিনী ভড় এসে চেয়ার টেনে নিয়ে পাশেই বসে বললেন, ‘বলুন।’

‘আপনি বলুন,’ বললেন ইন্দ্রনারায়ণ।

‘আমি আর নতুন কথা কী বলব ইন্দ্রবাবু। আমি তো এই নিয়ে পাঁচবার এলুম। এবার তো একটা এস্পার ওস্পার না করলেই নয়।’

‘সে তো বুঝতেই পারছি। কিন্তু আমি যে মনস্থির করে উঠতে পারছি না অশ্বিনীবাবু। এতদিনের একটা সম্পর্ক চুকিয়ে দেওয়া তো মুখের কথা নয়।’

‘সবই বুঝলুম, কিন্তু আর্টিস্টরা তো ঘর বদল করেছে। নিউ অপেরায় দশ বছর থাকার পর ভারতে চলে গেলেন সঞ্জয়কুমার। এ তো হামেশাই হচ্ছে। আর টাকার অঙ্কটা অগ্রাহ্য করছেন কী করে? আপনি কত পাচ্ছেন ভারত অপেরায় সে তো আমরা জানি। পনেরো হাজার। আমরা

সেখানে বলছি বিশ। এক বছরে আপনার ইনকাম হবে আড়াই লাখ। আর খাতির যত্ন আপনাকে আমরা ওদের চেয়ে কিছু কম করব না। গুণের কদর আমরাও করি। বিজ্ঞাপনে আপনার নাম থাকবে মোটা হরফে। আপনি যা বলবেন তাই আমরা মেনে নেব—নেহাত যদি সাধের বাইরে না হয়।’

‘শুনুন অশ্বিনীবাবু। আমার আর দু-তিনদিন লাগবে এই নাটকটা শেষ করতে। আমি এখন আর কিছু ভাবতে পারছি না। আপনি সামনের সপ্তাহে আর একটিবার আসুন।’

‘ভরসা দিচ্ছেন কিছুটা?’

‘একেবারে নিরাশ করার ইচ্ছে থাকলে আর আপনাকে আসতে বলব কেন? তবে আমার দিকটাও আপনার চিন্তা করে দেখতে হবে। টাকাটাই যে সব সময় সব থেকে বড় জিনিস তা তো নয়। ভারত অপেরা যদি জানে যে আপনারা আমাকে বিশ অফার করছেন, তা হলে আমার বিশ্বাস তারাও আমাকে ওই টাকাই দিতে চাইবে। আর সবচেয়ে বড় কথা হচ্ছে—এত বছরের সম্পর্ক কি চট করে ভোলা যায়?’

‘ঠিক আছে। তা হলে তো এখন আর কথা বলে লাভ নেই। দিন সাতেক পরে এলে আশা করি ফল হবে। এভাবে ঝুলিয়ে রাখাটাও কোনও কাজের কথা নয়, ইন্দ্রবাবু। আসি। নমস্কার।’

‘নমস্কার।’

ইন্দ্রনারায়ণ ঘর থেকে বেরিয়ে সামনের দরজার দিকে কিছুদূর এগিয়ে দিলেন অশ্বিনীবাবুকে। তারপর নিজের কাজের ঘরে ফিরে এসে আবার চেয়ারে বসলেন। শেষ দৃশ্যটা ভালই যাচ্ছে। এভাবে একেবারে শেষ পর্যন্ত গেলে এ নাটককে কেউ রুখতে পারবে না। এটা হবে ইন্দ্রনারায়ণ আচার্যের জীবনের শ্রেষ্ঠ কাজ।

ইন্দ্রনারায়ণ এক মনে কাজ করে চলেছেন। মাঝে মাঝে দু-একটা শ্যামা পোকা আসছে। সামনে পুজো। এই পোকাই তাঁর কাজে সবচেয়ে বেশি ব্যাঘাতের সৃষ্টি করে। আর লোডশেডিং। তবে আজ কদিন থেকে লোডশেডিং হচ্ছে না। আশা করি সামনের দুটো দিনও হবে না।

ইন্দ্রনারায়ণ তাঁর পুরো মনোযোগটা লেখায় দিলেন। তাঁর জীবনের শ্রেষ্ঠ নাটক। সম্রাট অশোক।

কিন্তু কাজ বেশি দূর এগোতে পারল না। ইন্দ্রনারায়ণ টেরও পেলেন না যে একটি লোক ঘরে ঢুকে অতি সন্তর্পণে তাঁর পিছনে এসে দাঁড়িয়েছে।

তারপর হামানদিস্তার একটি মোক্ষম বাড়ি। আর ইন্দ্রনারায়ণের চোখের সামনে সব কিছু চিরতরে অন্ধকার হয়ে গেল।

৩

খবরের কাগজ খুলে চমকে উঠলাম।

ইন্দ্রনারায়ণ আচার্য তাঁর বাড়িতে খুন হয়েছেন। গত পরশু রাতে হয়েছে ঘটনাটা। খবরে যাত্রায় ইন্দ্রনারায়ণের ভূমিকা সম্বন্ধেও কয়েক লাইন লিখেছে। আশ্চর্য দশ দিনও হয়নি ভদ্রলোক আমাদের বাড়ি এসেছিলেন ফেলুদার সঙ্গে দেখা করতে।

ফেলুদা অবিশ্যি আমার আগেই খবরটা পড়েছে। আক্ষেপের ভঙ্গিতে মাথা নেড়ে বলল, ‘লোকটা এল আমার কাছে, অথচ কিছু করতে পারলাম না ওর জন্য। অবিশ্যি করার কোনও উপায়ও ছিল না।’

আমার একটা ব্যাপারে খটকা লাগছিল। বললাম, ‘প্রথমবার ভদ্রলোককে গলিতে অ্যাটাক

করেছিল, আর এবার একেবারে বাড়ির ভিতর এসে খুন করল। খুব ডেয়ারিং খুনি বলতে হবে।’

ফেলুদা বলল, ‘সেটা ওঁর বাড়ির প্ল্যান, ভদ্রলোক কোন ঘরে থাকতেন, ইত্যাদি না দেখে বলা যাবে না। আর খুন করার তেমন তাগিদ থাকলে বাড়িতে এসে করবে না কেন?’

‘কিন্তু এবার তো আর তোমাকে তদন্তের জন্য ডাকল না।’

‘এবারে পুলিশকেই ডেকেছে বোঝা যাচ্ছে। তবে ও পাড়ার থানার দারোগা মণিলাল পোদ্দারকে তো বেশ ভাল করে চিনি। এক তিনি যদি কোনও খবর দেন।’

মণিলাল পোদ্দারকে আমিও একবার দেখেছি। মোটাসোটা গুঁফো ভদ্রলোক, ফেলুদাকে যেমন ঠাট্টাও করেন তেমনি শ্রদ্ধাও করেন।

তবে শেষ পর্যন্ত খবরটা এল দারোগার কাছ থেকে নয়; স্বয়ং আচার্য বাড়ির কর্তা উনআশি বছরের বুড়ো কীর্তিনারায়ণ ফেলুদাকে ডেকে পাঠালেন। খুনটা হবার তিন দিন পরে সকালে নটা নাগাত এক ভদ্রলোক এলেন আমাদের বাড়িতে। বয়স চল্লিশের কাছাকাছি, বেশ শার্প চেহারা, চোখে সোনার চশমা। অক্টোবর মাস হলেও বেশ গরম, ভদ্রলোক সোফায় বসে রুমাল বার করে ঘাম মুছে বললেন, ‘কিছু মনে করবেন না, মিঃ মিস্ত্রি; বহুবীর চেপ্টা করেও আপনার লাইন পেলাম না। আমি আসছি বোসপুকুরের আচার্য বাড়ি থেকে। আমরা পাঠিয়েছেন বাড়ির কর্তা কীর্তিনারায়ণবাবু। আমাদের বাড়িতে একটা খুন হয়েছে জানেন বোধহয়। সেই ব্যাপারে যদি আপনার সাহায্য পাওয়া যায়।’

‘আপনার পরিচয়টা...?’

‘এই দেখুন, আসল কথাটাই বলা হয়নি। আমার নাম প্রদ্যুম্ন মল্লিক। আমি ও বাড়িতে থেকে বংশের আদিপুরুষ কন্দর্পনারায়ণের একটা জীবনী লিখছি। লেখাই আমার পেশা। একটা খবরের কাগজে চাকরি করতাম, এখন ছেড়ে দিয়েছি। আপাতত জীবনীর জন্য তথ্য সংগ্রহের সঙ্গে সঙ্গে কীর্তিনারায়ণের সেক্রেটারির কাজ করছি। উনি ব্যারিস্টার ছিলেন; রিটারার করেছেন বছর চারেক হল। ওঁর শরীরটা বিশেষ ভাল নেই।’

‘আমাকে ডাকতে এসেছেন—পুলিশে খবর দেওয়া হয়নি?’

‘পুলিশ যা করার করছে, কিন্তু কীর্তিনারায়ণের পছন্দ-অপছন্দ একটু গতানুগতিকের বাইরে। পুলিশকে ডেকেছে ওঁর ছেলেরা। উনি নিজে আপনার কথা বললেন। বললেন পুলিশের চেয়ে একজন ভাল প্রাইভেট ডিটেকটিভ নিয়োগ করলে কাজ হবে বেশি। উনি আবার গোয়েন্দা কাহিনীর বিশেষ ভক্ত। আপনার যা পারিশ্রমিক তাও উনি দিতে রাজি আছেন অবশ্যই।’

‘ইতিমধ্যে খুন সম্বন্ধে আর কোনও তথ্য পাওয়া গেছে?’

‘বিশেষ কিছুই না। খুনটা মাথার পিছন দিকে বাড়ি মেরে করা হয়। ইন্দ্রনারায়ণ তখন টেবিলে বসে কাজ করছিলেন। পুলিশের ডাক্তার পরীক্ষা করে বলেন যে খুনটা হয় রাত বারোটা থেকে সাড়ে বারোটোর মধ্যে। ইন্দ্রনারায়ণের ঘর ছিল বাড়ির এক তলায়। একটা শোবার ঘর আর তার পাশে একটা কাজের ঘর। উনি অনেক রাত পর্যন্ত কাজ করতেন। উনি যে যাত্রার সঙ্গে যুক্ত ছিলেন সে খবর জানেন বোধহয়?’

ফেলুদা এবার মিঃ মল্লিককে বলে দিল যে ইন্দ্রনারায়ণ আচার্য তার কাছে এসেছিলেন, তাই আচার্য পরিবার সম্বন্ধে অনেক তথ্যই সে জানে।

‘তা হলে তো ভালই হল,’ বললেন প্রদ্যুম্ন মল্লিক। ‘খুনের রাত্রে দশটার সময় ইন্দ্রনারায়ণের কাছে বীণাপাণি অপেরার ম্যানেজার আসেন দেখা করতে। পুলিশ অবিশ্যি তাঁকে জেরা করছে, কারণ বাড়ির চাকর সন্তোষ বেয়ারা তার জবানিতে বলে যে, ইন্দ্রনারায়ণ আর ওই ভদ্রলোকের মধ্যে বচসা হচ্ছিল সেটা সে শুনতে পায়। কিন্তু বীণাপাণি অপেরার ভদ্রলোক—নাম বোধহয় অশ্বিনীবাবু—এগারোরটার মধ্যে চলে যান। তারপর আবার আসেন কি না জানা যায়নি,

কারণ বাড়ির পিছন দিকে একটা দরজা আছে সেটা চাকররা বন্ধ করে অনেক রাত্রে। রাতের কাজের পর চাকরগুলো পাড়ায় আড্ডা দিতে বেরোয়, ফেরে একটার কাছাকাছি। কাজেই বারোটা নাগাত যদি অশ্বিনীবাবু আবার ফিরে এসে থাকেন তা হলে সে খবর কেউ নাও জানতে পারে। যাই হোক, সে তো আপনি গিয়ে তদন্ত করবেনই। অবিশ্যি যদি আপনি তদন্তের ভার নিতে রাজি থাকেন। যদি তাই হয় তা হলে আজ সকালেই এগারোটা নাগাত আপনি আসতে পারেন। তখন কীর্তিনারায়ণ ফ্রি থাকেন।’

ফেলুদা রাজি হবে জানতাম, কারণ আচার্য পরিবার সম্বন্ধে ওর একটা কৌতূহল আগে থেকেই ছিল। তা ছাড়া ইন্দ্রনারায়ণবাবুর সঙ্গে কথা বলেও ওর বেশ ভাল লেগেছিল। ঠিক হল আমরা এগারোটার সময় বোসপুকুরে গিয়ে হাজির হব। প্রদ্যুম্নবাবু আরেকবার ঘাম মুছে বিদায় নিলেন।

‘ওই কাগজটা কী বেরিয়ে পড়ল দেখ তো,’ ফেলুদা বলল ভদ্রলোক চলে যাবার পর।

একটা ভাঁজ করা সাদা কাগজ সোফার কোণে পড়ে আছে, আমি সেটা তুলে ফেলুদাকে দিলাম। ভাঁজ খুলতে দেখা গেল ডট পেনে দুলাইন ইংরিজি লেখা—

HAPPY BIRTHDAY

HUKUM CHAND

ফেলুদা ভুরু কুঁচকে লেখাটার দিকে কিছুক্ষণ চেয়ে দেখে বলল, ‘হুকুম চাঁদ নামটা চেনা চেনা মনে হচ্ছে। কথাটা বোধহয় জন্মদিনের কেকের উপর লেখা হবে। হুকুম চাঁদ সম্ভবত কীর্তিনারায়ণের বন্ধু। কিম্বা হয়তো টেলিগ্রাম পাঠানো হবে; মল্লিকের উপর ভার ছিল কাজটা করবার।’

ফেলুদা কাগজটাকে আবার ভাঁজ করে নিজের শার্টের বুক পকেটে রেখে দিল।


‘এবার কর্তব্য হচ্ছে তৃতীয় মাস্টেটিয়ারকে ফোন করা। তাঁর যান ছাড়া তো আমাদের গতি নেই, এবং তাঁকে বাদ দিলে তিনি সমুদ্র হবেন বলে মনে হয় না।’

লালমোহনবাবুকে ফোন করার এক ঘণ্টার মধ্যেই ভদ্রলোক স্নান করে ফিটফাট হয়ে নিজের সবুজ অ্যাস্বাসাডর নিয়ে চলে এলেন। সব শুনেটুনে বললেন, ‘এবারে পুজোটা তার মানে রহস্যের জট ছাড়াতেই কেটে যাবে। তা এক হিসেবে ভাল। উপন্যাসটা লেখা হয়ে গেলে পর হাতটা বড্ড খালি খালি লাগে। এতে সময়টা দিব্যি কেটে যাবে। ভাল কথা, আমার পড়শি রোহিণীবাবু সেদিন বলছিলেন ওঁর নাকি বোসপুকুরে আচার্যদের সঙ্গে চেনাশুনা আছে। বললেন, “এমন পরিবার দেখবেন না মশাই; বাপ-ছেলেয় মিল নেই, ভাইয়ে-ভাইয়ে মিল নেই, তাও একান্নবর্তী হয়ে বসে আছে। সে বাড়িতে যে খুন হবে সেটা আশ্চর্যের কিছুই নয়।”

আমরা রওনা দিয়ে দিলাম। লালমোহনবাবুর ডাইভার হরিপদবাবু যে গাড়িটার যত্ন নেন সেটা গাড়ির কন্ডিশন দেখলেই বোঝা যায়। ভদ্রলোক ফেলুদার ভীষণ ভক্ত।

এগারোটা বেজে পাঁচ মিনিটে বোসপুকুর রোডে আচার্যদের বাড়ির পোর্টিকোর নীচে দরজার সামনে গিয়ে দাঁড়াল আমাদের অ্যাস্বাসাডর। কলিং বেল টিপতে চাকর এসে দরজা খুলে দিতেই দেখি পিছনে দাঁড়িয়ে আছেন প্রদ্যুম্ন মল্লিক। বললেন, ‘গাড়ির আওয়াজ শুনেই বুঝেছি আপনি এসেছেন। আমিও থাকি একতলাতেই। আসুন দোতলায় একেবারে বড় কর্তার কাছে।’

পেল্লায় বাড়ি, নিশ্চয়ই সেই কন্দর্পনারায়ণের তৈরি, কিম্বা তারও আগে হতে পারে, কারণ দেখে মনে হয় বয়স হবে অন্তত দেড়শো বছর। চওড়া কাঠের সিঁড়িতে শব্দ তুলে আমরা দোতলায় গিয়ে পৌঁছলাম। সিঁড়ির পাশের দেয়ালে আচার্যদের পূর্বপুরুষদের বিশাল বিশাল অয়েল পেন্টিং; সিঁড়ি দিয়ে উঠেই সামনে একটা প্রকাণ্ড শ্বেতপাথরের মূর্তি, এদিকে ওদিকে ছড়ানো নানান সাইজের ফুলদানি তার বেশির ভাগই চিনে বলে মনে হল। একটা বিশাল



দাঁড়ানো ঘড়িও রয়েছে সিড়ির সামনের বারান্দায়। বারান্দার এক পাশে দাঁড়ালে নীচে নাটমন্দির দেখা যায়, অন্য পাশে সারবাঁধা ঘর। এরই একটা ঘরে আমাদের নিয়ে গিয়ে ঢোকালেন প্রদ্যুম্ন মল্লিক। দেখলাম এটা একটা মাঝারি সাইজের বৈঠকখানা; চারিদিকে সোফা বিছানো, মাটিতে কার্পেট, মাথার উপর দুদিকে দুটো ঝাড় লঠন। আমি আর লালমোহনবাবু একটা সোফায় বসলাম। ফেলুদা কিছুক্ষণ পায়চারি করে জিনিসপত্র দেখা আর একটা ছোট সোফায় বসল। মল্লিক মশাই গেছেন কীর্তিনারায়ণকে ডাকতে।

দু মিনিটের মধ্যেই এসে পড়লেন বাড়ির কর্তা কীর্তিনারায়ণ আচার্য। ধপধপে ফরসা রং, দাড়ি গোঁফ কামানো, চুল অধিকাংশই পাকা। তবে উনআশিতেও যে কিছু কাঁচা অবশিষ্ট রয়েছে সেটাই আশ্চর্য। ছোটখাটো মানুষ কিন্তু এমন একটা পার্সোনালিটি আছে যে তাঁর দিকে চোখ যাবেই, এবং গিয়ে থেমে থাকবে। দেখে মনে হয় ব্যারিস্টার হিসেবে ইনি নিশ্চয়ই খুব পাকা ছিলেন। ভদ্রলোকের পরনে সিল্কের পায়জামা, পাঞ্জাবি আর বেগুনি রঙের ড্রেসিং গাউন। চোখে যে চশমাটা রয়েছে সেটা হল যাকে বলে হাফ গ্লাস, অর্থাৎ নীচের দিকে পড়ার জন্য অর্ধেক লেন্স আর উপর দিকটা ফাঁকা।

‘কই, কিনি গোয়েন্দা মশাই?’

ফেলুদা নিজের, এবং সেই সঙ্গে আমাদের দুজনের পরিচয় দিয়ে দিল। লালমোহনবাবুর

পরিচয় পেয়ে কীর্তিনারায়ণ চোখ কপালে তুললেন। ‘কই, আপনার লেখা কোনও রহস্য গল্প তো কোনওদিন পড়িনি!’

লালমোহনবাবু ভীষণ বিনয় করে বললেন, ‘আজ্ঞে সে সব আপনার পড়ার মতো কিছুই না।’

‘তবু, রহস্য গল্প যখন লেখেন তখন আপনার মধ্যেও একটি গোয়েন্দা নিশ্চয়ই বর্তমান। দেখুন, আপনারা দুজনে মিলে এই রহস্যের কোনও কিনারা করতে পারেন কিনা। ইন্দ্র ছিল আমার ছোট ছেলে। যা হয়, কনিষ্ঠ সন্তান অনেক সময়ই একটু নেগলেকটেড হয়। ওর ক্ষেত্রেও তাই হয়েছিল, কিন্তু তার জন্য ও কোনওদিন অভিযোগ করেনি বা কুপথে যায়নি। গান-বাজনা ভালবাসত, পড়াশুনা যখন হল না তখন ভাবলুম ওদিকেই যাক। ছোট বয়স থেকেই গান লিখত, নাটক লিখত, বেহালা বাজাত। বাড়িতে বেহালা ছিল ঠাকুরদাদার আনা বিলেত থেকে, “আম আঁটির ভেঁপু”—’

‘আম আঁটির ভেঁপু?’ ফেলুদা অবাক হয়ে প্রশ্ন করল।

‘ওই রকমই রসিকতা ছিল ঠাকুরদার,’ বললেন কীর্তিনারায়ণ, ‘বেহালাকে বলতেন আম আঁটির ভেঁপু, প্রথম ল্যাগভা মোটর গাড়ি যখন কিনলেন তখন সেটাকে বলতেন পুষ্পক রথ, গ্রামোফোন রেকর্ডকে বলতেন সুদর্শন চক্র—এই আর কী। ঠাকুরদাদার কথা বলতে গেলে রাত কাবার হয়ে যাবে। আসল কথা হচ্ছে কী, ইন্দ্র এই ভাবে জীবন শেষ হয়ে যাওয়াতে আমি প্রচণ্ড আঘাত পেয়েছি। যাত্রায় যোগ দেওয়াটা আচার্য বাড়ির ছেলের পক্ষে কিছু গৌরবের নয় ঠিকই, কিন্তু শেষের দিকে সে মাইনে পেত পনেরো হাজার টাকা; এটাও তো দেখতে হবে! তার মধ্যে গুণ না থাকলে এটা কি হয়? আমি নিজে যাত্রা থিয়েটারের খুব ভক্ত ছিলাম। এক রকম নেশা ছিল বলতে পার। সেখানে আমার নিজের ছেলে সে লাইনে গেলে নাক সিঁটকোলে চলবে কেন? না, ইন্দ্রকে আমি সম্পূর্ণ স্বাধীনতা দিয়েছিলাম। আর সে সেটার সদ্ব্যবহার করে পুরোপুরি। যাত্রার কাজ করেও তার মধ্যে কোনও বদ খেয়াল দেখা দেয়নি। কাজ-পাগলা মানুষ ছিল সে। বেহালায় হাত ছিল চমৎকার, গান লিখত রীতিমতো ভাল। আমার মতে আচার্য বংশের সে কোনও রকম অসম্মান করেনি; বরং একদিক দিয়ে দেখলে মুখ উজ্জ্বলই করেছে।’

ফেলুদা বলল, ‘আপনি কি জানেন যে দিন পনেরো আগে মহম্মদ শফি লেনে তাঁকে একজন এসে পিছন থেকে আঘাত করে, এবং সে আঘাত কাঁধে না পড়ে মাথায় পড়লে তিনি হয়তো তখনই মারা যেতেন?’

‘তা জানি বইকী,’ বললেন কীর্তিনারায়ণ। ‘আমিই তো তাকে তোমার পরামর্শ নিতে বলি।’

‘এবার যে ঘটনাটা ঘটল, আপনার মতে কি তার জন্যও এই যাত্রার দলগুলির মধ্যে রেষারেষি দায়ী?’

‘সে তো আমি বলতে পারব না। সেটা বার করার দায়িত্ব তোমার। তবে এটা বলতে পারি যে ইন্দ্র শত্রু যদি থেকে থাকে তো সে যাত্রার দলেই হয়তো থাকবে। এমনিতে সে বিশেষ কারুর সঙ্গে মিশত না, আর সম্পূর্ণ নির্বিবাদী লোক ছিল। বললাম না, সে যে জিনিসটা জানত সেটা হল কাজ। কাজের বাইরে তার আর কোনও ইস্টারেস্ট ছিল না।’

‘পুলিশ তো বোধহয় বাড়ির সকলকে জেরা করেছে?’

‘তা তো করবেই। সেটা তো তাদের রুটিনের মধ্যেই পড়ে। কিন্তু তারা করেছে বলে তুমি করতে পারবে না এমন কোনও কথা নেই। এখন অবিশ্যি তুমি আমার অন্য ছেলেদের পাবে না। সন্ধ্যায় এলে পাবে। প্রদ্যুম্ন এখন আছে, তাকে কিছু জিজ্ঞেস করতে চাইলে করতে পারো। চাকর-বেয়ারারা আছে। আমার এক বউমা আছেন, হরিনারায়ণের স্ত্রী। বড় ছেলে দেবনারায়ণ বিপত্নীক। হরিনারায়ণের মেয়ে লীনা আছে। সে খুব চালাক-চতুর। ইন্দ্র খুব ন্যাওটা ছিল। ভাল কথা, তোমার ফি কত?’

‘আমি আগাম হাজার টাকা নিই; তারপর তদন্ত ঠিক মতো শেষ হলে পর আরও হাজার নিই।’

‘রহস্যের সমাধান না হলে আগামটা ফেরত দেওয়া হয়?’

‘আজ্ঞে না, তা হয় না।’

‘ভেরি গুড। আমি তোমাকে হাজার টাকার চেক লিখে পাঠিয়ে দিচ্ছি। দোহাই বাপু—আমি কোনদিন ফস করে চলে যাব—একে ডায়বেটিস, তার উপর একটা স্ট্রোক হয়ে গেছে—যাবার আগে ইন্ডের খুনির শাস্তি হয় এটা আমি দেখে যেতে চাই।’

‘শুধু একটা প্রশ্ন করার বাকি আছে।’

‘বলো।’

‘হুকুম চাঁদ বলে কি আপনার বন্ধুস্থানীয় কেউ আছে?’

‘হুকুম সিং বলে একজনকে চিনতাম, তা সে অনেকদিন আগে।’

‘থ্যাক্স ইউ।’

ফেলুদা প্রদ্যুম্নবাবুর সঙ্গেই আগে কথা বলা স্থির করল। কীর্তিনারায়ণবাবু উঠে চলে যেতেই প্রদ্যুম্নবাবু এসে ঘরে ঢুকলেন। ভদ্রলোক প্রথম কথাই বললেন, ‘দারোগা সাহেব একবার আপনার সঙ্গে দেখা করতে চান।’

‘কে, মিস্টার পোদ্দার?’

‘হ্যাঁ, উনি নীচে আছেন।’

আমরা তিনজন নীচে রওনা দিলাম। লালমোহনবাবু এতক্ষণ চুপচাপ ছিলেন, তবে বুঝতে পারছিলাম যে উনি সব কথা মনোযোগ দিয়ে শুনছিলেন। বিভিন্ন লোকে কী ভাবে কথা বলে সেদিকে নাকি লেখকদের দৃষ্টি রাখতে হয়, তা না হলে গল্পে ভাল ডায়ালগ লেখা যায় না। তা ছাড়া কিছুদিন আগেই লালমোহনবাবু একদিন আমাদের বাড়িতে আড্ডা মারতে মারতে বলেছিলেন, ‘শোনো ভাই তপেশ, তোমার দাদাকে কিন্তু আমরা তদন্তের ব্যাপারে যতটা সাহায্য করতে পারি ততটা করি না। এবার থেকে আমরাও চোখ-কান খোলা রাখব। শুধু দর্শকের ভূমিকা নেওয়াটা কোনও কাজের কথা নয়—বিশেষ করে আমি নিজেই যখন গোয়েন্দা কাহিনী লিখি।’

মণিলাল পোদ্দার ফেলুদাকে দেখে একগাল হেসে বললেন, ‘গন্ধে গন্ধে ঠিক এসে হাজির হয়েছেন দেখছি।’

ফেলুদা বলল, ‘আমি তো ভাবলাম এসে দেখব আপনি বুঝি কেস খতম করে ফেলেছেন।’

‘ব্যাপারটা তো মোটামুটি বোঝাই যাচ্ছে’, বললেন মণিলালবাবু, ‘যাত্রা পার্টিদের মধ্যে রেযারেযি। ভিকটিম ভারত অপেরার স্তম্ভ বিশেষ, ওঁর জোরেই প্রায় নাটক চলত, অন্য দল তাঁকে ভাঙিয়ে নিতে চেষ্টা করছিল, পারেনি, তাই তাঁকে খুন করে ভারত অপেরাকে খোঁড়া করে দিয়েছে। অবিশ্যি চুরিরও একটা মোটিভ ছিল, কারণ ঘরে কিছু কাগজপত্র ঘাঁটাঘাঁটি করা হয়েছিল। হয়তো ওঁর লেখা কোনও নতুন নাটক খুঁজছিল।’

‘আপনি ভারত অপেরার মালিকের সঙ্গে কথা বলেছেন?’

‘শুধু ভারত অপেরা কেন? যেদিন খুনটা হয় সেদিন রাইভ্যাল কোম্পানি বীণাপাণি অপেরার ম্যানেজার এসেছিলেন ভিকটিমের সঙ্গে দেখা করতে। ভদ্রলোকের নাম অশ্বিনী ভড়। অনেক প্রলোভন দেখান। বিশ হাজার টাকা মাইনে অফার করেন; কিন্তু ইন্ডনারায়ণ কোনও কমিট করেননি। ভারত অপেরার প্রতি ন্যাচারেলি ওঁর একটা লয়েলটি ছিল। অশ্বিনী ভড় চলে যান পৌনে এগারোটায়। খুনটা হয় বারোটা থেকে সাড়ে বারোটার মধ্যে। বাড়ির পিছনের দরজা খোলা ছিল। চাকর বলে ইন্ডনারায়ণ তখনও কাজ করছিলেন, আর মাঝে মাঝে বেহালা

বাজাচ্ছিলেন। হয়তো গান লিখছিলেন। সেই সময় মার্ভারটা হয়। পিছন দিক থেকে এসে কোনও ভোঁতা ভারী অস্ত্র দিয়ে মাথায় মারে। তৎক্ষণাৎ মৃত্যু। টেবিলে ঝুঁকে কাজ করছিলেন, এমনতেই মারার সুবিধে।’

‘অস্ত্রটা পাওয়া গেছে?’

‘না। যেদিকটা ইন্দ্রনারায়ণ থাকতেন সেদিকটা নিরিবিলি। এক তলার ঘর। চাকর-বাকর খেয়ে দেয়ে আড্ডা মারতে গিয়েছিল। খাস বেয়ারা সন্তোষের আবার মদের নেশা, সে খাবার পরে মাল খেতে যায়, সাড়ে বারোটা একটায় এসে পিছনের দরজা বন্ধ করে। সদর দরজা অবিশ্যি সব সময়ই বন্ধ থাকে, আর বাইরে দারোয়ান আছে। বারোটার পর যদি কেউ পিছনের দরজা দিয়ে ঢোকে তা হলে কেউ টের পাবে না। কারণ বাড়ির পিছনে গলি—যদু নস্কর লেন।’

‘আমি যদি একবার ইন্দ্রনারায়ণের শোবার ঘর আর কাজের ঘরটা দেখি তা হলে আপনাদের আপত্তি নেই তো?’

‘মোটাই না। ইউ আর মোস্ট ওয়েলকাম। তবে আমি যেমন আপনাকে ইনফরমেশন দিলাম, সেটা আপনার তরফ থেকেও পেলো দুপক্ষেরই সুবিধা—বুঝতেই তো পারছেন, হেঁ হেঁ।’

8

মণিলালবাবুর সঙ্গে কথা সেরে আমরা প্রদ্যুম্নবাবুর সঙ্গে গেলাম ইন্দ্রনারায়ণ আচার্যের ঘরে। ঘরটা এক তলার উত্তর-পশ্চিম কোণে। বাড়ির উত্তর দিকটা হচ্ছে সামনের দিক। মাঝখানে নাটমন্দির আর তাকে ঘিরে তিনদিকে বারান্দা আর সারি সারি ঘর। বাড়ির পিছনের দরজাটা দক্ষিণ-পশ্চিম দিকে, পশ্চিমের বারান্দার শেষ মাথায়। তার মানে কেউ দরজা দিয়ে ঢুকে বারান্দা পেরোলেই ইন্দ্রনারায়ণবাবুর শোবার ঘর পাবে সামনে। তারপর উত্তরের বারান্দা ধরে দশ পা গেলে ডাইনে পাবে ইন্দ্রনারায়ণবাবুর কাজের ঘরের দরজা। অর্থাৎ বাইরে থেকে একজন লোক এসে খুন করাটা খুবই সহজ ব্যাপার।

শোবার ঘরে খাট, একটা আলমারি, দুটো তাক আর কিছু ট্রান্স স্টুকেস ছাড়া জিনিস বেশি নেই। আমরা কাজের ঘরে গিয়ে হাজির হলাম।

এখানে বড় বড় দুটো তাক বোঝাই কাগজপত্র খাতা ইত্যাদিতে। বুঝলাম এগুলোতে নাটক আর গানের খসড়া রয়েছে। সতেরো বছরের যত কাগজ সবই মনে হল এই দুটো তাকে রয়েছে। বারান্দার দিকে যে দরজাটা রয়েছে সেটার ঠিক ডান পাশে একটা টেবিল আর চেয়ার। বোঝাই গেল এইখানেই খুনটা হয়েছিল। টেবিলের উপর ফাউনটেন পেন, ডট পেন, পেনসিল, পেপার ওয়েট, কালি, টেবিল ল্যাম্প ইত্যাদি রয়েছে। আর যেটা রয়েছে সেটা হল একটা বেহালার কেস। ফেলুদা বলল, ‘একবার আম আঁটির ভেঁপুর চেহারাটা দেখা যাক।’

বাক্স খুলে বেহালাটা দেখে বুঝলাম ইন্দ্রনারায়ণবাবু সেটার খুব যত্ন নিতেন। একশো বছরের পুরনো বেহালা এখনও প্রায় নতুনের মতো রয়েছে।

ফেলুদা কেসটা বন্ধ করে দিল।

এ ছাড়া ঘরে রয়েছে এক পাশে একটা সোফা, একটা চেয়ার আর শ্বেত পাথরের একটা ছোট তেপায়া টেবিল। দেয়ালে ছবির মধ্যে রয়েছে দুটো বাঁধানো মানপত্র—ইন্দ্রনারায়ণের পাওয়া—একটা বিলিতি ল্যান্ডস্কেপ আর একটা রামকৃষ্ণ পরমহংসের মার্কামারা ছবি।

ঘর দেখা হলে সোফা আর চেয়ারে ভাগাভাগি করে বসলাম আমরা চারজন। প্রদ্যুম্নবাবু ইতিমধ্যে ঘোলের সরবতের জন্য বলেছিলেন, সেটা এনে চাকর শ্বেতপাথরের টেবিলের উপর রাখল। সরবত খেতে খেতে কথা হল।



‘আপনার ঘরটা কোথায়?’ ফেলুদা প্রশ্ন করল প্রদ্যুম্নবাবুকে।

‘টেরা ভাবে এই ঘরের বিপরীত দিকে,’ বললেন প্রদ্যুম্নবাবু, ‘অর্থাৎ দক্ষিণ-পূর্ব কোণে। একেবারে কোণের ঘরটা হল লাইব্রেরি, আর আমারটা হল তার পাশেই।’

‘আপনি রাত্রে ঘুমোন কখন?’

‘তা বেশ রাত হয়। এক-আধ দিন তো একটা দেড়টাও হয়ে যায়। আমার কাজটা—অর্থাৎ কন্দর্পনারায়ণ সম্বন্ধে তথ্য সংগ্রহের ব্যাপারটা—আমি সাধারণত রাত্রেই করি। প্রথম দিকে আমার কাজ ছিল কীর্তিনারায়ণকে ইন্টারভিউ করা। তিনি বাইশ বছর বয়স পর্যন্ত তাঁর ঠাকুরদাদাকে দেখেছেন। তাঁর কাছ থেকে সব তথ্য নেওয়া হলে পর আমি চিঠিপত্র দলিল

ডায়রি ইত্যাদি স্টাডি করা শুরু করি।’

‘তা হলে সেদিন যখন খুনটা হয় তখন আপনি জেগে ছিলেন?’

‘তা তো বটেই। তবে নাটমন্দিরটা এত বড় যে আমার কাজের ঘর থেকে এ ঘরটা দেখাও যায় না, এখানকার কোনও শব্দ শোনাও যায় না।’

‘বীণাপাণি অপেরা থেকে লোক এসেছিল ইন্দ্রনারায়ণবাবুর কাছে সে খবর জানা গেল কী ভাবে?’

‘সেটা বলেছে সন্তোষ বেয়ারা। অশ্বিনী ভড় যে স্লিপটা পাঠিয়েছিলেন সেটাও টেবিলের উপর পাওয়া যায়। ভদ্রলোক কখন যান সে খবরও বেয়ারাই দেয়।’

‘আপনি বেহালা শুনতে পাননি?’

‘তা হয়তো এক-আধবার শুনেছি, কিন্তু সেটা প্রায় রোজই শুনতাম বলে বিশেষ করে সেই দিন শুনেছিলাম কিনা বলতে পারব না।’

‘কন্দর্পনারায়ণ কি নিয়মিত ডায়রি লিখতেন?’

‘পরের দিকে লেখেননি, কিন্তু পঁচিশ বছর থেকে চল্লিশ বছর পর্যন্ত লিখেছিলেন।’

‘তার মানে বিলেত ভ্রমণের ডায়রিও আছে?’

‘আছে বইকী, আর সে এক আশ্চর্য জিনিস। কত লর্ড আর ডিউক আর ব্যারনের সঙ্গে যে তিনি খানাপিনা করেছেন তা পড়লে আশ্চর্য হয়ে যেতে হয়। লন্ডন থেকে কন্দর্পনারায়ণ ফ্রান্সে যান। সেখানে প্যারিসে কিছুদিন কাটিয়ে তিনি চলে যান ভূমধ্যসাগরের উপকূলে দক্ষিণ ফ্রান্সের রিভিয়েরাতে। আপনি তো জানেন এই অঞ্চলের কয়েকটি শহরের ক্যাসিনো হল জুয়াড়িদের তীর্থস্থান। কন্দর্পনারায়ণ মন্টি কার্লোর ক্যাসিনোতে রুলেট থেকে লাখ লাখ টাকা জেতেন। খুব কম বাঙালিই সে যুগে বিলেত গিয়ে এরকম কীর্তি রেখে এসেছেন।’

‘আচার্যদের জমিদারি কোথায় ছিল?’

‘পূর্ববঙ্গে কাপ্তিপুরে। বিরাট জমিদারি।’

ফেলুদা একটা চারমিনার ধরাল। দুটো টান দিয়ে তারপর বলল, ‘মৃতদেহ আবিষ্কার করে কে?’

‘সেও সন্তোষ বেয়ারা। সে নিজে ফেরে প্রায় পৌনে একটায়। তারপর ইন্দ্রনারায়ণবাবুর কাজের ঘরে বাতি জ্বলছে দেখে একবার উঁকি দিতে এসে দেখে এই ব্যাপার। সঙ্গে সঙ্গে আমাকে খবর দেয়। তারপর আমি দৌতলায় গিয়ে অন্যদের জানাই।’

‘পুলিশে খবর দেবার সিদ্ধান্ত কার?’

‘দেবনারায়ণবাবুর। বড় কর্তা না করেছিলেন, কিন্তু দেবনারায়ণবাবু বাপের কথায় কান দেননি।’

‘আপনার সঙ্গে ইন্দ্রনারায়ণবাবুর সম্পর্ক কীরকম ছিল?’

‘দ্বিবি ভাল। আমি ভদ্রলোককেও কিছু প্রশ্ন করেছিলাম। বিশেষ করে তাঁর বেহালা সম্পর্কে। উনি বলেন যন্ত্রটা খুব ভাল এবং আওয়াজ অতি মিষ্টি। প্রায় সত্তর বছর ওটা না বাজানো অবস্থায় পড়ে ছিল, কিন্তু ইন্দ্রনারায়ণ ওটা বার করে বাজাতে আরম্ভ করার সঙ্গে সঙ্গেই ওটার আওয়াজ খুলে যায়।’

‘ভদ্রলোক সম্পর্কে আপনার ধারণা কী?’

‘একেবারে কাজ-পাগলা মানুষ ছিলেন। কাজে ডুবে থাকতেন যতক্ষণ বাড়িতে থাকতেন। লাইব্রেরি থেকে বই নিতে আসতেন মাঝে মাঝে। বিশেষ করে ঐতিহাসিক নাটক লেখার সময় বই দেখার দরকার হতই। কন্দর্পনারায়ণের ছেলে, কীর্তিনারায়ণের বাবা দর্পনারায়ণ ইতিহাসে এম. এ. ছিলেন। তাই লাইব্রেরিতে ইতিহাসের বই খুব ভালই আছে।’

‘এবার অন্য দু ভাই সম্বন্ধে একটু জানতে চাই।’

‘বেশ তো।’

‘সবচেয়ে বড় তো দেবনারায়ণ। তারপর হরিনারায়ণ, তারপর ইন্দ্রনারায়ণ।’

‘হ্যাঁ।’

‘ইন্দ্রনারায়ণ তো বিয়েই করেননি। আর দেবনারায়ণ শুনলাম বিপত্নীক?’

‘আজ্ঞে হ্যাঁ। বছর সাতেক আগে ওঁর স্ত্রীর মৃত্যু হয়।’

‘ওঁর ছেলেপিলে নেই?’

‘একটি মেয়ে আছে, তার বিয়ে হয়ে গেছে। স্বামী পুনায় কাজ করে। ছেলে একটি আছে সে আমেরিকায় ইঞ্জিনিয়ারিং পড়ে।’

‘আপনার মতে দেবনারায়ণ লোক কেমন?’

‘অত্যন্ত চাপা, গভীর প্রকৃতির মানুষ।’

‘উনি কি চাকরি করেন?’

‘উনি স্টকওয়েল টি কোম্পানিতে উঁচু পোস্টে আছেন।’

‘অফিস থেকে বাড়ি ফেরেন কখন?’

‘তা রাত সাড়ে নটার আগে তো নয়ই, কারণ অফিস থেকে ক্লাবে যান। সন্ধ্যাটা সেখানেই কাটান।’

‘ভাইয়ের মৃত্যুতে কি উনি খুব শোক পেয়েছিলেন বলে মনে হয়?’

‘তিন ভাইয়ের মধ্যে বিশেষ সম্ভাব ছিল না। বিশেষ করে ইন্দ্রনারায়ণ যাত্রার কাজ করেন বলে আমার ধারণা অন্য দুভাই ওঁকে বেশ হয়ে জ্ঞান করতেন।’

‘কিন্তু কীর্তিনারায়ণ তো ছোট ছেলেকে বেশ ভালই বাসতেন।’

‘শুধু ভালবাসতেন না, তিন ছেলের মধ্যে ছোটকেই সবচেয়ে বেশি ভালবাসতেন। এ-বিষয়ে আমার কোনও সন্দেহ নেই, কারণ অনেক কথাতাই এই পক্ষপাতিত্ব প্রকাশ পেত।’

‘কীর্তিনারায়ণ কি উইল করেছেন?’

‘করেছেন বলেই তো আমার ধারণা।’

‘সেই উইলেও তো এই পক্ষপাতিত্ব প্রকাশ পেতে পারে।’

‘তা তো পারেই।’

ফেলুদা একটা চারমিনার ধরাল। লালমোহনবাবু তাঁর ছোট্ট লাল খাতাটা বার করে কী যে নোট লিখছেন তা উনি জানান। হয়তো ভবিষ্যতের একটা গল্পের প্লট ওঁর মাথায় আসছে।

‘এবার দ্বিতীয় ভাই সম্বন্ধে একটু জানা দরকার।’

‘কী জানতে চান বলুন,’ বললেন প্রদ্যুম্নবাবু।

‘উনি তো চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট?’

‘হ্যাঁ। স্কিনার অ্যান্ড হার্ডউইক কোম্পানিতে আছেন।’

‘কেমন লোক?’

‘ওঁর তো ফ্যামিলি আছে, কাজেই সেখানেই বড় ভাইয়ের সঙ্গে একটা তফাত হয়ে যাচ্ছে। ভদ্রলোক মোটামুটি ফুর্তিবাজ, বিলিতি গান বাজনার খুব ভক্ত।’

‘রেকর্ড আর ক্যাসেট শোনেন?’

‘হ্যাঁ, তবে সেটা রবিবারে। অন্যদিন সন্ধ্যায় ইনিও ক্লাবে যান, ফেরেন সেই সাড়ে নটা দশটায়।’

‘কোন ক্লাব?’

‘স্যাটারডে ক্লাব।’

‘বড় ভাইও কি একই ক্লাবের মেম্বর নাকি?’
 ‘না, উনি বেঙ্গল ক্লাবে।’
 ‘হরিনারায়ণের তো একটি মেয়ে আছে।’
 ‘হ্যাঁ—লীনা। বুদ্ধিমতী। বছর চোদ্দো বয়স, পিয়ানো শিখছে। ক্যালকাটা গার্লস স্কুলে পড়ে।
 সে বেচারি কাকার মৃত্যুতে খুব আঘাত পেয়েছে, কারণ সে কাকার খুব ভক্ত ছিল।’
 ‘আর হরিনারায়ণবাবু? তিনি আঘাত পাননি?’
 ‘বড় দু ভাইয়ের কেউই ছোটকে বিশেষ আমল দিতেন না।’
 ‘আর হয়তো ইন্দ্রনারায়ণ যাত্রা থেকে এত রোজগার করছে সেটাও তারা বিশেষ সুনজরে
 দেখত না।’

‘তাও হতে পারে।’
 ‘আমার অবিশ্যি এই দুই ভাইয়ের সঙ্গে কথা বলতে হবে। সেটা বোধহয় শনি কি রবিবার
 করলে ভাল হয়, তাই না?’

‘শনিবার সকালে এলে দু ভাইকেই পাবেন।’
 ‘আপনি যে কন্দর্পনারায়ণের জীবনীর উপর কাজ করছেন, সেটা কতদিন থেকে?’
 ‘তা প্রায় ছ’মাস হল।’
 ‘হঠাৎ এই মতি হল কেন?’
 ‘আমি ঊনবিংশ শতাব্দী নিয়ে একটা উপন্যাস লিখব বলে ন্যাশনাল লাইব্রেরিতে গিয়ে
 পড়াশুনা করছিলাম। সেই সময় কন্দর্পনারায়ণের নাম পাই। খোঁজখবর নিয়ে জানি তাঁর
 বংশধরেরা এখনও আছেন বোসপুকুরে। সোজা এসে কীর্তিনারায়ণের সঙ্গে দেখা করি।
 কীর্তিনারায়ণ বলেন—তুমি আমার বাড়িতে থেকে রিসার্চ করতে পারো, কিন্তু সেই সঙ্গে আমার
 কিছু কাজও করে দিতে হবে। তার জন্য আমি তোমাকে পারিশ্রমিক দেব। আমি তখন খবরের
 কাগজের কাজ ছেড়ে এখানে চলে আসি। এখানে অনেক ঘর খালি পড়ে আছে, তারই একটা
 ঘরে আমাকে এক তলায় থাকতে দেন কীর্তিনারায়ণ। গত ছ’মাসে আমি এবাড়ির সঙ্গে বেশ
 মিশে গেছি। আমার কারবার অবিশ্যি শুধু কীর্তিনারায়ণকে নিয়েই, তবে অন্যরাও আমার
 ব্যাপারে কোনও আপত্তি করছেন বলে শুনিনি।’

‘ভাল কথা—’
 ফেলুদা তার পার্স থেকে এক টুকরো সাদা কাগজ বার করল।
 ‘এটা বোধহয় সেদিন আপনার পকেট থেকে পড়ে গিয়েছিল—আপনি যখন ঘাম মুছতে
 রুমাল বার করেন। জন্মদিনের জন্য কেকের অর্ডার কি, নাকি টেলিগ্রাম?’

ফেলুদা ‘হ্যাপি বাথডে হুকুম চাঁদ’ লেখা কাগজটা প্রদ্যুম্নবাবুর হাতে দিল। প্রদ্যুম্নবাবু ভুরু
 কপালে তুলে বললেন, ‘কই, এমন তো কোনও কাগজ আমার পকেটে ছিল না। আর এই হুকুম
 চাঁদ যে কে সে তো আমি বুঝতেই পারছি না।’

‘আপনি সেদিন কীসে করে আমার বাড়িতে এসেছিলেন?’
 ‘বাস।’
 ‘বাসে ভিড় ছিল? তার মধ্যে কেউ এটা পকেটে ফেলে দিতে পারে?’
 ‘তা পারে, কিন্তু এটার তো কোনও মানেই আমি বুঝতে পারছি না।’
 ‘এটা যদি আপনার না হয় তো আমার কাছেই থাকুক।’
 ফেলুদা কাগজটা আবার পার্সে রেখে দিল। এই কাগজ যে একটা রহস্যের মধ্যে পড়ে
 তাতে কোনও সন্দেহ নেই।

আমরা বোসপুকুর গিয়েছিলাম বিষ্যদবার, আবার যেতে হবে শনিবার, কাজেই মাঝে শুকুরবারটা ফাঁক। সেই ফাঁকে দেখি লালমোহনবাবু আমাদের বাড়িতে এসে হাজির। আসলে একটা তদন্ত যখন শুরু হয়ে যায় তখন আর নিয়ম মানা যায় না।

ভদ্রলোক এসেই ধপ করে সোফায় বসে বললেন, ‘আপনার তো শুধু বোসপুকুর গেলে চলবে না মশাই—যাত্রা পার্টিগুলোতেও তো একবার যাওয়া দরকার।’

‘সে আর বলতে,’ বলল ফেলুদা। ‘মৃত ব্যক্তির সমস্ত জীবনটাই তো যাত্রার সঙ্গে জড়িয়ে রয়েছে। আপনি যখন এসেই পড়েছেন তখন বাড়িতে বসে না গাঁজিয়ে চলুন মহম্মদ শফি লেনটা ঘুরে আসা যাক।’

‘তারপর বীণাবাণি অপেরার ম্যানেজার সেই ঈশানবাবু না কি—’

‘অশ্বিনীবাবু।’

‘হ্যাঁ। অশ্বিনীবাবুর সঙ্গে তো কথা বলতে হবে। তাই না?’

‘নিশ্চয়ই। তোপ্‌সে, একবার ডিরেকটরিতে দ্যাখ তো বীণাপাণি অপেরার ঠিকানাটা কী।’

ডিরেকটরি দেখতে বেরোল বীণাপাণি অপেরা সুরেশ মল্লিক স্ট্রিটে। লালমোহনবাবু বললেন যে রাস্তাটা ওঁর জানা আছে। ওখানের একটা ব্যায়ামাগারে নাকি উনি কলেজে থাকতে রেগুলারলি যেতেন।

‘বলেন কী!’ বলল ফেলুদা।

‘বিশ্বাস করুন। ডন বৈঠক বারবেল চেস্ট-এক্সপ্যান্ডার কোনওটা বাদ দিইনি। বড়ির ডেভেলপমেন্টও হয়েছিল ভালই; আমার হাইটে বেয়াল্লিশ ইঞ্চি ছাতি নেহাত নিম্নের নয়।’

‘তা সে সব মাংসপেশি গেল কোথায়?’

‘আর মশাই, লেখক হলে কি আর মাস্‌ল থাকে শরীরে? তখন সব মাস্‌ল গিয়ে জমা হয় ব্রেনে। তবে ভোরে হাঁটার অভ্যেসটা রেখেছি। ডেইলি টু মাইলস্। তাই তো আপনার সঙ্গে পাল্লা দিয়ে চলতে পারি।’

চা খেয়ে আমরা বেরিয়ে পড়লাম। লালমোহনবাবুর ড্রাইভার হরিপদবাবুর খুব উৎসাহ। খুনের ব্যাপারটা কাগজে পড়েছেন, তা ছাড়া ভারত অপেরার অনেক যাত্রা ওঁর দেখা। আমরা সেই খুনেরই তদন্ত করছি জেনে বললেন, ‘ইন্দ্র আচার্য্য একা ভারত অপেরাকে দাঁড় করিয়ে দিয়েছিলেন। ওঁর খুনিকে কাঠগড়ায় দাঁড় করাতে পারলে একটা কাজের কাজ হবে।’

শুক্রবার ট্র্যাফিক প্রচুর, তাই ভারত অপেরার আপিসে পৌঁছাতে লাগল প্রায় পঁয়তাল্লিশ মিনিট। নম্বরটা ডিরেকটরিতে দেখে নিয়েছিলাম, তা ছাড়া দরজার উপরে সাইন বোর্ডে লেখাই রয়েছে কোম্পানির নাম।

দরজা দিয়ে ঢুকে একটা টেবিলের পিছনে একজন কালো মতন মাঝবয়সী লোক বসে আছেন; বললেন, ‘কাকে চাই?’

ফেলুদা তার কার্ডটা বার করে দেখাতে ভদ্রলোকের চোখের অলস চাহনিতে কিছুটা জৌলুস এল। বললেন, ‘আপনারা কি শরৎবাবুর সঙ্গে দেখা করতে চাইছেন—আমাদের প্রোপাইটার?’

‘আজ্ঞে হ্যাঁ,’ বলল ফেলুদা।

‘একটু বসুন।’

একটা বেঞ্চি আর আরও একটা চেয়ার ছিল ঘরটায়, আমরা তাতেই ভাগাভাগি করে বসলাম। ভদ্রলোক উঠে পিছনের একটা দরজা দিয়ে বেরিয়ে গেলেন। লালমোহনবাবু বললেন, ‘এই কোম্পানির যে এত রমরমা সেটা কিন্তু এঘর থেকে বোঝার কোনও উপায় নেই।’

মিনিট খানেকের মধ্যেই ভদ্রলোক ফিরে এসে বললেন, ‘আসুন আমার সঙ্গে। শরৎবাবু দোতলায় বসেন।’

একটা সরু সিঁড়ি দিয়ে দোতলায় ওঠার সময় হারমোনিয়ামের শব্দ পেলাম। রিহার্সালের তোড়জোড় চলছে নাকি? খুঁটি চলে গেলেও যাত্রা তো চালিয়েই যেতে হবে।

প্রোপাইটার শরৎ ভট্টাচার্যির আপিস দেখে কিন্তু ধারণা পালটে গেল। বেশ বড় ঘর, বড় টেবিল, চারপাশে মজবুত চেয়ার, দেয়ালে একটা বিরাট বারোমাসি ক্যালেন্ডার, আর্টিস্টদের বাঁধানো ছবি, দুটো আলমারিতে মোটা মোটা খাতাপত্র ছাড়া একটা গোদরেরজের আলমারি রয়েছে, মাথার উপর বাঁই বাঁই করে ঘুরছে পাখা।

টেবিলের পিছনে যিনি বসে তিনিই অবিশ্যি শরৎবাবু। তাঁর মাথায় টাক, কানের পাশে পাকা চুল, ঘন কালো ভুরু, মুখের চামড়া টান। বয়স বোঝা যায় না, শুধু বলা যায় পঞ্চাশ থেকে পঁয়ষট্টির মধ্যে।

‘আপনিই প্রদোষ মিস্ত্রির?’ ফেলুদার দিকে তাকিয়ে ভদ্রলোক প্রশ্ন করলেন।

‘আর ইনি হচ্ছেন আমার বন্ধু রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলী,’ বলল ফেলুদা।

‘ওরে বাবা, আপনি তো স্বনামধন্য ব্যক্তি মশাই। আমার বাড়িতে আপনার অনেক ভক্ত আছে।’

লালমোহনবাবু বার চারেক হেঁ হেঁ করলেন, তারপর ভদ্রলোক বলাতে আমরা চেয়ারে বসলাম।। ফেলুদাই কথা শুরু করল।

‘ইন্দ্রনারায়ণবাবুর বাবা আমাকে তাঁর ছেলের খুনের তদন্ত করতে বলেছেন, সেই জন্যেই আসা।’

শরৎবাবু মাথা নেড়ে বললেন, ‘আমি আর কী বলতে পারি বলুন, শুধু এইটুকুই জানি যে আমাদের একেবারে পথে বসিয়ে দিয়ে গেছেন ভদ্রলোক। নাটক লিখিয়ে হয়তো পাওয়া যায়, কিন্তু অমন গান কেউ লিখত না, আর কেউ লিখবেও না। আহা—আকাশে হাসিছে চাঁদ, তুমি কেন আনমনা—কী গান! শুধু গান শুনতেই লোকে বার বার ফিরে ফিরে আসে।’

‘আমরা শুনেছি অন্য দল থেকে তাঁকে প্রলোভন দেখানো হচ্ছিল।’

‘সে তো বটেই। তবে প্রলোভনে কোনও কাজ হয়নি। আমার সঙ্গে তার সম্পর্ক এত ঘনিষ্ঠ ছিল যে আমাকে ছাড়বার কথা সে কল্পনাও করতে পারত না। যখন প্রথম এল তখন তার বয়স পঁচিশ। আমিই যে তাকে প্রথম সুযোগ দিয়েছিলাম সেটা সে কোনওদিন ভুলতে পারেনি। শেষটায় তার জীবননাশ করে আমায় খোঁড়া করে দিল।’

শরৎবাবু ধুতির খুঁট দিয়ে চোখের জল মুছলেন। তারপর বললেন, ‘আগে একবার ওর মাথায় বাড়ি মারার চেষ্টা করেছিল রাস্তায়। অবিশ্যি সেটা খুনের চেষ্টা কিনা, আর সেটার সঙ্গে আসল খুনের কোনও সম্পর্ক আছে কিনা, সেটা বলতে পারব না। এই গলিটায় গুপ্তা বদমায়েশের অভাব নেই। সেদিন ওরা দুজন এসে না পড়লে অন্তত ওর মানিব্যাগটি হাওয়া হয়ে যেত বলে আমার বিশ্বাস। সেটা আর হয়নি। তবে আসল খুনটা যে আমাকেও এক রকম খুন করা সে বিষয় আমার কোনও সন্দেহ নেই। আপনি তদন্ত করতে চান তো বীণাপাণি অপেরায় গিয়ে করুন; আমার নিজের আর কিছু বলার নেই।’

আমরা উঠে পড়লাম। ইতিমধ্যে চা খাওয়া হয়ে গেছে সেটা বলে নিই। এর পরের স্টপ হল সুরেশ মল্লিক স্ট্রিট।

আমহাস্ট স্ট্রিট ধরে উত্তরে যেতে গিয়ে বাঁয়ে একটা মোড় নিয়ে তার পরের ডাইনের রাস্তাটাই হল সুরেশ মল্লিক স্ট্রিট। চোদ্দ নম্বরে বীণাপাণির আপিস বার করতে কোনও অসুবিধা হল না।



এখানে বাড়িতে ঢুকেই যাকে বলে উদাস্ত কণ্ঠস্বর শুনতে পেয়ে বুঝলাম পুরোদমে মহড়া চলছে। ম্যানেজার অস্থিণীবাবুকে বার করতে সময় লাগল না। বদমেজাজি চেহারা, টুথ ব্রাশ গোঁফ, বছর পঞ্চাশেক বয়স। বাইরের একটা ঘরে আমাদের বসতে দেওয়া হয়েছিল, ভদ্রলোক ঢুকে এসে ফেলুদার কার্ড দেখেই খান্না হয়ে উঠলেন।

‘এ কি বোসপুকুরের খুনের ব্যাপার নাকি?’

ফেলুদা বলল, ‘আজ্ঞে হ্যাঁ। আমার উপর তদন্তের ভার পড়েছে। আপনি ইন্সপেক্টর বাবুর সঙ্গে খুনের রাত্রে দেখা করেছিলেন, তাই আপনাকে দু-একটা প্রশ্ন করার ছিল।’

‘পুলিশ তো এক দফা জেরা করে গেছে, আবার আপনি কেন? তা যাই হোক, আমি বলেই দিচ্ছি, আমি খুনের বিষয় কিছুই জানি না। আমি গেসলুম তাঁকে একটা অফার দিতে আমাদের তরফ থেকে। এর আগেও কয়েকবার গেছি। ওঁকে নিমরাজি করিয়ে এনেছিলাম, কারণ ভারত অপেরা ওঁকে যে টাকা দিত আমরা তার চেয়ে ঢের বেশি অফার করি। আমাদের সে জোর আছে বলেই করি। কাজেই এ অবস্থায় আমরা যেটা চেয়েছিলাম সেটা হল উনি যাতে আমাদের দলে যোগ দেন। উনি যদি মরেই যান তা হলে আমাদের লাভটা হচ্ছে কোথেকে?’

‘অন্য দলের ক্ষতি হলে তাতেও তো আপনাদের লাভ।’

‘না। ওসব ছাঁচড়ামোর মধ্যে আমরা নেই। এ দল সে দল থেকে আর্টিস্ট ভাঙিয়ে নেবার চেষ্টা আমরা সব সময়ই করি, কিন্তু তাতে সফল না হলে কি আমরা সে আর্টিস্টকে প্রাণে মেরে অন্য দলের ক্ষতি করব?’

‘আপনি বলছিলেন উনি নিমরাজি হয়েছিলেন। তার কোনও প্রমাণ আছে কি?’

‘গোড়ায় যখন চিঠি লিখে অফার দিই, তার একটা পোস্টকার্ডের উত্তর আছে, দেখতে চান দেখাতে পারি।’

ফেলুদা বলতে ভদ্রলোক ফাইল থেকে পোস্টকার্ডটা বার করে দেখালেন। তাতে দেখলাম

ইন্দ্রনারায়ণবাবু সত্যিই বলেছেন, ‘আপনাদের প্রস্তাব আমি ভেবে দেখছি। আপনি মাস খানেক বাদে অনুগ্রহ করে আরেকবার অনুসন্ধান করবেন।’ অর্থাৎ ইন্দ্রনারায়ণবাবু বীণাপাণি অপেরার প্রস্তাবে পুরোপুরি না করেননি। তাঁর মনে একটা দ্বিধার ভাব এসেছিল।

ফেলুদা বলল, ‘সেদিন রাত্রে যে আপনি গেলেন, তখন আপনাদের মধ্যে কোনও কথা কাটাকাটি হয়েছিল?’

‘আমি ওঁকে নানান ভাবে বোঝানোর চেষ্টা করছিলাম সেটা ঠিক আর তাতে হয়তো গলা এক-আধবার চড়ে যেতে পারে। কিন্তু ইন্দ্রনারায়ণবাবু মাথাটাগু লোক ছিলেন; সেই কারণেই তাঁর কাজটা এত ভাল হত। উনি বললেন, “ভারত অপেরার সঙ্গে এতদিনের সম্পর্ক। সেটা ভাঙা তো সহজ কথা নয়। কিন্তু তাও বলছি আপনারা পারলে আমাকে আর কিছুটা সময় দিন। একটা নতুন নাটক আমি লিখছি ভারত অপেরার জন্য। সেটা দেব বলে কথা দিয়েছি; সে কথার তো আর নড়চড় করতে পারি না। এই বছরের শেষে আমি আবার আপনাদের সঙ্গে যোগাযোগ করব”—এই হল শেষ কথা। তারপর আমি চলে আসি। তখন পৌনে এগারোটো।’...

‘গোলমালে ব্যাপার’, ফেলুদা মন্তব্য করল চৌরঙ্গিতে একটা রেস্টোরেন্টে বসে কফি খেতে খেতে।

‘বীণাপাণি অপেরাই যে গুণ্ডা লাগিয়ে খুন করেছে সেটা এখন আর মনে হচ্ছে না—তাই না?’ বললেন লালমোহনবাবু।

‘তা হচ্ছে না’, বলল ফেলুদা, ‘তবে প্রশ্ন হচ্ছে শত্রুবিহীন এই ব্যক্তিটির উপর কার এত আক্রোশ ছিল? ভাড়াটে গুণ্ডাই যদি মেরে থাকে তা হলে ফেলু মিত্তিরের বিশেষ কিছু করবার নেই। সেখানে পোদ্দারমশাই টেকা মেরে বেরিয়ে যাবেন।’

‘কিন্তু অশ্বিনীবাবুর কথা শুনে—’

‘অশ্বিনীবাবু যে সত্যি কথা বলেছেন সেটাই বা মেনে নিই কী করে? সেদিন ওঁর কথায় যে ইন্দ্রনারায়ণ সরাসরি না করে দেননি সেটাই বা কে বলতে পারে? সাক্ষী কই?’

‘আচ্ছা, বাড়ির লোক যদি খুন করে থাকে?’

‘সেটার সম্ভাবনা একেবারে বাদ দেওয়া যায় না। কীর্তিনারায়ণ তাঁর ছোট ছেলেকে সবচেয়ে বেশি ভালবাসতেন। তিনি যদি তাঁর উইলে ইন্দ্রনারায়ণকে বেশি টাকা দিয়ে থাকেন, তাতে বড় ভাইদের কি মনে হতে পারে না ছোটভাইকে হটিয়ে তাদের শেয়ার কিছুটা বাড়িয়ে নেওয়া?’

‘এটা আপনি মোক্ষম বলেছেন’, বললেন লালমোহনবাবু।

‘কিন্তু ব্যাপার কী জানেন? খুন জিনিসটা করা অত্যন্ত কঠিন। প্রচণ্ড তাগিদ না থাকলে সাধারণ মানুষের পক্ষে খুনের সাহস সঞ্চয় করা সম্ভব নয়। আগে অন্য ভাই দুটোকে একটু বাজিয়ে নিই, তারপর তেমন বুঝলে ওটা নিয়ে ভাবা যাবে।’

ফেলুদার কপালে ভূকুটি তাও যাচ্ছে না দেখে জিজ্ঞেস করলাম সে কী ভাবছে। ফেলুদা বলল, ‘সেকেন্ড ব্রাদার হরিনারায়ণের কথা।’

‘কেন?’

‘লোকটা আবার ওয়েস্টার্ন মিউজিকের ভক্ত—ক্লাসিক্যাল মিউজিক। এই নিয়ে যে দুটো প্রশ্ন করব তারও জো নেই। কারণ ফেলু মিত্তির ও ব্যাপারে একেবারেই কাঁচা।’

লালমোহনবাবু বললেন, ‘আমার কাছে একটা পাশ্চাত্য সংগীতের এনসাইক্লোপিডিয়া আছে—এক ভল্যুম, সাড়ে সাতশো পাতা। তাতে আপনি যা জানতে চান সব পাবেন।’

‘আপনি ও বই নিয়ে কী করছেন?’

‘ওটা একটা সেটের মধ্যে পড়ে গিয়েছিল—তাতে হিন্দি, জিওগ্রাফি, মেডিসিন, সায়েন্স, অ্যানিম্যালস—সবই আছে। আমি নিজে উলটে পালটে দেখেছি মিউজিকের বইটা হেডন,

মোজার্ট, বিথোভেন সব বড় বড় সুরকারদের জীবনী রয়েছে।’

‘আমি এসব সুরকারদের রচনা শুনি নি বটে, কিন্তু এদের নামের উচ্চারণগুলো অন্তত আমার জানা আছে, কিন্তু আপনার নেই।’

‘কী রকম?’

‘হাইড্রন, মোৎসার্ট, বেটোফেন—এই হল আসল উচ্চারণ।’

‘হাইড্রন, মোৎসার্ট, বেটোফেন—থ্যাঙ্ক ইউ স্যার, আর ভুল হবে না।’

‘এখনই দিতে পারেন বইটা?’

‘আলবত! আপনার জন্য এনি টাইম।’

আমরা রেস্টোরাণ্ট থেকে গড়পার গিয়ে লালমোহনবাবুর বইটা তুলে নিয়ে ভদ্রলোককে বাড়িতে রেখে একটা ট্যাক্সি নিয়ে বাড়ি ফিরলাম।

বাকি দিনটা ফেলুদার সঙ্গে আর কথা বলা সম্ভব হয়নি, কারণ সে ঘর বন্ধ করে এনসাইক্লোপিডিয়া অফ ওয়েস্টার্ন মিউজিক পড়ল।

৬

শনিবার সকাল দশটায় বোসপুকুর গিয়ে প্রথমেই যার সঙ্গে কথা হল, সে হল হরিনারায়ণবাবুর মেয়ে লীনা। লীনার আজ ইস্কুল ছুটি, সে ক’দিন থেকেই শুনেছে বাড়িতে ডিটেকটিভ এসেছে। তাই উদগ্রীব হয়ে আছে। ফেলুদার ভক্ত হওয়াতে তার সঙ্গে কথা বলতে আরও সুবিধা হল।

‘তোমার ছোটকাকা তোমাকে খুব ভালবাসতেন, তাই না?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘শুধু ভালবাসতেন না’, বলল লীনা, ‘আমরা দুজনে বন্ধু ছিলাম। কাকার সব লেখা আগে আমাকে পড়ে শোনাতে। আমার যদি কোনও জায়গা গোলমাল লাগত তা হলে কাকা সেটা বদলে দিতেন।’

‘আর গান?’

‘আমাকে প্রথম শোনাতে।’

‘তুমি নিজে গান ভালবাস?’

‘আমি পিয়ানো শিখছি।’

‘তার মানে তো বিলিতি বাজনা।’

‘হ্যাঁ, কিন্তু আমার রবীন্দ্রসংগীতও ভাল লাগে, আর কাকার গানও ভাল লাগত। আমি নিজেও গান করি একটু একটু।’


‘তোমার কাকা কোনওদিন ভারত অপেরা ছেড়ে দেবার কথা বলেছিলেন তোমাকে?’

‘বীণাপাণি অপেরা কাকাকে অনেক টাকা দিতে রাজি হয়েছিল, কিন্তু আমার মনে হয় না কাকা কোনওদিন ভারত অপেরা ছাড়তেন। আমায় বলতেন, আমার শেকড় ভারত অপেরায়; শেকড় তুলে অন্য জায়গায় গেলে কি আর আমি বাঁচব?’

‘কাকা একটা নতুন নাটক লিখছিলেন সেটা তুমি জান?’

‘একটা কেন; সম্রাট অশোক তো শেষ হয়নি। তা ছাড়া কাকার চারটে নাটক লেখা ছিল। এছাড়া ওঁর প্রায় পনেরো-কুড়িটা খুব ভাল ভাল গান লেখা ছিল যেগুলো এখনও যাত্রায় ব্যবহার হয়নি। আর নাটকের খসড়া যেগুলো ছিল—সেও প্রায় আট-দশটা হবে—সেগুলো তো খসড়াই রয়ে গেল।’

লীনার সঙ্গে কথা বললাম প্রদ্যুম্নবাবুর ঘরে। খুব সাদাসিধে ঘর, লাইব্রেরির ঠিক পাশেই। ভদ্রলোক বললেন যে ওঁর রিসার্চের কাজ প্রায় শেষ হয়ে গেছে, এর পর কাগজপত্র সব নিয়ে



উনি বইটা লেখার জন্য শ্রীরামপুরে ওঁর বাড়িতে চলে যাবেন। ওঁর আন্দাজ এক বছর লাগবে বইটা লিখতে।

‘অবিশ্যি রহস্যের সমাধান না হওয়া পর্যন্ত আপনাকে এখানে থাকতেই হবে সেটা বোধ হয় বুঝতেই পারছেন।’

‘সে কথা পুলিশ আগেই বলে দিয়েছে।’

‘আপনি চলে গেলে কীর্তিনারায়ণবাবুর সেক্রেটারির কী হবে?’

‘সে আমি অন্য একটি ছেলেকে বদলি দিয়ে যাব। জীবনী একবার লিখতে আরম্ভ করলে অন্য কোনও দিকে মন দিতে পারব না।’

ফেলুদা ঘুরে ঘুরে ঘরটা দেখছিল, আর ঘরের দরজা দিয়ে বাইরের কী অংশ দেখা যায় সেটাও দেখছিল। দেখলাম প্রদ্যুম্নবাবুর শোবার ঘর থেকে ইন্দ্রনারায়ণবাবুর কাজের ঘরের দরজাটা দেখা যায়, কিন্তু লাইব্রেরি থেকে দুটোর একটা ঘরও দেখা যায় না। ঘরের পিছনের জানালা দিয়ে বাইরে গলি দেখা যায়—যদু নস্কর লেন। বোসপুকুর রোডটা হল বাড়ির সামনে, অর্থাৎ দক্ষিণ দিকের বাগানের পরে।

লীনা ইতিমধ্যে তার বাবা হরিনারায়ণবাবুকে আমাদের কথা বলে রেখেছে; আমরা দোতলায়

দক্ষিণ দিকের বারান্দার পাশে একটা বৈঠকখানায় গিয়ে হাজির হলাম। বেশ সুন্দর সাজানো ঘর, তাতে কিছু দামি পুরনো জিনিসও রয়েছে বলে মনে হল। যে সব জিনিস মানুষ কিউরিওর দোকান থেকে কেনে। ঘরের এক পাশে একটা বড় তাকে হাই-ফাই যন্ত্র রেকর্ড আর ক্যাসেট চালনার জন্য, আর তাকের উপরে দুদিকে দুটো স্টিরিও স্পিকার।

হরিনারায়ণবাবুকে দেখেই লীনার বাবা বলে বোঝা যায়। বেশ সুপুরুষ চেহারা, রং এ বাড়ির আর সকলের মতোই ফরসা, খালি শরীরে মাংসটা একটু বেশি।

ভদ্রলোক ফেলুদা আর লালমোহনবাবুকে বললেন, ‘আপনাদের দুজনের নামই শোনা বলে মনে হচ্ছে। এখন বলুন কীভাবে আপনাদের সাহায্য করতে পারি।’

ফেলুদা প্রথমেই কাজের কথায় গেল না। বলল, ‘আপনার তো দেখছি বিরাট গান-বাজনার কালেকশন।’

‘হ্যাঁ, তা বিশ বছর হল শুনেছি ওয়েস্টার্ন মিউজিক। ওটাতেই কান বসে গেছে, দিশি আর ভাল লাগে না।’

‘আপনার কোনও ফেভারিট কম্পোজার আছে নাকি?’

‘চাইকোভস্কি খুব ভাল লাগে; সুমান, ব্রাম্‌স, শোপ্যাঁ।’

‘অর্থাৎ রোমান্টিক যুগটাই আপনার বেশি প্রিয়?’

‘হ্যাঁ।’

‘আপনার ছোট ভাই বেহালা বাজালেও বিলিতি সংগীতের দিকে ঝোঁকেননি বোধহয়।’

না। ওর ব্যাপারটা ছিল একেবারে উলটো। শুনেছি ওর নাকি ট্যালেন্ট ছিল, কিন্তু যাত্রা দেখার কোনও তাগিদ কোনওদিন অনুভব করিনি। আমার স্ত্রী আর মেয়ে গেছে কয়েকবার।’

‘ইন্দ্রনারায়ণের মৃত্যু সম্বন্ধে আপনার নিজের কোনও খিওরি আছে?’

‘ব্যাপার কী জানেন, ও যে ক্লাসের লোকদের সঙ্গে মেলামেশা করত তাদের তো আর ঠিক ভদ্রলোক বলা চলে না। যাত্রার পরিবেশটাই খারাপ। কোথায় কার সঙ্গে কী গোলমাল পাকিয়ে রেখেছিল কে জানে? তারই একজন এসে বদলা নিয়েছে—এ ছাড়া আর কী? জিনিসপত্র যখন কিছুই চুরি যায়নি তখন আর কী কারণ থাকতে পারে তা তো আমি জানি না। ওর সঙ্গেই ওর কাল হয়েছিল। আপনি এনকোয়ারি করতে চাইলে ওই যাত্রা পার্টিগুলোতে গিয়েই করুন। এখানে বিশেষ সুবিধে করতে পারবেন না।’

‘পুলিশে খবর কি আপনার দাদা দেন?’

‘আমি, দাদা দুজনেই দিই। বাড়িতে খুন হলে সেটাই তো স্বাভাবিক। চট করে কেউ প্রাইভেট ডিটেকটিভ ডাকে কি? বাবার তাই ইচ্ছা ছিল, কিন্তু বাবা চিরকালই ছিটগ্রস্ত। কী করে যে ব্যারিস্টারি করেছেন এতদিন তা জানি না।’

‘আপনার বাবা বোধহয় আপনার ছোট ভাইকে খুব ভালবাসতেন!’

‘সেটাও ওই ছিটেরই উদাহরণ। বাবা গতানুগতিকতা পছন্দ করেন না। এই ব্যাপারে বাবার সঙ্গে আমাদের পূর্বপুরুষ কন্দর্পনারায়ণের মিল আছে।’

ফেলুদা উঠে পড়ল। আমিও বুঝতে পারছিলাম যে এই ভদ্রলোকের সঙ্গে আর কথা বলে কোনও ফল হবে না।

বড় ভাই দেবনারায়ণ ছিলেন বাড়ির পশ্চিম দিকের বারান্দায়, বেতের চেয়ারে বসে। সামনে বেতের টেবিল, তার উপর কোন্ড বিয়ার রাখা। আমাদের অভিবাদন জানিয়ে ভদ্রলোক বিয়ার অফার করলেন, আমরা স্বভাবতই মাথা নেড়ে না জানালাম।

‘প্রাইভেট ডিটেকটিভ এমপ্লয় করা বুঝি বাবার প্ল্যান?’

ফেলুদা হেসে বলল, ‘বোধহয় তাই, কারণ আর কারুরই শখের গোয়েন্দার উপর আস্থা

নেই।’

‘এ জিনিস উপন্যাসে চলে, রিয়েল লাইফে চলে না।’

ভদ্রলোক কথাগুলো বলছেন একেবারে শুকনো মুখে। সত্যি বলতে কী, এত গভীর লোক কমই দেখেছি।

দেবনারায়ণবাবু বললেন, ‘আমার ভাইয়ের সম্বন্ধে জিজ্ঞেস করবেন তো? সেটা অনুমান করেই বলছি, ইন্দ্রনারায়ণ ছিল আমাদের পরিবারের কলঙ্ক। আমাকে ক্লাবে অনেক সময়ই লোকে তার কথা জিজ্ঞেস করেছে; তার যাত্রা কেমন চলছে, গান পপুলার হচ্ছে কিনা, সে বেহালা কেমন বাজায়—ইত্যাদি। আমি মাথা হেঁট না করে কোনও কথার জবাব দিতে পারিনি। আমাদের আপন ভাইয়ের এই দশা হবে এ আমি স্বপ্নেও ভাবতে পারিনি। তার মৃত্যুর জন্যেও সে নিজেই দায়ী। তার উপর আমার কোনও সহানুভূতি নেই। আর আপনিও যে তদন্তের ভার নিয়েছেন, আপনার ওপরেও আমার কোনও সিমপ্যাথি নেই। ওকে খুন করেছে যাত্রা দলের গুণ্ডা। দে আর অল পোটেনশিয়াল ক্রিমিন্যালস। আপনি কাকে ছেড়ে কাকে ধরবেন?’

দেবনারায়ণবাবুর সঙ্গে কথাও এইখানেই শেষ হয়ে গেল।

নীচে আসার সময় ফেলুদা প্রদ্যুম্নবাবুকে বলল, ‘একটা জিনিস দেখার বড় কৌতূহল হচ্ছে আমার; কন্দর্পনারায়ণের বিলেতের ডায়রি। ক’টা খণ্ড আছে সবসুদ্ধ?’

‘দুটো। উনি বিলেতে ছিলেন এক বছরের কিছু বেশি।’

‘ওটা দিন-তিনেকের জন্য ধার পাওয়া যাবে?’

‘নিশ্চয়ই।’

ফেলুদা তার থলিতে বই দুটো নিয়ে নিল, আমরা আবার বাড়িমুখে রওনা দিলাম।

৭

‘কীরকম মনে হচ্ছে বলুন তো?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন একমুঠো ডালমুট মুখে পুরে।

আমরা বোসপুকুর থেকে ফিরেছি মিনিট পনেরো হল, শ্রীনাথ সবোমাত্র চা-ডালমুট দিয়ে গেছে।

ফেলুদা একটা চারমিনার ধরিয়ে বলল, ‘শুধু অপেরা-অপেরায় খাওয়া-খাওয়ি হলে ব্যাপারটা অনেক সহজ হত। কিন্তু এখানে তা হচ্ছে না। বাড়ির লোকদের একেবারে বাদ দেওয়া যাচ্ছে না। অবিশ্যি দুভাইয়ের মেজাজ ছাড়া এখনও তাদের বিষয় আর বিশেষ কিছু জানা যায়নি। দুজনের মধ্যে কারুর যদি টাকার টানাটানি দেখা দিয়ে থাকে, তা হলে ছোট ভাই যাতে বাপের টাকা না পায় সেদিকে সে দৃষ্টি দিতে পারে। কীর্তিনারায়ণ যদি তাঁর ছোট ছেলেকে বেশি টাকা দিয়ে থাকেন তা হলে তো তাঁকে সে উইল চেঞ্জ করতে হবে। তার ফলে অবশিষ্ট দুভাইয়ের ভাগে নিশ্চয়ই বেশি করে পড়বে।’

‘আমার কিন্তু মশাই দেবনারায়ণকে ভাল লাগল না। ওরকম একটা কাঠখোঁটা লোক সচরাচর দেখা যায় না।’

‘বাড়িতে দেখে এদের পুরোপুরি বিচার করা যাবে না। আমার জানার ইচ্ছে সন্ধ্যাবেলা ওঁরা ক্লাবে গিয়ে কী করেন।’

‘সেটা জানছেন কী করে?’

‘দুই ক্লাবেই আমার চেনা লোক মেম্বর আছে’, বলল ফেলুদা। ‘দুজনেই আমার সহপাঠী ছিল। বেঙ্গল ক্লাবে অনিমেস সোম, আর স্যাটার্ডে ক্লাবে ভাস্কর দেব। দুজনেই বড় চাকুরে। তাদের জিজ্ঞেস করলেই বলে দেবে।’



‘এই ক্লাবগুলির খালি নামই শুনেছি; ভেতরে যে কী বস্তু জানিও না।’

‘আপনার ফুর্তি হবার মতো তেমন কিছুই নেই। আপনি মদ্য পান করেন না, তাস খেলেন না, বিলিয়ার্ড খেলেন না—আপনি ক্লাবে গিয়ে কী করবেন?’

‘তা বটো।’

ফেলুদা আর সময় নষ্ট করল না। প্রথমে বেঙ্গল ক্লাবের মেম্বর অনিমেষ সোমকে ফোন করল। অবিশ্যি সাতবার ডায়াল করার পর নম্বর পাওয়া গেল। একতরফা কথা শুনে পুরো ব্যাপারটা আঁচ করতে পারলাম না; তাই ফেলুদা খুলে বলে দিল।

‘দেবনারায়ণবাবু ক্লাবে যান নিয়মিত এবং অধিকাংশ সময় মদ খেয়ে চুর হয়ে থাকেন। খেলাধুলার মধ্যে নেই, লোকজনের সঙ্গে আড্ডা প্রায় মারেন না বললেই চলে, লন্ডনের খবরের কাগজ নিয়মিত পড়েন। আরেকটা ব্যাপার, ভদ্রলোকের আপিসে গুণ্ডাগোল যাচ্ছে, স্টাইক হবার সম্ভাবনা আছে।’

এরপর ফেলুদা ভাস্কর দেবকে ফোন করে একবারে পেয়ে গেল। এখানে শুধু ফেলুদার দিকটা শুনেই মোটামুটি পুরো ব্যাপারটা আঁচ করে নিলাম।

‘কে, ভাস্কর কথা বলছিস? আমি ফেলু, প্রদোষ মিত্তির।’

‘—’

‘তুই তো স্যাটারডে ক্লাবের মেম্বর, তাই না?’

‘—’

‘তোদের একজন মেম্বর সম্বন্ধে একটু ইনফরমেশন দরকার ছিল। হরিনারায়ণ আচার্য।’

‘—’

‘হ্যাঁ হ্যাঁ, যার ভাই খুন হয়েছে। এ লোকটা মানুষ কেমন? তোর সঙ্গে আলাপ আছে নিশ্চয়ই?’

‘—’

‘ও বাবা, জুয়াড়ি? হেভি স্টেকসে পোকাক খেলে? তার মানে গ্রেট গ্র্যান্ড ফাদারের বাতিকটা পেয়েছে আর কী?’

‘—’

‘তুইও খেলেছিস ওর সঙ্গে?’

‘—’

‘দেনা বেড়ে যাচ্ছে তাও খেলা থামায়নি? তার মানে তো খুবই নেশা বলতে হবে!’

‘—’

‘এনিওয়ে, অনেক ধন্যবাদ ভাই। আমার উপর আবার তদন্তের ভার পড়েছে, তাই এদিক সেদিক থেকে তথ্য সংগ্রহ করছি। ঠিক আছে—আসি!’

ফেলুদা ফোন রেখে বলল, ‘বোঝো! লোকটা খুন করবে কী; বরং তহবিল তছরূপ করলে বুঝতে পারতাম। দেনার দেনা হয়ে গেছে তাসের জুয়াতে, অথচ দেখে বোঝবার কোনও উপায় নেই!’

লালমোহনবাবু হঠাৎ ভীষণ একসাইটেড হয়ে পড়লেন।

‘ও মশাই—এ যে সাংঘাতিক ব্যাপার! বাপ না মরলে তো আর উইল থেকে কোনও টাকা আসছে না। টাকার যদি দরকারই হয় ছেলের তা হলে তো এবার কীর্তিনারায়ণের খুন হওয়া উচিত!’

‘আপনার গোয়েন্দাগিরিতে মাথা খুলে যাচ্ছে, লালমোহনবাবু। আপনি খুব ভুল বলেননি।’

‘তা হলে তো এ-ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হয়।’

‘শুনুন।’ ফেলুদা চায়ের কাপটা নামিয়ে চেয়ারে একটু এগিয়ে বসে বলল, ‘আপনাকে আগেও বলেছি, খুন জিনিসটা অত সহজ নয়। ও বাড়িতে পুলিশ মোতায়েন আছে। একটা খুন ইতিমধ্যে হয়ে গেছে। ছোট ভাই যে বাবার প্রিয় ছিল একথাও অজানা নেই। সেখানে ছোট ভাই খুন হবার পর যদি বাবাও খুন হন, তাতে দু-ভাইয়ের উপর যে পরিমাণ সন্দেহ বর্তাবে, তাতে তারা কোনওমতেই পার পাবে না। এক তো পুলিশ, তার উপর ফেলু মিষ্টির। তাদের নিজেদের কি প্রাণের ভয় নেই? উইলের জন্য যদি ইন্দ্রনারায়ণকে খুনও করা হয়ে থাকে, বাপকে মারার কোনও তাড়া নেই, কারণ ভদ্রলোকের উনআশি বছর বয়স, ডায়াবেটিসের রুগি, একটা স্ট্রোক ইতিমধ্যে হয়ে গেছে। ওঁর আর কদিন? তবে হ্যাঁ—হরিনারায়ণের সম্বন্ধে তথ্যটা জরুরি তথ্য। বাড়িতে মানুষটাকে চেনা যায়নি। আমি জানতাম যারা গান-বাজনার ভক্ত তারা সাধারণত কোমল প্রবৃত্তির লোক হয়। এ দেখছি একেবারে অদ্ভুত কন্সিনেশন।’

‘ওই পুরো ফ্যামিলিটাই তো তাই মশাই!’

কথাটা বলে সামনে পড়ে থাকা শনিবারের স্টেটসম্যানটা হাতে তুলে নিলেন লালমোহনবাবু। ফেলুদাও চোখ ঘুরিয়েছিল কাগজটার দিকে, হঠাৎ কী জানি দেখে সে কাগজটা লালমোহনবাবুর হাত থেকে ছিনিয়ে নিল। তারপর মিনিট খানেক ধরে পিছনের পাতায় চোখ বুলাল। তারপর কাগজটা হাত থেকে নামিয়ে রেখে বলল, ‘আই সি।’

মিনিট খানেক পর আবার বলল, ‘বুঝলাম।’

তারপর আরও আধ মিনিট পরে বলল, ‘এই ব্যাপার!’

লালমোহনবাবু আর থাকতে না পেরে বললেন, ‘কী বুঝলেন মশাই?’

তাতে ফেলুদা বলল, ‘বুঝলাম গোয়েন্দা হলেও আমার জ্ঞান কত সীমিত। বুঝলাম এখনও আমার অনেক কিছু শেখার আছে।’

ফেলুদা যখন রহস্য করতে চায় তখন তার জাল ভেদ করে এমন সাধ্য কারুর নেই। কাজেই ও যখন মিনিট খানেক পরে বলল, ‘আজ একটা নতুন অভিজ্ঞতা হবে’, তখন বুঝলাম এটাও

রহস্যেরই একটা অঙ্গ।

‘কী ব্যাপার?’ লালমোহনবাবু যথারীতি জিজ্ঞেস করলেন।

‘আজ আমরা তিনজনেই রেসের মাঠে যাচ্ছি।’

‘সে কী? রেসের মাঠে? কেন মশাই?’

‘এটা আমার অনেকদিনের একটা শখ। আজ বিকেলটা আমরা ফ্রি আছি। কলকাতায় এমন একটা আশ্চর্য ঘটনা ঘটে চলেছে প্রতি শনিবার সেই কত কাল থেকে, কিন্তু আমরা তার ধারে-পাশেও যাব না এটা মোটেই ঠিক নয়। অন্তত একবারের জন্য সব রকম অভিজ্ঞতা হয়ে থাকা ভাল।’

‘এ কথাটা আমারও অনেকদিন মনে হয়েছে মশাই’, চাপা উত্তেজনার সঙ্গে বললেন লালমোহনবাবু। ‘আসলে ব্যাপারটা কী জানেন, চেনা কেউ যদি দেখে ফেলে জুয়াড়ি ভাবে, এইখানেই আমাদের সন্ধান।’

‘এবারে সেটার কোনও সম্ভাবনা নেই।’

‘কেন?’

‘কারণ আমরা তিনজনেই যাব ছদ্মবেশে।’

লালমোহনবাবু লাফিয়ে উঠলেন।

‘ওঃ, দুর্দান্ত ব্যাপার মশাই! আমাকে একটা ফ্রেঞ্চকাট দাড়ি দিতে পারবেন?’

‘আমি মনে মনে তাই ভাবছিলাম।’

‘গ্রেট!’

মেক-আপে ফেলুদার জুড়ি নেই সেটা আগেও বলেছি, কিন্তু এতদিন শুধু ওর নিজের মেক-আপই দেখেছি, এবার ও আমাকে আর লালমোহনবাবুকে যেভাবে মেক-আপ করল তাতে আয়নায় নিজের চেহারা দেখে নিজেরাই হকচকিয়ে গেলাম। লালমোহনবাবুকে ফ্রেঞ্চ-কাট দাড়ি আর ঢেউ খেলানো চুল, আর আমার গোর্ফ দাড়ি আর পার্ক স্ট্রিট-মার্কা ঝাঁকড়া চুলের কোনও তুলনা নেই।

ফেলুদা নিজে একটা চাড়া দেওয়া মিলিটারি গোর্ফ লাগিয়েছে, আর একটা পরচুলা পরেছে যাতে মনে হয় চুলটা ছোট করে ছাঁটা। এই সামান্য ব্যাপারেই ওর চেহারায় আকাশ পাতাল তফাত হয়ে গেছে।

রেসের মাঠে যে কোনওদিন যাব সেটা ভাবতে পারিনি। রাস্তার ভিথিরি থেকে রাজা মহারাজা অবধি সবাই যদি কোথাও একই উদ্দেশ্য নিয়ে একই জায়গায় জমায়েত হয় তো সেটা হল রেসের মাঠ। এমন দৃশ্য কলকাতা শহরে আর কোথাও দেখা যায় না, কোথাও দেখার সম্ভাবনাও নেই। একমাত্র রেসের মাঠেই মুড়ি মিছরি এক দর।

ঘোড় দৌড় এখনও শুরু হয়নি, আমরা এদিক সেদিক ঘুরে বেড়াচ্ছি। এক জায়গায় একটা বেড়ায় ঘেরা মাঠের মধ্যে যে সব ঘোড়া রেসে দৌড়বে তাদের ঘুরিয়ে দেখানো হচ্ছে। ফেলুদা বলল জায়গাটাকে বলে প্যাডক। আরেকটা জায়গা—যেখানে একটা একতলা বাড়ির গায়ে সার সার জানালা, সেখানে বেটিং প্রেস করা হচ্ছে। সকলের মতো আমরাও একটা করে রেসের বই কিনে নিয়েছি। অভিনয় ভাল হবে বলে লালমোহনবাবু সেটা ভয়ংকর মনোযোগের সঙ্গে পাতা উলটে দেখছেন।

আমরা ছিলাম সব সুদৃঢ় আধ ঘণ্টা। প্রথম রেসটা দেখলাম, লোকদের মরিয়া হয়ে ঘোড়ার নাম ধরে চিৎকার করা শুনলাম, তারপর ফেলুদা হঠাৎ এক সময় বলল, ‘যে প্রয়োজনে আসা সেটা যখন মিটে গেছে তখন আর বৃথা মেক-আপের বোঝা বয়ে কী লাভ?’

কী প্রয়োজনের কথা বলছে জানি না, জিজ্ঞেস করলেও উত্তর পাব এমন ভরসা নেই, তাই



আমরা তিনজন বাইরে বেরিয়ে এসে লালমোহনবাবুর গাড়ি খুঁজে বার করে তাতে চেপে বসলাম।

৮

রবিবার সকালে দারোগা মণিলাল পোদ্দারের ফোন এল। বললেন, 'কিছু এগোলেন?' ফেলুদা বলল, 'আগে মানুষগুলোকে চেনার চেষ্টা করছি, নইলে এগোতে পারব না। বেশ জটিল কেস বলে মনে হচ্ছে।'

মণিলালবাবুর কথা থেকে জানা গেল যে আরেকবার আচার্য বাড়িতে ডাকাত পড়লে উনি

আশ্চর্য হবেন না। প্রথমবার তো খুনই করেছে, কোনও জিনিস তো নেয়নি; ওঁর ধারণা যাত্রার যে দলটা খুন করিয়েছে তারা ইন্দ্রনারায়ণবাবুর অন্য নাটক আর গানগুলোও হাতাবার চেষ্টা করবে। বোসপুকুরের কাছেই একটা গলি আছে, রাম পরামানিক লেন, সেটা নাকি নটোরিয়াস গুণ্ডাদের আড্ডা। তা ছাড়া এটাও মণিলালবাবু সন্দেহ করছেন যে আচার্য বাড়ির বেয়ারা সন্তোষের সঙ্গে হয়তো এই গুণ্ডাদের যোগসাজশ আছে।

ফেলুদা প্রশ্ন করল, ‘আপনারা কি বাড়ির পিছনের যদু নস্করের গলিতে পুলিশ পাহারা রাখছেন?’

‘তা রাখা হচ্ছে বইকী,’ বললেন পোদ্দারমশাই।

‘তেমন দরকার হলে একবার অন্তত একরাতের জন্য তুলে নেওয়া যেতে পারে কি?’

‘আপনি কি গুণ্ডাদের প্রলোভন দেখাতে চান?’

‘ঠিক তাই।’

‘তা বেশ! আপনার প্রয়োজন হলে বলবেন, আমরা পাহারা সরিয়ে নেব।’

পোদ্দার মশাই-এর ফোনটা এসেছিল সাড়ে সাতটার সময়। তার পনেরো মিনিট পরেই ফোন করলেন প্রদ্যুম্নবাবু, বললেন আধ ঘণ্টা থেকে নাকি চেষ্টা করছেন। ব্যাপার গুরুতর। গতকাল রাতে বারোটোর সময় নাকি চোর এসেছিল আচার্যবাড়িতে। ইন্দ্রনারায়ণবাবুর ঘরে ঢুকেছিল নিশ্চয়ই কোনও চাকরের সাহায্যে, কারণ পিছনের গলিতে পুলিশ পাহারা আছে। একটা শব্দ পেয়ে প্রদ্যুম্নবাবু নাকি তাঁর কাজের ঘর থেকে বেরিয়ে আসেন বারান্দায়। তাতে চোরটা পালায়। প্রদ্যুম্নবাবু দৌড়ে গিয়ে লোকটাকে ধরবার চেষ্টা করেছিলেন, কিন্তু সে ধাক্কা দিয়ে প্রদ্যুম্নবাবুকে মাটিতে ফেলে দেয়। ফলে ভদ্রলোকের হাঁটুতে চোট লেগেছে, উনি নাকি খুঁড়িয়ে হাঁটছেন।

ফোন রাখার পর ফেলুদা বলল, ‘এখন সত্যিই মনে হচ্ছে ওঁর কাগজপত্র সরাবার উদ্দেশ্যেই ইন্দ্রনারায়ণবাবুকে খুন করা হয়েছিল। যে লেখকের নাটক আর গানের এত চাহিদা, সে পাঁচ-পাঁচ খানা নাটক আর পনের-বিশ খানা গান লিখে রেখে যাবে, আর তার উপরে চোখ পড়বে না অন্য যাত্রা দলের? অবিশ্যি নিয়মমতো এই সব গান আর নাটক ভারত অপেরারই প্রাপ্য। তারা যাতে না পায় সেইজন্যেই এগুলো হাতাবার এত উদ্যোগ।’

আমি বললাম, ‘অন্য যাত্রার দল যদি ইন্দ্রনারায়ণের এই সব গান আর নাটকের কথা জেনে থাকে, তা হলে সে কথা নিশ্চয়ই ইন্দ্রনারায়ণ নিজেই বলেছেন। তার মানে তিনি ভারত অপেরার প্রতি যতটা লয়েল ছিলেন ভাবছিলাম, আসলে হয়তো ততটা ছিলেন না। সত্যিই হয়তো তিনি অন্য দলে যাবার কথা ভাবছিলেন।’

‘কিন্তু তা হলে খুনটা করল কে এবং কেন?’

‘হয়তো বীণাপাণি অপেরাকে ইন্দ্রনারায়ণ কথা দিয়েছিলেন, তাই আরেকটা দল সে পথ বন্ধ করেছে।’

ফেলুদা গভীরভাবে মাথা নেড়ে আমার কথায় সায় দিল। সত্যি, এখনও পর্যন্ত রহস্যের কোনওই কিনারা হল না।

ফেলুদা তার বিখ্যাত সবুজ খাতা খুলে কী যেন লিখতে শুরু করল। আজ সকাল থেকেই তাকে ভীষণ সিরিয়াস দেখছি। কী যেন একটা নতুন চিন্তা তার মাথায় এসেছে সেটা বুঝতে পারছি না।

নটার সময় যথারীতি লালমোহনবাবু এসে হাজির হলেন। ফেলুদা বলল, ‘আপনার মিউজিক এনসাইক্লোপিডিয়াটা আরও দু-চার দিন রাখছি।’

‘দু-চার দিন কেন, দু-চার মাস রাখলেও কোনও আপত্তি নেই।’

‘অনেক কিছু নতুন জ্ঞান অর্জন করছি বইটা থেকে। মেলডি, হারমনি, পলিফনি, কাউন্টার-পয়েন্ট—অনেক কিছু জানা গেল। মিউজিকের ইতিহাসেও দেখছি রহস্য রয়েছে—পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ কম্পোজার মোৎসার্টকে নাকি আরেক কম্পোজার সালিয়ারি বিষ খাইয়ে হত্যা করেন। অথচ এই ক্রাইমের কোনও কিনারা হয়নি।’

‘সে তো বুঝলাম, কিন্তু আজ আমাদের প্ল্যানটা কী?’

‘আচার্য বাড়িতে নাকি কাল আবার ডাকাত পড়েছিল, কিন্তু প্রদ্যুম্নবাবুর তৎপরতার জন্য সে কিছু করতে পারেনি। আমার বিশ্বাস রাত্তিরে ও বাড়টাকে একটু চোখে চোখে রাখা ভাল।’

‘রাত্তিরে?’

‘হ্যাঁ। এই ধরুন সাড়ে এগারোটা থেকে শুরু করে একটা দেড়টা পর্যন্ত।’

‘সেটা কী করে সম্ভব হচ্ছে?’

‘বাড়ির উত্তর গা ঘেঁষে গলি গেছে। উত্তর দিকেই পিছনের দরজা। ধরুন যদি সেই গলির ফুটপাথে বসে থাকা যায় বাড়ির দিকে চোখ রেখে।’

‘ফুটপাথে বসে থাকা? তিনজন ভদ্রলোক ফুটপাথে বসে থাকবেন আর রাস্তার লোক সন্দেহ করবে না?’

‘তা করবে না যদি তাদের আর ভদ্রলোক বলে না মনে হয়।’

ফেলুদার প্ল্যানটা শুনে মাথা ঘুরে গেল। বোঝাই যাচ্ছে ও আবার ছদ্মবেশের কথা বলছে। কিন্তু কী ছদ্মবেশ? উত্তরটা ফেলুদাই দিল।

‘আপনি কি তাস একেবারেই খেলেননি?’ লালমোহনবাবুকে জিজ্ঞেস করল ফেলুদা।

‘জু খেলতুম এক কালে, আর গোলাম চোর...।’

‘যাই হোক, তাস চেনেন তো গোলাম দেখলে সাহেব বলে ভুল হবে না তো, আর চিড়িতন দেখলে ইস্তাপন?’

‘পাগল!’

‘তা হলে তিনজন প্লাস হরিপদবাবু মিলে টোয়েন্টি-নাইন খেলব। উৎকলবাসী চারজন চাকর হয়ে যাব আমরা। মেক-আপের ভার অবিশ্যি আমার উপর। নেহাতই কথা বলার দরকার হলে বলা হবে, আর তখন অকারান্ত শব্দ হসন্ত দিয়ে শেষ করা চলবে না। অর্থাৎ তাস হবে ‘তাসঅ’, সাহেব হবে ‘সাহেবঅ’। বুঝেছেন?’

‘বুঝেছি মিস্টারঅ মিস্তিরঅ।’

লালমোহনবাবুর চোখে একটা ভাসা ভাসা চাহনি দেখে বুঝতে পারলাম তিনি বেশ একটা অ্যাডভেঞ্চারের গন্ধ পাচ্ছেন। আমি অবাক ভাবটা এখনও কাটিয়ে উঠতে পারিনি, তবে এটা বুঝেছি যে তদন্তটা বেশ জমে উঠেছে।

লালমোহনবাবু বারোটা নাগাত যাবার সময় বলে গেলেন আবার সন্ধ্যা সাতটায় আসবেন, আমাদের বাড়িতেই থাকবেন। তারপর আমরা এখান থেকেই মেক-আপ নিয়ে এগারোটা নাগাত চলে যাব যদু নন্দর লেনে। গলিটা দেখে নিরিবিলা বলেই মনে হয়েছে, একটা ল্যাম্প পোস্ট দেখে তার নীচে চাদর বিছিয়ে বসে খেললেই চলবে। হরিপদবাবু তাঁর বাড়ি থেকে এক প্যাকেট পুরনো তাস এনে দেবেন বলেছেন। খেলাটা সন্ধ্যাবেলাই লালমোহনবাবুকে মোটামুটি শিখিয়ে নেওয়া হবে।

ফেলুদার উত্তেজনা থাকলেও বোঝার উপায় নেই; সে সারাদিন মিউজিক এনসাইক্লোপিডিয়া পড়েছে। আর আমি পত্রিকার পাতা উলটেছি।

এই মেক-আপটা সহজ ছিল, তাই আমরা অনায়াসেই সাড়ে দশটার মধ্যে তৈরি হয়ে নিলাম। ধূতিগুলোকে চায়ের জলে ভিজিয়ে একটু ময়লা করে নিয়েছিলাম, চাদর আর তাস—দুটোই

মোক্ষম এনেছিলেন হরিপদবাবু। লালমোহনবাবুকে টোয়েন্টি-নাইন শিখিয়ে দুহাত খেলে নেওয়া হয়েছে, ভদ্রলোক খালি মনে মনে বিড়বিড় করে চলেছেন—গোলাম নহলা টেক্সা দশ সাহেব বিবি আট সাত।

গাড়ীটাকে বড় রাস্তায় অন্ধকারে একটা জায়গায় পার্ক করে আমরা চারজন চাদর বগলে নিয়ে যদু নস্করের লেনে গিয়ে হাজির হলাম। অন্যদিন এ রাস্তায় পুলিশ থাকে, আজ ফেলুদার অনুরোধে নেই। রাস্তার এক পাশে একটা বিরাট জায়গা জুড়ে দাঁড়িয়ে আছে আচার্যদের বাড়ি। উত্তর দিকের ঘরগুলোর পিছন দিকটা রাস্তার উপর পড়েছে, তার মধ্যে বাঁ দিকে, অর্থাৎ উত্তর-পূর্ব কোণে, প্রথম হল লাইব্রেরি, আর তার পরেই হল প্রদ্যুম্নবাবুর শোবার ঘর। ঘরের সারির শেষে হল বাড়ির পিছনের দরজা, সেটা এখন বন্ধ। লাইব্রেরি আর প্রদ্যুম্নবাবুর ঘর দুটোতেই বাতি জ্বলছে, তবে ভদ্রলোক যে কোন ঘরে রয়েছেন সেটা রাস্তা থেকে বোঝার কোনও উপায় নেই।

আমরা চারজনে ল্যাম্প পোস্টের তলায় চাদর পেতে বসে গেলাম। ফেলুদা তার গায়ের চাদরের তলা থেকে একটা পানের ডিবে বার করে তার থেকে চারজনকে চারটে পান দিয়ে লালমোহনবাবুকে বলল, ‘গালে গুজে রেখে দিন; আর বার বার পিক ফেলবেন না।’

আচার্য বাড়ি থেকে বোধহয় গ্র্যান্ডফাদার ক্লকে এগারোটা বাজতে শোনা গেল।

‘উনিশখ।’

লালমোহনবাবু ফেলুদার পার্টনার হয়েছেন, এখন ডাকাডাকি চলছে। ফেলুদা সঙ্গে এক প্যাকেট বিড়ি এনেছে। তার থেকে একটা হরিপদবাবুকে দিয়ে নিজে একটা ধরিয়ে নিল। বিশ ফুটের বেশি চওড়া গলি নয়, আর তাতে লোক চলাচল প্রায় নেই বললেই চলে! ওপাশে কিছু দূরে একটা রিকশা দাঁড় করানো রয়েছে, তার চালকটা ঘুমিয়ে কাদা। আজ বোধ হয় অমাবস্যা, কারণ আকাশে মেঘ না থাকলেও বেশ ঘুটঘুটে। মাথার উপর কালপুরুষ দেখা যাচ্ছে।

‘তুরুপঅ মারুচি কাই?’

লালমোহনবাবু উড়িয়া ভাষা বলতে চেষ্টা করে একটু বাড়িবাড়ি করছেন, তাই ফেলুদা একটা ‘উঃ’ শব্দ করে ওঁকে সতর্ক করে দিল। আশ্চর্য এই যে যদিও আমাদের প্রধান উদ্দেশ্য সময় কাটানো, টোয়েন্টি-নাইন খেলাটা এমনই যে এরই মধ্যে বেশ জমে উঠেছে। সময় কোথা দিয়ে চলে যাচ্ছে টেরই পাচ্ছি না। আচার্য বাড়িতে একটা টং শব্দ পেয়ে সাড়ে এগারোটা বেজেছে বুঝে বেশ অবাক লাগল। ইতিমধ্যে লালমোহনবাবু একবার একটা বিড়ি ধরাবার চেষ্টা করে বিশেষ জুং করতে না পেরে সেটা আবার ফেলে দিয়েছেন।

একটা কুকুরের ডাকে আরেকটা সাড়া দিয়েছে এমন সময় ফেলুদা হঠাৎ আমার হাঁটুতে একটা হাত রাখল।

একটা লোক আসছে গলির পশ্চিম দিক থেকে। পরনে ধুতি পাঞ্জাবি, তার উপর একটা ছেয়ে রঙের চাদর জড়ানো। চাদর আমাদের গায়েও আছে, কারণ অক্টোবর মাসের রাত্তিরে বেশ চিনচিনে ঠাণ্ডা।

লোকটা আমাদের ছাড়িয়ে চলে গেল অন্য ফুটপাথ দিয়ে। সে হাঁটছে আচার্য বাড়ির গা ঘেঁষে।

এবার সে দরজার কাছাকাছি পৌঁছে হাঁটার গতি কমাল।

তারপর দরজার সামনে এসে থামল।

ঠক ঠক ঠক...

তিনটে মৃদু টোকা দরজার উপর। কান পেতেছিলাম বলে শব্দটা শুনতে পেলাম। দরজা খুলে গেল। অল্প ফাঁক, ঠিক যাতে একটা মানুষ ঢুকতে পারে। মানুষটা ঢুকে গেল। যে ঢুকল তাকে



আমরা তিনজনেই চিনি।

ইনি হলেন বীণাপাণি অপেরার ম্যানেজার অশ্বিনী ভড়।

ঘড়িতে ঢং ঢং করে বারোটো বাজল।

অর্থাৎ অশ্বিনীবাবু ঢোকান পর পনেরো মিনিট হয়ে গেছে।

এবার ভদ্রলোক বেরোলেন। তাঁর সঙ্গে যদি কিছু থেকে থাকে তো সেটা বোঝার কোনও উপায় নেই, কারণ হাত দুটো চাদরের নীচে।

ভদ্রলোক যেদিক দিয়ে এসেছিলেন সেদিক দিয়েই আবার চলে গেলেন।

আমাদের পাহারা সার্থক এবং শেষ। 'এই দানটা খেলে উঠব', ফেলুদা ফিস ফিস করে বলল।

পরদিন সকালে ফেলুদা বোসপুকুরে ফোন করল প্রদ্যুম্নবাবুকে। আমি বসবার ঘরে মেন টেলিফোনে কান লাগিয়ে কথা শুনলাম।

‘কে, মিস্টার মল্লিক?’

‘হ্যাঁ, কী খবর?’

‘কাল রাতে কিছু হয়নি তো?’

‘কই, না তো।’

‘এক কাজ করুন; আমি ফোনটা ধরছি, আপনি একবার ইন্দ্রনারায়ণবাবুর কাজের ঘরে গিয়ে দেখে আসুন তো সব ঠিক আছে কিনা।’

আধ মিনিটের বেশি ধরতে হল না। এবারে প্রদ্যুম্নবাবুর গলার স্বর একেবারে বদলে গেছে।

‘ও মশাই, সর্বনাশ হয়ে গেছে!’

‘কী হল?’

‘সব নতুন নাটক আর গান হাওয়া!’

‘আমি আন্দাজ করেছিলাম বলেই ফোন করলাম।’

‘এর মানেটা কী?’

‘অন্য রহস্যগুলোর সঙ্গে আরেকটা যোগ হল।’

‘আপনি কি আজ একবার আসছেন?’

‘প্রয়োজন হলে যাব। তার আগে দারোগা সাহেবের সঙ্গে একবার কথা বলতে হবে।’

ফোনটা রেখে ফেলুদা মণিলাল পোদ্দারের নম্বর ডায়াল করল।

‘শুনুন মিঃ পোদ্দার, গলি থেকে আপনার লোক সরিয়ে নেবার জন্য ধন্যবাদ। কাল সত্যিই কাজ হয়েছে। আপনি অশ্বিনীবাবুর দিকে দৃষ্টি রাখছেন তো? উনি কিন্তু কাল রাত বারোটায় আচার্য বাড়িতে গিয়ে ইন্দ্রনারায়ণবাবুর বহুমূল্য সব কাগজপত্র সরিয়ে নিয়ে গেছেন।’

‘লোকটা খুব গোলমালে’, বললেন মিঃ পোদ্দার। ‘খুনের টাইমের জন্য ওর কোনও অ্যালিবাই নেই। সেদিন রাতে আচার্য বাড়ি থেকে নিজের বাড়িতে ফেরেনি। বলছে পথে ট্যাক্সি বিগড়ে যায় বলে আটকে পড়েছিল, কিন্তু সেটা বিশ্বাসযোগ্য নয়। আপনার প্রোগ্রেস কেমন?’

‘মোটামুটি ভালই। অবিশ্যি আমরা তো ঠিক এক রাস্তায় চলছি না, তাই আমার সিদ্ধান্তগুলো আপনার সঙ্গে মিলবে না।’

‘তা না মিলুক। যে কোনও রকমে রহস্যের সমাধান হলেই হল।’

ফেলুদা কোন রাস্তায় চলছে সেটা জানতে চাইলে উত্তর পাওয়া যাবে না, তাই আর আমি ওদিকে গেলাম না। ফেলুদা ফোন রেখে বলল, ‘আমি একটু বেরোচ্ছি। স্টেটসম্যানের পার্সোনাল কলামে একটা জরুরি বিজ্ঞাপন দিতে হবে। একটা ভাল বেহালার দরকার।’

স্টেটসম্যানে পরদিনই বেরোল যে একটা উৎকৃষ্ট বিদেশি বেহালার প্রয়োজন, অমুক বক্স নাম্বারে লিখে খবর জানানো হোক।

এই বিজ্ঞাপনের উত্তর এসে গেল দুদিনের মধ্যে। চিঠিটা পড়ে ফেলুদা বলল, ‘আমাকে একটু লাইউডন স্ট্রিটে যেতে হচ্ছে, বিশেষ দরকার।’

আধ ঘণ্টার মধ্যেই ফিরে এসে ফেলুদা বলল, ‘বেজায় দাম চাইছে।’

আমি বললাম, ‘এনসাইক্লোপিডিয়া পড়ে তোমার কি এই বয়সে বেহালা শেখার শখ হল?’

ফেলুদা গভীরভাবে বলল, ‘ইট ইজ নেভার টু লেট টু লার্ন।’

অর্থাৎ আরও রহস্য।

এদিকে লালমোহনবাবুও ঘন ঘন আসছেন আর ছটফট করছেন। একবার আমায় একা পেয়ে বললেন, ‘তোমার দাদার সব ভাল শুধু এক এক সময় চুপ মেরে যাওয়ার ব্যাপারটা মোটে বরদাস্ত করা যায় না।’

বুধবার পার্সোনাল কলামে বিজ্ঞাপন বেরিয়েছিল, শুক্রবার উত্তর পেয়ে ফেলুদা লাউডন স্ট্রিটে গিয়েছিল, শনিবার সকালে দেখি ওর চেহারা একদম পালটে গেছে। শুন শুন করে গান গাইতে গাইতে বলল, ‘আজ আচার্য বাড়ি যেতে হবে, কীর্তিনারায়ণকে এখনি ফোন করা দরকার।’

কীর্তিনারায়ণ ফোন পেয়ে বললেন, ‘আপনার কাজ কি মিটে গেছে!’

‘তাই তো মনে হচ্ছে’, বলল ফেলুদা, ‘তবে সেটা সম্পূর্ণ মিটেবে একটা মিটিং করে পুরো ব্যাপারটা পরিষ্কার করে বললে পরে। আর সেই বলাটা বলতে হবে সকলের সামনে। অন্তত আপনি, আপনার দুই ছেলে, আর প্রদ্যুম্নবাবুকে সেখানে উপস্থিত থাকতে হবে।’

‘সেটা আর এমন কঠিন কী? এরা তো সবাই বাড়িতেই আছে। সে ব্যবস্থা আমি করছি; আপনি চিন্তা করবেন না। কটায় আসছেন?’

‘এই ধরুন দশটা।’

কীর্তিনারায়ণের পর মণিলাল পোদ্দারকে ফোন করে ফেলুদা দশটায় বোসপুকুরে আসতে বলল।

লালমোহনবাবু এলেন নটায়, আমরা সাড়ে নটায় চা খেয়ে বেরিয়ে পড়লাম।

আচার্য বাড়িতে পৌঁছে দেখি দারোগা সাহেব এসে গেছেন। ফেলুদা বলল, ‘আজই ঘটনার ক্লাইম্যাক্স, অতএব আপনার থাকার প্রয়োজন।’

দোতলায় যে বৈঠকখানায় প্রথম দিন কীর্তিনারায়ণের সঙ্গে কথা হয়েছিল, আজও সেখানেই ব্যবস্থা হয়েছে।

আমরা আসার প্রায় সঙ্গে সঙ্গেই কীর্তিনারায়ণ এসে গেলেন।

‘কই, এদের সব ডাকো, প্রদ্যুম্ন।’

প্রদ্যুম্নবাবু বেরিয়ে গেলেন দুই ছেলেকে ডাকতে।

প্রথমে এলেন দেবনারায়ণবাবু, আর এসেই বললেন, ‘পুলিশ তো অনেক দূর এগিয়েছে বলে শুনেছি, তা হলে আবার এই ভদ্রলোকের বক্তৃতা শুনতে হচ্ছে কেন?’

ফেলুদা বলল, ‘পুলিশের সঙ্গে সঙ্গে আমিও এগিয়েছি, কিন্তু সেটা একটু অন্য পথে। আর মার্ডার ইজ নট দ্য ওনলি ক্রাইম কমিটেড ইন দিস কেস—সেটাও আপনাকে জানানো দরকার। আমি পুরো ব্যাপারটাই পরিষ্কার করে বলতে চেষ্টা করব।’

ইংরেজিতে যাকে বলে ‘গ্রান্ট’, সেইরকম একটা শব্দ করে দেবনারায়ণবাবু চুপ করে গেলেন। আসলে ভদ্রলোকের মুখে অষ্টপ্রহর পাইপ থাকে, বাপের সামনে সেটা সম্ভব হচ্ছে না বলে বোধ হয় উনি আরও খাপ্পা হয়েছেন।

হরিনারায়ণবাবু এসে কোনও তথ্য করলেন না, কিন্তু তাঁর ভ্রুকুটি দেখে বুঝলাম যে তিনিও ব্যাপারটা পছন্দ করছেন না।

সকলে উপস্থিত দেখে ফেলুদা আরম্ভ করল।

‘সাতই অক্টোবর রাত বারোটটা থেকে সাড়ে বারোটার মধ্যে ইন্ডনারায়ণ আচার্য খুন হন। তাঁকে খুন করে কী লাভ হতে পারে এইটে বিচার করার সময় আমরা জানতে পারি যে তিনি ছিলেন তাঁর বাপের প্রিয় পুত্র। অনুমান করা যায় যে কীর্তিনারায়ণের উইলে তাঁর ছেলের প্রতি এই পক্ষপাতিত্ব প্রকাশ পাবে, এবং সেই ছেলে না থাকায় সে উইল বদল হবে। এই বদলানো উইলে তাঁর অন্য দুই ছেলের প্রাপ্তি বেড়ে গেলেও, যতদিন কীর্তিনারায়ণ বেঁচে আছেন ততদিন

তারা এই টাকা পাচ্ছেন না। অর্থাৎ ভাইকে খুন করে তাঁদের ইমিডিয়েট কোনও লাভ নেই।

‘আরেকটা তথ্য আমরা জানতে পারি সেটা এই যে বীণাপাণি অপেরা ইন্দ্রনারায়ণকে ভারত অপেরা ছেড়ে তাদের দলে যোগ দেবার জন্য প্রলোভন দেখাচ্ছিল, কিন্তু ইন্দ্রনারায়ণ তাতে রাজি হননি। এই অবস্থায় ভারত অপেরাকে পঙ্গু করার জন্য ইন্দ্রনারায়ণকে খুন করার একটা কারণ থাকতে পারে। এ কাজটা বীণাপাণি অপেরা গুণ্ডা লাগিয়ে করতে পারে। খুনের দিন রাত এগারোটা পর্যন্ত ইন্দ্রনারায়ণের সঙ্গে কথা বলেন বীণাপাণি অপেরার ম্যানেজার অশ্বিনী ভড়। তিনি চলে যাবার ঘণ্টাখানেক পরে খুনটা হয়।

‘এখানে আরেকটা তথ্য আমাদের খুব কাজে লাগে। আমরা লীনার কাছ থেকে জানতে পারি যে, ইন্দ্রনারায়ণের কাছে তাঁর লেখা পাঁচটি নতুন নাটক ও খান কুড়ি গান ছিল। যাত্রার বাজারে যে এ জিনিসের দাম অনেক সেটা আর বলে দিতে হবে না। আমরা জানি যিনি ইন্দ্রনারায়ণকে খুন করেছিলেন তিনি ইন্দ্রনারায়ণের কাগজপত্র ঘাঁটাঘাঁটি করেছিলেন, কিন্তু সময়ের অভাবেই হোক বা অন্য কোনও কারণেই হোক, তার কিছুই সরাতে পারেননি। গত কাল রাত্রে বীণাপাণি অপেরার ম্যানেজার এসে নাটক আর গানগুলো নিয়ে গেছেন।

‘তা হলে অনুমান করা যায় যে খুনের একটা উদ্দেশ্য হতে পারে এই নাটক আর গানগুলি হাত করা। এ কাজ কিন্তু বাইরের লোকের পক্ষে সহজ নয়। কারণ ইন্দ্রনারায়ণের কাগজপত্রের সঙ্গে তাদের পরিচয় থাকার সম্ভাবনা কম। ঘরের লোকের পক্ষে এ খবর জানা অনেক বেশি স্বাভাবিক। ঘরের লোক যদি খুনের সঙ্গে সঙ্গে কাগজগুলো নাও নিতে পারেন, তার জন্য পরে সময় পেতে কোনও অসুবিধা নেই, কারণ কাগজগুলো থেকেই যাচ্ছে। এখানে আমাদের দেখা দরকার বাড়ির কোনও লোকের টাকার টানাটানি যাচ্ছিল কিনা।

‘এ-ব্যাপারে খোঁজ নিয়ে জানতে পারি যে হরিনারায়ণবাবু সম্প্রতি তাঁর ক্লাবে বেশি টাকায় জুয়া খেলে অনেক লোকসান দিয়েছেন। কিন্তু তা হলেও হরিনারায়ণবাবুর পক্ষে ইন্দ্রনারায়ণের নাটক আর গান চুরি করে সেগুলো অন্য যাত্রা দলে বিক্রি করাটা আমার কাছে বিশ্বাসযোগ্য বলে মনে হচ্ছিল না। তা হলে আর কে অভাবী ব্যক্তি আছেন বাড়িতে?

‘এখানে অকস্মাৎ একটি তথ্য আবিষ্কার করার ঘটনা আমি আপনাদের কাছে বলতে চাই।

‘প্রদ্যুম্নবাবু যেদিন আমার বাড়িতে আসেন সেদিন তাঁর পকেট থেকে এক টুকরো কাগজ আমাদের সোফাতে পড়ে যায়। এই কাগজে ডট পেন দিয়ে দুলাইন কথা লেখা ছিল—“হ্যাপি বার্থডে” আর “হুকুম চাঁদ”। প্রদ্যুম্নবাবুকে জিজ্ঞেস করাতে উনি বলেন কাগজটা ওঁর না। এর কিছুদিন পরে হঠাৎ শনিবারের কাগজের শেষ পাতায় একটি নামের তালিকা থেকে জানতে পারি যে হ্যাপি বার্থডে আর হুকুম চাঁদ দুটোই হল রেসের ঘোড়ার নাম। তখন আমার ধারণা হয় যে, প্রদ্যুম্নবাবু রেস খেলেন, কিন্তু সে তথ্য আমাদের কাছে গোপন রাখতে চান। আমরা সেদিনই রেসের মাঠে যাই। সেখানে আমি প্রদ্যুম্নবাবুকে দেখি ভিড়ের মধ্যে জানালার সামনে দাঁড়িয়ে বেটিং করতে। অর্থাৎ প্রদ্যুম্নবাবু যে জুয়াড়ি সেটা প্রমাণ হয়ে যায়। আমার ধারণা যারা নিয়মিত রেস খেলে এবং যাদের রোজগার খুব বেশি নয়, তাদের সব সময়ই টাকার টানাটানি হয়। সুতরাং রেসে যদি বড় রকম হার হয়ে থাকে তা হলে খুনের মোটিভ প্রদ্যুম্নবাবুর ছিল, এবং সেই সঙ্গে সুযোগও ছিল। সত্যি বলতে কী, তার চেয়ে বেশি সুযোগ এ বাড়ির কারুর ছিল না। খুনের সময় প্রদ্যুম্নবাবু কাজ করছিলেন, তাঁর পক্ষে নাটমন্দিরের বারান্দা দিয়ে এসে ইন্দ্রনারায়ণের মাথায় বাড়ি মেরে কাজটা করা ছিল অত্যন্ত সহজ ব্যাপার।

‘প্রদ্যুম্ন মল্লিকের অবস্থাটা আরও ঢিলে হয়ে যায় এই কারণেই যে তিনি হলেন মিথ্যেবাদী। তিনি শুধু রেসের ব্যাপারেই মিথ্যে বলেননি; তাঁর মতে ক’দিন আগে এ বাড়িতে আবার চোর আসে এবং সে চোরকে বাধা দিতে গিয়ে তিনি ধাক্কা খেয়ে মাটিতে পড়ে হাঁটুতে চোট পান—

যার ফলে তাঁকে নাকি খোঁড়াতে হচ্ছে। কিন্তু আজ সকালে তিনি অন্তত দুবার হাঁটার সময় খোঁড়াতে ভুলে গেছেন সেটা বোধহয় তিনি নিজে খেয়াল করেননি।

‘গত রবিবার রাত্তিরে ইন্দ্রনারায়ণের ঘর থেকে নাটক ও গানগুলি চুরি যায়। সেগুলো কার হাতে গেছে আমরা জানি, কারণ আমরা তখন বাড়ির পিছনের গলিতে ল্যাম্প পোস্টের আলোয় বসে তাস খেলছিলাম। বীণাপাণি অপেরার ম্যানেজার আসেন পৌনে বারোটায়। তাঁকে বাড়ির পিছনের দরজা খুলে দেওয়া হয়। প্রদ্যুম্নবাবুর ঘরের বাতি জ্বলছিল। আমাদের ধারণা তাঁর সঙ্গেই হয় লেনদেনটা। অস্থিণী ভড় টাকা দেন, প্রদ্যুম্নবাবু তার বিনিময়ে তাঁকে নাটক ও গানগুলো দেন। যদি আমি ভুল বলে থাকি তা হলে প্রদ্যুম্নবাবু আমাকে শুধরে দিতে পারেন।’

প্রদ্যুম্নবাবুর মুখ ফ্যাকাসে, মাথা হেঁট, শরীরে কাঁপুনি। দারোগা সাহেব এগিয়ে গিয়ে তাঁর ঠিক পিছনেই দাঁড়িয়েছেন, ঘরে রয়েছে আরও দুজন কনস্টেবল।

‘এই হল ইন্দ্রনারায়ণ আচার্য খুনের ইতিহাস’, বলল ফেলুদা। ‘কিন্তু এখানেই অপরাধের শেষ নয়। এবার আমি দ্বিতীয় অপরাধে আসছি।

‘আমি প্রথম দিন যখন এ বাড়িতে আসি তখন একটা ব্যাপার দেখে আমার একটু খটকা লেগেছিল। সেটা হল ইন্দ্রনারায়ণবাবুর বেহালা। একশো বছরের পুরনো বেহালা এত ঝকঝকে হয় কী করে? অবিশ্যি আমার বেহালার অভিজ্ঞতা কম, কত বছরে তার কীরকম চেহারা হয় সেটা আমার জানা নেই, তাই ব্যাপারটা নিয়ে তখন আর মাথা ঘামাইনি। সেদিনই অবিশ্যি শুনেছিলাম যে কন্দর্পনারায়ণ রসিকতা করে তাঁর বেহালাকে বলতেন ‘আম আঁটির ভেঁপু’। সম্প্রতি দুটো জিনিস পড়ার সুযোগ হয়েছে আমার। এক হল পাশ্চাত্য সংগীত সম্পর্কে এক এনসাইক্লোপিডিয়া আর দুই হল কন্দর্পনারায়ণের বিলেতের ডায়রি। প্রথম বই থেকে আমি জেনেছি যে ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে বেহালা বা যন্ত্রের সংস্কার হয় ইতালিতে। তখন থেকে বেহালার চেহারা এবং আওয়াজ পালটে আরও সুন্দর ও আরও জোরালো হয়। ইতালির বেহালা প্রস্তুতকারকদের মধ্যে তিনজনের নাম সবচেয়ে বিখ্যাত। এরা তিনজনেই সপ্তদশ শতাব্দীর লোক। প্রথম হল আনটন ষ্ট্রাডিভারি, দ্বিতীয় আল্দ্রেয়াস গুয়ারনেরি, আর তৃতীয় নিকোলো আমাটি। এর মধ্যে আমাটিই প্রথম বেহালার সংস্কার করেন ইতালির ক্রেমোনা শহরে।

‘তখনও আমার মাথায় আসেনি যে এই আমাটি আর কন্দর্পনারায়ণের “আম আঁটি” একই জিনিস। এটা পরিষ্কার হয় কন্দর্পনারায়ণের ডায়রি পড়ে। তাতে এক জায়গায় তিনি লিখেছেন’, ফেলুদা পকেট থেকে একটা কাগজ বার করে পড়ল—“আই বট অ্যান আমাটি টুডে ফ্রম এ মিউজিশিয়ান হু ওয়জ সাক্স ইন ডেট অ্যান্ড সোল্ড ইট টু মি ফর টু থাউজ্যান্ড পাউন্ডস। ইট হ্যাজ এ প্রোরিয়াস টোন।” অর্থাৎ আমি আজ একটি দেনায় জর্জরিত বাজিয়ার কাছ থেকে একটি আমাটি বেহালা কিনলাম দুহাজার পাউন্ডে। যন্ত্রটির আওয়াজ আশ্চর্য সুন্দর।—তখনকার দিনে দুহাজার পাউন্ড মানে বিশ হাজার টাকা। আজকে একটি আমাটি বেহালার দাম দেড়-দুলাখ টাকা।

‘এমন একটি বেহালা এই বাড়িতে এতকাল পড়েছিল, আর এই বেহালা যাত্রার কনসার্টে বাজাতেন ইন্দ্রনারায়ণ আচার্য। বেহালার আসল খবর কেউ জানতেন কি? আমার মনে হয় না কীর্তিনারায়ণবাবু বা দেবনারায়ণবাবু জানতেন, কিন্তু দুজনের জানার কথা। এক হল প্রদ্যুম্ন মল্লিক, যিনি দর্পনারায়ণের ডায়রি পড়েছিলেন, আরেক হল হরিনারায়ণবাবু। তিনি বিদেশি সংগীত সম্বন্ধে জানেন, ভাল বেহালার দাম জানেন, এবং এটাও নিশ্চয়ই জানেন যে বেহালার গায়ে দুদিকে যে ইংরিজি এস-এর মতো ফাঁক থাকে, তার একটায় চোখ লাগালে ভিতরে বেহালা প্রস্তুতকারকের নাম সমেত লেবেল দেখা যায়।

‘এই আমাটির কথা জানার পরেই আমার সন্দেহ বন্ধমূল হয় যে ইন্দ্রনারায়ণের খুনের পর তাঁর বেহালাটি সরানো হয়েছে এবং তার জায়গায় একটি সস্তা নতুন বেহালা কিনে এনে রাখা হয়েছে। কিন্তু এই বেহালা সরিয়েছে কে, এবং যে সরিয়েছে সে তো টাকার জন্যই সরিয়েছে?’

‘আমার সন্দেহটা স্বভাবতই হরিনারায়ণবাবুর উপর পড়ে এবং এটাও বুঝতে পারি যে বেহালা পাচার হয়ে ঘরে টাকা এসে গেছে। তখন আমি ভাল বিদেশি বেহালা কিনতে চাই বলে কাগজে একটা বিজ্ঞাপন দিই। তার উত্তরে আমায় চিঠি লেখেন জনৈক মিঃ রেবেলো। এই রেবেলোর বাড়ি গিয়ে দেখি তিনি একজন বিরাট প্রাচীন দ্রব্য বিক্রেতা—যাকে বলে অ্যানটিক ডিলার। তিনি বলেন তাঁর কাছে একটি আমাটি বেহালা আছে যেটা তিনি দেড় লাখ টাকায় বিক্রি করতে রাজি আছেন। আমি ওঁকে জিজ্ঞেস করি বেহালাটা তিনি মিঃ আচার্যর কাছে থেকে কিনেছেন কিনা। তাতে তিনি হ্যাঁ বলেন এবং বলেন “ইট ইজ দ্য ওনলি আমাটি ইন ইন্ডিয়া।”

‘এই হল হরিনারায়ণবাবুর অপরাধের কাহিনী, এবং আমার বক্তৃতারও এখানেই শেষ।’

আশ্চর্য এই যে ফেলুদার একটা কথাতেও কোনও প্রতিবাদ শোনা গেল না। প্রদ্যুম্নবাবু এখন মিঃ পোদ্দারের জিম্মায়। হরিনারায়ণবাবু রগ টিপে বসে আছেন মাথা হেঁট করে। দেবনারায়ণবাবু লজ্জায় লাল হয়ে ঘর থেকে চলে গেছেন। কীর্তিনারায়ণ দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘হরি যদি আমার বলত তা হলে আমি ওকে জুয়ের দেনা শোধ করার টাকা দিয়ে দিতাম। মিছিমিছি আমাদের পরিবারের একটা আশ্চর্য সম্পত্তি সে বেহাত করল। কিন্তু প্রদ্যুম্ন যে এত অসৎ তা আমি ভাবতে পারিনি। তাকে এইটুকুই বলতে পারি যে সে আমার পূর্বপুরুষের জীবনী লেখার পক্ষে সম্পূর্ণ অযোগ্য। তার উপযুক্ত শাস্তি হলে আমি সবচেয়ে বেশি খুশি হব।’

* * *

কীর্তিনারায়ণের বোধহয় খুবই শখ ছিল যে কন্দর্পনারায়ণের একটা জীবনী লেখা হোক। না হলে আর লালমোহনবাবুকে তিনি অফারটা করেন?

‘আপনি তো লিখিয়ে মানুষ—রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক—তা কন্দর্পনারায়ণের চেয়ে বড় রহস্য আর রোমাঞ্চ একই লোকের জীবনে কিন্তু আর পাবেন না।’

লালমোহনবাবু অত্যন্ত বিনয়ের সঙ্গে ঘাড় কাত করে বললেন, ‘আমাকে আর লজ্জা দেবেন না, আমি অতি নগণ্য ব্যক্তি, আমার লেখার কোনও মূল্যই নেই।’

পরে অবিশ্যি উনি ফেলুদাকে বলেছিলেন, ‘রক্ষে করুন মশাই—ওই খুন হওয়া বাড়িতে বসে আমি কন্দর্পনারায়ণের জীবনী নিয়ে রিসার্চ করব!—বেঁচে থাকুক আমার রহস্য-রোমাঞ্চ, বেঁচে থাকুক প্রখর রুদ্ধ—অ্যান্ড লং লিভ দ্য থ্রি মাস্কেটিয়ারস!’



দার্জিলিং জমজমাট

১

‘সুখবর বলে মনে হচ্ছে ?’

লালমোহনবাবু ঘরে ঢুকতেই ফেলুদা তাঁকে প্রশ্নটা করল। আমি নিজে অবিশ্যি সুখবরের কোনও লক্ষণ দেখতে পাইনি। ফেলুদা বলে চলল, ‘দু বার পর পর বেল টেপা শুনেই বুঝেছিলাম, আপনি কোনও সংবাদ দিতে ব্যগ্র, তবে সেটা সুসংবাদ না দুঃসংবাদ বুঝতে পারিনি। এখন স্পষ্ট বুঝছি সুসংবাদ।’

‘কী করে বুঝলেন ?’ বললেন লালমোহনবাবু, ‘আমি তো হাসিনি।’

‘এক নম্বর, আপনার মাঞ্জা দেওয়া চেহারা। হলদে পাঞ্জাবিটা নতুন, দাড়ি কামিয়েছেন নতুন ব্রেড দিয়ে, আফটার-শেভ লোশনের গন্ধে ঘর মাতোয়ারা, তারপর আপনি সচরাচর নটার আগে আসেন না ; এখন নটা বাজতে সতেরো।’

লালমোহনবাবু হেসে ফেললেন। ‘ঠিকই ধরেছেন মশাই ! আপনাকে ব্যাপারটা না বলা অবধি সোয়াস্তি পাচ্ছিলাম না। সেই পুলক ঘোষালকে মনে আছে তো ?’

‘চিত্র পরিচালক ? যিনি আপনার বোম্বাইয়ের বোম্বেটে থেকে হিন্দি ছবি করেছিলেন ?’

‘শুধু ছবি নয়, হিট ছবি। তখন থেকেই বলে রেখেছিল ভবিষ্যতে আবার আমার গল্প থেকে ছবি করবে। অ্যাডিনে সেটা ফলেছে।’

‘এটা কোনটা ?’

‘সেই কারাকোরামের গল্পটা। অবিশ্যি কারাকোরাম আর নেই ; সেখানে হয়ে গেছে দার্জিলিং।’

‘কোথায় কারাকোরাম, আর কোথায় দার্জিলিং !’

‘তবু নেই আমার চেয়ে তো কানা মামা ভাল মশাই। আর আমার রোটও তো বেড়ে গেছে অনেক। ফর্টি থাউজ্যান্ড !’

‘বলেন কী ? আমার দু বছরের রোজগার।’

‘তা, যেখানে ছাপান্ন লাখ টাকা বাজেট—সেখানে রাইটারকে ফর্টি থাউজ্যান্ড দেবে না ? ওখানে টপ অভিনেতার কত পায় জানেন ?’

‘তা মোটামুটি জানি বইকী !’

‘তবে ? আমার এ ছবিতে হিরো করছে রাজেন রায়না। সে নিচ্ছে বারো লাখ। আর ভিলেন করছে মহাদেব ভার্মা। এর রোট আরও বেশি। সব পাঁচখানা ছবি করেছে, কিন্তু পাঁচখানাই সিলভার জুবিলি হিট।’

‘তা, পুলক ঘোষাল আপনার এত পেয়ারের, আপনাকে দার্জিলিং-এ ডাকল না ?’

‘সেইটে বলতেই তো আসা ! ডাকবে না মানে ? ওর গ্র্যান্ডফাদার ডাকবে। আর আমাকে একা নয়, আমাদের তিনজনকেই ডেকেছে। অবিশ্যি আমি বলিচি ইনভিটেশনের দরকার নেই—আমরা এমনিই যাব। কী—ঠিক বলিনি ?’

শেষ করে গেছি দার্জিলিং ? মনেই নেই ; শুধু এইটুকু মনে আছে যে ফেলুদার গোয়েন্দাগিরির শুরু দার্জিলিং-এ। আমি ছিলাম খুব ছোট, আর ওর নরম-গরম ধমক প্রায়ই শুনতে হত। এখন ফেলুদা আমাকে ওর অ্যাসিস্ট্যান্ট বলে পরিচয় দেয়। তখন সেটা

করতে গেলে লোকে হাসত। বেশ কিছু দিন থেকেই মনে হয়েছে যে আবার দার্জিলিং গেলে বেশ হয়, কিন্তু গত পাঁচ-ছ বছরে ফেলুদার পসার বেড়েছে অনেক। সেই সঙ্গে অবিশ্যি রেটও বেড়েছে। আজকাল ওর দিব্যি চলে যায়। গত ছ মাসে পাঁচটা তদন্ত করতে হয়েছে ওকে। তার মধ্যে চন্দননগরের একটা জোড়া খুনের কেস ছাড়া সব কটাতেই ও সফল হয়েছে, তারিফ পেয়েছে, পয়সা কামিয়েছে। তিন মাস আগে একটা কালার টি ভি কিনেছে ও। তা ছাড়া ওর পুরনো বইয়ের শখ, সেই সব বই বিস্তর কিনে ও তাক ভরিয়েছে। এটা আমি বুঝেছি যে ফেলুদা খরচে লোক। টাকা জমানোর দিকে ততটা আগ্রহ নেই। যা ঘরে আসে তার বেশির ভাগই খরচ হয়ে যায়, আর সেটা যে শুধু নিজের পিছনে, তা নয়। লালমোহনবাবু আমাদের জন্য এত করেন বলে ফেলুদা সুযোগ পেলেই তাঁকে কিছু না কিছু দেয়। আফটার-শেভ লোশনটা ওরই দেওয়া। সেটা ‘স্পেশাল অকেশনে’ লালমোহনবাবু ব্যবহার করেন। বোঝাই যাচ্ছে আজকে সে রকমই একটা দিন।

সামনে পুজো, ফেলুদা ঠিকই করেছিল মাস কয়েক আর কোনও কাজ নেবে না। কাজেই দার্জিলিং যাওয়ায় তার আপত্তির কোনও কারণ থাকতে পারে না। এমনিতেই দার্জিলিং ওর খুব প্রিয় জায়গা। ও বলে, বাংলা দেশটা ভারতবর্ষের কটিদেশে হওয়াতে এখানে একটা আশ্চর্য ব্যাপার ঘটেছে—বাংলার উত্তরে হিমালয় আর দক্ষিণে বঙ্গোপসাগর। এটা ভারতবর্ষের আর কোনও প্রদেশে নেই। এটা নাকি একটা ‘অ্যাক্সিডেন্ট অফ জিওগ্রাফি’। ‘এত বৈচিত্র্য আর কোনও একটা প্রদেশে পাবি না’, বলে ফেলুদা। ‘শস্য-শ্যামলাও পাবি, রুম্মতাও পাবি, সুন্দরবনের মতো জঙ্গল পাবি, গঙ্গা পদ্মা মেঘনার মতো নদী পাবি, সমুদ্র পাবি, আবার উত্তরে হিমালয় আর কাঞ্চনজঙ্ঘাও পাবি।’

‘বলুন মশাই, যাবেন কি না’, শ্রীনাথের আনা গরম চায়ে চুমুক দিয়ে এক মুঠো চানাচুর মুখে পুরে বললেন লালমোহনবাবু।

‘দাঁড়ান, আর একটা ডিটেল জেনে নিই।’

‘বলুন কী জানতে চান।’

‘গেলে কবে যাওয়া?’

‘ওদের একটা দল অলরেডি দার্জিলিং পৌঁছে গেছে। তবে আগামী শুক্রবারের আগে কাজ আরম্ভ হচ্ছে না। আজ হল রবি।’

‘শুটিং দেখার ব্যাপারে আমার তেমন কোনও উৎসাহ নেই। কাজটা কি মাঠে-ঘাটে হচ্ছে, না বাড়ির ভিতর?’

‘বিরূপাক্ষ মজুমদারের নাম শুনেছেন?’

‘বেঙ্গল ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর?’

‘ছিলেন, এখন আর নেই। একটা মাইল্ড সেরিব্রাল স্ট্রোকের পর বাহান্ন বছর বয়সে রিটায়ার করেন।’

‘তা ছাড়া ওঁর তো আরও অনেক গুণপনা আছে না? ভদ্রলোক স্পোর্টসম্যান ছিলেন তো?’

‘এককালে ভারতবর্ষের বিলিয়ার্ড চ্যাম্পিয়ন ছিলেন। শিকারও বোধহয় করতেন।’

‘ওঁর একটা শিকারকাহিনী একটা পত্রিকায় পড়েছি।’

‘খুব বড় ফ্যামিলির ছেলে। ওঁর পূর্বপুরুষ পূর্ববঙ্গে নয়নপুরের জমিদার ছিলেন। দার্জিলিং-এ ওঁদের একটা পুরনো বাড়ি আছে। একতলা বাংলো টাইপের ছড়ানো বাড়ি, ষোলটা ঘর। বিরূপাক্ষ মজুমদার রিটায়ার করার পর সেখানে গিয়েই থাকেন। ওঁদের বাড়ির দুখানা ঘরে কিছু শুটিং হবে। পারমিশন হয়ে গেছে। বাকি শুটিং বাইরে নানান

জায়গায় ছড়িয়ে । এরা মাউন্ট এভারেস্ট হোটেলে রয়েছে । আমরা অন্য কোনও হোটেলে থাকতে পারি ।’

‘সেই ভাল । ফিল্ম পার্টির সঙ্গে অতিরিক্ত মাখামাখিটা আমার পছন্দ হয় না । দার্জিলিং-এ ইদানীং অনেক নতুন হোটেল হয়েছে । তার একটাতে থাকলেই হল ।’

আমি বললাম, ‘হোটেল কাঞ্চনজঙ্ঘার একটা বিজ্ঞাপন দেখেছি কাগজে ।’

‘ঠিক বলেছিস’, বলল ফেলুদা । ‘আমিও দেখেছি ।’

‘তা হলে আর কী’, বললেন লালমোহনবাবু, ‘ব্যবস্থা করে ফেললেই হয় ।’

ব্যবস্থা তিন দিনের মধ্যেই হয়ে গেল ।

বিষ্যদবার ত্রিশে সেপ্টেম্বর দুপুরে এয়ারপোর্টে গিয়ে দেখি, আমাদের সঙ্গে পুলক ঘোষালও চলেছেন । আর সে-সঙ্গে চলেছে ছবির হিরো, হিরোইন আর ভিলেন । লালমোহনবাবুর গল্পে কোনও হিরোইন ছিল না ; সেটা বুঝলাম এঁরা ঢুকিয়েছেন । পুলক ঘোষাল ফেলুদাকে দেখে এক গাল হেসে বললেন, ‘লালুদার গল্প হওয়াতে আবার আপনার সঙ্গে দেখা হয়ে গেল । ভেরি লাকি । তবে আশা করি, আগের বারের মতো এবারও আপনাকে তদন্তে জড়িয়ে পড়তে হবে না ।’

পুলক ঘোষাল হিরো রাজেন্দ্র রায়না, হিরোইন সুচন্দ্রা আর ভিলেন মহাদেব ভার্মার সঙ্গে আলাপ করিয়ে দিলেন । সুচন্দ্রাকে দেখতে ভাল, তবে রং একটু বেশি মেখেছেন, রাজেন রায়নার ছবি আমি আগেই দেখেছি—বেশ স্মার্ট, হাসিখুশি ভদ্রলোক, একটু দাড়ি আছে বেশ ছোট করে আর যত্ন করে ছাঁটা, লম্বায় ফেলুদারই মতো, আর শরীরটাকেও বেশ ফিট বলেই মনে হল । ইনি নবগত হলেও বয়স অন্তত চল্লিশ তো হবেই ; তবে সেটা মেক-আপ নিলে ক্যামেরায় আর ধরা পড়বে বলে মনে হয় না । লালমোহনবাবু ওঁর হিরো প্রথর রুদ্রের যে বর্ণনা দিয়েছেন—লম্বায় সাড়ে ছ ফুট, পঞ্চাশ ইঞ্চি ছাতি, খাঁড়ার মতো নাক, আর চোখ দেখলে মনে হয় যেন আগুন জ্বলছে—সে-রকম চেহারার কোনও অভিনেতা কোনও দেশে আছে বলে আমার জানা নেই ।


আমার সবচেয়ে ইন্টারেস্টিং লাগল মহাদেব ভার্মাকে । ইনি হলেন যাকে ইংরিজিতে বলে পালিশ করা ভিলেন । চোখ দুটো ঢুলু ঢুলু, ঠোঁটের কোণে মৃদু হাসি, নাকের নীচে সরু চাড়া-দেওয়া গোঁফ, দেখে মনে হয় প্রয়োজনে খুন করতে কিছুমাত্র দ্বিধা করবেন না । তার উপর দেখলাম ভদ্রলোক পারফিউম ব্যবহার করেছেন, তাতে বোঝা যায় ইনি শৌখিনও বটে । পারফিউম অবিশ্যি রাজেন্দ্র রায়নাও মেখেছেন, তবে তার গন্ধ অন্য । ফেলুদা পরে বলেছিল যে মহাদেব ভার্মার সেন্টটা হচ্ছে ডেনিম, আর রায়নারটা হল ইয়ার্ডলি ল্যাভেন্ডার ।

এয়ারপোর্টেই লাউড স্পিকারে বলল যে বাগডোগরার প্লেন এক ঘণ্টা লেট আছে । তাই আমরা সকলেই রেস্টোরাণ্টে চা-কফি খেতে চলে গেলাম । এ ব্যবস্থাটা অবিশ্যি পুলক ঘোষালই করলেন, আর আমরা তাঁর অতিথি হয়েই গেলাম ।

রেস্টোরাণ্টে মহাদেব ভার্মার সঙ্গে ফেলুদার কথা হল । আমি ফেলুদার পাশেই বসেছিলাম, তাই সব কথাই শুনতে পেলাম ।

ফেলুদাই প্রথম শুরু করল, বলল, ‘আপনি তো বোধহয় কয়েক বছর হল এ লাইনে এসেছেন ?’

ভার্মা বললেন, ‘হ্যাঁ, সবে তিন বছর হয়েছে । তার আগে আমার ছিল ভ্রমণের নেশা । ভারতবর্ষের বহু জায়গায় ঘুরেছি ; এমনকী বছর পাঁচেক আগে লে-লাদাক পর্যন্ত ঘুরে



এসেছি। সেখান থেকে যাই কাশ্মীর। শ্রীনগরে একটা শুটিং হচ্ছিল, সেই ছবির পরিচালকের সঙ্গে ঘটনাচক্রে পরিচয় হয়; তিনিই আমাকে ছবিতে অফার দেন। এখন অবিশ্যি আর ফিল্ম ছাড়ার কথা ভাবাই যায় না।’

লালমোহনবাবু কিছুক্ষণ থেকেই উসখুস করছিলেন, এবার তাঁর প্রশ্নটা করে ফেললেন। ‘আপনি যে চরিত্রটা করছেন, সেটা আপনার কেমন লাগল?’

‘খুব জোরদার চরিত্র’, বললেন মহাদেব ভার্মা। ‘বিশেষ করে আমি যেখানে হিরোইনকে আমার সামনে ধরে হিরোর প্রতি বাক্যবাণ নিক্ষেপ করছি, আর হিরো হাতে রিভলভার নিয়েও কিছু করতে পারছে না, সে দৃশ্যটা সত্যি নাটকীয়।’

অবিশ্যি এমন কোনও দৃশ্য বইয়ে নেই। লালমোহনবাবুর মুখের হাসিটা তাই কেমন যেন শুকিয়ে গেল।

এবার মহাদেব ভার্মা ফেলুদাকে একটা প্রশ্ন করলেন।

‘আপনি তো গোয়েন্দা বলে শুনলাম। তা গোয়েন্দারা তো শুনেছি, একজন মানুষকে দেখেই তার বিষয়ে অনেক কিছু বলে দিতে পারেন। আপনি আমাকে দেখে কিছু বলুন তো দেখি।’

ফেলুদা হেসে বলল, ‘গোয়েন্দারা অবশ্যই জাদুকর নন। তাঁরা যেটুকু বোঝেন তার কিছুটা পর্যবেক্ষণের জোরে, আর কিছুটা মনস্তত্ত্বের সাহায্যে। এ দুটোর ভিত্তিতে এটুকু বলতে পারি যে আপনি কিছুটা নিরাশ বোধ করছেন।’

‘কেন?’

‘কারণ আপনি প্রায়ই কথা বলতে বলতে এদিক-ওদিক দেখছেন আর বেশ বুঝতে পারছেন যে, এই লোক-ভর্তি রেস্টোরাণ্টে আপনাকে অনেকেই চিনতে পারছে না। একটু আগেই লক্ষ করলাম যে, আপনি চারপাশে চোখ বুলিয়ে একটা দীর্ঘশ্বাস ফেললেন। অথচ হিরো রাজেন্দ্র রায়নাকে অনেকেই চিনেছে, অনেকেই এগিয়ে এসে তার অটোগ্রাফ নিয়েছে। শেষে দেখলাম, আপনি আপনার কালো চশমাটা খুলে টেবিলের উপর রাখলেন, যদি তার

ফলে কেউ চেনে ; কিন্তু তাতেও কোনও ফল হল না দেখে আপনি আবার চশমাটা পরে নিলেন ।’

মহাদেব ভার্মা এবার আর একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘আপনি হান্ড্রেড পারসেন্ট ঠিক বলেছেন । বস্তুতে আমাকে পাবলিক প্লেসে দেখলে রীতিমতো হই-চই পড়ে যায় । আপনাদের বাঙালিরা বোধহয় বেশি হিন্দি ছবি দেখেন না ।’

‘যথেষ্ট দেখেন’, বললেন লালমোহনবাবু, ‘কিন্তু আপনার তিনখানা ছবি এখনও এখানে রিলিজ হয়নি । অবিশ্যি আমি যে সিনেমার খুব খবর রাখি তা নয়, তবে আমার গল্পে যিনি ভিলেনের পার্ট করছেন, তাঁর বিষয়ে গত ক দিনে কিছু খোঁজ-খবর নিচ্ছিলাম ফিল্ম পত্রিকাগুলো থেকে ।’

‘আই সি’, খানিকটা আশ্বস্ত হয়ে বললেন মিঃ ভার্মা । ‘যাই হোক, মিঃ মিত্তিরের অবজারভেশন যে দারুণ শার্প, তাতে কোনও সন্দেহ নেই ।’

ফেলুদার পর্যবেক্ষণ শক্তির পরীক্ষা অবিশ্যি দার্জিলিং-এ খুব ভালভাবেই হয়েছিল, কিন্তু সে কথা, যাকে বলে, ‘যথাস্থানে’ বলব । আপাতত প্লেন এসে গেছে, আমাদের ডাক পড়ে গেছে, তাই উঠে পড়তে হল । এখন সিকিউরিটি খুব কড়া, আমি জানি ফেলুদা তাই তার কোন্ট রিভলভারটা সুটকেসে চালান দিয়েছে, সেটা ইতিমধ্যে আমাদের অন্য মালের সঙ্গে প্লেনে উঠে গেছে । আজকাল ফেলুদা আর কোনও রিস্ক নেয় না ; শ্রেফ ছুটি ভোগ করতে গিয়েও তাকে এত বার তদন্তে জড়িয়ে পড়তে হয়েছে যে, ও রিভলভার ছাড়া কোথাও যায় না ।

সিকিউরিটি থেকে লাউঞ্জে গিয়ে বসার দশ মিনিটের মধ্যেই ডাক পড়ল—‘দ্য ফ্লাইট টু বাগডোগরা ইজ রেডি ফর ডিপারচার’ । আমরা তিনজন আর সেই সঙ্গে গুটিং-এর দল, প্লেনে গিয়ে উঠলাম । এখন আমরা সমতল ভূমিতে, কিন্তু আর মিনিট পাঁচেকের মধ্যেই উঠে যাব ৬০০০ ফুট উঁচুতে । অক্টোবরে দার্জিলিং-এ বেশ ঠাণ্ডা, ভাবতেই মনটা নেচে উঠছে । আমি যেন দেখতে পাচ্ছি যে সামনে অ্যাডভেঞ্চার আছে, যদিও সেটা ফেলুদাকে বলায় ও দাবড়ানি দিয়ে বলে দিল, ‘তার কোনও ইঙ্গিত এখনও পর্যন্ত পাওয়া যায়নি, কাজেই তোর আশা সম্পূর্ণ ভিত্তিহীন ।’

এর পরে আর আমি ভবিষ্যৎ নিয়ে কিছু বলতে যাইনি ।

২

কাঞ্চনজঙ্ঘা স্নেটেলটা দিব্যি ছিমছাম । ঘরে ঘরে টেলিফোন, হিটার, স্নানের ঘরে ঠাণ্ডা-গরম জলের ব্যবস্থা, বিছানার চাদর, বালিশ পরিষ্কার—মোট কথা সব কিছু দেখে মনটা যাকে বলে বেশ প্রসন্ন হয়ে গেল । দিন দশেকের জন্য এসেছি, তাই থাকার ব্যবস্থাটা মোটামুটি ভাল না হলে মনটা খুঁতখুঁত করে ।

পথে কোনও উল্লেখযোগ্য ঘটনা ঘটেনি । সোনাদা এলে পর লালমোহনবাবু তাঁর রাজস্থান থেকে কেনা কান-ঢাকা চামড়া আর পশমের টুপিটা মাথায় চাপিয়ে নিলেন । পথের দুধারে পাহাড়ের দৃশ্য দেখে উনি কতবার যে ‘বাঃ’ বলেছেন, তার হিসেব নেই । শেষটায় কার্শিয়ং রেলওয়ে রেস্টোরাণ্টে চা খাবার সময় ভদ্রলোক সত্যি কথাটা বলে ফেললেন । সেটা হল এই যে, তিনি এই প্রথম দার্জিলিং-এ চলেছেন ।

ফেলুদার চোখ কপালে উঠে গেল ।

‘সে কী আপনি এখনও কাঞ্চনজঙ্ঘাই দেখেননি ?’



‘নো স্যার।’ একগাল হেসে জিভ কেটে বললেন লালমোহনবাবু।

‘ইস্—আপনাকে প্রচণ্ড হিংসে হচ্ছে।’

‘কেন?’

‘প্রথমবার কাঞ্চনজঙ্ঘা দেখার যে কী অদ্ভুত অনুভূতি, সেটা তো আমাদের মধ্যে একমাত্র আপনিই বুঝবেন! ইউ আর ভেরি লাকি, মিস্টার গাঙ্গুলী।’

আকাশ পরিষ্কার থাকলে কার্শিয়ং থেকেও কাঞ্চনজঙ্ঘা দেখা যায়, কিন্তু আজ মেঘলা। ঘুম যখন পৌঁছলাম তখন আলো পড়ে আসছে, আর তখনও মেঘ কাটেনি। মোট কথা লালমোহনবাবুর ভাগ্যে ব্যাপারটা এখনও ঘটেনি। এটা অবিশ্যি দার্জিলিং-এর বিখ্যাত ঘটনা। এমনও হতে পারে যে এই দশ দিনের এক দিনও কাঞ্চনজঙ্ঘা দেখা যাবে না। তা হলে অবিশ্যি খুবই খারাপ হবে। আমি নিজে এর আগে কাঞ্চনজঙ্ঘা দেখে থাকলেও আবার নতুন করে দেখার জন্য উদ্গ্রীব হয়ে আছি। এই একটা দৃশ্য, যা কোনও দিনও পুরনো হবার নয়।

হোটেল জিনিসপত্র গুছিয়ে রেখে আমরা তিনজনে বেরিয়ে পড়লাম। আমাদের হোটেল থেকে মিনিট পাঁচেক খাড়াই উঠেই ম্যাল। যখন পৌঁছলাম, তখন দোকানের আর রাস্তার আলোগুলো জ্বলে উঠেছে। লালমোহনবাবু বললেন, ‘কী ব্যাপার মশাই, গাড়িটাড়ি দেখছি না কেন?’ ফেলুদাকে বুঝিয়ে দিতে হল, দার্জিলিং-এর বেশ খানিকটা অংশে গাড়ি চলা নিষিদ্ধ। ম্যালটা হল সে রকম একটা জায়গা। এখানে শুধু হাঁটা চলে আর ঘোড়ায় চড়া চলে। ‘আপনি ঘোড়ায় চড়েছেন কখনও?’ জিঞ্জেস করল ফেলুদা।

‘নাঃ’, বললেন লালমোহনবাবু। ‘তবে উটেই যখন চড়া আছে, তখন ঘোড়া তো তার কাছে নসি।’

আগেই বলেছি যে বিরূপাক্ষ মজুমদার বলে একজনের বাড়িতে শুটিং হবার কথা আছে।

আশ্চর্য এই যে, প্রথম দিনই ম্যালা এসে ভদ্রলোকের সঙ্গে আলাপ হয়ে গেল। সেটা হল পুলক ঘোষালের মারফত। শুটিং পার্টি ম্যালা বেড়াতে বেরিয়েছে, পুলক ঘোষাল একবার আগেই দার্জিলিং এসে বিরূপাক্ষ মজুমদারের বাড়ি দেখে পছন্দ করে গেছেন, ভদ্রলোকও কোনও আপত্তি করেননি। ফেলুদাকে দেখেই পুলকবাবু এগিয়ে এলেন, তাঁর সঙ্গে একজন ফেণ্ট হ্যাট আর সুট পরা ভদ্রলোক।

‘এঁর বাড়িতেই আমরা শুটিং করছি’, বললেন পুলকবাবু, ‘ইনি হলেন মিস্টার বিরূপাক্ষ মজুমদার।’

তার পর পুলকবাবু আমাদের তিন জনের পরিচয় দিয়ে দিলেন ভদ্রলোককে।

‘আপনার সঙ্গে শুটিং-এর কী সম্পর্ক?’ ফেলুদাকে জিজ্ঞেস করলেন মিঃ মজুমদার।

ফেলুদা বলল, ‘আমার কোনও সম্পর্ক নেই, তবে আমার এই বন্ধুটি একজন বিখ্যাত রহস্য-রোমাঞ্চ উপন্যাসিক। এঁরই একটি গল্প থেকে ছবিটা হচ্ছে।’

‘বাঃ, ভেরি গুড! ইনি ক্রাইম রাইটার, আর আপনি গোয়েন্দা—ভেরি গুড! প্রদোষ মিত্র নামটা তো জানা বলে মনে হচ্ছে। আপনার নাম তো কাগজে বেরিয়েছে কয়েকবার, তাই না?’

‘আজ্ঞে হ্যাঁ’, বলল ফেলুদা। ‘গত বছর বোসপুকুরে একটা খুনের ব্যাপারে আমি কিছুটা সাহায্য করেছিলাম।’

‘দ্যাটস রাইট’, বলে উঠলেন ভদ্রলোক, ‘তাই চেনা চেনা লাগছিল। আমার আবার একটা বাতিক আছে; আমি খবরের কাগজের খবর সংগ্রহ করি। আমার সতের বছর বয়স থেকে এই হবি। সব খবর নয়, যাকে বলা যায় একটু গরম খবর। একত্রিশটা খণ্ড হয়েছে সেই খবরের খাতার। এখন তো রিটায়ার করেছি; মাঝে মাঝে সেই সমস্ত পুরনো খাতার পাতা উলটে উলটে দেখি। লোকে গল্পের বই পড়ে, আর আমি পুরনো খবর পড়ি। এখন অবিশ্যি আমার একজন হেল্পার হয়েছে। রজত—আমার সেক্রেটারি—আমার কাটিংগুলো খাতায় স্টেটে দেয়। আপনার কাটিংও আছে তার মধ্যে।’

আমরা কথা বলতে বলতে এগিয়ে গিয়েছিলাম ম্যালের মুখে ফোয়ারাটা ছাড়িয়ে মেন রোডের দিকে। মিঃ মজুমদার বললেন, ‘আমার একটা ওষুধ ফুরিয়ে গেছে, কেনা দরকার। চলুন না ওই কেমিস্টের দোকানে।’

আমরা গিয়ে দোকানে ঢুকলাম। ভদ্রলোক টফ্রানিল নামে রাংতায় মোড়া একত্রিশটা বড়ি কিনলেন। বললেন, ‘এ হল অ্যান্টি-ডিপ্রেসান্ট পিলস্—আমার এক মাসের স্টক। রোজ একটি করে না খেলে আমার ঘুম হয় না।’

দোকান থেকে বেরিয়ে এসে ফেলুদা বলল, ‘একদিন গিয়ে আপনার খাতাগুলো একটু দেখব।’

‘একশোবার!’ বললেন ভদ্রলোক। ‘ইউ আর মোস্ট ওয়েলকাম। এও আপনাকে দেখিয়ে দেব যে, এখনও কিনারা হয়নি এমন পুরনো তদন্তের খবরও আমার খাতায় সাঁটা আছে। আমি বলছি প্রায় বিশ বছর আগের কথা।’

‘খুব ইন্টারেস্টিং ব্যাপার তো।’ বলল ফেলুদা।

‘অবিশ্যি আমার নিজের জীবনটাও কম ইন্টারেস্টিং নয়,’ বললেন ভদ্রলোক। ‘এক এক সময় হচ্ছে করে আত্মজীবনী লিখি, কিন্তু তার পরেই মনে হয়—সবগুলো সত্যি কথা তো লিখতে পারব না। আত্মজীবনী লিখতে গেলে কোনও কিছুই গোপন রাখা উচিত নয়। অন্তত আমার তাই বিশ্বাস। যাক গে—একদিন আসবেন।’

‘কোন সময় গেলে আপনার ব্যাঘাত হবে না?’

‘দ্য বেস্ট টাইম ইজ ইন দ্য মর্নিং। আমি বিকেলে একটু ঘুরতে বেরোই। মাউন্ট এভারেস্ট হোটেলে ছাড়িয়ে একটু গেলে বাঁয়ে একটা রাস্তা পাবেন যেটা পাহাড়ের গা বেয়ে ওপরে উঠে গেছে। সেটা দিয়ে কিছু দূর গেলেই দেখবেন, গেটে “নয়নপুর ভিলা” লেখা একটা বাগানে ঘেরা বাংলো। সেটাই আমার বাড়ি।’

ভদ্রলোক হাত তুলে গুড বাই করে এগিয়ে গিয়ে একটা ঘোড়ায় চাপলেন, সঙ্গে একজন সহিস। ফেলুদা বলল, ‘রুগি মানুষ, খাড়াই ওঠা বারণ, তাই নিশ্চয়ই ঘোড়া ব্যবহার করেন। তবে বেশ লোক, তাতে সন্দেহ নেই।’

শুটিং পার্টির সকলে এ-দোকান সে-দোকান ঘুরে দেখছে, পুলকবাবু এগিয়ে এসে বললেন, ‘মজুমদার মশাইকে কেমন লাগল?’

‘খুব ভাল’, বলল ফেলুদা। ‘অসুখ হলে কী হবে, এখনও বেশ তাজা আছেন।’

‘আর সব ব্যাপারে ইন্টারেস্ট। শুটিং-এর বিষয় খুঁটিয়ে খুঁটিয়ে জিজ্ঞেস করছিলেন।’

‘উনি ছাড়া আর কে থাকেন গুঁর বাড়িতে?’

‘ওর সেক্রেটারি আছেন, রজত বোস। এ ছাড়া জনা তিনেক চাকর, মালী আর সহিস আছে। ভদ্রলোক বিপত্নীক। গুঁর ছেলে আসছেন কলকাতা থেকে। অন্তত আসার তো কথা। একটিই ছেলে। মেয়ে আছে দুটি, তাদের বিয়ে হয়ে গেছে। তারা কলকাতায় থাকে না।’

‘ভদ্রলোকের হবিটা কিন্তু খুব চিত্তাকর্ষক।’

‘কাটিং জমানোর কথা বলছেন?’

‘হ্যাঁ। অনেকটা আমাদের সিধু জ্যাঠার কথা মনে পড়ছে।’

আমরও যে তা মনে হয়নি তা নয়, তবে সিধু জ্যাঠা শুধু খুনখারাপির খবরই জমান না; ইন্টারেস্টিং খবর হলেই সেটা সঁটে রাখেন।

কথা আর বেশি দূর এগোল না। পুলকবাবু বললেন শুটিং-এর অনেক তোড়জোড় আছে, এবার হোটেলে ফিরতে হবে। আগামীকাল নাকি খুব হালকা আউটডোরের কাজ রাখা হয়েছে; তার পরদিন থেকে আর্টিস্ট নিয়ে কাজ শুরু হবে, আর প্রথমই বিরূপাক্ষ মজুমদারের বাড়িতে কাজ।

পুলক ঘোষাল সমেত ফিল্মের দল চলে যাবার পর আমরা ম্যালের কাছেই কেভেনটারের দোকানের খোলা ছাতে বসে হট চকোলেট খেলাম। লালমোহনবাবু খুব তৃপ্তি সহকারে চকোলেটে চুমুক দিয়ে বললেন, ‘মশাই, আমার মন কিন্তু একটা কথা বলছে।’

‘কী বলছে?’

‘বলছে এ যাত্রা বৃথা যাবে না।’

‘বৃথা কেন যাবে? দার্জিলিং-এ এসেছি চেঞ্জ, এমন চমৎকার ক্লাইমেট, বৃথা কখনও যেতে পারে? পলিউশন-ফ্রি আবহাওয়া—শরীর সারতে বাধ্য।’

‘আমি সেদিক দিয়ে বলছি না’, একটা বিজ্ঞ হাসি হেসে বললেন জটায়ু।

‘তবে কোন দিকে দিয়ে বলছেন?’

‘আমি আপনার পেশার কথা ভাবছি।’

‘আমার পেশা?’

‘আমার মন কেন জানি বলছে যে, আপনাকে কাজে লেগে পড়তে হবে।’

ফেলুদা একটা চারমিনার ধরিয়ে বলল, ‘আসলে মুশকিলটা করছে আমার পেশা নয়, আপনার পেশা। আপনার স্বভাবই হল অলিতে-গলিতে রহস্যের গন্ধ পাওয়া। অবিশ্যি যদি তেমন কিছু ঘটেই বসে, গড ফরবিড, তা হলে ফেলু মিডির হাত গুটিয়ে বসে থাকবে না এটা

জোর দিয়ে বলতে পারি । ’

‘এই তো চাই ! এই তো এ. বি. সি. ডি.-র পক্ষে সবচেয়ে উপযুক্ত মনোভাব ! ’

এইখানে বলে রাখি, এ. বি. সি. ডি. হল ফেলুদাকে দেওয়া লালমোহনবাবুর খেতাব । এর মানে হল এশিয়াজ ব্রাইটেস্ট ক্রাইম ডিটেক্টর । কাজেই উনি ফেলুদাকে মাঝে মাঝে এ. বি. সি. ডি. বলে সম্বোধনও করে বসেন ।

আমি জানি না, কিন্তু বিরূপাক্ষ মজুমদারের সঙ্গে যেটুকু আলাপ হল, তাতে আমারও ভদ্রলোককে বেশ রহস্যজনক চরিত্র বলে মনে হল । বছরের পর বছর প্রায় একাই দার্জিলিং-এ পড়ে আছেন, খাতায় গরম গরম খবর সাঁটছেন, আর পুরনো খবর পড়ে দেখছেন । অবিশ্যি তার মানেই যে তাকে ঘিরে কোনও ক্রাইম ঘটবে, সেটা ভাবার কোনও যুক্তি নেই । আসল কথাটা হচ্ছে কী—ফেলুদা চেঞ্জ গলেও সেখানে শেষ পর্যন্ত তাকে গোয়েন্দার ভূমিকা নিতে হয়, এটা এতবার দেখেছি যে, মন বলছে এবারও সেটা না হয়ে যায় না ।

দেখা যাক, কপালে কী আছে !

৩

‘সাল্লাইম’ কথাটা লালমোহনবাবুকে এই প্রথম ব্যবহার করতে শুনলাম । অবিশ্যি শুধু সাল্লাইম নয়, তার সঙ্গে স্বর্গীয়, হেভেনলি, অপার্থিব অনির্বচনীয় ইত্যাদি বিশেষণ ব্যবহার করে এথিনিয়াম ইঙ্কলের কবি মাস্টার বৈকুণ্ঠ মল্লিকের লেখা একটি ছ লাইনের কবিতা আবৃত্তি করে ফেললেন ভদ্রলোক । ঘটনা আর কিছুই না, দ্বিতীয় দিন ভোরে উঠে ভদ্রলোক তাঁর ঘরের জানালায় দাঁড়িয়েই দেখেন যে সামনে কাঞ্চনজঙ্ঘা দেখা যাচ্ছে, আর তাতে সবে সূর্যের গোলাপি রঙের ছোপ পড়তে শুরু করেছে । সঙ্গে সঙ্গে ভদ্রলোক আমাকে ঘুম থেকে তুলে এনে তাঁর পাশে দাঁড় করালেন । বললেন, ‘এ জিনিস কারুর সঙ্গে শেয়ার না করলে মজাই নেই ।’ আর তার পরেই বিশেষণের তোড়, আর সব শেষে উদাত্ত কণ্ঠে আবৃত্তি করা কবিতা—

‘অয়ি কাঞ্চনজঙ্ঘে !

দেখেছি তোমার রূপ উত্তরবঙ্গে

মুগ্ধ নেত্রে দেখি মোরা তোমারে প্রভাতে

সাঁঝেতে আরেক রূপ, ভুল নেই তাতে—

তুষার ভাস্কর্য তুমি, মোদের গৌরব

সবে মিলে তোমারেই করি মোরা স্তব ।’

আবৃত্তি শেষ করে দম নিয়ে বললেন, ‘সম্বোধনে আ-কারটা এ-কার হয়ে যায়—সেটাকে কীভাবে কাজে লাগিয়েছেন কবি, দেখছ তপেশ ?’

আমি মাথা নেড়ে বললাম, ‘দেখেছি’, যদিও সংস্কৃত ব্যাকরণটা ভাল জানা নেই বলে ভদ্রলোক ঠিক বলছেন না ভুল বলছেন, সেটা বুঝতে পারলাম না ।

‘এটাই গ্রেট পোয়েটের লক্ষণ’, বললেন লালমোহনবাবু ।

ফেলুদাও অবিশ্যি কাঞ্চনজঙ্ঘা দেখেছিল, তবে সেটা হোটেলের বাইরে থেকে । ও ভোরে উঠে যোগব্যায়াম সেরে আমি ওঠার আগেই বেরিয়ে পড়েছিল । তার পর ম্যাল থেকে অবজারভেটরি হিলের চারিদিকে চক্কর মেরে চায়ের ঠিক আগে ফিরে এসেছিল । বলল, ‘যতবার কাঞ্চনজঙ্ঘা দেখি, ততবার বয়সটা যেন কিছুটা কমে যায় । আর সবচেয়ে ভাল

কথা—যেখানে-সেখানে বাড়ি উঠে শহরটার অনেক ক্ষতি করলেও অবজারভেটারি হিলের রাস্তাটার কোনও পরিবর্তন হয়নি ।’

‘আমারও আজ প্রথম মনে হল যেন জন্ম সার্থক’, বললেন লালমোহনবাবু ।

‘যাক !’ বলল ফেলুদা । ‘এত গাঁজাখুরি গল্প লিখেও যে আপনার সূক্ষ্ম অনুভূতিগুলো টিকে আছে, সেটা জেনে খুব ভাল লাগল ।’

‘আজ তা হলে আমরা কী করছি ?’

আমরা হোটেলের ডাইনিং রুমে ব্রেকফাস্ট করছিলাম ; ফেলুদা কাঁটা দিয়ে ওমলেটের খানিকটা অংশ মুখে পুরে বলল, ‘আজ সকালে একবার মজুমদার মশাইয়ের ওখানে যাবার ইচ্ছে আছে । কাল থেকে ওঁর বাড়িতে শুটিং আরম্ভ হয়ে যাবে, তখন বড্ড ভিড় । আজ মনে হয় নিরিবিলা বসে একটু কথা বলা যাবে । এমন লোককে কালটিভেট করাটা আমি কর্তব্যের মধ্যে ধরি ।’

‘তথাস্তু’, বললেন লালমোহনবাবু ।

আমরা সাড়ে আটটায় বেরিয়ে পড়লাম । ম্যাল থেকে নেমে দাশ স্টুডিয়ো আর কেভেনটারের পাশ দিয়ে নেহরু রোড ধরে সোজা তিন কোয়ার্টার মাইল গেলে মাউন্ট এভারেস্ট হোটেল । সেটা ছাড়িয়ে গেলেই পাব আমরা মিঃ মজুমদারের বাড়ির রাস্তা ।

সেই রাস্তা ধরে কিছু দূর উঠতেই একজন বাঙালি ভদ্রলোককে জিজ্ঞেস করতে উনি বলে দিলেন যে, আর মিনিট খানেক হটলেই আমরা নয়নপুর ভিলাতে পৌঁছে যাব ।

বাড়ি খুঁজে পেতে কোনওই অসুবিধা হল না । লাল টালির ছাদওয়ালা কাঠের বাংলো বাড়ি, বেশ ছড়ানো, তিন দিক ঘিরে রয়েছে সুন্দর বাগান, আর পিছনে পূর্ব দিকে ঘন ঝাউবনের পরেই উঠেছে খাড়াই পাহাড় ।

বাগানে একটা মালী কাজ করছিল, সে আমাদের দেখেই এগিয়ে এল ।

‘মিঃ মজুমদার আছেন ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘কী নাম বলব ?’

‘বলো যে, কাল যাঁর সঙ্গে সঙ্ঘাত আলাপ হয়েছিল, সেই মিস্ত্রিবাবু দেখা করতে এসেছেন ।’

মালী খবর দিতে চলে গেল । আমি অবাক হয়ে বাড়িটার শোভা দেখছিলাম । উত্তরে চাইলেই সোজা কাঞ্চনজঙ্ঘা দেখা যাচ্ছে । এখন ঝলমলে রূপোলি । যিনিই বাড়িটা বানিয়ে থাকুন, তাঁর রুচির তারিফ করতে হয় ।

মালীর পিছন পিছন দেখি, মিঃ মজুমদার নিজে বেরিয়ে এসেছেন ।

‘গুড মর্নিং ! আসুন আসুন, ভিতরে আসুন !’

আমরা তিনজন বাড়ির নাম লেখা সাদা কাঠের গেট খুলে ভিতরে এগিয়ে গেলাম । ভদ্রলোক এককালে বেশ সুপুরুষ ছিলেন, সেটা দিনের আলোতে দেখে বুঝতে পারছি । দেখে অসুস্থ বলে মনেই হয় না । মিঃ মজুমদারের সঙ্গে আর একজন ভদ্রলোক বেরিয়ে এসেছিলেন, জানলাম তিনিই হলেই সেক্রেটারি রজত বসু । খয়েরি ট্রাউজারের উপর গাঢ় নীল পোলো-নেক পুলোভার পরেছেন, মাঝারি হাইট, রং বেশ পরিষ্কার ।

আমাদের বৈঠকখানায় নিয়ে গেলেন মিঃ মজুমদার । আমরা ভাগাভাগি করে দুটো সোফায় বসলাম । ঘরের এক পাশে একটা কাচের আলামারিতে গুচ্ছের ছোট-বড় রূপোর কাপ সাজানো রয়েছে । বোঝা যায় সেগুলো মিঃ মজুমদার নানান সময়ে নানান স্পোর্টস প্রতিযোগিতাতে পেয়েছেন । মাটিতে একটা লেপার্ডের ছাল, আর দেয়ালে দুটো হরিণ আর একটা বাইসনের মাথাও দেখলাম ।



‘আজ সন্ধ্যায় আমার ছেলে সমীরণ আসবে’, বললেন বিরূপাক্ষ মজুমদার। ‘বাপ-ছেলের মধ্যে কোনও মিল খুঁজে পাবেন বলে মনে হয় না। সে ব্যবসাদার, শেয়ার মার্কেটে ঘোরাঘুরি করে।’

‘তিনি কি ছুটিতে আসছেন, না কোনও কাজে?’

‘সাতদিনের ছুটিতে। অন্তত বলছে তো তাই, তবে ও চুপচাপ বসে ছুটি ভোগ করার ছেলে নয়। ভয়ানক ছটফটে। ত্রিশ হতে চলল, এখনও বিয়ে করেনি। আর কবে করবে জানি না। যাকগে—এখন আপনাদের কথা বলুন।’

‘আমরা বরং আপনার কথা শুনতে এসেছি’, বলল ফেলুদা।

‘আমার কথার তো শেষ নেই’, বললেন মিঃ মজুমদার। ‘আই হ্যাভ লেড এ ভেরি কালারফুল লাইফ। অবিশ্যি পরের দিকে সেটল করে গিয়েছিলাম। একটা ব্যাক্সের পুরো দায়িত্ব এসে পড়ে আমার ঘাড়ে। স্বভাবতই তখন অনেকটা সামলে নিতে হয়। তরুণ বয়সটা—শুধু তরুণ কেন, প্রায় চল্লিশ বছর বয়স পর্যন্ত—খুব হই-ছল্লোড় করেছি। খেলাধুলো, আউটডোর-ইনডোর, শিকার, কিছুই বাদ দিইনি।’

‘আর তার সঙ্গে আপনার কাটিং জমানোর হবি।’

‘হ্যাঁ, সেটা কখনও বাদ পড়েনি। রজত আপনাকে একটা নমুনা দেখিয়ে দেবে।’

ভদ্রলোক সেক্রেটারির দিকে ইঙ্গিত করতে তিনি উঠে গিয়ে ভিতরের ঘর থেকে একটা মোটা বড় খাতা এনে ফেলুদার হাতে দিলেন। আমি আর লালমোহনবাবু উঠে গিয়ে ওর

পাশে দাঁড়ালাম ।

বিচিত্র খাতা, তাতে সন্দেহ নেই ।

‘আপনি দেখছি লন্ডনের কাগজ থেকেও কাটিং রেখেছেন,’ বলল ফেলুদা ।

‘হ্যাঁ’, বললেন বিরূপাক্ষ মজুমদার । ‘লন্ডনে আমার এক ডাক্তার বন্ধু আছে । তাকে বলাই আছে—কোনও সেনসেশন্যাল খবর পেলেই যেন আমাকে কেটে পাঠিয়ে দেয় ।’

‘খুন রাজাজানি অ্যান্ড্রিডেন্ট অগ্নিকাণ্ড আত্মহত্যা—কিছুই বাদ নেই দেখছি ।’

‘তা নেই’, বললেন মিঃ মজুমদার ।

‘কিন্তু আপনি কী একটা ক্রাইমের কথা বলেছিলেন, যেটার কোনও কিনারা হয়নি ?’

‘হ্যাঁ—তেনন একটা ক্রাইম আছে বটে । সেটার খবর আপনি খাতায় পাবেন ; আরেকটি আছে যেটা খাতায় পাওয়া যাবে না, কারণ সেটা খবরের কাগজের কানে পৌঁছায়নি ।’

‘সেটা কী ব্যাপার ?’

‘সেটা আমায় জিজ্ঞেস করবেন না, কারণ তার উত্তর আমি দিতে পারব না । আমায় মাপ করবেন । যাই হোক, রজত—একবার যাও তো সিন্ধুটি নাইনের ভলুমটা নিয়ে এসো ।’

রজতবাবু এবার আর একটা খাতা নিয়ে এসে ফেলুদাকে দিলেন ।

‘খাতার মাঝামাঝি পাবেন খবরটা’, বললেন মিঃ মজুমদার । ‘জুন মাসে ঘটে ঘটনাটা । স্টেটসম্যানের খবর, হেডিং হচ্ছে, যত দূর মনে পড়ে—“এমবেজলার আনট্রেসড” ।’

‘পেয়েছি’ বলল ফেলুদা । তার পর কিছুটা পড়েই বলল, ‘এ যে দেখছি আপনাদেরই ব্যাক্সের ঘটনা !’

‘সেই জনেই তো ওটা ভুলতে পারি না’, বললেন মিঃ মজুমদার । ‘পড়লেই বুঝতে পারবেন, আমাদেরই ব্যাক্সের অ্যাকাউন্টস ডিপার্টমেন্টের একটি ছেলে, নাম ভি. বালাপোরিয়া, প্রায় দেড় লাখ টাকা ব্যাক্স থেকে হাতিয়ে উধাও হয়ে যায় । পুলিশ বিস্তর চেষ্টা করেও তার আর সন্ধান পায়নি । আমি তখন ছিলাম ডেপুটি জেনারেল ম্যানেজার ।’

ফেলুদা বলল, ‘যদিও অনেকদিনের ঘটনা, তাও আমার ব্যাপারটা আবছা আবছা মনে আছে । গোয়েন্দা হবার আগে এই ধরনের ক্রাইমের খবর আমিও খুঁটিয়ে পড়তাম ।’

ইতিমধ্যে লালমোহনবাবু আর আমিও খবরটা পড়ে ফেলেছি ।

বিরূপাক্ষবাবু বললেন, ‘তখনই আমার একবার মনে হয়েছিল যে, শার্লক হোমস বা এরকুল পোয়ারের মতো একজন প্রাইভেট গোয়েন্দা থাকলে হয়তো ব্যাপারটার একটা সুবাহা হত । পুলিশের উপর আমার নিজের যে খুব একটা আস্থা আছে, তা নয় ।’

ফেলুদা কিছুক্ষণ খাতাটা উলটে পালটে দেখে ধন্যবাদ দিয়ে ফেরত দিয়ে দিল ।

ইতিমধ্যে কফি এসে গেছে । বেয়ারাটির বেশ ভদ্র চেহারা, হঠাৎ দেখলে চাকর বলে মনে হয় না । আমরা ট্রে থেকে কফি তুলে নিলাম ।

ফেলুদা বলল, ‘বাইরে আপনার ঘোড়াটা দেখলাম ; আপনি বুঝি ওটাতেই চলা-ফেরা করেন ?’

মিঃ মজুমদার বললেন, ‘চলা-ফেরা মানে আমি শুধু বিকেলে একবার বেরোই । বাকি সময়টা আমি বাড়িতেই থাকি । আমার অভ্যাসগুলো ঠিক সাধারণ মানুষের মতো নয় । রিটারার করার পর থেকে আমার রুটিনটা একটা অদ্ভুত চেহারা নিয়েছে । আমার ইনসমনিয়া আছে, সে কথা আগেই বলেছি । আমি ঘুমোই দুপুরবেলা, তাও এক গেলাস দুধের সঙ্গে একটা করে বড়ি খেয়ে । ঘড়িতে অ্যালার্ম দিয়ে শুই, উঠি ঠিক পাঁচটায় । তারপর চা খেয়ে বেরোই । রান্দিরটা আমি বই পড়ি ।’

‘একদমই ঘুমোন না রাত্রে ?’ ফেলুদা অবাক হয়ে জিজ্ঞেস করল ।

‘একদমই না’, বললেন ভদ্রলোক । ‘অবিশ্যি, এককালে আমার ঠাকুরদাদারও শুনেছি এই বাতিক ছিল । তিনি ছিলেন ডাকসাইটে জমিদার । তাঁর রাতটা ছিল দিন, আর দিনটা রাত । জমিদারির কাজকর্ম তিনি রাত্রেই দেখতেন, আর সারা দুপুর আফিং খেয়ে ঘুমোতেন । ভাল কথা, আপনার ধূমপানের প্রয়োজন হলে আমার সামনেই করতে পারেন ; আই ডোন্ট মাইন্ড ।’

‘থ্যাঙ্ক ইউ’, বলে ফেলুদা একটা চারমিনার ধরাল । বিরূপাক্ষবাবুর ঘাটের কাছে বয়স হলেও তাঁকে বৃদ্ধ বলে মোটেই মনে হয় না ।

‘কাল থেকে তো আপনার বাড়িতে গুটিং শুরু হবে’, বলল ফেলুদা । ‘আপনার উপর দিয়ে অনেক ধকল যাবে ।’

‘আই ডোন্ট মাইন্ড’, বললেন ভদ্রলোক । আমি থাকব বাড়ির উত্তর প্রান্তে, কাজ হবে দক্ষিণ দিকটায় । পরিচালক ভদ্রলোকটিকে বেশ ভাল লাগল, তাই আর না করলাম না ।’

এই কথা বলতে বলতেই একটা জিপের আওয়াজ পেয়ে ঘুরে দেখি ফিল্মের দল এসে গেছে । বাগান পেরিয়ে দরজার মুখে এসে টোকা মারলেন পুলক ঘোষাল ।

‘কাম ইন স্যার’, বলে উঠলেন বিরূপাক্ষ মজুমদার ।

পুলক ঘোষাল ঢুকে এলেন, তাঁর পিছনে মহাদেব ভার্মা আর রাজেন রায়না ।

‘আমরা গুটিং-এ বেরোচ্ছি’, বলল পুলক ঘোষাল, ‘তাই ভাবলাম একবার আপনার সঙ্গে দেখা করে যাই । কাল থেকে তো আপনার এখানেই কাজ, তা ছাড়া এই দুটি অভিনেতার সঙ্গে আপনার আলাপও হয়নি । ইনি হলেন ছবির নায়ক রাজেন রায়না, আর ইনি হলেন ভিলেন মহাদেব ভার্মা ।’

‘বসুন, বসুন’, বললেন মিঃ মজুমদার । ‘যখন এলেন, তখন একটু কফি খেয়ে যান ।’

‘না স্যার ! আজ আর বসব না । কাল থেকে তো প্রায় সারাটা দিনই এখানে থাকতে হবে । ভাল কথা, আপনার সেক্রেটারি বলছিলেন আপনি নাকি দুপুরটা ঘুমোন । তা, দুপুরে তো আমাদের কাজ হবে, এ বাড়ি থেকে একটু দূরে আমাদের জেনারেটর চলবে । তাতে আপনার ব্যাঘাত হবে না তো ?’

‘মোটেই না’, বললেন মিঃ মজুমদার । ‘আমি দরজা-জানলা ভেজিয়ে পরদা টেনে শুই । বাইরের কোনও আওয়াজ ঘরে ঢোকেই না ।’

লক্ষ করছিলাম ভদ্রলোক কথা বলার সময় রায়না আর ভার্মার দিকে তীক্ষ্ণ দৃষ্টি দিয়ে দেখছেন । বললেন, ‘যাক, এবার তা হলে বলতে পারব যে, ফিল্মস্টারের সঙ্গে আলাপ হয়েছে । অ্যাঙ্গিন এ সৌভাগ্যটা হয়নি ।’

এবার পুলক ঘোষাল লালমোহনবাবুর দিকে ফিরলেন ।

‘লালুদা, আপনাকে একটা রিকোয়েস্ট ছিল ।’

‘কী ভাই ?’

‘আমার মেমরি খুব শার্প, লালুদা । আমার স্পষ্ট মনে আছে, নাইনটিন সেভেনটিতে গড়পারে ফ্রেন্ডস ক্লাবে “ভূশণ্ডীর মাঠে” প্লে হয়েছিল । সরস্বতী পুজোয় । আপনার মনে পড়ছে ?’

‘বিলক্ষণ !’

‘আপনি তাতে নদু মল্লিকের পাট করেছিলেন, মনে আছে ?’

‘বাবা, সে কি ভুলতে পারি ! পাখোয়াজের বোলটা পর্যন্ত এখনও মনে আছে—ধা ধা ধিন্তা কত্তা গে, গিল্লী ঘা দেন কতাকৈ !—ওঃ ! সে কি ভোলা যায় ? জীবনে আমার প্রথম এবং শেষ অভিনয় ।’

‘না না, শেষ নয় ।’

‘মানে ?’

‘এখানকার বেঙ্গলি ক্লাব আমাদের ডুবিয়েছে । বলেছিল দু-একটা ছোট পার্টের জন্য লোক দেবে, এখন বলছে তারা কলকাতায় চলে গেছে ছুটিতে । বিশেষ করে একটি পার্ট—বুঝেছেন লালুদা, ভিলেনের রাইট হ্যান্ড ম্যান—’

‘কে—অঘোরচাঁদ বাটলিওয়ালা ?’

‘হ্যাঁ দাদা !’

‘কিন্তু তার তো বেশি কিছু করার নেই ; শুধু দুটো সিন ।’

‘সেই দুটো সিন আমাদের একটু উদ্ধার করে দিতে হবে দাদা ! কথা খুব কম । আজ বিকেলে গিয়ে আপনাকে ডায়ালগ দিয়ে আসবে । এ কাজটা কাইন্ডলি আপনি করে দিন । সবসুদ্ধ তিন দিনের কাজ ।’

‘আমরা কিন্তু আর দশ দিন মাত্র আছি ।’

‘এক উইকের মধ্যে আপনার কাজ শেষ করে দেব ।’

‘কিন্তু এই চেহারা নিয়ে—’

‘আপনাকে মেক-আপ দেব । ফ্রেঞ্চকাট দাড়ি আর একটা পরচুলা । ফার্স্টক্লাস মানাবে । কেয়া ভাই মহাদেব, মেরা চয়েস মে কুছ গলতি হয় ?’

‘নেহি নেহি ভাই’, বললেন মহাদেব ভার্মা ।

‘আপনার সিগার খাওয়ার অভ্যাস আছে ?’ লালমোহনবাবুকে জিজ্ঞেস করলেন পুলক ঘোষাল ।

‘ধূমপান করতুম এককালে’, হাত কচলাতে কচলাতে বললেন লালমোহনবাবু, ‘কিন্তু সিগারেট ছেড়েছি দশ বছর হল ।’

‘তাতে কী হল ? আর হ্যাঁ, চোখে একটা কালো চশমা ।’

বেশ বুঝতে পারছিলাম যে, লালমোহনবাবু ব্যাপারটাতে ক্রমেই মেতে উঠছিলেন । এবার বললেন, ‘ওককে ! যখন এত করে বলছ, তখন “না” করব না । আমার নিজের গল্পে একটা গেস্ট অ্যাপিয়ারেন্স থাকলে মন্দ কী ? কিন্তু একটা কথা ।’

‘কী ?’

‘আমার নামের পাশে যেন একটা “অ্যাঃ” থাকে । পেশাদারি অভিনেতা হতে আমি নারাজ । হলে অ্যামেচার, আর না হলে নয় । ঠিক তো ?’

‘ওককে !’ বললেন পুলক ঘোষাল ।

এই সুযোগে আমিও একটা ব্যাপার সেরে নিলাম । পুলক ঘোষালকে জিজ্ঞেস করলাম, ‘আমি শুটিং দেখতে আসতে পারি তো ?’

‘একশোবার, ভাই, একশোবার’, বললেন পুলক ঘোষাল ।

পুলক ঘোষালের দল তাদের কথা সেরে শুটিং-এর তোড়জোড় করতে চলে গেল । আমাদের কফি খাওয়া শেষ, তাই আমরাও আর বসলাম না । ফেলুদাই প্রথমে উঠে পড়ে বলল, ‘আজ তা হলে আসি ?’

‘অ্যাঁ ?’

ভদ্রলোক যেভাবে প্রশ্নটা করলেন তাতে বুঝতেই পারলাম, তিনি কোনও একটা কারণে

অন্যমনস্ক হয়ে পড়েছিলেন। পরমুহূর্তেই অবিশ্যি নিজেকে সামলে নিয়ে অত্যন্ত স্বাভাবিকভাবেই বললেন, ‘উঠবেন ? ঠিক আছে। রয়েছে যখন কদিন, তখন দেখা হবে নিশ্চয়ই।’

আমরা তিনজনে নয়নপুর ভিলা থেকে বেরিয়ে উতরাই দিয়ে হোটেলমুখো রওনা দিলাম।

ফেলুদা পথে কিছুই বলল না। কেন জানি, ও-ও একটু অন্যমনস্ক হয়ে পড়েছে। দুপুরে লাঞ্চ খাবার সময় লালমোহনবাবুর দিকে ফিরে বলল, ‘কী মশাই, আমাদের অ্যাডিনের আলাপ, আর এমন একটা খবর আপনি বেমালুম চেপে গেসলেন ? ভূশণ্ডীর মাঠেতে নদু মল্লিক ? বাংলা সাহিত্যে এমন একটি চরিত্র খুঁজে পাওয়া ভার, আর আপনি সেই চরিত্রে অভিনয় করেছিলেন ?’

লালমোহনবাবু একটা ফিশ ফ্রাইয়ের টুকরো মুখে পুরে দিয়ে বললেন, ‘আরে মশাই, সে-রকম বলতে গেলে তো অনেক কিছুই বলতে হয়। নর্থ ক্যালকাটায় ক্যারাম চ্যাম্পিয়ন ছিলুম ফিফটি নাইনে—এ খবর জানতেন ? এনডিওরেন্স সাইক্লিং—এ আমার কত কীর্তি আছে, সে সব আপনি জানেন ? আবুত্তি প্রতিযোগিতায় মেডেল পেয়েছি—একবার নয়, থ্রি টাইমস্। দেবতার গ্রাস পুরো মুখস্থ ছিল। ফিল্মে অফার বিশ বছর আগেও পেয়েছি—তখন আমার মাথা ভর্তি কোঁকড়া চুল—ভাবতে পারেন ? কিন্তু সে অফার নিইনি। তখন থেকেই মাইন্ড মেক আপ করেছি যে লেখক হব। শখের লেখক নয়, পেশাদারি লেখক। স্রেফ লিখে পয়সা করা যায় কিনা দেখব। তার পরের ইতিহাস অবিশ্যি খুব সহজ। খগেন জ্যোতিষী বলেছিল—তোমার কলমে জাদু আছে, তুমি লেখো। তবে এতটা যে সাকসেস হবে, তা অবিশ্যি ভাবতে পারিনি।’

‘একটা কথা কিন্তু বলে রাখছি’, বলল ফেলুদা।

‘কী ?’

‘এরা আপনাকে দিয়ে চুরুট খাওয়াবে। আপনি দশ বছর হল স্মোকিং ছেড়েছেন। সুতরাং একটা বিপর্যয়ের সম্ভাবনা আছে।’

‘বলছেন ?’

‘বলছি। এক কাজ করবেন। আজই একটা চুরুট কিনে ধোঁয়াটা পেটে না নিয়ে খাওয়া অভ্যাস করুন। পেটে গেলেই কিন্তু কাশির দমকের চোটে শট একেবারে মাটিংচকার হয়ে যাবে।’

‘থ্যাঙ্ক ইউ ফর দি অ্যাডভাইস, স্যার।’

দুপুরে একটু বিশ্রাম করে চারটে নাগাত আমরা বেরিয়ে পড়লাম। আজ অবজারভেটরি হিলটায় একটা চক্কর মারার ইচ্ছে আছে। পাহাড়ের উত্তর দিক থেকে কাঞ্চনজঙ্ঘার একটা চমৎকার ভিউ পাওয়া যায়।

লালমোহনবাবু প্রথম যে সিগারেটের দোকানটা পেলেন, সেখান থেকেই একটা চুরুট কিনে নিলেন। প্রথম টানে ধোঁয়া পেটে চলে গিয়ে সত্যিই একটা বিপর্যয় হতে যাচ্ছিল, কিন্তু ভদ্রলোক সেটা কোনও-মতে সামলে নিয়ে তারপর থেকে খুব সাবধানে ধোঁয়া টানামাত্র সেটা ছেড়ে দিতে লাগলেন। চুরুট হাতে নেবার সঙ্গে সঙ্গে ভদ্রলোকের পার্সোনালটির একটা বদল লক্ষ্য করছিলাম। বেশ একটা মিলিটারি মেজাজ, জুতোর গোড়ালি দিয়ে শব্দ তুলে হাঁটা, ঠোঁটের কোণে একটা মৃদু হাসি নিয়ে এদিক-ওদিক চাওয়া। বুঝলাম, ভদ্রলোক অঘোরচাঁদ বাটলিওয়ালার চরিত্রে অভিনয় করতে করতে চলেছেন।

অবজারভেটরি হিলের পুর্বের রাস্তাটা দিয়ে গিয়ে যেই বাঁয়ে মোড় নিয়েছি, অমনি সামনে

দেখি বিকেলের পড়ন্ত রোদে কাঞ্চনজঙ্ঘায় সোনার রং ধরতে শুরু করেছে। লালমোহনবাবুর আবার কাব্যের মেজাজ এসে পড়ল, ‘অয়ি কাঞ্চনজঙ্ঘে’ বলে আর বাকি কবিতাটা বললেন না। আমরা পুরো পাহাড়টা চক্কর দিয়ে আবার যখন ম্যাঙ্গে ফিরে এলাম তখন পাঁচটা বেজে গেছে, সূর্য পাহাড়ের পিছনে চলে গেছে। পূবে জালাপাহাড় রোডের দিকে চেয়ে দেখি ঘোড়ার স্ট্যান্ডের সামনে দিয়ে শুটিং-এর দল মালপত্তর কাঁধে নিয়ে ফিরছে, তার পিছনে লোকের ভিড়। তবে এ ভিড় মোটামুটি ভদ্র, বেশি উৎপাত করবে বলে মনে হল না। রায়না আর ভার্মা দুজনকেই কিছু অটোগ্রাফে সই দিতে হল সেটা দেখলাম। তার পর দলটা বাঁয়ে নেহরু রোড ধরে বোধহয় সোজা হোটেলের দিকে চলে গেল।

‘গুড ইভনিং!’

ঘোড়ার পিঠে বিরূপাক্ষ মজুমদার। আমাদের দেখে নেমে এলেন।

‘একটা কথা আজ সকালে আপনাকে বলা হয়নি’, মিঃ মজুমদার ফেলুদাকে উদ্দেশ্য করে গলা নামিয়ে কথাটা বললেন। তারপর আরও কাছে এগিয়ে এসে বললেন, ‘এ খবরটা আমার মালীর কাছ থেকে শোনা। কত দূর রিলায়েবল তা বলতে পারব না।’

‘কী খবর?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘ক দিন থেকেই নাকি একটি লোককে আমাদের গেটের বাইরে বাড়ির আশেপাশে ঘোরাফেরা করতে দেখা যাচ্ছে।’

‘বলেন কী।’

‘মালীও তাই বলে। লোকটা পুরনো, তার কথা অবিশ্বাস করার কোনও কারণ নেই।’

‘লোকটার কোনও বর্ণনা দিয়েছে?’

‘বলছে মাঝারি হাইট, রং মাঝারি, খোঁচা খোঁচা দাড়ি আছে। মুখ ভাল করে দেখিনি, কারণ চোখে চোখ পড়তেই লোকটা গাছের আড়ালে চলে যায়। তবে সিগারেট বা বিড়ি খায় এটা মালী বলল, কারণ গাছের পিছন থেকে ধোঁয়া বেরোতে দেখেছে।’

‘এইভাবে দৃষ্টি রাখার কোনও কারণ খুঁজে বার করতে পারেন আপনি?’

‘তা পারি। আমার বাড়িতে একটা মূল্যবান জিনিস আছে। অষ্টধাতুর তৈরি একটা বালগোপাল। আমাদের পৈতৃক বাড়ির মন্দিরের মধ্যে ছিল এটা। নয়নপুরে। জিনিসটা খুবই ভ্যালুয়েবল। আর সেটা এখানে অনেকেই দেখেছে।’

‘সেটা কোথায় থাকে?’

‘আমার শোবার ঘরে তাকের উপর।’

‘খোলা অবস্থায়?’

‘আমি তো রাত্রে জেগে থাকি, আর আমার সঙ্গে রিভলভার থাকে, কাজেই চোর বিশেষ কিছু করতে পারবে না।’

‘আর কোনও কারণে লোক হানা দিতে পারে?’

‘আমি এটুকু বলতে পারি যে আমার অনিষ্ট করতে চাইবে এমন লোক থাকা অসম্ভব নয়। এটা কেন বলছি তার কারণ জিজ্ঞেস করবেন না। আমি শুধু এইটুকু জানতে চাই যে এর মধ্যে যদি কিছু ঘটে তা হলে আপনার সাহায্য আশা করতে পারি তো?’

‘দ্যাট গাজ উইদাউট সেইং’, বলল ফেলুদা।

‘তা হলেই নিশ্চিত’, বললেন ভদ্রলোক।

এমন সময় একটি বছর ত্রিশের ভদ্রলোক আমাদের দিকে এগিয়ে এলেন। ‘এসো সমীরণ, তোমার সঙ্গে আলাপ করিয়ে দিই’, বললেন মিঃ মজুমদার। ‘ইনি হচ্ছেন আমার একমাত্র পুত্র সমীরণ, আর ইনি প্রদোষ মিত্র, আর ইনি লালচাঁদ—স্যরি, লালমোহন...গাঙ্গুলী তো?’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘আর ইনি প্রদোষবাবুর কাজিন ।’

সমীরণ মজুমদার বেশ স্মার্ট দেখতে, তার উপর একটা গাঢ় লাল জার্কিন পরাতে আরও স্মার্ট দেখাচ্ছে । বললেন, ‘আপনি তো বিখ্যাত ডিটেকটিভ ?’

‘বিখ্যাত কিনা জানি না’, বলল ফেলুদা, ‘তবে ডিটেকশন আমার পেশা বটে ।’

‘আমি আবার খুব গোয়েন্দাকাহিনীর ভক্ত । আপনার সঙ্গে একদিন বসে কথা বলার ইচ্ছা রইল ।’

‘নিশ্চয়ই ।’

‘আজ একটু শপিং-এ বেরিয়েছি । এক্সকিউজ মি ।’

সমীরণবাবু চলে গেলেন ।

‘আমিও আসি ।’ ঘোড়ার পিঠে চড়ে বললেন মিঃ মজুমদার । ‘আবার দেখা হবে নিশ্চয়ই ।’

‘প্রয়োজনে টেলিফোন করতে দ্বিধা করবেন না,’ বলল ফেলুদা । ‘আমরা উঠেছি কাঞ্চনজঙ্ঘা হোটেলে ।’

ইতিমধ্যে একটি অচেনা ছেলে এসে লালমোহনবাবুর হাতে একটা কাগজ ধরিয়ে দিয়ে গেছে । সেটা নাকি গুঁর আগামীকালের ডায়ালগ । ‘হিন্দি ডায়ালগ বাংলা অক্ষরে লিখে দিয়েছে, সুবিধাই হল ।’

‘অনেক কথা আছে ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘সাড়ে তিন লাইন,’ শুকনো গলায় বললেন লালমোহনবাবু ।

‘হোটেলে ফিরে গিয়ে একবার দেবেন তো আমাকে ডায়ালগটা’, বলল ফেলুদা । ‘আপনাকে একটু তালিম দিয়ে দেব । আপনার হিন্দিতে বড্ড বেশি শ্যামবাজারের টান এসে পড়ে ।’

আমরা গতকালের মতো আজকেও ফেরার আগে একবার কেভেনটারসের ছাতে গিয়ে বসলাম হট চকোলেট খাবার জন্য । ঠাণ্ডা বেশ কনকনে, তার উপর মেঘ নেই বলে শীত আরও বেশি । এর মধ্যেই অনেক তারা বেরিয়ে পড়েছে আকাশে, আর তার সঙ্গে আবছাভাবে দেখা যাচ্ছে ছায়াপথটা ।

‘এখানে বসতে পারি ?’

আমরা তিনজন একটা টেবিলে বসেছিলাম । আমাদের পাশে একটা চেয়ার খালি ছিল ; এবার দেখলাম একজন বছর ষাটেকের বাঙালি ভদ্রলোক সেটার পিছনে এসে দাঁড়িয়ে আমাদের দিকে হাসি-হাসি মুখ করে চেয়ে আছেন । চোখে চশমা, কাঁচা-পাকা মেশানো গোঁফ আর মাথার চুল ।

‘বসুন’, বলল ফেলুদা ।

‘আপনার পরিচয় আমার জানা আছে,’ ভদ্রলোক ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘আপনার একটা ছবি সমেত সাক্ষাৎকার বোধহয় একটা বাংলা পত্রিকায় বেরিয়েছিল । বছর খানেক আগে ।’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘কিন্তু ঐকে তো— ?’

‘ইনি ঔপন্যাসিক লালমোহন গঙ্গোপাধ্যায় ।’

‘কিছু মনে করবেন না—এভাবে উড়ে এসে জুড়ে বসলাম—কিন্তু আজ আপনাদের দেখলাম আমার পাশের বাড়িতে ঢুকতে । আমি নয়নপুর ভিলার উত্তরের বাড়িটায় থাকি ।



বাড়িটার নাম দ্য রিট্রিট, আর আমার নাম হরিনারায়ণ মুখার্জি।’

‘নমস্কার।’

‘নমস্কার—ইয়ে, আপনি কি কোনও তদন্তের ব্যাপারে এখানে এসেছেন?’

‘আজ্ঞে না। এসেছি ছুটি কাটাতে।’

‘না, মানে, বিরূপাক্ষ মজুমদারের বাড়িতে একজন গোয়েন্দা ঢুকছে দেখলে মনে হয়...’

‘কেন? উনি কি কোনও গোলমালে জড়িয়ে আছেন নাকি?’

‘ইয়ে, ওঁর সম্বন্ধে পাঁচ রকম গুজব শোনা যায় তো!’

‘ওঃ, তাই বলুন । না, উনি কোনও গোলমালে জড়িয়ে আছেন বলে মনে হল না । আর গুজবে কান দেওয়াটা আমি বাঞ্ছনীয় বলে মনে করি না ।’

‘তা তো বটেই । তা তো বটেই ।’

আমার মনে হল, ফেলুদা ইচ্ছে করেই মিঃ মজুমদারের লেটেষ্ট ব্যাপারটা চেপে গেল । ইনি কোথাকার কে তা কে বলতে পারে ? আর ভদ্রলোক সত্যিই তো উড়ে এসে জুড়ে বসেছেন ।

কেভেনটারসের ছাতে আলো অন্ধই, কিন্তু তার মধ্যেই দেখছিলাম লালমোহনবাবু পকেট থেকে তাঁর কাগজটা বার করে ডায়ালগটা আউড়ে দেখছেন ।

‘তা হলে উঠি ? আলাপ করে খুব ভাল লাগল ।’

হরিনারায়ণ মুখার্জি চলে গেলেন ।

‘মনে হল ভদ্রলোক এখানকার অনেক দিনের বাসিন্দা’, ফেলুদা মন্তব্য করল ।

‘সেটা আবার কী করে বুঝলেন মশাই ?’

‘আমাদের চেয়ে শীতটা বেশি সহ্য করতে পারেন । সুতির শার্টের উপর একটা গরম চাদর জড়িয়ে বেরিয়ে পড়েছেন । পায়ে মোজাও পরেননি । ভদ্রলোককে একটু কালটিভেট করতে পারলে মন্দ হত না ।’

‘কেন ?’

‘আজ জানান দিয়ে গেলেন যে ওঁর কাছে খবর আছে ।’

কেন জানি না, হট চকোলেটটা খেতে খেতে মনে হচ্ছিল যে ঘটনা যেভাবে এগোচ্ছে, যে-সব লোকের সঙ্গে আলাপ করে যে-সব খবর জানতে পারছি, তার থেকে একটা বিশ্লেষণ ঘটা খুব আশ্চর্য নয় । কিন্তু সেটা যে এত তাড়াতাড়ি ঘটবে সেটা ভাবতেই পারিনি ।

৫

পরদিন ব্রেকফাস্ট শেষ করতে না করতে পুলক ঘোষালের কাছ থেকে গাড়ি নিয়ে লোক এসে গেল লালমোহনবাবুর জন্য । আগের দিন রাত্রে ফেলুদার কাছ থেকে তালিম নিয়ে লালমোহনবাবু তাঁর সাড়ে তিন লাইন ডায়ালগটা তৈরি করে নিয়েছিলেন । যে লোকটি তাঁকে নিতে এল সে বাঙালি, নাম নীতিশ সোম । সে বলল আজ প্রথম দিন, তাই গুটিং আরম্ভ হতে হতে বারোটা হবে । কিন্তু লালমোহনবাবুর মেক-আপ আছে । তাই তাঁকে আগে প্রয়োজন । জামাকাপড়ের কথা পুলকবাবু আগেই বলে দিয়েছিলেন ফোন করে ; লালমোহনবাবু নিজের কোট-প্যান্টই পরবেন, তবে কী রঙের সেটা এখনও ঠিক হয়নি, তাই তিনি সঙ্গে যা এনেছেন সবই নিয়ে যেতে হবে । আমিও যেতে চাই শুনে নীতিশবাবু বললেন, ‘আপনি বরং এগারোটা নাগাত আসবেন । ততক্ষণে আমাদের তোড়জোড় প্রায় শেষ হয়ে যাবে । তা ছাড়া আজ তো মহরত, তাই একটা ছোট অনুষ্ঠান আছে । সেটা এগারোটায় এলে দেখতে পাবেন । আপনি দুপুরের লাঞ্চটাও না হয় আমাদের সঙ্গেই করবেন ; হোটেল থেকে প্যাকড লাঞ্চ আসবে ।’

সাড়ে আটটার মধ্যেই একটা সূটকেস নিয়ে ‘দুগ্গা’ বলে লালমোহনবাবু বেরিয়ে পড়লেন ।

আমি আর ফেলুদা নটা নাগাত হোটেল থেকে বেরিয়ে পড়লাম । আজ আমরা একটু জলাপাহাড় রোড দিয়ে হাঁটব । ফেলুদা বলল, ‘দার্জিলিং-এ এসে সকালটা হোটеле বসে থাকার কোনও মানে হয় না ।’

আজকের দিনটাও রোদ-ঝলমল, উত্তরে কাঞ্চনজঙ্ঘা মাথা তুলে দাঁড়িয়ে আছে। ম্যালের বেষ্টিতে লোক ভর্তি, কারণ পুজোয় অনেক চেঞ্জার এসেছে। আমরা ঘোড়ার স্ট্যান্ড ছাড়িয়ে জালাপাহাড় রোড দিয়ে হাঁটতে লাগলাম। ফেলুদা সিগারেট খাওয়া অনেক কমিয়ে দিলেও ব্রেকফাস্টের পর একটা না খেয়ে পারে না। একটা চারমিনার ধরিয়ে দৃশ্য দেখতে দেখতেই আমাকে প্রশ্ন করল, ‘হালচাল কীরকম বুঝছিস?’

আমি বললাম, ‘এখন পর্যন্ত বিরূপাঙ্ক মজুমদারকেই সবচেয়ে ইন্টারেস্টিং লোক বলে মনে হচ্ছে।’

‘সেটা ঠিক। অবিশ্যি তার একটা কারণ হচ্ছে যে, একমাত্র এই ভদ্রলোক সম্বন্ধেই আমরা বেশ কিছু তথ্য জেনেছি, আর সেগুলো খুবই ইন্টারেস্টিং। যে লোক দিনে ঘুমোয় আর রাতে জাগে, যে লোক গরম গরম খবর কাগজ থেকে কেটে খাতায় সেঁটে রাখে, যে বলে যে তার জীবনে একটা রহস্য আছে কিন্তু সেটা সে প্রকাশ করতে চায় না, আর যে একটা মহামূল্য জিনিস সিন্দুকে না রেখে তার ঘরের তাকে রাখে, তাকে কোনও মতেই স্বাভাবিক মানুষের পর্যায়ে ফেলা চলে না।’

‘ওঁর ছেলে তো প্রায় কথাই বললেন না।’

‘হ্যাঁ। আমার কাছে ভদ্রলোককে বেশ রহস্যজনক বলে মনে হল। ভাবটা যেন বেশি কথা বললে কোনও রহস্য প্রকাশ পেয়ে যাবে, তাই সামলে চলছে।’

‘আর রজতবাবু?’

‘তোর কী মনে হল?’

‘মনে হল যে লোকটার চোখ খরাপ কিন্তু চশমা নেয়নি। একটা মোড়ায় ধাক্কা খেলেন দেখলে না?’

‘একসেলেন্ট! একদম ঠিক বলেছিস। চশমাটা হয়তো ভেঙেছে; আর মাইনাস পাওয়ার তাতে সন্দেহ নেই—অর্থাৎ দূরের জিনিস দেখতে পায় না, কাছের জিনিস পায়—তা না হলে ঠিকঠিক খাতাগুলো আনতে পারত না।’

‘আর বিশ্বের হিরো আর ভিলেন?’

‘তোর কী মনে হয়? আজকে তোর পরীক্ষাই হোক।’

‘কাল একটা অদ্ভুত জিনিস লক্ষ করলাম।’

‘কী?’

‘লালমোহনবাবু যখন নদু মল্লিকের পাখোয়াজের বোলটা বলছিলেন, তখন রায়না আর ভার্মা দুজনের ঠোঁটের কোণেই হাসি দেখা দিল।’

‘এটাও দুর্দান্ত বলেছিস।’

‘তার মানে কি ওরা বাংলা জানে?’

‘আসলে বিশ্বের ফিল্ম-জগতে এত বাঙালি কাজ করে যে, বাংলাটা অল্পবিস্তর অনেকেই বুঝতে পারে, বলতে না পারলেও।’

‘ওদের দুজনকে দেখে মিঃ মজুমদার একটু অন্যমনস্ক হয়ে পড়েছিলেন, সেটা লক্ষ করেছিলে নিশ্চয়ই।’

‘তা তো বটেই।’

‘অবিশ্যি মিঃ মজুমদারের মনটা যেন মাঝে মাঝেই অন্য দিকে চলে যায়, তাই না?’

‘হ্যাঁ, লোকটা সব সময় যেন কিছু একটা ভাবছে। সেটা হয়তো বোঝা যাবে ওঁর সম্বন্ধে গুজবটা কী সেটা জানলে।’

আমরা প্রায় দেড় ঘণ্টা ঘোরার পর হোটеле ফিরলাম। ফেলুদা বলল, ‘তুই আজ মনের

আনন্দে শুটিং দেখিস ; আমার কথা চিন্তা করিস না । আমি ভাবছি, একবার অবজারভেটরি হিলের মাথায় গুম্ফাটা দেখে আসব ।’

আমি ঠিক সময়ে সাড়ে এগারোটায় বেরিয়ে কুড়ি-পঁচিশ মিনিটে নয়নপুর ভিলায় পৌঁছে গেলাম । ফট ফট শব্দ শুনে বুঝলাম যে জেনারেটর চালু হয়ে গেছে । কিন্তু সেটা যে কোথায় রাখা হয়েছে, তা বুঝতে পারলাম না । আমাকে দেখে ওদের দলের একজন এগিয়ে এসে ভিতরে ডেকে নিয়ে গেল । এ দিকটা বাড়ির দক্ষিণ দিক, এ দিকে কাল আসিনি । একটা ঘরের মধ্যে কাজ হচ্ছে, সেখানে জোরালো স্টুডিয়ার আলো জ্বলছে । জানালা বন্ধ করে বাইরে থেকে দিনের আলো আসার পথ বন্ধ করে দিয়েছে । বুঝলাম দৃশ্যটা বোধহয় রাত্রের দৃশ্য, যদিও তোলা হচ্ছে দিনের বেলা ।

কিন্তু আমাদের জটায়ু কোথায় ?

ও মা—ওই তো ভদ্রলোক ! কিন্তু প্রথম দেখে একেবারেই চিনতে পারিনি—দাড়ি আর পরচুলায় চেহারা এত বদলে গেছে । দিব্যি ভিলেন-ভিলেন লাগছে ভদ্রলোককে । আমায় দেখতে পেয়ে চেয়ার থেকে উঠে এগিয়ে এসে বেশ ভারি ক্লি চালে জিজ্ঞেস করলেন, ‘কী মনে হচ্ছে ? চলবে ?’

আমি ভদ্রলোকের চেহারার তারিফ করে বললাম, ‘আপনার কথাগুলো মনে আছে তো ?’

‘আলবৎ !’ ভীষণ কনফিডেন্সের সঙ্গে বললেন ভদ্রলোক ।

অন্য একটা সোফায় বসে মহাদেব ভার্মা তাঁর গোর্ফে চাড়া দিচ্ছিলেন । এবার পুলক ঘোষালের গলা পেলাম ।

‘লালুদা !’

লালমোহনবাবু তাড়াতাড়ি গিয়ে তাঁর চেয়ারে বসলেন । আমি একটা সুবিধের জায়গা বেছে নিয়ে সেখান থেকে দাঁড়িয়ে দেখতে লাগলাম ।

পুলক ঘোষাল এবার লালমোহনবাবুর সামনে দাঁড়িয়ে হাত-পা নেড়ে ব্যাপারটা বুঝিয়ে দিলেন ।

‘লালুদা, আপনি প্রথমে বুক পকেট থেকে একটা চুরুট বার করে মুখে পুরবেন ; সেই সঙ্গে মহাদেবও একটা সিগারেট মুখে পুরবে । তারপর আপনি পকেট থেকে দেশলাই বার করে মহাদেবের সিগারেটটা ধরিয়ে দেবেন, তারপর নিজের চুরুটটা ধরাবেন । তার পরে চেয়ারে হেলান দিয়ে বসবেন । তখন আমি “ইয়েস” বলব । তাতে আপনি চুরুটের ধোঁয়া ছেড়ে আপনার প্রথম কথাটা বলবেন । এর পরেই শট শেষ । এই শটটা কিন্তু প্রধানত আপনারই শট । ক্যামেরা আপনারই মুখ দেখছে, আর মহাদেবের দেখছে পিঠ । বুঝেছেন ?’

‘ইয়েস,’ বললেন লালমোহনবাবু । ‘তবে একটা কথা ।’

‘বলুন ।’

‘এ দেশলাইটা জ্বলবে তো ?’

‘হ্যাঁ হ্যাঁ । একেবারে টট্কা । আজই সকালে কেনা ।’

‘ভেরি গুড ।’

মিনিটখানেক আরও আমড়াগাছির পর শট আরম্ভ হল । ক্যামেরা আর সাউন্ড চালু হল, আর পুলকবাবু বলে উঠলেন, ‘অ্যাকশন !’

লালমোহনবাবু মুখে চুরুট পুরলেন ঠিকই, কিন্তু দেশলাইটা ধরাতে গিয়ে বারুদের দিকটা হাতে ধরে উলটো দিকটা ঘষতে লাগলেন দেশলাইয়ের গায়ে । খচ্ খচ্ খচ্ খচ্—দেশলাই আর জ্বলে না, এ দিকে ক্যামেরা চলেছে ঘড়ঘড় শব্দ করে ।

‘কাট, কাট !’ চৈচিয়ে উঠলেন পুলক ঘোষাল । ‘লালুদা, আপনার বোধহয়—’



‘সরি ভাই, ভেরি সরি। এবার আর ভুল হবে না।’

দ্বিতীয়বার অবিশ্যি চুরুট আর সিগারেট ঠিকই জ্বলল, কিন্তু চুরুটে টানটা একটু বেশি মাত্রায় হওয়ায় লালমোহনবাবুর বিষম লেগে শট্টা নষ্ট হয়ে গেল, আর পুলক ঘোষালকে আবার চোঁচিয়ে বলতে হল, ‘কাট, কাট!’

তিনবারের বার আর কোনও ভুল হল না। ‘ও কে!’ বলে চোঁচিয়ে উঠলেন পুলক ঘোষাল, আর সকলে লালমোহনবাবুকে তারিফ করে হাততালি দিয়ে উঠল।

আশ্চর্য এই যে, আরও পাঁচ ঘণ্টা লালমোহনবাবুকে নিয়ে কাজ হল আর তার মধ্যে ভদ্রলোক একটাও ভুল করলেন না। এর মধ্যে অবিশ্যি ভদ্রলোককে দুবার বাথরুমে যেতে হয়েছিল; সেটা শীতের জন্যও হতে পারে আবার নার্ভাসনেসের জন্যও হতে পারে। মোট কথা, পুলক ঘোষাল স্যাটিসফাইড।

‘কাল আবার সেম টাইমে লোক যাবে কিন্তু,’ বললেন পুলকবাবু।

‘লোক যাবার কোনও দরকার ছিল না ভাই,’ বললেন লালমোহনবাবু। ‘আমি এমনিই চলে আসতে পারতাম।’

‘না না, তা কি হয়?’ বললেন পুলকবাবু। ‘আমরা সকলের জন্যই লোক পাঠাই। ওটা আমাদের একটা নিয়ম।’

লালমোহনবাবুর মেক-আপ তুলতে লাগল দশ মিনিট, তারপর প্রোডাকশনের একটা জিপে করে আমরা আমাদের হোটেল ফিরে এলাম।

নিজের ঘরে না গিয়ে আমাদের ডাবল রুমে এসে লালমোহনবাবু বিছানায় চিৎপটাং হয়ে শুয়ে পড়লেন। আমি ফেলুদাকে বলে দিলাম লালমোহনবাবুর কাজ খুব ভাল হয়েছে আর সকলে খুব তারিফ করেছে।

‘বাং, তা হলে আর কী,’ বলল ফেলুদা, ‘তা হলে তো বাজিমাং। একটা নতুন দিক খুলে গেল। এবার আর শুধু রহস্য-রোমাঞ্চ ঔপন্যাসিক নয়, চলচ্চিত্রাভিনেতাও বটে।’

লালমোহনবাবু এতক্ষণ চোখ বুজে পড়ে ছিলেন, হঠাৎ চোখ খুলে উঠে বসে ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘দেখছেন, আরেকটু হলে ভুলেই যাচ্ছিলাম। আপনাকে যে একটা অত্যন্ত জরুরি কথা বলার আছে।’

‘কী ব্যাপার?’

‘শুনুন মন দিয়ে। আজ দেড়টায় লাঞ্চ ব্রেক হয়েছে। আমি সেই ফাঁকে টুক করে একবার স্মল ওয়র্ক সারতে গিয়েছিলাম বাথরুমে। বাড়ির দক্ষিণে আমাদের কাজ হচ্ছে; সে দিকে বাথরুম আছে, কিন্তু তার ভেতর এরা শুটিং-এর যাবতীয় মালপত্তর রেখেছে; তাই আমাকে যেতে হল উত্তর দিকে—অর্থাৎ যে দিকে মিঃ মজুমদার থাকেন। প্রোডাকশনের একজন ছোকরাই আমাকে বাথরুমটা দেখিয়ে দিল। আমি গেলুম। এটা একটা আলাদা বাথরুম, বেডরুমের সঙ্গে অ্যাটাচড নয়। আমি কাজ সেরে হাত ধুয়ে চোখে-মুখে জলের ঝাপটা দিয়ে, বাইরে এসেই কাছের কোনও একটা ঘর থেকে শুনি মিঃ মজুমদারের গলা। ভদ্রলোক কাকে যেন কড়া গলায় শাসনের সুরে বলছেন, “ইউ আর এ লায়ার; তোমার একটা কথাও আমি বিশ্বাস করি না।” যদিও গলার স্বর চাপা, কিন্তু তাতে যে ঘোর বিরক্তি প্রকাশ পাচ্ছিল, তাতে কোনও সন্দেহ নেই।’

‘বাংলায় বললেন কথাটা?’

‘ঠিক আমি যেমন বললাম। প্রথম অংশ ইংরিজি, বাকিটা বাংলা।’

‘তার মানে ভদ্রলোক তখনও ঘুমোননি?’

‘না; কারণ কাল যখন লাঞ্চ ব্রেক হয়, তখনও ভদ্রলোককে দক্ষিণের বারান্দায় দেখেছি। উনি শুটিং দেখতে এসেছিলেন। সকালে আমার সঙ্গে কথা হয়েছে। উনি দেড়টায় বড়িটা খান, তার পর ঘুমোন। আমি যখনকার কথা বলছি, তখন দেড়টা বেজে মিনিট সাতেক হয়ে গেছে।’

‘ভদ্রলোকের কথার উত্তরে অন্য লোকটি কিছু বললেন না?’

‘বলে থাকলেও সেটা এত চাপা গলায় যে, আমি শুনতে পাইনি। আমার আবার তখন তাড়া—লাঞ্চ রেডি—তাই আর অপেক্ষা না করে চলে এলাম। কিন্তু মিঃ মজুমদারই যে কথাটা বলেছেন, সে বিষয়ে কোনও সন্দেহ নেই।’

‘তার মানে হয় রজত বোস, না হয় নিজের ছেলে সমীরণ মজুমদারকে বলেছেন কথাটা।’

লালমোহনবাবু হঠাৎ প্রসঙ্গ বদলে বললেন, ‘তবে একটা কথা কিন্তু বলতেই হবে মশাই। এই সব বোম্বাই-অভিনেতাদের বিষয়ে যত কিছু শোনা যায়, আসলে তত কিছু নয়।’

‘এটা কেন বলছেন?’

‘লাঞ্চের পর রায়নার সঙ্গে একটা শট ছিল, সেটা ছোকরার ভুলের জন্য পাঁচবার করে নিতে হল। সামান্য ডায়ালগ, তবু বার বার ভুল করছে।’

‘ও রকম হয়েই থাকে,’ বলল ফেলুদা, ‘সেরা অভিনেতারও হঠাৎ হঠাৎ নার্ভ ফেল করতে পারে।’

সব শেষে জটায়ু বললেন, ‘যেটুকু নার্ভাসনেস ছিল, আজ সম্পূর্ণ কেটে গেছে। আর কোনও ভাবনা নেই।’

৬

বজ্রপাতটা হল পরের দিন, তবে আসল ঘটনাটা সরাসরি না বলে আগে দিনটা কীভাবে গেল বলি।

দিনটা মেঘলা, তাই কাঞ্চনজঙ্ঘা রয়েছে আড়ালে। আমি ফেলুদার সঙ্গে সকালে বেরিয়ে একটু কেনাকাটা সেরে, বার্চ হিল রোড দিয়ে খানিকদূর বেড়িয়ে এগারোটা নাগাত রওনা দিলাম নয়নপুর ভিলায়। গতকাল রাত্রেও ফেলুদা লালমোহনবাবুকে তালিম দিয়েছে। এবারে সাড়ে তিনের জায়গায় সবসুদ্ধ পাঁচ লাইন ডায়ালগ। আজ আর চুরুট-সিগারেট ধরানোর ব্যাপার নেই, তাই সেদিক থেকে বাঁচোয়া।

লালমোহনবাবুর সাতটা শট ছিল। সাড়ে নটায় কাজ আরম্ভ হয়েছে। আড়াইটেয় লাঞ্চ ব্রেক হয়েছে। লাঞ্চের আগে চারটে, পরে তিনটে শট হয়ে সাড়ে চারটের সময় লালমোহনবাবু ফ্রি হয়ে গেলেন। পুলক ঘোষাল বলল, ‘জিপের ব্যবস্থা আছে লালুদা, আপনি এনি টাইম যেতে চাইলে যেতে পারেন।’

লালমোহনবাবু বললেন, ‘আজ যখন তাড়াতাড়ি শেষ হল, তখন ভাবছি হেঁটেই বাড়ি ফিরব; গাড়ির দরকার নেই।’

‘জাস্ট অ্যাজ ইউ লাইক,’ বলল পুলক ঘোষাল।

পুলক ঘোষাল চলে গেলে পর লালমোহনবাবু বললেন, ‘এদের চা-টা বেশ ভাল; এম্ফুনি চা দেবে, সেটা খেয়ে বেরিয়ে পড়ব।’

দেড় মাইলের উপর রাস্তা, তাই চা খেয়ে পাঁচটা নাগাত বেরিয়ে হোটেল পৌঁছতে পৌঁছতে সাড়ে পাঁচটা হয়ে গেল।

ঘরে ঢুকেই দেখি ফেলুদা গায়ে জ্যাকেট চাপাচ্ছে।

‘বেরোচ্ছ নাকি?’ আমি জিজ্ঞেস করলাম।

ফেলুদা আমাদের দিকে অবাক হয়ে তাকিয়ে বলল, ‘তোরা ছিলি না ওখানে? তোরা শুনিসনি?’

‘আমরা তো আধ ঘণ্টা হল বেরিয়েছি, তখন পর্যন্ত তো কিছু শুনিনি। কী ব্যাপার?’

‘মিঃ মজুমদার খুন হয়েছেন।’

‘অ্যা!’

আমরা দুজনেই সমস্বরে চৈঁচিয়ে উঠলাম।

‘ভদ্রলোক সাড়ে বারোটা নাগাত আমার ফোন করেছিলেন। বললেন আমার সঙ্গে জরুরি কথা আছে, সেটা সন্ধ্যায় আমার এখানে এসে বলবেন। আর তার পর এই ব্যাপার।’

‘তুমি খবর পেলে কী করে?’

‘ওঁর ছেলে ফোন করেছিলেন এই পাঁচ মিনিট আগে। পুলিশে খবর দিয়েছেন, কিন্তু আমাকেও যেতে বললেন। পাঁচটার পরেও ভদ্রলোকের ঘুম ভাঙছে না দেখে সমীরণবাবু ওঁর ঘরে ঢোকেন; বাবাকে কী যেন একটা বলার ছিল। দরজাটা কেবল ভেজানো ছিল; মিঃ মজুমদার ছিটকিনি লাগাতেন না কখনও। ঢুকে দেখেন রক্তাক্ত কাণ্ড। বুকে ছোরা মেরেছে ঘুমন্ত অবস্থায়। ওঁর বাড়ির ডাক্তার এসে বলে গেছেন ছুরির আঘাতেই মৃত্যু

হয়েছে। শুটিং অবশ্যই বন্ধ হয়ে গেছে, এবং স্বভাবতই কিছু দিন বন্ধ রাখতে হবে। কারণ পুলিশ তদন্ত করবে। যাই হোক—আমি তো চললাম। তোরা কি থাকবি, না আমার সঙ্গে যাবি ?’

‘থাকব কী !’ বললেন লালমোহনবাবু। ‘এর পরে কি আর থাকা যায় ? চলুন বেরিয়ে পড়ি।’

আমরা তিনজন যখন নয়নপুর ভিলা পৌঁছলাম, তখন সোয়া ছটা। চারিদিক অন্ধকার হয়ে গেছে, আকাশে মেঘ, টিপ টিপ করে বৃষ্টি পড়ছে। শুটিং-এর দলের সকলেই রয়েছে। পুলক ঘোষাল কাছেই ছিলেন, আমাদের দেখে এগিয়ে এসে বললেন, ‘কী বিশ্রী ব্যাপার বলুন তো ! ভারী মাই ডিয়ার লোক ছিলেন মিঃ মজুমদার। এক কথায় কাজ করার অনুমতি দিয়ে দিয়েছিলেন।’

বাড়ির বাইরে পুলিশের জিপ দাঁড়িয়ে আছে সেটা আগেই লক্ষ করেছি।

আমরা বাড়ির দিকে এগিয়ে গেলাম। সামনের বারান্দায় একজন ইনস্পেক্টর দাঁড়িয়ে আছেন। বছর চল্লিশেক বয়স, ফেলুদার দিকে হাত বাড়িয়ে বললেন, ‘আপনার নাম অনেক শুনেছি। আমি ইনস্পেক্টর যতীশ সাহা।’

করমর্দন শেষ হবার পর ফেলুদা বলল, ‘কী ব্যাপার ? কী বুঝলেন ?’

‘ঘুমের মধ্যেই খুনটা হয়েছে, যত দূর মনে হয়।’

‘কী দিয়ে মেরেছে ?’

‘একটা ভুজালি। সেটা বুকেই ঢোকানো রয়েছে। ওটা নাকি মিঃ মজুমদারের ঘরেই থাকত।’

‘আপনাদের ডাক্তার এসেছেন কি ?’

‘এই এলেন বলে। আসুন না ভিতরে।’

মিঃ মজুমদারের শোবার ঘরটা বেশ বড়। আমি আর লালমোহনবাবু দরজার মুখেই দাঁড়িয়ে রইলাম, ফেলুদা ভিতরে গেল। মৃতদেহ সাদা চাদর দিয়ে ঢেকে ফেলা হয়েছে।

‘একটা কথা আপনাকে বলে দিই,’ ফেলুদাকে এক পাশে ডেকে নিয়ে বললেন যতীশ সাহা, ‘আমরা তো যথারীতি আমাদের ইনভেসটিগেশন চালিয়ে যাব, তবে আপনি যখন এখানে রয়েছেন, তখন আপনিও আপনার নিজের তরফ থেকে যা করতে চান, করতে পারেন। কেবল আমাদের যা কিছু ফাইন্ডিংস পরস্পরকে জানালে বোধহয় কাজের দিক দিয়ে সুবিধা হবে।’

‘সে বিষয়ে আপনি নিশ্চিত থাকুন,’ বলল ফেলুদা। ‘আর আপনাদের সাহায্য ছাড়া আমি এগোতেই পারব না।’

সমীর্ণবাবু এসেছেন ঘরে, তাঁর মুখ ফ্যাকাসে, চুল উসকোখুসকো।

ফেলুদা তাঁর দিকে ফিরে বললেন, ‘ব্যাপারটা তো আপনিই ডিসকাভার করেন ?’

‘আজ্ঞে হ্যাঁ,’ বললেন সমীর্ণবাবু। ‘বাবা ঘড়িতে অ্যালার্ম দিয়ে ঠিক পাঁচটায় উঠে গিয়ে বারান্দায় বসতেন। তার পর লোকনাথ চা এনে দিত। আজ সোয়া পাঁচটায় বাবাকে জায়গায় না দেখে ভাবলাম ব্যাপার কী। খটকা লাগল, তার পর বাবার শোবার ঘরে গেলাম। ঘরে ঢুকেই দেখি এই কাণ্ড।’

‘এই খুন সম্বন্ধে আপনার কিছু বলার আছে ? আপনার নিজের কোনও ধারণা হয়েছে এ সম্বন্ধে ?’

ফেলুদা প্রশ্ন করতে করতে ঘরটা পায়চারি করে দেখছে, কোনও কিছুই তার তীক্ষ্ণ দৃষ্টি এড়াচ্ছে না।

‘কেবল একটা কথা বলার আছে,’ বললেন সমীরণবাবু।

‘কী?’

‘ঘরে একটা জিনিস মিসিং।’

‘কী জিনিস?’

আমরা সকলেই কৌতূহলী দৃষ্টি দিলাম ভদ্রলোকের দিকে।

‘অষ্টধাতুর একটা বালগোপাল,’ বললেন সমীরণবাবু। ‘এটা ছিল আমাদের নয়নপুরের বাড়ির মন্দিরে। অনেক দিনের সম্পত্তি, এবং অত্যন্ত মূল্যবান জিনিস।’

‘কোথায় থাকত এটা?’

‘ওই তাকের উপর। ভুজালিটার পাশেই।’

সমীরণবাবু ঘরের একটা সেল্ফের দিকে ইঙ্গিত করলেন।

যতীশ সাহা বললেন, ‘এমন একটা জিনিস সিন্দুকে না রেখে বাইরে রাখা হত কেন?’

‘তার কারণ বাবা তো রাতে ঘুমোতেন না, আর সঙ্গে রিভলবার থাকত, তাই কোনও বিপদ আছে বলে মনে করেননি।’

‘তা হলে তো রবারিই মোটিভই বলে মনে হচ্ছে,’ বললেন সাহা। ‘জিনিসটার দাম কত হবে?’

‘তা ষাট-পঁয়ষাট হাজার তো হবেই। সোনার অংশ বেশ বেশি ছিল।’

ফেলুদা খাটের পাশের টেবিল থেকে একটা পেনসিল তুলে নিয়ে বলল, ‘শিসটা ভাঙা, এবং ভাঙা টুকরোটা পাশেই পড়ে আছে।’

আমি দেখলাম পেনসিলের পাশে একটা ছোট্ট প্যাডও রয়েছে।

ফেলুদা নিচু হয়ে প্যাডের উপরের কাগজটা দেখছিল। তারপর বিড়বিড় করে বলল, ‘ওপরের কাগজটা ছিড়েছে বলে মনে হচ্ছে...’

এবারে ও আরও নিচু হয়ে টেবিলের চার পাশের মেঝেটা দেখতে লাগল। তারপর মেঝে থেকে একটা কাগজ তুলে নিয়ে বলল, ‘পেয়েছি।’

আমি দূর থেকেই বুঝলাম প্যাডের কাগজের উপর কী যেন একটা লেখা রয়েছে।

কাগজটা নিজে ভাল করে দেখে ফেলুদা সেটা সাহার দিকে এগিয়ে দিল। সাহা কাগজটা হাতে নিয়ে লেখাটা পড়ে চোখ কপালে তুলে বললেন, ‘বিষ?’

‘তাই তো লিখছেন ভদ্রলোক,’ বলল ফেলুদা। ‘আর যে ভাবে “ষ”-এর পেট কাটা হয়েছে, মনে হয় তার পরেই মৃত্যুটা হয়, এবং শিস ভেঙে পেনসিলটা হাত থেকে পড়ে যায়, আর কাগজটাও প্যাড থেকে আলাগা হয়ে মাটিতে পড়ে।’

‘কিন্তু বিষ কথাটা লিখবার অর্থ কী?’ বললেন সাহা, ‘যেখানে স্পষ্ট দেখা যাচ্ছে ছুরি দিয়ে মারা হয়েছে?’

‘সেটাই তো ভাবছি,’ ভুকুটি করে বলল ফেলুদা। তারপর সমীরণবাবুর দিকে ফিরে বলল, ‘মিঃ মজুমদারের ঘুমের ওষুধ কোথায় থাকত, জানেন?’

‘ডাইনিং রুমে একটা বোতলের মধ্যে,’ বললেন সমীরণবাবু। ‘দোকান থেকে এলেই লোকনাথ টিন-ফয়েল ছিড়ে বড়িগুলো বার করে বোতলে রেখে দিত।’

‘সেই বোতলটা একবার আনতে পারেন?’

সমীরণবাবুর ফিরে আসতে যেন একটু বেশি সময় লাগল। আর যখন এলেন তখন ভদ্রলোকের মুখ আরও ফ্যাকাসে হয়ে গেছে।

‘বোতল নেই,’ ধরা গলায় বললেন ভদ্রলোক।

ফেলুদার ভাব দেখে মনে হল সে যেন এটাই আশা করছিল। বলল, ‘গত পরশু সন্ধ্যায়



আমাদের সামনেই ভদ্রলোক একমাসের স্টক কিনলেন ওই ওষুধের ।’ তারপর সাহার দিকে ফিরে বলল, ‘এই বড়ির খান ত্রিশেক একসঙ্গে একজন মানুষকে খাওয়ালে তার মৃত্যু হতে পারে না ?’

‘এটা কী বড়ি ?’

‘ট্রান্সানিল । অ্যান্টি-ডিপ্রেসান্ট পিলস ।’

‘তা নিশ্চয়ই হতে পারে’, বললেন সাহা ।

‘এবং তখন সে বড়িকে বিষ বলা যেতে পারে না ?’

‘নিশ্চয়ই ।’

‘তা হলে বিষ কথাটার একটা মানে পাওয়া যাচ্ছে, যদিও... ।’ ফেলুদার যেন খটকা লাগছে । একটু ভেবে বলল, ‘যে লোককে খুন করা হচ্ছে সে যদি মরার পূর্বমুহুর্তে কিছু লিখে যায় তা হলে কী ভাবে তাকে মারা হচ্ছে সেটা না লিখে সে যাকে আততায়ী বলে সন্দেহ করছে তার নামটাই লিখে যাবে না কি ?’

‘কথাটা আপনি ঠিকই বলেছেন’, বললেন সাহা, ‘কিন্তু এক্ষেত্রে ভদ্রলোক সেটা করেননি সেটা স্পষ্টই দেখা যাচ্ছে । ...ভাল কথা, একবার বেয়ারা লোকনাথকে ডাকলে হত না ?’

ফেলুদা প্রস্তাবটা সমর্থন করে সমীরণবাবুর দিকে চাইল । সমীরণবাবু ইঙ্গিতটা বুঝে নিয়ে লোকনাথের খোঁজে বেরিয়ে গেলেন ।

ফেলুদার চোখ থেকে যে ভূকুটি যাচ্ছে না সেটা আমি লক্ষ করছিলাম । লালমোহনবাবু বললেন, ‘লোকনাথ দেড়টা নাগাত একবার দক্ষিণের বারান্দায় এসেছিল মিঃ মজুমদারকে ডাকতে । কিন্তু মিঃ মজুমদার তৎক্ষণাৎ যাননি ।’

‘তার মানে আজকে তাঁর নিয়মের কিছু ব্যতিক্রম হয়েছিল,’ বলল ফেলুদা।

‘হ্যাঁ’, বললেন লালমোহনবাবু। ‘মনে হচ্ছিল ভদ্রলোক শুটিং-এর ব্যাপারটাতে বেশ ইন্টারেস্ট পাচ্ছিলেন। রায়না আর ভার্মাকে সুযোগ পেলেই নানা রকম প্রশ্ন করছিলেন।’

সমীরণবাবু ঘরে ফিরলেন। তাঁর মুখ দেখেই বুঝলাম, খবর ভাল না। কিন্তু যা শুনলাম, ততটা তাজ্জব খবর আমি আশা করিনি।

‘লোকনাথকে পাওয়া যাচ্ছে না’, বললেন সমীরণবাবু।

‘পাওয়া যাচ্ছে না?’ অবাক হয়ে জিজ্ঞেস করল ফেলুদা।

‘না’, বললেন সমীরণবাবু। ‘সে দেড়টার কিছু পর থেকেই মিসিং। চাকররা দুটো নাগাত খেত—লোকনাথ খায়ওনি। কোথায় গেছে, কখন গেছে, কেউ বলতে পারছে না।’

‘রজতবাবু তাকে কোথাও পাঠাননি তো?’

‘না। উনি কিছু জানেনই না। বললেন, দুপুরের খাবার পর আধ ঘণ্টা বিশ্রাম করেই উনি ঝাউবনে বেড়াতে যান। এটা ওঁর একটা বাতিক আছে। উনি দুপুরে ঘুমোন না।’

কথাটা যে সত্যি সেটা জানি। কারণ শুটিং-এ লাঞ্চ ব্রেকের সময় আমি একবার ঝাউবনে গিয়েছিলাম ছোট কাজ সারতে। তখন রজতবাবু ঝাউবন থেকে ফিরছিলেন।

‘এই লোকনাথ বেয়ারা কতদিনের?’ জিজ্ঞেস করলেন সাহা।

‘বছর চারেক’, বললেন সমীরণবাবু। ‘আগের বেয়ারা রঙ্গলাল খুব পুরনো লোক ছিল। সে হঠাৎ হেপাটাইটিসে মারা যায়। লোকনাথ খুব ভাল রেফারেন্স নিয়ে এসেছিল। একটু লিখতে-পড়তেও পারত। বাবার হবির ব্যাপারে রজতবাবুকে ও সাহায্য করত।’

‘তা হলে তো মনে হচ্ছে ওকে খুঁজে বের করলেই আমাদের সমস্যার সমাধান হবে’, বললেন সাহা। ‘আপনাদের টেলিফোনটা একটু ব্যবহার করতে পারি?’

‘নিশ্চয়ই’, বলে সমীরণবাবু সাহাকে নিয়ে ঘর থেকে বেরিয়ে গেলেন।

‘কিন্তু মড়ার উপর খাঁড়ার ঘা-টা কেন দেওয়া হল, সেটা তো বুঝতে পারছি না ফেলুদা’, বললেন লালমোহনবাবু। ‘চুরিই যদি উদ্দেশ্য হয়ে থাকে, তা হলে তো সে কাজটা ত্রিশটা বড়ি খাইয়ে বেঁধেই হয়ে যায়। আবার ছোরা কেন?’

ফেলুদা বলল, ‘মনে হয় শুধু বড়িতে আততায়ী নিশ্চিন্ত হতে পারেনি। হয়তো যে সময় মূর্তিটা চুরি করতে এসেছিল, সেই সময় মজুমদার একটু নড়াচড়া করেছিলেন। বড়ির অ্যাকশন হতে তো সময় লাগে! এই নড়াচড়া দেখেই ঘাবড়ে গিয়ে ছোরাটা মারা হয়েছে। এবং তারপর মূর্তিটা সরানো হয়েছে।’

‘কিন্তু তা হলে “বিষ”টা কখন লেখা হল?’

‘সেটা অবিশ্যি ছোরা মারার আগেই হয়েছে—যখন মজুমদার প্রথম বুঝেছেন যে, তাঁকে কিছু একটা খাইয়ে বেঁধেই করার চেষ্টা হয়েছে। লেখাটা লিখেই উনি অন্তত সাময়িকভাবে সংজ্ঞা হারান। এ ছাড়া আর কোনও সমাধান আপাতত খুঁজে পাওয়া যাচ্ছে না।’

ফেলুদা যে খুশি নয় সেটা আমি বুঝতে পারছিলাম।

সাহা ইতিমধ্যে ঘরে ফিরে এসেছিলেন; বললেন, ‘আমার কাছে ইট সার্টেনলি মেক্স সেন্স। ...যাক্ যে, আমি লোক লাগিয়ে দিয়েছি। ইতিমধ্যে অবিশ্যি আমার অন্য কাজ চালিয়ে যেতে হবে। আমি এ বাড়ির এবং ফিল্মের দলের সকলকে জেরা করতে চাই।’

‘একটা কথা’, বললেন লালমোহনবাবু। ‘ফিল্মের দলের মধ্যে সকলের কিন্তু বাড়ির উত্তর দিকের বাথরুম ব্যবহার করার অধিকার ছিল না। সে অধিকার ছিল পরিচালক পুলক ঘোষালের, ক্যামেরাম্যান সুদেব ঘোষ, রায়না, ভার্মা, আর আমার।’

‘তা হলে শুধু তাদেরই জেরা করা হবে’, বললেন সাহা।

‘মানে, আমাকেও ?’ ধরা গলায় প্রশ্ন করলেন লালমোহনবাবু ।

‘তা তো বটেই’, বলল ফেলুদা । ‘সুযোগ যাদের ছিল, তাদের মধ্যে আপনি তো একজন বটেই ।’

সাহা বললেন, ‘এ ছাড়া আছে বাড়ির লোক । অর্থাৎ—’ ভদ্রলোক সমীরণবাবুর দিকে জিজ্ঞাসু দৃষ্টি দিলেন ।

সমীরণবাবু বললেন, ‘অর্থাৎ আমি, রজতবাবু, চাকর বাহাদুর, আর রান্নার লোক জগদীশ ।’

‘ভেরি গুড ।’

৭

পরদিন সকালে সাড়ে নটায় পুলক ঘোষাল আমাদের হোটেলে এলেন । ‘আপনাদের জেরা শেষ ?’ ফেলুদা জিজ্ঞেস করল ভদ্রলোককে ।

‘তা শেষ’, বললেন পুলক ঘোষাল । ‘কাল রাত সাড়ে নটায় ছাড়া পেয়েছি । কিন্তু কী ঝগড়াটে পড়া গেল দেখুন তো ! যদিই না তদন্ত শেষ হচ্ছে, তদ্বিন তো ও-বাড়িতে শুটিং বন্ধ । অবিশ্যি সমীরণবাবু বলেছেন যে সব মিটে গেলে ওঁদের বাড়িতে আবার কাজ করতে দেবেন, কিন্তু সেটা কবে তা কে বলতে পারে ? কত টাকা লস্ হল আমাদের ভাবতে পারেন ?’

লালমোহনবাবু চুকচুক করে সহানুভূতি জানালেন ।

‘তবে এটা ঠিক’, বললেন পুলকবাবু, ‘একটা প্রোডাকশনে বাধা পড়লে সচরাচর সে ছবি হিট হয় । আর, একটা কথা আপনি জানবেন লালুদা—আপনার গল্পের মার নেই ।’

পুলকবাবু চলে যাবার আধ ঘণ্টার মধ্যেই ইন্স্পেক্টর যতীশ সাহা এলেন । বললেন, ‘নো পাস্তা অফ লোকনাথ বেয়ারা । আমরা শিলিগুড়িতে পর্যন্ত লোক লাগিয়ে দিয়েছি । তবে আমার মনে হয় ইটস এ ম্যাটার অফ টাইম । এখন হয়তো কোনও ভুটিয়া বস্তিতে গা ঢাকা দিয়ে রয়েছে ; সুন্যর অর লেটার ধরা পড়তে বাধ্য । আমার দৃঢ় বিশ্বাস লোকটা কলকাতায় যাবার তাল করেছে ; সেইখানে ও মূর্তিটা পাচার করবে । আশ্চর্য—সিধে মানুষও লোভে পড়লে কী রকম বেঁকে যায় ।’

‘আপনার জেরা তো হয়ে গেছে শুনলাম,’ বলল ফেলুদা ।

‘তা হয়েছে’, বললেন সাহা । ‘এতে একটা জিনিস প্রমাণ হল যে, ফিল্ম শুটিং-এর ব্যাপারে মানুষের কৌতূহলের সীমা নেই । বাড়ির প্রত্যেকটি লোক বেশ কিছুটা করে সময় কাটিয়েছে শুটিং দেখে । মিঃ মজুমদার তাঁর রুটিন ব্রেক করলেন—ভাবতে পারেন ? অথচ ওঁর জীবনটা চলত ঘড়ির কাঁটার মতো !’

ফেলুদা বলল, ‘সুযোগের ব্যাপারটা কী মনে হল ? মোটিভটা এখন থাক ।’

‘এখানে অবিশ্যি দুটো ব্যাপার দেখতে হবে’, বললেন সাহা । ‘এক, দুধে বড়ি মেশানো, আর দুই, ছোরা মেরে মূর্তি চুরি । দেড়টা নাগাত লোকনাথ দুধ রেডি করে মজুমদারকে খবর দিতে গেল । সে নিজেই ত্রিশটা বড়ি মেশাতে পারে । অথবা সে যখন ছিল না, তখন অন্য লোক কাজটা করতে পারে । রজতবাবু বললেন তখন উনি নিজের ঘরে শুয়ে বই পড়ছিলেন । সমীরণবাবুও বললেন তিনি নিজের ঘরে ছিলেন । এ সবার অবিশ্যি কোনও প্রমাণ নেই । চাকর বাহাদুর আর রান্নার লোক জগদীশ শুটিং দেখছিল । দিস ইজ এ ফ্যাক্ট ।’

‘আপনাদের ডাক্তার খুনের টাইম সম্বন্ধে কী বলেন?’

‘বলছেন আড়াইটা থেকে সাড়ে চারটার মধ্যে স্ট্যাবিংটা হয়েছে। ছুরিকাঘাতেই যে মৃত্যু হয়েছে তাতে কোনও সন্দেহ নেই, তা না হলে এত ব্লিডিং হত না।’

‘লোকনাথ সম্বন্ধে কেউ কিছু বলতে পারল?’

‘কেউ না। আসলে সকলের মনই শুটিং-এর দিকে পড়ে ছিল।’

লালমোহনবাবু কিছুক্ষণ থেকেই উসখুস করছিলেন; এবার বললেন, ‘আমার জেরাটা এখন সেরে নিলেই ভাল হত না?’

‘নিয়মমতো কালকেই সেরে নেওয়া উচিত ছিল।’ বললেন ইনস্পেক্টর সাহা, ‘কিন্তু আপনি মিঃ মিত্রের বন্ধু বলে আর ইনসিস্ট করিনি। যাই হোক, এবার আপনি বলুন গতকালের ঘটনাগুলো।’

‘আমি পৌঁছেছি নটায়’, বললেন লালমোহনবাবু। ‘তারপর মেক-আপ করতে লেগেছে এক ঘণ্টা। যে ঘরে শুটিং, তার পাশেই দক্ষিণের বারান্দা; আমরা অভিনেতারা আমাদের ডাকের অপেক্ষায় সেখানেই বসেছিলাম। সেখানে একটা ব্যাপার হয়। মিঃ মজুমদার সাড়ে দশটা নাগাত একবার এসে রায়না আর ভার্মাকে ডেকে ভিতরে নিয়ে যান মিনিট পাঁচেকের জন্য। পরে রায়না আমাকে বলে যে, মজুমদার তাঁদের একটা মূল্যবান পৈতৃক সম্পত্তি দেখাতে নিয়ে গিয়েছিলেন। এখন বুঝতে পারছি সেটা ছিল ওই বালগোপালটা।’

‘তারপর?’ প্রশ্ন করলেন সাহা।

‘তারপর এগারোটার সময় আমার আর ভার্মার ডাক পড়ে। আমরা দুজনে শুটিং-এর ঘরে গিয়ে হাজির হই। দশ মিনিটের মধ্যে শট আরম্ভ হয়। লাঞ্চার আগে চারটে শট হয়। তার মধ্যে দ্বিতীয় শটের পর সাড়ে বারোটা নাগাত আমি একবার বাথরুমে যাই।’

‘তখন আর কাউকে দেখেছিলেন কি?’

‘না। বাথরুম থেকে ফেরার কয়েক মিনিটের মধ্যেই আমাকে রিহাসালের জন্য ডাকা হয়। আধ ঘণ্টার মধ্যেই তিন নম্বর শট হয়। তারপর আমার বেশ কিছুক্ষণ বিশ্রাম ছিল। সেই সময়টা আমি দক্ষিণের বারান্দায় বসেছিলাম।’

‘একা?’

‘আমার সঙ্গে রায়না আর ভার্মা ছিল, আর মিঃ মজুমদার এসেছিলেন কিছুক্ষণের জন্য। ওঁকে লোকনাথ খবর দিতে আসে ওঁর দুধ রেডি আছে বলে। তার পাঁচ-সাত মিনিট পরে মজুমদার চলে যান। পৌনে দুটোর সময় আমার ডাক পড়ে চার নম্বর শটের জন্য। এটা ছিল শুধু আমার একার শট। এর পরেই আড়াইটায় লাঞ্চার ব্রেক হয়। তখন আমি একবার বাথরুম যাই হাত ধুতে। আমার সঙ্গে রায়না আর ভার্মাও গিয়েছিল।’

‘কে প্রথমে হাত ধোয়?’

‘আমি। তারপর আমি চলে আসি। খেতে সবসুদ্ধ মিনিট কুড়ি লাগে। তারপর আমি বারান্দাতেই বসেছিলাম। তপেশ ছিল আমার সঙ্গে।’

আমি মাথা নেড়ে সায় দিলাম।

লালমোহনবাবু বলে চললেন, ‘এই সময়টা রায়না আর ভার্মা কোথায় ছিল লক্ষ্য করিনি। তিনটোর সময় আবার কাজ শুরু হয়। আমার পাঁচ নম্বর শট শেষ হয় সাড়ে তিনটেয়। তার পর আলো চেঞ্জ করার জন্য প্রায় পঁয়ত্রিশ মিনিটের একটা বিরতি ছিল।’

‘তখন আপনি কী করছিলেন?’

‘আমি, রায়না আর ভার্মা দক্ষিণের বারান্দায় বসে গল্প করছিলাম। তপেশও ছিল কাছাকাছি বসে।’

আমি আবার সাই দিলাম ।

‘ভার্মা ভারতবর্ষের অনেক জায়গায় ঘুরেছে । ওঁর অভিজ্ঞতা বলছিলেন আমাদের ।’

‘এই পুরো সময়টাই কি আপনারা তিনজনে একসঙ্গে ছিলেন ?’

লালমোহনবাবু একটু ভুরু কঁচকে ভাবলেন । তারপর বললেন, ‘ভার্মা বোধহয় একবার উঠে গিয়েছিল মিনিট পাঁচকের জন্য । তখন রায়না বোম্বাই ফিল্ম জগতের গসিপ্ শোনাচ্ছিলেন । তারপর—’

‘আর দরকার নেই, এতেই হবে’, বললেন ইনস্পেক্টর । ‘তবে লোকনাথকে যে বিকেলের দিকে আর দেখেননি, সেটা আপনার মনে আছে ?’

‘লোকনাথ...লোকনাথ...উহু, লোকনাথকে আর দেখিনি ।’

‘থ্যাক্স ইউ স্যার’, বলে সাহা উঠে পড়লেন । তার পর আমার দিকে ফিরে বললেন, ‘তুমিও তো ছিলে ওখানে ?’

আমি মাথা নেড়ে হ্যাঁ বললাম ।

‘তোমার কিছু বলার আছে ?’

‘লালমোহনবাবু যা বলেছেন, সবই ঠিক বলেছেন । আমি শুধু একবার আড়াইটের সময় পিছনে ঝাউবনে যাই বাথরুম সারতে । তখন রজতবাবুকে দেখি, উনি বাড়ির দিকে ফিরছেন । দেখে মনে হল যেন একটু হাঁপাচ্ছেন ।’

সাহা বললেন, ‘ভদ্রলোক জেরাতেও বলেছিলেন যে, মাঝে মাঝে দুপুরে খেয়ে একটু বিশ্রাম করে উনি ঝাউবনে বেড়িয়ে আসেন । গতকালও গেছেন বলে বলছিলেন । ভাল কথা, দুপুরে যে লাঞ্চটা হত, তাতে কি শুধু ফিল্মে যারা কাজ করছে তারাই অংশগ্রহণ করত ?’

‘আজ্ঞে হ্যাঁ,’ বললেন লালমোহনবাবু । ‘সমীরণবাবু আর রজতবাবুকেও অফার করেছিল পুলক, কিন্তু ওঁরা রাজি হননি ।’

‘ভাল কথা’, বললেন সাহা । ‘ভুজালির হাতলে কোনও আঙুলের ছাপ পাওয়া যায়নি ।’

ফেলুদা বলল, ‘সেটা বোধহয় আশাও করা যায়নি । কিন্তু আমার একটা প্রশ্ন ছিল আপনাকে ।’

‘কী প্রশ্ন ?’

‘খুনের টাইমটা সাড়ে চারটে হওয়ার চেয়ে আড়াইটা হওয়াই বেশি স্বাভাবিক বলে মনে হয় না কি ?’

‘কেন বলুন তো ?’

‘ধরুন যদি লোকনাথই অপরাধী হয়, সে স্বভাবতই যত তাড়াতাড়ি পারে তার কাজ সেরে ফেলবে । দেড়টায় সে বড়ি মিশিয়েছে দুধে—আটাশখানা—তারপর তিন ঘণ্টা পর্যন্ত সে অপেক্ষা করবে কেন ? যদি মূর্তিটা নেবার সময় সে ছোঁরা মেরে থাকে—যেটা স্বাভাবিক—তা হলে সেটা এত পরে করবে কেন ?’

‘গুড পয়েন্ট’, বললেন সাহা । ‘অবিশ্যি আড়াইটায় খুনটা হলে সেটা ডাক্তারের রিপোর্টের বিরুদ্ধে যায় না ।’

ইনস্পেক্টর সাহা উঠে পড়লেন । বললেন, তাঁকে একবার নয়নপুর ভিলায় যেতে হবে । ঘর থেকে বেরোবার সময় ফেলুদার দিকে ফিরে বললেন, ‘আপনার চোখ থেকে ভুকুটি যাচ্ছে না কেন বলুন তো ?’

ফেলুদা বলল, ‘ওটা কিছু না । আসলে আমি খুব জটিল কেস হ্যান্ডেল করে অভ্যস্ত । এটা কেমন যেন বেশি সরল বলে মনে হচ্ছে । এটা আমার কাছে একটা নতুন অভিজ্ঞতা, ৩৬৬

তাই সেটাকে সহজে গ্রহণ করতে পারছি না ।’

‘এ আবার আপনার বাড়াবাড়ি মশাই’, বললেন সাহা । ‘আমরা সহজ কেস হলে হাঁপ ছেড়ে বাঁচি, আর আপনি দেখছি তার ঠিক উলটো । এইখানেই পুলিশ আর শখের গোয়েন্দার তফাত ।’

সাহা চলে গেলেন, কিন্তু ফেলুদার কপালে দুশ্চিন্তার রেখা রয়েই গেল । ও শেষে বলল, ‘একটা সামান্য সহজ জিনিস নিয়ে এত ভাবার কোনও মানেই হয় না । লোকনাথকে খুঁজে বার করবে পুলিশ ; সেখানে আমার কিছু করারই নেই । চল, একটু বেড়িয়ে আসি ম্যাঁলে ।’

আজকের দিনটা কুয়াশাচ্ছন্ন, তার ফলে শীতটাও একটু বেশি, তাই বোধহয় ম্যাঁলে বেশি লোক নেই । আমরা তিনজন এগিয়ে একটা খালি বেঞ্চিতে বসলাম ।

ভারী অদ্ভুত লাগছে কুয়াশার মধ্যে ম্যালটাকে । এতই কুয়াশা যে দশ হাত দূরের লোককে দেখা যায় না । কাছে এলে মনে হয় হঠাৎ যেন শূন্য থেকে বেরিয়ে এল । সেই ভাবেই বেরিয়ে এলেন একজন বৃদ্ধ ভদ্রলোক, আর তিনি এগিয়ে এলেন আমাদের দিকেই । তারপর ফেলুদার দিকে চেয়ে হাত দুটো জোড় করে বললেন, ‘নমস্কার !’

৮

ফেলুদাও প্রতিনমস্কার করল । ভদ্রলোক বললেন, ‘কাল সন্ধ্যায় কেভেনটারসে সামান্য পরিচয় হয়েছিল আমাদের—আপনার মনে আছে বোধহয় ?’

‘হ্যাঁ হ্যাঁ—আপনার নাম তো হরিনারায়ণ মুখোপাধ্যায় ?’

‘বাঃ, আপনার মেমরি তো বেশ শার্প দেখছি । তা, একটু বসতে পারি আপনার পাশে ?’

‘নিশ্চয়ই ।’

ফেলুদা ওর নিজের আর লালমোহনবাবুর মাঝখানে একটু জায়গা করে দিল । ভদ্রলোক বসলেন ।

‘আপনি তো নয়নপুর ভিলার পাশেই থাকেন ?’

‘আজ্ঞে হ্যাঁ । উত্তর দিকের বাড়িটা আমার । আমি আছি এখানে প্রায় এগারো বছর ।’

‘আপনার বাড়ির পাশেই তো একটা ট্র্যাজিডি হয়ে গেল ।’

‘তা তো বটেই’, বললেন ভদ্রলোক । ‘কিন্তু এর একটা আঁচ তো আগে থেকেই পাওয়া গেছিল, তাই নয় কি ?’

‘আপনার তাই মনে হয় ?’

‘এ কথা বলছি, কারণ বিরূপাক্ষ মজুমদারকে আমি অনেক দিন থেকেই চিনি । ঘনিষ্ঠ আলাপ ছিল বলতে পারি না, কারণ মজুমদার যে খুব মিশুক লোক ছিলেন তা নয় । কিন্তু তাঁর বিষয়ে আমি জানি অনেক দিন থেকেই ।’

‘কী করে জানলেন ?’

‘আমি এককালে বছর দশেক ছিলাম মধ্যপ্রদেশের নীলকণ্ঠপুরে । আমার পেশা ছিল জিওলজি । ইট পাথর নিয়ে কারবার ছিল আমার । সেই নীলকণ্ঠপুরে একবার আসেন বিরূপাক্ষ মজুমদার । তখন ওঁর বয়স ছিল হয়তো পঁয়ত্রিশ-ছত্রিশ । শিকারের খুব শখ ছিল ভদ্রলোকের । নীলকণ্ঠপুরের রাজা পৃথ্বী সিং মজুমদারকে আমন্ত্রণ জানান তাঁর জঙ্গলে গিয়ে শিকার করার জন্য । পরস্পর আলাপ ছিল আগে থেকেই । এই দুই শিকারির মধ্যে একটা মিল ছিল । সেটা এই যে, কেউই মাচার উপর থেকে শিকার করতে চাইতেন না । এমনকী

হাতির পিঠ থেকেও না। তাঁদের উদ্দেশ্য ছিল বিটারদের সাহায্য না নিয়ে জঙ্গলের মধ্যে দিয়ে সোজা হেঁটে গিয়ে বাঘ শিকার করা। এই শিকার থেকেই হয় এক চরম দুর্ঘটনা।’

‘কী রকম?’

‘বাঘের বদলে মানুষের উপর গুলি চালান বিরূপাক্ষ মজুমদার।’

‘সে কী!’

‘ঠিকই বলছি।’

‘মানে, কোনও স্থানীয় অধিবাসী-টাসী—?’

‘না। তা হলে তো তবু কথা ছিল। যিনি মরেছিলেন, তিনি ছিলেন ভদ্রলোক এবং বাঙালি। নাম সুধীর ব্রহ্ম। বাঙালি হলেও বাপের আমল থেকে মধ্যপ্রদেশবাসী। পেশা ছিল নীলকণ্ঠপুর রাজ কলেজে ইতিহাসের প্রফেসরি, কিন্তু প্রচণ্ড শখ ছিল কবিরাজির। রাজা এবং মজুমদার যে সময় বাঘ খুঁজছিলেন, সেই সময় ব্রহ্ম ঘুরছিলেন জঙ্গলে গাছড়ার অনুসন্ধানে। তাঁর গায়ে একটা গেরুয়া চাদর ছিল। একটা ঝোপের পাতা নড়তে দেখে আর ঝোপের ফাঁক দিয়ে গেরুয়া দেখে বাঘ ভেবে গুলি চালান বিরূপাক্ষ মজুমদার। সে গুলি গিয়ে লাগে সুধীর ব্রহ্মের পেটে। তৎক্ষণাৎ মৃত্যু।

‘এ খবর যাতে না ছড়ায়, তার জন্য বিস্তর টাকা খরচ করতে হয়েছিল পৃথ্বী সিং-কে। আমি নিজে জানি, কারণ আমি ছিলাম ব্রহ্মের বন্ধুস্থানীয়। মজুমদার কলঙ্কের হাত থেকে পার পায় ঠিকই, কিন্তু সে যে অপরাধী, সে যে হত্যাকারী, বাঘ মারতে সে যে মানুষ মেরে ফেলেছিল, তাতে তো কোনও সন্দেহ নেই! এই অপরাধের বোঝা বয়ে মানুষ কত দিন বেঁচে থাকতে পারে?’

‘আপনার কি মনে হয় এবার যে-খুন হয়েছে তার সঙ্গে এই দুর্ঘটনার কোনও যোগ আছে?’

‘একটা ব্যাপার আছে। আপনি গোয়েন্দা, আপনি হয়তো বর্তমানে হত্যা নিয়ে ভাবছেন, তাই আপনাকে বলছি। সুধীর ব্রহ্মের একটি ছেলে ছিল, নাম রমেন ব্রহ্ম। এই দুর্ঘটনা যখন ঘটে তখন ছেলেটির বয়স ষোলো। সে কিন্তু এই ধামা চাপা দেওয়ার ব্যাপারটাকে মোটেই বরদাস্ত করতে পারেনি। আমাকে কাকা বলে সম্বোধন করত রমেন। সেই সময়ই সে বলেছিল যে বড় হয়ে সে এই হত্যার প্রতিশোধ নেবে। এখন তার বয়স হওয়া উচিত আটত্রিশ।’

‘আপনার সঙ্গে সে যোগাযোগ রেখেছিল?’

‘না। আমি নীলকণ্ঠপুর ছাড়ি আজ থেকে বিশ বছর আগে। কিছুকাল ছোট নাগপুরে ছিলাম। তারপর রিটারের করে চলে আসি দার্জিলিং-এ। আমার বাড়িটা আপনার চোখে পড়েছে কিনা জানি না। ছোট্ট কটেজ বাড়ি। আমি আর আমার স্ত্রী থাকি। আমার একটি ছেলে, সে কলকাতায় প্লিডার। একটি মেয়ের বিয়ে হয়ে বাইরে রয়েছে।’

‘আপনার কি ধারণা, সুধীর ব্রহ্মের সেই ছেলে এখন এখানে রয়েছে?’

‘তা বলতে পারব না; আর বাইশ বছর পরে তাকে দেখলে হয়তো চিনতেও পারব না। কিন্তু সে বাপের হত্যার প্রতিশোধ নিতে বন্ধপরিকর ছিল সে কথা আমি জানি।’

ভদ্রলোক যে ঘটনাটা বললেন, সেটা যে খুবই আশ্চর্য তাতে কোনও সন্দেহ নেই। এটা বুঝতে পারছিলাম যে, এ কাহিনী ফেলুদাকে নতুন করে ভাবাবে।

ফেলুদা বলল, ‘আপনাকে অশেষ ধন্যবাদ। সে ছেলে যদি এখন এখানে নাও থাকে, মিঃ মজুমদারের জীবনে যে এমন একটা ঘটনা ঘটেছে এটা শুনে খুবই অবাক লাগছে। তাঁর জীবনে যে কোনও একটা গোলমালে ব্যাপার ঘটেছিল সে রকম ইঙ্গিত দু-একবার পেয়েছি, ৩৬৮

এমনকী আপনিও দিয়েছেন, কিন্তু সেটা যে এমন একটা ঘটনা তা ভাবতে পারিনি। আর আপনি নিজেই যখন সে সময় নীলকণ্ঠপুরে উপস্থিত ছিলেন, তখন এটা অবিশ্বাস করার কোনও কারণ থাকতে পারে না।’

হরিনারায়ণবাবুর সঙ্গে আমরাও উঠে পড়লাম। ফেলুদার কপালে নতুন করে ভ্রূকটি দেখা দিয়েছে। আমার মন বলছে এবার আর কেসটাকে তেমন সহজ বলে মনে হচ্ছে না ফেলুদার। খানিকটা পথ কুয়াশার মধ্যে দিয়ে হেঁটে ও বলল, ‘এই কাহিনী আমার চিন্তাকে সাহায্য করবে না ব্যাহত করবে সেটা বুঝতে পারছি না। এখন এই শহরের অবস্থা যেমন, আমার মনের অবস্থাও ঠিক সেই রকম। একরাশ কুয়াশা এসে চিন্তাশক্তিকে আচ্ছন্ন করে ফেলেছে। যদি একটু সূর্যের আলো দেখতে পেতাম!’

আমরা হাঁটতে হাঁটতে অবজারভেটরি হিল রোডের পূর্ব দিকটায় এসে পড়লাম। বুঝতে পারছিলাম ফেলুদার মনের ভিতরটা ছটফট করছে, তাই সে এক জায়গায় চূপ করে দাঁড়িয়ে থাকতে পারছে না।

কুয়াশার মধ্যেই একজন নেপালি একটা ঘোড়া নিয়ে এগিয়ে এল, পিঠে কোনও সওয়ার নেই। ‘বাবু ঘোড়া লেগা, ঘোড়া?’ বলে উঠল লোকটা, কিন্তু আমরা তাকে অগ্রাহ্য করে এগিয়ে গেলাম। সামনে বাঁয়ে ঘুরে গেছে রাস্তাটা, ডাইনে খাদ, আমরা সে খাদ বাঁচিয়ে রাস্তার বাঁ দিক ঘেঁষে চলেছি। রাস্তার পাশের রেলিংটা প্রায় দেখা যাচ্ছে না কুয়াশায়। পরিষ্কার দিনে এখান থেকে সামনে উত্তরে পুরো কাঞ্চনজঙ্ঘার লাইনটা দেখা যায়; আজ আমাদের চার দিক থেকে ঘিরে রয়েছে একটা দুর্ভেদ্য সাদা দেয়াল।

এবার পাশের রেলিংটা ফুরিয়ে গেছে। এখন ডাইনে রাস্তার ধারেই খাদ। আমরা এখনও পাহাড়ের দিক ঘেঁষে চলেছি, যদিও দেখছি ফেলুদা, মাঝে মাঝে অন্যমনস্ক হয়ে একটু বেশি ডান দিকে চলে যাচ্ছে। লালমোহনবাবু খালি বলছেন, ‘মিস্টিরিয়াস, মিস্টিরিয়াস’...। তারপর একবার বললেন, ‘মশাই, মিস্ট থেকেই মিস্তি আর মিস্টিরিয়াস এসেছে নাকি?’

হঠাৎ আমাদের পিছনে ফিরতে হল, কারণ দ্রুত পায়ের শব্দ পেয়েছি। কিন্তু কই, এখনও তো কাউকে দেখা যাচ্ছে না! অথচ পায়ের শব্দটা এগিয়ে আসছে। তারপর হঠাৎ কুয়াশার ভিতর থেকে একটা ছায়ামূর্তি বেরিয়ে এল। তার মুখ ভাল করে দেখার আগেই সে মূর্তি ফেলুদাকে সজোরে মারল একটা ধাক্কা খাদের দিকে। ফেলুদা টাল সামলাতে না পেয়ে পাহাড়ের গা দিয়ে গড়িয়ে মুহূর্তের মধ্যে নীচে অদৃশ্য হয়ে গেল—চারিদিক কুয়াশায় কুয়াশা!

ইতিমধ্যে মূর্তিও আবার কুয়াশায় মিলিয়ে গেছে, সেই সঙ্গে মিলিয়ে গেছে তার দ্রুত পায়ের শব্দ।

লালমোহনবাবুর আর্তনাদের সঙ্গে সঙ্গে বুঝতে পারলাম কী সাংঘাতিক একটা ঘটনা ঘটে গেল।

আর সেই সঙ্গে দুটো নেপালি সামনের কুয়াশা থেকে বেরিয়ে এল, আর আমাদের দেখেই জিজ্ঞেস করল, ‘কেয়া হুয়া, বাবু?’

আমরা বললাম কী হয়েছে। আমাদের সঙ্গে লোক খাদে পড়ে গেছে জেনেই তারা দুজন অনায়াসে পাহাড়ের গা দিয়ে নীচে নেমে গেল—‘এক মিনিট ঠাহরিয়ে বাবু, হাম্ দেখতা হুয়া কেয়া হুয়া।’

লোক দুটোও কুয়াশার মধ্যে অদৃশ্য হয়ে গেল, কিন্তু সেই মুহূর্তেই কুয়াশাও হঠাৎ পাতলা হয়ে চারদিকে সব কিছু যেন আবছা আবছা দেখা যেতে লাগল। কে যেন একটা ফিন্‌ফিনে চাদর টেনে সরিয়ে নিচ্ছে সমস্ত দৃশ্যের উপর থেকে।

নীচে ওটা কী?



একটা গাছ। রডোডেনড্রন বলেই তো মনে হচ্ছে। তার গুঁড়ির সঙ্গে লেগে একটা মানুষ পড়ে আছে। ফেলুদা! ওই যে তার খাকি জার্কিন আর লাল-কালো চেক্‌ মাফলার।

নেপালি দুটো মুহূর্তের মধ্যে পাহাড়ের গা দিয়ে নেমে গেছে, তার পর ফেলুদাকে দু হাতে ধরে তুলতেই যেন ফেলুদারও হুঁশ ফিরে এসেছে।

‘ফেলুদা!’

‘ফেলুবাবু!’

আমাদের দুজনের ডাকের উত্তরে ফেলুদা তার ডান হাতটা তুলে আশ্বাস দিল যে সে ঠিকই আছে।

তারপর সে খাড়াই দিয়ে উঠে এল দুই নেপালির সাহায্যে—আমাদের চরম বিপদের সময় দুই আচমকা বন্ধু।

পাঁচ মিনিটের কসরত ও চেষ্টার পর ফেলুদা পৌঁছে গেল আমাদের কাছে—সে হাঁপাচ্ছে, তার কপাল ছড়ে গিয়ে রক্ত বেরোচ্ছে, হাতেও আঁচড় লেগেছে, তাতে রক্তের আভাস।

‘বহৎ সুক্রিয়া!’ ফেলুদা বলল তার উদ্ধারকারীদের।

তারা দুজনে চাপড় মেরে ফেলুদার গা থেকে ধুলো ঝেড়ে দিয়ে বলল, ম্যালের মোড়েই ডাক্তারখানা আছে, সেখানে এস্কুনি গিয়ে যেন ফেলুদা ফার্স্ট এডের ব্যবস্থা করে।

আমাদেরও সে মতলব ছিল। আমরা হাঁটা দিলাম আবার ম্যালের দিকে।

‘লোকটা কে ছিল বুঝতে পারলে তপেশ?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন। আমি মাথা নাড়লাম। সত্যি বলতে কী, চাপ দাড়ি ছাড়া আর কিছুই দেখিনি আমি। আর দাড়িটাও মনে হচ্ছিল নকল। ‘কী রকম বোধ করছেন?’ জটায়ু জিজ্ঞেস করলেন ফেলুদাকে।

‘বিধবস্ত’, বলল ফেলুদা। ‘ওই গাছটাই আমাকে বাঁচিয়ে দিয়েছে, না হলে হাড়গোড় সব চুরমার হয়ে যেত। কিন্তু মনে হচ্ছে, এবার আস্তে আস্তে মাথা খুলে যাবে। একটা জোরালো ক্লু তো এর মধ্যেই পেয়েছি। আমার এ রকমই হয়, জানেন, এ রকমই হয়। এটার দরকার ছিল। আর এটাও বুঝলাম যে, কেসটা মোটেই সরল নয়।’

৯

ফেলুদার জখম যে তেমন গুরুতর হয়নি সেটা ডাক্তারখানায় গিয়েই বোঝা গেল। ডাক্তার বর্ধন বসেন ডিসপেনসারিতে, তিনিই ফার্স্ট এড দিয়ে দিলেন। ভদ্রলোক স্বভাবতই ঘটনাটা জানতে চাইলেন, আর আমাদেরও বলতে হল।

‘কিন্তু আপনার ওপর এ আক্রমণের কারণ কী?’ জিজ্ঞেস করলেন বর্ধন।

এর ফলে ফেলুদাকে নিজের পরিচয় দিতে হল। তাতে ভদ্রলোকের চোখ কপালে উঠে গেল। বললেন, ‘আপনিই স্বনামধন্য গোয়েন্দা প্রদোষ মিত্র? আমি তো আপনার অনেক কীর্তির বিষয়ে পড়েছি মশাই! চাক্ষুষ পরিচয় যে হবে সেটা কোনওদিন স্বপ্নেও ভাবতে পারিনি। ...কিন্তু আপনি কি মিঃ মজুমদারের খুনের তদন্ত করছেন নাকি?’

‘ঘটনাচক্রে জড়িয়ে পড়তে হয়েছে’, বলল ফেলুদা।

‘ভদ্রলোক তো আমারই পেশেন্ট ছিলেন’, বললেন ডাঃ বর্ধন।

‘তাই বুঝি?’

‘ইয়েস। আশ্চর্য মনের জোর ছিল মিঃ মজুমদারের। দেখে বোঝাই যেত না যে ওঁর ওপর দিয়ে এত ঝড় বয়ে গেছে, এবং এখনও যাচ্ছে। নিজের হবি নিয়ে মেতে থাকতেন, আর ঘোড়া চড়ে ঘুরে বেড়াতেন।’

‘কিন্তু ঝড়ের কথা কী বলছেন একটু জানতে পারি কি?’

‘একে তো ঝঁর নিজের অসুখ ছিল। তারপর স্ত্রীকে হারান বছর সাতেক আগে। ভদ্রমহিলার ক্যানসার হয়েছিল। তার উপর পুত্রের সমস্যা।’

‘সমীরণবাবুর কথা বলছেন?’

‘এত গুণ ছিল ছেলেটির, কিন্তু শেয়ার বাজারের খেলা খেলতে গিয়ে সব গেছে। এখন দেনার জালে জড়িয়ে পড়েছে। একটিমাত্র ছেলে, তাই ভাবতে কষ্ট হয়। আমি তো ঝঁর ডাক্তার ছিলাম, তাই সুখ-দুঃখের অনেক কথাই আমাকে বলতেন। এবারও যে ছেলে এসেছে, আই অ্যাম শিওর তার কারণ বাপের কাছে হাত পাতা। কিন্তু আমি যতদূর জানি বাবা সম্প্রতি ছেলের উপর রীতিমতো বিরূপ হয়ে উঠেছিলেন। একটা আলটিমেটাম দিয়ে থাকলেও আশ্চর্য হব না। সমস্ত ব্যাপারটা কালিমাময়, আনপ্লেজেন্ট। আমার ভাল লাগছে না। খুনের কথাটা শুনে অবধি আমার মনে একটা আশঙ্কা দেখা দিয়েছে। আমি সেটা কাটিয়ে উঠতে পারছি না।’

‘ভদ্রলোক উইল করে গেছেন কি না জানেন?’

‘তা জানি না। তবে করে থাকলে ছেলেকেই নিশ্চয় সব কিছু দিয়ে গেছেন—যদি না ইতিমধ্যে উইল বদলে থাকেন।’

ফেলুদা ডাঃ বর্ধনকে অনেক ধন্যবাদ দিয়ে উঠে পড়ল। অনেক অনুরোধ সত্ত্বেও ভদ্রলোক একটি পয়সাও নিলেন না। আসবার সময় ফেলুদা বলল, ‘আপনি যে আমার কত উপকার করেছেন, তা আপনি জানেন না। ফার্স্ট এড নিতে এসেছিলাম, তার সঙ্গে আরও অনেক এড পেয়ে গেলাম।’

বাইরে বেরিয়ে এসে ফেলুদা বলল, ‘তোরা যদি বিশ্রাম করতে চাস তো হোটেলে ফিরে যেতে পারিস। আমি কিন্তু এখন একটু নয়নপুর ভিলায় যাব। আজকের জন্য সব নতুন তথ্য মাথায় রেখে নতুন করে তদন্ত শুরু করতে হবে। আমার চোখে কেসটা এখন একেবারে নতুন চেহারা নিয়েছে।’

আমরাও দুজনেই অবিশ্যি সঙ্গেই যেতে চাইলাম। ও যদি এত ধকলের পরও বিশ্রাম ছাড়া চলতে পারে তা হলে আমরা তো পারবই। সত্যি, আশ্চর্য শক্ত শরীর ফেলুদার। পাহাড়ের গা গড়িয়ে প্রায় একশো ফুট নীচে চলে গিয়েছিল।

আমরা নয়নপুর ভিলায় যখন পৌঁছলাম তখন কুয়াশা প্রায় কেটে গেছে। সমস্ত বাড়িটায় একটা থমথমে ভাব, যদিও চারিদিকের আশ্চর্য সুন্দর দৃশ্য যেমন ছিল তেমনই আছে। নুড়ির ওপর আমাদের পায়ের শব্দ শুনেই বোধহয় রজতবাবু ঘর থেকে বারান্দায় বেরিয়ে এলেন। ফেলুদা তাঁকে নমস্কার জানিয়ে বলল, ‘আপনার যে হাত খালি খালি লাগছে সেটা বেশ বুঝতে পারছি। আমাদের কতকগুলো কাজ ছিল, সেই ব্যাপারে আপনি যদি আমাদের একটু সাহায্য করেন...’

‘কী কাজ বলুন।’

‘আমরা একবার মিঃ মজুমদারের কাজের ঘরটা দেখতে চাই। তারপর আপনার ঘরটাও একটু দেখব। অবিশ্যি তার সঙ্গে কিছু প্রশ্নও করতে হবে।’

‘বেশ তো, চলুন।’

‘সমীরণবাবুকে দেখছি না—?’

‘উনি বোধহয় স্নান করতে গেছেন।’

‘তা হলে চলুন মিঃ মজুমদারের স্টাডিতেই বসা যাক।’

আমরা চারজনে বাড়ির উত্তর দিকের পিছনের অংশে একটা ঘরে গিয়ে হাজির হলাম।

বেশ সুসজ্জিত, পরিষ্কার ঘর, পুনের জানালা দিয়ে বাড়ির পিছনের ঝাউবন দেখা যায়। জানালার সামনে একটা বেশ বড় মেহগনি টেবিল, তার পিছনে একটা আর সামনে দুটো ভারী চেয়ার। এ ছাড়া, ঘরের পশ্চিম অংশেও আলাদা বসবার ব্যবস্থা রয়েছে। একটা সোফা আর দুটো মুখোমুখি আর্ম চেয়ার। আমরা সেখানেই বসলাম। ফেলুদার বসবার তাড়া নেই, সে ঘরটা ঘুরে ঘুরে দেখছে। টেবিলের উপর থেকে পেপারকাটার তুলে নিয়ে ঘুরিয়ে ফিরিয়ে দেখল।

‘এটায় তো বেশ ধার দেখছি’, বলল ফেলুদা, ‘এই দিয়েও তো মানুষ খুন করা যায়।’

লালমোহনবাবু বললেন, ওর একটা জোড়া নাকি ওঁদের গুটিং-এ ব্যবহার হচ্ছে। ‘এটা দিয়ে ভিলেনকে পিঠ চুলকোতে দেখানো হয়েছে।’

সত্যিই ছুরিটাকে দেখলে বেশ ধারালো মনে হয়। ফেলুদা সেটা আবার টেবিলের উপর রেখে দিল।

ঘরের এক দিকে একটা বুক-শেল্ফে সারি সারি বড় খাতা দাঁড় করানো রয়েছে, তার দুটো আমরা এর আগেই দেখেছি। এগুলোতেই সেই সব খুনখারাবির খবর সাঁটা আছে। ফেলুদা তার আরও দু-একটা উলটে-পালটে দেখল। তারপর প্রশ্ন করল, ‘আপনি আসার আগে এগুলো কে সাঁটত?’

‘মিঃ মজুমদার নিজেই।’

‘আপনি আসার পর থেকে তো উনি সে কাজটা আপনার উপরই ছেড়ে দিয়েছিলেন?’

‘হ্যাঁ, তবে আমাকে লোকনাথ মাঝে মাঝে সাহায্য করত।’

‘লোকনাথ বেয়ারা?’

‘হ্যাঁ। লোকনাথ স্কুল ফাইন্যাল পাশ করেছে। সে রীতিমতো লিখতে-পড়তে পারে।’

‘এটা একটা অপ্রত্যাশিত খবর। তবে, পড়াশুনা করে সে বেয়ারার কাজ কেন নিল, সেটা বলতে পারেন?’

‘মিঃ মজুমদার ওকে খুব ভাল মাইনে দিতেন।’

‘আর সে বেয়ারাই শেষকালে এমন একটা কাজ করল?’

ফেলুদা ঘুরে ঘুরে এটা সেটা দেখছে আর প্রশ্ন করে চলেছে।

‘আপনি এখানে আসার আগে কী করতেন?’

‘একটা দিশি ফার্মে চাকরি করতাম?’

‘কোথায়?’

‘কলকাতায়।’

‘ক’ বছর করেছিলেন এই কাজ?’

‘সাত বছর।’

‘মিঃ মজুমদার কি সেক্রেটারি চেয়ে বিজ্ঞাপন দেন?’

‘হ্যাঁ।’

‘আপনি কদ্দুর পড়েছেন?’

‘আমি বি কম পাশ।’

‘আপনার ফ্যামিলি নেই?’

‘আমি বিয়ে করিনি। বাবা-মা মারা গেছেন।’

‘ভাই-বোন নেই?’

‘না।’

‘তার মানে আপনি একা মানুষ?’

‘হ্যাঁ ।’

‘এই ছবিটা কী ব্যাপার ?’

একটা শেল্ফের উপর একটা বাঁধানো ছবি টাঙানো ছিল । একটা গ্রুপ ছবি ; দেখে মনে হয় আপিসের গ্রুপ, সবসুদ্ধ জনা পঁয়ত্রিশ লোক, কিছু পিছনের সারিতে দাঁড়িয়ে, বাকি সামনের চেয়ারে বসে ।

‘ও ছবিটা বেঙ্গল ব্যাঙ্কে তোলা’, বললেন রজতবাবু । ‘একজন ম্যানেজিং ডিরেক্টর চলে যাচ্ছিলেন, তাঁকে ফেয়ারওয়েল দেবার দিন ছবিটা তোলা হয়েছিল । মিঃ মজুমদার তখন ডেপুটি ডিরেক্টর ছিলেন ।’

ফেলুদা ছবিটা হাতে নিয়ে মন দিয়ে দেখল ।

‘কোনজন কে—সেটা লেখা নেই ছবিতে ? মিঃ মজুমদারকে তো চিনতেই পারছি ।’

‘ছবির তলার দিকে থাকতে পারে । হয়তো বাঁধানোর সময় মাস্কের নীচে ঢাকা পড়ে গেছে ।’

‘এটা আমার কাছে দু-তিন দিন রাখতে পারি ?’

‘নিশ্চয়ই ।’

ফেলুদা ছবিটা আমার হাতে চালান দিল । আমি আর লালমোহনবাবু সেটা দেখলাম । আপিসের গ্রুপ যেমন হয় তেমনই ব্যাপার । মিঃ মজুমদার প্রথম সারিতে চেয়ারে বসে আছেন বোধহয় ম্যানেজিং ডিরেক্টরের পাশে ।

ফেলুদা বলল, ‘খুনের দিন সকালবেলা আপনি কখন কী করছিলেন সেটা জানা দরকার ।’

প্রশ্নটা করে ফেলুদা কোটের পকেট থেকে তার খাতাটা বার করে একটা পাতা খুলে তাতে একবার চোখ বুলিয়ে নিল । তারপর বলল, ‘সাড়ে এগারোটার সময় মিঃ মজুমদার তাঁর স্টাডিতে আসতেন । তখন আপনার তাঁর সঙ্গে থাকতে হত । সাড়ে বারোটো পর্যন্ত কাজ চলত, তাই না ?’

‘হ্যাঁ ।’

‘সেদিন কী কাজ ছিল ?’

‘মিঃ মজুমদারের অনেক চেনা পরিচিত ছিল দেশ-বিদেশে । উনি তাঁদের নিয়মিত চিঠি লিখতেন । তাতেই বেশির ভাগ সময় কেটে গেছিল সেদিন ।’

‘সাড়ে এগারোটার আগে সকালে আপনি কী করছিলেন ?’

‘ব্রেকফাস্টের কিছু পরেই শুটিং-এর দল আসতে শুরু করে । আমি দক্ষিণের বারান্দায় গিয়ে ওঁদের তোড়জোড়ের কাজ দেখছিলাম ।’

‘কোনও শট নেওয়া দেখছিলেন ?’

‘প্রথমটা দেখছিলাম । মিঃ গাঙ্গুলী আর মিঃ ভার্মাকে নিয়ে শট ।’

লালমোহনবাবুর মাথা নাড়া দেখে বুঝলাম, তিনি রজতবাবুর কথাটার সমর্থন করছেন ।

‘সেটা কটা নাগাত ?’

‘আন্দাজ এগারোটো । আমি ঘড়ি দেখিনি । তার কিছু পরেই আমি মিঃ মজুমদারের কাজের ঘরে চলে আসি ।’

‘কাজের পর তো লাঞ্চ খেতেন আপনারা ?’

‘আঞ্জে হ্যাঁ ।’

‘আপনারা তিনজনে এক সঙ্গে খেতেন ?’

‘হ্যাঁ ।’



‘খাওয়ার পর কী করেন ?’

‘লাঞ্চ শেষ হয় প্রায় একটার সময় । তারপর আমি নিজের ঘরে এসে কিছুক্ষণ বই পড়ি ।’

‘কী বই ?’

‘বই না, পত্রিকা । রিডার্স ডাইজেস্ট ।’

‘তারপর ?’

‘তারপর দুটো নাগাত একটু ঝাউবনে ঘুরতে বেরোই । ঝাউবনটা খুব সুন্দর । আমি ফাঁক পেলেই ও দিকটা একবার ঘুরে আসি ।’

‘তারপর ?’

‘আড়াইটে নাগাত আমি ফিরে আসি। তারপর বিকেল চারটে অবধি বিশ্রাম করে আর একবার শুটিং দেখতে যাই। তখন মিঃ গান্ধলীর একটা শট হচ্ছিল।’

লালমোহনবাবু আবার মাথা নেড়ে সাই দিলেন।

ফেলুদা বলল, ‘মিঃ মজুমদার যখন পাঁচটার পরেও ঘর থেকে বেরোলেন না তখন আপনার কোনও প্রতিক্রিয়া হয়নি?’

‘আমি ঘড়ি দেখিনি। বাড়িতে হট্টগোল, জেনারেটর চলছে, আমার সময়ের খেয়াল ছিল না।’

‘মিঃ মজুমদার বস্ হিসেবে কী রকম লোক ছিলেন।’

‘খুব ভাল।’

‘আপনার উপর চোটপাট করেননি কখনও?’

‘না।’

‘মাইনে যা পেতেন, তাতে আপনি খুশি ছিলেন?’

‘হ্যাঁ।’

‘খুনের আগের দিন লালমোহনবাবু দুপুরের দিকে বাথরুম থেকে বেরিয়ে এসে মিঃ মজুমদারের গলা শুনতে পান। তিনি কাউকে বলছিলেন, “ইউ আর এ লায়ার। আমি তোমার একটা কথাও বিশ্বাস করি না।”—এই কথাটা উনি কাকে বলতে পারেন, সে ধারণা আছে আপনার?’

‘একমাত্র গুঁর ছেলে ছাড়া আর কারুর কথা তো মনে পড়ছে না।’

‘গুঁর ছেলের সঙ্গে মিঃ মজুমদারের সম্ভাব ছিল না?’

‘ছেলের সম্বন্ধে কতকগুলো ব্যাপারে গুঁর আক্ষেপ ছিল।’

‘সেটা আপনি কী করে জানলেন?’

‘আমার সামনে দু-একবার বলেছেন—“সমুটা বড় রেকলেস হয়ে পড়ছে”—বা ওই জাতীয় কথা। উনি ছেলেকে ভালও বাসতেন, আবার সেই সঙ্গে শাসনও করতেন।’

‘উনি কোনও উইল করে গেছেন বলে আপনি জানেন?’

‘যদূর জানি করেননি।’

‘কেন বলছেন এ কথা?’

‘কারণ একদিন আমাকে বলেছিলেন—“এখন তো দিব্যি আছি; আরেকটু শরীরটা ভাঙুক, তারপর উইল করব”।’

‘তার মানে গুঁর সম্পত্তি গুঁর ছেলেই পাচ্ছেন?’

‘তাই তো হয়ে থাকে।’

‘এবার আপনার ঘরটা একবার দেখতে পারি কি?’

‘আসুন।’

রজতবাবুর শোবার ঘরে আসবাবপত্র খুবই কম। একটা খাট, একটা ছোট আলমারি, একটা তাক, একটা টেবিল আর একটা চেয়ার। দেয়ালে আলনা রয়েছে একটা, তাতে একটা শার্ট, একটা খয়েরি পুলোভার আর একটা তোয়ালে ঝুলছে। ঘরের একপাশে একটা সুটকেস রয়েছে, তাতে আর বি লেখা।

টেবিলের উপর তিন-চারখানা ইংরিজি পেপার ব্যাক আর গোটা পাঁচেক পত্রিকা রয়েছে।

‘হিন্দি পত্রিকা দেখছি যে?’ ফেলুদা প্রশ্ন করল।

‘আমার ছেলেবেলা কানপুরে কেটেছে’, বললেন রজতবাবু, ‘বাবা ওখানকার ডাক্তার ছিলেন। ইন্সুলে হিন্দি শিখেছিলাম। বাবা মারা যাবার পর কলকাতায় মামা বাড়িতে চলে আসি।’

আমরা চারজন ঘর থেকে বেরিয়ে এলাম। ফেলুদা প্রশ্ন করল, ‘মিঃ মজুমদার ঘুমের আগে একটা বড়ি খেতেন, সেটা আপনি জানতেন?’

‘হ্যাঁ। আমি অনেকবার গিয়ে সে বড়ি এনে দিয়েছি। টফ্রানিল। পুরো মাসের স্টক একবারে কিনে নিতেন।’

‘হুঁ...এবার একটু সমীরণবাবুর সঙ্গে কথা বলব।’

সমীরণবাবু স্নান সেরে তাঁর ঘরে বসে একটা খবরের কাগজ পড়ছিলেন। অশৌচ অবস্থা, তাই দাড়ি কামাননি ভদ্রলোক। ওঁর সঙ্গে কথা বলে খুব বেশি কিছু জানা গেল না। ভদ্রলোক স্বীকার করলেন যে ওঁর বাপের সঙ্গে মাঝে মাঝে কথা কাটাকাটি হত। ‘বাবা আগে এ রকম ছিলেন না’, বললেন ভদ্রলোক। ‘অসুখের পর থেকে এ রকম হয়ে গিয়েছিলেন।’

‘আপনার দিক থেকে কি কোনও পরিবর্তন হয়নি, যাতে আপনার বাবা আপনার উপর অসন্তুষ্ট হতে পারেন?’

‘আমার দু-একটা ভুল স্পেকুলেশন হয়েছে সেটা ঠিকই, কিন্তু সে রকম তো ব্যবসায় হতেই পারে।’

‘খুনের আগের দিন দুপুরে দেড়টা নাগাত আপনার সঙ্গে মিঃ মজুমদারের কোনও রকম কথা কাটাকাটি হয়েছিল?’

‘কই, না তো!’

‘আপনার বাবার কাছ থেকে কি আপনার মাঝে মাঝে টাকা চাইতে হত?’

‘তা চাইব না কেন? আমার বাবা অনেক পয়সা করেছিলেন।’

‘আপনার বাবা যে উইল করে যাননি, সেটা আপনি জানতেন?’

‘জানতাম। বাবা একদিন আমাকে রাগ করে বলেছিলেন উইল করলে আমাকে এক পয়সাও দেবেন না।’

‘কিন্তু এখন তো আপনি সব কিছুই পাচ্ছেন?’

‘তা পাচ্ছি।’

‘এতে আপনার অনেক সমস্যা মিটে যাবে—তাই না?’

‘তা যাবে, কিন্তু এটার জন্য তো আমি দায়ী নই। আপনি কি ইঙ্গিত করছেন যে আমি বাবাকে খুন করেছি?’

‘ধরুন যদি তাই করি। সুযোগ ও কারণ—দুটোই তো আপনার ছিল!’

‘ঘুমের বড়ি খাওয়ানোর সুযোগ আমার কী করে থাকবে? সে বড়ি তো দিত লোকনাথ।’

‘কিন্তু সেদিন লোকনাথ দুধটা রেখে কিছুক্ষণের জন্য ঘর থেকে চলে গিয়েছিল, এটা ভুলবেন না। আর ছুরি বসানোর সুযোগও আপনার ছিল। আপনার বাবার ঘরেই এ কাজের জন্য একটি উত্তম অস্ত্র ছিল—যেটা সত্যি করেই ওই কাজে লাগানো হয়।’

সমীরণবাবু একটা বাঁকা হাসি হেসে বললেন, ‘এ সব কী বলছেন আপনি? আমার কি মাথা খারাপ হয়েছে? মূর্তি চুরির কথাটা ভাবছেন না কেন? বাবা মরলেই তো আমি টাকা পাব, সেখানে আর বালগোপালের দরকার কী?’

‘আপনার হয়তো তাড়া ছিল। বাবার মৃত্যুর সঙ্গে সঙ্গেই তো আর আপনার হাতে টাকা আসবে না; তার তো একটা লিগ্যাল প্রোসেস আছে!’

‘তা হলে লোকনাথ গেল কোথায়? যে আসল লোক, তার সম্বন্ধে তদন্ত না করে আপনি বৃথা সময় নষ্ট করছেন কেন?’

‘সেটার কারণ আছে নিশ্চয়ই, যদিও সেটা প্রকাশ্য নয় ।’

‘ঠিক আছে, আপনি আপনার গোপন কারণ নিয়ে থাকুন, কিন্তু জেনে রাখুন যে, আমাকে এ ব্যাপারে জড়িয়ে পড়তে হয়েছে একেবারেই ঘটনাচক্রে । আসল অপরাধীকে পেতে হলে আপনার অন্য জায়গায় খুঁজতে হবে । এর বেশি আর আমি কিছু বলতে চাই না ।’

১০

দুপুরে লাঞ্চার পর ফেলুদা বলল যে-গ্রুপ ছবিটা ও মিঃ মজুমদারের স্টাডি থেকে এনেছে, সেটা নিয়ে ওকে একবার ফোটোগ্রাফির দোকান দাশ স্টুডিওতে যেতে হবে । ‘তা ছাড়া, একবার থানায় গিয়ে সাহার সঙ্গে দেখা করাও দরকার । কতকগুলো জরুরি ইনফরমেশন চাই, সে কাজটা আমার চেয়ে পুলিশের পক্ষে অনেক বেশি সহজ । তোরা এই ফাঁকে কোথাও ঘুরে আসতে চাস তো আসতে পারিস । আমি বাড়ি ফিরে আর বেরোব না । কারণ আমার অনেক কিছু চিন্তা করার আছে । কেসটা এখনও ঠিক দানা বাঁধেনি ।’

ফেলুদা বেরিয়ে গেল । কী আর করি—আমরাও দুজনে বেরিয়ে পড়লাম । বাইরে ঠাণ্ডা বাতাস বইছে, হাটতে কোনও অসুবিধা নেই ।

হোটেলের বাইরে এসে আমি লালমোহনবাবুকে বললাম, আপনার একটা জিনিস এখনও দেখা হয়নি ; সেটা আমি দেখেছি । সেটা হল মজুমদারের বাড়ির পিছনের ঝাউবন । অবিশ্যি আমিও গেছি মাত্র দু মিনিটের জন্য, কিন্তু তাতেই মনে হয়েছে বনটা দারুণ । যাবেন ?’

‘সেটা যেতে হলে মজুমদারের বাড়ির ভিতর দিয়ে যেতে হয় ?’

আমি বললাম, ‘তা কেন ? ওদের বাড়িতে পৌঁছবার আগেই মেন রোড থেকে একটা রাস্তা বাঁ দিকে বেরিয়ে বনের দিকে চলে গেছে—দেখেননি ?’

আমরা দুজন রওনা দিয়ে দিলাম । ফেলুদার কথাটা মন থেকে দূর করতে পারছি না । ও যে কয়েকটা ক্লু পেয়েছে তাতে সন্দেহ নেই, কিন্তু সেগুলো যে কী সেটা এখন আমাদের বলবে না । ওর হালচাল আমার খুব ভাল করেই জানা আছে । এখন ওর চিন্তা করা আর ইনফরমেশন জোগাড় করার সময় । সব সূত্র খুঁজে পেয়ে কেসটা মাথায় পরিষ্কার হলে তারপর বস্বেশেলটা ছাড়বে ।

পথে যেতে যেতে লালমোহনবাবু বললেন, ‘এখানে যে রহস্যটা কোথায়, সেটা আমার কাছে ক্রিয়ার হচ্ছে না, তাপেশ । লোকনাথ বেয়ারা খুন করে মূর্তি চুরি করে পালিয়েছে—ব্যস, ফুরিয়ে গেল । তোমার দাদা এত যে কী সাতপাঁচ ভাবছেন ! বাকিটা তো পুলিশের ব্যাপার । তারা কালগ্রিটকে খুঁজে পেলেই খেল খতম ।’

আমি বললাম, ‘আপনি ফেলুদাকে এত দিন চেনেন, আর এটুকু বুঝছেন না যে, কোথাও একটা গুপ্তগোল না থাকলে ফেলুদা মিথ্যে ভাবত না ! এক তো চোখের সামনে দেখতে পেলেন যে, ওঁকে মেরে ফেলার চেষ্টা হল খাদে ফেলে । সেটা নিশ্চয়ই লোকনাথ বেয়ারা করেনি । তা ছাড়া, মিঃ মজুমদারের জীবনে একটা কেলেঙ্কারি রয়েছে । উনি নিজে একজনকে অজান্তে খুন করেছিলেন । তারপর তাঁর ব্যাঙ্ক থেকে একজন টাকা চুরি করে পালিয়েছিল । তাকে ধরা যায়নি । তারপর আপনি নিজে সে দিন শুনলেন মজুমদার একজনকে ধমক দিচ্ছেন, সেটা যে কে সেটা এখনও বোঝা যায়নি । এত রকম জিলিপির প্যাঁচ সত্ত্বেও আপনি বলছেন, কেসটা সহজ ?’

সত্যি বলতে কী, আমার নিজের মনের মধ্যে সব কিছু এমন তালগোল পাকিয়ে গিয়েছিল
৩৭৮

যে আমি কোনওটার সঙ্গে কোনওটার যোগ খুঁজে পাচ্ছিলাম না। কাজেই মনে মনে ঠিক করেছিলাম যে, ভাবার কাজটা ফেলুদার উপরেই ছেড়ে দেব।

ঝাউবনটাতে একবার ঢুকেই বুঝেছিলাম যে সেটা একটা আশ্চর্য জায়গা। আজ ভাল করে দেখে আসল ব্যাপারটা বুঝতে পারলাম। এটাকে ঝাউবন বলা ঠিক নয়, কারণ এখানে পাইন, ফার, রডোডেনড্রন ইত্যাদি অনেক রকম চেনা-অচেনা গাছই আছে। গাছের মাঝে মাঝে ঝোপ রয়েছে, তাতে আবার লাল নীল হলদে ফুল। আজ দিনটা মেঘলা, তাই সমস্ত বনটাই আবছা অন্ধকারে ঢাকা। মনে হয়, অজস্র থামওয়ালা একটা বিরাট গিজার মধ্যে আমরা এসেছি। যেখান দিয়ে এখন হেঁটে চলেছি সেখান থেকে পশ্চিমে চাইলে গাছের ফাঁক দিয়ে নয়নপুর ভিলা দেখা যায়। অবিশ্যি বনের মধ্যে দিয়ে যতই এগোচ্ছি ততই বাড়িটা দূরে সরে গিয়ে গাছপালায় ঢেকে যাচ্ছে। এটা মানতেই হবে যে, এই নিশ্চর দুপুরে এই ঘন বনের মধ্যে দিয়ে হাঁটতে গা-টা বেশ হুমছম করছিল। লালমোহনবাবু তাই বোধহয় একবার বললেন, ‘এখানে কাউকে খুন করলে লাশ আবিষ্কার করতে মাসখানেক অন্তত লাগবে।’

আমরা আরও এগিয়ে চললাম। এবার আর নয়নপুর ভিলা দেখা যাচ্ছে না। একটা মাত্র পাখির ডাক কিছুক্ষণ থেকে কানে আসছে, কিন্তু সেটা যে কী পাখি তা জানি না।

উত্তর দিকে চোখ পড়াতে হঠাৎ দেখি মেঘ সরে গিয়ে দুটো পাইন গাছের মধ্যে দিয়ে কাঞ্চনজঙ্ঘার খানিকটা অংশ দেখা যাচ্ছে। আমি লালমোহনবাবুকে সেই দিকে দেখতে বলব বলে ডাইনে ঘুরেই দেখি ভদ্রলোক চোখ বড়-বড় করে থমকে দাঁড়িয়ে গেছেন। কী দেখছেন ভদ্রলোক?

ওঁর দৃষ্টি অনুসরণ করে পুবে চাইতেই বুঝলাম ব্যাপারটা কী।

একটা গাছের গুঁড়ির পাশে একটা ঝোপ, আর সেই ঝোপের পিছনে এক জোড়া জুতো-পরা পা দেখা যাচ্ছে।

‘এগিয়ে গিয়ে দেখবে?’ ফিসফিসে গলায় জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

আমি এ প্রশ্নের কোনও উত্তর না দিয়ে এগিয়ে গেলাম। ওই জুতো জোড়া আমি আগে দেখেছি।

ঝোপটা পেরোতেই ব্যাপারটা বুঝলাম।

একটা লাশ পড়ে আছে মাটিতে।

একে আমরা চিনি।

এ হল লোকনাথ বেয়ারা।

একেও বুকে ছুরি মেরে খুন করা হয়েছে, যদিও অস্ত্রটা কাছাকাছির মধ্যে নেই।

তার বদলে আছে একটা পাথরের সামনে একটা ভাঙা বোতল, আর সেই বোতলের চারিদিকে ছড়ানো গোটা ত্রিশেক বড়ি। সেই বড়ি এককালে সাদা ছিল, কিন্তু এখন জল আর মাটি লেগে সেটা আর সাদা নেই।

আমরা আর এক মুহূর্ত অপেক্ষা না করে সোজা ফিরে এলাম হোটেল। ফেলুদাও বলল সে ফিরেছে মিনিট পাঁচেক আগে। লালমোহনবাবু ‘সেনসেশন্যাল ব্যাপার—’ বলে নাটক করতে আরম্ভ করেছিলেন। আমি ওঁকে থামিয়ে এক কথায় ব্যাপারটা বলে দিলাম।

ফেলুদা তৎক্ষণাৎ থানায় ফোন করে দিল। পাঁচ মিনিটের মধ্যে সাহাকে নিয়ে দুটো জিপ চলে এল, একটায় চারজন কনস্টেবল।

আমরা আবার ফিরে গেলাম ঝাউবনে যেখানে লাশ পাওয়া গিয়েছিল, সেই জায়গায়।

‘ইনিও দেখছি ছুরিকাঘাতে মৃত’, বললেন সাহা। ‘আসলে আমরা খুঁজছিলাম লোকালয়ে, ভাবছিলাম লোকটা কোনও গোপন ডেরায় লুকিয়ে রয়েছে। এই ডিসকভারির জন্য পুরো



ফ্রেডিট পাবেন মিস্টার মিস্তিরের বন্ধু এবং কাজিন । সত্যিই আপনারা কাজের কাজ করেছেন ।’

মৃতদেহ চলে গেল পুলিশের জিম্মায়, আমরা ফিরে এলাম হোটেলে ।

‘এ যে মোড় ঘুরে গেল !’ আমাদের ঘরে এসে খাটের উপর ধপ্ করে বসে বললেন লালমোহনবাবু ।

‘ঘুরেছে ঠিকই’, বলল ফেলুদা, ‘কিন্তু অঙ্ককারের দিকে নয়, আলোর দিকে । এখন শুধু কয়েকটা খবরের অপেক্ষা । তারপর চূড়ান্ত নিষ্পত্তি ।’

সন্ধ্যায় এল ফেলুদার টেলিফোন—সাহার কাছ থেকে । একপেশে কথা শুনে, আর ফেলুদার গোটা বিশেষ ‘হ্যাঁ’ ‘আই সি’ আর ‘ভেরি গুড’ শুনে আন্দাজ করলাম যে, খবরটা যা আসবার তা এসে গেছে । শেষে ফেলুদা বলল, ‘তা হলে কাল সকাল দশটার সময় সকলকে বলুন যেন মিঃ মজুমদারের বৈঠকখানায় জমায়েত হয় । নয়নপুর ভিলার সকলে এবং মাউন্ট এভারেস্টের পুলক ঘোষাল, রাজেন রায়না, মহাদেব ভার্মা আর ক্যামেরাম্যান সুদেব ঘোষ । আপনাদের উপস্থিতি তো অবশ্যই এসেনশিয়াল ।’

১১

পরদিন সকাল সাতটায় আমাদের হোটেলের ঘরের ফোনটা বেজে উঠল । আমরা দুজনেই আগেই উঠে পড়েছিলাম, সবে বেড-টি খাওয়া হয়েছে, ফেলুদা বিছানায় বসেই হাত বাড়িয়ে ফোনটা তুলল । ওকে শুধু দুটো কথা বলতে শুনলাম—‘বলেন কী !’ আর ‘আমি পাঁচ মিনিটের মধ্যে তৈরি হয়ে নিচ্ছি ।’

ফোনটা রেখে আমার দিকে ফিরে বলল, ‘লালমোহনবাবুকে বল তৈরি হয়ে নিতে—এক্ষুনি !’

কী ব্যাপার, কোথায় যাওয়া হচ্ছে ? সেটা পুলিশের জিপে উঠে বুঝলাম । আজ সকাল সকাল পুলিশের জিপ নয়নপুর ভিলায় গিয়েছিল ওদের মিটিং সম্বন্ধে খবর দিতে । গিয়ে শুনল সমীরণবাবু নাকি একটা জরুরি টেলিফোন পেয়ে পনের মিনিট আগে শিলিগুড়ি রওনা হয়ে গেছেন । অথচ ফেলুদার মতে মিটিং-এ তাঁকে ছাড়া চলবে না ।

আমাদের জিপ শিলিগুড়ির রাস্তা ধরল ।

পাহাড়ি রাস্তা দিয়ে এই স্পিডে কোনও দিন চলেছি বলে মনে পড়ে না । দেখতে দেখতে ঘুম সোনাদা টুং ছাড়িয়ে গেল । তবু ভাগ্যি ভাল এখন অবধি তেমন কুয়াশা পাইনি । নইলে জিপের স্পিড তোলা যেত না । অসম্ভব তুখোড় ড্রাইভার, তাই পঁয়তাল্লিশ মিনিটের রাস্তা আধ ঘণ্টায় পেরিয়ে গেল ।

সাহা অবিশ্যি কার্সিয়ং আর শিলিগুড়িতেও খবর পাঠিয়ে দিয়েছিলেন যাতে সমীরণবাবুর গাড়ি তারা আটকায় । কিন্তু ট্যাক্সির নম্বরটা দেওয়া সম্ভব হয়নি । সেটা বার করতে বেশ কিছুটা সময় নষ্ট হয়ে যেত ।

কার্সিয়ং পর্যন্ত গিয়েও সমীরণবাবুর ট্যাক্সির কোনও পাস্তা পাওয়া গেল না । সাহা ড্রাইভারকে বললেন, ‘এবার পাংখাবাড়ির শটকাটটা ধরো ।’

আমাদের দুটো জিপ ছিল ; একটা সাধারণ রাস্তা দিয়ে গেল, আর অন্যটা—যাতে আমরা রয়েছি—সেটা শটকাটটা ধরল ।

পাংখাবাড়ির রাস্তা যে কী ভয়ানক প্যাঁচালো, সেটা যে না দেখেছে তাকে বোঝানো অসম্ভব । লালমোহনবাবু তো চোখ বন্ধ করে রইলেন । বললেন, ‘অন্য গাড়ির দেখা পেলে

বোলো, তপেশ। আমি তার আগে আর চোখ খুলছি না; খুললেই গা গুলোবে।’

পনের মিনিট সাপের মতো প্যাঁচানো উতরাই দিয়ে যাবার পর একটা হেয়ারপিন বেস্ত ঘুরেই দেখা গেল একটা ট্যাক্সি দাঁড়িয়ে আছে। রাস্তার প্রায় মাঝামাঝি। বোঝাই যাচ্ছে টায়ার পাংচার। গাড়ির পাশে রাস্তায় দাঁড়িয়ে অসহিষ্ণুভাবে সিগারেট টানছেন সমীরণ মজুমদার।

আমাদের জিপ দেখেই ভদ্রলোক কেমন যেন হকচকিয়ে তটস্থ হয়ে পড়লেন।

আমরা সকলেই গাড়ি থেকে নামলাম। ফেলুদা আর সাহা এগিয়ে গেল, সমীরণবাবুর দিকে। ভদ্রলোকের মুখ ফ্যাকাসে হয়ে গেছে।

‘কী—কী ব্যাপার?’

‘কিছুই না’, বলল ফেলুদা, ‘হয়েছে কী, আপনি যে মিটিংটা অ্যাটেন্ড করতে যাচ্ছেন কলকাতা, তার চেয়েও ঢের জরুরি মিটিং রয়েছে আজই, সকাল দশটায় আপনাদের নয়নপুর ভিলাতে। সেখানে আপনার থাকা একান্তই প্রয়োজন। অতএব আর বাক্যব্যয় না করে আপনার ট্যাক্সির ভাড়া মিটিয়ে দিয়ে উঠে পড়ুন আমাদের জিপে। সঙ্গে আপনার সূটকেসটাও অবিশ্যি নেওয়া চাই।’

তিন মিনিটের মধ্যে আমরা আবার রওনা হলাম উলটো মুখে। পথে কোনও কথা হল না। ফেলুদা চুপ, সাহা চুপ, সমীরণবাবুও চুপ।

নয়নপুর ভিলা যখন পৌঁছলাম তখন পৌনে দশটা।

বাড়ির ভিতর ঢুকে ফেলুদা সমীরণবাবুকে বলল, ‘আপনার লোকনাথ বেয়ারা যখন আর নেই, তখন আপনার অন্য চাকর বাহাদুরকে বলুন কফি করতে। অন্তত বারো কাপ।’

আমরা বৈঠকখানায় গিয়ে বসলাম। পাশের ঘর থেকে আরও চেয়ার এনে রাখা হয়েছে। সবাই যাতে বসতে পারে।

কফি আসার সঙ্গে সঙ্গেই এভারেস্ট হোটেলের দলও চলে এল। পুলক ঘোষাল একটু অবাক হয়েই জিজ্ঞেস করল, ‘ব্যাপার কী লালুদা?’

লালমোহনবাবু বললেন, ‘তুমি যেই তিমিরে, আমিও সেই তিমিরে। তবে যতদূর জানি, রহস্যে আলোকপাতের জন্যেই এই মিটিং-এর ব্যবস্থা। আলোকসম্পাত করবেন শ্রীপ্রদোষ মিত্র।’

‘আমাদের শুটিং আবার চালু করতে পারব তো?’

‘সে তো ভাই বলতে পারব না। কিছুক্ষণের মধ্যেই জানতে পারবে।’

‘দুগ্গা দুগ্গা!...বারো বছর এ লাইনে আছি, সতেরোখানা ছবি ডাইরেক্ট করেছি, কিন্তু এ ছজ্জতে পড়িনি কখনও।’

পুলক ঘোষালের কাঁচুমাচু ভাব দেখে আমার মায়া হল। ছাশ্বান্ন লাখ খরচ হবার কথা ছবিটাতে। সেটা এখন বেড়ে গিয়ে কোথায় দাঁড়াবে কে জানে?

সবাই চেয়ার বেছে নিয়ে বসে পড়ল। সকলেরই অস্বস্তি ভাব। আমি একবার সকলের উপর চোখ বুলিয়ে নিলাম। আমার ডাইনে বসেছেন লালমোহনবাবু, আর বাঁয়ে ফেলুদা। ফেলুদার পরে পর-পর গোল হয়ে বসেছেন ইনস্পেক্টর সাহা, সমীরণবাবু, রজতবাবু, পুলক ঘোষাল, মহাদেব ভার্মা, রাজেন্দ্র রায়না আর ক্যামেরাম্যান সুদেব ঘোষ। এ ছাড়া ঘরে দাঁড়িয়ে আছে নেপালি চাকর বাহাদুর, রান্নার লোক জগদীশ, আর চারজন কনস্টেবল। চারজনই রয়েছেন ঘরের দরজার মুখটাতে।

আমাদের কফি খাওয়া শেষ হল। শেলফে রাখা একটা বাহারের ঘড়িতে টিং টিং করে দশটা বাজল। আর তার সঙ্গে সঙ্গেই ফেলুদা উঠে দাঁড়াল। সমস্ত ঘরে একমাত্র ফেলুদার



মধ্যেই কোনও অস্বস্তির ভাব নেই। ইনস্পেক্টর সাহাকেও একবার আঙুল মটকাতে লক্ষ্য করেছি।

বোম্বাইয়ের অভিনেতা দুজন রয়েছে বলে ফেলুদা ইংরিজিতে কথা বলল, আমি সেটা বাংলা করে লিখছি।

ফেলুদা আরম্ভ করল—

‘গত ক’দিনে এ বাড়িতে কয়েকটা দুর্ঘটনা ঘটে গেছে। সাধারণ অবস্থায় হয়তো ঠিক এইভাবে এগুলো ঘটত না, কিন্তু এ বাড়িতে একটা ফিল্মের শুটিং চলাতে দৈনন্দিন রুটিনে কিছু পরিবর্তন দেখা দিয়েছিল, এবং অনেক লোকের মনই পড়ে ছিল এই শুটিং-এর দিকে—যার ফলে কতকগুলি ঘটনা ঘটা সম্ভব হয়েছিল।

‘প্রধান ঘটনা হল—বাড়ির যিনি কর্তা—বিরূপাক্ষ মজুমদার—তিনি খুন হন। আমি নিজে একজন প্রাইভেট ইনভেস্টিগেটর; আমার কাছে হত্যাটা খুব রহস্যজনক বলে মনে হচ্ছিল। খুনের প্রধান উদ্দেশ্য যদি মূল্যবান জিনিস চুরি হয়ে থাকে, তা হলে লোকনাথ বেয়ারার উপর সন্দেহ পড়টা খুব স্বাভাবিক, কারণ সে খুনের পর থেকেই উধাও হয়ে গিয়েছিল। কিন্তু আমার মন এটা মানতে চাইছিল না—কেন, সেটা ক্রমে প্রকাশ করছি। প্রথমে, যিনি খুন হয়েছিলেন তাঁকে জড়িয়ে দুটো ঘটনা আমি আপনাদের বলতে চাই।

‘একটা ঘটে যখন তিনি কলকাতায় বেঙ্গল ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর ছিলেন। ব্যাঙ্কের অ্যাকাউন্টস ডিপার্টমেন্টের একটি তরুণ কর্মচারী—নাম ভি. বালাপোরিয়া—তহবিল তহরূপ করে প্রায় দেড় লাখ টাকা হাত করে বেপান্তা হয়ে যায়। আজ পর্যন্ত তার কোনও সন্ধান পাওয়া যায়নি।

‘দ্বিতীয় ঘটনা ঘটে মধ্যপ্রদেশের নীলকণ্ঠপুরে। ওখানকার রাজা পৃথ্বী সিং-এর আমন্ত্রিত হয়ে বিরূপাক্ষ মজুমদার সেখানে যান বাঘ শিকার করতে। সেখানে জঙ্গলে ঝোপের পিছনে বাঘ ভেবে তিনি একটি মানুষের উপর গুলি চালান। তার ফলে সেই মানুষের মৃত্যু হয়। যিনি মরেন তিনি ছিলেন বাঙালি। নাম সুধীর ব্রহ্ম। নীলকণ্ঠপুর রাজ কলেজে ইতিহাসের অধ্যাপক ছিলেন। তাঁর একটি শখ ছিল, সেটা হল কবিরাজি গাছ-গাছড়া সংগ্রহ করা। এই কাজ করতেই তিনি জঙ্গলে গিয়েছিলেন, এবং এই জনাই তাঁর মৃত্যু হয়। এই হত্যার খবর যাতে সম্পূর্ণ গোপন থাকে, তার জন্য পৃথ্বী সিংকে অনেক টাকা খরচ করতে হয়।

‘যিনি মারা গিয়েছিলেন, সেই সুধীর ব্রহ্মের একটি ছেলে ছিল, নাম রমেন ব্রহ্ম। স্বভাবতই রমেন ব্রহ্ম এই ঘটনায় খুবই বিচলিত হয়ে পড়েন। তখন তাঁর বয়স ছিল ষোল। তিনি প্রতিজ্ঞা করেন যে, বড় হয়ে তিনি এই অন্যায়ের প্রতিশোধ নেবেন। এখানে বলে রাখি, এই ঘটনা আমি শুনি দার্জিলিং-এর বাসিন্দা এবং মিঃ মজুমদারের প্রতিবেশী হরিনারায়ণ মুখোপাধ্যায়ের কাছে, যিনি সেই সময় নীলকণ্ঠপুরে থাকতেন এবং সুধীর ব্রহ্মের পরিবারকে চিনতেন। এই ঘটনার অবিশ্যি কোনও প্রমাণ নেই, কিন্তু তাঁর জীবনে যে একটা কলঙ্কময় ঘটনা ঘটেছিল এবং সেটা যে খবরের কাগজ থেকে চেপে রাখা হয়েছিল সে ইঙ্গিত বিরূপাক্ষ মজুমদার নিজেই আমাকে দিয়েছিলেন। সুতরাং এটা অবিশ্বাস করার কোনও কারণ আমি দেখি না।

‘এবার বিরূপাক্ষবাবুর হত্যার ঘটনায় আসা যাক। তাঁকে মারবার কারণ ও সুযোগ কার থাকতে পারে এটা ভাবতে গেলে প্রথমেই মনে হয় তাঁর ছেলে সমীরণবাবুর কথা। সমীরণবাবু শেয়ার মার্কেটে অনেক লোকসান দিয়েছেন এ খবর আমরা পেয়েছি। এটা কি সমীরণবাবু অস্বীকার করতে পারেন?’

সমীরণবাবু মাথা নেড়ে না বললেন, তাঁর দৃষ্টি মেঝের কার্পেটের দিকে।

‘আর তিনি যে তাঁর পিতার মৃত্যুতে আর্থিক দিক দিয়ে বিশেষ লাভবান হলেন সেটা কি তিনি অস্বীকার করতে পারেন?’

সমীরণবাবু এবারও মাথা নেড়ে না বললেন।

‘ভেরি গুড’, বলল ফেলুদা। ‘এবার আমরা খুনের চেহারাটা দেখব।

‘বিরূপাক্ষবাবু দুধে মিশিয়ে টফ্যানিল বলে একটা বড়ি খেয়ে দুপুরে ঘুমোতেন। এই দুধ তাঁকে এনে দিত তাঁর বেয়ারা লোকনাথ। এই বড়ি মৃত্যুর দু দিন আগে পুরো এক মাসের স্টক, অর্থাৎ একত্রিশটা, কেনেন বিরূপাক্ষবাবু। তখন আমি সেখানে উপস্থিত ছিলাম। খুনের পর দেখা যায় যে তার একটিও অবশিষ্ট নেই। আমাদের স্বভাবতই মনে হবে যে এই বড়িগুলির সবই তাঁর দুধের সঙ্গে মেশানো হয়েছিল। ত্রিশটা টফ্যানিল একসঙ্গে খেলে একজন মানুষের মৃত্যু হতে পারে। আমাদের ধারণা আরও বদ্ধমূল হয় এই দেখে যে, বিরূপাক্ষবাবু একটা কাগজে কাঁপা হাতে “বিষ” কথাটা লিখে রেখে গিয়েছিলেন। কিন্তু সেই সঙ্গে আরেকটা ব্যাপার দেখা গেল এই যে, তাঁকে যে শুধু বড়ি খাওয়ানো হয়েছিল তা নয়। সেই সঙ্গে তাঁকে ছোঁরাও মারা হয়েছিল। এটা মনে হওয়া স্বাভাবিক যে, “বিষ” কথাটা লেখার পরে তাঁকে ছোঁরা মারা হয়েছিল। মনে হয়, বড়িতে কাজ দেবে না মনে করে আততায়ী পরে আরেকবার এসে ছোঁরা মেরে খুনটাকে আরও নিশ্চিতভাবে সম্পন্ন করে।

‘এখানে প্রশ্ন আসে—এই খুনের মোটিভ কী? এরও উত্তর পেতে কোনও অসুবিধা হয়নি। বিরূপাক্ষবাবুর ঘরে অষ্টধাতুর একটি মহামূল্য মূর্তি ছিল। সেটি এই খুনের সঙ্গে সঙ্গে উধাও হয়ে যায়।

‘এখানে আমার মনে খটকা যাই থাকুক না কেন, পুলিশের বিশ্বাস হয় যে বেয়ারা লোকনাথ মূর্তিটা হাত করার জন্য মনিবকে ত্রিশটা বড়ি খাইয়ে তারপর খুনটাকে আরও জোরদার করার জন্য তাঁর বুকে ছুরি মেরে মূর্তিটাকে নিয়ে পালায়। গতকাল কিন্তু জানা যায় যে এ ধারণা সম্পূর্ণ ভুল। আমার বন্ধু মিঃ গান্ধুলী ও ভাই তপেশ গতকাল বিকেলে এই বাড়ির পিছনের ঝাউবনে বেড়াতে গিয়ে অকস্মাৎ লোকনাথ বেয়ারার মৃতদেহ আবিষ্কার করে। তাকেও ছুরি মেরে খুন করা হয়েছে। শুধু তাই নয়; মৃতদেহের পাশে ছড়ানো ছিল খান ত্রিশেক টফ্যানিলের বড়ি। অর্থাৎ লোকনাথ শুধু যে খুন বা চুরি করেনি তা নয়, যাতে তার মনিবকে বড়ি খাইয়ে হত্যা না করা হয়, সেইজন্য সে বড়িগুলো নিয়ে পালাচ্ছিল। সেই সময় কেউ তাকে খুন করে।

‘অর্থাৎ এও জানা যাচ্ছে যে বিরূপাক্ষ মজুমদারের মৃত্যু হয় একমাত্র ছুরির আঘাতেই, বড়ি খেয়ে নয়।

‘ইতিমধ্যে আমার নিজের কতকগুলো অভিজ্ঞতা হয় যে-সম্বন্ধে আমি আপনাদের বলতে চাই।

‘নয়নপুর ভিলার একজন বাসিন্দা হিসাবে রজত বোস সম্বন্ধে আমার একটা কৌতূহল ছিল, যদিও প্রথম দিকে তাঁর উপর সন্দেহ পড়ার কোনও কারণ ছিল না। তাঁকে জেরা করে আমি জানতে পাই যে, তিনি ফিফটি সেভনে বি কম পাশ করেন।

‘এ ব্যাপারে আমরা অনুসন্ধান করে জেনেছি যে, রজত বোস নামে কোনও ছাত্র ওই বছর বি.কম পাশ করেনি।’

আমি রজতবাবুর দিকে চাইলাম। তিনি হঠাৎ যেন কেমন মুষড়ে পড়েছেন। ফেলুদার দৃষ্টি তখন রজতবাবুর দিকে। সে বলল, ‘এই গোলমালটা কেন হল বলতে পারেন?’

রজতবাবু দু বার গলা খাক্রে চুপ করে গেলেন। তারপর যেন নিজের মনকে শক্ত করে একটা বড় রকম নিশ্বাস টেনে নিয়ে বললেন, ‘আমি বিরূপাক্ষ মজুমদারকে খুন করিনি, কিন্তু

করতে চেয়েছিলাম—একশোবার চেয়েছিলাম । হি কিল্ড মাই ফাদার ! তারপর ঘুষ দিয়ে লোকের মুখ বন্ধ করেন । হি ওয়াজ এ ক্রিমিন্যাল !’

ফেলুদা বলল, ‘সে ব্যাপারে আপনার উপর আমার সহানুভূতি আছে । কিন্তু এবার আমি আপনাকে কয়েকটা কথা জিজ্ঞেস করতে চাই—সত্যি কি মিথ্যে বলুন ।’

‘কী কথা ?’

রজতবাবু এখনও হাঁপাচ্ছেন ।

ফেলুদা বলল, ‘সে দিন লোকনাথ রোজকার মতো দুধে বড়ি মিশিয়ে তার মনিবকে খবর দিতে গিয়েছিল । মজুমদার সেই সময় শুটিং দেখছিলেন । তখন দুধের গেলাস আর বড়ির বোতল খাবার ঘরে পড়ে ছিল । আপনি সুযোগ বুঝে দুধে আরও বেশি করে বড়ি মেশাতে গিয়েছিলেন—তাই নয় কি ?’

রজতবাবু বললেন, ‘আমি তো বলেইছি—আমি আমার বাবার মৃত্যুর প্রতিশোধ নিতে চেয়েছিলাম ।’

‘কিন্তু আপনি কাজটা করার আগেই ঘরে লোকনাথ ফিরে আসে—ঠিক কি না ? এবং সে আপনাকে ওখানে ওইভাবে দেখে সমস্ত ব্যাপারটা আঁচ করে । আপনি তার মুখ বন্ধ করতে বন্ধপরিকর হন ।’

‘হি ওয়াজ এ ফুল !’ চৈচিয়ে উঠলেন রজতবাবু । ‘আমি ওকে দলে টানতে চেয়েছিলাম, কিন্তু ও রাজি হয়নি ।’

‘তাই আপনি তাকে আক্রমণ করেন । সে আপনার হাত থেকে মুক্তি পেয়ে বড়ি সমেত বোতল নিয়ে ঝাউবনে পালায় । আপনি তার পিছু নেন ; আপনার সঙ্গে অস্ত্র ছিল—মিঃ মজুমদারের পেপার কাটার । আপনি তাকে ধরে ফেলেন, কিন্তু আপনি ছুরি মারার আগে সে তার হাতের বোতল মাটিতে ছুঁড়ে ফেলে দেয় ।’

এতক্ষণ দৃঢ়ভাবে থাকলেও রজতবাবু হঠাৎ ভেঙে পড়ে দু হাতে মুখ গুঁজে নিলেন ।

দুজন কনস্টেবল তাঁর দিকে এগিয়ে গেল ।

‘আর একটা ছোট্ট প্রশ্ন’, বলল ফেলুদা, ‘আপনার সুটকেসে যে আর বি লেখা আছে, সেটা তো আসলে রমেন ব্রহ্ম, এবং সেই জন্যেই পরে রজত বোস নাম নিয়েছিলেন ?’

রজতবাবু মাথা নেড়ে হ্যাঁ বললেন ।

ফেলুদা আবার তার কথা শুরু করল ।

‘এর মধ্যে গতকাল আবার একটা ঘটনা ঘটে । একজন লোক কুয়াশার মধ্যে আমাকে খাদে ফেলে মারতে চেষ্টা করে ।’

সমস্ত ঘর চুপ । সকলেই ফেলুদার দিকে চেয়ে আছে । ফেলুদা বলে চলল—

‘লোকটিকে ভাল করে দেখা যায়নি কুয়াশার জন্য, তবে তার চাপ দাড়িটা যে কৃত্রিম, সেটা সন্দেহ করেছিলাম । সে লোকটি যখন আমাকে ঠেলা মারে তখন আমি একটা সেন্টের গন্ধ পাই । সেটা ছিল ইয়ার্ডলি ল্যাভেন্ডার এবং সে গন্ধ আমি আরেকবার একজনের গায়ে পেয়েছিলাম—দমদম এয়ারপোর্টে রেস্টোরান্টে বসে ।’

এখানে হঠাৎ রাজেন রায়না কথা বলে উঠল ।

‘আমি নিজে ইয়ার্ডলি ল্যাভেন্ডার ব্যবহার করি, কিন্তু মিস্টার মিষ্টার যদি বলেন যে আমি ছাড়া সে সেন্ট কেউ ব্যবহার করে না, তা হলে তিনি অত্যন্ত ভুল করবেন ।’

ফেলুদার ঠোঁটের কোণে হাসি ।

‘আপনি যে এ কথা বলবেন তা আমি জানতাম’, বলল ফেলুদা । ‘কিন্তু আমার কথা বলা তো এখনও শেষ হয়নি, মিঃ রায়না ।’

‘বলুন কী বলবেন ।’

ফেলুদা এবার সাহার কাছ থেকে একটা পোর্টফোলিও নিয়ে তার ভিতর থেকে একটা খাম বার করল । আর সেই সঙ্গে একটা বাঁধানো ছবি । এটা সেই বেঙ্গল ব্যাঙ্কের গ্রুপ ফোটো ।

‘এই গ্রুপ ছবিটার কথা কি আপনার মনে আছে, মিঃ রায়না ?’

‘আই হ্যাভ নেভার সিন ইট বিফোর ।’

‘কিন্তু এতে যে আপনি নিজে উপস্থিত রয়েছেন !’

‘মানে ?’

এইবার ফেলুদা খাম থেকে একটা ছবি বার করল । এটা একটা মুখের এনলার্জমেন্ট ।’

‘এই ছবিটার উপর আমার একটু কলম চালাতে হয়েছে’, বলল ফেলুদা, ‘কারণ তখন আপনার দাড়ি ছিল না, এখন হয়েছে । দেখুন তো একে চিনতে পারেন কিনা । এটা বেঙ্গল ব্যাঙ্কের অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্টের ভি. বালাপোরিয়ার ছবি ।’

রায়না আর হাতে নিয়ে ছবিটা দেখল না । সে একটা রুমাল বার করে ঘাম মুছছে । আমি দেখতে পাচ্ছি ছবিটার সঙ্গে রায়নার হুবহু সাদৃশ্য ।

‘যাঁর বাড়িতে আপনার শুটিং হবে তিনি যে আপনার এককালের বস্, এবং তিনি যে আপনাকে চিনে ফেলবেন এটা আপনি কী করে জানবেন ? আর, একবার যদি সত্য কথা প্রকাশ পেয়ে যায় তা হলে সেই কলঙ্কের চাপে আপনার ফিল্ম কেরিয়ারের কী দশা হবে সেটা তো আপনি বুঝতেই পারছিলেন । মিঃ মজুমদার আপনাকে জানিয়েছিলেন যে তিনি আপনাকে চিনতে পেরেছিলেন । আপনি অস্বীকার করেন । তাতে তিনি বলেন, “ইউ আর এ লায়ার !” আর তারপর বাংলায় বলেন, “আমি তোমার একটা কথাও বিশ্বাস করি না” । আপনি এগারো বছর বেঙ্গল ব্যাঙ্কে চাকরি করেন, কাজেই আপনি বাংলা যথেষ্ট ভাল ভাবেই জানতেন ।

‘আর খুনের সুযোগের কথাই যদি হয়, তা হলে লাঞ্চার সময় পঁয়তাল্লিশ মিনিট কাজ বন্ধ ছিল ; সেই ফাঁকে মিঃ মজুমদারের ঘরে যাওয়া আপনার সম্ভব ছিল ; আর মিঃ মজুমদার যখন আপনাদের তাঁর বালগোপালকে দেখাতে নিয়ে যান, তখন তার পাশেই যে একটি ভুজালি রয়েছে সেটা নিশ্চয়ই আপনার দৃষ্টি এড়ায়নি ।’

সাহা এবার রায়নার দিকে রওনা দিলেন । পুলক ঘোষাল মাথায় হাত দিয়ে বসে আছেন । তাঁর মনের কী অবস্থা সেটা আমি বেশ বুঝতে পারছি । লালমোহনবাবু এবার আমার দিকে ঝুঁকে পড়ে ফিসফিস করে বললেন, ‘কিন্তু মজুমদার “বিষ” কথাটা কেন লিখলেন—’

লালমোহনবাবুর কথা শেষ হল না, কারণ ফেলুদা আবার মুখ খুলেছে । সে বলল—

‘আমি আরও বলছি, মিঃ রায়না । মিঃ মজুমদারকে যখন আপনি খুন করতে যান, তখন তাঁর ঘুম ভেঙে যায় । তিনি আপনাকে দেখেছিলেন । ছুরির আঘাতের পরও তিনি কয়েক মুহূর্ত বেঁচে ছিলেন । কারণ ছুরি ঠিক মোক্ষম জায়গায় লাগেনি । মিঃ মজুমদার আপনার নামটা লিখে যেতে চেষ্টা করেছিলেন, কিন্তু পুরোটা লিখতে পারেননি । সে নামটা কী আপনি বলবেন ?’—রায়না চুপ ।

‘আমি বলি ?’

রায়না চুপ ।

‘আমরা খবর নিয়ে জেনেছি যে, ভি বালাপোরিয়া হচ্ছে বিষ্ণুদাস বালাপোরিয়া । বিষ্ণুদাসের “বিষ”-টুকু মজুমদার লিখতে পেরেছিলেন, আর পারেননি ।’

‘আই অ্যাম সরি, আই অ্যাম সরি !’ বলে ডুকরে কেঁদে উঠলেন বিষ্ণুদাস বালাপোরিয়া

ওরফে রাজেন রায়না ।

ফেলুদা এবার সমীরণবাবুর দিকে চাইল । সমীরণবাবু বললেন, ‘আমি তো এদের কাছে শিশু !’

‘তা বটে’, বলল ফেলুদা । ‘এবার সুটকেসটা খুলুন তো দেখি ; খুলে অষ্টধাতুর বালগোপালটা বার করে দিন ।’

বিকেলে কেভেনটারসের ছাতে বসে কথা হচ্ছিল । আমরা তিনজন আর পুলক ঘোষাল ।

‘দার্জিলিংটা বড় অপয়া জায়গা, লালুদা’, বললেন পুলক ঘোষাল । ‘তার চেয়ে ভাবছি, সিমলায় করব শুটিং-টা । রাজেন রায়নার জায়গায় অর্জুন মেরহোত্রা । কেমন মানাবে ?’

‘দুর্দান্ত’, বললেন লালমোহনবাবু । ‘তবে আমার অংশটা বাদ পড়বে না তো !’

‘পাগল !—নভেম্বরেই শুটিং আরম্ভ করে ফেলব, আর ফেব্রুয়ারিতে শেষ । আরও চারখানা ছবি আছে আমার হাতে, সব এইটি সেভেনের মধ্যে নামিয়ে দিতে হবে ।’

‘চারখানা ছবি ! পর পর ?’

‘তা আপনাদের আশীর্বাদে মোটামুটি চলছে ভালই, লালুদা !’

ফেলুদা লালমোহনবাবুর দিকে ফিরে বলল, ‘এঁকেও তা হলে এ বি সি ডি বলা চলে, তাই না ?’

‘কীরকম ?’ চোখ কপালে তুলে জিজ্ঞেস করলেন জটায়ু ।

‘এশিয়াজ বিজিয়েস্ট সিনেমা ডাইরেক্টর !’



ভূস্বর্গ ভয়ংকর

১

‘এবার কোথায় যাওয়া হচ্ছে ?’ এক মুঠো চানাচুর মুখে পুরে চায়ে একটা চুমুক দিয়ে জিজ্ঞেস করলেন রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ু—‘যা গঙ্গানে গরম পড়েছে, আর তো এখানে থাকা যায় না ।’

‘কোথায় যাওয়া যায়, সেটা আপনিই বলুন না’, বলল ফেলুদা । ‘ভ্রমণের নেশা তো আপনার আরও প্রবল । আমি তো ইচ্ছা করলে বারো মাস কলকাতায় পড়ে থাকতে পারি ।’

‘আপনার হাতে এখন কোনও কেস নেই তো ?’

‘তা নেই ।’

‘তা হলে চলুন বেরিয়ে পড়ি ।’

‘কোথায় যেতে চাইছে আপনার মন ?’

‘পাহাড় তো বটেই ; আর পাহাড় বলতে আমি হিমালয়ই বুঝি । বিস্ক্য, ওয়েস্টার্ন ঘাটস—এ সব আমার কাছে পাহাড়ই নয় । আমার মন যেখানে যেতে চাইছে সেখানে না গেলে নাকি জন্মই বৃথা ।’

‘কোথায় ?’

‘এত হিটস দিলুম তাও বুঝতে পারলেন না ?’

‘ভূস্বর্গ ?’

‘এগজ্যাক্টলি ! কাশ্মীর ! প্যারাডাইজ অন আর্থ । রোজগার তো বলতে নেই, দুজনেরই অনেক হল । সংসার আপনারও নেই, আমারও নেই । এত টাকা জমিয়ে রাখছি কার জন্যে ? চলুন বেরিয়ে পড়ি—ক্যালকাটা টু ডেল্‌হি, ডেল্‌হি টু শ্রীনগর ।’

‘শ্রীনগরই তো কাশ্মীরের একমাত্র দেখার জায়গা নয় । আরও আছে ।’

‘সবই দেখা যাবে একে একে ।’

‘পাহালগাম, গুলমার্গ, খিলেনমার্গ—অনেক কিছু দেখার আছে ।’

‘তা বেশ তো ; দিন পনেরো হাতে নিয়ে বেরিয়ে পড়ি । একটু ঘোরাঘুরি না করলে আমার মাথায় প্লট আসে না । পুজোর জন্য একটা কিছু লিখতে হবে তো !’

‘আপনার অত অনেস্টির প্রয়োজন কী জানি না । আর পাঁচ জন যারা লিখছে, সব বিদেশি খিলার থেকে প্লট সংগ্রহ করছে । ভদ্র ভাষায় বললাম, আসলে শ্রেফ চুরি ছাড়া আর কিছুই না । আপনিও এবার লেগে পড়ুন ।’

‘হ্যাঁ, আমি চুরি করি আর শেষটায় আপনিই গালমন্দ করুন । আপনার কথার শ্লেষ ভুজালির চেয়েও তীক্ষ্ণ ।’

‘তা হলে যেভাবে চলছে চলুক—থোড় বড়ি খাড়া, খাড়া বড়ি থোড় ।’

‘তা না হয় হল, কিন্তু কাশ্মীর যাবার ব্যাপারটা কোথায় দাঁড়াচ্ছে ?’

‘হাউসবোটে থাকবেন তো ?’

‘শ্রীনগরে ?’

‘শ্রীনগর ছাড়া আর হাউসবোট নেই । ডাল লেকের উপরে থাকা যাবে ।’

‘সেই তো ভাল—তাই নয় কি ? বেশ একটা নতুন অভিজ্ঞতা হবে ।’

‘অনেক খরচ কিন্তু । তার চেয়ে বোধহয় হোটেল সস্তা ।’

‘ও সব খরচের কথা শুনতে চাই না । ব্যাঙ্কে অনেক জমে আছে—ইনকাম ট্যাক্স দিয়েও । যাব—গিয়ে ম্যাক্সিমাম ফুর্তি যাতে হয়, তাই করব ।’

‘তা হলে শ্রীনগরে হাউসবোট, পাহালগামে তাঁবু আর গুলমার্গে লগ ক্যাম্পিন ।’

‘চমৎকার ! টুরিস্ট অফিস থেকে লিটারেচার নিয়ে আসব, তারপর দিন ক্ষণ দেখে বেরিয়ে পড়া যাবে ।’

*

কাশ্মীরের প্রস্তাবটা ফেলুদারও মনে ধরেছিল, সেটা আমি বুঝেছিলাম । লালমোহনবাবু ঘণ্টা দু-এক আড্ডা মেরে চলে যাবার পর ফেলুদা টুরিস্ট অফিসে গিয়ে কাশ্মীর সম্বন্ধে পুস্তিকা ইত্যাদি নিয়ে চলে এল । বলল, ‘মনস্থির যখন করেই ফেলা হয়েছে, তখন আর সময় নষ্ট করে লাভ নেই । আজ সোমবার ; শনিবার নাগাত বেরিয়ে পড়া যাবে ।’

‘ঠাণ্ডা হবে না ওখানে ?’

‘তা হবে, এবং তার জন্যে তৈরি হয়ে যেতে হবে ।’

‘লালমোহনবাবু সেটা জানেন তো ?’

‘নিশ্চয়ই জানেন । তবে সাবধানের মার নেই । কাজেই ওঁকে সেটা ফোনে জানিয়ে রাখা দরকার । এমনিতেই তো শীতকাতুরে ।’

দু দিনের মধ্যে লন্ড্রি থেকে আমাদের শীতের কাপড় এসে গেল । ঠিক হল প্রথমে শ্রীনগরেই দিন সাতেক থাকা হবে, তারপর অন্য জায়গাগুলো দেখা যাবে । হাউসবোট কাশ্মীর টুরিজম থেকে ব্যবস্থা করা হল । একটা হাউসবোটে একটা পুরো ফ্যামিলি থাকতে পারে । তাই তিনজনের পক্ষে যথেষ্ট । আমি না গিয়ে পড়া পর্যন্ত কল্পনাই করতে পারছিলাম

না ব্যাপারটা কী রকম হয়। নৌকোয় থাকা ! তাও আবার লান্জারি নৌকো ! বোধহয় জমিদারি আমলের বজরার মতো। পুস্তিকায় ছবি দেখে বুঝলাম যে হাউসবোটগুলো কটেজের মতো দেখতে। সেই সঙ্গে আবার ছোট ছোট নৌকোর ছবিও দেখা যাচ্ছে যাতে করে ডাল লেকে ঘুরে বেড়ানো যায় ; কারণ হাউসবোটগুলো নড়েচড়ে বেড়ায় না।

ফেলুদাকে বললাম, ‘যা বুঝছি, শ্রীনগর শহরটায় দেখবার জিনিসের মধ্যে আছে কিছু বিখ্যাত মোগল বাগান। তবে পাহাড়ের উপত্যকা, সব কিছুর মধ্যে দিয়ে ঝিলাম বয়ে চলেছে, তা ছাড়া দু-তিনটে লেক, পপলার, ইউক্যালিপটাস, চিনার গাছের সারি—মনে হয় জায়গাটা খুব সুন্দর। তবে গুলমার্গ পাহালগামও কিছু কম যায় না। পরে যদি ১১,০০০ ফুট খিলেনমার্গে ওঠা যায়, তা হলে সেখান থেকে নান্দা পর্বতের নাকি একটা অদ্ভুত ভিউ পাওয়া যায়। পনেরো দিনের জন্য খুব জমজমাট টুর, কাজেই চিন্তা করার কিছুই নেই।’

প্র্যানমাফিক আমরা শনিবারই বেরিয়ে পড়লাম। এবার প্লেনে তিনজনের এক লাইনে সিট পড়েনি বলে লালমোহনবাবুকে আলাদা বসতে হল। ভদ্রলোক দেখলাম তাঁর পাশের একটি বাঙালির সঙ্গে খুব আলাপ জুড়ে দিয়েছেন। দিল্লিতে এয়ারপোর্টে এসে জিজ্ঞেস করলাম, ‘আপনার সহযাত্রীটি কে ছিলেন মশাই?’

লালমোহনবাবু বললেন, ‘নাম সুশান্ত সোম, এক রিটার্ডার্ড জজের সেক্রেটারি। দলেবলে কাশ্মীর চলেছেন। গুঁরাও হাউসবোটে থাকবেন। ভদ্রলোক তোমার দাদাকে দেখেই চিনেছেন। আমাকে জিজ্ঞেস করলেন কোনও তদন্তে যাচ্ছি কি না। একবার মনে হল বলি হ্যাঁ, তারপর মাইন্ড চেঞ্জ করে সত্যি কথাটাই বলে দিলুম।’

চারিদিকে বাঙালির ভিড়, তাদের অনেকের কথাবার্তা শুনেই মনে হল তাঁরাও কাশ্মীর যাচ্ছেন। শ্রীনগরের প্লেন ছাড়তে আরও তিন ঘণ্টা দেরি। তার মধ্যে আমরা আর এক প্রস্তুত চা খেয়ে নিলাম। রেস্টোর্যান্টে লালমোহনবাবুর আলাপী ভদ্রলোকের সঙ্গে আবার দেখা হয়ে গেল। উনি আমাদের টেবিলের দিকে হাসিমুখে এগিয়ে এলেন।

‘আমার নাম সুশান্ত সোম,’ ভদ্রলোক ফেলুদাকে নমস্কার করে বললেন—‘আপনার বন্ধু মিঃ গান্ধুলীর সঙ্গে আলাপ হল, তাই ভাবলাম সুযোগ যখন মিলেছে তখন আপনার সঙ্গেও আলাপটা সেরে নিই। আমি আপনার একজন গুণমুগ্ধ ভক্ত। আপনার তদন্তের কথা অনেক পড়েছি। দাঁড়ান, আমার বসও হয়তো আপনাকে দেখলে খুশি হবেন।’

রেস্টোর্যান্টের দরজা দিয়ে আরও দল ঢুকেছে। সুশান্তবাবু তাদের দিকেই এগিয়ে গেলেন। জনা চারেক ভদ্রলোক, তার মধ্যে একজন বেশ বয়স্ক, প্রায় বৃদ্ধ বললেই চলে। সুশান্তবাবু তাঁকে ফিসফিস করে কী বলতে ভদ্রলোক আমাদের দিকে এগিয়ে এলেন। ফেলুদা উঠে দাঁড়াল।

‘বসুন বসুন—উঠছেন কেন?’ বললেন ভদ্রলোক। ‘আমার নাম সিদ্ধেশ্বর মল্লিক। আমি প্রায় সারা জীবন ক্রাইমের সঙ্গে যুক্ত, কিন্তু এই প্রথম একজন প্রাইভেট ডিটেকটিভকে দেখলাম।’

ফেলুদা বলল, ‘ক্রাইমের সঙ্গে যুক্ত মানে—?’

‘আমি একজন রিটার্ডার্ড জজ। বহু অপরাধীকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করেছি। এখন সে কাজ থেকে অবসর নিয়ে বিশ্রাম করছি। শরীরও কিঞ্চিৎ ভেঙে পড়েছে—সঙ্গে ডাক্তার নিয়ে ঘুরতে হয়। ছেলেও আছে, বোয়ারাও আছে। আর আছে প্রাইভেট সেক্রেটারি। এই ইনি। সুশান্ত খুব কাজের ছেলে। একে ছাড়া চলে না আমার।’

‘আপনারা শ্রীনগরেই থাকবেন?’ জিজ্ঞেস করল ফেলুদা।



‘আপাতত । তবে ইচ্ছে আছে কাশ্মীরটা একটু ঘুরে দেখার ।’

‘আমাদেরও ওই একই প্ল্যান’, বলল ফেলুদা । ‘শ্রীনগরে নিশ্চয়ই আবার দেখা হবে । আপনারা কি হাউসবোটে থাকবেন ?’

‘হ্যাঁ । হাউসবোটটা একটা ইউনিক শ্যাপার । আমি সিক্সটি-ফোরে একবার এসে থেকে গেছি । ইয়ে, এনার সঙ্গে তো আলাপ হল না—’ ভদ্রলোক লালমোহনবাবুর দিকে ফিরেছেন ।

‘আমিও ক্রাইম’, বলল জটায়ু । ‘আমি একজন রহস্য রোমাঞ্চ ঔপন্যাসিক ।’

‘ওরে বাবা ! তা হলে তো ক্রিমিন্যাল ছাড়া সবাই উপস্থিত দেখছি...ঠিক আছে । দেখা হবে শ্রীনগরে । আমরাও একটু চায়ের ব্যবস্থা দেখি গিয়ে ।’

২

আকাশ থেকে শ্রীনগর উপত্যকার এক রূপ, আর মাটিতে নেমে আর এক রূপ । চোখ জুড়িয়ে যায় তাতে কোনও সন্দেহ নেই । আর এও ঠিক যে এ জায়গার সঙ্গে দার্জিলিং-সিমলার কোনও মিল নেই । শ্রীনগরের দৃশ্য একেবারে অনন্য । সেটা আরও বেশি করে বুঝতে পারলাম ট্যাক্সিতে করে শহরে আসার সময় । শহর থেকে এয়ারপোর্ট সাত মাইল । একবার মনে হয়েছিল উপত্যকা বলে বুঝি অনেকটা কাঠমাণ্ডুর মতো হবে, কিন্তু তারপর লেক আর বিল্যাম নদী দেখে সে ধারণা একদম পালটে গেল ।

আমাদের যেতে হবে ডাল লেকের দক্ষিণে শহরের রাস্তা বুলেভার্ডে । আধ ঘণ্টায় বুলেভার্ডে পৌঁছে গেলাম । লেকের এদিকটা পাকা গাঁথুনি দিয়ে ঘেরা । ঘাট থেকে সিঁড়ি দিয়ে নেমে ছোট নৌকায় গিয়ে উঠতে হয় । এই নৌকাকে এখানে বলে শিকারা । ভেনিসে যেমন জলপথে যাতায়াতের জন্য গণ্ডোলা, এখানে তেমনি শিকারা । আমাদের হাউসবোটের নাম ‘ওয়াটার লিলি’ । ‘ওয়াটার লিলি’র শিকারাও ঘাটেই আমাদের জন্য অপেক্ষা করছিল । আমরা মালসমেত তাতে গিয়ে উঠলাম । তারপর পঞ্চাশ হাত খানেক গেলেই পাশাপাশি সার বাঁধা হাউসবোট । এই সারি কিছুদূর যাবার পর লেক চওড়া হয়ে গেছে তারপর আর হাউসবোট নেই । যা আছে সবই লেকের পশ্চিম অংশে ।

শিকারা থেকে বোটে উঠতে কোনও কসরতের দরকার হয় না, খুবই সহজ ব্যবস্থা । বোটের সামনের দিকে খানিকটা খোলা জায়গা, সেখানে ইচ্ছা করলে বসা যায়, আবার সিঁড়ি দিয়ে উপরের ডেকে ওঠার বন্দোবস্ত আছে, সেখানে চেয়ারে বসে চারিদিকের দৃশ্য উপভোগ করা যায়, চা খাওয়া যায়, আর শ্রেফ আড্ডাও মারা যায় ।

ভিতরে ঢুকলে প্রথমেই বসবার ঘর, তাতে সোফা, চেয়ার, কার্পেট ইত্যাদি বৈঠকখানার যাবতীয় সরঞ্জাম রয়েছে, দেয়ালে ছবি রয়েছে, ফুলদানিতে ফুল রয়েছে, আবার একটা ছোট লাইব্রেরিও রয়েছে । বসবার ঘরের পরে খাবার ঘর, দুটো বেডরুম, বাথরুম ইত্যাদি । সব মিলিয়ে জলের উপর একটি বাংলো বাড়ি যাতে সব রকম ব্যবস্থা আছে । কিচেনও আছে, তবে সেটা পিছন দিকে একটা ছোট্ট আলাদা নৌকায় ।

লালমোহনবাবুর মুখে হাসি লেগেই আছে, বললেন, ‘ভাগ্যিস ডিসিশনটা নিয়েছিলাম । এর ক্রেডিট কিন্তু সবটাই আমার পাওনা । তোমার দাদা ভূস্বর্গের কথা ভাবেননি ।’

ফেলুদা বলল, ‘আমি তো আপনার মতো লেখক নই । আইডিয়া আসা উচিত আপনার মাথা থেকে । যাকগে, এখন আগে একটু চা খেয়ে শিকারায় করে লেকটা একবার ঘুরে দেখা যাক ।’

দুজন চাকর রয়েছে হাউসবোটের সঙ্গে, নাম মাহমুদিয়া আর আবদুল্লা ।

চা খেয়ে বেরোতে সূর্য হলে এল পশ্চিমে । মে মাস হলে কী হবে, বেশ ঠাণ্ডা ; আমাদের কলকাতায় শীতের সময় যে পোশাক পরতে হয়, এখন এখানেও তাই পরতে হয় । ফেলুদা বলল, ‘আজ শুধু লেকটা ঘুরে দেখা যাবে, কাল থেকে সাইট সিং আরম্ভ হবে । বুলেভার্ডের পিছনেই দেখতে পাচ্ছেন পাহাড় রয়েছে, এক হাজার ফুট উঁচু । ওর মাথায় রয়েছে শঙ্করাচার্যের মন্দির । সম্রাট অশোকের ছেলে জালুকের তৈরি । তা ছাড়া লেকের পূব দিকে মোগল বাগান রয়েছে—নিশাদবাগ, শালিমার, চশমা শাহি—এগুলোও দেখা চাই । চশমা শাহির স্প্রিং-এর জল নাকি একেবারে অমৃত—যেমনই স্বাদ, তেমনি ক্ষুধাবর্ধক ।’

‘লেকের মাঝখানে একটা ছোট্ট দ্বীপ দেখা যাচ্ছে, ওটা কী ?’ আমি জিজ্ঞেস করলাম । আমি জানতাম ফেলুদা কাশ্মীর সম্বন্ধে সব পড়াশুনা করে এসেছে ।

ফেলুদা বলল, ‘ওটাকে বলে চার মিনার । দ্বীপটার চার কোণে চারটে চিনার গাছ রয়েছে ।’

মাহমুদিয়া আর আবদুল্লা শিকারা চালাতে আরম্ভ করল, আমরা বাঁয়ে গোটা দশেক হাউসবোট পেরিয়ে আসল লেকে গিয়ে পড়লাম । দুটো পাশাপাশি হাউসবোট নিয়ে রয়েছেন রিচার্ড জর্জ সিদ্ধেশ্বর মল্লিক আর তাঁর সঙ্গোপাঙ্গ । আমরা খেলা লেকে পড়বার আগে একটা বোট থেকে সুশান্ত সোম আমাদের দিকে হাত নেড়ে বললেন, ‘ফেরার পথে একবার টুঁ মেরে যাবেন । চায়ের নেমস্তন্ন রইল ।’

ডাল লেকের সৌন্দর্যের বর্ণনা দেবার ভাষা আমার জানা নেই । স্বচ্ছ কাচের মতো জল, হাওয়া নেই বলে ঢেউ নেই, তাই আয়নার মতো চারিদিকের পাহাড়গুলো প্রতিফলিত হচ্ছে । এখানে-ওখানে পদ্ম শালুক শাপলা ফুটে আছে, শিকারা সেগুলোকে পাশ কাটিয়ে চলেছে । লালমোহনবাবুকে কবিতায় পেয়েছে, বললেন, ‘কাশ্মীর সম্পর্কে আমাদের এথিনিয়াম ইন্সকুলের মাস্টার বৈকুণ্ঠ মল্লিকের একটা আর্ট লাইনের কবিতা আছে । ভদ্রলোক বহু জায়গায় ঘুরেছিলেন, আর সেই সব জায়গা নিয়ে পদ্য লিখে গেছেন । কাশ্মীরেরটা শুনুন ফেলুবাবু, কী রকম ডিসেন্ট—

করি নত শির

তোমারে প্রণমি কাশ্মীর

কুমারীকার অপর প্রান্তে

অবস্থান তব ভারতের উত্তর সীমান্তে

রাজধানী শ্রীনগর

ঝিলামের জলে ধোয়া অপূর্ব শহর

কত হৃদ, কত বাগ, কত বাগিচা

অন্য নগরের সাথে তুলনা করিতে যাওয়া মিছা । ...’

‘বাঃ, দিব্যি’, বলল ফেলুদা—যদিও বুঝলাম সেটা জটায়ুর মনে কষ্ট না দেবার জন্য । কবিতায় লালমোহনবাবুর রুচিটা যে একটু গোলমেলে তার পরিচয় এর আগেও অনেকবার পেয়েছি ।

শুধু কবিতা নয়, ডাল লেকের দৃশ্যে ভদ্রলোককে গানেও পেয়েছে । গুনগুন করে কী গাইছেন জিজ্ঞেস করতে বললেন উর্দু গজল ।

এদিকে সন্ধ্যার আলো অনেক বেশিক্ষণ থাকে—অন্তত বছরের এই সময়টায় । আমরা সাড়ে সাতটায় যখন ফিরছি তখনও পুরো অন্ধকার হয়নি ।

সুশান্ত সোম তাঁদের হাউসবোটের সামনের বারান্দায় দাঁড়িয়েছিলেন, আমাদের দেখে

হাতছানি দিয়ে ডাকলেন ।

‘আসুন, একটু আড্ডা মারা যাক ।’

আমরা এঁদের বোটের সামনে শিকারা দাঁড় করিয়ে ওপরে উঠলাম । এঁদের বোটের নাম ‘রোজমেরি’ । এঁদের পাশেই রয়েছে এঁদের অন্য বোট, সেটার নাম ‘মিরান্ডা’ । ‘রোজমেরি’-তে থাকেন সুশান্ত সোম আর জজ সাহেবের ছেলে, নাম বিজয় মল্লিক । ‘মিরান্ডা’-তে আছেন মিঃ মল্লিক, তাঁর ডাক্তার হরিনাথ মজুমদার আর বেয়ারা প্রয়াগ ।

চায়ের অর্ডার দিয়ে উপরের ডেকে উঠে সুশান্ত ফেলুদাকে বললেন, ‘আপনার তাস চলে ? তিন-তাস ?’

‘অভ্যাস নেই’, বলল ফেলুদা, ‘তবে তাসের প্রায় সব খেলাই মোটামুটি জানা আছে । কিন্তু হঠাৎ এ প্রশ্ন কেন ?’

‘নীচের বৈঠকখানায় তাসের আড্ডা জমেছে ।’

‘এত লোক পেলেন কোথায় ?’

‘প্লেনে দুই ভদ্রলোকের সঙ্গে আলাপ হয়েছে বিজয়ের । একজন বাঙালি, নাম সরকার ; আর একজন পাঞ্জাবি । তিন জনেই জুয়াড়ি ।’

আমরা চারজনে বসলাম । সত্যি, কলকাতা যে কোন সুদূরে চলে গেছে তার কোনও হিসাবই নেই । হাউসবোটের টপ ডেকে বসে চা খাওয়ার আয়োজন—এ এক অভাবনীয় ব্যাপার । আমাদের ডান দিকের হাউসবোটে সাহেবরা এসে উঠেছে—সেখান থেকে বিলিতি বাজনার শব্দ আসছে । জানালা দিয়ে দেখা যাচ্ছে সাহেব-মেম সেই বাজনার সঙ্গে নাচছে সামনের বৈঠকখানায় ।

ফেলুদা সুশান্তবাবুকে উদ্দেশ্য করে প্রশ্ন করল, ‘সিন্ধেশ্বরবাবু কদিন হল রিটারার করেছেন ?’

‘পাঁচ বছর’, বললেন সুশান্তবাবু । ‘ওঁর তখন ষাট বছর বয়স ।’

‘কিন্তু জজের তো রিটারার করার কোনও বাধ্যবাধকতা নেই ।’

‘ওর শরীরটা একটু খারাপ হয়ে গিয়েছিল । অ্যানজাইনা । ভদ্রলোকের রিটারার করার ইচ্ছা ছিল না, কিন্তু ডাক্তারের কথায় বাধ্য হয়ে করতে হয় । উনি বহু অপরাধীর প্রাণদণ্ড দিয়েছেন । এক-এক সময় বলেন, ‘আমার শেষ জীবনে দুঃখ আছে । এত লোককে ফাঁসিতে পাঠালে তার একটা প্রতিক্রিয়া হবেই । উনি ডায়েরি লিখতেন ; সে ডায়েরি সব এখন আমার হাতে কারণ আমি ওঁর একটা জীবনী লিখছি—যদিও সেটা আত্মজীবনী হিসেবেই বেরোবে । সেই ডায়েরিতে উনি যেদিনই কারুর প্রাণদণ্ড দিয়েছেন সেদিনই লাল কালিতে একটা ক্রস দিয়ে রেখেছেন । মাঝে মাঝে ক্রসের সঙ্গে একটা প্রশ্নবোধক চিহ্ন রয়েছে । সেটাতে বুঝতে হবে প্রাণদণ্ড দিয়ে নিজেরই মনে একটা প্রশ্ন জেগেছে এটা ঠিক হল কি না । এখন কী করছেন জানেন ? ওঁর যে ডাক্তার—মজুমদার—তিনি ভাল মিডিয়ম—তাঁর সাহায্যে প্ল্যানচেস্ট করছেন, আর ফাঁসির আসামির আত্মাদের ডেকে এনে তাদের জিজ্ঞেস করছেন, তারা সত্যিই খুন করেছিল কিনা । আত্মা যদি বলে যে হ্যাঁ, সে সত্যিই খুন করেছিল, তা হলে উনি খানিকটা নিশ্চিতবোধ করেন । এখন পর্যন্ত ওর জাজমেন্টে কোনও ভুল বেরোয়নি ।’

‘আপনারা কি এখানে এসেও প্ল্যানচেস্ট করবেন নাকি ?’

‘সেই জন্যেই তো ডাক্তারকে একই হাউসবোটে রেখেছেন । ওর অ্যানজাইনাটা এখন অনেকটা কন্ট্রোলে এসেছে । আসলে ডাক্তার সঙ্গে এসেছেন প্ল্যানচেস্টের জন্য ।’

‘আজ রাত্রও কি আপনাদের প্ল্যানচেস্ট হবে ।’

‘আজ হয়তো হবে না, কিন্তু দু-এক দিনের মধ্যেই শুরু হয়ে যাবে নিশ্চয়ই ।...কেন বলুন তো ?’

‘আমি ইন্টারেস্টেড’, বলল ফেলুদা। ‘অবশ্যি উনি আমার উপস্থিতি বরদাস্ত করবেন কিনা সেটা একটা প্রশ্ন।’

‘সেটা আমি বলে দেখতে পারি। উনি আপনার প্রতি বেশ প্রসন্ন সেটা আমি এর মধ্যেই বুঝেছি। আর এমনিতে প্ল্যানচেটের ব্যাপারে উনি কোনও গোপনতা অবলম্বন করেন না। যা ফলাফল হয়, সবই তো ওঁর আত্মজীবনীতে যাবে। আমি তো সম্পূর্ণ রেকর্ড রাখছি।’

‘তা হলে আপনি একটু জিজ্ঞেস করে জানাবেন।’

‘নিশ্চয়ই।’

আমরা চা খাওয়া শেষ করে আরও কিছুক্ষণ গল্প করে নিজেদের বোটে চলে এলাম। বৈঠকখানায় ঢুকে সোফায় ধপ করে বসে পড়ে লালমোহনবাবু বললেন, ‘হাইলি ইন্টারেস্টিং ম্যান—দিস্ জজ সাহেব।’

‘ইন্টারেস্টিং তো বটেই’, বলল ফেলুদা, ‘তবে উনিই একমাত্র জজ নন, যাঁর এইরকম প্রতিক্রিয়া হয়েছে। এ রকম ঘটনা দেশে-বিদেশে আগেও শোনা গেছে।’

‘ভাল কথা—আপনার সঙ্গে আমার পারমিশনটাও চেয়ে রাখবেন। প্ল্যানচেট দেখার সুযোগ ছাড়া যায় না।’

৩

দেখতে দেখতে চার দিন কেটে গেল। এর মধ্যে একদিন শহরটা ঘুরে দেখলাম। লালমোহনবাবু একটা ‘হটশট’ ক্যামেরা কিনেছেন, তাই দিয়ে পটাপট ছবি তুলছেন। সেগুলো শহরের মাহাত্ম্য অ্যান্ড কোম্পানিতে ডেভেলাপ আর প্রিন্ট করে দেখা গেল মন্দ ওঠেনি। যদিও লালমোহনবাবুর নিজের মন্তব্য ‘হাইলি প্রোফেশনাল’ মোটেই মানা যায় না।

নিশাদবাগ, শালিমার আর চশমা শাহিও এক সকালে বেরিয়ে দেখে এলাম। মনটা চলে গেল সেই জাহাঙ্গির শাজাহানের আমলে। এই ট্রিপটা আমরা করেছিলাম মল্লিক ফ্যামিলির সঙ্গে, ফলে তাদের সঙ্গে আলাপটাও আরও জমে উঠল। সিদ্ধেশ্বরবাবু ফেলুদাকে বললেন, ‘আপনি শুনছি আমার প্ল্যানচেট সম্বন্ধে কৌতূহল প্রকাশ করেছেন। আপনি প্ল্যানচেটে বিশ্বাস করেন?’

‘আমার মনটা খুব খোলা, জানেন’, বলল ফেলুদা। ‘প্ল্যানচেট, স্পিরিচুয়ালিজম ইত্যাদি সম্বন্ধে আমি অনেক পড়েছি। পরলোকের সঙ্গে যোগাযোগ করা যে সম্ভব সেটা বহু জ্ঞানী-গুণী ব্যক্তি বলে গেছেন; সেক্ষেত্রে প্ল্যানচেট সম্বন্ধে অবজ্ঞা প্রকাশ করার কোনও মানে হয় না।’ তবে যেমন সব কিছুর মধ্যেও থাকে তেমনই এর মধ্যেও ধান্নাবাজি চলে। আসলে মিডিয়ম যদি খাঁটি হয় তা হলেই ব্যাপারটা বিশ্বাসযোগ্য হয়ে ওঠে।’

‘ডাঃ মজুমদার ইজ এ ফার্স্ট রেট মিডিয়ম। আপনি একদিন বসে দেখুন না।’

‘হ্যাঁ, কিন্তু আমার বন্ধু আর আমার ভাইও আসতে চায়।’

‘মনে বিশ্বাস থাকলে কোনও লোকের আসাতেই আমার আপত্তি নেই। আজই আসুন। ভাল কথা, আমি কাদের আত্মা নামাচ্ছি জানেন তো?’

‘যে সব লোককে আপনি প্রাণদণ্ড দিয়েছেন তাদের তো?’

‘হ্যাঁ। আমি জানতে চাইছি আমার জাজমেন্টে কোনও ভুলে হয়েছে কি না। এখন পর্যন্ত সে রকম ভুল পাইনি।’

‘আপনারা রোজ একটি করে আত্মা নামান?’

‘হ্যাঁ। একটার বেশিতে ডাক্তারের স্ট্রেন হয়।’

‘তা হলে কটায় আসব?’

‘আসুন রাত দশটায়। ডিনারের পর বসা যাবে। তখন চারিদিকটা বেশ নিস্তব্ধ হয়ে যায়।’

ডিনারের পর আমরা মিঃ মল্লিকের হাউসবোটে গিয়ে হাজির হলাম। বসবার ঘরে প্ল্যানচেস্টার ব্যবস্থা হয়েছে। একটা টেবিলকে ঘিরে পাঁচটা চেয়ার রাখা হয়েছে; বুঝলাম চেয়ারগুলো খাবার ঘর থেকে আনা হয়েছে। আমরা আর সময় নষ্ট না করে কাজে লেগে গেলাম। মিঃ মল্লিক বললেন, ‘আজ আমরা রামস্বরূপ রাউত বলে একটি বিহারি ছেলের আত্মাকে নামাব। এই ছেলেটির আজ থেকে দশ বছর আগে ফাঁসি হয়, এবং আমিই সে ফাঁসির জন্য দায়ী ছিলাম। আমার বিশ্বাস এর ফাঁসির দণ্ড হওয়া উচিত ছিল না, কিন্তু জুরির ভার্ভিক্ট ছিল গিল্টি, আর খুনটাও ছিল একটু নৃশংস ধরনের। তাই আমি সাময়িক ভ্রান্তিবশত জেনেশুনেও প্রাণদণ্ডের আদেশ দিই। যদিও আমার মনে এই আদেশের যথার্থতা সম্পর্কে যথেষ্ট সন্দেহ ছিল। কেসটা এমন চতুরভাবে সাজানো হয়েছিল যাতে ছেলেটিকে অপরাধী বলেই মনে হয়।...মজুমদার তুমি তৈরি?’

‘আজ্ঞে হ্যাঁ।’

জানালায় সব পরদা টেনে দিয়ে ঘরটাকে একেবারে অন্ধকার করে দেওয়া হয়েছিল। আমরা সকলে যে যার জায়গায় বসেছি। আমার ডান দিকে ফেলুদা, বাঁ দিকে লালমোহনবাবু, ফেলুদার ডান পাশে মিঃ মল্লিক আর তাঁর পাশে—লালমোহনবাবুর বাঁ দিকে—ডাঃ মজুমদার।

মিঃ মল্লিক গভীরভাবে বললেন, ‘ছেলেটির বয়স ছিল উনিশ। শার্প চেহারা, নাকের নীচে সরু গোঁফ, গায়ের রং পরিষ্কার। বিহারের ছেলে—নাম রামস্বরূপ রাউত। ছুরি দিয়ে খুনের মামলা, ঘটনাস্থল কলকাতার বাগবাজারের একটা গলি। ছেলেটিকে দেখে কিন্তু খুনি বলে মনে হয়নি। আপনারা নিজেদের কল্পনা অনুযায়ী একটা চেহারা স্থির করে নিয়ে তাতে মনঃসংযোগ করতে চেষ্টা করুন। প্রশ্ন আমিই করব, উত্তর মজুমদারের মুখ দিয়ে আসামির কণ্ঠস্বরে বেরোবে।’

পনেরো মিনিট এইভাবে অন্ধকারে বসে থাকার পরই বুঝলাম টেবিলটা আস্তে আস্তে নড়তে আরম্ভ করেছে। তার পর আরও জোরে দোলানি শুরু হল। আমি রুদ্ধশ্বাসে অপেক্ষা করতে লাগলাম।

মিনিট খানেক পরে, মল্লিকমশাই প্রশ্ন করলেন—হিন্দিতে।

‘তুমি কে?’

‘আমার নাম রামস্বরূপ রাউত।’

ডাক্তারের গলা দিয়ে আওয়াজ বেরোল, কিন্তু কণ্ঠস্বর সম্পূর্ণ আলাদা। শুনে বেশ গা শিউরে ওঠে।

মিঃ মল্লিক আবার প্রশ্ন করলেন—

‘তোমার ফাঁসি হয়েছিল ১৯৭৭ সালে?’

‘হ্যাঁ।’

‘আমি তোমার মৃত্যুদণ্ডের জন্য দায়ী, তা তুমি জানো?’

‘জানি।’

‘খুনটা কি তুমিই করেছিলে?’

‘না ।’

‘তবে কে করেছিল ?’

‘ছেদিলাল । সে ভয়ানক ধূর্ত ছিল । তার অপরাধ সে অত্যন্ত চতুরভাবে আমার ঘাড়ে ফেলে । পুলিশ আমাকেই দোষী সাব্যস্ত করে ।’

‘আমি সেটা জানি । আমি তোমায় দেখেই বুঝেছিলাম যে তোমার দ্বারা এ খুন করা সম্ভব নয় । কিন্তু শেষ পর্যন্ত আমি তোমাকেই মৃত্যুদণ্ডে দণ্ডিত করি ।’

‘সে নিয়ে এখন আর ভেবে কী হবে ?’

‘আমি চাই তুমি আমাকে ক্ষমা করো ।’

‘সেটা আমি খুব সহজেই করতে পারি । তবে আমার আত্মীয়-বন্ধুদের মধ্যে যাঁরা জীবিত আছেন তারা ক্ষমা করবেন কি না জানি না ।’

‘তাদের কথা আমি ভাবছি না । তোমার ক্ষমাটাই আমার প্রয়োজন ।’

‘মৃত্যুর পর আর কারুর ওপর কোনও আক্রোশ থাকে না ।’

‘তোমাকে অনেক ধন্যবাদ ।’

মিঃ মল্লিক উঠে গিয়ে ঘরের বাতিটা জ্বালিয়ে দিলেন । ডাঃ মজুমদারের জ্ঞান আসতে আরও মিনিট দু-এক লাগল ।

এ এক বিচিত্র অভিজ্ঞতা হল বটে ।

‘মনটা অনেকটা হালকা লাগছে’, বললেন মিঃ মল্লিক, ‘এই একটি মৃত্যুদণ্ডে যে আমি ভুল করেছিলাম, সে বিষয়ে আমার কোনও সন্দেহ নেই । এবং এখন তো বুঝতেই পারছি যে আমার ধারণাই ঠিক ।’

ফেলুদা বলল, ‘এই প্ল্যানচেস্ট করে কি আপনি নিজের মনটাকে হালকা করতে চান ?’

‘শুধু তাই নয়’, বললেন মিঃ মল্লিক, ‘আমার মনে মাঝে মাঝে একটা সন্দেহ জাগে যে, আদৌ একজন মানুষ আরেকজনের প্রাণদণ্ড দিতে পারে কি না ।’

‘কিন্তু তা হলে খুনির শাস্তি হবে না ?’

‘হবে—কিন্তু প্রাণদণ্ডের দ্বারা নয় । কারাদণ্ড নিশ্চয়ই চলতে পারে । তা ছাড়া অপরাধীর সংস্কারের জন্য রাস্তা বার করতে হবে ।’

ঘড়িতে প্রায় এগারোটো বাজে, তাই আমরা উঠে পড়লাম । মল্লিক বলেন, ‘আমরা গুলমার্গ যাচ্ছি পরশু । আপনারা আসুন না আমাদের সঙ্গে ।’

ফেলুদা বলল, ‘সে তো খুব ভালই হয় । ওখানে কি থাকবেন ?’

‘এক রাত’, বললেন ভদ্রলোক । ‘গুলমার্গ থেকে খিলেনমার্গ যাব—তিন মাইল পথ—হেঁটেও যাওয়া যায়, ঘোড়াতেও যাওয়া যায় । তারপর ফিরে এসে এক রাত থাকা । এখান থেকেই সব ব্যবস্থা হয়ে যাবে ; আমাদের ট্র্যাভেল এজেন্সিই আপনাদেরটাও করে দেবে ।’

সেই কথা রইল । আমরা তিনজনে আমাদের হাউসবোটে ফিরে এলাম ।

ফেলুদা শুতে যাবার আগে বলল, ‘মল্লিকমশাইয়ের ধারণাটাকে সম্পূর্ণ সমর্থন করা চলে না । একজন খুনির প্রাণদণ্ড হবে না সেটা মেনে নেওয়া কঠিন । ভদ্রলোকের আসলে বয়সের সঙ্গে সঙ্গে চিন্তাশক্তির খানিকটা গোলমাল হয়ে গেছে । অবিশ্যি একজন জজের এটা হওয়া অস্বাভাবিক নয় ।’

‘তবে ভেবে দেখুন’, বললেন লালমোহনবাবু, ‘এক কথায় একটা লোকের ফাঁসি হয়ে যাচ্ছে । কতখানি ক্ষমতা দেওয়া থাকে একজন জজের হাতে । এই ক্ষমতা সম্পর্কে সচেতন হয়ে পড়লে একজন বিবেকসম্পন্ন মানুষের মনে সংশয় আসতে পারে বইকী!’

‘সেটা অবশ্য ঠিক’, বলল ফেলুদা ।

শ্রীনগরের সঙ্গে গুলমার্গের কোনও মিলই নেই। এখানে হ্রদ, নদী, বাগ-বাগিচা ইত্যাদি কিছুই নেই; যা আছে, তা হল ঢেউ খেলানো পাহাড়ের গায়ে মসৃণ ঘন সবুজ ঘাস— যা দেখতে একেবারে মখমলের মতো; আর আছে ঝাউ বন আর পাইন বন আর ইতস্তত ছড়ানো কিছু কাঠের ঘর বাড়ি। সব মিলিয়ে ছবির মতো সুন্দর। এই পাহাড়ের গায়েই গল্ফ খেলা হয়। আর শীতকালে যখন ঘাস বরফে ঢেকে যায় তখন স্কিইং হয়।

শ্রীনগর থেকে টাংমার্গ পর্যন্ত আঠাশ মাইল ট্যাক্সি করেই আসতে হয়, তারপর শেষের চড়াই চার মাইল যেতে হয় ঘোড়াতে। কলকাতায় থাকতেই ফেলুদা লালমোহনবাবুকে বলে দিয়েছিল যে কাশ্মীরে ঘোড়ায় চড়তে হবে।—‘ভয় নেই, উটের চেয়ে অনেক সহজ।’ লালমোহনবাবু একেবারে পাকাপোক্ত রাইডিং ব্রিচেস করিয়ে এনেছিলেন। গুলমার্গে ঘোড়ার পিঠ থেকে নেমে বললেন ঘোড়া চড়ার মতো সহজ ব্যাপার আর নেই।

আমাদের সঙ্গে মল্লিক মশাইরাও এসেছেন। আমরা আজকের রাতটা গুলমার্গে থেকে কাল এখান থেকে তিন মাইল দূরে আর দু হাজার ফুট ওপরে খিলেনমার্গ দেখে বিকেলেই শ্রীনগর ফিরে যাব।

থাকার জন্য আমরা পাশাপাশি দুটো ক্যাবিন নিয়েছি। আমাদেরটা ছোট, ওদেরটা বড়। বিকেলে ক্যাবিনের বারান্দায় বসে চা খাচ্ছি, এমন সময় তিনজন ভদ্রলোক এসে হাজির—সুশান্তবাবু, সিদ্ধেশ্বর মল্লিকের ছেলে বিজয়বাবু আর আরেকজন—যাকে আমরা চিনি না, সুপুরুষ চেহারা, টকটকে রং, বয়স ত্রিশ-বত্রিশ। সত্যি বলতে কী, তিনজনেই মোটামুটি এক বয়সী।

সুশান্তবাবু নতুন ভদ্রলোকের সঙ্গে আলাপ করিয়ে দিয়ে বললেন, ‘এঁর নাম অরুণ সরকার। ইনি কলকাতায় ব্যবসা করেন। আমাদের সঙ্গে এখানে এসে আলাপ। জুয়াড়ীদের একজন বললে বোধহয় আপনার চিনতে আরও সুবিধে হবে।’

সকলেই হেসে উঠল। সুশান্তবাবু বললেন, ‘আমরা এসেছি কেন বোধহয় বুঝতেই পারছেন। প্রাইভেট ইনভেস্টিগেটরের সঙ্গে আলাপ করতে এঁরা দুজনেই খুব ব্যগ্র। তা ছাড়া শুনছিলাম আপনার বন্ধু মিঃ গাঙ্গুলীও তো একজন নামী লেখক—ওঁর সব বই-ই নাকি বেস্ট-সেলার।’

লালমোহনবাবু মাথা হেঁট করে হেঁ হেঁ করে একটু বিনয়ের ভাব দেখালেন।

বিজয় মল্লিক আর অরুণ সরকারের খাতিরে ফেলুদাকে তার গোটা দু-তিন বিখ্যাত কেসের বর্ণনা দিতে হল। শেষ হয়ে যাবার পর সরকার ফেলুদাকে জিজ্ঞেস করলেন, ‘আপনার কি কাশ্মীরে এই প্রথম?’

ফেলুদা বলল, ‘হ্যাঁ, এই প্রথম। আমি কিন্তু আপনাকে প্রথমে দেখে কাশ্মীরি ভেবেছিলাম। আপনি বোধহয় এখানে আর একবার এসেছেন?’

‘তা এসেছি’, বললেন সরকার। ‘ইন ফ্যাক্ট, আমার ছেলেবেলার কয়েকটা বছর শ্রীনগরেই কেটেছে। বাবা এখানে একটা হোটেলে ম্যানেজারি করতেন। তারপর বছর কুড়ি আগে আমরা কলকাতা চলে যাই।’

‘এখানকার ভাষা আপনার জানা নেই?’

‘তা অল্পবিস্তর আছে বইকী।’



এবার ফেলুদা বিজয় মল্লিকের দিকে ফিরল ।

‘আপনার বাবার প্ল্যানচেট সম্বন্ধে আপনার কোনও কৌতূহল নেই?’

বিজয়বাবু বেশ জোরের সঙ্গে মাথা নেড়ে না বললেন ।

‘বাবার ভীমরতি ধরেছে’, বললেন বিজয়বাবু । ‘একজন খুনি মৃত্যুদণ্ডের হাত থেকে রেহাই পেয়ে যাবে এর চেয়ে অন্যায় আর কিছু হতে পারে না ।’

‘আপনি সে কথা বাবাকে বলেননি?’

‘বাবার সঙ্গে আমার সে রকম সম্পর্ক নয় । উনি আমার বিষয়ে কিছু জিজ্ঞেস করেন না, আমিও তাঁর ব্যাপারে কিছু বলি না ।’

‘আই সি ।’

‘তবে বাবা যা করছেন তা করে যদি শাস্তি পান, তা হলে আমার বলবার কিছু নেই ।’

‘আপনার মা নেই?’

‘না । মা বছর চারেক হল মারা গেছেন ।’

‘আর ভাই বোন?’

‘এক দাদা ছিল, আমেরিকায় ইঞ্জিনিয়ারিং করত, সে গত বছর মারা যায় । তার মেমসাহেব বউ আর এদেশে আসেনি । এক বোন আছে, তার স্বামী ভূপালে কাজ করে ।’

‘আমার বিশ্বাস আপনার কাশ্মীরের দৃশ্য সম্পর্কে খুব একটা কৌতূহল নেই ।’

‘কী করে বুঝলেন?’

‘কারণ যে পরিমাণ সময় ঘরে বসে তাস খেলে কাটান !’

‘আপনি ঠিকই বলেছেন । আমার মনে কাব্য নেই । আমি কাঠখোঁট্টা মানুষ । আমার দু-একজন বন্ধু আর দু প্যাকেট তাস হলেই হল ।’

সরকার একটু হেসে বলল, ‘আমি কিন্তু তাসও খেলি, আবার দৃশ্যও দেখি । সেটা বোধহয় ছেলেবেলায় কাশ্মীরে থাকার জন্য হয়েছে ।’

‘যাই হোক’—বিজয়বাবু উঠে পড়লেন—‘আমাদের কিন্তু তাসের সময় হয়ে যাচ্ছে । আজ সুশাস্তকে দলে টেনেছি । আপনারা কেউ—?’

‘আমরা ভাবছিলাম একটু ঘুরতে বেরোব । আপনারা এখন কিছুক্ষণ খেলবেন তো?’

‘এগারোটা পর্যন্ত তো বটেই ।’

‘তা হলে ফিরে এসে একবার টু মারব ।’

‘বেশ । কাল আবার দেখা হবে ।’

তিন ভদ্রলোক গুডবাই করে চলে গেলেন । লালমোহনবাবু বললেন, ‘এখন না বেরিয়ে আফটার ডিনার ওয়াকে বেরোলে ভাল হত না?’

‘তথাস্ত’, বলল ফেলুদা ।

এখানে ক্যাবিনের সঙ্গে বাবুর্চি রয়েছে, তাকে বলে দিয়েছিলাম রাতিরে ভাত আর মুরগির কারি খাব । দেখলাম দিব্যি রান্না করে । সাড়ে আটটার মধ্যে খাওয়া হয়ে গেল । এত তাড়াতাড়ি ঘুম আসবে না, তাই তিনজনেই বেশ উৎসাহের সঙ্গে রাতের গুলমার্গ শহর দেখতে বেরোলাম ।

নিরিবিলি শহর, তার মধ্যে দিয়ে তিনজন হেঁটে চলেছি । পথে যে লোক একেবারে নেই, তা নয় । ভারতীয়দের মধ্যে বিদেশি টুরিস্টও মাঝে মাঝে চোখে পড়ে । সত্যি বলতে কী, হিসেব নিলে বোধহয় বিদেশি টুরিস্টই সংখ্যায় বেশি হবে । লালমোহনবাবু এখনও গুনগুন করে গজল গাইছেন, খালি শীতের জন্য গলায় মাঝে মাঝে অযথা গিটকিরি এসে যাচ্ছে ।

‘শীত লাগছে?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘তা লাগছে, তবে মনে হয় খুব স্বাস্থ্যকর ঠাণ্ডা ।’

‘তা হতে পারে, কিন্তু আমার মনে হয় এ সব জায়গায় বেশি রাত না করাই ভাল । চ তোপ্‌সে, ফেরা যাক ।’

আমরা উলটোমুখে ঘুরলাম । শহর আর আমাদের ক্যাবিনের মধ্যে একটা ব্যবধান আছে । সেখানটা বসতি নেই বললেই চলে । আমরা সেই জায়গাটা দিয়ে হাঁটছি । এমন সময় হঠাৎ একটা ব্যাপার ঘটল । একটা কী জানি জিনিস শনশন্ শব্দে আমাদের মাথার পাশ দিয়ে গিয়ে রাস্তার ধারের একটা গাছের গায়ে লেগে মাটিতে পড়ে গেল । ‘আমাদের মাথা’ বলছি, কিন্তু আসলে সেটা ঠিক ফেলুদার কান ঘেঁষে বেরিয়ে গেল । ফেলুদার কাছে টর্চ ছিল, সেটা জ্বালিয়ে গাছের তলায় ফেলতেই দেখা গেল বেশ বড় একটা পাথর । সেটা ফেলুদার মাথায় লাগলে নিশ্চয় একটা কেলেকারি কাণ্ড হত ।

প্রশ্ন হচ্ছে—কে এই লোকটা, যে এভাবে আক্রমণটা করল ? আর এর কারণই বা কী ? আমরা তো সবে এখানে এসেছি । এখনও গোলমালে ব্যাপার কিছু ঘটেনি, তদন্তের কোনও প্রশ্নই উঠছে না, তা হলে এই হুমকির মানে কী ?

ক্যাবিনে ফিরে এসে ফেলুদা গভীরভাবে বলল, ‘ব্যাপারটা মোটেই ভাল লাগছে না । আমাকে পছন্দ করছে না কেউ ; এবং গোয়েন্দাকে হটানোর চেষ্টার একটাই কারণ হতে পারে—কোনও কুকীর্তি হতে চলেছে । অথচ সেটা যে কী, সেটা আন্দাজ করার কোনও উপায় নেই ।’

লালমোহনবাবু বললেন, ‘আপনার সেই ৩২ কোন্ট রিভলভারটা আশা করি এনেছেন ।’

ফেলুদা বলল, ‘ওটা বাস্তবেই রাখা থাকে । কিন্তু রিভলভার ব্যবহার করার সময় এখন এল কই ? কোনও ক্রাইম তো ঘটেনি এখনও !’

‘যাই হোক, রাগিরে দরজা-জানালা সব ভাল করে বন্ধ করে শুতে হবে । এখানে রিস্ক নেওয়া চলবে না । আশ্চর্য ব্যাপার মশাই !—আপনার সঙ্গে ছুটিতে কোথাও বেরোলেই কি গুণ্ডাগোল শুরু হবে ?’

ফেলুদা একটু ভেবে বলল, ‘যাই, ওদের সঙ্গে একটু তাস পিটিয়ে আসি । আমি ঘণ্টা খানেকের মধ্যেই ফিরব । আপনারা শুয়ে পড়ুন ।’

৫

আগেই বলেছি যে খিলেনমার্গ যেতে হলে তিন মাইল পাহাড়ি রাস্তা দিয়ে দু হাজার ফুট উপরে উঠতে হয় । আমরা দুই ক্যাবিনে বাসিন্দারা আগে থেকেই ঠিক করে রেখেছিলাম যে, তাড়াতাড়ি ব্রেকফাস্ট খেয়ে ন’টার মধ্যে বেরিয়ে পড়ব । সেটাই করা হল ।

আমাদের মধ্যে এক মিঃ মল্লিকই ঘোড়া নিলেন, আর সকলে হেঁটে যাওয়া স্থির করলাম । শুনেছি, পথের দৃশ্য অতি চমৎকার, আর দু পাশে অনেক ফুল গাছ ।

লালমোহনবাবু বললেন, ‘এই সাত দিনেই এনার্জি বেড়ে গেছে মশাই । হেঁটে দু হাজার ফুট পাহাড়ে ওঠাটা কোনও ব্যাপারই বলে মনে হচ্ছে না ।’

সত্যিই পথের দৃশ্য অপূর্ব । আমরা তিনজনে মোটামুটি একসঙ্গে হাঁটছি, বাকি ওদের দল ভাগ ভাগ হয়ে ছড়িয়ে পড়েছে । আমরা দলে আছি সবসুদ্ধ ন জন—আমরা তিনজন, মিঃ মল্লিক, বিজয় মল্লিক, ডাঃ মজুমদার, সুশাস্ত্রবাবু, মিস্টার সরকার আর বেয়ারা প্রয়াগ ।

প্রায় দু ঘণ্টা লাগল দু হাজার ফুট উঠতে ; আর উঠেই এক আশ্চর্য দৃশ্য আমাদের হকচকিয়ে দিল । আমরা একটা পাহাড়ের পিঠে এসে উপস্থিত হয়েছি, মাটিতে বরফ, সামনে

বরফের পাহাড় আর উলটো দিকে ছড়িয়ে আছে গাছপালা নদী হ্রদ-সমেত দিগন্ত বিস্তৃত উপত্যকা, আর তারও পিছনে আকাশের গায়ে যেন খোদাই করা রয়েছে নান্দা পর্বত ।

ফেলুদা বলল, ‘এই বোধহয় ক্লাইম্যাক্স । কাশ্মীরে এর চেয়ে সুন্দর আর কিছু আছে কি ?’

লালমোহনবাবু ক্যামেরা নিয়ে ব্যস্ত হয়ে পড়েছেন । বার বার বলছেন, ‘আসুন, একটা গ্রুপ তুলি, একটা গ্রুপ তুলি এই বরফের উপর দাঁড়িয়ে ।’

হঠাৎ বাকি দল থেকে একটা শোরগোল শোনা গেল । সেটা একটা প্রশ্নের আকার নিয়ে আমাদের কানে এল ।

‘মণ্টু কই ?’

প্রশ্নটা করেছেন মিঃ মল্লিক, অত্যন্ত ব্যস্ত কণ্ঠে । বুঝতে অসুবিধা হল না যে মণ্টু হল বিজয় মল্লিকের ডাকনাম । কারণ দলের মধ্যে একমাত্র তিনিই অনুপস্থিত ।

কোথায় গেলেন ভদ্রলোক ? এতই পিছিয়ে পড়েছেন কি ? না, তা তো হতে পারে না । এঁরা একটু ছাড়াছাড়ি ভাবে হাঁটছিলেন ঠিকই, কিন্তু বিজয়বাবু কি একেবারে দলছুট হয়ে গিয়েছিলেন ?

এবার সুশাস্ত সোমের গলা শোনা গেল । ‘আপনি এখানেই থাকুন মিঃ মল্লিক । আমরা নীচে খোঁজ করে আসছি ।’

যেমন কথা তেমন কাজ, আর এই অনুসন্ধানের পার্টিতে আমরাও যোগ দিলাম ।

যে পথ দিয়ে উপরে উঠেছি, এবার সেই পথ দিয়েই নেমে যাওয়া । আমার বুকের ভিতরটা টিপ-টিপ করছে । লোকটা গেল কোথায় ?

সুশাস্তবাবু গলা তুলে চিৎকার দিলেন ।

‘বিজয়বাবু ! বিজয়বাবু !’

কোনও উত্তর নেই ।

মিনিট পনেরো নামার পরেই হঠাৎ লালমোহনবাবু এক জায়গায় এসে থমকে থেমে গেলেন, তাঁর দৃষ্টি একটা ঝোপের দিকে ।

ফেলুদা আর এক মুহূর্ত দ্বিধা না করে দৌড়ে গেল ঝোপটার দিকে, কারণ পাতার ফাঁক দিয়ে একটা জুতো দেখা যাচ্ছে—পাহাড়ে ওঠার বুট ।

‘মিঃ সোম !’ ফেলুদা হাঁক দিল ।

মিঃ সোম দৌড়ে পৌঁছে গেল ফেলুদার পাশে, তার পিছনে বাকি চারজন ।

ঝোপের পিছনে মাটিতে মুখ খুঁবে পড়ে আছেন বিজয় মল্লিক ।

ফেলুদা নাড়ি টিপেই বলল, ‘হি ইজ অ্যালাইভ । মনে হয় মাথায় চোট লেগে অজ্ঞান হয়ে গেছে ।’

কাছেই একটা ঝরনা ছিল, তার থেকে আঁজলা করে জল এনে মুখে ঝাপটা দিতে ভদ্রলোক চোখ খুলে এদিক-ওদিক মাথা নাড়লেন । তারপর অশ্রুটস্বরে প্রশ্ন করলেন, ‘কোথায়— ?’

ফেলুদা এগিয়ে গিয়ে বলল, ‘আপনার এ অবস্থা কী করে হল ?’

কেউ...ধাক্কা...’

‘আপনি যেখানে পড়েছেন, মনে হয় আপনাকে অনেক উপর থেকে গড়িয়ে পড়তে হয়েছে ।’

‘হ্যাঁ...তাই...একটা ফুল দেখছিলাম ঝুঁকে পড়ে...’

‘অজ্ঞানটা হয়েছেন এই গাছের গুঁড়িতে মাথা ঠোকা খেয়ে ?’

‘তাই হবে ।’



‘আপনি দেখুন তো উঠতে পারেন কি না ।’

ফেলুদা ভদ্রলোকের দু হাত ধরে নিজের কাঁধের উপর রেখে উঠে দাঁড়াল । একটু টলোমলো অবস্থার পর ভদ্রলোক দেখলাম নিজেকে সামলে নিলেন ।

ফেলুদা এবার মাথাটা দেখে বলল, ‘একটা জায়গায় চোট লেগেছে, রক্ত বেরোয়নি, তবে জায়গাটা ফুলে গেছে । দু-তিন দিন একটু ভোগাবে আপনাকে । এখন আপনি ফিরে চলুন । একটা ঘোড়ার ব্যবস্থা করতে পারলে সবচেয়ে ভাল হয় । তা না হলে আস্তে আস্তে হেঁটে চলুন । পরে এক সময় আপনার সঙ্গে একটু কথা বলার ইচ্ছে রইল ।’

বিজয়বাবু এতক্ষণে মোটামুটি চাঙ্গা হয়ে গেছেন, কেবল দু-এক বার মাথার একটা বিশেষ জায়গায় আলতো করে হাত বোলালেন ।

আমি মনে মনে ভাবছি—ভদ্রলোকের এ দশা করল কে এবং কেন ?

গুলমার্গ ফিরতে ফিরতে বিকেল হয়ে গেল । আমরা যে যার ক্যাবিনে চলে গেলাম । ফেলুদা বলল, ‘আগে একটু চা খাওয়া দরকার ।’

খানসামাকে চায়ের অর্ডার দেওয়ার পর লক্ষ করলাম ফেলুদার ভুরুটা অস্বাভাবিক রকম কুঁচকে আছে ।

চায়ের পর দেখি বিজয়বাবু নিজেই এসে হাজির, সঙ্গে সুশাস্ত্রবাবু আর মিঃ সরকার ।

‘বাধ্য হয়েই আপনার কাছে আসতে হল’, বললেন বিজয়বাবু । ‘আমি এত হতভম্ব আর কখনও হইনি ।’

‘আপনার উপর আক্রোশ থাকতে পারে এমন কেউ নেই এখানে ?’

‘কে থাকতে পারে বলুন ! তা হলে তো সুশাস্ত্র বা ডাঃ মজুমদার বা মিঃ সরকারের কথা বলতে হয় । সে তো হাস্যকর ব্যাপার হত !’

‘কাশ্মীরে এসে পূর্বপরিচিত কারুর সঙ্গে দেখা হয়নি ?’

‘না ।’

‘কলকাতাতে এমন কেউ নেই যার আপনার উপর কোনও আক্রোশ থাকতে পারে ।’

‘আমি তো সে রকম কারুর কথা জানি না ।’

‘আপনি তো কলকাতাতেই পড়াশুনা করেছেন ?’

‘হ্যাঁ ।’

‘গ্র্যাজুয়েট ?’

‘হ্যাঁ । স্কটিশ চার্চ কলেজ ।’

‘মোটামুটি নির্ঝঞ্ঝাট ছাত্রজীবন ছিল ?’

‘ঠিক তা বলা যায় না ।’

‘কেন ?’

‘কলেজে সেকেন্ড ইয়ারে থাকতে কুসঙ্গে পড়ি, নেশা ধরি, ড্রাগস ।’

‘হার্ড ড্রাগস ?’

‘হ্যাঁ—কোকেন, মর্ফিন...’

‘তারপর ?’

‘বাবা টের পেয়ে যান ।’

‘বাবা তো তখনও জিজ্ঞাসিত করতেন ?’

‘হ্যাঁ ।’

‘তারপর ?’

‘তিনি আমার এই অভ্যাস ছাড়ানোর প্রাণান্ত চেষ্টা করেন, কিন্তু পারেন না । তারপর আশা

ছেড়ে দেন ।’

‘এই অবস্থাতেও আপনি গ্র্যাজুয়েট হতে পেরেছিলেন ?’

‘আমি খুবই ভাল ছাত্র ছিলাম ।’

‘আপনি বাড়িতেই থাকতেন ?’

‘কিছু দিন ছিলাম, তারপরে আর পারিনি । বাড়ি ছেড়ে বেরিয়ে পড়ি । কানপুরে এক আশ্চর্য লোকের সংস্পর্শে আসি । সাধুই বলতে পারেন । নাম আনন্দস্বামী । তখনও আমি নেশায় মত্ত, কিন্তু ভদ্রলোকের সংস্পর্শে এসে আমার নেশা চলে যায় । একে মিরাকুল ছাড়া আর কিছু বলা যায় না । আমি আবার আগের অবস্থায় ফিরে যাই ।’

‘তারপর বাড়ি ফেরেন ?’

‘হ্যাঁ । বাবা আমার সমস্ত দোষ ক্ষমা করে দেন ।’

‘তখন আপনার বয়স কত ?’

‘সাতাশ-আটাশ হবে ।’

‘তারপর ? আপনি চাকরি করেন ?’

‘বাবাই একটা ফার্মে ঢুকিয়ে দেন । আমি এখনও সেখানেই আছি ।’

‘আপনার জুয়ার প্রতি একটা আসক্তি আছে না ?’

‘তা আছে ।’

সেটা কোনও সমস্যার সৃষ্টি করছে না তো ?’

‘না ।’

‘আপনাকে যদি জিজ্ঞেস করা যায় আপনার কোনও শত্রু আছে কি না, আপনি কী বলবেন ?’

‘যত দূর জানি, আমাকে খুন করতে চাইবে এমন কোনও শত্রু আমার নেই । ছোটখাটো শত্রু বোধহয় সকলেরই থাকে—তার পিছনে ঈর্ষা থাকতে পারে । এটা যে অস্বাভাবিক নয়, সেটা আপনি নিশ্চয়ই স্বীকার করবেন ।’

‘একশোবার । ...এবার আরও দু-এক জন সম্বন্ধে আপনাকে আরও দু-একটা প্রশ্ন করে নিই । ডাঃ মজুমদারকে আপনি কদিন থেকে চেনেন ?’

‘উনি আমাদের ফ্যামিলি ফিজিশিয়ান আজ প্রায় পনেরো বছর হল ।’

‘বেশ । এবার সুশান্তবাবুকে একটা প্রশ্ন ।’

সুশান্তবাবু বললেন, ‘বলুন ।’

‘আপনি কতদিন হল মিঃ মল্লিকের সেক্রেটারির কাজ করছেন ?’

‘ওঁর রিটায়ার করার সময় থেকেই । তার মানে পাঁচ বছর ।’

‘বেয়ারা প্রয়াগ কত দিন আছে ?’

‘ও-ও আন্দাজ পাঁচ বছর । মিঃ মল্লিকের পুরনো বেয়ারা মকবুল হঠাৎ মারা যায় । তারপর উনি প্রয়াগকে রাখেন ।’

‘বেশ, আজ এই পর্যন্তই থাক । তবে পরে দরকার হলে আবার প্রশ্ন করতে পারি তো ?’

‘নিশ্চয়ই’, বললেন বিজয়বাবু ।

‘কী মশাই, আবার যেই কে সেই?’

শ্রীনগর ফিরে এসে আমরা সকালে বোটের উপরের ডেকে বসে চা খাচ্ছিলাম, এমন সময় লালমোহনবাবু মন্তব্যটা করলেন।

‘যেই কে সেই’, বলল ফেলুদা। ‘যা বুঝছি, ছুটি-ভোগ মানেই দুর্ভোগ। ক্রাইম যেন আমাদের পিছনে ওত পেতে থাকে, একটু আরাম করলেই ঘাড়ের উপর ঝাঁপিয়ে পড়ে। তবে এবার যে রকম হতভম্ব হয়েছি, সে রকম কখনও হয়েছি বলে মনে পড়ে না। কোনও খুঁটিই যেন খুঁজে পাচ্ছি না, যেটা ধরে একটু এগোব। সব অন্ধকার।’

তারপর কিছুক্ষণ চুপ থেকে চা-টা শেষ করে একটা চারমিনার ধরিয়ে বলল, ‘সুশান্তবাবুকে বলতে হবে একবার যদি মিঃ মল্লিকের ডায়েরিগুলো দেন।’

‘ও ডায়েরি দিয়ে আপনার কী লাভ?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

‘কীসে কী কাজ দেয় তা আগে থেকে কেউ বলতে পারে? অবশ্য মিঃ মল্লিকের রাজি হওয়া চাই। সেটা সুশান্তবাবুকে একবার জিজ্ঞেস করতে হবে।’

‘তা, সে তো এখনই পারেন—ওই তো সুশান্তবাবু।’

সত্যিই দেখি, ভদ্রলোক শিকারা করে বুলেভার্ডের দিক থেকে ফিরছেন, সঙ্গে কিছু খরিদ করা জিনিসপত্র।

ফেলুদা ডেকের রেলিং-এর পাশে ঝুঁকে পড়ে ডাক দিল।

‘ও মশাই, এক মিনিট এদিকে আসতে পারেন?’

শিকারাটা আমাদের বোটের কাছে চলে এল। ফেলুদা বলল, ‘মিঃ মল্লিকের ডায়েরিগুলো কি আপনি সঙ্গে এনেছেন?’

‘সবগুলো’, বললেন সুশান্তবাবু, ‘চব্বিশটা আছে।’

‘ওগুলো দু-তিনটে করে ধার নিতে পারি? মল্লিক ফ্যামিলি সম্বন্ধে আরেকটু জানতে না পারলে আমি এই নতুন পরিস্থিতির ঠিক কিনারা করতে পারছি না। আমার মনে হয় ডায়েরিগুলো পড়লে কিছুটা সুবিধা হতে পারে।’

সুশান্তবাবু বললেন, ‘আমি একবার সাহেবকে জিজ্ঞেস করি।’

‘নিশ্চয়ই।’

‘আমার মনে হয় না উনি কোনও আপত্তি করবেন, কারণ আপনারা তো সবই শুনেছেন ওঁর মুখ থেকে।’

আধ ঘণ্টার মধ্যে সুশান্তবাবু চারটে পুরনো ডায়েরি সঙ্গে নিয়ে আমাদের হাউসবোটে এসে হাজির। বললেন, ‘এক কথায় রাজি হয়ে গেলেন। বললেন, “জীবনী যখন বেরোবে, তখন তো সবই জানাজানি হয়ে যাবে কাজেই এখন পড়তে দিতে আর কী আপত্তি থাকতে পারে? আর ক্রাইমের কথাই যদি হয়, তা হলে সবই তো খবরের কাগজের রিপোর্টে বেরিয়েছে।’

ফেলুদা বলল, ‘এগুলো দেখা হয়ে গেলে আর এক সেট আমি আপনার কাছ থেকে চেয়ে আনব। ...তোপ্‌সে—তুই আর লালমোহনবাবু বরং যা, মানসবল লেকটা দেখে আয়। আমি এখন একটু ঘরে বসে কাজ করব।’

‘ভাল কথা’, বললেন সুশান্তবাবু, ‘আপনারা পাহালগাম যাবেন না?’

‘ইচ্ছে তো আছে।’

‘কবে যাবেন? আমার মনে হয় আমাদের সঙ্গে গেলেই ভাল। আমরা পরশু যাচ্ছি।’

‘ভেরি গুড।’

মানসবল লেকের মতো স্বচ্ছ জল আমি আর কোনও লেকে দেখিনি । জলের একেবারে তল অবধি উদ্ভিদ দেখা যায় । ভারী অদ্ভুত লাগে দেখতে ।

লালমোহনবাবু দৃশ্য উপভোগ করলেন ঠিকই, কিন্তু বুঝতে পারছিলাম, মাঝে মাঝে ওঁর ফেলুদার তদন্তের কথা মনে পড়ে যাচ্ছে । একবার বললেন, ‘তোমার দাদা ওই ডায়েরিগুলো পড়ছেন কেন জানি না । যাদের একবার ফাঁসি হয়ে গেছে তারা তো আর খুনখারাপি করতে পারবে না ।’

আমি বললাম, ‘সেটা ফেলুদাকেই বুঝতে দিন না ।’

মানসবল শ্রীনগর থেকে আঠারো মাইল দূরে ; আমাদের ফিরতে ফিরতে হয়ে গেল সন্ধ্যা সাড়ে ছটা । ফেলুদা দেখলাম বৈঠকখানার সোফায় বসে তখনও ডায়েরি নিয়ে পড়ছে । বলল, সারা দিনে বারোটা ডায়েরি পড়ে শেষ করেছে এবং সব কটাই নাকি ইন্টারেস্টিং ।

‘কোনও কাজ হল কি ?’ জিজ্ঞেস করলেন জটায়ু ।

ফেলুদা বলল, ‘কাজ কীসে হয়, সেটা অনেক সময় আগে থেকে বোঝা যায় না । আপাতত আমার কাজ হচ্ছে তথ্য সংগ্রহ করা । নতুন তথ্য কিছু বেরিয়েছে—শুধু ডায়েরি থেকে নয় । যেমন বিজয়বাবু বলেছেন যে সেদিন যে উনি ঘাড়ে ধাক্কা খেয়েছিলেন তখন একটা ঠাণ্ডা, ধাতব স্পর্শ অনুভব করেছিলেন । আমার মতে সেটা আংটি ছাড়া আর কিছুই হতে পারে না । তবে তাতেও যে খুব সুবিধে হচ্ছে তা নয়, কারণ আংটি এখানে তিনজন পেরেন—সুশান্তবাবু, মিঃ সরকার আর প্রয়াগ । আর যদি এ দলের বাইরে কেউ থাকে তা হলে তো চমৎকার । তা হলে আমাদের কোনও তদন্তই কাজ দেবে না ।’

‘কিন্তু সে রকম দল কি বেশি ছিল ?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু ।

‘তা ছিল না ঠিকই ।’

‘আমার তো একটিও মনে পড়ছে না ।’

‘একটি ছিল—পাঞ্জাবি দল—তবে তাদের পাঁচজনের মধ্যে তিনজনই ছিল ঘোড়ার পিঠে ।’

‘আশা করি আর কোনও গোলমাল হবে না ।’

‘আপনার মুখে ফুল-চন্দন পড়ুক । ভূস্বর্গে এসে এ সব ঝামেলা ভাল লাগে না—বিশেষ করে যখন বুদ্ধি খাটাবার কোনও স্কোপ পাওয়া যাচ্ছে না ।’

*

পাহালগাম যাবার আগে আমরা শ্রীনগরে আর একদিন ছিলাম, তার মধ্যে ফেলুদা মিঃ মল্লিকের বাকি ডায়েরিগুলো পড়া শেষ করে ফেলল ।

‘কী বুঝলেন ?’ জিজ্ঞেস করলেন জটায়ু ।

ফেলুদা বলল, ‘অন্তত ছটা প্রাণদণ্ড সম্পর্কে উনি নিশ্চিত যে সেগুলো অন্যায়ভাবে দেওয়া হয়েছে এবং সেগুলোতে তিনি ভুল করেছেন । এই ছ’টা কেসেই কারাদণ্ড দেওয়া উচিত ছিল । একটি বিশেষ কেস—সেখানে আবার আসামি হচ্ছেন কাশ্মীরি, নাম সপ্তু—সেখানে ফাঁসির হুকুম দেওয়ার পরে মল্লিকের খুব অনুশোচনা হয় । তারপরেই অবিশ্যি ওঁর অ্যানজাইনার পেইন আরম্ভ হয় এবং উনি কিছু দিনের মধ্যে রিটায়ার করেন ।’

পাহালগাম শ্রীনগর থেকে ষাট মাইল । লিদর উপত্যকায় ছোট্ট শহর । এক পাশ দিয়ে খরশ্রোতা লিদর নদী বয়ে গেছে । তাতে সাহেবরা ট্রাউট মাছ ধরে । শহরের উত্তর-পূর্ব দিকে বরফের পাহাড় দেখা যায় । আগে এখানে হোটেল-টোটেল ছিল না, এখন অনেক হয়েছে । তবে এখনও ইচ্ছে করলে তাঁবু ভাড়া নিয়ে নদীর ধারে থাকা যায় । আমরা সেভাবেই থাকব বলে ঠিক করলাম ।

চারটে ট্যাক্সি করে আমরা সবাই বেরিয়ে পড়লাম। চমৎকার পাহাড়ি রাস্তা দিয়ে বারোটোর মধ্যে আমরা পাহালগাম পৌঁছে গেলাম। শহরটা একপেশে; নদীর পশ্চিম দিকে শুধু পাহাড়, বাড়ি ঘরদোর কিছুই নেই। আর পূর্ব দিকে পাহাড়ের গায়ে ছড়িয়ে আছে হোটেল, রেস্টোরাঁ, দোকানপাট নিয়ে ছবির মতো শহর।

আমাদের তাঁবুর জন্য আগেই বলা ছিল, গিয়ে দেখি যে তাঁবু খাটার তোড়জোড় শুরু হয়ে গেছে। এ তাঁবু স্পেশ্যাল ধরনের মজবুত তাঁবু, এতে ডাইনিং রুম, বেডরুম, অ্যাটাচড বাথরুম সবই আছে। আমাদের একটা তাঁবু আর মল্লিকদের দুটো। সামনে বিশ হাতের মধ্যে দিয়ে তোড়ে বয়ে চলেছে লিঙ্গর নদী, তার একটানা শব্দ কখনও থামে না। লালমোহনবাবু হলিউডের ছবির কথায় চলে গেলেন; বললেন, ‘মশাই, একমাত্র ওয়েস্টার্ন ছবিতেই এ রকম আউটডোর লাইফ দেখেছি; আমাদের আবার কোনও দিন এরকমভাবে থাকতে হবে, ভাবতে পারিনি।’

দুপুরে তাঁবুতে লাঞ্চ খেয়ে (এখানেও সঙ্গে কিচেন রয়েছে) সবে বাইরে বেরিয়েছি এমন সময় দেখি সুশান্ত সোম আমাদের তাঁবুর দিকে আসছেন।

‘লাঞ্চ শেষ?’ জিজ্ঞেস করলেন ভদ্রলোক।

‘হ্যাঁ, বলল ফেলুদা।

‘এখান থেকে আট মাইল দূরে চন্দনওয়াড়ি বলে একটা জায়গা আছে জানেন তো?’

‘যেখানে একটা বরফের ব্রিজ আছে—যেটা সারা বছর থাকে?’

‘হ্যাঁ।’

‘সেটা দেখতে যাবার মতলব করছেন নাকি?’

‘গেলে সবাই একসঙ্গে গেলেই তো ভাল হয়?’

‘তবে আজই সবে এলাম, আজ ভাবছিলাম পাহালগামটাই ঘুরে দেখব। চন্দনওয়াড়ি কাল গেলে হয় না?’

‘আমাদেরও সেই আইডিয়া। আমি শুধু আপনাদের ইনভাইট করতে এলাম।’

ফেলুদা বলল, ‘অবশ্যই একসঙ্গে যাব। আমাকে ছাড়া বোধহয় আপনাদের আর চলবে না। এর মধ্যেই যা একটা কেলেকারি কাণ্ড ঘটে গেল। এটাকে তো অ্যাটেম্প্টেড মার্ডার ছাড়া আর কিছুই বলা যায় না। বিজয়বাবুর খুব ভাগ্য ভাল যে, উনি বেঁচে গেলেন।’

‘তা হলে কাল দুটো নাগাদ যাওয়া যাক। এখান থেকে আট মাইল ঘোড়া করে যেতে হয়। লাঞ্চ করে বেরিয়ে পড়া যাবে।’

‘প্রয়াগ! প্রয়াগ!’ মিঃ মল্লিক ডাকতে ডাকতে তাঁবু থেকে বেরিয়ে এসেছেন। তাঁর চোখে জ্বকুটি। এদিকে প্রয়াগ সামনেই নদীর ধারে হাত-মুখ ধুচ্ছে।

‘বোধহয় নদীর শব্দের জন্য শুনতে পাচ্ছে না’, বলল ফেলুদা।

‘না’, বললেন মিঃ মল্লিক, ‘ও এমনিতেই কানে একটু খাটো, তিনবার না ডাকলে উত্তর দেয় না।’

প্রয়াগ এবার ডাক শুনে মনিবের কাছে দৌড়ে গেল।

‘যাও, আমার লাঠিটা নিয়ে এসো।’

‘হজুর’, বলে প্রয়াগ তাঁবুর ভিতর চলে গেল।

কিছুক্ষণ থেকেই দেখছিলাম ফেলুদা প্রয়াগকে একদৃষ্টে লক্ষ্য করছে। কেন সেটা ঠিক বুঝতে পারলাম না।

ইতিমধ্যে অন্য তাঁবুটা থেকে বিজয়বাবু আর মিঃ সরকারও বেরিয়ে এসেছেন। সরকার ঐদের সঙ্গে ছাড়াইনি। মনে হয় পুরো টুরটাই ঐদের সঙ্গে ঘুরবেন।

‘আমরা কাল চন্দনওয়াড়ি যাচ্ছি’, বললেন সুশান্তবাবু ।

সকলে প্রস্তুতবে সায়ে দিল ।

ফেলুদা বলল, ‘তোরা দুজনে ডেক-চেয়ার নিয়ে নদীর ধারে বসে প্রকৃতির সৌন্দর্য উপভোগ কর, আমি একটু পাহাড়ি পথে ঘুরে আসি । মাথাটা একটু পরিষ্কার করা দরকার ।’

‘কতক্ষণের জন্য যাবে ?’ আমি জিজ্ঞেস করলাম ।

‘এই ঘণ্টাখানেক,’ বলল ফেলুদা ।

‘সঙ্গে আপনার বিশ্বস্ত অস্ত্রটি আছে তো ?’

‘তা আছে ।’

ফেলুদা চলে গেল ।

লালমোহনবাবুর মাথায় একটা নতুন গল্লের প্লট এসেছে, সেটা আমাকে শুনিতে পরখ করে দেখে নিলেন । আমি আবার কিছু ইমপ্রুভমেন্ট সাজেস্ট করলাম । এই করতে করতে প্রায় ঘণ্টা দেড়েক বেরিয়ে গেল । নদীর ধারে বসে থাকলে বোরিং লাগে না, তাই সময়টা বেশ কেটে যাচ্ছিল, এমন সময় লালমোহনবাবু বললেন, ‘দু ঘণ্টা হতে চলল, তবু তোমার দাদা এলেন না—’

সত্যিই তো ! এটা আমার খেয়ালই হয়নি ।

‘কী করা যায়, বলো তো ?’

ফেলুদার সঙ্গে থেকে থেকে আমারও অভ্যেস হয়ে গেছে মুহূর্তে ডিসিশন নেবার ।

আমি উঠে পড়লাম ।

‘চলুন, ওকে খুঁজতে বেরোই ।’

‘চলো ।’

ফেলুদা কোন রাস্তা ধরেছে সেটা আমরা জানতাম । আমরা দুজনে সেই পাহাড়ি পথে চড়াই ধরে রওনা দিলাম । পাইন বনের মধ্যে দিয়ে পথ, পরিবেশ চমৎকার, কিন্তু আমাদের সে সব উপভোগ করবার মতো মনের অবস্থা নেই । ফেলুদা বলেছিল এক ঘণ্টায় ফিরবে ; এ বিষয়ে ওর কথার নড়চড় হয় না । কিছু একটা গণ্ডগোল নিশ্চয়ই হয়েছে ।

আধ ঘণ্টা হাঁটার পরেই যা খুঁজছিলাম, তা পেয়ে গেলাম । একটা ঝোপের ধারে মাটিতে হাত-পা ছড়িয়ে পড়ে আছে ফেলুদা । আমার গলা মুহূর্তে শুকিয়ে গেল ।

লালমোহনবাবু পাল্‌স ধরেই বললেন, ‘বেঁচে আছেন—কোনও চিন্তা নেই ।’

ফেলুদাও নড়েচড়ে উঠল । তার পরেই উঠে বসে মাথার পিছনে হাতটা দিয়ে মুখটা বিকৃত করে বলল, ‘এবার মিস্ করেনি রে । একেবারে মোক্ষমভাবে লক্ষ্যভেদ ।’

‘উঠতে পারবে ?’

‘নিশ্চয়ই । ব্যথা তো মাথায় ।’

ফেলুদা উঠে পড়ে আমাদের দুজনের কাঁধে ভর করে কয়েক পা হেঁটে বলল, ‘ঠিক হ্যাঁ, হাঁটতে পারব ।’

‘কিন্তু কাউকে কি দেখতে পেলেন ?’

‘তা হলো তো তদন্ত ফুরিয়ে যেত । সে লোক অত কাঁচা নয় । ক’টা দিন যাক । আর একটু মাথা না খাটালে চলছে না ।’

রাতিরে মিঃ মল্লিকের তাঁবুতে আবার প্ল্যানচেট হল । বলা হয়নি, এর মধ্যে শ্রীনগরে আর একদিন প্ল্যানচেট হয়েছিল যাতে আমরাও উপস্থিত ছিলাম । শাসমল বলে এক মৃত্যুদণ্ডে দণ্ডিত আত্মা এসে বলল যে, সে সত্যিই খুন করেছিল ।

আজকের প্ল্যানচেটে ফেলুদা ডায়েরি পড়ে যার কথা বলেছিল, সেই কাশ্মীরি মিঃ মনোহর



সপুর আত্মা নামানো হল । আশ্চর্য মিডিয়ম ডাঃ মজুমদার—দশ মিনিটের মধ্যেই আত্মা চলে আসে ।

সপুর আত্মা প্রশ্ন করল, ‘আমাকে কেন ডেকেছ ?’

মিঃ মল্লিক বললেন, ‘তোমাকে প্রাণদণ্ডে দণ্ডিত করেছিলাম আমি । যে খুনের মামলার আমি ছিলাম জজ ।’

‘সেটা আমি জানি ।’

‘আমার বিশ্বাস হয়েছিল খুনটা তুমি করোনি ।’

‘খুন করেছিল হরিদাস ভগত । পুলিশ ভুল তদন্ত করেছিল । কিন্তু এখন আর তাতে কিছু এসে যায় না ।’

‘কিন্তু আমি যে সেই সেভেনটি এইট থেকে দৃষ্টিভ্রান্ত ভুগছি ।’

‘তুমি কি আমার কাছে ক্ষমা চাও ?’

‘হ্যাঁ ।’

‘বেশ, করলাম তোমাকে ক্ষমা । কিন্তু আমার যেসব আত্মীয়বন্ধু জীবিত আছে, তারা তোমায় ক্ষমা করেনি বা করবে না ।’

‘তাতে কিছু যায় আসে না । আমি তোমার ক্ষমা চাই ।’

‘বেশ, ক্ষমা করলাম । আমি আসি ।’

প্ল্যানচেট শেষ হল ।

মিঃ মল্লিক আবার স্বস্তির নিশ্বাস ফেললেন ।

আমরা নিজেদের তাঁবুতে ফিরে এলাম ।

বালিশে মাথা রাখার দশ মিনিটের মধ্যেই ঘুম এসে গেল ।

৭

সকালে কাঁধ ধরে বাঁকুনিতে ঘুম ভেঙে গেল । চোখ মেলে দেখি ফেলুদা । তার মুখের ভাব দেখেই বুঝলাম কোনও একটা গুরুতর ব্যাপার ঘটেছে ।

‘মিঃ মল্লিক খুন হয়েছেন ।’

‘অ্যাঁ !’

এবার আমার চিৎকারে লালমোহনবাবুরও ঘুম ভেঙে গেল ।

‘কাল মাঝরাতিরে,’ বলল ফেলুদা । ‘বুকে ছুরি মেরেছে । শুধু তাই না, খুনটাকে আরও পাকা করার জন্য মাথায়ও একটা ভারী কিছু দিয়ে মেরেছে । সব মিলিয়ে বিস্তীর্ণ ব্যাপার ।’

এক লাফে বিছানা ছেড়ে উঠে পড়লাম । লালমোহনবাবুও উঠলেন । গায়ে দুটো গরম কাপড় চাপিয়ে দুজনেই তাঁবুর বাইরে চলে এলাম । ফেলুদা আমাদের খবরটা দিয়েই আবার বেরিয়ে গেল । মিঃ মল্লিক খুন ! ব্যাপারটা আমার বিশ্বাস হচ্ছিল না । মনের মধ্যে সব তালগোল পাকিয়ে যাচ্ছে ।

বাইরে দেখি সকলেই প্রায় তাঁবুর বাইরে দাঁড়িয়ে আছে, সকলেরই মুখ কালো । কথাবার্তায় বুঝলাম বিজয়বাবু পুলিশকে খবর দিতে গেছেন । এখান থেকে শহর বেশি দূর নয়, তাই পুলিশ আসতে বেশি সময় লাগা উচিত না ।

ডাঃ মজুমদারই সকালে উঠে প্রথমে ব্যাপারটা দেখেন । বিছানার চাদর রক্তাক্ত । সেটা ছুরির আঘাতের ফলে, কারণ মাথায় বিশেষ রক্তপাত হয়নি । অস্ত্রটা অবশ্য পাওয়া যায়নি । মনে মনে বললাম, এমন চমৎকার লিডার নদী থাকতে অস্ত্র ফেলার জায়গার অভাব কোথায় ?

নদী এখন সে ছুরিকে ভাসিয়ে ভাসিয়ে কোথায় নিয়ে গেছে কে জানে ?

তবে শুধু যে খুন তা নয় ; তার সঙ্গে চুরিও আছে । মিঃ মল্লিকের ডান হাতের অনামিকায় একটা বহুমূল্য হিরের আংটি ছিল—তাঁর এক গুজরাটি মক্কেলের দেওয়া । খুনি সেইটিও খুলে নিয়ে গেছে ।

ফেলুদা ডাঃ মজুমদারকে প্রশ্ন করছিল ।

‘কাল রাতে ভদ্রলোক শুয়েছেন কখন ?’

‘আমাদের অনেক আগে । উনি নটার মধ্যে খেয়ে শুয়ে পড়তেন ।

‘আপনি তো ডাক্তার, দেখে বুঝতে পারছেন না কখন খুনটা হয়েছে ?’

‘মনে হয় রাত দুটো-আড়াইটে নাগাদ ; তবে সেটা পুলিশের ডাক্তার এলে আরও সঠিকভাবে বলতে পারবে ।’

‘রাতে কোনও শব্দটক শোনেননি ? ঘুমের কোনও ব্যাঘাত হয়নি ?’

‘উহু । আমার সচরাচর এক ঘুমে রাত কাবার হয়ে যায় । আমি একটু তাড়াতাড়ি উঠি । সাড়ে ছ’টায় উঠেই দেখি এই কাণ্ড । আমার আগে প্রয়াগ উঠেছিল, কিন্তু ও এই দুঘণ্টাটা লক্ষ করেনি । ও উঠেই তাঁবুর বাইরে চলে গিয়েছিল ।’

‘কে খুন করতে পারে, সে সম্বন্ধে আপনার কোনও ধারণা আছে ?’

‘একবারেই না ।’

একটা পুলিশের জিপ এসে তাঁবুর কাছে থামল । বিজয়বাবু নামলেন, তাঁর পিছনে একজন ইনস্পেক্টর । বিজয়বাবুর নির্দেশ অনুযায়ী ইনস্পেক্টরটি এগিয়ে গেলেন মিঃ মল্লিকের তাঁবুর দিকে ।

‘আমার নাম ইনস্পেক্টর সিং’, বললেন ভদ্রলোক । ‘আমি এই কেসটার চার্জ নিচ্ছি । হোয়ার ইজ দ্য ডেডবডি ?’

বিজয়বাবু মিঃ সিংকে নিয়ে তাঁবুর ভিতর ঢুকলেন । আমরা বাইরেই রয়ে গেলাম ।

ইনস্পেক্টরের পিছন পিছন কয়েকজন কনস্টেবল, ফোটোগ্রাফার ইত্যাদি এসব ব্যাপারে যেমন হয়ে থাকে ঠিক তেমনি ভাবেই কাজ শুরু করে দিল । এ জিনিস অনেকবার দেখেছি, তাই কৌতূহল মিটে গেছে । আর মিঃ মল্লিকের মৃতদেহ দেখবার কোনও ইচ্ছে আমার ছিল না । খালি মনে হচ্ছিল—কী আশ্চর্য, এই মল্লিক কতজনকে মৃত্যুদণ্ড দিয়েছেন, আর হয়তো কিছু দিনের মধ্যেই তাঁর হত্যাকারীরও মৃত্যুদণ্ড হবে ।

ফেলুদা একা এক পাশে দাঁড়িয়ে আছে দেখে লালমোহনাবাবু তার দিকে এগিয়ে গিয়ে জিজ্ঞেস করলেন, ‘কী ব্যাপার বলুন তো ?’

ফেলুদা বলল, ‘আমার মনের ভিতরের জটটা আরও বেশ ভাল করে পাকিয়ে গেল—এই তো ব্যাপার ! এখন পুলিশ যদি কিছু করতে পারে ।’

‘আপনি নিজে কি হাল ছেড়ে দিলেন ?’

‘তা কি হয় ? আমি তো প্রথম থেকে সবগুলো ঘটনাই দেখেছি ; পুলিশ তো আর তা দেখেনি । অবিশ্যি ঘটনাগুলোর পরস্পরের সঙ্গে কোনও যোগসূত্র আছে কিনা সেটাই হচ্ছে প্রশ্ন । আমাকে যে পাথর ছুঁড়ে মেরেছিল, আর বিজয়বাবুকে যে ঘাড় ধাক্কা দিয়ে ফেলেছিল, দুজনেই কি এক লোক ? আর সেই লোকই কি এই খুনটা করেছে ? হিরের আংটি চুরি যদি মোটিভ হয়ে থাকে, তা হলে হয়তো বাইরের থেকে খুনটা করে থাকতে পারে । কিন্তু আমার—’

ফেলুদা চুপ করে গেল । তারপর কিছুক্ষণ পরে বলল, ‘ডাকাতির আইডিয়াটাকে অবিশ্যি উড়িয়ে দেওয়া যায় না । কিন্তু আমার বিশ্বাস, আমাদের চেনা লোকই কুকীর্তি করেছে ।’



‘চেনা লোক বলতে—?’

‘মিঃ মল্লিকের সঙ্গে যারা এসেছেন। ইনক্লুডিং মিঃ সরকার। কারণ তাঁর ডান হাতের আঙুলে ‘S’ লেখা আংটিটার কথা ভুললে চলবে না।’

ইনস্পেক্টর সিং তাঁবু থেকে বাইরে বেরোলেন। ভদ্রলোক তিনটে তাঁবুর দিকে দেখিয়ে বললেন, ‘এই সবগুলোই কি একই পার্টির তাঁবু?’

বিজয়বাবু বললেন, ‘না; এই দুটো আমাদের, আর ওইটা মিঃ মিস্তিরদের।’

‘মিঃ মিস্তির?’

‘হি ইজ এ ওয়েলনোন প্রাইভেট ইনভেসটিগেটর ফ্রম ক্যালকাটা।’

মিঃ সিং ভ্রূ-কুঞ্চিত করে ফেলুদার দিকে এগিয়ে গেলেন। তারপর প্রশ্ন করলেন, ‘আপনি কি রাজগড়ের খুনের কেসটা সল্ভ করেছিলেন?’

‘আজ্ঞে হ্যাঁ।’

মিঃ সিং হাত বাড়ালেন করমর্দনের জন্য।

‘ইনস্পেক্টর বাজপাই ইজ এ ভেরি গুড ফ্রেন্ড অফ মাইন। তার কাছে আপনার খুব প্রশংসা শুনেছি। আপনার সঙ্গে আলাপ করে খুশি হলাম।’

ফেলুদা বলল, ‘আমি কিন্তু এখানে ঘটনাচক্রে এসে পড়েছি। কোনও কেস-টোস সল্ভ করতে নয়। আপনি আপনাদের কাজ চালিয়ে যান।’

‘আমি তো চালিয়ে যাবই আমার কাজ, কিন্তু আপনিই বা চুপচাপ বসে থাকবেন কেন, বিশেষ করে এই ফ্যামিলির সঙ্গে যখন আপনার আলাপ হয়েছে। খুনটা তো বাইরের ব্যাপার বলেই মনে হচ্ছে। ছুরি যে বসিয়েছে সে তো লেফট হ্যান্ডেড; এখানে তো সবাই দেখছি রাইট হ্যান্ডেড। যাই হোক, ইউ আর ফ্রি টু ক্যারি অন ইওর ওন ইনভেসটিগেশন।’

‘অনেক ধন্যবাদ। আসলে আমার উপরও একটা অ্যাটেম্প্ট হয়েছিল, কাজেই আমি ব্যাপারটাকে খুব ঠাণ্ডা মাথায় নিতে পারছি না।’

‘ভাল কথা’, মিঃ সিং বিজয়বাবুর দিকে ফিরলেন। ‘ডেড বডির কী হবে? ওটা কি আপনি কলকাতায় নিয়ে যেতে চান?’

‘তার কোনও প্রয়োজন আছে বলে আমার মনে হয় না। আমি ছাড়া তো বাবার আর কেউ নেই। মা মারা গেছেন, দাদা বিলেতে ছিলেন, দাদাও মারা গেছেন।’

‘ভেরি ওয়েল, তা হলে এখানেই সৎকার হোক। তবে, বুঝতেই পারছেন, আপনাদের এখনও কিছু দিন পাহালগামে থাকতে হবে। অন্তত যত দিন না কেসটার সুরাহা হচ্ছে তত দিন। কারণ ইউ আর অল আন্ডার সাসপিশন। আমি একে একে প্রত্যেককেই জেরা করতে চাই।’

৮

পুলিশ ঘণ্টা তিনেক ধরে জেরা চালাল। জেরা শুরু করার আগে মিঃ সিং ফেলুদাকে দু-একটা প্রশ্ন করে নিলেন। ‘আপনি কাল রাতে কোনও সন্দেহজনক শব্দ পাননি?’—

‘না। তা ছাড়া এখানে নদীর শব্দে অন্য সব শব্দ চাপা পড়ে যায়।’

‘জানি। সেটা ক্রিমিন্যালের পক্ষে একটা অ্যাডভানটেজ। ভাল কথা, আপনার বন্ধুর সঙ্গে তো আলাপ হয়নি।’

‘ইনি মিঃ গাঙ্গুলী। হি ইজ এ রাইটার।’

এর পর আমরা তিনজন শহরের দিকে গিয়ে একটা রেস্টোরাণ্টে বসে চা আর অমলেট

খেলাম। সকালে গোলমালে আর ব্রেকফাস্ট হয়নি।

খেতে খেতে লালমোহনবাবু বললেন, ‘সবচেয়ে আশ্চর্য দেখছি যে প্রথমে ছেলেকে খুন করতে চেষ্টা করে না পেরে শেষটায় বাবাকে খুন করল।’

ফেলুদা বলল, ‘সেটা যে একই লোক করেছে, তার কী গ্যারান্টি? একজনের ছেলের উপর আক্রোশ থাকতে পারে, আরেকজনের বাপের উপর। নট ভেরি সারপ্রাইজিং।’

‘আমার কিন্তু একটি লোক সম্বন্ধে কী রকম সন্দেহ হয়।’

‘কে?’

‘ডাঃ মজুমদার। এদিকে ডাক্তার, তার উপরে আবার আত্মা নামাচ্ছে। কন্সিনেশনটা অদ্ভুত লাগছে।’

‘খুন করার সুযোগ অবশ্য ডাক্তারেরই বেশি ছিল, কারণ পাশের খাটে ঘুমোচ্ছেন। কিন্তু মোটিভ কী? হিরের আংটি যদি নেওয়া উদ্দেশ্য হয়, তা হলে বলতে হয় ডাক্তারের খুবই আর্থিক দুরবস্থা। কিন্তু সেরকম তো কোনও ইঙ্গিত পাওয়া যাচ্ছে না।’

‘আর বিজয়বাবু?’

‘বিজয়বাবু অবশ্য তাঁর বাপের মৃত্যুতে খুবই লাভবান হবেন। অবিশ্যি মিঃ মল্লিক যদি উইল করে থাকেন, এবং সে উইল থেকে যদি ছেলেকে বাদ দিয়ে থাকেন, তা হলে বিজয়বাবুর কোনওই লাভ নেই। তা না হলে বিজয়বাবু মোটা টাকা পাবেন, কারণ মিঃ মল্লিক নিঃসন্দেহে ধনী ব্যক্তি ছিলেন।’

‘কিন্তু বিজয়বাবু তো তাঁর অফিস থেকে রোজগার ক’য়েছেনই। তাঁর হঠাৎ এতটা টাকার দরকার পড়বে কেন যে, সে খুন করবে? খুন করা তো চাটুখানি কথা নয়।’

‘দ্যাট ইজ টু।’

‘সুশান্ত সোম সম্বন্ধে কী মনে হয় আপনার?’

‘কাজের ছেলে সে বিষয় কোনও সন্দেহ নেই। আর বেশ কোয়ালিফাইড। মিঃ মল্লিক সুশান্তবাবুর উপর সম্পূর্ণ নির্ভর করতেন। আর সুশান্তবাবুর কোনও খুনের মোটিভ খুঁজে পাওয়া মুশকিল।’

‘আচ্ছা মিঃ মল্লিকের উপর কি কেউ প্রতিশোধ নিয়ে থাকতে পারে?’

‘তা তো পারেই। আমি তো সেই কথাটাই বার বার ভাবছি। কত জনের প্রাণ নিয়েছেন লোকটা, ভেবে দেখুন।’

‘কিন্তু বিজয়বাবুর বেলা তো প্রতিশোধ খাটে না।’

‘তা তো খাটেই না, আর সেই ব্যাপারেই বার বার ধাক্কা খেতে হচ্ছে।’

দুপুর বেলা লাঞ্চের পর ফেলুদা বলল, একটু শহরের দিকে ঘুরে আসবে। একটু না হাঁটলে নাকি ওর মাথা খোলে না।

‘শহর হোক আর যাই হোক, সঙ্গে আপনার অস্ত্রটি রাখবেন’, বললেন লালমোহনবাবু।

আমরা দু জন নদীর ধারে গিয়ে বসলাম।

সুশান্তবাবু তাঁরু থেকে বেরিয়ে আমাদের দিকে এগিয়ে এলেন। ‘বিনা মেঘে বজ্রাঘাত’, বললেন ভদ্রলোক।

আমরাও সাই দিলাম। সত্যিই এমন যে হবে তা ভাবতেও পারিনি।

‘ইনস্পেক্টর কী বলেন?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

সুশান্তবাবু বললেন, ‘যদ্যুর মনে হল, ডাকাতির সম্ভাবনাটা একেবারে উড়িয়ে দিচ্ছেন না। আংটিটার বিস্তর দাম ছিল, মাঝখানে হিরে বসানো, তাকে গোল করে পান্না দিয়ে ঘেরা। আর এখানে যে ডাকাতির কেস একেবারে হয় না তা নয়। যত টুরিস্ট বাড়ছে, তত এসবও নাকি

বাড়ছে। বছর ত্রিশেক আগে পাহালগম অনেক নিরাপদ জায়গা ছিল।’

‘আপনারা কি তাঁবুতে বন্দি?’ আমি জিজ্ঞেস করলাম।’

‘না’, বললেন সুশান্তবাবু, ‘তবে পাহালগাম ছেড়ে কোথাও যাওয়া চলবে না।’

‘মৃতদেহের সৎকার হবে কখন?’

‘বিকেলের মধ্যেই।’

বিকеле জানতে পারলাম যে, মল্লিকরা ব্রাহ্ম ছিলেন। তাই বিজয়বাবুকে আর অশৌচ পালন করতে হবে না।

ফেলুদা পাঁচটার মধ্যে ফিরে এল। ও যতক্ষণ না ফিরছিল। ততক্ষণ আমার অসোয়াস্তি লাগছিল, কিন্তু ও বলল, যারা ওর পিছনে লাগতে পারত, তারা সকলেই এখন পুলিশের নজরে রয়েছে। তাই চিন্তা নেই।

‘কিন্তু এই যে ঘুরে এলেন, এর কোনও ফল পেলেন?’

‘পেয়েছি বইকী’, বলল ফেলুদা, ‘তবে এখানে বসে থেকে সব ব্যাপারটার নিষ্পত্তি হবে না। আমাদের একবার শ্রীনগর যেতে হবে।’

‘কবে যাবেন?’

‘কালই সকালে।’

‘আর আমরা?’

‘আমার দু দিন আন্দাজ লাগবে। সে দু দিন আপনারা এখানেই থাকবেন। চেঞ্জের পক্ষে এর চেয়ে ভাল জায়গা তো আর হয় না।’

‘কিছু আলো দেখতে পেলেন?’

‘তা পেয়েছি। সত্যিই অন্ধ হয়ে গিয়েছিলাম।’

‘কিন্তু এখনও কিছুটা অন্ধকার রয়েছে।’

‘সেই জন্যেই তো শ্রীনগর যাওয়া দরকার। তবে যাবার আগে আমার দিক থেকেও কয়েকজনকে একটু জেরা করা দরকার। নিচু স্তর থেকে ওপরে ওঠাই ভাল। আগে প্রয়াগকে কয়েকটা প্রশ্ন আছে।’

সুশান্তবাবুকে দিয়ে খবর পাঠাতেই প্রয়াগ তার তাঁবু থেকে বেরিয়ে এল।

‘বোসো এখানে,’ বলল ফেলুদা।

প্রয়াগ এখন আমাদের তাঁবুতে।

‘শোনো প্রয়াগ’, বলল ফেলুদা, ‘তোমাকে কয়েকটা প্রশ্ন করব, তুমি তার ঠিক ঠিক জবাব দেবে।’

‘পুছিয়ে বাবু।’

কথাবার্তা হিন্দিতেই চলল, আমি বাংলায় লিখছি।

‘তুমি মল্লিকসাহেবের বাড়িতে কবে থেকে আছ?’

‘পাঁচ বছর হয়েছে।’

‘তার আগে কোথায় ছিলে?’

‘জেকবসাহেবের বাড়িতে বেয়ারার কাজ করতাম। পার্ক স্ট্রিটে।’

‘মল্লিকসাহেব তোমাকে কী করে পেলেন?’

‘আমি জেকবসাহেবের কাছ থেকে চিঠি নিয়ে মল্লিকসাহেবের সঙ্গে দেখা করেছিলাম। জেকবসাহেব বিলেত চলে যাচ্ছিলেন, তাই আর আমাকে দরকার লাগছিল না।’

‘মল্লিকসাহেব জেকবসাহেবকে চিনতেন?’

‘ওরা দুজনে এক ক্লাবের মেম্বর ছিলেন ।’

‘তোমার পুরো নাম কী ?’

‘প্রয়াগ মিসির ।’

‘তোমার সংসার নেই ?’

‘বউ মারা গেছে, মেয়ে দুটোর বিয়ে হয়ে গেছে ।’

‘কাল রাতে তুমি কোনও রকম শব্দ পাওনি, যার জন্য তোমার ঘুম ভেঙে যেতে পারে ?’

‘না বাবু ।’

‘বাবুকে কে খুন করতে পারে, তাই নিয়ে তোমার কোনও ধারণা আছে ?’

‘না বাবু । এ রকম হবে আমি কল্পনাই করতে পারিনি ।’

‘ঠিক আছে, তুমি এখন যেতে পার ।’

এবার ফেলুদা সুশান্তবাবুকে বলল ডাঃ মজুমদারকে খবর দিতে ।

ডাঃ মজুমদার এলেন আমাদের তাঁবুতে ।

ফেলুদা বলল, ‘আমি আপনাকে দু-একটা প্রশ্ন করতে চাই ।’

‘করুন ।’

‘মিঃ মল্লিক যেভাবে প্ল্যানচেট করেছিলেন, সেটা কি ডাক্তার হিসাবে আপনার কাছে খুব স্বাভাবিক বলে মনে হয় ?’

ডাঃ মজুমদার মাথা নাড়লেন ।

‘না । আমি ঠুঁকে অনেকবার বলেছি যে, এই সব পুরনো ব্যাপার নিয়ে বেশি ঘাঁটাঘাঁটি না করাই ভাল । আর জজ যদি এক-আধটা ভুল ভাঙিষ্ট দিয়ে থাকে, তাতেই বা কী এসে গেল । ভুল তো সকলেরই হতে পারে ।’

‘আপনার নিজের মধ্যে যে ক্ষমতাটা রয়েছে, সেটা কবে থেকে প্রকাশ পেল ?’

‘তা অনেক দিন । পঁচিশ বছর তো বটেই ।’

‘ঠুঁকে কে খুন করতে পারে সে সম্বন্ধে আপনার কোনও ধারণা আছে ?’

‘একেবারেই নেই ।’

‘ওঁর ছেলে সম্বন্ধে আপনার কী ধারণা ?’

‘ছেলে এক কালে ড্রাগসের প্রভাবে খুব গোলমালের মধ্যে পড়েছিল । আমি অনেক চেষ্টা করেও কিছু করতে পারিনি । কিন্তু সেই সাধুর প্রভাবেই হোক, আর অন্য কোনও কারণেই হোক, ও একেবারে স্বাভাবিক হয়ে গেছে ।’

‘জুয়ার প্রতি ওর আসক্তি রয়েছে না ?’

‘সেটা সম্বন্ধে আমি কিছু বলতে পারব না, কারণ আমি ও রসে একেবারেই বঞ্চিত ।’

‘ও কোন অফিসে কাজ করে ?’

‘চ্যার্টার্ড অ্যান্ড কোং—ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট ।’

‘কোথায় অফিস ?’

‘গণেশ এভিনিউ । দশ নম্বর ।’

‘ঠিক আছে । আপনি যেতে পারেন ।’

ডাঃ মজুমদার চলে গেলেন । সুশান্তবাবু জিজ্ঞাসু দৃষ্টি দিলেন ফেলুদার দিকে ।

‘এবার মিঃ সরকারের সঙ্গে একটু কথা বলব ।’

‘মিঃ সরকার ?’

সুশান্তবাবু যেন কথাটা বিশ্বাস করতে পারছিলেন না ।’

ফেলুদা বলল, ‘হ্যাঁ । কেন, আপনার অবাক লাগছে ?’

‘উনি তো ঠিক আমাদের দলের নন ; এক রকম বাইরের লোক ।’

‘তাঁর যে টাকার দরকার নেই সেটা আপনি কী করে জানলেন সুশান্তবাবু ? টাকার জন্য মানুষে খুন করে না ?’

‘ঠিক আছে । আমি ডাকছি ওঁকে ।’

মিঃ সরকার এলেন ।

‘আসুন, বসুন’, বলল ফেলুদা ।

‘কাশ্মীর এসেছিলাম বেড়াতে, আর কীসের থেকে কী হয়ে গেল দেখুন ।’

‘কী করবেন বলুন—মানুষের কপালই ওই রকম ।’

‘এখন বলুন, আমাকে কী জিজ্ঞেস করতে চান ।’

‘আপনি কত বছর পর্যন্ত শ্রীনগরে ছিলেন ?’

‘বছর বারো ।’

‘তারপর কলকাতায় যান ?’

‘হ্যাঁ ।’

‘সেইখানেই পড়াশুনা করেন ?’

‘হ্যাঁ ।’

‘আপনার বাবা কি কলকাতাতেও হোটেল ম্যানেজারি করতেন ?’

‘হ্যাঁ ।’

‘কোন হোটেল ?’

‘ক্যালকাটা হোটেল ।’

‘আপনি গ্র্যাজুয়েট ?’

‘বি কম ।’

‘এখন কী করেন ।’

‘একটা ইনসিওরেন্স কোম্পানিতে আছি ।’

‘কোম্পানির নাম ?’

‘ইউনিভারসাল ইনসিওরেন্স ।’

‘আপিস কোথায় ?’

‘পাঁচ নম্বর পোলক স্ট্রিট ।’

‘আপনি জজ মিঃ মল্লিকের কথা জানতেন ?’

‘না । এখানে এসে আলাপ । বিজয়ের সঙ্গে অনেক ব্যাপারে মিলে গেল, তাই একটা বন্ধুত্ব গড়ে উঠেছে ।’

‘আপনি কি জুয়ার ভক্ত ?’

‘আই লাইক গ্যাম্বলিং, তবে বিজয়ের মতো নয় ।’

‘হঠাৎ কাশ্মীর আসার ইচ্ছে হল কেন ?’

‘ছেলেবেলার স্মৃতির সঙ্গে মিলিয়ে দেখতে ।’

‘ক’ দিনের জন্য এসেছেন ?’

‘দশ দিন—তবে এখন কী হয় জানি না । এরকমভাবে আটকে পড়ব কে জানত !’

‘আপনার হাতের আংটিটা একবার দেখতে পারি ?’

‘নিশ্চয়ই ।’

সরকার তাঁর আংটিটা খুলে ফেলুদার হাতে দিলেন, সোনার আংটি, উপরে একটা ছ কোনা পাতের উপর মিনে করে নীলের উপর সাদা দিয়ে S লেখা ।

ফেলুদা ধন্যবাদ দিয়ে আংটিটা ফেরত দিয়ে দিল ।
'ঠিক আছে । আপনার জেরা শেষ ।'
'থ্যাক ইউ ।'

৯

পরদিন সকালে ফেলুদা ব্রেকফাস্টের পর ট্যাক্সি নিয়ে শ্রীনগরে চলে গেল । বলল, 'মনে হচ্ছে, পরশু ফিরে আসতে পারব ; তবে দু-এক দিন দেরি হলে চিন্তা করিস না ।'

ন'টা নাগাত পুলিশের জিপ এল, ইনস্পেক্টর সিং নামলেন । অন্য তাঁবুতে কাজ শেষ করে ভদ্রলোক আমাদের দিকে এগিয়ে এলেন ।

'হোয়ার ইজ মিঃ হোমস ?' হেসে প্রশ্ন করলেন ভদ্রলোক ।

আমি বললাম ফেলুদা একটু শ্রীনগর গেছে ।

'এই কেসের ব্যাপারে ?'

'হ্যাঁ ।'

'কিন্তু তার প্রয়োজন হচ্ছে কেন ? এই কেস তো জলের মতো সোজা ।'

'কী রকম ?'

'বেয়ারাটাই হচ্ছে অপরাধী । তার সুযোগ ছিল । সে একই তাঁবুতে শুত । তা ছাড়া এসব লোকের লোভ হওয়াটা স্বাভাবিক । বেয়ারাগিরি করে আর কত রোজগার হয় ?'

'আপনি কি ওকে অ্যারেস্ট করছেন ?' লালমোহনবাবু জিজ্ঞেস করলেন ।

'আপাতত থানায় নিয়ে যাচ্ছি জেরার জন্য । তা ছাড়া, ও যে লেফট হ্যান্ডেড তাও প্রমাণ হয়ে গেছে । ওকে ওর নাম লিখতে বলেছিলাম । ডান হাতে লিখতেই পারল না, কিন্তু বাঁ হাতে বেশ পারল । কিন্তু তা সত্ত্বেও ও অস্বীকার করছে, সুতরাং ওকে বেশ ভাল রকম জেরা করা দরকার ।'

'আংটিটাও পেতে হবে', বললেন জটায়ু ।

'সেটাও জেরার জোরে বেরিয়ে যাবে । পুলিশের পক্ষে খুঁজে পাওয়া তো মুশকিল । এই পাহাড়ি পরিবেশে কোথায় লুকিয়ে রেখেছে কে জানে ?'

ফেলুদা কি তা হলে বৃথাই গেল শ্রীনগর ? কেসটা এতই সোজা ? আমার কিন্তু তা বিশ্বাস হচ্ছিল না । অত সহজ হলে ফেলুদা অত কাঠখড় পোড়াত না । আমি জানি ও কলকাতায় খোঁজ করবে । ওর লোক আছে যাদের বলে দিলে কয়েক ঘণ্টার মধ্যে ওরা যে কোনও খবর জোগাড় করে দিতে পারে ।

কিন্তু তার পরেই আবার মনে হয়ে যাচ্ছে বেয়ারা লেফট-হ্যান্ডেড ।

কিন্তু এত সাহস হবে লোকটার ? ও কি জানে না যে ওর ওপরেই প্রথমে সন্দেহ পড়বে ?

ইনস্পেক্টর সিং বিদায় নিয়ে প্রয়োগকে সঙ্গে করে চলে গেলেন । লোকটাকে দেখে আমার কষ্ট হল, কারণ ও কান্নাকাটি আরম্ভ করে দিয়েছে । পুলিশরা স্বীকারোক্তি আদায় করবার জন্য কত কী যে করতে পারে সে আমার জানতে বাকি নেই । ফেলুদাও এ নিয়ে বহুবার আক্ষেপ করে বলেছে । ও বলে পুলিশরা কাজ জানে, ওরা কর্মঠ, কিন্তু দয়ামায়া বলে কিছু নেই ওদের মধ্যে । অবিশ্যি উপায়ও নেই । অনেক সময় জরুরি তথ্য সংগ্রহ করতে কড়া রাস্তা নিতে হয় । সে কাজটা প্রাইভেট গোয়েন্দার চেয়ে পুলিশে অনেক বেশি ভাল পারে ।

সুশান্তবাবু এবার দেখি আমাদের দিকে আসছেন । বললেন, 'মিঃ মিস্ত্রির তো বোধহয় শ্রীনগর গেছেন ।'

আমি ‘হ্যাঁ’ বলতে বললেন, ‘আমরা কিছু না বলতেই উনি আমাদের জন্য এত করছেন, এটা খুব আশ্চর্য বলতে হবে।’

‘আসলে উনি এটাকে একটা চ্যালেঞ্জ হিসাবে নিয়েছেন। রহস্য জিনিসটা ওঁর কাছে অসহ্য। যতক্ষণ না সেটার কিনারা করতে পারছেন, ততক্ষণ ওঁর সোয়াস্তি নেই।’

লালমোহনবাবু বললেন, ‘আপনি কি মিঃ মল্লিকের জীবনী লিখতে আরম্ভ করে দিয়েছিলেন?’

‘তা এক রকম দিয়েছিলাম বইকী। খানিকটা করে লিখছিলাম, আর উনি সেটা দেখে দিচ্ছিলেন। খুবই চিত্তাকর্ষক বই হত বলে মনে হয়।’

‘এখন তো কাজটা বন্ধ হয়ে গেল।’

‘তা তো হলই।’

‘আপনিও কি প্রয়াগকে সন্দেহ করেন?’

‘মোটাই করিনি। ওর অত সাহস হবে বলেই আমার মনে হয়নি। কিন্তু পুলিশ যেভাবে চলছে...’

‘মিঃ মিস্ত্রির উপর আরেকটা অ্যাটেম্ট হয়ে গেছে, সেটা বোধহয় জানেন না?’

‘সে কি!’

‘হ্যাঁ। এবার মাথায় বাড়ি মেরেছিল পাথর-টাথর কিছু দিয়ে। সৌভাগ্যক্রমে বেঁচে গেছে। কিন্তু কেউ যে ওর উপস্থিতি পছন্দ করছে না, সে বিষয়ে কোনও সন্দেহ নেই।’

‘তা, উনি তো পুলিশ প্রোটেকশন নিতে পারেন।’

‘সেটা উনি মরে গেলেও নেবেন না, যদিও উনি পুলিশকে সাহায্য করতে সব সময়ই প্রস্তুত।’

‘আপনাদের তাস খেলা বন্ধ বোধহয়?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

‘মৃত্যুর ছায়া এখনও ঘনিয়ে আছে; এর মধ্যে কি ও সব চলে?’

‘তা বটে।’

*

ফেলুদার জন্য প্রাণটা ছুটফুট করছে, অথচ দ্বিতীয় দিনেও ও এল না। দিনটা আমরা সাইট সিং-এ কাটলাম। টুরিস্ট আপিস থেকে খবর নিয়ে আড়াই মাইল দূরে শিকারগা লেক আর এক মাইল দূরে একটা পুরনো শিবমন্দির দেখে এলাম। তাঁবুতে থাকার চেয়ে দূরে থাকাই ভাল বুঝতে পারছিলাম। কারণ তাঁবুকে ঘিরে এখনও খুনের গন্ধ, ভাবতে গেলেই বুক ধড়ফড় করে।

তৃতীয় দিন সকাল দশটায় ভাবছি কী করা যায়, এমন সময় ফেলুদার ট্যাক্সি এসে হাজির। আমরা দুজনেই উদ্গ্রীব হয়ে ওর দিকে এগিয়ে গেলাম। ও হাত তুলে বলল, ‘সবুরে মেওয়া ফলে।’

‘আপনার মাথা পরিষ্কার কি না সেইটে শুধু বলে দিন’, বললেন লালমোহনবাবু।

‘পরিষ্কার, তবে অনেক জট ছাড়াতে হয়েছে। এমন একটা কেস সচরাচর পাওয়া যায় না।’

‘রহস্য উদ্ঘাটনের টাইমটা কী?’

‘সেটা ইনস্পেক্টর সিং-এর সঙ্গে কথা বলে ঠিক করতে হবে।’

‘উনি কিন্তু খুনি ধরে ফেলেছেন এর মধ্যেই।’

‘মানে?’

‘বেয়ারা প্রয়াগ।’

‘সর্বনাশ ! তা হলে তো আর সময় নষ্ট করা চলে না । আমি চললাম থানায় ।’

ফেলুদা আর এক মুহূর্ত অপেক্ষা না করে শহরের দিকে চলে গেল ।

ও যখন ফিরল তখন আমাদের লাঞ্চ খাবার সময় হয়ে গিয়েছে । এসে বলল, ‘আজ তিনটেয় মিটিং । ওঁদের তাঁবুতে ।’

আমার বুকটা কেঁপে উঠল । ফেলুদার রহস্যোদ্ঘাটন যে না দেখেছে সে কল্পনা করতে পারে না সেটা কত নাটকীয় হতে পারে ।

তিনটের পাঁচ মিনিট পরেই পুলিশের জিপ এসে গেল । ইনস্পেক্টর সিং ফেলুদার দিকে এগিয়ে এসে বললেন, ‘আপনি কি বিশ্বাস করতে পারেন যে একজন পুলিশ ইনস্পেক্টর ক্রাইম স্টোরির ভক্ত হতে পারে ?’

‘আপনি ওসব বই পড়েন নাকি ?’

‘ও ছাড়া আর কিছুই পড়ি না । বিশেষ করে প্রাইভেট ডিটেকটিভের গল্প হলে তো আর কথাই নেই । আজ আপনার রহস্যোদ্ঘাটনের ব্যাপারেও আমার পড়া অনেক গল্পের কথা মনে পড়ছে । অবিশ্যি আপনি যে কী বলতে যাচ্ছেন সে সম্বন্ধে আমার কোনও ধারণা নেই ।’

‘সেটা তো অল্পক্ষণের মধ্যেই জানতে পারবেন ।’

‘তাঁবুতে সকলে জমায়েত । দুটো তাঁবু থেকে চেয়ার এনে সকলের বসবার জায়গা করা হয়েছে । বিজয় মল্লিক, মিঃ সরকার, সুশান্ত সোম, ডাঃ মজুমদার—এঁরা সব চেয়ারে বসেছেন, আর তাঁবুর এক কোণে দাঁড়িয়ে আছে বেয়ারা প্রয়াগ । এই শেষের লোকটির চেহারার মধ্যে একটা ক্লিষ্ট ভাব দেখে মনে হয় পুলিশ তাকে বেশ ভালভাবেই জেরা করেছে ।’

১০

ফেলুদা তার চেয়ার থেকে উঠে দাঁড়িয়ে একবার সকলের দিকে দেখে নিল । তারপর এক গলাস জল ফ্লাস্ক থেকে ঢেলে নিয়ে খেয়ে তার কথা শুরু করল—

‘মিঃ মল্লিক আজ আমাদের মধ্যে নেই, আমি তাঁকে দিয়েই আমার কথা আরম্ভ করছি । সিদ্ধেশ্বর মল্লিক ত্রিশ বছর জজিয়তি করে তারপর কাজ থেকে অবসর গ্রহণ করেন । এই রিটায়ারমেন্টের কারণ ছিল অসুস্থতা । তা ছাড়া হয়তো মিঃ মল্লিক তাঁর পেশায় কিছুটা বিশ্বাস হারিয়েছিলেন । প্রাণদণ্ড নিয়ে হয়তো তাঁর মনে একটা সংশয় দেখা দিয়েছিল । আমি এই সিদ্ধান্তের সত্যতা-অসত্যতার ভিতর যেতে চাইছি না । যা ঘটেছিল শুধু তাই বলছি ।’

‘মিঃ মল্লিক দৈনিক ডায়েরি লিখতেন । এই ডায়েরির একটা বিশেষত্ব ছিল । যে দিন তিনি কাউকে ফাঁসির আদেশ দিতেন, সেই দিন ডায়েরিতে প্রাণদণ্ডে দণ্ডিত ব্যক্তিটির নাম লিখে তার পাশে লাল কালিতে একটা ক্রস দিয়ে দিতেন । আর যে দিন এই দণ্ডের যথার্থতা সম্বন্ধে তাঁর মনে একটা গভীর সন্দেহ দেখা দিত, সেদিন ক্রসের পাশে একটা প্রশ্নবোধক চিহ্ন দিয়ে দিতেন ।’

‘আমি মিঃ মল্লিকের ডায়েরিগুলি দেখেছি । সবসুদু ছাটি প্রশ্নবোধক চিহ্ন রয়েছে । তার মানে ছাটি প্রাণদণ্ডের সমীচীনতা সম্পর্কে তিনি সন্দিগ্ধ ছিলেন ।’

‘এইবার আমি আরেক দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই । মিঃ মল্লিকের মনে দ্বন্দ্ব হচ্ছিল কি না হচ্ছিল সেটা সম্বন্ধে জনসাধারণ কিছুই জানতে পারত না । কিন্তু যারা প্রাণদণ্ডে দণ্ডিত হচ্ছে, তাদের আত্মীয়-স্বজনের প্রতিক্রিয়া নিয়ে কি মিঃ মল্লিক কখনও ভেবেছিলেন ? মনে

তো হয় না, কারণ তাঁর ডায়েরিতে এর কোনও উল্লেখ নেই। ছেলের মৃত্যুদণ্ডে বাপ-মা কী ভাবছে, বাপের মৃত্যুদণ্ডে ছেলের বা ভাইয়ের বা স্ত্রীর বা অন্য আত্মীয়-স্বজনের কী মনোভাব হতে পারে, সেটা নিয়ে মিঃ মল্লিক বোধহয় কখনও চিন্তা করেননি। কিন্তু আমরা একটু ভেবে দেখলেই বুঝতে পারব যে, এই সব প্রাণদণ্ডে দণ্ডিত ব্যক্তিদের আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধব অনেকেই নিশ্চয়ই গভীর বেদনা অনুভব করেছে।

‘এইটে উপলব্ধি করার পরেই আমার মনে প্রশ্ন জাগে—এই রকম প্রাণদণ্ডে দণ্ডিত কোনও ব্যক্তির আত্মীয়ই কি প্রতিহিংসা চরিতার্থ করতে মিঃ মল্লিককে হত্যা করে?’

‘যত ভাবি, ততই মনে হয় এটা খুবই স্বাভাবিক। বিশেষ করে যেখানে দণ্ড সম্বন্ধে জজের মনেও সন্দেহ আছে, সেখানে তো বটেই।

‘এর পরের প্রশ্ন হচ্ছে—এই ঘরে যারা উপস্থিত আছেন, তাদের মধ্যে কি এমন ব্যক্তি কেউ আছেন?’

‘এখানে প্রথমেই যাকে বাদ দেওয়া যায়, তিনি হলেন ডাঃ মজুমদার, কারণ তিনি আজ পনেরো বছর হল মল্লিকদের পারিবারিক চিকিৎসক।

‘বাকি থাকেন আর চারজন—বিজয় মল্লিক, সুশান্ত সোম, মিঃ সরকার আর বেয়ারা প্রয়াগ।

‘এখানে বিজয় মল্লিককে এই বিশেষ তালিকা থেকে বাদ দেওয়া যেতে পারে। কারণ তাঁর কোনও আত্মীয়ের প্রাণদণ্ড হয়নি।

‘সেই রকম সুশান্ত সোমকেও এই একই মর্মে বাদ দেওয়া যেতে পারে। কারণ তাঁরও কোনও নিকট জনের প্রাণদণ্ডের কথা আমরা ডায়েরিতে পাচ্ছি না।

‘বাকি রইলেন মিঃ সরকার ও প্রয়াগ বেয়ারা।

‘এখানে প্রয়াগকে আমি একটা প্রশ্ন করতে চাই।’

প্রয়াগ চুপ করে দাঁড়িয়ে রইল।

ফেলুদা বলল, ‘প্রয়াগ, সে দিন তুমি যখন নদীতে হাত ধুচ্ছিলে, তখন আমি তোমাকে লক্ষ্য করছিলাম। তোমার ডান হাতে একটি ছোট্ট উল্কি আছে—দুটি ইংরেজি অক্ষর—HR। এটার মানে আমি তোমাকে জিজ্ঞেস করতে চাই।’

প্রয়াগ গলা খাকরিয়ে নিয়ে বলল, ‘ওর কোনও মানে নেই বাবু। উল্কি করাবার ইচ্ছা হয়েছিল তাই করিয়েছিলাম।’

‘তুমি বলতে চাও এটা তোমার নাম আর পদবির প্রথম অক্ষর নয়?’

‘নেহি বাবু। মেরা নাম হ্যায় প্রয়াগ মিসির।’

‘আমি যদি বলি তোমার নাম প্রয়াগ নয়। কারণ প্রয়াগ বলে ডাকলে তুমি চট করে উত্তর দাও না—অথচ অন্য ব্যাপারে মোটেই তুমি কালা নও।’

‘আমার নাম প্রয়াগ মিসির, বাবু।’

‘না!’ ফেলুদা চোঁচিয়ে উঠল। ‘আমি জানতে চাই ওই R অক্ষরটা কীসের আদ্যক্ষর। কী পদবি তোমার?’

‘আমি আর কী বলব বাবু!’

‘সত্যি কথাটা বলবে। এখানে জীবন-মরণ নিয়ে খেলা হচ্ছে, এখানে মিথ্যা চলবে না।’

‘তবে আপনিই বলুন।’

‘আমি বলছি। ওই R হচ্ছে রাউত। এবার তোমার পুরো নামটা বলো।’

প্রয়াগ হঠাৎ কেমন জানি ভেঙে পড়ল। তারপর কান্নার মধ্যেই বলল, ‘ও আমার একমাত্র ছেলে ছিল বাবু। আর ও খুন করেনি। ওর মামলা এমনভাবে সাজানো হয়েছিল,

যাতে ওকে খুনি বলে মনে হয় । আমার একমাত্র ছেলে—ফাঁসি হল !’

‘তা হলে তোমার পুরো নামটা কী দাঁড়াচ্ছে ?’

‘হনুমান রাউত, বাবু । কিন্তু আমি বাবুকে খুন করিনি, গুঁর আংটি আমি নিইনি !’

‘সেটা কি আমি একবারও বলেছি ?’

‘তা হলে বাবু আমাকে মাপ করে দিন ।’

‘পুরোপুরি মাপ করা কি চলে ? সত্যি কথা বলো তো ।’

হনুমান রাউত কেমন যেন ফ্যালফ্যাল করে ফেলুদার দিকে চাইল ।

ফেলুদা বলল, ‘তুমি খুন করনি, কিন্তু খুনের চেষ্টা করেছিলে ।’

‘না বাবু—’

‘আলবৎ !’ ফেলুদা গর্জিয়ে উঠল । ‘তোমার নিজের ছেলের মৃত্যুর জন্য যিনি দায়ী, তুমি তাঁর ছেলেকে মারতে চেয়েছিলে যাতে তিনিও তোমার মতো পুত্রশোক ভোগ করেন । খিলেনমার্গ যাবার পথে তুমি বিজয়বাবুর ঘাড়ে ধাক্কা মারোনি ? ঠিক করে বলো তো । বাঁ হাতে তোমার আংটি রয়েছে, আর বাঁ হাত দিয়ে তুমি ডান হাতের কাজ কর, তাই না ?’

‘কিন্তু উনি তো বেঁচে আছেন বাবু : উনি তো মরেননি ।’

‘খুনের অভিপ্রায়েরও শাস্তি আছে হনুমান রাউত—সে শাস্তি তোমাকে ভোগ করতে হবে !’

দুজন কনস্টেবল এসে বেয়ারাকে ঘর থেকে নিয়ে গেল ।

ফেলুদা আরেক গেলাস জল খেয়ে নিল । তারপর আবার শুরু করল—‘এবারে আমরা অন্য প্রসঙ্গে যাচ্ছি । এটা আরও অনেক বড় প্রসঙ্গ । এখানে একজন ব্যক্তির প্রাণ নেওয়া হয়েছে । এ হল হত্যা । আর এর জন্য আমার মতে প্রাণদণ্ডই উচিত দণ্ড ।’

সকলে একদুট্টে ফেলুদার দিকে চেয়ে আছে । তাঁবুতে পিন পড়লে তার শব্দ শোনা যেত নিশ্চয়ই যদি না বাইরে লিদের নদীর স্রোতের অবিশ্রান্ত শব্দ থাকত ।

ফেলুদা বলল, ‘আমি একজনকে এর আগেও কয়েকটা প্রশ্ন করেছি—এবার আরেকবার করতে চাই । মিঃ সরকার ।’

সরকার নড়েচড়ে বসে বললেন, ‘করুন ।’

ফেলুদা বলল, ‘আপনি কবে শ্রীনগর এলেন ?’

‘আপনাদের সঙ্গে একই ফ্লাইটে এলাম ।’

‘আচ্ছা, আপনার আঙুলের আংটির ‘S’টা কীসের আদ্যক্ষর ?’

‘আমার পদবির অফকোর্স—সরকার ।’

‘কিন্তু, মিঃ সরকার, আমি ইন্ডিয়ান এয়ারলাইনসে খোঁজ নিয়ে দেখেছি যে, সেদিন যাত্রীর তালিকায় সরকার বলে কেউ ছিলেন না । সেন ছিলেন, দুজন সেনগুপ্ত ছিলেন, একজন সিং ছিলেন আর একজন সপ্তু ছিলেন ।’

বাট—বাট—’

‘বাট হোয়াট, মিঃ সরকার ? আপনার নাম বদলানোর দরকার হল কেন জানতে পারি কি ?’

মিঃ সরকার চুপ ।

ফেলুদা বলল, ‘আমি বলি ? আমার ধারণা আপনি মনোহর সপ্তুর ছেলে । আপনার চেহারার মধ্যে একটা পরিষ্কার কাশ্মীরি ছাপ রয়েছে । মিঃ মল্লিক মনোহর সপ্তকে প্রাণদণ্ডে দণ্ডিত করেছিলেন । মিঃ মল্লিককে প্লেনে দেখেই আপনি নাম বদল করার সিদ্ধান্ত নেন, কারণ তখন থেকেই আপনার মনে প্রতিশোধের ইচ্ছা জাগে । আপনি ওই ফ্যামিলির সঙ্গে

মিশে যান, এবং সুযোগ খুঁজতে থাকেন—টু স্ট্রাইক । সেই সুযোগ আসে পাহালগামে ।’

‘কিন্তু...কিন্তু...দিস ক্রাইম ইজ কমিটেড বাই এ লেফট-হ্যান্ডেড পার্সন ।’

‘আপনি ভুলবেন না, মিঃ সপ্ত—আমি আপনাকে তাস বাঁটতে দেখেছি । আর কেউ লক্ষ না করলেও আমি করেছি যে আপনি বাঁ হাতে তাস ডিল করেন ।’

মিঃ সপ্ত হঠাৎ কেমন যেন খেপে উঠলেন ।

‘বেশ, ঠিক কথা—আমি গুঁকে ছুরি মেরেছি, কিন্তু তার জন্য আমার একটুও অনুশোচনা নেই । আমার যখন মাত্র পনেরো বছর বয়স তখন উনি আমার বাবাকে ফাঁসিকাঠে ঝোলান—অ্যান্ড মাই ফাদার ওয়াজ নট গিল্টি ! কিন্তু...কিন্তু...’

সপ্তর যেন হঠাৎ একটা নতুন কথা মনে পড়ল ।

‘আমি গুঁর আংটি তো নিইনি ! আই ওনলি কিলড্ হিম ।’

‘না’, বলল ফেলুদা । ‘আপনি গুঁর আংটি নেননি । সেটা নিয়েছেন আরেকজন ।’

ঘরে আবার সেই অদ্ভুত নিস্তব্ধতা ।

ফেলুদার দৃষ্টি ঘুরে গেল ।

‘বিজয়বাবু—জুয়াতে আপনার অনেক লোকসান হয়েছে । তাই না ? আমি কলকাতায় খবর নিয়েছি । আমার লোক আছে খবর দেবার, পুলিশেও আমার বন্ধু আছে । আপনার বিস্তর দেনা হয়ে গেছে ।’

বিজয়বাবু চুপ ।

ফেলুদা বলে চলল, ‘আর আপনার বোধহয় সন্দেহ হয়েছিল যে, বাবা আপনাকে উইলে কিছু দিয়েছেন কিনা । সেই জন্য তাঁকে মেরে তাঁর আংটিটি আপনি হাত করেছিলেন ।’

‘মেরে মানে ?’

‘মেরে মানে কোনও ভারী জিনিস দিয়ে তাঁর মাথায় আঘাত মেরে । আপনার বাবাকে আসলে দুজন খুন করে । কার দ্বারা তিনি হত হয়েছিলেন সেটা বোঝা যায় বিছানায় রক্ত দেখে । ছুরির আঘাতই আগে পড়ে, তারপর আপনি মাথায় বাড়ি মেরে হাত থেকে আংটিটা খুলে নিয়ে যান । আপনি খুনি না চোর সেটা অবশ্য আইন বুঝবে, কিন্তু হাতকড়া বোধহয় তিনজনের হাতেই পড়বে ।’

মল্লিকদের তাঁবু থেকে নিজেদের তাঁবুতে ফিরে এসে লালমোহনবাবু বললেন, ‘কিন্তু মশাই আপনি একটা ব্যাপারে তো কোনও আলোকপাত করলেন না । আপনাকে দু বার মারার চেষ্টা করল কে ?’

‘সে ব্যাপারে আলোকপাত করিনি কারণ আমি নিজেই ব্যাপারটা সম্বন্ধে শিওর নই । তিনজন অপরাধীর একজন করেছে তাতে সন্দেহ নেই, এবং সুযোগের দিক দিয়ে বিচার করলে প্রয়াগের কথাই মনে হয় । সপ্ত বা বিজয়বাবু দল থেকে বেরিয়ে এসে এটা করবেন, বিশ্বাস করা কঠিন । যাই হোক, এর জন্য মূল রহস্যোদ্ঘাটনে কোনও এদিক ওদিক হচ্ছে না । ধরে নিন এটা ফেলু মিস্তিরের একটা অক্ষমতার পরিচয় ।’

‘যাক, বাঁচা গেল । আপনার ভুল হতে পারে এটা জানতে পারলে একটু ভরসা পাওয়া যায় ।’

‘আপনি অযথা বিনয় করছেন । আমি কিন্তু বহু চেষ্টা করলেও আপনার মতো লিখতে পারতাম না ।’

‘থ্যাঙ্কস ফর দ্য খোঁচা !’



ইন্দ্রজাল রহস্য

১

অন্য অনেক জিনিসের মতো ম্যাজিক সম্বন্ধেও ফেলুদার যথেষ্ট জ্ঞান আছে। এখনও ফাঁক পেলে তাসের প্যাকেট হাতে নিয়ে আয়নার সামনে দাঁড়িয়ে হাতসাফাই অভ্যাস করতে দেখেছি। সেইজন্যেই কলকাতায় সূর্যকুমারের ম্যাজিক হচ্ছে দেখে, আমরা তিনজনে ঠিক করলাম একদিন গিয়ে দেখে আসব। তৃতীয় ব্যক্তিটি অবশ্য আমাদের বন্ধু রহস্য-রোমাঞ্চ ঔপন্যাসিক লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ু। যারা ম্যাজিকের আয়োজন করেছে তারা ফেলুদার খুব চেনা, তাই চাইতেই তিনখানা প্রথম সারির টিকিট পাওয়া গেল।

গিয়ে দেখি হল প্রায় ছ'আনা ফাঁকা। ম্যাজিক যা দেখলাম নেহাত খারাপ নয়, কিন্তু ম্যাজিশিয়ানের ব্যক্তিত্বে কোথায় যেন ঘাটতি আছে। ফ্রেঞ্চ-কাট দাড়ির সঙ্গে একটা চুমকি বসানো সিল্কের পাগড়ি, কিন্তু গলার আওয়াজটা পাতলা। গোলমালটা সেখানেই। অথচ ম্যাজিশিয়ানকে অনর্গল কথা বলে যেতে হয়।

সামনের সারিতে বসার ফলে হল কী, হিপনোটিজম দেখাতে ভদ্রলোক লালমোহনবাবুকে স্টেজে ডেকে নিলেন। এ-জিনিসটা ভদ্রলোক ভালই জানেন। লালমোহনবাবুর হাতে পেনসিল দিয়ে, সেটাকে কামড়াতে বলে জিজ্ঞেস করলেন, ‘চকোলেট কেমন লাগছে?’

লালমোহনবাবু সম্মোহিত অবস্থায় বললেন, ‘খাসা চমৎকার চকোলেট।’

পাঁচ মিনিট স্টেজে ছিলেন, তার মধ্যে জটায়ু একেবারে নাজেহাল হয়ে গিয়েছিলেন, আর লোকেও উপভোগ করল খুব। লালমোহনবাবু জ্ঞান ফিরে পাবার পরে হাততালি আর থামে না।

পরদিন ছিল রবিবার। লালমোহনবাবু তাঁর সবুজ অ্যামবাসাডারে ঠিক নটার সময় চলে এসেছিলেন তাঁর গড়পারের বাড়ি থেকে আড্ডা মারতে। তখনও ম্যাজিকের কথা হচ্ছে।

ফেলুদা বলল, ‘ঠিক জমাতে পারছে না লোকটা। কালকেও সিট খালি ছিল দেখেছিলি?’

লালমোহনবাবু বললেন, ‘কিন্তু যাই বলুন মশাই, আমাকে যেভাবে বোকা বানানো, তাতে বলতেই হবে কৃতিত্ব আছে। পেনসিল চিবিয়ে চকোলেট, পাথর কামড়ে কড়াপাকের সন্দেশের স্বাদ—এ ভাবা যায় না।’

শ্রীনাথ সবে চা এনেছে, এমন সময় বাইরে গাড়ি থামার শব্দ আর সঙ্গে সঙ্গেই দরজায় টোকা পড়ল। অথচ কারুর আসার কথা নেই। খুলে দেখি, বছর ত্রিশেকের ভদ্রলোক।

‘এটাই প্রদোষ মিস্তিরের বাড়ি?’

ফেলুদা বলল, ‘আজ্ঞে হ্যাঁ। আপনি ভেতরে আসুন।’

ভদ্রলোক এসে ঢুকলেন। ফরসা, রোগা, চোখে চশমা। বেশ সপ্রতিভ চেহারা।

সোফার একপাশে বসে বললেন, ‘টেলিফোনে অনেক চেষ্টা করেও আপনার লাইনটা পেলাম না। তাই এমনিই চলে এলাম।’

‘ঠিক আছে।’ বলল ফেলুদা, ‘আপনার প্রয়োজনটা যদি বলেন।’

‘আমার নাম নিখিল বর্মণ। আমার বাবার নাম হয়তো আপনি শুনে থাকবেন—সোমেশ্বর বর্মণ।’

‘যিনি ভারতীয় জাদু দেখাতেন?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আজকাল তো আর নাম শুনি না। রিটারার করেছেন বোধহয়?’

‘হ্যাঁ, বছর সাতেক হল আর ম্যাজিক দেখান না।’

‘উনি তো স্টেজে ম্যাজিক দেখাতেন না বোধহয়?’

‘না। এমনি ফরাসে দেখাতেন। ওঁর চারদিকে লোক ঘিরে বসত। সাধারণত নেটিভ স্টেটগুলোতে ওঁর খুব নাম ছিল। বহু রাজাদের ম্যাজিক দেখিয়েছেন। তা ছাড়া বাবা নানান দেশ ঘুরে ভারতীয় ম্যাজিক সম্বন্ধে নানান তথ্য সংগ্রহ করেছিলেন। সেগুলো একটা বড় খাতায় লেখা আছে। বাবা ইংরিজিতে লিখেছিলেন, নাম দিয়েছিলেন ‘ইন্ডিয়ান ম্যাজিক’। ওটা একজন কিনতে চেয়েছেন বাবার কাছে। কুড়ি হাজার টাকা পর্যন্ত অফার করেছেন। বাবা চাচ্ছিলেন আপনাকে একবার লেখাটি দেখাতে। কারণ বাবা ঠিক মনস্থির করতে পারছেন না।’

‘কুড়ি হাজার টাকা দিতে চেয়েছে কে জানতে পারি?’

‘জাদুকর সূর্যকুমার নন্দী।’

আশ্চর্য! কালই আমরা সূর্যকুমারের ম্যাজিক দেখে এসেছি! একেই ফেলুদা বলে টেলিপ্যাথি। ফেলুদা বলল, ‘বেশ, আমি লেখাটা নিশ্চয়ই দেখব। তা ছাড়া আপনার বাবার সঙ্গে আমার আলাপ করারও যথেষ্ট ইচ্ছে আছে।’

‘বাবাও আপনার খুব গুণগ্রাহী। বলেন, অমন শার্প বুদ্ধি বাঙালিদের বড়-একটা দেখা যায় না। আমার মনে হয়, এর মধ্যেই একদিন এসে পড়ুন না। বাবা সন্ধ্যায় রোজই বাড়ি থাকেন।’

‘ঠিক আছে। আমরা আজ সন্ধ্যাতেই তা হলে আসি।’

‘বেশ তো। এই সাড়ে ছটা নাগাত?’

‘তাই কথা রইল।’

২

রামমোহন রায় সরণিতে সোমেশ্বর বর্মনের পেলায় বাড়ি। এঁরা আগে পূর্ববঙ্গের জমিদার ছিলেন, অনেকদিন থেকেই কলকাতায় চলে এসেছেন। এখন বাড়িতে অধিকাংশ ঘরই খালি পড়ে আছে। বাড়িতে চাকর বাদে লোক মাত্র পাঁচজন। সোমেশ্বর বর্মন, তাঁর ছেলে নিখিল, মিঃ বর্মনের সেক্রেটারি প্রণবশ রায়, মিঃ বর্মনের বন্ধু অনিমেষ সেন, আর রণেন তরফদার বলে এক শিল্পী। ইনি নাকি সোমেশ্বরবাবুর একটা পোর্ট্রেট করছেন। এসব খবর আমরা সোমেশ্বরবাবুর কাছ থেকেই পেলাম। ভদ্রলোকের বয়স ধরা যায় না। কারণ চুল এখনও তেমন পাকেনি, চোখ দুটো উজ্জ্বল, যেমন জাদুকরের হওয়া উচিত। আমরা একতলায় সোফায় বসেছিলাম। নিখিলবাবু আমাদের জন্য চায়ের অর্ডার দিলেন।

‘আমার বাবা ছিলেন হোমিওপ্যাথিক ডাক্তার।’ বললেন সোমেশ্বরবাবু, ‘ভাল পসার ছিল। আমি ল’ পড়েছিলাম, কিন্তু সেদিকে আর যাইনি। আমার ঠাকুরদাদা ছিলেন তান্ত্রিক। হয়তো তাঁরই কিছুটা প্রভাব আমার চরিত্রে পড়েছিল। আমি ছোটবেলা থেকেই ভারতীয় জাদুবিদ্যায় ঝুঁকি। এলাহাবাদে একটা পার্কে এক বুড়োর ম্যাজিক দেখেছিলাম। তার হাত-সাফাইয়ের কোনো তুলনা নেই। মঞ্চের ম্যাজিকের অর্ধেকই আজ যন্ত্রপাতির সাহায্যে হয়, সেইজন্য তাতে আমার কোনও ইন্টারেস্ট নেই। ভারতীয় ম্যাজিক হল আসল ম্যাজিক, যেখানে মানুষের দক্ষতাই সম্পূর্ণ কাজটা করে। তাই আমি কলেজের পড়া শেষ করে, এইসব ম্যাজিক সংগ্রহ করতে বেরিয়ে পড়ি। সুবিধে ছিল বাবা এসব বিষয়ে খুব উদার ছিলেন। আমি একটা নতুন কিছু করছি, এটাতে তিনি খুশিই হয়েছিলেন। আসলে আমাদের পরিবারে নানান লোকে নানান কাজ



করে এসেছে চিরকালই। ডাক্তার, উকিল, গায়ের, অভিনেতা, সাহিত্যিক—সবরকমই পাওয়া যাবে আমাদের এই বর্মন পরিবারে, আর তাদের মধ্যে অনেকেই রীতিমতো সফল হয়েছেন। যেমন আমি হয়েছিলাম জাদুতে। আমার সব রাজা-রাজড়াদের কাছ থেকে ডাক আসত। প্রাসাদের ঘরে ফরাসের উপর বসে ম্যাজিক দেখাতাম—সব লোক হাঁ হয়ে যেত। রোজগারও হয়েছে ভাল। কোনও ধরাবাঁধা ফি ছিল না আমার। কিন্তু যা পেতাম, সেটা প্রত্যাশার অনেক বেশি।’

চা এসে গিয়েছিল। ফেলুদা একটা কাপ তুলে নিয়ে বলল, ‘এবার আপনার পাণ্ডুলিপির কথা বলুন। শুনেছি, ভারতীয় জাদু নিয়ে আপনি একটা বড় কাজ করেছেন।’

‘তা করেছি,’ বললেন সোমেশ্বর বর্মন, ‘আমি যা করেছি, তেমন আর-কেউ করেছে বলে আমার জানা নেই। এ-নিয়ে আমি প্রবন্ধ-টবন্ধও লিখেছি, এবং তার ফলেই আমার পাণ্ডুলিপির ব্যাপারটাও জানাজানি হয়ে গেসল। সেই কারণে সূর্যকুমার আমার কাছে আসে। নইলে তার তো জানার কথা নয়। অবিশ্যি জাদুকর হিসেবে সে আমার নাম আগেই শুনেছে।’

‘সে কি আপনার পাণ্ডুলিপিটা কিনতে চায়?’

‘তাই তো বলে। সে সোজা আমার বাড়িতে চলে এসেছিল। আমার বেশ ভাল লাগে ছেলেটিকে, দেখেছি কেমন একটা স্নেহ পড়ে গিয়েছিল। কিন্তু ওর অফারটায় আমি ঠিক রাজি হতে পারছি না। আমার ধারণা আমার কাজটা খুব জরুরি কাজ, এবং তার মূল্য বিশ হাজারের চেয়ে অনেক বেশি। সেইজন্যেই চাচ্ছিলাম পাণ্ডুলিপিটা আপনি একটু পড়ে দেখুন। আপনার তো নানান বিষয় পড়াশোনা আছে। সেটা আপনার কেসগুলো সম্বন্ধে পড়ে দেখলেই বোঝা যায়।’

‘বেশ তো। আমি সাগ্রহে পড়ব আপনার লেখা।’

সোমেশ্বরবাবু তাঁর সেক্রেটারির দিকে ফিরে বললেন, ‘প্রণবশ, যাও তো খাতাটা একবার নিয়ে এসো।’

সেক্রেটারি চলে গেলেন আজ্ঞা পালন করতে।

ফেলুদা বলল, ‘আমরা কাল সূর্যকুমারের ম্যাজিক দেখতে গিয়েছিলাম।’

‘কেমন লাগল?’

‘মোটামুটি।’ বলল ফেলুদা, ‘তবে ভদ্রলোক হিপনোটিজমটা বেশ আয়ত্ত করেছেন। আর যা ম্যাজিক, সবই যন্ত্রের কারসাজি।’

সোমেশ্বরবাবু হঠাৎ সামনের প্লেট থেকে একটা বিস্কুট তুলে নিয়ে, সেটা হাতের মুঠোয় বন্ধ করে, পরমুহূর্তেই হাত খুলে দেখালেন বিস্কুট হাওয়া। তারপর সেটা বেরোল লালমোহনবাবুর পকেট থেকে।

ফেলুদা প্রশংসায় পঞ্চমুখ।

‘আপনি ম্যাজিক বন্ধ করে দিলেন কেন? আপনার তো অভুত হাত!’

ভদ্রলোক মাথা নেড়ে বললেন, ‘আমি এখন পাণ্ডুলিপিটা নিয়েই কাজ করব। বইটা ছাপাতে পারলে মনে হয় কাজ দেবে। এ নিয়ে তো বই আর লেখা হয়নি।’

‘তা হলে আমি খাতাটা নিলাম।’ বলল ফেলুদা, ‘আমি পরশু ফেরত দেব। এইরকম সন্ধ্যাবেলা।’

‘বেশ, তাই কথা রইল।’

ফেলুদা পরদিন সকালেই বলল, তার নাকি পাণ্ডুলিপি পড়া শেষ হয়ে গেছে। সে সারারাত পড়েছে। ‘ভদ্রলোকের হাতের লেখা মুক্তার মতো—অ্যান্ড ইটস এ গোল্ডমাইন। ছেপে বেরোলে, একটা প্রামাণ্য বই হয়ে থাকবে। বিশ কেন, পঞ্চাশ হাজার দিলেও এ পাণ্ডুলিপি হাত-ছাড়া করা উচিত নয়।’

সন্ধ্যাবেলা সোমেশ্বরবাবুকে গিয়ে আমরা সেই কথাটাই বললাম। ভদ্রলোক শুনে যেন অনেকটা আশ্বস্ত হলেন। বললেন, ‘আপনি আমার মন থেকে একটা বিরাট চিন্তা দূর করে দিলেন। আমি দোটানার মধ্যে পড়েছিলাম, কিন্তু আপনি যখন পড়ে এত প্রশংসা করলেন, তখন আবার আমি মনে বল পাচ্ছি। প্রণবশ পাণ্ডুলিপিকে টাইপ করছে—ও-ও অনেকবার বলেছে যে এতে আশ্চর্য সব তথ্য আছে। আমার বন্ধু অনিমেঘও সেই একই কথা বলেছে। এবার নিশ্চিন্তে সূর্যকুমারকে না বলে দিতে পারব। ভাল কথা, কাল আমার ঘরে চোর এসেছিল।’

‘সে কী!’

‘আমার ঘুমটা ভেঙে যায়। আমি কে? বলতেই পালায়।’

‘এর আগে কখনও চুরি হয়েছে কি?’

‘কক্ষনও না।’

‘আপনার ঘরে কোনও ভ্যালুয়েবল জিনিস আছে কি?’

‘আছে। কিন্তু সেটা আমার সিন্দুকে থাকে। সিন্দুকের চাবি আমার বালিশের নীচে থাকে। আর সেটা সম্বন্ধে আমার বাড়ির লোকেরা কেউ জানে না।’

‘আমি জানতে পারি কি? আমার অদম্য কৌতূহল হচ্ছে।’

‘নিশ্চয়ই পারেন।’

ভদ্রলোক উঠে দোতলায় গেলেন। তারপর মিনিট তিনেক পরে এসে একটা ছ’ইঞ্চি লম্বা জিনিস আমাদের সামনে টেবিলের উপর রাখলেন। সেটা একটা বংশীবাদক শ্রীকৃষ্ণের মূর্তি।

‘পঞ্চরত্নের তৈরি।’ বললেন সোমেশ্বরবাবু, ‘তার মানে হিরে, পদ্মরাজ, নীলকান্ত, প্রবাল আর

মুস্তো এর কত দাম জানি না।’

‘অমূল্য’, বলল ফেলুদা। ‘এবং অপূর্ব জিনিস। এ-জিনিস কবে থেকে আছে?’

‘এটা পাই রঘুনাথপুরের রাজা দয়াল সিং-এর কাছে। নাইনটিন ফিফটি সিক্সে। আমার ম্যাজিক দেখে খুশি হয়ে দেন আমাকে জিনিসটা।’

‘আপনাদের বাড়িতে দারোয়ান নেই?’

‘তা আছে বইকী। তা ছাড়া চারজন চাকর আছে। চোরের মনে হয় চাকরের সঙ্গে যোগাযোগ ছিল।’

‘যদি না চোর বাড়ির লোক হয়।’

‘এ যে আপনি সব্বনেশে কথা বলছেন!’

‘আমরা গোয়েন্দারা এরকম কথা বলে থাকি। সেটা সিরিয়াসলি নেবার কোনও দরকার নেই।’

‘তাও ভাল।’

‘আপনি বোধহয় বিপত্তীক?’

‘হ্যাঁ।’

‘আপনার ওই একটিই ছেলে?’

‘না। নিখিল আমার ছোট ছেলে। বড়টি—অখিল—উনিশ বছর বয়সে বি. এ. পাস করে বিদেশে চলে যায়।’

‘কোথায়?’

‘সেটা বলে যায়নি। আমাদের ফ্যামিলিতে ভবঘুরেও রয়েছে কিছু কিছু। অখিল ছিল তাদের মধ্যে একজন। অস্থির চরিত্র। বলল, জার্মানি গিয়ে চাকরি করবে। তারপর বেরিয়ে পড়ল। এ হল নাইনটিন সেভেনটির কথা। তারপর আর কোনও যোগাযোগ করেনি। ইউরোপেই কোথাও আছে হয়তো, কিন্তু জানবার কোনও উপায় নেই।’

‘আপনার সেক্রেটারি প্রণবেশ এই কৃষ্ণটার কথা জানেন?’

‘হ্যাঁ। সে তো আমার ঘরের ছেলের মতোই। আর তাকে তো আমার সব কাগজপত্র, করেসপন্ডেন্স ঘাঁটতে হয়।’

‘যাই হোক, এবার এটা তুলে রেখে দিন। এমন চমৎকার জিনিস আমি কমই দেখেছি।’

‘আমি তা হলে সূর্যকুমারকে না বলে দিই।’

‘নির্দিধায়।’

ফেলুদা উঠে পড়ল।

‘আমি একবার বাড়ির আশপাশটা ঘুরে দেখতে চাই। চোর কোন কোন জায়গা দিয়ে আসতে পারে, সেটা একবার দেখা দরকার।’

‘সবচেয়ে সুবিধে বারান্দা দিয়ে। আসলে আমার দারোয়ান একটু কর্তব্যে ঢিলে দিয়েছে বলে মনে হচ্ছে।’

বাড়ির বারান্দা যে দিকে, সে দিকেই একটা বাগান রয়েছে। তবে সেটাকে খুব যত্ন করা হয় বলে মনে হল না। বাড়ির চারিদিকে বেশ উঁচু কম্পাউন্ড ওয়াল, সেটা টপকে পেরোনো সহজ নয়। দেয়ালের দুধারে গাছপালাও বিশেষ নেই।

ফেলুদা মিনিট পনেরো ঘোরাঘুরি করে বলল, ‘চোর সম্বন্ধে ঠিক শিওর হওয়া গেল না। বাড়ির চোর না বাইরের চোর, সে-বিষয়ে সংশয় রয়ে গেল।’

পরদিন সোমেশ্বরবাবু টেলিফোনে জানালেন যে সূর্যকুমারের সঙ্গে গুঁর কথা হয়ে গেছে। উনি খাতটা বিক্রি করবেন না বলে দিয়েছেন।

‘ভাল কথা।’ বললেন লালমোহনবাবু, ‘আমার জাদুকর নিয়ে একটা ভাল প্লট মাথায় এসেছে। ভাবছিলাম, সূর্যকুমারের সঙ্গে কী করে একটু কথা বলা যায়।’

‘ওকে হোটেলে ফোন করুন।’ বলল ফেলুদা, ‘কোন হোটেলে আছে সে তো যারা আমাদের টিকিট দিয়েছিল, তারাই বলে দেবে।’

‘তা বটে।’

পনেরো মিনিটের মধ্যে লালমোহনবাবু সূর্যকুমারের সঙ্গে কথা বলে, তার সঙ্গে একটা অ্যাপয়েন্টমেন্ট করে নিলেন আমাদের বাড়িতেই। ভদ্রলোক আগামীকাল সকালে সাড়ে নটায় আসবেন।

‘আপনি কিন্তু আমাকে দেখলেই চিনবেন।’ বললেন লালমোহনবাবু, ‘আমি সেদিন আপনার দ্বারা হিপনোটাইজড হয়েছিলাম।’

পরদিন একটা মারুতি গাড়িতে ঠিক সাড়ে নটার সময় সূর্যকুমার এসে হাজির। লালমোহনবাবু অবিশ্যি মিনিট কুড়ি আগেই চলে এসেছিলেন। সূর্যকুমার ফেলুদাকে দেখে কেমন হকচকিয়ে গেলেন। বললেন, ‘আপনার পরিচয়টা পেতে পারি কি? আপনাকে কেমন যেন চেনা চেনা লাগছে।’

ফেলুদা বলল, ‘আমার নাম প্রদোষ মিত্র। হয়তো খবরের কাগজে ছবি দেখে থাকবেন।’

‘প্রদোষ মিত্র মানে গোয়েন্দা প্রদোষ মিত্র?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আমার পরম সৌভাগ্য।’

‘সৌভাগ্য তো আমারও। আপনার মতো একজন দক্ষ ম্যাজিশিয়ানের পায়ের ধুলো পড়ল আমাদের বাড়িতে, সেও কি কম সৌভাগ্য?’

চায়ের পর লালমোহনবাবু প্রশ্ন আরম্ভ করলেন।

‘আপনি কদিন ম্যাজিক দেখাচ্ছেন?’

‘তা বারো বছর হল।’

‘কারুর কাছে শিখেছেন কি?’

‘আমি নক্ষত্র সেন ঐন্দ্রজালিকের সহকারী ছিলাম পাঁচ বছর। তাঁর বয়স হয়েছিল—স্টেজেই ম্যাজিক দেখাতে দেখাতে স্ট্রোক হয়ে মারা যান। তাঁর সব ম্যাজিকের সরঞ্জাম আমার হাতে পড়ে। আমি তাই দিয়েই শুরু করি।’

‘আপনাকে কি সারা ভারতবর্ষ ঘুরে খেলা দেখাতে হয়?’

‘হ্যাঁ। শুধু ভারতবর্ষ কেন, আমি জাপান আর হংকংও গিয়েছি।’

‘বটে?’

‘আজ্ঞে হ্যাঁ। আগামী বছর সিঙ্গাপুর থেকে নেমস্তম্ভ আছে।’

‘আপনার ফ্যামিলি নেই?’

‘না। আমি ব্যাচেলার।’

‘এখনও ম্যাজিক অভ্যাস করতে হয় আপনাকে, না আর দরকার হয় না?’

‘এখনও সকালে দুঘণ্টা হাত-সাফাই প্র্যাক্টিস করি। ওটা থামালে চলে না।’

এবার ফেলুদা একটা প্রশ্ন করল।

‘আপনার সঙ্গে সোমেশ্বর বর্মনের বোধহয় আলাপ হয়েছে।’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আপনি তো ভারতীয় জাদুবিদ্যার পাণ্ডুলিপিটা কিনতে চেয়েছিলেন?’

‘হ্যাঁ।’

‘কেন?’

‘আমি ভেবেছিলাম আমার বিলিতি ম্যাজিকের মধ্যে কয়েকটি দিশি আইটেম ঢোকাতে পারলে অ্যাট্রাকটিভ হবে। কিন্তু ভদ্রলোক বই বিক্রি করলেন না। আমি বিশ হাজার অফার করেছিলাম। তবে বিক্রি না করলেও, ওঁর সঙ্গে আমার খুব ভাল সম্পর্ক গড়ে উঠেছে, কারণ আমি ওঁকে সত্যিই শ্রদ্ধা করি। উনি আমার শো শেষ হলে পর ওঁর বাড়িতে গিয়ে আমাকে কয়েকদিন থাকতে বলেছেন।’

‘আপনার শো শেষ হচ্ছে কবে?’

‘এই রবিবার।’

‘এর পর কোথায় যাওয়া?’

‘দিন সাতেক বিশ্রামের পর পাটনা যাব।’

লালমোহনবাবুর আরও দু-একটা প্রশ্ন ছিল, তারপরেই ভদ্রলোক বিদায় নিলেন। আমারও ভদ্রলোককে খারাপ লাগল না।

ফেলুদা বলল, ‘বিদেশি জামাকাপড় জুতো পরেছে। বোধহয় জাপান কি হংকং-এ কেনা। এমনিতে বেশ শৌখিন লোক, যেমন ম্যাজিশিয়ানরা সাধারণত হয়।’

‘সোমেশ্বরবাবুদের সঙ্গে বেশ জমিয়ে নিয়েছেন বলুন?’ বললেন লালমোহনবাবু, ‘নইলে আর বাড়িতে এসে থাকতে বলে!’

8

এ সপ্তাহটায় আর কোনও ঘটনা ঘটল না। তারপর যেটা হল, সেটা একেবারে বজ্রপাত! মঙ্গলবার দিন সোমেশ্বরবাবু ফোন করে জানালেন যে তাঁর বাড়িতে খুন হয়েছে তাঁর বহুদিনের বেয়ারা অবিনাশ, আর সেইসঙ্গে সিদ্দুক থেকে পঞ্চরত্নের কৃষ্ণ হাওয়া! একসঙ্গে ডবল ট্রাজেডি!

ফেলুদা তৎক্ষণাৎ লালমোহনবাবুকে ফোন করে বলে দিল সোমেশ্বরবাবুর বাড়িতে আসতে, আর আমরা ট্যান্ড্রি করে চলে গেলাম।

গিয়ে দেখি, পুলিশকেও খবর দেওয়া হয়েছে। ইনস্পেক্টর ঘোষ ফেলুদার চেনা, দেখে বললেন, ‘স্বৈফ ডাকাতির কেস। খুন করার মতলব ছিল না; সামনে বাধা পেয়ে খুন করেছে। আসল উদ্দেশ্য ছিল সিদ্দুক থেকে ওই কৃষ্ণটা নেওয়া। এ বাইরের লোকের কাজ, তাতে কোনও সন্দেহ নেই। এই সেদিন একটা ডাকাতির কেস হয়ে গেছে।’

‘ওই কৃষ্ণের কথা কিন্তু এ বাড়ির লোক ছাড়া কেউ জানত না।’

‘তা হলে এ বাড়ির ভেতর থেকেই ব্যাপারটা হয়েছে। সোমেশ্বরবাবুর ছেলে আছেন, সেক্রেটারি আছেন, বন্ধু আছেন, আর্টিস্ট রণেন তরফদার আছেন, সূর্যকুমার বলে সেই ম্যাজিশিয়ান কাল থেকে এখানে রয়েছেন; এর মধ্যেই কেউ গিল্টি। আর যদি তাই হয়, তা হলে তো আমাদের কাজ অনেক সহজ হয়ে যাচ্ছে।’

‘খুনটা কখন হয়েছে?’

‘রাত একটা থেকে তিনটের মধ্যে।’

‘বেয়ারা কি চোরকে বাধা দিতে গেসল?’

‘তাই তো মনে হচ্ছে।’

আমরা বাড়ির ভিতরে ঢুকলাম। একতলার বৈঠকখানায় সোমেশ্বরবাবু মাথায় হাত দিয়ে বসে আছেন। ঘরে আর সকলেই রয়েছে, কেউ দাঁড়িয়ে, কেউ চেয়ারে বসে।

ফেলুদা সোমেশ্বরবাবুকে বলল, ‘ঘটনাটা একটু বলবেন? এই বেয়ারা কি আপনার অনেকদিনের বেয়ারা?’

‘ত্রিশ বছর। অবিনাশের মতো ভাল লোক পাওয়া খুব দুর্কহ।’

‘খুনটা কোথায় হয়?’

‘একতলায়। চোর সিন্দুক থেকে কৃষ্ণটা নিয়ে পালাচ্ছিল, সেই সময় হয়তো অবিনাশের ঘুম ভেঙে যায়। সে চোরের সামনে পড়ে, হয়তো তাকে ধরতে যায়; সেই সময় চোর তাকে ছুরি মেরে খুন করে।’

‘আপনারা কে কোথায় শোন, জানতে পারি?’

‘আমার ঘর তো আপনি দেখেইছেন। আমি আর অনিমেষ দোতলায় শুই। বাকি সকলে একতলায় শোয়। কাল সূর্যকুমার এখানে এসেছেন কদিনের জন্য, তাকে একতলায় একটা গেস্ট-রুম দিই।’

‘কিন্তু আপনার এই কৃষ্ণর কথা তো বাইরের কেউ জানত না?’

‘তা তো না-ই। অথচ বাড়ির কেউ এমন কাজ করে থাকতে পারে, সেটা ভাবা অসম্ভব মনে হচ্ছে।’

‘আপনার বালিশের নীচ থেকে চাবি নিল, আর আপনি টের পেলেন না?’

‘আমি যে ঘুমের ওষুধ খেয়ে ঘুমোই। সে গভীর ঘুম।’

‘সিন্দুকের চাবিটা কি রেখে গেছে?’

‘হ্যাঁ। সেটা তালাতেই ঝুলছিল।’

‘যে অস্ত্রটা দিয়ে খুন হয়েছিল, সেটা পাওয়া গেছে?’

‘না।’

ইনস্পেক্টর ঘোষ এ সময় এসে বললেন, তিনি সকলকে জেরা করতে চান।

ফেলুদা বলল, ‘আপনার জেরার পর আমি যদি একটু জেরা করি, তা হলে আপনার আপত্তি নেই তো?’

‘মোটাই না। আপনার কীর্তিকলাপের সঙ্গে আমি বিলক্ষণ পরিচিত। নইলে প্রাইভেট ডিটেকটিভকে আমরা বিশেষ পাস্তা দিই না।’

ইনস্পেক্টর ঘোষ সোয়া ঘটনা ধরে সকলকে জেরা করলেন। আমরা ততক্ষণ চা-টা খেলাম। সোমেশ্বরবাবু যথেষ্ট আঘাত পেয়েছেন—খুনের ব্যাপারেও, চুরির ব্যাপারেও। কিন্তু তাতে আতিথেয়তার কোনওরকম ক্রটি হল না।

আমরা চা খেয়ে বাইরে বাগানে বেরিয়ে গিয়েছিলাম। কিছুক্ষণ পরে ইনস্পেক্টর ঘোষ এসে বললেন, ‘আমার কাজ শেষ। এবার আপনি টেক-ওভার করুন।’


ফেলুদা ভিতরে গিয়ে প্রথমেই সোমেশ্বরবাবুর ছোট ছেলে নিখিলবাবুকে নিয়ে পড়ল। আমরা নিখিলবাবুর ঘরেই বসলাম।

ফেলুদা প্রথমেই জিজ্ঞেস করল, ‘আপনি কী করেন?’

‘আমার একটা অকশন-হাউস আছে মিরজা গালিব স্ট্রিটে।’

‘কী নাম?’

‘মডার্ন সেল্‌স ব্যুরো।’



‘জানি, দোকানটা দেখেছি।’

‘তা দেখে থাকতে পারেন। ওখানে আমি সকাল দশটা থেকে ছটা পর্যন্ত থাকি।’

‘ব্যবসা কী রকম চলে?’

‘ভালই।’

‘আপনি আর্ট সম্বন্ধে ইন্টারেস্টেড?’

‘আমার কাজের মধ্যে দিয়ে তো অনেক রকম আর্টের জিনিসপত্র আমাদের ঘাঁটতে হয়। সেই সূত্রে বেশ কিছু জানা হয়ে গেছে।’

‘কত বছর হল আপনি এ কাজ করছেন?’

‘সাত বছর।’

‘আপনার বয়স কত?’

‘তেত্রিশ চলেছে।’

‘আপনার দাদা আপনার চেয়ে কত বড়?’

‘তিন বছর।’

‘দাদার সঙ্গে আপনার সম্ভাব ছিল?’

‘দাদা মিশুক ছিলেন না। কথাও বেশি বলতেন না, বন্ধু-বান্ধবও বেশি ছিল না। সত্যি বলতে কী, দাদার কারুর উপরেই টান ছিল না—এমনকী আমার উপরেও না।’

নিখিলবাবুর কথা শুনে আমার কেন যে একটু অদ্ভুত লাগছিল, সেটা কিছুতেই ভেবে বের করতে পারলাম না।

‘বিদেশে গিয়ে দাদা আপনাকে চিঠি লেখেননি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না। শুধু আমাকে না, কাউকেই লেখেননি।’

‘বাবার ম্যাজিকে আপনার কোনও ইন্টারেস্ট ছিল না?’

‘নিশ্চয়ই ছিল। তবে বাবা তো বেশির ভাগ ম্যাজিক বাইরে দেখাতেন; সেগুলো আর আমার দেখা হত না।’

‘নিজে ম্যাজিক করার শখ হয়নি?’

‘তা হয়নি। শুধু দেখতেই ভাল লাগত।’

‘এই যে অঘটনটা ঘটল, এটার জন্য কে দায়ী, সে সম্বন্ধে আপনার কোনও ধারণা আছে?’

‘না। একেবারেই নেই। তবে বাবাকে আমি অনেকবার বলেছি কৃষ্ণটা বাড়িতে না রেখে ব্যাঙ্কে রাখা উচিত। বাবা আমার কথায় কান দেননি।’

নিখিলবাবুর সঙ্গে কথা শেষ করে, আমরা সোমেশ্বরবাবুর বন্ধু অনিমেষবাবুর কাছে গেলাম।

খাট আর চেয়ার ভাগ করে আমরা বসলাম ভদ্রলোকের ঘরে।

ফেলুদা জিজ্ঞেস করল, ‘আপনি কী করেন?’

‘আমি কিছুই করি না।’ বললেন অনিমেষবাবু, ‘আমার বাবা ছিলেন উকিল। তিনি অনেক তলার একটা বাড়ি তৈরি করে গেসলেন, সেটার ভাড়া থেকেই আমার চলে যায়।’

‘সোমেশ্বরবাবুর সঙ্গে আপনার বন্ধুত্ব কত দিনের?’

‘তা প্রায় বিশ বছর।’

‘কী করে সূত্রপাত হয়?’

‘আমি এককালে জ্যোতিষ করতাম। সোমেশ্বর আমার কাছে এসেছিল তার ভাগ্য গণনা করতে। ও তখন সবে ম্যাজিক দেখাতে শুরু করেছে। আমি ওর ভবিষ্যতের খ্যাতির কথা বলে দিই। এই ঘটনার পাঁচ বছর পরে ও আমার বাড়িতে আবার আসে, এবং আমার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে। তখন থেকেই ওর সঙ্গে আমার বন্ধুত্ব। সোমেশ্বরের স্ত্রী মারা যাবার পর ও আমাকে

ওর বাড়িতে এসে থাকতে বলে—বোধহয় একাকিত্ব খানিকটা কাটবে বলে। তখনই আমি চলে আসি। সে আজ পনেরো বছর হল।’

‘পঞ্চরত্নের কৃষ্ণটা আপনি কবে দেখেন?’

‘ওটার কথা তো আমি আমার গণনায় বলি। ওটা পাওয়া মাত্র ও আমাকে দেখায়।’

‘এই চুরি এবং খুন কে করতে পারে, সে বিষয়ে আপনার কোনও ধারণা আছে?’

‘বাড়ির চাকরের সঙ্গে যোগসাজশ আছে, এমন কোনও চোর বলেই আমার বিশ্বাস। আমার ধারণা, ও সিন্দুক খুলে টাকা নিতে গেসল। তারপর সামনে ওই ঝলমলে কৃষ্ণটা দেখে, সেইটে নিয়ে নেয়। বাড়ির কোনও লোক এ ব্যাপারে জড়িত, এ বিশ্বাস করতে আমার মন চায় না।’

৫

সোমেশ্বরবাবুর সেক্রেটারি প্রণবশবাবু বললেন, উনি পাঁচ বছর থেকে সেক্রেটারির কাজ করছেন। ওঁর নিজের বাড়ি একটা ছিল ভবানীপুরে, কিন্তু এ-বাড়িতে এত ঘর আছে দেখে, সোমেশ্বরবাবুই প্রস্তাব করেন এই বাড়িতে এসে থাকার জন্য। প্রণবশবাবুও আপত্তি করেননি।

‘মনিব হিসেবে সোমেশ্বরবাবু কেমন লোক?’

‘চমৎকার। সেদিক দিয়ে আমার কিছু বলার নেই।’

‘কাজটা কেমন লাগে?’

‘সোমেশ্বরবাবু যে-সব তথ্য সংগ্রহ করেছেন, সেগুলো আশ্চর্য। টাইপ করতে করতে আমি যে কত কী নতুন জিনিস জানতে পারছি, তা বলতে পারি না।’

‘আপনি কটা পর্যন্ত করেন?’

‘রাত আটটা, নটা...’

‘আপনি ত একতলায় শোন।’

‘হ্যাঁ।’

‘ঘুম কেমন হয়?’

‘ভালই।’

‘কাল কোনও কারণে—কোনও শব্দে বা ওই জাতীয় কিছুতে আপনার ঘুম ভেঙে যায়নি?’

‘না। আমি ঘটনাটা জেনেছি সকালে উঠে।’

‘এ-বাড়ির কাউকে আপনার সন্দেহ হয়? কৃষ্ণটার বিষয় যখন শুধু এ-বাড়ির লোকেরাই জানত, তখন হয়তো অপরাধীও এ-বাড়িতেই রয়েছে।’

‘সে হতে পারে। আমিও তো সাসপেক্টদের মধ্যে পড়ছি।’

‘তা পড়ছেন বইকী।’

‘পুলিশ অবিশ্যি পুরো বাড়ি সার্চ করবে, কিন্তু অতটুকু জিনিস লুকোনোর জায়গার তো অভাব নেই। তারপর সুযোগ বুঝে বার করে নিলেই হল।’

সোমেশ্বরবাবুর যিনি অয়েল পেন্টিং করছিলেন, তিনিও এই বাড়িতেই থাকেন। অন্তত যতদিন না ছবি শেষ হচ্ছে, ততদিন থাকবেন। এই ভদ্রলোককে আমার কেন জানি একটু অদ্ভুত লাগে। প্রথমত চেহারাটা অদ্ভুত—চাপ-দাড়ি, চুল কাঁধ অবধি নেমে এসেছে। তারপর ভদ্রলোক কথা অত্যন্ত কম বলেন। কাজ অবিশ্যি ভালই করেন, কারণ সোমেশ্বরবাবুর যেটুকু ছবি আঁকা হয়েছে সেটা আমি দেখেছি, আর সেটা ভালই হয়েছে।

ইনিও একতলায় থাকেন। ফেলুদা তাঁর দরজায় গিয়ে টাকা মারল।

ভদ্রলোক দরজা খুলে ফেলুদার দিকে একটা জিজ্ঞাসু দৃষ্টি দিলেন।



‘আপনাকে কয়েকটা প্রশ্ন করার ছিল।’ বলল ফেলুদা।

‘বেশ তো, ভেতরে আসুন।’

অগোছালো ঘর, যেটা হবে বলে আমি আন্দাজ করেছিলাম। আমরা মোড়া চেয়ার বিছানা মিলিয়ে বসলাম।

‘আপনার নাম তো রশেন তরফদার?’

‘আপ্তে হ্যাঁ।’

‘আপনি কদিন হল এ-বাড়িতে আছেন?’

‘যেদিন থেকে ছবিটা আঁকা শুরু করেছি। তার মানে দেড় মাস।’

‘আপনার একটা পোর্ট্রেট করতে কত সময় লাগে?’

‘ফুল ফিগার হলে, এবং দিনে অন্তত দুঘণ্টা সিটিং পেলে, মাস দেড়েক হয়ে যায়।’

‘তা হলে এখানে এতদিন লাগছে কেন?’

‘এখানে সোমেশ্বরবাবু দিনে এক ঘণ্টার বেশি সিটিং দেন না। তারপর আমাকে ওঁর ভাল লেগেছে বলে, উনি চান আমি এখানেই থাকি। আসলে সোমেশ্বরবাবু বেশ সাস্পোপাঙ্গ নিয়ে থাকতে ভালবাসেন। ওঁর এক ছেলে বিলেতে। মেয়ের বিয়ে এবং স্ত্রীর মৃত্যুর পরে, উনি ভয়ানক একা হয়ে গেসলেন। এ-বাড়িটাকে উনি খানিকটা ভরাট করতে চান, এটা আমার ধারণা।’

‘আপনি পেন্টিং কোথায় শিখেছিলেন?’

‘আমি ফ্রান্সে শিখি তিন বছর। তা ছাড়া প্রথমে কলকাতার গভর্নমেন্ট কলেজ অফ আর্ট শিখেছি।’

‘পোর্ট্রেট করে রোজগার ভাল হয়?’

‘এখন আর হয় না। ফোটোগ্রাফির যুগে আসল-পোর্ট্রেটের কদর অনেক কমে গেছে। আমিও তাই অবস্ট্রাক্ট পেন্টিং-এ চলে যাচ্ছি। সোমেশ্বরবাবুর পৃষ্ঠপোষকতা না-পেলে, আমার অবস্থা খুবই কাহিল হত।’

‘আপনি পঞ্চরত্নের কৃষ্ণ সম্বন্ধে জানতেন?’

‘হ্যাঁ। ওটা আমাকে সোমেশ্বরবাবু দেখিয়েছিলেন। বলেছিলেন, তুমি আর্টিস্ট, তুমি এর কদর করতে পারবে।’

‘কালকের খুন এবং ডাকাতি সম্বন্ধে আপনার নিজের কোনও থিওরি আছে?’

‘বাড়ির লোক এ-কাজ করতে পারে না। আমার মনে হয়, চোর সিঁদুক থেকে টাকা নিতে গিয়ে কৃষ্ণটা দেখে সেটা নিয়ে নেয়। তারপর নীচে বেয়ারার সামনাসামনি পড়ে, ওকে খুন করে। আত্মরক্ষা ছাড়া খুনের আর কোনও মোটিভ আছে বলে আমার মনে হয় না।’

‘অনেক ধন্যবাদ।’

ফেলুদা উঠে পড়ল।

আর দুজন বাকি রইল—সূর্যকুমার আর সোমেশ্বরবাবু। আমরা সূর্যকুমারের কাছেই আগে গেলাম। ভদ্রলোক কেমন যেন গুম্ মেরে গেছেন। তিনি এ-বাড়িতে আসার দিনই ঘটনাটা ঘটল, এই জন্যই বোধহয়।

ফেলুদা বলল, ‘আপনার ভাগ্যটা খুব খারাপ দেখছি।’

‘আর বলবেন না!’ বললেন ভদ্রলোক, ‘সোমেশ্বরবাবু এত আপ্যায়ন করে আমায় থাকতে বললেন, আর প্রথম রাত্রেই কী কাণ্ড! আমি একবারে থ মেরে গেছি!’

‘রাত্রে কোনওরকম শব্দ-টব্দ পাননি?’

‘একেবারেই না। আমি এমনিতে খুব ভাল ঘুমোই। এক ঘুমে রাত কাবার হয় আমার।

কাজেই আমি কিছুই শুনিনি।’

‘এ-বাড়ির সকলের সঙ্গে আলাপ হয়েছে?’

‘যা হয়েছে, তাকে আলাপ বলা যায় না। একমাত্র সোমেশ্বরবাবু ছাড়া।’

‘যে জিনিসটা চুরি হয়েছে, সেটা আপনি দেখেননি?’

‘কী করে দেখব? প্রথমত ঠিক করে জানি না জিনিসটা কী। শুধু কৃষ্ণ শুনেছি, এই পর্যন্ত।’

‘কৃষ্ণই বটে, তবে পঞ্চরত্নের তৈরি। যেমন সুন্দর, তেমন ভ্যালুয়েবল। লাখখানেকের উপর দাম হবে। ...আপনি কি এখনও এখানেই থাকবেন?’

‘সোমেশ্বরবাবু তো তাই বলছেন। বলছেন, “আপনাকে ডেকে এনে, চলে যেতে বলার কোনও প্রশ্নই ওঠে না। তবে আপনার থাকাটা আপনার পক্ষে তেমন সুখের হতে পারল না, এই যা দুঃখ!”’

‘আপনি যখন আছেন, তখন প্রয়োজনে আপনাকে আবার প্রশ্ন করা চলবে তো?’

‘নিশ্চয়ই। এ নিয়ে তো কোনও কথাই উঠতে পারে না।’

এরপর আমরা সোমেশ্বরবাবুর কাছে গেলাম। ভদ্রলোক এখনো মুহুম্মান অবস্থায় রয়েছেন। ফেলুদা বলল, ‘আপনি কতটা ঘা খেয়েছেন, সেটা বুঝতে পারছি। কিন্তু আমি যখন এখানে উপস্থিত রয়েছি, তখন কৌতূহলবশত আপনাকে দু-একটা প্রশ্ন না-করে পারছি না।’

‘তা তো করবেনই। আপনার তো পেশাই এটা।’

‘আপনি কোনওরকম টের পাননি, না?’

‘টের পাইনি, তবে আঘাত পেয়েছি প্রচণ্ড। প্রথমত আমার অবিনাশ বেয়ারার এই দশা। লোকটা যে কী কাজের ছিল, তা বলতে পারি না। আর আমাকে কতটা মান্য করত, সেও বলে বোঝাতে পারব না। দ্বিতীয়ত, আমার পঞ্চরত্নের কৃষ্ণ। দয়াল সিং নিজে হাতে তুলে দিয়েছিলেন জিনিসটা আমায়। বললেন, “তুমি শিল্পীর সেরা শিল্পী—তোমাকে এর চেয়ে কম পারিশ্রমিক দেওয়া যায় না।” আর সেই পঞ্চরত্নের কৃষ্ণ চলে গেল! আর তা ছাড়া—’

সোমেশ্বরবাবু কী যেন বলতে গিয়ে, অন্যমনস্ক হয়ে পড়লেন।

তারপর কয়েক মুহূর্ত পরে প্রায় আপন মনেই বললেন, ‘আমি কি ভুল করলাম? আশা করি ভুল করেছি। কারণ জিনিসটা সত্যি হলে, আমার পক্ষে আরও দ্বিগুণ বেদনাদায়ক হবে।’

‘আপনি কীসের কথা বলছেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘সে আপনি জানতে চাইবেন না, কারণ আপনাকে বলতে পারব না।’

‘আপনি কিছু টের পাননি?’

‘টের পেয়েছি, কিন্তু পেয়েও কিছু করতে পারিনি।’

‘আপনার কথায় একটা রহস্যের সূর রয়েছে, সেটা আপনি উদঘাটন করবেন কি? করলে, আমাদের অনেক সুবিধে হত।’

‘সে অনুরোধ আমায় করবেন না, মিঃ মিস্ত্রি। আপনি যদি এবার আমাকে রেহাই দেন, আমি বাধিত হব।’

‘নিশ্চয়ই, নিশ্চয়ই—।’

আমরা তিনজন উঠে পড়লাম।

‘তবে আমি নিজের স্বার্থে তদন্ত করতে চাই আপনার বাড়ির এই দুর্ঘটনার ব্যাপারে। তাতে আশা করি আপনার আপত্তি হবে না।’

‘মোটাই না, অপরাধী যেই হোক না, তাকে ধরা কর্তব্য।’

বাড়ি এসে লালমোহনবাবু বললেন, ‘সোমেশ্বরবাবুর কথাগুলো ভারী রহস্যজনক মনে হচ্ছিল, তাই না?’

‘ঠিকই বলেছেন।’ বলল ফেলুদা।

‘আমার মনে হয়, ভদ্রলোক বেশ কিছু কথা লুকিয়ে গেলেন।’

‘আমারও সেই রকমই মনে হয়েছে।’

‘আপনি নিজে কী বুঝেছেন?’

‘একেবারে অন্ধকারে আছি, তা নয়। তবে ম্যাজিকের জগৎ নিয়ে একটু অনুসন্ধান চালাতে হবে। তা ছাড়া অকশন-হাউসও একটা ব্যাপার আছে। আমি বরং একটু ঘুরে আসি। আপনারা দুজনে আড্ডা মারুন।’

আমি একটা কথা এই বেলা ফেলুদাকে না বলে পারলাম না। ‘আচ্ছা ফেলুদা, নিখিলবাবুর কথা শুনে কি তোমার কিছু মনে হয়েছিল?’

‘সেটা মনে হওয়া অস্বাভাবিক নয়। কেন নয়, সেটা অবিশ্যি তোকে ভেবে বার করতে হবে।’ ফেলুদা বেরিয়ে গেল।

লালমোহনবাবু বললেন, ‘আমার কিন্তু এই আর্টিস্ট ভদ্রলোককে মোটেই ভাল লাগছে না। অবিশ্যি চাপ-দাড়ির বিরুদ্ধে আমার একটু প্রেজুডিস আছে এমনিতেই।’

‘সূর্যকুমার ভদ্রলোকটিকে আপনার ভাল লাগছে?’

‘ও-ও কেমন যেন পিকিউলিয়ার। তবে প্রথম দিন এসেই ও সিন্দুক খুলবে বলে মনে হয় না। ওই বাড়ির সঙ্গে তো ওর বিশেষ পরিচয় নেই। কোনটা কার ঘর, কোথায় সিন্দুক আছে, কোথায় সিন্দুকের চাবি আছে—এসব জানা ওর পক্ষে সম্ভব নয়। তবে এটা ঠিক যে এ চোর খুনি-চোর। ওকে যখন বেয়ারা দেখে ফেলল, তখন তো ও ওকে ঘুষি মেরে অজ্ঞান করে দিতে পারত। পালানো নিয়ে তো কথা, আর বেয়ারার বয়সও ষাটের কাছাকাছি। বোঝা যাচ্ছে যে চোর ছুরি হাতে নিয়েই কুকীর্তিটা করতে বেরিয়েছিল।’

‘এটা আপনি ঠিকই বলেছেন।’

‘সোমেশ্বরবাবুও কী বলতে গিয়ে বললেন না, সেটা জানতে ইচ্ছা করে। আমার মনে হয় ওখানে একটা ইম্পর্ট্যান্ট ক্লু লুকিয়ে আছে।’

ঠিক এই সময় একটা ফোন এল। তুলে ‘হ্যালো বলতে ওদিক থেকে প্রশ্ন এল, ‘মিঃ মিস্তির আছেন?’

ইনস্পেক্টর ঘোষ। বললাম, ‘ফেলুদা একটু বেরিয়েছে।’

ভদ্রলোক বললেন, ‘ওঁকে বলে দেবেন যে কালপ্রিট ধরা পড়েছে। গোপচাঁদ বলে এক চোর—রিসেন্টলি জেল থেকে বেরিয়েছে। অবিশ্যি লোকটা স্বীকার করেনি এখনও, কিন্তু সেদিন রাতে ও বেরিয়েছিল, সে খবর আমরা পেয়েছি। এটা আপনি জানিয়ে দেবেন। আর স্বীকারোক্তি পেলে, আবার আপনাকে টেলিফোন করব। আপনার দাদাকে নিশ্চিত হতে বলে দেবেন।’

আমি ফোন রেখে দিলাম। মনটা কেমন জানি দমে গেল। এ তো ঠিক জমল না।

ঘণ্টা দেড়েক পরে ফেলুদা আসাতে, আমি প্রথমেই ওকে ইনস্পেক্টরের কথাটা বললাম। ফেলুদা যেন গা-ই করল না। বলল, ‘সূর্যকুমারের ম্যাজিক খুব ভাল চলছে না, নিখিলবাবুর দোকানের অবস্থাও ভাল নয়। আর আমাদের আর্টিস্ট রশেন তরফদার গভর্নমেন্ট কলেজ অফ আর্টের ছাত্র ছিলেন না। প্যারিসে আঁকা শিখেছিলেন কিনা, সেটা অবিশ্যি জানতে পারিনি।’

‘তা হলে এখন কী করণীয়?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

‘আমার দিক থেকে মোটামুটি কাজ শেষ। এখন রইল শুধু রহস্য উদ্ঘাটন। দাঁড়ান, আগে ইনস্পেক্টর ঘোষকে একটা ফোন করি।’

ফেলুদা ফোনে প্রথমেই বলল, ‘আপনার সমাধান যে মানতে পারছি না, মিঃ ঘোষ।’

ঘোষের উত্তরের পর ফেলুদা বলল, ‘আমার ধারণা খুনি ওই বাড়িরই লোক। আপনি এক কাজ করুন। আমার সমাধান রেডি। আমি আজ বিকেলে সেটা ঘোষণা করতে চাই সোমেশ্বরবাবুর ওখানে। আপনিও আসুন। আমার কথা শুনে আপনার যদি কিছু বলার থাকে বলবেন। আমার এ অনুরোধটা আপনাকে রাখতেই হবে। তা ছাড়া আপনাকে খুনিকে গ্রেপ্তার করার জন্য তৈরি হয়ে আসতে হবে... থ্যাঙ্ক ইউ।’

ফেলুদা ফোন রেখে বলল, ‘ভদ্রলোক রাজি। গোপচাঁদ—হুঁ! এইজন্যই মাঝে মাঝে পুলিশের উপর থেকে ভক্তি চলে যায়।’

এরপর ফেলুদা সোমেশ্বরবাবুকে একটা ফোন করে, বিকেলে গুঁর ওখানে যাবার কথাটা বলে দিল। সেই সঙ্গে এ-ও বলে দিল যে সবাই যেন উপস্থিত থাকে।

বিকেল পাঁচটায় আমরা সোমেশ্বরবাবুর নীচের বৈঠকখানায় জমায়েত হলাম। ইনস্পেক্টর ঘোষ আর দুজন কন্স্টেবল এসে গিয়েছিল আগেই।

সকলে যে-যার জায়গায় বসলে পর, ফেলুদা শুরু করল।

‘প্রথমেই আমাদের যে প্রশ্নটার সামনে পড়তে হচ্ছে, সেটা হল চোর বাইরের লোক না ভেতরের লোক। এখানে প্রথম যেদিন চোর আসে, তার পরদিন আমি এসেছিলাম। বাড়ির চারদিকে ঘুরে মনে হয়েছিল—এখানে বাইরে থেকে চোর ঢোকা খুব মুশকিল। বারান্দার থাম বেয়ে উঠলেও, জিনিসপত্তর চুরি করে থাম বেয়ে নামার সুবিধে নেই। কাজেই আমার বাড়ির লোকের কথাই বেশি করে মনে হয়েছিল, এবং চোরের দৃষ্টি যে কীসের দিকে, সে সম্বন্ধেও আমার মনে কোনও সন্দেহ ছিল না।

‘এবার চুরি এবং খুনের পর আমি সকলকে জেরা করি। সোমেশ্বরবাবুকে জেরা করতে জানতে পারলাম তিনি এটা টের পেয়েছিলেন, কিন্তু বাধা দেবার কোনওরকম চেষ্টা করেননি। এতে মনে হয় তিনি চোরকে দেখে একেবারে হতচকিত হয়ে গিয়েছিলেন। কিন্তু চুরির পর যে খুন হবে, সেটা তাঁর পক্ষে জানা সম্ভব ছিল না। চুরির মোটিভ অবশ্য একটাই হতে পারে; চোরের হঠাৎ বেশ কিছু টাকার দরকার পড়ে গেসল।

‘এ-বাড়িতে যাঁরা থাকেন, তাঁদের মধ্যে রণেন তরফদার ছবি ঐঁকে রোজগার করছিলেন, সাময়িকভাবে তাঁর অবস্থা স্বচ্ছন্দই বলা যেতে পারে। এ অবস্থায় তাঁর পক্ষে চুরি করাটা অস্বাভাবিক। অনিমেসবাবু ভালই আছেন বন্ধুর আতিথেয়তায়, কাজেই তাঁকে বাদ দেওয়া যেতে পারে।

‘এবার নিখিলবাবুতে আসা যাক। নিখিলবাবুর একটা অকশন-হাউস আছে। আমি খোঁজ নিয়ে জেনেছি, সে অকশন-হাউসের অবস্থা খুব ভাল না। সুতরাং নিখিলবাবুর পক্ষে পঞ্চরত্নের কৃষ্ণটা পাওয়া খুবই লাভজনক হবে। কারণ তিনি নিজের অবস্থা সামলে নিতে পারবেন। আমার ধারণা, প্রথম দিন নিখিলবাবুই চুরির চেষ্টা করতে গিয়ে ব্যর্থ হন।’

নিখিলবাবু বলে উঠলেন, ‘আপনি বিনা প্রমাণে দোষী সাব্যস্ত করছেন?’

ফেলুদা বলল, ‘এখানে শেষ তো হয়নি—আপনি তো চুরি করতে পারেননি। কাজেই আপনি উত্তেজিত হচ্ছেন কেন? আমি বলছি না যে আমার যুক্তি অকাট্য। আমি শুধু অনুমান করছি। আপনি আপত্তি করতে চান তো করতে পারেন, কারণ আসল ঘটনা হল দ্বিতীয় দিনের!’

‘প্রথম আর দ্বিতীয় দিনের ঘটনার মধ্যে একটি নতুন লোক এসে এ বাড়িতে উঠেছেন, তিনি হলেন জাদুকর সূর্যকুমার। এটাও আমি খোঁজ নিয়ে দেখেছি যে সূর্যকুমার তাঁর প্রদর্শনীতে লোকসান দিচ্ছে। আমরা যেদিন তাঁর ম্যাজিক দেখতে যাই, সেদিনও হলে অনেক সিট খালি ছিল। এই সূর্যকুমার কি চুরি করে থাকতে পারেন? কারণ তাঁর টাকার দরকার ছিল অবশ্যই।’

সূর্যকুমার বলে উঠলেন, ‘ভুলে যাচ্ছেন মিঃ মিস্ত্রি, আমি সোমেশ্বর বর্মনের সিন্দুক ও তার মধ্যে পঞ্চরত্নের কৃষ্ণ সন্ধ্যাে কিছুই জানতাম না।’

‘সূর্যকুমারবাবু,’ ফেলুদা বলল, ‘এবারে আমি আপনাকে একটা প্রশ্ন করতে চাই। সোমেশ্বরবাবুর আপনাকে খুব ভাল লেগে গিয়েছিল, তাই না?’

‘তা লেগেছিল নিশ্চয়ই, তা না হলে আর আমাকে এখানে থাকতে বলবেন কেন?’

‘কেন ভাল লেগেছিল, সে বিষয় আপনার কিছু বলার আছে?’

‘না।’

‘আমি যদি বলি যে আপনি তাঁকে তাঁর প্রথম সন্তানের কথা মনে করিয়ে দিয়েছিলেন। ইন ফ্যাক্ট তিনি বিশ্বাস করেছিলেন আপনিই তাঁর বড় ছেলে? সোমেশ্বরবাবু, আমি কি খুব ভুল বলেছি?’

‘কিন্তু আমার ছেলেই আমার শত্রু হল শেষ পর্যন্ত?’

‘সূর্যকুমারবাবুর গলার আওয়াজ একটু পাতলা, যার ফলে তাঁর ব্যক্তিত্বের কিছুটা হানি হয়। আমি নিখিলবাবুর কণ্ঠস্বরেও ঠিক একই পাতলা ভাব পেয়েছি। চেহারা দাড়ি-গোঁফ লাগিয়ে যতই পরিবর্তন করা যাক না কেন, কণ্ঠস্বর তো আর বদলানো যায় না। আমার মনে হয় এই কণ্ঠস্বরেই সোমেশ্বরবাবু চিনেছিলেন।’

‘ঠিকই বলেছেন মিঃ মিস্ত্রি, অখিলের গলার আওয়াজ আমি চিনেছিলাম।’

‘তা হলে সূর্যকুমারও পঞ্চরত্নের কৃষ্ণের কথাটা জানতেন?’

‘আমি জানতে পারি,’ বললেন সূর্যকুমার ওরফে অখিল বর্মন, ‘কিন্তু সে কৃষ্ণ সিন্দুকে ছিল না। আমি কিছুই চুরি করিনি।’

ঘরের মধ্যে একটা শোরগোল পড়ে গেল। আমিও অবাক! কৃষ্ণ ছিল না সিন্দুকের মধ্যে, তবে সেটা কোথায় গেল?

‘না, কৃষ্ণ ছিল না ঠিকই।’ বলল ফেলুদা, ‘আপনি চোর নন, কিন্তু আপনি খুনি।’

‘কিন্তু আমার কৃষ্ণ কোথায় গেল?’ চোঁচিয়ে উঠলেন সোমেশ্বরবাবু।

‘এই যে আপনার কৃষ্ণ।’

ফেলুদা তার কোটের পকেট থেকে জিনিসটা বার করে তার সামনে টেবিলের উপর রেখে দিল।

‘আপনাদের বাড়িতে দুবার চোর আসেনি। তিনবার এসেছিল। আমি যখন খবর পাই সূর্যকুমার এ-বাড়িতে এসে থাকছেন, তখনই আমার সাবধানতা অবলম্বন করার ইচ্ছেটা জাগে। নিখিলবাবুর সঙ্গে গলার আওয়াজ আর কথা বলার ঢং-এ মিল পেয়ে, আমার প্রথমই সন্দেহ হয়েছিল যে সূর্যকুমার আসলে অখিল বর্মন। উনি যখন নিজের পরিচয় গোপন করে রাখলেন, তখনই আমার মনে হল যে ওঁর কোনও এক দূরভিসন্ধি আছে। তারপর জানতে পারলাম ওঁর রোজগার ভাল যাচ্ছে না—উনি দেনা করে বসে আছেন, প্রতিবারই লোকসান দিচ্ছেন। তখনই আমি স্থির করি যে পঞ্চরত্নের কৃষ্ণটা আর সিন্দুকে থাকতে দেওয়া উচিত নয়। দারোয়ানকে মোটা ঘুস দিয়ে আমি বাড়িতে ঢুকি। তারপর বারান্দার থাম বেয়ে ওপরে উঠে, আমার হাত-সাফাইয়ের জোরে সোমেশ্বরবাবুর বালিশের তলা থেকে চাবিটা নিয়ে সিন্দুক খুলে, তার থেকে কৃষ্ণটা বার করে নিই। তারপর আবার একই পথে ফিরে আসি। দুঃখের বিষয়, আমি অবিনাশের

হত্যাটাকে রুখতে পারলাম না।’

ইনস্পেক্টর ঘোষ ততক্ষণে এগিয়ে গেছেন সূর্যকুমারের দিকে। ফেলুদা বলল, ‘এই একটা ব্যাপার, যেখানে আপনার ম্যাজিক খাটবে না, অখিলবাবু।’

সোমেশ্বরবাবু উঠে এসে ফেলুদার হাতটা আঁকড়ে ধরলেন। ‘আপনার জন্য আমার কৃষ্ণ বেঁচে গেল। আপনাকে ধন্যবাদ দেবার ভাষা আমার নেই।’

বাড়ি ফিরে এসে লালমোহনবাবু ফেলুদাকে বললেন, ‘মশাই, এতদিন আপনার ওপর ভক্তির ভাবই ছিল; এবার ভয় ঢুকল। আপনি যে তস্করের শিরোমণি, সেটা তো জানা ছিল না!’



অপ্সরা থিয়েটারের মামলা

১

টিভি-তে শার্লক হোমস দেখে ফেলুদা মুগ্ধ। বলল, ‘একেবারে বইয়ের পাতা থেকে উঠে এসেছে হোমস আর ওয়াটসন। জানিস তোপ্‌সে—আমাদের যা কিছু শিক্ষা দীক্ষা ওই শার্লক হোমসের কাছে। সব প্রাইভেট ডিটেকটিভের গুরু হচ্ছে হোমস। তাঁর সৃষ্টিকর্তা কন্যান ডয়েলের জবাব নেই।’

জটায়ু সাই দিয়ে বললেন, ‘লোকটা কত গল্প লিখেছে ভাবুন তো! এত প্লট কী করে যে মাথায় আসে সেটা ভেবে পাই না। সাথে কী আমার টাক পড়েছে? প্লট খুঁজতে গিয়ে মাথার চুল ছিঁড়ে!’

বাইরে বৃষ্টি পড়েছে, তার মধ্যে চা আর ডালমুটটা জমেছে ভাল। আসলে লালমোহনবাবুও একচল্লিশটা রহস্য উপন্যাস লিখেছেন, কিন্তু তার বেশির ভাগই ফেলুদার ভাষায় খোড় বড়ি খাড়া, খাড়া বড়ি খোড়। তবে প্লটের জন্য মাথা খুঁড়লেও ভদ্রলোকের উৎসাহের অভাব নেই। আর সত্যি বলতে কী, ফেলুদার সঙ্গে বন্ধুত্ব হবার পর থেকে ওঁর গল্পও অনেক ইমপ্রুভ করে গেছে।

‘শ্রীনাথকে একটু বলো না ভাই তপেশ,’ বললেন লালমোহনবাবু, ‘আর এক কাপ চা হলে মন্দ হত না।’

আমি শ্রীনাথকে চায়ের ফরমাশ দিয়ে আসতেই দরজায় টোকা পড়ল। তার আগে অবশ্য ট্যান্ড্রি থামার শব্দ পেয়েছি।

দরজা খুলে দেখি ছাতা মাথায় এক ভদ্রলোক, মাঝারি হাইট, ফরসা রং, দাড়ি গোঁফ কামানো, বয়স চল্লিশ-পঁয়তাল্লিশ।

বললাম, ‘কাকে চাই?’ অবিশ্যি এ প্রশ্নটা না করলেও চলত, কারণ দেখেই বুঝেছি মক্কেল।

‘এটা কি প্রদোষ মিত্রের বাড়ি?’ প্রশ্ন করলেন ভদ্রলোক।

এবারে ফেলুদাই বলে উঠল, ‘আপনি আসুন ভিতরে।’

ভদ্রলোক ছাতাটা বন্ধ করে ঢুকলেন।

‘ওটাকে দরজার পাশে রেখে দিন,’ বলল ফেলুদা।

ভদ্রলোক তাই করলেন, তারপর সোফার এক পাশে এসে বসলেন। ফেলুদা বলল, ‘আমার নাম প্রদোষ মিত্র; আর ইনি আমার বন্ধু লালমোহন গাঙ্গুলী।’

‘যাক, তবু আপনাকে বাড়ি পাওয়া গেল,’ বললেন ভদ্রলোক, ‘টেলিফোন করে কানেকশন

পাইনি। আজকাল যা হয় আর কী।’

‘কী ব্যাপার বলুন।’

‘বলছি। আগে আমার পরিচয়টা দিই। আমার নাম মহীতোষ রায়। নাম শুনে চিনবেন ততটা আশা করি না, যদিও থিয়েটার লাইনে আমার কিছুটা খ্যাতি আছে।’

‘আপনি তো অঙ্গরা থিয়েটারে আছেন, তাই না?’

‘ঠিকই ধরেছেন। এখন প্রফুল্লভে অভিনয় করছি।’

‘হ্যাঁ হ্যাঁ, জানি।’

‘আপনার কাছে এসেছি একটা সংকটে পড়ে।’

‘কী সংকট?’

‘কদিন থেকে আমি হুমকি চিঠি পাচ্ছি। কার কাছ থেকে তা বলতে পারব না।’

‘হুমকি চিঠি?’

‘তার কিছু নমুনা আমি সঙ্গে করে নিয়ে এসেছি। এই দেখুন।’

ভদ্রলোক পকেট থেকে চারটে কাগজ বার করলেন, তারপর সেগুলো টেবিলের উপর রাখলেন। আমি দেখলাম একটায় লেখা ‘সাবধান!’ আরেকটায় ‘তোমার দিন ফুরিয়ে এল’, আরেকটায় ‘তোমার দুষ্কৃতির ফল ভোগ কর’, আর চার নম্বরটায় ‘আর সময় নেই। এবার ইষ্টনাম জপ কর!’ গোটা গোটা বড় বড় অক্ষরে লেখা, আর সবই যে এক লোকের লেখা তা বোঝবার উপায় নেই।

‘এ সব কি ডাকে এসেছে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আজ্ঞে হ্যাঁ।’

‘এগুলো কদিনের মধ্যে পেয়েছেন?’

‘সাতদিন।’

‘কে লিখেছে কিছু অনুমান করতে পেরেছেন?’

‘একেবারেই না।’

‘আপনার প্রতি বিরূপ এমন কোনও লোকের কথা মনে করতে পারছেন না?’

‘দেখুন, আমি থিয়েটারে কাজ করি। আমাদের মধ্যে ছোটখাটো ঝগড়া, মনোমালিন্য—এ লেগেই আছে। আমি দুবছর হল অঙ্গরায় আছি, তার আগে রূপমঞ্চ ছিলাম। আমাকে নেওয়া হয় একটি অভিনেতার জায়গায়। স্বভাবতই সে অভিনেতা এতে সন্তুষ্ট হয়নি। সে নিশ্চয়ই ঈর্ষায় ভুগছে।’

‘এই অভিনেতার নাম কী?’

‘জগন্ময় ভট্টাচার্য। ভয়ানক ড্রিঙ্ক করতে শুরু করেছিল। তাই তাকে আর রাখা যায়নি। তিনি এখন কী করছেন কোথায় আছেন তা জানি না।’

‘এই জগন্ময় ভট্টাচার্য ছাড়া আর কারুর কথা মনে পড়ছে?’

‘আমার একটি ছোট ভাই আছে, তার সঙ্গে আমার বনে না। সে অবিশ্যি আলাদা থাকে। আমার বাবার মৃত্যুতে সম্পত্তি সব আমি পাই। আমার ছোট ভাই অসৎ সঙ্গে পড়ে নষ্ট হয়ে যায়। বাবা তাই তাকে উইল থেকে বাদ দেন। ছোট ভাই স্বভাবতই খুব অসন্তুষ্ট হয়। এ ছাড়া শত্রু বলতে আর কাউকে মনে পড়ে না।’

‘আপনি সাবধানে আছেন তো?’

‘তা তো আছি, কিন্তু আপনি যদি একটু পথ বাতলে দেন।’

‘এ ব্যাপারে সাবধানে থাকতে বলা ছাড়া তো আর কিছু বাতলাবার নেই। আপনি থাকেন কোথায়?’

‘বালিগঞ্জ। পাঁচ নম্বর পণ্ডিতিয়া প্লেস।’

‘একাই থাকেন?’

‘আজ্ঞে হ্যাঁ। একটি চাকর আর একটি রান্নার লোক আছে। আমি এখনও বিয়ে করিনি।’

‘সত্যি বলতে কী, এ অবস্থায় আমার আর কিছুই করার নেই। এরকম হুমকি কেস আমার কাছে আগেও এসেছে। চিঠিগুলো থেকে কিছু ধরা যায় না। এখানে চারটে চিঠিতে দেখছি চার রকম পোস্টমার্ক, কাজেই কোথেকে এসেছে তাও বলা যায় না। অধিকাংশ ক্ষেত্রেই দেখেছি শেষ পর্যন্ত কিছুই হয় না। তবে আপনাকে কেউ উৎকণ্ঠায় ফেলতে চাচ্ছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি বলি কী আপনি পুলিশে যান। তারা এসব ব্যাপারে আরও ভাল ব্যবস্থা করতে পারে।’

ভদ্রলোক যেন একটু মুষড়ে পড়লেন, বললেন, ‘পুলিশ?’

‘কেন, পুলিশের বিরুদ্ধে আপনার কোনও অভিযোগ আছে নাকি?’

‘না, তা নেই।’

‘তবে আর কী। আপনি সোজা থানায় গিয়ে রিপোর্ট করুন। আমায় যা বললেন তাই বলুন।’

ভদ্রলোক অগত্যা উঠে পড়লেন। ফেলুদা তাঁকে দরজা অবধি পৌঁছে দিল। তারপর ফিরে এসে বসে পড়ে বলল, ‘ভদ্রলোকের ডান হাতের আঙুলে একটা আংটির দাগ দেখলাম। সেই আংটিটা কোথায় গেছে কে জানে।’

‘বেচে দিয়েছেন বলছেন?’ জটায়ু প্রশ্ন করলেন।

‘দিলে আশ্চর্য হব না। পায়ের জুতো জোড়ার অবস্থাও বেশ খারাপ। প্রফুল্লতে উনি প্রধান ভূমিকায় অভিনয় করছেন না সেটা জানি। সেটা করছেন অঙ্গরার স্টার অভিনেতা নেপাল লাহিড়ী।’

‘কিন্তু কে ওঁর পিছনে লেগেছে বলো তো’, আমি প্রশ্ন করলাম।

‘কী করে বলব বল। উনি যে দুজনের কথা বললেন তাদের একজন হতে পারে। মোটকথা এ কেস আমার নেওয়া চলে না। আর অনেক সময় এগুলো স্রেফ ভাঁওতার উপর চলে। আমার কত টেলিফোন এসেছে বল তো হুমকি দিয়ে! সে সব মানতে হলে তো বাড়িতে হাত পা গুটিয়ে বসে থাকতে হয়।’

কিন্তু এই চিঠির ব্যাপারটা যে ভাঁওতা নয় সেটা তিন দিন পরেই জানলাম।

২

খবরটা জানা গেল খবরের কাগজ মারফত। ছোট করে লেখা খবর—অঙ্গরা থিয়েটারের অভিনেতা নিখোঁজ। মহীতোষ রায় নাকি সন্ধ্যাবেলা থিয়েটার না থাকলে লেকের ধারে বেড়াতে যেতেন। গত পরশু, অর্থাৎ সোমবার, তিনি যথারীতি বেড়াতে গিয়ে আর বাড়ি ফেরেননি। বাড়ির চাকর থানায় গিয়ে খবর দেয়। পুলিশ এই নিয়ে তদন্ত চালাচ্ছে।

ফেলুদা বিরক্ত হয়ে বলল, ‘লোকটাকে পই পই করে বলেছিলাম সাবধানে থাকতে, তার লেকে বেড়াতে যাবার কী দরকার ছিল? যাই হোক, আমার কাছে যখন এসেছিলেন ভদ্রলোক, তখন একবার ওঁর বাড়িতে যাওয়া দরকার। ঠিকানাটা মনে আছে?’

‘পাঁচ নম্বর পণ্ডিতিয়া প্লেস।’

‘গুড। তোর স্মরণশক্তি পরীক্ষা করছিলাম।’

নটা নাগাদ আমরা বেরিয়ে পড়লাম।

পাঁচ নম্বর পণ্ডিতিয়া প্লেস একটা ছোট দোতলা বাড়ি, তার একতলায় থাকতেন

মহীতোষবাবু। চাকর দরজা খুলে দিলে আমরা নিজেদের পরিচয় দিয়ে ভিতরে ঢুকলাম। ফেলুদা চাকরকে বলল, ‘তোমার মনিব আমার কাছে এসেছিলেন সাহায্য চাইতে। উনি মাঝে মাঝে হুমকি চিঠি পাচ্ছিলেন সে খবর তুমি জান?’

‘জানি বইকী বাবু। আমি বাইশ বছর ওনার কাজ করছি। আমাকে সব কথাই বলতেন। আমি ওঁকে অনেক করে বলেছিলাম—আপনি বেড়াতে যাবেন না, বাড়িতে থাকুন, সাবধানে থাকুন। তা উনি আমার নিষেধ শুনলেন না। যখন দেখলাম রাত সাড়ে নটা হয়ে গেল তাও আসছেন না, তখন আমি নিজেই গেলাম লেকে। কোনখানটায় উনি বসতেন, কোনখানটায় বেড়াতেন, সেটা আমি জানতাম। কিন্তু কই, তাঁকে তো কোথাও দেখতে পেলাম না। তারপর পুরো একটা দিন কেটে গেল, এখনও কোনও খবর নেই। আমি থানায় গেলাম। তেনারা সব লিখে-টিখে নিলেন, কিন্তু এখনও পর্যন্ত তো কিছুই হল না।’

ফেলুদা বলল, ‘তুমি এখন আমাদের সঙ্গে একবার আসতে পারবে? লেকে যে জায়গাটায় বসতেন সেটা যদি একবার দেখিয়ে দাও।’

‘চলুন বাবু, যাচ্ছি।’

‘তোমার নাম কী?’

‘দীনবন্ধু, বাবু।’

আমরা তিনজন ট্যাক্সি করে লেকে গিয়ে হাজির হলাম।

জলের ধারে একটা আমলকী গাছের পাশে একটা বেঞ্চি, তাতেই নাকি হাঁটা সেরে বসতেন ভদ্রলোক। হাঁটার অভ্যাসটা ডাক্তারই বলে বলে করিয়েছিলেন। এখন চতুর্দিকে কোনও লোক নেই, ফেলুদা খুব মন দিয়ে বেঞ্চি আর তার চারপাশটা পরীক্ষা করে দেখল। প্রায় মিনিট পাঁচেক তন্ন তন্ন করে খুঁজে ঘাসের মধ্যে একটা পিতলের কৌটো পেল। দীনবন্ধু সেটা দেখামাত্র বলে উঠল, ‘এ কৌটো তো বাবুর ছিল।’ কৌটোটা খুলে ভিতরে এলাচ আর সুপরি পাওয়া গেল। ফেলুদা সেটা পকেটে পুরে নিল। তারপর দীনবন্ধুকে জিজ্ঞেস করল, ‘তুমি কি ভবানীপুর থানায় খবর দিয়েছিলে?’

‘আজ্ঞে হ্যাঁ বাবু।’

‘ঠিক আছে। চলো তোমাকে বাড়িতে নামিয়ে দিয়ে আমরা একটু থানায় খবর দিয়ে আসি।’

মোটামুটি কলকাতার বেশির ভাগ থানার ওসি-র সঙ্গেই ফেলুদার আলাপ আছে। ভবানীপুর থানার ওসি হচ্ছেন সুবোধ অধিকারী। আমরা দীনবন্ধুকে পণ্ডিতিয়া প্লেন্সে নামিয়ে দিয়ে গেলাম অধিকারীর সঙ্গে দেখা করতে। রাশভারী হলেও বেশ মাইডিয়ার লোক, আর ফেলুদাকে খুব পছন্দ করেন। আমাদের দেখে একটু অবাক হয়েই বললেন, ‘কী ব্যাপার, এত সকাল সকাল?’

আমরা দুটো চেয়ারে বসলাম।

ফেলুদা বলল, ‘একটা ডিসাপিয়ারেন্সের কেস আপনাদের কাছে রিপোর্টেড হয়েছে। মহীতোষ রায়।’


‘হ্যাঁ। এটা বোধহয় সত্যবান দেখছিল। দাঁড়ান, ওকে ডাকি। একটু চা চলবে?’

‘তা আপত্তি নেই।’

মিনিট খানেকের মধ্যেই ইন্সপেক্টর সত্যবান ঘোষ এসে গেলেন। ইনিও ফেলুদার যথেষ্ট চেনা; দুজনে হ্যান্ডশেক করার পর সত্যবান বললেন, ‘কী ব্যাপার বলুন।’

‘মহীতোষ রায় বলে একটি অভিনেতা বোধহয় নিরুদ্দেশ হয়েছেন?’

‘নিরুদ্দেশ কেন, আমার তো মনে হয় তাকে মেরে ফেলা হয়েছে। তাঁর বাড়ি থেকে বেশ কয়েকটা হুমকি চিঠি পাওয়া গেছে। আর লেকের ধারে মেরে ফেলে গায়ে কিছু ভারী জিনিস বেঁধে লাশ জলে ফেলে দিলে সে তো আর পাওয়াও যাবে না। আপনি এ ব্যাপারে কী করে



ইন্টারেস্টেড হলেন?’

ফেলুদা মহীতোষবাবুর আসার কথাটা বলল। তারপর প্রশ্ন করল, ‘আপনারা কোনওরকম এগোবার রাস্তা খুঁজে পাননি বোধহয়?’

ঘোষ বললেন, ‘ভদ্রলোক অঙ্গরা থিয়েটারে অভিনয় করতেন। আমরা সেখানে খোঁজ করেছি, কিন্তু কিছু এগোতে পারিনি। থিয়েটারের কারুর সঙ্গে এমন শত্রুতা ছিল না যে খুন হতে পারে। পেটি জেলাসি সব সময়ই থাকতে পারে, কিন্তু সেটা খুনের কারণ হয় না।’

‘ভদ্রলোকের আর্থিক অবস্থা কেমন ছিল?’

‘মোটামুটি। বারোশো টাকা মাইনে পেতেন। একা মানুষ, তাই চলে যেত। অবিশ্যি খুনই যে হয়েছে একথা জোর দিয়ে বলা যায় না। ভদ্রলোককে কেউ হয়তো ফুসলে নিয়ে গেস্‌ল, কিংবা ভদ্রলোক হয়তো নিজেই কোনও কারণে গা ঢাকা দিয়েছেন।’

আমি আজ লেকের ওখানে গিয়েছিলাম। ভদ্রলোক যে বেষ্টিতে বসতেন তার পাশেই ঘাসে ওঁর একটা মশলার কৌটো পাই।’

‘তাই বুঝি?’

‘হ্যাঁ।’

‘তা হলে তো খুন বলেই মনে হচ্ছে। আততায়ীর সঙ্গে স্ট্রাগলের সময় পকেট থেকে কৌটোটা পড়ে গেছিল।’

‘তাই তো মনে হচ্ছে।’

‘ঠিক আছে। আমাদের এদিক থেকে কোনও খবর পেলো আপনাকে জানাব।’

‘ভেরি গুড। আমিও আপনাদের টাচে থাকব।’

মিঃ ঘোষ চলে গেলেন। চা এসে গিয়েছিল, আমরা চা খেয়ে উঠে পড়লাম।’

বাইরে বেরিয়ে এসে ফেলুদা বলল, ‘একবার অঙ্গরা থিয়েটারে যাওয়া দরকার। ওই কেমিস্টের দোকান থেকে লালমোহনবাবুকে একটা ফোন করে বলে দে উনিও যেন চলে আসেন।’

ফোন করে আমরা আবার ট্যান্ড্রি ধরলাম। যেতে হবে সেই শ্যামবাজার।

৩

অঙ্গরা থিয়েটারে পৌঁছে দেখি লালমোহনবাবু অপেক্ষা করছেন।

‘কী ব্যাপার মশাই?’ ভদ্রলোক জিজ্ঞেস করলেন।

‘আজ কাগজ দেখেননি?’

‘দেখেছি বইকী। মহীতোষ রায় তো হাওয়া।’

‘হাওয়া কেন, বোধহয় খতম।’

সংক্ষেপে লালমোহনবাবুকে সকালের ঘটনাটা বলে দিল ফেলুদা।

‘তা হলে এখন কি আমরা থিয়েটারে তদন্ত চালাব?’

‘একবার অন্তত ম্যানেজারের সঙ্গে কথা বলি।’

আমরা ফুটপাথে দাঁড়িয়ে কথা বলছিলাম, এবার গিয়ে ভিতরে ঢুকলাম। গেটে দারোয়ান বলল ম্যানেজারের নাম কৈলাস বাঁড়ুজ্যে। তিনি তাঁর অফিসেই আছেন।

ম্যানেজারের আপিসে পৌঁছতে গেলে একটা ঘর পেরোতে হয়। সেখানে একজন ভদ্রলোক একটা টেবিলের সামনে বসে কাগজপত্র ঘাঁটিছিলেন, জিজ্ঞেস করলেন আমাদের কী দরকার।

ফেলুদা এবার তার একটা কার্ড বের করে ভদ্রলোকের হাতে দিয়ে বলল, ‘একবার যদি

কৈলাসবাবুর সঙ্গে দেখা করতে পারি।’

ভদ্রলোক আমাদের অপেক্ষা করতে বলে গেলেন ভিতরের দিকে। মিনিটখানেক পরে বেরিয়ে এসে বললেন, ‘আপনারা আসতে পারেন।’

আমরা তিনজনে গিয়ে ম্যানেজারের ঘরে ঢুকলাম। বেঁটে, মোটা, কালো ভদ্রলোক। নাকের নীচে একটা সরু গোঁফ, বয়স আন্দাজ পঞ্চাশ। বললেন, ‘আপনার নাম তো শুনেছি, কিন্তু হঠাৎ আমার এখানে আসার প্রয়োজন হল কেন সেইটেই ভাবছি।’

ফেলুদা বলল, ‘আপনার একজন অভিনেতা সম্বন্ধে কিছু জানার ছিল—যিনি দুদিন হল নিখোঁজ।’

‘মহীতোষের কথা বলছেন? সে ব্যাপারে তো পুলিশ এসে এক দফা এনকোয়ারি করে গেছে।’

‘ভদ্রলোক আমার কাছে এসেছিলেন। কতকগুলো হুমকি চিঠি পেয়েছিলেন সেই নিয়ে আমার পরামর্শ নিতে।’

‘হুমকি চিঠি? তা হলে কি ও খুন হয়েছে নাকি? আমি তো ভাবলাম পাওনাদারের কাছ থেকে গা ঢাকা দিয়েছে।’

‘না। ঠিক সেরকম মনে হচ্ছে না।’

‘অবিশ্যি ও গিয়ে যে আমাদের একটা খুব বড় রকম ক্ষতি হয়েছে তা বলতে পারছি না। প্রশান্ত মোটামুটি চালিয়ে নিচ্ছে। পুলিশ কালকেই এসেছিল। আমরা বিশেষ কোনও ইনফরমেশন দিতে পারিনি। মহীতোষ একটু চাপা টাইপের চরিত্র ছিল। ওর কারুর সঙ্গে খুব একটা মাখামাখি ছিল না। অভিনয়টা মোটামুটি ভালই করত। তবে ওর ইচ্ছে ছিল প্রফুল্লতে মেন রোল করবার; সে ক্ষমতা ওর ছিল না।’

‘ওঁর কোনও শত্রু ছিল না বলছেন?’

‘বলছি তো—শত্রুও না, বন্ধুও না।’

‘জগন্ময় ভট্টাচার্য বলে এককালে আপনাদের একজন অভিনেতা ছিলেন?’

‘ছিল, কিন্তু তাকে তো অনেকদিন আগেই ছাড়িয়ে দেওয়া হয়েছে।’

‘তাঁর জায়গাতেই মহীতোষকে নেওয়া হয়, তাই না?’

‘তা বটে। এটা আপনি ঠিক বলেছেন, আমার খেয়াল হয়নি।’

‘এই জগন্ময় ভট্টাচার্যের বাড়ির ঠিকানা আপনার কাছে আছে?’

‘পুরনো ঠিকানা আছে, সে তো এখন সেখানে নাও থাকতে পারে।’

কৈলাসবাবু একটা ঘণ্টা টিপলেন। পাশের ঘর থেকে একটি বছর পঁচিশ বয়সের ছেলে এসে দাঁড়াল।


‘এঁদের জগন্ময়ের ঠিকানাটা দিয়ে দাও তো।’

এক মিনিটের মধ্যেই ঠিকানা এসে গেল। সাতাশ নম্বর নির্মল বোস স্ট্রিট। লালমোহনবাবু বললেন রাস্তাটা ওঁর জানা। আমরা উঠে পড়লাম।

নির্মল বোস স্ট্রিট শ্যামবাজারেরই একটা গলি। জগন্ময়বাবুর বাড়ির ঠিকানায় গিয়ে খোঁজ করে জানলাম ভদ্রলোক এখনও সেখানেই আছেন। ফেলুদা চাকরের হাতে তার কার্ডটা পাঠিয়ে দিল। অল্পক্ষণের মধ্যেই আমাদের ডাক পড়ল। আমরা একটা তক্তাপোশ পাতা ঘরে গিয়ে হাজির হলাম। তাতে একটি রোগা-রোগা কেন রুগ্ণ বললেই বোধহয় ঠিক বলা হবে—ভদ্রলোক বসে আছেন। আমরা ঘরে ঢোকাতেও তিনি বসেই রইলেন।

‘হঠাৎ আমার সঙ্গে ডিটেকটিভের কী প্রয়োজন পড়ল?’—ভদ্রলোকের প্রথম প্রশ্ন।

ফেলুদা বলল, ‘আপনি কি মহীতোষ রায় বলে একজন অভিনেতাকে চিনতেন?’



‘চিনতুম বললে ভুল হবে। সে এল, আর আমি বরবাদ হয়ে গেলুম—এই চেনা। কিন্তু সে তো দেখছি উধাও হয়ে গেছে।’

‘উধাও নয়, খুব সম্ভবত খুন হয়েছেন।’

‘খুন? অবিশ্যি আমার তাতে বুক ফেটে কান্না আসবে তা নয়। সে আমার ভাত মেরেছিল, সেটাই হচ্ছে আমার কাছে সব চেয়ে বড় টুথ।’

‘তার মৃত্যুর আগে মহীতোষবাবু কতকগুলো ছমকি চিঠি পেয়েছিলেন। সেই ব্যাপারে আপনি কোনও আলোকপাত করতে পারেন?’

‘আমি চিঠিগুলো লিখেছিলাম কিনা সেইটাই জানতে চাইছেন তো?’

‘আপনার তার উপরে এখনও যথেষ্ট আক্রোশ আছে দেখছি।’

‘সেটা আপনি কথাটা তুললেন বলে। মহীতোষ রায়ের ব্যাপার অতীতের ব্যাপার। এই নিয়ে আর আমি মাথা ঘামাই না। আমি তারপরে দীপ্তি থিয়েটারে কাজ পেয়ে যাই, এখনও সেখানেই আছি, যা পাচ্ছি তাতে আমার চলে যায়। মদ ছেড়ে দিয়েছি। আমি সাতেও নেই, পাঁচেও নেই। কেবলমাত্র একটা সমস্যা আছে সে হল হাঁপের কষ্ট। এছাড়া আমি দিব্যি আছি। মহীতোষের কথা আপনি মনে করিয়ে দিলেন বলে। নইলে আমি ভুলেই গিয়েছিলাম।’

‘আপনি অঙ্গরা ছাড়ার পর মহীতোষবাবুর সঙ্গে আপনার দেখা হয়নি?’

‘নো স্যার। একবারও না। এমনকী মধ্যে পর্যন্ত ওকে দেখিনি। অঙ্গরা থিয়েটারে আমি যাই না।’

8

এরপর তিন মাস কেটে গেছে; এর মধ্যে মহীতোষবাবুর কোনও খবর পাওয়া যায়নি। তিনি যে আততায়ীর হাতে প্রাণ হারিয়েছেন তাতে সন্দেহ করার কোনও কারণ নেই। অঙ্গরা থিয়েটারে আরেকবার যাওয়া হয়েছিল ওখানে যদি কোনও খবর থাকে জানবার জন্য, কিন্তু তাতেও কোনও সুবিধা হয়নি। শুধু এই খবরটা পাওয়া গেছে যে মহীতোষ রায়ের জায়গায় আরেকজন অভিনেতা বহাল হয়েছে। ঐর নাম সুধেন্দু চক্রবর্তী। ইনি প্রফুল্লভায়ে অভিনয় করছেন মহীতোষের জায়গায় এবং বেশ ভাল করছেন।

ফেলুদা এর মধ্যে মহীতোষ রায় সম্পর্কে আরও খবর নিয়েছে। ওঁর ছোট ভাই শিবতোষের সঙ্গে কথা বলে জেনেছে যে সে দাদার সঙ্গে কোনও সম্পর্ক রাখেনি।

ফেলুদা জিজ্ঞেস করল, ‘আপনার দাদার সঙ্গে আপনার বিরোধের কারণ কি শুধু সম্পত্তি?’

শিবতোষবাবু বললেন, ‘তার বেশি আর কারণের দরকার আছে কি? দাদা বাবাকে খোশামোদ করতেন। আমি সে দিকে যাইনি। খোশামোদ আমার ধাতে নেই। ছোট ছেলে বলে আমাকে সব সময় ছোট করে দেখা হয়েছে। বাবাও তাই করেছেন—দাদা তো বটেই। তাই আমি সম্পত্তি থেকে বঞ্চিত হলাম। এতে বিরোধের সৃষ্টি হবে তাতে আর আশ্চর্য কী?’

কথাগুলো শুনে আমার মনে হচ্ছিল শিবতোষবাবুর এখনও পুরোমাত্রায় আক্রোশ রয়েছে দাদার উপর।

ফেলুদা বলল, ‘আপনি মহীতোষবাবুর মৃত্যু সম্বন্ধে কোনও মন্তব্য করতে চান কি? এটা হয়তো আপনি বোঝেন যে তিনি যদি আততায়ীর হাতেই প্রাণ হারান, তা হলে সেই আততায়ী আপনি হওয়া কিছু আশ্চর্য নয়।’

‘আমি গত পাঁচ বছর দাদার মুখ পর্যন্ত দেখিনি। তাঁর সঙ্গে আমার সমস্ত সম্পর্ক চুকে গিয়েছিল। আর তাঁর থিয়েটারের জীবনের সঙ্গে আমার কোনও সম্পর্ক ছিল না।’



‘যেদিন মহীতোষবাবু নিখোঁজ হন সেদিন সন্ধ্যাবেলা ছটা থেকে আটটার মধ্যে আপনি কী করছিলেন মনে পড়ে?’

‘রোজ যা করি তাই করছিলাম; আমার বন্ধুদের সঙ্গে তাস খেলছিলাম।’

‘কোথায়?’

‘সর্দার শঙ্কর রোড। এগারো নম্বর। অনুপ সেনগুপ্তের বাড়ি। আপনি খোঁজ নিয়ে দেখতে পারেন।’

ফেলুদা এটা চেক করার জন্যে সর্দার শঙ্কর রোডে শিবতোষবাবুর বন্ধুর বাড়িতে গিয়েছিল। তিনি বলে দেন যে তাদের বাড়িতে রোজ তাসের আড্ডা হয় এবং শিবতোষবাবু নিয়মিত আসেন।

একটা বড় সাসপেন্সকে তাই ফেলুদাকে নাকচ করে দিতে হল।

পরদিন সকালে লালমোহনবাবু এসে বললেন, ‘মশাই, এ কেসটা কোনও কেসই না। আপনি মিথ্যে এটা নিয়ে মাথা ঘামাচ্ছেন। তার চেয়ে চলুন আমরা দিন চারেকের জন্যে কোথাও ঘুরে আসি। আমারও মাথায় একটা প্লট আসছে বলে মনে হচ্ছে, আর আপনিও মাথাটা একটু সাফ করে নিতে পারবেন।’

‘কোথায় যাবেন?’ ফেলুদা প্রশ্ন করল।

‘দিঘা গেলে কেমন হয়? ওটা তো এখনও দেখা হয়নি।’

‘বেশ তাই হোক। আমারও মনে হয় এ কেসটার কোনও নিষ্পত্তি হবে না। মহীতোষের হত্যাকারী আইনের হাত থেকে পার পেয়ে যাবে।’

আমরা পরদিনই দিঘা গিয়ে হাজির হলাম। টুরিস্ট লজে বুকিং ছিল, দিব্যি আরামে থাকা যাবে বলে মনে হল। আর তার উপর সমুদ্রে স্নান। লালমোহনবাবু একটা নতুন লাল সুইমিং কসট্যুম কিনে এনেছিলেন।

দিঘাতে কলকাতার খবরের কাগজ আসতে আসতে সন্ধ্যা হয়ে যায়। তিনদিনের দিন আনন্দবাজারটা হাতে নিয়ে প্রথম পাতা দেখেই ফেলুদা প্রায় লাফিয়ে উঠল।

‘সর্বশেষ খবর।’

‘কী ব্যাপার?’ লালমোহনবাবু আর আমি একসঙ্গে বলে উঠলাম।

‘অঙ্গরা থিয়েটারের প্রধান অভিনেতা খুন!’ বলল ফেলুদা, ‘এ কি আরম্ভ হয়েছে বল তো দেখি!’

খবরটা পড়ে দেখলাম। বলেছে অঙ্গরা থিয়েটারের প্রধান অভিনেতা নেপাল লাহিড়ী দু দিন আগে থিয়েটারের পর ট্যাক্সিতে বাড়ি ফিরছিলেন, পথে এক বন্ধুর বাড়িতে যাবেন বলে ট্যাক্সি থেকে নামেন। বন্ধুর বাড়ি একটা গলির মধ্যে। সেই গলিতেই তাকে ছোরা মেরে খুন করা হয়। পুলিশে খবর দেওয়া হয়েছে, তারা তদন্ত চালাচ্ছে। নেপালবাবুর স্ত্রী ও একটি বারো বছরের ছেলে আছে; তাঁরা এ-বিষয় কোনও আলোকপাত করতে পারেননি।

‘তা হলে কী হবে?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

‘তা হলে একবার আপনাকে যেতে হবে অঙ্গরা থিয়েটারে কিছু জিজ্ঞাসাবাদ করতে।’


‘কেন, আমাকে কেন?’

‘কারণ আমার পা-টা আজ মচকেছে সমুদ্রে স্নান করার সময়। কাল ভাল রকম ব্যথা হবে বলে মনে হচ্ছে।’

‘তা হলে চলুন আজই ফেরা যাক। কলকাতায় গিয়ে চুন-হলুদ দিয়ে পা-টা বেঁধে ফেলবেন।’

‘আপনি পারবেন তো আমার ভূমিকা নিতে?’

‘তা অ্যাডিন যখন আপনার সঙ্গে রয়েছি তখন কিছুটা জ্ঞানগম্বি তো হয়েইছে।’



আমরা সেদিনই কলকাতায় ফিরে এলাম। কথা হল পরদিন সকাল নটায় লালমোহনবাবু আমাদের বাড়ি আসবেন, ফেলুদা তাঁকে কিছুটা তালিম দিয়ে দেবে, তারপর দশটা নাগাত আমরা দুজনে যাব অঙ্গরা থিয়েটার।

পরদিন সকালে ফেলুদার কাছে তালিম নিয়ে আমরা ঠিক দশটায় পৌঁছে গেলাম অঙ্গরা থিয়েটারে। লালমোহনবাবুর গদগদ ভাব, বললেন, ‘আমার অনেকদিনের আপশোস ছিল যে তোমার দাদাকে আরেকটু সক্রিয় ভাবে সাহায্য করতে পারি না। এইবারে তার সুযোগ এসেছে।’ ভদ্রলোক আজ ধুতি পাঞ্জাবির বদলে প্যান্ট শার্ট পরে এসেছেন; বললেন এতে কাজটা অনেক চটপটে হয়। ‘ওভারনাইট কার্ড ছাপিয়ে নিলুম আমার নামে, দেখতে কেমন হয়েছে।’

কার্ড নিয়ে দেখি তাতে ইংরিজিতে লেখা রয়েছে ‘লালমোহন গাঙ্গুলী, রাইটার।’
‘দিব্য হয়েছে’, আমি বললাম।

দারোয়ানের হাতে একটা কার্ড ম্যানেজারের কাছে পাঠিয়ে দেওয়া হল, তিন মিনিটের মধ্যে আমাদের ডাক পড়ল।

কৈলাসবাবুকে দেখে মনেই হল না আমাদের উনি চিনতে পেরেছেন। বেশ রুক্ষভাবেই বললেন, ‘শুনুন, আমার এখানে এখন বিশেষ গোলমাল। আপনি যদি নতুন নাটক নিয়ে এসে থাকেন তো অন্য সময় হবে। এই কটা দিন বাদ দিন।’

লালমোহনবাবু জিভ কেটে বললেন, ‘নতুন নাটক নয় স্যার; আমি এসেছি প্রদোষ মিত্র প্রাইভেট ইনভেস্টিগেটরের প্রতিভা হয়ে। উনি অসুস্থ, তাই নিজে আসতে পারলেন না। উনি এর আগে মহীতোষ রায়ের ব্যাপারে একবার আপনার সঙ্গে দেখা করেছিলেন, তখন আমিও এসেছিলাম ওঁর সঙ্গে।’

‘হ্যাঁ—মনে পড়েছে। তা আপনি কী জানতে চাইছেন? খবরের কাগজে যা বেরিয়েছে তার বেশি কিছু বলার নেই।’

‘একটা প্রশ্ন ছিল—নেপালবাবুও কি মহীতোষবাবুর মতো হুমকি চিঠি পেয়েছিলেন?’

‘পেয়েছিল, তবে সে বিষয় প্রথম কদিন চেপে রেখেছিল। কোনও পাত্তা দেয়নি। তারপর তিনদিন আগে প্রথম আমাকে বলে। চিঠি পাচ্ছিল প্রায় দশদিন থেকে।’

‘সে চিঠি আপনি দেখেছেন?’

‘দু-তিনটে দেখেছি। গোটা গোটা অক্ষরে লেখা। হুমকি চিঠি যেরকম হয় সেরকমই আরকী। আমি ওকে সাবধানে থাকতে বলি, কিন্তু নেপাল মঞ্চের হিরো সাজত বলে নিজেকেও একটা হিরো বলে মনে করত। সে বলে, “এসব হুমকিতে আমি ঘাবড়াই না”।’

‘তিনি থাকতেন কোথায়?’

‘নকুলেশ্বর ভট্টাচার্য লেনে; সাতাশ নম্বর।’

‘উনি কি বিবাহিত ছিলেন?’

‘হ্যাঁ।’

‘কাগজে লিখেছে উনি ওঁর এক বন্ধুর বাড়ি যাবেন বলে ট্যাক্সি থেকে নেমেছিলেন। এই বন্ধুটি কে আপনি জানেন?’

‘গলিতে বাড়ি বলে যখন বলছে তখন শশধর চাটুজ্যে বলে মনে হয়। সেও অভিনেতা, রূপম থিয়েটারে অভিনয় করে।’

‘অঙ্গরা থিয়েটারে ওঁর কোনও শত্রু ছিল না?’

‘সে আর আমি কী করে বলব বলুন। প্রধান অভিনেতাকে সকলেই ঈর্ষা করে। সে অর্থে শুধু আমাদের থিয়েটারে কেন, অন্য থিয়েটারেও নেপালের শত্রু ছিল। তাকে সরাতে পারলে আমার থিয়েটার কানা হয়ে যাবে এটা অনেকেই জানত।’

‘আপনাদের থিয়েটার কি তা হলে এখন বন্ধ?’

‘আজ প্রফুল্লর লাস্ট শো ছিল—সেটা আর হবে না। আমরা তো নতুন নাটক আলমগীর নামাব বলে তোড়জোড় করছিলাম। নাম ভূমিকায় তো নেপালেরই করার কথা ছিল। এখন অন্য অ্যাকটরকে টাই করা হচ্ছে। একজন নতুন লোক এসেছে।’

‘কেমন?’

‘মন্দ নয় বোধহয়। দাড়ি গোঁফ নিয়ে আলমগীর সাজবার চেহারা নিয়ে চলে এসেছে। তার মেক-আপ লাগবে না।’

এবার আমার একটা কথা মনে পড়ল। বললাম, ‘এখানকার মেন অ্যাকটরদের বাড়ির ঠিকানাগুলো নিয়ে নিন। ফেলুদা হয়তো ওদের কারুর কারুর সঙ্গে কথা বলতে চাইবে।’

‘হ্যাঁ, এটা ঠিক বলেছে’, বললেন লালমোহনবাবু।

কৈলাসবাবুকে বলতে আবার ঘণ্টা টিপে ওর সেক্রেটারিকে আনিয়ে আমাদের সব নাম ঠিকানাগুলো আনিয়ে দিলেন।

‘যেই বন্ধুর বাড়িতে সেদিন নেপালবাবু যাচ্ছিলেন, তিনি কোথায় থাকেন বলতে পারেন?’

‘কাগজে দেখেননি? খুনটা হয়েছে মতি মিস্ত্রি লেনে। কাজেই তিনিও সেখানেই থাকতেন।’

আমরা ভদ্রলোককে আর বিরক্ত না করে উঠে পড়লাম। একবার মতি মিস্ত্রি লেনে শশধর চাটুজ্যের বাড়ি যাওয়া দরকার।

৫

মতি মিস্ত্রি লেনে তিনজনের বেশি লোক পাশাপাশি হাঁটতে পারে না। আমরা গাড়ি বড় রাস্তায় দাঁড় করিয়ে গলির দিকে এগোলাম। মোড়ে একটা পান বিড়ির দোকান। মালিককে জিজ্ঞেস করতে বলে দিল শশধর চাটুজ্যে তিন নম্বর বাড়িতে থাকেন।

তিন নম্বরের দরজায় টোকা মারতে একজন ভদ্রলোক দরজাটা খুললেন।

‘কাকে চাই?’

‘আমরা শশধর চাটুজ্যের খোঁজ করছিলাম।’

‘আমিই সেই লোক। আপনাদের প্রয়োজন?’

লালমোহনবাবু একটা কার্ড বার করে দিতে ভদ্রলোকের চোখ জ্বলজ্বল করে উঠল। ‘আপনিই কি সেই বিখ্যাত রহস্য রোমাঞ্চ কাহিনীর লেখক?’

লালমোহনবাবু একটু বিনয় করলেন।

‘বিখ্যাত কিনা জানি না, তবে আমিই সেই লোক।’

‘আরে বাবা! আপনার সব বই যে আমার পড়া। তা হঠাৎ এ-গরিবের বাড়িতে কী মনে করে?’

‘আমি এসেছি আমার বন্ধু গোয়েন্দা প্রদোষ মিত্রের তরফ থেকে।’

‘তাঁর নামও তো শুনিচি! আপনারা ভেতরে আসুন, ভেতরে আসুন।’

এতক্ষণে ঘরের ভিতর ঢুকলাম আমরা। একটা তক্তাপোশেই প্রায় ঘরটা ভরে আছে, তবে তার সঙ্গে দুটো কাঠের চেয়ার রয়েছে।

লালমোহনবাবু চেয়ারে বসে বললেন, ‘আপনার বন্ধুর খুনের ব্যাপারে আমরা তদন্ত করছি। সে সম্বন্ধে আপনি যদি কিছু বলেন।’

‘আমি আর কী বলব। সে আমার বাড়িতে ঢোকার আগেই খুন হয়। পাড়ার একটি ছেলে আমাকে খবর দেয়। বাইশ বছর হল আমাদের বন্ধুত্ব, যদিও রাইভ্যাল থিয়েটারে আমরা অভিনয় করতাম।’

‘ওঁর কোনও শত্রু ছিল বলে জানেন?’

‘নেপালের শত্রু থাকবে না? সে এত বড় একটা হিরো—অন্য সব অভিনেতার সে ঈর্ষার পাত্র। তার তো শত্রু থাকবেই।’

‘বিশেষ কারুর নাম মনে পড়ছে না?’

‘না। তা পড়ছে না। সেরকম কোনও নাম নেপাল করেনি আমার কাছে। সে কাউকে বিশেষ তোয়াক্কা করত না। একটু বেপরোয়া গোছের লোক ছিল। তার পেশায় তার সমকক্ষ খুব কমই ছিল। অন্য বহু থিয়েটার তাকে অনেক টাকার লোভ দেখিয়েছে। কিন্তু অঙ্গরায় তার অভিনয় জীবনের শুরু বলে সে আর কোথাও যায়নি।’

‘তিনি যে হুমকি চিঠি পাচ্ছিলেন সে কথা আপনাকে বলেছিলেন?’

‘বলেছিল বইকী, কিন্তু সে পান্তাই দেয়নি। এক নাম করা জ্যোতিষী তাকে বলেছিল সে বিরাশি বছর বাঁচবে। সেটা সে বিশ্বাস করত। বলত ওই বয়স অবধি সে অভিনয় চালিয়ে যাবে, আর মঞ্চের উপর শেষ নিশ্বাস ত্যাগ করবে।’

শশধরবাবু একটা দীর্ঘশ্বাস ফেললেন।

‘এর বেশি আমার আর কিছু বলার নেই, জানেন। আর আমার মন মেজাজও ভাল নেই। আপনারা বরং আসুন।’

আমরা উঠে পড়লাম।

এক সকালের পক্ষে অনেক কাজ হয়েছে মনে করে আমরা বাড়ির দিকেই রওনা দিলাম। ফেলুদাকে সব রিপোর্ট করতে হবে।

ফেলুদা সব শুনেটুনে লালমোহনবাবুর খুব তারিফ করল। বলল, ‘আপনি তো একেবারে পেশাদারি গোয়েন্দার মতো কাজ করেছেন। যেটা বাকি রইল সেটা হচ্ছে অঙ্গুরা থিয়েটারের অন্য প্রধান অভিনেতাদের জেরা করা। বিশেষ করে টপ অভিনেতা—যাদের সঙ্গে নেপাল লাহিড়ীর হৃদ্যতাও ছিল, রেবারেখিও ছিল।’

‘তোমার পা কী বলে?’ আমি জিজ্ঞেস করলাম।

‘এখনও নট নড়ন-চড়ন। আরও দুদিন অন্তত লাগবে সারতে। ভাল কথা অভিনেতাদের সঙ্গে যখন কথা বলবেন তখন নতুনটিকেও বাদ দেবেন না।’

‘না না, তা তো নয়ই।’

লালমোহনবাবু ফেলুদার কাজটা করে খুব খোশমেজাজে ছিলেন। বললেন, ‘এ এক নতুন অভিজ্ঞতা হল। আসলে আপনার কাজটা যত কঠিন বলে মনে হয় তত কঠিন নয়।’

‘কঠিন কেবল রহস্যোদ্ঘাটন।’

‘তা বটে, তা বটে। সেটা এখনও পারব না নিশ্চয়ই। আর সেরকম দাবিও করছি না। তবে একটা কথা বলতে পারি—আজ ওখানে আমাকে দেখলে আপনি চিনতেই পারতেন না।’

‘বটে?’

‘সেন্ট পারসেন্ট।’

‘ওখানে কি মহড়া চলছে?’

আমি বললাম, ‘চলছে বোধহয়। কয়েকদিনের মধ্যেই তো আলমগীর শুরু হবে।’

‘তা হলে ম্যানেজারকে টেলিফোন করে কোন সময় গেলে সকলের সঙ্গে দেখা হবে আর কথা বলা যাবে সেটা জেনে নিবি।’

‘ভেরি গুড।’

‘পুলিশ দেখলি?’

‘কই না তো।’

‘আছে নিশ্চয়ই। কাগজে তো লিখেছে তারা তদন্ত চালাচ্ছে। একবার ইনস্পেক্টর ভৌমিককে ফোন করব। তার আন্ডারেই কেসটা পড়বে বলে মনে হচ্ছে।’

৬

ইনস্পেক্টর ভৌমিকের সঙ্গে কথা বলে ফেলুদা জানল যে পুলিশ একটা গুণ্ডার দলকে সন্দেহ করছে। নেপালবাবুর নাকি একটা সোনার ঘড়ি ছিল সেটা খুনের পর পাওয়া যায়নি। খুবই দামি ঘড়ি, এবং সেটাই হয়তো খুনের কারণ হতে পারে। ফেলুদা বলল, ‘তা হলে থিয়েটারের সঙ্গে এ-খুনের কোনও সম্পর্ক নেই বলছেন।’ তাতে ভৌমিক বললেন ওঁর তাই ধারণা। একটা গুণ্ডার



দল কিছুদিন থেকেই নাকি ওই অঞ্চলে উৎপাত করছে। তারা প্রায় সকলেই দাগি আসামি। ছুরিটা নেপালবাবুর গায়েই বিধে ছিল, কিন্তু তাতে কোনও আঙুলের ছাপ পাওয়া যায়নি। সব শেষে ভৌমিক বললেন, তিনি আশা করছেন দিন তিনেকের মধ্যেই কেসটার নিষ্পত্তি হয়ে যাবে। ‘এবার আর আপনাকে কোনও ভূমিকা নিতে হবে না’, বললেন ভদ্রলোক।

ফেলুদা টেলিফোনটা রেখে বলল, ‘ম্যানেজারকে ওই ফোনটা করে নে। অভিনেতাদের একবার জেরা করা দরকার।’

আমি তখনই অঙ্গুরা থিয়েটারে ফোন করলাম। বার তিনেক ডায়াল করবার পর লাইন পেলাম। ম্যানেজার বললেন, ‘পুলিশ এক দফা জেরা করে গেছে সকলকে। তবে আপনারা যদি আবার করতে চান তা হলে বিষ্যুদবার সকাল সাড়ে দশটায় আসুন। সেদিন এগারোটায়

রিহার্সাল আছে; আপনাদের আধ ঘণ্টায় কাজ শেষ করতে হবে।’

আমি ফোনটা নামিয়ে রাখার পর ফেলুদা বলল, ‘টপ তিনজন আর ওই নতুন অ্যাকটরটিকে জেরা করলেই হবে।’

বিশ্বদবার সাড়ে দশটার পাঁচ মিনিট আগেই আমরা পৌঁছে গেলাম অঙ্গরা থিয়েটারে। ফেলুদাকে দেখে এসেছি তার আজও পায়ে ব্যথা রয়েছে। লালমোহনবাবু আজ আরও স্মার্ট; তার হাঁটা চলা এবং কথা বলার ঢংই বদলে গেছে।

আমরা প্রথমে ম্যানেজারের সঙ্গে দেখা করে বললাম যে আমরা তিনজন টপ অভিনেতা আর নতুন অভিনেতাটিকে প্রশ্ন করতে চাই।

‘তা হলে ধরণীকে দিয়ে শুরু করুন। ধরণী সান্যাল। সে এখানের সিনিয়ারমোস্ট আর্টিস্ট; ছাব্বিশ বছর হল কাজ করছে।’

আমাদের জেরার জন্য ম্যানেজারের পাশের ঘরটা খালি করে দেওয়া হল। ঘরে একটা সোফা আর তিনটে চেয়ার রয়েছে।

একজন বছর পঞ্চাশের ভদ্রলোক এসে ঢুকলেন। সিংহের কেশরের মতো চুল—তার বেশির ভাগই সাদা—চুলুচুলু চোখ, গায়ের রং মাঝারি।

‘আমার নাম ধরণী সান্যাল,’ বললেন ভদ্রলোক, ‘আপনারা গোয়েন্দা?’

‘আজ্ঞে হ্যাঁ,’ সোজাসুজি বললেন লালমোহনবাবু। ‘আমরা নেপাল লাহিড়ীর ব্যাপারে তদন্ত করছি।’

‘নেপাল হুমকি চিঠি পাচ্ছিল,’ বললেন ধরণীবাবু। ‘তাকে বললুম সাবধান হতে, সে কথা কানেই তুললে না। এর মধ্যে গেছে মতি মিস্ত্রি লেনে। আরে বাবা, বন্ধুর সঙ্গে কদিন না হয় নাই দেখা করলে। আমি তো ওকে পুলিশে খবর দিতে বলেছিলাম, কিন্তু ও গা-ই করেনি। ঠিক এরকম হয়েছিল আমাদের আরেক অভিনেতার—মহীতোষ রায়। অবিশ্যি মহীতোষের মৃত্যুটা থিয়েটারের পক্ষে তত বড় লস নয়।’

‘নেপালবাবুর কোনও শত্রু ছিল বলে জানেন?’

‘থিয়েটারের টপ পোজিশনে বসে থাকলে তার শত্রু থাকবেই। মানুষের ছয় রিপূর মধ্যে একটি হল মাৎসর্য। নেপালের শত্রু থাকবে না? তবে যদি জিজ্ঞেস করেন কোন শত্রু এই কুকীর্তি করেছে, বা শত্রু ছাড়া অন্য কেউ করেছে কিনা, তা বলতে পারব না।’

‘আপনার বাড়িতে তাঁর যাতায়াত ছিল?’

‘আজ্ঞে না। এমনই থিয়েটারে হুগুয় তিন দিন দেখা হচ্ছে, তার উপর সে আমার এমন বন্ধু ছিল না যে অন্যদিনও দেখা করব।’

‘যে দিন খুন হয় সেদিন সন্ধ্যাবেলা আপনি কী করছিলেন?’

‘কালিকঙ্কর ঘোষের বাড়ি কেতন শুনছিলুম। ইচ্ছে করলে যাচাই করে নিতে পারেন।’

‘ঠিক আছে; আপনাকে আর কোনও প্রশ্ন করার নেই।’

এবার এলেন দীপেন বোস। বছর পঁয়তাল্লিশ বয়স, মাথা ভর্তি কোঁকড়া চুল, ঠোঁটের কোণে একটা সিগারেট, দাড়ি-গোঁফ নেই।

ভদ্রলোক প্রথমেই বললেন, ‘আমি আর নেপাল প্রায় এক সঙ্গেই অঙ্গরা থিয়েটারে জয়েন করি। সে ছিল জাত অভিনেতা। আমারও অ্যান্টিশন ছিল, কিন্তু দেখলাম নেপালের সঙ্গে পেরে উঠব না।’

‘তাতে আপনার মনে ঈর্ষা জাগেনি?’

‘তা জেগেছে বইকী। বিলক্ষণ জেগেছে। অনেকদিন মনে মনে ভেবেছি—এই লোকটা আমার পথে কাটা হয়ে রয়েছে—এটাকে সরানো যায় না?’



‘এই চিন্তাকে কার্যে পরিণত করার ইচ্ছা হয়নি কোনওদিন?’

‘পাগল! আমরা ছাপোষা লোক। আমাদের দিয়ে কি খুনখারাপি হয়? নাটক করি, তাই নানারকম নাটকীয় চিন্তা মাথায় আসে—ব্যাস, ওই পর্যন্ত।’

‘যেদিন খুনটা হয় সেদিন সন্ধ্যাবেলা আপনি কী করছিলেন?’

‘বায়স্কোপ দেখছিলাম। তবে প্রমাণ দিতে পারব না। টিকিটের অর্ধাংশ আমি কখনও রাখি না।’

‘কী ছবি দেখলেন?’

‘মনের মানুষ।’

‘কেমন লাগল?’

‘থার্ড ক্লাস।’

‘ঠিক আছে, আপনি আসতে পারেন।’

তৃতীয় অভিনেতার নাম ভুজঙ্গ রায়। এর বয়স পঞ্চাশের উপর, চোখা নাক, চোখ কোটরে বসা, গাল তোবড়ানো, মাথার চুল পাতলা হয়ে এসেছে।

‘আপনার সঙ্গে নেপালবাবুর সম্ভাব ছিল?’

‘এই থিয়েটারে নেপালই ছিল আমার সবচেয়ে বড় বন্ধু।’

‘তাঁর মৃত্যু সম্বন্ধে আপনার কিছু বলার আছে?’

‘এর চেয়ে বড় ট্রাজেডি থিয়েটার-মহলে অনেকদিন হয়নি। নেপাল ছিল আশ্চর্য অভিনেতা। আমার সঙ্গে কোনওদিন ক্ল্যাশ হয়নি, কারণ ও করত নায়কের রোল আর আমি করতুম ক্যারেকটার পার্ট।’

‘উনি হুমকি চিঠি পাচ্ছিলেন সেটা আপনাকে বলেছিলেন?’

‘প্রথম দিনই। আমি ওকে ওয়ার্নিং দিই—এসব চিঠি উড়িয়ে দিয়ে না, আর বিশেষ করে মতি মিস্ত্রি লেনে কিছুদিন যাওয়া বন্ধ করো। ও পাড়াটা নটোরিয়াস। কে কার কথা শোনে? নেপালের বিশ্বাস ছিল তার আয়ু বিরাশি বছর—সেটা কেউ খণ্ডাতে পারবে না।’

‘তা হলে আপনার ধারণা গুণ্ডার হাতেই তাঁর মৃত্যু হয়?’

‘তাই তো মনে হয়, কারণ তার দামি ঘড়িটাও তো পাওয়া যায়নি। সোনার ওমেগা ঘড়ি, দাম ছিল সাত হাজার টাকা।’

ভুজঙ্গবাবুকে ছেড়ে দিলাম। উনি আমাদের ধন্যবাদ দিয়ে চলে গেলেন।

এবার এলেন নতুন অভিনেতা, নাম সুধেন্দু চক্রবর্তী। প্রথম দেখে একটু হকচকিয়ে যেতে হয়, কারণ মোগলাই দাড়ি আর গোঁফ দেখে মনে হয় উনি মেক-আপ নিয়ে রয়েছেন। বললেন, অঙ্গরা থিয়েটারে আলমগীর হচ্ছে শুনেই তিনি দাড়ি রাখতে আরম্ভ করেন। আগে শুধু গোঁফ ছিল।

‘আপনি এর আগে কোথায় অভিনয় করতেন?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

‘কোথাও না। দু-একটা আপিস ক্লাবে করেছি। আমার প্লাইউডের ব্যবসা ছিল। তবে অভিনয় আমার নেশা। আর কিছু না করার থাকলে আমি নাটকের বই খুলে পার্ট মুখস্থ করে আয়নার সামনে দাঁড়িয়ে অভিনয় করতাম। এখন অবশ্য তার আর দরকার হবে না।’

‘আপনি কি আলমগীরে পার্ট পেয়ে গেছেন?’

‘সে বিষয়ে সন্দেহ নেই, তবে কোন পার্ট সেটা এখনও স্থির হয়নি। মেন পার্টও হতে পারে।’

‘আপনি থাকেন কোথায়?’

‘অ্যামহার্স্ট রো।’

‘ব্যবসা কি এখন ছেড়ে দেবেন?’

‘হ্যাঁ। অ্যাকটিংই আমার ধ্যান ছিল; সুযোগ পাইনি বলে ব্যবসা চালাচ্ছিলাম।’

ফেলুদাকে যাতে ঠিকভাবে রিপোর্ট দিতে পারি তাই আমি কথোপকথনটা টেপ রেকর্ডারে রেকর্ড করে নিচ্ছিলাম। বুঝতে পারছিলাম লালমোহনবাবু প্রশ্নগুলো করছিলেন নিজেকে ফেলুদা হিসেবে কল্পনা করেই। এটা আমাদের কাছে একেবারে নতুন অভিজ্ঞতা।

সুধেন্দুবাবুকে আর একটাই প্রশ্ন করার ছিল।

‘আপনার সঙ্গে নেপালবাবুর আলাপ হয়েছিল?’

‘সামান্যই। তবে ওঁর অভিনয় আমি আগে অনেক দেখেছি। খুব ভাল লাগত।’

৭

ফেলুদা খুব মন দিয়ে আমাদের রিপোর্ট শুনল। তারপর বলল, ‘আমার অ্যাবসেন্সে তো তোরা বেশ চালিয়ে নিতে পারছিস।’

লালমোহনবাবু বললেন, ‘প্রশ্ন করাটাতে খুব একটা বুদ্ধি লাগে না, আসল কথা হচ্ছে উত্তরগুলো থেকে কী বোঝা গেল। আমি তো মশাই এখনও যেই তিমিরে সেই তিমিরে। আর গুণ্ডা যদি মেরে থাকে লাহিড়ীকে তাহলে তো পুলিশ তার কিনারা করবেই।’

‘গুণ্ডারা হুমকি চিঠি দিয়ে খুন করে না।’

‘তা বটে। তা আপনার কি মনে হয় নেপাল লাহিড়ী আর মহীতোষ রায়কে একজন লোকই খুন করেছে?’

‘একজন বা একই দল। সেটাই তো স্বাভাবিক।’

‘কিন্তু মোটিভটা—?’

‘ধরুন যদি অন্য থিয়েটারের লোক খুনটা করে থাকে, সেখানে তো স্পষ্ট মোটিভ রয়েছে। অঙ্গরা থিয়েটারে এখন টপ দুজন অভিনেতাই চলে গেল। ওদের আবার মাথা তুলে দাঁড়াতে কি কম সময় লাগবে?’

ফেলুদার পায়ে এখনও বেশ ব্যথা। বোধ হয় এক্স-রে করাতে হবে। ব্যান্ডেজ-বাঁধা পা কফি টেবিলের উপর তুলে ও সোফায় হেলান দিয়ে বসেছিল। বলল, ‘তোরা তো অনেক কাজ করলি, এবার আমায় একটু নিরিবিলা কাজ করতে দে!’

‘কী কাজ করবে তুমি?’

‘চিন্তা করব। একটা আলোর আভাস দেখতে পাচ্ছি অন্ধকারের মধ্যে। সেইটে আরও উজ্জ্বল হওয়া দরকার।’

লালমোহনবাবু বললেন, ‘আপনি ভাবুন; আমি আপনাকে কোনওরকম ডিসটার্ব না করে এক কাপ চা খাব। তপেশ ভাই, ভেতরে একটু বলে দিয়ে এসো না!’

ফেলুদা দেখলাম ভুকুটি করে চোখ বুজে ফেলেছে। শেষটায় কি ও ঘরে বসেই রহস্যের সমাধান করে ফেলবে নাকি?

কিছুক্ষণ চুপ থেকে ও একটা প্রশ্ন করল।

‘এইসব অভিনেতাদের সঙ্গে যে কথা বললি, এদের কারুর মধ্যে কোনও বাতিক লক্ষ করলি?’

আমি বললাম, ‘ভূজঙ্গ রায় নসি়া নেন; ধরণী সান্যাল বিড়ি খান আর সুধেন্দু চক্রবর্তী মশলা খান।’

‘গুড।’

আবার কিছুক্ষণ নিস্তব্ধতা। ইতিমধ্যে শ্রীনাথ লালমোহনবাবুকে চা এনে দিয়েছে, ভদ্রলোক



বেশ তৃপ্তিসহকারে পান করছেন। আমি একটা পত্রিকার পাতা উলটে যেতে লাগলাম। ফেলুদার কাছে নানারকম পত্রিকা আসে, তার বেশির ভাগই অবিশ্যি ওয়েস্ট পেপার বাস্কেটে চলে যায়।

মিনিট পাঁচেক নিস্তব্ধতার পর ফেলুদার দিকে চেয়ে দেখি ও চোখ খুলেছে, আর সেই চোখ জ্বলজ্বল করছে।

‘লালমোহনবাবু’, চাপা স্বরে বলল ফেলুদা।

‘আজ্ঞে?’

‘এই যে সুধেন্দু চক্রবর্তী—ইনি কি মাঝারি হাইটের ভদ্রলোক?’

‘হ্যাঁ।’

‘ফরসা রং?’

‘হ্যাঁ।’

‘বছর চল্লিশ-পঁয়তাল্লিশ বয়স?’



‘হ্যাঁ—কিন্তু আপনি ঐকে চেনেন নাকি?’

‘শুধু আমি নয়, আপনারাও চেনেন।’

‘বলেন কী?’

‘এবার বোধহয় ঘরে বসেই রহস্যোদ্ঘাটন হয়ে গেল।’

‘অ্যাঁ!’

‘দাঁড়ান, আগে ইনস্পেক্টর ভৌমিককে একটা ফোন করি।’

আমি ফেলুদার হয়ে নম্বরটা ডায়াল করে ফোনটা ওর দিকে এগিয়ে দিলাম। ফেলুদা বলল, ‘কে, হরিদাসবাবু? আমি প্রদোষ মিত্র কথা বলছি।—শুনুন, ওই অঙ্গুরা থিয়েটারের মামলাটা—আমার মনে হয় গুণ্ডাদের পিছনে সময় নষ্ট না করাই ভাল, কারণ আমি জেনে গেছি কে খুনটা করেছে। আমি তো চলৎশক্তিহীন। কাজেই আপনাকেই আসতে হবে আমার কাছে। আমি নাইনটি নাইন পার্সেন্ট সিওর...ঘণ্টা খানেকের মধ্যে এলেই হবে।’

ফেলুদা ফোন রেখে দিল। আমরা ওর মুখের দিকে চেয়ে রয়েছি।

‘খুব জানতে ইচ্ছে করছে, তাই না? ঠিক আছে। তাদের আর সাসপেন্সে রাখব না। ব্যাপারটা জলের মতো সোজা, অথচ জিলিপির মতো প্যাঁচালো। একটা কথা বলতেই হবে—হ্যাটস অফ টু দ্য মার্ভারার। আশ্চর্য ফন্দি এঁটেছিল। ফেলু মিত্রের পর্যন্ত ধোঁকা লেগে গিয়েছিল। আসলে এটা স্রেফ ঈর্ষার ব্যাপার। নেপাল লাহিড়ীকে সরিয়ে প্রধান অভিনেতার স্থান দখল করার চেষ্টা; তার জন্যেই খুন।’

‘কিন্তু মহীতোষ রায়?’

‘তিনি খুন হননি।’

‘অ্যা!’

‘না। তিনি এমনভাবে ঘটনাটাকে সাজিয়েছিলেন—হুমকি চিঠি থেকে আরম্ভ করে—যাতে মনে হয় তিনি খুন হয়েছেন। আসলে তিনি এখনও জীবিত এবং বহাল তব্বিতে রয়েছেন ছদ্মবেশে এবং নতুন ঠিকানায়। লেকে গিয়েছিলেন তিনি শুধু মশলার কৌটোটা ফেলে আসতে। তারপর গা ঢাকা দিলেই লেকের সন্দেহ হবে যে তিনি খুন হয়েছেন এবং তাঁর মৃতদেহ লেকের জলে ডুবে রয়েছে।’

‘আশ্চর্য মাথা বটে লোকটার।’

‘তারপর তিন মাসে দাড়ি গোঁফ গজিয়ে অঙ্গুরা থিয়েটারে আগমন। দাড়ি-গোঁফে মানুষের চেহারা একদম বদলে যায়। তাই আপনারা চিনতে পারেননি। অঙ্গুরাতে অভিনেতা দরকার—সুতরাং ওঁকে না নেওয়ার কোনও কারণ নেই, বিশেষত যখন সুপুরুষ চেহারা আর কণ্ঠস্বর ভাল।’

‘সুধেন্দু চক্রবর্তী!’

‘ইয়েস স্যার। মশলার অভ্যাস এখনও যায়নি—যদিও আপনাদের সামনে খেয়ে লোকটা কাঁচা কাজ করেছে। যাই হোক, তাঁর প্ল্যান একেবারে ষোলো আনা সফল হত, যদি না আপনারা আমাকে সাহায্য করতেন। লোকটা একটা পাকা খুনি বনে গিয়েছিল শ্রেফ উচ্চাভিলাষের বশে। আংটি চুরিটা অবশ্য শ্রেফ ভাঁওতা। কিন্তু ফেলু মিস্তিরকে তো সে চেনে না। আমার কাছে এসে যে কত বড় ভুল করেছে এবার সে বুঝতে পারবে।’

ফেলুদা যে ব্যাপারটা ঠিকই ধরেছিল সেটা অবিশ্যি পরদিনই ইনস্পেক্টর ভৌমিকের টেলিফোনে জানা গেল।

লালমোহনবাবু আমাকে আলাদা পেয়ে বললেন, ‘তোমার দাদার সঙ্গে আমাদের তফাতটা কোথায় সেটা হাড়ে হাড়ে টের পেয়েছি।’

‘কোথায় তফাত?’

লালমোহনবাবু তাঁর টাকের উপর ডান হাতের তর্জনীর ডগা দিয়ে টোকা মেরে বললেন—‘মাথায়!’



শকুন্তলার কণ্ঠহার

১

শেষ পর্যন্ত লালমোহনবাবুর কথাই রইল। ভদ্রলোক অনেকদিন থেকে বলছেন, ‘মশাই, সেই সোনার কেল্লার অ্যাডভেঞ্চার থেকে আমি আপনাদের সঙ্গে রইচি, কিন্তু তার আগে লখনৌ আর গ্যাংটকে আপনাদের যে দুটো অ্যাডভেঞ্চার হয়ে গেছে তখন তো আর আমি ছিলাম না। কাজেই সে দুটো জায়গাও আমার দেখা হয়নি। বিশেষ করে লখনৌ—এর মতো একটা ঐতিহাসিক শহর। আপনারা তো গেছেন সেই-কবে, চলুন না এবার পুজোয় আরেকবার যাওয়া যাক।’

ফেলুদার লখনৌ ভীষণ ভাল লাগে জানি, আর সেই সঙ্গে আমারও। আইডিয়াটা মন্দ
৪৬৪

না। প্রথমবার যখন যাই, আর আমাদের বাদশাহী আংটির অ্যাডভেঞ্চারটা হয়, তখন আমি খুব ছোট। এখন গেলে লখনৌ আরও ভাল লাগবে সেটা আমি জানি।

ফেলুদা বলল, ‘আমারও লখনৌ-এর কথা হলেই মনটা চনমন করে ওঠে। আর অত সুন্দর শহর ভারতবর্ষে কমই আছে। শহরের মাঝখান দিয়ে নদী বয়ে গেছে এ রকম কটা জায়গা পাবেন আপনি? ব্রিজের একদিকে শহরের অর্ধেক, বাকি অর্ধেক অন্য দিকে। তা ছাড়া নবাবি আমলের গন্ধুটা এখনও যায়নি। চারিদিকে তাদের কীর্তির চিহ্ন ছড়ানো। তার উপর সেপাই বিদ্রোহের চিহ্ন। নাঃ—আপনার কথাই শিরোধার্য। কদিন থেকে ভাবছি কোথায় যাওয়া যায় এবার পুজোয়। লখনৌই চলুন।’

ফেলুদা আজকাল ভাল রোজগার করে। প্রাইভেট গোয়েন্দাদের মধ্যে ওর নামডাকই সবচেয়ে বেশি। মাসে অন্তত সাত-আটটা কেস আসে, আর প্রতি তদন্তের জন্য দু হাজার করে পায়। অবিশ্যি রোজগারের দিক দিয়ে লালমোহনবাবুকে টেকা দেওয়া মুশকিল। একবার বলেছিলেন ওঁর বইয়ের থেকে বার্ষিক আয় নাকি প্রায় তিন লাখ টাকা। তার উপরে নতুন নতুন বই প্রতি বছরই বেরোচ্ছে।

আমরা আর দ্বিধা না করে লখনৌ যাবার ব্যবস্থা করে ফেললাম। দুই এক্সপ্রেসে তিনটি প্রথম শ্রেণীর টিকিট—রাত নটায় বেরোনো, পরদিন সন্ধ্যা সাড়ে ছটায় পৌঁছানো। সেই সঙ্গে অবিশ্যি হোটেল বুকিংও টেলিগ্রাম করে ফেলা হল। ফেলুদা বলল, ‘যাবই যখন তখন আরামে থাকব, নইলে ক্লান্তি যাবে না।’

‘কোন হোটেলে উঠবেন?’ জিজ্ঞেস করলেন জটায়ু।

‘হোটেল ক্লার্কস-আওয়ার্থ।’

‘আওয়ার্থ? আওয়ার্থ ব্যাপারটা কী?’

‘আওয়ার্থ হল অযোধ্যার উর্দু নাম।’

‘লখনৌ বুঝি অযোধ্যায়?’

‘সেটাও জানেন না? লখনৌ নামটাও এসেছে লক্ষ্মণ থেকে।’

‘রামের ভাই লক্ষ্মণ?’

‘ইয়েস স্যার। আওয়ার্থ হল লখনৌ-এর সেরা হোটেল। একেবারে গুম্ভীর উপরে। হোটেলের পাশ দিয়ে নদী বয়ে গেছে।’

‘বাঃ—আইডিয়াল। আওয়ার্থ অন দি গুম্ভী। ঠাণ্ডা কেমন হবে?’

‘সম্বন্ধের জন্য একটা পুলোভার নিয়ে নেবেন। অথবা আপনার গরম জ্বর কোট। আপনি সাহেব সাজবেন না বাঙালি সাজবেন তার উপর নির্ভর করছে।’

‘দুটোই নেব।’

‘ভেরি গুড।’

‘ওখানে তো বাঙালি অনেক?’

‘বিস্তর। হু-সাত পুরুষ থেকে লখনৌতে প্রবাসী এমন বাঙালিও আছে। বেঙ্গলি ক্লাব আছে—সেখানে পুজো হয়। বলা যায় না—আপনার অনুরাগী পাঠকও সেখানে কিছু পেয়ে যেতে পারেন।’

‘তা হলে আমার লেটেস্ট বই “সাংঘাইয়ে সংঘাত” কয়েক কপি সঙ্গে নিলে বোধহয় মন্দ হয় না।’

‘কয়েক কপি কেন—এক ডজন নিয়ে নিন।’

৫ই অক্টোবর শনিবার আমরা বেরিয়ে পড়লাম। স্টেশনে প্রচুর ভিড়। রিজার্ভেশন ক্লার্ক দেখলাম ফেলুদাকে দেখে চিনলেন—বললেন, ‘চলুন স্যার, আপনাদের বোগি দেখিয়ে

দিচ্ছি। একটা ফোর্থ-বার্থ কম্পার্টমেন্টে তিনটে বার্থ—এই তো ? এই যে আপনাদের বোগি। তিন নম্বর কামরা আপনাদের জায়গা—একটা লোয়ার, দুটো আপার বার্থ।’

আমরা গিয়ে আমাদের জায়গা দখল করলাম। বাড়ি থেকে তাড়াতাড়ি ডিনার খেয়ে এসেছি, তাই ট্রেনে খাবার বামেলা নেই। একটা লোয়ার বার্থে আরেকজন ভদ্রলোক বসে আছেন, বছর পঞ্চাশ বয়স, মাঝারি হাইট, ঠোঁটের উপর একটা সরু গোঁফ। আমাদের দেখে একটু সরে বসে পাশে জায়গা করে দিলেন। ফেলুদা সেখানে বসল, আমরা দুজন উলটো দিকের বার্থে। দশ দিন থাকব আমরা লখনৌ। মালপত্র বেশি নিইনি; আমার আর ফেলুদার জিনিস একটা বড় সুটকেসে আর লালমোহনবাবুর জিনিস তাঁর বিখ্যাত লাল জাপানি সুটকেসে। বলেন ওটা নাকি ওঁর পাড়ার এক ধনী ব্যবসাদার বন্ধু হযীকেশ চৌধুরী জাপান থেকে স্পেশালি লালমোহনবাবুর জন্য এনে দিয়েছেন।

আমাদের সহযাত্রীটি বাঙালি কি না সে বিষয় একটু সন্দেহ ছিল। সেটা দূর হল ভদ্রলোক যখন নিজে আলাপ করলেন।

‘আপনারা কদ্দূর যাবেন?’ জিজ্ঞেস করলেন ভদ্রলোক।

‘লখনৌ’, বললেন লালমোহনবাবু। ‘আপনি?’

‘আমিও লখনৌ যাচ্ছি। ওখানেই থাকি। আমরা তিন পুরুষ ধরে ওখানেই আছি। আপনারা কি বেড়াতে যাচ্ছেন?’

‘আজ্ঞে হ্যাঁ’, বললেন লালমোহনবাবু।

এবার ফেলুদা বলল, ‘আপনার সুটকেসে দেখছি তিনটি ইংরিজি হরফ লেখা রয়েছে—এইচ. জে. বি.। এরকম অদ্ভুত ইনিশিয়ালস তো বড় একটা দেখা যায় না। আপনার নামটা জিজ্ঞেস করলে আশা করি আপনি বিরক্ত হবেন না।’

‘মোটাই না। আমার নাম জয়ন্ত বিশ্বাস। এইচ-টা হল হেক্টর। আমি খ্রিস্টান। আমাদের পরিবারের সকলেরই একটা করে খ্রিস্টান নাম আছে।’

‘ধন্যবাদ’, বলল ফেলুদা। ‘আপনার নামটা যখন বললেন তখন আমাদের নামও বলা সমীচীন। আমি প্রদোষ মিত্র, এটি আমার খুড়তুতো ভাই তপেশ, আর ইনি আমাদের বন্ধু লালমোহন গাঙ্গুলী।’

ভদ্রলোক বললেন, ‘আমার শাশুড়ির নাম হয়তো আপনারা শুনে থাকবেন। উনি সাইলেন্ট-যুগে ফিল্মে অ্যাকটিং করতেন। খুব পপুলার ছিলেন।’

‘কী নাম বলুন তো?’ জিজ্ঞেস করলেন লালমোহনবাবু।

‘শকুন্তলা দেবী।’

‘আরেকবার’, বললেন লালমোহনবাবু, ‘তিনি তো যাকে বলে তখনকার দিনে একজন বিখ্যাত স্টার! আমার এক প্রতিবেশী আছেন, নরেশ বোস—এখন বয়স হয়েছে, তবে যুবা বয়সে তিনি ফিল্মের পোকা ছিলেন। তাঁর কাছে বাঁধানো “বায়োস্কোপ” পত্রিকা দেখেছি। তাতে শকুন্তলা দেবীর বিস্তার ছবি রয়েছে। তাঁর সম্বন্ধে লেখাও রয়েছে অনেক। তিনি বোধহয় বাঙালি ছিলেন না।’

‘না। অ্যাংলো ইন্ডিয়ান বলতে পারেন। আসল নাম ছিল ভার্জিনিয়া রেনল্ডস। তাঁর বাবা টমাস রেনল্ডস ছিলেন আর্মিতে। তিনি লখনৌতেই পোস্টেড ছিলেন। চোস্ত উর্দু বলতে পারতেন। তিনি একজন মুসলমান বাঈজিকে বিয়ে করেন। তাঁরই মেয়ে হলেন ভার্জিনিয়া।’

‘হাইলি ইন্টারেস্টিং’, বললেন লালমোহনবাবু। ‘কিন্তু তিনি তো বোধহয় টকিতে অভিনয় করেননি।’

‘না। এদেশে টকি আসার আগেই তিনি বিয়ে করে ফেলেন একজন বাঙালি ক্রিস্চানকে। তারপর প্রথম সন্তান হবার পরই শকুন্তলা দেবী ছবির কাজ থেকে অবসর গ্রহণ করেন। তাঁর প্রথম দুটি সন্তান ছিল মেয়ে, তৃতীয়টি ছেলে। আমি দ্বিতীয় মেয়েকে বিয়ে করি ১৯৬০-এ। আমার বড় শালি বিয়ে করেন একটি গায়ানকে। আমার ছোট শালা বিয়ে করেননি।’

এতদিন লখনৌতে থাকবার জন্যই বোধহয় ভদ্রলোকের বাংলায় একটা পশ্চিমা টান এসে গেছে। যদিও ভাষায় কোনও গুণগোল নেই।

এবার ফেলুদা একটা প্রশ্ন করল।

‘কোনও এক মহারাজা শকুন্তলা দেবীকে একটা মূল্যবান উপহার দিয়েছিলেন, তাই না?’

‘আপনি ঠিকই বলেছেন,’ বললেন জয়ন্তবাবু। ‘মাইসোরের মহারাজা। শকুন্তলার অভিনয়ে মুগ্ধ হয়ে তিনি তাঁকে একটি বহুমূল্য কণ্ঠহার উপহার দেন। তখনকার দিনেই দাম ছিল লাখ খানেকের মতো। কিন্তু এটা আপনি কী করে জানলেন? যদূর মনে হয় শকুন্তলা অভিনয় করতেন আপনার জন্মের আগে।’

‘তা তো বটেই,’ বলল ফেলুদা। ‘কিন্তু বছর পনেরো আগে আমি খবরের কাগজে একটা খবর পড়ি। এই হার চুরি হয়েছিল, তারপর পুলিশ সেটা উদ্ধার করে।’

‘ঠিক কথা। তখনও শকুন্তলা দেবী বেঁচে। তিনি মারা গেছেন তিন বছর আগে আটাত্তর বছর বয়সে। মারা যাবার পরেও এই হারটার কথা কাগজে বেরিয়েছিল।’ কিন্তু আপনার সেই পনেরো বছর আগের খবরের কথা মনে আছে—আপনার মেমরি তো খুব শার্প দেখছি।’

‘ক্রাইমের খবর আমি বহুদিন থেকেই খুব উৎসাহ নিয়ে পড়ি। আর পড়লে আমার মনেও থাকে। আসল কথাটা আপনাকে বলেই ফেলি। আমার পেশাটিও হচ্ছে ক্রাইমের সঙ্গে জড়িত।’

ফেলুদা পকেট থেকে তার একটা কার্ড বার করে জয়ন্তবাবুর হাতে দিল। ভদ্রলোকের চোখ কপালে উঠে গেল।

‘প্রাইভেট ইনভেস্টিগেটর! তাই বলুন। আপনার নামটা চেনা চেনা লাগছিল। আপনার তো একটা ডাকনামও আছে।’

‘হ্যাঁ। ফেলু।’

‘ফেলু। ইয়েস—ফেলুদা। আমার মেয়ে আপনার বিশেষ ভক্ত। আপনার সব অ্যাডভেঞ্চার কাহিনী তার পড়া। বাংলা সে এমনিতে একেবারেই পড়ে না, কিন্তু আপনার বইগুলো পড়ে। যাক, আপনার সঙ্গে আলাপ হয়ে খুব ভাল লাগল।’

এবার ফেলুদা লালমোহনবাবুর পরিচয়টাও দিয়ে দিল। বলল, ‘এঁর নাম লখনৌ অবধি পৌঁছেছে কি না জানি না, তবে ইনি বাংলার একজন বিশেষ জনপ্রিয় থ্রিলার রাইটার। জটায়ু ছদ্মনামে এঁর উপন্যাস বেরোয়।’

‘বাঃ দুজন বিখ্যাত লোকের সঙ্গে ট্রেনের কামরায় আলাপ হয়ে গেল এ তো আশ্চর্য ব্যাপার। লখনৌতে আপনারা উঠছেন কোথায়?’

‘ক্লার্কস-আওয়ার।’

‘আমি থাকি নদীর ওদিকে—বাদশাবাগে। আমি আপনার সঙ্গে যোগাযোগ করব। একদিন আমাদের বাড়িতে খেতে আসতে হবে আপনাদের। আমার স্ত্রী খুব ভাল মোগলাই রান্না রাঁধেন। তা ছাড়া আমার মেয়ে তো ফেলুদাকে দেখে থ্রিল্ড হয়ে যাবে। আপনাদের তিনজনেরই আসা চাই কিন্তু।’



‘নিশ্চয়ই, নিশ্চয়ই’, বলল ফেলুদা। ‘আর সেই সঙ্গে আশা করি বিখ্যাত কণ্ঠহারটাও একবার দেখা যাবে।’

‘সে তো খুব সহজ ব্যাপার। কারণ হারটা আমার কাছেই আছে। অর্থাৎ আমার স্ত্রীর কাছে।’

‘কেন ? ছোট মেয়ের কাছে কেন ? বড় মেয়ের কাছে নয় কেন ?’

‘কারণ ভার্জিনিয়ার তাঁর ছোট মেয়ের উপর বেশি টান ছিল। আর অনেক গুণ ছিল এই ছোট মেয়ের—অর্থাৎ আমার স্ত্রী সুনীলার। অবিশ্যি সে সব গুণের সদ্ব্যবহার সে করেনি। বিয়ের পর পুরো গৃহিণী বনে গিয়েছিল। বিয়ে না করলে হয়তো ফিল্মে চান্স নিত, কারণ তার অভিনয় দক্ষতা ছিল যথেষ্ট।’

‘আপনার স্ত্রীর নাম সুনীলা বললেন। ওঁনার কোনও ক্রিস্চান নাম নেই ?’

‘হ্যাঁ। ওর পুরো নাম প্যামেলা সুনীলা।’

রাত্রে দশটার মধ্যেই ঘুমিয়ে পড়ে সকালে সাড়ে ছটায় উঠে মুখ-টুখ ধুয়ে বস্ত্রায়ে ব্রেকফাস্ট খেলাম। মোগলসরাই আসবে পৌনে নটায়। লাঞ্চ খাব প্রতাপগড়ে সাড়ে বারোটায় সময়।

জয়ন্তবাবু দেখলাম খুব সকালেই ওঠেন। ব্রেকফাস্ট খেয়ে বললেন, ‘কাছেই কুপেতে আমার এক চেনা ভদ্রলোক রয়েছেন, তাঁর সঙ্গে একবার দেখা করে আসি।’

লালমোহনবাবুও স্নানটান করে দাড়ি কামিয়ে একেবারে ফিটফাট। উনি ‘বিক’ রেজার দিয়ে দাড়ি কামান। এগুলো বার তিন-চার ব্যবহার করে ফেলে দিতে হয়। কলকাতায় পাওয়া যায় না। লালমোহনবাবুর এক বন্ধু কাঠমাগু থেকে ওঁর জন্য চার প্যাকেট অর্থাৎ কুড়িটা এনে দিয়েছেন। বললেন, ‘ভারী আরামে শেভ করা যায় মশাই।’

ফেলুদা বলল, ‘দু মাস পরে তো আবার দিশি ব্রেডে ফিরে যেতে হবে।’

ভদ্রলোক একগাল হেসে বললেন, ‘নো স্যার। দাড়ি কামানোর ব্যাপারে আমি একটু লাক্সারি পছন্দ করি। আমি নিউ মার্কেট থেকে উইলকিনসন ব্রেড কিনি।’

‘সে তো অনেক দাম।’

‘সংসার করিনি, টাকা কার জন্যে জমাব বলুন তো ? তাই নিজের পেছনেই খরচ করি।’

‘আমাদের পেছনেও কম খরচ হয় না আপনার। আপনার গাড়ি আমরা প্রায়ই ব্যবহার করি।’

‘মশাই, তিনজনের একজন মাস্কেটিয়ারের গাড়ি আর দুজন চড়বে না—এ কেউ শুনেছে কখনও ?’

ফেলুদা একটা চারমিনার ধরিয়ে বাইরের প্যাসেজে পায়চারি করতে গেল। মিনিট পাঁচেক পরে ফিরে এসে বলল, ‘এক নম্বর কুপেতে জয়ন্তবাবু তাঁর আলাপীর সঙ্গে দিব্যি গল্পে মেতে আছেন। ইংরিজিতে কথা হচ্ছে, অর্থাৎ ভদ্রলোক অবাঙালি। দেখে আ্যাংলো ইন্ডিয়ান বলে মনে হল, যদিও রং আমাদেরই মতো।’

‘কী কথা হচ্ছে শুনতে পেলেন নাকি ?’ জিজ্ঞেস করলেন জটায়ু।

‘আলাপী বললেন, “আই গিভ ইউ জাস্ট থ্রি ডেজ।” এর বেশি আর কিছু শুনিনি।’

‘কথাটা কি হুমকি বলে মনে হল ?’

‘ট্রেনের শব্দের জন্য গলা তুলতে হয় বলে সব কথাই হুমকির মতো শোনায়।’

একটু পরেই জয়ন্তবাবু তাঁর আলাপীকে সঙ্গে নিয়ে আমাদের কামরায় এসে ফেলুদাকে বললেন, ‘আপনার সঙ্গে আলাপ করিয়ে দিই। দিস ইজ মিঃ সুকিয়াস—এ ওয়েলনোন বিজনেসম্যান অফ লাক্‌নাউ। তা ছাড়া আটের সমঝদারও বটে।’

সুকিয়াস ইংরিজিতে বললেন, ‘আশা করি আমাদের আবার লখনৌতে দেখা হবে। মিঃ বিসওয়াস আমার অনেকদিনের পুরনো বন্ধু।’

সুকিয়াস চলে গেলেন। জয়ন্তবাবু তাঁর বার্থের আধখানা দখল করে বসলেন। বাকি আধখানায় যথারীতি ফেলুদা বসেছে।

ফেলুদা জয়ন্তবাবুকে উদ্দেশ্য করে বলল, ‘আপনার শাশুড়ির আসল নাম বলছিলেন ভার্জিনিয়া রেনল্ডস। এই রেনল্ডস পরিবার কবে থেকে আছে ভারতবর্ষে ?’

জয়ন্তবাবু বললেন, ‘ভার্জিনিয়ার ঠাকুরদাদা জন রেনল্ডস ভারতবর্ষে আসেন ১৮২৭ খ্রিস্টাব্দে। তখন তাঁর বয়স উনিশ। তিনি বেঙ্গল রেজিমেন্টে যোগ দেন। ১৮৫৭-র স্পাই বিদ্রোহের সময় তিনি লখনৌতে পোস্টেড ছিলেন। যুদ্ধে যথেষ্ট বীরত্বের পরিচয়



দিয়ে একেবারে শেষদিকে সেপাইদের কামানের গোলায় প্রাণ দেন। তাঁর ছেলে টমাসও বেঙ্গল রেজিমেন্টে ছিলেন। তিনি উর্দু শিখে একদম ভারতীয় বনে গিয়েছিলেন। রাজার হালে থাকতেন। নিজের বাড়িতে রেগুলার বান্দিনাচের আয়োজন করতেন। ফরসিতে তামাক খেতেন, পান খেতেন, আতর মাখতেন। এমনকী মাঝে মাঝে দিশি পোশাকও পরতেন। অবশেষে তিনি ফরিদা বেগম নামে এক কথক নাচিয়াকে ভালবেসে ফেলে তাকে বিয়ে করেন। বাড়িতে মুলসমান কেতা চালু ছিল। লোকে টমাসকে বলত “টমাস বাহাদুর”। টমাসের প্রথমে দুটি ছেলে হয়, নাম এডওয়ার্ড আর চার্লস। এরাও ছেলেবেলা থেকেই উর্দু বলত। এরা কেউই আর্মিতে যোগ দেয়নি। এডওয়ার্ড উকিল হয়, আর চার্লস আসামের চা-বাগানে ম্যানেজারি করতে চলে যায়। সে আর লখনৌতে ফেরেনি। টমাসের তৃতীয় সন্তান অবশ্য ছিল ভার্জিনিয়া। উনি ছেলেবেলা থেকেই উর্দু আর ইংরিজি একসঙ্গে শিখেছিলেন। গায়ের রংটা ছিল সাহেবের মতো ফরসা, কিন্তু চুল আর চোখ ছিল কালো। তাই যখন ছবিতে দিশি চরিত্রে অভিনয় করতেন, তাঁকে বেমানান লাগত না।

‘আগেই বলেছি ভার্জিনিয়া একজন বাঙালি ক্রিস্চানকে বিয়ে করেন। এঁর নাম ছিল

পার্সিভ্যাল মতিলাল ব্যানার্জি। আসলে ইনি ছিলেন শকুন্তলার ছবির প্রোডিউসর। ইনিই আমার শাশুড়িকে ছবিতে নামান। স্ত্রীর ছবি থেকে উনি অনেক টাকা করেন। সত্যি বলতে কী, ভার্জিনিয়ার বাবা টমাস নবাবি করে শেষ জীবনে বেশ অর্থকষ্ট ভোগ করেন। তখন ভার্জিনিয়া তাঁর ফিল্মের রোজগার থেকে বাবাকে সাহায্য করেন।

‘পার্সিভ্যাল আর ভার্জিনিয়ার তিনটি সন্তান জন্মায়। বড় এবং মেজো হল মেয়ে, ছোটটি ছেলে। বড়টির নাম মার্গারেট সুশীলা। ইনি যে একজন গোয়ার অধিবাসীকে বিয়ে করেন সে কথা আগেই বলেছি। ঐর নাম স্যামুয়েল সাল্‌ডান্‌হা। এনার একটি বাদ্যযন্ত্রের দোকান রয়েছে।

‘দ্বিতীয়া মেয়ে প্যামেলা সুনীলাকে আমি বিয়ে করি ১৯৬০-এ। আমার ইমপোর্ট-এক্সপোর্টের ব্যবসা আছে। আমার মেয়ের কথা তো আগেই বলেছি। এ ছাড়া আমার একটি ছেলেও আছে। তার নাম ভিক্টর প্রসেনজিৎ। মেয়েটির নাম মেরি শীলা। ছেলেটিকে আমার আপিসে ঢোকাতে চেয়েছিলাম, কিন্তু সে রাজি হয়নি। সে নিজের পথে নিজের মর্জিমতো চলে। শীলা দুবছর হল ইজাবেলা থোবান্ন কলেজ থেকে বি এ পাশ করেছে। ভাল অভিনয় করতে পারে—বাংলা ইংরিজি দুইই। তবে ওর আসল ইন্টারেস্ট হল জানালিজমে। দু-একটা ইংরিজি লেখা কাগজে বেরিয়েছে—বেশ ভাল লেখা।’

ভদ্রলোক ফেলুদাকে একটা সিগারেট অফার করে নিজে একটা ধরালেন। লালমোহনবাবু যে সিগারেট খান না সেটা উনি জানেন।

ফেলুদা বলল, ‘অদ্ভুত ইতিহাস।’

‘হাইলি রোম্যান্টিক’, বললেন লালমোহনবাবু।

‘শকুন্তলা দেবীর কণ্ঠহারটা কি আপনার স্ত্রী কখনও পরেছেন?’ ফেলুদা প্রশ্ন করল।

‘দু-একটা পার্টিতে পরেছেন। তবে সচরাচর ওটা সিন্দুকেই তোলা থাকে। দেখলে বুঝবেন জিনিসটার কী মহিমা।’

‘আমি তো না দেখে থাকতে পারছি না’, বললেন লালমোহনবাবু।

‘আর দিন চারেক ধৈর্য ধরুন’, বললেন জয়ন্তবাবু।

৩

আমরা তিন দিন হল লখনৌতে এসেছি। প্রথমবারের কথা বার বার মনে পড়ছে। সেই বাদশাহী আংটি, মিঃ শ্রীবাস্তব, বনবিহারীবাবুর আশ্চর্য চিড়িয়াখানা, হরিদ্বার, আর লছমনঝুলার পথে আমাদের অ্যাডভেঞ্চারের শিহরন-জাগানো ক্লাইম্যাকস।

সেবার অবিশ্যি আমরা হোটেলে থাকিনি। খুব সম্ভবত ক্লার্কস-আওয়ধ হোটেল তখনও তৈরিই হয়নি। হোটেলটা সত্যিই ভাল। আমরা পাশাপাশি একটা ডাবল আর একটা সিঙ্গেল রুমে আছি। দু ঘরের জানালা দিয়েই গুপ্তী নদী দেখা যায়। নদীর ওপারে পশ্চিমে যখন সূর্য অস্ত যায়, সে দৃশ্য দেখবার মতো। হোটেলের খাওয়াও দুর্দান্ত ভাল। আমরা অনেক জায়গায় অনেক হোটেলে থেকেছি, কিন্তু এত ভাল খাওয়া কোনও হোটেলে খাইনি।

এই তিন দিনে লালমোহনবাবু লখনৌ-এর প্রায় বেশির ভাগ দ্রষ্টব্যই দেখে নিয়েছেন। আমরা প্রথম গেলাম বড়া ইমামবড়ায়। এর থাম-ছাড়া বিশাল হলঘর দেখে এবারও মাথা ঘুরে গেল। লালমোহনবাবুর মুখ হাঁ হয়ে গেছে, কথা বেরোচ্ছে না, শুধু একবার বললেন, ‘ব্রাভো নওয়াবস অফ লখনৌ।’

তারপর ভুলভুলাইয়া দেখে ভদ্রলোকের ভির্মি খাবার জোগাড়। এই গোলোকধাঁধায়

নবাবরা তাঁদের বেগমদের সঙ্গে লুকোচুরি খেলতেন শুনে ওঁর চোখ ছানাবড়া হয়ে গেল।

আরও চমক এল রেসিডেন্সিতে। ‘এ যে ইতিহাস চোখের সামনে ভেসে উঠছে মশাই। গোলাগুলির শব্দ পাচ্ছি, বারুদের গন্ধ পাচ্ছি। সেপাইদের এত এলোম ছিল যে এরকম একটা বিল্ডিংকে একেবারে ঝাঁঝরা করে দিয়েছিল?’

চতুর্থ দিনে সকালে একটু বাজারে গিয়েছিলাম এখানকার বিখ্যাত মিষ্টি ভুনা পেঁড়া কিনতে, হোটেল ফিরে এসে দেখি ঘরে ছাপানো নেমস্তন্ন চিঠি রয়েছে। পাঠিয়েছেন হেক্টর জয়ন্ত বিশ্বাস। আগামী শুক্রবার, অর্থাৎ পরশু, তাঁদের বিয়ের রৌপ্য জয়ন্তী উপলক্ষে মিঃ অ্যান্ড মিসেস বিশ্বাস আমাদের ডিনারে ডেকেছেন। নেমস্তন্ন চিঠির সঙ্গে একটা আলাদা কাগজে রাস্তার প্ল্যান আর কোনখানে বাড়ি সেটা ছাপা রয়েছে। বাড়িটা যে নদীর ওদিকে সেটা ভদ্রলোক আগেই বলেছিলেন। প্ল্যান দেখে বাড়ি খুঁজে বার করায় কোনওই অসুবিধা হবার কথা নয়।

বিকেলবেলা জয়ন্তবাবু নিজে ফোন করলেন। ফোনের পর ফেলুদাকে জিজ্ঞেস করাতে বলল ভদ্রলোক বলে দিলেন যেন আমরা অবশ্যই যাই। ওখানে অনেকের সঙ্গে আলাপ হবে, তা ছাড়া শকুন্তলার হারটাও দেখা যাবে। ফেলুদা আরও বলল যে ভদ্রলোক বলে দিয়েছেন যে একেবারে ইনফরম্যাল ব্যাপার, কোনও বিশেষ পোশাক পরবার দরকার নেই।

‘এইটাই আমার ভয় ছিল’, বলল ফেলুদা। ‘নেমস্তন্নে আপত্তি নেই, কিন্তু তার জন্য যদি সাহেব কিংবা বাবু সাজতে হয় তা হলেই গোলমাল।’

আমাদের হাতে একদিন সময় ছিল, তার মধ্যে ছোট্টা ইমামবড়া, ছত্তর মঞ্জিল আর চিড়িয়াখানা দেখে নিলাম। খাঁচার বাইরে বাঘ সিংহ দেখে লালমোহনবাবু ভয়ানক ইমপ্রেসড। বললেন কলকাতাতে এরকম হওয়া উচিত।

শুক্রবার একটা ট্যাক্সি নিয়ে আমরা পৌনে আটটায় বেরিয়ে পড়লাম। প্ল্যান দেখে বাড়ি বার করতে কোনও অসুবিধা হল না। একতলা ছড়ানো বাড়ি, সামনে বেশ বড় ফুলের বাগান। তার মধ্য দিয়ে নুড়ি ঢালা পথ চলে গেছে বাড়ির দরজা পর্যন্ত। আমরা দরজায় বেল টিপলাম, কয়েক সেকেন্ডের মধ্যেই একজন উর্দি পরা বেয়ারা এসে দরজা খুলে দিল। বাড়ির ভিতর থেকে লোকজনের গলার শব্দ পাচ্ছিলাম, বেয়ারা ভিতরে গিয়ে বলতেই জয়ন্তবাবু চটপট বেরিয়ে এসে আমাদের দিকে এগিয়ে এলেন।

‘আসুন, আসুন, মিঃ মিত্র, আই অ্যাম সো প্ল্যাড ইউ হ্যাভ কাম।’

আমরা তিনজন জয়ন্তবাবুর পিছন পিছন বৈঠকখানায় গিয়ে ঢুকলাম। দেখলাম পাঁচ-সাত জনের বেশি লোক নেই। হয়তো পরে আরও আসবে।

এর পর আলাপ পর্ব। প্রথমে জয়ন্তবাবুর স্ত্রী। দেখে বুঝলাম মহিলা এককালে সুন্দরী ছিলেন। তারপর তাঁর দুই ছেলেমেয়ে। মেয়েটি—নাম মেরি শীলা দেখতে সুশ্রী। চোখে মুখে বুদ্ধির ছাপ; ছেলেটির একেবারে পার্ক স্ট্রিট মার্কা চেহারা—দাড়ি, গোঁফ, ঝাঁকড়া ঝাঁকড়া চুল, তাতে চিরুনি পড়েনি। এরই নাম ভিক্টর প্রসেনজিৎ। তারপর জয়ন্তবাবু বললেন, ‘মিঃ অ্যান্ড মিসেস সাল্‌ডানহা।’ অর্থাৎ জয়ন্তবাবুর বড় শালি এবং তাঁর স্বামী। ভদ্রমহিলা মোটা হয়ে গেছেন, ভদ্রলোক আবার তেমনই রোগা, দাড়ি গোঁফ কামানো, ষাটের কাছাকাছি বয়স। এই সাল্‌ডানহারই বাজনার দোকান আছে—ইনি গোয়ার অধিবাসী। আপাতত এই কজনই রয়েছেন ঘরে।

ঘরটা বেশ বড়, আর সবচেয়ে আশ্চর্য লাগল দেখে যে ঘরের একদিকে একটা সিনেমা স্ক্রিন টাঙানো রয়েছে আর অন্যদিকে রয়েছে একটা প্রোজেক্টর। জয়ন্তবাবুকে জিজ্ঞেস করাতে বললেন ওঁদের কাছে শকুন্তলা দেবীর শেষ ছবির একটা প্রিন্ট আছে, সেটার একটা

রিল নাকি ডিনারের আগে দেখানো হবে। এই ছবিতে নাকি শকুন্তলা দেবী তাঁর বিখ্যাত হারটা পরেছিলেন। গল্পটা কপালকুণ্ডলা, আর শকুন্তলা দেবী সেজেছিলেন লুতফ-উম্মিসা। আমার তো শুনেই মনটা চনমন করে উঠল।

ফেলুদা প্রাইভেট ডিটেকটিভ শুনে সকলের মধ্যে একটা চাঞ্চল্য পড়ে গিয়েছিল। মেরি শীলা এসে বলল, ‘আমি আপনার একজন ভীষণ অ্যাডমায়ারার। দুঃখের বিষয় আমার কোনও অটোগ্রাফ খাতা নেই। আমি আজকালের মধ্যেই একটা খাতা কিনে নিয়ে আপনার হোটেল গিয়ে সেই নিয়ে আসব।’

বাংলার মধ্যে অনেকগুলো ইংরিজি কথা ব্যবহার করছিল শীলা। সেটা এখানে প্রায় সকলের মধ্যেই লক্ষ্য করছিলাম।

বেয়ারা পানীয় পরিবেশন করছিল। আমরা তো মদ খাই না, তাই তিনজনে তিন গelas ফলের সরবত নিয়ে মাঝে মাঝে চুমুক দিচ্ছিলাম। স্যামুয়েল সাল্‌ডান্‌হা আমাদের দিকে এগিয়ে এসে বললেন, ‘হজরতগঞ্জে আমাদের মিউজিক শপ। একদিন দোকানে এলে আমি খুব খুশি হব।’

‘আপনার দোকানে দিশি যন্ত্রও বিক্রি হয়?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আমরা এখন সেতারও রাখছি’, বললেন ভদ্রলোক।

এবার একজন ভদ্রলোক এলেন তাঁকে দেখেই বুঝলাম তিনি জয়ন্তবাবুর শালা, কারণ তাঁর চেহারার সঙ্গে সুশীলা দেবীর খুব সাদৃশ্য। ইনি প্রায় সাহেবের মতোই দেখতে, কারণ এঁর চুল আর চোখও কটা।

ইনি একটা হুইস্কির গelas তুলে নিয়ে আমাদের দিকে এগিয়ে এসে বললেন, ‘আমার নাম রতনলাল ব্যানার্জি। আমি জয়ন্তর ব্রাদার-ইন-ল। আপনাদের পরিচয়...?’

এই সময় জয়ন্তবাবু এগিয়ে এসে আমাদের পরিচয় দিয়ে দিলেন।

‘প্রাইভেট ডিটেকটিভ?’ রতনলাল ভুরু কপালে তুলে জিজ্ঞেস করলেন। ‘আপনি কি কোনও কেসের ব্যাপারে লখনৌতে এসেছেন?’

ফেলুদা হেসে বলে, ‘না, স্রেফ ছুটি।’

এই সময় একজন ভদ্রলোক ঘরে এসে ঢুকলেন বাড়ির ভিতর থেকে। বৃদ্ধই বলা চলে। সম্ভবত ঘাটের উপর বয়স নিশ্চয়ই। বুঝলাম তিনিও এই বাড়িতেই থাকেন। ভদ্রলোকের চেহারাটা কী রকম যেন অপরিচ্ছন্ন। এই পার্টিতে তাঁকে মানাচ্ছে না। পোশাক অপরিষ্কার, দাড়িও অন্তত দুদিন কামাননি, মাথার চুল লম্বা হয়ে কাঁধ পর্যন্ত নেমেছে।

জয়ন্তবাবু ভদ্রলোকের পিঠে হাত দিয়ে আমাদের দিকে নিয়ে এলেন।

‘আপনাদের সঙ্গে আলাপ করিয়ে দিই’, বললেন জয়ন্তবাবু। জানা গেল ইনি হচ্ছেন একজন চিত্রশিল্পী। নাম সুদর্শন সোম। এককালে খুব নাম করা পোর্ট্রেট পেন্টার ছিলেন, শকুন্তলা দেবীর অনেকগুলো ছবি এঁকেছিলেন। এখন রিটারার করে জয়ন্তবাবুর বাড়িতেই গেস্ট হয়ে থাকেন। আর্টিস্টকে এই বয়সে রিটারার করতে শুনি কখনও, তাই একটু অবাক লাগল। এবার লক্ষ্য করলাম বৈঠকখানার দেয়ালে একটা ছবি—এক মহিলার, বছর চল্লিশেক বয়স—তার তলার কোণের দিকে লেখা এস. সোম। ইনিই কি শকুন্তলা দেবী? বয়স বেশি হলেও চেহারায় বেশ একটা জৌলুস রয়েছে। তখন অবিশ্যি শকুন্তলা দেবী আর ছবি করেন না। সুদর্শন সোম এবার বেয়ারার ট্রে থেকে একটা হুইস্কির গelas তুলে নিলেন। ভদ্রলোককে দেখে কেন জানি কষ্ট হচ্ছিল।

ঘরের মধ্যে সবচেয়ে বেশি কথা বলছিলেন স্যামুয়েল সাল্‌ডান্‌হা! ইনি রাজনীতি নিয়ে উচ্চৈঃস্বরে তর্ক জুড়ে দিয়েছেন রতনলাল ব্যানার্জির সঙ্গে। সেই তর্কে দেখলাম সুদর্শন

সোমও যোগ দিলেন ।

আমি খালি ভাবছিলাম শকুন্তলা দেবীর হারটা কখন দেখা যাবে । দুই গিমিকে দেখছি অতিথিদের দিকে দৃষ্টি দিয়ে চলেছেন । জয়ন্তবাবুর স্ত্রী সুনীলা দেবী ফেলুদাকে এসে বললেন, ‘আপনি অরেঞ্জ স্কোয়াশ খাচ্ছেন, ব্যাপার কী—আপনি ড্রিংক করেন না বুঝি ?’

ফেলুদা হেসে বলল, ‘না, আমাদের পেশায় মাথাটা সব সময় ঠাণ্ডা রাখাই ভাল ।’

‘কিন্তু আমি তো জানতাম প্রাইভেট ডিটেকটিভরা ভীষণ ড্রিংক করে ।’

‘সেটা আপনার ধারণা হয়েছে বোধহয় আমেরিকান ক্রাইম উপন্যাস পড়ে ।’

‘তাই হবে । আমি ভীষণ গোয়েন্দা কাহিনীর ভক্ত ।’

‘ভাল কথা’, ফেলুদা আর না বলে পারল না, ‘আপনার স্বামী বলছিলেন আজ শকুন্তলা দেবীর হারটা একবার আমাদের দেখাবেন ।’

‘ও হ্যাঁ—তা তো বটেই—দেখেছেন, আমি একদম ভুলে গেছি । শীলা !’

শীলা তার মা-র দিকে এগিয়ে এল ।

‘কী মা ?’

‘যাও তো সোনা—তোমার দিদিমার হারটা একবার নিয়ে এসো তো । জানো তো চাবি কোথায় আছে । মিঃ মিত্র একবার দেখতে চাইছেন ।’

শীলা তক্ষুনি চলে গেল আদেশ পালন করতে ।

‘চাবি বুঝি আপনার কাছে থাকে না ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘না । ওটা থাকে আমার ড্রেসিং টেবিলের দেয়ালে । হারটা থাকে সিন্দুকে । এ বাড়িতে চুরি হবার কোনও ভয় নেই । আমার চাকররা সব পুরনো । সুলেমান—যে আপনাদের দরজা খুলে দিল—সে আছে আজ ত্রিশ বছর । অন্য চাকরও সব পুরনো আর বিশ্বস্ত ।’

তিন মিনিটের মধ্যে শীলা ফিরে এল—তার হাতে একটা গাঢ় নীল মখমলের বাস্ক । মেয়ের হাত থেকে বাস্কটা নিয়ে নিলেন সুনীলা দেবী । তারপর ‘এই যে’ বলে বাস্কটা খুলে এগিয়ে দিলেন ফেলুদার দিকে ।

আমি আর লালমোহনবাবু বাস্কটার দুদিকে দাঁড়িলাম, আর দুজনের মুখ থেকে একই সঙ্গে একটা বিস্ময়সূচক নিশ্বাস টানার শব্দ বেরিয়ে এল ।

এমন অপূর্ব গয়না আমি কখনও দেখিনি । নকশাদার সোনার হার । তাতে হিরে থেকে শুরু করে যত রকম মণিমুক্তো হয় সব বসানো ।

‘আশ্চর্য জিনিস’, বলল ফেলুদা । ‘এরকম হার দুটি হয় না । এটার আজকের দর কত হতে পারে তা আন্দাজ আছে আপনার ?’

‘তা দুই আড়াই লাখ হবে নিশ্চয়ই ।’

‘থাক—এটা আর বেশিক্ষণ বাইরে রাখা ভাল না । নাও, শীলা, এটা আবার রেখে দিয়ে এসো ।’

শীলা হারটা নিয়ে চলে গেল ।

একটা জিনিস লক্ষ করছিলাম যে জয়ন্তবাবুর ছেলে আমাদের দিকে বেশি ঘেঁষছে না । দেখে মনে হল ছেলেটি মিশুকো নয় । আর পার্টিটাও যেন সে বিশেষ উপভোগ করছে না । অবিশ্যি এই টাইপের এই বয়সী ছেলেরা এরকমই হয়, এটা কলকাতাতেও লক্ষ করছি । এরা নিজেরা দল ছাড়া কোনও দলের সঙ্গেই মিশতে পারে না ।

ড্রিংকসের পর্ব বোধহয় শেষ হল, কারণ এবার একজন ভদ্রলোক এসে এক রোল ফিল্ম নিয়ে প্রোজেক্টরে চাপাতে শুরু করলেন । কিছুক্ষণ পরে ভদ্রলোক বললেন, ‘আমি রেডি আছি ।’

জয়ন্তবাবু এবার ঘোষণা করলেন যে শকুন্তলা দেবী অভিনীত কপালকুণ্ডলা ছবির একটা রিল দেখানো হবে। ‘সুলেমান, ঘরের বাতিগুলো নিবিয়ে দাও তো।’

ঘর অন্ধকার হয়ে গেল। তারপর ঘরঘর শব্দ তুলে প্রোজেক্টর চলতে শুরু করল। পর্দায় ছবি নড়ে উঠল। সেই আদ্যিকালের ছবি। জয়ন্তবাবু বললেন, ‘এটা ১৯৩০ সালের ছবি। ভারতবর্ষে টকি আসার ঠিক আগে।’

আমি অবাক হয়ে দেখছিলাম শকুন্তলা দেবীকে। দেখলে মেমসাহেব মনে হয় না। চেহারা সত্যি খুবই সুন্দর—আজকের দিনেও পর্দায় এত সুন্দরী বড় একটা দেখা যায় না। কিন্তু সাইলেন্ট ছবির যা দোষত্রুটি আর থিয়েটারি অভিনয় সেটাও যে নেই এই কপালকুণ্ডলায় তা নয়। তবুও জানা গেল শকুন্তলা দেবীর পপুলারিটির খানিকটা কারণ। মহারাজা থেকে শুরু করে পানবিড়িওয়ালা পর্যন্ত সকলকেই মুগ্ধ করেছিলেন তিনি। সকলেই তাঁর ছবি দেখত আর বাহবা দিত।

দশ মিনিট চলে ছবি বন্ধ হল।

ঘরের বাতি জ্বলে উঠল। সকলে আবার কথাবার্তা শুরু করল।

এই অন্ধকার অবস্থাতেই যে আরেকজন ঘরে ঢুকেছে তা টের পাইনি। এঁকে আমরা চিনি। ইনি হলেন মিঃ সুকিয়াস। ইনি ক্ষমা প্রার্থনা করলেন পার্টির দিনে এসে পড়ার জন্য। অর্থাৎ ইনি নিমন্ত্রিত হননি—এমনি বোধহয় জয়ন্তবাবুর সঙ্গে দেখা করতে এসেছিলেন।

বেয়ারা এসে খবর দিল পাত পড়েছে—ডিনার ইজ সার্ভড।

চমৎকার মোগলাই রান্না খেয়ে আমরা যখন হোটেলে ফিরলাম তখন বেজেছে সোয়া এগারোটা। পার্টি যে আরও কিছুক্ষণ চলেছিল তাতে সন্দেহ নেই।

8

পরদিন সকালে ফেলুদা আমার কাঁধ ধরে বাঁকুনি দিয়ে আমাকে ঘুম থেকে তুলল। আমি ধড়মড়িয়ে উঠে বসলাম।

‘কী ব্যাপার ফেলুদা?’

ফেলুদার মুখ গম্ভীর।

‘জয়ন্তবাবু ফোন করেছিলেন। এফুনি। শকুন্তলা দেবীর কণ্ঠহার মিসিং।’

‘সর্বনাশ!’

‘তুই চট করে তৈরি হয়ে নে। আমি লালমোহনবাবুকে খবরটা দিয়ে আসছি। আমাদের ব্রেকফাস্ট খেয়েই যেতে হবে ওখানে। শুধু মিঃ সুকিয়াস ছাড়া আর সকলেই এসেছে ওখানে খবরটা পেয়ে।’

‘পুলিশে খবর দেয়নি?’

‘দিয়েছে, কিন্তু আমাকেও চায়।’

আমরা সাড়ে আটটার মধ্যে জয়ন্তবাবুর বাড়ি পৌঁছে গেলাম। বাড়ির সবাই কেমন যেন পাথরের মতো চুপ। ফেলুদা ক্ষমা চাইল। ‘কাল আমাদের দেখানোর জন্যই হারটা বার করা হয়েছিল। তার সঙ্গে এ চুরির কোনও সম্পর্ক আছে কি না জানি না, কিন্তু আমি নিজে খানিকটা অসোয়াস্তি বোধ করছি বলে কথাটা বললাম।’

পুলিশের লোক আগেই এসে গিয়েছিল। তাদের মধ্যে যিনি কর্তা তিনি ফেলুদার দিকে এগিয়ে হাত বাড়িয়ে বললেন, ‘আমি ইনস্পেক্টর পাণ্ডে। আপনি তো বোধহয় প্রাইভেট

ইনভেস্টিগেটর মিঃ মিটার ?

‘আজ্ঞে হ্যাঁ,’ বলল ফেলুদা।

‘আই অ্যাম ফ্যামিলিয়ার উইথ ইয়োর নেম’, বললেন পাণ্ডে। ‘আপনার কয়েকটা সাক্ষেসফুল ইনভেস্টিগেশনের কথা আমার মনে আছে। তা আপনি তো বোধহয় জেরা করতে চান ?’

‘আগে আপনার কাজ শেষ হয়ে যাক,’ বলল ফেলুদা। ‘তারপর আমার।’

‘থ্যাঙ্ক ইউ স্যার।’

প্রশ্ন করে জানা গেল যে কাল রাত্রে সবাই চলে যাবার পর বারোটা নাগাদ জয়ন্তবাবুর স্ত্রী তাঁর বেডরুমে গিয়ে শুতে যাবার আগে কেন জানি আরেকবার হারটা দেখার ইচ্ছা অনুভব করেন। হয়তো কপালকুণ্ডলা ছবিতে শকুন্তলা দেবীকে হার পরা অবস্থায় দেখেই সে ইচ্ছেটা জাগে। ভদ্রমহিলা নিজেই বললেন, ‘এটা একটা ভ্যানিটির ব্যাপার। আমার মা-র গলায় হারটা এত সুন্দর মানাত ; সেটা দেখেই আমার মনে একটা ইচ্ছে হল হারটা একবার পরে





আয়নায় নিজের চেহারাটা দেখি। মেয়েরা শুতে যাবার আগে বেশ খানিকটা সময় ড্রেসিং টেবিলের আয়নার সামনে কাটায়। সেই সময়ই দেরাজ থেকে চাবিটা বার করে সিন্দুক খুলে দেখি হারটা নেই। আমি তৎক্ষণাৎ আমার মেয়েকে ডাকি। মেয়ে জোর দিয়ে বলে যে সে সিন্দুকেই রেখে ছিল হারটা। সেখানে ছাড়া আর কোথায়ই বা রাখবে? সিন্দুকেই তো চিরকাল থেকেছে হারটা।’

‘আপনারা ভাল করে খুঁজে দেখেছেন হারটা?’ পাণ্ডে জিজ্ঞেস করল।

‘কোথায় আর খুঁজব বলুন,’ বললেন সুনীলা দেবী, ‘ওটা যে কেউ সিন্দুক থেকে বার করে নিয়েছে তাতে তো কোনও সন্দেহ নেই!’

‘আপনাদের বাড়িতে কাল পার্টি ছিল, তাই না?’ পাণ্ডে প্রশ্ন করলেন।

‘হ্যাঁ,’ বললেন জয়ন্তবাবু।

‘কটা থেকে কটা পর্যন্ত?’

‘আটটা থেকে পৌনে বারোটা।’

‘মিসেস বিশ্বাস, আপনি কি পার্টির পরেই আপনার ঘরে চলে যান?’

‘হ্যাঁ।’

‘আর তার কতক্ষণ পরে আবিষ্কার করেন যে হারটা নেই?’

‘মিনিট পনেরো।’

‘এর মধ্যে আপনি ঘর ছেড়ে কোথাও বেরোননি?’

‘না।’

‘অর্থাৎ হারটা চুরি হয়েছে ডিউরিং দ্য পার্টি?’

‘তাই তো মনে হয়,’ বললেন জয়ন্তবাবু। ‘এখানে একটা কথা বলি—পার্টির মধ্যে হারটাকে আমার মেয়ে একবার সিন্দুক থেকে এই ঘরে আনে—মিঃ মিত্রকে দেখানোর জন্য।’

‘তার পরেই—তখনই কি আপনার মেয়ে হারটাকে আবার সিন্দুকে তুলে দেয়?’

‘হ্যাঁ,’ বলল মেরি শীলা। ‘আমি এক মুহূর্ত দেরি করিনি।’

‘এখানে একটা জরুরি কথা বলা দরকার,’ বললেন জয়ন্তবাবু। ‘হারটা তুলে রাখার কিছু পরেই এ ঘরে একটা দশ মিনিটের ফিল্ম দেখানো হয়।’

‘তার জন্য তখন বাতি নেবানো হয়েছিল?’

‘হ্যাঁ।’

‘এ বাড়িতে চাকর কজন?’

‘তিনজন। একজন রান্না করে। আর দুজন বেয়ারা।’

‘কতদিনের লোক এরা?’

‘কেউই পনেরো বছরের কম না। এরা অত্যন্ত বিশ্বাসী। সুলেমান তো আমার স্বশ্রের আমল থেকে আছে।’

‘তা হলে একটাই সিদ্ধান্তে পৌঁছানো যাচ্ছে,’ বললেন পাণ্ডে। ‘জিনিসটা শুনতে খারাপ লাগবে, কিন্তু আমাকে বলতেই হবে। এই বাড়ির লোক সমেত এই পার্টিতে যাঁরা ছিলেন, তাঁদেরই একজন হারটা নিয়েছেন।’

আমারও সেই কথাই মনে হচ্ছিল, আর আমার মনে হয় ফেলুদা আর লালমোহনবাবুরও তাই।

পাণ্ডে এবার ফেলুদার দিকে ফিরলেন।

‘মিঃ মিত্র, আপনার সঙ্গে যে দুজন এসেছেন, তাঁদের পরিচয় পেতে পারি কি?’



‘নিশ্চয়ই’, বলল ফেলুদা। ‘ইনি আমার কাজিন তপেশ মিত্র, আর ইনি আমার বন্ধু—বিখ্যাত লেখক লালমোহন গাঙ্গুলী।’

‘এই লেখকটিকে আপনি কতদিন হল চেনেন?’

‘বছর পাঁচ-ছয়।’

আমি লালমোহনবাবুর দিকে দেখছিলাম। ভদ্রলোক ফ্যাকাশে হয়ে গেছেন। আমি ওঁকে কঠোর চোর হিসেবে কল্পনা করলাম। এই সংকটের অবস্থাতেও আমার হাসি পেয়ে গেল।

এরার পাণ্ডে অন্য প্রশ্নে গেলেন।

‘এখানে যাঁরা রয়েছেন তাঁদের মধ্যে কজন এ বাড়িতে থাকেন?’

জয়ন্তবাবু বললেন, ‘আমি, আমার স্ত্রী, আমার দুই ছেলেমেয়ে এবং আর্টিস্ট মিঃ সোম।’

মিঃ সোম আজও দাড়ি কামাননি। তাই তাঁকে আরও অপরিচ্ছন্ন দেখাচ্ছে।

‘আর সকলেই বাইরের লোক?’ পাণ্ডে প্রশ্ন করলেন।

‘হ্যাঁ। মিঃ সাল্‌ডান্‌হা থাকেন ক্লাইভ রোডে। উনি আমার ব্রাদার-ইন-ল। ওঁর স্ত্রী

আমার স্ত্রীর বড় বোন ।’

‘আরেকজনকে দেখছি,’ রতনলালের দিকে দৃষ্টি দিয়ে বললেন মিঃ পাণ্ডে ।

‘উনি রতনলাল ব্যানার্জি—আমার স্ত্রীর ছোট ভাই ।’

‘এ ছাড়া আর কেউ ছিল ?’

‘একজন ছিলেন । লাটুশ রোডের মিঃ সুকিয়াস । উনি অবশ্য নিমন্ত্রিতদের মধ্যে ছিলেন না, এমনিই এসে পড়েন । তিনি এসেছিলেন যখন ফিল্মটা দেখানো হচ্ছে তার মাঝখানে । আলো জ্বালার পরে আমি তাঁকে দেখি ।’

‘এই সুকিয়াসের প্রোফেশন কী ?’

‘হি ইজ এ কালেক্টর অফ আর্ট অবজেক্টস । তা ছাড়া তেজারতির কারবার আছে ।’

‘ইনি কি এই হারটা সম্বন্ধে কোনওদিন ইন্টারেস্ট দেখিয়েছিলেন ?’

‘উনি ওটা কিনতে চেয়েছিলেন আমরা বিক্রি করিনি ।’

‘আই সি ।’

ইনস্পেক্টর পাণ্ডে একটুক্ষণ গভীর থেকে বললেন, ‘এটা তো বোঝাই যাচ্ছে যে কাল এখানে যাঁরা ছিলেন তাঁদেরই মধ্যে একজন হারটা নিয়েছেন । এখন কথা হচ্ছে, সেই হারটা কোথায় ।’

জয়ন্তবাবু গলা খাঁকরে নিয়ে বললেন, ‘আপনি যদি সার্চ করতে চান তা হলে করতে পারেন । এমনকী ব্যক্তিগত খানাতল্লাশিতেও আপনার সম্পূর্ণ স্বাধীনতা আছে ।’

পাণ্ডে বললেন, ‘তা তো করতেই হবে । সার্চ থেকে মহিলারাও বাদ পড়বেন না । এবং তার জন্য আমি মেয়ে পুলিশের বন্দোবস্ত করছি । তা ছাড়া বাড়িটাও ভাল করে সার্চ করা দরকার ।’

সার্চের ব্যাপারে দেখলাম কেউই আপত্তি করলেন না । খালি সাল্‌ডান্‌হা বললেন, ‘আমার দোকান খুলতে হবে দশটার সময় । তার মধ্যে আমার সার্চটা হয়ে গেলে ভাল ।’

ফেলুদা এতক্ষণ চুপ করে সব শুনছিল । এবার বলল, ‘এখানে সার্চ চলুক । আমি তা হলে এখন আসি । যদি হারটা পাওয়া যায় তা হলে আশা করি জয়ন্তবাবু আমাকে ফোন করে জানিয়ে দেবেন । না হলে আমি ও বেলা আবার আসব ।’

আমরা তিনজনে হোটেলে ফিরে এলাম । লালমোহনবাবুও আমাদের সঙ্গে আমাদের ঘরেই এলেন । ভদ্রলোক ঢুকেই বললেন, ‘এ নিয়ে কবার হল বলুন তো, যে আমরা বেড়াতে গিয়ে কেসে জড়িয়ে পড়েছি ? এ জিনিস টেলিপ্যাথি ছাড়া হয় না ।’

ফেলুদা বলল, ‘দেখি আপনার স্মরণশক্তি কতদূর । তোপ্সেকে তো এর আগে অনেকবার পরীক্ষা করেছি, আপনাকে কখনও করা হয়নি ।’

‘ভেরি ওয়েল স্যার, আই অ্যাম রেডি’, বললেন জটায়ু ।

‘আগে শকুন্তলা দেবীর ফ্যামিলি সম্বন্ধে জিজ্ঞাসা করি ।’

‘করুন ।’

‘ভদ্রমহিলার তিন সন্তানের নাম বলুন তো ।’

‘বড় মেয়ে সুশীলা—’

‘তার আগে একটা ক্রিস্‌চান নাম আছে ।’

‘ও হ্যাঁ—ক্রিস্‌চান নাম...ক্রিস্‌চান নাম...’

‘তোপ্সে বলতে পারিস ?’

আমার মনে ছিল । বললাম, ‘মার্গারেট ।’

‘ভেরি গুড । তার পরের মেয়ে, অর্থাৎ জয়ন্তবাবুর স্ত্রী ? এই প্রশ্নটা কিন্তু

লালমোহনবাবুকে করছি ।’

লালমোহনবাবু এটা ভোলেননি । বললেন, ‘প্যামেলা সুনীলা ।’

‘গুড । তাঁর পরের ভাই ?’

‘ইয়ে—রতনলাল । অ্যালবার্ট রতনলাল ।’

‘এবার সুশীলা দেবীর স্বামীর নাম ?’

‘স্যামুয়েল সাল্‌ডান্‌হা ।’

‘ভেরি গুড । সুনীলা দেবীর ছেলেমেয়ে ?’

‘মেয়ে শীলা—মেরি শীলা । আর ছেলে প্রসেনজিৎ । ক্রিস্টান নাম ভুলে গেছি ।’

‘ভিক্টর । আর কে ছিলেন কাল পার্টিতে ?’

‘সেই আর্টিস্ট ভদ্রলোক । নামটা মনে পড়ছে না ।’

‘তোপ্সে ?’

‘সোম । সুদর্শন সোম ।’

‘গুড ।’

‘কিছু মাইন্ড করবেন না মশাই’, লালমোহনবাবু বললেন, ‘ভদ্রলোককে কিন্তু আমার ভাল লাগল না ।’

‘কেন ?’

‘কীরকম পাগলাটে চেহারা । দাড়ি কামাননি ।’

‘আর্টিস্টরা সব সময় সমাজের নিয়মকানুন মেনে চলে না ।’

‘তা হতে পারে । মোট কথা, উনি আর আরেকজন আমার কাছে এই চুরির ব্যাপারে প্রাইম সাসপেক্টস ।’

‘আরেকজন কে ?’

‘জয়ন্তবাবুর ছেলে প্রসেনজিৎ । একেবারে কলকাতার পার্ক স্ট্রিটের বাউন্ডুলেদের মতো চেহারা । অবশ্য মদ তো দেখলাম খায় না ছেলেটি ।’

‘খেলেও হয়তো বাপের সামনে খায় না ।’

‘এনিওয়ে, পার্টিতে কিন্তু আরেকজন ছিলেন ।’

‘মিং সুকিয়াস তো ?’

‘হ্যাঁ । ঐর কিছু হারটার উপর লোভ ছিল ।’

‘যে কোনও আর্ট কালেক্টরেরই থাকবে । সেটা কিছুই আশ্চর্য না । আর্ট কালেক্টর হলে কিনতে চাইবে । আর অভাবী লোক হলে হাতাতে চাইবে । এঁদের আর্থিক অবস্থা সম্বন্ধে আমরা কোনও কিছুই জানি না । কাজেই এখন অন্ধকারে হাতড়ে লাভ নেই । বিকেলে জয়ন্তবাবু ফোন করবেন, তার আগে পর্যন্ত আমরা ফ্রি । চলুন, আপনাকে কাইজার-বাগটা দেখিয়ে আনি ।’

‘ভেরি গুড আইডিয়া’, বললেন লালমোহনবাবু । ‘তদন্তের চাপে যদি লখনৌ শহরটা দেখা সম্পূর্ণ না হয় তা হলে খুব আপশোস থেকে যাবে ।’

বিকেলে কথামতো জয়ন্তবাবু ফোন করলেন । পুলিশ সার্চ করে কিছু পায়নি । বাড়ির চাকরদের জেরা করা হয়েছে, তাতেও কোনও ফল হয়নি । ফেলুদা বলল, ‘চল, এবার একবার জয়ন্তবাবুর বাড়ি যাওয়া যাক । এবার ফেলু মিস্তিরের কাজ শুরু । অবিশ্যি পুলিশ

তাদের তদন্ত চালিয়েই যাবে, কিন্তু তাতে আমাদের কিছু এসে যাচ্ছে না ।’

হোটেলের ট্যাক্সি ছিল, একটা নিয়ে গুম্ভীর ব্রিজ পেরিয়ে জয়ন্তবাবুর বাড়ি গিয়ে হাজির হলাম । আজ বাড়টাকে গম্ভীর দেখাচ্ছিল, বেশ বোঝা যাচ্ছিল ওখানে একটা দুর্ঘটনা ঘটে গেছে ।

সুলেমান এসে দরজা খুলে দিল, আমরা তিনজন ভিতরে ঢুকলাম । জয়ন্তবাবু আমাদের জন্য অপেক্ষা করছিলেন বৈঠকখানায়, আমাদের দেখেই সোফা ছেড়ে উঠে এলেন ।

‘ওটা পাওয়া গেল না’, প্রথম কথাই বললেন ভদ্রলোক ।

ফেলুদা বলল, ‘সেটা অস্বাভাবিক নয় । আমারও মনে হয়েছিল ওটা পাওয়া যাবে না । যে নিয়েছে সে তো আর বোকা নয় যে হাতের কাছে রেখে দেবে জিনিসটা ।’

‘আপনিও কি আলাদা করে সার্চ করতে চান ?’

‘না,’ বলল ফেলুদা । ‘আমি আপনার বাড়ির লোকজনদের সঙ্গে একটু কথা বলতে চাই । এখন এ বাড়িতে কে কে রয়েছেন ?’

‘আমার স্ত্রী, আমার মেয়ে, ছেলে বোধহয় এখনও ফেরেনি । আর আছেন সোম—যাঁর সঙ্গে কাল আপনার আলোচনা করিয়ে দিয়েছিলাম ।’

‘আমার কিন্তু মিঃ সালডানহার সঙ্গেও কথা বলা দরকার । আর মিঃ সুকিয়াস ।’

‘সেটা কোনও অসুবিধা নেই । আমি আপনাকে ঠিকানা দিয়ে দেব, আপনি ফোনে অ্যাপয়েন্টমেন্ট করে চলে যাবেন ।’

‘তা হলে আপনাকে দিয়ে শুরু করা যাক ।’

‘বেশ তো ।’

আমরা সকলেই সোফায় বসলাম ।

‘একটু চা খাবেন তো ?’ জয়ন্তবাবু জিজ্ঞেস করলেন ।

‘তা খেতে পারি ।’

জয়ন্তবাবু সুলেমানকে ডেকে চার কাপ চায়ের অর্ডার দিলেন । তারপর ফেলুদা একটা চারমিনার ধরিয়ে তার প্রশ্ন শুরু করল ।

‘আপনি বলছিলেন সুকিয়াস আপনার শাশুড়ির হারটা কিনতে চেয়েছিলেন । সেটা কতদিন আগে ?’

‘বছরখানেক হবে ।’

‘সুকিয়াস জানলেন কী করে এই হারের কথা ?’

‘এটার কথা অনেকেই জানে । এককালে খবরের কাগজে বেরিয়েছিল তো । আমার শাশুড়ি মারা যাবার পর তাঁর একটা সংক্ষিপ্ত জীবনী এখনকার “পায়োনিয়ার” কাগজে বেরিয়েছিল । তাতে হারের কথাটা ছিল । সুকিয়াস এমনিতে মানিলেন্ডার, তেজারতির কারবার করে । ভাবলে মনে হয় এমন লোকের শিল্পের দিকে কোনও ঝোঁক থাকবে না । কিন্তু সুকিয়াস এ ব্যাপারে একটা বিরাট ব্যতিক্রম । আমি ওর বাড়িতে গিয়েছি, ওর সংগ্রহ দেখেছি । দেখবার মতো সব জিনিস আছে ওর কাছে । ওর রুচি অনবদ্য ।’

‘আপনি যখন হারটা বিক্রি করলেন না, তখন ওর প্রতিক্রিয়া কী হয় ?’

‘ও খুবই হতাশ হয়েছিল । ও দু লাখ টাকা অফার করেছিল । আমি নিজে হলে কী করতাম জানি না, কিন্তু আমার স্ত্রী হারটার প্রতি বিশেষভাবে অনুরক্ত । কোনও মতেই ওটা হাতছাড়া করবে না । আর সেই হারই...’

জয়ন্তবাবু একটা দীর্ঘশ্বাস ফেললেন ।

‘আপনি কাউকে সন্দেহ করেন এই ব্যাপারে ?’

‘আমি সম্পূর্ণ হতভম্ব। চাকরবাকর কাউকেই আমার সন্দেহ হয় না। ওরা বেইমানি করবে এটা আমি বিশ্বাস করি না। অথচ তার বাইরে কে যে এটা নিতে পারে, এবং কেন, সেটা বোঝার সাধ্য আমার নেই।’

‘আপনি তো ব্যবসাদার’, ফেলুদা বলল।

‘ব্যবসাদার মানে আমার একটি ইমপোর্ট-এক্সপোর্টের আপিস আছে।’

‘কেমন চলে আপিস?’

‘ভালই। আমাদেরই কোম্পানি। আমার একজন পার্টনার আছে।’

‘কী নাম?’

‘ত্রিভুবন নাগর। এখানকারই লোক। আমার প্রথম জীবনে আমি ব্যবসায় ছিলাম না, একটা সওদাগরি আপিসে চাকরি করতাম। নাগর ছিল আমার বন্ধু। ত্রিশ বছর আগে নাগর আর আমি মিলে আমাদের ব্যবসা শুরু করি।’

‘আপনাদের কোম্পানির নাম কী?’

‘মডার্ন ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট।’

‘কোথায় আপনাদের আপিস?’

‘হজরতগঞ্জে।’

ইতিমধ্যে আমাদের চা এসে গেছে, আমরা খেতে শুরু করে দিয়েছি। ফেলুদা বলল, ‘আরেকটা প্রশ্ন আছে।’

‘কী?’

‘কাল যখন ফিল্মটা চলছিল তখন আপনি কাউকে চলাফেরা করতে, কিংবা ঘর থেকে বেরিয়ে যেতে দেখেছিলেন?’

‘উহু।’

‘আপনার ছেলে কোনও চাকরি করে?’

‘এখনও না। ওকে আমার আপিসে ঢোকানোর চেষ্টা করেছি কিন্তু ও রাজি হয়নি।’

‘ওর বয়স কত?’

‘পঁচিশ।’

‘ওর কোনদিকে ঝোঁক?’

‘ঈশ্বর জানেন।’

‘থ্যাঙ্ক ইউ স্যার। একবার আপনার স্ত্রীর সঙ্গে কথা বলা যায় কি?’

‘নিশ্চয়ই। ও খুবই ডিপ্রেসড হয়ে পড়েছে, বুঝতেই পারেন।’

‘আমি বেশি বিরক্ত করব না ওঁকে?’

চা খাবার পর জয়ন্তবাবু গিয়ে তাঁর স্ত্রীকে ডেকে আনলেন। ভদ্রমহিলা কান্নাকাটি করেছেন সেটা এখনও দেখলে বোঝা যায়। দিনের বেলা দেখে আরও বেশি করে মনে হল যে শকুন্তলা দেবীর সঙ্গে এঁর আশ্চর্য চেহারার মিল। ভদ্রমহিলা চাপা গলায় বললেন, ‘আপনি আমাকে কিছু প্রশ্ন করতে চাইছিলেন...?’

ফেলুদা বলল, ‘হ্যাঁ। বেশিক্ষণ আপনাকে কষ্ট দেব না। সামান্য কয়েকটা প্রশ্ন।’

‘বলুন।’

‘আপনার মা যে হারটা আপনার দিদিকে না দিয়ে আপনাকে দিলেন তাতে আপনার দিদির কী প্রতিক্রিয়া হয়েছিল?’

‘তিনি বোধহয় এ ব্যাপারটা আগে থেকেই আন্দাজ করেছিলেন।’

‘কেন?’

‘দিদি ছিল আমার বাবার ফেভারিট, আর আমি ছিলাম মা-র। মা মারা যাবার তিন বছর আগে হারটা আমাকে দেন। দিদির মনের অবস্থা কী হয়েছিল বলতে পারব না, কারণ এ নিয়ে আমাদের মধ্যে কখনও কোনও আলোচনা হয়নি।’

‘আপনার দিদির সঙ্গে আপনার সম্ভাব আছে?’

‘হ্যাঁ। যত দিন যাচ্ছে আমরা দুজনে তত আরও কাছাকাছি এসে পড়ছি। যখন ইয়াং ছিলাম তখন দুজনের মধ্যে একটা রেষারেষির ভাব ছিল।’

‘আপনি তো অভিনয় করতে খুব ভালবাসেন?’

‘হ্যাঁ। তাই তো মা আমাকে নিয়ে এত প্রাউড ছিলেন। এ ব্যাপারে দিদির কোনও শখ ছিল না।’

‘আপনার মেয়ের?’

‘শীলা স্কুলে কলেজে অ্যাকাটিং করেছে, ক্লাবে-ট্লাবেও দু-একবার করেছে। তার বেশি নয়। ও ফিল্মে অফার পেয়েছে, কিন্তু নেয়নি।’

‘ও কী করতে চায়?’

‘ও ওয়ার্কিং গার্ল হতে চায়। আপিসে কাজ করবে, নিজে রোজগার করবে। ও তো সবে বি এ পাশ করেছে। এর মধ্যে কিছু জার্নালিজম করেছে, খবরের কাগজে ওর দু-একটা লেখা বেরিয়েছে।’

‘আপনি কি এই চুরির ব্যাপারে কাউকে সন্দেহ করেন?’

‘কাউকেই না। এ ব্যাপারে আমি আপনাকে একেবারেই সাহায্য করতে পারব না।’

‘কাল যখন ফিল্ম দেখানো হচ্ছিল তখন কাউকে হাঁটাচলা করতে দেখেছিলেন?’

‘না। মনে হল সকলেই তন্ময় হয়ে ছবিটা দেখছে।’

‘ঠিক আছে, মিসেস বিশ্বাস। আপনার ছুটি।’

মিসেস বিশ্বাস ধন্যবাদ দিয়ে উঠে চলে গেলেন।

ফেলুদা জয়ন্তবাবুর দিকে ফিরল।

‘আমি একবার মিঃ সোমের সঙ্গে কথা বলতে চাই।’

‘বেশ তো, আমি তাকে পাঠিয়ে দিচ্ছি।’

জয়ন্তবাবু ভিতরে চলে গেলেন।

‘দু মিনিটের মধ্যে সুদর্শন সোম এসে হাজির হলেন। আজ তিনি দাড়ি কামিয়েছেন কোনও একটা সময়, তাই তাঁকে একটু ভদ্রস্থ লাগছে। তিনি ফেলুদার সামনের সোফায় বসলেন, তাঁর মুখে চুরুট। কাল পার্টিতে একে চুরুট খেতে দেখেছি। কড়া গন্ধে ঘরটা ভরে গেল।’

ফেলুদা প্রশ্ন শুরু করল।

‘আপনি কত দিন এ বাড়িতে রয়েছেন?’

‘বছর পনেরো হল। শকুন্তলা দেবীই আমাকে এ বাড়িতে থাকতে বলেন।’

‘আপনি এক কথায় রাজি হয়ে যান? পরের আশ্রিত হতে কোনওরকম দ্বিধা-সংকোচ বোধ করেননি?’

‘তখন আমার অবস্থা খুব খারাপ হয়ে আসছে। এখন আমার বয়স সাতষট্টি। তখনই আমি পঞ্চাশের উপর। ডান হাতের বুড়ো আঙুলে আরথ্রাইটিস, তাই ছবি আঁকতে পারছি না। শকুন্তলা দেবীর অনুগ্রহে আমার তবু একটা সংস্থান হল। তা না হলে আমি যে কী করতাম জানি না। আমায় না খেয়ে মরতে হত। অবশ্য পরের চ্যারিটি ভোগ করছি এই নিয়ে অনেকদিন খুব সচেতন ছিলাম, মনটা খচখচ করত। কিন্তু এঁরাও আমার উপস্থিতি



মেনে নিয়েছিলেন, শীলা আর প্রসেনজিৎ আমাকে খুব ভালবাসত, তাই ব্যাপারটা ক্রমে অভ্যস্ত হয়ে গিয়েছিল।’

‘আপনার নিজের রোজগার বলে তো কিছুই নেই।’

‘দু-একটা পুরানো ছবি মাঝে মাঝে অল্প দামে বিক্রি হয়। সে তেমন কিছুই না। সত্যি বলতে কী, আই অ্যাম পেনিলেস। জয়ন্তবাবু আমাকে প্রতি মাসে হাত খরচের জন্য কিছু টাকা দেন, আর থাকা-খাওয়ার ব্যবস্থাটা রয়েছে। চুরুটের অভ্যাসটা অনেক চেষ্টা করেও ছাড়তে পারিনি। তবে অনেক কমিয়ে দিয়েছি।’

‘এই চুরির ব্যাপারে আপনার কাউকে সন্দেহ হয়?’

মিঃ সোম একটু ভেবে বললেন, ‘চাকরদের কাউকে হয় না।’

‘তবে কাকে হয়?’

মিঃ সোম আবার চুপ করে গেলেন। ফেলুদা বলল, ‘আপনি ইতস্তত করলে কিন্তু আমার কাজটা আরও কঠিন হয়ে পড়বে। আপনি নিশ্চয়ই চান যে শকুন্তলা দেবীর হারটা আবার উদ্ধার হোক।’

‘তা তো বটেই।’

‘তা হলে বলুন আপনার কাউকে সন্দেহ হয় কি না।’

‘একজনকে হয়।’

‘কে সে?’

‘প্রসেনজিৎ।’

‘কেন এ কথা বলছেন?’

‘প্রসেনজিৎ আর আগের মতো নেই। সে অনেক বদলে গেছে। আমার ধারণা সে কুসঙ্গে পড়েছে। হয়তো জুয়া খেলে, নেশা করে, তার জন্য তার টাকার দরকার পড়ে। চাকরি-বাকরি তো কিছুই করে না। বাপ তাকে যা দেন তাতে তার চলে না। সে আমার কাছ থেকে পর্যন্ত টাকা ধার চায়। আমি তাকে অনেক বুঝিয়েছি, কিন্তু আমার কথায় সে কানই দেয় না।’

‘আই সি...। কাল যখন সিনেমা হচ্ছিল তখন কাউকে নড়াচড়া করতে বা জায়গা পরিবর্তন করতে দেখেছিলেন?’

‘আজ্ঞে না। আমি পর্দায় ছবি ছাড়া আর কিছুই দেখিনি।’

‘ঠিক আছে, মিঃ সোম। অনেক ধন্যবাদ। এবার আপনি যদি শীলাকে একটু পাঠিয়ে দেন।’

মিঃ সোম শীলার খোঁজে চলে গেলেন।

অল্পক্ষণের মধ্যেই শীলা এসে পড়ল। তার পরনে সালওয়ার কামিজ, গায়ে কোনও গয়না নেই। একেবারে আধুনিকা।

‘কী করছিলে, শীলা?’ শীলা সোফায় বসার পর ফেলুদা প্রশ্ন করল।

‘একটা আর্টিকল লিখছিলাম।’

‘খবরের কাগজের জন্য?’

‘হ্যাঁ।’

‘কী বিষয়?’

‘ঘর কী করে সাজাতে হয় তাই নিয়ে।’

‘তুমি কি ইন্টারিয়র ডেকোরেশনে ইন্টারেস্টেড নাকি?’

‘হ্যাঁ। ওটাকেই আমার প্রোফেশন করার ইচ্ছে আছে।’

‘ও বিষয় শিখেছ কিছু?’

‘এমনি কিছু শিখিনি, কিন্তু ও বিষয় অনেক বই পড়েছি।’

‘আঁকতে পার?’

‘মোটামুটি। ছেলেবেলায় সুদর্শনকাকু আমাকে খুব এনকারেজ করতেন। যখন আমার বারো-তেরো বছর বয়স।’

‘তোমার দাদার সঙ্গে তোমার সম্পর্ক কীরকম?’

‘আগে দুজনে খুব বন্ধু ছিলাম। এখন দাদা বদলে গেছে। আমার সঙ্গে প্রায় কথাই বলে না।’

‘তাতে তোমার খারাপ লাগে না?’

‘আগে লাগত, এখন অভ্যাস হয়ে গেছে।’

‘কাল রাতে হারটা আমাদের দেখিয়ে আবার ঠিক জায়গায় রেখেছিলে তো?’

‘নিশ্চয়ই। চাবিও ঠিক জায়গায় রেখেছিলাম।’

‘তারপর সেটা কী ভাবে উধাও হল সে বিষয়ে তোমার কোনও ধারণা আছে?’

‘আমার কী করে থাকবে?’ শীলা একটু হেসে বলল। ‘বরং আপনার থাকা উচিত। আপনি তো ডিটেকটিভ।’

‘ডিটেকটিভরা তো প্রশ্ন করেই তাদের তদন্ত করে, সেটা নিশ্চয়ই তুমি জান।’

‘তা জানি।’

এই কথাটা বলার সঙ্গে সঙ্গেই দরজায় বেলের শব্দ হল। সুলেমান দরজা খুলে দিতে প্রসেনজিৎ ঢুকল। সে আমাদের দেখে যেন একটু হকচকিয়ে গেল, কিন্তু তার পরেই সামলে নিয়ে বলল, ‘ডিটেকটশন চলছে বুঝি?’

ফেলুদা বলল, ‘তোমার বোনকে প্রশ্ন করছিলাম কালকের ব্যাপার নিয়ে। এবার ভাবছি তোমাকে করব, যদি তোমার আপত্তি না থাকে।’

‘আপত্তি আছে বই কী। পুলিশও আমাকে জেরা করার চেষ্টা করেছিল। আমি কোনও কথার জবাব দিইনি।’

‘কিন্তু আমি তো পুলিশ নই।’

‘ইট মেক্স নো ডিফারেন্স। কোনও কথার জবাব আমি দেব না।’

‘তা হলে কিন্তু তোমার উপর সন্দেহ পড়তে পারে।’

‘পড়ক। আই ডোন্ট কেয়ার। শুধু সন্দেহে তো আর কিছু হবে না। প্রমাণ চাই, সেই হারটা খুঁজে পাওয়া চাই।’

‘বেশ, তুমি যখন কো-অপারেট করবে না তখন আমাদের দিক থেকেও বলার কিছু নেই। আমরা তোমাকে ফোর্স করতে পারি না।’

ফেলুদা উঠে পড়ল, আর সেই সঙ্গে আমরা দুজনও।

কিন্তু ফেলুদার কাজ শেষ হয়নি। সে বলল, ‘আমি এবার বাড়ির প্ল্যানটা দেখতে চাই।’

শীলা বলল, ‘চলুন, আমি আপনাকে ভিতরে নিয়ে যাচ্ছি।’

যা দেখলাম তা মোটামুটি এই—বৈঠকখানার পরেই খাবার ঘর, তারপর জয়ন্তবাবু আর সুনীলা দেবীর বেডরুম, তার সঙ্গে বাথরুম। এই বেডরুমের দুপাশে আরও দুটো বাথরুম সমেত বেডরুম, সে দুটোর একটাতে থাকে শীলা, অন্যটায় প্রসেনজিৎ। জয়ন্তবাবুর ঘর থেকে দুটো ঘরে যাবার জন্য দরজা আছে। প্রসেনজিতের ঘরের পাশে একটা ছোট্ট গেস্টরুম আছে তাতে থাকেন মিঃ সোম।

প্ল্যানটা দেখে বৈঠকখানায় ফিরে এলে শীলা ফেলুদাকে বলল, ‘আমি কিন্তু দু-একদিনের মধ্যেই অটোগ্রাফের খাতা নিয়ে আসছি।’

‘আমি তো বলেইছি।’ ফেলুদা বলল, ‘যখন ইচ্ছে এসো—তবে একটা ফোন করে এসো। আমি তো এখন তদন্তে জড়িয়ে পড়েছি—কখন কোথায় থাকি বলতে পারি না। ভাল কথা—তোমার বাবাকে একবার আসতে বলবে? একটু দরকার ছিল।’

শীলা জয়ন্তবাবুকে পাঠিয়ে দিল।

‘হল আপনার কোয়েশনিং?’ ভদ্রলোক জিজ্ঞেস করলেন।

‘তা হল, তবে আপনার ছেলে কোনও প্রশ্ন করতে দিল না।’

জয়ন্তবাবু আক্ষেপের ভঙ্গিতে মাথা নেড়ে বললেন, ‘প্রসেনজিৎ ওরকমই। ওর আশা আমি প্রায় ছেড়ে দিয়েছি।’

‘যাই হোক—আপনাকে ডাকার কারণ—মিঃ সাল্‌ডান্‌হা কি এখনও দোকানে থাকবেন?’

‘এখন তো সাড়ে পাঁচটা—এখনও নিশ্চয়ই থাকবে।’

‘তা হলে ওঁর দোকানের ঠিকানা আর টেলিফোন নম্বরটা যদি দেন।’

জয়ন্তবাবু তখনই টেলিফোনের পাশে রাখা প্যাড থেকে একটা পাতা ছিড়ে ঠিকানা আর

ফোন নম্বর লিখে ফেলুদার হাতে দিলেন।

‘এখান থেকেই ফোন করে নিই?’ বলল ফেলুদা।

‘সার্টেনলি।’

ফেলুদা ফোন করতেই ভদ্রলোককে পেয়ে গেল। উনি তখনই ফেলুদাকে চলে আসতে বললেন।

‘আরেকজনের সঙ্গে কথা বলা বাকি থেকে যাচ্ছে’, বলল ফেলুদা, ‘তিনি হলেন আপনার শালা রতনলালবাবু। মিঃ সুকিয়াসকে কাল প্রশ্ন করব।’

‘রতনলাল থাকে ফ্রেজার রোডে একটা ফ্ল্যাটে। তার ঠিকানা আর টেলিফোন নম্বরও আপনাকে দিয়ে দিচ্ছি। তাকে পাবার ভাল সময় হচ্ছে সন্ধ্যা সাতটার পর।’

৬

হজরতগঞ্জে সাল্‌ডান্‌হা অ্যান্ড কোম্পানিতে পৌঁছে একটু হুঁচকিয়েই গেলাম। এত পুরনো দোকান সেটা ভাবতে পারিনি। আর পনেরো মিনিট পরেই দোকান বন্ধ হয়ে যাবে। ভদ্রলোক একটা ডেস্কের পিছনে বসে ছিলেন, দোকানে কোনও খদ্দের নেই, খালি একজন কর্মচারী এদিক ওদিক ঘুরছে। সাল্‌ডান্‌হা আমাদের দেখেই হেসে দাঁড়িয়ে উঠলেন।

‘আসুন, বসুন, মিঃ মিটার।’

আমরা তিনজনে তিনটে চেয়ারে বসলাম।

‘এখানে এসে আপনাকে অসুবিধায় ফেললাম না তো?’ ইংরাজিতে জিজ্ঞেস করল ফেলুদা।

‘মোটাই না। এখন তো ক্লোজিং টাইম এসে গেল। এখানে আপনার কী কথা আছে বলে নিন, তারপর আপনাদের আমার গাড়িতে করে আমার বাড়ি নিয়ে যাব। সেখানে কফি খাবেন, আমার স্ত্রীর সঙ্গে আলাপ করবেন।’

‘তা হলে ভালই হবে,’ বলল ফেলুদা, ‘কারণ আপনার স্ত্রীকেও দু-একটা প্রশ্ন করার আছে। কালকের পার্টির সকলকেই আমরা প্রশ্ন করছি।’

‘দ্যাটস অল রাইট। আই ডোন্ট থিংক সি উইল মাইন্ড।’

‘আমার প্রথম প্রশ্ন—আপনার এ দোকান কতদিনের?’

‘তা প্রায় সত্তর বছর হল। আমার ঠাকুরদাদা দোকানটার পত্তন করেন। লখনৌ-এর প্রথম মিউজিক শপ।’

‘কিন্তু এখন নিশ্চয়ই আরও মিউজিক শপ হয়েছে?’

‘আরও দুটো হয়েছে—দুটোই আমাদের জাতভাইদের করা। একটার মালিক ডিমেলো, আরেকটার নরোন্‌হা। এদের মধ্যে একটা আবার হজরতগঞ্জেই—আমার দোকানের কাছেই। দুঃখের বিষয় আমরা ঠিক সময়ের সঙ্গে তাল রেখে চলতে পারিনি। সেটা বোধহয় দোকানের চেহারা দেখেই বুঝতে পারছেন।’

‘আপনাদের ব্যবসা তার মানে ভাল চলছে না?’

‘কী আর বলব, মিঃ মিটার। এটা কম্পিটিশনের যুগ। আমার ছেলেকে যদি দোকানে বসাতে পারতাম তা হলে তার ইয়াং আইডিয়াজ অনেক কাজে দিত। কিন্তু সে ডাক্তারি পাশ করে চলে গেল আমেরিকা। এখন অবশ্য সে সেখানে খুব ভালই রোজগার করছে। আর আমি বুড়ো মানুষ একাই দোকান সামলাচ্ছি। বিক্রি যে একেবারে হয় না তা নয়, আমার কিছু ফেইথফুল কাস্টমারস আছে। কিন্তু আজকাল যুগ অনেক বদলে গেছে। অনেস্টির আর

দাম নেই ; লোকে চায় চটক ।’

ফেলুদা সহানুভূতি প্রকাশ করে আসল প্রশ্নে চলে গেল ।

‘কাল যে দুর্ঘটনা ঘটে গেল সেটা সম্বন্ধে আপনার কিছু বলার আছে ?’

‘কী আর বলব বলুন । ও হার যখন আমার স্ত্রী না পেয়ে আমার শালি পেল, তখন মার্গারেট একেবারে ভেঙে পড়ে । সি লাভড দ্যাট নেকলেস । কার না ভাল লাগবে বলুন—এমন একটা আশ্চর্য সুন্দর প্রাইসলেস জিনিস ?’

‘আপনি বলছেন ঈশ্বরের চোখেও এটা একটা অন্যায় বলে মনে হয়েছিল ?’

‘তা না হলে প্যামেলার এ ক্ষতি হবে কেন ? শকুন্তলা দেবীর পক্ষপাতিত্ব ভগবানের চোখেও দৃষ্টিকটু বলে মনে হয়েছিল নিশ্চয়ই ।’

‘কিন্তু কে এই হারটা নিতে পারে সে বিষয় আপনার কোনও ধারণা আছে ?’

‘নো, মিঃ মিটার । সে বিষয় আমি আপনাকে কোনওরকম ভাবে সাহায্য করতে পারব না । আমার কোনও ধারণা নেই ।’

‘সুনীলা দেবীর ছেলে যে কুপথে যাচ্ছে সেটা আপনি জানেন ?’

‘আমি সেটা আন্দাজ করেছি ।’

‘সে বোধহয় নেশা করে । আর তার জন্য তার প্রায়ই টাকার দরকার হয় ।’

সাল্‌ডান্‌হা চুকচুক করে আক্ষেপসূচক শব্দ করলেন । তারপর বললেন, ‘দ্যাট মে বি সো । কিন্তু তাই বলে সে তার মা-র এমন একটা সাধের জিনিস চুরি করবে ? এটা আমার কাছে একটু বাড়াবাড়ি বলে মনে হচ্ছে ।’

‘কাল ফিল্মটা চলার সময় কাউকে ঘর থেকে বেরোতে দেখেছিলেন ?’

‘নো । বাট আই স সুকিয়াস কামিং ইন ।’

‘থ্যাঙ্ক ইউ ।’

দোকান বন্ধ করার সময় হয়ে গিয়েছিল, তাই আমরা উঠে পড়লাম ।

মিঃ সাল্‌ডান্‌হার গাড়িতে তাঁর বাড়িতে গিয়ে পৌঁছলাম যখন, তখন সোয়া ছ’টা—সবে সন্ধে হয়েছে ।

সাল্‌ডান্‌হার বাড়ি জয়ন্তবাবুর বাড়ির তুলনায় অনেক ছোট । এটাও এক-তলা বাংলো টাইপের বাড়ি । ভেতরে ঢুকে বৈঠকখানায় গিয়ে হাজির হলাম । এ বৈঠকখানায় জয়ন্তবাবুর বাড়ির বৈঠকখানার বাহার নেই । বোঝাই যায় সাল্‌ডান্‌হার অবস্থা তেমন ভাল না । এবং তাঁর গৃহিণীর বাড়ি সুন্দর করে সাজিয়ে রাখার দিকে তেমন ঝোঁক নেই ।

‘মার্গারেট—ইউ হ্যাভ ‘ভিজিটরস’ বলে একটা হাঁক দিয়ে সাল্‌ডান্‌হা আমাদের পাশের সোফায় বসে পড়লেন । আমাদের অবিশ্যি পরমুহূর্তেই দাঁড়াতে হল । কারণ ঘরে মিসেস সাল্‌ডান্‌হা, অর্থাৎ মার্গারেট সুশীলা দেবী, এসে ঢুকেছেন ।

‘ও—মিঃ মিত্র !’

ভদ্রমহিলার ঠোঁটের কোণে হাসি দেখা দিল । তবে সে হাসি মুখ আলো করা হাসি নয় । কারণ হাসা সত্ত্বেও একটা অবসাদের ভাব মুখে থেকে গেল ।

ফেলুদা বলল, ‘বসুন, সুশীলা দেবী । আপনি বোধহয় জানেন না যে জয়ন্তবাবু কালকের চুরির ব্যাপারে আমাকে তদন্ত করতে বলেছেন ।’

‘সেটা আজ সকালেই আন্দাজ করছিলাম ।’

‘সেই ব্যাপারেই আমি আপনাকে দু একটা প্রশ্ন করতে চাই ।’

সাল্‌ডান্‌হা এই সময় উঠে পড়ে বললেন, ‘আমি আপনাদের জন্য কফি বলছি, আর আমার পোশাকটা বদলে একটু মুখটা ধুয়ে আসছি । ততক্ষণ আপনারা কথা বলুন ।’

সাল্‌ডান্‌হা চলে গেলেন ভিতরে ।
 সুশীলা দেবী বললেন, ‘কী প্রশ্ন করবেন করুন ।’
 ‘আপনার বিয়ে হয়েছে কতদিন ?’
 ‘পঁয়ত্রিশ বছর ।’
 ‘আপনার একটি ছেলে আমেরিকায় আছে শুনলাম ।’
 ‘হ্যাঁ ।’
 ‘এ ছাড়া আর কোনও সন্তান আছে ?’
 ‘একটি মেয়ে আছে । তার বিয়ে হয়ে গেছে । সে কুলুতে থাকে । তাঁর স্বামীর সেখানে
 অ্যাপ্ল অর্চার্ড আছে ।’
 ‘আপনার বোনের চেয়ে আপনি কত বড় ?’
 ‘দু বছরের ।’
 ‘তার মানে আপনারা প্রায় পিঠোপিঠি ?’
 ‘হ্যাঁ ।’
 ‘আপনার বোনের প্রতি আপনার কীরকম মনোভাব ছিল ?’
 ‘একেবারে ছেলেবয়সে আমরা দুজন ভীষণ বন্ধু ছিলাম । প্যামের আমাকে ছাড়া চলতই
 না । আমরা দুজনে একসঙ্গে পুতুল খেলতাম, নাসারি স্কুলে যেতাম, একরকম জামা কাপড়
 পরতাম ।’
 ‘তারপর ?’
 ‘আমার যখন বছর পনেরো বয়স তখন থেকেই আমি বুঝতে পারি যে মা-র টান আমার
 চেয়ে প্যামের উপর বেশি । তা ছাড়া প্যামের মধ্যে তখন থেকে অনেক গুণের প্রকাশ পেতে
 থাকে । ও খুব ভাল আবৃত্তি করত, অভিনয় করত, পড়াশুনায় আমার চেয়ে ভাল ছিল,
 দেখতেও আমার চেয়ে অনেক সুন্দর হয়ে উঠেছিল । দেখলাম প্যামই মা-র আদরের হয়ে
 উঠছে । আমার উপরে ভালবাসা কমে যাচ্ছে । অবিশ্যি বাবা আমাকে খুব ভালবাসতেন, কিন্তু
 মা-র ভালবাসা পেলাম না বলে আমার মনে একটা হিংসার ভাব জেগে ওঠে যেটা আমি তখন
 কাটিয়ে উঠতে পারিনি । সব শেষে মা যখন তাঁর হারটা প্যামকে দিয়ে দিলেন তখন আমার
 পায়ের তলা থেকে মাটি সরে গেল । এ দুঃখ ভুলতে আমার অনেক সময় লেগেছে ।’
 ‘এখন মনে হিংসার ভাব নেই ?’
 ‘না । এক এক সময় ছেলেবেলার কথা মনে হলে জেলাস লাগে । কিন্তু এমনিতে
 দুজনের মধ্যে যথেষ্ট সম্ভাব আছে । কাল তো দেখলেন আমাদের—কী মনে হল ?’
 ‘দিব্যি সম্ভাব ।’
 ‘শুধু তাই না । ওর সম্বন্ধে একটা অনুকম্পার ভাবও বোধ করি ।’
 ‘কেন বলুন তো ?’
 ‘কারণ আমার ভগ্নীপতি । তাঁর টাকার টানাটানি যাচ্ছে ।’
 ‘তাই বুঝি ?’
 ‘এটা কিন্তু আপনাকে গোপনে বলছি ।’
 ‘আপনি আমাদের উপর সম্পূর্ণ বিশ্বাস রাখতে পারেন ।’
 ‘আমার ভগ্নীপতি অনেক দেনা করে ফেলেছেন । সেই সঙ্গে ড্রিঙ্কিং বেড়ে গেছে ।’
 ‘কিন্তু কাল ওরকম পার্টি দিলেন ?’
 ‘কী করে দিলেন জানি না । আমি এবং আমার স্বামী নেমস্তন্ন পেয়ে খুব আশ্চর্য হয়ে
 গিয়েছিলাম ।’

‘হয়তো এর মধ্যে অবস্থার উন্নতি হয়েছে।’

‘তা হতে পারে। কিন্তু আমি দু মাস আগের কথাও জানি। আমার বোন আমার কাছে এসে কান্নাকাটি করেছে। তার উপর ওদের ছেলের গোলমাল তো আছেই। সে ব্যাপার জানেন তো?’

‘শুনেছি।’

‘আশা করি আপনার কথাই ঠিক—ওদের অবস্থার উন্নতি হয়েছে।’

‘হারটা কে চুরি করতে পারে সে সম্বন্ধে আপনার কোনও বক্তব্য আছে?’

‘একেবারেই না। ওটা আমার কাছে একটা বিরাট রহস্য।’

‘প্রসেনজিৎকে আপনার সন্দেহ হয় না?’

‘প্রসেনজিৎ?’

ভদ্রমহিলা যেন একটু ভাবলেন। তারপর বললেন, ‘একটা ব্যাপার আছে। ফিল্মটা যখন দেখানো হচ্ছিল তখন প্রসেনজিৎ আমার কাছেই ছিল। ফিল্ম চলা অবস্থায় সে উঠে কোথায় যেন যায়।’

‘অন্য কোনও লোককে জায়গা বদলাতে দেখেছিলেন?’

‘না। তা ছাড়া আমার দৃষ্টি পর্দার উপর ছিল। প্রায় কুড়ি বছর পরে দেখছিলাম ছবিটা।’

‘থ্যাক্স ইউ, সুশীলা দেবী—আমার প্রশ্ন শেষ।’

আমরা কফি খেয়ে উঠে পড়লাম। বাড়ির বাইরে এসে ফেলুদা বলল, ‘এবার অ্যালবার্ট রতনলাল। তা হলেই আজকের মতো আমার কাজ শেষ।’

সালডানহার বাড়ি থেকে আমরা রতনলালের ফ্ল্যাটে গেলাম। অত্যন্ত সুসজ্জিত ফ্ল্যাট, আর একজনের পক্ষে বেশ বড়। ভদ্রলোক সোফায় বসে একটা হাই-ফাই স্টিরিওতে গজল শুনছিলেন, পরনে একটা বেগুনি ড্রেসিং গাউন, মুখে পাইপ। ভদ্রলোক যে আতর ব্যবহার করেন সেটা জানতাম না। ঘরে বেশ ঝাঁঝালো আতরের গন্ধ।

ভদ্রলোক আমাদের দেখে স্টিরিওটা বন্ধ করে বললেন, ‘কী ব্যাপার?’

ফেলুদা বলল, ‘কালকে চুরির ব্যাপারে কয়েকটা প্রশ্ন করার ছিল। আমরা সকলকেই করেছি।’

‘এভরিওয়ান?’

‘শুধু মিঃ সুকিয়াসকে বাকি। সেটা কাল করব।’

‘আপনার কি ধারণা আমি চুরিটা করে থাকতে পারি?’

‘মোটাই না। তবে চোর ধরতে আপনি সাহায্য করতে পারেন।’

‘আই অ্যাম নট ইন দ্য লিস্ট বিট ইন্টারেস্টেড ইন দ্য থেফট।’

‘এত দামি আর ভাল একটা জিনিস চুরি হল, আর তাতে আপনার ইন্টারেস্ট নেই?’

‘মাইসোরের দেওয়া জিনিস তো দামি হবেই, তাতে আশ্চর্যের কী আছে?’

‘আপনার মা-র এত সাধের জিনিস ছিল!’

‘আমার মা-র ফিল্ম কেরিয়ার সম্বন্ধেও আমার কিছুমাত্র উৎসাহ নেই। আই থিংক অল ফিল্মস আর রটন। সাইলেন্ট ফিল্মস তো বটেই।’

‘আপনার পেশাটা কী জানতে পারি?’

‘তা পারেন। আমি একটা মার্কেনটাইল ফার্মের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার।’

‘তা হলে আপনি আর কোনওরকমে সাহায্য করতে পারছেন না আমাদের?’

‘আই অ্যাম ভেরি সরি। আমার কিছু বলার নেই।’



‘একটা শেষ প্রশ্ন আছে।’

‘কী?’

‘কাল ফিল্মটা চলার সময় আপনি কাউকে জায়গা পরিবর্তন করতে দেখেছিলেন?’

‘আমি তো ফিল্ম দেখছিলাম না। আমি অন্যদিকে মুখ ফিরিয়ে ছিলাম। আই স মিঃ সুকিয়াস কাম ইন।’

‘ধন্যবাদ। আপনি দেখছি আপনার পিতামহের মতো হিন্দি গানের ভক্ত।’

রতনলাল কোনও মন্তব্য না করে আবার স্টিরিওটা চালিয়ে দিলেন। আমরা ঘর থেকে বেরিয়ে এলাম।

পরদিন সকালে ফেলুদা বলল, ‘তোরা বরং দিলখুশাটা দেখে আয়। আমার একটু চিন্তা করার আছে, তা ছাড়া দু-একটা টেলিফোন করারও আছে। সুকিয়াসের সঙ্গে একটা অ্যাপয়েন্টমেন্ট করতে হবে। ইনস্পেক্টর পাণ্ডেকেও একটা ফোন করব।’

আমরা দুজনে আজ ট্যাক্সির বদলে একটা টাক্সা নিয়ে বেরোলাম। লালমোহনবাবুর ভীষণ শখ টাক্সা চড়ার কারণ উনি জানেন বাদশাহী আংটির সময় আমরা টাক্সা চড়েছিলাম।

টাক্সা রওনা হবার পর লালমোহনবাবু বললেন, ‘দিলখুশার ইতিহাসটা একটু জেনে নিই।’

আমি বললাম, ‘দিলখুশা ঊনবিংশ শতাব্দীর প্রথম দিকে নবাব সাদাত আলির তৈরি একটা বাগানবাড়ি ছিল। এর আশেপাশে হরিণ চরে বেড়াত। এখন শুধু ব্যাপারটার ভগ্নাবশেষ রয়েছে, তবে তার পাশে একটা সুন্দর পার্ক রয়েছে যেখানে লোকে বেড়াতে যায়। দিলখুশার উত্তরে বিখ্যাত লা মার্টিনিয়ার ইস্কুল। অষ্টাদশ শতাব্দীতে ব্লড মার্টিনের তৈরি। মার্টিন ছিলেন মেজর জেনারেল। দিলখুশা থেকে এই স্কুলটা দেখতে পাবেন।’

টাক্সাতে যেতে যেতে মনে হচ্ছিল—সত্যি, লখনৌ-এর মতো বাহারের শহর ভারতবর্ষে কমই আছে। লালমোহনবাবু অবশ্য বার বারই বলছেন, ‘ইতিহাস চোখের সামনে দেখতে পাচ্ছি।’

দিলখুশার ভগ্নাবশেষ দেখতে বেশি সময় লাগে না। তাই আমরা সে কাজটা শেষ করে পার্কটায় একটু বেড়াতে গেলাম, আর সেখানে গিয়েই একটা বিশ্রী ঘটনায় আমাদের জড়িয়ে পড়তে হল।

প্রথমে মনে হয়েছিল পার্কে কোনও লোকজন নেই। লোক সচরাচর হয় বিকেলের দিকে। আমরা ফুলবাগানের মধ্যে দিয়ে খানিকদূর হাঁটার পর একটা গাছের পিছনে একটা বেষ্টির খানিকটা অংশ দেখলাম, আর সেই সঙ্গে মানুষের গলার আওয়াজ পেলাম। গাছটা পেরোতেই যে দৃশ্যটা দেখলাম তাতে আমাদের বুকের ভিতরটা ছাঁৎ করে উঠল।

দেখি কী, প্রসেনজিৎ আর দুটি তারই ধাঁচের ছেলে বেষ্টিতে বসে কী যেন খাচ্ছে। তিনজনেরই চুল উসকো খুসকো আর চোখ ঘোলাটে। ওরা যে নেশা করছিল তাতে কোনও সন্দেহ নেই, আর এই নেশা বড় সহজ নেশা নয়। এ হল ড্রাগের ব্যাপার, যা খেয়ে মানুষ সম্পূর্ণ হুঁশ হারিয়ে খুন পর্যন্ত করতে পারে।

প্রসেনজিৎ এত মশগুল ছিল যে সে আমাদের প্রথমে দেখতেই পায়নি। তারপর যখন দেখল তখন তার মুখে এক অদ্ভুত ক্রুর হাসি ফুটে উঠল।

‘ডিটেকটিভের চেলাদের দেখছি, ডিটেকটিভ কোথায়?’ প্রশ্ন করল সে জড়ানো গলায়।

‘তিনি আসেননি’, বললেন লালমোহনবাবু।

‘আহা, এমন একটা দৃশ্য দেখতে পেলেন না।’

আমরা চুপ।

‘চোর ধরা পড়ল?’ বিদ্রূপের সুরে প্রশ্ন করল প্রসেনজিৎ।

‘এখনও পড়েনি।’

‘আমাকেই তো সকলে সন্দেহ করেছে, তাই না? কারণ আমার টাকার অভাব। লোকের কাছে ধার চাইতে হয় ঘণ্টাখানেক স্বর্গবাসের জন্য। শুনুন—আই ক্যান টেল ইউ দিস—হার চুরি করার মতো বোকা আমি নই। আমার লাক্ খুলে গেছে। আমি বেশির ভাগ টাকা পাই জুয়া খেলে। মাঝে মাঝে লোকের কাছে ধার করতে হয়, কারণ এ জিনিস একবার ধরলে আর ছাড়া যায় না। আপনি ধরলে আপনিও আর ছাড়তে পারতেন না, মিস্টার থ্রিলার



রাইটার। একবার ট্রাই করে দেখুন না—আপনার লেখা অনেক ইমপ্রুভ করে যাবে। মাথার মধ্যে গল্পের প্লট ভিড় করে আসবে। কী, মিস্টার রাইটার—কী বলেন?’

আমরা দুজনেই নির্বাক। এরকম একটা দৃশ্যের সামনে পড়তে হবে ভাবতেই পারিনি।

‘তবে একটা কথা বলে রাখি’—হঠাৎ তড়াক্ করে দাঁড়িয়ে উঠে খসখসে ধারালো গলায় বলল প্রসেনজিৎ। তারপর তার জীনসের পকেট থেকে একটা ফ্লিক্ নাইফ বার করে খ্যাঁচ করে বোতাম টিপে ফলাটা বার করে সেটা আমাদের দিকে বাড়িয়ে বলল, ‘আজকের কথা যদি ঘুণাক্ষরেও কেউ জানতে পারে তা হলে বুঝব সেটা আপনাদের কীর্তি। তখন বুঝবেন এই ছুরির ধার কত। নাউ ক্লিয়ার আউট ফ্রম হিয়ার!’

বেগতিক ব্যাপার। এখানে থাকা আর নিরাপদ নয়, আর কোনও প্রয়োজনও নেই। যা দেখার তা দেখে নিয়েছি, আর এ দৃশ্য শুধু আমরাই দেখেছি, আর কেউ দেখেনি। আমরা দুজনে আবার টাঙ্গা করে হোটেলে ফিরে এলাম। সারা পথ দুজনের মুখে একটিও কথা নেই।

হোটেলে ফিরে দেখি আমাদের ঘরে শীলা বসে আছে, তার হাতে অটোগ্রাফ খাতা। আমাদের দেখে শীলা উঠে পড়ল। বলল, ‘আপনার কিছুটা সময় নষ্ট করে গেলাম। এনিওয়ে, সইয়ের জন্য ধন্যবাদ। আশা করি আপনার ডিটেকশন সফল হবে।’

শীলা চলে গেলে পর লালমোহনবাবুকেই বলতে দিলাম ফেলুদাকে দিলখুশার ঘটনাটা । ফেলুদা সব শুনে বলল, ‘আমার ওর চোখের চাহনি দেখেই সন্দেহ হয়েছিল ও ড্রাগ ব্যবহার করে । ও ছেলের ভবিষ্যৎ অন্ধকার ।’

‘কিন্তু তা হলে ওই কি কণ্ঠহার চোর?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন । ফেলুদা কোনও উত্তর না দিয়ে বলল, ‘ভাল কথা, আপনাদের আরেকবার একটু বেরোতে হবে ।’

‘হোয়াই স্যার?’

‘সুকিয়াসের টেলিফোন খরাপ । অ্যাপয়েন্টমেন্ট হয়নি । আমিই বেরোতাম, কিন্তু শীলা এসে পড়ল । ওঁর বাড়িতে গিয়ে অ্যাপয়েন্টমেন্ট করতে হবে । চট করে বেরিয়ে পড়লে এখনও ওঁকে বাড়িতে পাবার চান্স । আমার মাথায় একটা জিনিস দানা বাঁধছে তাই আমি বেরোতে চাচ্ছি না । যা তোপসে, ট্যাক্সি নিয়ে বেরিয়ে পড় ।’

লালমোহনবাবু একটা স্বস্তির নিশ্বাস ফেলে বললেন, ‘জেরা শুনতে শুনতে প্রাণ হাঁপিয়ে উঠছিল, এবার তবু একটা কাজ পাওয়া গেল ।’

আমরা দুজনে বেরিয়ে পড়লাম । সাত নম্বর লাটুশ রোড বলতেই ট্যাক্সি আমাদের সোজা গন্তব্যস্থলে নিয়ে গেল । আমরা ট্যাক্সিটাকে পাঁচ মিনিট অপেক্ষা করতে বললাম ।

বেশ বড় একতলা বাড়ি, গেটের গায়ে মার্বেল ফলকে লেখা ‘এস সুকিয়াস’ । গেট দিয়ে ঢুকে দুদিকে বাগান । তাতে ফুল নানা রকমের । বাগানের মধ্যে দিয়ে পথ গাড়িবারান্দায় পৌঁছেছে । বাড়ির বয়স অন্তত পঞ্চাশ বছর তো হবেই ।

আমরা কলিং বেল টিপতে একজন বেয়ারা এসে দরজা খুলে দিল ।

লালমোহনবাবু জিজ্ঞেস করলেন, ‘মিঃ সুকিয়াস হ্যাঁ?’

‘জি হাঁ হজুর—আপকা সূভনাম?’

‘জারা বোলিয়ে মিঃ মিটারকে পাস সে দো আদমি আয়ে হ্যাঁ এক মিনিট বাৎচিংকে লিয়ে ।’

হিন্দিতে ক’টা ভুল হল জানি না, কিন্তু বেয়ারা ব্যাপারটা বুঝে নিল । আমাদের এক মিনিট অপেক্ষা করতে বলে সে ভিতরে চলে গেল ।

এক মিনিট পরে যে বেয়ারা বেরিয়ে এল তার চেহারাই পালটে গেছে । দৃষ্টি বিস্ফারিত, হাত পা ঠক ঠক করে কাঁপছে, মুখ দিয়ে কথাই বেরোচ্ছে না ।

‘কেয়া হুয়া?’ রুদ্ধশ্বাসে জিজ্ঞেস করলেন লালমোহনবাবু ।

‘আপলোগ...অন্দর আইয়ে...’ কোনওরকমে বলল বেয়ারা । আমরা বেয়ারার পিছন পিছন ভিতরে ঢুকলাম । বেয়ারা সেইভাবেই কাঁপতে কাঁপতে বৈঠকখানা পেরিয়ে একটা ঘরে নিয়ে গিয়ে ঢোকাল আমাদের ।

ঘরটা হল যাকে বলে স্টাডি । চারিদিকে নানারকম শিল্পদ্রব্য আর বইয়ে ঠাসা আলমারি । ঘরের মাঝখানে একটা বড় টেবিল । তার পিছনে একটা রিভলভিং চেয়ার । সেই চেয়ারে বসে টেবিলের উপর হুমড়ি খেয়ে পড়ে আছেন মিঃ সুকিয়াস, পরনে সাদা শার্ট, তার পিঠ রক্তে লাল । এরকম বীভৎস দৃশ্য আমি কমই দেখেছি ।

‘কী হরিবল ব্যাপার!’ বললেন লালমোহনবাবু । তারপর বেয়ারার দিকে ফিরে বললেন, ‘তুমি শেষ কখন দেখেছ তোমার মনিবকে?’

বেয়ারা আমতা আমতা করে যা বলল তাতে বুঝলাম মিঃ সুকিয়াস সকালে ব্রেকফাস্ট করে এই ঘরে চলে আসেন কাজ করতে । তিনি নিজেই সব করেন, তাঁর সেক্রেটারি নেই, বা বাড়িতে অন্য কোনও লোক নেই । বেয়ারা এই সময়টা প্রয়োজন না হলে তাঁকে ডিসটার্ব করে না । আজও সেই একই নিয়ম মানা হয়েছে ।

‘সকালে কোনও লোক ওঁর সঙ্গে দেখা করতে আসেনি ?’ আমি জিজ্ঞেস করলাম ।

বেয়ারা মাথা নাড়ল ।

‘নেহি হুজুর । কোই নেহি আয়া ।’

আমি বুঝতেই পারছিলাম যে বাইরে থেকে সামনের দরজা দিয়ে লোক আসার কোনও দরকার নেই, কারণ সুকিয়াসের চেয়ারের পিছনেই হাট করে খোলা একটা জানালা, তাতে শিক নেই । খুনি যে সেই জানালা দিয়েই ঢুকেছে তাতে কোনও সন্দেহ নেই ।

‘তোমাদের টেলিফোন তো খারাপ, তাই না ?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন ।

‘হাঁ হুজুর—দো রোজসে খারাপ হয় ।’

‘কিন্তু—’

আমি বললাম, ‘পুলিশের কথা ভুলে গিয়ে চলুন ট্যাক্সি নিয়ে হোটেলে ফিরে গিয়ে ফেলুদাকে নিয়ে আসি । যা করার ওই করবে ।’

‘তাই চলো ।’

৮

আমরা দশ মিনিটে হোটেলে পৌঁছে গেলাম ।

ফেলুদাকে খবরটা দিতেই সে তার খাতাটা ফেলে দিয়ে কোনও কিছু না বলে জ্যাকেটটা চাপিয়ে নিয়ে আমাদের দুজনকে সঙ্গে নিয়ে বেরিয়ে পড়ল । তার ভুরু ভীষণ কুঁচকে গেছে ।

সুকিয়াসের বাড়ি পৌঁছে সে প্রথমেই বেয়ারাকে জিজ্ঞেস করল, ‘তোমাদের ড্রাইভার আছে ?’

‘হায় হুজুর, গাড়ি ভি হায় ।’

‘ড্রাইভারকে আমার কাছে পাঠিয়ে দাও ।’

ড্রাইভার আসতে ফেলুদা তাকে তৎক্ষণাৎ থানায় খবর দিতে বলল । ড্রাইভার চলে গেল ।

এবার আমরা গিয়ে স্টাডিতে ঢুকলাম ।

‘ছুরি মেরেছে ভদ্রলোককে,’ বলল ফেলুদা, ‘অস্ত্রটা নিয়ে গেছে ।’

তারপর টেবিলের উপর ঝুঁকে পড়ে বলল, ‘ভদ্রলোক চিঠি লিখছিলেন ।’

সেটা অবশ্য আমিও দেখেছিলাম । ইংরিজি চিঠির বেশ খানিকটা লেখা হয়ে গেছিল যখন ছুরিটা মারে ।

‘এ কী—এ যে আমাকেই লেখা চিঠি ?’ বলে উঠল ফেলুদা । তারপর বলল, ‘যদিও পুলিশ আসার আগে এখানে কিছু নড়চড় করা উচিত না, চিঠিটা যখন আমার তখন সেটার উপর আমার নিশ্চয়ই একটা ক্রেম আছে ।’

এই বলে ফেলুদা চিঠিটা প্যাড থেকে ছিঁড়ে ভাঁজ করে পকেটে পুরে নিল ।

তারপর জানালার কাছে গিয়ে বাইরে ঝুঁকে দেখল ।

জানালার বাইরে একটা হাত চারেক চওড়া প্যাসেজ, তার পরেই বাড়ির পাঁচিল । সেই পাঁচিল উপরে লোক আসা খুব কঠিন নয় ।

‘বোঝাই যাচ্ছে খুনটা কোনও ভদ্রলোক করেননি ।’

ফেলুদা প্রায় আপনমনেই কথাটা বলল । তারপর বলল, ‘যতদূর মনে হয় এ হল লখনৌইয়া ভাড়াটে গুণ্ডার কাজ । আর এখানে ডাকাতির কোনও প্রশ্ন আসছে না, কারণ এই



একটা ঘরেই অন্তত লাখ টাকার জিনিস রয়েছে। প্রশ্ন হচ্ছে, এই শয়তানটিকে কিনি এমপ্লয় করেছিলেন। অর্থাৎ লোকটি কার অ্যাকমপ্লিস।’

‘সেটা অবশ্য মিঃ সুকিয়াসের ব্যক্তিগত ইতিহাস না জানলে বোঝা যাবে না’, বললেন লালমোহনবাবু। ‘তাই নয় কি?’

ফেলুদা বলল, ‘ভদ্রলোকের বিষয় যে আমরা একেবারেই কিছু জানি না তা নয়। অদ্ভুত লোক ছিলেন সেটা তো জানি। চড়া সুদে টাকা ধার দেওয়ার সঙ্গে উচু দরের শিল্পদ্রব্যের সংগ্রহ গড়ে তোলা সাধারণ লোকের কন্ম নয়। আমার ধারণা চিঠিতেও কিছু তথ্য পাওয়া যাবে।’

‘সেটা একবার পড়বেন না?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন।

‘চিঠিটার উপরে “কনফিডেনশিয়াল” লেখা ছিল সেটা বোধহয় আপনি দেখেননি। ওটা পড়ব যথাস্থানে যথা সময়ে। আততায়ীকে সুকিয়াস দেখেছিলেন বলে মনে হয় না। কাজেই তার আইডেনটিটি তো আর চিঠিতে থাকবে না।’

দশ মিনিটের মধ্যেই পুলিশ এসে গেল। আবার ইনস্পেক্টর পাণ্ডে। ফেলুদার সঙ্গে করমর্দন করে বললেন, ‘আপনি তো আমাদের টেকা দিয়েছেন দেখছি।’

‘তা দিয়েছি, কিন্তু এখন থেকে এ কেসের ভার সম্পূর্ণ আপনাদের উপর। আমি আর

এতে নাক গলাতে চাই না, কারণ তাতে কোনও লাভ হবে না। শুধু আততায়ীকে ধরলে পরে আমাকে একটা খবর দেবেন।’

‘আপনি তার মানে চললেন?’

‘হ্যাঁ। তবে আপনার সঙ্গে হয়তো দু-একদিনের মধ্যেই আবার দেখা হবে। কারণ আমি সেই চুরির মামলাটা মোটামুটি সলুভ করে এনেছি।’

‘বলেন কী!’

‘তাই তো মনে হচ্ছে।’

‘আমরা কিন্তু মিঃ বিশ্বাসের ছেলেকে সন্দেহ করছি। আপনিও কি তাই?’

‘সেটা এখনও বলতে পারছি না। আমায় মাপ করবেন।’

‘আমরা ডেফিনিট প্রুফ পেয়েছি ও ড্রাগ্‌সের খপ্পরে পড়েছে। ওর পিছনে একজন লোকও লাগিয়ে দিচ্ছি আমরা।’

‘ওয়েল, বেস্ট অফ লাক্। এখন তো আপনাদের হাতে আরেকটি ক্রাইম পড়ল। আচ্ছা, একটা প্রশ্ন আছে। গুণ্ডা লাগিয়ে খুন সবখানেই সম্ভব এবং সেটা লখনৌতেও সম্ভব বোধহয়।’

‘খুব বেশি মাত্রায়।’

‘থ্যাঙ্কস।’

৯

কোনও একটা মামলার মাঝখানে ফেলুদাকে এত নিষ্কর্মা হয়ে পড়তে দেখিনি কখনও। আমরা পর পর দুদিন লালমোহনবাবুকে নিয়ে লখনৌ শহর দেখিয়ে বেড়ালাম। আমি একবার জিজ্ঞেস করলাম, ‘ফেলুদা, কী ব্যাপার বলো তো? তুমি এত চুপচাপ বসে আছ কেন?’

ফেলুদা বলল, ‘অর্ধেক মামলার সমাধান হয়ে গেছে। বাকি অর্ধেক পুলিশের সাহায্য ছাড়া হবে না। আমি এর মধ্যে পাণ্ডুর কাছ থেকে দুবার ফোন পেয়েছি। মনে হয় পাকা খবর আর দুদিনের মধ্যেই পেয়ে যাব।’

‘পুলিশের ব্যাপারটা কি সুকিয়াসের খুনের সঙ্গে জড়িত?’

‘ইয়েস’, বলল ফেলুদা।

‘আর হার চুরি?’

‘সেটা নিয়ে আর ভাববার কিছু নেই।’

‘আর সুকিয়াসের খুন সম্বন্ধে তোমার কি কোনও ধারণাই নেই?’

‘আছে, কিন্তু প্রমাণ চাই? সেই প্রমাণটা পুলিশ গুণ্ডাটাকে ধরতে পারলেই পেয়ে যাব। কে খুন করিয়েছে সে সম্বন্ধে আমার একটা পরিষ্কার ধারণা আছে।’

আরও একটা দিন এই ভাবে কেটে গেল। আমরা জটায়ুকে নিয়ে মিউজিয়াম দেখিয়ে আনলাম। এখন জটায়ুর লখনৌ দেখা শেষ বললেই চলে। আমাদের কলকাতায় ফিরতে আর দুদিন বাকি আছে।

দুপুরবেলা ফেলুদা যে ফোনটা আশা করছিল সেটা এল। মিঃ পাণ্ডুর কাছ থেকে। কথা বলার পর ওকে জিজ্ঞেস করতে ফেলুদা বলল, ‘কেস খতম্। ওরা গুণ্ডাটাকে ধরেছে। শম্ভু সিং বলে এক পাঞ্জাবি। সে আদালতে দোষ স্বীকার করেছে, আসল লোককে দেখিয়ে দেবে বলেছে। যে ছুরিটা দিয়ে খুনটা করা হয়েছিল

সেটাও পাওয়া গেছে ।’

‘তা হলে এখন কী হবে ?’

‘রহস্য উদ্ঘাটন । আজ সন্ধ্যা সাতটায় জয়ন্ত বিশ্বাসের বাড়িতে ।’

এর পর ফেলুদাকে পর পর অনেকগুলো ফোন করতে হল । প্রথমে অবশ্য জয়ন্তবাবুকে । ভদ্রলোক রাজি হয়ে গেলেন । বললেন, ‘বাকি সবাইকে তা হলে আপনিই খবর দিয়ে দিন । আপনি তো সকলের টেলিফোন নম্বরই জানেন ।’

ভীষণ উৎকণ্ঠা নিয়ে পৌনে সাতটার সময় হেক্টর জয়ন্ত বিশ্বাসের বাড়িতে গিয়ে হাজির হলাম । ইনস্পেক্টর পাণ্ডেও এসে পড়লেন সাতটার পাঁচ মিনিট আগে—সঙ্গে দুজন কনস্টেবল, আর আরেকটি লোক যার হাতে হাতকড়া । বুঝলাম সেই হচ্ছে খুনি গুণ্ডা ।

সাতটা বেজে পাঁচ মিনিটের মধ্যেই সকলে এসে পড়ল । সকলে বলতে তালিকাটা দিয়ে দিই—জয়ন্তবাবুর বাড়ির পাঁচজন, সাল্‌ডান্‌হার বাড়ির দুজন আর রতনলাল ব্যানার্জি । প্রশস্ত বৈঠকখানায় সকলে চেয়ার আর সোফাতে ছড়িয়ে বসলেন । রতনলাল আগেই প্রশ্ন করলেন, ‘হোয়াট ইজ দিস ফার্স ?’ ফেলুদা বলল, ‘আপনি এটাকে প্রহসন বলে মনে করতে পারেন, কিন্তু আর সকলের কাছে ব্যাপারটা বোধহয় খুবই সিরিয়াস ।’

‘হারটা পাওয়া গেছে কি ?’ চাপা স্বরে প্রশ্ন করলেন সুনীলা দেবী ।

‘যথাসময়েই তার উত্তর পাবেন’, বলল ফেলুদা । তারপর উঠে দাঁড়িয়ে সমবেত সকলের উপর একবার চোখ বুলিয়ে বলল, ‘রহস্যের সমাধান হয়েছে । বলাই বাহুল্য, এটা পুলিশের সাহায্য ছাড়া হত না । আমি আপনাদের এখন ঘটনাটা বলতে চাই । আশা করি আপনাদের মনে যে সমস্ত প্রশ্ন রয়েছে তার জবাবও আমার কথায় পেয়ে যাবেন ।’

‘আই হোপ খুব বেশি সময় নেবেন না,’ বললেন রতনলাল ব্যানার্জি, ‘আমার একটা ডিনার আছে ।’

‘যতটুকু দরকার তার এক মুহূর্ত বেশি নেব না’, বলল ফেলুদা ।

সবাই চুপ ।

‘তা হলে এবার শুরু করি ?’

‘করুন’, বললেন জয়ন্তবাবু ।

‘গোড়াতেই বলে রাখি যে এখানে দুটো তদন্তের ব্যাপার নিয়ে আমাদের কারবার । এক হল শকুন্তলা দেবীর হার চুরি, আর দ্বিতীয় হল মিঃ সুকিয়াসের মার্ডার ।

‘এই তদন্তের ব্যাপারে আমি সকলকে জেরা করি । তার মধ্যে সকলেই যে সব সময় সত্যি কথা বলেছেন তা নয় । তাদের মিথ্যে কিছু ধরা পড়েছে অন্যের জেরাতে । কেউ কেউ কিছু কিছু জিনিস লুকোতে চেয়েছেন, কেউ কেউ আবার আমার প্রশ্নের জবাবই দেননি । হারের ব্যাপারে অনেককে সন্দেহ করা চলতে পারত । তার মধ্যে ছিলেন শ্রীমান প্রসেনজিৎ, যিনি ড্রাগের নেশা ধরেছেন এবং সে ড্রাগ কেনার জন্য তাঁর প্রায়ই টাকার দরকার হয় । সে টাকা তিনি এর-ওর কাছ থেকে ধার করেন এবং জুয়া খেলেও জোগাড় করেন । তারপর আরেকজনকে সন্দেহ করা চলতে পারে ; তিনি হলেন সুদর্শন সোম । পরের আশ্রিত তিনি, অভাবী লোক, হয়তো সে অবস্থা থেকে মুক্তি পাবার জন্য তিনি হারটা চুরি করেছিলেন । তা ছাড়া আছেন মিঃ সাল্‌ডান্‌হা । তাঁর দোকান ভাল চলছে না, তিনি নিজের অবস্থার উন্নতি করার জন্য হারটা চুরি করতে পারেন । এক জনের উপর সন্দেহ করার কোনও কারণ ছিল না, তিনি হলেন জয়ন্তবাবু । কারণ তাঁর জবানিতে তিনি বলেছিলেন যে তাঁর ব্যবসা ভালই চলছে, তাঁর টাকার কোনও অভাব নেই । কিন্তু আরেকজনের জবানিতে আমি শুনি যে তাঁর ব্যবসা মোটেই ভাল যাচ্ছে না, তিনি ফ্রান্স্ট্রেশন বশত তাঁর মদের মাত্রা বাড়িয়ে দিয়েছেন ।



১৯৪৭ সালের

অবিশ্যি এই জবানি থেকে কিছু প্রমাণ হয় না, এটা ভুলও হতে পারে।

‘এখানে সুকিয়াসের খুনের ব্যাপারে আমাকে আসতে হচ্ছে। তিনি যখন খুন হন তখন একটা চিঠি লিখছিলেন। চিঠিটা প্রায় শেষ হয়ে গিয়েছিল এবং সেটা আমাকে উদ্দেশ্য করে লেখা। এই চিঠি লেখার কারণ হল—তাকে হঠাৎ কানপুর চলে যেতে হচ্ছিল সেই সকালেই, তাই আমাকে তিনি কোয়েশচনিং-এর জন্য সময় দিতে পারছিলেন না। কিন্তু কানপুর যাবার আগেই তিনি খুন হন।

‘এই চিঠি থেকে আমি দুটো তথ্য জানতে পারি। এক হল এই যে শকুন্তলা দেবীর হারটা অবশেষে জয়ন্তাবাবু তাঁকে বিক্রি করতে রাজি হয়েছিলেন দু লাখ টাকায়। এই হারটা আর তিনদিনের মধ্যেই সুকিয়াসের হস্তগত হবার কথা ছিল, কিন্তু তার আগেই হারটা চুরি হয়ে যায়।

‘দ্বিতীয় তথ্য হল, এই ঘরে সমবেত সকলের মধ্যে একজন আছেন যিনি মিঃ সুকিয়াসের কাছে পঞ্চাশ হাজার টাকা ধার করেন দেড় মাস আগে। তিনি বলেছিলেন টাকাটা এক মাসের মধ্যে সুদসমেত ফেরত দিয়ে দেবেন, কিন্তু দেননি। সুকিয়াস তাঁকে অনেক অনুরোধ করেও টাকাটা আদায় করতে পারেননি। তখন তিনি বলেন আইনের আশ্রয় নেবেন। এইসব তথ্য আমার জেরায় প্রকাশ পেয়ে যেত বলেই তাঁকে খুন করা হয়। অবিশ্যি যিনি খুনটা করিয়েছিলেন তাঁর পক্ষে সুকিয়াসের চিঠির কথা জানার কোনও উপায় ছিল না, কারণ খুনের সময় তিনি সেখানে উপস্থিত ছিলেন না। যিনি উপস্থিত ছিলেন, অর্থাৎ এই ভদ্রলোকের অ্যাকমপ্লিস, তাকে পুলিশ ধরেছে এবং সে তার অপরাধ স্বীকার করেছে। আর এটাও সে বলেছে যে, যে তাকে এমপ্লয় করেছিল তাকে সে দেখিয়ে দেবে।’

ফেলুদা এবার পাণ্ডুর দিকে ফিরল।

‘মিঃ পাণ্ডে—আপনি আপনার লোককে আনান তো।’

দুজন কনস্টেবল গিয়ে শম্ভু সিংকে নিয়ে এল।

ফেলুদা বলল, ‘তোমাকে যে খুনটা করতে বলেছিল সে লোক কি এখানে রয়েছে?’

শম্ভু সিং এদিক ওদিক দেখে বলল, ‘হাঁ ছজুর।’

‘তাকে দেখাতে পারবে?’

‘ওই যে সেই লোক’, বলে একজন বিশেষ ব্যক্তির দিকে শম্ভু সিং তার হাতকড়া পরা দুটো হাত একসঙ্গে তুলে দেখাল।

সকলে অবাক হয়ে দেখল, যে রতনলাল ব্যানার্জির মুখ থেকে তাঁর পাইপটা খসে ঠক্কাস শব্দে মাটিতে পড়ল।

‘হোয়াট ননসেন্স ইজ দিস?’ বলে উঠলেন রতনলাল ব্যানার্জি।

ফেলুদা বলল, ‘আপনি ননসেন্সই বলুন, আর ফার্সাই বলুন, ইয়োর গেম ইজ আপ, মিঃ ব্যানার্জি।’

সমস্ত ঘরে একটা থমথমে ভাব, তার মধ্যে ফেলুদা কথা বলে চলল।

‘আপনাকে একটা প্রশ্ন করতে চাই, মিস্টার অ্যালবার্ট রতনলাল ব্যানার্জি। আপনার কীসের জন্য পঞ্চাশ হাজার টাকা ধার করার প্রয়োজন হয়েছিল সেটা বলবেন কি?’

‘আই উইল নট’, এখনও তেজের সঙ্গে বললেন রতনলাল।

‘তা হলে আমিই বলি’, বলল ফেলুদা। ‘আপনি যা রোজগার করতেন তার চেয়ে অনেক বেশি খরচ করতেন। সুকিয়াস লিখেছে আপনি বাইজিদের পিছনে অটেল টাকা ঢালতেন। আমরা যেদিন আপনার ঘরে গিয়েছিলাম সেদিন আতরের গন্ধ পেয়েছিলাম। আমার ধারণা আমরা আসার আগে আপনার ঘরে একজন বাইজি ছিলেন, তাঁকে আপনি ভিতরে পাঠিয়ে দেন। আপনি নিজে আতর ব্যবহার করলে পার্টির দিনেও নিশ্চয়ই করতেন, কিন্তু সেদিন কোনও গন্ধ পাইনি। আমার মনে হয় আপনি আপনার পিতামহের স্বভাব পেয়েছিলেন। তাঁরও শেষ জীবনে অর্থাভাব হয়েছিল। আপনিও সেই একই কারণে সুকিয়াসের দ্বারস্থ হয়েছিলেন।’

‘ও মাই গড!’ মাথা হেঁট করে রুদ্ধস্বরে বললেন রতনলাল। ‘আই অ্যাম ফিনিশ্ড।’

ইনস্পেক্টর পাণ্ডে ও একজন কনস্টেবল তাঁর দিকে এগিয়ে গেল।

ফেলুদা বলল, ‘আমার বক্তব্য অবিশ্যি এখনও শেষ হয়নি। এখনও একটা রহস্য উদ্‌ঘাটন হতে বাকি আছে, সেটা হল শকুন্তলা দেবীর কণ্ঠহার। সেটা জয়ন্তবাবু নিতে চেয়েছিলেন, কিন্তু পারেননি, কারণ সেটা তার আগেই অন্য একজনের হাতে যায়।’

‘কার?’ চাপা স্বরে জিজ্ঞেস করলেন সুনীলা দেবী।

‘এখানে আমি একটা কথা বলতে চাই’, বলল ফেলুদা। ‘একটা ধারণা হয়েছিল যে সেদিন পার্টিতে যখন ফিল্মটা দেখানো হচ্ছিল সেই অন্ধকার অবস্থাতেই বুঝি কেউ গিয়ে হারটা নিয়ে আসে। কিন্তু আসলে ফিল্ম যখন চলে তখন পর্দা থেকে প্রতিফলিত আলোয় ঘর আর সম্পূর্ণ অন্ধকার থাকে না। আমি সেদিন প্রোজেক্টরের পাশে দাঁড়িয়েছিলাম। আমার দৃষ্টি শুধু পর্দার দিকে ছিল না। ঘর থেকে কেউ বেরিয়ে গেলে আমি নিশ্চয় দেখতে পেতাম। কেউ বেরোয়নি। প্রসেনজিৎ দাঁড়ানো অবস্থা থেকে সোফায় বসে আর ছবি চলার মধ্যে সুকিয়াস প্রবেশ করেন। ঘরে আর কোনও নড়াচড়া হয়নি।’

‘তা হলে?’ সুনীলা দেবী হতভম্ব।

‘তা হলে এই যে ছবি শুরু হবার আগেই হারটা সিঁদুক থেকে বার করে আনা হয়েছিল।’

‘সে তো হয়েইছিল,’ বললেন সুনীলা দেবী । ‘শীলা এনেছিল আপনাকে দেখানোর জন্য এবং শীলাই সেটা আবার তুলে রাখে ।’

‘না । সেখানেই ভুল । শীলা হারটাকে আর সিন্দুকে তোলেনি । সে সেটা নিজের কাছেই রেখে দিয়েছিল । এটা আমি বুঝতে পেরেছিলাম, কিন্তু কারণটা বুঝিনি । পরে রাতে সে সেটাকে একটা ফুলের টবে মাটির মধ্যে পুঁতে রাখে । এ কথা শীলা নিজে আমাকে বলেছে । এই যে সেই হার ।’

ফেলুদা তার কোটের পকেট থেকে হারটা বার করে ঘরের মাঝখানে টেবিলের উপর রাখল । ঘরের সকলের মুখ থেকে একটা বিস্ময়সূচক শব্দ বেরিয়ে এল ।

সুনীলা দেবী বললেন, ‘কিন্তু...কিন্তু সে এরকম করল কেন ?’

‘কারণ সে তার ঘর থেকে আপনার এবং আপনার স্বামীর মধ্যে কথোপকথন শুনে ফেলেছিল । তার শোবার ঘর তো আপনাদের শোবার ঘরের পাশেই এবং মাঝখানের দরজা খোলাই থাকে । মাঝরাতে তার ঘুম ভেঙে যায় । তখন আপনি আপনার স্বামীকে বলছিলেন যে হারটা আপনি সুকিয়াসকে বিক্রি করতে রাজি আছেন । এই সিদ্ধান্তে পৌঁছতে অবিশ্যি আপনার অনেক সময় লেগেছিল, কিন্তু শেষ পর্যন্ত যে আপনি রাজি হয়েছিলেন সেটা তো ঠিক । এমন দুর্ঘটনা যাতে না ঘটে তাই শীলা হারটা সরিয়ে রেখেছিল, এবং সে এটা করেছিল বলেই আজও হারটা আপনাদের কাছে রয়েছে এবং আশা করা যায় থাকবে । এমন জিনিস হাতছাড়া করাও একটা ক্রাইম ।’

*

হোটলে ফিরে এসে লালমোহনবাবু মাথা চুলকে বললেন, ‘মশাই, লাক্‌নাউ মানে তো ভাগ্য এখনই । তা এখানে ভাগ্যটা কার সেটা তো আমি ঠিক বুঝতে পারছি না ।’

ফেলুদা বলল, ‘কেন পারছেন না ? ভাগ্য আপনার, কারণ আপনি আবার ফেলু মিণ্ডিরের একটা তারাবাজি দেখতে পেলেন বিনে পয়সায় ।’

আমি বললাম, ‘তা ছাড়া সুনীলা দেবীদেরই ভাগ্য ভাল যে হারটা তাদেরই রয়ে গেল । থ্যাঙ্কস্‌ টু মেরি শীলা ।’

‘যা বলেছ তপেশ ভাই’, বললেন লালমোহনবাবু ।

‘শীলার মতো মেয়ে বড় একটা দেখা যায় না—তাই না ফেলুবাবু ?’

ফেলুদা বলল, ‘শকুন্তলা দেবীর হারটা যদি সত্যি করে কেউ কদর করে, সে হল মেরি শীলা বিশ্বাস ।’



ডাঃ মুনসীর ডায়রি

আজ চায়ের সঙ্গে চানাচুরের বদলে শিঙাড়া। লালমোহনবাবু কিছুদিন থেকেই বলছেন, “খাই-খাই” বলে একটা দোকান হয়েছে মশাই, আমার বাড়ি থেকে হাফ-এ মাইল, সেখানে দুর্দান্ত শিঙাড়া করে। একদিন নিয়ে আসব।’

আজ সেই শিঙাড়া এসেছে, আর লালমোহনবাবুর কথা যে সত্যি, সেটা প্রমাণ হয়ে গেছে। ‘সামনের বৈশাখে আপনার যে বইটা বেরোবে তার ছক কাটা হয়ে গেছে?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘ইয়েস স্যার! কাম্পুচিয়ায় কম্পমান। এবার দেখবেন প্রখর রুদ্রের হাবভাব কায়দাকানুন অনেকটা ফেলু মিস্তিরের মতো হয়ে আসছে।’

‘অর্থাৎ সে আরও প্রখর হয়ে উঠেছে এই তো?’

‘তা তো বটেই।’

‘গোয়েন্দার ইমপ্রুভমেন্টের সঙ্গে সঙ্গে তার সৃষ্টিকর্তাও ইমপ্রুভ করেছেন নিশ্চয়ই।’

‘এই কবছর সমানে যে আপনার আশেপাশে ঘুরঘুর করেছে, তাতে অনেকটা বেনিফিট যে পাওয়া যাবে সেটা তো আপনি অস্বীকার করবেন না?’

‘সেটা মানব যদি আপনি পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেন।’

‘কী পরীক্ষা?’

‘পর্যবেক্ষণ ক্ষমতার পরীক্ষা। বলুন তো আমার মধ্যে কোনও পরিবর্তন দেখছেন কিনা। আপনি তো গতকালও সকালে এসেছিলেন; আজকের আমি আর গতকালের আমার মধ্যে কোনও তফাত দেখছেন কি?’

লালমোহনবাবু উঠে দাঁড়িয়ে দুপা পিছিয়ে গিয়ে মিনিটখানেক ফেলুদাকে আপাদমস্তক স্টাডি করে বললেন, ‘কই, না তো! উঁহু। নো ডিফারেন্স। কোনও তফাত নেই।’

‘হল না। ফেল। অতএব প্রখর রুদ্রও ফেল। আপনি আসার দশ মিনিট আগে আমি প্রায় এক মাস পরে হাত আর পায়ের নখ কেটেছি। কিছু ঈদের চাঁদের মতো হাতের নখ এখনও মেঝেতে পড়ে আছে। ওই দেখুন।’

‘তাই তো!’

লালমোহনবাবু কিছুক্ষণের জন্য খানিকটা নিশ্চল হয়ে হঠাৎ ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘ভেরি ওয়েল; এবার আপনি বলুন তো দেখি আমার মধ্যে কী চেঞ্জ লক্ষ করছেন।’

‘বলব?’

‘বলুন।’

ফেলুদা চায়ের খালি কাপটা টেবিলে রেখে চারমিনারের প্যাকেটটা তুলে নিয়ে বলল, ‘নাস্থার ওয়ান, আপনি কাল অবধি লাস্ট টয়লেট সোপ ব্যবহার করেছেন; আজ সিঙ্কলের গন্ধ পাচ্ছি। খুব সম্ভবত.টি ভি-র বিজ্ঞাপনের চটকের ফলে।’

‘ঠিক বলেছেন মশাই। এনিথিং এলস?’

‘আপনি পাঞ্জাবির বোতাম সব কটাই লাগিয়ে থাকেন; আজ অনেকদিন পর দেখছি ওপরেরটা খোলা। নতুন পাঞ্জাবিতে বোতাম লাগাতে অনেক সময় বেশ কসরত করতে হয়। ওপরেরটায় সেই কসরতে কোনও ফল হয়নি বলে মনে হচ্ছে।’

‘মোক্ষম ধরেছেন।’

‘আরও আছে।’

‘কী?’

‘আপনি রোজ সকালে একটি করে রসুনের কোয়া চিবিয়ে খান; সেটা আপনি ঘরে এলেই বুঝতে পারি। আজ পারছি না।’

‘আর বলবেন না। ভরদ্বাজটা এমন কেয়ারলেস। দিয়েছি কড়া করে ধমক। এইট্রিসিঙ্গ থেকে রসুন ধরেছি মশাই, সকালে ডেইলি এক কোয়া। আমার সিসটেমটাই—’

জটায়ুর রসুনের গুণকীর্তন কমাতে হল, কারণ কলিং বেল বেজে উঠেছে। দরজা খুলে দেখি ফেলুদারই বয়সী এক ভদ্রলোক।

ফেলুদা উঠে দাঁড়াল।

‘আসুন—’

‘আপনিই তো?’

‘আমার নাম প্রদোষ মিত্র।’

ভদ্রলোক সোফায় বসে বললেন, ‘আমার নাম শঙ্কর মুনসী।’

‘সাইক্যাট্রিস্ট?’

আমি জানতাম যারা মনের ব্যারামের চিকিৎসা করে তাদের বলে সাইক্যাট্রিস্ট।

‘সেদিনই খবরের কাগজে ওঁর বিষয়ে একটা খবর পড়লাম না? একটা ছবিও তো বেরিয়েছিল।’

‘হ্যাঁ, আপনি ঠিকই বলেছেন’, বললেন শঙ্কর মুনসী। ‘গত চল্লিশ বছর ধরে উনি একটা ডায়রি লিখেছেন, সেটা পেঙ্গুইন ছাপছে। আপনি হয়তো জানেন না। বাবার মনোবিজ্ঞানী হিসাবে সুনাম আছে ঠিকই, কিন্তু আরেকটা ব্যাপারেও তিনি ছিলেন অসাধারণ। সেটা হল শিকার। পঁচিশ বছর আগে শিকার ছাড়লেও, এই ডায়েরিতে তাঁর শিকারের অভিজ্ঞতার বর্ণনাও আছে। পেঙ্গুইন এখনও লেখাটা পড়েনি; সাইক্যাট্রিস্ট শিকারির ডায়রি শুনেই ছাপার প্রস্তাব দেয়। তবে লেখক হিসেবে যে বাবার সুনাম আছে সেটা তারা জানে। মনোবিজ্ঞান সম্বন্ধে চমৎকার ইংরিজিতে লেখা বাবার অনেক প্রবন্ধ নানান পত্র-পত্রিকায় বেরিয়েছে।’

‘খবরটা কি আপনারাই কাগজে দেন?’

‘না, ওটা প্রকাশকের তরফ থেকে বেরোয়।’

‘আই সি।’

‘যাই হোক, এবার আসল ব্যাপারটায় আসি। বাবার গর্ব হচ্ছে যে এ ডায়েরিতে তিনি একটিও মিথ্যা কথা লেখেননি। তিনজন লোককে নিয়ে তিনটি ঘটনার উল্লেখ আছে ডায়েরিতে। যাদের পুরো নামটা ব্যবহার না করে বাবা নামের প্রথম অক্ষরটা ব্যবহার করেছেন। এই অক্ষর তিনটি হল “এ”, “জি”, আর “আর”। এরা তিনজনেই আজ সমাজে সম্মানিত, সাক্ষেসফুল ব্যক্তি। কিন্তু তিনজনেই, বেশ অনেককাল আগে, তিনটি অত্যন্ত গর্হিত কাজ করেন, এবং তিনজনেই নানান ফিকিরে আইনের হাত থেকে রেহাই পান। যদিও পুরো নাম ব্যবহার না করার দরুন বাবা আইনের হাত থেকে সম্পূর্ণ নিরাপদ। তবুও প্রকাশকের কাছ থেকে অফারটা পাবার পর বাবা তিনজনকেই ব্যাপারটা বলেন। “এ” আর “জি” প্রথমে আপত্তি তোলে, তারপর বাবা বুঝিয়ে বলার পর খানিকটা অনিচ্ছা সত্ত্বেও রাজি হয়। “আর” নাকি কোনওরকম আপত্তি তোলেনি।

‘গতকাল দুপুরে খেতে বসেছি, এমন সময় চাকর এসে বাবাকে একটা চিঠি দেয়। সেটা পড়ে বাবার মুখ গভীর হয়ে যায়। কারণ জিজ্ঞেস করাতে বাবার মুখে প্রথম “এ”, “জি” আর “আর”—এর বিষয় শুনি, আগে কিছুই জানতাম না।’

‘কেন?’



‘বাবা লোকটা একটু পিকিউলিয়ার। উনি পেশা আর পেশেন্ট ছাড়া আর কিছুই জানেন না। আমি, মা, সংসার—এসব সম্পর্কেই বাবা সম্পূর্ণ উদাসীন। মা মানে আমার বিমাতা, স্টেপমাদার। আমার যখন তিন বছর বয়স তখন আমার মা মারা যান। তার দু বছর পরে বাবা আবার বিয়ে করেন। এই নতুন মা যে আমাকে খুব কাছে টেনে নিয়েছিলেন তা বলতে পারি না। আমাদের বাড়ির এক অনেক দিনের পুরনো চাকর আমার দেখাশুনা করত। সেই ব্যবধান এখনও রয়ে গেছে। যদিও এটা বলব যে বাবার স্নেহ যেমন পাইনি, তেমনি তাঁর শাসনও ভোগ করিনি।’

‘এবং তাঁর ডায়রিও পড়েননি?’

‘না। শুধু আমি না, কেউই পড়েনি।’

‘আসল প্রসঙ্গ থেকে আমরা একটু দূরে সরে এসেছি। ওই চিঠি কি এই তিনজনের একজন লিখেছেন?’

‘ইয়েস, ইয়েস। এই দেখুন।’

শঙ্করবাবু একটা খাম বার করে ফেলুদাকে দিলেন। তা থেকে যে চিঠিটা বেরোল সেটা ফেলুদার পিছনে দাঁড়িয়ে আমি আর লালমোহনবাবুও পড়লাম। প্রথমেই তলায় দেখলাম ‘এ’। তার উপর লেখা ‘আই টেক ব্যাক মাই ওয়ার্ড। ডায়রি ছাপতে হলে আমার অংশ বাদ দিয়ে ছাপতে হবে। এটা অনুরোধ নয়, আদেশ। অমান্য করলে তার ফল ভোগ করতে হবে।’

‘একটা প্রশ্ন আছে’, বলল ফেলুদা। ‘এই তিন ব্যক্তির অপরাধের কথা আপনার বাবা জানলেন কী করে?’

‘সেও খুব ইন্টারেস্টিং ব্যাপার। কৌশলে আইনের কবল থেকে মুক্তি পেয়ে “এ”, “জি” আর “আর” মনে শান্তি পায়নি। গভীর অনুশোচনা, শেষটায় ঘটনাচক্রে ধরা পড়ে যাবার ভয় ক্রমে মানসিক ব্যারামে দাঁড়ায়। বাবার তখনই বেশ নাম ডাক, এরা তিনজনেই বাবার কাছে আসে চিকিৎসার জন্য। সাইকিয়াট্রিস্টের কাছে তো আর কিছু লুকোনো চলে না; সব প্রশ্নের সঠিক জবাব না দিলে চিকিৎসাই হবে না। এই ভাবে বাবা এদের ঘটনাগুলো জানতে পারেন।’

‘হুমকি কি শুধু “এ”-ই দিয়েছে?’

‘এখন পর্যন্ত তাই, তবে “জি” সম্বন্ধেও বাবার সংশয় আছে!’

‘এই তিনজনের অপরাধ কী তা আপনি জানেন?’

‘না। শুধু তাই না; এদের আসল নাম, এখন এরা কী করছে, এসব কিছুই বলেননি বাবা। তবে আপনাকে নিশ্চয়ই বলবেন।’

‘উনি কি আমার খোঁজ করছেন?’

‘সেই জন্যেই তো এলাম। বাবা ওঁর এক পেশেন্টের কাছ থেকে আপনার নাম শুনেছেন। আমাকে জিজ্ঞেস করতে আমি বললাম গোয়েন্দা হিসেবে আপনার যথেষ্ট খ্যাতি আছে। তাতে বাবা বললেন, “মানুষের মনের চাবিকাঠি হাতে না থাকলে ভাল গোয়েন্দা হওয়া যায় না। ওঁকে একটা কল দিতে পারলে ভাল হত। এইসব হুমকি-টুমকিতে শান্তিভঙ্গ হয়। ফলে কাজের ব্যাঘাত হয়। সেটা আমি একেবারেই চাই না।” আমি তখনই বাবাকে জিজ্ঞেস করি মিস্তিরকে কখন আসতে বলব। বাবা বললেন, রবিবার সকাল দশটা। এখন আপনি যদি...’

‘বেশ তো; আমার দিক থেকে আপত্তি করার তো কোনও কারণই নেই।’

‘তা হলে এই কথা রইল। রবিবার সকাল দশটা, নাস্তার সেভন সুইনহো স্ট্রিট।’

২

সাত নম্বর সুইনহো স্ট্রিট ডাক্তারের বাড়ি বলে মনেই হয় না; তার সদর দরজা দিয়ে ঢুকে প্রথমেই চোখে পড়ে একটা দাঁড়ানো রয়েল বেঙ্গল টাইগার, আর তার পিছনে দেয়ালে উপর দিকে একটা বাইসনের মাথা।

শঙ্করবাবু নীচেই অপেক্ষা করছিলেন, আমরা তাঁর সঙ্গে দোতলায় গিয়ে বৈঠকখানায় বসলাম। এঘরেও চতুর্দিকে শিকারের চিহ্ন। ভদ্রলোক ডাক্তারি করে এত জানোয়ার মারার সময় কী করে পেলেন তাই ভাবছিলাম।

মিনিট খানেকের মধ্যেই ডাঃ মুনসী এসে পড়লেন। মাথার চুল সব সাদা হয়ে গেছে, তবে এখনও যে বেশ শক্ত সমর্থ সেটা দেখলেই বোঝা যায়। ভদ্রলোক ফেলুদার সঙ্গে হ্যান্ডশেক করে বললেন, ‘আপনার তো ব্যায়াম করা শরীর বলে মনে হচ্ছে। ভেরি গুড। আপনার কাজ প্রধানত মাথার হলেও আপনি যে শরীরের প্রতি দৃষ্টি রেখেছেন সেটা দেখে ভাল লাগল।’

এবার ভদ্রলোক জটায়ু ও আমার দিকে চাইতে ফেলুদা আমাদের পরিচয় করিয়ে দিল।

‘এঁরা ট্রাস্টওয়ার্দি কি?’ ডাঃ মুনসী প্রশ্ন করলেন।

‘সম্পূর্ণ’, বলল ফেলুদা। ‘তপেশ আমার খুড়তুতো ভাই এবং আমার সহকারী, আর মিঃ গাঙ্গুলী আমার অন্তরঙ্গ বন্ধু।’

‘এই জন্যে জিজ্ঞেস করছি কারণ আজ সেই তিন ব্যক্তির আসল পরিচয় আমাকে দিতে হবে, না হলে আপনি কাজ করতে পারবেন না। এই পরিচয় শুধু আপনারা তিনজনই জানবেন, আর কেউ জানে না, আর কাউকে বলিনি।’

‘আপনি নির্ভয়ে বলতে পারেন, ডাঃ মুনসী’, বললেন জটায়ু। ‘আমি অন্তত আর কাউকে বলব না।’

‘ভেরি ওয়েল।’

‘তা হলে বলুন কী করতে পারি। হুমকি চিঠির কথা আপনার ছেলে বলেছেন।’

‘শুধু হুমকি চিঠি নয়’, বললেন ডাঃ মুনসী, ‘হুমকি টেলিফোনও বটে। এটা কাল রাত্রে ঘটনা। তখন সাড়ে এগারোটো। বোঝাই যায় মত্ত অবস্থায় ফোন করছে। হিগিন্স। জর্জ হিগিন্স।’

‘আপনার ডায়রির “জি”?’

‘ইয়েস। বলে কী—“সেদিন টেলিফোনে আমি অত্যন্ত বোকার মতো কথা বলেছি। যখন তোমার কাছে ট্রিটমেন্টের জন্য যাই, তখন আমার যে ব্যবসা ছিল, এখনও সেই ব্যবসাই রয়েছে। একচেটিয়া ব্যবসা আমার, সুতরাং “জি” থেকে অনেকেই আমার আসল পরিচয় অনুমান করতে পারবে। সো কাট মি আউট।” মাতালকে তো আর যুক্তি দিয়ে কিছু বোঝানো যায় না। ফলে ফোন রেখে দিতে হল। বুঝতেই পারছেন, আমি রুগি নিয়ে এত ব্যস্ত থাকি যে এদের বাড়ি গিয়ে সামনাসামনি কথা বলে যে কিছু বোঝাব তার সময় বা সামর্থ্য আমার নেই। এ কাজের ভারটা আমি আপনাকে দিতে চাই। “এ” এবং “জি”। “আর”—কে নিয়ে চিন্তার কারণ নেই। কারণ তার সঙ্গে কথা বলে জেনেছি যে নামের আদ্যক্ষর থেকে তাকে কেউ চিনে ফেলবে এ আশঙ্কা তার নেই।’

‘কিন্তু এই তিনজনের আসল পরিচয়টা—!’

‘কাগজ পেনসিল আছে?’ ফেলুদা পকেট থেকে নোটবুক আর ডট পেন বার করল।

‘লিখুন, “এ” হল অরুণ সেনগুপ্ত। ম্যাকনিল কোম্পানির জেনারেল ম্যানেজার, রোটারি ক্লাবের ভাইস প্রেসিডেন্ট। বাসস্থান এগারো নম্বর রোল্যান্ড রোড। ফোন নম্বর ডিরেক্টরিতে দেখে নেবেন।’

ফেলুদা চটপট ব্যাপারটা লিখে নিল।

‘এবার লিখুন’, বলে চললেন ডাঃ মুনসী, “জি” হল জর্জ হিগিন্স। টেলিভিশনের জন্য বিদেশে জানোয়ার চালান দেবার ব্যবসা এঁর। বাড়ির নম্বর নব্বুই রিপন স্ট্রিট। রাস্তার নাম থেকে বুঝতে পারবেন উনি পুরো সাহেব নন, অ্যাংলো ইন্ডিয়ান। তৃতীয় ব্যক্তির আসল পরিচয় প্রয়োজন হলে দেব, নচেৎ নয়।’

‘এদের অপরাধগুলো?’

‘শুনুন আমার পাণ্ডুলিপি আজ আপনি নিয়ে যাবেন। মন দিয়ে পড়ে আপনার বুদ্ধি বিবেচনা প্রয়োগ করে আমাকে বলবেন এতে আপত্তিকর কিছু আছে কিনা যার ফলে বইটা বাজারে বেরোলে আমার ক্ষতি হতে পারে।’

‘ঠিক আছে তা হলে—’

ফেলুদাকে থামতে হল, কারণ ঘরে তিনজন লোকের প্রবেশ ঘটেছে। ডাঃ মুনসী তাদের দিকে দেখিয়ে বললেন, ‘আপনি আসছেন শুনে এঁরা সকলেই আপনাকে দেখার ইচ্ছা প্রকাশ



করেছেন। আমার স্ত্রী ছাড়া এই ক'জন এবং আমার ছেলেই এখন আমার বাড়ির বাসিন্দা।
আলাপ করিয়ে দিই, এ হচ্ছে সুখময় আমার সেক্রেটারি।’

একজন চশমা-পরা বছর চল্লিশেকের ভদ্রলোকের দিকে দেখালেন ডাঃ মুনসী।

‘আর ইনি হচ্ছেন আমার শ্যালক চন্দ্রনাথ।’

এঁর বয়স পঞ্চাশের কাছাকাছি। দেখে কেন জানি মনে হয় ইনি বিশেষ কিছু করেন-টরেন না,
এ বাড়িতে আশ্রিত হয়ে রয়েছেন।

‘আর ইনি আমার পেশেন্ট রাধাকান্ত মল্লিক। এঁর চিকিৎসা শেষ না হওয়া পর্যন্ত এখানেই
আছেন।’

এঁকে দেখে মনে হয় এঁর অসুখ এখনও সারেনি। হাত কচলাচ্ছেন, চোখ পিট পিট করছেন, আর একটানা সুস্থির হয়ে দাঁড়িয়ে থাকতে পারছেন না। বয়স আন্দাজ চল্লিশ-পঁয়তাল্লিশ।

পরিচয়ের পরে একমাত্র সুখময়বাবু ছাড়া আর সকলেই চলে গেলেন। ডাঃ মুনসী সেক্রেটারির দিকে ফিরে বললেন, ‘সুখময়, যাও, আমার লেখাটা এনে প্রদোষবাবুকে দাও।’

ভদ্রলোক দু মিনিটের মধ্যে একটা বড়, মোটা খাম এনে ফেলুদাকে দিলেন।

‘ওর কিন্তু আর কপি নেই’, বললেন ডা. মুনসী। ‘পাবলিশারকে দেবার আগে ওটা সুখময় টাইপ করে দেবো।’

‘আপনি কোনও চিন্তা করবেন না’, বলল ফেলুদা, ‘আমি এটার মূল্য খুব ভালভাবেই জানি।’

আমরা উঠে পড়লাম। শঙ্করবাবু পাশের ঘরেই অপেক্ষা করছিলেন। এবার এসে আমাদের সদর দরজা অবধি পৌঁছে দিলেন। তারপর লালমোহনবাবুর সবুজ অ্যাম্বাসাডরে চড়ে আমরা বাড়িযুখে রওনা দিলাম।

‘একটা রিকুয়েস্ট আছে’, লালমোহনবাবু হঠাৎ বললেন।

‘কী?’

‘আপনার পড়া হলে পর আমি একবার দু দিনের জন্য পাণ্ডুলিপিটা নেব। এটা রিফিউজ করবেন না, প্লিজ!’

‘আপনার না পড়লেই নয়?’

‘না-পড়লেই নয়। বিশেষ করে শিকার কাহিনী পড়তে আমার দুর্দান্ত লাগে।’

‘বেশ দেব। আর দুদিন নয়; আপনি যে সকালে নেবেন, তার পরের দিন সকালেই ফেরত দিতে হবে। তার মধ্যে শিকারের অংশ আপনার নিশ্চয়ই পড়া হয়ে যাবে। কারণ ১৯৬৫-এর পর তো আর ভদ্রলোক শিকার করেননি।’

‘তাই সই।’

৩

ডাঃ মুনসীর হাতের লেখা বেশ পরিষ্কার হলেও, তিনশো পঁচাত্তর পাতার পাণ্ডুলিপিটা পড়তে ফেলুদার লাগল তিন দিন। এত সময় লাগার একটা কারণ অবিশ্যি এই যে ফেলুদা পড়ার ফাঁকে ফাঁকে অনেক কিছু নিজের খাতায় নোট করে নিচ্ছিল।

তিন দিনের পরের দিন রবিবার সকালে যথারীতি জটায়ু এসে হাজির। প্রথম প্রশ্নই হল, ‘কী স্যার, হল?’

‘হয়েছে।’

‘আপনি কী সিদ্ধান্তে এলেন শুনি। এ ডায়রি নির্ভয়ে ছাপার যোগ্য?’

‘সম্পূর্ণ। তবে তাতে হুমকি বন্ধ করা যায় না। এই তিনজনের একজনও যদি ধরে বসে থাকে যে নামের আদ্যক্ষর থেকেই লোকে বুঝে ফেলবে কার কথা বলা হচ্ছে তা হলে সে এ বই ছাপা বন্ধ করার জন্য কী যে না করতে পারে তার ঠিক নেই।’

‘ইভন মার্ডার?’

‘তা তো বটেই। একজনের কথাই ধরা যাক। “এ”। অরুণ সেনগুপ্ত। পূর্ববঙ্গের এক জমিদার বংশের ছেলে। যুবা বয়সে ছিলেন এক ব্যাঙ্কের মধ্যপদস্থ কর্মচারী। কিন্তু রক্তের মধ্যে ছিল চূড়ান্ত শৌখিনতা। ফলে প্রতি মাসেই আয়ের চেয়ে ব্যয় বেশি। শেষে কাবুলিওয়ালার শরণাপন্ন হওয়া।’

এই ফাঁকে বলে রাখি, ফেলুদা একবার বলেছিল যে আজকাল আর দেখা যায় না বটে কিন্তু বছর কুড়ি আগেও রাস্তার মোড়ে মোড়ে দেখা যেত লাঠি হাতে কাবুলিওয়ালা দাঁড়িয়ে আছে। এদের ব্যবসা ছিল মোটা সুদে টাকা ধার দেওয়া।

ফেলুদা বলে চলল, ‘একটা সময় আসে যখন দেনার অঙ্কটা এমন ফুলে ফেঁপে ওঠে যে মরিয়া হয়ে অরুণ সেনগুপ্তকে ব্যাঙ্কের তহবিল থেকে চল্লিশ হাজার টাকা চুরি করতে হয়। কিন্তু সেটা সে এমন কৌশলে করে যে দোষটা গিয়ে পড়ে একজন নির্দোষ কর্মচারীর উপর। ফলে সে বেচারিকে জেল খাটতে হয়।’

‘বুঝেছি’, বিজ্ঞের মতো মাথা নেড়ে বললেন জটায়ু। ‘তারপর অনুশোচনা, তারপর মাথার ব্যারাম, তারপর মনোবিজ্ঞানী। ...কিন্তু ভদ্রলোক যে এখন একেবারে সমাজের উপর তলায় বাস করছেন। তার মানে মুনসীর চিকিৎসায় কাজ দিয়েছিল?’

‘তা তো বটেই। সে কথা মুনসী তাঁর ডায়রিতে লিখেওছেন—যদিও তারপরে আর কিছু লেখেননি কিন্তু আমরা বেশ অনুমান করতে পারি যে এই ঘটনার পর সেনগুপ্ত নিশ্চয়ই তার জীবনের ধারা পালটে ফেলে ত্রিশ বছর ধরে ধীরে ধীরে ধাপে ধাপে উপরে উঠে আজকের অবস্থায় পৌঁছেছেন। বুঝতেই পারেন সেখান থেকে আবার পিছলে পড়ার আশঙ্কা যদি দেখা দেয়, যতই অমূলক হোক, তা হলে সেনগুপ্ত সাহেব মাথা ঠিক রাখেন কী করে?’

‘বুঝলাম’, বললেন জটায়ু, ‘আর অন্য দুজন?’

“আর” ব্যক্তি সম্বন্ধে চিন্তার কোনও কারণ নেই সে তো সেদিন মুনসীর মুখেই শুনলেন। এঁর আসল নামটা উনি বলেননি, তাই আমিও বলতে পারছি না। ইনি এককালে একটা লোককে গাড়ি চাপা দিয়ে মারেন, তারপর এদিকে ওদিকে মোটা ঘুষ দিয়ে আইনের হাত থেকে নিজেকে বাঁচান। ইনিও ডাঃ মুনসীর হাতে নিজেকে সমর্পণ করে বিবেকযন্ত্রণা থেকে রেহাই পান।...ইন্টারেস্টিং হল “জি”-র ঘটনা।’

‘কী রকম?’

‘ইনি যে ফিরিস্তি সে তো জানেন। আর এঁর ব্যবসার কথাও জানেন। নব্বুই নম্বর রিপন স্ট্রিটে একটা বড় দোতলা বাড়িতে থাকতেন জর্জ হিগিন্স। ১৯৬০-এ এক সুইডিশ ফিল্ম পরিচালক কলকাতায় আসেন ভারতবর্ষের ব্যাকগ্রাউন্ডে একটা ছবি করবেন বলে। তাঁর গল্পের জন্য একটা লেপার্ডের প্রয়োজন ছিল। ইনি হিগিন্সের খবর পেয়ে তার সঙ্গে গিয়ে দেখা করেন। হিগিন্সের একটা লেপার্ড ছিল বটে, কিন্তু সেটা রপ্তানির জন্য নয়; সেটা তার পোষা! অনেক টাকা দিয়ে সুইডিশ পরিচালক একমাসের জন্য লেপার্ডটাকে ভাড়া করেন। কথা ছিল একমাস পরে তিনি অক্ষত অবস্থায় ফেরত দেবেন। আসলে ফিল্ম পরিচালক মিথ্যা কথা বলেন, কারণ তাঁর গল্পে ছিল গ্রামবাসীরা সবাই মিলে লেপার্ডটাকে মেরে ফেলে। এক মাস পরে পরিচালক এসে হিগিন্সকে আসল ঘটনা বলে। হিগিন্স প্রচণ্ড রেগে কাণ্ডজ্ঞান হারিয়ে তখনই পরিচালকের টুটি টিপে তাকে মেরে ফেলে। পরমুহূর্তে রাগ চলে গিয়ে তার জায়গায় আসে আতঙ্ক। কিন্তু সেই অবস্থাতেও পুলিশের চোখে ধুলো দেবার ফন্দি হিগিন্স বার করে। সে প্রথমে ছুরি দিয়ে মৃত পরিচালকের সর্বাঙ্গ ক্ষতচিহ্নে ভরিয়ে দেয়। তারপর তার কালেকশনের একটা হিংস্র বনবেড়ালকে খাঁচার দরজা খুলে বার করে সেটাকে গুলি করে মারে। ফলে ব্যাপারটা দাঁড়ায়, খাঁচা ছাড়া বনবেড়াল পরিচালককে হত্যা করে এবং বনবেড়ালকে হত্যা করে হিগিন্স। ফিকিরটা কাজে দেয়, হিগিন্স আইনের হাত থেকে বাঁচে। কিন্তু তারপর একমাস ধরে ক্রমাগত স্বপ্নে নিজেকে ফাঁসিকাঠে ঝুলতে দেখে অগত্যা মুনসীর চেম্বারে গিয়ে হাজির হয়।’

‘হুঁ...’ বললেন জটায়ু। ‘তা হলে এখন কিং কর্তব্য?’

‘দুটো কর্তব্য’, বলল ফেলুদা। ‘এক হল পাণ্ডুলিপিটা আপনাকে দেওয়া, আর দুই—“এ”-কে

একটা টেলিফোন করা।’

জটায়ু হাসিমুখে ফেলুদার হাত থেকে পাণ্ডুলিপি ভরা মোটা খামটা নিয়ে বললেন, ‘ফোন করবেন কি অ্যাপয়েন্টমেন্ট করার জন্য?’

‘ন্যাচারেলি’, বলল ফেলুদা। ‘আর দেরি করার কোনও মানে হয় না। তোপসে—এ. সেনগুপ্ত, ১১ রোল্যান্ড রোড, নম্বরটা বার কর তো।’

আমি ডাইরেক্টরিটা হাতে নিতেই ফোনটা বেজে উঠল। আমিই ধরলাম। ডাঃ মুনসী। ফেলুদাকে বলতেই ও আমার হাত থেকে ফোনটা ছিনিয়ে নিল।

ব্যাপার আর কিছুই নয়—সেনগুপ্ত আরেকটা হুমকি চিঠি দিয়েছেন। তাতে কী বলা হয়েছে সেটা ফেলুদা তার খাতায় লিখে নিল। তারপর ফেলুদা তার শেষ কথাটা বলে ফোনটা রেখে দিল।

সেনগুপ্তর দ্বিতীয় হুমকিটা হচ্ছে এই—‘সাতদিন সময়। তার মধ্যে কলকাতার প্রত্যেক বাংলা ও ইংরিজি কাগজে বিজ্ঞপ্তি দেখতে চাই যে অনিবার্য কারণে ডায়রি ছাপা সম্ভব হচ্ছে না। সাতদিন। তারপরে আর হুমকি নয়—কাজ, এবং কাজটা আপনার পক্ষে প্রীতিকর হবে না বলাই বাহুল্য!’

আমি সেনগুপ্তর ফোন নম্বর বার করে ডায়াল করে একবারেই লাইন পেয়ে গেলাম। ফেলুদার হাতে ফোনটা চালান দিয়ে আমি আর জটায়ু কেবল ফেলুদার কথাটাই শুনলুম। সেটা শুনে যা দাঁড়াল তা এই—

‘হ্যালো—মিঃ সেনগুপ্তর সঙ্গে একটু কথা বলতে পারি কি—অরুণ সেনগুপ্ত?’

‘—’

‘মিঃ সেনগুপ্ত? আমার নাম প্রদোষ মিত্র।’

‘—’

‘হ্যাঁ, ঠিকই ধরেছেন। ইয়ে—আমায় একদিন পাঁচ মিনিট সময় দিতে পারেন?’

‘—’

‘তাই বুঝি? আশ্চর্য তো! কী ব্যাপার?’

‘—’

‘তা পারি বইকী। কটায় গেলে আপনার সুবিধে?’

‘—’

‘ঠিক আছে। তাই কথা রইল।’

‘ভারতে পারিস?’ ফোনটা রেখে বলল ফেলুদা, ‘ভদ্রলোক নাকি আর পাঁচ মিনিটের মধ্যেই আমাকে ফোন করতেন।’

‘কেন, কেন?’ প্রশ্ন করলেন জটায়ু।

‘সেটা ফোনে বললেন না, সামনে বলবেন।’

‘কখন অ্যাপয়েন্টমেন্ট?’

‘আধ ঘণ্টা বাদে।’

এগারো নম্বর রোল্যান্ড রোড সাহেবি আমলের দোতলা বাড়ি। দরজার বেল টিপতে একজন উর্দিপরা বেয়ারার আবির্ভাব হল। সে কার্পেট ঢাকা কাঠের সিঁড়ি দিয়ে আমাদের দোতলায় নিয়ে গিয়ে বৈঠকখানায় বসাল। মিনিট দুয়েকের মধ্যেই মিঃ সেনগুপ্ত প্রবেশ করলেন। বাড়ির সঙ্গে

মানানসই সাহেবি মেজাজ; পরনে ড্রেসিং গাউন, পায়ে বেডরুম স্লিপার, হাতে চুরুট।

পরিচয় পর্ব শেষ হলে পর ভদ্রলোক জিজ্ঞেস করলেন, ‘আপনারা ড্রিঙ্ক করেন?’

‘আজ্ঞে না’, বলল ফেলুদা।

‘আমি যদি বিয়ার খাই আশা করি আপনারা মাইন্ড করবেন না?’

‘মোটাই না।’

ভদ্রলোক বেয়ারাকে ডেকে নিজের জন্য বিয়ার আর আমাদের তিনজনের জন্য চায়ের অর্ডার দিয়ে ফেলুদার দিকে দৃষ্টি দিলেন। ফেলুদা বলল, ‘আপনি আমাকে কেন ফোন করতে যাচ্ছিলেন সেটা আগে বলতে আপনার কোনও আপত্তি আছে? তারপর আমার দিকটা বলব।’

‘বেশ তো। জে. পি. চাওলার নাম শুনেছেন?’

‘ব্যবসাদার? গুরুপ্রসাদ চাওলা? যার নামে চাওলা ম্যানসনস?’

‘হ্যাঁ।’

‘তাঁর এক নাতি তো—?’

‘হ্যাঁ। মিসিং। সম্ভবত কিডন্যাপড।’

‘কাগজে দেখছিলাম বটে।’

‘গুরুপ্রসাদ আমার অনেকদিনের বন্ধু। পুলিশ তদন্ত করছে বটে, কিন্তু আমি ওকে আপনার নাম সাজেস্ট করি। ভুলু সেহানবিশের কাছে আপনার খুব সুখ্যাতি শুনেছি।’

‘হ্যাঁ, একটা ব্যাপারে ওঁকে আমি হেল্প করি।’

‘তা হলে চাওলাকে কী বলব?’

‘মিঃ সেনগুপ্ত, দুঃখের বিষয় আমি অলরেডি একটা কেস হাতে নিয়ে ফেলেছি।’

‘আই সি।’

‘আর সেই ব্যাপারেই আমি আপনার কাছে এসেছি।’

‘কী ব্যাপারে শুনি?’

‘আমি ডাঃ মুনসীর কাছ থেকে আসছি।’

‘হোয়াট!’

ভদ্রলোক সোফা থেকে প্রায় লাফিয়ে উঠলেন—‘মুনসী আপনাকে আমার পরিচয় দিয়ে দিয়েছে? তার মানে তো আর কদিনে রাজ্যসুদ্ধ লোক জেনে যাবে মুনসীর ডায়েরির “এ” ব্যক্তিটি আসলে কে।’

‘মিঃ সেনগুপ্ত, আমি অত্যন্ত সাবধানী লোক। গোপন ব্যাপার কী করে গোপন রাখতে হয় তা আমি জানি। আমার উপর আপনি সম্পূর্ণ ভরসা রাখতে পারেন। তবে আপনি যদি ঘন ঘন ডাঃ মুনসীকে হুমকি চিঠি দেন, তার ফল কী হবে সেটা আমি জানি।’

‘আমি হুমকি চিঠি দেব না কেন? আপনি ডায়েরিটা পড়েছেন?’

‘পড়েছি।’

‘আপনার কী মনে হয়েছে?’

‘ত্রিশ বছরের পুরনো ঘটনা। এর মধ্যে অন্তত শ’ পাঁচেক ব্যাঙ্কে তহবিল তহরুপ হয়েছে। যারা এ কাজ করেছে হয়তো তাদের অনেকেরই নামের প্রথম অক্ষর “এ”। সুতরাং আপনার ভয় সম্পূর্ণ অমূলক।’

‘মুনসী কি ব্যাঙ্কের নাম করেছে?’

‘না।’

‘আমার ব্যাঙ্কে দুজন উচ্চপদস্থ কর্মচারী ছিল যারা চুরির ব্যাপারে আমাকে সন্দেহ করে, কারণ ঠেকায় পড়ে আমি দুজনের কাছে টাকা ধার চেয়েছিলাম। দুজনেই অবিশ্যি রিফিউজ



করে।’

‘মিঃ সেনগুপ্ত, আমি আবার বলছি—আপনার ভয়ের কোনও কারণ নেই। আর এই ধরনের চিঠি দিয়ে আপনার লাভটা কী হচ্ছে? ডাঃ মুন্সী আইনের দিক দিয়ে সম্পূর্ণ নিরাপদ। অর্থাৎ আপনি কোনও লিগ্যাল স্টেপ নিতে পারছেন না। তা হলে কি আপনি আইনের বাইরে কোনও রাস্তা ভাবছেন?’

‘আমার বিপদের আশঙ্কা দেখলে আমি আইন-টাইন মানব না মিঃ মিস্ত্রি। আমার অতীতের ইতিহাস থেকেই আপনি বুঝছেন যে প্রয়োজনে বেপরোয়া কাজ করতে আমি দ্বিধা করি না।’

‘আপনার মাথা খারাপ হয়ে গেছে, মিঃ সেনগুপ্ত। তখনকার আপনি আর এখনকার আপনি কি এক? আজ আপনি সমাজে সম্মানিত ব্যক্তি। এই অবস্থায় আপনি এমন একটা ঝুঁকি নেবেন?’

মিঃ সেনগুপ্ত মিনিট খানেক কিছু না বলে চুপ্ চুপ্ করে বিয়ার খেলেন। তারপর তাঁর চাউনির সামান্য পরিবর্তন দেখা গেল। তারপর তিনি একটা দীর্ঘশ্বাস ফেলে এক চুমুকে বাকি বিয়ারটা শেষ করে গেলাসটা টেবিলে রেখে বললেন, ‘ঠিক আছে—ড্যাম ইট! লেট হিম গো অ্যাহেড।’

‘আপনি তা হলে হুমকির ব্যাপারে ইতি দিচ্ছেন?’

‘ইয়েস ইয়েস ইয়েস!—তবে বিপদের বিন্দুমাত্র আশঙ্কা দেখলেই কিন্তু’—

‘আর বলতে হবে না’, বলল ফেলুদা, ‘বুঝেছি।’

লালমোহনবাবু কথামতো পরদিন সকালেই পাণ্ডুলিপিটা ফেরত নিয়ে এলেন। ফেলুদা বলল, ‘এখন আর চা খাওয়া হবে না। কারণ আধ ঘণ্টার মধ্যেই “জি”-র সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট।’

নব্বুই নম্বর রিপন স্ট্রিটের দরজায় বেল টিপতে যাঁর আবির্ভাব হল তাঁর মাথায় টাক, কানের পাশের চুল সাদা, আর এক জোড়া বেশ তাগড়াই গোঁফ, তাও সাদা।

‘মিঃ মিটার, আই অ্যাম জর্জ হিগিন্স।’

তিনজনের সঙ্গেই করমর্দনের পর হিগিন্স আমাদের নিয়ে দোতলায় চলল। গেট দিয়ে বাড়িতে ঢুকেই দুটো বেশ বড় খাঁচা দেখেছি, তার একটায় বাঘ, অন্যটায় হায়না। দোতলায় উঠে বাঁয়ে একটা ঘরের পাশ দিয়ে যাবার সময় দেখলাম তাতে গোটা পাঁচেক কোয়াল্ডা ভাল্লুক বসে আছে মেঝেতে।

বসবার ঘরে পৌঁছে সোফায় বসে হিগিন্স ফেলুদাকে উদ্দেশ্য করে প্রশ্ন করল, ‘ইউ আর এ ডিটেকটিভ?’

‘এ প্রাইভেট ওয়ান’, বলল ফেলুদা।

বাকি কথাও ইংরিজিতেই হল, যদিও হিগিন্স মাঝে মাঝে হিন্দিও বলে ফেলছিলেন, বিশেষ করে কারুর উদ্দেশ্যে গালি দেবার সময়। অনেকের উপরেই ভদ্রলোকের রাগ। যদিও কারণটা বোঝা গেল না। অবশেষে বললেন, ‘মান্‌সি তা হলে এখনও প্র্যাকটিস করে? আই মাস্ট সে, সে আমার বিপদের সময় অনেক উপকার করেছিল।’

‘তা হলে আর আপনি তাকে শাসাচ্ছেন কেন?’ প্রশ্ন করল ফেলুদা।

হিগিন্স একটুক্ষণ চুপ করে থেকে বলল, ‘সেটার একটা কারণ হচ্ছে সেদিন রাত্রে নেশার মাত্রাটা একটু বেশি হয়েছিল। তবে মানুষের কি ভয় করে না? আমার বাবা কী ছিলেন জান? স্টেশন মাস্টার। আর আমি নিজের চেষ্টায় আজ কোথায় এসে পৌঁছেছি দেখ। এ আমার একচেটিয়া ব্যবসা। মান্‌সির ডায়রি ছাপা হলে যদি আমাকে কেউ চিনে ফেলে তা হলে আমার আর আমার ব্যবসার কী দশা হবে ভাবতে পার?’

ফেলুদাকে আবার বোঝাতে হল যে হিগিন্স আইন বাঁচিয়ে কিছুই করতে পারবেন না। তাঁকে আবার বেঁকা রাস্তায় যেতে হবে। ‘সেটাই কি তুমি চাইছ?’ বেশ জোরের সঙ্গে জিজ্ঞেস করল ফেলুদা। ‘তাতে কি তোমার প্রেসটিজ আরও বেশি বিপন্ন হবে না?’

হিগিন্স কিছুক্ষণ চুপ করে বিড়বিড় করে বললেন, ‘একবার কেন, শতবার খুন করতে পারতাম ও পাজি সুইডিশটাকে। বাহাদুর, আমার সাধের লেপার্ড, মাত্র চার বছর বয়স, তাকে কিনা লোকটা মেরে ফেলল!...’

আবার দশ সেকেন্ডের জন্য কথা বন্ধ; তারপর হঠাৎ সোফার হাতল চাপড়ে গলা তুলে হিগিন্স বললেন, ‘ঠিক আছে; মান্‌সিকে বলো আমি কোনও পরোয়া করি না। ও যা করছে করুক, বই বেরোলে লোকে আমাকে চিনে ফেললেও আই ডোন্ট কেয়ার। আমার ব্যবসা কেউ টলাতে পারবে না।’

‘থ্যাঙ্ক ইউ মিঃ হিগিন্স, থ্যাঙ্ক ইউ।’

অরুণ সেনগুপ্তর খবরটা ফেলুদা আগেই ফোনে ডাঃ মুনসীকে জানিয়ে দিয়েছিল। হিগিন্সের খবরটা দিতে আমরা মুনসির বাড়িতে গেলাম, কারণ পাণ্ডুলিপিটা ফেরত দেবার একটা ব্যাপার ছিল। ভদ্রলোক ফেলুদাকে একটা বড় ধন্যবাদ দিয়ে বললেন, ‘তা হলে তো আপনার কর্তব্য সারা হয়ে গেল। এবারে আপনার ছুটি!’



‘আপনি ঠিক বলছেন? “আর” সম্বন্ধে কিছু করার নেই তো?’

‘নাথিং!...আপনি আপনার বিল পাঠিয়ে দেবেন, আমি ইমিডিয়েটলি পেমেন্ট করে দেব।’

‘থ্যাঙ্ক ইউ, স্যার।’

‘এটাকে কি মামলা বলা চলে?’ বাড়ি ফিরে এসে বলল জটায়ু।

‘মিনি মামলা বলতে পারেন। অথবা মামলাগু।’

‘যা বলেছেন।’

‘আশ্চর্য এই যে এমন গর্হিত কাজ করার পঁচিশ-ত্রিশ বছর পরে লোকগুলো শুধু বেঁচে নেই, দিব্যি সুখ স্বাস্থ্যে চাליয়ে যাচ্ছে।’

‘হরু কথা’, বললেন জটায়ু। ‘কালই বাড়িতে বসে ভাবছিলুম ত্রিশ বছর আগে যাদের চিনতুম তাদের কারুর সঙ্গে আজও যোগাযোগ আছে কিনা, বা তারা এখন কে কী করছে সেটা জানি কিনা। বিশ্বাস করুন আজই আধ ঘণ্টা ভেবে শুধু একটা নাম মনে পড়ল, অপারেশ চাট্‌জো, যার সঙ্গে একসঙ্গে বসে বায়স্কোপ দেখিচি, ফুটবল খেলা দেখিচি, সাস্পুভ্যালিতে বসে চা খেইচি।’

‘এখন কী করে জানেন?’

‘উহঁ। আউট অফ টাচ। কমপ্লিটলি। কবে কীভাবে যে ছাড়াছাড়িটা হল, সেটা অনেক ভেবেও মনে করতে পারলুম না।’

পরদিন সকালে লালমোহনবাবু এসে ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘আপনাকে একটু ডাউন বলে মনে হচ্ছে? বেকারত্ব ভাল লাগছে না বুঝি।’

ফেলুদা মাথা নেড়ে বলল, ‘নো স্যার, তা নয়, একটা ব্যাপারে কৌতূহল নিব্বত্তি হল না বলে অসোয়াস্তি লাগছে।’

‘কী ব্যাপার?’

‘“আর” ব্যক্তিটির আসল পরিচয়। ইনি একটা হুমকি-টুমকি দিলে মন্দ হত না।’

‘রটন, রাবিশ, রিডিকুলাস’, বললেন জটায়ু। ‘“আর” জাহান্নমে যাক। আপনি আপনার যা প্রাপ্য তা তো পাচ্ছেনই।’

‘তা পাচ্ছি।’

ফোনটা বেজে উঠল। আমিই ধরলাম। ‘হ্যালো’ বলতে ওদিক থেকে কথা এল ‘আমি শঙ্কর বলছি।’ আমি ফোনটা ফেলুদার হাতে চালান দিলাম।

‘বলুন স্যার।’

উত্তরটা শোনার সঙ্গে সঙ্গে ফেলুদার কপালে গভীর খাঁজ পড়ল। তিন-চারটে ‘হঁ’ বলেই ফেলুদা ফোনটা রেখে দিয়ে বলল, ‘সাংঘাতিক খবর। ডাঃ মুনসী খুন হয়েছেন, আর সেই সঙ্গে ডায়রিও উধাও।’

‘বলেন কী!’ চায়ের কাপটা নামিয়ে রেখে বললেন জটায়ু।

‘ভেবেছিলাম শেষ। আসলে এই সবে শুরু।’

আমরা আর এক মুহূর্ত অপেক্ষা না করে লালমোহনবাবুর গাড়িতে বেরিয়ে পড়লাম।

সুইনহো স্ট্রিটে পৌঁছে দেখি পুলিশ আগেই হাজির। ইনস্পেক্টর সোম ফেলুদার চেনা, বললেন, ‘মাঝ রাত্তিরে খুনটা হয়েছে, মাথার পিছন দিকে ভারী কিছু দিয়ে মেরেছে।’

‘কে প্রথম জানল?’

‘ওঁর বেয়ারা। ভদ্রলোক ভোর ছটায় চা খেতেন। সেই সময়ই বেয়ারা ব্যাপারটা জানতে পারে। ডাঃ মুনসীর ছেলে বাড়ি ছিলেন না। পুলিশে খবর দেন ডাঃ মুনসীর সেক্রেটারি!’

‘আপনাদের জেরা হয়ে গেছে?’

‘তা হয়েছে, তবে আপনি নিজের মতো করুন না। আপনি যে আমাদের কাজে ব্যাঘাত করবেন না সেটা আমি পূর্ব অভিজ্ঞতা থেকে জানি। আর চারটি তো প্রাণী, ভদ্রলোকের ছেলে, সেক্রেটারি, শ্যালক আর পেশেন্ট। অবিশ্যি মিসেস মুনসী আছেন। তাঁকে কিছু জিজ্ঞেস করিনি এখনও।’

আমরা তিনজন শঙ্করবাবুর সঙ্গে দোতলায় রওনা দিলাম। সিঁড়ি ওঠার সময় ভদ্রলোক একটা দীর্ঘ নিশ্বাস ফেলে বললেন, ‘অনেক কিছুই আশঙ্কা করছিলাম, কিন্তু এটা করিনি।’

বাবার ঘরে পৌঁছে ফেলুদা বলল, ‘আপনি যখন রয়েছেন তখন আপনাকে দিয়েই শুরু করি।’

‘বেশ তো। কী জানতে চান বলুন।’

আমরা সকলে বসলাম। চারিদিকে জন্তু জানোয়ারের ছাল, মাথা ইত্যাদি দেখে মনে হচ্ছিল, এতবড় শিকারি, আর এইভাবে তাঁর মৃত্যু হল!

ফেলুদা জেরা আরম্ভ করে দিল।

‘আপনার ঘর কি দোতলায়?’

‘হ্যাঁ। আমারটা উত্তর প্রান্তে, বাবারটা দক্ষিণ প্রান্তে।’

‘আপনি আজ সকালে বেরিয়েছিলেন?’

‘হ্যাঁ।’

‘কোথায়?’

‘আমাদের ডাক্তারের ফোন খারাপ। উনি রোজ ভোরে লেকের ধারে হাঁটেন, তাই ওঁকে ধরতে গিয়েছিলাম। ক’দিন থেকেই মাথাটা ভার-ভার লাগছে। মনে হচ্ছিল প্রেশারটা বেড়েছে।’

‘প্রেশার কি আপনার বাবা দেখে দিতে পারতেন না?’

‘এটা বাবার আরেকটা পিকিউলারিটির উদাহরণ। উনি বলেই দিয়েছিলেন আমাদের বাড়ির সাধারণ চিকিৎসা উনি করবেন না। সেটা করেন ডাঃ প্রণব কর।’

‘আই সি...একটা কথা আপনাকে বলি শঙ্করবাবু, আপনি যে বলেছিলেন ডাঃ মুনসী আপনার সম্বন্ধে উদাসীন, ডায়রি পড়ে কিন্তু সেরকম মনে হয় না। ডায়রিতে অনেকবার আপনার উল্লেখ আছে।’

‘ভেরি সারপ্রাইজিং!’

‘আপনার ডায়রিটা পড়ার ইচ্ছে হয় না?’

‘অত বড় হাতে লেখা ম্যানুসক্রিপ্ট পড়ার ধৈর্য আমার নেই।’

‘এটা অবশ্য আশা করা যায় যে আপনার বিষয় যেটা সত্যি সেটাই উনি লিখেছেন।’

‘বাবার দৃষ্টিতে যেটা সত্যি বলে মনে হয়েছে উনি লিখেছেন। সে দৃষ্টির সঙ্গে আর পাঁচজনের দৃষ্টি নাও মিলতে পারে। আমার বলার ইচ্ছে এই, যে বাবা আমাকে চিনলেন কী করে? তিনি তো সর্বক্ষণ রুগি নিয়েই পড়ে থাকতেন।’

‘আপনার বাবার মাসিক রোজগার কত ছিল সে সম্বন্ধে আপনার কোনও ধারণা আছে?’

‘সঠিক নেই, তবে উনি যে ভাবে খরচ করতেন তাতে মনে হয় ত্রিশ-পঁয়ত্রিশ হাজার হওয়া কিছু আশ্চর্য নয়।’

‘উনি যে উইল করে গিয়েছিলেন সেটা আপনি জানেন?’

‘না।’

‘গত বছর পয়লা ডিসেম্বর। ওঁর সঞ্চয়ের একটা অংশ ব্যবহার হবে মনোবিজ্ঞানের উন্নতিকল্পে।’

‘আই সি।’

‘আর, আপনার প্রতি উদাসীন হওয়া সত্ত্বেও আপনিও কিন্তু বাদ পড়েননি।’

শঙ্করবাবু আবার বললেন, ‘আই সি!’

‘এই খুনের ব্যাপারে আপনি কোনও আলোকপাত করতে পারেন?’

‘একেবারেই না। এটা সম্পূর্ণ অপ্রত্যাশিত।’

‘আর ডায়রিটা যে লোপাট হল?’

‘সেটা ওই তিনজনের একজন লোক লাগিয়ে করাতে পারে। বাবার পেশেন্ট হিসাবে এরা এ বাড়িতে এসেছে। বাবা যে ঘরে রুগি দেখেন, তার পাশেই তো আপিস ঘর। সেখানেই থাকত বাবার লেখাটা।’

‘আপনাদের সদর দরজা রাত্রে বন্ধ থাকে নিশ্চয়ই।’

‘হ্যাঁ, তবে বাড়ির দক্ষিণ-পশ্চিম কোণে জমাদার ওঠার জন্য একটা ঘোরানো সিঁড়ি আছে।’

‘ঠিক আছে। থ্যাক্স ইউ। আপনি এবার যদি সুখময়বাবুকে একটু পাঠিয়ে দিতে পারেন?’

মিনিট খানেকের মধ্যেই সেক্রেটারি সুখময় চক্রবর্তী এসে হাজির হলেন। ভদ্রলোক আমাদের থেকে একটু দূরে একটা চেয়ারে বসতে ফেলুদা জেরা আরম্ভ করল।

‘আমি প্রথমেই জানতে চাই, পাণ্ডুলিপিটা যে চুরি হল, সেটা কি বাইরে পড়ে থাকত?’

‘না। দেরাজে; তবে দেরাজে চাবি থাকত না। তার কারণ আমি বা ডাঃ মুনসী কেউই ভাবতে পারিনি যে সেটা এই ভাবে চুরি হতে পারে।’

‘এটা যে আর দেরাজে নেই সেটা কখন কীভাবে জানলেন?’

‘আজ থেকে ওটা টাইপ করা শুরু করব ভেবেছিলাম। সকালে গিয়ে দেরাজ খুলে দেখি সেটা নেই।’

‘আই সি...আপনি কদিন হল ডাঃ মুনসীর সেক্রেটারির কাজ করছেন?’

‘দশ বছর।’

‘কাজটা পেলেন কী করে?’

‘ডাঃ মুনসী কাগজে বিজ্ঞাপন দিয়েছিলেন।’

‘কী ধরনের কাজ করতে হত আপনাকে?’

‘ওঁর অ্যাপয়েন্টমেন্টগুলো নোট করে রাখতাম, আর চিঠিগুলোর জবাব টাইপ করতাম।’

‘চিঠি কি অনেক আসত?’

‘তা মন্দ না। বিভিন্ন দেশের মনোবিজ্ঞান সংস্থা থেকে নিয়মিত চিঠি আসত। বাইরের কনফারেন্সে যোগ দিতে উনি দুবছর অন্তর একবার বিদেশে যেতেন।’

‘আপনি বিয়ে করেননি?’

‘না।’

‘আত্মীয়স্বজন আর কে আছে?’

‘ভাইবোন নেই। বাবা মারা গেছেন। আছেন শুধু আমার বিধবা মা আর আমার এক বিধবা খুড়িমা।’

‘এঁরা এক সঙ্গেই থাকেন?’

‘হ্যাঁ।’

‘আপনি এঁদের সঙ্গে থাকেন না?’

‘আমি তো এ বাড়িতেই থাকি। ডাঃ মুনসী আমাকে একটা ঘর দেন একতলায়। প্রথম থেকেই এখানে আছি। মাঝে মাঝে গিয়ে বাড়ির খবর নিয়ে আসি।’

‘বাড়ি কোথায়?’

‘বেলতলা রোড ল্যাম্পডাউনের মোড়ে।’

‘আপনি এই খুন সম্পর্কে কোনও আলোকপাত করতে পারেন?’

‘একেবারেই না। ডায়রি বেহাত হতে পারে হুমকি চিঠি থেকেই বোঝা যায়; কিন্তু খুনটা আমার কাছে একেবারে অর্থহীন বলে মনে হচ্ছে।’

‘ডাঃ মুনসী বস্ হিসাবে কেমন লোক ছিলেন?’

‘খুব ভাল। আমাকে তিনি অত্যন্ত স্নেহ করতেন, আমার কাজে সন্তুষ্ট ছিলেন, এবং ভাল মাইনে দিতেন।’

‘আপনি কি জানেন ডাঃ মুনসীর বই বেরোলে তাঁর অবর্তমানে বইয়ের স্বত্বাধিকারী হতেন আপনি?’

‘জানি। ডাঃ মুনসী আমাকে বলেছিলেন।’

‘বই ছেপে বেরোলে তার কাটতি কেমন হবে বলে আপনার মনে হয়?’

‘প্রকাশকদের ধারণা খুব ভাল হবে।’

‘তার মানে মোটা রয়েলটি, তাই নয় কি?’

‘আপনি কি ইঙ্গিত করছেন এই রয়েলটির লোভে আমি ডাঃ মুনসীকে খুন করেছি?’

‘এখানে যে একটা জোরালো মোটিভের ইঙ্গিত পাওয়া যাচ্ছে সেটা কি আপনি অস্বীকার করবেন?’

‘আমার যেখানে টাকার অভাব নেই সেখানে শুধু রয়েলটির লোভে আমি খুন করব, এটা কি খুব বিশ্বাসযোগ্য?’

‘এর সঠিক উত্তর দিতে যতটা চিন্তার প্রয়োজন, তার সময় এখনও পাইনি। যাই হোক এখন আপনার ছুটি।’

‘কাউকে পাঠিয়ে দেব কি?’

‘আমি ডাঃ মুনসীর শালার সঙ্গে একটু কথা বলতে চাই।’

সুখময়বাবু চলে যাবার পর জটায়ু বললেন, ‘আপনার কী মনে হচ্ছে বলুন তো, ডায়রি লোপাট আর খুনটা সেপারেট ইস্যু, না পরস্পরের সঙ্গে জড়িত?’

‘আগে গাছে কাঁঠাল দেখি, তারপর তো গোঁফে তেল দেব।’

‘বোঝো!’

৬

শালা প্রায় সঙ্গে সঙ্গেই এসে হাজির হলেন। কপালের ঘাম মুছতে দেখে মনে হল ভদ্রলোক একটু নাভার্স বোধ করছেন।

‘আপনার নাম তো চন্দ্রনাথ; পদবি কী?’ ভদ্রলোক বসার পর ফেলুদা প্রশ্ন করল।

‘বোস।’

‘আপনি এখানে রয়েছেন পনেরো বছর, তাই তো?’

‘হ্যাঁ, কিন্তু আপনি কী করে?’

‘আমি ডাঃ মুনসীর ডায়রিটা পড়েছি। আপনার বিষয় অনেক কিছু জানি, তবু আপনার মুখ থেকে কনফার্মেশনের জন্য কতকগুলো প্রশ্ন করছি।’

চন্দ্রনাথ বোস আবার ঘাম মুছলেন।

‘ডাঃ মুনসী আপনাকে এ বাড়িতে থাকতে বলেন?’

‘না। আমার বোন ডাঃ মুনসীকে অনুরোধ করেন।’

‘উনি এক কথায় রাজি হয়ে যান?’

‘না।’

‘তা হলে?’

‘আমার বোন...পীড়াপীড়ি করলে পর...রাজি হন।’

‘আপনি তো কোনও চাকরি-টাকরি করেন না।’

‘না।’

‘হাত খরচা পান মাসে মাসে?’

‘হ্যাঁ।’

‘কত?’

‘পাঁচশো।’

‘তাতে চলে যায়?’

চন্দ্রনাথবাবু উত্তর না দিয়ে মাথা হেঁট করলেন। বুঝলাম হাতখরচটা যথেষ্ট নয়।

‘আপনি তো ইন্টারমিডিয়েট অবধি পড়েছেন?’

‘হ্যাঁ।’

‘ছাত্র হিসেবে কীরকম ছিলেন?’

‘সাধারণ।’

‘নাকি তার চেয়েও নীচে?’

চন্দ্রনাথবাবু চুপ।

‘প্রথমবার আই এ-তে ফেল করেননি? সেই কারণেই তো আপনার কোনও চাকরি জোটেনি, তাই নয় কি?’

দৃষ্টি নত করে মাথা নেড়ে হ্যাঁ বললেন চন্দ্রনাথবাবু।

‘এ বাড়ির কোনও কাজ আপনি করেন কি?’

‘হ্যাঁ।’

‘কী?’

‘বাজার করি। ওষুধপত্র আনি...’

‘বুঝেছি।...আপনার শোবার ঘর দোতালায়?’

‘হ্যাঁ।’

‘কোনখানে? ডা. মুনসীর ঘর থেকে কতদূরে?’

‘পাশে।’

‘একেবারে পাশে? লাগালাগি?’

‘ই-ইয়েস।’

‘রাত্রে ঘুমোন কখন?’

‘দশটা সাড়ে দশটা।’

‘আর ওঠেন?’

‘ছ-টা।’

‘এই খুন সম্বন্ধে আপনার কিছু বলার আছে?’

‘নো-নো স্যার। নাথিং।’

‘ঠিক আছে। আপনি এবার অনুগ্রহ করে রাধাকান্ত মল্লিককে একটু পাঠিয়ে দিন।’

রাধাকান্ত মল্লিক এসে সোফায় বসেই এক সঙ্গে হাত আর মাথা নেড়ে বললেন, ‘আমি খুন সম্বন্ধে কিছু জানি না, কিছু না...’

‘আমি বলেছি আপনি জানেন?’

‘বলেননি, কিন্তু বলবেন। আই নো ইউ ডিটেকটিভস। এসব জেরা-টেরা আমার ভাল লাগে না। যা বলার আমি বলে যাচ্ছি। আপনি শুনুন। আমি যে ব্যারাম নিয়ে এখানে আসি তার নাম আমি জানতাম না। মুনসী বলেন। পার্সিকিউশন ম্যানিয়া। তার লক্ষণ হল, চারপাশের সব লোককে হঠাৎ শত্রু বলে মনে হওয়া। বাবা, দাদা, পড়শি, আপিসের কোলিগ কেউ বাদ নেই। সবাই যেন ওত পেতে বসে আছে। সুযোগ পেলেই ঝাঁপিয়ে পড়বে। আগে এটা ছিল না; ঠিক কখন যে শুরু হল তাও বলতে পারি না। শুধু এটা বলতে পারি যে শেষ দিকে এমন হয়েছিল যে রাত্তিরে ঘুমোতে পারতাম না, পাছে ঘুমোলে কেউ এসে বুকে ছুরি মারে!’

‘ডাঃ মুনসীর ওষুধে কাজ দেয়?’

‘দিচ্ছিল, তবে সময় লাগছিল। কথা ছিল আর দুহপ্তা পরে ছুটি পাব। কিন্তু তার আগেই...ছুটি হয়ে গেল...’

‘আপনি কি এখন বাড়ি ফিরে যাবেন?’

‘পুলিশ যেতে দিলেই যাব।’

‘আপনার চাকরি তো একটা আছে নিশ্চয়ই।’

‘পপুলার ইনশিওরেন্স।’



‘ঠিক আছে। আপনি এবার আসতে পারেন।’

রাধাকান্ত চলে যাবার পর ফেলুদা একবার খুনের জায়গা আর লাশটা দেখে এল। যে জিনিসটা দিয়ে বাড়ি মেরে খুন করা হয়েছে সেটা এখনও খুঁজে পাওয়া যায়নি। ইতিমধ্যে পুলিশের ডাক্তার এসে দেখে বলে গেছে খুনটা হয়েছে ভোর চারটা থেকে পাঁচটার মধ্যে। পাণ্ডুলিপিটা এখনও পাওয়া যায়নি। ইনস্পেক্টর সোম বলেছেন সেটা বেরোলেই ফেলুদাকে জানিয়ে দেবেন।

‘মিসেস মুনসীর সঙ্গে কি এখন কথা বলা যাবে?’ ফেলুদা জিজ্ঞেস করল সোমকে।

‘তা যাবে। উনি দেখলাম মোটামুটি শক্তই আছেন।’

আমরা তিনজন মিসেস মুনসীর ঘরে গেলাম। ভদ্রমহিলা জানালার দিকে মুখ করে খাটে বসে আছেন। ফেলুদা দরজায় টোকা মারতে আমাদের দিকে ফিরলেন।

আমি চমকে উঠলাম। ইনি হুবহু এর ভাইয়ের মতো দেখতে! যমজ নাকি?

নমস্কারের পর ফেলুদা বলল, ‘আমার নাম প্রদোষ মিত্র। আমি একজন প্রাইভেট ডিটেকটিভ। আপনার স্বামীর মৃত্যুর ব্যাপারে তদন্ত করতে এসেছি।’

‘আপনি কিছু জিজ্ঞেস করবেন কি?’

দেখে অবাক হলাম যে ভদ্রমহিলার কথায় বিন্দুমাত্র কান্নার রেশ নেই।

ফেলুদা বলল, ‘সামান্য দু-একটা প্রশ্ন।’
ভদ্রমহিলা আবার জানালার দিকে মুখ ঘুরিয়ে নিয়ে বললেন, ‘কল্পন।’
‘এই হত্যা সম্বন্ধে আপনার কিছু বলার আছে কি?’
‘ওঁর ডায়রিই হল ওঁর কাল। আমি ওঁকে কতবার বলেছি, তুমি লিখছ লেখ, কিন্তু এ জিনিস ছাপিও না। আমাদের দেশের লোকেরা এত সত্যি কথা গ্রহণ করতে পারবে না। অনেকে ব্যথা পাবে, অনেকে অসন্তুষ্ট হবে, আর আজ...’
‘আমি কিন্তু ডায়রিটা পড়েছি। আমার মনে হয় না এটা পড়লে মনে কেউ ব্যথা পেত।’
‘শুনে খুশি হলাম।’
‘আপনি আর চন্দ্রনাথবাবু যমজ ভাইবোন?’
‘হ্যাঁ।’
‘আপনি যখন ডাঃ মুনসীকে প্রস্তাব করেন আপনার ভাইকে এ বাড়িতে এনে রাখা হোক, তখন উনি কী বলেন?’
‘অনিচ্ছাসত্ত্বেও মত দেন।’
‘অনিচ্ছা কেন?’
‘আমার ভাই কোনও চাকরি করে না সেটা উনি মেনে নিতে পারছিলেন না। উনি নিজে ছিলেন কাজ-পাগল মানুষ। কাজ ছাড়া আর কিছুই জানতেন না।’
‘অনেক ধন্যবাদ, মিসেস মুনসী। আমার আর কিছু জানার নেই।’

৭

বাড়ি ফিরতে ফিরতে বারোটা হয়ে গেল। লালমোহনবাবু সকালে স্নান সেরে বেরোন, কাজেই সে সমস্যাটা নেই। তাঁকে বললাম দুপুরের খাওয়াটা আজ এখানেই সারতে। ভদ্রলোক রাজি হয়ে গেলেন।

‘মহীয়সী মহিলা!’ পাখাটা খুলে ফুল স্পিড করে তাঁর প্রিয় কাউচটায় বসে বললেন লালমোহনবাবু, ‘এত বড় একটা ট্রাজিডিতে এতটুকু টস্কাননি! অথচ ভাইটা একেবারে গোবর গণেশ।’

‘সেই জন্যেই মহিলার ভাইয়ের উপর এত টান’, বলল ফেলুদা, ‘এ বড় জটিল মনোভাব, লালমোহনবাবু। স্নেহ, অনুকম্পা, এসব তো আছেই; তার মধ্যে কোথায় যেন একটা মাতৃহের রেশ রয়েছে। ভদ্রমহিলার নিজের কোনও ছেলেপিলে নেই, এবং ডাঃ মুনসীর প্রথম পক্ষের স্ত্রীর ছেলের প্রতিও টান নেই, এসব কথা ভুলবেন না।’

‘তার উপরে যমজ।’

‘তা তো বটেই।’

‘আপনার কি মনে হয় ভদ্রমহিলার ডাঃ মুনসীর সঙ্গে বনিবনা ছিল না?’

‘সেটা মুনসী পরিবারের সঙ্গে অন্তরঙ্গ না থাকলে বলা মুশকিল। গোয়েন্দাকে যা বোঝার বুঝতে হয় দুটি ইন্ড্রিয়ের সাহায্যে, কান আর চোখ।’

‘এক্ষেত্রে কান কী বলছে?’

‘মনে একটা খটকা জাগাচ্ছে।’

‘কী সেটা?’

‘সেটা আপনারা কেন বোঝেননি তা জানি না।’

এবারে আমি একটা কথা না বলে পারলাম না।

‘তুমি বলতে চাও ওঁর কথা শুনে মনে হল উনি ডায়রিটা পড়েছেন?’

‘সাবাস, তোপসে, সাবাস।’

‘কেন মশাই ডায়রিতে কী ধরনের জিনিস আছে সেটা তো মুনসী মুখেও বলতে পারেন।’

‘একই হল লালমোহনবাবু, একই হল।’

‘মুনসীর কথায় মনে হয়েছিল ওই তিন ব্যক্তির ঘটনা ছাড়া ডায়রিতে কী আছে তা কেউ জানে না। এখন মনে হচ্ছে কথাটা হয়তো ঠিক না।’

‘তবে এটা তো বোঝা যাচ্ছে ডাঃ মুনসীর স্ত্রীর প্রতি মোটেই বিরূপভাব পোষণ করতেন না। ডায়রির প্রথম পাতা খুললেই সেটা প্রমাণ হয়। যে স্ত্রীর সঙ্গে বনিবনা নেই, তাকে কেউ বই উৎসর্গ করে না।’

‘আপনি দেখছি ফর্মে আছেন। ভেরি গুড।’

‘আরেকটা ব্যাপারে আমি কানকে কাজে লাগিয়েছি মশাই; আপনি নিশ্চয়ই অ্যাপ্রিশিয়েট করবেন। ডাঃ মুনসী নিজের ছেলের প্রতি যে মনোভাব দেখিয়েছেন তাতে তাকে শুষ্ক কাষ্ঠং বলে মনে হওয়া আশ্চর্য নয়। কিন্তু সেইখানে দেখুন, তাঁর সেক্রেটারির প্রতি তাঁর কত দরদ!’

‘গুড। গুড।’ ফেলুদা যে অন্যমনস্কভাবে তারিফটা করে সোফা ছেড়ে উঠে পায়চারি আরম্ভ করে দিল।

‘কী ভাবছেন মশাই?’ প্রায় এক মিনিট চুপ করে থেকে প্রশ্ন করলেন জটায়ু।

‘ভাবছি যে তিন উহা নামের মধ্যে একজনই রয়ে গেল যার আসল পরিচয়টা পাওয়া গেল না। ফলে মামলাটার মধ্যে একটা ফাঁক রয়ে গেল যেটা আর পূরণ হবে না।’

‘আপনার কি মনে হয় ডাঃ মুনসী কোনও তথ্য—’

ক্রি-২-২-২!

আমাদের এই নতুন নীল টেলিফোনটার আওয়াজ আগেরটার চেয়ে অনেক বেশি জোর। ফেলুদা রিসিভারটা তুলে ‘হ্যালো’ বলল।

অবিশ্বাস্য টেলিফোন। যাকে ফেলুদা টেলিপ্যাথি বলে এ হল ষোল আনা তাই। কার সঙ্গে কী কথাবার্তা হল সেটা ফেলুদা ফোন নামিয়ে রেখেই বলেছিল; আমি যখন ঘটনাটা লিখতে যাব, তখন ও বলল, ‘যদিও তুই ফোনটার সময় শুধু আমার কথাগুলো শুনেছিলি, লেখার সময় এমন ভাবে লেখ যেন দুই তরফের কথাই শুনতে পাচ্ছিস। তা হলে পাঠক মজা পাবে।’

আমি ওর কথামতোই লিখছি।

‘হ্যালো।’

‘মিঃ মিস্ত্রি?’

‘হ্যাঁ।’

‘আমি “আর” কথা বলছি।’

“আর”?’

‘মুনসীর ডায়রির “আর”।’

‘ও। তা হঠাৎ আমাকে ফোন কেন? মুনসীর সঙ্গে আমার সম্পর্কের কথা আপনি জানলেন কী করে?’

‘আপনি আজ সকালে মুনসীর বাড়ি যাননি?’

‘তা তো যাবই। মুনসী আজ ভোর রাত্রে খুন হয়েছেন। সেই কারণেই যেতে হয়েছিল।’

‘আপনার চেহারা অনেকের কাছেই পরিচিত। সেটা আপনি জানেন বোধহয়। মুনসীর বাড়ির সামনে ভিড় এবং পুলিশ দেখে প্রতিবেশীদের অনেকেই বারান্দায় এসে দাঁড়িয়েছিল। তাদেরই একজন আপনাকে চিনে ফেলে—আমার এক পেশেন্ট। আমিও ডাক্তার সেটা জানেন কি? এই

পেশেন্টের বাড়ি গেসলাম ঘণ্টাখানেক আগে। তারই কাছে শুনি মুনসীর মৃত্যু ও আপনার উপস্থিতির খবর। দুইয়ে দুইয়ে চার করে বুঝি মুনসী আপনাকে এমপ্লয় করেছিল।’

‘আপনার আসল নামটা জানতে পারি কি?’

‘না, পারেন না। ওটা উহাই থাকবে। আমি জানতে চাই মুনসী আপনাকে আমার সম্বন্ধে কী বলে।’

‘উনি বলেন, আপনাকে উনি যথেষ্ট চেনেন এবং আপনাকে নিয়ে চিন্তা করার কোনও কারণ নেই। ডায়রিটা বেরুচ্ছে এবং তাতে আপনার অতীতের ঘটনা থাকছে জেনেও নাকি আপনি কোনও আপত্তি করেননি।’

‘ননসেন্স! সম্পূর্ণ মিথ্যা। ও আমাকে জানাবে কী করে? আমি তো পনেরো দিন বাইরে থেকে কলকাতায় ফিরেছি সবে পরশু রাত্রে। বাড়িতে এসে পুরনো স্টেটসম্যান ঘাঁটতে ঘাঁটতে মুনসীর ডায়রি পেঙ্গুইন ছাপছে এ খবরটা দেখি। খবরটা পড়ে আমার অস্বস্তি লাগে। মুনসী সাইকোয়াট্রিস্ট হওয়াতে অনেক মনোবিকারগ্রস্ত ব্যক্তির হাঁড়ির খবর সে জানে; আমার তো বটেই। সে সব কথা কি সে ডায়রিতে লিখেছে?’

‘আমি মুনসীকে ফোন করি। সে স্বীকার করে যে আমার ঘটনা তার ডায়রিতে স্থান পেয়েছে, তবে আমার নাকি চিন্তার কোনও কারণ নেই এই জন্যে যে আমার নামের শুধু প্রথম অক্ষরটা ব্যবহার করা হয়েছে।...কিন্তু তাতে আমি আশ্বস্ত হব কেন? আমি চব্বিশ বছর আগেও ডাক্তার ছিলাম, এখনও আছি। তখনকার অনেক পেশেন্ট এখনও আমার পেশেন্ট। ডায়রি থেকে তারা আমায় চিনে ফেলবে না তার কী গ্যারান্টি?’

‘আমি কিন্তু ডায়রিটা পড়েছি। আমার মনে হয় আপনার চিন্তার কোনও কারণ নেই।’

‘আপনি যখন পড়েছেন তখন আমিও পড়ব। সে কথাটা আমি মুনসীকে বলি। আমি বলি যে তোমার কথা আমি বিশ্বাস করি না। আমি নিজে তোমার লেখা পড়ে বিচার করব সেটা ছাপলে আমার কোনও ক্ষতি হবে কিনা। তুমি আমাকে লেখাটা দাও। যদি না দাও তা হলে তোমার অতীতের ঘটনা আমি ফাঁস করে দেব।’

‘এ আবার কী বলছেন আপনি?’

‘মিস্টার মিস্তির, আমি আর মুনসী একই বছর লন্ডনে যাই ডাক্তারি পড়তে। আমার বিষয় যদিও মনোবিজ্ঞান ছিল না, কিন্তু আমাদের দুজনের যথেষ্ট পরিচয় ছিল। আমি মুনসীর যে চেহারা দেখেছি সে চেহারা কলকাতার কেউ দেখেনি। সে সেখানে উচ্চনে যেতে চলেছিল, আমি তাকে সামলাই, তাকে সোজা পথে নিয়ে আসি। কলকাতায় ফিরে এসে প্র্যাকটিস শুরু করার পর সে ক্রমে ক্রমে নিজেকে সংস্কার করে।’

‘আপনি মুনসীর বাড়ি গিয়ে তাঁর কাছ থেকে লেখাটা চেয়ে আনেন?’

‘আজ্ঞে হ্যাঁ। গতকাল রাত এগারোটায়। বলেছিলাম দুদিন পরে লেখাটা ফেরত দেব। এখন অবিশ্যি তার কোনও প্রয়োজন নেই।’

‘নেই মানে? আপনি পাণ্ডুলিপি ফেরত দিলেই সেটা ছাপা হবে। লেখকের মৃত্যুর পর তার বই ছাপা হয়েছে অনেক ক্ষেত্রে। একে ইংরিজিতে পসথ্যুমাস পাবলিকেশন বলে সেটা আপনি জানেন না?’

‘জানি। কিন্তু এক্ষেত্রে সেটা হবে না। লেখাটা আমি পড়েছি। সেটা আমার কাছেই থাকবে। বই হয়ে বেরোবে না। আসি।’

ফেলুদা রিসিভারটা নামিয়ে রেখে দিল, তার মুখ গম্ভীর।

‘লোকটা এমন করে আমার উপর টেক্সা দিল!’ খপ্ করে সোফায় বসে বলল ফেলুদা। ‘এ সহ্য করা যায় না।...আর এমন চমৎকার লেখা—এইভাবে বেহাত হয়ে গেল!’

‘লেখাটা নিয়ে ভাববেন না, ফেলুবাবু।’ একটু যেন রাগত ভাবেই বললেন জটায়ু। ‘দ্য খুন ইজ মাচ মোর ইমপর্ট্যান্ট দ্যান দ্যা লেখা।’

‘আপনি লেখাটা পড়েও একথা বলছেন?’

‘বলছি। যেখানে মার্ডার হ্যাজ বিন কমিটেড, সেখানে আর ওসব কিছু তার কাছে তুচ্ছ।’

শ্রীনাথ এসে খবর দিল ভাত বাড়ি হয়েছে। আমরা তিনজনে খাবার ঘরে খেতে বসলাম। লালমোহনবাবু যদিও বেশ তৃপ্তির সঙ্গে খেলেন। এমনকী চিংড়ি মাছের মালাইকারিটা খেতে খেতে বললেন, ‘আপনাদের জগন্নাথের রান্নার তারের তুলনা নেই;’ ফেলুদা শুক্কতো থেকে দই পর্যন্ত একবারও মুখ খুলল না।

খাবার পর তিনজনে তিনটে পান মুখে পুরে বসবার ঘরে বসতেই ফোনটা বেজে উঠল। আমিই ধরলাম। ইন্সপেক্টর সোম। আমি ফেলুদার হাতে ফোনটা চালান দিলাম। ‘বলুন স্যার’-এর পর ফেলুদা কেবল দুটো কথা বলল। প্রথমে মিনিট খানেক কথা শুনে বলল, ‘তা হলে তো খুনটা বাড়ির লোকে করেছে বলেই মনে হচ্ছে’ আর ফোনটা রাখবার আগে বলল— ‘ভেরি ইন্টারেস্টিং আমি আসছি।’

‘কোথায় যাচ্ছ?’ আমি জিজ্ঞেস করলাম।

‘মুনসী প্যালেস’, টেবিল থেকে চারমিনারের প্যাকেট আর লাইটারটা তুলে পকেটে পুরে বলল ফেলুদা।

‘খুনটা বাড়ির লোকে করেছে কেন বললেন?’ জটায়ুর প্রশ্ন।

‘কারণ নিস্তারিণী ঝি আবিষ্কার করেছে যে একটা হামানদিস্তা মিসিং। এ পারফেক্ট মার্ডার ওয়েপন।’

‘আর ইন্টারেস্টিংটা কী?’

‘মুনসীর একটা ডায়রি পাওয়া গেছে যাতে এ বছরের প্রথম দিন থেকে মারা যাবার আগের দিন পর্যন্ত এনট্রি আছে।...চলুন বেরিয়ে পড়ি।’

৮

পেঙ্গুইন যে ডায়রিটা ছাপছিল সেটা ১৯৮৯ ডিসেম্বরে শেষ হয়েছে। পুলিশ যেটা পাণ্ডুলিপি খুঁজতে খুঁজতে মুনসীর শোবার ঘরে পেয়েছে, সেটাতে দৈনিক এনট্রি আছে ১৯৯০ পয়লা জানুয়ারি থেকে মুনসী মারা যাবার আগের রাত, অর্থাৎ ১৩ই সেপ্টেম্বর পর্যন্ত। ডায়রিটা সম্ভবত খাটের পাশের টেবিলে রাখা ছিল। সেখান থেকে মাটিতে পড়ে যায়। পুলিশ সেটাকে মাটিতেই পায়।

ডায়রিটা সোমের কাছ থেকে নিয়ে প্রথম পাতা খুলেই ফেলুদার চোখ কীসে আটকে গেল। কিছুক্ষণ झुकुটি করে পাতাটির দিকে চেয়ে থেকে আবার যেন সংবিৎ ফিরে পেয়ে পাশে দাঁড়ানো শঙ্করবাবুকে জিজ্ঞেস করল, ‘আপনি জানতেন যে আপনার বাবা ডায়রি রাখার অভ্যেসটা শেষদিন পর্যন্ত চালিয়ে গেছেন?’

‘একেবারেই না। তবে শুনে যে অবাধ হচ্ছি তা নয়, কারণ চল্লিশ বছর একটানা লিখে হঠাৎ বন্ধ করার তো কোনও কারণ নেই।’

‘সুখময়বাবু জানতেন এই ডায়রির কথা?’

‘সেটা ওকেই জিজ্ঞেস করুন।’

আমরা সকলে বসবার ঘরে জমায়েত হয়েছিলাম। মিনিট খানেকের মধ্যেই সুখময় চক্রবর্তী এলেন। ফেলুদা প্রশ্ন করতে সুখময়বাবু বললেন, ‘ডা. মুনসী ডায়রি লিখবেন এতে আশ্চর্যের



কিছু নেই, কিন্তু উনি কাজটা করতেন দিনের শেষে শুতে যাবার আগে। ডায়রিও শোবার ঘরেই থাকত নিশ্চয়ই, এই লাল বই আমি কোনওদিনই দেখিনি।’

‘বসুন।’

সুখময়বাবু দাঁড়িয়ে কথা বলছিলেন, ফেলুদা বলতে যেন একটু অবাক হয়েই বসলেন। আমি বুঝলাম ফেলুদা আরও কিছু জিজ্ঞেস করতে চায়।

‘সুখময়বাবু’, বলল ফেলুদা, ‘আপনি নিশ্চয়ই চান যে ডাঃ মুনসীর আততায়ীর উপযুক্ত শাস্তি হোক। তাই নয় কি?’

‘আমার দায়িত্ব’, বলে চলল ফেলুদা, ‘হল সেই আততায়ীকে খুঁজে বার করা। একটা কারণে এখন আমরা বুঝতে পারছি যে আততায়ী এই বাড়িতেই রয়েছেন। সেদিন আমি এই বাড়িতে যাঁরা থাকেন তাদের প্রত্যেককে জেরা করেছি। তার ফলে আমি এখনও কোনও সিদ্ধান্তে আসতে পারিনি। হয়তো আমার তরফ থেকেই যথেষ্ট প্রশ্ন করা হয়নি, এবং যাদের প্রশ্ন করেছি তারা আমার সব প্রশ্নের জবাব দেননি। একটা প্রশ্ন আমি করিনি, আজ করতে চাই।’

‘বলুন।’

‘একটা ব্যাপারে আমাদের মনে খটকা জেগেছে।’

‘কী?’

‘শঙ্করবাবুর মতে ডাঃ মুনসী তাঁর লেখা এবং পেশেন্ট ছাড়া আর সবকিছু সম্বন্ধে উদাসীন ছিলেন। কিন্তু আপনি তো তাঁর পেশেন্টও নন, তা হলে আপনার প্রতি তিনি এতটা স্নেহবর্ষণ করবেন কেন? ডায়রিতে পড়েছি পাঁচ বছর আগে আপনার অ্যাপেন্ডিসাইটিস অপারেশন হয়; তার সমস্ত খরচ মুনসী বহন করেন। অপারেশনের পর আপনি দশ দিনের জন্য পুরী যান; সে খরচও তিনি বহন করেন। কেন? এর কোনও কারণ আপনি দেখাতে পারেন? এই পক্ষপাতিত্ব কীসের জন্য?’

‘জানি না।’

উত্তরটা আসতে যৎসামান্য দেরি হল সেটা নিশ্চয়ই ফেলুদা লক্ষ করেছে। সেটা তার পরের কথা থেকেই বুঝতে পারলাম।

‘আমি আবার বলছি সুখময়বাবু, আপনি সত্যি কথা বললে, বা গোপন না করলে, আমাদের কাজ অনেকটা সহজ হয়ে যায়।’

এবারে উত্তরে দেরি হল না।

‘আমি সত্যি বলছি।’

লালমোহনবাবু আমাদের নামিয়ে দিয়ে ‘টুমরো মর্নিং’ বলে গড়পার ফিরে গেলেন। ফেলুদা সোজা তার শোবার ঘরে ঢুকে দরজাটা ভেজিয়ে দিল। বুঝলাম সে ডায়রিতে মনোনিবেশ করবে। ঘড়িতে এখন তিনটে পঁচিশ।

পাখাটা ফুল স্পিড করে দিয়ে সোফায় গা ছড়িয়ে শুয়ে আমি একটা ন্যাশনাল জিওগ্রাফিক ম্যাগাজিন খুলে অ্যানটার্কটিকার বিষয় চমৎকার সব ছবি সমেত একটা লেখা পড়তে লাগলাম।

সাড়ে চারটেয় শ্রীনাথ চা আনল। আমারটা টেবিলের উপর রেখে ফেলুদার ঘরের দরজায় টোকা দেবার সঙ্গে সঙ্গেই ফেলুদা বেরিয়ে এসে বলল, ‘এ ঘরেই চা দাও।’

বুঝতেই পারছি ডায়রিটা পড়া হয়ে গেছে, তাই জিজ্ঞেস করলাম, ‘কিছু পেলে?’

ফেলুদা কাউচে বসে পকেট থেকে ডায়রি আর চারমিনারের প্যাকেটটা বার করে টেবিলের উপর রেখে গরম চায়ে একটা ছোট্ট চুমুক দিয়ে বলল, ‘তোকে কয়েকটা আইটেম পড়ে শোনাচ্ছি। আমার মনে হয় চিন্তার খোরাক পাবি।’

আমি আগেই লক্ষ করেছিলাম। ডায়রির মাথার দিকটা দিয়ে কয়েকটা হেঁড়া কাগজ উকি মারছে। ফেলুদা কোনওরকম তাড়াহুড়ো না করে একটা চারমিনার ধরিয়ে প্রথম টুকরো মার্কে ডায়রিটা খুলল।

‘শোন, এটা তিন সপ্তাহ আগের এনট্রি। আমি ইংরিজি থেকে বাংলা করছি। ‘আজ একটা নতুন পেশেন্ট। রাধানাথ মল্লিক। আমার ঘরে ঢুকে চেয়ারে বসে প্রথমেই পকেট থেকে এক টুকরো কাগজ বার করে হাতের তেলোয় রেখে সেটার দিকে আর আমার দিকে বারকয়েক দেখে কাগজটা দলা পাকিয়ে ওয়েস্ট পেপার বাস্কেটে ফেলে দিল। ওটা কী ফেললেন জিজ্ঞেস করাতে ভদ্রলোক বললেন, টেলিগ্রাফের খবর আপনার ছবি সমেত। আমি বললাম, আপনি কি যাচাই করে নিলেন ঠিক লোকের কাছে এসেছেন কিনা? এবারে একটা ছোটখাটো বিস্ফোরণ হল। “আমি কাউকে বিশ্বাস করি না, কাউকেই না! যাচাই করে নিতে হবে বইকী!”... পার্সিকিউশন মেনিয়া।’

চার পাতা পরে দ্বিতীয় এনট্রি।

‘শোন—আর. এম.-কে নিয়ে সমস্যা। সে নিজের বাড়িতে একদণ্ড টিকতে পারে না। তার দাদা, তার পড়শি সকলেই তার মনে আতঙ্কের সঞ্চার করছে। ডিফিকাল্ট কেস। আমি বলেছি

কাল থেকে যেন সে আমার এখানে চলে আসে। দুটো ঘর তো খালি পড়ে আছে দোতলায়; তার একটাতেই থাকবে।’

তৃতীয় এনট্রি, এটাও দিন চারেক পরে।

‘আর, এম.-কে নিয়ে সমস্যা মিটেছে না। আজ ওকে কাউচে শোয়ানোর আগে ও আমার আপিসে এসে বসেছিল। আমি তখন বিলেত থেকে সদ্য আসা একটা জরুরি চিঠি পড়ছি। পড়া শেষ করে ওর দিকে চেয়ে একটা আশ্চর্য ব্যাপার দেখলাম। আমার ভারী কাচের পেপার ওয়েটটা হাতে নিয়ে ও কেমন যেন অদ্ভুত ভাবে আমার দিকে চেয়ে আছে। ও যদি আমাকেও ওর শত্রুপক্ষ মনে করে তা হলে তো মুশকিল।’

চার নম্বর এনট্রি।

‘আমার ওষুধের শিশিটা ভুল করে আপিস ঘরে ফেলে এসেছিলাম; রাতে শোবার আগে সেটা আনতে গিয়ে প্যাসেজ থেকেই বুঝলাম ঘরে বাতি জ্বলছে। ভেবেছিলাম হয়তো সুখময় কোনও কাজ করছে, কিন্তু গিয়ে দেখি শঙ্কর। সে আমার দিকে পিঠ করে ঝুঁকে পড়ে টেবিলের নীচের দেরাজটা বন্ধ করছে। আমায় দেখে ভারী অপ্রস্তুত হয়ে বলল ওর এয়ার মেল খাম ফুরিয়ে গেছে তাই এখানে আছে কিনা দেখতে এসেছিল। আমি ওকে দুটো খাম দিয়েছিলাম।...ওই দেরাজেই থাকে আমার পাণ্ডুলিপি।’

এরপরে একেবারে শেষ পাতায় শেষ এনট্রি। এর সঙ্গে রাধাকান্ত মল্লিকের কোনও যোগ নেই আর এটা সত্যিই রহস্যজনক।

‘কী ভুলই করেছিলাম!...যাক, তবু যে ভুলটা ভেঙেছে! কিন্তু “আর”-এর জের কি তা হলে অনির্দিষ্টকাল ধরে চলবে? নাকি ওটা নিয়ে অযথা চিন্তা করছি?’

ফেলুদা ডায়রিটা বন্ধ করে একটা দীর্ঘশ্বাস ফেলে বলল, ‘অদ্ভুত কেস!’

‘তার মানে রহস্যের জট এখনও ছাড়াতে পারনি?’

‘না, তবে কীভাবে প্রেসিড করতে হবে তার একটা ইঙ্গিত পেয়েছি। এবার কিছু দৈহিক পরিশ্রম আছে। রুটিন এনকোয়ারি। তুই জটায়ুকে ফোন করে বলে দে কাল যেন সকালে না এসে বিকেলে আসেন। সকালে আমি থাকছি না।’

৯

ফেলুদা পরদিন সকাল আটটায় বেরিয়ে আড়াইটেয় ফিরল। ও নাকি বাইরেই লাঞ্চ সেরে নিয়েছে। কাজ হল কিনা জিজ্ঞেস করতে ঠিক ভরসা পাচ্ছিলাম না। কারণ ওর মধ্যে একটা চাপা উত্তেজনা লক্ষ্য করছিলাম; তার মানে সাক্ষ্য না ফেইলিওর সেটা বুঝতে পারছিলাম না।

ফেলুদা সোফায় বসার আগে দুটো ফোন করল, একটা শঙ্কর মুনসীকে, অন্যটা ইনস্পেক্টর সোমকে। দুজনকেই একই ইনস্ট্রাকশন, আগামীকাল সকাল দশটায় সুইনহো স্ট্রিটে বৈঠকে সবাই যেন উপস্থিত থাকে।

এবার একটা চারমিনার ধরিয়ে ফেলুদা সোফায় বসে সামনের টেবিলের উপর পাটা ছড়িয়ে দিয়ে বলল, ‘আমারও মুনসীর মতো বলতে ইচ্ছা করছে, কী ভুলই করেছিলাম!...রহস্য উদ্ঘাটনের চাবি সবকটা চোখের সামনে পড়ে আছে, অথচ দেখতে পাচ্ছিলাম না।’

আমি একটা কথা না জিজ্ঞেস করে পারলাম না।

‘অপরাধীকে আমরা চিনি তো?’

‘নিশ্চয়ই’, বলল ফেলুদা। ‘তোর যখন এত কৌতূহল, তখন আমি তোকে কয়েকটা প্রশ্ন



করছি যেগুলোর উত্তর ঠিকমতো দিতে পারলে হয়তো তুই নিজেই সমস্যার সমাধান করতে পারবি।’

‘আমি চুপ, বুক টিপ টিপ।’

‘এক, নতুন ডায়রিটায় লক্ষ করার মতো বিশেষ কিছু দেখলি?’

‘একটা ব্যাপারে খটকা লাগল।’

‘কী?’

‘খুনের আগের রাত পর্যন্ত ডায়রি লিখে গেছেন ভদ্রলোক, কিন্তু “আর” আসার কোনও উল্লেখ নেই।’

‘এক্সপ্লেন্ড! দুই, বিসর্জন কথাটা বলতে প্রথমেই কী মনে হয়?’

‘নাটক। রবীন্দ্রনাথ।’

‘হল না।’

‘দাঁড়াও দাঁড়াও! জল...জলে কিছু ফেলে দেওয়া।’

‘গুড। তিন, নেমেসিস কাকে বলে জানিস?’

‘নেমেসিস?’

‘হ্যাঁ।’

‘ইংরিজি কথা?’

‘উহ। গ্রিক।’

‘ওরে বাবা, সে কী করে জানব?’

‘তা হলে শিখে নে। অপরাধ করে যে শাস্তি সাময়িকভাবে এড়িয়ে গেলেও একদিন-না-একদিন ভোগ করতেই হবে বলে নেমেসিস। এই নেমেসিস-এরই ভয় পাচ্ছিল “এ”, “জি” আর “আর”।’

আমার ব্যাপারটা খুবই ইন্টারেস্টিং লাগছিল, তাই ফেলুদা চুপ করে আছে দেখে বললাম, ‘আরও আছে?’

‘আর একটা বলব। বেশি বললে কালকের নাটকটা জমবে না।’

‘ঠিক আছে।’

‘ফিজিশিয়ান হিল দাইসেল্ফ, মানে জানিস?’

‘এ তো ইংরিজি প্রবাদ, ডাক্তার, আগে নিজের ব্যারাম সারাও।’

‘আরেকটা শেষ কথা বলে দিচ্ছি তোকে, “সাজা” কথাটার অনেকগুলো মানে পাবি অভিধানে, তার মধ্যে দুটো মানে নিয়ে আমাদের কারবার।’

‘বুঝেছি।’

চা দেবার মিনিট দশেক আগে জটায়ু এসে হাজির। কাউচে বসেই প্রথম প্রশ্ন হল, ‘আমরা কোন স্টেজে আছি?’

উত্তরে ফেলুদা ‘মিনার্ভা’ বলে লালমোহনবাবুকে অসম্ভব ভ্রুকুটি করতে দেখে বলল, ‘পেনালটিমেট।’

‘পেনালটি, কী বললেন?’

‘আপনার ইংরিজিটা আর রপ্ত হল না কিছুতেই। পেনালটিমেট মানে লাস্ট বাট ওয়ান।’

‘লাস্ট স্টেজে পৌঁছাচ্ছি কবে?’

‘কাল সকাল দশটায় মুনসী প্যালেসে সর্বসমক্ষে যবনিকা উত্তোলন।’

‘আর পতন?’

‘ধরুন তার আধ ঘণ্টা বাদে।’

‘চারজনের উপর তো সন্দেহ—’

‘হ্যাঁ, ইনি, মিনি, মাইনি, মো।’

‘উঃ, কথায় কথায় আপনার এই প্রগল্ভতা অসহ্য। এইটে অন্তত বলুন যে শঙ্কর, সুখময়, রাধাকান্ত—’

ফেলুদা হাত তুলে বাধা দিয়ে বলল, ‘আর স্পিক-টি-নট। এইখানেই দাঁড়ি।’

‘আপনি দিন দাঁড়ি। আমার বলা শেষ হয়নি। নাটকের ক্লাইমাক্স আমার হাতে, আপনার হাতে নয়। এটা ওয়ার্নিং দিয়ে দিলুম।’

‘আপনি যে ভয় পাইয়ে দিচ্ছেন।’

‘ভয়ের কিস্যু নেই। আপনার সিংহাসন কেউ টলাতে পারবে না। আর তারিফের সিংহভাগ আপনিই পাবেন তাতে সন্দেহ নেই। কিন্তু সিংহাসনের পাশে একটা ছোট্ট স্পেশাল আসন, আর তারিফের পাশে একটি মিনি-তারিফ, এ দুটো আমার বরাদ্দ থাকবেই।’

পরদিন ভোরে এক পশলা বৃষ্টি হওয়াতে আমাদের পাড়াতে কিছুটা জল জমেছিল, তাও ঠিক ৫৩০

সাড়ে নটার সময় বগলে ছাতা, কাঁধে ঝোলা আর মুখে হাসি নিয়ে লালমোহনবাবু এসে হাজির। ‘তপেশ ভাই’, কাউচে বসে বললেন ভদ্রলোক, ‘জগন্নাথকে বোলো যেন আজ খিচুড়ি করে। নাটকের পর মধ্যাহ্ন ভোজনটা এখানেই সারব।’

চা খেয়ে দশটার পাঁচ মিনিট আগেই আমরা সুইনহো স্ট্রিটে পৌঁছে গেলাম। আমাদের আগেই পুলিশ হাজির; ইনস্পেক্টর সোম ফেলুদাকে গুড মর্নিং করে বললেন, ‘আমি আপনার মেথড তো জানি। তাই সকলকেই বৈঠকখানায় জমায়েত হতে বলে দিয়েছি, বেয়ারা বসার ব্যবস্থা করে দিয়েছে, কেবল মিসেস মুনসীরও থাকার দরকার কিনা সেটা জানার ছিল।’

ফেলুদা মাথা নেড়ে বলল, ‘উনি না থাকাটাই বাঞ্ছনীয়।’

সবাই যে যার জায়গা নিয়ে বসতে বসতে একতলায় বড় ঘড়িতে ঢং ঢং করে দশটা বাজল। ফেলুদা উঠে দাঁড়িয়ে একবার চারদিকে দেখে নিয়ে ঘড়ির শেষ ঢং-এর রেশটা মিলিয়ে যেতেই কথা আরম্ভ করে দিল।

‘আমি প্রথমেই শঙ্করবাবুকে একটা প্রশ্ন করতে চাই।’

শঙ্করবাবু ঘরের উলটোদিকে বসেছিলেন। তাঁর দৃষ্টি ফেলুদার দিকে ঘুরল। ফেলুদা বলল, ‘আমি সেদিন যখন বললাম যে ডাঃ মুনসী তাঁর ডায়রিতে অনেকবার আপনার উল্লেখ করেছেন, তা শুনে আপনি বিস্মিত হন। এবং আমি যখন বললাম যে তিনি আপনার সম্বন্ধে নিশ্চয় সত্যি কথাই বলেছেন তখন আপনি বেশ বিরক্ত হয়েই বললেন, “বাবা আমাকে চিনলেন কবে, কীভাবে, তিনি তো তাঁর রুগি নিয়েই পড়ে থাকতেন।” শঙ্করবাবু আপনি কেন ধরে নিলেন যে বাবা আপনার সম্বন্ধে অপ্রিয় কথাই বলেছেন? আমি তো কিছুই বলিনি।’

‘কারণ বাবা সামনা-সামনি আমার কখনও প্রশংসা করেননি।’

‘নিশ্চয় করেছেন কি?’

‘না, তাও করেননি।’

‘তা হলে আপনিই বা আপনার সম্বন্ধে ডাঃ মুনসীর প্রকৃত মনোভাব কী করে জানলেন?’

‘ছেলে তার বাবার মন জানবে না কেন? সে তো অনুমান করতে পারে।’

‘বেশ, এবার আরেকটা কথায় আসি। আমি গতকাল দুপুরে একবার আপনাদের এখানে এসেছিলাম। এ বাড়িতে ভূতাস্থনীয় যারা আছে তাদের ডেকে ডেকে আমি কয়েকটা প্রশ্ন করি। একটা প্রশ্ন আপনাকে নিয়ে; সেটার উত্তর দেয় আপনাদের মালী গিরিধারী। প্রশ্নটা ছিল, আপনার বাবার খুনের দিন সে আপনাকে ভোরে বেরোতে দেখেছিল কিনা। মালী বলে, হ্যাঁ দেখেছিল। তখন আমি জিজ্ঞেস করি আপনি খালি হাতে বেরোন কিনা। উত্তরে মালী বলে, না। আপনার হাতে একটা কালো চামড়ার ব্যাগ ছিল। বর্ণনায় বুঝি সেটা ব্রিফকেস বা পোর্টফোলিও জাতীয় ব্যাগ। এই ব্যাগে কী ছিল সেটা বলবেন কি?’

শঙ্করবাবু চুপ। তাঁর নিশ্বাস জোরে জোরে পড়তে শুরু করেছে।

‘আমি বলব কী ছিল?’ বলল ফেলুদা। শঙ্করবাবু নিরুত্তর। ফেলুদা বলল, ‘ব্যাগে ছিল আপনার বাবার ডায়রির পাণ্ডুলিপি। ডাক্তারের সঙ্গে দেখা করে, বা করার আগে, আপনি সেটা লেকের জলে বিসর্জন দেন তবে তার কারণ’, ফেলুদার গলা চড়ে ওঠে, ‘আপনি ডায়রিটা পড়ে দেখেছেন যে আপনার বাবা আপনার সম্বন্ধে একটিও প্রশংসাসূচক কথা বলেননি। তিনি—’

ফেলুদার গলা ছাপিয়ে শঙ্করবাবু বলে উঠলেন, ‘ইয়েস, ইয়েস! এই বই ছাপা হলে আমার রোজগারের রাস্তা চিরকালের জন্য বন্ধ হয়ে যেত। অলস, উদ্যমহীন, ইরেসপন্সিবল, অস্থিরমতি, কী না বলেননি উনি আমাকে।’

‘রাইট’, বলল ফেলুদা। ‘তা হলে এটাও স্বীকার করুন যে সেদিন গলার স্বর পালটিয়ে “আর”—এর ভূমিকা নিয়ে আপনিই আমাকে ফোনটা করে আপনার বাবা সম্বন্ধে বুড়ি বুড়ি মিথ্যে

কথা বলেছিলেন, সন্দেহ যাতে আপনার উপর না পড়ে?’

শঙ্করবাবু দাঁড়িয়ে উঠেছিলেন, এবার ধপ্ করে বসে পড়লেন।

“‘আর’-এর কথাই যখন উঠল’, বলল ফেলুদা, ‘তখন ব্যাপারটা আরেকটু তলিয়ে দেখা যাক।’

ফেলুদার দৃষ্টি এবার বাঁয়ে বসা সুখময়বাবুর দিকে ঘুরল।

‘আমি এবার আপনাকে একটা প্রশ্ন করতে চাই।’

‘করুন।’

‘ইংরিজিতে যাকে হাঞ্চ বলা হয়, সেই হাঞ্চের উপর নির্ভর করে আমি গতকাল সকালে একবার সাঁইত্রিশ নম্বর বেলতলা রোডে যাই। সকলের অবগতির জন্য বলছি। এটা হল সুখময়বাবুর বাড়ির নম্বর। আমার মনে হচ্ছিল উনি কিছু তথ্য গোপন করে যাচ্ছেন, এবং হয়তো ওঁর বাড়ির লোকের সঙ্গে কথা বললে কিছুটা আলোর সন্ধান পাওয়া যেতে পারে।’

ফেলুদার দৃষ্টি ঘুরে গিয়েছিল, এখন আবার ফিরে এল সুখময়বাবুর দিকে।

‘আপনার মা-র সঙ্গে কথা বলে জানতে পারি আপনার বাবার মৃত্যু হয় চব্বিশ বছর আগে, গাড়ি চাপা পড়ে।...এই তথ্যটি কি ডাঃ মুনসী জানতেন?’

দৃষ্টি মেঝে থেকে না তুলেই উত্তর দিলেন সুখময়বাবু।

‘জানতেন। ইনটারভিউ-এর সময়, আমার বাবা সাঁইত্রিশ বছর বয়সে মারা যান জেনে ডাঃ মুনসী জিজ্ঞেস করেন কীসে তাঁর মৃত্যু হয়।’

‘খুব সতর্ক লোকেরও কেমন ভুল হয় তার একটা উদাহরণ দিই। শঙ্কর মুনসী যখন আমার বাড়িতে আসেন তখন তিনি নিজের পরিচয় দিতে বলেন যে তিনি ডাঃ রাজেন মুনসীর ছেলে। এই রাজেন নামটা আমার মাথা থেকে বেমালুম লোপ পেয়ে যায়; যেটা থেকে যায় সেটা হল “ডাঃ মুনসী”। কাল ওঁর লাল ডায়রি খুলে প্রথম পাতাতেই “আর মুনসী” দেখে আমি চমকে উঠি। তা হলে কি ডাঃ মুনসী নিজেই তাঁর ডায়রির “আর”, এবং তিনিই গাড়ি চাপা দিয়ে লোক মেরে চতুর্দিকে ঘূষ দিয়ে আইনের কবল থেকে নিজেকে বাঁচান, আর সেই মৃত ব্যক্তিরই ছেলে তাঁরই কাছে আসে চব্বিশ বছর পরে চাকরির ইন্টারভিউ দিতে?’

‘ভুল, ভুল, ভুল!’ চোঁচিয়ে উঠলেন সুখময়বাবু। ‘আমার বাবাকে যিনি চাপা দেন তাঁর উপযুক্ত শাস্তি হয়।’

‘সে কথা কি ডাঃ মুনসী জানতেন?’

‘না। তাঁর ধারণা ছিল তিনিই আমার বাবার মৃত্যুর জন্য দায়ী। আসল ঘটনা তিনি জানতে পারেন মৃত্যুর আগের দিন।’

‘কীভাবে?’

‘উনি আমাকে ডেকে বলেন যে ওঁর একটা স্বীকারোক্তি করার আছে যেটা না করলে উনি শাস্তি পাবেন না। স্বীকারোক্তিটা কী জানতে পেরে আমি বলি, ডাঃ মুনসী, আপনি ভুল করছেন; আমার বাবাকে যিনি চাপা দেন তাঁর শাস্তি হয়েছিল। কথাটা শুনে উনি গুপ্তিত হয়ে যান। আর আমিও বুঝতে পারি কেন তিনি আমার উপর এত সদয় ছিলেন।’

ঘরের উলটোদিক থেকে একটা ছোট্ট, শুকনো হাসি শোনা গেল। শঙ্করবাবু।

‘কিছু বলবেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না বললে আপনি আরও বেশি ভুল পথে গিয়ে পড়বেন।’

‘মানে?’

‘আমার বাবা জীবনে কখনও গাড়ি চালাননি।’

‘সে তথ্য আমার অজানা নয়, শঙ্করবাবু। মালীর সঙ্গে কথা বলার পর আপনার ড্রাইভারের

সঙ্গে আমার কথা হল।’

‘সে কী বলে?’

‘ত্রিশ বছর সে আপনাদের ড্রাইভারি করেছে, তার মধ্যে সে মাত্র একটা অ্যান্ড্রিডেন্ট করেছে। তাতে আপনার বাবার তাড়া ছিল বলে অনিচ্ছা সত্ত্বেও জনবহুল রাস্তায় তাকে জোরে গাড়ি চালাতে হচ্ছিল। তাই যখন দুর্ঘটনাটা ঘটে তখন ডাঃ মুনসী খানিকটা নিজেকেই দায়ী করেন। ড্রাইভারের যাতে দণ্ড না হয় তার জন্য তিনি যা করবার সবই করেছিলেন। তা সত্ত্বেও ড্রাইভারের অনুতাপ আর আতঙ্ক কিছুতেই যাচ্ছিল না। তখন মুনসী তার চিকিৎসা করে তাকে ভাল করে তোলেন। অর্থাৎ আপনার বাবা ডায়রিজে একটুও মিথ্যে লেখেননি। এবং “আর” হচ্ছে নট রাজেন মুনসী, বাট ড্রাইভার রঘুনন্দন তেওয়ারি।’

‘বাট হু কিল্ড মাই ফাদার?’ অসহিষ্ণুভাবে চোঁচিয়ে উঠলেন শঙ্কর মুনসী।

‘এসব ব্যাপারে একটু ধৈর্য ধরতে হয়, মিঃ মুনসী’, গভীর স্বরে বলল ফেলুদা। তারপর মুনসীর দিক থেকে তার দৃষ্টি ঘুরে একটি অন্য ব্যক্তির উপর গিয়ে পড়ল। ‘এ ঘরে একজন ব্যক্তি আছেন যাকে আমরা অসুস্থ বলে জানি’, বলল ফেলুদা। ‘এর আগে তিনি দুবার আমাদের সামনে উপস্থিত হয়েছেন, এবং দুবারই নানান অঙ্গভঙ্গির সাহায্যে নিজেকে অসুস্থ বলে প্রতিপন্ন করার চেষ্টা করেছেন। আজ তাঁকে দেখছি তিনি সম্পূর্ণ সুস্থ মানুষের চেহারা নিয়ে আমার ভাষণ শুনছেন। মিঃ মল্লিক—আপনি কি আপনা থেকেই সেরে গেলেন?’

রাধাকান্ত মল্লিক হঠাৎ যেন শব্দ খাওয়া মানুষের মতো চমকে উঠলেন।—‘কী—কী বলছেন বলুন।’

‘বলছি যে আমার জেরায় সকলেই অল্পবিস্তর মিথ্যা বলেছেন বা সত্য গোপন করে গেছেন, কিন্তু আপনি সবাইকে টেক্কা দিয়েছেন।’

মল্লিক এখনও এক দৃষ্টে ফেলুদার দিকে চেয়ে, তার মনের ভাব বোঝার কোনও উপায় নেই। ফেলুদা বলল, ‘আপনি বলেছিলেন পপুলার ইনশিওরেন্সে কাজ করেন। আমি সেটা ভেরিফাই করতে সেখানে গিয়েছিলাম। গিয়ে শুনলাম আপনি আর সেখানে নেই, চার মাস হল ছেড়ে দিয়েছেন। আপনি কি তা হলে বেকার। না অন্য কোথাও কাজ করছেন? ইনশিওরেন্স অফিসে এ প্রশ্নের জবাব কেউ দিতে পারল না বলে আপিস থেকেই আপনার বাড়ির ঠিকানা জোগাড় করে আমি সেখানে গিয়েছিলাম। সতীশ মুখার্জি রোড, তাই না?’

মল্লিক এখনও চুপ, তার দৃষ্টি সামনের দিকে।

‘সত্য, এ মামলায় বিস্ময়ের শেষ, নেই’, বলে চলল ফেলুদা। ‘আপনি ডাঃ মুনসীকে বলেছিলেন আপনার বাবা, আপনার দাদা, সকলেই আপনার মনে আতঙ্কের সঞ্চার করেছে। অথচ আপনার বাড়ি গিয়ে দেখি আপনার বাবা দাদা, কেউই নেই। বাবা মারা গেছেন প্রায় পঁচিশ বছর হল, আর দাদা বলে কেউ কোনওদিন ছিলই না। আপনার বিধবা মা-র কাছ থেকে জানি যে আপনি একটা যাত্রা কোম্পানিতে যোগ দিয়েছেন এবং বর্তমানে টুরে আছেন।’

এবার রাধাকান্ত মল্লিক মুখ খুললেন।

‘আমি যে সত্যবাদী যুধিষ্ঠির এটা আমি কোনওদিনই ক্রম করিনি। কিন্তু আপনি কী বলতে চান? আমি খুন করেছি?’

‘আমি ধাপে ধাপে এগোই, মল্লিকমশাই, লাফে লাফে নয়। আপনি খুনি কিনা সে ব্যাপারে পরে আসছি; প্রথমে দেখছি আপনি প্রবঞ্চক। মনোবিকারের অভিনয় করে আপনি মুনসীর কাছে এসেছিলেন চিকিৎসার জন্য। আপনি—’

‘কেন এসেছিলাম সেটা জানেন আপনি?’ ফেলুদাকে বাধা দিয়ে জোরালো গলায় বললেন মল্লিক।

‘এটা আপনার মা-র কাছ থেকে জানি যে আপনার বাবা গাড়ি চাপা পড়ে মারা যান, যিনি চাপা দেন তাঁর কোনও শাস্তি হয়নি, এবং গাড়ির মালিক এসে আপনার মা-র হাতে পাঁচ হাজার টাকা তুলে দেন ক্ষতিপূরণ হিসেবে।’

‘ইয়েস!’ চৈঁচিয়ে উঠলেন রাধাকান্ত মল্লিক। ‘তখনই দেখি আমি ভদ্রলোককে, আর তারপরে ছবি দেখি কাগজে এই সেদিন। সেই একই চেহারা, আর দেখেই স্থির করি যে একে বাঁচতে দেওয়া চলে না। কল্পনা করতে পারেন? একটা বারো বছরের ছেলে, বাবার পিছনে পিছনে ট্রাম থেকে নামছে। চোখের সামনে বাবা মোটরের তলায় তলিয়ে গেল! ওঃ, কী ভয়ংকর দৃশ্য! আজও মনে পড়লে শরীর শিউরে ওঠে। মাসের পর মাস ধরে মা-কে জিজ্ঞেস করেছি, যে লোকটা বাবাকে চাপা দিল তার শাস্তি হবে না? “বড় লোকদের শাস্তি হয় না! বাবু, বড় লোকেরা পার পেয়ে যায়।”...আর তারপর হঠাৎ খবরের কাগজে ছবি! এক মুহূর্তে মনস্থির করে ফেলি। এর শাস্তি হবে। আর সে শাস্তি দেব আমি!’

‘তারপরেই মনোবিকারের অভিনয় করার সিদ্ধান্ত?’

‘হ্যাঁ, কিন্তু খুন করা যে এত কঠিন কে জানত? বুঝতে পারছিলাম এ জিনিস চট করে হবার নয়; সময় লাগবে আমার মনকে শক্ত করতে। শেষকালে মন শক্ত হল, অস্ত্র জোগাড় হল...মুনসীরই আপিস ঘরের একটা পেপার নাইফ। বাবার দেহ থেকে যে রক্ত বেরোতে দেখেছি। তাঁর হত্যাকারীর দেহ থেকেও রক্তপাত না হলে উপযুক্ত শাস্তি হবে না। তারপর—’

‘তারপর কী, মল্লিকমশাই?’

‘অদ্ভুত ব্যাপার, অদ্ভুত ব্যাপার! ছোরা হাতে নিয়ে ঘরে ঢুকেছি। পশ্চিমের জানালা দিয়ে চাঁদের আলো এসে মুনসীর উপর পড়েছে। মুখ হাঁ, আধ খোলা চোখে নিশ্চাণ চাউনি। নিশ্বাস-প্রশ্বাসের শব্দ নেই! আমি খুন করব কী? সে লোক তো অলরেডি, ডেড, ডেড, ডেড!’

তৃতীয় ‘ডেড’ কথাটা বলার সঙ্গে সঙ্গে ঘরে একটা ধূপ করে শব্দ হল।

সেঁটার কারণ হচ্ছে ডাঃ মুনসীর শালা চন্দ্রনাথবাবু। তিনি সংজ্ঞা হারিয়ে চেয়ার থেকে উলটে মেঝেতে পড়েছেন।

সোম তাঁর দিকে দৌড়ে গেলেন। আর সেই সঙ্গে ফেলুদা বলে উঠল, ‘দেখে নিন, মিঃ মুনসী। আপনার মামা, আপনার মা-র যমজ ভাই। হি কিল্ড ইওর ফাদার!’

‘মানে?’ হঠাৎ থাকতে না পেয়ে চৈঁচিয়ে উঠলেন জটায়ু, ‘মোটিভ?’

ফেলুদার দৃষ্টি আবার শঙ্করবাবুর দিকে গেল। ‘আপনি বলতে পারেন না, শঙ্করবাবু? আপনি তো ডায়েরিটা পড়েছেন?’

শঙ্করবাবু ধীরে ধীরে মাথা নেড়ে হ্যাঁ বললেন।

‘মানুষকে চেনা এত সহজ নয়, শঙ্করবাবু’, বলল ফেলুদা। ‘জানোয়ারের সঙ্গে মানুষের আসল তফাত, জানোয়ার ভান করতে জানে না, অভিনয় জানে না, মনের ভাব লুকোতে জানে না।... ডাঃ মুনসী আপনার মা সম্বন্ধে মোটেই উদাসীন ছিলেন না। থাকলে ডায়েরিটা তাঁকে কখনই পড়তে দিতেন না। কখনই সে ডায়েরি তাঁকে উৎসর্গ করতেন না। ব্যাপারটা আসলে উলটো। উদাসীন্য যদি কারুর তরফ থেকে হয়ে থাকে তিনি হলেন আপনার বিমাতা, যিনি তাঁর সমস্ত স্নেহ, ভালবাসা, চিন্তা, ভাবনা, ঢেলে দিয়েছিলেন তাঁর অকর্মণ্য ভাইয়ের উপর।’

‘...এবার খুনের মোটিভটা কী? সেটা কি একবার সমবেত সকলকে বলবেন?’ প্রায় যান্ত্রিক মানুষের মতো কথা বেরোল শঙ্করবাবুর মুখ থেকে।

‘বাবার উইলে চার ভাগ পাবে মনস্তাত্ত্বিক সংস্থা, চার ভাগ আমি, আর আট ভাগ আমার মা।’



ইতিমধ্যে মি. সোমের পরিচর্যায় চন্দ্রনাথবাবুর জ্ঞান ফিরেছে। ফেলুদা তাকে উদ্দেশ্য করে প্রশ্ন করল, ‘খুন করার সিদ্ধান্ত কি আপনার?’

চন্দ্রনাথবাবু মাথা নাড়লেন, তাঁর দৃষ্টি মেঝের কার্পেটের দিকে। একটা দীর্ঘশ্বাসের পর কথা বেরোল, এত ক্ষীণ, যে বেশ কষ্ট করে বুঝতে হয়।

‘না। সিদ্ধান্ত...ডলির। ডলিই আমার হাতে...হামানদিস্তা তুলে দেয়!’

‘হুঁ, বুঝেছি।’ ফেলুদা যেন বেশ ক্লান্তভাবেই চেয়ারে বসে পড়ল। ‘শুধু একটা আপশোস, গভীর আপশোস...ডায়রিটা বেরোলে নিঃসন্দেহে সাহিত্যিক হিসাবে ডাঃ মুনসীর সুনাম হত। সেই ডায়রি এখন সলিলগর্ভে!’

‘অ্যাটেনশন! স্পটলাইট!’

ঘর কাঁপিয়ে সবাইকে চমকে দিয়ে চৌচিয়ে উঠলেন জটায়ু। সবাই তাঁর দিকে দেখছে দেখে একটা অদ্ভুত হেসে কাঁধের ঝোলা থেকে একটানে একটা ফাইল বার করে সেটাকে মাথার উপর তুলে ঝাণ্ডার মতো নাড়তে নাড়তে বললেন, ‘জলে যায়নি! জলে যায়নি! হিয়ার ইট ইজ!’

‘ডাঃ মুনসীর পাণ্ডুলিপি?’ অবাক হয়ে প্রশ্ন করল ফেলুদা। ‘সেটা কী করে হয়?’

‘ইয়েস স্যার! থ্যাঙ্কস টু বিজ্ঞানের অগ্রগতি। একদিনে পড়া হবে না বলে এটা জিরঞ্জ করিয়ে

রেখেছিলাম, জিরঙ্গ! এক্স ই আর ও এক্স!...নিন সুখময়বাবু, টাইপিং শুরু করে দিন, শেষ হলে পর সোজা নর্থ পোল।’

এখানে অবিশ্যি একটা জটায়ু মার্কা ভুল হল, পেঙ্গুইন নর্থ পোলে থাকে না, থাকে সাউথ পোলে।



গোলাপী মুক্তা রহস্য

‘সোনাহাটিতে দেখবার কী আছে মশাই?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

‘বাংলায় ভ্রমণ’—এ যা বলছে, তাতে একটা পুরনো শিবমন্দির থাকা উচিত, আর একটা বড় দিঘি থাকা উচিত। নাম বোধহয় মঙ্গলদিঘি। ওখানকার এককালের জমিদার চৌধুরীদের কীর্তি। সোনাহাটি বিশ বছর আগে অবধি ছিল একটা গাঁ। এখন ইন্স্কুল, হাসপাতাল, হোটেল সবই হয়েছে।’

লালমোহনবাবু ঘড়ি দেখলেন। এটা সম্প্রতি কেনা একটা কোয়ার্টজ ঘড়ি। বললেন, ‘সাংঘাতিক অ্যাকিউরেট টাইম রাখে।’

‘আর দশ মিনিট,’ ঘড়ি দেখে বললেন ভদ্রলোক।

আমরা তিনজন এবং আরেকটি ভদ্রলোক—নাম নবজীবন হালদার—সোনাহাটি যাচ্ছি ওখানকার রিক্রিয়েশন ক্লাব থেকে নেমস্তন্ন পেয়ে। ওরা ফেলুদা আর নবজীবনবাবুকে সংবর্ধনা দেবে ওদের বাৎসরিক অনুষ্ঠানে। নবজীবনবাবু ইতিহাসের নামকরা অধ্যাপক, বই-টাইও আছে দু-তিনটে। আমরা থাকব দুদিন, ওখানকার সবচেয়ে নামকরা বড়লোক পঞ্চানন মল্লিকের গেস্ট হয়ে। মল্লিক হলেন রিক্রিয়েশন ক্লাবের প্রেসিডেন্ট। তাঁর নাকি নানারকম পুরনো জিনিসের সংগ্রহ আছে।

‘আপনি যে এই নেমস্তন্ন অ্যাপ্রেন্ট করবেন সেটা কিন্তু আমি ভাবিনি,’ ফেলুদাকে উদ্দেশ্য করে বললেন জটায়ু।

ফেলুদা বলল, ‘আর কিছু না—দুদিনের জন্য যদি কলকাতার বিষাক্ত বায়ু থেকে রেহাই পাওয়া যায় তো মন্দ কী? তা ছাড়া ওখানে আমার এক কলেজের সহপাঠী আছে, নাম সোমেশ্বর সাহা। ওকালতি করে।’

আমাদের ট্রেন মোটামুটি ঠিক সময়ই সোনাহাটি পৌঁছে গেল। আমরা নামতেই একটা দল আমাদের দিকে এগিয়ে এল—তাদের মধ্যে দুজনের হাতে ফুলের মালা। একজন ফেলুদার গলায় মালা পরিয়ে নমস্কার করে বলল, ‘আমি ক্লাবের সেক্রেটারি—নরেশ সেন। আমিই আপনাকে চিঠিটা লিখেছিলাম।’

নবজীবনবাবুকেও মালা পরানো হয়েছিল। এবার একজন মাঝবয়সী ভদ্রলোক—সিস্কের পাঞ্জাবিতে সোনার বোতাম—এগিয়ে এলেন। নরেশ সেন বলল, ‘ইনিই হচ্ছেন আমাদের ক্লাবের প্রেসিডেন্ট পঞ্চানন মল্লিক।’

মল্লিকমশাইয়ের মুখে স্বাগতম হাসি। বললেন, ‘আপনারা যে আমাদের আমন্ত্রণে সাড়া দিয়েছেন সেটা আমাদের পক্ষে গৌরবের বিষয়। আমার বাড়িতে আপনাদের থাকার ব্যবস্থা হয়েছে। আশাকরি কোনও অসুবিধা হবে না। বড় শহরের সব ফ্যাসিলিটিজ তো এখানে পাবেন না।’

‘ও নিয়ে আপনি কোনও চিন্তা করবেন না,’ বলল ফেলুদা।

‘আপনিও তো শুনিচি খ্যাতিমান ব্যক্তি,’ লালমোহনবাবুর দিকে ফিরে বললেন ভদ্রলোক ।

‘আমি লিখি-টিখি আর কী,’ বিনয়ী হাসি হেসে বললেন জটায়ু ।

মল্লিকমশাইয়ের নীল অ্যাসাসাডর স্টেশনের বাইরেই অপেক্ষা করছিল, আমরা পাঁচজন তাতে উঠে পড়লাম—আমি আর জটায়ু সামনে ।

‘আপনার সংগ্রহের কথা শুনেছি,’ গাড়ি রওনা হবার পর বলল ফেলুদা । ‘বোধহয় কাগজেও দেখেছি ।’

‘হ্যাঁ—ওটা আমার অনেকদিনের শখ । অনেক রকম জিনিস আছে আমার কাছে । হালদারমশাইও ইন্টারেস্ট পাবেন, কারণ বেশ কিছু জিনিসের সঙ্গে ইতিহাস জড়িয়ে আছে । আমার লেটেস্ট সংগ্রহ হল মহর্ষির জুতো ।’

‘মহর্ষির জুতো ? সেটা কী ব্যাপার ?’ ঘাড় ঘুরিয়ে জিজ্ঞেস করলেন লালমোহনবাবু ।

‘সে ঘটনা জানেন না ? হালদারমশাই নিশ্চয়ই জানেন ।’

‘কী ব্যাপার ?’

‘মহর্ষি দেবেন্দ্রনাথ । তখন যুবা বয়স, খুব শৌখিন লোক । ঐশ্বর্যে ডুবে আছেন । একবার এক জায়গা থেকে নেমস্তন্ন এল, সেখানে কলকাতার সব রইস আদমিরা যাবেন । মহর্ষি গেলেন । কলকাতার বিখ্যাত বাবুমশাইরা মাথা থেকে পা পর্যন্ত মহামূল্য পোশাক আর অলঙ্কারে ঢেকে এসেছেন । কাস্মীরি দোরোখা আর জামিয়ার শালে চতুর্দিক ঝলমল করছে । তারই মধ্যে দেখা গেল দেবেন্দ্রনাথ এলেন, পরনে সাদা চোগা, সাদা চাপকান, তার উপরে নকশাহীন সাদা শাল জড়ানো । সকলে তো অবাক । এ কী ব্যাপার ? মহর্ষির এই দৈন্যদশা কেন ? তারপর সকলের চোখ গেল মহর্ষির পায়ের দিকে । এক জোড়া সাদা নাগরা, তাতে দুটি বিশাল বিশাল হিরে ঝলমল করছে ।’

‘সেই জুতো আপনি পেয়েছেন ?’ অবাক হয়ে প্রশ্ন করলেন লালমোহনবাবু ।

‘একটি । একটি পেয়েছি—হিরে সমেত । দেখাব আপনাদের ।’

পঞ্চাননবাবুর বাগানে ঘেরা বিশাল দোতলা বাড়ি দেখলেই বোঝা যায় তিনি বড়লোক । গাড়িবারান্দার তলায় গিয়ে গাড়ি থামল । আমরা সবাই নামলাম । সদর দরজায় দুজন বেয়ারা আর একজন দারোয়ান দাঁড়িয়ে আছে, মল্লিকমশাই একজন বেয়ারাকে বললেন, ‘বৈকুণ্ঠ, যাও এঁদের ঘর দেখিয়ে দাও । আর এখন তো সোয়া বারোটা ; একটার মধ্যে যাতে খাবার ব্যবস্থা হয় সেটা দেখো ।’

আমরা শ্বেতপাথরের সিঁড়ি দিয়ে দোতলায় উঠতে লাগলাম । মল্লিকমশাই বললেন, ‘আপনাদের ঘটনা তো সেই সন্ধ্যায় । ও সময়টা কিন্তু বেশ ঠাণ্ডা ; আশাকরি গরম কাপড় আছে সঙ্গে ।’

‘পৌষ মাসে গ্রামাঞ্চলে ঠাণ্ডা হবে সেটা আমরা জানতাম,’ বলল ফেলুদা ।

একটা প্যাসেজের দুদিকে তিনটে ঘর আমাদের জন্য রাখা হয়েছে । হালদারমশাই তাঁর ঘরে চলে গেলেন, আমরা তিনজন গিয়ে ঢুকলাম ফেলুদার আর আমার ঘরে । চিনেমাটির টুকরো দিয়ে ঢাকা মেঝে, যাকে ইংরিজিতে বলে Crazy China । এককালে টানা-পাখার ব্যবস্থা ছিল সেটা দেয়ালের উপর দিকে ফুটো দেখলেই বোঝা যায় ।

‘এঁর টাকা হচ্ছে আমার খনির টাকা,’ বলল ফেলুদা । ‘আমার এক মক্কেল এঁকে ভাল করেই চেনেন ।’

‘আবহাওয়াটা যে কলকাতার তুলনায় নির্মল সেটা এর মধ্যেই বোঝা যাচ্ছে,’ বললেন লালমোহনবাবু ।



আমিও সেটা বেশ বুঝতে পারছিলাম। তা ছাড়া কানটাও আরাম পাচ্ছে। ট্র্যাফিক বলে কোনও ব্যাপার নেই; এখনও পর্যন্ত একটাও হর্ন শুনিনি।

একজন বেয়ারা একটা থালায় তিন গেলাস সরবত দিয়ে গেল। সেই সরবত খেতে না খেতেই খবর এল যে নীচে খাবার ঘরে পাত পড়েছে।

২

আতিথেয়তায় মল্লিকমশাই যে একেবারে পয়লা নম্বর সেটা খাবার বহর দেখেই বোঝা গেল। মাহের যে এতরকম জিনিস রান্না হতে পারে সেটা আমার ধারণাই ছিল না। ফেলুদা অল্প খায়, কিন্তু লালমোহনবাবু ভোজনরসিক—খুব তৃপ্তি করে খেলেন। ওঁর খুশির আরেকটা কারণ হচ্ছে যে পঞ্চাননবাবু ওঁর লেখা সম্বন্ধে বেশ কয়েকটা প্রশ্ন করছিলেন তাই ভদ্রলোক নিজের ঢাক পেটাবার একটা সুযোগ পেলেন।

খাবার পর মল্লিকমশাই বললেন, ‘এবার আপনাদের একটু এনটারটেন করব। চলুন আমার সংগ্রহের কিছু জিনিস দেখাই।’

আমরা আবার দোতলায় ফিরে এলাম। এবার সিঁড়ি দিয়ে উঠে ডান দিকে না ঘুরে বাঁ দিকে ঘুরলাম। এদিকেই পঞ্চাননবাবুর ঘর আর তাঁর সংগ্রহশালা।

জিনিসপত্র অনেকরকম জোগাড় করেছেন ভদ্রলোক তাতে সন্দেহ নেই। তার প্রত্যেকটারই আবার একটা করে পরিচয় আছে। মহর্ষির নাগরাটা প্রথমেই দেখা হল, তারপর ক্রমে টিপুর নস্যির কৌটো, ক্লাইভের ট্যাকঘড়ি, সিরাজদ্দৌলার রুমাল, রানি রাসমণির পানবাটা—এ সবই দেখলাম। আমরা সকলেই অবিশ্যি খুবই তারিফ করলাম, কিন্তু আমার যেন কেমন-কেমন লাগছিল। কোন জিনিসটা কার ছিল সেটা জানা গেল কী করে? ক্লাইভের ঘড়িতে তো আর ক্লাইভের নাম লেখা নেই। বা সিরাজদ্দৌলার রুমালেও নেই।

সব দেখেটেখে চারজনে ঘরে ফেরার পথে নবজীবনবাবু ফেলুদাকে জিজ্ঞেস করলেন, 'কেমন মনে হল ?'

ফেলুদা বলল, 'খুব কনভিনসিং লাগল না।'

'কনভিনসিং ? ওর মধ্যে একটা জিনিসও জেনুইন নেই। লোকটা বোগাস, হামবাগ। মহর্ষির নাগরা থেকে তো রীতিমতো নতুন চামড়ার গন্ধ বেরোচ্ছিল।'

ঘণ্টা তিনেক বিশ্রামের সময় ছিল, তারপর অনুষ্ঠানে যাবার জন্য তৈরি হয়ে নিলাম। ফেলুদা ধুতি-পাঞ্জাবি পরল বোধহয় আজ দশ বছর পর। ওকে পোশাকটা যে দারুণ মানায় সেটা স্বীকার করতেই হয়। লালমোহনবাবু একটা নকশাদার কাশ্মীরি শাল চাপিয়েছিলেন, বললেন সেটা গুঁর ঠাকুরদাদার ছিল।

ঠিক পৌনে ছটায় বেয়ারা পাঠিয়ে আমাদের ডেকে নিলেন পঞ্চাননবাবু। শীতকাল, তাই এর মধ্যেই বেশ অন্ধকার হয়ে এসেছে! অনুষ্ঠানের জায়গায় পৌঁছে দেখি আলোয় চারিদিক ঝলমল করছে। স্পটলাইট, ফ্লুরোসেন্ট লাইট, রঙিন বাল্ব—কিছুই অভাব নেই।

আমরা মঞ্চে গিয়ে বসলাম। সংবর্ধনার ব্যাপারটা একেবারে শেষে—অর্থাৎ ক্লাইম্যাক্স। তার আগে নাচ, গান, আবৃত্তি, নাটকের অংশের দৃশ্য—সবই হল। সকলেই আজ জান দিয়ে দিচ্ছে ফেলুদাকে ইমপ্রেস করার জন্য, ফেলুদাও হাততালিতে কার্পণ্য করছে না।

সংবর্ধনার ব্যাপারটা কুড়ি মিনিটে সারা হয়ে গেল! সময় একটু লাগল মানপত্রটা পড়তে। এটা বলতেই হবে যে মানপত্র দুটো দেখতে বেশ ভাল হয়েছে, আর যে লিখেছে তার হাতের লেখা খুব ভাল। সব শেষে কয়েকজন সাংবাদিক ফেলুদাকে ঘিরে ধরল, আর তাদের কিছু প্রশ্নের জবাবও দিতে হল ফেলুদাকে। সে বলল এখন তার অবসর—হাতে কোনও কেস নেই।

নবজীবনবাবু অনুষ্ঠানের শেষে পঞ্চাননবাবুর সঙ্গে বাড়ি ফিরে গেলেন, আমরা রয়ে গেলাম কারণ আমাদের নেমস্তন্ন আছে ফেলুদার সহপাঠী সোমেশ্বর সাহার বাড়িতে। ভিড় কমবার পরেই ভদ্রলোক হাসিমুখে ফেলুদার দিকে এগিয়ে এলেন।

'চিনতে পারছিস ?'

'অনায়্যাসে,' বলল ফেলুদা। 'গোঁফটা ছাড়া আর প্রায় কিছুই বদলায়নি।'

'তুইও মোটামুটি একই রকম আছিস, তবে চোখে একটা দীপ্তি দেখছি যেটা বুদ্ধি পাকবার ফলে হয়েছে। কটা কেস হ্যান্ডল করলি এ পর্যন্ত ?'

'হিসেব নেই,' বলল ফেলুদা। 'গোড়ার দিকে হিসেব রাখতাম, আজকাল ছেড়ে দিয়েছি।'

'তোর সঙ্গে একজন আলাপ করতে ভীষণ আগ্রহী'—সোমেশ্বর সাহা তাঁর পিছনে দাঁড়ানো এক ভদ্রলোককে পিঠে হাত দিয়ে সামনে আমাদের দিকে এগিয়ে দিলেন।—'এঁর নাম জয়চাঁদ বড়াল। এখানকারই বাসিন্দা। ইনিই মানপত্রটা ডিজাইন করেছেন।'

'তাই বুঝি ?' বলল ফেলুদা। 'খুব ভাল হয়েছে। আমরা নিজেদের মধ্যে বলাবলি করছিলাম।'

জয়চাঁদবাবু লজ্জায় ঘাড় নিচু করে বললেন, 'আপনার কাছ থেকে প্রশংসা পাব এ কোনওদিন স্বপ্নেও ভাবিনি। আমি আপনার একজন গুণমুগ্ধ ভক্ত।'

'আজ ইনিও আমাদের বাড়িতেই খাচ্ছেন,' বললেন সোমেশ্বরবাবু। 'চ—এখানে দাঁড়িয়ে থেকে গেঁজিয়ে কোনও লাভ নেই। আমার বাড়ি বেশি দূর নয়। মিনিট দশেক পা চালাতে পারবি তো ?'

'জরুর।'

সোমেশ্বরবাবুর বাড়ি বড় না হলেও, বেশ গুছোনো। সেটা বোধহয় ওঁর স্ত্রীর জন্য। স্ত্রী ছাড়া একটি দশ বছরের ছেলেও আছে ভদ্রলোকের। জয়চাঁদবাবু সমেত আমরা চারজনে বৈঠকখানায় বসার দশ মিনিটের মধ্যেই সরবত এসে গেল। স্ত্রী উমাদেবী বললেন, ‘আগে সরবতটা খান—সাড়ে নটার মধ্যে আপনাদের খাবার ব্যবস্থা করে দেব।’

মিনিট পাঁচেক এটা-সেটা নিয়ে কথা হবার পর সোমেশ্বরবাবু জয়চাঁদ বড়ালকে দেখিয়ে বললেন, ‘এঁর একটা বিশেষ কিছু বলার আছে তোকে। আমার মনে হয় তুই ইন্টারেস্ট পাবি।’

‘বটে?’ বলল ফেলুদা। ‘কী ব্যাপার শুনি।’

‘কিছুই না,’ সলজ্জ হাসি হেসে বললেন জয়চাঁদবাবু, ‘আমাদের ফ্যামিলি সংক্রান্ত একটা ব্যাপার।’

লালমোহনবাবু আগ্রহের সঙ্গে একটু এগিয়ে বসলেন। ‘কী ব্যাপার, কী ব্যাপার?’—গল্পের গন্ধ পেলেই ভদ্রলোক চনমনিয়ে ওঠেন।

জয়চাঁদবাবু হাত থেকে সরবতের গেলাসটা টেবিলের উপর নামিয়ে রেখে বললেন, ‘আমি নিজে এখন ইস্কুল মাস্টারি করি, কিন্তু আমার পৈতৃক ব্যবসা ছিল হিরে-জহরতের। কলকাতার কর্নওয়ালিস স্ট্রিটে আমাদের একটা গয়নার দোকান এখনও আছে; সেটা দেখেন আমার এক কাকা। আমি যাঁর কথা বলছি তিনি ছিলেন আমার ঠাকুরদাদার ঠাকুরদাদা—নাম ছিল অভয়চরণ বড়াল। তিনিই এই ব্যবসা আরম্ভ করেন। জাহাজে করে ভারতবর্ষের উপকূলে সব শহরে গিয়ে হিরে পান্না কেনাবেচা করতেন। মাদ্রাজের কাছাকাছি কোনও একটা শহরে তিনি একবার একটা রত্ন পান। সেটা তিনি যত্ন করে জমিয়ে রেখেছিলেন। সে রত্ন এখনও আমার কাছে রয়েছে। সেটা আমি আপনাদের দেখাতে চাই।’

‘সঙ্গে এনেছেন?’ জটায়ু প্রশ্ন করলেন।

‘আজ্ঞে হ্যাঁ।’

ভদ্রলোক পকেট থেকে একটা খয়েরি রঙের রুমাল বার করলেন, তাতে গেরো দিয়ে বাঁধা একটা ছোট্ট লাল ভেলভেটের বাস্ক। বাস্ক খুলে তার থেকে একটা মুক্তো বার করে ভদ্রলোক আমাদের সামনে ধরলেন।

ফেলুদা উত্তেজনায় ভরা চাপা স্বরে বলে উঠল—

‘একী—এ যে পিংক পার্ল!’

‘আজ্ঞে হ্যাঁ,’ বললেন জয়চাঁদ বড়াল। ‘অবিশ্যি গোলাপী হওয়ায় এর কোনও বিশেষত্ব আছে কি না জানি না।’

‘কী বলছেন আপনি!’ বলল ফেলুদা। ‘ভারতবর্ষে যতরকম মুক্তো পাওয়া যায় তার মধ্যে সবচেয়ে দুস্ত্রাপ্য আর সবচেয়ে মূল্যবান হল গোলাপী মুক্তো।’

‘মুক্তো সাদা ছাড়া হয় তাই তো জানতাম না,’ বললেন লালমোহনবাবু।

‘সাদা লাল কালো হলদে নীল—সবরকম হয়,’ বলল ফেলুদা। তারপর জয়চাঁদবাবুর দিকে চেয়ে বলল, ‘শুনুন—আপনি ও জিনিস ওভাবে পকেটে নিয়ে ঘুরে বেড়াবেন না। বাড়িতে সিন্দুক থাকলে তাতে রেখে দেবেন।’

‘আজ্ঞে এটা আমি বার করি না বললেই চলে। আজ আপনাকে দেখাব বলে নিয়ে এলাম।’

‘আর কাকে দেখিয়েছেন ওটা?’

‘মাত্র একজন। গত সপ্তাহে একজন ভদ্রলোক এসেছিলেন, তিনি ঊনবিংশ শতাব্দীর বাঙালি বণিকদের নিয়ে একটা বই লিখছেন—তাকে দেখিয়েছিলাম।’



‘এ ছাড়া আর কেউ জানে না তো ?’

‘কী আর বলব বলুন—এই ভদ্রলোক, যিনি বই লিখছেন—তিনি আবার ঘটনাটা এক সাংবাদিককে বলেন । ফলে পরদিনই সেটা কাগজে বেরিয়ে যায় ।’

‘কলকাতার কাগজে ?’

‘আজ্ঞে হ্যাঁ । তিনটে বাংলা কাগজে বেরিয়েছে । আপনি ফিরে গিয়ে সেটা দেখতে পাবেন ।’

‘গোলাপী মুক্তো বলে বলা আছে তাতে ?’

‘তাই তো বলেছে । একটা কাগজে তো এ-ও বলে দিয়েছে যে মুক্তোর মধ্যে গোলাপী মুক্তোই সবচেয়ে ভালুয়েবল ।’

‘সর্বনাশ !’ কপালে হাত ঠুকে বললে ফেলুদা । ‘আমি আপনাকে জোর দিয়ে বলছি এ জিনিস আপনি কাউকে কখনও দেখাবেন না । এই একটা মুক্তোর দাম কত তা আপনি কল্পনা করতে পারেন ? বিক্রি করলে আপনি যা দাম পাবেন তাতে আপনার পরের দুই পুরুষ পর্যন্ত খাওয়া-পরার কোনও ভাবনা থাকবে না ।’

‘এটা আপনি আমাকে বলে খুব উপকার করলেন ।’

আমরা তিনজনেই একবার করে মুক্তোটা হাতে নিয়ে দেখলাম । নিটোল চেহারা । ফেলুদা বলল যে, শেপের দিক দিয়েও মুক্তোটা অসাধারণ ।

জয়চাঁদবাবু তাঁর সম্পত্তি আবার পকেটে পুরে নিলেন । ফেলুদা ‘ছিঙ্ক’ করে একটা আক্ষেপসূচক শব্দ করে বলল, ‘খবরটা কাগজে বেরোনো খুবই আনফরচুনেট ব্যাপার । আশা করি কোনও গোলমাল হবে না ।’

‘যদি হয় তা হলে কি আমি আপনাকে জানাব ?’

‘নিশ্চয়ই। আমার ঠিকানা, ফোন নম্বর সবই সোমেশ্বর জানে। আপনি বিনা দ্বিধায় আমার সঙ্গে যোগাযোগ করবেন। এমনকী দরকার হলে ওটাকে নিয়ে কলকাতায় চলে আসতে পারেন।’

৩

আমরা পরদিন সকালে হাওড়া এক্সপ্রেসে রওনা হয়ে বিকেলে কলকাতা পৌঁছে গেলাম। আমাদের সঙ্গে হালদারমশাইও ফিরলেন। দেখলাম ফেলুদা ওঁর সামনে একবারও গোলাপী মুক্তোর উল্লেখ করল না।

বাড়িতে এসে ফেলুদা শুধু একটা কথাই বলল।

‘মুক্তোর খবরটা কাগজে বেরোনোটা মারাত্মক ভুল হয়েছে।’

আসবার তিন দিন পরে সকালে বসবার ঘরে বসে কথাসরিৎসাগর পড়ছি, ফেলুদা ক্লিপ দিয়ে নখ কাটছে, এমন সময় টেলিফোনটা বেজে উঠল। ফেলুদা উঠে ধরল। কথা শেষ হয়ে যাবার পর ফেলুদা বলল, ‘বড়াল।’

‘কলকাতায় এসেছেন ?’

‘হ্যাঁ। আমার সঙ্গে বিশেষ দরকার। বিকেল সাড়ে পাঁচটায় আসছে। কথা শুনেই বুঝতে পারলাম ভদ্রলোক খুবই উত্তেজিত।’

আমরা ফোন করে লালমোহনবাবুকে ডাকিয়ে নিলাম। কোনও মামলার কোনও জরুরি অংশ থেকে বাদ পড়লে উনি বিশেষ ক্ষুণ্ণ হন। বলেন, ‘কী ঘটছে কিছুই বুঝতে পারি না। ফলে চিন্তা করে যে আপনাকে হেল্প করব তারও উপায় থাকে না।’

ভদ্রলোক ঠিক পাঁচটায় এসে পড়লেন, আর তার আধঘণ্টা পরে, শ্রীনাথ চা দেবার সঙ্গে সঙ্গে, এসে পড়লেন জয়চাঁদ বড়াল।

এ চেহারাই আলাদা। এই তিন দিনে ভদ্রলোকের উপর দিয়ে যে বেশ ধকল গেছে সেটা বোঝাই যায়। ইতিমধ্যে দুটো ইংরিজি কাগজেও পিংক পার্লের খবরটা বেরিয়ে আমাদের উৎকণ্ঠা আরও বাড়িয়ে দিয়েছে।

জয়চাঁদবাবু এক গelas জল খেয়ে আক্ষেপের ভঙ্গিতে মাথাটা নাড়িয়ে বললেন, ‘একটা খবরের কাগজের খবর থেকে যে এত কিছু ঘটতে পারে এ আমার ধারণা ছিল না। তিনটে ঘটনা আপনাকে বলার আছে। এক হচ্ছে আমার এক খুড়তুতো ভাই—নাম হচ্ছে মতিলাল বড়াল—তার একটা চিঠি। সে বহুকাল থেকে বেনারসে আছে। একটা সিনেমা হাউস চালায়। সে লিখেছে যে যদি আমি মুক্তোটা বিক্রি করি তা হলে যা পাব তার একটা অংশ তাকে দিতে হবে। মুক্তোটা পরিবারের সম্পত্তি, শুধু আমার একার নয়। চিঠিতে স্পষ্ট ইঙ্গিত আছে যে মুক্তোর ব্যাপারটা আমি তার কাছ থেকে গোপন করে গেছি।’

‘আর দুই নম্বর ?’

‘সেটাও একটা চিঠি, এসেছে ধরমপুর বলে উত্তরপ্রদেশের একটা শহর থেকে। আমি ইন্সুলের লাইব্রেরির বই ঘেঁটে জেনেছি যে ধরমপুর একটা করদ রাজ্য ছিল। যিনি চিঠিটা লিখেছেন তিনিই যে ধরমপুরের সর্বসর্বা তাতে কোনও সন্দেহ নেই, কারণ ঠিকানা হচ্ছে ধরমপুর প্যালেস। লেখকের নাম সূর্য সিং। এঁর নাকি মুক্তোর বিরাট কালেকশন আছে, কিন্তু গোলাপী মুক্তো নেই! মুক্তোটা উনি কিনতে চান। আমি কত দাম চাই সেটা অবিলম্বে তাঁকে জানাতে হবে।’

‘আর তিন নম্বর ?’

‘সেটাই সবচেয়ে মারাত্মক। এক ভদ্রলোক—পশ্চিমা কিংবা মাড়োয়ারি হবে—পরশু আমার বাড়িতে গিয়ে হাজির। তিনি অনেক কিছু কালেক্ট করেন। কথায় বুঝলাম সে সব জিনিস তিনি ভাল দামে বিদেশে পাচার করেন। জামাকাপড়, হাতের আংটি, কানের হিরে ইত্যাদি দেখে মনে হল খুব মালদার লোক।’

‘এঁরও কি মুক্তোটা চাই ?’

‘হ্যাঁ। তার জন্য তিনি চল্লিশ হাজার টাকা দিতে রাজি আছেন। আমি অবিশ্যি হ্যাঁ না কিছুই বলিনি। তিন দিন সময় চেয়েছি। ভদ্রলোক এখন কলকাতায়। তাঁর চিত্তরঞ্জন অ্যাভিনিউ-এর বাড়ির ঠিকানা দিয়ে দিয়েছেন। আমাকে কাল সকাল দশটায় তাঁর কাছে গিয়ে একটা কিছু বলতে হবে। মনে হল ভদ্রলোক মুক্তোটা পেতে বদ্ধপরিকর। হয়তো দাম একটু বাড়াতে পারেন, কিন্তু মুক্তোটা ওঁর চাই।’

‘এঁর নাম জানেন নিশ্চয়ই।’

‘জানি।’

‘কী ?’

‘মগনলাল ! মগনলাল মেঘরাজ।’

আমরা তিনজনেই কয়েক মুহূর্তের জন্য থ মেরে গেলাম। আর কতবার এই লোকটার সঙ্গে মোকাবিলা করতে হবে ? প্রতিপক্ষ হিসেবে এর চেয়ে সাংঘাতিক আর কাউকে কল্পনা করা যায় না। আর ইনিই গিয়ে হাজির হয়েছেন বড়ালমশাইয়ের কাছে ? এঁরও দরকার হয়ে পড়েছে গোলাপী মুক্তো ?

মুখে ফেলুদা বলল, ‘আপনি সোজা না করে দেবেন। ওই মুক্তোর দাম ওর চেয়ে পাঁচগুণ বেশি। ভদ্রলোক এই পাথর মোটা দামে বিদেশে পাচার করবেন। দালালি করাই হচ্ছে ওঁর ব্যবসা। ওঁকে আমরা পাঁচ বছর ধরে চিনি।’

‘কিন্তু উনি যদি আমার কথা না শোনেন ?’

ফেলুদা একটু ভেবে প্রশ্ন করল, ‘বেশ কড়া মেজাজে কথা বলছিলেন কি ভদ্রলোক ?’

‘তা বলছিলেন বটে,’ বললেন জয়চাঁদবাবু ‘এমনকী এ-ও বলেছিলেন যে ওঁর মুক্তোটা পাবার রাস্তা কেউ বন্ধ করতে পারবে না।’

‘আপনি একটা কাজ করুন—মুক্তোটা আমাকে দিয়ে যান। আপনি সঙ্গে নিয়ে গেলে ওটা ও আদায় করে ছাড়বে। তার জন্য যদি খুনও করতে হয় তাতেও পেছপা হবে না। লোকটা সাংঘাতিক।’

‘কিন্তু ওকে আমি কী বলব ?’

‘বলবেন আপনি মুক্তোটা বেচবেন না। তাই ওটা আর সঙ্গে করে আনেননি। ওরকম একটা প্রেয়াস জিনিস তো কলকাতায় পকেটে নিয়ে ঘুরে বেড়ানো যায় না।’

‘বেশ, তা হলে আপনিই রাখুন।’

ভদ্রলোক আবার রুমালের গেরো খুলে বাস্স থেকে মুক্তোটা বার করে ফেলুদাকে দিলেন। ফেলুদা তৎক্ষণাৎ মুক্তোটা নিজের ঘরের গোদরেরেজের আলমারিতে রেখে দিল। তারপর ফিরে এসে সোফায় বসে বলল, ‘আর সেই সূর্য সিংকে কী বলবেন ? তিনিও বেশ নাছোড়বান্দা বলে মনে হচ্ছে।’

‘তাকও না করে দেওয়া ছাড়া উপায় নেই। দেড়শো বছরের ওপর জিনিসটা আমাদের কাছে রয়েছে, আর এখন হাতছাড়া হয়ে যাবে ? আমার তো টাকার অভাব নেই, টাকার লোভও নেই। আমার তো চাকরি আছেই, তা ছাড়া বাড়ি আছে। ধান জমি আছে, চাষ

করে মোটামুটি ভালই আয় হয়। তিনটি প্রাণী তো সংসারে—আমার দিব্যি চলে যায়।’

‘দেখুন কাল সকালে কী হয়। যাই হোক না কেন, আমাকে জানিয়ে যাবেন। আমাকে জানিয়ে আসারও কোনও দরকার নেই।’

ভদ্রলোক চা খেয়ে উঠে পড়লেন। উনি বেরিয়ে যাবার পর লালমোহনবাবু বললেন, ‘এই রাহু থেকে আমাদের মুক্তি নেই। এবারে আর কী খেল দেখাবে কে জানে!’

ফেলুদা বলল, ‘তবে এটা স্বীকার করতেই হবে যে প্রতিবারই আমরা ওকে জব্দ করেছি।’

‘সেটি ঠিক। ভাল কথা, আমার এক পড়শী আছে জহুরি, নাম রামময় মল্লিক। বৌবাজারে দোকান আছে—মল্লিক ব্রাদার্স। ওঁকে গিয়ে পিংক পার্লের কথাটা বলতে ভদ্রলোকের চোখ কপালে উঠে গেল। উনিও কনফার্ম করলেন যে এত ভালুয়েবল মুক্তো আর হয় না।’

ফেলুদা বলল, ‘কাল সকালে কী হয় তার উপর সব নির্ভর করছে। মগনলাল যদি জেনে ফেলে জয়চাঁদবাবু আমার এখানে এসেছিলেন, তা হলেই মুশকিল।’

‘আপনি মুক্তোটা নিজের কাছে রেখে একটা বড় রিস্ক নিয়েছেন।’

‘ও ছাড়া কোনও রাস্তা ছিল না। ওটা না করলে মুক্তো কাল মগনলালের হাতে চলে যেত।’

8

জয়চাঁদ বড়ালের কথা

চিশুরঞ্জন অ্যাভিনিউতে মগনলালের বাড়ি বার করতে বেশি সময় লাগল না। বাড়ির বাইরেটা দেখে ভিতরে ঢুকতেই ইচ্ছা করে না, কিন্তু একবার ঢুকে পড়লে দেখা যায় বেশ তক্তকে পরিচ্ছন্ন।

একজন চাকর এসে জয়চাঁদবাবুকে তিন তলায় নিয়ে গেল। তারপর একটা বারান্দা দিয়ে এগিয়ে গিয়ে একটা ঘরের দরজার সামনে পৌঁছে ঘোষণা করল যে বড়ালবাবু এসেছেন।

‘ভিতরে আসুন,’ মগনলালের গভীর গলায় শোনা গেল।

জয়চাঁদ বড়াল ভিতরে গিয়ে ঢুকলেন।

মগনলাল এক পাশে গদিতে বসে আছে। অন্য পাশে সোফা রয়েছে, তারই একটাতে বড়াল বসলেন।

‘কী ডিসাইড করলেন?’ মগনলাল প্রশ্ন করল।

‘ওটা বেচব না।’

মগনলাল কিছুক্ষণের জন্য চুপ। তারপর বলল, ‘আপনি ভুল করছেন, জয়চাঁদবাবু। আমাকে রিফিউজ করে কোনও লোক রেহাই পায়নি। আপনি কি দাম বাড়াতে চাচ্ছেন?’

‘না। আমি ওটা ফ্যামিলিতেই রাখতে চাই। চার পুরুষ ধরে রয়েছে, এখনও থাকুক।’

‘আপনার বাড়ি যা দেখলাম সোনাহাটিতে, তাতে আপনার মান্থলি ইনকাম দেড়-দু হাজারের বেশি বলে মনে হয় না। আর এতে আপনি একসঙ্গে ক্যাশ অনেক টাকা পেয়ে যাবেন। হোয়াই আর ইউ বিইং সো ফুলিশ?’

‘এটা বংশমর্যাদার ব্যাপার। এটা আমি আপনাকে বোঝাতে পারব না।’

‘ওই মোতি কোথায় আছে?’

‘আমার কাছে নেই।’

‘ওটা আপনি আনেননি ?’

‘বেচবই না যখন ঠিক করলাম তখন আর আনব কেন ?’

মগনলাল তার সামনেই রাখা একটা ঘণ্টার উপর চাপড় মারল। টুং শব্দের প্রায় সঙ্গে সঙ্গে একটা চাকর এসে ঘরে দাঁড়াল।

‘গঙ্গা—এই বাবুকে সার্চ করো।’

গঙ্গা বেশ যগু লোক ; সে একটানে জয়চাঁদবাবুকে বসা অবস্থা থেকে দাঁড় করাল। তারপর সর্বস্ব সার্চ করে একটা মানিব্যাগ, একটা রুমাল আর একটা মশলার কৌটো বার করে মগনলালের সামনে রাখল।

‘ঠিক হয়,’ বলল মগনলাল। ‘ওয়াপিস দে দেনা।’

চাকর জয়চাঁদবাবুকে তার জিনিসগুলো ফেরত দিয়ে দিল।

‘বসুন আপনি।’

জয়চাঁদবাবু আবার সোফায় বসলেন। মগনলাল বলল, ‘সোনাহাটিতে জানলাম কি আপনাদের ক্লাব প্রদোষ মিটারকে রিসেপশন দিয়েছে।’

‘ঠিকই শুনেছেন।’

‘তার সঙ্গে আপনার দেখা হয়েছিল ?’

‘আপনার সব কথার জবাব দিতে তো আমি বাধ্য নই।’

‘আপনার জবাবের দরকার নেই, বিকজ আই অলরেডি নো। আপনি যখন হাওড়াতে ট্রেন থেকে নামলেন, তখন থেকে আমার লোক আপনাকে নজরে রেখেছে। আপনি শিয়ালদায় যোগমায়া হোটেলে উঠেছেন—রাইট ?’

‘ঠিক।’

‘বিকেল পাঁচটার সময় হোটেল থেকে বেরিয়ে আপনি ট্যাক্সি করে সাউথে যান। আপনার ডেস্টিনেশন ছিল ফেলু মিটারের বাড়ি—রাইট ?’

‘আপনি তো সবই জানেন।’

‘আপনার মোতি এখন ফেলু মিটারের জিন্মায় আছে।’

জয়চাঁদবাবু চুপ করে রইলেন। মগনলাল বলল, ‘ইউ হ্যাভ ডান সামথিং ভেরি স্ট্রুপিড, মিষ্টার বড়াল। আপনি পার্লটা আমাকে দিলে চালিস হাজার টাকা পেতেন। এখন আমি সে পার্ল আদায় করে নেব, আর আপনি আমার কাছ থেকে একটা পইসাও পাবেন না।’

জয়চাঁদবাবু উঠে পড়লেন।

‘আমি তা হলে এখন আসতে পারি ?’

‘পারেন। আমাদের বিজনেস খতম। তবে আপনার জন্য আমার আপশোস হচ্ছে।’

৫

ফোন না করে দুপুর বারোটা নাগাত জয়চাঁদবাবু নিজেই এসে হাজির। মগনলালের সঙ্গে তাঁর কী ঘটল না ঘটল বর্ণনা দিয়ে ভদ্রলোক বললেন, ‘আপনি মুক্তোর ব্যাপারটা কী করবেন ?’

ফেলুদা বলল, ‘যদূর বুঝতে পারছি, মগনলাল আন্দাজ করছে যে মুক্তোটা আমার কাছে রয়েছে। লোকটা অত্যন্ত তুখোড়। সোজাসুজি যদি আমার কাছে এসে পড়ে তা হলেও আশ্চর্য হব না। যে জিনিসটা এতকাল আপনাদের ফ্যামিলিতে ছিল, সেটা এখন হাতছাড়া হয়ে যাওয়াতে আপনার মন খারাপ লাগবে সেটাও আমি বুঝি। কিন্তু তাও আমি বলব যে



মুজোটা আমার কাছেই থাক । আপনার কাছে থাকলে ও যেন-তেন-প্রকারেণ ওটা আদায় করে নেবে । সেটা ভাল হবে না ।’

জয়চাঁদ রাজি হয়ে গেলেন । বললেন, ‘আমি বিক্রি না করলে তো ও মুজোটা এমনিতেই পাবে না । আপদ বিদেয় হোক, তারপর ওটা আমার কাছে ফিরে যেতে পারে ।’

‘ঠিক কথা,’ বলল ফেলুদা । ‘আপনি আজই ফিরছেন ?’

‘আজ্ঞে হ্যাঁ । সন্দের গাড়িতে ।’

‘কোনও খবর থাকলে জানাতে ভুলবেন না ।’

পরদিন সকালে সাড়ে সাতটার সময় ফোন এল । সোনাহাটি থেকে । সোমেশ্বর সাহা ।

ফেলুদা কথা বলা শেষ করে ফোনটা রেখে গভীর মুখ করে বলল, ‘কাল রাত্তিরে ট্রেনে জয়চাঁদ বড়ালের মাথায় বাড়ি মেরে অজ্ঞান করে কে বা কারা যেন তার বাস্ক সার্চ করে। জিনিসপত্র সব ছত্রাকার হয়ে পড়ে ছিল। অবিশ্যি সোনাহাটি আসবার আগেই ভদ্রলোক জ্ঞান ফিরে পান।’

আমি বললাম, ‘এ-ও তো মগনলালেরই ব্যাপার।’

‘নিশ্চয়ই,’ বলল ফেলুদা। ‘লোকটা কোনওরকম সুযোগ ছাড়ে না। ভাগ্যিস মুক্তোটা আমার কাছে রেখে দিয়েছিলাম।’

একটা নতুন কেসের গন্ধ পেলে জটায়ু মাঝে মাঝে বিকেলেও এসে হাজির হন। আজও তাই হল। বললেন, ‘মনটা পড়ে রয়েছে এখানে তাই বাড়িতে বসে থাকতে ভাল লাগছিল না।’

ফেলুদা লেটেস্ট খবরগুলো লালমোহনবাবুকে দিয়ে দিল।

‘তা হলে তো মনে হচ্ছে ওঁর পায়ের ধুলো এবার এখানে পড়বে। ও তো নিঘাত বুঝে গেছে যে মুক্তোটা আপনার কাছে রয়েছে।’

লালমোহনবাবু কথাটা বলার পাঁচ মিনিটের মধ্যে বাইরে একটা গাড়ি এসে যাবার শব্দ পেলাম। তারপর দরজার বেল বেজে উঠল। খুলে দেখি আসল লোক এসে হাজির।

‘মে আই কাম ইন, মিস্টার মিটার?’ বললেন মগনলাল।

‘নিশ্চয়ই, নিশ্চয়ই।’

ভদ্রলোক ঢুকে এলেন। সেই কালো শেরওয়ানি আর ধুতি, পায়ে মোজা আর পাম্প শু।

‘অনেক দিনের ইচ্ছা ছিল কি আপনার বাড়িতে একবার আসি। আমাদের এতদিনের দোস্তি—হে হে হে! আঙ্কল কেমন আছেন?’

লালমোহনবাবুকে মগনলাল যা নাস্তানাবুদ করেছে, ভদ্রলোক আর কোনওদিন মগনলালের সামনে স্বাভাবিক হতে পারবেন বলে মনে হয় না। শুকনো গলায় জটায়ু উত্তর দিলেন, ‘ভাল আছি।’

‘চা খাবেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না স্যার। নো টি। আমি আপনার বেশি সময় নেব না। আমি কেন এসেছি তা বোধহয় আপনি বুঝতে পারছেন।’

‘তা বোধহয় পারছি।’

‘তা হলে আর টাইম ওয়েইস্ট করার দরকার নেই। হোয়ার ইজ দ্যাট পার্ল?’

‘মিস্টার বড়ালের কাছে যে নেই তা তো আপনি জানেন। আপনার লোক তো ট্রেনে তাঁকে ঘায়েল করে তাঁর বাস্ক সার্চ করে মোতি খুঁজে পায়নি।’

‘আমার লোক?’

‘তা ছাড়া আর কার লোক হবে বলুন।’

‘আপনি এভাবে বলবেন না, মিস্টার মিটার। আপনার কোনও প্রমাণ নেই যে আমার লোক কাজটা করেছে।’


‘আপনার ক্ষেত্রে প্রমাণের দরকার হয় না, মগনলালজী। আপনার কাজ মার্কামার কাজ। সে কাজ আমি দেখলেই বুঝতে পারি।’

‘আমি আবার জিজ্ঞাসা করছি—সে পার্ল কোথায় আছে?’

‘আমার কাছে।’

‘ওটা আমার দরকার।’

‘যা দরকার তা কি সব সময়ে পাওয়া যায়?’



‘মগনলাল মেঘরাজ ক্যান অলওয়েজ গেট ইট। কথা বলে সময় নষ্ট করে লাভ নেই, মিস্টার মিটার। আমার ওই পিংক পার্ল চাই। না হলে, আপনি তো জানেন, আমি যেমন করে হোক ওটা আদায় করে নেব।’

‘তা হলে সেটাই করুন, কারণ মুক্তো আমি আপনাকে দিচ্ছি না।’

‘দেবেন না?’

‘ভদ্রলোকের এক কথা।’

‘তা হলে আমি আসি।’ মগনলাল উঠে পড়লেন। ‘গুড বাই, আঙ্কল।’

‘গুড বাই,’ ক্ষীণস্বরে বললেন জটায়ু।

দরজার কাছে গিয়ে মগনলাল নেমে ফেলুদার দিকে ঘুরলেন। তারপর বললেন, ‘আমি তিন দিন সময় দিচ্ছি আপনাকে। আজ সোমবার। সোম, মঙ্গল, বুধ। বুঝেছেন?’

‘বুঝেছি।’

মগনলাল বেরিয়ে গেলেন।

লালমোহনবাবু মাথা নেড়ে বললেন, ‘ব্যাপারটা আমার ভাল লাগছে না মোটেই। দিয়ে দিন মশাই, দিয়ে দিন। আর আপনি কাছেই বা আর কত দিন রাখতে পারবেন। বড়ালকে তো তাঁর জিনিস ফেরত দিতে হবে—তাঁর উত্তরাধিকার সূত্রে পাওয়া এত সাধের জিনিস।’

‘যদিমু মুক্তো বেহাত হবার আশঙ্কা আছে ততদিন এটা বড়ালকে ফেরত দেওয়া যাবে না। সব সংশয় কাটিয়ে উঠলে পর যেখানের মুক্তো সেখানে যাবে।’

‘কিন্তু বড়াল যে এক মহারাজার কথা বলছিল তার সম্বন্ধেও তো একটু খোঁজ নেওয়া দরকার।’

‘সে খোঁজ দিতে পারেন সিধু জ্যাঠা। বহুদিন জ্যাঠার সঙ্গে দেখা হয়নি। চলুন একবার



ঘুরে আসি ।’

‘জায়গার নামটা মনে আছে ?’

‘ধরমপুর ।’

‘আর মহারাজার নাম ?’

‘সূর্য সিং ।’

আমরা লালমোহনবাবুর গাড়িতে পাঁচ মিনিটের মধ্যে সিধু জ্যাঠার বাড়িতে পৌঁছে গেলাম । জ্যাঠা ম্যাগনিফাইং গ্লাস দিয়ে একটা পুরনো পুঁথি পরীক্ষা করছিলেন, আমাদের দেখে গভীর হয়ে গেলেন ।

‘তোমরা কে ? তোমাদের তো আমি চিনি না ।’

ফেলুদা হেসে বলল, ‘অপরাধ নেবেন না জ্যাঠা । পসারটা একটু বেড়েছে বলে আর লোকজনের বাড়িতে বিশেষ যাওয়া হয় না । আমি যে কাজে উন্নতি করছি তাতে আপনি নিশ্চয়ই খুশি ।’

এবার সিধু জ্যাঠার মুখে হাসি ফুটল ।

‘ফেলু মিষ্টার—তোমাকে কি আমি আজ থেকে চিনি ? আট বছর বয়সে এয়ার গান দিয়ে শালিক মেরে এনে আমায় দেখিয়েছিলে । আমি বলেছিলাম নিরীহ জীবকে আর কক্ষনও মারবে না—কথা দাও । তুমি সেদিন থেকে পাখি মারা বন্ধ করেছিলে । গোয়েন্দাগিরিতে পসার হচ্ছে বলে আমার কাছে বড়াই কোরো না । গোয়েন্দা আমিও হতে পারতাম । তার সব গুণই আমার ছিল । এখনও আছে । তবে কোনওরকম কাজে বাঁধা পড়া আমার ধাতে নয় না । আমার সময় যদি আমি নিজে ইচ্ছামতো ব্যয় না করতে পারি তা হলে লাভটা কী ? শার্লক হোমসের এক দাদা ছিল জানতে ? মাইক্রফট হোমস । জাত কুঁড়ে, কিন্তু বুদ্ধিতে সত্যিই শার্লকের দাদা । সেই দাদার কাছে শার্লক মাঝে মাঝে যেত পরামর্শ নিতে । আমি হচ্ছে সেই মাইক্রফট । যাক্ গে, এখন বলো কী জন্যে আগমন ?’

‘একজন লোক সম্বন্ধে আপনার কাছে কোনও ইনফরমেশন আছে কি না জানতে এসেছিলাম।’

‘কে সেই ব্যক্তি?’

‘আপনি ধরমপুরের নাম শুনেছেন?’

‘শুনব না কেন? উত্তরপ্রদেশের একটা করদ রাজ্য ছিল। আলিগড় থেকে সাতান্তর মাইল দক্ষিণে। ট্রেন নেই, গাড়িতে যেতে হয়।’

‘তা হলে সূর্য সিং-এর সম্বন্ধেও নিশ্চয়ই জানেন?’

‘ওরে বাবা!—সে কি এখনও বেঁচে আছে?’

‘হ্যাঁ।’

‘সে যে একটি আস্ত বাঘ। মালটি মিলিওনেয়ার। হোটেলের ব্যবসার টাকা। হিরে জহরতের অত ভাল কালেকশন ভারতবর্ষে আর কারুর নেই।’

‘লোক কেমন জানেন?’

‘তা কী করে জানব? সে কি আমার এই কুটিরে পদার্পণ করেছে, না আমি তার ব্যুড়ি গেছি? এ সব লোককে ভাল-খারাপ বলে বর্ণনা করা যায় না। তুমি হয়তো গিয়ে দেখলে তার মতো অতিথিবৎসল লোক আর হয় না—তোমাকে রাজার হালে রেখে দিল। আবার পরদিন হয়তো সেই লোকই তার কালেকশনের জন্য পাথর আদায় করতে একজনকে খুনই করে ফেলল। অবশ্য নিজে হাতে নয়; এরা সব সময় আইন বাঁচিয়ে চলে, যদিও তার জন্য ট্যাক্স খরচা হয় অনেক।’

এই খবরই যথেষ্ট বলে আমরা সিধু জ্যাঠাকে আর বিরক্ত করলাম না, যদিও সূর্য সিং-এর সঙ্গে আমাদের কারবার হচ্ছে কীভাবে সেটা এখনও বুঝতে পারলাম না। ফেলুদাকে বলতে ও বলল, ‘তাও এ খবরগুলো জেনে রাখা ভাল। সে লোক যখন বড়ালকে চিঠি লিখেছে তখনই বোঝা যাচ্ছে তার মুক্তোটার বিশেষ দরকার। সেটা পাবার জন্য সে কতদূর যেতে পারে সেইটে দেখার প্রবল ইচ্ছা হচ্ছে।’

৬

মগনলাল বিষুদবার পর্যন্ত টাইম দিয়েছিল ফেলুদা তার মধ্যে ওর সঙ্গে কোনওরকম যোগাযোগ করল না। আর বিস্ফোরণটা হল শুক্রবার সকালে।

আমিও ফেলুদার দেখাদেখি রোজ সকালে যোগব্যায়াম করি। সাড়ে ছ’টায় সে ব্যাপার শেষ হয়েছে। ফেলুদার কোনও সাড়াশব্দ পাচ্ছি না দেখে আমি তার ঘরের দিকে গেলাম। দরজাটা ভেজানো ছিল। ঠেলে খুলতেই একটা দৃশ্য দেখে থ মেরে গেলাম।

ফেলুদা এখনও ঘুমোচ্ছে। এ যে অভাবনীয় ব্যাপার! এই সময়ের মধ্যে ফেলুদার স্নান ব্যায়াম দাড়ি কামানো সব শেষ হয়ে যায়। সে বসবার ঘরে খবরের কাগজ পড়ে। আজ কী হল?

আমি ফেলুদার দিকে এগিয়ে গেলাম। বার দু-এক ঠেলা দিয়ে আর নাম ধরে ডেকে বুঝতে পারলাম ওর হুঁশ নেই।

আমার দৃষ্টি গোদরেজের আলমারির দিকে চলে গেল। দরজা হাট হয়ে আছে। সামনে মেঝেতে জিনিসপত্র ছড়ানো।

ফেলুদার পালস দেখলাম। দিবিয় চলছে। দৌড়ে বসবার ঘরে গিয়ে আমাদের ডাক্তার ভৌমিককে টেলিফোন করে ব্যাপারটা বললাম। ভদ্রলোক দশ মিনিটের মধ্যে চলে এলেন।



ফেলুদাকে যখন পরীক্ষা করছেন তখনই ও নড়াচড়া আরম্ভ করেছে। ভৌমিক বললেন, ‘ক্রোরোফর্ম জাতীয় কিছু ব্যবহার করা হয়েছে অজ্ঞান করার জন্য। কিন্তু লোক ঘরে ঢুকল কী করে?’

সেটা আমি দু মিনিটের মধ্যে বার করে দিলাম। বাথরুমের উত্তর দিকে জমাদার ঢোকান দরজাটা খোলা।

মিনিট পনেরোর মধ্যেই ফেলুদার জ্ঞান হল। ডাক্তার ভৌমিক ভরসা দিয়ে বললেন, ‘কোনও চিন্তা নেই। কিছুক্ষণের মধ্যেই স্বাভাবিক অবস্থায় ফিরে আসবেন। তবে এরা কী ক্ষতি করেছে সেটা একবার দেখে নিন। আলমারি তো দেখছি খোলা।’

‘তোপসে দেরাজটা একবার খুলে দেখ তো।’

দেখলাম, কিন্তু সেই লাল ভেলভেটের কৌটো কোথাও পেলাম না। অর্থাৎ পিংক পার্ল উধাও।

ফেলুদা মাথা নেড়ে আক্ষেপের সুরে বলল, ‘বাথরুমের দরজা বন্ধ করতে আমার কোনওদিন ভুল হয় না। কালও হয়নি। আসলে ছিটকিনিটা ভাল কাজ করছিল না। কেন যে সারিয়ে নিইনি—কেন যে সারিয়ে নিইনি!’

ডাক্তার ভৌমিক চলে গেলেন।

আমি ফেলুদার অবস্থা দেখেই লালমোহনবাবুকে ফোন করে দিয়েছিলাম। উনি এবার এসে পড়লেন।

‘পিংক পার্ল নেই?’ প্রথম প্রশ্ন করলেন ভদ্রলোক। আমি বললাম, ‘না।’ ভদ্রলোক ফেলুদাকে উদ্দেশ্য করে বললেন, ‘আমাকে হেলাফেলা করার রেজাল্টটা দেখলেন তো? আমি প্রথমই বলেছিলাম—কাজটা ভাল হচ্ছে না। আপনার যে এই দশা করতে পারে সে

লোক কী সাংঘাতিক ভেবে দেখুন। এখন কী করা ?’

ফেলুদা উঠে বসে চা খাচ্ছিল। বলল সে এখন হান্ড্রেড পার্সেন্ট ফিট। ‘বড়ালকে দুঃসংবাদটা এখনও দেব না। আগে দেখি মুক্তোটা উদ্ধার করতে পারি কি না।’

টেলিফোনটা বেজে উঠল। আমি তুলে কথা বলে সেটা ফেলুদার হাতে চালান করে দিলাম। ‘তোমার ফোন।’

ফেলুদা মিনিট তিনেক কথা বলে ফোনটা রেখে বলল, ‘সোনাহাটি থেকে সোমেশ্বর। বড়ালের খবর আছে। সূর্য সিং আবার চিঠি লিখেছে। মুক্তো তার চাই। সে সাত দিনের জন্য দিল্লি যাচ্ছে, সেখান থেকে ফিরে সোনাহাটি গিয়ে বড়ালের সঙ্গে দেখা করবে। সে এক লাখ টাকা অফার করছে। এত টাকা পাবে বড়াল ভাবেনি। সে এখন মুক্তোটা বেচে দেবার কথা ভাবছে। ব্যাপারটা জানাজানি হয়ে যাওয়াতে মুক্তোটা এখন ওর একটা অশান্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। তাই বলছে আপদ বিদেয় করাই ভাল। আমি আর বললাম না যে মুক্তোটা মগনলালের হাতে চলে গেছে।’

‘কিন্তু সেটা তো উদ্ধার করতে হবে,’ বললেন লালমোহনবাবু।

‘তা তো হবেই। সেটাই এখন আমাদের কাজ। তোপসে টেলিফোন ডিরেক্টরি থেকে মগনলালের ঠিকানাটা বার কর তো।’

‘সাতষষ্টি নম্বর চিত্তরঞ্জন অ্যাভিনিউ,’ বই খুলে নম্বর দেখে বললাম।

‘চা খেয়েই বেরিয়ে পড়ব,’ বলল ফেলুদা।

‘এখন সম্পূর্ণ স্বাভাবিক বোধ করছেন তো ?’ জিজ্ঞেস করলেন জটায়ু।

‘ইয়েস স্যার।’

‘পুলিশে খবর দেবেন না ?’

‘কী লাভ ? তারা তো অনুসন্ধান করে নতুন কিছু বলতে পারবে না। সবই তো আমার জানা।’

চিত্তরঞ্জন অ্যাভিনিউতে মগনলালের বাড়ি যখন পৌঁছলাম, তখন বেজেছে ন’টা দশ। আমরা ভিতরে ঢুকছি আর লালমোহনবাবু বিড়বিড় করছেন—‘আজ আবার কী খেল দেখাবে কে জানে !’

কিন্তু তিনতলায় মগনলালের গদিতে পৌঁছে তাকে পাওয়া গেল না। তারই একজন কর্মচারী বলল, মগনলাল সকালে দিল্লি চলে গেছেন।

‘প্লেনে গেছেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘না, ট্রেন।’

আমরা আবার নীচে নেমে এলাম। লালমোহনবাবু বললেন, ‘আশ্চর্য ব্যাপার ইনিও দিল্লি গেছেন আর ওদিকে সূর্য সিংও দিল্লি গেছেন।’

‘ব্যাপারটা ভেরিফাই করতে হবে,’ বলল ফেলুদা।

চতুর্দিকে ফেলুদার চেনা—রেলওয়ে আপিসেও বাদ নেই। অপরেশবাবু বলে বুকিং-এর এক ভদ্রলোকের কাছে গিয়ে ফেলুদা জিজ্ঞেস করল, ‘আজ সকালে দিল্লির কী কী ট্রেন আছে ?’

‘সোয়া ন’টায় আছে—এইটি ওয়ান। পরদিন সকালে দশটা চল্লিশে দিল্লি পৌঁছায়।’

‘এ ছাড়া আর কিছু নেই ?’

‘না।’

‘এবার রিজার্ভেশন চাটটা দেখে বলুন তো মিস্টার মেঘরাজ বলে এক ভদ্রলোক এই ট্রেনে দিল্লি গেছেন কি না।’

ভদ্রলোক চার্টের নামের উপর চোখ বুলিয়ে এক জায়গায় থেমে বললেন, ‘মিস্টার এম. মেঘরাজ। ফার্স্ট ক্লাস এ. সি.। কিন্তু ইনি তো দিল্লি যাননি।’

‘তা হলে?’

‘বেনারস। বেনারস গেছেন। আজ রাত সাড়ে দশটায় পৌঁছবেন।’

‘বেনারস?’

কথাটা শুনে আমারও আশ্চর্য লাগছিল, তবে এটা তো জানি যে মগনলালের বেনারসেও একটা বাড়ি রয়েছে। সেখানেই তো আমাদের সঙ্গে প্রথম আলাপ।

‘কাল সকালের দিকে বেনারস পৌঁছায় এমন কী কী ট্রেন আছে?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আপনি দুটো সুবিধের ট্রেন পাবেন একটা অমৃতসর মেল, আর একটা ডুন এক্সপ্রেস। প্রথমটা ছাড়ে সন্ধ্যা সাতটা কুড়ি আর বেনারস পৌঁছায় পরদিন সকাল দশটা পাঁচ, আর অন্যটা ছাড়ে রাত আটটা পাঁচ আর পৌঁছায় সকাল এগারোটা পনেরো।’

ফেলুদা না হলে অবিশ্যি আমাদের রিজার্ভেশন পাবার কোনও সম্ভাবনাই ছিল না। সঙ্গে টাকা ছিল না। তাই বাড়ি ফিরতে হল। আবার রেল আপিসে ফিরে গিয়ে বারোটোর মধ্যে রিজার্ভেশন হয়ে গেল। লালমোহনবাবু চলে গেলেন তাঁর বাড়িতে বাস্তু গুছাতে। ফেলুদা বলে দিল, ‘ক’দিনের জন্য যাচ্ছি কিছু ঠিক নেই মশাই। আপনি এক হপ্তার মতো জামাকাপড় নিয়ে নিন। ওদিকে কিন্তু খুব ঠাণ্ডা—সেটা ভুলবেন না।’

ট্রেনে বলবার মতো একটা ঘটনাই হল। পরদিন সকালে সাড়ে সাতটায় বজ্রারে খবরের কাগজ কিনে তাতে একটা জরুরি খবর পড়লাম। আমেরিকা থেকে একটা ব্যবসায়ীদের দল এসেছে, তারা যে সব ভারতীয়দের সঙ্গে আলাপ আলোচনা করছে তার মধ্যে সূর্য সিং একজন। ভদ্রলোকের দিল্লি যাবার কারণটা বোঝা গেল।

মিনিট পনেরো লেট করে আমাদের ট্রেন বেনারস পৌঁছে গেল।

৭

বেনারসে দ্বিতীয়বার এসেও সেই প্রথমবারের মতোই চমক লাগল। এবারও দশাশ্বমেধ রোডে ক্যালকাটা লজেই উঠলাম। ম্যানেজারও একই রয়েছেন—নিরঞ্জনবাবু। ঘর আছে কি না জিজ্ঞেস করতে বললেন, ‘আপনাদের জন্য ঘর সব সময়ই আছে। কদিন থাকবেন?’

‘সেটা আগে থেকে বলতে পারছি না,’ বলল ফেলুদা।

আমরা আগেরবারের মতোই একটা চার বেডের ঘর পেয়ে গেলাম।

ব্রেকফাস্ট বজ্রারেই সারা হয়ে গিয়েছিল, তাই খাবার তাড়া নেই। ফেলুদা বলল, ‘আগে কর্তব্যটা সেরে নিই, তারপর খাবার কথা ভাবা যাবে।’

‘আপনি কি একেবারে বাঘের খাঁচায় গিয়ে ঢোকান কথা ভাবছেন?’ লালমোহনবাবু চাপা গলায় জিজ্ঞেস করলেন।

‘আপনি যদি হোটেলের থাকতে চান তো থাকতে পারেন।’

‘না না, সে কি হয়? থ্রী মাস্কেটিয়ার্স—ভুলে গেলে চলবে কেন?’

মগনলালের বাড়ি বিশ্বনাথের গলির মধ্যে দিয়ে হেঁটে যেতে হবে। আমরা বারোটা নাগাত রওনা দিয়ে দিলাম। আবার সেই দৃশ্য, সেই শব্দ, সেই গন্ধ। মনে হল এই কবছরে একটুও বদল হয়নি, আর কোনওদিনও হবে না। কয়েকজন দোকানদারের মুখও যেন চিনতে পারলাম।

ক্রমে মন্দির ছাড়িয়ে আমরা গলির একটা মোটামুটি নিরিবিলি অংশে পৌঁছে গেলাম। সব মনে পড়ছে। এর পরে ডাইনে ঘুরতে হবে, তারপর বাঁয়ে মোড় নিয়েই আমরা পৌঁছে যাব মগনলালের বাড়ির রাস্তায়।

‘আপনি কী বলবেন সেটা ঠিক করে নিয়েছেন?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন।

ফেলুদা বলল, ‘আমি যে সব সময় আগে থেকে ভেবে কাজ করি তা নয়। একেকটা বিশেষ মুহূর্তে একেকটা বিশেষ আইডিয়া এসে যায়। তখন সেইটে প্রয়োগ করি।’

‘এর বেলাও তাই করবেন?’

‘সেই রকমই তো হচ্ছে আছে।’

মগনলালের বাড়ির সদর দরজার দুপাশে এখনও তলোয়ারধারী দুই প্রহরীর ছবি, এই কবছরে রংটা একটু ফিকে হয়ে গেছে।

আমরা দরজা দিয়ে ঢুকে একতলার উঠোনে পৌঁছলাম। কেউ কোথাও নেই। দুবার ‘কোই হ্যায়’ বলেও ফেলুদা জবাব পেল না।

‘চলুন উপরে,’ বলল ফেলুদা। ‘লোকটার সঙ্গে যখন দেখা করতেই হচ্ছে, তখন নীচে দাঁড়িয়ে থেকে তো কোনও লাভ নেই।’

আবার সেই ছেচল্লিশ ধাপ সিঁড়ি, আবার সেই তিন তলায়।

দরজা দিয়ে বারান্দায় ঢুকতে একজন লোক সামনে পড়ল। সে খৈনি ডলছিল, আমাদের দেখে একটু অবাক হয়ে হিন্দিতে প্রশ্ন করল, ‘আপনারা কাকে চাইছেন?’

‘মগনলালজী আছেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আছেন, তবে উনি এখন খেতে বসেছেন। আপনারা ওঁর ঘরে অপেক্ষা করুন। চলুন আপনারদের নিয়ে যাচ্ছি।’

আমরা আবার অনেকদিন পরে মগনলালের ঘরে এসে ঢুকলাম। এই ঘরেই লালমোহনবাবুকে নাকাল করেছিলেন ভদ্রলোক। সে ঘটনা কোনওদিনও ভুলব না। লালমোহনবাবুকে নিয়ে রগড় করার একটা বাতিক লোকটার মজ্জাগত।

কাঠমাণ্ডুতেও লালমোহনবাবুর চায়ে এল এস ডি মিশিয়ে দিয়েছিলেন। তাতে অবিশ্যি লালমোহনবাবুর খুব ক্ষতি হয়নি, কিন্তু হবার সম্ভাবনা ছিল পুরোমাত্রায়।

আমরা তিনজন সোফায় বসার পরেই জটায়ু চাপা স্বরে বললেন, ‘কী বলবেন ঠিক করে ফেলুন মশাই। এইবেলা ঠিক করে ফেলুন। আমার মাথায় তো কিছুই আসছে না।’

‘আপনার মাথা দিয়ে তো আর এ মামলা চালাচ্ছি না আমি। আপনি চুপচাপ দেখে যান।’

‘ইয়েটা সঙ্গে আছে?’

ইয়ে মানে ফেলুদার রিভলভার সেটা বুঝতে অসুবিধা হল না।

‘আছে। নার্ভটাকে ঠাণ্ডা করুন। এ সব সিচুয়েশনে সঙ্গে একজন নার্ভার্স লোক থাকলে বড় অসুবিধা হয়।’

কোথেকে যেন একটা ঢোলকের শব্দ আসছে, ঘরের দেয়াল-ঘড়ি টিক্ টিক্ করছে, নাকে রান্নার গন্ধ এসে ঢুকছে, আমরা চুপচাপ বসেই আছি তো বসেই আছি।

‘একটা লোকের খেতে এত সময় লাগে?’ বিড়বিড় করে বললেন লালমোহনবাবু।

কথাটা বলার মিনিট খানেকের মধ্যে একজন লোক এসে ঘরে ঢুকল। সে যে মুগুর ভাঁজা পালায়ান তাতে কোনও সন্দেহ নেই। সে ফেলুদার সামনে গিয়ে বলল, ‘খাড়া হো জাইয়ে।’

‘কিউ?’ ফেলুদার প্রশ্ন।

‘সার্চ হোগা ।’

‘কে ছকুম দিয়েছে তোমায় ?’

‘মালিক ।’

‘মগনলালজী ?’

‘হাঁ ।’

ফেলুদা তবু বসে আছে দেখে লোকটা তার দুহাত ধরে হ্যাঁচকা টান দিয়ে অনায়াসে তাকে দাঁড় করাল । ফেলুদা আর কোনও আপত্তি করল না, কারণ এ লোকটার সঙ্গে গায়ের জোরে পেরে ওঠা পাঁচটা ফেলুদারও সাধ্য নেই ।

লোকটা চাপড় মেরে প্রথমেই ফেলুদার রিভলভারটা বার করল । তারপর মানি ব্যাগ আর রুমাল ।

এবার ফেলুদাকে ছেড়ে লোকটা লালমোহনবাবুকে ধরল । লালমোহনবাবু অবিশ্যি ফেলুদার সার্চ শেষ হবার সঙ্গে সঙ্গে নিজেই উঠে দাঁড়িয়েছেন হাত মাথার উপর তুলে ।

আমাদের তিনজনের সার্চ শেষ হবার পর লোকটা রিভলভার ছাড়া আর সব কিছু ফেরত দিয়ে ঘর থেকে বেরিয়ে গেল । তারপরেই বাইরে থেকে একটা গলা খাঁকরানির আওয়াজ পেলাম । এ আমাদের খুব চেনা গলা ।

‘এ ভাবে আমার পিছে লাগলেন কেন, মিস্টার মিটার ?’ গদিতে বসে মগনলাল প্রশ্ন করলেন । ‘আপনার এখুনো শিক্ষা হয়নি ? কী লাভ আছে আমার পিছে পিছে ঘুরে ? আপনি তো সে মোতি আর ফিরত পাবেন না ।’

‘আপনি নিজেকে খুব চালাক মনে করেন—তাই না, মগনলালজী ?’

‘সে তো আপনিও করেন । বুদ্ধি না থাকলে আর এতদিন বেওসা চালাচ্ছি ? বুদ্ধি না থাকলে আর আপনার ঘর থেকে মোতি বার করে আনতে পারি ?’

‘কী মোতি ?’

‘পিংক পার্ল !’ মগনলাল টেঁচিয়ে উঠলেন । ‘কী মোতি সেও কি আপনাকে বলে দিতে হবে ?’

‘কে বলল পিংক পার্ল ?’ ধীর কণ্ঠে বলল ফেলুদা । ‘ইটস এ হোয়াইট পার্ল । তাও খাঁটি মুক্তো নয়, কালচারড পার্ল—যার দাম অনেক কম । আপনাকে ভাঁওতা দেবার জন্য ওতে পিংক রং করা হয়েছে । আসল মুক্তো চলে গেছে যার জিনিস তার কাছে । অত বেশি বুদ্ধিমান ভাববেন না নিজেকে, মগনলালজী ।’

আমি অবাক হয়ে ফেলুদার কথা শুনছি । ও কী করে এত সব বানিয়ে বানিয়ে বলছে ? কোথেকে ওর এত সাহস হচ্ছে ? লালমোহনবাবু দেখলাম মাথা হেঁট করে রয়েছে ।

‘আপনি সচ বলছেন ?’

‘আপনি কীভাবে যাচাই করতে চান করে দেখুন ।’

মগনলাল তার সামনে রাখা একটা রুপোলি কলিং বেল চাপড় মারল । পর মুহূর্তেই সেই পালোয়ান লোকটা আবার এসে ঢুকল ।

‘সুন্দরলালের দোকান থেকে ওকে ডেকে আনো । বলো মগনলালজী ডাকছেন । তুরন্ত ।’ ভৃত্য চলে গেল ।

কিছুক্ষণ সকলেই চুপ । মগনলাল একটা পানের ডিবে থেকে পান নিয়ে মুখে পুরলেন । তারপর ডিবে বন্ধ করার সময় একটা অদ্ভুত প্রশ্ন করলেন ।

‘রবীন্দ্রনাথ টেগোরের গান আপনি জানেন ?’

এবার মগনলালের চাউনি থেকে বুঝলাম প্রশ্নটা করা হয়েছে জটায়ুকে ।



‘কী আঙ্কল ? জবাব দিচ্ছেন না কেন ? আপনি বাঙালি আর আপনি টেগোর সং জানেন না ?’

লালমোহনবাবু মাথা নেড়ে না বোঝালেন ।

‘সচ্ বোলছেন ?’

এবারে মাথা নড়ল উপর-নীচে । অর্থাৎ হ্যাঁ । ভদ্রলোক এখনও মাথা তুলতে পারছেন না ।

এবার ফেলুদা বলল, ‘উনি গান করেন না, মগনলালজী ।’

‘করেন না তো কী হল ? এখন করবেন । দশ মিনিট লাগবে সুন্দরলালের এখানে আসতে । সেই টাইমে টেগোর সং হবে । আঙ্কল উইল সিং । আসুন আঙ্কল—গদিপর বসুন । সোফায় বসে কি গান হয় ? গেট আপ, গেট আপ ! না গাইবেন তো বড় মুশকিল হবে ।’

‘আপনি বার বার ওঁকে নিয়ে এমন তামাশা করেন কেন বলুন তো ?’ বেশ রেগে গিয়েই বলল ফেলুদা । ‘উনি আপনার কী ক্ষতি করেছেন ?’

‘নাথিং । দ্যাট ইজ হোয়াই আই লাইক হিম । উঠুন আঙ্কল । উঠুন, উঠুন !’

নিরুপায় হয়ে লালমোহনবাবু সোফা ছেড়ে উঠে গদিতে বসলেন ।

‘ভেরি গুড । নাউ সিং ।’

আর কোনওই রাস্তা নেই । তাই ভদ্রলোক সত্যিই গান ধরলেন । ‘আলোকের এই ঝর্ণাধারায় ধুইয়ে দাও ।’

মগনলাল তাকিয়ায় শরীরটাকে এলিয়ে দিয়ে পাশে রাখা ক্যাশ-বাক্সের উপর তাল ঠুকে তারিফ করতে লাগলেন । এই অদ্ভুত গানের তারিফ হতে পারে এ আমি স্বপ্নেও ভাবিনি ।

প্রায় পাঁচ মিনিট একটানা গেয়ে লালমোহনবাবু আর পারলেন না । বললেন, ‘বাকিটা জানি না ।’

‘দ্যাট ইজ এনাক্ষ,’ বললেন মগনলাল । ‘এবার সোফায় গিয়ে বসুন ।’

লালমোহনবাবু সোফায় বসতেই ঘরে লোকের প্রবেশ হল—সেই পালোয়ান চাকর, আর

একজন পুরু চশমাপরা বুড়ো ।

‘আইয়ে সুন্দরলালজী,’ বললেন মগনলাল । ‘আপনি এত বুঢ়া হয়ে গেছেন এই কবছরে তা ভাবতে পারিনি । একটা কাজের জন্য আপনাকে ডেকে পাঠিয়েছি ।’

সুন্দরলাল গদিতো বসলেন । মগনলাল তাঁর ক্যাশবাক্স খুলে তার থেকে ভেলভেটের বাক্সটা বার করলেন । তারপর বাক্স থেকে মোতিটা বার করে সুন্দরলালকে প্রদত্ত করলেন, ‘গুলাবী মোতি হয় সেটা আপনি জানেন ?’

‘গুলাবী মোতি ?’

‘হা ।’

‘সেরকম তো শুনেছি কিন্তু চোখে দেখিনি ।’

‘আপনি পঞ্চাশ বছর হল দোকান চালাচ্ছেন আর গুলাবী মোতি চোখে দেখেননি ? দেখুন এইটে দেখুন । দেখে বলুন তো এটা সচ্চা না ঝুঠা ?’

সুন্দরলাল মুক্তোটা হাতে নিলেন । দেখলাম তাঁর হাত কাঁপছে । চোখের খুব কাছে এনে মুক্তোটাকে মিনিটখানেক ধরে দেখে সুন্দরলাল বললেন, ‘হাঁ, এতো সত্যিই দেখছি গুলাবী মোতি । অ্যায়সা কভী নেহি দেখা ।’

‘তা হলে এটা খাঁটি ?’

‘ওইসাই তো মালুম হোতা ।’

‘এবার মোতিটা দিয়ে দিন আমাকে ।’

সুন্দরলাল মুক্তোটা ফেরত দিয়ে দিল ।

‘এবার আপনি যেতে পারেন ।’

সুন্দরলাল ঘর থেকে বেরোনোর পর মগনলাল ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘আপনি ঝুট বাত বলেছেন, মিস্টার মিটার । এই পার্ল জেনুইন ।’

‘এটা কি আপনি সূর্য সিংকে বিক্রি করতে চান ?’

‘আমি কী করি না-করি তাতে আপনার কী ?’

‘আপনি তো এখান থেকে দিল্লি যাবেন ?’

‘হাঁ, যাব ।’

‘ওখানে তো সূর্য সিং রয়েছেন ।’

‘সে খবর আমি পেপারে পড়েছি ।’

‘আপনি কি বলতে চান তাঁর সঙ্গে আপনার কোনও কারবার নেই ?’

‘আমি কিছুই বলতে চাই না, মিস্টার মিটার । দ্য পিংক পার্ল চ্যাপটার ইজ ক্রোজড । আমি ওই নিয়ে আপনার সঙ্গে আর কোনও কথা বলব না ।’

‘ঠিক আছে, আমি উঠছি । আমার যে জিনিসটা আপনার কাছে রয়েছে সেটা দয়া করে ফেরত দিন ।’

মগনলাল আবার কলিং বেল টিপলেন । পালোয়ান এসে দাঁড়াল ।

‘এঁকে এর রিভলভার ওয়্যাপিস দিয়ে দাও ।’

পালোয়ান আঙা পালন করল, ফেলুদা আর আমরা দুজন উঠে পড়লাম ।

মগনলালের ঘর থেকে বেরিয়ে বারান্দায় এসে লালমোহনবাবুকে জিজ্ঞেস করলাম, ‘এখন কেমন লাগছে ?’

ভদ্রলোক মাথা নেড়ে বললেন, ‘লোকটা কী করে যে একটা মানুষের উইক পয়েন্ট ধরে ফেলে !—পাঁচ মিনিট ধরে একটানা রবীন্দ্রসংগীত জীবনে এই প্রথম গাইলাম ।’

একতলায় এসে ফেলুদা বলল, ‘আজকে যে একটা খুব জরুরি কাজ হয়ে গেল সেটা কি

বুঝতে পেরেছেন, লালমোহনবাবু ?’

‘জরুরি কাজ ?’ ভদ্রলোক অবাক হয়ে প্রশ্ন করলেন ।

‘ইয়েস স্যার,’ বলল ফেলুদা । ‘জেনে গেলাম ও মুক্তোটা কোথায় রাখে ।’

‘আপনি কি ওটা আবার আদায় করার তাল করছেন ?’

‘ন্যাচারেলি !’

৮

হোটেলে ফিরে ঘরে ঢোকার আগেই নিরঞ্জনবাবু তাঁর ঘর থেকে ডাক দিয়ে বললেন, ‘একটি ভদ্রলোক আপনাদের সঙ্গে দেখা করার জন্য অনেকক্ষণ থেকে বসে আছেন ।’

ম্যানেজারের ঘরে ঢুকে দেখি একটি মাঝারি হাইটের কালো ভদ্রলোক, বয়স চল্লিশ থেকে পঁয়তাল্লিশ, ম্যানেজারের উলটো দিকে একটা চেয়ারে বসে আছেন । আমাদের দেখে ভদ্রলোক উঠে দাঁড়ালেন ।

‘আমার নাম মতিলাল বড়াল ।’

‘আপনি কি জয়চাঁদবাবুর ভাই ?’

‘খুড়তুতো ভাই । এখানে একটা সিনেমা হাউস আছে আমার ।’

‘চলুন, আমাদের ঘরে চলুন । কথা হবে ।’

আমরা চারজন আমাদের ঘরে এলাম । খাটে বসে ভদ্রলোক প্রশ্ন করলেন, ‘মুক্তোটা এখন কোথায় ? জয়চাঁদের কাছে ?’

‘না ।’

‘তবে ?’

‘মগনলাল মেঘরাজের নাম শুনেছেন ?’

‘বাবা ! তেইশ বছর কাশীতে আছি, আর মগনলালের নাম শুনব না ?’

‘মুক্তোটা তাঁরই কাছে আছে ।’

‘কিন্তু তিনি তো মুক্তো জমান না । তিনি তো দালাল ; কম দামে জিনিস কিনে বেশি দামে বেচেন ।’

‘এবারেও তাই করবেন । ধরমপুরের সুরয় সিংকে উনি মুক্তোটা বেচবেন ।’

‘সুরয় সিং এখানে আসছেন ?’

‘না । উনি দিল্লিতে । আমার যতদূর ধারণা, মগনলাল দিল্লি যাচ্ছেন ওঁর সঙ্গে দেখা করতে ।’

‘আপনি কী করছেন ?’

‘আমরাও দিল্লি যাব—যদি তার আগে মুক্তোটা আদায় করতে পারি ।’

‘মগনলাল যদি টাকা না পায়, তা হলে আমার ভাই পাবে তো ?’

‘সুরয় সিং যদি তাঁর কথা রাখেন তা হলে নিশ্চয়ই পাবেন ।’

‘আশ্চর্য ! এমন একটা ভ্যালুয়েবল জিনিস ফ্যামিলিতে রয়েছে এতকাল ধরে, আর জয় সে কথা একবারও বলেনি । ও একাই জিনিসটাকে আগলে রেখেছে ।’

‘আপনি জানতেন না এতে আমার খুব অবাক লাগছে ।’

‘আমি পনেরো বছর বয়স থেকে ঘর ছাড়া । তারপর আর সোনাহাটি যাইনি । কাগজে মুক্তোর কথাটা পড়ে জয়কে চিঠি লিখেছিলাম, যে বিক্রি যদি হয় তা হলে আমি যেন একটা শেয়ার পাই । ও লিখল আমি বিক্রি করব না । তারপর কাল একটা চিঠি পেয়েছি তাতে



লিখেছে ও মাইন্ড চেঞ্জ করেছে, বিক্রি করবে। এই যে সেই চিঠি।’

ভদ্রলোক পকেট থেকে একটা চিঠি বার করে দিলেন। ফেলুদা সেটা পড়ে ফেরত দিয়ে বলল, ‘আপনাকে তো বিশ হাজার অফার করেছে, আপনি তাতে সন্তুষ্ট?’

‘আরেকটু বেশি হলে আরও খুশি হতাম, তবে নেই-মামার চেয়ে কানা মামা ভাল। মুক্তোটা যে মগনলালের কাছে আছে সে বিষয়ে আপনি শিওর?’

‘আমি নিজের চোখে দেখেছি।’

মতিলালবাবু একটুক্ষণ ভাবলেন। তারপর বললেন, ‘আপনি যদি মুক্তোটা চান, তা হলে তো আপনিই সেটা সুর্য সিংকে বিক্রি করবেন?’

‘তা তো বটেই, এবং তা হলেই আপনি আপনার শেয়ার পাবেন।’

‘তা হলে প্রথম কাজ হচ্ছে মগনলালের কাছ থেকে মুক্তোটা আদায় করা।’

‘সে ব্যাপারে আপনি আমাকে হেল্প করতে পারেন?’

‘আপনার কী দরকার?’

‘বেপরোয়া কাজ করতে পারে এমন কিছু লোক।’

মতিলালবাবু কয়েক মুহূর্ত মাথা হেঁট করে কী যেন ভাবলেন। তারপর বললেন, ‘একটা কথা আপনাকে বলি, মিস্টার মিস্তির—আজকাল শুধু সিনেমা হাউস চালিয়ে সংসার চলে না। লোকেরা সব বাড়িতে বসে ছবি দেখে। তাই কিছু একস্ট্রা রোজগারের রাস্তা দেখতে হয়।’

‘মানে গোলমেলে কাজ?’

‘কিন্তু আইন বাঁচিয়ে।’

‘তার মানে আপনার হাতে লোক আছে?’

‘মগনলালের যে রাইট-হ্যান্ড ম্যান—মনোহর—সে আমার দিকে চলে এসেছে। তা ছাড়া আরও দু-একজন লোক আমি দিতে পারি।’

‘ভেরি গুড।’

‘আপনি বলুন কখন কী করতে হবে।’

‘আজ রাত বারোটা। জ্ঞান-বাপীতে চলে আসুন আপনার লোক নিয়ে। আমরা ওখানে থাকব।’

‘ঠিক আছে। রাত বারোটা।’

‘আপনি আবার গোঁয়ারত্ব মি করছেন?’ বলে উঠলেন লালমোহনবাবু। ফেলুদা তাতে কানই দিল না। সে মতিলালবাবুকে বলল, ‘মগনলালের কিন্তু একটি পালোয়ান ভৃত্য আছে। তার সঙ্গে মোকাবিলা করার কথাটা ভুললে চলবে না।’

মতিলালবাবু হেসে বললেন, ‘আমার মনোহরও পালোয়ান। তার উপরে মাথায় বুদ্ধি রাখে।’

‘তা হলে ওই কথা রইল। রাত বারোটা, জ্ঞান-বাপী।’

মতিলালবাবু উঠে পড়ে বললেন, ‘একটা জরুরি কথা জিজ্ঞেস করা হয়নি। মুক্তোটা ও কোথায় রাখে জানেন?’

‘জানি। ও নিয়ে আপনি চিন্তা করবেন না।’

‘অল রাইট।’

ভদ্রলোক চলে গেলে ফেলুদাও বিছানা থেকে উঠে পড়ে বলল, ‘আমার নিরঞ্জনবাবুর সঙ্গে দু মিনিট দরকার আছে। সেটা সেরে দক্ষিণ হস্তের ব্যাপারটা সারা যাবে। বেশ খিদে পেয়েছে।’

৯

কাশীর মতো থমথমে রাত খুব কম জায়গাতেই দেখেছি। সেটা আরও বেশি মনে হয় এই জন্যে যে দিনের বেলা জায়গাটা লোকে জনে রঙে শব্দে ভরে থাকে। আমরা বারোটার সময় যখন জ্ঞান-বাপী পৌঁছলাম তখন একটা রাস্তার কুকুরের ডাক ছাড়া কোনও শব্দ নেই।

মিনিট পাঁচেক অপেক্ষা করার পর ফেলুদা একটা শেষ-করা চারমিনার পায়ের তলায় ফেলে চাপ দিতেই চাপা গলায় শোনা গেল, ‘মিস্টার মিস্তির!’ বুঝলাম মতিলাল বড়াল হাজির।

কতগুলো অঙ্ককার মূর্তি আমাদের দিকে এগিয়ে এল। ‘আমার সঙ্গে তিনজন লোক আছে। আপনি রওনা দেবার জন্য তৈরি?’

৫৬০

চাপা স্বরে প্রায় ফিসফিসিয়ে কথা হচ্ছে। ফেলুদাও সেইভাবেই বলল, ‘নিশ্চয়ই। আর, আমাদের গাইড করতে হবে না, আমরা রাস্তা জানি।’

‘তা হলে চলুন।’

অন্ধকারের মধ্যে দিয়ে আমরা এগিয়ে চললাম। ফেলুদা আর মতিলালবাবু দুজনেই দেখলাম রাস্তা খুব ভাল করে জানে, আর এই ঘুটঘুটে অন্ধকারেও বেশ দ্রুতই এগিয়ে চলেছে। এক জায়গায় একটা রাস্তার আলো টিমটিম করে জ্বলছিল। সেই আলোতে দেখে নিয়েছি মতিলালবাবুর তিনজন লোকের মধ্যে একজন ভীষণ যণ্ডা। বুঝলাম এই হচ্ছে মনোহর।

মগনলালের রাস্তার মুখে এসে সকলে থামল। ফেলুদা লালমোহনবাবুর দিকে এগিয়ে এসে ফিসফিস করে বলল, ‘আপনারা এইখানে অপেক্ষা করুন। আমাদের হয়তো মিনিট কুড়ি লাগবে।’

কথাটা বলে উত্তরের অপেক্ষা না করেই মতিলালবাবু আর ওই তিনজন লোকের সঙ্গে ফেলুদা মগনলালের বাড়ির দিকে এগিয়ে গেল।

কয়েক মিনিট দুজনেই চুপ করে দাঁড়িয়ে রইলাম। নিজেদের নিশ্বাস ফেলার শব্দ পাচ্ছি। অবশেষে লালমোহনবাবু হয়তো আর থাকতে না পেরে ফিসফিস করে বললেন, ‘ওই গুণ্ডাদের সঙ্গে তোমার দাদার যাবার কী দরকার ছিল বুঝতে পারলাম না।’

‘সেটা যথাসময়ে বুঝবেন।’

‘আমার ব্যাপারটা ভাল লাগছে না।’

‘ঠিক আছে। আমার মনে হয় কথা না বলাই ভাল।’

ভদ্রলোক চুপ করে গেলেন। খুব মন দিয়ে শুনলে দূর থেকে হারমোনিয়াম আর ঘুঙুরের শব্দ পাওয়া যায়। আকাশের দিকে চাইলাম। এত তারা কলকাতার আকাশে কোনওদিন দেখিনি। এই তারার আলোতেই চার পাশ আবছা আবছা দেখা যাচ্ছে। যতদূর মনে হয়, আজ অমাবস্যা।

বেশি সময় যায়নি, কিন্তু এখনই মনে হচ্ছে অনন্তকাল ধরে দাঁড়িয়ে আছে। কতক্ষণ হল? দশ মিনিট? পনেরো মিনিট? আশ্চর্য! মগনলালের বাড়িতে ডাকাতি হচ্ছে, এখান থেকে ত্রিশ হাত দূরে, কিন্তু তার কোনও শব্দ নেই।

আরও মিনিট পাঁচেক দাঁড়িয়ে থাকার পর পায়ের শব্দ পেলাম। একজনের বেশি লোক। এগিয়ে আসছে আমাদের দিকে।

ফেলুদারাই ফিরছে। কাছে এসে বলল, ‘চ।’

‘কাজ হল?’ রুদ্ধশ্বাসে জিজ্ঞেস করলেন জটায়ু।

‘খতম্,’ বলল ফেলুদা! তারপর মতিলালবাবুর দিকে ফিরে বলল, ‘অনেক ধন্যবাদ। আপনার শেয়ারের ব্যবস্থা আমি করে দেব।’

আমরা আমাদের হোটেলের দিকে হাঁটা দিলাম।

কথা হল একেবারে ঘরে ঢুকে।


‘কিছু বলুন, মশাই!’ আর থাকতে না পেরে বললেন লালমোহনবাবু।

‘আগে এইটে দেখুন।’

ফেলুদা পকেট থেকে লাল ভেলভেটের বাস্কাটা বার করে খাটের উপর রাখল।

‘সাবাস!’ বললেন লালমোহনবাবু। ‘কিন্তু কীভাবে হল ব্যাপারটা একটু বলুন। খুন-খারাপি হয়নি তো?’

‘সেই পালোয়ানটা মাথায় একটু চোট পেয়েছে, সেটা মনোহরের কীর্তি।’



‘কিন্তু ক্যাশবাক্স খুললেন কী করে ?’

‘যে ভাবে লোকে খোলে । চাবি দিয়ে ।’

‘এ কি ম্যাজিক নাকি ?’

‘নো স্যার । মেডিসিন ।’

‘মানে ?’

‘সাপ্লাইড বাই নিরঞ্জনবাবুর বন্ধু ডাক্তার চৌধুরী ।’

‘কী সব বলছেন আবোল তাবোল ? কীসের সাপলাই ?’

‘ক্লোরোফর্ম,’ বলল ফেলুদা। ‘শঠে শাঠ্যম্। এবার বুঝেছেন?’

পরদিন রাত সোয়া এগারোটায় দিল্লি এক্সপ্রেস ধরে তারপর দিন ভোর ছটায় দিল্লি পৌঁছলাম। এর আগের বার আমরা জনপথ হোটেলে ছিলাম, এবারও তাই রইলাম। ফেলুদা ঘরে এসে আর কিছু করার আগে বিভিন্ন হোটেলে ফোন করে খোঁজ নিতে আরম্ভ করল সুর্য সিং কোথায় আছে। দশ মিনিট চেষ্টা করার পর তাজ হোটেলে বলল, ‘হ্যাঁ, সুর্য সিং এখানেই আছেন। রুম থ্রি ফোর সেভেন।’

‘একবার তাঁর সঙ্গে কথা বলতে পারি কি?’

সৌভাগ্যক্রমে সুর্য সিং তাঁর ঘরেই ছিলেন। এক মিনিটে অ্যাপয়েন্টমেন্ট হয়ে গেল। সন্ধ্যা ছটা। হোটেলে ওঁর ঘরেই যেতে হবে। কী কারণ জিজ্ঞেস করেছিল, বলল ফেলুদা। ‘আমি তাকে পিংক পার্ল সংক্রান্ত ব্যাপার বলাতে তৎক্ষণাৎ টাইম দিয়ে দিল।’

দুপুর বেলাটা কিছু করার নেই। জনপথে একটা চিনে রেস্টোরাঁতে খেয়ে দোকানগুলো দেখে তিনটে নাগাত হোটেলে ফিরে এলাম একটু বিশ্রামের জন্য। পৌনে ছটায় বেরোতে হবে। লালমোহনবাবু ফেলুদাকে মনে করিয়ে দিলেন, ‘আপনার ইয়েটা নিতে ভুলবেন না।’

ছটায় তাজে পৌঁছে ফেলুদা প্রথমে নীচ থেকে ফোন করে জানিয়ে দিল যে আমরা এসেছি।

‘আমার ঘরে চলে আসুন,’ বললেন ভদ্রলোক।

তিনশো সাতচল্লিশে গিয়ে বেল টিপতে যে দরজা খুলল তাকে মনে হল সেক্রেটারি জাতীয় কেউ। বললেন, ‘আপনারা বসুন, উনি এফুনি আসছেন।’

ঘর বলতে যা বোঝায় এটা তা নয়; তিনটে ঘর জুড়ে একটা বিশাল সুইট। যেটায় ঢুকেছি সেটা সিটিং রুম। আমরা সোফায় গিয়ে বসলাম।

মিনিট পাঁচেক বসতেই ভদ্রলোক এসে পড়লেন।

ইনি যে অত্যন্ত ধনী সেটা এক ঝলক দেখলেই বোঝা যায়। গায়ে চোস্ত সুট, সোনার টাইপিন, পকেটে সোনার কলম। হাতে পাথর বসানো সোনার আংটি। বয়স পঞ্চাশের বেশি নয়। কানের দুপাশে চুলে পাক ধরেছে, বাকি চুল কালো, আর চাড়া দেওয়া গোঁফটাও কালো।

‘হু ইজ মিস্টার মিটার?’

ফেলুদা উঠে দাঁড়িয়ে পরিচয় দেওয়ার ব্যাপারটা সেরে নিল। ভদ্রলোক দেখলাম দাঁড়িয়েই রইলেন।

‘আপনার সঙ্গে পিংক পার্লের কী কানেকশন?’ ফেলুদাকে প্রশ্ন করলেন মিস্টার সিং।

ফেলুদা বলল, ‘আমি একজন প্রাইভেট ইনভেস্টিগেটর। জয়চাঁদ বড়াল মুন্ডোটা আমার জিন্মায় রেখেছেন যাতে ওটা নিরাপদ থাকে।’

‘কথাটা আমি বিশ্বাস করতে বাধ্য নই, মিস্টার মিটার। আপনি মালিকের কাছ থেকে যে মুন্ডোটা চুরি করেননি তার কী প্রমাণ?’

‘কোনও প্রমাণ নেই। আপনাকে আমার কথা মেনে নিতে হবে।’

‘আমি তাতে রাজি নই।’

‘তা হলে আমার একটা কথাই বলার আছে—আমি মুন্ডোটা দেব না। এটা যার জিনিস তাঁর কাছে ফেরত চলে যাবে।’

‘মুন্ডোটা দিতে আপনি বাধ্য।’



‘না মিস্টার সিং, আমি বাধ্য নই। নো ওয়ান ক্যান ফোর্স মি।’

চোখের পলকে সূর্য সিং-এর হাতে একটা রিভলভার চলে এল, আর তার পরমুহূর্তেই একটা কান-ফাটানো গর্জন।

কিন্তু সেটা সূর্য সিং-এর রিভলভার থেকে নয়, ফেলুদার কোণ্ট থেকে। সে সূর্য সিং-এর হাত নামানো দেখেই ব্যাপারটা বুঝে নিয়েছে। আর বিদ্যুৎবেগে নিজের রিভলভারটা বার করেছে।

গর্জনের সঙ্গে সঙ্গে সূর্য সিং-এর হাত থেকে তার রিভলভারটা ছিটকে বেরিয়ে একটা ঠং

শব্দ করে ঘরের পিছন দিকের মেঝেতে পড়ল ।

সূর্য সিং-এর চেহারা পালটে গেছে । তার চাউনিতে ঘৃণার বদলে এখন সন্ত্রম ।

‘আমি চল্লিশ গজ দূর থেকে বাঘ মেরেছি, কিন্তু তোমার মতো টিপ আমার নেই । ঠিক আছে, আমি তোমার নামেই চেক লিখে দিচ্ছি, তুমি মুক্তোটা আমাকে দাও ।’

ফেলুদা পকেট থেকে ভেলভেটের কৌটাটা বার করে সূর্য সিংকে দিল । কৌটাটা থেকে মুক্তোটা বার করে ডান হাতের বুড়ো আঙুল আর তর্জনীর মধ্যে ধরে সেটাকে ঘুরিয়ে-ফিরিয়ে দেখতে থাকলেন সূর্য সিং । তাঁর চোখ জ্বল জ্বল করছে ।

‘আমি এটাকে যাচাই করে নিলে আশা করি তোমার আপত্তি হবে না । এতগুলো টাকা...’

‘ঠিক আছে ।’

‘শঙ্করপ্রসাদ !’ হাঁক দিলেন সূর্য সিং । পাশের ঘর থেকে একজন ফিটফাট ভদ্রলোক বেরিয়ে এলেন, বছর চল্লিশেক বয়স, চোখে সোনার চশমা ।

‘স্যার ?’

‘একবার দেখো তো এই মুক্তোটা জেনুইন কি না ।’

শঙ্করপ্রসাদ মিনিটখানেক ঘুরিয়ে-ফিরিয়ে দেখেই সেটা সূর্য সিংকে ফেরত দিল ।

‘নো স্যার ।’

‘মানে ?’

‘এটা ফল্‌স । সস্তা সাদা কালচারড পার্লের উপর গোলাপী রং করে দেওয়া হয়েছে ।’

‘আর ইউ শিওর ?’

‘অ্যাবসোলিউটলি ।’

সূর্য সিং-এর মুখ লাল । কাঁপতে কাঁপতে ফেলুদার দিকে চাইলেন । তাঁর কথা বলতেও যেন কষ্ট হচ্ছে ।

‘ইউ-ইউ—মেকি জিনিস আমাকে পাচার করছিলে ?’

ফেলুদার মুখ হাঁ হয়ে গেছে ।

‘তা হলে বড়ালের বাড়িতেই নিশ্চয়ই ফল্‌স মুক্তো ছিল,’ বলল ফেলুদা ।

‘তোমার রিভলভার নামাও ।’

ফেলুদা নামাল ।

‘এই নাও তোমার বুঠা মোতি ।’

ফেলুদা বাক্সসমেত মুক্তোটা সূর্য সিং-এর হাত থেকে নিল ।

‘নাউ গেট আউট ।’

আমরা তিনজন সুবোধ বালকের মতো ঘর থেকে বেরিয়ে চলে এলাম । যখন লিফ্টে উঠছি তখন দেখলাম ফেলুদার কপালে গভীর খাঁজ ।

কলকাতা ফেরার পথে ট্রেনে ফেলুদা একটা কথাও বলল না । এমন অবস্থায় যে সে কোনওদিন পড়েনি সেটা আর কেউ না জানুক, আমি তো জানি ।

আমরা ফিরলাম রাত্রে । পরদিন সকালে আমার ঘর থেকে শুনতে পেলাম ফেলুদা গুন গুন করে গান গাইছে ।

আমি বসবার ঘরে এসে দেখি ও পায়চারি করছে আর ‘আলোকের এই ঝর্ণাধারায়’-এর সুরটা ভাঁজছে । আমাকে দেখেও সে পায়চারি, গান কোনওটাই থামল না । আমি অবশ্য খুশি । ফেলুদাকে মনমরা দেখতে আমার মোটেও ভাল লাগে না ।

মিনিট পাঁচেকের মধ্যেই লালমোহনবাবুর গাড়ির হর্ন শোনা গেল। আমি দরজাটা খুলে দিলাম, ভদ্রলোক ঢুকলেন।

‘প্রাতঃ প্রণাম!’ ঘাড় হেঁট করে হাতজোড় করে বলল ফেলুদা। ‘আসতে আজ্ঞা হোক!’

লালমোহনবাবু কেমন যেন থতমত খেয়ে একটা বোকা হাসি হেসে বললেন, ‘আপনি কি তা হলে...?’

‘আমি অন্ধকার পছন্দ করি না, লালমোহনবাবু, তাই সেখানে আমাকে বেশিক্ষণ ফেলে রাখা চলে না। ফলস্ মুক্তোটা যে আপনার গড়পারের সেকরা বন্ধুর কীর্তি সেটা আমি বুঝেছি, আর এটা যে আপনার এবং আমার ভ্রাতার যৌথ প্রয়াস সেটা বুঝেছি, কিন্তু কবে কখন—’

‘বলছি, স্যার, বলছি,’ বললেন লালমোহনবাবু। ‘অপরাধ নেবেন না কাইডলি। আর আপনার ভাইটিকেও মাপ করে দেবেন। আপনি মগনলালের হুমকি যেরকম বেপরোয়া ভাবে নিলেন, তাতে আমি অত্যন্ত উদ্বেগ বোধ করছিলুম। ও মুক্তোটা পেয়ে যাবে এই চিন্তাটাই আমি বরদাস্ত করতে পারছিলুম না। ও তিন দিন সময় দিয়েছিল সোম, মঙ্গল, বুধ। মঙ্গলবার আমি সকালে আসি। আপনি চুল ছাঁটাতে গেলেন, মনে আছে তো? সেই সময় তপেশ আপনার চাবি দিয়ে আলমারি খুলে মুক্তোটা বার করে আমায় দেয়। এক দিনেই ডুপ্লিকেট হয়ে যায়। বুধবার ওটা তপেশকে এনে দিই, ও সুযোগ বুঝে সেটা আলমারিতে রেখে দেয়। যা করেছি তা শুধু আপনার মঙ্গলের জন্য, বিশ্বাস করুন।’

‘আপনাদের ফন্দি অবিশ্যি তারিফ করার মতোই।’

‘আপনি সেদিন যখন মগনলালকে বললেন মুক্তোটা ফলস্, তখন আমি ভেবেছিলাম আপনি আমাদের কারসাজি ধরে ফেলেছেন।’

‘না ধরিনি। আপনাদের পক্ষে এতটা মাথা খাটানো সম্ভব সেটা ভাবতে পারিনি। আসলে আপনারা যে ফেলু মিস্তিরের এত কাছে থাকেন সেটা ভুলে গিয়েছিলাম।’

‘জয়চাঁদবাবু নিশ্চয়ই আরও ভাল অফার পাবেন।’

‘অলরেডি পেয়েছেন। কাল এসে সোমেশ্বরের একটা চিঠিতে জানলাম। এক আমেরিকান ভদ্রলোক। এক লাখ পঁচিশ অফার করেছেন।’

‘বাঃ, এ তো সত্যিই সুখবর।’

ফেলুদা এবার আমার দিকে ফিরল। আমি একটা গাঁট্টা কি রদা এক্সপেক্ট করছিলাম, তার বদলে ও আমার কাঁধে হাত দিয়ে বলল, ‘তোকে একটা অ্যাডভাইস দিই। এই ঘটনাটার বিষয় যখন লিখবি, তখন তাদের এই কীর্তিটার কথা একেবারে শেষে প্রকাশ করবি। নইলে গল্প জমবে না।’

আমি অবিশ্যি তাই করেছি। লোকে আশা করি আমার এই কারচুপিটা মাইন্ড করবে না।

‘তা হলে এবার আসলটা আপনাকে দিয়ে দিই?’ বললেন লালমোহনবাবু।

‘ইয়েস, ইফ ইউ প্লিজ, মিস্টার গান্ধুলী।’

জটায়ু পকেট থেকে লাল ভেলভেটের কৌটোটা বার করে ফেলুদাকে দিল। ফেলুদা বাক্সটা খুলে জানালার কাছে গিয়ে আলোতে ধরল।

গোলাপী মুক্তা সগৌরবে বিরাজমান।



লন্ডনে ফেলুদা

১

‘টেলিভিশনটা কিনে কোনও লাভ হল না মশাই,’ বললেন লালমোহনবাবু। ‘দেখার মতো কিস্যু থাকে না। রামায়ণ মহাভারত দুটোই দেখতে চেষ্টা করেছি। পাঁচ মিনিটের বেশি স্ট্যান্ড করা যায় না।’

‘আপনি যে খেলাধুলোয় ইন্টারেস্টেড নন,’ বলল ফেলুদা। ‘তা হলে দেখতেন মাঝে মাঝে বেশ ভাল প্রোগ্রাম থাকে। টেনিস, ক্রিকেট, ফুটবল—কোনওটাই বাদ নেই। যেমন দেশের খেলা, তেমনি বিদেশের খেলা।’

‘তবে ওরা আমার একটা গল্প থেকে টি ভি সিরিয়াল করতে চাচ্ছে।’

‘বাঃ, এ তো ভাল খবর।’

‘ভাল মানে? প্রখর রুদ্ধ করবে এমন কোনও অ্যাকটর আছে বাংলাদেশে? অথচ ও দেশে দেখুন—সুপারম্যানের জন্য পর্যন্ত লোক পেয়ে গেল। মনে হয় একেবারে বইয়ের পাতা থেকে উঠে এসেছে।’

আমাদের পাড়ায় কোনও বড় পুজো নেই। তবে একটু দূরেই আছে, সেখান থেকে মাঝে মাঝে লাউডস্পিকারে হিন্দি গান ভেসে আসছে। লালমোহনবাবু তার সঙ্গে গলা মেলাতে চেষ্টা করে পারছেন না। গানটা ভদ্রলোকের একেবারেই আসে না, যদিও বলেন ওঁর দাদামশাই নাকি খান ত্রিশেক ওস্তাদি গান রেকর্ড করেছিলেন।

চা এক প্রস্থ হয়ে গেছে, আরেকবার হবে কি না ভাবছি এমন সময় বাইরে গাড়ি থামার শব্দ পেলাম। আর তার পরেই ডোরবেল।

দরজা খুলে দেখি এক লম্বা চওড়া ধবধবে ফরসা ভদ্রলোক দাঁড়িয়ে আছেন।

‘এটা কি প্রদোষ মিত্রের বাড়ি?’

‘আজ্ঞে হ্যাঁ—আসুন ভিতরে।’ ফেলুদা সোফা থেকে উঠে দাঁড়িয়েছে।

ভদ্রলোক ঘরে ঢুকলেন। ধূতি, পাঞ্জাবি আর কাঁধে সাদা চাদর। পায়ে সাদা পাম্প শূ। আভিজাত্য ফুটে বেরোচ্ছে সমস্ত শরীর থেকে।

‘বসুন,’ বলল ফেলুদা।

ভদ্রলোক একটা সোফায় বসে লালমোহনবাবুর দিকে জিজ্ঞাসু দৃষ্টি দিলেন। ‘ইনি আমার বন্ধু লালমোহন গাঙ্গুলী,’ বলল ফেলুদা। লালমোহনবাবু একটা নমস্কার করলেন, কিন্তু ভদ্রলোক যেন সেটা দেখেও দেখলেন না। পায়ের উপর পা তুলে গিলে করা ধূতির কোঁচটাকে সমস্ত কোলের উপর রেখে বললেন, ‘আপনার কথা আমায় বলে পাইকপাড়ার সাধন চক্রবর্তী।’

‘ওঁর একটা তদন্তের সঙ্গে আমি জড়িত ছিলাম,’ বলল ফেলুদা।

‘ভদ্রলোক আপনার সুখ্যাতি করলেন, তবে ডিটেল কিছু দেননি। আপনি কদিন ধরে করছেন এ কাজ?’

‘বছর দশেক হল।’

‘সিসটেমটা দিশি না বিলিতি?’

‘যে কেসে যেমনটা দরকার হয় আর কী।’

‘আই সি...’

‘আপনার সমস্যাটা কী সেটা যদি বলেন...’

‘সেটাকে সমস্যা বলা চলে কি না জানি না। সেটা আপনিই বিচার করবেন।’

ভদ্রলোক পকেট থেকে একটা খাম বার করলেন। তারপর তার থেকে সযত্নে একটা ছবি বার করে ফেলুদাকে দিলেন। আমি ফেলুদার কাঁধের উপর দিয়ে দেখলাম ফিকে হয়ে যাওয়া পুরনো একটা ফোটোগ্রাফ, তাতে রয়েছে পাশাপাশি দাঁড়িয়ে পরস্পরের কাঁধে হাত দিয়ে দুজন প্যান্ট-শার্ট পরা ছেলে। তাদের বয়স ষোলো-সতেরোর বেশি নয়।

‘এর মধ্যে কাউকে চিনছেন কি?’ ভদ্রলোক প্রশ্ন করলেন।

‘বাঁ দিকের জন তো আপনি,’ বলল ফেলুদা।

‘হ্যাঁ, ওই একজনকেই আমিও চিনতে পারছি।’

‘অন্যটি আপনার বন্ধু অবশ্যই।’

‘দেখে তো তাই মনে হয়, তবে ওর পরিচয় ধরতে পারিনি। ছবিটা আমি সম্প্রতি পেয়েছি। একটা দেবরাজের কাগজপত্রের তলায় ছিল। আপনাকে আমি একটিমাত্র কাজ দিতে এসেছি। ভেবে দেখুন সেটা নেবেন কি না।’

‘কী কাজ?’

‘আমার সঙ্গে ওই ছেলেটি কে সেটা আমার জানা চাই। এর পরিচয় আপনাকে অনুসন্ধান করে উদঘাটন করতে হবে। ও কোথায় আছে, কী করে, আমার সঙ্গে পরিচয় হল কবে, কী করে—সে সব আমার জানা চাই। সেটা করলেই আপনার কাজ শেষ। এর জন্য আপনার পুরো পারিশ্রমিক আমি দেব।’

‘আমার আগে জানা দরকার আপনি নিজে কোনও খোঁজ করেছেন কি না।’

‘ক্লাবে আমার স্কুল-কলেজের কয়েকজন সহপাঠী আছে, আমি তাদের দেখিয়েছি। তারা কেউ চিনতে পারেনি। আপনি লক্ষ্য করবেন ছেলেটি বাঙালি কি না তাও বোঝা শক্ত।’

‘চুলটা তো কালো, তবে চোখ দুটো যেন একটু কটা। আপনার সাহেব বন্ধু ছিল কখনও?’

‘আমি ইংল্যান্ডে চার বছর স্কুলে আর এক বছর কলেজে পড়ি। বাবা ওখানে ডাক্তারি করতে গিয়েছিলেন। তারপর অবিশ্যি আমরা সবাই দেশে ফিরে আসি। ফিরে আসার আগে ইংল্যান্ডের কোনও কথা আমার মনে নেই, কারণ ওখানে থাকতে বাইসিকল থেকে পড়ে গিয়ে আমার স্কাল ফ্র্যাকচার হয়ে যায়। তার ফলে পাঁচ-সাত বছরের স্মৃতি আমার মন থেকে লোপ পেয়ে গেছে।’

‘কোন স্কুল আর কলেজে পড়েছিলেন সেটা মনে নেই?’

‘বাবা বলেছিলেন। সে-ও অনেক বছর আগে। কলেজ বোধহয় কেমব্রিজ। স্কুলের নাম মনে নেই।’

‘স্মৃতি ফিরিয়ে আনার জন্য কোনও ওষুধ-টষুধ খাচ্ছেন না?’

‘অ্যালোপ্যাথিক খেয়েছি। তাতে কোনও কাজ হয়নি। এখন একটা কবিরাজি ওষুধ খাচ্ছি।’

‘ইংল্যান্ড থেকে ফিরে কী হয়?’

‘সেন্ট জেভিয়ার্সে ভর্তি হই। বাবাই সব ব্যবস্থা করে দেন, কারণ তখনও আমি সম্পূর্ণ সুস্থ হইনি।’

‘সেটা কোন বছর?’

‘ফিফটি টু। ইন্টারমিডিয়েটে ভর্তি হই।’

‘হুঁ...।’

ফেলুদা ছবিটা হাতে নিয়ে মিনিটখানেক ভাবল। তারপর প্রশ্ন করল, ‘আপনার কি মনে হয় এই ছেলের সঙ্গে কোনও একটা বিশেষ ঘটনা জড়িয়ে আছে?’

‘সেরকম মনে হয়েছে। এক-এক সময় আবছা আবছা স্মৃতি ফিরে আসে, আর তখন যেন



একে দেখতে পাই। কিন্তু এর পরিচয় অজানাই থেকে যায়। অত্যন্ত অস্বস্তিকর ব্যাপার। যার সঙ্গে এত বন্ধুত্ব ছিল সে কে, সে এখন কোথায় আছে, কী করে, আমাকে মনে রেখেছে কি না, এ সব জানার জন্য প্রবল কৌতূহল হয়। কাজটা সহজ না বুঝতে পারছি, কিন্তু সেই কারণেই হয়তো আপনি ইন্টারেস্টেড হতে পারেন।’

‘ঠিক আছে। কাজটা আমি নিচ্ছি। তবে এতে কত সময় লাগবে তা আমি বলতে পারছি না। আর ধরুন যদি বিলেন যেতে হয়?’

‘তা হলে আপনার এবং আপনার অ্যাসিস্ট্যান্টের প্লেন ভাড়া আমি দেব, ওখানে হোটেলে থাকার খরচ আমি দেব, যে পাঁচশো ডলার আপনাদের প্রাপ্য তার টাকার্টা আমি দেব। বুঝতেই পারছেন আমি এর পরিচয় পাবার জন্য কতটা আগ্রহী।’

‘আপনার বাবা কি—?’

‘মারা গেছেন। বিলেত থেকে ফেরার পাঁচ বছরের মধ্যেই। মা-ও মারা গেছেন দশ বছর হল। আমার স্ত্রী বর্তমান। একটিই সন্তান আছে—আমার মেয়ে। সে বিয়ে করে দিল্লিতে রয়েছে। স্বামী আই. এ. এস.। এই হল আমার কার্ড। এতে আমার নাম ঠিকানা ফোন নম্বর সবই পাবেন।’

কার্ডটা দেখলাম। নাম—রঞ্জন কে. মজুমদার; ঠিকানা—১৩ রোল্যান্ড রোড; ফোন—২৮-৭৪০১।

ফেলুদা বলল, ‘আমি আপনার সঙ্গে অবশ্যই যোগাযোগ রাখব। কোনও প্রয়োজন হলে আশা করি আপনি আমাকে সাহায্য করবেন।’

‘সম্ভব হলে নিশ্চয়ই করব।’

ভদ্রলোক উঠে পড়ে বললেন, ‘ছবিটা তা হলে আপনার কাছেই রইল।’

‘হ্যাঁ। ওটার একটা কপি করে ওরিজিনালটা আপনাকে ফেরত দিয়ে দেব। ভাল কথা—আপনি কী করেন সেটা তো জানা হল না।’

‘সরি। আমারই বলা উচিত ছিল। আমি চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট। বি. কম পাশ করি সেন্ট জেভিয়ার্স থেকেই। লী অ্যান্ড ওয়াটকিনস্ হচ্ছে আমার আপিসের নাম।’

‘থ্যাক্স ইউ।’

‘আসি তা হলে। গুড ডে।’

‘অভিনব মামলা,’ ভদ্রলোকের গাড়ি চলে যাবার পর বললেন লালমোহনবাবু।

‘সে বিষয়ে সন্দেহ নেই,’ বলল ফেলুদা। ‘এমন কেস আর পেয়েছি বলে তো মনে পড়ে না।’

‘একবার ছবিটা দেখতে পারি কি?’

ফেলুদা ছবিটা জটায়ুকে দিল। ভদ্রলোক ভুরু কুঁচকে সেটার দিকে কিছুক্ষণ চেয়ে থেকে বললেন, ‘সাহেব না ইন্ডিয়ান তা বোঝার কোনও উপায় নেই। এ কেস আপনি কীভাবে কনডাক্ট করবেন তা আমার মাথায় আসছে না।’

‘আপনার মাথার প্রয়োজন নেই। ফেলু মিস্ত্রির মাথায় এলেই হল।’

২

ফেলুদার একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট মক্কেল ছিল, নাম ধরণী মুখার্জি। ফেলুদা টেলিফোনে তার সঙ্গেই যোগাযোগ করল। ভদ্রলোক বললেন, রঞ্জন মজুমদারকে খুব ভাল করে চেনেন, কারণ দুজনেই স্যাটার্ডে ক্লাবের মেম্বার। রঞ্জনবাবু কীরকম লোক জিজ্ঞেস করাতে ধরণীবাবু বললেন যে, তিনি একটু চাপা ধরনের লোক, বিশেষ মিশুকে নন, বেশিরভাগ সময় ক্লাবে চুপচাপ একা বসে থাকেন। ড্রিংক করেন—তবে মাত্রাতিরিক্ত নয়। রঞ্জনবাবু যে ছেলেবেলায় কিছুকাল বিলেতে ছিলেন সে কথাও ধরণীবাবু জানেন, কিন্তু তার বাইরে আর কিছুই বিশেষ জানেন না।

১৯৫২-তে সেন্ট জেভিয়ার্সে ইন্টারমিডিয়েটে কে কে ছাত্র ছিল তার হদিস পেতে ফেলুদার বিশেষ বেগ পেতে হল না। সেই ছাত্রদের তালিকায় খুব ভাল করে চোখ বুলিয়ে ফেলুদা বলল, ‘এর মধ্যে একজনের নাম চেনা চেনা মনে হচ্ছে। যদূর মনে হয় ভদ্রলোক হোমিওপ্যাথি করেন।’ বাড়ি ফিরে এসে বলল, ‘তোপসে, ডাক্তার হীরেন বসাকের নামটা ডিরেক্টরিতে বার করে ভদ্রলোকের টেলিফোন নাম্বারটা আমায় দে তো।’

আমি দু মিনিটে কাজটা সেরে দিলাম। ফেলুদা সেই নম্বরে ফোন করে একটা অ্যাপয়েন্টমেন্ট
৫৭০

চাইল। ডাক্তার ফেলুদার নাম শুনেই হয়তো পরদিন সকালেই সময় দিয়ে দিলেন—সাড়ে এগারোটা।

কেস কেমন যাচ্ছে খবর নিতে পরদিন সকালে লালমোহনবাবু এসেছিলেন। আমরা তাঁর গাড়িতেই ডাক্তারের চেম্বারে গেলাম।

ওয়েইটিং রুমে ভিড় দেখেই বোঝা যায় ডাক্তারের পসার ভাল। ডাক্তারের সহকারী ‘আসুন, আসুন’ বলে ফেলুদাকে একেবারে আসল ঘরে নিয়ে গিয়ে ঢোকাল; পিছন পিছন অবশ্য আমরা দুজনও ঢুকলাম।

ডাক্তার বসাক ফেলুদাকে দেখে হাসিমুখে চেয়ার ছেড়ে উঠে দাঁড়ালেন।

‘কী ব্যাপার? আপনার তো বড় একটা ব্যারাম-টারাম হয় না।’

‘ব্যারাম না,’ ফেলুদা হেসে বলল। ‘একটা তদন্তের ব্যাপারে আপনাকে একটা প্রশ্ন করতে এসেছি।’

‘কী প্রশ্ন?’

‘আপনি কি সেন্ট জেভিয়ার্সের ছাত্র ছিলেন?’

‘হ্যাঁ, তা ছিলাম।’

‘আমার আসল প্রশ্নটা হল—এই দুটি ছেলেকে কি চিনতে পারছেন?’

ফেলুদা পকেট থেকে সেলোফেনে মোড়া ছবিটা বার করে ডাক্তার বসাকের হাতে দিল। এক দিনের মধ্যেই ছবিটার কপি করিয়ে নিয়ে আসল ছবিটা ফেলুদা রঞ্জনবাবুকে ফেরত দিয়ে এসেছে। ডাক্তার ভুরু কঁচকে ছবিটার দিকে কিছুক্ষণ চেয়ে থেকে বললেন, ‘এদের মধ্যে একজন তো মনে হয় আমাদের সঙ্গে পড়ত। রঞ্জন। হ্যাঁ, রঞ্জনই তো নাম।’

‘আমি বিশেষ করে অন্যজনের সম্বন্ধে জানতে চাইছি।’

ডাক্তার ছবিটা ফেরত দিয়ে মাথা নেড়ে বললেন, ‘অন্যটিকে কস্মিনকালেও দেখিনি আমি।’

‘আপনাদের সঙ্গে সেন্ট জেভিয়ার্সে পড়ত না?’

‘ডেফিনিটলি না।’

ফেলুদা ছবিটা আবার সেলোফেনে মুড়ে পকেটে রেখে দিল।

‘আপনি তা হলে বলছেন আপনার ক্লাসের অন্য ছেলেদের জিজ্ঞেস করেও খুব একটা লাভ নেই?’

‘আমার তো মনে হয় বৃথা সময় নষ্ট।’

‘তাও, আপনি একটা কাজ করে দিলে আমি খুব উপকৃত হব।’

‘কী?’

ফেলুদা পকেট থেকে সেন্ট জেভিয়ার্সের ছাত্রদের তালিকাটা বার করে ডাক্তার বসাককে দেখাল।

‘এর মধ্যে কারুর বর্তমান খবর জানেন?’

আমি বুঝলাম ফেলুদা সহজে ছাড়ছে না।

ডাক্তার তালিকাটার উপর চোখ বুলিয়ে বললেন, ‘একজনের খবর জানি। জ্যোতির্ময় সেন। ইনিও ডাক্তার, তবে অ্যালোপ্যাথ।’

‘কোথায় থাকেন বলতে পারেন?’

‘হেস্টিংস। ঠিকানাটাও আপনি টেলিফোনের বইয়েতেই পেয়ে যাবেন।’

‘থ্যাক্স ইউ, স্যার।’

গাড়িতে উঠে লালমোহনবাবু বললেন, ‘স্কুল-কলেজের বাইরেও তো বন্ধু হয় মশাই। অ্যাট প্রেজেন্ট আমার যে কজন বন্ধু আছে তাদের কেউই আমার সহপাঠী ছিল না।’



‘এটা ঠিকই বলেছেন,’ বলল ফেলুদা। ‘আমার মনে হয় শেষ পর্যন্ত খবরের কাগজে ছবি দিয়ে এনকোয়ারি করতে হবে। তবে আগে এই হেস্টিংসের ডাক্তারকে একটু বাজিয়ে দেখা যাক।’

জ্যোতির্ময় সেন আমাদের অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন তিন দিন পরে, সকাল সাড়ে নটায়। ফেলুদার নাম শুনেছেন, যথেষ্ট সন্ত্রমের সঙ্গে কথা বললেন, আর বললেন উনি দশটায় চেম্বারে যান, তার আগেই আমাদের সঙ্গে কাজটা সেরে নিতে চান। ফেলুদা বলল, ‘আর এটাও জানিয়ে রাখি যে এর সঙ্গে ব্যারামের কোনও সম্পর্ক নেই; ব্যাপারটা আমার একটা তদন্তের সঙ্গে সংশ্লিষ্ট।’

লালমোহনবাবুও অ্যাপয়েন্টমেন্টের কথাটা জেনে নিয়েছিলেন; তাঁর গাড়িতেই আমরা শুক্রবার সকালে ঠিক সাড়ে নটায় হেস্টিংসে জ্যোতির্ময় সেনের বাড়ি পৌঁছে গেলাম।

এঁর পসার যে ভাল সেটা বাড়ি দেখেই বোঝা যায়। বেয়ারা এসে সেলাম ঠুকে আমাদের বসবার ঘরে নিয়ে গিয়ে বসিয়ে বলল, ‘ডাক্তারবাবু পাঁচ মিনিটের মধ্যেই আসবেন।’

লালমোহনবাবু গলা নামিয়ে ফেলুদাকে প্রশ্ন করলেন, ‘আপনি কার বিষয় জানতে চাইবেন—রঞ্জন মজুমদার, না ছবির অন্য ছেলেটি?’

ফেলুদা বলল, ‘রঞ্জন মজুমদার লোকটাকে একটু ভাল করে জানা দরকার। এখন পর্যন্ত খুবই সামান্য জানি। তাঁর বন্ধুর বিষয় এই ডাক্তার কিছু বলতে পারবেন বলে মনে হয় না।’

ফেলুদার কথা শেষ হবার সঙ্গে সঙ্গেই জ্যোতির্ময়বাবু এসে গেলেন।

‘আপনি তো প্রদোষ মিত্র,’ বললেন ভদ্রলোক সোফায় বসে। ‘অবিশ্যি ফেলুদা নামেই বেশি প্রসিদ্ধ। ইনি তো তোপসে, বুঝতেই পারছি, আর ইনি নিশ্চয়ই জটায়ু। আপনার তদন্তের সব কাহিনী আমার বাড়ির ছেলে বুড়ো সবাই পড়ে, তাই আপনাকে একরকম আত্মীয় বলেই মনে হয়। বলুন, কী প্রয়োজন আপনার।’

‘এই ছবির দুজনের একজনকেও চেনেন?’

‘এ তো দেখছি রঞ্জন মজুমদার। পরিষ্কার মনে পড়ছে এ চেহারা। এই দ্বিতীয় ছেলেটাকে চিনলাম না।’

‘কলেজে আপনাদের ক্লাসে ছিল না?’

‘উহ—তা হলে মনে থাকত।’

‘তা হলে এই রঞ্জন মজুমদার সম্বন্ধে দু-একটা প্রশ্ন করব।’

‘কলেজে রঞ্জন আমার ইন্টিমেট বন্ধু ছিল। আমরা দুজনে এক বেঞ্চে বসতাম, একসঙ্গে সিনেমা দেখতাম। ও আমার হয়ে প্রক্সি দিত, আমি ওর হয়ে দিতাম। অবিশ্যি এখন আর কোনও যোগাযোগ নেই।’

‘কীরকম ছেলে ছিলেন তিনি? অর্থাৎ, মানুষ হিসেবে কীরকম?’

জ্যোতির্ময় সেন ভুরু কুঁচকে একটু ভাবলেন। তারপর বললেন, ‘একটু খ্যাপাটে গোছের। অবিশ্যি সেটা আমি মাইন্ড করতাম না।’

‘খ্যাপাটে কেন বলছেন?’

‘কারণ ওই বয়সে অত ষ্ট্রং ন্যাশনালিস্ট ফিলিং আমি কারুর মধ্যে দেখিনি। এটা মনে হয় ওর ঠাকুরদাদার কাছ থেকে পাওয়া। রঘুনাথ মজুমদার। ইয়াং বয়সে টেররিস্ট দলে ছিলেন, বোমা-টোমা তৈরি করতেন। রঞ্জনের বাবার মধ্যেও বোধহয় এ জিনিসটা ছিল। বিলেতে ডাক্তারি করতেন। কোন এক সাহেবের সঙ্গে বেনেদি বলে আবার দেশে ফিরে আসেন।’

‘বিলেতে থাকার সময় রঞ্জনবাবু তো ওখানকার স্কুলে পড়তেন।’

‘তা পড়ত হয়তো, কিন্তু সে সম্বন্ধে ও নিজে কিছুই বলেনি। ওর তো ওখানে একটা বিশ্রী অ্যাক্সিডেন্ট হয়—সে বিষয় জানেন বোধহয়?’

‘হ্যাঁ। উনি নিজেই বলেছিলেন।’

‘তার ফলে ও পাঁচ-সাত বছরের ঘটনা একদম ভুলে যায়। অর্থাৎ বিলেতের সব ঘটনাই ওর মন থেকে লোপ পেয়ে যায়।’

‘তা হলে ওখানে কার সঙ্গে পরিচয় হয়েছিল না-হয়েছিল সেটাও জানবার কোনও উপায় নেই?’

‘না। যদি না ঘটনাচক্রে স্মৃতি আবার ফিরে আসে। তবে এটা বলে রাখি—রঞ্জন খুব সাধারণ ছেলে ছিল না। অসুখে ওর কী ক্ষতি করেছিল জানি না—বা ইংল্যান্ডের ছাত্র অবস্থা ওর কীরকমভাবে কেটেছে জানি না, কিন্তু ওর মধ্যে একটা ব্যক্তিত্ব ছিল যেটা ওই বয়সেও বোঝা যেত।’

পরদিন সকালে টেলিফোনে অ্যাপয়েন্টমেন্ট করে আমি আর ফেলুদা রঞ্জন মজুমদারের বাড়ি গেলাম। ‘কদ্দুর এগোলেন?’ ভদ্রলোক জিজ্ঞেস করলেন।

‘এই ছেলেটি যে কলকাতায় আপনার সহপাঠী ছিল না সেটা জানতে পেরেছি। এবার একটা স্টেপ নেব ভাবছি যেটা নিয়ে আপনার সঙ্গে আলোচনা করতে চাই এবং আপনার অনুমতি চাই।’

‘কী স্টেপ?’

‘এই ছবি থেকে অচেনা ছেলের ছবিটা খবরের কাগজে ছাপতে চাই—একটা বিজ্ঞাপনে। কলকাতা আর দিল্লির কাগজে দিলেই হবে।’

ভদ্রলোক একটু ভেবে বললেন, ‘আমার নামের কোনও উল্লেখ থাকবে না তো?’

‘মোটাই না,’ বলল ফেলুদা। ‘আমি শুধু জানতে চাই এই ছেলের পরিচয় কেউ জানে কি না। যদি জানে তা হলে আমার সঙ্গে যেন যোগাযোগ করে। আমার নাম-ঠিকানা থাকবে।’

‘ঠিক আছে। আপনার ইনভেস্টিগেশনের জন্য যা যা করার দরকার সে তো আপনাকে করতেই হবে। আমার কোনও আপত্তি নেই।’

৩

পাঁচ দিন পরে রবিবারে কলকাতা আর দিল্লির স্টেটসম্যানে বিজ্ঞাপনটা বেরোল।

প্রথম দিন কোনও ফলাফল নেই, কেউ যোগাযোগ করল না।

‘বোঝাই যাচ্ছে কলকাতার কেউ নয়; তা হলে এর মধ্যে টেলিফোন এসে যেত’, বলল ফেলুদা।

বুধবার সকালে ফেলুদার একটা ফোন এল। গ্র্যান্ড হোটেল থেকে। জন ডেক্সটার বলে একজন টুরিস্ট। তিনি একটা অস্ট্রেলিয়ান দলের সঙ্গে ভারতবর্ষ ভ্রমণে বেরিয়েছেন, দিল্লিতে এসে আচমকা কাগজে ছবিটা দেখেই স্থির করেছিলেন কলকাতায় এসে ফেলুদার সঙ্গে যোগাযোগ করবেন। বললেন আজই বিকেলে কাঠমাণ্ডু চলে যাচ্ছেন, দুপুর একটা নাগাত আমাদের বাড়ি আসতে পারেন।

ফেলুদা অবশ্যই হ্যাঁ বলল। সে বেশ উত্তেজিত। বিজ্ঞাপনের যে কোনও ফল হবে সেটা ও আশা করেনি।

একটার কাছাকাছি একটা ট্যাক্সি এসে আমাদের বাড়ির সামনে দাঁড়াল। ফেলুদা দরজা খুলল। ট্যাক্সি থেকে নেমে এক বছর পঞ্চাশের সাহেব ফেলুদার দিকে এগিয়ে এল।

‘মিস্টার মিটার?’

‘ইয়েস—প্লিজ কাম ইন।’

ভদ্রলোক ভিতরে এসে ঢুকলেন। গায়ের চামড়া রোদে পুড়ে একটা বাদামি রঙে এসে দাঁড়িয়েছে। বোঝাই যায় ভদ্রলোক বেশ কিছু দিন হল ভারত দর্শন করে বেড়াচ্ছেন।

ভদ্রলোক বসার পরে ফেলুদা জিজ্ঞেস করল, ‘আপনি কাগজের ছবিটা দেখেছেন?’

‘সেটা দেখেছি বলেই তো আসছি। অ্যাডিন পরে আমার খুড়তুতো ভাই পিটার ডেক্সটারের ছবি কাগজের বিজ্ঞাপনে দেখে অবাক লাগল।’

‘এ বিষয়ে আপনি নিশ্চিত যে এটা আপনার খুড়তুতো ভাইয়ের ছবি?’

‘হ্যাঁ, তাতে কোনও সন্দেহ নেই। তবে আমি খুব অল্প বয়সে অস্ট্রেলিয়া চলে যাই। তারপরে আর পিটারের খবর রাখিনি। ইন ফ্যাক্ট, আমার ফ্যামিলির সঙ্গেও আমার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। তাই ওরা এখন কে কী অবস্থায় আছে তা বলতে পারব না। এইটুকু মনে আছে যে পিটারের বাবা—আমার কাকা—মাইকেল ডেক্সটার ইন্ডিয়ান আর্মিতে ছিলেন। আমার মনে হয় ইনডিপেনডেন্সের পরে উনি আবার দেশে ফিরে যান।’

‘পিটারই কি ওঁর একমাত্র ছেলে ছিল?’

‘ওঃ নো! সবসুদ্ধ সাতজন সন্তান ছিল মাইকেল ডেক্সটারের। পিটার ছিল ষষ্ঠ। বড় ছেলে জর্জও ইন্ডিয়ান আর্মিতে ছিল।’

‘মাইকেল ডেক্সটার বিলেতে কোথায় থাকতেন?’



‘কাউন্টিটা মনে আছে। নরফোক। শহরের নাম মনে নেই।’

‘এতেও অনেক কাজ হল।’

জন ডেক্সটার উঠে পড়লেন। তাঁকে হোটেলে গিয়ে লাঞ্চ খেতে হবে—তাঁর দলের লোক সব অপেক্ষা করছে। ফেলুদা ভদ্রলোককে আবার ধন্যবাদ জানিয়ে ট্যাক্সিতে তুলে দিল।

পরদিন আবার অ্যাপয়েন্টমেন্ট করে আমরা রঞ্জন মজুমদারের বাড়ি গিয়ে হাজির হলাম।

‘বিজ্ঞাপনের কোনও ফল পেলেন?’ ভদ্রলোক জিজ্ঞেস করলেন।

‘সেইটে জানাতেই আপনার কাছে আসা’, বলল ফেলুদা। ‘ছেলেটি ব্রিটিশ, নাম পিটার ডেক্সটার।’

‘কী করে জানলেন?’

ফেলুদা জন ডেস্কটরের ঘটনাটা বলল।

রঞ্জনবাবু কেমন যেন অন্যমনস্ক হয়ে গেলেন। তারপর বিড়বিড় করে দুবার বললেন, ‘পিটার ডেস্কটর...পিটার ডেস্কটর...’

‘কিছু মনে পড়ছে কি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আবছা আবছা। একটা দুর্ঘটনা...না, এই স্মৃতির ওপর নির্ভর করা চলে না।’

‘আপনি যে-সময়ের কথা ভুলে গেছেন, সেই সময়ের ঘটনা কি মাঝে মাঝে মনে পড়ে যায়?’

‘যা মনে পড়ে সেটা সত্যি কি না কী করে বিচার করব? এমন তো কেউ নেই যাকে জিজ্ঞেস করে যাচাই করতে পারি। বাবা-মা দুজনেই মারা গেছেন। আমার বিলেতের ঘটনা গুঁরাই জানতেন।’

‘একটা জিনিস বোধহয় বুঝতে পারছেন, যে কলকাতায় বসে এই পিটার ডেস্কটর সম্বন্ধে আর কিছু জানা যাবে না।’

‘হ্যাঁ...হ্যাঁ... তা তো বুঝতেই পারছি...’

ভদ্রলোক আবার অন্যমনস্ক।

‘না কি ব্যাপারটা এখানেই ইতি দেবেন?’ ফেলুদা জিজ্ঞেস করল।

ভদ্রলোক হঠাৎ যেন সজাগ হয়ে উঠলেন।

‘মোটাই না—মোটাই না।’ হাঁটুতে চাপড় মেরে বললেন রঞ্জন মজুমদার। ‘সে কোথায় আছে, কী করছে, আমাকে মনে আছে কি না—সব আমি জানতে চাই। আপনি কবে যেতে পারবেন?’

হঠাৎ এই প্রশ্নে যেন ফেলুদা একটু হকচকিয়ে গেল। বলল, ‘কোথায়?’

‘লন্ডন—আবার কোথায়? লন্ডন তো আপনাকে যেতেই হবে।’

‘হ্যাঁ, সেটা বুঝতে পারছি।’

‘কবে যাবেন?’

‘আমার তো অন্য কোনও কাজ নেই। এটাই একমাত্র কেস।’

‘আপনাদের পাসপোর্ট-টাসপোর্ট হয়ে গেছে?’

‘হ্যাঁ। আমরা কয়েক বছর আগে হংকং যাই; তখনই করিয়ে নিয়েছিলাম।’

‘তা হলে আর কী—বেরিয়ে পড়ুন। আমি টিকিটের ব্যবস্থা করছি।’

‘আমাদের সঙ্গে এক বন্ধু যাবেন—নিজের খরচে অবশ্য।’

‘ঠিক আছে—তাঁর নাম আমার সেক্রেটারি পশুপতিকে দিয়ে দেবেন। পশুপতিই আমার ট্র্যাভেল এজেন্টের থ্রু দিয়ে আপনাদের যাবার এবং ওখানে থাকার সব ব্যবস্থা করে দেবে। তা ছাড়া ফরেন এম্বাসেঞ্জের ব্যাপারটা তো আছে; সেটাও ও করে দেবে।’

‘ওখানে কদ্দিন থাকা?’

রঞ্জনবাবু একটু ভেবে বললেন, ‘সাত দিনে যদি হল তো হল, না হলে চলে আসবেন। আমি রিটার্ন বুকিংটাও সেইভাবেই করব।’

‘আমি যদি সাকসেসফুল না হই, তা হলে কিন্তু আপনার কাছ থেকে টাকা নিতে প্রস্তুত নই।’

‘আপনি কোনও কেসে বিফল হয়েছেন?’

‘তা হইনি।’

‘তা হলে এটাতেও হবেন না।’

‘ইউ. কে!’

লালমোহনবাবুর চোখ ছানাবড়া হয়ে গেল। ফেলুদা ভদ্রলোককে কলকাতার ঘটনা সব বলে দিয়ে তারপর লন্ডনের ব্যাপারটা বলল। ভদ্রলোক এটার জন্য একেবারেই তৈরি ছিলেন না।

‘আপনি গেলে কিন্তু আপনার নিজের খরচে যেতে হবে। আমাদের খরচ মিস্টার মজুমদার দিচ্ছেন।’

‘কুছ পরোয়া নেহি। খরচের ভয় আমাকে দেখাবেন না, মিস্টার হোমস। আপনার পসার বেড়েছে ঠিকই, কিন্তু এখনও আমার রোজগার আপনার চেয়ে বেশি। শুধু বলে দিন কী করতে হবে।’

‘দিন সাতেকের মতো গরম কাপড় নেবেন। পাসপোর্টটা হারাননি তো?’

‘নো স্যার—কেয়ারফুলি কেপট ইন মাই অ্যালমাইরা।’

‘তা হলে আর আপনার করণীয় কিছু নেই। যাবার তারিখটা যথাসময়ে জানতে পারবেন। যদ্যুর মনে হয়—এখান থেকে বসে, বসে থেকে লন্ডন।’

‘ওখানে থাকছি কোথায়?’

‘সেটা রঞ্জনবাবুর ট্রাভেল এজেন্ট ব্যবস্থা করবে। একটা থ্রি-স্টার হোটেল হবে আর কী।’

‘হোয়াই ওনলি থ্রি স্টারস?’

‘তার চেয়ে বেশি চড়তে গেলে মজুমদার মশায়ের পকেট ফাঁক হয়ে যাবে। লন্ডনের খরচ সম্বন্ধে কোনও ধারণা আছে আপনার?’

‘তা অবিশ্যি নেই। তবে একটা কথা বলে রাখি—গড়পারে এক ভদ্রলোক থাকেন, আমার খুব চেনা। চন্দ্রশেখর বোস। ব্যবসাদার। বছরে দুবার করে বিলেত যান। তাঁর কাছ থেকে কিছু ডলার ম্যানেজ করব—কী বলেন?’

‘ব্যাপারটা কিন্তু বেআইনি। অতএব নীতিবিরুদ্ধ।’

‘আরে মশাই আপনি অত সাধুগিরি করবেন না তো। আজকাল নীতির ডেফিনিশন চেঞ্জ করে গেছে।’

‘ঠিক আছে। অনিচ্ছা সত্ত্বেও আপনার কারচুপিতে সায় দিচ্ছি।’

আমাদের মঙ্গলবার এয়ার ইন্ডিয়াতে যাওয়া ঠিক হল। প্লেন ছাড়বে রাত তিনটেয়, তারপর বসে হয়ে লন্ডন পৌঁছাবে মঙ্গলবার সকাল সাড়ে এগারোটায়। হোটেলের বুকিং-ও হয়ে গেছে—পিকাডিলি সার্কাসে রিজেন্ট প্যালেস। ফেলুদা বলল, ‘খুব ভাল লোকেশন। একেবারে শহরের মাঝখানে।’ ফেলুদা ক’দিন থেকে লন্ডন সংক্রান্ত গাইড বুক ডুবে আছে, খুঁটিয়ে খুঁটিয়ে শহরের ম্যাপ দেখছে।

যাবার আগের দিন মিস্টার মজুমদারকে ফোন করা হল। মিনিট দুয়েক কথা বলে ফোন নামিয়ে রেখে ফেলুদা বলল, ‘জানতে চেয়েছিলাম ওঁর বাবা কোনও হাসপাতালের সঙ্গে যুক্ত ছিলেন কি না। বললেন ওঁর মনে নেই। ওঁরা কোথায় থাকতেন জিজ্ঞেস করাতেও একই উত্তর পেলাম। বললেন ওঁর বাবা ওঁকে বলেছিলেন কিন্তু এখন আর মনে নেই। আমার মনে হয় অ্যাকসিডেন্টটা ওঁর স্মৃতিশক্তিকেই দুর্বল করে দিয়েছে। লন্ডনে আমার কলেজের এক সহপাঠী আছে, সে-ও ডাক্তার। দেখব ওর কাছ থেকে কোনও খবর পাওয়া যায় কি না।’

দেখতে দেখতে যাবার দিন চলে এল। ফেলুদার দৌলতে কত জায়গাই না দেখলাম, কিন্তু লন্ডন যাওয়া হবে এটা কোনওদিন স্বপ্নেও ভাবিনি। লালমোহনবাবু বললেন, ‘বিলেত আজকাল রাম শ্যাম যদু মধু সকলেই যাচ্ছে, সেই ভেবে মনটাকে একটু ঠাণ্ডা রাখার চেষ্টা করছিলাম—ও

মা, কাল রাত্তিরে দেখি পালস রেট বেড়ে একশো দশে উঠেছে। এমনিতে আশির বেশি কদাচিৎ ওঠে।’

এখানে বলে রাখি, লালমোহনবাবু তাঁর গড়পারের বন্ধুর কাছ থেকে বেশ কিছু ডলার ম্যানেজ করেছেন।

ফেলুদাকে ক’দিন থেকে একটু চুপচাপ দেখছি, যদিও কাজ যা করার সবই করছে। কেসটা যে সহজ নয় সেটাই বোধহয় মাথার মধ্যে ঘুরছে। আমি তো কল্পনাই করতে পারছি না ও কীভাবে এগোবে। তথ্য এত কম। তার ওপরে রঞ্জনবাবুর স্মৃতিলোপ। যে ক’টা বছর ওই ছেলেটির সঙ্গে ওঁর বন্ধুত্ব ছিল, সেই ক’টা বছরের কথাই উনি ভুলে বসে আছেন। লালমোহনবাবু সোজাসুজি বললেন, ‘আপনি অনেক রহস্যের সমাধান করেছেন, কিন্তু এটার মতো কঠিন কেস আর কখনও আপনার হাতে এসেছে বলে তো মনে হয় না। আপনি যে কেসটা কেন নিলেন তা বুঝতে পারছি না।’

‘এটা নিলাম বলেই কিন্তু আপনার বিলতে যাওয়া হচ্ছে।’

‘তা বটে, তা বটে।’

যাবার দিন এবং তারপর যাবার সময়ও এসে পড়ল। লালমোহনবাবুর গাড়িতেই এয়ারপোর্ট গেলাম। ভদ্রলোক পুরোদস্তুর সাহেব সেজেছেন। এই টাইটা আগে দেখিনি, বুঝলাম নতুন কিনেছেন।

কাস্টমসের ঝামেলা এখানেই চুকিয়ে দিয়ে বসে পৌঁছে লাগেজ জমা দিয়ে লাউঞ্জে কিছুটা সময় অপেক্ষা করে, লাউডস্পিকারের ঘোষণা শুনে আমরা প্লেনে গিয়ে উঠলাম। আশ্চর্য—এখন বিছানায় শুয়ে ঘুমোনের কথা, কিন্তু যাবার উত্তেজনায় একটুও ঘুম পাচ্ছে না। লালমোহনবাবু নাকি দুপুরে এক দফা ঘুমিয়ে নিয়েছেন, তাই বললেন প্লেনে আর ঘুমোনের দরকার হবে না। ভদ্রলোক নিজের জায়গায় বসে বেল্ট বেঁধে বললেন, ‘সেই পঞ্চলালের গল্পে পড়েছিলাম না—তিমি মাছের পেটে ঢুকেছিল পঞ্চু—এও যেন সেই তিমি মাছের পেট। এত লোক সমেত প্লেনটা মাটি থেকে ওঠে কী করে সেটাই আশ্চর্য।’

সেই আশ্চর্য ঘটনাটাও ঘটে গেল। রানওয়ে দিয়ে যখন প্লেন কান-ফাটানো শব্দ করে ছুটে চলেছে, লালমোহনবাবুর চোখ তখন বন্ধ। ঠোঁটটা একবার নড়ে উঠল, আর বুঝলাম যে উনি বললেন ‘দুগ্ধা দুগ্ধা’, আর সেই মুহূর্তে প্লেনটা জমি ছেড়ে আকাশে উঠে পড়ল, জানালা দিয়ে দেখলাম বসের আলো দ্রুত দূরে সরে যাচ্ছে। তারপর প্লেনটা ক্রমে নাক উঁচু অবস্থা থেকে সোজা হল, শব্দ কমে গেল, আর লাউডস্পিকারে এয়ার হোস্টেসকে বলতে শোনা গেল আমরা এখন বেল্ট খুলতে পারি, তবে আলগা করে পরে থাকাই ভাল। তারপর এক দিকে একজন ছেলে আর অন্য দিকে একজন মেয়ে দাঁড়িয়ে লাইফ জ্যাকেট আর অক্সিজেনের ব্যাপারটা বুঝিয়ে দিল।

আমরা নন-স্মোकिং এরিয়াতে বসেছি। ফেলুদা সিগারেট খায় বটে, কিন্তু দরকার পড়লে অনায়াসে দশ-বারো ঘণ্টা না খেয়ে থাকতে পারে। ‘সিনেমা দেখাবে না?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন। আমি বললাম, ‘সচরাচর তো দেখায় বলেই শুনেছি।’

সিনেমা দেখাল ঠিকই, সেই সঙ্গে কথা শোনার জন্য একটা করে হেডফোন দিল, কিন্তু এত বাজে ছবি যে আমি দশ মিনিট দেখে হেডফোন খুলে রেখে ঘুম দিলাম।

ঘুমটা যখন ভাঙল তখন জানালা দিয়ে রোদ আসছে। ফেলুদাও বলল ও ঘণ্টা দুয়েক ঘুমিয়ে নিয়েছে। কেবল লালমোহনবাবুই নাকি একটানা জেগে আছেন। বললেন, ‘হোটলে ঘুমিয়ে পুথিয়ে নেব।’

বরফে ঢাকা আলপসের উপর দিয়ে প্লেনটা না উড়ে গেলে প্রায় কিছুই দেখার থাকত না।

পাহাড়টার নাম জেনে লালমোহনবাবু জিজ্ঞেস করলেন, ‘আমরা কি মন্ট ব্ল্যাক দেখতে পাব?’ ফেলুদা বলল, ‘তা পাব, তবে মন্ট ব্ল্যাক নয়, লালমোহনবাবু। এখন ইউরোপে এসেছেন, এখানকার দ্রষ্টব্যগুলোর নামের উচ্চারণ ঠিক করে করতে শিখুন। ওটা হল ম ব্লাঁ।’

‘তার মানে অনেকগুলো অক্ষরের কোনও উচ্চারণই নেই?’

‘ফরাসিতে সেটা খুব স্বাভাবিক।’

লালমোহনবাবু বেশ কয়েকবার ম ব্লাঁ ম ব্লাঁ বলে নিলেন।

‘আর আমাদের হোটেল যেখানে,’ বলল ফেলুদা, ‘সেটার বানান দেখে পিকাডিলি বলতে ইচ্ছা করলেও আপনি যদি পিক্‌লি বলেন তা হলে ওখানকার সাধারণ লোকে বুঝবে আরও সহজে। পিক্‌লি সার্কাস।’

‘পিক্‌লি সার্কাস। থ্যাঙ্ক ইউ।’

আধ ঘণ্টা লেটে আমাদের প্লেন লন্ডনের হিথরো এয়ারপোর্টে পৌঁছে গেল। ফেলুদা বলল, ‘এখান থেকে সেন্ট্রাল লন্ডন তিনরকমে যাওয়া যায়। এক হল বাস, দুই হল ট্যাক্সি আর তিন টিউব। ট্যাক্সিতে দোদার খরচা, আর বাসের চেয়ে টিউবে কম সময় লাগে। আমার ম্যাপ বলছে একেবারে পিকাডিলি সার্কাস পর্যন্ত টিউব যায়, কাজেই তাতেই যাওয়া ভাল।’

‘টিউবটা কী ব্যাপার মশাই?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন।

‘টিউব হল কলকাতায় আমরা যাকে মেট্রো বলি, সেই। অর্থাৎ পাতাল রেল। লন্ডনের নীচ দিয়ে কিলবিল করে ছড়ানো রয়েছে এই টিউবের লাইন। একবার বুঝে নিলে টিউবে যাতায়াতের মতো সহজ জিনিস আর নেই। ম্যাপ পাওয়া যায়; একটা আপনাকে এনে দেব।’

৫

আমাদের হোটেলটা বেশ বড় আর পরিচ্ছন্ন, অথচ ভাড়া খুব বেশি নয়। ‘ট্র্যাভেল এজেন্ট ভালই চয়েস করেছিল মশাই,’ বললেন লালমোহনবাবু। টিউব থেকে বেরিয়ে শহরের চেহারা দেখে প্রথমে ভদ্রলোকের মুখ দিয়ে কথাই বেরোচ্ছিল না। শেষে বললেন, ‘আচ্ছা মশাই, আমাদেরও লাল ডবল ডেকার, আর এখানেও দেখছি লাল ডবল ডেকার, এগুলো কেমন ছিমছাম, আর আমাদেরগুলো এমন ছিবড়ে চেহারা কেন বলুন তো?’

লাঞ্চ হোটেলে সেরে ফেলুদা বলল, ‘তোরা যদি খুব টায়ার্ড না বোধ করিস তা হলে একবার অক্সফোর্ড স্ট্রিট ঘুরে দেখে আয়। ব্যস্ত লন্ডনের এমন চেহারা আর কোথাও পাবি না।’

‘আর তুমি কী করবে?’

‘বলছিলাম না—আমার এক কলেজের বন্ধু—বিকাশ দত্ত—এখানে ডাক্তার। তাকে একবার ফোন করে জানিয়ে দিই আমি এসেছি, আর দেখি যদি ও কোনও ইনফরমেশন দিতে পারে।’

আমরা অবিশ্যি তেমন কিছু ক্লাস্ত হইনি, তাই বেরোনোই স্থির করলাম।

ফোন করে তার বন্ধুকে পেয়ে গেল ফেলুদা। মিনিটখানেক কথা বলে ফোন রেখে বলল, ‘বিকাশ আমার গলা শুনে একেবারে থা। একটা মামলা যে কোনওদিন আমাকে লন্ডনে এনে ফেলবে সেটা ও ভাবতেই পারেনি। তা ছাড়া ওর কাছ থেকে একটা খবরও পাওয়া গেল।’

‘কী খবর?’

‘লন্ডনে এক বৃদ্ধ বাঙালি ডাক্তার আছেন, তিনি নাকি দ্বিতীয় মহাযুদ্ধ শেষ হবার কিছু পরেই এখানে আসেন ডাক্তারির ছাত্র হয়ে। তারপর লন্ডনে প্র্যাকটিস করেন। নাম নিশানাথ সেন। খুব মিশুকে লোক। বিকাশের ধারণা উনি হয়তো রঞ্জনবাবুর বাবাকে চিনতেন। ওঁর চেম্বারের ঠিকানাটা দিয়ে দিল। আমি একবার ভদ্রলোকের সঙ্গে দেখা করে আসি।’

ফেলুদা উঠে পড়ল।

‘অন্ধকারে ঢিল যদি ছুঁতেই হয়, তা হলে সেটা এখনই আরম্ভ করে দেওয়া ভাল।’

আমরা একসঙ্গেই বেরোলাম। ফেলুদা টিউব স্টেশনের দিকে গেল, আমরা ওর কাছ থেকে ডিরেকশন নিয়ে অক্সফোর্ড স্ট্রিটের দিকে হাঁটা দিলাম।

অক্টোবর মাস, তাই বেশ ঠাণ্ডা। আমরা দুজনেই গলায় মাফলার জড়িয়ে নিয়েছি।

পথে অনবরত ভারতীয় চোখে পড়ছে, তাই বোধহয় জটায়ু বললেন, ‘বেশ অ্যাট-হোম ফিল করছি ভাই তপেশ। অবিশ্যি রাস্তায় মসৃণ চেহারা মোটেই হোমের কথা মনে পড়ায় না।’

অক্সফোর্ড স্ট্রিটে পৌঁছে চোখ টেরিয়ে গেল। শুধু যে দোকানের বাহার তা নয়; এরকম ভিড় আর কোনও রাস্তায় কখনও দেখেছি বলে মনে পড়ে না।

‘জনসমুদ্র! ওশন অফ হিউম্যানিটি, তপেশ, ওশন অফ হিউম্যানিটি।’

এই জনসমুদ্রের সঙ্গে তাল রেখে চলতে হচ্ছে, তাই আস্তে হাঁটার উপায় নেই। সমস্ত রাস্তাটাই যেন একটা অবিরাম ব্যস্ততার ছবি। আর দোকানের কথা কী আর বলব! ঝলমলে লোভ লাগানো চেহারা নিয়ে পাশাপাশি দাঁড়িয়ে রয়েছে বিশাল বিশাল ডিপার্টমেন্ট স্টোর। নামগুলো পড়ছি—ডোবনহ্যাম, মার্কস অ্যান্ড স্পেনসারস, বুটস, ডি এইচ এভানস...

একটা বড় দোকানের কথা আমি আগেই জানতাম—সেলফ্রিজেস—আর এটাও জানতাম যে সেটা অক্সফোর্ড স্ট্রিটের একেবারে শেষ প্রান্তে। দোকানটা যে এত বড় সেটা আমি ভাবতেই পারিনি। ‘চলুন, একটা জিনিস দেখাই’ বলে লালমোহনবাবুকে হাত ধরে রাস্তা পার করে সেলফ্রিজেসের সামনে এসে দাঁড়িলাম। তারপর ঘুরপাক খাওয়া দরজা দিয়ে দুজনে দোকানের ভিতর ঢুকলাম। আমাদের মুখ হাঁ হয়ে গেল। রাজ্যের সবরকম জিনিস এই এক দোকানে পাওয়া যায়, তাই ক্রেতাদের ভিড়ও দেখবার মতো। সেই ভিড়ের চাপে এদিকে ওদিকে টলছি, এক পা এগোচ্ছি তো দু পা পেছোচ্ছি। জটায়ু যাতে হারিয়ে না যান তাই তাঁর হাতটা চেপে ধরে আছি।

‘মানুষেরও যে ট্র্যাফিক জ্যাম হয় তা এই প্রথম দেখলাম,’ বললেন ভদ্রলোক।

খানিক দূর এগিয়ে একটা মোটামুটি কম ভিড়ের জায়গায় পৌঁছলাম।

‘এমন জায়গায় এসে কিছু না কিনে ফিরে যাব?’ বললেন লালমোহনবাবু।

‘কী কিনতে চাইছেন আপনি?’

‘চারিদিকে তো দেখছি কলম পেনসিল নোটবুকের সম্ভার। একটা মাঝারি দামের ফাউন্টেন পেনও যদি কিনতে পারতাম। সামনের উপন্যাসটা লন্ডনে কেনা কলমে লিখতে পারলে...’

‘বেশ তো, আপনি দেখে বেছে নিন।’

মিনিট পাঁচেক দেখার পর ভদ্রলোক একটা মনের মতো কলম খুঁজে পেলেন। ‘থ্রি পাউন্ডস থার্টী পেন্স। তার মানে আমাদের দেশের হিসেবে কত হল?’

‘তা প্রায় পঁচাত্তর টাকা।’

‘গুড। এই জিনিসের কলকাতায় দাম হত দুশো।’

‘আর কী—পেমেন্ট করে দিন।’

‘কী বলব বলো তো? মানে, প্রথম দিন তো, একটু গাইডেন্স না পেলো...’

‘আপনাকে কিছুই বলতে হবে না। কলমটা নিয়ে ক্যাশ কাউন্টারে দিন আর একটা পাঁচ পাউন্ডের নোট দিন। ওরা চেঞ্জ ফেরত দেবে, আর কলমটা ওদের একটা খামে পুরে দেবে। ব্যস, খতম।’

‘তুমি প্রথম দিন এত কী করে জানলে বলো তো?’

‘আমি তো এসে অবধি চতুর্দিকে দেখছি। আপনিও দেখছেন, কিন্তু আপনি অবজার্ভ করছেন



না।’

দু মিনিটের মধ্যে ভদ্রলোক তার নতুন কেনা কলম নিয়ে হাসতে হাসতে ফিরে এলেন। আমি বললাম, ‘চা খাবেন?’

‘কোথায়?’

‘আমি যত দূর জানি, ওপরে একটা রেস্টোরাঁ আছে।’

‘বেশ তো, চলো যাওয়া যাক।’

চলন্ত সিঁড়ি দিয়ে ওপরে উঠে গিয়ে চার তলায় খাবার জায়গাটা আবিষ্কার করলাম, আর সেই

সঙ্গে ভাগ্যক্রমে একটা খালি টেবিলও পেয়ে গেলাম।

চা খাওয়া শেষ করে আবার অক্সফোর্ড স্ট্রিটের জনসমুদ্র পেরিয়ে যখন হোটেলে ফিরলাম তখন সাড়ে চারটা বেজে গেছে। ঘরে গিয়ে দেখি ফেলুদা হাজির।

‘বিলেত ব্যাপারটা কী তার কিছু আন্দাজ পেলেন?’

লালমোহনবাবুকে জিজ্ঞেস করল ফেলুদা।

‘কেমন লাগল বলার ভাষা খুঁজে পাচ্ছি না।’

‘কেন, আপনার বই পড়ে তো মনে হয় আপনার বিশেষণের স্টক অফুরন্ত।’

‘বাংলায় বোঝাতে পারব না। বলতে হয় সুপার-সেনসেশন্যাল। এখনও মাথা ভোঁ ভোঁ করছে। বিশী দোটার মধ্য পড়ে গেছি।’

‘কেন?’

‘লন্ডন দেখব, না আপনার তদন্তের প্রোগ্রেস দেখব।’

‘তদন্ত তো সবে শুরু। তেমন জমে উঠলে আমি নিজে থেকেই বলব। আপাতত লন্ডন দেখে নিন।’

‘সেই ডাক্তারের সঙ্গে দেখা হল?’ আমি জিজ্ঞেস করলাম।

‘হল, তবে কথা প্রায় কিছুই হল না। ভদ্রলোক রুগি নিয়ে ব্যস্ত ছিলেন। কাল সকালে ওঁর বাড়ি যেতে বলেছেন। রিচমন্ডে থাকেন।’

‘সেটা কোথায়?’

‘পিকার্ডিলি আন্ডারগ্রাউন্ড থেকে রওনা হয়ে সাউথ কেন্সিংটনে চেঞ্জ করে গ্রিন লাইন ধরে সোজা রিচমন্ড। এ ধরনের জায়গাও তো দেখা দরকার। ভদ্রলোক স্টেশনের বাইরে গাড়ি নিয়ে অপেক্ষা করবেন আমাদের জন্য। বেশ অমায়িক লোক। রঞ্জনবাবুর বাবাকে চিনতেন এটুকু জেনেছি।’

হোটেলের ঘরে ঘরে টেলিভিশন, তাই দেখেই সন্কেটা দিব্যি কেটে গেল। তাড়াতাড়ি ডিনার সেরে শুয়ে পড়লাম, আর বালিশে মাথা রাখতেই চোখ ঘুমে ঢুলে এল।

৬

পরদিন সকালে উঠে দেখি আকাশ মেঘলা, টিপ টিপ করে বৃষ্টি পড়ছে। আমার একটা ওয়াটারপ্রুফ জ্যাকেট ছিল, সেটা গায়ে চাপিয়ে নিলাম। ফেলুদা আর লালমোহনবাবু দুজনেই ম্যাকিনটশ চাপিয়েছে।

ব্রেকফাস্ট সেরে হোটেলের বাইরে বেরিয়ে ফেলুদা বলল, ‘মিস্টার জটায়ু, আপনাকে বলে রাখি যে এটাই হল লন্ডনের স্বাভাবিক চেহারা। কাল যে খটখটে দিন আর ঝলমলে রোদ পেয়েছিলেন, সেটা হচ্ছে ব্যতিক্রম।’

‘এখানে কলকাতার মতো জল জমে না নিশ্চয়ই।’

‘তা জমে না। আর খুব যে মুষলধারে বৃষ্টি হয় তাও নয়।’

আন্ডারগ্রাউন্ডে দেখি সকলেরই তাড়া, কেউ আস্তে হাঁটছে না। আমরাও তার সঙ্গে তাল মিলিয়ে চললাম।

‘এই স্পিডটা দেখছি হোঁয়াচে’, বললেন লালমোহনবাবু। ‘কলকাতায় এমন রুদ্ধশ্বাসে হাঁটবার কথা কল্পনাই করতে পারি না।’

চেঞ্জ করার সময়ও সেই একই তাড়া। এক লাইন থেকে আরেক লাইনে যেতে হচ্ছে, মিনিটে মিনিটে ট্রেন আসছে যাচ্ছে, সময় যাতে নষ্ট না হয় তার জন্য লোকে উঠে পড়ে লেগেছে।

রিচমন্ড পৌঁছলাম এগারোটা বেজে পাঁচে। নিশানাথবাবু বলে দিয়েছিলেন হাতে কত সময় রাখতে হবে, তাই কোনও অসুবিধা হল না।

স্টেশনের বাইরে বেরোতেই একজন ষাট-বাষটি বছরের সৌম্যদর্শন ভদ্রলোক হাসিমুখে ফেলুদার দিকে এগিয়ে এলেন। এখানে বৃষ্টি হচ্ছে না, যদিও আকাশে মেঘ।

‘ওয়েলকাম টু রিচমন্ড।’

ফেলুদা ভদ্রলোককে সম্ভাষণ জানিয়ে আমাদের দুজনের পরিচয় দিয়ে দিল।

‘আপনি রাইটার?’ লালমোহনবাবুকে জিজ্ঞেস করলেন ভদ্রলোক। ‘কতকাল যে বাংলা বই পড়িনি তার হিসেব নেই।’

‘আপনি দেশে যান না মাঝে মাঝে?’ লালমোহনবাবু জিজ্ঞেস করলেন।

‘লাস্ট গেছি সেভেনটি খ্রিতে। তারপর আর না। কার জন্যেই বা যাব বলুন। আমার পুরো ফ্যামিলিই তো এখানে। আমার বাড়িতে অবিশ্যি আমি আর আমার স্ত্রী ছাড়া কেউ থাকে না, কিন্তু ছড়িয়ে ছিটিয়ে এই ইংল্যান্ডেই রয়েছে আমার দুই ছেলে, দুই মেয়ে, নাতি-নাতনি।’

ভদ্রলোকের গাড়িটা একটু দূরে পার্ক করা ছিল; বললেন, ‘এখানে তবু কম; লন্ডনে গাড়ি পার্কিং হচ্ছে একটা বিরাট সমস্যা। আপনি হয়তো সিনেমা যাবেন, গাড়ি পার্ক করতে হবে সিনেমা হাউস থেকে আধ মাইল দূরে।’

আমরা গাড়িতে উঠলাম। ভদ্রলোক নিজেই ড্রাইভ করেন, ফেলুদা ওঁর পাশে বসে স্ট্যাপ লাগিয়ে নিল। ব্যাপারটা দেখে একটু অবাক হয়ে লালমোহনবাবু আমার দিকে চাইতে বললাম, ‘এখানে গাড়িতে সামনের সিটে বসলে স্ট্যাপ লাগানো নিয়ম।’

‘কেন?’

‘যাতে অ্যাক্সিডেন্ট হলে লোকে মুখ খুবড়ে না পড়ে।’

নিশানাথবাবু গাড়ি চালু করে দিয়ে বললেন, ‘আমার বাড়ি এখান থেকে দেড় মাইল। এখানে এখনও মাইল চলে। দেশে তো কিলোমিটার, কিলোগ্রাম হয়ে গেছে, তাই না?’

রিচমন্ড যে খুব ছোট জায়গা তা মনে হল না, কারণ দোকানপাট সবই রয়েছে। অক্সফোর্ড স্ট্রিটে যে সব দোকানের নাম দেখেছিলাম, তার কিছু কিছু এখানেও দেখলাম।

নিশানাথ সেনের বাড়ি একটা সুন্দর নিরিবিলা জায়গায়, চারিদিকে গাছপালা, গাছের পাতায় শরৎকালের হলদে আর বাদামি রং। দোতলা বাড়িটাও সুন্দর, সামনের বাগানে ফুল— একেবারে পোস্টকার্ডের ছবি।

আমরা একতলায় বসবার ঘরে বসলাম। আজ বেশ ঠাণ্ডা আর স্যাঁতসেঁতে, তাই ফায়ার প্লেসে আগুন জ্বলছে।

আমরা বসার প্রায় সঙ্গে সঙ্গেই একজন বয়স্ক মেমসাহেব এসে ঢুকলেন, মুখে হাসি।

‘আমার স্ত্রী এমিলি’, বললেন নিশানাথবাবু। আমরা নিজেরাই নিজেদের পরিচয় দিয়ে দিলাম।

‘আপনাদের জন্য একটু কফি করি?’ মহিলা জিজ্ঞেস করলেন। ফেলুদা সম্মতি জানিয়ে ধন্যবাদ দিয়ে দিল। এবার নিশানাথবাবুও ফেলুদার সামনে একটা কাউচে বসে বললেন, ‘কী জানতে চান বলুন।’

‘আপনি কাল বলছিলেন রঞ্জন মজুমদারের বাবাকে চিনতেন। আমি রঞ্জন মজুমদার সম্বন্ধে কিছু তথ্য সংগ্রহ করছি।’

‘রঞ্জনের বাপ রজনী আর আমি প্রায় একই সঙ্গে ফাঁটি এইটে বিলেতে আসি। ও আমার চেয়ে ষোল-সতেরো বছরের বড় ছিল। আলাপটা হয় পরে। তত দিনে আমি এডিনবরায় ডাক্তারি পাশ করে লন্ডনে প্র্যাকটিস শুরু করেছি, আর রজনী মজুমদার সেন্ট মেরিজ হাসপাতালের



সঙ্গে অ্যাটাচড রয়েছেন। একটা থিয়েটারে আমাদের পাশাপাশি সিট পড়েছিল। কী নাটক তাও মনে আছে—মেজর বারবারা। ইন্টারমিশনে পরস্পরের সঙ্গে পরিচয় হয়। ওর সঙ্গে ওর স্ত্রীও ছিলেন। ও থাকত গোলডার্স গ্রিনে, আর আমি—তখনও আমার বিয়ে হয়নি—হ্যাম্পস্টেডে।’

‘আর ওঁর ছেলে?’

‘ছেলেও এখানে এসে কিছু দিনের মধ্যেই স্কুলে ভর্তি হয়।’

‘কী স্কুল মনে আছে?’

‘আছে বইকী—ওয়ারেনডেল। এপিং-এ। তারপর কেমব্রিজে যায়।’

‘কোন কলেজ?’

‘যদূর মনে পড়ে—ট্রিনিটি। সেই সময়ই আমার সঙ্গে রজনী মজুমদারের আলাপ।’

‘কীরকম লোক ছিলেন রজনী মজুমদার?’

‘নিশানাথবাবু একটু ভেবে বললেন, ‘পিকিউলিয়ার।’

‘কেন—পিকিউলিয়ার বলছেন কেন?’

‘আমার মনে হয় ওদের পুরো ফ্যামিলিটাই একটু অভূত ধরনের ছিল। রজনী মজুমদারের

বাবা রঘুনাথ মজুমদার ইয়াং বয়সে টেরিস্ট ছিলেন, বোমা-টোমা তৈরি করেছেন। পরে উনি নামকরা হার্ট স্পেশালিস্ট হন। তখন আর সাহেবদের ওপর কোনও বিদ্বেষ নেই। এমনকী তিনিই জোর করে রজনীকে বিলেত পাঠান। তাঁর শখ তাঁর নাতি সাহেব ইস্কুলে পড়বে আর ছেলে লন্ডনে প্র্যাকটিস করবে। এরকম রূপান্তর বড় একটা দেখা যায় না। আর রজনী যে ভাবে দেশে ফিরে গেল সেও অদ্ভুত। ওর একটা ধারণা ছিল যে ইংরেজরা এখনও ভারতীয়দের ঘৃণার চোখে দেখে। আমি ওকে অনেক বোঝাতে চেষ্টা করেছি যে ব্যাপারটা সত্যি নয়। এই বিদ্বেষের দু-একটা আইসোলেটেড ঘটনা হয়তো ঘটে থাকতে পারে, কিন্তু এখানে বহু ভারতীয় ইংরেজদের সঙ্গে একসঙ্গে কাজ করেছে, দুই জাতের মধ্যে কোনও ক্ল্যাশ নেই।

‘কিন্তু রজনী মজুমদার আমার কথা মানতে রাজি হয়নি। একটা সামান্য ব্যাপারে—ওরই এক ব্রিটিশ পেশেন্টের একটা কথায়—ও হঠাৎ স্থির করে দেশে ফিরে যাবে।’

‘ততদিনে তো ওঁর ছেলের অ্যান্ড্রিডেন্ট ঘটে গেছে?’

‘তা গেছে। সেই ছেলে এখন কী করেছে? তার তো পঞ্চাশের ওপর বয়স হওয়া উচিত।’

‘হ্যাঁ। উনি চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট।’

‘তার মানে এখানকার পড়াশুনা ওর কোনওই কাজে লাগেনি? কলকাতায় ফিরে গিয়ে নতুন করে পড়াশুনা করতে হয়?’

‘তাই তো মনে হয়। ইয়ে—রঞ্জনের বন্ধুবান্ধব সম্বন্ধে কিছু জানতেন কি?’

‘না। নাথিং অ্যাট অল।’

ইতিমধ্যে কফি এসে গিয়েছিল, আর আমাদের খাওয়াও হয়ে গিয়েছিল, তাই আমরা উঠে পড়লাম। ভদ্রলোক ফেরার পথেই একরকম জোর করেই আমাদের স্টেশনে পৌঁছে দিলেন।

৭

আমরা পরদিন টিউবে করে এপিং গিয়ে পৌঁছলাম বিকেল সাড়ে তিনটে নাগাদ। স্টেশন থেকে হেঁটে ওয়ারেনডেল স্কুলে পৌঁছতে লাগল কুড়ি মিনিট। বিশাল খেলার মাঠের পিছনে দাঁড়িয়ে আছে স্কুল বিল্ডিং—অস্তুত দুশো বছরের পুরনো তো হবেই। ফেলুদার উদ্দেশ্য হল রঞ্জন মজুমদার ওখানে ছাত্র ছিল কি না, এবং পিটার ডেক্সটার ওর সঙ্গে পড়ত কি না সেইটে জানা।

ইস্কুলের সদর দরজায় পোর্টার দাঁড়িয়ে আছে, সে জিজ্ঞেস করল আমরা কার সঙ্গে দেখা করতে চাই। ফেলুদা বলল সে চল্লিশ দশকের শেষ দিকের একজন ছাত্র সম্বন্ধে কিছু তথ্য জানতে চায়। পোর্টার আমাদের একটা লাইব্রেরি জাতীয় হলে ঢুকিয়ে দিয়ে বলল, ‘মিস্টার ম্যানিং দেয়ার উইল হেলপ ইউ।’

ম্যানিং ভদ্রলোকটি একটা ডেস্কে বসে পুরু কাচের চশমা পরে একটা খাতায় কী জানি লিখছিলেন, ফেলুদা তাঁর কাছাকাছি দাঁড়িয়ে একটা মৃদু গলা খাঁকরানি দিল। ভদ্রলোক লেখা থামিয়ে চোখ তুলে বললেন, ‘ইয়েস?’

ফেলুদা ব্যাপারটা বুঝিয়ে দিল।

‘ছইচ ইয়ার ডিড ইউ সে?’

‘নাইনটিন ফর্টি এইট।’

মিস্টার ম্যানিং তাঁর জায়গা ছেড়ে উঠে পিছন দিকে গিয়ে একটা বইয়ের তাক থেকে বেশ বড় এবং মোটা একটা খাতা বার করলেন। তারপর সেটাকে এনে ফেললেন তাঁর ডেস্কে।

আমরা চুপ করে দাঁড়িয়ে আছি, ভদ্রলোক খাতার পাতা উলটিয়ে একটা বিশেষ পাতায় এসে চশমার ওপর দিয়ে ফেলুদার দিকে চেয়ে বললেন, ‘হোয়াট নেম ডিড ইউ সে?’



‘আই হ্যাভন্ট টোল্ড ইউ ইয়েট,’ বলল ফেলুদা। ‘দ্য নেম ইজ মজুমদার, অ্যান্ড দ্য ফার্স্ট নেম ইজ রঞ্জন।’

‘ম্যাজুমডা, ম্যাজুমডা,’ নামের তালিকার ওপর দিয়ে আঙুল চালাতে চালাতে বিড়বিড় করতে লাগলেন মিস্টার ম্যানিং।

হঠাৎ আঙুলটা এক জায়গায় এসে থেমে গেল।

‘ইয়েস আর. ম্যাজুমডা,’ বললেন মিস্টার ম্যানিং।

‘ওর সঙ্গে কি পিটার ডেক্সটার বলে কেউ পড়ত?’

‘ডেক্সটার...ডেক্সটার...নো, নো ডেক্সটার ইন দ্য সেম ক্লাস।’

‘আই সি।’ ফেলুদার ভুরু কুঁচকে গেছে। বলল, ‘যদি অনুগ্রহ করে ফটি নাইনটাও একটু দেখে দাও। হয়তো পিটার ডেক্সটার পরের বছর এসেছে।’

দুঃখের বিষয় ফটি নাইনের খাতাতেও পিটার ডেক্সটারের নাম পাওয়া গেল না। অর্থাৎ এখানে আর আমাদের থাকার কোনও মানে হয় না।

‘খ্যাক ইউ ভেরি ভেরি মাচ,’ বলল ফেলুদা। ‘ইউ হ্যাভ বিন মোস্ট হেল্পফুল।’

ট্রেনে আসতে আসতে ফেলুদা বলল, ‘কেমব্রিজে গিয়ে খোঁজ করলেই ডেক্সটরের নাম পাওয়া যাবে। কিন্তু তাও আমার মনে হচ্ছিল যে এখানেও কাগজে একটা বিজ্ঞাপন দিলে মন্দ হত না।’

‘কী বিজ্ঞাপন?’ জিজ্ঞেস করলেন জটায়ু।

‘টাইমসের পার্সোনিয়াল কলামে দেব। নরফোকের পিটার ডেক্সটর সম্বন্ধে কারও কোনও ইনফরমেশন থাকলে সে যেন অমুক হোটেলের অমুক ঘরের অমুক ব্যক্তির সঙ্গে যোগাযোগ করে।’

‘এতে কী ফল হতে পারে বলে আপনি আশা করছেন?’

‘কীসে ফল হয় আর কীসে না হয় সেটা তো সব সময় আগে থেকে বলা যায় না। কেমব্রিজের তালিকায় নাম পেলে তো শুধু নামটাই পাওয়া যাবে; লোকটা সম্বন্ধে তো কিছু জানা যাবে না। দিয়েই দেখি না একটা বিজ্ঞাপন।’

‘কিন্তু সে তো বেরোতে বেরোতে তিন-চার দিন লেগে যাবে।’

‘দুদিনের বেশি সময় লাগার কথা না। একটা দিন যদি ফাঁক পাই তা হলে সেদিন আমরা লন্ডন দেখব। এখানে দেখার জিনিসের কি অভাব আছে? মাদাম ত্যুসোর নাম শুনেছেন?’

‘ম্যাডাম টুসড?’

‘আপনার উচ্চারণে তাই।’

‘যেখানে বিখ্যাত লোকদের মোমের প্রতিকৃতি আছে তো?’

‘ইয়েস স্যার। অবশ্য দ্রষ্টব্য। তারপর আর্ট গ্যালারিগুলো আছে, পার্লামেন্ট হাউসে বিগ বেন আছে, সেন্ট পলস ক্যাথিড্রাল আছে—কত চাই? হেঁটে হেঁটে আপনার পায়ের গোড়ালিতে ফোঁস্কা পড়ে যাবে। অথচ এগুলো না দেখলে লন্ডন দেখা হল বলা চলে না।’

‘আপনার বিজ্ঞাপনটা কবে দিচ্ছেন?’

‘আজই এক ঘণ্টার মধ্যেই। পরশু বেরিয়ে যাবে।’

‘তা হলে কালকের দিনটা আমরা শহর দেখছি?’

‘হ্যাঁ।’

মাদাম ত্যুসো (ফেলুদার উচ্চারণে) দেখে তাক লেগে গেল ঠিকই। প্রত্যেকটা ঘরের দরজার সামনে পোর্টার দাঁড়িয়ে আছে এমনভাবে যে সেগুলোকেও দেখলে মনে হয় মোমের তৈরি। তারপর চেষ্টার অফ হররস—সত্যিই গায়ে কাঁটা দেয়।

মিউজিয়াম দেখার পর বাইরে বেরিয়ে আমরা ফেলুদাকে অনুসরণ করে চললাম। এবারে কোথায় যাচ্ছে সেটা আগে থেকে কিছুই বলল না।

এখানকার অনেক রাস্তার নাম বড় বড় পাথরের ফলকে লেখা থাকে। একটুক্ষণ চলার পর সেইরকম একটা ফলক চোখে পড়ায় ব্যাপারটা এক ঝলকে বুঝে নিলাম। রাস্তার নাম বেকার স্ট্রিট। ২২১ বি বেকার স্ট্রিটে যে শার্লক হোমসের বাড়ি সে কে না জানে? ওই নম্বরে যদিও সত্যি করে কোনও বাড়ি নেই। কিন্তু কাছাকাছি নম্বর তো আছে। ফেলুদা সেইরকম একটা বাড়ির সামনে দাঁড়িয়ে গস্তীর গলায় বলল, ‘গুরু, তুমি ছিলে বলেই আমরা আছি। আজ আমার লন্ডন আসা সার্থক হল।’

বিশ্বের গল্প সাহিত্যে যত চরিত্র সৃষ্টি হয়েছে, তার মধ্যে খ্যাতিতে যে শার্লক হোমস নাম্বার ওয়ান সেটা ফেলুদা অনেকবার বলেছে। কন্যান ডয়েল একটা গল্পে তিনি হোমসকে মেরে ফেলেছিলেন। কিন্তু পাবলিক অ্যায়সা হল্লা করে যে ডয়েল বাধ্য হয়ে হোমসকে আবার বাঁচিয়ে তুলেছিলেন।

বেকার স্ট্রিটে না এলে লন্ডন দেখা সম্পূর্ণ হত না এটা বুঝতে পারলাম।

দুদিন পরে অর্থাৎ রবিবার, টাইমসে ফেলুদার বিজ্ঞাপন বেরোল। আর আশ্চর্য ব্যাপার—তার পরদিনই বিজ্ঞাপনের ফল পাওয়া গেল। সোমবার সকাল সাড়ে আটটায় ফেলুদার ফোন বেজে উঠল। মিনিটখানেক কথা বলে ফেলুদা ফোনটা রেখে বলল, ‘অত্যন্ত রুক্ষ মেজাজের লোক। নাম আর্চিবল্ড ক্রিপস। বলল ওর কাছে পিটার ডেক্সটারের খবর আছে। আধ ঘণ্টার মধ্যেই এসে যাচ্ছে লোকটা। রগড় হতে পারে। তুই লালমোহনবাবুকে খবর দে।’

লালমোহনবাবু তৈরি ছিলেন, এসে বললেন এত তাড়াতাড়ি রেজাল্ট পাওয়া যাবে সেটা উনি ভাবতেই পারেননি।

সোয়া নটার সময় দরজায় টোকা পড়ল। মৃদু নয়, বেশ জোরে। আমি দরজা খুললাম। রুক্ষ গলার সঙ্গে মানানসই রুক্ষ চেহারাওয়ালা একজন ভদ্রলোক ঢুকে এলেন। তাঁর দৃষ্টি প্রথমে গেল জটায়ুর দিকে।

‘আর ইউ মিস্টার মিটার?’

‘নো নো। হি, হি।’

লালমোহনবাবু ফেলুদার দিকে দেখিয়ে দিলেন। ক্রিপস সাহেব একটা চেয়ার টেনে এনে তাতে বসে ফেলুদার দিকে কঠোর দৃষ্টি দিয়ে বললেন, ‘হোয়াট ডু ইউ ওয়ান্ট টু নো অ্যাবাউট পিটার ডেক্সটার?’

‘প্রথমত, সে এখন কোথায়?’

‘হি ইজ ইন হেভন।’

‘তার মৃত্যু হয়েছে শুনে আমি দুঃখিত। কবে হল?’

‘আজ নয়। অনেক কাল আগে। হোয়েন হি ওয়জ ইন কেমব্রিজ।’

‘উনি কেমব্রিজে পড়তেন?’

‘হ্যাঁ, আর মূর্খের মতো ক্যাম নদীতে নৌকো চালাতে গিয়েছিল।’

‘মূর্খের মতো কেন?’

‘কারণ ও সাঁতার জানত না। নৌকো উলটে গিয়ে জলে পড়ে তার মৃত্যু হয়।’

‘ওঁরা তো শুনেছি অনেক ভাইবোন ছিলেন।’

‘ফাইভ ব্রাদার্স অ্যান্ড টু সিসটারস। তার মধ্যে শুধু দুজনের খবর জানি—বড় ছেলে জর্জ আর ছোট ছেলে রেজিন্যান্ড। জর্জ আর্মিতে ছিল, ইন্ডিপেন্ডেন্সের পর এখানে চলে আসে। বলত শিখ আর গুর্খা ছাড়া ও দেশের সবাই হয় বদমাইস না হয় অকর্মণ্য। ডেক্সটারদের কেউই ইন্ডিয়ান নিগারদের পছন্দ করে না।’

‘নিগার? নিগার তো ভারতবর্ষে নেই। ইন ফ্যাক্ট, আমেরিকাতেও আজকাল নিগ্রোদের আর কেউ নিগার বলে না।’

ফেলুদার মুখ গম্ভীর। বলল, ‘আপনার কথা শুনে মনে হচ্ছে ভারতীয়দের সম্বন্ধে আপনার ধারণাও ডেক্সটারদের মতোই।’

‘তা তো বটেই। একশোবার।’

‘তা হলে আপনার কাছ থেকে আর কোনও ইনফরমেশন আমি চাই না। যেটুকু দিয়েছেন তার জন্য ধন্যবাদ।’

এই গরম কথাগুলো শুনে ক্রিপস সাহেব যেন একটু নরম হলেন। বললেন, ‘আই



অ্যাম সরি ইফ আই হ্যাভ অফেন্ডেড ইউ। রেজিন্যাল্ডের কথাটা বলেই আমি উঠছি। রেজিন্যাল্ড ওদের ছোট ভাই। সে ইন্ডিয়াতে একটা চা বাগানে আছে, কিন্তু বেশিদিন থাকবে না।’

ফেলুদা চেয়েই রয়েছে ভদ্রলোকের দিকে, মুখে কিছু বলছে না।

‘বিকজ হি হ্যাজ ক্যানসার,’ বলে চললেন ক্রিপস। ‘ও গিয়েছিল শুধু পয়সা রোজগারের জন্য। ভারতবর্ষের ওপর ওর কোনও মমতা নেই।’

ফেলুদা উঠে দাঁড়াল।

‘থ্যাক্স ইউ মিস্টার ক্রিপস। আমার আর কিছু জানার প্রয়োজন নেই।’

ক্রিপসও কেমন যেন বোকা-বোকা ভাব করে উঠে দাঁড়ালেন। তারপর হঠাৎ ‘গুড ডে’ বলে স্টান ঘর থেকে বেরিয়ে গেলেন।

‘কী জঘন্য লোক মশাই’, দরজা বন্ধ হবার সঙ্গে সঙ্গে বললেন লালমোহনবাবু। ‘তবে আপনি লভনে বসে একজন সাহেবকে যে ভাবে দাবড়ানি দিলেন, তার কোনও জবাব নেই।’

‘যাই হোক,’ বলল ফেলুদা, ‘এর কাছ থেকে অন্তত একটা জরুরি তথ্য পাওয়া গেল। পিটার ডেব্রিস্টার কেমব্রিজে ছিলেন এবং নৌকোডুবি হয়ে মারা যান।’

‘এখন কী করা?’

‘সময় হু হু করে বেরিয়ে যাচ্ছে,’ বলল ফেলুদা। ‘পরশু আমাদের ফেরার দিন, ভুলবেন না। আজই দুপুরে তাড়াতাড়ি লাঞ্চ সেরে কেমব্রিজ যাত্রা।’

আমরা দেড়টার মধ্যে বেরিয়ে পড়লাম।

পিকাডিলি সার্কাস থেকে প্রথমে লিভারপুল স্ট্রিটে গিয়ে সেখানকার রেল স্টেশন থেকে সাধারণ ট্রেন ধরে যেতে হয় কেমব্রিজে। পৌঁছতে লাগে এক ঘণ্টা। এখানে ট্রেন খুব দ্রুত চলে, আর চড়েও আরাম কারণ কামরাগুলো অত্যন্ত পরিষ্কার, পরিচ্ছন্ন।

সুন্দর শহর কেমব্রিজ, তার মধ্যে ইউনিভার্সিটি দাঁড়িয়ে আছে তার প্রাচীন ঐতিহ্য নিয়ে। পাশাপাশি অনেকগুলো কলেজ আছে—ফেলুদা বলল আটশোটা—তবে নিশানাথবাবু বলে দিয়েছিলেন রঞ্জন মজুমদার ট্রিনিটি কলেজে পড়তেন, তাই আমরা সেখানেই খোঁজ করলাম। জানা গেল যে ১৯৫১-তে রঞ্জন মজুমদার ইতিহাস পড়তে ট্রিনিটি কলেজে ভর্তি হন, এবং তার সঙ্গে একই ক্লাসে ছিল পিটার ডেক্সটার।

‘এই পিটার ডেক্সটার তো নৌকাডুবি হয়ে মারা যান?’ জিজ্ঞেস করল ফেলুদা। যে ভদ্রলোক আমাদের সাহায্য করছিলেন—নাম মিস্টার টেলর—তিনি বললেন যে তিনি মাত্র সাত বছর হল জয়েন করেছেন, কাজেই পুরনো ঘটনা কিছুই জানেন না।

‘তবে এখানে একজন খুব পুরনো গার্ডনার আছে, চল্লিশ বছর হল এখানে কাজ করছে, নাম হকিন্স। তাকে জিজ্ঞেস করে দেখতে পারেন।’

ফেলুদা বাগানেই হকিন্সকে পাকড়াও করল। গায়ের চামড়া এখনও বেশ টান-টান, তবে চুল সাদা। তাও দিব্যি কাজ করে চলেছে।

‘তুমি এখানে অনেকদিন আছ, তাই না?’ ফেলুদা মোলায়েম সুরে প্রশ্ন করল।

‘ইয়েস,’ বলল হকিন্স। ‘তবে আর বেশিদিন নয়, কারণ আমার রিটায়ারমেন্টের সময় এসে গেছে। আমার বয়স তেষট্টি হল, কিন্তু এখনও পরিশ্রম করতে পারি। আমার বাড়ি চ্যাটাওয়ার্থ স্ট্রিটে—এখান থেকে দু মাইল। রোজ হেঁটে আসি, হেঁটে ফিরি।’

‘ছাত্রদের সঙ্গে তোমার কীরকম সম্পর্ক?’

‘খুব ভাল। দে অল লাভ মি। আমার সঙ্গে এসে গল্প করে, ঠাট্টা তামাসা করে, আমাকে সিগারেট দেয়, বিয়ার দেয়। আই গেট অ্যালং ভেরি ওয়েল উইথ দেম।’

‘পুরনো ঘটনা মনে থাকে তোমার? স্মরণশক্তি কেমন?’

‘হালের ঘটনা ভুলে যাই, কিন্তু পুরনো কিছু কিছু মনে আছে। অবিশ্যি কত পুরনো তার ওপর নির্ভর করে।’

‘মনটাকে চল্লিশ বছর পিছিয়ে নিয়ে যেতে পারবে?’

‘হোয়াই?’

‘তোমাদের এখানে ক্যাম নদীতে নৌকা চালায় না ছেলেরা?’

‘শুধু ছেলেরা কেন, মেয়েরাও চালায়।’

‘কোনও নৌকাডুবির ঘটনা মনে পড়ছে?’

হকিন্স মাথা নেড়ে গলাটাকে ভারী করে বলল, ‘ইটস এ স্যাড স্টোরি, স্যাড স্টোরি। একটি ইংরেজ ছেলে, নাম মনে নেই। নৌকা উলটিয়ে জলে ডুবে মারা যায়। সাঁতার জানত না।’

‘সে কি একাই ছিল?’

‘একা? না বোধহয়। সঙ্গে বোধহয় আরেকজন ছিল।’

‘ঠিক করে ভেবে বলো তো।’

‘অত দিন আগের কথা তো— তাই ভাল মনে পড়ছে না।’

‘ওই ইংরেজ ছেলেটির একজন ভারতীয় বন্ধু ছিল না?’

‘আই থিঙ্ক হি হ্যাড।’

‘একটু চেষ্টা করে মনে করে দেখো তো—সেই ভারতীয় ছেলেটিও নৌকায় ছিল কি না।’

‘মে বি হি ওয়াজ—মে বি হি ওয়াজ...’

‘ওই ঘটনার সময় তুমি কোথায় ছিলে?’

‘আমি একটা ঝোপের ধারে বসে বিশ্রাম করছিলাম। হয়তো সিগারেট খাচ্ছিলাম।’

‘ঘটনাটা তুমি দেখেছিলে?’

‘হেলপ-হেল্প চিৎকার শুনে আমি নদীর ধারে যাই। গিয়ে দেখি এই কাণ্ড।’

‘তা হলে তো তোমার মনে থাকা উচিত নৌকোতে আর কেউ ছিল কি না।’

হকিন্স মাথা হেঁট করে যেন ভাববার চেষ্টা করল। তারপর বলল, ‘নাঃ—এর বেশি আর মনে করতে পারছি না। আই অ্যাম সরি। এইটুকু যে মনে আছে তার একটা কারণ ওই একই দিনে আমি বিয়ে করি। ম্যাগি। দ্য বেস্ট ওয়াইফ ওয়ান কুড হ্যাভ।’

৯

টাইমসের বিজ্ঞাপনের ফল যে মিস্টার ক্রিপ্স-এর আসাতেই শেষ হয়ে গেল তা নয়। কেমব্রিজ যাবার পরদিনই ফেলুদা টেলিফোন পেল এক ভারতীয় ভদ্রলোকের কাছ থেকে—নাম সত্যনাথন। মাদ্রাজি, তাতে সন্দেহ নেই। ভদ্রলোক বললেন পিটার ডেক্সটার সম্বন্ধে কিছু তথ্য তিনি দিতে পারেন। ‘আমি এগারোটা নাগাদ তোমাদের হোটেলে পৌঁছতে পারি।’

‘খুব ভাল কথা,’ বলল ফেলুদা, ‘চলে আসুন।’

সত্যনাথন কথা মতো এলেন। বেশ গাঢ় কালো রং, মাথার চুল একেবারে সাদা। একটা চেয়ারে বসে বললেন, ‘বিজ্ঞাপনটা পড়েই আপনার সঙ্গে যোগাযোগ করব ভেবেছিলাম, কিন্তু কয়েকটা কাজে একটু আটকা পড়ে গিয়েছিলাম।’

‘আপনি লন্ডনেই থাকেন?’

‘না। কিলবার্নে। এখান থেকে বেশি দূর নয়। ওখানে একটা ইস্কুলে মাস্টারি করি। পিটার ডেক্সটারের সঙ্গে একসঙ্গে আমি কেমব্রিজে ছিলাম।’

‘তার মানে রঞ্জন মজুমদারও আপনার সহপাঠী ছিল?’

‘তা তো বটেই।’

‘তাকে মনে আছে?’

‘স্পষ্ট। পিটারের খুব বন্ধু ছিল। অবিশ্যি দুজনের মধ্যে ঝগড়াও হত প্রায়ই।’

‘কী নিয়ে?’

‘পিটার ভারতীয়দের একেবারে পছন্দ করত না। রঞ্জনকে দেখে একেবারে সাহেব বলে মনে হত, তাই পিটার তাকে বন্ধু হিসেবে মেনে নেয়। বলত—ইউ আর নট ইন্ডিয়ান, ইউ আর হাফ ইংলিশ।’

‘আপনার সঙ্গে পিটারের কীরকম সম্পর্ক ছিল?’

‘আমার গায়ের রং তো দেখতেই পাচ্ছেন। আমাকে সে বছর ডার্ট নিগার বলে সম্বোধন করেছে। আমি ব্যাপারটা হজম করে নিতাম।’

‘পিটারের মৃত্যুর কথা মনে আছে?’

‘তা থাকবে না? এমন কী দিনটাও মনে আছে—হুইট-সানডের আগের দিন। পিটার যখন সাঁতার জানত না তখন ওর নৌকায় চড়া অত্যন্ত ভুল হয়েছিল।’

‘ওর সঙ্গে আর কে ছিল?’

‘রঞ্জন।’

‘সে বিষয় আপনি নিশ্চিত?’

‘অ্যাবসোলিউটলি। রঞ্জনের সর্বাসঙ্গ জলে ভেজা চেহারাটা এখনও আমার চোখের সামনে ভাসে। আমি তখন আমার ঘরে ছিলাম। আমাদের মালী হকিন্সের চোঁচামেটিতে বাইরে বেরিয়ে এসে সব ব্যাপারটা জানতে পারি। রঞ্জন তার বন্ধুকে বাঁচবার জন্যে জলে ঝাঁপিয়ে পড়ে। বাই ইট ওয়জ টু লেট। রেজিনাল্ডও চেষ্টা করেছিল দাদাকে বাঁচাতে, কিন্তু পারেনি।’

‘পিটারের পরের ভাই?’

‘হ্যাঁ। সে আমাদের পরের বছরই কেমব্রিজে ভর্তি হয়। সেই একই ছাঁচে ঢালা। ভারতীয়দের সঙ্গে প্রায়ই হাতাহাতি লেগে যেত। অনেকবার ওয়ার্মিং দেওয়া হয়েছে। কিন্তু কোনও ফল হয়নি। রেজিনাল্ডের ধারণা ছিল রঞ্জন ইচ্ছা করলে পিটারকে বাঁচাতে পারত। এই কথা সে সারা কলেজে বলে বেড়াত—“হি ডেলিবারেটলি লেট হিম ড্রাউন।”

‘রঞ্জন মজুমদার তো এক বছরের বেশি কেমব্রিজে পড়েনি?’

‘না। একটা বাইসিকল অ্যাক্সিডেন্টের পর সে দেশে ফিরে যায়।’

কথা শেষ, তাই সত্যনাথন উঠে পড়লেন। ওঁর কাছ থেকে একটা মূল্যবান তথ্য জানা গেল—নৌকোতে পিটারের সঙ্গে রঞ্জন ছিলেন, আর তিনি বন্ধুকে বাঁচাতে চেষ্টা করে পারেননি।

সত্যনাথন চলে যাবার পর থেকেই লক্ষ করলাম ফেলুদার ভুরুটা কুঁচকে গেল। লাঞ্চ খেতে খেতে লালমোহনবাবু বললেন, ‘আপনাকে যেন ডিস্‌স্যাটিসফায়েড বলে মনে হচ্ছে। কারণটা জানতে পারি কি?’

‘একটা ব্যাপারে খটকা লাগছে।’

‘কী?’

‘মনে হচ্ছে হকিন্স যা বলেছে তার চেয়ে বেশি ও জানে এবং ওর মনে আছে। কোনও একটা কারণে তথ্য লুকিয়ে যাচ্ছে।’

‘তা হলে কী করবেন?’

‘আরেকবার কেমব্রিজ যাওয়া দরকার। এবারে হকিন্সের বাড়ি। রাস্তার নামটা ও বলেছিল। মনে আছে, তোপসে?’

মনে ছিল। বললাম, ‘চ্যাটওয়ার্থ স্ট্রিট।’

‘ভেরি গুড। কেমব্রিজ গিয়ে রাস্তার একটা পুলিশকে জিজ্ঞেস করলেই বাতালিয়ে দেবে। এটাও জেনে রাখুন, লালমোহনবাবু—এখানকার পুলিশ, যাকে এরা বলে “ববি”—এদের মতো হেলপফুল পুলিশ পৃথিবীতে আর কোথাও নেই।’

লাঞ্চার পর ফেলুদা বলল ওর একটা কাজ আছে, ও একটু বেরোবে। ও ফিরলে তারপর আমরা কেমব্রিজ যাব। ঘন্টায় ঘন্টায় কেমব্রিজের ট্রেন ছাড়ে—কোনও অসুবিধা নেই।

সাড়ে চারটায় রওনা হয়ে আমরা যখন কেমব্রিজে পৌঁছলাম, তখন রাস্তার বাতি জ্বলে গেছে। আমরা একটা বড় রাস্তা ধরে এগিয়ে একটা পুলিশের কাছে গিয়ে হাজির হলাম।

‘চ্যাটওয়ার্থ স্ট্রিট কোথায় বলতে পার?’ ফেলুদা জিজ্ঞেস করল। পুলিশ প্রায় কাগজে নকশা আঁকার মতো করে বুঝিয়ে দিল।

আধঘণ্টা লাগল চ্যাটওয়ার্থ স্ট্রিট পৌঁছতে। এটাকে গলি বললেই চলে, দেখে বোঝা যায় যে খুব অবস্থাসম্পন্ন লোকদের পাড়া নয়। একটা বাড়ির সামনে একজন লোক রাস্তা থেকে একটা বেড়ালকে তুলে কোলে নিল। তাকেই ফেলুদা জিজ্ঞেস করল হকিন্স কোন বাড়িতে থাকে।

‘ফ্রেড হকিন্স?’ ভদ্রলোক বললেন। ‘নাম্বার সিক্সটিন।’

এখানে সব বাড়ির বাইরেই নম্বর লেখা থাকে, তাই ষোলো খুঁজে পেতে সময় লাগল না।

এগিয়ে গিয়ে দরজায় নক করতে হকিন্স নিজেই দরজা খুলল।

‘গুড ইভনিং,’ বলল ফেলুদা।

আমাদের দেখে হকিন্সের মুখ হাঁ হয়ে গেছে। ‘সে কী—তোমরা আবার...?’

‘একটু ভিতরে আসতে পারি?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘নিশ্চয়ই, নিশ্চয়ই।’

হকিন্স এক পাশে সরে দাঁড়িয়ে আমাদের ঢোকবার জায়গা করে দিল। আমরা তিনজনে ঢুকলাম। এটাই বসবার ঘর, যদিও আয়তনে খুবই ছোট। আমরা দুটো চেয়ারে আর একটা সোফায় ভাগাভাগি করে বসলাম।

‘ওয়েল?’

ফেলুদার দিকে জিজ্ঞাসুর দৃষ্টি দিলে হকিন্স।

‘তোমাকে দু একটা প্রশ্ন করার ছিল।’

‘অ্যাবাউট দ্য ড্রাউনিং?’

‘হ্যাঁ।’

‘আমি যা বলেছি তার বেশি তো আর কিছু জানি না।’

‘আমি নতুন প্রশ্ন করব।’

‘কী?’

‘মিস্টার হকিন্স, যে নৌকো ধীরে চলছে, তাতে কেউ বসা অবস্থায় জলে পড়ে যেতে পারে এটা কি তোমার বিশ্বাসযোগ্য মনে হয়?’

‘যদি ঝড় থাকে তা হলে নৌকো নিশ্চয়ই উলটে যেতে পারে। দেয়ার ওয়জ এ হাই উইন্ড দ্যাট ডে।’

‘আমি আজই দুর্ঘটনার পরের দিনের খবরের কাগজ দেখেছি। তাতে পিটার ডেক্সটারের মৃত্যু সংবাদ আছে, কিন্তু ঝড়ের কোনও খবর নেই। ওয়েদার রিপোর্টে বলছে বাতাসের গতিবেগ ছিল ঘণ্টায় ৩৫ মাইল। সেটাকে কি তুমি হাই উইন্ড বলবে?’

হকিন্স চুপ। আর একটা টেবিল ক্লকের টিক টিক শব্দ ছাড়া আর কোনও শব্দ নেই।

ফেলুদা বলল, ‘আমার ধারণা তুমি একটা কিছু লুকোচ্ছ। সেটা কী দয়া করে বলবে?’

‘এতদিন আগের ঘটনা...’

‘কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা। যে দুজনকে নিয়ে ঘটনা, তার মধ্যে একজন তো তোমার বেশ কাছের লোক ছিল বলে মনে হচ্ছে।’

হকিন্স ফেলুদার দিকে চাইল। বেশ বোঝা যাচ্ছে যে তার দৃষ্টিতে সংশয় ঘনিয়ে আসছে।

‘হোয়াট ডু ইউ মিন?’

‘তোমার শেল্ফে আমি অনেকরকম জিনিসের মধ্যে একটা পিতলের গণেশ আর একটা আইভরির বুদ্ধ দেখতে পাচ্ছি। ওগুলো কী করে পেলে জানতে পারি কি?’

‘রন দিয়েছিল আমাকে।’

‘রন মানে বোধ করি রঞ্জন।’

‘ইয়েস। ওকে আমি রনও বলতাম, জনও বলতাম।’

‘আই সি। এবার একটা কথা বলো—পিটারের হেল্প হেল্প চিৎকারের আগে তুমি ওদের কোনও কথা শোনোনি? ইন্ডিয়ান গডদের সামনে মিথ্যা কথা বলা কিন্তু মহাপাপ।’

‘কী কথা বলছিল ব্রিনি—আই ওনলি হার্ড দেয়ার ভয়েসেস।’

‘তার মানে ওরা বেশ জোরে কথা বলছিল?’

‘পারহ্যাপস...পারহ্যাপস...’



‘আমার কী বিশ্বাস জান?’

হকিন্স আবার ফেলুদার দিকে দেখল।

‘হোয়াট?’

‘আমার বিশ্বাস ওদের মধ্যে ঝগড়া হচ্ছিল। পিটার দাঁড়িয়ে উঠেছিল, আর—’

‘ইয়েস, ইয়েস!’ হকিন্স হঠাৎ বলে উঠল। ‘আর ও রনকে আক্রমণ করতে যায়, আর টাল সামলাতে না পেরে জলে পড়ে যায়।’

‘তার মানে পিটার তার মৃত্যুর জন্য নিজেই দায়ী?’

‘অফ কোর্স!’

‘তোমাদের এই যে ক্যাম নদী, আমাদের দেশে এটাকে বলে কেন্যাল। এতে একটা লোক সাঁতার না জানলেও এত সহজে ডুবে যেতে পারে—বিশেষ করে যখন তাকে একজন বাঁচাবার চেষ্টা করছে?’

‘ডুবল যে সে তো চোখের সামনে দেখলাম।’

‘তুমি এখনও সত্যি কথা বলছ না, মিস্টার হকিন্স। আই ওয়ান্ট দ্য ট্রুথ। আমি এত দূর থেকে এসেছি শুধু এই টুথের সন্ধানে। পিটার কেন এত সহজে ডুবে গেল?’

হকিন্সকে দেখেই বুঝতে পারছিলাম যে সে ক্রমেই কোণঠাসা হচ্ছে। এবার সে হঠাৎ ভেঙে পড়ে বলল, ‘ঠিক আছে, আমি বলছি কেন পিটার ডুবে যায়। তার কারণ ও যখন জলে পড়ে তখন ওর জ্ঞান ছিল না।’

‘জ্ঞান ছিল না?’

ফেলুদা তীক্ষ্ণ দৃষ্টিতে চেয়ে রয়েছে হকিন্সের দিকে। তারপর চাপা স্বরে বলল, ‘বুঝেছি। নৌকো বাইছিল রঞ্জন, তাই না?’

‘ইয়েস।’

‘তার মানে তার হাতে দাঁড় ছিল।’

‘ইয়েস।’

‘অর্থাৎ একটা অস্ত্র ছিল, যেটা দিয়ে সে পিটারকে আঘাত করে। তার ফলে পিটার সংজ্ঞা

হারিয়ে জলে পড়ে যায়। অর্থাৎ সে কোনও ষ্ট্রাগলই করেনি। আর রঞ্জন যে তাকে বাঁচাবার চেষ্টা করছিল সেটা একটা অভিনয়। অর্থাৎ রঞ্জনই পিটারের মৃত্যুর জন্য দায়ী।’

হুকিন্স মাথা চাপড়ে বলল, ‘আমি তোমাদের আঘাত দিতে চাইনি। তাই সত্য গোপন করছিলাম। রঞ্জনের জায়গায় আমি থাকলে আমিও ওরই মতো করতাম। পিটার ওকে অশ্রাব্য ভাষায় গাল দিচ্ছিল। বলছিল তোমার চামড়া সাদা হলে কী হবে, আঁচড় কাটলেই দেখা যাবে নীচে কালো। ইউ আর নাথিং বাট এ ডার্টি ব্ল্যাক নেটিভ। এতে কার মাথা ঠিক থাকে বলো!’

‘তুমি ছাড়া এই ঘটনার সাক্ষী আর কেউ ছিল?’

‘ইয়েস। ওনলি ওয়ান।’

‘কে?’

‘রেজিন্যান্ড।’

‘রেজিন্যান্ড ডেক্সটার?’

‘আমরা দুজন একসঙ্গেই বসে সিগারেট খাচ্ছিলাম। সমস্ত ঘটনাই আমরা দুজন একসঙ্গে দেখি। পরে আমি রনকে বাঁচাবার জন্য বলেছিলাম পিটার রনকে আক্রমণ করতে গিয়ে জলে পড়ে যায়। এদিকে রেজিন্যান্ড অনবরত সত্যি ঘটনাটা বলে বেড়াচ্ছিল। সৌভাগ্যক্রমে সকলেই জানত যে রেজিন্যান্ড ইন্ডিয়ানদের ঘৃণা করে, তাই তার কথা কেউ বিশ্বাস করেনি। থ্যাক্স গড ফর দ্যাট—রন ওয়াজ সাচ এ নাইস বয়, সো জেনারাস, সো কাইন্ড।’

‘এ ব্যাপারে তদন্ত হয়নি? ইনকুয়েস্ট হয়নি?’

‘হয়েছিল বইকী।’

‘তুমি সাক্ষী দিয়েছিলে?’

‘ইয়েস।’

‘মিথ্যে সাক্ষী তো?’

‘তা বটে। আই ওয়াজ ডিটারমিনড টু সেভ রঞ্জন। সেও অবশ্য সাক্ষী দিয়েছিল। আমি যা বলেছিলাম, সেও তাই বলেছিল।’

‘আর রেজিন্যান্ড? সে সাক্ষী দেয়নি?’

‘হ্যাঁ—এবং সে সত্যি ঘটনাই বলেছিল। তবে তার কথায় ভারতীয় বিদ্বেষ এত প্রকাশ পাচ্ছিল যে জুরি তার কথা বিশ্বাস করেনি। তারা রায় দিয়েছিল ডেথ বাই অ্যাক্সিডেন্ট।’

ফেলুদা উঠে পড়ল।

‘থ্যাক্স ইউ মিস্টার হুকিন্স। আমার আর কোনও প্রশ্ন নেই।’

হোটেল ফিরলাম ডিনারের ঠিক আগে। রিসেপশন থেকে ঘরের চাবি নিচ্ছি, এমন সময় একজন কর্মচারী ফেলুদার দিকে চেয়ে বলল, ‘মিস্টার মিটার?’

‘ইয়েস।’

‘তোমার একটি টেলিগ্রাম আছে।’

ফেলুদা টেলিগ্রামটা নিয়ে খুলে পড়ল। পাঠিয়েছেন রঞ্জন মজুমদার। তিনি বলছেন—‘ক্যান রিকল এভরিথিং। রিটার্ন ইমিডিয়েটলি।’

‘পারফেক্ট টাইমিং’, বলল ফেলুদা। ‘এখানের মামলা শেষ, কাল আমাদের রিটার্ন বুকিং, আর মিস্টার মজুমদারের স্মৃতি ফিরে এসেছে।’

প্লেনেই ফেলুদা বলেছিল যে দমদম থেকে সোজা মিস্টার মজুমদারের বাড়ি যাব। আমরা কলকাতায় পৌঁছাচ্ছি দুপুর একটা পাঁচে।

মনে গভীর উৎকণ্ঠা। রঞ্জনবাবু জানেন তিনি খুন করেছিলেন; এখন তিনি কী করবেন?

আমাদের ফেরার তারিখ আর সময় আগে থেকেই জানা ছিল, তাই লালমোহনবাবুর গাড়ি এয়ারপোর্টে হাজির ছিল।

রোল্যান্ড রোডে পৌঁছে বুকটা ধক্ করে উঠল। রঞ্জনবাবুর বাড়ির সামনে পুলিশের গাড়ি কেন?

গাড়ি থেকে নেমে গেটের ভিতর ঢুকতেই আমাদের চেনা ইনস্পেকটর মণ্ডল গভীর মুখে এগিয়ে এলেন।

‘আজ সকাল আটটায় ব্যাপারটা ঘটেছে।’

‘কী ব্যাপার?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘মিস্টার মজুমদার খুন হয়েছেন। সকালে নাকি একজন সাহেব এসেছিল ওঁর সঙ্গে দেখা করতে। সে কে তা জানা যায়নি। আপনি কোনও এনকোয়ারি করবেন?’

‘না।’

পরদিন সকাল সাড়ে সাতটায় লালমোহনবাবু এসে হাজির। ভদ্রলোক অত্যন্ত উত্তেজিত।

‘পাঁচ নম্বরের পাতার খবরটা দেখেছেন?’

‘কোন কাগজ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘স্টেটসম্যান—আবার কোন কাগজ।’

‘না, এখনও দেখিনি।’

‘প্রথম পাতায় তো মজুমদারের খবরটা রয়েছে—এবার পাঁচের পাতা দেখুন।’

ফেলুদা কাগজটা নিয়ে পাঁচের পাতা খুলল। ‘নীচে বাঁ দিকে’, বললেন জটায়ু।

খবরটা বার করে ফেলুদা পড়ে শোনাল। তার বাংলা করলে এই দাঁড়ায়—

হোটেলে আত্মহত্যা

সদর স্ট্রিটের একটি হোটেলে গতকাল রাতে গুলির আওয়াজ পেয়ে অনুসন্ধান করে দেখা যায় সাত নম্বর ঘরে একটি সাহেব মৃত অবস্থায় মেঝেতে পড়ে আছেন। তাঁর হাতে রিভলভার। হোটেলের খাতা থেকে জানা যায় সাহেবের নাম রেজিন্যান্ড ডেক্সটার। ইনি এসেছিলেন দার্জিলিং-এর নিকটবর্তী খয়রাবাড়ি চা বাগান থেকে।



নয়ন রহস্য

১

ফেলুদাকে বেশ কিছুদিন থেকেই মনমরা দেখছি। আমি বলছি মনমরা। সেই জায়গায় লালমোহনবাবু অন্তত বারো রকম বিশেষণ ব্যবহার করেছেন—একেক দিনে একেক রকম। তার মধ্যে হতোদ্যম, বিষন্ন, বিমর্ষ, নিস্তেজ, নিষ্প্রভ ইত্যাদি তো আছেই। এমনকী মেদামারা পর্যন্ত আছে। এর কোনওটাই অবিশ্যি উনি ফেলুদাকে বলেননি, বলেছেন আমাকে। আজ আর থাকতে না পেরে সোজাসুজি ফেলুদাকেই প্রশ্ন করে বসলেন, ‘মশাই, আপনাকে কদিন থেকে এত শ্রিয়মাণ দেখছি কেন?’

ফেলুদা সোফায় হেলান দিয়ে সামনের কফি-টেবিলের উপর পা ছড়িয়ে বসেছিল মেঝের দিকে তাকিয়ে; লালমোহনবাবুর প্রশ্নের পরও সেই একইভাবে বসে রইল।

‘এটা কিন্তু মশাই আনফেয়ার’, অভিমানের সুরে বললেন জটায়ু। ‘আমার এখানে আসার একমাত্র উদ্দেশ্য হচ্ছে জমিয়ে আড্ডা দেওয়া। আপনি দিনের পর দিন এমন বেজার ভাব করলে তো আসা বন্ধ করে দিতে হয়! একটু আলোকপাত করুন, যাতে কী হয়েছে আঁচ করতে পারি। এমন তো হতে পারে যে আপনার এই কন্ডিশনের রেমিডি হয়তো আমি সাপ্লাই করতে পারি। আগে তো আমি ঘরে ঢুকলেই আপনার ভুরু নেচে উঠত, আজকাল দেখছি আমাকে দেখলেই মুখ ঘুরিয়ে নেন।’

‘সরি’, মেঝের দিকে চেয়েই মৃদুস্বরে বলল ফেলুদা।

‘নো নিড টু অ্যাপলজাইজ, ফেলুবাবু; আপনি কেন গুমরোচ্ছেন সেইটে বলুন, তার পর বাকি কথা হবে। কাইন্ডলি বলুন। এত আনন্দের স্মৃতিভরা ঘর এমন গুমোট মেরে যাবে এটা বরদাস্ত করা যায় না। বলবেন কী হয়েছে?’

‘চিঠি’, বলল ফেলুদা।

‘চিঠি?’

‘চিঠি।’

‘কার চিঠি? এমন কী থাকতে পারে চিঠিতে যা আপনার মনে অন্ধকার আনবে? কার চিঠি মশাই?’

‘পাঠক।’

‘কীসের পাঠক?’

‘শ্রীমান তপেশের লিপিবদ্ধ করা প্রদোষচন্দ্র মিত্রের কীর্তিকলাপ।’

‘পাঠক কি তাতে অবজেকশন নিয়েছে?’

‘পাঠক সিঙ্গুলার নয়, লালমোহনবাবু; পাঠক প্লুরাল। শুনে দেখেছি ছাপান্নখানা চিঠিতে ঘুরিয়ে ফিরিয়ে একই কথা।’

আমি কিন্তু এইসব চিঠিপত্রের কথা কিছুই জানি না। ফেলুদা রোজই চার-পাঁচটা করে চিঠি পায় সেটা জানি, কিন্তু সেগুলো কী চিঠি সেটা কোনও দিন জিজ্ঞেস করিনি।

‘একই কথা মানে?’ জিজ্ঞেস করলেন জটায়ু। ‘কী কথা?’

‘ফেলু মিস্তিরের মামলা আর তেমন জমাটি হচ্ছে না, জটায়ু আর তেমন হাসাতে পারছেন না, তপেশের বিবরণ বিবর্ণ হয়ে আসছে...’ লালমোহনবাবু হঠাৎ খেপে উঠলেন। —‘হাসাতে

পারছেন না ? জটায়ু হাসাতে পারছেন না ? আমি কি সং ?’

‘না না’, ফেলুদা বলে উঠল, ‘আপনি সং হতে যাবেন কেন ? সং, ভাঁড়, ক্লাউন, জোকার—এ সব অত্যন্ত অপমানকর কথা । আপনি হলেন বিদূষক । এইভাবে নিজেকে কল্পনা করে নিলে দেখবেন আর কোনও ঝঙ্কাট নেই ।’

কথাটায় লালমোহনবাবুর রাগ তো গেলই না, বরং তিনি বেশ বিরক্তির সঙ্গে ফেলুদার দিকে পিঠ করে দাঁড়িয়ে বললেন, ‘আই অ্যাম রিয়েলি ডিস্যাপয়েন্টেড । ছ্যা ছ্যা ছ্যা—এইসব চিঠি আপনি জমিয়ে রেখেছেন ? পাওয়ামাত্র দলা পাকিয়ে ওয়েস্ট পেপার বাস্কেটে নিক্ষেপ করেননি ?’

‘না, করিনি’, গম্ভীরভাবে বলল ফেলুদা, ‘কারণ এই সব পাঠকই এতকাল আমাকে সাপোর্ট করেছে ; এখন যদি তারা বলে যে, থ্রি মাসকেটিয়ার্স-এর অকাল বার্ষিক্য দেখা দিয়েছে, তা হলে কথাটা আমি উড়িয়ে দিতে পারি না ।’

‘অকাল বার্ষিক্য !’ হাঁটুতে চাপড় মেরে চোখ কপালে তুলে বললেন জটায়ু । ‘তপেশের কথা ছেড়েই দিলাম—আপনি তো সুপারফিট চিরতরুণ । তপেশও আপনারই মতো রেগুলার যোগব্যায়াম করে । শরীরে মেদের লেশমাত্র নেই । আর আমি যে আমি—এখনও—এই সে দিনও—আমার পড়শি—সেভেনটিন ইয়ারস মাই জুনিয়র—সোমেশ্বর হাজারাকে পাঞ্জায় কাত করে দিলুম—সেটা বার্ষিক্যের লক্ষণ ? বয়স তো মানুষের বাড়বেই, কিন্তু সেই সঙ্গে যে আক্কেলও বাড়ে, অভিজ্ঞতাও বাড়ে তার কি কোনও দাম নেই ?’

‘এটা বোঝাই যাচ্ছে যে, সে সবার কোনও পরিচয় পাঠকরা পাচ্ছে না ।’

‘এও তো এক রহস্য । কিনারা করতে পারলেন ?’

ফেলুদা টেবিল থেকে পা দুটো নামিয়ে সোজা হয়ে বসল ।

‘শুনুন, লালমোহনবাবু—জনপ্রিয়তার লেজুড় হিসেবে বেশ কিছু ঝুঁকি এসে পড়ে সেটা আপনারও অজানা নয় । প্রকাশকের চাপ আপনাকে ভোগ করতে হয় না ?’

‘ওরেবাস—সে তো ট্রিমেন্ডাস ব্যাপার !’

‘জানি । কিন্তু ফেলুদার জনপ্রিয়তা আর প্রখর রুদ্রের জনপ্রিয়তা এক জিনিস নয় । আপনার উপর চাপ এলে আপনি কল্পনার আশ্রয় নিয়ে সাপ-ব্যাঙ-বিচ্ছু যা হয় একটা দাঁড় করিয়ে প্রকাশকের চাহিদা মেটাতে পারেন । কিন্তু তোপ্সের উপর যখন চাপ আসে তখন কল্পনার আশ্রয় নিলে চলে না । বাস্তবে আমার মামলায় যা ঘটেছে, সেটাকেই একটু পালিশ করে উপন্যাসের আকারে প্রকাশকের হাতে তুলে দিতে হয় । তার মাস খানেকের মধ্যেই ফেলুদার একটি টাটকা নতুন অ্যাডভেঞ্চার বইয়ের বাজার দখল করে বসে । তার একটা ফল হল এই ছাপান্নখানা চিঠি । কারণ আর কিছুই নয় ; প্রতি বছরই যে আমার হাতে এমন একটি মামলা আসবে যা থেকে জমাটি উপন্যাস হয় তার কী গ্যারান্টি আছে ? এটা ভুললে চলবে না যে, আমার পাঠক প্রধানত কিশোর-কিশোরী । আমার এমন অনেক মামলার উদাহরণ দিতে পারি যেগুলো চিত্তাকর্ষক হলেও, তাতে এমন সব উপাদান থাকে যা কখনওই কিশোরদের পাতে দেওয়া চলে না ।’

‘যেমন লখাইপুরের সেই জোড়া খুনের মামলা ?’

‘তা তো বটেই ! সেটাতে তো তোপ্সেকে আমার ধারে-পাশেই আসতে দিইনি—যদিও সে এখন আর খোকাটি নেই, এবং বয়সের তুলনায় অনেক বেশি জানে-বোঝে ।’

‘তার মানে আপনি বলতে চান যে, তোপ্সের বাছাইয়ে গলদ রয়েছে ?’

‘সেটা হত না যদি না ও প্রকাশকের তাগিদের চোটে বিভ্রান্ত হয়ে পড়ত । ওকে দোষ দিই কী করে বলুন ? আমার মামলা থেকে ও যা খাড়া করে তাকে কিশোর উপন্যাসই বলা হয়ে

থাকে। এইসব উপন্যাস যদি শুধু কিশোররাই পড়ত, তা হলে কিন্তু কোনও সমস্যা ছিল না ; আসলে যেটা ঘটে সেটা হল, কিশোরদের সঙ্গে তাদের মা, বাবা, মাসি, পিসি, খুড়ো, জ্যাঠা সকলেই এসব উপন্যাস পড়ে। একসঙ্গে এত স্তরে চাহিদা মেটানো কি চাট্টিখানি কথা ?

‘আপনি তপেশকে একটু গাইড করুন না।’

‘সেটা করব। আগে করতাম, ইদানীং করি না। আবার করব। তবে তার আগে প্রকাশকের সঙ্গে একটা মোকাবিলা করা দরকার। তাদের বোঝাতে হবে যে, লাগসই মামলা পেলেই তারা উপন্যাস পাবে, নচেৎ নয়। তাতে যদি একটা বছর ফেলুদা বাদও যায়, সেটাও তাদের মেনে নিতে হবে। তারা ঘোর ব্যবসাদার ; আমার মান-ইজ্জত নিয়ে তারা চিন্তিত নয়—সে চিন্তা আমাদেরই করতে হবে।’

‘পাঠকদের সঙ্গেও তো একটা মোকাবিলার প্রয়োজন, তাই নয় কি ? এই যে সব যারা রাগী-রাগী চিঠি দিল ?’

‘এরা বোকা নয়, লালমোহনবাবু। এদের চাহিদা অত্যন্ত সঙ্গত। সেটা মেটাতে পারলেই এরা আবার আমাকে তুলে ধরবে।’

‘শুধু আপনাকে ? আমাকে নয় ?’

‘একশোবার ! আপনি-আমি তো পরস্পরের পরিপূরক। সোনায়ে সোহাগা। অ্যারালডাইট দিয়ে আমার সঙ্গে সেন্টে রয়েছেন আপনি সেই সোনার কেব্লার সময় থেকেই। আমাকে ছাড়া আপনার অস্তিত্বই নেই—অ্যান্ড ভাইসি ভারসা।’

লালমোহনবাবু আমার দিকে ফিরে গম্ভীর গলায় বললেন, ‘বি ভেরি কেয়ারফুল, তপেশ !’

এটা বলার কোনও দরকার ছিল না, কারণ ফেলুদা স্পষ্টই বুঝিয়ে দিয়েছে যে, এবার থেকে কেয়ারফুল হবার অর্ধেক দায়িত্ব ওর।

কথার ফাঁকে ফেলুদা একটা চারমিনার ধরিয়েছিল। এবার সেটা আধপোড়া অবস্থায় অ্যাশ-ট্রেতে ফেলে দিয়ে আমার দিকে এগিয়ে এসে পিঠে একটা চাপড় মেরে বলল, ‘সোজা নিয়ম, বুঝলি তোপসে। এবার থেকে আমার গ্রিন সিগন্যাল না পাওয়া পর্যন্ত তুই হাত পা গুটিয়ে বসে থাকবি। ঠিক হ্যায় ?’

আমি হেসে মাথা নাড়িয়ে বুঝিয়ে দিলাম ‘ঠিক হ্যায়’।

২

এই যে এতক্ষণ পায়িতারা করলাম, তা থেকে বোঝাই যাবে যে, ফেলুদা আমায় গ্রিন সিগন্যাল দিয়েছে। শুধু ফেলুদা কেন, নয়নের মামলা নিয়ে লিখছি শুনে জটায়ু একটা কান-ফাটানো হাততালি দিয়ে বললেন, ‘গ্রেট ! গ্রেট ! ইয়ে, আমার ভূমিকাটা ইনট্যাক্ট থাকবে তো ? সব কিছু মনে আছে তো ?’ আমি বললাম, ‘কোনও চিন্তা নেই ; সব নোট করা আছে।’

আসল মামলায় পৌঁছতে অবিশ্যি আরও কিছুটা সময় লাগবে। কোথায় শুরু করব জিজ্ঞেস করাতে ফেলুদা বলল, ‘তরফদারের শো। দ্যাট ইজ দ্যা স্টার্টিং পয়েন্ট।’ আমি ওর কথামতোই স্টার্ট করছি।

তরফদার হলেন ম্যাজিশিয়ান। পুরো নাম সুনীল তরফদার। শোয়ের নাম ‘চমকদার তরফদার’। আজকাল ব্যাণ্ডের ছাতার মতো ম্যাজিশিয়ান গজাচ্ছে এই পশ্চিম বাংলায়। এর মধ্যে কিছু আছে যারা সত্যিই ম্যাজিক নিয়ে সাধনা করে। প্রতিদ্বন্দ্বিতার চাপে অনেককেই শেষ পর্যন্ত পিছিয়ে আসতে হয়। যারা টিকে থাকে তাদের মোটামুটি একটা স্ট্যান্ডার্ড আছে। ইয়াং বয়সে ফেলুদার ম্যাজিকের নেশা ছিল, সেটা আমিই একটা গল্পে জানিয়ে

ফেলেছিলাম। ফলে এ সব উঠতি ম্যাজিশিয়ানদের অনেকেই ওর কাছে আসে শোয়ে নেমন্তন্ন করার জন্য। আমরা কয়েকবার গিয়েছি, আর গিয়ে হতাশ হইনি।

সুনীল তরফদারও এই উঠতিদের মধ্যে একজন। বছর খানেক হল শো করছেন। এখনও তেমন নাম করেননি, যদিও দু-একটা কাগজে বেশ প্রশংসা বেরিয়েছে। গত ডিসেম্বরের গোড়ার দিকে এক দিন সকালে ইনি আমাদের বাড়িতে এসে ফেলুদাকে টিপ করে এক প্রণাম করলেন। কেউ ওর পায়ে হাত দিলে ফেলুদা ভীষণ বিব্রত হয়ে পড়ে; তরফদারের প্রণামে ও হাঁ হাঁ করে উঠল।

ভদ্রলোকের বয়স ত্রিশ-বত্রিশের বেশি নয়, লম্বা একহারা চেহারা, ঠোঁটের উপরে একটা সরু সাবধানে-ছাঁটা গোঁফ। প্রণাম সেরে নিজের পরিচয় দিয়ে বললেন, ‘স্যার, আমি আপনার একজন গ্রেট ফ্যান। আমি জানি এককালে আপনার নিজেরই ম্যাজিকের শখ ছিল। আমার শো হচ্ছে মহাজাতি সদনে। আপনাদের জন্য তিনটে ফাস্ট রোয়ের টিকিট দিয়ে যাচ্ছি। আগামী রবিবার সাড়ে ছটায় যদি আপনারা আসেন তা হলে আমি সত্যিই খুশি হব।’

ফেলুদা তৎক্ষণাৎ হ্যাঁ না কিছুই বলছে না দেখে ভদ্রলোক ঝুঁকে পড়ে ফেলুদার কাঁধে হাত রেখে বললেন, ‘আমি আপনাদের রোববার ডাকছি এই কারণে যে, সেদিন আমার প্রোগ্রামে একটা নতুন আইটেম অ্যাড করছি। আমি জোর দিয়ে বলতে পারি এ জিনিস আর কেউ কখনও স্টেজে দেখায়নি।’

ফেলুদা যাব বলে কথা দিয়েছিল। রবিবার বিকেলে সাড়ে পাঁচটায় লালমোহনবাবু তাঁর সবুজ অ্যাম্বাসাডর নিয়ে আমাদের বাড়িতে চলে এলেন। চা-ডালমুট খেয়ে আমরা ছ’ টায় রওনা হয়ে শোয়ের ঠিক পাঁচ মিনিট আগে মহাজাতি সদনে পৌঁছে গেলাম। কাগজে বেশ চোখে পড়ার মতো একটা বিজ্ঞাপন দুদিন আগেই বেরিয়েছিল, ভিড় দেখে মনে হল সেটায় কাজ দিয়েছে। আমরা মাঝের প্যাসেজ দিয়ে এগিয়ে গিয়ে সামনের সারির মাঝামাঝি পাশাপাশি তিনটে চেয়ারে বসলাম।

‘কাগজে বিজ্ঞাপনটা দেখেছিলেন?’ ফেলুদার দিকে ঝুঁকে পড়ে প্রশ্ন করলেন লালমোহনবাবু।

‘দেখেছি, বলল ফেলুদা।

‘তাতে যে বলছে অভূতপূর্ব নতুন আকর্ষণ জ্যোতিষ্ক—এই জ্যোতিষ্কটি কী বস্তু, মশাই?’

‘একটু ধৈর্য ধরুন—যথাসময়ে জানতে পারবেন।’

তরফদার দেখলাম পাংচুয়ালি সাড়ে ছটায় শো আরম্ভ করে দিলেন। পর্দা সরতেই ফেলুদার দিকে চেয়ে দেখি তার চোখ নিজের রিস্টওয়াচের দিকে, ভুরু ঈষৎ তোলা, আর ঠোঁটের কোণে মৃদু হাসি। আমি তো জানি ও পাংচুয়ালিটির উপর কত জোর দেয়। ও বলে বাঙালিদের উন্নতির পথে একটা বড় রকম বাধার সৃষ্টি করে এই সময়ানুবর্তিতার অভাব। তরফদার যে এই নিয়মের ব্যতিক্রম, সেটা দেখেই ফেলুদা খুশি।

শো কিছুক্ষণ চলার পরেই বুঝতে পারলাম, জাদুকরের ঝলমলে পোশাক ছাড়া আজকের সফল ম্যাজিশিয়ানদের তুলনায় ইনি জাঁকজমকের দিকটায় একটু কম দৃষ্টি দেন। এও লক্ষ করলাম যে এমন অনেক আইটেম আছে, যাতে নতুনত্ব বলে বিশেষ কিছু নেই।

ইন্টারভ্যালের পর প্রোগ্রামের দ্বিতীয় অংশে এল প্রথম চমক। এটা স্বীকার করতেই হল যে, হিপনটিজম বা সন্মোহনে তরফদারের সমকক্ষ বাঙালি জাদুকরের মধ্যে আর নেই বললেই চলে। তিনজন দর্শককে পর পর স্টেজে এনে চোখের দৃষ্টি আর আঙুল-হড়ানো দুই হাতের আন্দোলনের জোরে সন্মোহিত করে তাদের দিয়ে যা-খুশি-তাই করিয়ে ভদ্রলোক প্রচুর হাততালি পেলেন।

কিন্তু তার পরেই তরফদার একটা বেচাল চাললেন। ফেলুদার দিকে চেয়ে দর্শকদের উদ্দেশ্য করে বললেন, ‘আমি এবার প্রথম সারিতে বসা স্বনামধন্য গোয়েন্দাপ্রবর শ্রীপ্রদোষচন্দ্র মিত্রকে অনুরোধ করছি মঞ্চে আসতে।’

ফেলুদা উঠে দাঁড়িয়ে জটায়ুর দিকে দেখিয়ে বলল, ‘আমাকে না ডেকে এই ভদ্রলোককে ডাকুন। আমাকে ডাকলে বিপত্তির সম্ভাবনা আছে।’

তরফদারের বয়স বেশি না বলেই হয়তো তিনি একটু একরোখা। একটা ভয়ংকর রকম কনফিডেন্ট হাসি হেসে বললেন, ‘না স্যার, আমি চাই আপনিই আসুন।’

বিপত্তি কথাটা ভুল নয়। তরফদারের বার বার নানারকম চেষ্টা সত্ত্বেও ফেলুদা যেমন সজাগ তেমনই সজাগ রয়ে গেল। এদিকে আমার অপ্রস্তুত লাগছে; হল ভর্তি লোক, তার মধ্যে ম্যাজিশিয়ানের সব চেষ্টা ব্যর্থ হচ্ছে। শেষে তরফদার যেটা করলেন সেটাই বোধহয় এই অবস্থায় মান বাঁচানোর একমাত্র উপায়।

তিনি সবিনয়ে হার স্বীকার করে দর্শকদের উদ্দেশ্যে বললেন, ‘ফেলু মিণ্ডির বস্তুটা যে কী, সেটা আপনাদের দেখানোর জন্যই আমি এঁকে মঞ্চে ডেকেছিলাম। এঁর কাছে হার স্বীকার করতে আমার বিন্দুমাত্র লজ্জা নেই। আমি চাই আপনারা এই আশ্চর্য মানুষটিকে যথোপযুক্ত সম্মান দেখান।’

হল হাততালিতে ফেটে পড়ল। ফেলুদা স্টেজ থেকে নেমে নিজের জায়গায় এসে বসতে লালমোহনবাবু তার দিকে ঝুঁক পড়ে বললেন, ‘আপনার মশাই ফিজিয়লজিটাই আলাদা।’

কিন্তু একটা চূড়ান্ত চমক—যেটা আমার হৃৎস্পন্দন প্রায় বন্ধ করে দিয়েছিল—এখনও বাকি ছিল। সেটাই তরফদারের নতুন এবং শেষ আইটেম।

যাকে নিয়ে এই আইটেম, সে হল আট-ন বছরের একটি ফুটফুটে ছেলে—যাকে সঙ্গে নিয়ে তরফদার মঞ্চে হাজির হলেন। একটা বেশ বাহারের চেয়ার স্টেজের মাঝখানে রাখা ছিল, ছেলেটিকে তাতে বসিয়ে তরফদার দর্শকদের দিকে ঘুরে বললেন, ‘এই বালকের নাম জ্যোতিষ্ক; এর আশ্চর্য ক্ষমতার পরিচয় আপনারা এখনই পাবেন। আমি স্বীকার করছি এতে আমার কোনও বাহাদুরি নেই। একে মঞ্চে উপস্থিত করতে পেরে আমি গর্বিত। এ ছাড়া আমার আর কোনও ক্রেডিট নেই।’

এবার তরফদার ছেলেটির দিকে ফিরে বললেন, ‘জ্যোতিষ্ক, দর্শকদের দিকে দেখো তো।’

ছেলেটির দৃষ্টি সামনের দিকে ঘুরল।

তরফদার বললেন, ‘সামনের সারিতে প্যাসেজের ডান দিকে লাল সোয়েটার আর কালো প্যান্ট পরা যে ভদ্রলোকটি বসে আছেন, তাঁর কাছে কি কোনও টাকা আছে?’

যাঁর কথা বলা হচ্ছে তিনি উঠে দাঁড়ালেন।

‘আছে, মিহি, সুরেলা গলায় বলল জ্যোতিষ্ক।

‘কত টাকা বলতে পার?’

‘পারি।’

‘কত?’

‘কুড়ি টাকা তিরিশ পয়সা।’

ভদ্রলোক ইতিমধ্যে পকেট থেকে পার্স বার করে তার থেকে দুটো দশ টাকার নোট বার করেছেন। প্যাসেজের ওদিকে বসলেও দিব্যি বুঝতে পারছি যে, ভদ্রলোকের চোখ ছানাবড়া, মুখ হাঁ।

‘ওনার হাতে যে দুটো দশ টাকার নোট, তার নম্বর বলতে পার?’

‘এগারো ই—এক এক এক তিন শূন্য দুই। আর চোদ্দ সি—দুই আট ছয় শূন্য দুই পাঁচ।’

ভদ্রলোকের ভুরু আরও ইঞ্চিখানেক উপরে উঠে গেল।

‘মাই গড—হি ইজ অ্যাবসোলিউটলি রাইট!’

চারদিক থেকে তুমুল হাততালি আর উচ্ছ্বাসের কোরাস।

এবার তরফদার দর্শকদের দিকে ফিরে বললেন, ‘এখন অবিশ্যি আমি জ্যোতিষকে প্রশ্ন করছি, কিন্তু ইচ্ছে করলে আপনাদের যে কেউ করতে পারেন। শুধু এটা মনে রাখতে হবে যে, প্রশ্ন এমন হতে হবে যার উত্তর সংখ্যায় হয়। এই ভাবে উত্তর দিতে জ্যোতিষের যথেষ্ট মানসিক পরিশ্রম হয়, যদিও সেটা বাইরে থেকে বোঝা নাও যেতে পারে। তাই জ্যোতিষ আর মাত্র দুটো প্রশ্নের জবাব দেবে, তার পর তার ছুটি।’

দুটোর একটায় একজন তরুণ দর্শক প্রশ্ন করল, ‘আমি এখানে এসেছি মোটর গাড়িতে। সে গাড়ির নম্বর তুমি বলতে পার?’

জ্যোতিষ নম্বর বলে দিয়ে বলল, ‘তোমাদের কিন্তু এ ছাড়াও আর একটা গাড়ি আছে। সেটার নম্বর ডব্লিউ এম এফ ছয় দুই তিন দুই।’

তারপর তরফদার একটি ছেলেকে জিজ্ঞেস করলেন, ‘তুমি কি এ বছর কোনও পরীক্ষা দিয়েছ?’

‘মাধ্যমিক’, বলল ছেলেটা। তরফদার জ্যোতিষের দিকে ফিরে বললেন, ‘এই ছেলেটি মাধ্যমিক পরীক্ষায় বাংলায় কত নম্বর পেয়েছে বলতে পার?’

জ্যোতিষ বলল, ‘একাশি। ওর চেয়ে বেশি কেউ পায়নি।’

উত্তর শুনে ছেলেটি নিজেই হাততালি দিয়ে উঠল।

শোয়ের পর ফেলুদা বলল, ‘এক বার ব্যাকস্টেজে যাওয়া দরকার। তরফদারকে একটা ধন্যবাদ তো দিতেই হয়।’

আমরা গেলাম। তরফদার আয়নার সামনে বসে মেক-আপ তুলছেন—আমাদের দেখেই এক-গাল হেসে উঠে দাঁড়ালেন।

‘কেমন লাগল ফ্র্যাঙ্কলি বলুন, স্যার।’

‘দুটো আইটেমের তারিফ করতেই হয়’, বলল ফেলুদা। ‘এক, আপনার হিপনটিজম, আর দুই—জ্যোতিষ। কোথেকে পেলেন এই আশ্চর্য ছেলেকে?’

‘কালীঘাটের ছেলে। ওর আসল নাম নয়ন। জ্যোতিষ নামটা আমিই দিয়েছি; বিজ্ঞাপনেও জ্যোতিষই ব্যবহার করছি। কথাটা আপনাদের বললুম, আপনারা কাইন্ডলি আর কাউকে বলবেন না।’

‘না না,’ বলল ফেলুদা। ‘কিন্তু শুধু কালীঘাট বললে তো কিছুই বলা হল না।’

‘বাপ অসীম সরকার থাকেন নিকুঞ্জবিহারী লেনে। ছেলের আশ্চর্য ক্ষমতা দেখে আমার কাছে নিয়ে আসেন যদি আমি ওকে কাজে লাগাতে পারি। আসলে ভদ্রলোক অভাবী, তাই ভাবলেন ছেলেকে দিয়ে যদি কিছু একস্ত্রী ইনকাম হয়।’

‘সেটা যে হবে সে বিষয় আমার কোনও সন্দেহ নেই, ছেলেটি কি বাপের কাছেই থাকে?’

‘আজ্ঞে না। আমি ওকে নিজের বাড়িতে এনে রেখেছি। ওর পড়াশুনার জন্য টিউটর ঠিক করেছি; কাল এক ডাক্তারকে ডেকেছিলাম, উনি নয়নের ডায়েট বাতলে দিয়েছেন।’

‘এ সব তো রীতিমতো খরচের ব্যাপার!’

‘জানি স্যার। তবে এও জানি যে, নয়ন ইজ এ গোল্ডমাইন। ওর রক্ষণাবেক্ষণের জন্য যদি ধার-দেনাও করতে হয়, সে টাকা কদিনের মধ্যে উঠে আসবে।’



‘হুঁ...তবে আইডিয়াল হত যদি আপনি একটি পৃষ্ঠপোষক জোগাড় করতে পারতেন।’

‘সেটা আমিও বুঝি স্যার। দেখি আর দুটো দিন...’

‘আপনার অনেকটা সময় নিয়েছি। আর মাত্র দুটো কথা বলে আপনাকে রেহাই দেব। এক—এই স্বর্ণখনিটি যাতে বেহাত না হয়, সেদিকে আপনার কড়া নজর রাখতে হবে। সেকেন্ড রো-তে মনে হল কয়েকজন সাংবাদিককে দেখলাম, তাই না?’

‘ঠিক দেখেছেন, স্যার। এগারোজন সাংবাদিক আজকে আমার শো দেখেছেন। তারা সকলেই আগামী শুক্রবারের সিনেমার পাতায় আমার শোয়ের বিষয় লিখবেন। ইতিমধ্যে কোনও চিন্তার কারণ আছে বলে মনে হয় না।’

‘যাই হোক, এটা বলে গেলাম যে, যদি নয়ন সম্বন্ধে কোনও এনকোয়ারি বা টেলিফোন আসে যা আপনার মনে খটকা জাগায়, তা হলে আমাকে জানাতে দ্বিধা করবেন না।’

‘মেনি থ্যাঙ্কস, স্যার। এবার আমার একটা রিকোয়েস্ট আছে।’

‘কী?’

‘এবার থেকে আমায় আপনি না বলে তুমি বলবেন কাইন্ডলি।’

শুক্রবারের কাগজে নয়ন সম্বন্ধে বেরোনোর কথা ; আজ মঙ্গলবার । বেশ অবাক হলাম দেখে যে, আজই তরফদারের কাছ থেকে টেলিফোন এল । শুধু ফেলুদার দিকটা শুনে ব্যাপারটা আন্দাজ করতে পারলাম না ; ফোন রাখার পর ফেলুদা খুলে বলল ।

‘খবরটা এর মধ্যেই ছড়িয়েছে, বুঝেছিস তোপসে । আটশো লোক সেদিন ম্যাজিক দেখেছে ; তার মধ্যে কতজন কত লোককে নয়ন সম্বন্ধে বলেছে কে জানে ? ব্যাপারটা যা দাঁড়িয়েছে—তরফদার চারজনের কাছ থেকে টেলিফোন পেয়েছে । হেঁজিপেঁজি নয়, বেশ মালদার লোক । তারা সকলেই নয়ন সম্বন্ধে কথা বলতে অ্যাপয়েন্টমেন্ট চায় । তরফদার কাল সকাল ন’টা থেকে অ্যাপয়েন্টমেন্ট রেখেছে । প্রত্যেককে পনেরো মিনিট সময় দেবে । এও বলে দিয়েছে যে, তার সঙ্গে আরও তিনজন লোক থাকবে—অর্থাৎ মিস্টার ফেলু, মিস্টার তপেশ আর মিস্টার লালু । এই খবরটা তুই এক্ষুনি ফোন করে জটায়ুকে জানিয়ে দে ।’

‘কিন্তু এই চারজন কারা, সেটা তরফদার বললেন না ?’

‘একজন আমেরিকান, একজন পশ্চিমা ব্যবসাদার, একজন অ্যাংলো-ইন্ডিয়ান, একজন বাঙালি । আমেরিকানটি নাকি ইমপ্রসারিও । অর্থাৎ নানা রকম শিল্পীদের স্টেজে উপস্থিত করেন এবং তা থেকে দু পয়সা কামান । অন্য তিনজন কী তা গেলে জানা যাবে । আসল কথা যা বুঝলাম—তরফদার বুঝেছে সে একা সিচুয়েশনটা হ্যান্ডল করতে পারবে না ; তাই আমাদের ডাকা ।’

লালমোহনবাবুকে ফোন করাতে ভদ্রলোক আর থাকতে না পেরে চলেই এলেন । ‘শ্রীনাথ !’ বলে একটা হাঁক দিয়ে তাঁর প্রিয় কাউচটাতে বসে বললেন, ‘একটা চেনা-চেনা গন্ধ পাচ্ছি যে মশাই, কী ব্যাপার ?’

‘এখন পর্যন্ত গন্ধ পাবার কোনও কারণ নেই, লালমোহনবাবু । এটা নিছক আপনার কল্পনা ।’

‘আমি মশাই কাল থেকে ওই খোকার কথা ভাবছি । কী অদ্ভুত ক্ষমতা বলুন তো !’

‘কিছুই বলা যায় না’, বলল ফেলুদা, ‘এক দিন হয়তো দেখবেন ইঠাৎ ম্যাজিকের মতো ক্ষমতাটা লোপ পেয়ে গেছে । তখন আর-পাঁচটা ছেলের সঙ্গে নয়নের কোনও তফাত থাকবে না ।’

‘কাল তা হলে আমরা তরফদারের ওখানে মিট করছি ?’

‘ইয়েস, এবং একটা কথা আপনাকে বলে রাখি—আমি কিন্তু কাল গোয়েন্দা হিসেবে যাচ্ছি না । আমি হব নির্বাক দর্শক । যা কথা বলার তা আপনি বলবেন ।’

‘এটা আপনি রিয়েলি মিন করছেন ?’

‘সম্পূর্ণ ।’

‘ঠিক হয় । জয় মা তারা বলে লেগে পড়ব ।’

*

একডালিয়া রোডে তরফদারের বাড়ি । মাঝারি দোতলা বাড়ি—অন্তত পঞ্চাশ বছরের পুরনো তো বটেই । গেটে সশস্ত্র দারোয়ান ; বুঝলাম ফেলুদার সতর্কবাণীতে ফল হয়েছে ।

ফেলুদার নাম শুনে দারোয়ান গেট খুলে দিল, আমরা ভিতরে ঢুকলাম ।

টুকেই ডাইনে এক ফালি বাগান, তাতে কেয়ারির কোনও বালাই নেই । সদর দরজার দিকে এগিয়ে যাবার সময় ফেলুদা দাঁতের ফাঁক দিয়ে বলল, ‘দেখবি উইদিন টু ইয়ারস্ ৬০৪

তরফদার এ বাড়ি ছেড়ে চলে যাবে ।’

‘কোথায় যাবে ?’

‘সাম অটালিকা ।’

সদর দরজার দারোয়ানও আমাদের সেলাম ঠুকে ভিতরে যেতে দিল ।

আমরা যেখানে পৌঁছলাম, সেটা ল্যান্ডিং, বাঁয়ে সিঁড়ি দোতলায় উঠে গেছে । এদিক ওদিক দেখছি, এমন সময় বেশ ভদ্র পোশাক পরা একজন চাকর—বেয়ারা বলাই বোধহয় ঠিক হবে—আমাদের দিকে এগিয়ে এসে বলল, ‘আসুন আপনারা’ । আমরা চাকরের পিছন পিছন গিয়ে বৈঠকখানায় হাজির হলাম ।

‘বসুন ; বাবু আসছেন ।’

এই ঘরের সাইজও মাঝারি, তবে আসবাবপত্রে বেশ রুচির পরিচয় আছে । দুটো সোফায় ভাগাভাগি করে আমরা তিনজন বসলাম ।

‘গুড মর্নিং !’

ম্যাজিসিয়ান হাজির, তবে একা নন । তাঁর পাশে একটি বিরাট অ্যালসেশিয়ান দণ্ডায়মান । আমি জানি ফেলুদা কুকুরের ভক্ত, আর যত বড় যত ভীতিজনক হাউন্ডই হোক না কেন, পোষা জানলে তার পিঠে হাত বোলানোর লোভ সামলাতে পারে না । এখানেও তাই করল ।

‘এর নাম বাদশা’, বললেন তরফদার । ‘বয়স বারো । খুব ভাল ওয়চ-ডগ ।’

‘এক্সলেন্ট !’ আবার সোফায় বসে বলল ফেলুদা । ‘আমরা কিন্তু তোমার কথামতো পনেরো মিনিট আগেই এসেছি ।’

‘আপনি যে পাংচুয়াল হবেন সেটা আমি জানতাম’, তৃতীয় সোফায় বসে বললেন তরফদার ।

‘তোমার এ বাড়ি কি ভাড়া বাড়ি ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘আজ্ঞে না । এ বাড়ি আমার বাবার তৈরি । উনি নামকরা অ্যাটর্নি ছিলেন । আর একটা বাড়ি আছে—ওল্ড বালিগঞ্জ রোডে । সেটায় আমার দাদা থাকেন । দুই ভাইকে দুটো বাড়ি উইল করে দিয়ে যান । বাবা মারা যান এইট্রি-ফোরে । আমি এই বাড়িতেই মানুষ হয়েছি ।’

‘আপনি সংসার করেননি ?’ জিজ্ঞেস করলেন জটায়ু ।

‘আজ্ঞে না’, মৃদু হেসে বললেন তরফদার । ‘তাড়া কী ? আগে শো-টাকে দাঁড় করাই !’

চা এসে গেছে, সঙ্গে শিঙাড়া । ফেলুদা একটা শিঙাড়া তুলে নিয়ে বলল, ‘আজ কিন্তু আমি শ্রোতা । কিছু বলার থাকলে ইনি বলবেন ।’ ফেলুদা জটায়ুর দিকে নির্দেশ করল । ‘ইনি কে জান তো ?’

‘তা জানি বইকী !’ চোখ কপালে তুলে বললেন তরফদার । ‘বাংলার নাম্বার ওয়ান রহস্য-রোমাঞ্চ ঔপন্যাসিক ।’

লালমোহনবাবু কোনও দিন চেষ্টা করেও বিনয়ী ভাব প্রকাশ করতে পারেননি ; এখন একটা সেল্যুটে বুঝিয়ে দিলেন তিনি চেষ্টাই করছেন না ।

ফেলুদা হাতের কাপ টেবিলে রেখে একটা চারমিনার ধরিয়ে বলল, ‘তোমাকে একটা কথা অকপটে বলছি, সুনীল । তোমার শোয়ে শোম্যানশিপের কিঞ্চিৎ অভাব লক্ষ্য করলাম । আজকের উঠতি জাদুকরদের কিন্তু ও দিকটা নেগলেক্ট করলে চলে না । তোমার হিপনটিজম, আর তোমার নয়ন—দুটোই আশ্চর্য আইটেম তাতে সন্দেহ নেই, কিন্তু আজকের দর্শক জাঁকজমকটাও চায় ।’

‘জানি । আমার মনে হয় সে অভাব এবার পূরণ হবে । অ্যাড্বিন যে হয়নি তার একমাত্র

কারণ পুঁজির অভাব ।’

‘সে অভাব মিটল কী করে ?’ ভুরু তুলে প্রশ্ন করল ফেলুদা ।

‘সুখবরটা দেবার মওকা খুঁজছিলাম । —আমি একজন ভাল পৃষ্ঠপোষক পেয়েছি, স্যার ।’

‘এই সেদিনই বলছিলাম, আর এর মধ্যেই... ?’

‘হ্যাঁ স্যার । আপাতত আর কোনও ভাবনা নেই ।’

‘কিন্তু কে সেই ব্যক্তি সে কি জানতে পারি ?’

‘কিছু মনে করবেন না, স্যার—তিনি তাঁর নামটা উহ্য রাখতে বলেছেন ।’

‘কিন্তু ব্যাপারটা ঘটল কী করে সেটা বলাও কি বারণ ?’

‘মোটেরই না । এই ভদ্রলোকের এক নিকট-আত্মীয় গত রবিবার আমার শো দেখে সেই রাতেই ভদ্রলোককে নয়নের কথা বলেন । রাত দশটায় ভদ্রলোকের কাছ থেকে আমি ফোন পাই । তিনি বলেন যে, অবিলম্বে আমার সঙ্গে একবার দেখা করতে চান । আমি পর দিনই সকাল দশটায় সময় দিই । উনি কাঁটায় কাঁটায় দশটায় এসে হাজির হন । তার পর বৈঠকখানায় এসে বসে আমাকে প্রথমেই জিজ্ঞাসা করেন জ্যোতিষকে কীভাবে দেখা যায় । নয়ন আমার কাছেই থাকে জেনে ভদ্রলোক তৎক্ষণাৎ নয়নকে ডেকে পাঠাতে বলেন । নয়ন এলে পর ভদ্রলোক তাকে দু-একটা এমন প্রশ্ন করেন যার উত্তর সংখ্যায় হয় । নয়ন অবশ্যই ঠিক ঠিক জবাব দেয় । ভদ্রলোক হতভম্ব হয়ে কিছুক্ষণ নয়নের দিকে চেয়ে থেকে নিজেকে সামলে নিয়ে আমার দিকে ঝুঁকে পড়ে প্রস্তাবটা দেন ।’

‘কী প্রস্তাব ?’

‘প্রস্তাবটা আমাকে হাতে চাঁদ পাইয়ে দিল । উনি বললেন আমার শোয়ের সব খরচ উনি বহন করবেন । একটা কোম্পানি স্থাপন করবেন যার নাম হবে “মিরাকুলস আনলিমিটেড” । এই কোম্পানির মালিক কে তা কেউ জানবে না । এই কোম্পানির হয়েই আমি শো করব । তা থেকে খ্যাতি যা হবে তা আমার, খরচ হয়ে লাভ যা হবে তা ঠুঁর । আমাকে উনি মাসোহারা দেবেন যাতে আমার আর নয়নের স্বচ্ছন্দে চলে যায় । ...আমি অবিশ্যি এ প্রস্তাবে রাজি হই, কারণ আমার মন থেকে সমস্ত চিন্তা দূর হয়ে যাচ্ছে এতে ।’

‘কিন্তু এমন সুযোগ উনি হঠাৎ কেন দেবেন সে কথা জিজ্ঞেস করনি ?’

‘স্বভাবতই করেছি, এবং উনি তাতে এক অদ্ভুত কাহিনী শোনালেন । ওনার শখ ছিল পেশাদারি জাদুকর হবেন । ইস্কুল থেকে শুরু করে বাইশ বছর বয়স পর্যন্ত উনি সমানে ম্যাজিক অভ্যাস করেছেন, ম্যাজিকের বই আর সরঞ্জাম সংগ্রহ করেছেন । বাদ সাধলেন ঠুঁর বাবা । তিনি ছেলের এই নেশা সম্বন্ধে কিছুই জানতেন না । একদিন ঘটনাচক্রে জানতে পেরে রেগে আগুন হয়ে ছেলের ম্যাজিকের সব সরঞ্জাম ছুড়ে ফেলে দিয়ে জোর করে তাকে ব্যবসায় নামান । অসম্ভব কড়া মেজাজের লোক ছিলেন বাবা, তাই ছেলে তাঁর শাসন মেনে নেন । শুধু তাই নয়, অল্পদিনের মধ্যেই তিনি ভাল রোজগার করতে শুরু করেন । তা সত্ত্বেও তিনি ম্যাজিকের মোহ কাটিয়ে উঠতে পারেন না । ভদ্রলোক বললেন, “আমি রোজগার করেছি অনেক কিন্তু তাতে আমার আত্মার তৃপ্তি হয়নি । এই ছেলেকে দেখে বুঝতে পারছি এই আমার জীবনে সার্থকতা এনে দেবে ।”

‘তোমার সঙ্গে লেখাপড়া হয়ে গেছে ?’

‘আজ্ঞে হ্যাঁ । আমি এখন অত্যন্ত হালকা বোধ করছি । নয়নের মাস্টার, ডাক্তার, জামাকাপড়—সব কিছুর খরচ উনি দিচ্ছেন । একটা প্রশ্ন অবিশ্যি উনি আমাকে করেন, সেটা হল কলকাতার বাইরে ভারতবর্ষের অন্য বড় শহরে শো করার অ্যামবিশান আমার আছে কি না । আমি জানাই যে সেদিনই সকালে আমি ম্যাদ্রাস থেকে একটা টেলিফোন পেয়েছি মিঃ ৬০৬

রেড্ডি নামে এক থিয়েটারের মালিকের কাছ থেকে। রবিবার রাতে আমার শো দেখে ভদ্রলোকের একজন কলকাতাবাসী সাউথ ইন্ডিয়ান বন্ধু রেড্ডিকে নয়নের কথা টেলিফোনে জানান। তাই পরদিন সকালেই রেড্ডি আমাকে ফোন করেন। খবরটা শুনে পৃষ্ঠপোষক জানতে চাইলেন আমি রেড্ডিকে কী বলেছি। আমি বললাম—আমি ভাববার জন্য সময় চেয়েছি। তাতে পৃষ্ঠপোষক বলেন, “তুমি এক্ষুনি রেড্ডির আমন্ত্রণ অ্যাক্সেস্ট করছ বলে টেলিগ্রাম করো। দক্ষিণ ভারত সফরে যাবে তুমি। শুধু ম্যাড্রাস নয়, আরও অন্য শহরে শো করবে তুমি। সব খরচ আমার।”

তোমাকে খরচের হিসাব দিতে হবে না?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘তা তো বটেই’, বললেন তরফদার। ‘সে কাজের ভার নেবে আমার ম্যানেজার ও বন্ধু শঙ্কর। ও খুব এফিশিয়েন্ট লোক।’

পনেরো মিনিট যে চলে গেছে সেটা টের পেলাম যখন চাকর এসে বলল যে একটি সাহেব আর তার সঙ্গে একটি বাঙালিবাবু এসেছেন।

‘এখানে নিয়ে এসো,’ বললেন তরফদার।’

জটায়ু দেখলাম একটা দীর্ঘশ্বাস ফেলে নড়েচড়ে বসলেন, কারণ এখন থেকে ফেলুদা নির্বাক।

সাহেবের মাথায় ধবধবে সাদা চুল হলেও বয়স যে বেশি না, সেটা চামড়ার টান ভাব দেখেই বোঝা যায়।

তরফদার উঠে দাঁড়িয়েছিলেন, আগন্তুকদের বসতে বলে নিজেও বসলেন। ফেলুদা জায়গা করে দেবার জন্য আমাদের সোফাতেই লালমোহনবাবুর পাশে এসে বসল।

‘আমার নাম স্যাম কেলারম্যান,’ বললেন সাহেব। ‘আর ইনি আমার ইন্ডিয়ান রিপ্রেজেন্টেটিভ মিস্টার ব্যাস্যাক।’

লালমোহনবাবু কাজে লেগে গেলেন।

‘ইউ আর অ্যান ইমপ্রেসোরিয়া—থুডি, ইমপ্রেসারিও?’

‘ইয়েস। আজকাল ভারতীয় কালচার নিয়ে আমাদের দেশে খুব মাতামাতি চলছে। মহাভারত নাটক হয়েছে, মুভিও হয়েছে, জানেন বোধহয়। তাতে ভারতীয় ঐতিহ্যের একটা নতুন দিক খুলে গেছে।’

‘সো ইউ আর ইন্টারেস্টেড ইন ইন্ডিয়ান কালচার?’

‘আই অ্যাম ইন্টারেস্টেড ইন দ্যাট কিড।’

‘ইউ মিন—সান অফ এ গোট?’

আমি এটাই ভয় পেয়েছিলাম। আমেরিকানরা যে মানুষের বাচ্চাকেও কিড বলে সেটা লালমোহনবাবু জানেন না।

এবার মিঃ বসাক মুখ খুললেন।

‘ইনি জ্যোতিষ্কর কথা বললেন; মিঃ তরফদারের শো-তে যে ছেলেটি অ্যাপিয়ার করে।’

‘উনি ছেলেটি সম্বন্ধে কী জানতে চান সেটা বলবেন কি?’ বললেন তরফদার। মিঃ বসাক প্রশ্নটা অনুবাদ করে দেওয়াতে কেলারম্যান বললেন, ‘আমি চাই এই আশ্চর্য ছেলেটিকে আমাদের দেশের দর্শকের সামনে হাজির করতে। এর যা ক্ষমতা তা ভারতবর্ষ ছাড়া কোনও দেশে সম্ভব হত না। অবিশ্যি কিছু স্থির করার আগে আমি একবার ছেলেটিকে দেখতে চাই, এবং তার ক্ষমতারও একটু নমুনা পেতে চাই।’

বসাক বললেন, ‘মিঃ কেলারম্যান পৃথিবীর তিনজন সবচেয়ে বিখ্যাত ইমপ্রেসারিওর একজন। একুশ বছর ধরে এই কাজ করছেন। ছেলেটিকে পাবার জন্য ইনি অনেক মূল্য

দিতে প্রস্তুত । তা ছাড়া টিকিট বিক্রি থেকেও যা আসবে তার একটা অংশও ছেলেটি পাবে । সেটা চুক্তিতে লেখা থাকবে ।’

তরফদার বললেন, ‘মিঃ কেলারম্যান, দ্য ওয়ান্ডার কিড ইজ পার্ট অফ মাই ম্যাজিক শো । তার আমাকে ছেড়ে আর কোথাও যাবার প্রস্নই উঠতে পারে না । সামনে আমার দক্ষিণ ভারত ট্যুর আছে—ম্যাদ্রাস দিয়ে শুরু । সেখানে এই ছেলের খবর পৌঁছে গেছে, এবং তারা উদ্গীব হয়ে আছে এর অদ্ভুত ক্ষমতা দেখার জন্য । ভেরি সরি, মিঃ কেলারম্যান—আমি আপনার অনুরোধ রাখতে পারলাম না ।’

কেলারম্যানের মুখ লাল হয়ে গেছে । তাও তিনি ধরা গলায় অনুরোধ করলেন, ‘ছেলেটিকে একবার দেখা যায় ? আর সেই সঙ্গে যদি তার ক্ষমতার... ?’

‘তাতে অসুবিধে নেই ।’ বললেন তরফদার । তার পর চাকরকে দিয়ে নয়নকে ডেকে পাঠালেন । নয়ন এসে তরফদারের সোফার হাতলে কনুই রেখে দাঁড়াল । দিনের বেলা তাকে এত কাছ থেকে দেখে অদ্ভুত লাগছিল । এমন একটা ক্ষমতা যে ওর মধ্যে আছে সেটা দেখে বোঝার কোনও উপায় নেই—যদিও চাউনিতে বুদ্ধির ছাপ স্পষ্ট ।

কেলারম্যান অবাক হয়ে কিছুক্ষণ নয়নের দিকে চেয়ে রইলেন । তারপর মৃদুস্বরে, নয়নের দিক থেকে চোখ না সরিয়ে বললেন, ‘ও কি আমার ব্যাক্স অ্যাকাউন্টের নম্বর বলে দিতে পারে ?’

তরফদার বাংলায় নয়নকে প্রশ্নটা করাতে সে বলল, ‘কোন ব্যাক্স ? ওর তো তিনটে ব্যাক্সে টাকা আছে ।’

কেলারম্যানের মুখ থেকে লাল ভাবটা চলে গিয়ে ফ্যাকাশে ভাব দেখা দিল । সে ঢোক গিলে আগের মতোই ধরা গলায় মার্কিনি নাকী উচ্চারণে বলল, ‘সিটি ব্যাক্স অফ নিউইয়র্ক ।’

নয়ন গড়গড় করে বলে দিল, ‘ওয়ান্ টু ওয়ান্ টু এইট ড্যাশ সেভন ফোর ।’

‘জিসাস ক্রাইস্ট !’

কেলারম্যানের চোখ দুটো যেন ঠিকরে বেরিয়ে আসছে ।

‘আই অ্যাম অফারিং ইউ টোয়েন্টি থাউজ্যান্ড ডলারস রাইট নাই ।’ তরফদারের দিকে ফিরে বলেন কেলারম্যান । ‘তোমার ম্যাজিক শো থেকে কোনওদিন এত রোজগার করতে পারবে ?’

‘এ তো সবে শুরু, মিঃ কেলারম্যান’, বললেন তরফদার । ‘এখনও ভারতবর্ষের কত শহর পড়ে আছে ; তারপর সারা পৃথিবীর বড় বড় শহর । ম্যাজিক দেখতে ছেলে-বুড়ো সকলেই ভালবাসে । আর এই ছেলেটি যে ম্যাজিক দেখায় তার নমুনা তো দেখলেন আপনি । এর কোনও তুলনা আছে কি ? বিশ হাজার কেন—তারও ঢের বেশি যে এ ছেলে আমার শো থেকে আনবে না, সেটা কেউ জোর দিয়ে বলতে পারে ?’

‘ওর বাবা আছেন ?’ জিজ্ঞেস করলেন কেলারম্যান ।

‘ধরে নিন এখন আমিই ওর বাবা ।’

এর মধ্যে লালমোহন হঠাৎ বলে উঠলেন, ‘স্যার, ইন আওয়ার ফিলজফি, ত্যাগ ইজ মোর ইম্পোর্ট্যান্ট দ্যান ভোগ ।’

কথাটা বসাক কেলারম্যানকে অনুবাদ করে বুঝিয়ে দিয়ে দাঁড়িয়ে উঠে বললেন, ‘মিস্টার তরফদার, আপনি কিন্তু একটা সুবর্ণ সুযোগের সম্ভাবহার করছেন না । এমন সুযোগ আপনি আর পাবেন না । ভেবে দেখুন ।’

বুঝতে পারলাম, ভদ্রলোক যদি নয়নকে কেলারম্যানের হাতে তুলে দিতে পারেন তা হলে তাঁর নিজের নিষাতি মোটারকম প্রাপ্তি আছে ।



‘আমার ভাবা হয়ে গেছে’, সহজ ভাবে বললেন তরফদার।

অগত্যা কেলারম্যানও উঠে দাঁড়ালেন। বসাক এবার পকেট থেকে একটা ভিজিটিং কার্ড বার করে তরফদারকে দিয়ে বললেন, ‘এতে আমার নাম ঠিকানা ফোন নম্বর সবই আছে। যদি মাইন্ড চেঞ্জ করেন তো আমার সঙ্গে যোগাযোগ করবেন।’

দুই ভদ্রলোককে দরজা অবধি পৌঁছে দিলেন তরফদার।

‘বসাক ঘুঘু লোক।’ তরফদার ফেরার পরে বলল ফেলুদা, ‘নইলে মার্কিন ইমপ্রেসারিওর এজেন্ট সে হতে পারে না। পয়সার দিক দিয়েও সলিড, হয়তো কেলারম্যানের দৌলতেই। দামি ফরাসি আফটার-শেভ লোশন মেখে এসেছে—যদিও থুতনির নীচে এক চিলতে শেভিং সোপ এখনও লেগে আছে। বোঝাই যাচ্ছে ঘুম ভাঙে দেহরিতে, তাই ন’টায় অ্যাপয়েন্টমেন্ট রাখতে তাড়াহড়ো করতে হয়েছে।’

8

‘একজনকে তো বিদায় করা গেল’, বললেন তরফদার, ‘এবার দ্বিতীয় ব্যক্তির জন্য অপেক্ষা। পাণ্ডুয়াল হলে তো আর দু-তিন মিনিটের মধ্যেই আসা উচিত।’

দু মিনিট অপেক্ষা করতে হল না। নয়নকে ফেরত পাঠিয়ে দেবার সঙ্গে সঙ্গেই চাকরকে যেতে হল সদর দরজায়। সে ফিরে এল সঙ্গে একটি কালো সুট পরা ভদ্রলোককে নিয়ে। তরফদার উঠে দাঁড়িয়ে বললেন, ‘শুড মর্নিং। আপনার নামটা টেলিফোনে ঠিক ধরতে পারিনি। আপনি যদি...’

‘তেওয়ারি’, সোফায় বসে বললেন ভদ্রলোক, ‘দেবকীনন্দন তেওয়ারি। টি এইচ সিঙ্কিগেটের নাম শুনেছেন?’

তরফদার, জটায়ু দুজনেই চুপ দেখে ফেলুদাকেই মুখ খুলতে হল ।

‘আপনাদের ইমপোর্ট-এক্সপোর্টের কারবার কি ? পোলক স্ট্রিটে অপিস ?’

‘ইয়েস স্যার ।’

ভদ্রলোক ফেলুদার দিকে সন্দিগ্ধ দৃষ্টিতে দেখছিলেন বলে তরফদার আমাদের বিষয় ওঁকে বলে দিলেন ।

‘এঁরা আমার তিনজন বিশিষ্ট বন্ধু । আশা করি এঁদের সামনে কথা বলতে আপনার কোনও আপত্তি হবে না ।’

‘নো, নো । তবে কথা মানে শুধু একটি প্রশ্ন । ওই ছেলেটিকে যদি একবার আমার সামনে উপস্থিত করেন, তা হলে আমি তাকে কেবলমাত্র একটি প্রশ্ন করব । জবাব পেলে আমার অশেষ উপকার হবে, আর আমার কাজও শেষ হবে ।’

নয়নকে আবার আনতে হল । তরফদার নয়নের ঠিক পিঠে হাত রেখে তেওয়ারির দিকে দেখিয়ে বললেন, ‘ইনি তোমাকে একটা কথা জিজ্ঞেস করবেন । দেখ তার উত্তর দিতে পার কি না ।’ তারপর তেওয়ারির দিকে ফিরে বললেন, ‘আপনার প্রশ্নের উত্তর সংখ্যায় হবে তো ? অন্য কোনও প্রশ্নের উত্তর কিন্তু এ দিতে পারবে না ।’

‘আই নো, আই নো । আমি জেনেশুনেই এসেছি ।’

তারপর—লালমোহনবাবুর ভাষায়—নয়নের দিকে তীক্ষ্ণ দৃষ্টি নিবদ্ধ করে ভদ্রলোক বললেন, ‘আমার সিদ্ধকের কন্সিনেশনটা কী সেটা বলতে পার ?’

নয়ন ফ্যাল ফ্যাল করে ভদ্রলোকের দিকে চেয়ে আছে দেখে ফেলুদা বলল, ‘শোনো জ্যোতিষ্ক—কন্সিনেশন জিনিসটা কী সেটা বোধহয় তুমি জান না । আমি বুঝিয়ে দিচ্ছি । একরকম সিদ্ধক হয় যাতে তালচাষি থাকে না । তার বদলে ডালার এক পাশে একটা চাকতি থাকে যেটাকে ঘোরানো যায় । এই চাকতির গায়ে একটা তীর আঁকা থাকে, আর চাকতিটাকে ঘিরে সিদ্ধকের গায়ে এক থেকে শূন্য অবধি নম্বর লেখা থাকে । কন্সিনেশন হল সিদ্ধক খোলার একটা বিশেষ নম্বর । চাকতিটাকে ঘুরিয়ে ঘুরিয়ে পর-পর সেই নম্বরের পাশে তীরটাকে আনলে শেষ নম্বরে পৌঁছতেই ঘড়াৎ করে সিদ্ধক খুলে যায়—বুঝেছ ?’

‘বুঝেছি ।’

এখানে জটায়ু দুম্ করে একটা বেশ লাগসই প্রশ্ন করলেন তেওয়ারিকে ।

‘আপনার নিজের সিদ্ধকের কন্সিনেশন আপনি নিজেই জানেন না ?’

‘তেইশ বছর ধরে জেনে এসেছি’, আক্ষেপের ভঙ্গিতে মাথা নেড়ে বললেন তেওয়ারি । ‘স্বভাবতই মুখস্থ ছিল । ক’ হাজার বার সে সিদ্ধক খুলেছি তার কি হিসাব আছে ? কিন্তু বয়স যেই পঞ্চাশ পেরিয়েছে অমনি স্মৃতিশক্তি দুর্বল হতে শুরু করেছে । আজ চার দিন থেকে নম্বরটা কিছুতেই মনে পড়ছে না । একটা ডায়রিতে লেখা ছিল, বহু পুরনো ডায়রি—সেটা যে কোথায় গেছে জানি না । আমি হয়রান হয়ে শেষে এই ছেলের খবর পেয়ে মিস্টার তরফদারের সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট করি ।’

‘আপনি কি আর-কাউকে কোনওদিন নম্বরটা বলেননি ?’ আবার প্রশ্ন করলেন জটায়ু । ফেলুদার দিকে আড়চোখে চেয়ে তার ঠোঁটের কোণে হাসি দেখে বুঝলাম সে জটায়ুকে তারিফ করছে ।

তেওয়ারি বললেন, ‘আমার ধারণা আমার পার্টনারকে বলেছিলাম—বহুকাল আগে অবশ্য—কিন্তু সে অস্বীকার করেছে । হয়তো এও আমার স্মৃতিভ্রম । কন্সিনেশন তো আর পাঁচজনকে বলে বেড়াবার জিনিস নয়, আর এ-সিদ্ধক হল আমার পার্সোনাল সিদ্ধক । আমার যে-টাকা ব্যাঞ্চে নেই তা সবই এই সিদ্ধকে আছে । অথচ...’



তেওয়ারির দৃষ্টি সোফার পাশে দাঁড়ানো নয়নের দিকে ঘুরল। সঙ্গে সঙ্গে নয়ন বলল, 'সিন্স ফোর থ্রি এইট নাইন সিন্স ওয়ান।'

'রাইট! রাইট! রাইট!' উল্লাসে চৈচিয়ে উঠলেন তেওয়ারি। আর সঙ্গে সঙ্গে পকেট থেকে একটা ছোট নোটবুক বার করে ডটপেন দিয়ে তাতে নম্বরটা লিখে নিলেন।

'আপনার সিন্দুক কত টাকা আছে সেটা আপনি জানেন?' প্রশ্ন করলেন তরফদার।

'এগজ্যাক্ট অ্যামাউন্টটা জানি না।' বললেন তেওয়ারি, 'তবে যত দূর মনে হয়—লাখ চারেক তো হবেই।'

'এ কিন্তু বলে দিতে পারে', নয়নের দিকে দেখিয়ে বললেন তরফদার। 'আপনি জানতে চান?'

'তা কৌতূহল তো হয়ই।'

তেওয়ারি চোঁটের কোণে হাসি আর চোখে জিজ্ঞাসু দৃষ্টি নিয়ে নয়নের দিকে চাইলেন।

'টাকা-পয়সা কিচ্ছু নেই', বলল নয়ন।

'হোয়াট!'

তেওয়ারি সোফা থেকে প্রায় তিন ইঞ্চি লাফিয়ে উঠলেন। তারপর উত্তেজনা সামলে নিয়ে মুখে একটা বিরক্ত ভাব এনে বললেন, 'বোঝাই যাচ্ছে এই বালক সব ব্যাপারে রিলায়েবল নয়। এনিওয়ে, কম্বিনেশনটায় ভুল নেই। ওটা জানতে পেরে সত্যিই আমার উপকার হয়েছে।'

তেওয়ারি দাঁড়িয়ে উঠে পকেটে হাত ঢুকিয়ে একটা গোলাপি কাগজে মোড়া সরু লম্বা প্যাকেট বার করে নয়নের হাতে দিয়ে বলল, ‘দিস ইজ ফর ইউ, মাই বয় ।’

তেওয়ারিকে দরজা অবধি এগিয়ে দিয়ে তরফদার ফিরে আসতে ফেলুদা নয়নকে বলল, ‘ওটা খুলে দেখো তো ওতে কী আছে ।’

প্যাকেট খুলতে বেরোল একটা ছোটদের রিস্টওয়াচ ।

‘বাঃ !’ বললেন জটায়ু । ‘এটা পরে ফেলো নয়ন ভাই, পরে ফেলো !’

নয়ন ঘড়িটা হাতে পরে নিয়ে নিজের ঘরে চলে গেল ।

‘সিন্দুক খুলে তেওয়ারি সাহেবের প্রাণ ওষ্ঠাগত হবে’, বলল ফেলুদা ।

‘সিন্দুক যদি সত্যিই কিছু থেকে না থাকে’, বললেন জটায়ু, ‘তা হলে তেওয়ারি নিশ্চয়ই ওঁর পার্টনারকেই সন্দেহ করবেন ?’

ফেলুদা যেন মন থেকে ব্যাপারটাকে ঝেড়ে ফেলে দিয়ে অন্য প্রসঙ্গে চলে গেল । তরফদারের দিকে ফিরে বলল, ‘তোমরা যে দক্ষিণ ভারত সফরে যাচ্ছ, সেটা কীসে যাবে ? ট্রেনে, না প্লেনে ?’

‘ট্রেনে অবশ্যই । সঙ্গে এত লটবহর, ট্রেন ছাড়া উপায় কী ?’

‘নয়নকে সামলাবার কী ব্যবস্থা করছ ?’

‘ট্রেনে তো আমিই সঙ্গে থাকব ; কিছু হবে বলে মনে হয় না । ওখানে পৌঁছে আমি ছাড়া একজন আছে যে ওকে সব সময়ে চোখে চোখে রাখবে । সে হল আমার ম্যানেজার শঙ্কর ।’

কথা হয়তো আরও চলত, কিন্তু ঠিক এই সময়ে চাকর একটি প্যান্ট-কোট-টাই পরা ভদ্রলোককে এনে হাজির করলেন । বুঝলাম ইনি নাস্তার থ্রি ।

‘গুড মর্নিং । আই মেড অ্যান অ্যাপয়েন্টমেন্ট উইথ—’

‘মি’, বললেন তরফদার । ‘মাই নেম ইজ তরফদার ।’

‘আই সি । মাই নেম ইজ হজসন । হেনরি হজসন ।’

‘প্লিজ সিট ডাউন ।’

তরফদারও উঠে দাঁড়িয়েছিলেন ; এবার দুজনেই একসঙ্গে বসলেন ।

হজসনের গায়ের যা রং, তাঁকে সাহেব বলা মুশকিল । তাও ইংরিজি ছাড়া গতি নেই ।

‘এঁরা কারা প্রশ্ন করতে পারি কি ?’ পর পর আমাদের তিনজনের দিকে চেয়ে প্রশ্ন করলেন হজসন ।

‘আমার খুব কাছের লোক । আপনি এঁদের সামনে স্বচ্ছন্দে কথা বলতে পারেন ।’

‘হুম্ ।’

ভদ্রলোকের মেজাজ যে তিরিষ্কি, সেটা তাঁর পার্মানেন্টলি কুঁচকে থাকা ভুরু থেকে বেশ বোঝা যাচ্ছিল ।

‘আমার এক পরিচিত বাঙালি ভদ্রলোক লাস্ট সানডে তোমার ম্যাজিক দেখেছিল । সে একটি ছেলের আশ্চর্য ক্ষমতার কথা বলে । আমি অবিশ্যি তার কথা বিশ্বাস করিনি । আমি ঈশ্বর মানি না ; তাই অলৌকিক শক্তিতেও আমার বিশ্বাস নেই । ইফ ইউ ব্রিং দ্যাট বয় হিয়ার—আমি ওর সঙ্গে কয়েকটা কথা বলতে চাই ।’

তরফদার যেন অনিচ্ছাসত্ত্বেও চাকরকে ডেকে পাঠালেন ।

‘নারায়ণ, আরেকবার যাও তো—খোকাবাবুকে ডেকে আনো ।’

নয়ন মিনিট খানেকের মধ্যে হাজির ।

‘সো দিস ইজ দ্য বয় ?’

হজসন নয়নের দিকে কিছুক্ষণ চেয়ে থেকে বলল, ‘আমাদের এখানে ঘোড়দৌড় হয় তুমি জান ?’

তরফদার সেটা বাংলা করে নয়নকে বললেন ।

‘জানি’, পরিষ্কার গলায় বলল নয়ন ।

‘গত শনিবার রেস ছিল’, বলল হজসন । ‘তিন নম্বর রেসে কত নম্বর ঘোড়া জিতেছিল, বলতে পার ?’

এটাও অনুবাদ হল নয়নের জন্য ।

‘ফাইভ’—এক মুহূর্ত না ভেবে বলে দিল নয়ন ।

এক জবাবেই কেব্লা ফতে । সোফা থেকে উঠে প্যাণ্টের দু পকেটে হাত ঢুকিয়ে ‘ভেরি স্ট্রেন্জ’ বলে এপাশ ওপাশ পায়চারি করতে লাগলেন হজসন সাহেব । তারপর হঠাৎ থেমে তরফদারের দিকে সোজা দৃষ্টি দিয়ে বললেন, ‘অল আই ওয়ান্ট ইজ দিস—আমি সপ্তাহে একবার করে এখানে এসে এর কাছ থেকে জেনে যাব সামনের শনিবার কোন রেসে কত নম্বর ঘোড়া জিতবে । সোজা কথায় বলছি—রেস আমার নেশা । অনেক টাকা খুইয়েছি, তাও নেশা যায়নি । কিন্তু আর হারলে দেনার দায়ে আমাকে জেলে পুরবে । তাই এবার থেকে শিওর হয়ে বেট করতে চাই । দিস্ বয় উইল হেল্প মি ।’

‘হাউ ক্যান ইউ বি সো শিওর ?’ ঠাণ্ডা গলায় জিজ্ঞেস করলেন তরফদার ।

‘হি মাস্ট, হি মাস্ট, হি মাস্ট !’ বাঁ হাতের তেলোর ওপর ডান হাত দিয়ে পর পর তিনটে ঘুঁষি মেরে বললেন হজসন সাহেব ।

‘নো—হি মাস্ট নট’, দৃঢ়স্বরে বললেন তরফদার । ‘অসাধু উদ্দেশ্যে কোনওরকমে ব্যবহার করা চলবে না এই বালকের ক্ষমতা । এ ব্যাপারে আমার কথার এক চুল নড়চড় হবে না ।’

এবারে হজসনের চেহারা হয়ে গেল ভিথিরির মতো । হাত দুটো জোড় করে ভদ্রলোক কাতর সুরে বললেন, ‘অন্তত আগামী রেসের উইনারের নামগুলো বলে দিক ! প্লিজ !’

‘নো হেল্প ফর গ্যাম্বলারস্, নো হেল্প ফর গ্যাম্বলারস্ !’ আশ্চর্য শুদ্ধ ইংরিজিতে ঘন ঘন মাথা নেড়ে বললেন জটায়ু ।

হজসন সোফা ছেড়ে উঠে পড়লেন, তাঁর মুখ বেগুনি ।

‘তোমাদের মতো এমন ঢ্যাঁটা আর মূর্খ লোক আমি আর দেখিনি, ড্যাম ইট !’

কথাটা বলে আর একমুহূর্ত অপেক্ষা না করে হজসন গটগটিয়ে সদর দরজার দিকে চলে গেলেন ।

‘বিশ্রী লোক ! হরিব্ল ম্যান !’ নাক কুঁচকে চাপা গলায় বললেন জটায়ু ।

তরফদার নয়নকে ঘরে পাঠিয়ে দিলেন ।

‘বিচিত্র সব অ্যাপয়েন্টমেন্ট’, বলল ফেলুদা । ‘হজসন অবিশ্যি শুধু জুয়াড়ি নন, তিনি নেশাও করেন । আমি কাছে বসেছিলাম তাই গন্ধটা সহজেই পাচ্ছিলাম । ওঁর যে দৈন্যদশা সেটা ওঁর কোটের আস্তিনের কনুই দেখলেই বোঝা যায় । ভাঁজ খেয়ে খেয়ে কোটের ওইখানটাই সবচেয়ে আগে জখম হয় । একে তাল্পি লাগাতে হয়েছে, কিন্তু নতুন কাপড়ের সঙ্গে পুরনো রং বা কোয়ালিটি কোনওটাই মেলেনি । তা ছাড়া ভদ্রলোককে যে বাসে বা ট্রামে আসতে হয়েছে সেটা ওঁর ডান পায়ের কালো জুতোর ডগায় অন্য কারুর জুতোর আংশিক ছাপ দেখেই বোঝা যায় । এ জিনিস ট্যাক্সি বা মেট্রোতে হয় না ।’

এগুলো অবিশ্যি শুধু ফেলুদারই চোখে ধরা পড়েছে ।

বাইরে একটা গাড়ি থামার শব্দ পেয়ে আমরা আবার টান হয়ে বসলাম ।

‘নাস্কার ফোর’, বলল ফেলুদা ।

মিনিট খানেক পরেই নারায়ণ এক অদ্ভুত প্রাণীকে এনে হাজির করল। পুরনো জুতোর বুরুশের মতো দাড়ি, ঠুয়োপোকোর মতো গোঁফ। ঝুলঝাড়ুর মতো চুল, পরনে ঢিলে হয়ে যাওয়া গেরুয়া সুট, আর বিস্তীভাবে প্যাঁচ দেওয়া সবুজ টাই। ছোটখাটো মানুষ। বয়স ষাট-পঁয়ষট্টি হবে, যদিও সেই তুলনায় চোখ দুটো অস্বাভাবিক রকম উজ্জ্বল।

ঘরে ঢুকে এদিক-ওদিক দেখে মিহি অথচ কর্কশ গলায় বললেন, ‘তরফদার, তরফদার—হুইচ ওয়ান ইজ তরফদার?’

তরফদার উঠে দাঁড়িয়ে নমস্কার করে বললেন, ‘আমিই সুনীল তরফদার।’

‘অ্যান্ড দিজ থ্রি?’ আমাদের তিনজনের উপর দিয়ে একটা ঝাড়ু-দৃষ্টি দিয়ে জিজ্ঞেস করলেন ভদ্রলোক।

‘আমার তিন অন্তরঙ্গ বন্ধু’, বললেন তরফদার।

‘নেমস? নেমস?’

‘ইনি প্রদোষ মিত্র, ইনি লালমোহন গাঙ্গুলী, আর ইনি তপেশ মিত্র।’

‘অল রাইট। এবার কাজের কথা। কাজের কথা।’

‘বলুন।’

‘আমার নাম জানেন?’

‘আপনি তো টেলিফোনে শুধু আপনার পদবিটাই বলেছিলেন—ঠাকুর। সেটাই জানি।’

‘তারকনাথ। তারকনাথ ঠাকুর। টি এন টি—ট্রাইনাইট্রোটোলুইন—হাঃ হাঃ হাঃ হাঃ!’

ভদ্রলোকের হাসির দমকে চমকে উঠলাম। ট্রাইনাইট্রোটোলুইন বা টি এন টি যে এক প্রচণ্ড বিস্ফোরকের উপাদান, সেটা আমি জানতাম।

‘আপনার বাড়িতে কি একজন অসম্ভব বেঁটে বামন থাকে?’ ফেলুদা প্রশ্ন করল।

‘কিচোমা। কোরিয়ান,’ বললেন তারকনাথ। ‘এইটি টু সেন্টিমিটার্স। বিশ্বের খর্বতম প্রাপ্তবয়স্ক ব্যক্তি।’

‘এ খবরটা মাস কয়েক আগে কাগজে বেরিয়েছিল।’

‘এবার গিনেস বুক অফ রেকর্ডসে স্থান পাবে।’

‘একে আপনি জোগাড় করলেন কী করে?’ প্রশ্ন করলেন জটায়ু।

‘আমি সারা পৃথিবী ঘুরে বেড়াই। আমার অটেল টাকা। এক পয়সা নিজে উপার্জন করিনি, সব বাপের টাকা। উইল করেননি, তবে আমিই একমাত্র সন্তান, তাই সব টাকাই আমি পাই। কীসের টাকা জান? গন্ধদ্রব্য। পারফিউম। কুস্তলায়নের নাম শুনেছ?’

‘সে তো এখনও পাওয়া যায়’, বললেন জটায়ু।

‘হ্যাঁ। বাবারই আবিষ্কার, ব্যবসাও বাবারই। এখন এক ভাইপো দেখে। আমার কোনও ইনটারেস্ট নেই। আমি সংগ্রাহক।’

‘কী সংগ্রহ করেন?’

‘নানান মহাদেশের এমন সব জিনিস যার জুড়ি নেই। একমেবাদ্বিতীয়ম্। কিচোমোর কথা বললাম। এ ছাড়া আছে দুহাতে একসঙ্গে লিখতে পারে এমন একটি সেক্রেটারি। জাতে মাওরি। নাম টোকোবাহানি। আরও আছে। একটি ব্ল্যাক প্যারট—তিন ভাষায় কথা বলে। একটি দুই-মাথা বিশিষ্ট পমেরেনিয়ান কুকুর, লছমনঝুলার একটি সাধু উড্ডীনানন্দ, মাটি থেকে দেড় হাত উপরে শূন্যে আসনপিড়ি হয়ে বসে ধ্যান করে। তা ছাড়া—’

‘ওয়ান মিনিট স্যার’, বলে লালমোহনবাবু বাধা দিলেন। সঙ্গে সঙ্গে প্রতিক্রিয়া হল।



হাতের লাঠি মাথার উপর তুলে চোখ রক্তবর্ণ করে তারকনাথ চোঁচিয়ে উঠলেন, ‘ইউ ডেয়ার ইনটারাপ্ট মি !’

‘সরি সরি সরি স্যার ।’ জটায়ু কঁকড়ে গেছেন—‘আমি জানতে চাইছিলুম আপনার সংগ্রহের মধ্যে যারা মানুষ, তারা কি স্বেচ্ছায় আপনার ওখানে রয়েছে ?’

‘তারা ভাল খায়, ভাল পরে, ভাল বেতন পায়, আরাম পায়, আদর পায়—থাকবে না কেন ? হোয়াই নট ? আমার কথা আর আমার সংগ্রহের কথা পৃথিবীর অনেক দেশের অনেক লোকেই জানে ; তোমরা না জানতে পার । আমেরিকা থেকে একজন সাংবাদিক এসে আমার সঙ্গে কথা বলে, দেশে ফিরে নিউ ইয়র্ক টাইমসে “দ্য হাউস অফ ট্যারক” বলে এক প্রবন্ধ লেখে ।’

এবার তরফদার মুখ খুললেন ।

‘অনেক কথাই তো জানা গেল, কেবল আপনার এখানে আসার কারণটা ছাড়া ।’

‘এটা আবার বলে দিতে হবে ? আমি ওই খোকাকে আমার সংগ্রহের জন্য চাই । কী নাম যেন ? ইয়েস—জ্যোতিষ্ক । আই ওয়ন্ট জ্যোতিষ্ক ।’

‘কেন ? সে তো এখানে দিব্যি আছে’, বললেন তরফদার । ‘খাওয়া পরার অভাব নেই, যত্নআত্তির অভাব নেই । সে আমার ডেরা ছেড়ে আপনার ওই উদ্ভট ভিড়ের মধ্যে যাবে কেন ?’

‘তারকনাথ তরফদারের দিকে প্রায় আধ মিনিট চেয়ে থেকে বললেন, ‘গাওয়াঙ্গি-কে একবার দেখলে তুমি এমন বেপরোয়া কথা বলতে পারতে না ।’

‘হোয়াট ইজ গাওয়াঙ্গি ?’ প্রশ্ন করলেন জটায়ু ।

‘নট হোয়াট, বাট ই’, গভীরভাবে বললেন তারকনাথ । ‘নট বস্তু, বাট ব্যক্তি । ইউগ্যান্ডার লোক । পৌনে আট ফুট হাইট, চুয়ান্ন ইঞ্চি ছাতি, সাড়ে তিনশো কিলো ওজন । কোনও ওলিম্পিক ওয়েট লিফট্রার ওর কাছে পাত্তা পাবে না । একবার টেরাইরের জঙ্গলে একটা বাঘকে ঘুমপাড়ানি ইনজেকশনের গুলি মারে, কারণ বাঘটার গায়ে স্পট এবং ডোরা দুই-ই ছিল । একমেবাদ্বিতীয়ম । সেই বাঘকে কাঁধে করে সাড়ে তিন মাইল বয়ে এনেছিল গাওয়াঙ্গি । সে এখন আমার একনিষ্ঠ সেবক ।’

‘আপনি কি আবার দাসপ্রথা চালু করলেন নাকি ?’ জটায়ু বেশ সাহসের সঙ্গে প্রশ্ন করলেন ।

‘নো স্যার !’ গর্জিয়ে উঠলেন টি এন টি । ‘গাওয়াঙ্গিকে যখন দেখি তখন তার ভবিষ্যৎ অন্ধকার । ইউগ্যান্ডার রাজধানী কাম্পালা শহরে এক শিক্ষিত পরিবারের ছেলে । বাপ ডাক্তার । তাঁর কাছেই শুনি গাওয়াঙ্গির যখন চোদ্দ বছর বয়স তখনই সে প্রায় সাত ফুট লম্বা । বাড়ির বাইরে বেরোয় না । কারণ রাস্তার লোকে ঢিল মারে । ইস্কুলে ভর্তি হয়েছিল, কিন্তু ছাত্রদের বিদ্রূপের ঠেলায় বাধ্য হয়ে তাকে ছাড়িয়ে আনতে হয় । আমি যখন তাকে দেখি তখন তার বয়স একুশ । ভবিষ্যৎ অন্ধকার । চূপচাপ ঘরে বসে থাকে সারাদিন । দেখে মনে হল এইভাবে সে আর বেশিদিন বাঁচবে না । সেই অবস্থা থেকে তাকে আমি উদ্ধার করে আনি । আমার কাছে এসে সে নতুন জীবন পায় । সে আমার দাস হতে যাবে কেন ? আমি তাকে নিজের সন্তানের মতো স্নেহ করি । আমাদের সম্পর্ক পিতা-পুত্রের সম্পর্ক ।’

‘যাই হোক তারকবাবু’, বললেন তরফদার, ‘আপনার অনুরোধ রাখতে পারলাম না । আমি জ্যোতিষ্ককে চিড়িয়াখানার অধিবাসী হিসেবে কল্পনা করতে পারি না এবং চাইও না ।’

‘গাওয়াঙ্গির বিবরণ শোনার পরেও এটা বলছ ?’

‘বলছি।’

ভদ্রলোক যেন একটু দমে গিয়ে একটা দীর্ঘশ্বাস ফেলে বললেন, ‘তাই যখন বলছ তখন এই ছেলটিকে একবার দেখতে পারি কি?’

‘সেটা সহজ ব্যাপার। আপনি সেই কলকাতার উত্তর প্রান্ত থেকে এসেছেন, আপনার জন্য এতটুকু করতে পারব না?’

নয়ন এসে দাঁড়াতে তারকবাবু তার দিকে ভুরু কুঁচকে চেয়ে জিজ্ঞেস করলেন, ‘আমার বাড়িতে ক’টা ঘর আছে বলতে পার?’

‘ছেষটি।’

‘হুঁ...’

এবার তারকনাথ উঠে দাঁড়িয়ে তার লাঠির রূপো দিয়ে বাঁধানো মাথাটা ডান হাতের মুঠো দিয়ে শক্ত করে ধরে বললেন, ‘রিমেমবার, তরফদার—টি এন টি অত সহজে হার মানে না। আমি আসি।’

ভদ্রলোক চলে যাবার পর আমরা কিছুক্ষণ কোনও কথাই বললাম না। নয়নকে তার ঘরে পাঠিয়ে দিলেন তরফদার। অবশেষে লালমোহনবাবু ফেলুদার দিকে ফিরে বললেন, ‘চার দিয়ে তো অনেক কিছু হয়—না মশাই? চতুর্দিক, চতুর্ভুজ, চতুর্মুখ, চতুর্বেদ—এই চারটিকে কী বলব তাই ভাবছি।’

‘চতুর্লোভী বলতে পারেন।’ বলল ফেলুদা। ‘চার জনই যে লোভী তাতে তো কোনও সন্দেহ নেই। তবে লোভী হয়েও যে কোনও লাভ হল না সে ব্যাপারে সুনীলকে তারিফ করতে হয়।’

‘তারিফ কেন স্যার?’ বললেন তরফদার। ‘এ তো সোজা অঙ্ক। সে ছেলে আমার বাড়িতে মানুষ হচ্ছে সুস্থ পরিবেশে। আমি তাকে দেখছি। সে আমাকে দেখছে। শ্রেফ লেনদেনের ব্যাপার। এ অবস্থার পরিবর্তন হবে কেন?’

আমরা তিনজন উঠে পড়লাম।

‘একটা কথা বলি তোমাকে’, তরফদারের কাঁধে হাত রেখে বলল ফেলুদা, ‘আর অ্যাপয়েন্টমেন্ট না।’

‘পাগল!’ বললেন তরফদার। ‘এক দিনেই যা অভিজ্ঞতা হল, এর পরে আবার অ্যাপয়েন্টমেন্ট!’

‘তবে এটা বলে রাখি—নয়নকে বিপদের হাত থেকে রক্ষা করতে যদি আমার প্রয়োজন হয়, তা হলে আমি তৈরি আছি। ছেলেটির উপর আমার মায়া পড়ে গেছে।’

‘থ্যাঙ্ক ইউ স্যার, থ্যাঙ্ক ইউ। প্রয়োজন হলেই খবর পাবেন।’

৬

বিষুদবারের সকাল। গতকালই চতুর্লোভীর সঙ্গে সকলে কাটিয়েছি আমরা। বেশ বুঝতে পারছি ব্যাপারটা ক্রমে এক্সাইটিং হয়ে আসছে, তাই বোধহয় জটায়ু তাঁর অভ্যাসমতো ন’টায় না এসে সাড়ে আটটায় এসেছেন।

ভদ্রলোক কাউচে বসতেই ফেলুদা বলল, ‘আজ কাগজে খবরটা দেখেছেন?’

‘কোন কাগজ?’

‘স্টেটসম্যান, টেলিগ্রাফ, আনন্দবাজার...’

‘মশাই, এক কাশ্মীরি শালওয়ালা এসে সকালটা এক্কেবারে মাটি করে দিয়ে গেল।’

কাগজ-টাগজ কিছু দেখা হয়নি। কী খবর মশাই ?’

আমি আগেই কাগজ পড়েছি, তাই খবরটা জানতাম।

‘তেওয়ারি সিন্দুক খুলেছিলেন,’ বলল ফেলুদা, ‘আর খুলে দেখেন সত্যিই তার মধ্যে একটি কপর্দকও নেই।’

‘তা হলে তো নয়ন ঠিকই বলেছিল’, চোখ বড় বড় করে বললেন জটায়ু। ‘চুরিটা কখন হয় ?’

‘দুপুরে আড়াইটা থেকে সাড়ে তিনটার মধ্যে। অন্তত তেওয়ারির তাই ধারণা। সেই সময়টা তিনি আপিসে ছিলেন না। ছিলেন তাঁর ডেনটিস্টের চেম্বারে। ভদ্রলোকের স্মরণশক্তি এখন ভাল কাজ করছে। দুদিন আগেই নাকি উনি সিন্দুক খুলেছিলেন, তখন সব কিছুই ছিল। টাকার অঙ্কও মনে পড়েছে—পাঁচ লাখের কিছু উপরে। তেওয়ারি অবিশ্যি তাঁর পার্টনারকেই সন্দেহ করছেন। বলছেন একমাত্র তাঁর পার্টনারই নাকি কম্বিনেশনটা জানত। এ ছাড়া আর কাউকে কখনও বলেননি।’

‘এই পার্টনারটি কে ?’

‘নাম হিস্‌য়োয়ানি। টি এইচ সিভিকিটের টি হলেন তেওয়ারি আর এইচ হিস্‌য়োয়ানি।’

‘যাকগে। তেওয়ারি, হিংটিংহট, এ সবে আমার কোনও ইন্টারেস্ট নেই। আমি খালি ভাবছি ওই পুঁচকে ছেলে এমন ক্ষমতা পেল কী করে ?’

‘আমিও সে কথা অনেকবার ভেবেছি। ব্যাপারটা প্রথম কী করে আবিষ্কার হয়, সেটা জানার খুব আগ্রহ হচ্ছে। তোপসে, নয়নের বাড়ির রাস্তার নাম তোর মনে আছে ?’

‘নিকুঞ্জবিহারী লেন। কালীঘাট।’

‘গুড।’

‘একবার যাবেন নাকি মশাই ? বলা যায় না, আমার ড্রাইভার কলকাতার এমন সব রাস্তা চেনে যার নামও আমি কম্বিনকালে শুনিনি।’

সত্যিই দেখা গেল হরিপদবাবু নিকুঞ্জবিহারী লেন চেনেন। বললেন, ‘ও রাস্তায় তো পল্টু দত্ত থাকতেন। আমি তখন অজিতেশ সাহার গাড়ি চালাই। একদিন তাঁকে নিয়ে গেলুম পল্টু দত্তের বাড়ি। দুজনেই তো ফুটবলার, তাই খুব আলাপ।’

দশ মিনিটের মধ্যে নিকুঞ্জবিহারী লেন-এ পৌঁছে একটা পানের দোকানে জিজ্ঞেস করে জানলাম অসীম সরকার থাকেন আট নম্বরে।

আট নম্বরের দরজায় টোকা দিতে একজন রোগা, ফরসা ভদ্রলোক দরজা খুলে আমাদের সামনে দাঁড়ালেন। বুঝলাম তিনি সবেমাত্র দাড়ি কামানো শেষ করেছেন, কারণ হাতের গামছা দিয়ে গাল মোছা এখনও শেষ হয়নি।

‘আপনারা— ?’ ভদ্রলোক ফেলুদার দিকে জিজ্ঞাসু দৃষ্টি দিলেন।

‘আপনি কি আপিসে বেরোচ্ছেন ?’

‘আজ্ঞে না। এখন তো ৯টা। আমি বেরোই সাড়ে ৯টায়।’

ফেলুদা বলল, ‘আমরা গত রবিবার তরফদারের ম্যাজিক দেখতে গিয়েছিলাম। সেখানে আপনার ছেলের—আপনিই তো অসীম সরকার ?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘আশ্চর্য অলৌকিক ক্ষমতা আপনার ছেলের। তরফদারের সঙ্গে আমাদের বেশ ভাল আলাপ হয়েছে। তাঁর কাছেই আপনার বাড়ির হদিস পেলাম।—এই দেখুন, আমরা কে তাই বলা হয়নি !—ইনি রহস্য রোমাঞ্চ উপন্যাস লেখক জটায়ু, এ আমার ভাই তপেশ, আর আমি প্রদোষ মিত্র।’

‘প্রদোষ মিত্র ?’ ভদ্রলোকের চোখ কপালে । ‘সেই বিখ্যাত গোয়েন্দা প্রদোষ মিত্র—যাঁর ডাক নাম ফেলু ?’

‘আজ্ঞে হ্যাঁ ।’ ফেলুদা বিনয়ের অবতার ।

‘ভেতরে আসুন, ভেতরে আসুন—কী আশ্চর্য !’

আমরা ভদ্রলোকের পিছন পিছন ভিতরে গিয়ে একটা সরু প্যাসেজের বাঁ দিকের দরজা দিয়ে একটা ছোট্ট ঘরে গিয়ে ঢুকলাম । সেটাকে শোবার ঘর বসবার ঘর দুই-ই বলা চলে । দুটো চেয়ার আর একটা তক্তাপোশ ছাড়া ঘরে কোনও আসবাব নেই । তক্তাপোশের এক প্রান্তে শতরঞ্চি দিয়ে গোটানো একটা বালিশ দেখে বোঝা যায়, সেখানে কেউ শোয় । ফেলুদা আর জটায়ু চেয়ারে, অসীমবাবু আর আমি খাটে বসলাম ।

ফেলুদা বলল, ‘আপনার বেশি সময় নেব না । আমাদের আসার কারণটা বলি । সে দিন তরফদারের শো-তে আপনার ছেলের আশ্চর্য ক্ষমতা দেখে আমাদের কথা বন্ধ হয়ে গিয়েছিল । শোয়ের পর তরফদারকে জিজ্ঞেস করাতে উনি বলেন ছেলটি তাঁর কাছেই থাকে । আমি জানতে চাই যে নয়নের বাসস্থান পরিবর্তনের প্রস্তাবটা কি তরফদার করেন, না আপনি করেন ?’

‘আপনি মহামান্য ব্যক্তি, আপনার কাছে মিথ্যা বলব না । ওঁর বাড়িতে রাখার প্রস্তাবটা তরফদার মশাই-ই করেন, তবে তার আগে নয়নকে আমিই ওঁর কাছে নিয়ে যাই ।’

‘সেটা কবে ?’

‘ওর ক্ষমতা প্রকাশ পাবার তিন দিন পরে—দোসরা ডিসেম্বর ।’

‘এই সিদ্ধান্তের কারণটা কী ?’

‘এর একটাই কারণ, মিস্তির মশাই । আমার বাড়ি দেখেই বুঝতে পারছেন আমার টানাটানির সংসার । আমার চারটি সন্তান । বড়টি ছেলে, সে বি কম পড়ছে । তার খরচ আমাকে জোগাতে হয় । তারপর দুটি মেয়ে । তাদেরও স্কুলের খরচ আছে । নয়নকে এখনও ইস্কুলে দিইনি । আমি এই কালীঘাট পোস্ট আপিসেই সামান্য চাকরি করি । পুঁজি বলতে কিছুই নেই ; যা আনি তা নিমেষেই খরচ হয়ে যায় ; ভবিষ্যতের কথা ভেবে গা-টা বারবার শিউরে ওঠে । তাই নয়নের মধ্যে যখন হঠাৎ এই ক্ষমতা প্রকাশ পেল, তখন মনে হল—একে দিয়ে কি দু পয়সা উপার্জন করানো যায় না ? কথটা শুনতে হয়তো খারাপ লাগবে কিন্তু আমার যা অবস্থা, তাতে এমন ভাবটা অস্বাভাবিক নয়, মিস্তির মশাই ।’

‘সেটা আমি বুঝতে পারছি’, বলল ফেলুদা । ‘এর পরেই আপনি নয়নকে তরফদারের কাছে নিয়ে যান ?’

‘আজ্ঞে হ্যাঁ । আমার তো টেলিফোন নেই, তাই আর অ্যাপয়েন্টমেন্ট করতে পারিনি, সোজা চলে যাই ছেলেকে সঙ্গে নিয়ে । ভদ্রলোক নয়নের ক্ষমতার দু-একটা নমুনা দেখতে চাইলেন । আমি বললুম, ওকে এমন কিছু জিজ্ঞেস করুন, যার উত্তর নশ্বর হয় । ভদ্রলোক নয়নকে বললেন, “আমার বয়স কত বলতে পার ?” নয়ন তক্ষুনি জবাব দিল—তেরিশ বছর তিন মাস দশ দিন । এর পরে আর কোনও প্রশ্ন করেননি তরফদার । আমাকে বললেন—আমি যদি ওকে মঞ্চে ব্যবহার করি, তাতে আপনার কোনও আপত্তি আছে ? আমি অবশ্যই পারিশ্রমিক দেব ।—আমি রাজি হয়ে গেলুম । তরফদার জিজ্ঞেস করলেন—আপনি কত আশা করেন ? আমি ভয়ে ভয়ে বললাম—মাসে এক হাজার । তরফদার বললেন, “ভুল হল । আমার মাথায় কী নশ্বর আছে, বলো তো, নয়ন ?” নয়ন বলল—তিন শূন্য শূন্য শূন্য ।—সে ভুল বলেনি, মিস্তির মশাই । তরফদার মশাইও তাঁর কথা রেখেছেন । আগাম তিন হাজার আমি এরই মধ্যে পেয়ে গেছি । আর ভদ্রলোক যখন

আমাকে বাঁচবার পথ দেখিয়ে দিলেন, তখন নয়নকে তাঁর বাড়িতে রাখার প্রস্তাবেই বা কী করে না বলি ?’

‘কিন্তু নয়ন কি স্বেচ্ছায় গেল ?’

‘সেও এক তাজ্জব ব্যাপার । এক কথায় রাজি হয়ে গেল । এখন তো ও দিব্যি আছে ।’

‘এইবারে আরেকটা প্রশ্ন করছি’, বলল ফেলুদা, ‘তা হলেই আমাদের কাজ শেষ ।’

‘বলুন ।’

‘ওর ক্ষমতার প্রথম পরিচয় আপনি কী করে পেলেন ?’

‘খুব সহজ ব্যাপার । একদিন সকালে উঠে নয়ন বলল—“বাবা, আমার চোখের সামনে অনেক কিছু গিজ গিজ করছে । তুমি সেরকম দেখছ না ?” আমি বললাম, “কই, না তো । কী গিজ গিজ করছে ?” নয়ন বলল, “এক দুই তিন চার পাঁচ ছয় সাত আট নয় শূন্য । সব এ দিকে ও দিকে ঘুরছে, ছুটছে, লাফাচ্ছে, ডিগবাজি খাচ্ছে । আমার মনে হয় আমাকে যদি নম্বর নিয়ে কিছু জিজ্ঞেস করো তা হলে ওদের ছটফটানি থামবে ।”—আমার পুরোপুরি বিশ্বাস হচ্ছিল না, তাও ছেলের অনুরোধ রাখতে জিজ্ঞেস করলাম, “আমার একটা খুব মোটা লাল বাঁধানো বাংলা বই আছে জান তো ?” নয়ন বলল, “মহাভারত ?” আমি বললাম, “হ্যাঁ । সেই বইয়ে কত পাতা আছে বলো তো ।” নয়নের মুখে হাসি ফুটল । বলল, “ছটফটানি থেমে গেছে । সব নম্বর পালিয়ে গেছে । খালি তিনটে নম্বর পর পর দাঁড়িয়ে আছে ।” কী নম্বর জিজ্ঞেস করাতে নয়ন বলল, “নয় তিন চার ।” আমি তাক থেকে কালী সিংহের মহাভারত নামিয়ে খুলে দেখি তার পৃষ্ঠা সংখ্যা সত্যি ৯৩৪ ।’

আমাদের কাজ শেষ, আমরা ভদ্রলোককে বেশ ভাল রকম ধন্যবাদ দিয়ে বাড়িমুখো রওনা দিলাম ।

শ্রীনাথ দরজা খুলে দিতে বসবার ঘরে ঢুকেই দেখি দুজন ভদ্রলোক বসে আছেন । তার মধ্যে সুনীল তরফদারকে চিনি । অন্যজনকে আগে দেখিনি ।

ফেলুদা ব্যস্তভাবে বলল, ‘সরি । তোমরা কি অনেকক্ষণ এসেছ ?’

‘পাঁচ মিনিট’, বললেন তরফদার । ‘এ হচ্ছে আমার ম্যানেজার ও প্রধান সহকারী—শঙ্কর হুবলিকার ।’

তরফদারের মতো বয়স, বেশ চালাক চেহারা, উঠে দাঁড়িয়ে আমাদের নমস্কার করলেন ।

‘আপনি তো মারাঠি ?’ প্রশ্ন করল ফেলুদা ।

‘ইয়েস স্যার । তবে আমার জন্ম, স্কুলিং, সবই এখানে ।’

‘বসুন, বসুন ।’

আমরা সবাই বসলাম ।

‘কী ব্যাপার বলো ?’ তরফদারকে উদ্দেশ্য করে বলল ফেলুদা ।

‘ব্যাপার গুরুতর ।’

‘মানে ?’

‘কাল আমাদের বাড়িতে দৈত্যের আগমন হয়েছিল ।’

আমার বুকটা ধড়াস করে উঠল । সেই গাওয়ান্দির কথা বলছেন নাকি ভদ্রলোক ?

‘ব্যাপারটা খুলে বলো’, বলল ফেলুদা ।

‘বলছি ।’ বললেন ভদ্রলোক । ‘আজ ঘুম থেকে উঠে বাদশাকে নিয়ে হাঁটতে বেরোব—তখন সাড়ে পাঁচটা—দোতলা থেকে নেমেই থমকে দাঁড়িয়ে পড়লাম ।’

‘কেন ?’

‘সিঁড়ির সামনের মেঝেতে ছড়িয়ে আছে রক্ত, আর সেই রক্ত থেকে পায়ের ছাপ সদর

দরজার দিকে চলে গেছে। সেই ছাপ পরে মেপে দেখেছি—লম্বায় ষোল ইঞ্চি।’

‘ষো...!’ লালমোহনবাবু কথাটা শেষ করতে পারলেন না।

‘তারপর?’ বলল ফেলুদা।

তরফদার বলে চললেন, ‘আমাদের দরজায় কোল্যাপসিবল গেট লাগানো। রাস্তিরে সে গেট তালা দিয়ে বন্ধ থাকে। সেই গেট দেখি অর্ধেক খোলা, আর তালা ভাঙা। সেই আধখোলা গেটের বাইরে মাটিতে অজ্ঞান হয়ে পড়ে আছে আমার দারোয়ান ভগীরথ। ভগীরথের পাশ দিয়ে আরও রক্তাক্ত পায়ে ছাপ চলে গেছে পাঁচিলের দিকে।

‘জলের ঝাপটা দিয়ে তো কোনওরকমে ভগীরথের জ্ঞান ফিরিয়ে আনলাম। সে চোখ খুলেই ‘দানো! দানো!’ বলে আর্তনাদ করে আবার ভিরমি যায় আর কী! যাই হোক, তার কাছ থেকে যা জানা গেল তা হচ্ছে এই—মাঝরাতিরে সদর দরজার বাইরে দাঁড়িয়ে সে খইনি ডলছিল। দরজার বাইরে একটা লো পাওয়ারের বাতি সারারাত জ্বলে। এই আবছা আলোয় ভগীরথ হঠাৎ দেখে যে একটা অতিকায় প্রাণী পাঁচিলের দিক থেকে তার দিকে এগিয়ে আসছে। প্রাণীটা যে পাঁচিল উপরে এসেছে তাতে সন্দেহ নেই, কারণ গেটে রয়েছে সশস্ত্র প্রহরী।

‘ভগীরথ বলে সে একবার চিড়িয়াখানায় গিয়েছিল: সেখানে “গরৈলা” বলে একটা জানোয়ার দেখে। এই প্রাণীর চেহারা কতকটা সেইরকম, কিন্তু তার চেয়েও ঢের বেশি লম্বা আর চওড়া। এর বেশি ভগীরথ আর কিছু বলতে পারেনি, কারণ তার পরেই সে সংজ্ঞা হারায়।’

‘বুঝেছি’, বলল ফেলুদা। ‘দানোটা তারপর কোল্যাপসিবল গেট ভেঙে ভেতরে ঢোকে, আর তখনই তোমার বিশ্বস্ত বাদশা দানোটার পায়ে কামড় দিয়ে তাকে জখম করে। এবং তার ফলেই দানব তার কাজ অসমাপ্ত রেখে পলায়ন করে।’

‘কিন্তু যাবার আগে সে প্রতিশোধ নিয়ে যায়। বাদশার ঘাড় মটকানো মৃতদেহ পড়ে ছিল সদর দরজা থেকে ত্রিশ হাত দূরে—তার মুখের দুপাশে তখনও রক্ত লাগা।’

আমি মনে মনে বললাম—এই ঘটনায় যদি খুশি হবার কোনও কারণ থাকে সেটা এই যে টি.এন.টি.-র উদ্দেশ্য সিদ্ধি হয়নি।

ফেলুদা চিন্তিতভাবে চুপ করে আছে দেখে তরফদার অধৈর্য হয়ে বলে উঠলেন, ‘কিছু বলুন, মিস্টার মিস্তির?’

‘বলার সময় পেরিয়ে গেছে সুনীল’, গম্ভীর স্বরে বলল ফেলুদা। ‘এখন করার সময়।’

‘কী করার কথা ভাবছেন?’

‘ভাবছি না, স্থির করে ফেলেছি।’

‘কী?’

‘দক্ষিণ ভারত যাব। ম্যাড্রাস দিয়ে শুরু। নয়ন ইজ ইন গ্রেট ডেঞ্জার। তার যাতে অনিষ্ট না হয় এটা দেখার ক্ষমতা তোমাদের নেই। এখানে প্রদোষ মিত্রকে প্রয়োজন।’

তরফদারের মুখে হাসি ফুটে উঠল।

‘আপনি যে আমাকে কতটা নিশ্চিত করলেন, তা বলতে পারব না। আপনি অবশ্য আপনার প্রোফেশনাল ক্যাপাসিটিতে কাজ করবেন, আপনার পারিশ্রমিক আর আপনাদের তিনজনের যাতায়াত ও হোটেল খরচা আমি দেব। আমি মানে—আমার পৃষ্ঠপোষক।’

‘খরচের কথা পরে। তোমাদের যাওয়ার তারিখ তো উনিশে ডিসেম্বর, কিন্তু কোন ট্রেন সেটা জানি না।’

‘করোমণ্ডল এক্সপ্রেস।’

‘আর হোটেল ?’

‘সেও করোমগুল ।’

‘বুঝেছি । তাজ করোমগুল । তাই তো ?’

‘হ্যাঁ, আর আপনারা কিন্তু ফার্স্ট ক্লাস এ.সি.-তে যাচ্ছেন । এখনই আপনাদের নাম আর বয়স একটা কাগজে লিখে দিন । বাকি কাজ সব শঙ্কর করে দেবে ।’

ফেলুদা বলল, ‘বুকিং-এ অসুবিধা হলে আমাকে জানিও । রেলওয়েতে আমার প্রচুর জানাশোনা ।’

৭

তরফদাররা গেলেন পৌনে দশটায়, তারপর ঠিক পাঁচ মিনিট বাদেই ফেলুদার একটা ফোন এল, সেটা যাকে বলে একেবারে অপ্রত্যাশিত । কথা-টথা বলে সোফায় বসে শ্রীনাথের সদ্য আনা চায়ে একটা চুমুক দিয়ে ফেলুদা বলল, ‘কাল ডিরেক্টরি খুলে দেখেছি, এই নামে শুধু দুটো ফোন আছে ।’

‘এই সব সামান্য ব্যাপারে আপনার সাসপেন্স তৈরি করার প্রবণতাটা আমার মোটেই ভাল লাগে না, মশাই’, বললেন জটায়ু । ‘কার ফোন সেটা হেঁয়ালি না করে বলবেন ?’

‘হিপ্পোয়ানি ।’

‘যার কথা কাগজে বেরিয়েছে ?’

‘ইয়েস স্যার । তেওয়ারির পার্টনার ।’

‘এই ব্যক্তির কী দরকার আপনার সঙ্গে ?’

‘সেটা ওঁর ওখানে গেলে বোঝা যাবে । ভদ্রলোক বললেন কর্নেল দালালের কাছে আমার প্রশংসা শুনেছেন ।’

‘ও, গত বছরের সেই জালিয়াতির মামলাটা ?’

‘হ্যাঁ ।’

‘অ্যাপয়েন্টমেন্ট হয়েছে ?’

‘সেটা আমার কথা থেকেই আপনার বোঝা উচিত ছিল ; আপনি মনোযোগ দেননি ।’

আমি কিন্তু বুঝেছিলাম ফেলুদার অ্যাপয়েন্টমেন্ট হয়েছে আজ বিকেল পাঁচটায় । সেটা লালমোহনবাবুকে বলতে উনি বেশ রেগে গিয়ে বললেন, ‘কানের কাছে অন্যে টেলিফোন করলে আমি অন্ প্রিন্সিপল্ তার কথা শুনি না । কোথায় থাকেন ভদ্রলোক ?’

‘আলিপুর পার্ক রোড ।’

‘বনেদি পাড়া । —আমরাও যাচ্ছি তো আপনার সঙ্গে ?’

‘সেটা কবে যাননি বলতে পারেন ?’

‘ঠিক কথা । ইয়ে—“আনি” দিয়ে পদবি শেষ হলে তো সিন্ধি বোঝায়, তাই না ?’

‘তা তো বটেই । দেখুন না—দু আনি ছ আনি কেরানি কাঁপানি হাঁপানি চাকরানি মেথরানি...’

‘রক্ষ করুন, রক্ষ করুন !’ দু হাত তুলে বললেন জটায়ু । ‘বাপরে !—এ হচ্ছে আপনার সজারু-মজারু মুড । আমার খুব চেনা । কিছু জিজ্ঞেস করলেই টিটকিরির খোঁচা । যাই হোক—যেটা বলতে চাইছিলাম—ভাবছি আজ দ্বিপ্রহরের আহারটা এখানেই সারব । খিচুড়ির আইডিয়াটা কেমন লাগে ? বেশ ঠাণ্ডা-ঠাণ্ডা পড়েছে তো ?’

‘উত্তম প্রস্তাব’, বলল ফেলুদা ।

দুপুরে খাবার পর ফেলুদা দু ঘণ্টা ধরে জটায়ুকে জ্যাবল খেলা শেখাল। ভদ্রলোক কোনও দিন ক্রসওয়ার্ডই করেননি। তাই ওঁকে—সিক্সি নামের চঙেই বলি—বেশ নাকানি-চোবানি খেতে হল। ফেলুদা শব্দের খেলাতে একেবারে মাস্টার, যেমন হেঁয়ালির জট ছাড়াতেও মাস্টার—যার অনেক উদাহরণ এর আগে দিয়েছি।

আলিপুর পার্ক রোড অবশ্যই হরিপদবাবুর চেনা। পাঁচটা বাজতে পাঁচ মিনিটে আমাদের গাড়ি সাইক্লিশ নম্বরের গেট দিয়ে ঢুকে পোর্টিকোর নীচে এসে থামল। সামনেই ডাইনে গ্যারেজ, তার বাইরে একটা লম্বা সাদা গাড়ি দাঁড়িয়ে আছে। ‘বিদেশি বলে মনে হচ্ছে?’ লালমোহনবাবু মন্তব্য করলেন।

ফেলুদা সদর দরজার দিকে এগিয়ে গিয়ে বলল, ‘না। ওটার নাম কনটেসা। এখানেই তৈরি।’

সদর দরজায় দারোয়ান দাঁড়িয়ে, ফেলুদা তাকে বলল, ‘আমাদের অ্যাপয়েন্টমেন্ট আছে।’

ইতিমধ্যে বোধহয় গাড়ির শব্দ পেয়েই একটি বেয়ারা এসে হাজির হয়েছে; সে লালমোহনবাবুর দিকে চেয়ে বলল, ‘মিস্টর সা’ব?’

‘হাম নেহি—ইনি’, ফেলুদার দিকে দেখিয়ে বললেন জটায়ু।

‘আইয়ে আপ লোগ।’

বেয়ারার পিছন পিছন আমরা একটা ড্রইং রুমে গিয়ে হাজির হলাম।

‘বৈঠিয়ে।’

আমি আর জটায়ু একটা সোফায় বসলাম। ফেলুদা তৎক্ষণাৎ না বসে একটু এদিক-ওদিক ঘুরে দেখে একটা বুক সেলফের সামনে গিয়ে দাঁড়াল। দেওয়ালে আর টেবিলে শোভা পাচ্ছে এমন খুঁটিনাটির মধ্যে অনেক নেপালি জিনিস রয়েছে। লালমোহনবাবুও দেখেছেন, কারণ বিড়বিড় করে বলতে শুনলাম, ‘দার্জিলিং’।

‘কেন, দার্জিলিং কেন?’ ফিরে এসে আরেকটা সোফায় বসে বলল ফেলুদা। ‘নেপালি জিনিস কি নেপালে পাওয়া যায় না?’

‘আরে সে তো নিউ মার্কেটেই পাওয়া যায়।’

বাইরে ল্যান্ডিং-এ দাঁড়ানো গ্র্যান্ডফাদার ক্লক দেখেছি, এবার তাতে গভীর অথচ মোলায়েম শব্দে ঢং ঢং করে পাঁচটা বাজতে শুনলাম। আর প্রায় সঙ্গে সঙ্গে খয়েরি রঙের সুট পরা একজন রোগা, ফরসা, প্রৌঢ় ভদ্রলোক ঘরে এসে ঢুকলেন। কেন জানি মনে হল ভদ্রলোকের স্বাস্থ্যটা খুব ভাল যাচ্ছে না—বোধহয় চোখের তলায় কালির জন্য।

আমরা তিনজনেই নমস্কার করতে উঠে দাঁড়িয়েছিলাম। ভদ্রলোক ব্যস্ত হয়ে বললেন, ‘বসুন বসুন—প্লিজ সিট ডাউন।’

ভদ্রলোকের ঘড়ির ব্যান্ডটা বোধহয় ঢিলে হয়ে গেছে, কারণ নমস্কার করে হাত নামাবার সঙ্গে সঙ্গে ঘড়িটা সড়াৎ করে নীচে নেমে এল। ডান হাত দিয়ে ঠেলে সেটাকে যথাস্থানে এনে ভদ্রলোক ফেলুদার উলটোদিকের সোফায় বসলেন। বাংলা ইংরিজি হিন্দি মিশিয়ে কথা বললেন হিঙ্গোয়ানি।

ফেলুদা নিজের এবং আমাদের দুজনের পরিচয় করিয়ে দেবার পর ভদ্রলোক বললেন, ‘আমার আপিসের যে খবর কাগজে বেরিয়েছে সে কি আপনি পড়েছেন?’

‘পড়েছি’, বলল ফেলুদা।

‘আমি গ্রহ-নক্ষত্রের প্রভাবে বিশ্বাস করি। আমাকে যে ভাবে হ্যারাস করা হচ্ছে তাকে গ্রহের ফের ছাড়া আর কিছুই বলা যায় না। আমার পার্টনারের ভীমরতি ধরেছে; কোনও সুস্থ মস্তিষ্ক লোক কখনও এমন করতে পারে না।’

‘আমরা কিন্তু আপনার পার্টনারকে চিনি ।’

‘হাউ ?’ অবাক হয়ে প্রশ্ন করলেন হিঙ্গোয়ানি ।

ফেলুদা সংক্ষেপে তরফদার আর জ্যোতিষ্কের ব্যাপারটা বলে বলল, ‘এই ছেলের ব্যাপারেই তেওয়ারি ফোনে অ্যাপয়েন্টমেন্ট করে তরফদারের বাড়ি এসেছিলেন । আমরা তখন সেখানে উপস্থিত ছিলাম । ভদ্রলোক বললেন তাঁর সিন্দুকের কব্বিনেশনটা ভুলে গেছেন । ছেলেটিকে জিজ্ঞেস করাতে সে বলে দেয়, আর সেই সঙ্গে এটাও বলে যে সিন্দুকে আর একটি পাই-পয়সাও নেই ।’

‘আই সি...’

‘আপনি ফোনে বললেন আপনাকে খুব বিব্রত হতে হচ্ছে ?’

‘তা তো বটেই । প্রথমত, বছর খানেক থেকেই আমাদের মধ্যে বনিবনা হচ্ছে না, যদিও এককালে আমরা বন্ধু ছিলাম । আমরা একসঙ্গে এক ক্লাসে সেন্ট জেভিয়ার্সে পড়তাম । কলেজ ছাড়ার বছর খানেকের মধ্যেই আমরা আলাদা আলাদা ভাবে ব্যবসা শুরু করি । তারপর ১৯৭৩-এ আমরা এক জোটে টি এইচ সিভিকিটের পত্তন করি । বেশ ভাল চলছিল কিন্তু ওই যে বললাম—কিছুদিন থেকে দুজনের সম্পর্কে চিড় ধরেছিল ।’

‘সেটার কারণ কী ?’

‘প্রধান কারণ হচ্ছে—তেওয়ারির স্মরণশক্তি প্রায় লোপ পেতে বসেছিল । সামান্য জিনিসও মনে রাখতে পারে না । ওকে নিয়ে মিটিং করা এক দুর্ভাগ্য ব্যাপার হয়ে দাঁড়িয়েছিল । গত বছর একদিন আমি তেওয়ারিকে বলি—“ডাঃ শর্মা বলে একজন অত্যন্ত বিচক্ষণ মস্তিষ্ক চিকিৎসক আছেন । তাঁকে আমি খুব ভাল করে চিনি । আমি চাই তুমি একবার তাঁর কাছে যাও ।”—তাতে তেওয়ারি ভয়ানক অফেন্স নেয় । সেই থেকেই আমাদের সম্পর্কে চিড় ধরে । অথচ আমি হাল না ধরলে সিভিকিট ডুবে যাবে শুধু এই কথা ভেবেই আমি রয়ে গিয়েছিলাম । না হলে আইনসম্মত ভাবে পার্টনারশিপ চুকিয়ে দিয়ে চলে আসতাম । কিন্তু যে ব্যাপারে আমি সবচেয়ে বড় ধাক্কা খেলাম সেটা এই যে, তেওয়ারি যেই জানতে পারল যে ওর সিন্দুক খালি, ও সটান আমার কাছে এসে বলল, “গিভ মি ব্যাক মাই মানি—দিস মিনিট ।”

‘উনি যে ক্রেম করেন যে এককালে আপনাকে কব্বিনেশনটা বলেছিলেন, সেটা কি সত্যি ?’

‘সর্বৈব মিথ্যা । ওটা ছিল ওর পার্সোনাল সিন্দুক । তার কব্বিনেশন ও পাঁচজনকে বলে বেড়াবে ? ননসেন্স । তা ছাড়া ওর ধারণা যে ও যখন ডেনটিস্টের কাছে যায় তখনই আমি ওর সিন্দুক খুলে টাকা চুরি করি । অথচ আমার অকাট্য প্রমাণ রয়েছে যে সেই সময়টা আমি ছিলাম আপিস থেকে অন্তত চার মাইল দূরে । আমার এক খুড়তুতো ভাইয়ের হার্ট অ্যাটাক হয়েছে খবর পেয়ে আমি এগারোটার সময় বেলভিউ ক্লিনিকে চলে যাই, ফিরি সাড়ে তিনটেয় ।’

‘তাও মিঃ তেওয়ারি আপনার পিছনে লেগে আছেন ?’

‘শুধু পিছনে লেগেছেন নয় মিস্টার মিটার, তিনি আমাকে শাসিয়েছেন যে অবিলম্বে টাকা ফেরত না দিলে তিনি আমার সর্বনাশ করবেন । তেওয়ারি যে স্বার্থসিদ্ধির জন্য কতদূর যেতে পারে তার বেশ কিছু নমুনা আমি গত সতেরো বছরে পেয়েছি । গুণ্ডা লাগিয়ে কী করা সম্ভব-অসম্ভব সে আর আমি আপনাকে কী বলব ?’

‘আপনি বলতে চান তেওয়ারি এতই প্রতিহিংসাপরায়ণ যে গুণ্ডা লাগিয়ে আপনাকে খুন করানোতেও সে পেছপা হবে না ?’

‘সিন্দুকে কিছু নেই জানার পরমুহূর্তে সে যেভাবে আমার ঘরে এসে আমার উপর দোষারোপ করে, তাতে আমি পরিকার বুঝি যে তার কাণ্ডজ্ঞান সম্পূর্ণ লোপ পেয়েছে। এ অবস্থায় টাকা ফেরত না পেলে আমার উপর চরম প্রতিশোধ নেওয়াটা কিছুই আশ্চর্য নয়।’

‘এই চুরি সম্বন্ধে আপনার নিজের কোনও থিওরি আছে?’

‘প্রথমত, চুরি যে গেছে সেটাই আমি বিশ্বাস করি না। তেওয়ারি হয় সেটা সরিয়েছে, না হয় কিছুতে খরচ করেছে, না হয় কাউকে দিয়েছে। তোমরা বাংলায় যে বলো না—ব্যোম ভোলানাথ?—তেওয়ারি হল সেই ভোলানাথ। না হলে বাইশ বছরের পুরনো ব্যক্তিগত সিন্দুকের কবিনেশন কেউ ভোলে?’

‘বুঝলাম’, বলল ফেলুদা। ‘এবার তা হলে আসল কথায় আসা যাক।’

‘কেন আমি আপনাকে ডেকেছি সেটা জানতে চাইছেন তো?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘দেখুন মিঃ মিটার—আমি চাই প্রোটেকশন। তেওয়ারি নিজে ভোলানাথ হতে পারে, কিন্তু ভাড়াটে গুণাদের কেউই ভোলানাথ নয়। তারা অত্যন্ত সেয়ানা, ধূর্ত, বেপরোয়া। এই জাতীয় প্রোটেকশনের কাজ তো আপনাদের প্রাইভেট ডিটেকটিভদের মধ্যে পড়ে। তাই না?’

‘তা পড়ে। কিন্তু মুশকিল হচ্ছে কী, আমি সামনে প্রায় পাঁচ সপ্তাহের জন্য থাকছি না। ফলে আমার কাজ শুরু করতে তো অনেক দেরি হয়ে যাবে। তাতে আপনার চলবে কি?’

‘আপনি কোথায় যাচ্ছেন?’

‘দক্ষিণ ভারত। প্রথমে ম্যাড্রাস। সেখানে দশ দিন, তারপর অন্যত্র।’

হিঙ্গোয়ানির চোখ জ্বলজ্বল করে উঠল।

‘এক্সপ্লেন্ট!’ হাটুতে চাপড় মেরে বললেন ভদ্রলোক। ‘আপনাকে একটা কথা এখনও বলা হয়নি—আমি দুদিন থেকে আর আপিসে যাচ্ছি না। যা ঘটেছে তার পরে আর কোনও মতেই ওখানে থাকা যায় না। আইনত যা করার তা আমি যথাসময়ে করব—যখন মাথা ঠাণ্ডা হবে। অথচ রোজগার তো করতেই হবে। ম্যাড্রাসে একটা কাজের সম্ভাবনা আছে সে খবর আমি পেয়েছি। আমি এমনিতেই যেতাম। আপনারা গেলে একসঙ্গেই বেরিয়ে পড়ব। আপনি প্লেনে যাচ্ছেন?’

‘না, ট্রেনে। এখানেও একজনকে প্রোটেক্ট করার ব্যাপার আছে। তরফদারের ম্যাজিক শোয়ের ওই বালক। তারও জীবন বিপন্ন। অন্তত তিনজন ব্যক্তির লোলুপ দৃষ্টি পড়েছে ওর উপর। বুঝতেই তো পারছেন, এমন আশ্চর্য ক্ষমতাকে অসদুদ্দেশ্যে কাজে লাগানোর অজস্র উপায় আছে।’

‘বেশ তো’, বললেন হিঙ্গোয়ানি, ‘আপনি এক টিলে দুই পাখি মারুন। আপনি তো এই জাদুকরের জন্য প্রোফেশনালি কাজ করছেন?’

‘হ্যাঁ।’

‘সেটা আমার বেলাতেও করুন, আমিও আপনাকে পারিশ্রমিক দেব।’

ফেলুদা অফারটা নিয়ে নিল। তবে বলল, ‘এটা জেনে রাখবেন যে, শুধু আমার প্রোটেকশনে হবে না। আপনাকেও খুব সাবধানে চলতে হবে। আর সন্দেহজনক কিছু হলেই আমাকে জানাবেন।’

‘নিশ্চয়ই। আপনি কোথায় থাকবেন?’

‘হোটেল করোমণ্ডল। আমরা একুশে পৌঁছছি।’

‘বেশ। ম্যাড্রাসেই দেখা হবে।’

বাড়ি ফেরার পথে আমি বললাম, ‘আচ্ছা ফেলুদা, ড্রইং রুমের দুদিকের দেয়ালে দুটো বেশ বড় বড় রেফ্রিগারের ছাপ দেখলাম—অনেক দিনের টাঙানো ছবি তুলে ফেললে যেমন হয় ।’

‘গুড অবজারভেশন’, বলল ফেলুদা । ‘বোঝাই যাচ্ছে ও জায়গায় দুটো বাঁধানো ছবি ছিল—সম্ভবত অয়েল পেন্টিং ।’

‘সেগুলো যে আর নেই’, বললেন জটায়ু, ‘সেটার কোনও সিগনিফিক্যান্স আছে কি?’

‘বোঝাই যাচ্ছে ভদ্রলোক ছবিগুলো পাচার করে দিয়েছেন ।’

‘তার সিগনিফিক্যান্স?’

‘সাতশো ছেষটি রকম সিগনিফিক্যান্স । সব শোনার সময় আছে কি আপনার?’

‘আবার সজারু !—আমার মনে হয় ব্যাপারটাকে আপনি বিশেষ গুরুত্ব দিচ্ছেন না ।’

‘সেটার সময় এখনও আসেনি, লালমোহনবাবু । তথ্যটা আমার মস্তিষ্কের কম্পিউটারের মেমোরিতে পুরে দিয়েছি । প্রয়োজনে বোতাম টিপলেই ফিরে পাব ।’

‘আপনি যে এই হিঙের কচুরির কেসটাও নিলেন—দুদিক সামলাতে পারবেন তো?’

ফেলুদা কোনও উত্তর না দিয়ে ভাসা-ভাসা চোখে চলন্ত গাড়ির জানলা দিয়ে বাইরে চেয়ে থেকে মৃদুস্বরে বলল, ‘খটকা...খটকা...খটকা...’

৮

পরদিন সকালে কাগজ খুলে দেখি, তরফদার সম্বন্ধে খবর বেরিয়েছে যে উনি উনিশে ডিসেম্বর দলবল নিয়ে দক্ষিণ ভারত সফরে যাচ্ছেন, পঁচিশে ডিসেম্বর ম্যাড্রাসে গুঁর প্রথম শো ।

ফেলুদা চুল ছাঁটতে গিয়েছিল, দশটা নাগাত ফিরল । ওকে খবরটার কথা বলতে ও গভীরভাবে বলল, ‘দেখেছি । ... আত্মপ্রচারের লোভ খুব কম লোকেই সামলাতে পারে রে, তোপসে ! আমি একটু নরম-গরম কথা শোনার বলে ওকে ফোন করেছিলাম, কারণ—বুঝতেই তো পারছিলাম—এই খবর বেরোনোর ফলে আমার কাজটা অনেক বেশি কঠিন হয়ে পড়ছে ।’

‘তরফদার কী বললেন?’

ফেলুদা একটা শুকনো হাসি হেসে বলল, ‘বলে কী—আজকের দিনে শো-ম্যানদের পাবলিসিটি ছাড়া গতি নেই, মিস্টার মিস্তির । ও নিয়ে আপনি কাইন্ডলি আমাকে কিছু বলবেন না । ... আমি বললাম—যে-তিনজন ব্যক্তি নয়নের দিকে লুক্ক দৃষ্টি দিচ্ছে, তারা যে তোমার প্রোগ্রামটা জেনে গেল, সেটা কি ভাল হল ?—তাতে ছোঁকা বলল—আপনি চিন্তা করবেন না । আমি যেভাবে ওদের বলেছি, আমার বিশ্বাস তাতে ওরা নয়নকে পাবার আশা ছেড়েই দিয়েছে । —এর পর আর কী বলি বল ? সত্যি যদি তাই হয় তা হলে তো আমার আর কোনও প্রয়োজনই থাকে না । কিন্তু আমি তো জানি যে নয়নের বিপদ—এবং সেই সঙ্গে আমার দায়িত্ব—এখনও পুরোমাত্রায় রয়েছে ! অর্থাৎ আমার দিক থেকে কাজে টিলে দেবার কোনও প্রশ্নই আসে না ।’

বাইরে গাড়ি থামার শব্দ, আর তার পরে পর পর দুবার কলিং বেল টেপার শব্দে বুঝলাম জটায়ু হাজির । এখন সোয়া দশটা ; ভদ্রলোক সাধারণত ন’টা-সাতটা ন’টার মধ্যে চলে আসেন । আজ কোনও কারণে দেরি হয়েছে ।

দেখে ভাল লাগল যে ফেলুদার মুখ থেকে মেজাজ খিঁচড়ানো ভাবটা চলে গেল ।

‘খবর আছে মশাই, খবর আছে !’ ঘরে ঢুকেই চোখ বড় বড় করে বললেন জটায়ু ।

‘দাঁড়ান, দেখি আমি কত দূর আন্দাজ করতে পারি,’ বললেন ফেলুদা। ‘আপনি নিউ মার্কেটে গেলেন। ঠিক?’

‘কী করে জানলেন?’

‘আপনার কোটের বুক পকেট থেকে আইডিয়াল স্টোর্সের ক্যাশমেরের ইঞ্চি খানেক বেরিয়ে আছে। তা ছাড়া আপনার কোটের বাঁ দিকের সাইড পকেট এমনভাবে ঝুলেফুলে রয়েছে যে বোঝাই যাচ্ছে আপনার প্রিয় টুথপেস্ট ফরহ্যানসের একটি ফ্যামিলি সাইজ প্যাকেট রয়েছে ওখানে।’

‘বোঝা!—নেস্টট?’

‘আপনি রেস্টোরাণ্টে গিয়ে স্ট্রবেরি আইসক্রিম খেয়েছিলেন—তার দু ফোঁটা আপনার শাটে পড়েছে।’

‘সাবাশ!—নেস্টট?’

‘আপনি একা কখনও রেস্টোরাণ্টে যান না। অর্থাৎ একটি পরিচিত ব্যক্তির আবির্ভাব হয়েছিল, যার সঙ্গে আপনি যান।’

‘জবাব নেই!—নেস্টট?’

‘আপনি তাকে নিয়ে যাননি, সেই আপনাকে নিয়ে গেল। কারণ আপনাকে এত কাল চিনে অন্তত এটুকু জানি যে আপনার এমন কোনও বন্ধু এখন নেই, যাকে আপনি রেস্টোরাণ্টে নিয়ে গিয়ে আইসক্রিম খাওয়াবেন।’

‘আমার মাথা ভেঁ ভেঁ করছে।—নেস্টট?’

‘এ ব্যক্তির সঙ্গে সম্প্রতি আলাপ হয়েছে আপনার। পুরনো আলাপী বলতে আমরা দুজন ছাড়া আপনার আর কেউ নেই। তরফদার কি? না। তার এত সময় নেই; সে এখন সফরের তোড়জোড় করছে। চতুলোভীর কেউ কি? হজসন নন, কারণ সে ইনভাইট করলে আপনি রিফিউজ করবেন—একটানা ইংরিজি বলাটা আপনার পারদর্শিতার মধ্যে পড়ে না। তারকনাথ? উহু, তাঁর নিউ মার্কেটে কোনও প্রয়োজন থাকতে পারে না; উত্তর কলকাতায় দোকানের অভাব নেই। আর তা ছাড়া আমার ধারণা, তাঁর বাজার করার জন্য মাইনে করা লোক আছে। তা হলে বাকি রইল কে?’

‘ব্রিলিয়ান্ট, ব্রিলিয়ান্ট! আপনি ধরে ফেলেছেন, ফেলুবাবু, ধরে ফেলেছেন! অনেক দিন পরে আপনার চিন্তাশক্তি আর পর্যবেক্ষণ ক্ষমতার নমুনা পাওয়া গেল। থ্যাঙ্ক ইউ, স্যার!’

‘বসাক তো?’

‘বসাক, বসাক—নন্দলাল বসাক! আজ প্রথম পুরো নামটা জানলুম।’

‘আপনার সঙ্গে তাঁর কী কথা?’

‘কথা ভাল নয়, ফেলুবাবু। ভদ্রলোক তরফদারকে আরও দশ হাজার ডলার অফার করেছিলেন। তার মানে ত্রিশ। আজকাল এক ডলারে কত টাকা?’

‘সতেরোর আশেপাশে ঘোরাফেরা করছে।’

‘হিসেব করুন, গায়ের লোম খাড়া হয়ে উঠবে।’

‘তরফদার কী বলেন?’

‘তিনি প্রত্যাখ্যান করেন। তার ফলে বসাকের মেজাজ খিঁচড়ে যায়। তরফদারকে কিছু বলেননি, তবে আমাকে বললেন—আপনি ওই ভেলকিরামকে বলে দেবেন যে, বসাকের সংকল্পে ব্যাগড়া দেবে এমন লোক এখনও জন্মায়নি। শেষের কথাগুলো আরও সাংঘাতিক; বললেন—বড়দিনে মাদ্রাজে তরফদারের শো ওপ্ন করছে; ইফ মাই নেম ইজ নন্দ বসাক—তা হলে সেই শো থেকে ওই খোকার আইটেম বাদ দিতে হবে। টেল দিস টু ইওর

টিকটিকি ফ্রেন্ড ।’

ফেলুদার চেহারার সঙ্গে অনেক বাঙালিই পরিচিত, কাজেই বসাক যে তাকে চিনে ফেলবেন তাতে আশ্চর্যের কিছু নেই । তবু কেন যেন আমার হাত পা ঠাণ্ডা হয়ে এল ।

‘বসাকের হদিস তো তবু পাওয়া গেল,’ বলল ফেলুদা, ‘তেওয়ারি ইজ আউট অফ দ্য পিকচার । এখন বাকি তারকনাথ আর হুজসন ।’

‘তারকনাথ কেন—গাওয়াঙ্গি বলুন ! তারকনাথ খ্যাপাটে হতে পারেন, কিন্তু তাঁর যা বয়স তাতে তিনি একা কিছু করতে পারবেন না ।’

একেই ফেলুদা বলে টেলিপ্যাথি । তারকনাথের কথা ওঠার মিনিট খানেকের মধ্যেই কলিং বেল বাজায় দরজা খুলে দেখি স্বয়ং টি এন টি ।

‘মিঃ মিস্তির আছেন ?’

‘আসুন, আসুন,’ ভিতর থেকে বলল ফেলুদা । ‘আপনিও দেখছি আমায় চিনে ফেলেছেন ।’

‘তা চিনব না কেন ?’ ঘরে ঢুকে একটা কাউচে বসে বললেন ভদ্রলোক । ‘আর আপনাকে যখন চিনেছি, তখন আপনার এই ল্যাংবোটটিকেও চিনেছি । আপনিই তো জটায়ু ?’

‘আজ্ঞে হ্যাঁ ।’

‘একবার ভেবেছিলাম আপনাকেও আমার আজব ঘরে এনে রাখব, কারণ গাঁজাখুরি গল্পো লেখায় তো আপনি একমেবাদ্বিতীয়ম্ ! “হুগুরাসে হাহাকার”—হাঃ হাঃ হাঃ হাঃ !’

ভদ্রলোকের এই ঘর-কাঁপানো হাসির সঙ্গে আবার নতুন করে পরিচয় হল ।

‘তা হলে আপনার সঙ্গে মাদ্রাজে দেখা হচ্ছে ?’ ফেলুদার দিকে ফিরে জিজ্ঞেস করলেন তারক ঠাকুর ।

‘আপনি যাওয়া স্থির করে ফেলেছেন ?’

‘শুধু আমি কেন ? আমার ইউগ্যান্ডার অপোগুটিও যাবেন ! হাঃ হাঃ হাঃ—কেমন ? ভাল হয়েছে ? জটায়ু ?’

‘আপনি ট্রেনে যাচ্ছেন ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

‘তা ছাড়া তো উপায় নেই । প্লেনের সিটে তো গাওয়াঙ্গি বসতেই পারবে না !’

আরেক দফা হো হো করে হেসে ভদ্রলোক উঠে পড়ে বললেন, ‘আপনাকে একটা কথা বলি মিঃ মিস্তির—এমন অনেক সিচুয়েশান আছে, যেখানে শারীরিক শক্তির কাছে মানসিক শক্তি দাঁড়াতেই পারে না । গাওয়াঙ্গির চেয়ে আপনার বুদ্ধি যে অনেক গুণে বেশি তাতে সন্দেহ নেই, কিন্তু আপনার ব্যায়ামের অভ্যাস থাকলেও, গাওয়াঙ্গির যে শারীরিক বল, তার শতাংশের একাংশও আপনার নেই । —শুড বাই ।’

ভদ্রলোক যেমন হঠাৎ এসেছিলেন, তেমনই হঠাৎ চলে গেলেন । আমি মনে মনে বললাম—এই গাওয়াঙ্গি বস্তুটিকে একবার চাক্ষুষ দেখতেই হবে ।

স্টেশন থেকে হোটেলে আসার পথে মাদ্রাজের চেহারা দেখে জটায়ু বললেন, ‘মশাই, এই শহরের নাম কলকাতা বশে দিল্লির সঙ্গে একসঙ্গে উচ্চারণ করা হয় কেন তার কোনও কারণ খুঁজে পাচ্ছি না । পশ্চিমবাংলার যে কোনও মফস্বল টাউন এর চেয়ে বেশি গমগমে । তা ছাড়া ডিসেম্বর মাসে গরমটা কী রকম দেখেছেন ? আর ইয়ে—আমরা যে-হোটেলে যাচ্ছি, সেখানে দিশি বিদেশি সব রকম খাবার পাওয়া যায় তো ? মাদ্রাজি মেনুতে শুনিচি শুধু তিনটে ৬২৮

নাম থাকে । আমি খাইয়ে না হতে পারি, কিন্তু যা খাব, সেটা মুখরোচক না হলে আমার সাধ মেটে না ।’

আমার কিন্তু শহরটা খারাপ লাগছিল না, যদিও গমগমে ভাবটা একেবারেই নেই । অনেক দিন পরে একটা বড় শহরে এসে চারিদিকে ঢ্যাঙা ঢ্যাঙা বাড়ির ভিড় নেই দেখে অদ্ভুত লাগছিল । রাস্তা দিব্যি ভাল—এখন পর্যন্ত গাড়ীও পাইনি । আর যেটা পাইনি সেটা হল ট্র্যাফিক জ্যাম । তা সত্ত্বেও লালমোহনবাবু কেন মুখ বেজার করে আছেন জানি না ।

‘বৈকুণ্ঠ মল্লিকের কথা তো কয়েক বার বলিচি আপনাদের,’ হঠাৎ বললেন জটায়ু ।

‘আপনার সেই এথিনিয়াম ইনস্টিটিউশনের কবি ?’

‘কবি অ্যান্ড পর্যটক । ভ্রমণের নেশা ছিল ভদ্রলোকের ।’

‘উনি কি মাদ্রাজেও এসেছিলেন ?’

‘সার্টেনলি ।’

‘মাদ্রাজ নিয়ে পদ্য আছে ওঁর ?’

‘সার্টেনলি । জাস্ট সিক্স লাইনস্ । শুনুন—

বড়ই হতাশ হয়েছি আজ
তোমারে হেরিয়ে মাদ্রাজ !—
ভাষা হেথা দুর্বোধ্য তামিল
অন্য ভাষার সাথে নেই কোনও মিল—
ইডলি আর দোসা খেয়ে তৃপ্তিবে রসনা ?
ওরে বাবা, এ শহরে কেউ কভু এস না !

‘তৃপ্তিবে ?’ ভুরু কুঁচকে বলল ফেলুদা ।

‘হোয়াই নট ? মল্লিকের উপর মাইকেলের দস্তুরমতো প্রভাব ছিল । তৃপ্তিবে হল নামধাতু । আপনি গোয়েন্দা তাই হয়তো জানেন না ; আমরা সাহিত্যিকরা জানি । বলছি না—হাইলি ট্যালেন্টেড । পোড়া দেশ বলে কল্কে পেলেন না ।’

আমি দেখেছি বৈকুণ্ঠ মল্লিকের কথা বলতে গেলেই জটায়ু ভীষণ উত্তেজিত হয়ে পড়েন, আর এতটুকু সমালোচনা করলেই তেলে-বেগুনে জ্বলে ওঠেন । আমি আর ফেলুদা তাই চুপ মেরে গেলাম ।

এই ফাঁকে বলে রাখি যে, ট্রেনে কোনও গুণ্ডগোল হয়নি । তরফদার, শঙ্করবাবু আর নয়ন এ সি ফার্স্ট ক্লাসে আমাদের এক বোগিতেই ছিলেন । দলের বাদবাকি সব ছিল সেকেন্ড ক্লাসে । যে তিনজনকে নিয়ে চিন্তা—হজসন, তারকনাথ আর বসাক—তারা কেউ এ ট্রেনে এসে থাকলেও আমাদের সঙ্গে দেখা হয়নি । ম্যাড্রাস সেন্ট্রালে নেমেও এদের কাউকে দেখিনি । হিঙ্গোয়ানি আজ রাত্রেই প্লেনে আসছেন, আর আমাদের হোটেলেই থাকবেন ।

করোমণ্ডলের ঝলমলে লবিতে ঢুকে লালমোহনবাবুর মুখে প্রথম হাসি দেখা দিল । এ দিকে ও দিকে দেখে বললেন, ‘নাঃ, অনবদ্য মশাই অনবদ্য ! ইডলি-দোসার দেশে এ জিনিস ভাবাই যায় না ।’

ট্রেনেই আলোচনা করে ঠিক হয়েছে যে আমরা প্রথম তিনটে দিন একটু ঘুরে দেখব । সঙ্গে অবশ্য নয়ন আর তরফদারও থাকবে । ফেলুদা বলেছে—‘আমরা এলিফ্যান্টা দেখেছি, এলোরা দেখেছি, উড়িষ্যার মন্দির দেখেছি—মাদ্রাজে এসে মহাবলীপুরম দেখলে ভারতের অন্যতম শ্রেষ্ঠ ভাস্কর্যের নমুনাটা দেখা হয়ে যাবে । তোপসে, তুই গাইডবুকটায় একটু চোখ বুলিয়ে নিস । কতগুলো তথ্য জানা থাকলে দেখতে আরও ভাল লাগবে ।’

রাত্রে ন’টার মধ্যে ডাইনিং রুমে গিয়ে মোগলাই খানা খেয়ে ঠাণ্ডা ঘরে দিব্যি আরামে ঘুম

দিলাম। পরদিন সকালে উঠে ফেলুদা বলল, ‘এক বার তরফদারের খোঁজটা নেওয়া দরকার।’

আমরা দুজন আমাদের চার তলার ৪৩৩ নম্বর ঘর থেকে তিন তলার ৩৮২ নম্বর ঘরের সামনে গিয়ে দরজার বেল টিপলাম।

দরজা খুলে দিলেন তরফদার নিজেই। ঘরে ঢুকে দেখি শঙ্করবাবুও রয়েছেন, আর আরেকটি ভদ্রলোক, যাকে দেখলেই মাদ্রাজি বলে বোঝা যায়। কিন্তু নয়নকে দেখতে পাচ্ছি না কেন?

‘গুড মর্নিং মিঃ মিস্ত্রি,’ একগাল হেসে বললেন তরফদার—‘ইনি মিঃ রেড্ডি। এঁর রোহিণী থিয়েটারেই আমার শো। বলছেন প্রচুর এনকোয়ারি আসছে। এঁর ধারণা, দুর্দান্ত সেল হবে।’

‘নয়ন কই?’ তরফদারের কথাগুলো যেন অগ্রাহ্য করেই জিঙ্কস করল ফেলুদা।

‘এখানকার সবচেয়ে নামী কাগজ “হিন্দু”-র একজন রিপোর্টার নয়নকে ইন্টারভিউ করছে,’ বললেন তরফদার। ‘এর ফলে আমাদের দারুণ পাবলিসিটি হবে।’

‘কিন্তু কোথায় হচ্ছে সে ইন্টারভিউ?’

‘হোটেলের ম্যানেজার নিজে একতলার কনফারেন্স রুমে ব্যবস্থা করে দিয়েছেন। এও বলা আছে বাইরের কাউকে যেন ঢুকতে না দেওয়া হয়। তা ছাড়া—’

তরফদারের কথা শেষ হবার আগেই ফেলুদা এক লাফে ঘর থেকে বেরিয়ে দৌড় দিল হোটেলের করিডর দিয়ে—আমি পিছনে।

লিফট না নিয়ে সিঁড়ি দিয়ে উর্ধ্বাশ্বাসে নামলাম আমরা—ফেলুদা সমানে দাঁতে দাঁত চেপে হিন্দি, ইংরিজি ও বাংলায় তরফদারের উদ্দেশ্যে গালি দিয়ে চলেছে।

নীচে পৌঁছে একজন বেয়ারাকে সামনে পেয়ে ফেলুদা জিঙ্কস করল, ‘হোয়ার ইজ দ্য কনফারেন্স রুম?’

বেয়ারা দেখিয়ে দিল, আমরা হুড়মুড়িয়ে গিয়ে ঘরে ঢুকলাম।

বেশ বড় ঘর। তার মাঝখানে লম্বা টেবিলের দুপাশে আর দু মাথায় সারি সারি চেয়ার। একটা চেয়ারে নয়ন বসে আছে, তার পাশের চেয়ারে একজন দাড়িওয়ালা লোক নোটবই খুলে ডট পেন হাতে নিয়ে নয়নের সঙ্গে কথা বলছে।

ফেলুদা তিন সেকেন্ড চুপ করে দাঁড়িয়ে দৃশ্যটা দেখল। তারপর ঝড়ের বেগে এগিয়ে গিয়ে এক টানে রিপোর্টারের গাল থেকে দাড়ি, আর আরেক টানে ঠোঁটের উপর থেকে গোঁফ খুলে ফেলল।

অবাক হয়ে দেখলাম ছদ্মবেশের তলা থেকে বেরিয়ে পড়েছেন হেনরি হজসন।

‘গুড মর্নিং!’ উঠে দাঁড়িয়ে নির্লজ্জ হাসি হেসে বললেন হজসন।

ফেলুদা নয়নের দিকে ফিরল।

‘উনি কী জিঙ্কস করছিলেন তোমাকে?’

‘ঘোড়ার কথা।’

‘আমার কাজ এখানে শেষ হলেও আমার আপশোস নেই,’ বললেন হজসন। ‘আগামী তিন দিনের সব কটা রেসের উইনিং হর্সের নম্বর আমি জেনে নিয়েছি। আমি এখন বেশ কয়েক বছরের জন্য নিশ্চিন্ত। গুড ডে স্যার!’

হজসন গটগটিয়ে ঘর থেকে বেরিয়ে গেলেন। ফেলুদা কপালে হাত দিয়ে ধপ্ করে হজসনের চেয়ারে বসে পড়ল। তারপর মাথা নেড়ে গভীর বিরক্তির সুরে বলল, ‘নয়ন, এবার থেকে কোনও বাইরের লোক তোমার সঙ্গে কথা বলতে চাইলে তুমি

বলবে—ফেলুকাকা সঙ্গে থাকলে বলব, না হলে নয়। বুঝেছ ?’

নয়ন মাথা নেড়ে জানিয়ে দিল সে বুঝেছে।

আমি বললাম, ‘তবে একটা কথা ফেলুদা—হজসন আর জ্বালাবে না ; সে এখন কলকাতায় ফিরে গিয়ে রেস খেলবে।’

‘সেটা ঠিক, কিন্তু আমি ভাবছি আমাদের জাদুকরটি কত দায়িত্বজ্ঞানহীন। ম্যাজিশিয়ানদের এর চেয়ে বেশি কমনসেন্স থাকা উচিত।’

আমরা নয়নকে সঙ্গে নিয়ে ফিরে গেলাম তরফদারের ঘরে।

‘চমৎকার পাবলিসিটি হবে তোমার।’ শ্লেষ-মাখানো সুরে তরফদারকে বলল ফেলুদা। ‘নয়ন কাকে ইন্টারভিউ দিচ্ছিল, জানো ?’

‘কাকে ?’

‘মিস্টার হেনরি হজসন।’

‘ওই দাড়িওয়ালা— ?’

‘হ্যাঁ, ওই দাড়িওয়ালা। তার কার্যসিদ্ধি হয়ে গেছে। এই যদি তোমার আক্কেলের নমুনা হয়, তা হলে কিন্তু আমি তোমাকে কোনওরকম সাহায্য করতে পারব না। তোমার অনুমান যে ভুল সে তো দেখতেই পাচ্ছ ; হজসন যদি ম্যাদ্রাস অবধি ধাওয়া করতে পারে, তা হলে অন্য দুজনই বা করবে না কেন ? আমি জানি যে বিপদের আশঙ্কা এখনও পুরো মাত্রায় রয়েছে। এ অবস্থায় আমি যা বলছি, তা তোমাকে মানতেই হবে।’

‘বলুন স্যার,’ হেঁট মাথা চুলকে বললেন তরফদার।

‘মিঃ রেড্ডির তরফ থেকে যেটুকু পাবলিসিটি না করলেই নয়, সেটুকু তিনি করবেন ; কিন্তু তোমরা—তুমি বা শঙ্কর পাবলিসিটির ধারে-কাছেও যাবে না। প্রেস পীড়াপীড়ি করলেও তাদের কাছে তোমরা মুখ খুলবে না। তোমার এই সফর যদি সাকসেসফুল হয়, তা হলে সেটা হবে নয়নের জোরে, তোমাদের পাবলিসিটির জোরে নয়। বুঝেছ ?’

‘বুঝেছি স্যার।’

ব্রেকফাস্ট খেতে খেতে লালমোহনবাবুকে ঘটনাটা বলতে উনি বললেন, ‘ঠিক এইটেরই দরকার ছিল। ভয় হচ্ছিল যে, মাদ্রাজে এসে বুঝি কেসটা থিতুয়ে যাবে। তা নয়—এখন আবার দিবি জমে উঠেছে।’

ঠিক হয়েছিল দশটার সময় আমরা দুটো ট্যাক্সি নিয়ে বেরোব। মহাবলীপুরম আজ নয়, কাল। আজ যাব স্নেক পার্ক দেখতে। হুইটেকার নামে এক আমেরিকানের কীর্তি এই স্নেক পার্ক। গাছপালায় ভরা পার্কও বটে, আবার সেই সঙ্গে সাপের ডিপোও বটে।

যাবার জন্য তৈরি হচ্ছি, লালমোহনবাবু অলরেডি তৈরি হয়ে আমাদের ঘরে এসে হাজির, এমন সময় দরজার বেল বেজে উঠল। দরজা খুলে দেখি মিঃ হিন্দোয়ানি।

‘মে আই কাম ইন ?’

টি ভি-টা খোলা ছিল, যদিও দেখবার মতো কিছুই হচ্ছিল না, ফেলুদা সেটা বন্ধ করে দিয়ে বলল, ‘নিশ্চয়ই, নিশ্চয়ই—প্লিজ কাম ইন।’

ভদ্রলোক ঘরে ঢুকে একটা স্বস্তির নিশ্বাস ফেলে কাউচে বসে বললেন, ‘সো ফার—নো ট্রাবল।’

‘এ তো সুসংবাদ,’ বলল ফেলুদা।

‘আমার বিশ্বাস তেওয়ারি আমার ম্যাদ্রাসে আসার খবরটা জানে না। আমি কাউকে না বলে চলে এসেছি।’

‘আপনি নিজে সাবধানে আছেন তো ?’



‘তা আছি।’

‘একটা কথা আমি খুব জোর দিয়ে বলছি—আপনি যখন ঘরে থাকবেন, তখন কেউ বেল টিপলে আপনি নাম জিজ্ঞেস করে গলা চিনে, তার পর দরজা খুলবেন, তার আগে নয়।’

হিস্কায়ানি কিছু বলার আগেই আমাদের দরজার বেল বেজে উঠল। খুলে দেখি, নয়নকে নিয়ে তরফদার হাজির।

‘এসো ভিতরে,’ বলল ফেলুদা।

‘এই সেই অদ্ভুত ক্ষমতাসম্পন্ন বালক কি?’ দুজনে ঘরে ঢুকতে জিজ্ঞেস করলেন হিস্কায়ানি।

ফেলুদার দিকে চেয়ে দেখি তার ঠোঁটের কোণে হাসি।

‘আপনার সঙ্গে এই দুজনের পরিচয় করিয়ে দেবার কোনও প্রয়োজন আছে কি ?’
হিস্পোয়ানিকে প্রশ্ন করল ফেলুদা ।

‘হোয়াট ডু ইউ মিন ?’

‘মিঃ হিস্পোয়ানি, আপনি আমাকে আপনার নিরাপত্তার জন্য নিযুক্ত করেছেন । এখানে আপনাকে মনে রাখতে হবে যে গোয়েন্দার কাছ থেকে মক্কেল যদি কোনও জরুরি তথ্য গোপন করেন তা হলে গোয়েন্দার কাজটা আরও অনেক বেশি কঠিন হয়ে পড়ে ।’

‘আপনি কী বলতে চাইছেন ?’

‘সেটাও আপনি খুব ভাল করেই জানেন, কিন্তু না-জানার ভাণ করছেন । অবিশ্যি সত্য গোপন করার অভিযোগ শুধু আপনার বিরুদ্ধেই প্রযোজ্য নয় । এঁর বিরুদ্ধেও বটে ।’

ফেলুদা শেষ কথাটা তরফদারকে উদ্দেশ্য করে বলল । তরফদার কিছু বলতে না পেরে ফ্যাল-ফ্যাল করে চেয়ে রইল ।

‘আপনারা যখন মুখ খুলছেন না, তখন আমিই বলি ।’

ফেলুদার দৃষ্টি এখনও তরফদারের দিকে ।

‘সুনীল, তুমি একজন পৃষ্ঠপোষকের কথা বলছিলে । আমি কি অনুমান করতে পারি যে, মিঃ হিস্পোয়ানিই সেই পৃষ্ঠপোষক ?’

হিস্পোয়ানি চোখ কপালে তুলে চেয়ার থেকে প্রায় অর্ধেক উঠে পড়ে বললেন, ‘বাট হাউ ডিড ইউ নো ? এও কি ম্যাজিক ?’

‘না, মিঃ হিস্পোয়ানি, ম্যাজিক নয় । এ হচ্ছে ইন্দ্রিয়গুলিকে সজাগ রাখার ফল । আমরা গোয়েন্দারা সাধারণ লোকের চেয়ে একটু বেশি দেখি, বেশি শুনি ।’

‘কী দেখে বা শুনে আপনি এই তথ্যটা আবিষ্কার করলেন ?’

‘গত রবিবার তরফদারের ম্যাজিক শো-তে এক যুবকের প্রশ্নের উত্তরে এই জ্যোতিষ্ক দুটো গাড়ির নম্বর বলে দেয় । তার মধ্যে একটা নম্বর—ডব্লিউ এম. এফ ছয় দুই তিন দুই—দেখলাম আপনার গ্যারাজের সামনে দাঁড়ানো কনটেনার নম্বর । এই যুবক কি আপনার বাড়ির লোক নন এবং তিনি শো থেকে ফিরে এসে কি আপনাকে জ্যোতিষ্কের আশ্চর্য ক্ষমতার কথা বলেননি ?’

‘ইয়েস, বলেছিল । মোহন, আমার ভাইপো...’ হিস্পোয়ানির কেমন যেন হতভম্ব ভাব ।

‘আর একটা ব্যাপার আছে,’ বলল ফেলুদা । ‘সেদিন আপনার ড্রাইংরুমের বুক কেসে দেখলাম পুরো একটা তাকভর্তি ম্যাজিকের বই । তার মানে—’

‘ইয়েস, ইয়েস, ইয়েস !’ ফেলুদাকে বাধা দিয়ে বললেন হিস্পোয়ানি । ‘ওগুলোর মায়া আমি কাটিয়ে উঠতে পারিনি । বাবা আমার ম্যাজিকের সব সরঞ্জাম ফেলে দিয়েছিলেন । কিন্তু বই ফেলেননি ।’

তরফদারের দিকে চেয়ে দেখি, তাঁর শোচনীয় অবস্থা ।

‘তরফদারকে কোনও দোষ দেবেন না, মিঃ মিটার,’ বললেন হিস্পোয়ানি । ‘ও আমারই অনুরোধে আমার নামটা প্রকাশ করেনি ।’

‘কিন্তু এই গোপনতার কারণ কী ?’

‘একটা বড় কারণ আছে, মিঃ মিটার ।’

‘কী ?’

‘আমার বাবা এখনও জীবিত ; ফৈজাবাদে থাকেন, আমাদের পৈতৃক বাড়িতে । বিরাশি বছর বয়স । কিন্তু এখনও টনটনে জ্ঞান, মজবুত শরীর । তিনি যদি জানেন যে, এত দিন বাদে আমি আবার ম্যাজিকের সঙ্গে নিজেকে জড়িয়েছি, তা হলে তিনি আমাকে ত্যাজ্যপুত্র

করবেন ।’

ফেলুদা ভূকুটি করে বার তিনেক মাথা উপর-নীচ করে বলল, ‘বুঝেছি ।’

হিঙ্গোয়ানি বলে চললেন, ‘মোহন শো দেখে ফিরে এসেই এই ছেলের অসামান্য ক্ষমতার কথা আমাকে বলে । তখনই আমার মাথায় আসে, আমি এই জাদুকরের শো ফাইনাল করব । যখন থেকে তেওয়ারির সঙ্গে মন কষাকষি শুরু হয়েছে, তখন থেকেই বুঝতে পারছিলাম যে, আমাকে অবিলম্বে টি এইচ সিডিকেটের পার্টনারশিপে ইন্তফা দিয়ে রোজগারের নতুন রাস্তা দেখতে হবে । রবিবার রাতে জ্যোতিষ্কর কথা শুনে সোমবার সকালেই আমি তরফদারের বাড়িয়ে গিয়ে আমার প্রস্তাবটা দিই । তরফদার রাজি হয়ে যায় । এর দুই দিন বাদেই তেওয়ারির টাকা-চুরি ধরা পড়ে এবং আমার সঙ্গে তার সংঘর্ষ সপ্তমে চড়ে । আমি আর থাকতে না পেরে তেওয়ারিকে একটা চার লাইনের চিঠিতে জানিয়ে দিই যে, আমি অসুস্থ । ডাক্তারের প্রস্তাব মতো এক মাসের অবসর নিচ্ছি । তার পরদিন থেকেই আমি আপিসে যাওয়া বন্ধ করি ।’

‘তার মানে আপনি এমনিতেই মাদ্রাজে আসছিলেন তরফদারের শোয়ের জন্য ?’

‘হ্যাঁ, কিন্তু আমার বিপদের আশঙ্কাটাও সম্পূর্ণ সত্যি । অর্থাৎ আপনার সাহায্য আমাকে নিতেই হত ।’

‘আর আপনি মাদ্রাজে যে একটা চাকরির সম্ভাবনার কথা বলছিলেন ?’

‘সেটা সত্যি নয় ।’

‘আই সি !’ বলল ফেলুদা । ‘তা হলে ব্যাপারটা যা দাঁড়াচ্ছে—আপনার জীবন বিপন্ন, যার কারণ হল তেওয়ারি সংক্রান্ত ঘটনা ; আর জ্যোতিষ্কও ঘোর বিপদে পড়তে পারে দুজন অত্যন্ত লোভী আর বেপরোয়া ব্যক্তির চক্রান্তে । এই দুই বিপদই সামলানোর জন্য আমাকে নিযুক্ত করা হয়েছে । নয়নের সঙ্গে সব সময় আমাদের কেউ-না-কেউ থাকবে । এখন আপনি বলুন, আপনি কীভাবে আমাদের কাজটা সহজ করতে পারেন ।’

হিঙ্গোয়ানি বললেন, ‘আমি কথা দিচ্ছি, আপনার আদেশ আমি অক্ষরে অক্ষরে পালন করব । মাদ্রাজে আমি এর আগে অনেক বার এসেছি । কাজেই এখানে আমার দেখবার কিছু বাকি নেই । তরফদারের শো এক বার শুরু হলে তার রিপোর্ট আমি ওর ম্যানেজারের কাছ থেকে পাব এবং শো-এর দরুন পেইন্ট যা করার তা ম্যানেজারকেই করব । অর্থাৎ আমি ঘরেই থাকব এবং চেনা লোক কি না যাচাই না করে দরজা খুলব না ।’

ফেলুদা উঠে পড়ল, আর সেই সঙ্গে আমরা দুজনও ।

‘এসো, নয়নবাবু ।’

জটায়ু নয়নের দিকে হাত বাড়িয়ে দিলেন, নয়ন বেশ আগ্রহের সঙ্গে হাতটা ধরে নিল । বুঝলাম, জটায়ুকে তার বেশ পছন্দ হয়ে গেছে ।

স্নেক পার্কে বেশিক্ষণ ছিলাম না, কিন্তু এটা বুঝেছি যে জায়গাটা একেবারে নতুন ধরনের । মাত্র একজন লোকের মাথা থেকে যে এ জিনিস বেরিয়েছে, সেটা বিশ্বাস করা যায় না । যত রকম সাপের নাম আমি শুনেছি তার সব, আর তার বাইরেও বেশ কিছু এই পার্কে রয়েছে । তা ছাড়া, সাপ দেখা ছাড়াও, পার্কে ঘুরে বেড়ানোর আনন্দও এখানে পাওয়া যায় ।

প্রথম দিনের এই আউটিং-এ কোনও উল্লেখযোগ্য বা চাঞ্চল্যকর ঘটনা ঘটেনি । যদিও হজসনের ছদ্মবেশের কথা জানার জন্যেই বোধ হয় দাড়িওয়ালা লোক দেখলেই জটায়ু বসাক ৬৩৪

বলে সন্দেহ করে নয়নকে একটু কাছে টেনে নিচ্ছিলেন ।

সাপ দেখে এদিক-ওদিক ঘুরতে হঠাৎ দেখলাম, রেলিং দিয়ে ঘেরা একটা বেশ বড় জলা জায়গায় গোটা পাঁচেক কুমির রোদ পোয়াচ্ছে । দেখে মনে হল তারা সব ক'টাই ঘুমোচ্ছে । রেলিং-এর ফাঁক দিয়ে এ-দৃশ্য দেখছি, লালমোহনবাবু নয়নকে ফিসফিস করে বলছেন—তুমি আরেকটু বড় হলে তোমাকে আমার 'করাল কুত্তীর' বইটা দেব—এমন সময় দেখি দু হাতে দুটো বালতি নিয়ে গেঞ্জি আর হাফপ্যান্ট পরা একটা লোক কুমিরগুলো থেকে হাত পঞ্চাশেক দূরে গিয়ে দাঁড়াল । কুমিরগুলো এবার একটু নড়েচড়ে উঠল । লোকটা এবার বালতিতে হাত ঢুকিয়ে ঢুকিয়ে এক-একটা কোলা ব্যাঙ বার করে কুমিরগুলোর দিকে ছুড়ে ছুড়ে দিতে লাগল । আশ্চর্য এই যে, প্রত্যেকটা ব্যাঙই কোনও-না-কোনও কুমিরের হাঁ-করা মুখের ভিতর গিয়ে পড়ল । কুমিরকে ব্যাঙ চিবিয়ে খেতে আর কোনওদিন দেখিওনি আর দেখব বলে ভাবিওনি ।

গোলমেলে ঘটনা যা ঘটে সেটা দ্বিতীয় দিনে, আর সেটার কথা ভাবলেই মনে বিস্ময়, আতঙ্ক, অবিশ্বাস—সব একসঙ্গে জেগে ওঠে ।

গাইডবুক পড়ে জেনেছিলাম মহাবলীপুরম ম্যাড্রাস থেকে প্রায় আশি কিলোমিটার দূরে । রাস্তা নাকি ভাল, যেতে দু ঘণ্টার বেশি সময় লাগা উচিত নয় । কালকের মতোই দুটো ট্যাক্সির ব্যবস্থা করেছিলেন শঙ্করবাবু । এবার নয়ন তরফদারের সঙ্গে না গিয়ে আমাদের সঙ্গে আসতে চাইল । কারণ আর কিছুই নয়, জটায়ুর সঙ্গে ওর বেশ জমে গেছে । ভদ্রলোক নয়নকে তাঁর লেটেস্ট বই 'অতলান্তিক আতঙ্ক'-র গল্প সহজ করে বলে শোনাচ্ছেন । একবারে তো শেষ হবার নয়, তাই খেপে খেপে শোনাচ্ছেন । গাড়িতে তাই ফেলুদা আর জটায়ুর মাঝখানে বসল নয়ন । আর আমি সামনে ।

যেতে যেতে বেশ বুঝতে পারছি, আমরা ক্রমে সমুদ্রের দিকে এগোচ্ছি । মাদ্রাজ শহর সমুদ্রের ধারে হলেও আমরা এখন অবধি সমুদ্র দেখিনি, তবে সম্ভবেলা সমুদ্রের দিক থেকে আসা হাওয়া উপভোগ করেছি ।

সোয়া দু ঘণ্টার মাথায় সামনের দৃশ্যটা হঠাৎ যেন ফাঁক হয়ে গেল । ওই যে দূরে গাঢ় নীল জল, আর সামনে বালির উপর ছড়িয়ে উঠিয়ে আছে সব কী যেন ।

আরও খানিকটা এগিয়ে গিয়ে বুঝলাম যে সেগুলো মন্দির । মূর্তি আর বিশাল বিশাল পাথরের গায়ে খোদাই করা নানারকম দৃশ্য ।

আমাদের গাড়ি যেখানে এসে থামল, তার ঠিক সামনে দাঁড়িয়ে একটা ভ্যান । আর তার পরেই একটা প্রকাণ্ড লাক্সারি কোচ । কোচে একে একে উঠছে এক বিরাট টুরিস্ট দল । তাদের দেখেই কেন জানি বোঝা যায় তারা আমেরিকান । কত রকম পোশাক, কত রকম টুপি, চোখে কতরকম ধোঁয়াটে চশমা, কাঁধে কত রকম ঝোলা ।

'বিগ বিজনেস, টুরিজম,' বলে জটায়ু নয়নকে নিয়ে গাড়ি থেকে নামলেন ।

ফেলুদা আগে এখানে না এলেও, কোথায় কী আছে সব জানে । ও আগেই বলে রেখেছিল—'অনেক দূর ছড়িয়ে অনেক কিছু দেখার জিনিস আছে ; তবে নয়নকে নিয়ে তো আর অত ঘোরা যাবে না ; তুই অন্তত চারটে জিনিস অবশ্যই দেখিস—শোর টেম্পল, গঙ্গাবতরণ, মহিষমগুপ গুহা আর পঞ্চপাণ্ডব গুহা । জটায়ু যদি দেখতে চান তো দেখবেন ; না হলে নয়নকে সামলাবেন । তরফদার আর শঙ্কর কী করবে জানি না ; কথাবার্তা শুনে তো

মনে হয় না ওদের মধ্যে শিল্পপ্রীতি বলে কোনও বস্তু আছে ।’

আমরা গাড়ি থেকে নেমে সামনে এগোনোর প্রায় সঙ্গে সঙ্গেই লালমোহনবাবু একটা জটায়ু-মার্কা প্রশ্ন করলেন ।

‘এ তো বল্লভদের কীর্তি, তাই না মশাই ?’

ফেলুদা তার গলায় একটা বাজখাঁই টান এনে বলল, ‘পল্লব, মিস্টার গাঙ্গুলী, পল্লব । নট বল্লভ ।’

‘কোন সেঞ্চুরি ?’

‘সেটা খোকাকে জিজ্ঞেস করুন, বলে দেবে ।’

লালমোহনবাবু অবিশ্যি সেটা আর করলেন না ; খালি মৃদুস্বরে একবার ‘সজারু’ বলে চুপ করে গেলেন । আমি জানি মহাবলীপুরম সপ্তম শতাব্দীতে তৈরি হয়েছিল ।

প্রথমেই শোর টেম্পল বা সমুদ্রের ধারের মন্দিরটা দেখা হল । মন্দিরের পিছনের পাঁচিলের গায়ে ঢেউ এসে ঝাপটা মারছে ।

‘এরা স্পট সিলেক্ট করতে জানত মশাই,’ ঢেউয়ের শব্দের উপরে গলা তুলে মন্তব্য করলেন জটায়ু ।

ডান পাশে দূরে একটা হাতি আর একটা ষাঁড়ের মূর্তির পাশে কয়েকটা ছোট ছোট মন্দিরের মতো জিনিস রয়েছে । ফেলুদা বলল সেগুলো পাণ্ডবদের রথ । —‘যেটা দেখতে কতকটা বাংলার গাঁয়ের কুঁড়ে ঘরের মতো, সেটা হল দ্রৌপদীর রথ ।’

মাথা ঘুরে গেল গঙ্গাবতরণ দেখে । এটাকে অবিশ্যি অর্জুনের তপস্যাও বলা হয় । বাইরেই রয়েছে ব্যাপারটা, আর বোঝাই যায় যে একটা বিশাল পাথরের স্ল্যাব দেখে শিল্পীদের এই দৃশ্য খোদাই করার আইডিয়া মাথায় আসে । দুটো বিরাট হাতি, আর তার চতুর্দিকে অজস্র মানুষের ভিড় ।

লালমোহনবাবু নয়নকে নিয়ে এখনও আমাদের পাশেই ছিলেন, দৃশ্যটার দিকে চোখ রেখে বললেন, ‘এ তো ছেনি-হাতুড়ির কাজ, তাই না ?’

‘হ্যাঁ,’ গম্ভীরভাবে বলল ফেলুদা । ‘তবে ভেবে দেখুন—হাজার হাজার প্রাচীন ভাস্কর্যের নমুনা রয়েছে আমাদের সারা দেশ জুড়ে, দশ-বারো শতাব্দী ধরে সেগুলো তৈরি হয়েছে, অথচ পুঙ্খানুপুঙ্খরূপে দেখলেও তার সামান্যতম অংশেও একটিও হাতুড়ির বেয়াড়া আঘাত বা ছেনির বেয়াড়া অ্যাক্সেলের চিহ্ন পাবেন না । এ তো মাটি নয় যে, আঙুলের চাপে এদিক-ওদিক করে ক্রটি সংশোধন হয়ে যাবে ; পাথরের ক্রটি শুধরানোর কোনও উপায় নেই । এ যুগে সেই পারফেকশনের সহস্রাংশও আর অবশিষ্ট নেই । কোথায় গেল কে জানে !’

তরফদার আর শঙ্করবাবু এগিয়ে গিয়েছিলেন ; ফেলুদা বলল, ‘যা, তোরা গিয়ে পঞ্চপাণ্ডব আর মহিষমণ্ডপ গুহাগুলো দেখে আয় । আমি এটা আর একটু খুঁটিয়ে দেখছি । তাই সময় লাগবে ।’

ফেলুদার কাছ থেকে গাইড বুকটা চেয়ে প্ল্যান দেখে বুঝে নিলাম, গুহা দুটো দেখতে কোনদিকে যেতে হবে । লালমোহনবাবুকে মুখে বলে বুঝিয়ে দিলাম । তবে তিনি এখন মহাবলীপুরম ছেড়ে অতলান্তিকে চলে গেছেন, তাই আমার কথা কানে গেল কি না জানি না । না গেলেও, আমি এগোনোর আগেই তিনি গল্প শুরু করে নয়নকে নিয়ে এগিয়ে গেলেন ।

কিছু দূর গিয়ে ডাইনে ঘুরে দেখি, একটা কাঁচা রাস্তা পাহাড়ের গা দিয়ে ওপরে উঠে গেছে । প্ল্যান বলেছে এটা দিয়েই যেতে হবে । ঢেউয়ের আওয়াজ এখানে কম ; তার চেয়ে

বেশি জোরে শুনছি লালমোহনবাবুর গলা । মনে হচ্ছে গল্প ক্লাইম্যাক্সে পৌঁছেছে ।

একটু এগিয়ে গিয়ে দেখি, পঞ্চপাণ্ডব গুহায় পৌঁছে গেছি—অন্তত বাইরের সাইনবোর্ডে তাই বলছে । আমি ঢোকের আগেই জটায়ু নয়নকে নিয়ে গুহা থেকে বেরিয়ে রাস্তা দিয়ে আরও উপরে উঠে গেলেন । বুঝলাম আশ্চর্য সব শিল্পের নমুনা লালমোহনবাবুর কাছে মাঠে মারা যাচ্ছে ।

ফেলুদার আদেশ, তাই পঞ্চপাণ্ডব গুহায় খানিকটা সময় দিলাম । একটা ঘাড়-ফেরানো গোঁড় আর তার পাশে দাঁড়ানো বাছুরের দৃশ্য দেখে মনে হল যে, ঠিক এই দৃশ্য আজও বাংলার যে কোনও গ্রামে দেখা যায় । শুধু গোঁড় বাছুর কেন, মহাবলীপুরমের হাতি হরিণ বাঁদর ষাঁড় ইত্যাদি দেখে বুঝতে পারি তেরশো বছরেও এদের চেহারার কোনও পরিবর্তন হয়নি । অথচ পোশাক বদলের জন্য সে যুগের মানুষকে আজ আর চেনার কোনও উপায় নেই ।

গুহা থেকে বেরিয়ে কয়েকটা পরিবর্তন লক্ষ করলাম, যেগুলো কানে আর চোখে ধরা পড়ল ।

এক, সূর্য ঢেকে গেছে ছাই রঙের মেঘে । গুড়গুড়নি যে মেঘের ডাক তাতে কোনও সন্দেহ নেই । রোদের তেজটা চলে গিয়ে এখন সমুদ্রের হাওয়াটা আরও বেশি টের পাওয়া যাচ্ছে ।

সবচেয়ে বেশি তফাত ধরা পড়ে কানে । সমুদ্রের দীর্ঘশ্বাস ছাড়া চারিদিকে কোনও শব্দ নেই । আমি গুহাতে পাঁচ মিনিটের বেশি থাকিনি । সামনে মহিষমর্দিনী গুহা । তার ভিতর থেকে লালমোহনবাবুর গলা পাওয়া উচিত । কারণ গল্পের বেশ জমাটি অংশে তিনি গুহায় পৌঁছেছিলেন । অবিশ্যি তিনি গুহাতে না-টুকেই এগিয়ে গিয়ে থাকতে পারেন । কিন্তু কেন ? ও দিকে তো আর কিছু দেখার নেই ! কোথায় গেলেন ভদ্রলোক নয়নকে নিয়ে ?

কেমন যেন একটা সংশয়ের ভাব আমাকে চেপে ধরল । আমি দেখলাম, মহিষমর্দিনী গুহার দিকে আমি দৌড়তে শুরু করেছি ।

গুহার পাশে পৌঁছতেই আরেকটা শব্দ আমার আতঙ্ক সপ্তমে চড়িয়ে দিল ।

‘হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ—’

টি এন টি-র হাসি !

উর্ধ্বশ্বাসে সামনে ছুটে গিয়ে মোড় ঘুরে একটা সাংঘাতিক দৃশ্য দেখে আমার নিশ্বাস মুহূর্তের জন্য বন্ধ হয়ে গেল ।

দেখলাম, একটা লাল-সাদা ডুরে-কাটা জামা আর কালো প্যান্ট পরা এক অতিকায় কৃষ্ণকায় প্রাণী—যাকে দানব বললে খুব ভুল হয় না—এক-বগলে জটায়ু আর অন্য বগলে নয়নকে নিয়ে দ্রুত পা ফেলে ক্রমে দূরে সরে যাচ্ছে ।

ভয়াবহ দৃশ্য, কিন্তু তখন আমার মাথায় খুন চেপে গেছে, আর তার ফলে শরীরে এনার্জি আর মনে সাহস এসে গেছে । আমি ‘ফেলুদা !’ বলে একটা চিৎকার দিয়ে প্রাণপণে ছুটে গেলাম দানবটার দিকে—আমার উদ্দেশ্য পিছন থেকে ঝাঁপিয়ে পড়ে তার একটা পা জাপ্টে ধরে তার হাঁটা বন্ধ করব ।

কিন্তু যা ভেবেছিলাম সেটা করেও কোনও ফল হল না । পা জড়িয়ে ধরতেই প্রথমে দানবটা একটি বিকট চিৎকার দিল—বুঝলাম, যেখানে বাদশা কামড়েছিল ঠিক সেখানেই আমি চাপ দিয়েছি । তার পরমুহূর্তে দেখলাম সেই জখম পায়ের ঝটকানিতে আমি মাটি থেকে শূন্যে উঠে গেছি । তার পর চোখের পলকে দেখি, আমি নয়নের সঙ্গে একই বগলের নীচে বন্দি হয়ে হাওয়া কেটে এগিয়ে চলেছি, আমার পা দুটো পেভুলামের মতো দুলছে ।

দৈত্যটার মাংসপেশির চাপে আমার নিশ্বাস প্রায় বন্ধ হয়ে এলেও আমি শুনতে পাচ্ছি অন্য বগলের তলা থেকে লালমোহনবাবুর ‘মাগো ! মাগো !’ আর্তনাদ ।

আর হাসি ?

সামনে বিশ হাত দূরে তারকনাথ হাসতে হাসতে লাফাচ্ছেন আর ডান হাত মাথার উপর তুলে লাঠি ঘোরাচ্ছেন ।

‘কেমন ? গাওয়াঙ্গি কাকে বলে, দেখলে ?’ তারস্বরে প্রশ্ন করলেন টি এন টি ।

কিন্তু এখন তো আর তিনি একা নেই ! তাঁর পিছন থেকে এগিয়ে এসে তাঁর পাশে দাঁড়িয়েছেন দুজন লোক । তার মধ্যে একজন অদ্ভুতভাবে সামনে ঝুঁকে পড়ে লম্বা লম্বা পা ফেলে বকের মতো এগিয়ে আসছেন আমাদের দিকে ।

চমকদার সুনীল তরফদার ।

এবার তরফদার তাঁর গতি না কমিয়ে হাত দুটো সামনে বাড়িয়ে সাপের ফণার মতো দোলাতে লাগলেন—তাঁর বিস্ফারিত দৃষ্টি সটান আমাদের যিনি বগলদাবা করেছেন তাঁর দিকে ।

এই চাউনি, এই ঝুঁকে পড়া, হাতের এই ঢেউ খেলানো—এ সবই আমার চেনা । এ হল তরফদারের সম্মোহনের কায়দা ।

তারকনাথ হঠাৎ উন্মাদের মতো লাঠি উচিয়ে তরফদারের দিকে ধাওয়া করতেই পিছন থেকে এক লাফে এগিয়ে এসে শঙ্করবাবু বুড়োর হাত থেকে লাঠিটা ছিনিয়ে নিলেন ।

এবার বুঝলাম আমাদের গতি কমে আসছে ।

আকাশে আবার মেঘের গর্জন ।

তারকনাথ এবার দু হাতে নিজের মাথার চুল টেনে ধরে ঘড়ঘড়ে গলায় একটা অদ্ভুত অচেনা ভাষায় গাওয়াঙ্গিকে কী যেন বললেন ।

গাওয়াঙ্গি আর তরফদার এখন মুখোমুখি ।

আমি বগলদাবা অবস্থাতেই কোনওরকমে ঘাড় ঘুরিয়ে গাওয়াঙ্গির মুখের দিকে চাইলাম । এমন মুখ আমি আর দেখিনি । চোয়াল ঝুলে পড়ে দাঁত বেরিয়ে গেছে, আর চোখ দুটো ঠিকরে বেরিয়ে আসছে ।

বগলদাবা করা বিশাল হাত দুটো এবার ধীরে ধীরে নেমে এল । আমার পা এখন মাটিতে । ও দিকে লালমোহনবাবুও মাটিতে ।

‘আপনারা গাড়িতে গিয়ে উঠুন !’ চোখের পাতা না ফেলে গাওয়াঙ্গির দিক থেকে দৃষ্টি না সরিয়ে চোঁচিয়ে বললেন তরফদার । ‘আমরা এক্ষুনি আসছি !’

উলটো দিকে দৌড় দেবার আগের মুহূর্তে দেখলাম, তারকনাথ মাথায় হাত দিয়ে মাটিতে বসে পড়লেন ।

ফেলুদা এখনও গঙ্গাবতরণের সামনে দাঁড়িয়ে । আমাদের তিনজনকে রুদ্ধশ্বাসে দৌড়ে আসতে দেখে যেন ও আপনা থেকেই ব্যাপারটা আঁচ করে নিল ।

আমাদেরও আগে ও দৌড়ে গিয়ে গাড়ির দরজা খুলে দিল । আমরা চারজন হুড়মুড়িয়ে উঠে পড়লাম ।

‘টার্ন ব্যাক ! টার্ন ব্যাক !’ চোঁচিয়ে আদেশ দিল ফেলুদা । এই ড্রাইভার হিন্দি জানে না ; কেবল তামিল আর ভাঙা ভাঙা ইংরিজি ।

গাড়ি উলটোমুখো হতেই ফেলুদা আবার বলল, ‘নাউ ব্যাক টু ম্যাড্রাস—ফাস্ট !’

গাড়ি বিদ্যুৎবেগে রওনা দেবার পর শুধু একজনই কথা বলল । সে হল নয়ন ।

‘দৈত্যটার বেয়াল্লিশটা দাঁত !’



বেশ জমিয়ে লাঞ্চ খাওয়া হচ্ছে করোমণ্ডলের মোগলাই ডাইনিং রুম মাইসোরে। অবিশ্বাস্য ব্যাপার হল—আজকের খানার পুরো ভার নিয়েছেন লালমোহনবাবু। আসলে তরফদার যে সম্মোহনের জোরে ওঁর প্রাণ বাঁচিয়েছিল, তাতে—ওঁরই ভাষায়—উনি সবিশেষ কৃতজ্ঞ।

খেতে খেতে ফেলুদার দিকে ফিরে বললেন, ‘অনেক থ্রিলিং ঘটনার মধ্যে পড়িচি মশাই—থ্যাক্স টু ইউ—কিন্তু আজকেরটা একেবারে ফাইভ-স্টার অভিজ্ঞতা।’

দানবের বগলবন্দি হওয়াটা কীভাবে ঘটল, সেটা ফেলুদা আগেই জিজ্ঞেস করেছিল। আর লালমোহনবাবু সেটা বলেওছিলেন। তাঁর ভাষাতেই ঘটনার বর্ণনাটা এখানে দিচ্ছি।

‘আর বলবেন না, মশাই—আমি তো থোকাকে গল্পো শোনাতে মশগুল, গুহায় ঢুকছি আর বেরোচ্ছি, পল্লব-টল্লব মাথা থেকে হাওয়া হয়ে গেছে। একটা গুহায় ঢুকে দেখলুম সামনেই মহিষাসুর। বেরিয়ে আসব, এমন সময় দেখলুম—আরেকটা মূর্তি রয়েছে যেটা বিশাল, বীভৎস। এটার চোখ বোজা, আর মিশকালো রঙের উপর লাল-সাদা ডোরা। মনে মনে ভাবছি—এই ব্যতিক্রমের কারণটা কী?—এও ভাবছি—একি ঘটোৎকচের মূর্তি নাকি?—কারণ মহাভারতের অনেক কিছুই তো এখানে দেখছি। এমন সময় মূর্তিটা চোখ খুলল। ভাবতে পারেন?—ধূমসোটা দাঁড়িয়ে দাঁড়িয়ে ঘুমোচ্ছিল।’

‘চোখ খুলেই অবশ্য আর এক মুহূর্ত দেরি করল না। আমি আর নয়ন দুজনেই ব্যোম্কে গেছি, সেই অবস্থাতেই আমাদের দুজনকে বগলদাবা করে নিয়ে দে ছুট।’

ফেলুদা মন্তব্য করেছিল যে বোঝাই যাচ্ছে গাওয়াঙ্গির মনটা খুব সরল। এমনকী এও হতে পারে যে, তার বুদ্ধি বলে কিছু নেই; যা আছে সে শুধু শারীরিক বল। না হলে সুনীল তাকে হিপনোটাইজ করতে পারত না।

তরফদার আর শঙ্করবাবু কোথায় গিয়েছিলেন জিজ্ঞেস করাতে তরফদার বললেন, ‘শঙ্করের হবি হচ্ছে আয়ুর্বেদ। ও শুনেছিল যে, মহাবলীপুরমে সর্পগন্ধা গাছ পাওয়া যায়, তাই আমরা দুজনে খুঁজতে গিয়েছিলাম। গাছ পেয়ে ফিরতি পথে দেখি এই কাণ্ড।’

‘সর্পগন্ধা তো ব্লাড প্রেশারে কাজ দেয়, তাই না?’ বলল ফেলুদা।

‘হ্যাঁ,’ বললেন শঙ্করবাবু। ‘এই সুনীলের প্রেশার মাঝে মাঝে চড়ে যায়। ওর জন্যই এই গাছ আনা।’

এর পরেই জটায়ু প্রস্তাব করেন যে তিনি সকলকে খাওয়াবেন। মোগলাই খানার কথাও উনিই বলেন, আর তাতে সকলেই রাজি হয়।

এখন এক টুকরো চিকেন টিক্কা কাবাব মুখে পুরে চিবোতে চিবোতে ভদ্রলোক ফেলুদার দিকে মুচকি হেসে বললেন, ‘আপনার প্রয়োজনীয়তা যে ফুরিয়ে গেছে, সেটা আজ প্রমাণ হল।’

ফেলুদা ঠাট্টাটাকে খুব একটা আমল না দিয়ে বলল, ‘তার চেয়েও বড় কথা হল—গাওয়াঙ্গি বাতিল হয়ে গেল।’

‘ইয়েস,’ বললেন জটায়ু। ‘এখন বাকি শুধু মিস্টার ব্যাস্যাক।’

আমাদের সঙ্গে আজ মিঃ রেড্ডিও খাচ্ছেন—অবিশ্যি নিরামিষ। পরশু বড়দিনে তাঁর রোহিণী থিয়েটারে তরফদারের শো শুরু। বিজ্ঞাপনের ব্যাপারে রেড্ডি যে কোনও কার্পণ্য করেননি, সেটা ফেরার পথে রাস্তার দু পাশে তামিল আর ইংরিজি পোস্টার দেখেই বুঝেছি। প্রত্যেকটাতেই জাদুকরের পোশাক পরে তরফদারের ছবি আর সেই সঙ্গে ‘জ্যোতিষ্কম্—দ্য ওয়ান্ডার বয়’-এর নাম। রেড্ডি জানালেন যে, এর মধ্যেই প্রথম দু দিন হাউসফুল হয়ে গেছে।

‘আমি বলছি আজ আর কোথাও বেরোবেন না’, বললেন মিঃ রেডি। ‘আর কালকের দিনটাও রেস্ট করুন। আপনাদের আজকের এক্সপিরিয়েন্স তো শুনলাম; ওই ছেলেকে নিয়ে আর কোনও রিস্ক নেবেন না। ওর কিছু হলে যারা টিকিট কেটেছে, তারা সবাই টাকা ফেরত চাইবে। তখন কী দশা হবে ভেবে দেখুন—আমারও, আপনারও। থিয়েটারে অবিশ্যি আমি পুলিশ রাখছি, কাজেই শো-এর সময় কোনও গুণ্ডাগোল হবে না।’

গাওয়াঙ্গির ঘটনার ফলে তরফদার আর শঙ্করবাবু দুজনেই বুঝেছেন যে, নয়নকে সামলানোর ব্যাপারে কোনও গাফিলতি চলবে না। ফেলুদা ওদের কাছে ক্ষমা চেয়ে বলল, মহাবলীপুরম দেখে ওর মাথা ঘুরে গিয়েছিল—‘না হলে আমি কখনওই মিস্টার গাঙ্গুলীর হাতে নয়নকে ছাড়তাম না। এখন শিক্ষা হয়েছে, এবার থেকে আর কোনও গুণ্ডাগোল হবে না।’

জটায়ুর গল্প শেষ। তাই নয়ন আজ খাবার পরে তরফদারের সঙ্গে ঘরে চলে গেল।

এখনও যে চমকের শেষ সীমায় পৌঁছইনি, সেটা ঘরে ফেরার মিনিট পাঁচেকের মধ্যেই—অর্থাৎ আড়াইটে নাগাত—প্রমাণ হল।

ফেলুদা আজ রগড়ের মুডে ছিল। জটায়ুকে বলেছিল—‘এবার থেকে আপনিই সামাল দিন, আমার দিন তো ফুরিয়ে এল’—ইত্যাদি। লালমোহনবাবু ব্যাপারটা রীতিমতো উপভোগ করছিলেন, এমন সময় টেলিফোনটা বেজে উঠল। ফেলুদা মিনিটখানেক ইংরিজিতে কথা বলে ফোনটা রেখে বলল, ‘চিনলাম না। কিছুক্ষণের জন্য আসতে চায়।’

‘আসতে বললে?’ আমি জিজ্ঞেস করলাম।

‘হ্যাঁ’, বলল ফেলুদা। ‘হোটেলে এসেছে, নীচ থেকে ফোন করল। জটায়ু—প্লিজ টেক ওভার।’

‘মানে?’ লালমোহনবাবুর মুখ হাঁ।

‘আমার প্রয়োজনীয়তা তো ফুরিয়েই গেছে। দেখাই যাক না আপনাকে দিয়ে চলে কি না।’

লালমোহনবাবু কিছু বলার আগেই দরজার বেল বেজে উঠল।

আমি দরজা খুলতে একজন মাঝারি হাইটের বছর-পঞ্চাশের ভদ্রলোক ঘরে ঢুকলেন। মাথার চুল পাতলা এবং সাদা হয়ে এসেছে, তবে গোঁফটা কালো এবং ঘন। ভদ্রলোক এক বার জটায়ু আর এক বার ফেলুদার দিকে চেয়ে ইংরিজিতে বললেন, ‘আপনার নামের সঙ্গে আমি পরিচিত, মিঃ মিটার, কিন্তু আপনার চেহারার সঙ্গে নয়। হুইচ ওয়ান অফ ইউ ইজ—?’

ফেলুদা সরাসরি লালমোহনবাবুর দিকে দেখিয়ে বলল, ‘দিস ইজ মিস্টার মিটার।’

ভদ্রলোক হাত বাড়িয়ে দিলেন লালমোহনবাবুর দিকে। জটায়ু দেখলাম নিজেই সামলে নিয়েছেন, আর বেশ ডাঁটের সঙ্গেই হ্যান্ডশেকটা করলেন। মনে পড়ল ফেলুদাই একবার জটায়ুকে বলেছিল—‘হ্যান্ডশেকটা পুরোপুরি সাহেবি ব্যাপার, তাই ওটা করতে হলে সাহেবি মেজাজেই করবেন, মিনমিনে বাঙালি মেজাজে নয়। মনে রাখবেন—গোরুখোরের গ্রিপ আর মাছখোরের গ্রিপ এক জিনিস নয়।’

মনে হয় সেটা মনে রেখেই জটায়ু বেশ শক্ত করে আগন্তুকের হাতটা ধরে দু বার সারা শরীর দুলিয়ে ঝাঁকুনি দিয়ে হাতটা টেনে নিয়ে বললেন, ‘সিট ডাউন, মিস্টার—’

ভদ্রলোক একটা সোফায় বসে বললেন, ‘আমার নাম বললে আপনারা চিনবেন না। আমি এসেছি মিঃ তেওয়ারির কাছ থেকে। ওঁর সঙ্গে আমার বহু দিনের আলাপ। এ ছাড়া আমার

আর একটা পরিচয় আছে—আমিও আপনারই মতো একজন প্রাইভেট ডিটেকটিভ । আমার কোম্পানির নাম ছিল ডিটেকনিক । সাতাশ বছর আগে কলকাতায় এই কোম্পানি স্টার্ট করে । নাইনটিন্টি সিঙ্গলি এইটে—আজ থেকে বাইশ বছর আগে—আমি বসে চলে যাই আমার কোম্পানি নিয়ে । তাই আপনার নাম শুনেও আপনার চেহারার সঙ্গে আমার পরিচয় হয়নি । আই অ্যাম সারপ্রাইজড—কারণ আপনার চেহারা দেখে গোয়েন্দা বলে মনেই হয় না । কিছু মনে করবেন না, মিস্টার মিটার, বাট ইউ লুক ভেরি অর্ডিনারি । বরং এঁকে—’

আগন্তুক ফেলুদার দিকে দৃষ্টি ঘোরালেন । জটায়ু গলাটা রীতিমতো চড়িয়ে বললেন, ‘হি ইজ মাই ফ্রেন্ড মিস্টার লালমোহ্যান গ্যাঙ্গুলী, পাওয়ারফুলি আউটস্ট্যান্ডিং রাইটার ।’

‘আই সি ।’

‘আপনি কোথাকার লোক ?’

ভদ্রলোক যা বললেন, তাতে ছাগলের গলায় খাঁড়ার কোপ পড়ার মতো শব্দ হল ।

‘কচ্ ।’

‘কচ্ছ ?’

‘ইয়েস...যাই হোক, যে কারণে আসা...’

ভদ্রলোক কোটের পকেট থেকে একটা পোস্টকার্ড সাইজের ফোটো বার করে জটায়ুর দিকে এগিয়ে দিলেন । আমি খুব যে কাছে ছিলাম, তা নয়, কিন্তু তাও বুঝতে পারলাম সেটা হিঙ্গোয়ানির ছবি ।

‘এই লোকের হয়ে আপনি কাজ করছেন প্রোফেশানালি, তাই না ?’

ফেলুদা নির্বিকার । জটায়ুর চোখ এক মুহূর্তের জন্য কপালে উঠে নেমে এল । আমাদের ধারণা ফেলুদা যে হিঙ্গোয়ানির হয়ে কাজ করছে সেটা বাইরের কেউ জানে না । ইনি জানলেন কী করে ?

‘তাই যদি হয়,’ বললেন আগন্তুক, ‘তা হলে আমি আপনার প্রতিদ্বন্দ্বী । কারণ, আমি তেওয়ারির দিকটা দেখছি । ওর ব্যাপারটা আমি কাগজে পড়ে ওর সঙ্গে যোগাযোগ করি । বাইশ বছর পরে আমার হৃদয় পেয়ে সে আনন্দে লাফিয়ে ওঠে । কলকাতায় থাকতে আমি ওকে অনেক ব্যাপারে হেল্প করি, সেটা ও ভোলেনি । বলল—আই নিড ইউর হেল্প এগেন । —আমি রাজি হই, আর তক্ষুনি কাজে লেগে যাই । প্রথমেই হিঙ্গোয়ানির বাড়িতে ফোন করে জানতে পারি, ও কলকাতায় নেই । ওর এক ভাইপো ফোন ধরেছিল ; বলল—আঙ্কল কোথায় যাচ্ছেন তা বলে যাননি । —আমি এয়ারলাইনসে খোঁজ করে ম্যাড্রাসের প্যাসেঞ্জার লিস্টে ওর নাম পাই । বুঝতে পারি, তেওয়ারির শাসানির ফলে সে ভয়ে চম্পট দিয়েছে । এর পর আমি ওর বাড়িতে যাই । ওর বেয়ারার কাছে জানতে পারি যে কদিন আগে তিনজন বাঙালি হিঙ্গোয়ানির সঙ্গে দেখা করতে আসেন, তাদের একজনের নাম মিত্তর । আমার সন্দেহ হয় । আমি ডাইরেক্টরি থেকে আপনার নম্বর বার করে ফোন করি । একজন সার্ভেট ফোন ধরে বলে যে, আপনি ম্যাড্রাস গেছেন । আমি দুয়ে দুয়ে চার হিসেব করে ম্যাড্রাস যাওয়া স্থির করি । কাল এখানে এসেই ফোনে সব হোটলে খোঁজ নিয়ে জানতে পারি, হিঙ্গোয়ানি করোমণ্ডলে আছেন । আমি জিজ্ঞেস করি—মিটার বলে আছেন কেউ ?—উত্তর পাই, হ্যাঁ আছেন ; পি. মিটার । তখনই স্থির করি, আপনার সঙ্গে দেখা করে লেটেস্ট সিচুয়েশনটা জানাব । এটা আপনি স্বীকার করছেন তো যে, হিঙ্গোয়ানি আপনাকে অ্যাপয়েন্ট করেছে তাকে প্রোটেক্ট করার জন্য ?’

‘এনি অবজেকশন ?’

‘মেনি ।’

আমরা তিনজনেই চূপ । ফেলুদা কিন্তু মাঝে মাঝে সিগারেটে টান দিয়ে ধোঁয়ার রিং ছাড়ছে, দেখে বোঝার কোনও উপায় নেই তার মনে কী আছে ।

‘তেওয়ারির সিন্দুকের ঘটনা এখন কোথায় এসে দাঁড়িয়েছে, জানেন?’ বললেন আগন্তুক ।

‘কলকাতার কাগজে বেরিয়েছে কি?’ জটায়ুর প্রশ্ন ।

‘ইয়েস । সম্পূর্ণ নতুন তথ্য । এতে কেসটার চেহারাটাই পালটে যায় । কাগজ পড়েই আমি তেওয়ারির সঙ্গে যোগাযোগ করি । আপনি যাঁর প্রাণরক্ষার ভার নিয়েছেন তিনি কেমন লোক জানেন ? হি ইজ এ থিফ, স্কাউন্ডেল অ্যান্ড নাস্তার ওয়ান লায়ার ।’

ভদ্রলোক শেষের কথাগুলো বললেন ঘর কাঁপিয়ে । জটায়ু প্রাণপণ চেষ্টা করেও তাঁর কথায় আতঙ্কের রেশ ঢাকতে পারলেন না ।

‘হা-হাউ টু ইউ নোহো?’

‘তার অকাটা প্রমাণ পাওয়া গেছে । হিঙ্গোয়ানি তেওয়ারির সিন্দুক থেকে পাঁচ লক্ষের উপর টাকা চুরি করেছে । সিন্দুকের তলা থেকে হিঙ্গোয়ানির আংটি পাওয়া গেছে—পলা বসানো সোনার আংটি । ওর আপিসের প্রত্যেকে ওই আংটি চিনেছে । আংটিটা গড়িয়ে একেবারে পিছন দিকে চলে গিয়েছিল । তাই এতদিন বেরোয়নি । পরশু বেয়ারা মেঝে সাফ করতে গিয়ে পায় । এটাই হচ্ছে আমার রঙের তুরূপ । দিস্ উইল ফিনিশ হিঙ্গোয়ানি ।’

‘কিন্তু যখন চুরিটা হয় তখন তো হিঙ্গোরাজ—থুড়ি, হিঙ্গোয়ানি—আপিসে ছিলেন না ।’

‘ননসেন্স !’ গর্জিয়ে উঠলেন ডিটেকটিভ । ‘হিঙ্গোয়ানি চুরিটা করে মাঝরাতিরে, আপিস টাইমে নয় । গোয়েস্কা বিল্ডিং-এ টি এইচ সিভিকিটের আপিস । সেই বিল্ডিং-এর দারোয়ানকে পাঁচশো টাকা ঘুষ দিয়ে হিঙ্গোয়ানি আপিসে ঢোকে রাত দুটোয় । এ কথা দারোয়ান পুলিশের দাবড়ানিতে স্বীকার করেছে । সিন্দুকের কন্সিনেশন তেওয়ারি হিঙ্গোয়ানিকে বলেছিল, সেটা তেওয়ারির এখন পরিষ্কার মনে পড়েছে । প্রায় বছর পনেরো আগে তেওয়ারির জনডিস হয়, হাসপাতালে ছিল, খুব খারাপ অবস্থা । হিঙ্গোয়ানি তখন তার পার্টনার আর ঘনিষ্ঠ বন্ধু । বন্ধুকে ডেকে তেওয়ারি বলে, ‘আমি মরে গেলে আমার সিন্দুক কী করে খোলা হবে?’ হিঙ্গোয়ানি ব্যাপারটা হেসে উড়িয়ে দেয় । কিন্তু তেওয়ারি জোর করে তাকে নম্বরটা নোট করে নিতে বলে । হিঙ্গোয়ানি সে অনুরোধ রাখে ।’

‘কিন্তু হিঙ্গোয়ানি হঠাৎ টাকা চুরি করবে কেন?’

‘কারণ ওর পকেট ফাঁক হয়ে আসছিল,’ গলা সপ্তমে তুলে বললেন আগন্তুক । ‘শেষ বয়সে জুয়ার নেশা ধরেছিল ! প্রতি মাসে একবার করে কাঠমাণ্ডু যেত । ওখানে জুয়ার আড়ত ক্যাসিনো আছে জানেন তো ? সেই ক্যাসিনোতে গিয়ে হাজার হাজার টাকা খুইয়েছে রুলেটে । তেওয়ারি ব্যাপারটা জেনে যায় । হিঙ্গোয়ানিকে অ্যাডভাইস দিতে যায় । হিঙ্গোয়ানি খেপে ওঠে । এমন দশা হয়েছিল লোকটার যে, বাড়ির দামি জিনিসপত্র বেচতে শুরু করে । শেষে মরিয়া হয়ে পার্টনারের সিন্দুকের দিকে চোখ দেয় ।’

‘আপনি কী করবেন স্থির করেছেন?’

‘তোমাদের এখন থেকে আমি তার ঘরেই যাব । আমার বিশ্বাস, চুরির টাকা তার সঙ্গেই আছে । তেওয়ারি কেমন মানুষ, জানেন ?—সে বলেছে, তার টাকা ফেরত পেলে সে তার পুরনো পার্টনারের বিরুদ্ধে কোনও স্টেপ নেবে না । এই খবরটা আমি হিঙ্গোয়ানিকে জানাব—তাতে যদি তার চেতনা হয় ।’

‘আর যদি না হয়?’

ভদ্রলোক সিগারেটে একটা লম্বা টান দিয়ে সেটাকে অ্যাশট্রেতে পিষে ফেলে একটা ক্রুর



হাসি হেসে বললেন, ‘সে ক্ষেত্রে অন্য ব্যবস্থা নিতে হবে।’

‘আপনি গোয়েন্দা হয়ে আ-আইন-বিরুদ্ধ কাজ—?’

‘ইয়েস, মিস্টার মিটার! গোয়েন্দা শুধু এক রকমই হয় না, নানা রকম হয়। আমি অবস্থা বুঝে ব্যবস্থা করি। এটা কি আপনি জানেন না যে, গোয়েন্দা আর ক্রিমিন্যালে প্রভেদ সামান্যই?’

ভদ্রলোক উঠে পড়লেন। আবার জটায়ুর সঙ্গে জবরদস্ত হ্যান্ডশেক করে—‘থ্যাড টু মিট ইউ, মিস্টার মিটার। গুড ডে।’ বলে গটগটিয়ে ঘর থেকে বেরিয়ে গেলেন।

আমরা তিনজন কিছুক্ষণ চুপ করে বসে রইলাম। ফেলুদাই প্রথম কথা বলল।

‘থ্যাঙ্ক ইউ, লালমোহনবাবু। মৌন থাকার সুবিধে হচ্ছে যে, চিন্তার আরও বেশি সময় পাওয়া যায়। কোনও একটা ব্যারামে—হয়তো ডায়াবেটিস—হিস্পোয়ানি রোগা হয়ে যাচ্ছিলেন। তাই সেদিন বারবার কবজি থেকে ঘড়ি নেমে যাওয়া, আর চুরির সময় আঙুল থেকে আংটি খুলে যাওয়া।’

‘আপনি কি তা হলে ওই গোয়েন্দার কথা বিশ্বাস করছেন?’

‘করছি, লালমোহনবাবু, করছি। অনেক ব্যাপার, যা ধোঁয়াটে লাগছিল, তা ওর কথায় স্পষ্ট হয়ে গেছে। তবে হিস্পোয়ানি টাকা চুরি করে অর্থাভাব মেটানোর জন্য নয়; সে কাঠমাণ্ডুতে জুয়া খেলে যতই টাকা খুইয়ে থাকুক, নয়নকে পেয়ে সে বোঝে, তার সব সমস্যা মিটে যাবে। সে টাকা চুরি করে মিরাক্লস আনলিমিটেড কোম্পানিকে দাঁড় করানোর জন্য, তরফদারকে ব্যাক করার জন্য।’

‘তা হলে এখন আপনি হিস্পোয়ানির সঙ্গে দেখা করবেন না?’

‘তার তো কোনও প্রয়োজন নেই! যিনি দেখা করবেন তিনি হলেন ডিটেকনিকের এই গোয়েন্দা। হিস্পোয়ানিকে তেওয়ারির টাকা বাধ্য হয়েই এই গোয়েন্দার হাতে তুলে দিতে

হবে—প্রাণের ভয়ে । কাজেই তরফদারের পৃষ্ঠপোষক হিসেবে তার আর কোনও ভবিষ্যৎ নেই ।’

‘তা হলে এখন... ?’

‘এইখানেই দাঁড়ি দিন, লালমোহনবাবু । এর পরে যে কী, তা আমি নিজেই জানি না ।’

১২

জটায়ু আর আমার পিছনে যেহেতু কেউ লাগেনি, বিকেলে আমরা দুজনে সমুদ্রের ধারে গেলাম হাওয়া খেতে । হিঙ্গোয়ানির কপালে কী আছে জানি না, তবে এটা মনে হচ্ছে যে, নয়নের আর কোনও বিপদ নেই । যদি তেওয়ারির টাকা ফেরত দিয়েও হিঙ্গোয়ানির কাছে বেশ কিছু টাকা অবশিষ্ট থাকে, তা হলে তরফদারের শো হতে কোনও বাধা নেই । আর প্রথম শো থেকেই তো টিকিট বিক্রির টাকার অংশ আসতে শুরু করবে । মনে হয় হিঙ্গোয়ানি এখনও বেশ কিছু দিন চালিয়ে যাবেন ।

জটায়ুকে বলাতে তিনি চোখ রাঙিয়ে বললেন, ‘তপেশ, আই অ্যাম শক্‌ড । লোকটা একটা ক্রিমিন্যাল, পরের সিন্দুক থেকে লাখ লাখ টাকা হাতিয়েছে, আর সে লোক নয়নকে ভাঙিয়ে খাবে, এটা ভেবে তুমি খুশি হচ্ছে ?’

‘খুশি নয়, লালমোহনবাবু । হিঙ্গোয়ানির বিরুদ্ধে যা প্রমাণ পাওয়া গেছে, তাতে তো তাকে এই মুহূর্তে জেলে পোরা যায় । কিন্তু তার পার্টনার যদি পুরনো বন্ধুত্বের খাতিরে তার উপর দয়াপরবশ হয়ে তাকে রেহাই দেন—তাতে আমার-আপনার কী বলার আছে ?’

‘লোকটা জুয়াড়ি—সেটা ভুলো না । আমার অন্তত কোনও সিমপ্যাথি নেই হিঙ্গোয়ানির উপর ।’

তেষ্টা পাচ্ছিল দুজনেরই । লালমোহনবাবু কোল্ড কফি খাবার ইচ্ছে প্রকাশ করলেন । ‘এখানকার কফিটা একটা প্লাস পয়েন্ট সেটা স্বীকার করতেই হবে ।’

সমুদ্রের কাছেই একটা কাফে আবিষ্কার করে আমরা একটা টেবিল দখল করে বেয়ারাকে কোল্ড কফি অর্ডার দিলাম । কাফেতে অনেক লোক, বুঝলাম এদের ব্যবসা ভালই চলে ।

মিনিটখানেকের মধ্যে ঠকঠক করে দুটো গেলাস এসে পড়ল আমাদের টেবিলের উপর । আমরা দুজনেই ঘাড় নিচু করে প্লাস্টিকের স্ট্রয়ের ডগা ঠোঁটের মধ্যে পুরে দিলাম ।

‘হ্যাভ ইউ টোল্ড ইয়োর টিকিটকি ফ্রেন্ড ?’

লালমোহনবাবু একটা বিস্তীর্ণ শব্দ করে বিষম খেলেন ।

মুখ তুলেই দেখি টেবিলের উলটোদিকে চক্‌রা-বক্‌রা হাওয়াইয়ান শার্ট পরে দণ্ডায়মান মিস্টার নন্দলাল বসাক ।

লালমোহনবাবু সামলে নিতে ভদ্রলোক বললেন, ‘শুধু এইটে বলে দেবেন মিষ্ট্রিকে এবং তরফদারকে যে, নন্দ বসাক পায়ের তলায় ঘাস গজাতে দেয় না । পঁচিশে ডিসেম্বর যদি শো হয়, তা হলে সেই শো থেকে শেষের আইটেমটি বাদ যাবে, এ গ্যারান্টি আমি দিতে পারি ।’

আমাদের পাশেই কাফের দরজা । ভদ্রলোক কথাটা বলেই সে দরজা দিয়ে বেরিয়ে গেলেন । বাইরে অন্ধকার, তাই তিনি যে কোনদিকে গেলেন সেটা বুঝতেই পারলাম না ।

তেষ্টা মেটেনি, তাই কফিটা শেষ করে দাম চুকিয়ে আমরা আর দশ মিনিটের মধ্যেই বাইরে বেরিয়ে একটা ট্যাক্সি ধরে হোটেলমুখে রওনা হলাম ।

হোটলে পৌঁছতে লাগল আধঘন্টা । ভিতরে ঢুকে দেখি লবি লোকে লোকারণ্য । শুধু লোক নয়, তার সঙ্গে অনেকখানি জায়গা জুড়ে দাঁড় করানো অজস্র লাগেজ । বোঝাই যাচ্ছে, একটা বিদেশি টুরিস্ট দল সবমাত্র এসে পৌঁছেছে । ফেলদাকে বসাকের খবরটা এফুনি দিতে

হবে, তাই আমরা প্রায় দৌড়ে গিয়ে লিফটে ঢুকে চার নম্বর বোতামটা টিপে দিলাম।

চারশো তেত্রিশের সামনে গিয়েই বুঝলাম, ঘরে ফেলুদা ছাড়াও অন্য লোক আছে, আর বেশ গলা উচিয়ে কথাবার্তা হচ্ছে।

বেল টেপার প্রায় পনেরো সেকেন্ড পরে দরজা খুলল ফেলুদা, আর আমাকে সামনে পেয়েই এক রামধমক।

‘দরকারের সময় না পাওয়া গেলে তোরা আছিস কী করতে?’

কাঁচুমাচু ভাবে ঘরে ঢুকে দেখি, মাথায় হাত দিয়ে কাউচে বসে আছেন সুনীল তরফদার।

‘ব্যাপারটা কী মশাই?’ ভয়ে ভয়ে শুধোলেন জটায়ু।

‘সেটা এন্ডজালিককে জিজ্ঞেস করুন’, শুকনো গম্ভীর গলায় বলল ফেলুদা।

‘কী মশাই?’

‘আমিই বলছি।’ বলল ফেলুদা। ‘ওর মুখ দিয়ে কথা বেরোবে না।’ খচ্ করে লাইটার দিয়ে ঠোঁটে ধরা চারমিনারটা জ্বালিয়ে একরাশ ধোঁয়া ছেড়ে ফেলুদা বলল, ‘নয়ন হাওয়া। কিড্‌ন্যাপ্‌ড। ভাবতে পারিস? এর পরেও ফেলু মিণ্ডিরের মান-ইজ্জত থাকবে? পই পই করে বলে দিয়েছিলাম ঘর থেকে যেন না বেরোয়, নয়ন যেন ঘর থেকে না বেরোয়।—আর এই ভর সন্ধেবেলা—গিজগিজ করছে লবি, তার মধ্যে শঙ্করবাবু নয়নকে নিয়ে গেছেন বুকশপে।’

‘তারপর?’—আমার বুকের ধুকপুকুনি আমি কানে শুনতে পাচ্ছি।

‘বাকিটা বলো চমকদার মশাই, বাকিটা বলো! নাকি এই কাজটাও আমার উপর ছাড়তে হবে?’

ফেলুদাকে এত রাগতে আমি অনেকদিন দেখিনি।

তরফদার হেঁট মাথা অনেকটা তুলে চাপা গলায় বললেন, ‘নয়ন একা ঘরে বসে অস্থির হয়ে পড়ে বলে শঙ্কর ওর জন্য গল্পের বই কিনতে গিয়েছিল। বই পেয়েও ছিল। দোকানের মেয়েটি দুটো বই প্যাক করে ক্যাশ মেমো করে দিচ্ছিল—শঙ্কর তাই দেখছিল। হঠাৎ মেয়েটি বলে ওঠে—দ্যাট বয়? হোয়্যার ইজ দ্যাট বয়?—শঙ্কর পিছন ফিরে দেখে নয়ন নেই। ও তৎক্ষণাৎ দোকান থেকে বেরিয়ে লবিতে খোঁজে, নয়নের নাম ধরে ডাকে, একে-ওকে জিজ্ঞেস করে, কিন্তু কোনও ফল হয় না। লবিতে এত ভিড়—তার মধ্যে একজন ন’ বছরের ছেলেকে সঙ্গে নিয়ে...’

‘এটা কখনকার ঘটনা?’

‘সেখানেই বলিহারি!’ চোঁচিয়ে উঠল ফেলুদা। ‘দেড় ঘণ্টা আগে ব্যাপারটা ঘটেছে, আর সুনীল এই সবে দশ মিনিট হল এসে আমাকে রিপোর্ট করছে—হুঁঃ!’

‘বসাক’, বললেন জটায়ু। ‘নো ডাউট অ্যাবাউট ইট।’

‘আপনি দেখি ভয়ংকর আত্মপ্রত্যয়ের সঙ্গে বলছেন কথাটা।’

আমি ক্যাফের ঘটনাটা ফেলুদাকে বললাম। ফেলুদা গম্ভীর।

‘আই সি...আমি এটাই আশঙ্কা করেছিলাম। অর্থাৎ কুকীর্তিটা করার কিছুক্ষণের মধ্যেই তোদের সঙ্গে দেখা হয়। হুঁ...’

‘শঙ্করবাবু কোথায়?’ জটায়ু জিজ্ঞেস করলেন।

তরফদার মাথা না তুলেই বলল, ‘থানায়।’

‘শুধু পুলিশে খবর দিলে তো চলবে না,’ বলল ফেলুদা, ‘তোমার পৃষ্ঠপোষক আছে, তোমার থিয়েটারের মালিক আছেন। তিনি কি নয়ন ছাড়া শো করতে রাজি হবেন? আই হ্যাভ গ্রেট ডাউট্‌স।’

‘তা হলে হিঙ্গোয়ানিকে...’

জটায়ু একবার ফেলুদার, একবার তরফদারের দিকে চাইলেন।

‘তাকে খবর দেবার সাহস নেই এই সম্মোহক প্রবরের। বলছে—“আপনি কাইন্ডলি কাজটা করে দিন, মিস্টার মিষ্টির! আমি গেলে সে লোক আমাকে টুটি টিপে মেরে ফেলবে”।’

‘শুনুন—’ লালমোহনবাবু হঠাৎ যেন ঘুম থেকে উঠলেন—‘আপনারও যেতে হবে না, সুনীলবাবুরও যেতে হবে না। আমরা যাচ্ছি।—কী তপেশ, রাজি তো?’

ফেলুদা ঠোঁটের ফাঁকে সিগারেট আর কপালে ভ্রুকুটি নিয়ে সোফায় বসে পড়ে বলল, ‘যেতে হলে এখনই যান। তোপসে, তুই ইংরিজিতে হেল্প করিস।’

হিঙ্গোয়ানির ঘরের নম্বর দুশো আটাশি। আমরা সিঁড়ি দিয়েই নেমে গিয়ে তাঁর দরজার বেল টিপলাম।

দরজা খুলল না।

‘সময়-সময় এই বেলগুলো ওয়র্ক করে না’, বললেন জটায়ু। ‘এবার বেশ জোরে চাপ দিয়ে তো।’

আমি বললাম, ‘ভদ্রলোকের তো বেরোবার কথা না। ঘুমোচ্ছেন নাকি?’

তিনবার টেপাতেও যখন ফল হল না, তখন আমাদের বাধ্য হয়ে লবিতে গিয়ে হাউস টেলিফোনে ২৮৮ ডায়াল করতে হল।

ফোন বেজেই চলল। নো রিপ্লাই।

ইতিমধ্যে লালমোহনবাবু রিসেপশনে গিয়েছিলেন জিজ্ঞেস করতে। তারা বলল—‘মিঃ হিঙ্গোয়ানি নিশ্চয়ই ঘরেই আছেন। কারণ, তাঁর চাবি এখানে নেই।’

এবার জটায়ুর মুখ দিয়ে তোড়ে ইংরিজি বেরোল, ভাষা টেলিগ্রামের।

‘বাট ইম্পর্ট্যান্টি সি হিঙ্গোয়ানি—ভেরি ইম্পর্ট্যান্টি। নো ডুপ্লিকেট কি? নো ডুপ্লিকেট কি?’

কাজটা খুব খুশি মনেই করে দিল রিসেপশনের লোকেরা।

চাবি হাতে বয়কে সঙ্গে নিয়ে আমরা লিফটে দোতলায় উঠে আবার হিঙ্গোয়ানির ঘরের সামনে গিয়ে দাঁড়লাম।

ইয়েল লক্ চাবি ঘোরাতেই খড়াং করে খুলে গেল, বয় দরজা ঠেলে দিল, আমি বললাম ‘থ্যাঙ্ক ইউ’, জটায়ু আমার আগেই ঘরে ঢুকে তৎক্ষণাৎ তড়াক্ করে পিছিয়ে আমারই সঙ্গে ধাক্কা খেলেন। তার পর অদ্ভুত স্বরে ঠোঁটের ফাঁক দিয়ে তিন টুকরো কথা বেরোল।

‘হিং-হিং-হিক্।’

ততক্ষণে আমিও ভিতরে ঢুকে গেছি, আর দৃশ্য দেখে এক নিমেষে আমার গলা শুকিয়ে কাঠ হয়ে গেছে।

খাটের উপর চিত হয়ে হাত-পা ছড়িয়ে পড়ে আছেন মিঃ হিঙ্গোয়ানি। তাঁর পা দুটো অবিশ্যি নীচে নেমে মেঝের কার্পেটে ঠেকে আছে। তাঁর গায়ে যে লাল নীল সাদা আলোর খেলা চলেছে, সেটার কারণ হচ্ছে বাঁয়ে টেবিলের উপর রাখা টিভি—যেটাতে হিন্দি ছবি চলেছে, যদিও কোনও শব্দ নেই। ভদ্রলোকের বোতাম খোলা জ্যাকেটের ফাঁক দিয়ে দেখা যাচ্ছে, সাদা শার্টের উপর ভেজা লাল ছোপ, আর তার মাঝখানে উঁচিয়ে আছে একটা ছোরার হাতল।



হিস্পোয়ানিকে যে ডিটেকনিকের গোয়েন্দাই খুন করেছে, তাতে কোনও সন্দেহ নেই, কারণ পুলিশের ডাক্তার নানা পরীক্ষা করে বলেছেন খুনটা হয়েছে আড়াইটে থেকে সাড়ে তিনটের মধ্যে। গোয়েন্দা ভদ্রলোক আমাদের ঘর থেকে বেরিয়েছিলেন পৌনে তিনটে নাগাত—আর তিনি নিজেই বলেছিলেন সোজা যাবেন হিস্পোয়ানির ঘরে। এও বোঝা যাচ্ছে যে, হিস্পোয়ানি তেওয়ারির টাকা ফেরত দিতে রাজি হননি। তাই গোয়েন্দা তার কথামতো অবস্থা বুঝে ব্যবস্থা নিয়েছেন। বেডসাইড টেবিলের উপর খুচরো পঁয়ষাটটি পয়সা ছাড়া এক কপর্দকও পাওয়া যায়নি হিস্পোয়ানির ঘরে। একটা সুটকেস ছাড়া আর কোনও মাল ঘরে ছিল না। টাকা নিশ্চয়ই একটা ব্রিফকেস জাতীয় ব্যাগে ছিল; তার কোনও চিহ্ন আর নেই।

ফেলুদা পুলিশকে জানিয়েছে যে আততায়ী যদি টাকা নিয়ে থাকে, তা হলে সে-টাকা সে কলকাতায় গিয়ে টি. এইচ. সিভিকেন্টের মিঃ দেবকীনন্দন তেওয়ারির হাতে তুলে দেবে। এই খবরটা কলকাতার পুলিশকে জানানো দরকার।

ফেলুদাকে হত্যাকারীর চেহারার বর্ণনা দিয়ে বলতে হল যে, লোকটার নাম তার জানা নেই।—‘শুধু এটুকু বলতে পারি সে সম্ভবত কচ্ছ প্রদেশের লোক।’

মিঃ রেড্ডি খবর পেয়েই চলে এসেছিলেন, আর এখন আমাদের ঘরেই বসেছিলেন। আমি ভেবেছিলাম তিনি ব্যাপারটা জেনে মূর্ছা যাবেন। তার বদলে দেখলাম নয়ন ছাড়াও কী ভাবে শোটাকে জমানো যায় তিনি সেই কথা ভাবছেন। বোঝাই যায় ভদ্রলোকের তরফদারের উপর একটা মায়া পড়ে গেছে। বললেন, ‘শো বন্ধ না করে যদি আপনার হিপনোটিজম-এর আইটেমটা ডবল করে দেওয়া যায়? আমি ম্যাড্রাসের লিডিং ফিল্ম স্টারস্, ডানসারস্, সিঙ্গারস্কে ডাকব ওপনিং নাইটে। আপনি তাদের এক এক করে স্টেজে ডেকে বন্ধু বানিয়ে দিন। কেমন আইডিয়া?’

তরফদার মাথা নেড়ে দীর্ঘশ্বাস ফেলে বলল, ‘শুধু আপনার ওখানে খেলা দেখিয়ে তো আমার চলবে না! আমি জানি নয়নের খবর ছড়িয়ে গেছে। সব ম্যানেজার তো আপনার মতো নয়, মিঃ রেড্ডি!—তাদের বেশির ভাগই কড়া ব্যবসাদার। নয়ন ছাড়া তারা আমাকে বুকিং-ই দেবে না।...একসঙ্গে দুটো দুর্ঘটনা আমাকে শেষ করে দিয়েছে।’

ফেলুদা তরফদারকে জিজ্ঞেস করল, ‘হিস্পোয়ানি কি তোমাকে অলরেডি কিছু পেমেন্ট করেছেন?’

‘কলকাতায় থাকতে কিছু দিয়েছিলেন; তাতে আমাদের যাতায়াতের খরচ হয়ে যায়। একটা বড় কিস্তি আগামী কাল দেবার কথা ছিল। উনি দিনক্ষণ দেখে এসব কাজ করতেন। আগামীকাল নাকি দিন ভাল ছিল।’

মিঃ রেড্ডি কাহিল। বললেন, ‘তোমার অবস্থা আমি বুঝতে পারছি। এই মন নিয়ে তোমার পক্ষে শো করা অসম্ভব।’

‘শুধু আমি না, মিঃ রেড্ডি। আমার ম্যানেজার শঙ্কর এমন ভেঙে পড়েছে যে, সে শয়্যা নিয়েছে। তাকে ছাড়াও আমার চলে না।’

পুলিশ আধঘণ্টা হল চলে গেছে। তারা খুনের তদন্তই করবে; মাদ্রাজের বিভিন্ন হোটেল, লজ, ধরমশালায় খোঁজ নেবে আমাদের বর্ণনার সঙ্গে মেলে এমন চেহারার কোনও লোক গত দু দিনের মধ্যে সেখানে এসে উঠেছে কি না। হিস্পোয়ানির ভাইপো মোহনকে টেলিফোন করা হয়েছিল। সে আগামীকাল এসে লাশ শনাক্ত করে সৎকারের ব্যবস্থা করবে। মৃতদেহ এখন মর্গে রয়েছে। পুলিশ এও জানিয়েছে যে, ছোরার হাতলে কোনও আঙুলের ছাপ

পাওয়া যায়নি। নয়নের ব্যাপারে ফেলুদা বলল যে, সে নিজেই তদন্ত করবে। তাতে তরফদার সায় দিয়েছেন।

রেডিও এবার চেয়ার থেকে উঠে ফেলুদাকে বললেন, ‘আমি কিন্তু আপনার উপরই ভরসা করে আছি, মিঃ মিস্ত্রি। দুদিন যদি শো পোস্টপোন করতে হয় তা আমি করব। এই দুদিনের মধ্যে আপনি জ্যোতিষ্মকে খুঁজে বার করে দিন—প্লিজ!’

রেডিও যাবার মিনিটখানেকের মধ্যে তরফদারও উঠে পড়ে বললেন, ‘দুদিন দেখি। তার মধ্যে যদি নয়নকে না পাওয়া যায় তা হলে কলকাতায় ফিরে যাব। আপনি কি আরও কিছু দিন থাকবেন?’

‘অনির্দিষ্টকাল থাকা অবশ্যই সম্ভব নয়,’ বলল ফেলুদা। ‘তবে এইভাবে চোখে ধুলো দেওয়াটাও মেনে নেওয়া মুশকিল। দেখি...’

তরফদার বেরিয়ে যাবার পর ফেলুদা হাতের সিগারেটে একটা শেষ টান দিয়ে তার খুব চেনা গলায় একটা চেনা কথা মৃদুস্বরে তিনবার বলল—‘খট্কা...খট্কা...খট্কা...’

‘এটা আবার কীসের খট্কা?’ জটায়ু জিজ্ঞেস করলেন।

‘হিস্পোয়ানিকে বলা ছিল যে, অচেনা লোক হলে সে যেন দরজা না খোলে; তা হলে ডিটেকনিক ঢুকলেন কী করে? তাকে কি হিস্পোয়ানি আগে থেকেই চিনতেন?’

‘কিছুই আশ্চর্য নয়’, বললেন জটায়ু। ‘হিস্পোয়ানি কতরকম ব্যাপারে আমাদের ধাঙ্গা দিয়েছিল ভেবে দেখুন।’

আমি ফেলুদাকে একটা কথা না বলে পারলাম না।

‘তুমি কি শুধু হিস্পোয়ানি মার্ভারের কথাই ভাবছ, ফেলুদা? আমার কিন্তু বার বার মনে হচ্ছে যে একটা বাজে লোক যদি খুন হয়েও থাকে, তাতে যতটা ভাবনা হয়, তার চেয়ে নয়নের মতো ছেলে চুরি যাওয়াটা অনেক বেশি ভাবনার। তুমি হিস্পোয়ানি ভুলে গিয়ে এখন শুধু নয়নের কথা ভাবো।’

‘দুটোই ভাবছি রে তোপসে, কিন্তু কেন জানি মনের মধ্যে দুটো জট পাকিয়ে যাচ্ছে।’

‘এ আবার কী হেঁয়ালি মশাই?’ লালমোহনবাবু বেশ বিরক্তভাবে বললেন। ‘দুটো তো সেপারেট ঘটনা—জট পাকাতে দিচ্ছেন কেন?’

ফেলুদা জটায়ুর কথায় কান না দিয়ে বার দু-তিন মাথা নেড়ে বলল, ‘নো সাইন অফ স্ট্রাগল...নো সাইন অফ স্ট্রাগল...’

‘সে তো শুনলুম’, বললেন জটায়ু। ‘পুলিশ তো তাই বলল।’

‘অথচ লোকটা যে ঘুমের মধ্যে খুন হয়েছে তা তো নয়!’

‘তা হবে কেন? জুতো মোজা পরে কেউ ঘুমোয় নাকি?’

‘তা অনেক মাতাল ঘুমোয় বইকী—কারণ তাদের হুঁশ থাকে না।’

‘কিন্তু ঐর ঘরে তো ড্রিঙ্কিং-এর কোনও চিহ্ন ছিল না।—অবিশ্যি যদি বাইরে থেকে মদ খেয়ে এসে দরজা খোলা রেখে ঘুমিয়ে পড়ে থাকে...’

‘উহু।’

‘হোয়াই নট?’

‘টিভি খোলা ছিল, যদিও ভল্যুম একেবারে নামানো ছিল। তা ছাড়া অ্যাশট্রের খাঁজেতে একটা আধখানা সিগারেট পুরোটা ছাই হয়ে পড়ে ছিল। অর্থাৎ ভদ্রলোক টিভি দেখতে দেখতে সিগারেট খাচ্ছিলেন, সেই সময় দরজার বেলটা বাজে। হিস্পোয়ানি টিভির ভল্যুম পুরো নামিয়ে দিয়ে সিগারেটটা ছাইদানের কানার খাঁজে রেখে উঠে গিয়ে দরজা খোলেন।’

‘খোলার আগে কি জিজ্ঞেস করবেন না কে বেল টিপল?’

‘হ্যাঁ, কিন্তু চেনা গলা হলে তো আর দ্বিধার কোনও কারণ থাকে না ।’

‘তা হলে ধরে নিন যে হিস্‌সোয়ানির সঙ্গে এই গোয়েন্দার আলাপ ছিল, এবং হিস্‌সোয়ানি তাকে অসৎ লোক বলে জানতেন না ।’

‘কিন্তু সেই লোক যখন ছুরি বার করবে তখন হিস্‌সোয়ানি বাধা দেবেন না ? স্ট্রাগল হবে না ?’

‘আপাতদৃষ্টিতে তাই মনে হয় । কী ক্ষেত্রে সেটা সম্ভব সেটা আপনি ভেবে বের করবেন । যদি না পারেন, তা হলে বুঝতে হবে আপনার পাঠকদের অভিযোগের যথেষ্ট কারণ আছে । কোথায় গেল আপনার আগের সেই জৌলুস ? সেই ক্ষুরধার—’

‘চুপ !’

লালমোহনবাবুকে ব্রেক কষতে হল ।

ফেলুদা আমাদের দিক থেকে চোখ ঘুরিয়ে এখন দেয়ালের দিকে চেয়ে—চোখে সূতীক্ষ্ম দৃষ্টি, কপালে গভীর খাঁজ ।

আমি আর জটায়ু প্রায় এক মিনিট কথা বন্ধ করে ফেলুদার এই নতুন চেহারাটা দেখলাম । তারপর আমাদের কানে এল কতকগুলো কথা—ফিসফিসিয়ে বলা—

‘বু-ঝে-ছি । —কিন্তু কেন, কেন, কেন ?’

দশ-বারো সেকেন্ড নৈঃশব্দের পর লালমোহনবাবুর চাপা কণ্ঠস্বর শোনা গেল ।

‘আপনি একটু একা থাকতে চাইছেন কি ?’

‘থ্যাঙ্ক ইউ, মিস্টার গান্ধুলী । আধঘণ্টা, আধঘণ্টা একা থাকতে চাই ।’

আমরা দুজনে উঠে পড়লাম ।

১৪

আমার মনে যে ইচ্ছেটা ছিল, সেটা দেখলাম লালমোহনবাবুর ইচ্ছের সঙ্গে মিলে গেছে । সেটা হল নীচে কফি শপে গিয়ে চা খাওয়া ।

আমরা কফি শপে গিয়ে একটা টেবিল দখল করে বসে চায়ের অর্ডার দিলাম । ‘সঙ্গে স্যান্ডউইচ হলে মন্দ হত না’, বললেন জটায়ু । ‘শুধু চা বড় চট করে ফুরিয়ে যাবে । আধ ঘণ্টা কাটাতে হবে তো !’ বেরারা দাঁড়িয়েছিল ; চায়ের সঙ্গে দু প্লেট চিকেন স্যান্ডউইচ যোগ করে দিলাম ।

আসার আগে আঁচ পেয়েছি যে ফেলুদা আলোর সন্ধান পেয়েছে । সেটা কম কি বেশি জানি না, কিন্তু বুঝতে পারছি যে শিরদাঁড়া দিয়ে ঘন ঘন শিহরন বয়ে যাচ্ছে ।

হাতে সময় আছে তাই লালমোহনবাবু তাঁর সব-মাথায়-আসা উপন্যাসের আইডিয়াটা শোনালেন । যথারীতি গল্পের নাম আগেই ঠিক হয়ে গেছে । মাঞ্চুরিয়ায় রোমাঞ্চ । বললেন, ‘চায়না সম্বন্ধে একটু পড়ে নিতে হবে । অবিশ্যি আমার এ গল্পে আজকের চিনের চেহারা পাওয়া যাবে না ; এ হবে ম্যান্ডারিনদের আমলের চায়না ।’

খাওয়া শেষ, লালমোহনবাবুর গল্প শেষ, তাও দেখি দশ মিনিট সময় রয়েছে ।

কফি শপ থেকে লবিতে বেরিয়ে এসে জটায়ু বললেন, ‘কী করা যায়, বলো তো !’

আমি বললাম, ‘আমার ইচ্ছে করছে একবার বুক শপটাতে টুঁ মারি । ওটা তো এখন আমাদের কাছে একটা হিস্টোরিক জায়গা—নয়ন তো ওখান থেকেই অদৃশ্য হয়েছে ।’

‘শুড আইডিয়া । আর বলা যায় না—হয়তো গিয়ে দেখব আমার বই ডিসপ্লে করা হয়েছে ।’

‘ইডলি দোসার দেশে আপনার বই থাকবে না, লালমোহনবাবু ।’

‘দেখি না খোঁজ করে !’

দোকানের ভদ্রমহিলার বয়স বেশি না, আর দেখতেও সুশ্রী । জটায়ু ‘এক্সকিউজ মি’ বলে ভদ্রমহিলার দিকে এগিয়ে গেলেন ।

‘ইয়েস স্যার ?’

‘ডু ইউ হ্যাভ ক্রাইম নভেলস্ ফর—ইয়ে, কী বলে—কিশোরস্ ?’

‘কিশোরস্ ?’ ভদ্রমহিলার ভুরু কুঁচকে গেছে ।

‘ফর ইয়াং পিপ্ল’, বললাম আমি ।

‘ইন হোয়াট ল্যাংগুয়েজ ?’

‘বাংলি—আই মিন, বেঙ্গলি ।’

‘নো, স্যার । নো বেঙ্গলি বুকস । স্যরি । বাট উই হ্যাভ লটস অফ চিলড্রেনস্ বুকস ইন ইংলিশ ।’

‘জানি । আই নো ।’

তার পর একটু হেসে ফার্স্ট গিয়ার দিয়ে আরম্ভ করলেন, ‘টুডে—মানে, দিস আফটারনুন, এ ফ্রেন্ড...ইয়ে...নু’

বুঝলাম সেকেন্ড গিয়ারে গাড়ি আটকে গেছে । আমাকেই বলে দিতে হল যে, আজই বিকেলে আমাদের এক বন্ধু এই দোকান থেকে দুটো ইংরিজি চিলড্রেনস বুকস কিনে নিয়ে গেছে ।

‘দিস আফটারনুন ?’

‘ইয়েস ।’ বললেন জটায়ু । ‘নো ?’

‘নো, স্যার ।’

‘নো ?’

ভদ্রমহিলা বললেন গত চার দিনের মধ্যে কোনও ছোটদের বই তিনি বিক্রি করেননি । আমরা মুখ চাওয়া-চাওয়ি করলাম । আমার বুকে ধুকপুকুনি । ধরা গলায় বললাম, ‘দশ মিনিট হয়ে গেছে, লালমোহনবাবু ।’

ভদ্রমহিলাকে একটা ‘থ্যাক্স ইউ’ জানিয়ে আমরা প্রায় দৌড়ে গিয়ে লিফটে উঠলাম । বোতাম টিপে খসখসে গলায় জটায়ু বললেন, ‘এ যে বিচিত্র সংবাদ !’

আমি কোনও উত্তর দিলাম না, কারণ আমার কথা বলতে ইচ্ছে করছিল না ।

চাবি ঘুরিয়ে হাঁপাতে হাঁপাতে ঘরে ঢুকে দুজনেই একসঙ্গে কথা বলে ফেললাম ।

‘ও মশাই— !’

‘ফেলুদা !’

‘ওয়ান অ্যাট এ টাইম’—ফেলুদার গলায় ধমকের সুর ।

আমি বললাম, ‘আমি বলছি । —শঙ্করবাবু বইয়ের দোকানে যাননি ।’


‘টাটকা কিছু থাকে তো বল । এটা বাসি খবর ।’

‘আপনি জানেন ?’

‘আমি সময়ের অপব্যবহার করি না, লালমোহনবাবু । বইয়ের দোকানে প্রায় বিশ মিনিট আগেই হয়ে এসেছি । মিস্ স্বামীনাথনের সঙ্গে কথা বলেছি । খবরটা আপনাদের দিতে গিয়ে দেখলাম, আপনারা গোগ্রাসে স্যান্ডউইচ গিলছেন ; তাই চলে এলাম ।’

‘কিন্তু তা হলে— ?’ আমার অসমাপ্ত প্রশ্ন ।

‘তরফদার আসছে । এক্ষুনি ফোন করেছিল । বেশ উত্তেজিত বলে মনে হল । দেখি কী



বলে ।’

দরজায় ঘণ্টা ।

তরফদার, মুখ চুন ।

‘আমায় বাঁচান, ফেলুবাবু !’ হাহাকার করে উঠলেন ভদ্রলোক ।

‘কী হল ?’

‘শঙ্কর । ওর ঘরে গেস্লাম । বেহঁশ হয়ে মাটিতে পড়ে আছে । আমার বিপদের কি আর শেষ নেই?’

ফেলুদার কাছ থেকে এই প্রশ্নের এক অদ্ভুত উত্তর এল ।

‘না, সুনীল তরফদার ; এই সব শুরু ।’

‘মানে ?’ চেরা গলায় বলে উঠলেন তরফদার ।

‘মানে অত্যন্ত সহজ, সুনীল । তুমি এখনও নিরপরাধের পোশাক পরে ঘুরে বেড়াচ্ছ ; এ পোশাক তোমাকে মানায় না, সুনীল । তুমি যে ঘোর অপরাধী !’

‘মিস্টার মিস্ত্রি, আমাকে এই ধরনের কথা বলার কোনও অধিকার নেই আপনার ।’

‘কী বলছ সুনীল ? গোয়েন্দা অপরাধীকে ধরে ফেললে তার উপর দোষারোপ করবে না ? তুমি এই যে এলে আমার ঘরে, এখান থেকে সোজা চলে যাবে পুলিশের হাতে । তারা পাঁচ মিনিটের মধ্যেই এসে পড়বে ।’

‘আমার অপরাধটা কী, সেটা জানতে পারি ?’

‘নিশ্চয়ই। এক, তুমি হত্যাকারী ; দুই, তুমি চোর। সে কথাই আমি পুলিশকে বোঝাব।’

‘আপনি পাগল হয়ে গেছেন। আপনি প্রলাপ বকছেন।’

‘মোটাই না। হিঙ্গোয়ানি চেনা লোক ছাড়া আর কারুর জন্য দরজা খুলবেন না এটা তিনি নিজেই বলেছিলেন। যাকে আমরা এতক্ষণ খুনি বলে ভাবছিলাম—অর্থাৎ কচ্ছদেশী—সেই গোয়েন্দা—তাকে হিঙ্গোয়ানি চিনতেন না। সেই কারণেই গোয়েন্দা হিঙ্গোয়ানির ছবি সঙ্গে এনেছিলেন, যাতে তিনি শিওর হতে পারেন যে ঠিক লোকের সঙ্গেই তিনি দেখা করছেন। অতএব তার জন্য দরজা খুলে দেওয়া হিঙ্গোয়ানির পক্ষে সম্ভব নয়। কিন্তু তোমায় তিনি চিনতেন ভাল করেই, তাই তুমি নিজের পরিচয় দিলে তাঁর পক্ষে দরজা খুলে দেওয়া স্বাভাবিক।’

‘আপনি একটা কথা ভুলে যাচ্ছেন, ফেলুবাউ। পুলিশ পরিষ্কার বলেই দিয়েছে হিঙ্গোয়ানি তার আততায়ীকে বাধা দেবার কোনও চেষ্টা করেননি। দেয়ার ওয়াজ নো সাইন অফ স্ট্রাগল। আমি যদি ছুরি বার করে তাঁর দিকে এগিয়ে যেতাম, তিনি কি বাধা দেবার চেষ্টা করতেন না?’

‘একটা বিশেষ ক্ষেত্রে কখনই করতেন না।’

‘কী সেই বিশেষ ক্ষেত্র?’

‘সেটা তোমারই ক্ষেত্র, তরফদার। সম্মোহন। হিঙ্গোয়ানিকে হিপনোটাইজ করে খুন করলে তিনি বাধা দেবেন কী করে?’

‘আপনার পাগলামি এখনও যায়নি, ফেলুবাউ। হিঙ্গোয়ানি আমার অন্তদাতা। তাঁর ব্যাকিং-এর উপর আমার সমস্ত ভবিষ্যৎ নির্ভর করছিল। আমি কি এমনই মূর্খ যে ঐকেই খুন করব? যার শিল, যার নোড়া, তারই ভাঙি দাঁতের গোড়া? আপনি হাসালেন মিঃ মিস্তির—আপনি হাসালেন।’

‘এই বেলা হেসে নাও, চমকদার তরফদার; এর পরে আর সে অবস্থা থাকবে না।’

‘আপনি কি ইঙ্গিত করছেন যে আমার প্রধান অবলম্বন নয়ন চলে গিয়ে আমি কাণ্ডজ্ঞান হারিয়ে খুন করেছি?’

‘না, কারণ তোমার জবানিতেই জানা যায় যে নয়ন সন্ধ্যাবেলা নিখোঁজ হয়, আর হিঙ্গোয়ানির মৃত্যুর সময় দুপুর আড়াইটে থেকে সাড়ে তিনটের মধ্যে।’

‘আপনি এখনও উলটোপালটা বলছেন, মিঃ মিস্তির। মাথা ঠাণ্ডা রাখার চেষ্টা করুন।’

‘আমার মাথায় জল ঢালো, তরফদার—দেখবে তা বরফ হয়ে গেছে। ... এবারে একটা খবর তোমাকে দিই। আমি কিছুক্ষণ আগে নীচে বইয়ের দোকানটায় গিয়েছিলাম। যিনি দোকানে বসেন সেই মহিলার সঙ্গে আমার কথা হয়। তিনি বলেন গত চার দিনের মধ্যে তাঁর বইয়ের দোকান থেকে কোনও ছোটদের বই বিক্রি হয়নি, এবং কোনও খদ্দেরের সঙ্গে কোনও ছোট ছেলে আসেনি।’

‘শি-শি মাস্ট বি লাইং!’

‘নো, সুনীল তরফদার—নট শি। মিথ্যাবাদী হচ্ছে তুমি এবং তোমার ম্যানেজার শঙ্কর ছবলিকার। শঙ্করের মাথায় পোসিলেনের ছাইদান দিয়ে বাড়ি মেরেছি বলে হয়তো তার মধ্যে কিছুটা চেতনার সঞ্চার হবে—কিন্তু তোমার ট্যাটামো দেখছি কিছুতেই যাচ্ছে না।’

‘শঙ্করকে আপনিই বেহুঁশ করেছেন?’

‘ইয়েস, সুনীল তরফদার।’

‘কেন?’

‘কারণ সে খুনের কারণ গোপন রাখতে সাহায্য করছিল ।’

দরজায় বেল বেজে উঠল ।

‘তোপসে, মিঃ রামচন্দ্রনকে ভেতরে নিয়ে আয় ।’

দরজা খুলতে রামচন্দ্রন ঢুকে এসে ফেলুদার দিকে জিজ্ঞাসু দৃষ্টি দিলেন ।

ফেলুদা কিছু বলার আগেই তরফদার রামচন্দ্রনের দিকে ফিরে চোঁচিয়ে উঠলেন, ‘এই ব্যক্তি বলছেন আমি খুন করেছি, কিন্তু কোনও কারণ বা মোটিভ দেখাতে পারছেন না ।’

ফেলুদা সঙ্গে সঙ্গে বলল, ‘শুধু খুন নয়, তরফদার । ভুলো না—ডাকাতিও বটে । হিন্দোয়ানির প্রতিটি কপর্দক এখন তোমার হাতে । পাঁচ লাখের উপর—যেটা দিয়ে তুমি নিজের পৃষ্ঠপোষকতা নিজেই করার মতলব করেছিলে ।’

ফেলুদা এবার আমার দিকে ফিরল ।

‘তোপসে—বাথরুমের ভিতরে যে রয়েছে, তাকে বার করে আন তো ।’

আমি বাথরুমের দরজা খুলে অবাক হয়ে দেখি, নয়ন দাঁড়িয়ে আছে । এবার সে বেরিয়ে ফেলুদার দিকে এগিয়ে গেল ।

‘শঙ্কর একে তার বাথরুমের মধ্যে বন্ধ করে রেখেছিল । আসল ঘটনাটা আমার চোখের সামনে ফুটে উঠতে আমি শঙ্করের ঘরে যাই, এবং তাকে অজ্ঞান করে নয়নকে নিয়ে আসি । নয়নের মুখ থেকেই শোনো তোমার ভবিষ্যৎ সম্পর্কে সন্ত্রাস এবং তোমার খুন ও চুরির রাস্তা নেবার কারণ ।’

তরফদারের দিকে চেয়ে দেখলাম তাঁর সর্বাস্থে কাঁপুনি ধরেছে ।

‘নয়ন’, বলল ফেলুদা, ‘তরফদার মশাইকে ক বছর জেল খাটতে হবে বলো তো ।’

‘তা তো জানি না ।’

‘জান না ?’

‘না ।’

‘কেন, নয়ন ? কেন জান না ?’

‘আমি তো চোখের সামনে আর নম্বর দেখছি না ।’

‘দেখছ না ?’

‘না । তোমাকে তো বললাম—সব নম্বর পালিয়ে গেছে ।’



রবার্টসনের রুবি

১

‘মামা-ভাগ্নে বলতে আপনার বিশেষ কিছু মনে পড়ে ?’ প্রশ্নটা জটায়ুকে করল ফেলুদা ।

আমি অবিশ্যি উত্তরটা জানতাম, কিন্তু লালমোহনবাবু কী বলেন সেটা জানার জন্য তাঁর দিকে কৌতূহলী দৃষ্টি দিলাম ।

‘আঙ্কল অ্যান্ড নেফিউ ?’ চায়ে সশব্দ চুমুক দিয়ে পালটা প্রশ্ন করলেন লালমোহনবাবু ।

‘নো স্যার । ইংরিজি করলে চলবে না । মামা-ভাগ্নে । বলুন তো দেখি কীসের কথা মনে পড়ে ।’

‘দাঁড়ান মশাই, আপনার এই দুম্ করে করা প্রশ্নগুলো বড় গোলমালে । মামা ভাগ্নে...

মামা ভাগনে... । উহ্ । আমি হাল ছাড়লুম, এবার আপনি আলোকপাত করুন ।’

‘অভিযান ছবিটা দেখেছেন ?’

‘সে তো বহুকাল আগে । ও ইয়েস !’ —লালমোহনবাবুর চোখ দুটো জ্বলজ্বল করে উঠল । ‘সেই পাথর ! একটা বিরাট চ্যাপটা চাঁইয়ের উপর আরেকটা বিরাট পাথর ব্যালাঙ্গ করা রয়েছে নাকের ডগায় । মনে হয় হাত দিয়ে ঠেলা মারলেই উপরের পাথরটা দুলবে । মামার পিঠে ভাগনে—তাই তো ?’

‘রাইট । ব্যাপারটা কোথায় সেটা মনে পড়ছে ?’

‘কোন জেলা বলুন তো !’

‘বীরভূম ।’

‘ঠিক ঠিক ।’

‘অথচ ও অঞ্চলটায় একবারও টুঁ মারা হয়নি । আপনি গেছেন ?’

‘টু টেল ইউ দ্য ট্রুথ—নো স্যার ।’

‘ভাবুন তো দেখি ! —আপনি লেখক, তা যেরকম লেখাই লিখুন না কেন । অথচ রবীন্দ্রনাথ যেখানে তাঁর অধিকাংশ জীবন কাটিয়েছেন, সেইখানেই যাননি । কী লজ্জার কথা বলুন তো দেখি !’

‘যাব যাব করেও যাওয়া হয়নি মশাই । আর সত্যি বলতে কী, আমরা তো ট্যাগোরের রাস্তা ছেড়ে অন্য রাস্তা ধরিচি কিনা, তাই শান্তিনিকেতন-টেননকে তেমন আর পাত্তা দিইনি । ‘হনলুলুতে হলুতুল’ যে লিখছে সে আর কবিগুরু থেকে কী প্রেরণা পেতে পারে বলুন !’

‘আপনি বীরভূম বলতে আশা করি শুধু শান্তিনিকেতন ভাবছেন না । বক্রেস্বরের হট স্প্রিংস আছে, কেন্দুলিতে কবি জয়দেবের জন্মস্থান আছে, বামাক্ষ্যাপা যেখানে সাধনা করতেন সেই তারাপীঠ আছে, মামা-ভাগনের দুবরাজপুর আছে, অজস্র পোড়া ইটের মন্দির আছে—’

‘সেটা আবার কী দেখবার জিনিস মশাই ?’

‘টেরা কোটা জানেন না ? বাংলার এক বড় সম্পদ !’

‘ট্যাড়া কোটা ? মানে, ব্যাকা বাড়ি ?’

কেউ কোনও বিষয়ে অজ্ঞতা প্রকাশ করলে ফেলুদার স্কুলমাস্টার মূর্তিটা বেরিয়ে পড়ে ।
ও বলল—

‘টেরা—টি ই আর আর এ—ল্যাটিন ও ইটালিয়ান কথা, মানে মাটি ; আর কোটা—সি ও ডবল টি এ—এও ইটালিয়ান কথা, মানে পোড়া । মাটি আর বালি মিশিয়ে তা দিয়ে নানারকম মূর্তি ইত্যাদি গড়ে উনুনের আঁচে রেখে দিলে যে লাল চেহারাটা নেয় তাকে বলে টেরা কোটা । যেমন সাধারণ ইট । যেটা বানানো হয় সেটা যে শুধু দেখতে সুন্দর তা নয়, টেকসইও বটে । এই টেরা কোটার মন্দির ছড়িয়ে আছে সারা পশ্চিম বাংলায় আর বাংলাদেশে । তার মধ্যে সেরা মন্দির কিছু পাওয়া যাবে বীরভূমে । তার কোনও কোনওটা আড়াইশো-তিনশো বছরের পুরনো । কারুকার্য দেখলে মাথা ঘুরে যায় । বাংলার এ সম্পদ সম্বন্ধে যে ওয়াকিবহাল নয় সে বাংলার কিছুই জানে না ।’

‘বুঝলাম । জানলাম । আমার ঘাট হয়েছে । কাইন্ডলি এককিউজ মাই ইগনোরান্স ।’

‘আপনি জানেন না, অথচ একজন স্বেতাঙ্গ অধ্যাপক এই নিয়ে যা কাজ করে গেছেন তার তুলনা নেই ।’

‘কার কথা বলছেন ?’

‘ডেভিড ম্যাককানন । অকাল মৃত্যু তাঁর কাজ শেষ করতে দেয়নি, কিন্তু তাও যা করেছেন তার জবাব নেই । আপনি খবরের কাগজের হেডলাইন ছাড়া আর কিছু পড়েন না
৬৫৬



জানি—তাই আজ স্টেটসম্যানে প্রকাশিত একটি প্রবন্ধ আপনার দৃষ্টি এড়িয়ে গেছে তা অনুমান করতে পারি। না হলে ডেভিড ম্যাককাচনের উল্লেখ সেখানে পেতেন।’

‘কী লেখা বলুন তো।’

‘রবার্টসন্স রুবি।’

‘রাইট, রাইট। লেখার নামটা দেখে আর রুবির রঙিন ছবিটা দেখে পড়তে আরম্ভ করেছিলাম, কিন্তু ধোপা এসে সব মাটি করে দিল।’

‘প্রবন্ধের লেখক পিটার রবার্টসন এখন এখানে। ভারতপ্রেমিক বলে মনে হল। ম্যাককাচনের লেখা পড়ে বীরভূমের মন্দির দেখতে চায়, তা ছাড়া ট্যাগোরের শান্তিনিকেতন দেখতে চায়।’

‘কিন্তু রুবির ব্যাপারটা কীভাবে আসছে?’

‘এই পিটারের এক পূর্বপুরুষ প্যাট্রিক রবার্টসন সিপাইদের বিরুদ্ধে লড়েছিলেন। বেঙ্গল রেজিমেন্টে ক্যাপ্টেন ছিলেন। যুদ্ধ যখন শেষ হয় এবং ব্রিটিশদের জয় হয়, প্যাট্রিক তখন

লখনৌতে । মোটে ছাব্বিশ বছর বয়স । ইংরেজ সেনা ছলেবলে নবাবের প্রাসাদে লুটতরাজ করে এবং মহামূল্য মণিমুক্তা নিয়ে পালায় । প্যাট্রিক রবার্টসন একটি রুবি পান যার আয়তন একটা পায়রার ডিমের সমান । সেই রুবি প্যাট্রিকের সঙ্গে ইংল্যান্ডে আসে এবং প্যাট্রিকের মৃত্যুর পর রবার্টসন পরিবারেই থেকে যায় । লোকে উল্লেখ করত রবার্টসন'স রুবি বলে । সম্প্রতি প্যাট্রিকের একটি শেষ বয়সের ডায়রি পাওয়া গেছে যার অস্তিত্ব আগে জানা ছিল না । তাতে প্যাট্রিক লখনৌয়ের লুটতরাজের উল্লেখ করে গভীর অনুশোচনা প্রকাশ করেছেন । প্যাট্রিক বলেছেন তাঁর আত্মা শান্তি পাবে শুধুমাত্র যদি তাঁর কোনও বংশধর ভারতবর্ষ থেকে লুট করে আনা এই রুবি আবার ভারতবর্ষে ফেরত দিয়ে দেয় । পিটার সেই পাথর সঙ্গে করে এনেছে, এবং যাবার আগে এখানে কোনও মিউজিয়ামে দিয়ে যাবে ।’

লালমোহনবাবু পুরো ব্যাপারটা শুনে কিছুক্ষণ চুপ করে থেকে বললেন, ‘কেন্দুলিতে শীতকালে দারুণ মেলা হয় বলে শুনেছি ।’

‘ঠিকই শুনেছেন । দলে দলে বাউল আসে সেই মেলাতে ।’

‘সেটা ঠিক কখন হয় মশাই ?’

‘এই এখন । মকর সংক্রান্তিতে শুরু হয়েছে ।’

‘হোয়াট ইজ দ্য বেস্ট ওয়ে টু গো ?’

লালমোহনবাবুর মাঝে মাঝে একটা সাহেবি মেজাজ প্রকাশ পায় । উনি বলেন সেটা ওঁর গল্প লেখার জন্য অনেক ইংরিজি বই কনসাল্ট করতে হয় বলে ।

ফেলুদা বলল, ‘সত্যিই যেতে চাইছেন বীরভূম ?’

‘ভেরি মাচ সো ।’

‘তা হলে আমি বলি কী, আপনি হরিপদবাবুকে বলুন সোজা আপনার গাড়ি নিয়ে বোলপুর চলে যেতে । আমরা সেদিনই শান্তিনিকেতন এক্সপ্রেসে চলে যাব । যাবার আগে অবশ্য ট্যুরিস্ট লজে বুকিং করে নিতে হবে । ফাস্ট ট্রেন ; শুধু বর্ধমানে থামে ; আড়াই ঘণ্টায় শান্তিনিকেতন পৌঁছে যাব ।’

‘ট্রেনেই যাব বলছেন ?’

‘তার কারণ আছে । শান্তিনিকেতন এক্সপ্রেসে লাউঞ্জ কার বলে একটা ফাস্ট ক্লাস এয়ারকন্ডিশন্ড বগি থাকে । এতে করিডর নেই, সেই আদিকালের কামরার মতো চওড়া । পঁচিশ ত্রিশজন যায়, বৈঠকখানার মতো সোফা কাউচ টেবিল পাতা রয়েছে । এ সুযোগ ছাড়া উচিত নয় ।’

‘জিহ্বা দিয়ে লালাক্ষরণ হচ্ছে মশাই । তা হলে একটা কাজ করি—শতদলকে একটা পোস্টকার্ড ড্রপ করে দিই ।’

‘শতদলটা কে ?’

‘শতদল সেন । এক স্কুলে এক ক্লাসে পড়িচি, এখন বিশ্বভারতীর ইতিহাসের অধ্যাপক । ব্রিলিয়ান্ট ছাত্র ছিল মশাই, আমি ওকে কোনওদিন টেক্কা দিতে পারিনি ।’

‘তার মানে আপনিও ব্রিলিয়ান্ট ছাত্র ছিলেন বলছেন ?’

‘তা বাংলার জনপ্রিয়তম থ্রিলার রাইটার সম্বন্ধে সেটা কি বিশ্বাস করা খুব কঠিন ব্যাপার ?’

—‘তা আপনার বর্তমান আই. কিউ—’ পর্যন্ত বলে ফেলুদা আর কথাটা শেষ করল না ।

বলল, ‘লিখে দিন আপনার বন্ধুকে ।’

দুদিনের মধ্যে সব ব্যবস্থা হয়ে গেল । বোলপুর ট্যুরিস্ট লজে একটা ডাবল আর একটা সিঙ্গেল রুম বুক করা হয়েছে । গরম কাপড় বেশ ভালরকম নিতে হবে, কারণ এটা জানুয়ারি মাস, শান্তিনিকেতনে কলকাতার চেয়ে বেশি শীত । ইতিমধ্যে আমি ডেভিড ম্যাককাচনের

বইটায় একবার চোখ বুলিয়ে নিয়েছি। দেখে অবাক লাগছিল যে একজন লোক কী করে এত জায়গায় ঘুরে এত খুঁটিনাটি তথ্য সংগ্রহ করেছে। বাংলার এই আশ্চর্য সম্পদ সম্বন্ধে আমার কোনও ধারণাই ছিল না।

শনিবার সকালে লালমোহনবাবুর সবুজ অ্যাস্বাসাডর নিয়ে হরিপদবাবু বেরিয়ে পড়লেন। পানাগড় অবধি গিয়ে ডাইনে ঘুরতে হবে, তারপর অজয় নদী পেরিয়ে ইলামবাজার দিয়ে বোলপুর।

আমরা সাড়ে নটায় হাওড়া স্টেশনে জড়ো হলাম। লালমোহনবাবু বললেন, ‘আমার দুদিন থেকে ডান চোখটা নাচছে; সেটা গুড সাইন না ব্যাড সাইন, মশাই?’

ফেলুদা বলল, ‘আপনি খুব ভাল করেই জানেন আমি ও ধরনের কুসংস্কারে বিশ্বাস করি না, তাও কেন জিজ্ঞেস করছেন বলুন তো!’

লালমোহনবাবু কেমন যেন মুষড়ে পড়ে বললেন, ‘একবার ভাবলুম এটা হয়তো কোনও আসন্ন তদন্তের লক্ষণ; তারপর মনে হল ট্যাগোরের সঙ্গে ক্রাইমের কোনও রকম সম্পর্ক থাকা একেবারেই অসম্ভব। কাজেই ওটা আপনি মন থেকে দূর করে দিতে পারেন, ফেলুদাবু।’

২

লালমোহনবাবু অবশ্য পরে বললেন, ওটাই হচ্ছে ওঁর ডান চোখ নাচার কারণ, আমার কিন্তু মনে হল ব্যাপারটা যাকে ইংরিজিতে বলে কোইন্সিডেন্স আর বাংলায় কাকতালীয়।

লাউঞ্জ করে সবসুদু চব্বিশ জন বসতে পারে, কিন্তু উঠে দেখি আমাদের নিয়ে রয়েছে মাত্র দশ জন; তার মধ্যে আবার দুজন সাহেব। একজনের সোনালি চুল, দাড়িগোঁফ নেই, আরেকজনের কালো চাপ দাড়ি আর কাঁধ অবধি লম্বা চুল। বয়স ফেলুদার চেয়ে কিছু কমই হবে—মানে ত্রিশের সামান্য বেশি। আমার মন কিন্তু বলল এর মধ্যে একজন নিশ্চয়ই পিটার রবার্টসন।

সেটা যে সত্যি সেটা জানা গেল গাড়ি ছাড়ার দশ মিনিটের মধ্যেই।

একটা সোফায় আমরা তিনজন পাশাপাশি বসেছি, সত্যিই বুঝতে পারছি এরকম আরামের কামরা এর আগে কখনও দেখিনি। ফেলুদা একটা চারমিনার বার করে মুখে পুরে লাইটারটা দিয়ে সেটা ধরিয়েছে এমন সময় সোনালি চুল-ওয়ালা সাহেব মুখে একটা সিগারেট পুরে ফেলুদার দিকে হাত বাড়িয়ে বলল, ‘মে আই—?’

ফেলুদা লাইটারটা সাহেবের হাতে দিয়ে বলল, ‘আর ইউ গোইং টু বোলপুর টু?’

সাহেব সিগারেটটা ধরিয়ে লাইটারটা ফেরত দিয়ে হাসিমুখে ফেলুদার দিকে হ্যান্ডশেকের জন্য হাত বাড়িয়ে বলল, ‘ইয়েস। মাই নেম ইজ পিটার রবার্টসন, অ্যান্ড দিস ইজ মাই ফ্রেন্ড টম ম্যাক্সওয়েল।’

ফেলুদা এবার আমাদের তিনজনেরই পরিচয় করিয়ে দিয়ে বলল, ‘তোমার লেখাই তো সেদিন স্টেটসম্যানে পড়ছিলাম না?’

‘ইয়েস। ডিড ইউ লাইক ইট?’

‘অত্যন্ত চিত্তাকর্ষক লেখা। সেই কবি কি তুমি কাউকে দিয়ে দিয়েছ?’

‘না। ওটা আমাদের সঙ্গেই আছে। আমরা কলকাতার মিউজিয়মকে ওটা অফার করেছি। ঘটনাটা কিউরেটরকে জানিয়েছি। উনি বলেছেন উনি অত্যন্ত খুশি হবেন পাথরটা মিউজিয়মের জন্য পেলো। উনি অবশ্য ব্যাপারটা দিল্লিতে জানিয়েছেন। ওখান থেকে

অনুমতি পেলেই আমরা পাথরটাকে আনুষ্ঠানিকভাবে মিউজিয়মের হাতে তুলে দেব। কিউরেটর বললেন ভারতবর্ষের অনেক সম্পদই নাকি বিদেশে চলে গেছে, তার সামান্য অংশও যদি এইভাবে ফেরত পাওয়া যেত তা হলে কত ভাল হত।’

‘তোমার তো ইন্ডিয়ান সঙ্গে একটা যোগসূত্র রয়েছে ; তোমার বন্ধুরও আছে নাকি ?’

উত্তরটা বন্ধু নিজেই দিতে পারতেন, কিন্তু দিলেন পিটার রবার্টসন।

‘টমের ঠাকুরদাদার ঠাকুরদাদা ছিলেন বীরভূমে এক নীলকুঠির মালিক। জার্মানরা কৃত্রিম উপায়ে নীল বার করে সস্তায় বাজারে ছাড়ার পর ভারতবর্ষ থেকে নীলের চাষ উঠে যায়। তখন টমের পূর্বপুরুষ রেজিন্যান্ড ম্যাক্সওয়েল দেশে ফিরে যান। আমাদের দুজনেরই একই ভ্রমণের নেশা আর তার থেকে বন্ধুত্ব। টম একজন পেশাদার ফোটোগ্রাফার। আমি ইস্কুল মাস্টারি করি।’

টমের পাশেই কামরার মেঝেতে রাখা একটা ব্যাগ দেখে আন্দাজ করেছি তাতে ক্যামেরার সরঞ্জাম রয়েছে।

‘তোমরা কদিন বীরভূমে থাকবে ?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘দিন সাতেক’, বলল পিটার রবার্টসন। ‘আসল কাজ কলকাতাতেই, কিন্তু বাংলার কিছু টেরা কোটা মন্দির দেখার শখ আছে।’

‘বীরভূমে অবিশ্যি মন্দির ছাড়াও বেশ কিছু দেখবার জিনিস আছে। একবার গিয়ে পড়লে একসঙ্গে ঘুরে দেখা যাবে। ভাল কথা—তোমার স্টেটসম্যানের লেখার কোনও প্রতিক্রিয়া হয়নি ?’

‘কী বলছ ! —লেখা বার হবার তিনদিনের মধ্যে স্টেটসম্যানে চিঠি আসতে শুরু করে। লেখকদের মধ্যে রাজারাজড়ার ম্যানেজার আছে, ধনী ব্যবসাদার আছে, রত্ন সংগ্রাহক আছে। এরা সকলেই রুবিটা কিনতে চায়। আমি আমার লেখার মধ্যে স্পষ্টই বলে দিয়েছি যে ওটা আমি বিক্রি করব না। রবার্টসনের রুবি নিয়ে আমাদের দেশেও রত্ন সংগ্রাহকদের মধ্যে চাঞ্চল্য পড়ে গেছে অনেকদিন থেকে। তারা ওটার জন্য কত টাকা দিতে প্রস্তুত তা তুমি কল্পনা করতে পারবে না। আমি লন্ডনে যাচাই করিয়ে দেখেছি, এটার মূল্য হচ্ছে টোয়েন্টি থাউজ্যান্ড পাউন্ডস।’

‘পাথরটা বোধহয় তোমার কাছেই রয়েছে ?’

‘ওটা টমের জিন্মায়। এ ব্যাপারে ও আমার চেয়ে অনেক বেশি সাবধান। তা ছাড়া ওর রিভলভার আছে, প্রয়োজনে সেটা ব্যবহার করতে পারে।’

‘পাথরটা কি একবার দেখা যায় ?’

‘নিশ্চয়ই।’

পিটার টমের দিকে দৃষ্টি দিল। টম তার ক্যামেরার ব্যাগ খুলে তার মধ্যে থেকে একটা নীল মখমলের বাস্ক বার করল। ফেলুদা তার হাত থেকে বাস্কটা নিয়ে খুলতেই আমাদের তিনজনের মুখ দিয়ে একসঙ্গে একটা বিস্ময়সূচক শব্দ বেরিয়ে পড়ল। শুধু যে এমন পাথর এর আগে দেখিনি তা নয়—এমন লাল রংও আর কোথাও দেখেছি বলে মনে পড়ল না।

ফেলুদা পাথরটা কিছুক্ষণ হাতে ঘুরিয়ে ফিরিয়ে দেখে ‘ইটস্ অ্যামেজিং !’ বলে সেটা ফেরত দিয়ে দিল। তারপর টম ম্যাক্সওয়েলকে উদ্দেশ্য করে বলল, ‘আপনার রিভলভারটা একবার দেখতে পারি ? ও বিষয়ে আমার কিঞ্চিৎ জ্ঞান আছে।’

কথাটা বলে ফেলুদা তার পকেট থেকে একটা ভিজিটিং কার্ড বার করে পিটারের হাতে দিল।

পিটারের চোখ কপালে উঠে গেল।

‘সে কী—তুমি যে দেখছি প্রাইভেট ইনভেস্টিগেটর ! তা হলে তো আমাদের কোনও গণ্ডগোল হলে তোমার শরণাপন্ন হতে হবে !’

‘গণ্ডগোল আশা করি হবে না, যদিও সেটা নির্ভর করছে ম্যাক্সওয়েল সাহেবের উপর, কারণ পাথরটা ওঁর জিস্মায় রয়েছে ।’

ইতিমধ্যে ম্যাক্সওয়েল তার রিভলভারটা বার করেছে, এবার সেটা ফেলুদাকে দেখতে দিল । দেখেই বুঝলাম সেটা ফেলুদার কোল্ট না, অন্য কোম্পানির তৈরি ।

‘ওয়েরলি স্কট’, বলল ফেলুদা । তারপর রিভলভারটা ফেরত দিয়ে বলল, ‘তোমায় একটা কথা জিজ্ঞেস করতে পারি ?’

‘নিশ্চয়ই ।’

‘তোমার এটার দরকার হয় কেন ?’

‘ফোটোগ্রাফির নেশা আমাকে নানান জায়গায় নিয়ে যায় । অনেক দুর্গম জায়গায় আমি গিয়েছি, জংলি উপজাতিদের ছবি তুলেছি । বুঝতেই পারছ সঙ্গে একটা অস্ত্র থাকলে কাজটা অনেক সহজ হয়ে যায় । এই রিভলভার দিয়ে আমি অ্যাফ্রিকায় ব্ল্যাক মান্না সাপ পর্যন্ত মেরেছি ।’

‘ভারতবর্ষে এর আগে কখনও এসেছ ?’

‘না, এই প্রথম ।’

‘ছবি তোলা শুরু করে দিয়েছ ?’

‘কলকাতার কিছু জনবহুল অঞ্চলের ছবি তুলেছি ।’

‘তার মানে বস্তি ?’

‘হ্যাঁ । আমি যেই পরিবেশে মানুষ সেরকম পরিবেশের ছবি তোলার কোনও ইচ্ছা আমার নেই । তার থেকে যত অন্যরকম হয় ততই ভাল । আমার মনে হয় পভার্ট ইজ মোর ফোটোজেনিক দ্যান প্রসপেরিটি ।’

‘ফোটো—হোয়াট ?’ প্রশ্নটা করলেন জটায়ু ।

‘ফোটোজেনিক’, বলল ফেলুদা । ‘অর্থাৎ চিত্রগুণসম্পন্ন ।’

লালমোহনবাবু বিড়বিড় করে বাংলায় মন্তব্য করলেন, ‘এ কি বলতে চায় হাড়হাতাতেরা আর মোর ফোটোজেনিক দ্যান যারা খেয়ে-পরে আছে ?’

ম্যাক্সওয়েল বলল, ‘কাজেই এখানেও আমাদের ওই কথাটা মনে রাখতে হবে । ওই কথা মনে রেখেই আমি এখানেও ছবি তুলব ।’

ভদ্রলোকের কথাগুলো আমার কেন জানি অদ্ভুত লাগছিল । পিটার ভারতবর্ষকে ভালবাসে তাতে কোনও সন্দেহ নেই, কিন্তু তার বন্ধুর মনোভাব এত অন্যরকম হয় কী করে ? এই বন্ধুত্ব টিকবে তো ?

বর্ধমানে চা-ওয়ালা ডেকে ভাঁড়ে চা খাওয়া হল, সেই চা-ওয়ালাকে দাঁড় করিয়ে তার ছবি তুললেন ম্যাক্সওয়েল ।

বোলপুর স্টেশনে পৌঁছে সাইকেল রিকশার ভিড় দেখে ম্যাক্সওয়েল ব্যস্ত হয়ে পড়েছিল, কিন্তু পিটার তাকে জানিয়ে দিল যে স্টেশনে এত সময় নষ্ট করা চলবে না ।

চারটে রিকশা নিয়ে মালপত্রের সমেত আমরা যখন বোলপুর ট্যুরিস্ট লজে পৌঁছলাম তখন একটা বেজে দশ মিনিট ।



স্টেশনে লালমোহনবাবুর বন্ধু শতদল সেন এসেছিলেন। লালমোহনবাবুরই বয়সী, ফরসা রং, মাথায় ঢেউ খেলানো কালো চুল। অনেকদিন পরে একজনকে দেখলাম যিনি লালমোহনবাবুকে লালু বলে সম্বোধন করলেন। ভদ্রলোক নিজেও অবিশ্যি হয়ে গেলেন সতু।

যে যার ঘরে যাবার আগে ট্যুরিস্ট লজের লাউঞ্জে বসে কথা হচ্ছিল। শতদলবাবু বললেন, ‘তোদের গাড়ি বলছিস তিনটে নাগাত আসবে। তারপর তোরা চলে আসিস আমার ওখানে। পিয়ার্সন পল্লীতে খোঁজ করলেই আমার বাড়ি দেখিয়ে দেবে। নাম শান্তিনিলয়। তোদের একবার উত্তরায়ণ কমপ্লেক্সটা দেখিয়ে আনব।’

ফেলুদা বলল, ‘আমাদের সঙ্গে কি দুজন সাহেব যেতে পারেন?’

‘বেশ তো—তারাও ওয়েলকাম।’

শতদলবাবু চলে গেলেন।

সকালে স্নান করে বেরিয়েছিলাম, তাই ঘরে মালপত্রের রেখে প্রথমেই লাঞ্চটা সেরে নিলাম। শান্তিনিকেতনে সত্যিই শান্ত পরিবেশ, তাই ফেলুদার রেস্ট হবে ভাল। ও সম্প্রতি দুটো মামলা করে এসেছে। প্রথমটা মনে হয়েছিল আত্মহত্যা, কিন্তু শেষটায় দাঁড়াল খুন, আর দ্বিতীয়টা জালিয়াতি। দুটোই বেশ ঝামেলার কেস ছিল, তাই ওর এখন সত্যিই বিশ্বাসের দরকার।

ডাইনিং রুমেই পিটার আর টমকে আমাদের বিকেলের প্ল্যানটা বলে দিলাম। পিটার তৎক্ষণাৎ রাজি, যদিও টম কিছুই বলল না। পিটার এও বলল যে এর মধ্যেই ও দুবরাজপুরের এক ধনী ব্যবসায়ীর কাছ থেকে টেলিফোন পেয়েছে। ফোনটা করেছিল তাঁর ছেলে, কারণ ভদ্রলোকের ইংরিজিটা নাকি তেমন সড়গড় নয়। পিটার বলল, ‘ভদ্রলোক আমার রুবির খবরটা পেয়েছেন এবং সেটা কেনার ইচ্ছা প্রকাশ করেছেন। আমি অবিশ্যি বলতে বাধ্য হলাম যে আমি ওটা বেচব না। তাতে ভদ্রলোক ছেলেকে দিয়ে বলালেন যে পাথরটা তাঁর একবার দেখার ইচ্ছে। আশা করি সে সুযোগ থেকে তাকে বঞ্চিত করব না।’

‘ভদ্রলোকের নাম কী?’

‘জি. এল. ড্যানড্যানিয়া।’

‘ডানড্যানিয়া। বুঝলাম। কখন অ্যাপয়েন্টমেন্ট?’

‘কাল সকাল দশটা।’

‘আমরা আসতে পারি কি?’

‘নিশ্চয়ই। আপনারা এলে আমি অনেকটা নিশ্চিত্ত বোধ করব। ইন ফ্যাক্ট, আপনারা ভাল দোভাষীর কাজ করতে পারবেন। দুবরাজপুর আর তার পাশেই হেতমপুরে তো ভাল টেরা কোটার মন্দির আছে বলে ম্যাককাচন লিখেছে। কথা সেরে না হয় সেগুলো দেখে আসব।’

‘শুধু মন্দির না’, ফেলুদা বলল, ‘দুবরাজপুরে আরও দেখার জিনিস আছে। হাতে সময় থাকলে সেও দেখা যেতে পারে।’

হরিপদবাবু অ্যান্ডার্সনের নিয়ে পৌনে চারটেয় এসে পৌঁছালেন। পথে বর্ধমানে খেয়ে নিয়েছিলেন, বললেন আমরা বেরোতে চাইলে বেরোতে পারি। —‘আমার বিশ্বাসের কোনও দরকার নেই, স্যার।’

আমরা আর সময় নষ্ট না করে বেরিয়ে পড়লাম। পিয়ার্সন পল্লী থেকে শতদল সেনকে

তুলে নিয়ে ছ'জনে গিয়ে হাজির হলাম উত্তরায়ে। পিটার এরকম বাড়ি এর আগে দেখিনি, বলল, 'ইট লুকস্ লাইক এ ফেয়ারি টেল প্যালেস।'

উদীচী, শ্যামলীও দেখা হল। কোনওখানেই পভার্টির ছাপ নেই বলেই বোধহয় ম্যাক্সওয়েল তার ক্যামেরা বারই করল না।

লালমোহনবাবু সব দেখেটেখে বললেন, 'নো স্যার, এই অ্যাটমোসফিয়ারে এখন প্রখর রুদ্রর প্রট বেরোবে না ; তার জন্য চাই ক্যালকাটার পরিবেশ।'

ফেরবার পথে পিটার আর টম একটা সাইকেল রিকশা ধরল। পিটার বলল, 'কাছেই একটা ট্রাইব্যাল ভিলেজ আছে, টম তার কিছু ছবি তুলতে চায়।'

বুঝলাম সাঁওতাল গ্রামের কথা বলা হচ্ছে।

সাহেবদের বিদায় দিয়ে আমরা আমাদের ঘরে এসে 'অন্ত্যাক্ষরী' খেলে বিকেলটা কাটিয়ে দিলাম। যাবার সময় শতদলবাবু তাঁর থলি থেকে একটা বই বার করে জটায়ুকে দিয়ে বললেন, 'এই নিন—“লাইফ অ্যান্ড ওয়র্ক ইন বীরভূম”, লেখক এক পাদ্রি, নাম রেভারেন্ড প্রিচার্ড। একশো বছর আগের লেখা বই। ইন্টারেস্টিং তথ্যে বোঝাই। পড়ে দেখবেন।'

'উনি না পড়লেও আমি নিশ্চয়ই পড়ব।' বলল ফেলুদা।

পরদিন সকালে সাড়ে আটটায় ব্রেকফাস্ট সারা হল। দুবরাজপুর এখান থেকে ২৫ কিলোমিটার, যেতে আধ ঘণ্টার বেশি লাগবে না। ঢানঢানিয়ার ছেলে ওদের বাড়িটা কোথায় সেটা বুঝিয়ে দিয়েছিল, আর তা ছাড়া এও বলেছিল যে দুবরাজপুরে ওটাই হচ্ছে সবচেয়ে বড় বাড়ি।

আমরা দশটার পাঁচ মিনিট আগেই একটা উচু দেয়ালে ঘেরা বাড়ির লোহার গেটের সামনে এসে দাঁড়িলাম, গেটের গায়ে ফলকে লেখা জি. এল. ঢানঢানিয়া।

সশস্ত্র দারোয়ান একবার আমাদের মুখটা দেখে নিয়েই গেট খুলে দিতে বুঝলাম যে তাকে বলা হয়েছে সাহেবরা আসছে।

গেট খুলে দিতে গাড়ি ঢুকে খানিকটা মোরামফেলা পথ দিয়ে গিয়েই সদর দরজার সামনে পৌঁছে গেলাম। দরজার সামনে একটা স্কুটার ধরে একজন বছর পঁচিশের ছেলে, সে আমাদের দেখেই স্কুটারটা এক পাশে দাঁড় করিয়ে এগিয়ে এল। আমরা গাড়ি থেকে নামলাম। পিটার এগিয়ে গেল যুবকের দিকে। হাত বাড়িয়ে বলল, 'মাই নেম ইজ পিটার রবার্টসন। ইউ মাস্ট বি কিশোরীলাল?'

'হ্যাঁ। আমি কিশোরীলাল ঢানঢানিয়া। আমার বাবা আপনাদের সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট করেছেন। চলুন, আমি আপনাদের নিয়ে যাচ্ছি।'

'আমার এই তিনজন ভারতীয় বন্ধুও যেতে পারেন তো?'

'নিশ্চয়ই।'

আমরা কিশোরীলালকে অনুসরণ করে বাড়ির ভিতর ঢুকে একটা উঠোন পেরিয়ে সিঁড়ি দিয়ে দোতলায় উঠে দুটো ঘর আর একটা বারান্দা পেরিয়ে একটা দরজার সামনে এসে দাঁড়িলাম।

'জুতো খুলতে হবে কি?' ফেলুদা জিজ্ঞেস করল।

'না না, কোনও দরকার নেই।' কিশোরীলালের বাংলায় বেশ একটা টান আছে।

আমরা বৈঠকখানায় ঢুকলাম।

বেশ বড় ঘর। দরজা জানালায় রঙিন কাচ, তাই দিয়ে আলো এসে ঘরটাকে বেশ রংদার করে তুলেছে। ঘরের অর্ধেকটা ফরাস পাতা, বাকি অংশটায় সোফা চেয়ার ইত্যাদি রয়েছে।



মালিক বসে আছেন ফরাসের এক প্রাস্তে, শীর্ণকায় চেহারায একটা প্রকাণ্ড তাগড়াই গোঁফ একটা অদ্ভুত বৈপুণ্য এনেছে। চারপাশে তাকিয়া ছড়ানো। মালিক ছাড়াও ঘরে রয়েছেন বছর পঞ্চাশেকের একটি ভদ্রলোক, পরনে ছাই রঙের প্যাণ্টের সঙ্গে খয়েরি রঙের জ্যাকেট। ইনি আমাদের দেখেই উঠে দাঁড়ালেন।

পিটার তানটানিয়াকে উদ্দেশ্য করে ভারতীয় ভঙ্গিতে একটা নমস্কার করে বলল, 'মিঃ ড্যানড্যানিয়া, আই প্রিজিউম।'

'ইয়েস', বললেন তানটানিয়া, 'অ্যান্ড দিস ইজ মাই ফ্রেন্ড ইনস্পেক্টর চৌবে।'

'ইনি আমার বন্ধু টম ম্যাক্সওয়েল, আর এঁরা তিনজনও আমার বন্ধুস্থানীয়।'

ফেলুদা বলল, 'আমার নাম প্রদোষ মিত্র, ইনি মিঃ গাঙ্গুলী, আর এ আমার ভাই তপেশ।'

'সিট ডাউন, বৈঠিয়ে। —কিশোরী, রামভজনকো বোলো মিঠাই আর সরবতকে লিয়ে।'

কিশোরীলাল আঙা পালন করতে ঘর থেকে বেরিয়ে গেল। আমরা চেয়ার আর সোফায় ভাগাভাগি করে বসলাম। এবারে লক্ষ করলাম দেয়ালে চতুর্দিকে টাঙানো দেবদেবীর ছবি। মগনলাল মেঘরাজের বেনারসের বৈঠকখানার কথা মনে পড়িয়ে দেয়।

আমরা বসতে ফেলুদা গলা খাক্রিয়ে বলল, ‘আমাদের তো কোনও অ্যাপয়েন্টমেন্ট ছিল না, আমরা এসেছি মিঃ রবার্টসনের সঙ্গে। আপনার কোনও আপত্তি থাকলে কিন্তু আমরা এখনি চলে যেতে পারি।’

‘নো, নো। স্রেফ একটা পাথর দেখার ব্যাপার, আপনারা থাকলে ক্ষেতি কী?’

ম্যাক্সওয়েল হঠাৎ বলে উঠল, ‘মে আই টেক সাম পিকচার্স, মিঃ ড্যানড্যানিয়া!’

‘হোয়াট পিকচার্স?’

‘অফ দিস ক্রম।’

‘ঠিক হয়।’

‘হি সেজ ইউ মে’, বলে দিল ফেলুদা।

‘লেকিন পহলে তো উয়ো রুবি দেখলাইয়ে।’

‘হি ওয়ন্টস্ টু সি দ্য রুবি ফার্স্ট,’ বলল ফেলুদা।

‘আই সি!’

ম্যাক্সওয়েল ক্যামেরাটা পাশে সরিয়ে রেখে ব্যাগের ভিতর হাত ঢুকিয়ে রুবির কৌটোটা বার করল। তারপর সেটাকে খুলে ঢানঢানিয়ার দিকে এগিয়ে দিতে আমার বুকটা কেন জানি ধুকপুক করে উঠল।

ঢানঢানিয়া পাথরটা বার করে ঘুরিয়ে ফিরিয়ে দেখে কোনও মন্তব্য না করে সেটা তাঁর বন্ধু ইন্সপেক্টর চৌবের হাতে চালান দিলেন। চৌবে সেটা খুব তারিফের দৃষ্টিতে দেখে আবার ঢানঢানিয়াকে ফেরত দিল।

‘হোয়াট প্রাইস ইন ইংল্যান্ড?’ ঢানঢানিয়া প্রশ্ন করলেন।

‘টোয়েন্টি থাউজ্যান্ড পাউন্ডস,’ বলল পিটার রবার্টসন।

‘হুম্—দশ লাখ রুপয়া...’

এবার পাথরটা বাস্কে রেখে সেটা ম্যাক্সওয়েলকে ফেরত দিয়ে ঢানঢানিয়া বললেন, ‘আই উইল পে টেন ল্যাখস।’

লাখ ব্যাপারটা সাহেবরা বোঝে না বলে আবার ফেলুদাকে বলে দিতে হল, ‘হি মিনস ওয়ান মিলিয়ান রুপিজ।’

‘কিন্তু তার প্রশ্ন আসছে কী করে,’ বলল রবার্টসন, ‘আমি তো পাথরটা বিক্রি করব না।’

এই প্রথম বুঝলাম ঢানঢানিয়া ইংরিজিটা দিব্যি বোঝেন, কেবল বলার সময় হোঁচট খান।

‘হোয়াই নট?’ শুধোলেন ঢানঢানিয়া।

‘আমার পূর্বপুরুষের সাধ ছিল এটা ভারতবর্ষে ফেরত যাক,’ বলল রবার্টসন, ‘আমি তাঁর সে সাধ পূরণ করতে এসেছি। আমি এ পাথর নিয়ে ব্যবসা করব না। এটা আমি কলকাতার মিউজিয়মে দিয়ে দেব।’

‘দ্যাট ইজ ফুলিশ,’ বললেন ঢানঢানিয়া। ‘জাদুঘরে এই পাথর আলমারির এক কোণে পড়ে থাকবে। লোকে ভুলেই যাবে ওটার কথা।’

‘সে তো আপনাকে বিক্রি করলে আপনি ওটা বাস্কে-বন্দি করে রেখে দেবেন।’

‘ননসেন্স!’ বেশ জোরের সঙ্গে বলে উঠলেন ঢানঢানিয়া। ‘আমি আমার নিজের মিউজিয়াম করব—যেমন সালার জং মিউজিয়াম আছে হায়দ্রাবাদে। সেই রকম মিউজিয়াম আমি করব, দুবরাজপুরে নয়, কলকাতায়। গণেশ ঢানঢানিয়া মিউজিয়াম। লোকে এসে



আমার কালেকশন দেখে যাবে। ইওর রুবি উইল বি ইন এ স্পেশাল শো কেস। লোকে এসে দেখে তারিফ করবে। রুবির তলায় লেখা থাকবে সেটা কোথেকে কী ভাবে পাওয়া গেছে। তোমার নাম ভি থাকবে।’

এবার দুজন ভৃত্যের প্রবেশ ঘটল। তাদের একজনের হাতে ট্রেতে লাড্ডু, আরেকজনের ট্রেতে সরবত।

‘লাড্ডু খান, খেয়ে ডিসাইড করুন মিঃ রবার্টসন।’

আমরা ডান হাতের কাজটা সেরে ফেলার জন্য তৈরি হলাম। লাঞ্চ টাইম হতে এখনও দেরি, কিন্তু পেট বলছে খেতে আপত্তি নেই। বীরভূমের জলের কথা আগেই শুনেছিলাম।

আমাদের সঙ্গে সাহেবরাও লাড্ডু খেল। তারপর সরবত খাবার সময় দেখি টম ম্যাক্সওয়েল পকেট থেকে একটি বড়ি বের করে তাতে ফেলে দিল।

‘মিঃ মিটার,’ বললেন গণেশ দানডানিয়া, ‘আপনার বন্ধুদের বলে দিন কি বীরভূমের জল পিউরিফাই করার কোনও দরকার হয় না।’

ফেলুদা অবিশ্যি সেটা আর বলল না।

‘ওয়েল?’ মিষ্টি খাবার পর গুরুগভীর গলায় জিজ্ঞেস করলেন গণেশ দানডানিয়া। ওর শীর্ণ শরীর থেকে এই হেঁড়ে গলা বার হওয়াটাও বেশ একটা অবাক করা ব্যাপার।

‘ভেরি সরি মিঃ ড্যানডানিয়া,’ বলল রবার্টসন, ‘আমি তো বলেই ছিলাম এ পাথর বিক্রির জন্য নয়। তুমি দেখতে চেয়েছিলে তাই দেখালাম।’

এবার ইমপেক্টর চৌবে মুখ খুললেন।

‘আমি খালি একটা প্রশ্ন করতে চাই। পাথর বিক্রি করা না-করা আপনার মর্জি। কিন্তু এমন একটা জিনিস আপনার বন্ধু ব্যাগে নিয়ে ঘুরে বেড়াচ্ছেন দেখে আমার মোটেই ভাল লাগছে না! আপনি বললে আমি ওটার প্রোটেকশনের জন্য লোক দিতে পারি। সে হবে প্লেন ক্রোদস ম্যান। আপনি তাকে পুলিশ বলে বুঝতেও পারবেন না, কিন্তু সে আপনাদের নিরাপত্তা এনশিওর করবে।’

‘পুলিশের কোনও প্রয়োজন নেই,’ বলল টম ম্যাক্সওয়েল। ‘আমার কাছে এ পাথর সম্পূর্ণ নিরাপদ অবস্থায় আছে। চোর ছাঁচড় এর ওপর দৃষ্টি দিলে তাকে কীভাবে শাস্তা করতে হয় তা আমি জানি। আমি নিজেই অস্ত্রধারণ করি, পুলিশের কোনও প্রয়োজন নেই।’

চৌবে হাল ছেড়ে দিলেন।

‘ঠিক আছে। আপনার যদি এতই কনফিডেন্স থাকে তা হলে আমার বলার কিছু নেই।’

‘আপনারা কদিন আছেন?’ জিজ্ঞেস করলেন দানডানিয়া।

‘চার পাঁচ দিন তো বটেই,’ বলল পিটার রবার্টসন। ‘আমি নিজে টেরা কোটা মন্দির সম্বন্ধে ইন্টারেস্টেড, এবং সেই নিয়ে কিছু পড়াশুনাও করেছি।’

‘থিক্স, মিঃ রবার্টসন, থিক্স,’ বললেন দানডানিয়া। ‘থিক্স ফর টু ডেজ—দেন কাম টু মি আগেন।’

‘বেশ তো। ভাবতে তো আর পয়সা লাগে না। ভেবে নিয়ে তারপর তোমাকে আবার জানাব।’

‘গুড,’ বললেন দানডানিয়া, ‘অ্যান্ড গুড বাই।’

‘নাঃ—এ মশাই ভাবা যায় না ।’

গভীর সম্রমের সঙ্গে ফিসফিসিয়ে কথাটা বললেন জটায়ু । উনি না বললে হয়তো আমি বলতাম, কারণ এরকম দৃশ্য আমি এর আগে কখনও দেখিনি । প্রায় এক বর্গ মাইল জায়গা জুড়ে ছোট বড় মাঝারি সাইজের পাথর কাত হয়ে পড়ে আছে না হয় খাড়া দাঁড়িয়ে আছে, তার মধ্যে যেগুলোর হাইট সত্যিই উঁচু সেগুলো প্রায় তিন তলা বাড়ির সমান । একেকটা বিশাল দাঁড়ানো পাথর আবার মাঝখান থেকে চিরে দুভাগ হয়ে গেছে—হয়তো সুদূর অতীতের কোনও ভূমিকম্পের চিহ্ন । দৃশ্যটার মধ্যে এমন একটা প্রাগৈতিহাসিক ছাপ রয়েছে যে একটা পাথরের পাশ দিয়ে যদি একটা ডাইনোসর বেরিয়ে আসে তা হলেও অবাক হব না ।

এইখানেই একটা বিশেষ জোড়া পাথরকে বলা হয় মামা-ভাগনে, আর তার থেকে পুরো জায়গাটারই নাম হয়ে গেছে মামা-ভাগনে ।

গণেশ ঢানঢানিয়ার কাছে বিদায় নিয়ে বাইরে বেরিয়ে এসেই ফেলুদা প্রস্তাব করল দুবরাজপুরেই যখন আসা হয়েছে তখন মামা-ভাগনে না দেখে যাওয়ার কোনও মানে হয় না । চৌবেও প্রস্তাব সমর্থন করলেন । সাহেবরা এটার কথা আগে শোনেনি, এসে তাদের চোখ ছানাঝড়া হয়ে গেছে । পিটার খালি খালি বলছে ‘ফ্যানটাস্টিক... ফ্যানটাস্টিক,’ আর টমের মুখে এই প্রথম হাসি দেখা দিয়েছে । সে একটা ছবি তোলার বিষয়ও পেয়ে গেছে—একটা উঁচু পাথরের মাথায় বসে একটা সাধু চিরুনি দিয়ে দাড়ি আঁচড়াচ্ছে । তিনি কী করে ওই টঙে চড়েছেন তা মা গঙ্গাই জানেন ।

পিটার বলল, ‘আচ্ছা, চারিদিকে ক্রিসীমানায় কোনও পাথর দেখছি না, অথচ এইখানে এত পাথর—এ নিয়ে কোনও কিংবদন্তি নেই ?’

‘ডু ইউ নো গড হনুমান ?’

প্রশ্নটা অপ্রত্যাশিতভাবে করলেন জটায়ু । উত্তরে পিটার মৃদু হেসে বলল, ‘আই হ্যাভ হার্ড অফ হিম ।’

এর পরে লালমোহনবাবু যা বললেন, একসঙ্গে এতটা নির্ভুল ইংরিজি বলতে তাঁকে এর আগে কখনও শুনিনি ।

‘ওয়েল, হোয়েন গড হনুমান ওয়জ ফ্লাইং থ্রু দ্য এয়ার উইথ মাউন্ট গঙ্গমাদন অন হিজ হেড, সাম রকস্ ফ্রম দি মাউন্টেন ফেল হিয়ার ইন দুবরাজপুর ।’

‘ভেরি ইন্টারেস্টিং,’ বলল পিটার রবার্টসন ।

সাহেব থাকা সত্ত্বেও ফেলুদা জটায়ুকে উদ্দেশ্য করে বাংলায় বলল, ‘হনুমানের কিংবদন্তিটা বোধহয় আপনার কল্পনাপ্রসূত ?’

‘নো স্যার !’ বলে চাঁচিয়ে উঠলেন জটায়ু । ‘লজের ম্যানেজার নিজে আমায় এটা বলেছেন । এখানে সবাই এটাই বিশ্বাস করে ।’

‘“বাংলায় ভ্রমণ” তা বলেনি ।’

‘কী বলেছে ?’

‘বলেছে রামচন্দ্র যখন সেতুবন্ধনের জন্য পাথর আনাইলেন, তখন কিছু পাথর পুষ্পক রথ থেকে এখানে পড়ে যায় ।’

‘ভালই, তবে নট অ্যাজ গুড অ্যাজ মাই হনুমান ।’

ম্যাক্সওয়েলের মনে হল পাথরের ছবি তুলতে বিশেষ ভাল লাগছে না, যদিও আমার মনে



হচ্ছিল পাথরগুলো দারুণ ফোটোজেনিক। ওর সুযোগ এল মামা-ভাগ্নের এক প্রান্তে পাহাড়েশ্বর শিব আর শ্মশানকালীর মন্দিরে এসে।

মন্দিরে পূজো দেওয়া ও বোধহয় এই প্রথম দেখল, কারণ দেখলাম ওর ক্যামেরার খচ খচ শব্দ আর থামছে না। এই শ্মশানকালীকেই নাকি রঘু ডাকাত পূজো দিত।

চৌবে দেখলাম ম্যাক্সওয়েলের কাণ্ড দেখে একটু বিচলিত হয়ে পড়েছেন। বললেন, 'এখানে অনেকেই কিন্তু বিদেশিরা যে সব কিছুর ছবি তুলে নিয়ে যায় সেটা পছন্দ করে না। এই ব্যাপারে তোমাকে একটু সাবধান হতে হবে।'

'কেন?' ফোর্স করে বলে উঠল ম্যাক্সওয়েল। 'এখানে চোখের সামনে যা ঘটছে তারই তো ছবি তুলছি আমি, জোচ্ছুরি তো করছি না।'

'তাও বলছি—কখন, কী নিয়ে কে আপত্তি করে বসে তা বলা যায় না। ভারতীয়রা এ

ব্যাপারে একটু সেনসিটিভ। আমাদের কিছু আচার ব্যবহার বিদেশিদের চোখে দৃষ্টিকটু লাগা অস্বাভাবিক নয়, কিন্তু সেগুলোর ছবি তুলে বাইরে প্রচার করাটা অনেকের কাছেই আপত্তিকর মনে হতে পারে।’

ম্যাক্সওয়েল তেড়েমেড়ে কী যেন বলতে যাচ্ছিল। কিন্তু পিটার তাকে একটা মৃদু ধমকে নিরস্ত করল।

আমরা মামা-ভাগ্নে দেখে তেঁটা মেটানোর জন্য কিছুদূরে রাস্তার ধারে একটা চায়ের দোকানে গিয়ে রাস্তার উপরেই রাখা বেঞ্চগুলোতে বসে চা আর নানখাটাই অর্ডার দিলাম। হরিপদবাবু বললেন উনি এই ফাঁকে একবার চা খেয়ে নিয়েছেন তাই আর খাবেন না।

ইন্সপেক্টর চৌবে ফেলুদার পাশে বসেছিলেন, তাঁর পাশে আমি। তাই চৌবে যে কথটা বললেন সেটা আমার কানে এল।

‘আপনার নাম শুনেই আমি আপনাকে চিনেছি, কিন্তু সেটা আর প্রকাশ করিনি, কারণ মনে হল যত্নতর আপনার আসল পরিচয়টা প্রকাশ পেয়ে যায় সেটা হয়তো আপনি চাইবেন না।’

‘আপনি ঠিকই অনুমান করেছেন,’ বলল ফেলুদা।

‘এখানে কি বেড়াতে?’

‘পুরোপুরি।’

‘আই সি।’

‘আপনি তো বিহারের লোক বোধহয়।’

‘হ্যাঁ, কিন্তু পাঁচপুরুষ ধরে আমরা বীরভূমেই রয়েছি। ভাল কথা, ম্যাক্সওয়েল ছেলেটির সঙ্গে ভারতবর্ষের কোনও যোগসূত্র আছে কি?’

‘ম্যাক্সওয়েলের ঠাকুরদার ঠাকুরদাদা এই বীরভূমেই একটা নীলকুঠির মালিক ছিলেন। নাম বোধহয় রেজিন্যান্ড ম্যাক্সওয়েল।’

‘তাই হবে। আমি ছেলেবেলায় বাপ-ঠাকুরদাদার মুখে এক ম্যাক্সওয়েল সাহেবের নাম শুনেছি, তিনিও নীলকুঠির মালিক ছিলেন। লাভপুরের কাছে ছিল তাঁর কুঠি। গাঁয়ের লোকে বলত ম্যাকশেয়াল সাহেব। তারপর ক্রমে সেটা খ্যাকশেয়ালে পরিণত হয়।’

‘কেন?’

‘কারণ লোকটা ছিল ঘোর অত্যাচারী এবং অহংকারী। এর মধ্যেও দেখছি সেই পূর্বপুরুষের রক্ত কিছুটা বইছে। অথচ রবার্টসন সাহেব কিন্তু একবারেই সেরকম নন, সত্যি করেই ভারতবর্ষ ও ভারতীয়দের ভালবাসেন।’

চা পর্ব সেরে দুবরাজপুরের দুমাইলের মধ্যে হেতমপুরে কয়েকটা সুন্দর টেরা কোটা মন্দির দেখে আমরা লাঞ্চার আগেই টুরিস্ট লজে ফিরে এলাম। হেতমপুরের মন্দিরের গায়ে দুশো বছরের পুরনো থামে মেমসাহেবের মূর্তি দেখে রবার্টসন মুগ্ধ। ম্যাক্সওয়েলের দেখলাম মন্দির সম্বন্ধে কোনও কৌতুহল নেই। সে রাস্তার ধারে টিউবওয়েলে এক মা তার বাচ্চাকে স্নান করিয়ে দিচ্ছিল, তারই কয়েকটা ছবি তুলে ফেলল।

হেতমপুর থেকে চৌবে বিদায় নেবার আগে ফেলুদা তাকে একটা প্রশ্ন করল।

‘আপনার সঙ্গে তো ঢানঢানিয়ার যথেষ্ট পরিচয় আছে দেখলাম। লোকটা কেমন?’

চৌবে বলল, ‘পরিচয় মানে ও আমাকে হাতে রাখতে চায়। ওর নানারকম সব ধোঁয়াটে কারবার আছে, তাই পুলিশের সঙ্গে ওর দোস্তি রাখাটা দরকার। আমি অবশ্য ওর খাতিরের মানে বুঝি এবং সব সময়ই চোখ কান খোলা রাখি। গোলমাল দেখলে আমি ওকে রেহাই দেব না। তবে লোকটা ধনী। ওই রুবির জন্য দশ লাখ দিতে ওর গায়ে লাগবে না।’

‘ওঁর ছেলে কি ওর বাপের ব্যবসা দেখে ?’

‘কিশোরীলালের নিজের ইচ্ছা নেই বাপের ব্যবসায় থাকার। সে নিজে একটা কিছু করতে চায়, এবং সেই নিয়ে তার বাপের সঙ্গে কথাও হয়েছে। গণেশ তার ছেলেকে খুব ভালবাসে, তাই শেষ পর্যন্ত সে রাজিও হয়ে যেতে পারে।’

‘আই সি।’

‘ভাল কথা—আপনাদের কালকের প্ল্যান কী ?’

‘কাল ভাবছি সকালে একবার কেন্দ্রুলির মেলাটা দেখে আসব।’

‘আপনারা সবাই যাবেন ? ইনকুডিং এই দুই সাহেব ?’

‘সেরকমই তো মনে হয়।’

‘তা হলে আপনাকে বলে দিই—আপনি এই ম্যাক্সওয়েল ছোকরাটির উপর একটু দৃষ্টি রাখবেন। ওর ব্যবহার আমার মাথায় দুশ্চিন্তা ঢুকিয়ে দিয়েছে।’

‘নিশ্চয়ই রাখব।’

লজে ফিরে এসে আরও দুজনের সঙ্গে আলাপ হল—তাদের কথা এই বেলা লিখে রাখি।

এক—মিস্টার নস্কর। ইনি কলকাতার একজন নাম-করা ধনী ব্যবসায়ী। ইনি আগেই দুটোর সময় নিজের গাড়িতে এসে পৌঁছেছেন।

দুই—জগন্নাথ চট্টোপাধ্যায়। ইনি বোলপুরেই থাকেন। স্টেটসম্যানে পিটারের লেখাটা পড়ে সোজা আমাদের সঙ্গে এসে দেখা করে বললেন উনি বীরভূম সম্পর্কে বিশেষজ্ঞ। এখানকার প্রত্যেকটি টেরা কোটা মন্দির ওঁর দেখা এবং সে ব্যাপারে উনি সাহেবদের খুব সাহায্য করতে পারেন। পিটার তাঁকে বলে দিল ওর সঙ্গে যোগাযোগ রাখতে।

মিঃ নস্কর—পরে জেনেছিলাম পুরো নাম অর্ধেন্দু নস্কর—ট্যুরিস্ট লজে এসে লাউঞ্জে আমাদের দেখা পেলেন। আমরা সবাই তখন লাঞ্য়ের ডাক কখন পড়বে তার অপেক্ষায় বসে আছি। ভদ্রলোক এসে ঢুকতে আমাদের সকলেরই দৃষ্টি আকর্ষণ করলেন, কারণ চেহারাটা বেশ চোখে পড়ার মতো। টকটকে গায়ের রং, ফ্রেঞ্চ কাট কালো দাড়ি, চোখে রিমলেস চশমা, পরনে গাঢ় নীল সুটের সঙ্গে জামার উপর কালো নকশা করা স্কার্ফ।

ভদ্রলোক দুজন সাহেবের সামনে দাঁড়িয়ে ‘মিঃ রবার্টসন ?’ বলতেই পিটার উঠে দাঁড়িয়ে তার হাতটা বাড়িয়ে দিল। ভদ্রলোক করমর্দন করে বললেন, ‘মাই নেম ইজ ন্যাস্কার। আমি স্টেটসম্যানে তোমার লেখাটা পড়ে খোঁজখবর করে তোমার সঙ্গে দেখা করব বলে সোজা এখানে চলে আসছি আমার গাড়িতে।’

‘হোয়াট ক্যান আই ডু ফর ইউ ?’

নস্কর একটা চেয়ার টেনে নিয়ে পিটারের মুখোমুখি বসে বলল, ‘আগে তোমার মুখ থেকে আমি একটা কথা শুনতে চাই...’

‘কী ?’

‘দেড়শো বছর আগে তোমার পূর্বপুরুষ তাঁর ডায়রিতে যে বাসনার কথা লিখেছেন, তুমি কি সত্যিই সেটা পূরণ করতে এদেশে এসেছ ?’

‘অ্যাবসোলিউটলি,’ বলল পিটার।

‘তুমি কি অতিপ্রাকৃতে বিশ্বাস কর ? তোমার কি সত্যিই ধারণা যে রুবিটা ভারতবর্ষে ফেরত দিলে তোমার পূর্বপুরুষের আত্মা শান্তি পাবে ?’

পিটার শুকনো গলায় উত্তরটা দিল।

‘আমি কী বিশ্বাস করি বা না করি সেটা জানার কী দরকার ? যতদূর বুঝছি আপনি রুবিটা কেনার প্রস্তাব করছেন। আমার উত্তর হল আমি ওটা বেচব না।’

‘তুমি তোমার দেশের জহুরিকে এটা দেখিয়েছ ?’

‘দেখিয়েছি ।’

‘রুবির দাম তার মতে কত হতে পারে ?’

‘টোয়েন্টি থাউজ্যান্ড পাউন্ডস ।’

‘পাথরটা কি হাতের কাছে আছে ? সেটা একবার দেখতে পারি কি ?’

পাথরটা টমের কাছেই ছিল ; সে ব্যাগ থেকে কৌটোটা বার করে নস্করকে দিল । মিঃ নস্কর কৌটোটা খুলে পাথরটা বার করে বেশ কিছুক্ষণ ধরে সেটা ঘুরিয়ে ফিরিয়ে দেখে তারপর পিটারের দিকে ফিরে বলল, ‘তোমাদের দুজনের কাউকেই তো তেমন ধনী বলে মনে হচ্ছে না ।’

‘তার কারণ’, বলল পিটার, ‘আমরা ধনী নই । কিন্তু এও বলতে পারি যে আমরা লোভীও নই ।’

‘আমরা দুজনে কিন্তু এক ছাঁচে ঢালা নই’, টম ম্যাক্সওয়েল হঠাৎ বলে উঠল ।

‘তার মানে ?’ নস্কর শুধোলেন ।

পিটার বলল, ‘আমার বন্ধু বলতে চাইছে যে এ ব্যাপারে আমাদের দুজনের মধ্যে মতের সম্পূর্ণ মিল নেই । অর্থাৎ রুবিটা বিক্রি করে দু পয়সা রোজগারের ব্যাপারে তার কোনও আপত্তি নেই । কিন্তু রুবিটা তো ওর প্রপার্টি নয়, আমার প্রপার্টি ; কাজেই ওর কথায় তেমন আমল না দিলেও চলবে ।’

টম দেখি গম্ভীর হয়ে গেছে, তার কপালে গভীর খাঁজ ।

‘এনিওয়ে’, বললেন নস্কর, ‘আমি এখানে আরও তিনদিন আছি । শান্তিনিকেতনে আমার বাড়ি রয়েছে । আমি আপনাদের সঙ্গে যোগাযোগ রাখব । অত সহজে আমাকে ঝেড়ে ফেলতে পারবেন না মিস্টার রবার্টসন । আমি আপনাকে বারো লাখ টাকা দিতে রাজি আছি । আমার মূল্যবান পাথরের সংগ্রহ সারা ভারতবর্ষে পরিচিত । এত বড় একটা রোজগারের সুযোগকে আপনারা কেন হেলাফেলা করছেন জানি না । আশা করি ক্রমে আপনাদের মত পরিবর্তন হবে ।’

পিটার বলল, ‘এখানে একটা কথা কিন্তু বলা দরকার । আপনার আগে আরেকজন আমাদের অফার দিয়েছেন ।’

‘কে ?’

‘দুবরাজপুরের একজন ব্যবসায়ী ।’

‘দানটানিয়া ?’

‘হ্যাঁ ।’

‘ও কত দেবে বলেছে ?’

‘দশ লাখ । সেটা আরও বাড়বে না এমন কোনও কথা নেই ।’

‘ঠিক আছে । দানটানিয়াকে আমি খুব চিনি । ওকে আমি ম্যানেজ করে নেব ।’

মিঃ নস্কর আমাদের কাছ থেকে বিদায় নিয়ে চলে গেলেন, আর ওদিকে ডাইনিং রুম থেকে খবর এল যে পাত পড়েছে ।

বোলপুর থেকে ২৫ মাইল দূরে আড়াইশো বছর আগে বর্ধমানের এক মহারানির তৈরি রাধাবিনোদের টেরা কোটা মন্দির ঘিরে চলেছে কেন্দুলির বিরাট মেলা। মেলা বলতে যা বোঝায় তার সবই এখানে আছে। দক্ষিণ দিয়ে বয়ে চলেছে অজয় নদী।

আমরা আমাদের গাড়িতেই এসেছি সকলে; সেটা সম্ভব হয়েছে ফেলুদা গাড়ি চালানোর ফলে। আমরা তিনজন সামনে আর পিছনে পিটার, টম ও জগন্নাথ চাটুজ্যে।

মেলার এক পাশে একটা বিরাট বটগাছের তলায় বাউলরা জমায়েত হয়েছে। তাদের মধ্যে একজন আবার একতারা আর ডুগডুগি নিয়ে নেচে নেচে গান গাইছে—

আমি অচল পয়সা হলাম রে ভবের বাজারে

তাই ঘণা করে ছোঁয় না আমায় রসিক দোকানদারে...

জগন্নাথবাবু এদিকে পিটারকে মন্দিরের গায়ের কারুকার্য বোঝাচ্ছে। আমিও কাছে গিয়ে অবাক হয়ে দেখলাম যে রামায়ণ-মহাভারতের অনেক দৃশ্য মন্দিরের গায়ে খোদাই করা রয়েছে।

টম একটু আগেও আমাদের পাশেই ছিল, এখন জানি না কোথায় চলে গেছে।

একটা সুযোগ পেয়ে ফেলুদা পিটারকে নিজের কাছে ডেকে নিয়ে একটা প্রশ্ন করল, যেটা আমার মাথায়ও ঘুরছিল।

‘তোমাদের দুজনের বন্ধুত্বে কি একটু চিড় ধরেছে? টমের কথাবার্তা হাবভাব কাল থেকেই আমার ভাল লাগছে না। তুমি ওর উপর কতখানি বিশ্বাস রাখ?’

পিটার বলল, ‘আমরা একই স্কুলে একই কলেজে পড়েছি। ওর সঙ্গে আমার বন্ধুত্ব বাইশ বছরের। কিন্তু ভারতবর্ষে আসার পর থেকে ওকে যেমন দেখছি তেমন আর আগে কখনও দেখিনি। ওর মধ্যে কতকগুলো পরিবর্তন দেখছি। এক এক সময় মনে হয় ওর ধারণা ব্রিটিশরা এখনও বুঝি ভারতীয়দের শাসন করে। তা ছাড়া ওদেশে থাকতে রুবিটা ভারতবর্ষে ফেরত দেবার ব্যাপারে ও কোনও আপত্তি করেনি। এখন মনে হচ্ছে ওটা বিক্রি করতে পারলে ও আরও খুশি হয়।’

‘ওর কি খুব টাকার দরকার?’

‘ও সারা পৃথিবী ঘুরে ছবি তুলতে চায়—বিশেষ করে যেসব দেশে দারিদ্র্যের চেহারাটা খুব প্রকট। এতে যা খরচ হবে সে টাকা ওর কাছে নেই। তবে রুবিটা বিক্রি করলে যা টাকা পাওয়া যাবে তাতে আমাদের দুজনের খরচ কুলিয়ে যাবে।’

‘ও যদি তোমাকে না জানিয়ে পাথরটা পাচার করে?’

‘সেরকম বিশ্বাসঘাতকতা ও করবে বলে মনে হয় না। আমি ওকে মাঝে মাঝে শাসন করতে শুরু করেছি। মনে হয় তাতে কাজ দেবে।’

ফেলুদা এদিক ওদিক দেখে বলল, ‘ও কোথায় গেছে বলতে পারো?’

‘তা তো জানি না। আমাকে বলে যায়নি।’

‘আমার একটা সন্দেহ হচ্ছে।’

‘কী?’

‘দক্ষিণ দিকে নদীর পাড় থেকে ধোঁয়া উঠছে দেখে বুঝতে পারছি ওখানে শ্মশান আছে। ও আবার তার ছবি তুলতে যায়নি তো? একবার গিয়ে দেখা দরকার।’

লালমোহনবাবু কাছেই একটা দোকানের সামনে দাঁড়িয়েছিলেন। আমরা তাঁকে ডেকে নিয়ে ধোঁয়ার দিকে রওনা দিলাম।

বাউলের দল পেরিয়ে নদীর পাড়। সেখান থেকে জমিটা ঢালু হয়ে গিয়ে জলে মিশেছে।

ওই যে শ্মশান। একটা মড়া পুড়ছে, আরেকটা চিতায় শুইয়ে তার উপর কাঠ চাপানো হচ্ছে।

‘ওই তো টম!’ পিটার চৈচিয়ে উঠল।

আমিও দেখলাম টমকে। সে ক্যামেরা হাতে যে মড়াটায় কাঠ চাপানো হচ্ছিল তার ছবি তোলার তোড়জোড় করছে।

‘হি ইজ ডুইং সামথিং ভেরি ফুলিশ’, বলল ফেলুদা।

কথাটা বলার সঙ্গে সঙ্গেই সেটা যে সত্যি সেটা প্রমাণ হয়ে গেল। মড়ার কাছেই গোটা চারেক মাস্তান টাইপের ছেলে বসেছিল। টম সব ক্যামেরাটা চোখের সামনে ধরেছে আর সেই সময় একটা মাস্তান টমের দিকে দ্রুত এগিয়ে গিয়ে ক্যামেরাটায় মারল একটা চাপড়, আর যন্ত্রটা টমের হাত থেকে ছিটকে গিয়ে বালির ওপর পড়ল।

আর টম? সে বিদ্যুৎবেগে তার ডান হাত দিয়ে মাস্তানের নাকে মারল এক ঘুষি। মাস্তানটা হাত দিয়ে মুখ চেপে মাটিতে বসে পড়ল। হাত সরাতে দেখি ওর নাক দিয়ে রক্ত পড়ছে।

ফেলুদা আর এক মুহূর্ত অপেক্ষা না করে উর্ধ্বশ্বাসে গিয়ে মাস্তানদের সামনে হাত তুলে দাঁড়াল, তার পিছনেই টম।

ফেলুদা এবার মুখ খুলল। যতটা সম্ভব নরম করে সে কথাগুলো বলল।

‘আপনারা এইবারের মতো এই সাহেবকে মাপ করে দিন। উনি নতুন এসেছেন, কোথায় কী করতে হয় না-হয় সে বিষয়ে এখনও ধারণা নেই। মৃতদেহের ছবি তুলে উনি খুবই অন্যায্য কাজ করেছেন। সেটা আমি ওঁকে বুঝিয়ে বলছি। আপনারা এইবারের মতো ওঁকে মাপ করে দিন।’

অবাক হয়ে দেখলাম একজন মাস্তান এগিয়ে এসে টিপ করে ফেলুদাকে একটা প্রণাম করে বলল, ‘আপনি স্যার ফেলুদা নন? একেবারে সেই মুখ, সেই ফিগার!’

‘হ্যাঁ। আমি স্বীকার করছি আমি ফেলু মিড্ডির। এই সাহেব আমাদের বন্ধু। আপনারা দয়া করে এঁকে রেহাই দিন।’

‘ঠিক আছে স্যার, ঠিক আছে’, কেমন যেন মন্ত্রমুগ্ধের মতো বলল মাস্তানের দল। আমি বুঝলাম ফেলুদাকে চিনে ফেললে ফল যে সব সময় খারাপ হয় তা মোটেই না।

কিন্তু যে মাস্তান ঘুষি খেয়েছিল সে এ পর্যন্ত কথা বলেনি, এবার বলল— ‘আমি এর বদলা নেব, মনে রেখো সাহেব— চাঁদু মল্লিকের কথা নড়চড় হয় না।’

আমরা ফিরতি পথ ধরলাম। বালির উপর পড়াতে টমের ক্যামেরার কোনও ক্ষতি হয়নি। তবে ও দেখলাম বেশ হকচকিয়ে গেছে। আশা করি এবার থেকে ও একটু সাবধান হবে।

আমাদের মেলা দেখার শখ মিটে গিয়েছিল, তাই আমরা বোলপুরমুখো রওনা দিলাম।

বোলপুরে ফিরে লাঞ্চ খেয়ে লাউঞ্জে এসে বসতেই দেখি চৌবে হাজির।

‘আপনাদের খবর নিতে এলাম’, বললেন চৌবে। পুলিশের চোখ, তাই বললেন, ‘দেখ মনে হচ্ছে কোথাও যেন একটা গোলমাল হয়েছে?’

‘বিস্তর গোলমাল’, বলল ফেলুদা। তারপর শ্মশানের ঘটনাটা বর্ণনা করে বলল, ‘চাঁদু মল্লিক নামটা কি চেনা চেনা মনে হচ্ছে?’

‘বিলম্ব চেনা’, বললেন চৌবে। ‘হেতমপুরে থাকে, নাম-করা গুণ্ডা। বার তিনেক



জেলেও গেছে। ও যদি বদলা নেবার কথা বলে থাকে তো সেটা হেসে উড়িয়ে দেওয়া চলবে না।’

ইতিমধ্যে টম ঘরে চলে গিয়েছিল। পিটার বসেছিল আমাদের সঙ্গে। টোবে ইংরিজিতে বললেন, ‘শুধু একটিমাত্র লোক এই অবস্থার পরিবর্তন ঘটাতে পারেন। তিনি হলেন পিটার রবার্টসন। মিঃ রবার্টসন— প্লিজ কনট্রোল ইওর ফ্রেন্ড’স টেমপার। ভারতবর্ষ পঁয়তাল্লিশ বছর হল স্বাধীন হয়েছে। তাদের প্রাক্তন মনিবদের কাছ থেকে এ রকম ব্যবহার আজ আর কোনও ভারতীয় বরদাস্ত করতে পারবে না।’

‘সেটা তুমিই ওকে বলো’, বলল পিটার। ‘আমার মাথায় সমস্ত ওলট-পালট হয়ে গেছে। আমি এই টমকে আর চিনি না। তার সঙ্গে কথা বলতে হয় তুমি বলো। বলে যদি কিছু ফল হয় তা হলে আমাদের এখানে আসাটা সার্থক হবে।’

‘ঠিক আছে। আমিই বলছি। কিন্তু পাথরটা কি আপনার বন্ধুর কাছেই থাকবে? সেটা

কি আপনার নিজের জিন্মায় রাখা চলে না ?’

‘আমার অসম্ভব ভুলো মন, জানেন মিঃ চৌবে । পাথরটা মনে হয় ওর কাছেই নিরাপদে আছে । আর ও যদি পাথরটাকে পাচার করতে চায় তা হলে সেটা ও আমাকে না জানিয়ে করবে বলে মনে হয় না ।’

আমরা উঠে পড়লাম । সবাই মিলে গিয়ে ঢুকলাম দশ নম্বর ঘরে ।

একটা চেয়ারে মাথা নিচু করে বসে আছে টম ম্যাক্সওয়েল, তার ঠোঁট থেকে ঝুলছে একটা আধ-খাওয়া সিগারেট । ঘরের দরজা খোলাই ছিল, আমরা ঢুকতে সে মুখ তুলে চাইল, কিন্তু উঠে দাঁড়াল না । মিঃ চৌবে গিয়ে তার পাশের চেয়ারটায় বসলেন, আমরা বাকি ক’জন দু খাটে ভাগাভাগি করে বসলাম ।

‘আর ইউ ট্রাইং টু পুট প্রেশার অন মি ?’ জিজ্ঞেস করল টম ম্যাক্সওয়েল ।

‘নো’, বললেন চৌবে, ‘উই হ্যাভ নট কাম টু প্লিড উইথ ইউ । তোমাকে সনির্বন্ধ অনুরোধ জানাতে এসেছি ।’

‘কী অনুরোধ ?’

‘ভারতীয়দের প্রতি তোমার যতই বিদ্বেষ থাক না কেন, সেটা বাইরে প্রকাশ কোরো না ।’

‘আমি তো তোমার কথা মতো চলব না । আমার নিজের বিচারবুদ্ধি যা বলে আমি তাই করব । আমি এই দুই দিনেই দেখতে পাচ্ছি তোমাদের দেশ কোথায় পিছিয়ে পড়ে আছে । এই পঁয়তাল্লিশ বছরে তোমরা এক চুলও অগ্রসর হওনি । এখনও তোমরা হাল বলদ দিয়ে চাষ কর, কলকাতার মতো শহরে মানুষ দিয়ে রিকশা টানাও, ফুটপাথে লোকে শুয়ে থাকে সপরিবারে—এ সব কি সভ্যতার লক্ষণ ? তোমরা এ সব গোপন রাখতে চাও বিশ্বের লোকদের কাছ থেকে । আমি তা মানব না । আমি ছবি তুলে দেখিয়ে দেব স্বাধীন ভারতবর্ষের আসল চেহারা ।’

‘শুধু এই কটা দিক দেখলে চলবে না, টম ম্যাক্সওয়েল । অন্য কত দিকে আমাদের দেশ এগিয়েছে সেটা তুমি দেখবে না ? আমরা মহাকাশে যান পাঠিয়েছি । আমাদের দেশে দৈনিক ব্যবহারের কতরকম জিনিস তৈরি হয়েছে সেটা তুমি নিশ্চয়ই দেখেছ ? জামা-কাপড়, ওষুধপত্র, প্রসাধনের জিনিস, ইলেকট্রনিক যন্ত্রপাতি—কোনটা না তৈরি হচ্ছে ভারতবর্ষে ! শুধু অভাবটাই তুমি দেখবে ? তোমাদের দেশে কি নিন্দনীয় কিছু নেই ?’

‘দুটোর তুলনা কোরো না । ইন্ডিয়ার স্বাধীনতা একটা ভাওতা । সেটা আমি আমার ক্যামেরা দিয়ে প্রমাণ করতে চাই । আজ থেকে পঞ্চাশ বছর আগে আমাদের পূর্বপুরুষেরা তোমাদের উপর যেমন কর্তৃত্ব করে এসেছে, এখনও সেটার দরকার । না হলে এ দেশের কোনও উন্নতি হবে না । মাই গ্রেট গ্রেট গ্র্যান্ডফাদার ওয়াজ রাইট ।’

‘মানে ?’

‘তিনি ছিলেন নীল কুঠির মালিক । হি কিঙ্ড ওয়ন অফ হিজ সার্ভেন্টস টু ডেথ ।’

‘সে কী !’

‘ইয়েস স্যার ! হিজ পাংখা-পুলার । এখন তো তবু শীতকাল, গরমে তোমাদের দেশের আবহাওয়া কী বীভৎস হয় তা আমি শুনেছি । সেই গরমকালে রাত্রে আমার পূর্বপুরুষ রেজিন্যান্ড ম্যাক্সওয়েল ঘুমোচ্ছিলেন তাঁর বাংলোয় । পাংখাওয়ালা পাংখা টানছিল । টানতে টানতে সে ঘুমিয়ে পড়ে । ঘাম এবং অজস্র মশার কামড়ের চোটে রেজিন্যান্ড ম্যাক্সওয়েলের ঘুম ভেঙে যায় । তিনি আন্দাজ করেন ব্যাপারটা কী । বাইরে এসে দেখেন পাংখাপুলার মুখ হাঁ করে ঘুমোচ্ছে । রেজিন্যান্ড প্রচণ্ড রাগে তার চাকরের পেটে কষে লাথি মারতে থাকেন । তাতে চাকরের ঘুম চিরনিদ্রায় পরিণত হয় । এই হচ্ছে রাইট ট্রিটমেন্ট । তোমরা কী

বিশ্রীভাবে মড়া পোড়াও আজ তার ছবি তুলতে গিয়েছিলাম। এ দৃশ্য আমাদের দেশে কেউ দেখেনি—আমি তাদের দেখাতে চেয়েছিলাম। তবে স্থানীয় কয়েকজন হুডলামস্ আমাকে শাসাতে আসে। আমি ঘুমি মেরে তাদের একজনের নাক ফাটিয়ে দিই। হি ডিজার্ড্ ইট। এ ব্যাপারে আমার বিন্দুমাত্র আপশোস নেই।’

চৌবে একটুক্ষণ চূপ করে থেকে বলল, ‘মিস্টার ম্যাক্সওয়েল, আমি শুধু এইটুকুই বলতে চাই যে দ্য সুনার ইউ লিভ আওয়ার কান্ট্রি দ্য বেটার। তুমি থাকলে শুধু দেশের অমঙ্গল নয়, তোমার নিজেরও যে অমঙ্গল হতে পারে সেটা আশা করি বুঝতে পেরেছ।’

‘আমি এ দেশে এসেছি ছবি তুলতে। সে কাজ শেষ করে তবে আমি ফিরব।’

‘তোমাদের আসার আসল উদ্দেশ্য তো হল রবার্টসনের রুবিটা ফেরত দেওয়া।’

‘সেটা পিটারের উদ্দেশ্য—অ্যান্ড আই থিঙ্ক হি ইজ বিইং ভেরি স্টুপিড। ও যদি পাথরটা বেচে দেয় তা হলে আমি আরও অনেক বেশি খুশি হব।’

৬

রাত্রে ডিনার সেরে ঘরে বসে আড্ডা মারছি, ফেলুদা সবে একটা চারমিনার ধরিয়েছে, এমন সময় লালমোহনবাবু হঠাৎ ব্যস্ত হয়ে উঠে পড়লেন।

‘এত তাড়া কীসের?’ জিজ্ঞেস করল ফেলুদা।

‘আরে মশাই, শতদল একটা বই পড়তে দিয়েছে না— সেটা ছাড়তে পারছি না। টম ম্যাক্সওয়েল যে পাংখা-পুলারকে জুতিয়ে মারার গল্প বলল, সেই ঘটনা এই বইতে রয়েছে।’

‘বটে?’

‘বইটার নাম লাইফ অ্যান্ড ওয়র্ক ইন বীরভূম; লিখেছেন এক পাদ্রি, নাম রেভারেন্ড প্রিচার্ড। গত সেপ্টেম্বর শেষের দিকের ঘটনা। রেজিন্যাল্ড ম্যাক্সওয়েল তার চাকরকে খুন করে কিন্তু সেই খুনের জন্য কোনও শাস্তি তাকে কোনওদিন ভোগ করতে হয়নি। এই চাকরের নাম ছিল হীরালাল।

‘মারা যাওয়াতে তার ছেলে অনাথ হয়ে পড়ে। এই পাদ্রি তখন ছিলেন শিউড়িতে। তিনি খুনের খবরটা পেয়ে ম্যাক্সওয়েলের নীলকুঠিতে যান। সেখানে এগারো বছরের অনাথ অনন্ত নারায়ণকে দেখে ভারী দুঃখ পান। তখনই ছেলেটির ভরণপোষণের ভার গ্রহণ করেন। তারপর ছেলেটিকে খ্রিস্টান করে একটি মিশনারি স্কুলে ভর্তি করেন। এই পর্যন্ত পড়েছি মশাই। সেই ছেলেটির কী হল জানার জন্য প্রাণটা আঁকুপাঁকু করছে, সো প্লিজ এক্সকিউজ—’

দরজায় টোকা। খুলে দেখি পিটার রবার্টসন।

‘মে আই কাম ইন?’

‘নিশ্চয়ই, নিশ্চয়ই।’

ফেলুদা উঠে দাঁড়াল। লালমোহনবাবু আবার বসে পড়লেন। পিটারকে গম্ভীর দেখাচ্ছে; কিছু একটা ঘটেছে নিশ্চয়ই।

‘কী ব্যাপার পিটার?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘আই হ্যাভ ডিসাইডেড টু সেল দ্য রুবি।’

‘সে কী! বসো, বসো— বসে কথা বলো।’

পিটার বসল। তারপর বলল, ‘এই দূর দেশে এসে বন্ধু-বিচ্ছেদের কথা ভেবে মনটা বড় উদ্ভিন্ন হয়ে উঠল। টম বন্ধুপরিকর যে পাথরটা বেচে যা টাকা আসবে তাই দিয়ে পৃথিবী

ভ্রমণে বেরোবে। এই ধারণাটা ওকে একেবারে নেশার মতো পেয়ে বসেছে। আর আমিও ভেবে দেখলাম— মিউজিয়ামে দিলে কজনে আর পাথরটার কথা জানতে পারবে? তাই অনেক ভেবে-চিন্তে...অবশেষে...

ফেলুদা গম্ভীর। বলল, 'তোমাদের সিদ্ধান্ত আমি নাকচ করার কে? তবে অনেক আশা করেছিলাম যে তোমার সিদ্ধান্তই কায়েমি থাকবে। এখন দেখছি তা নয়।'

লালমোহনবাবু বললেন, 'কবে বিক্রি করার কথা ভাবছ তুমি?'

'প্রথম অফার যখন চানচানিয়ার তখন ওকেই দেব ভাবছি। ওর সঙ্গে টেলিফোনেও কথা হয়ে গেছে। পরশু সকাল দশটায় টাইম দিয়েছে।'

'একটা ঐতিহাসিক ঘটনা ঘটবে বলেছিলে, এখন সেটা একটা মামুলি ঘটনায় পর্যবসিত হল,' দীর্ঘশ্বাস ফেলে বলল ফেলুদা।

'আই অ্যাম ভেরি সরি।'

পিটার চলে গেল। রবার্টসনের রুবির সঙ্গে ব্যবসার ব্যাপারটা জড়িয়ে জিনিসটা কেমন জানি জোলো হয়ে গেল।

আমরা আগে থেকেই ঠিক করে রেখেছিলাম যে পরদিন সকালে গিয়ে বক্রেস্বরটা দেখে আসব। ব্রেকফাস্ট খাবার দশ মিনিটের মধ্যে মিঃ নস্কর তাঁর গাড়িতে এসে ট্যুরিস্ট লজের রিসেপশন বিল্ডিংটার সামনে হাজির হলেন।

'গুড মর্নিং।'

আমরা লাউঞ্জে দাঁড়িয়েছিলাম, সকলেই গুড মর্নিং বললাম।

'আজ ফুলবেড়ে গ্রামে চাঁদনি রাতে জ্বর সাঁওতাল নাচের বন্দোবস্ত হয়েছে।'

'হঠাৎ?' ফেলুদা জিজ্ঞেস করল।

'একদল জাপানি ট্যুরিস্ট এসেছে। তাদের জন্য ব্যবস্থা করা হয়েছে। আমি এসেছি আপনাদের আমার ওখানে ইনভাইট করতে। রাত্রে ডিনার। তারপর দশটা নাগাদ দু মাইল দূরে সাঁওতাল গ্রামে গিয়ে নাচ দেখা। কেমন?'

ফেলুদা বলল, 'ইনভাইট করছেন মানে সবাইকে?'

'এভরিওয়ান। আপনারা তিনজন এবং সাহেব দুজন।'

'থ্যাঙ্ক ইউ ভেরি মাচ,' বলল ফেলুদা। 'ক'টায় আসব?'

'এই আটটা নাগাদ। আমি গাড়ি পাঠিয়ে দেব কি?'

'না না,' বলল ফেলুদা। 'আমরা তো ড্রাইভার নিয়ে সবসুদ্ধ হ'জন—কোনও অসুবিধা হবে না।'

'ভেরি ওয়েল। গুড ডে।'

বক্রেস্বর গিয়ে মনে হল সেই কোন আদিকালে এসে পড়েছি। সামনে সারি সারি মন্দির, পিছনে জঙ্গল। তার মধ্যে বটগাছই বেশি। কোনও কোনও বটগাছ থেকে ঝুরি নেমে এসে মন্দিরকে আঁকড়ে ধরেছে। এতগুলো মন্দির আর এতগুলো কুণ্ড, জগন্নাথবাবু দেখলাম সবগুলোর নাম জানেন। লালমোহনবাবু পূজা দিলেন। কারণ বললেন, 'না দিলে নিজেকে বড় বে-ধার্মিক মনে হচ্ছে।' দুজন সাহেবের একজন—পিটার রবার্টসন—সুইমিং ট্রাকস্ পরে সৌভাগ্য কুণ্ডে সাঁতার কাটল। কুণ্ডের নামের মানেটা আগেই জেনে নিয়েছিল। তাই বলল, 'দিস উইল ব্রিং মি গুড লাক্।' মন্দিরের আগেই ভিথিরির দল। তাই টম ম্যাক্সওয়েলের ফোটোজেনিক বিষয়ের অভাব ঘটেনি।

লজে ফিরে আসার আধ ঘণ্টার মধ্যেই ফেলুদার একটা ফোন এল। ইন্সপেক্টর চৌবে।

জিঞ্জের করল আমরা সাঁওতাল নাচের খবরটা পেয়েছি কি না। ফেলুদা অবিশ্যি নস্করের বাড়িতে ডিনারের খবরটাও দিয়ে দিল। বলল, সেখান থেকে আমরা নাচ দেখতে যাব। চৌবে বললেন তিনিও সাড়ে দশটা নাগাদ যাবেন, কাজেই ওখানেই আমাদের সঙ্গে দেখা হবে।

মিঃ নস্কর ভালরকম ডিরেকশন দিয়ে দিয়েছিলেন। তাই ওঁর বাড়ি পেতে দেরি হল না। বেশ বড় দোতলা বাড়ি, সামনে ফুলের বাগান, গেট দিয়ে গাড়ি ঢুকে পোর্টিকোর নীচে থামল।

নস্কর আমাদের জন্য অপেক্ষাই করছিলেন, আমরা গাড়ি থেকে নামতে আমাদের আপ্যায়ন করে ভিতরে নিয়ে গেলেন। একটা সুসজ্জিত বৈঠকখানায় গিয়ে আমরা কজন বসলাম। সাহেবদের জন্য ইংরিজিতেই কথাবার্তা হল।

‘একা মানুষের পক্ষে তো আপনার বিরাট বাড়ি দেখছি’, বলল ফেলুদা।

‘একা বটেই, তবে আমার বন্ধু-বান্ধব অনেক। তাদের চার-পাঁচজনকে ধরে নিয়ে প্রায়ই এখানে ছুটি কাটিয়ে যাই।’

নস্কর আর দুই সাহেবের জন্য হুইস্কি এল, আর আমরা ও রসে বঞ্চিত জেনে আমাদের জন্য লিমকা।

লালমোহনবাবুর দিকে দৃষ্টি দিয়ে হঠাৎ নস্কর বললেন, ‘আপনার বন্ধু যে গোয়েন্দা সে আমি নাম শুনেই বুঝেছি। কিন্তু আপনার সঠিক পরিচয়টা পাওয়া যায়নি। এখন জিঞ্জের করতে পারি কি?’

উত্তর দিল ফেলুদা।

‘ওর আসল নামটা অনেকেই জানে না। উনি ছদ্মনামে খিলার লেখেন। সেই নামটা হল জটায়ু। জনপ্রিয়তায় উনি নাস্তার ওয়ান বললে বেশি বলা হবে না।’

‘ঠিক, ঠিক—আমি পড়েছি আপনার লেখা। “সাংঘাইয়ে সংঘাত”—কেমন, ঠিক বলিনি?’

লালমোহনবাবু একটা বিনয়ী হাসি হাসলেন।

‘আমি সিরিয়াস বই একদম পড়তে পারি না,’ বললেন নস্কর। ‘বিলিতি ক্রাইম ফিকশন পড়ি আর মাঝে মাঝে দু-একটা দিশিও চেখে দেখি। এখন কী লিখছেন?’

‘আপাতত রেস্ট। গত পুজোয় একটা বেরিয়েছে। নাম শুনে থাকতে পারেন— লন্ডনে লণ্ডভণ্ড।’

‘এটাও কি হিট?’

‘সাড়ে চার হাজার কপি নিঃশেষ—হেঃ হেঃ!’

মিঃ নস্কর আসল প্রশঙ্গে যেতে বেশি সময় নিলেন না। পিটারের দিকে ফিরে বললেন, ‘আমার প্রস্তাবটা নিয়ে কি আপনি কিছু ভেবেছেন?’

‘আমি পাথরটা বিক্রি করে দিচ্ছি।’ বলল পিটার।

‘দ্যাটস্ এক্সেলেন্ট।’

‘কিন্তু আপনাকে না।’

‘তানটানিয়া?’

‘হ্যাঁ। উনিই প্রথম অফার দিয়েছিলেন তাই...’

‘নো, মিঃ রবার্টসন, আপনি ওটা আমাকেই বিক্রি করবেন।’

‘সে কী করে হয়? আই হ্যাভ সেট-আপ মাই মাইন্ড।’

‘কী করে হয় আমি বুঝিয়ে দিচ্ছি। কারণটা আমি একজন নিরপেক্ষ ব্যক্তির মুখ দিয়ে

শুনিয়ে দিচ্ছি । —মিঃ গাঙ্গুলী !’

‘আগ্-গেঁ ?’

ডাকটা এত অপ্রত্যাশিত যে লালমোহনবাবুর গলা চিরে দু-ভাগ হয়ে গেল ।

‘আপনি কাইন্ডলি যদি এই কার্পেটের সামনেটায় এসে দাঁড়ান !’

‘আ-আমি ?’

‘আপনিই সবচেয়ে নিরপেক্ষ এবং সবচেয়ে অমায়িক । আপনি ভয় পাবেন না । আপনার বিন্দুমাত্র ক্ষতি হবে না । আমার একটা বিশেষ ক্ষমতার কথা আপনাদের বলা হয়নি । আমি সকলকে হিপনোটাইজ করতে পারি । সেই অবস্থায় তাদের নানারকম প্রশ্ন করে সঠিক জবাব পেতে পারি । হিপনোটাইজড ব্যক্তি কখনও মিথ্যা বলে না । কারণ সেই ক্ষমতাটা তাদের সাময়িকভাবে লোপ পেয়ে যায় । সেই জায়গায় নতুন ক্ষমতা আসে । সেটার পরিচয় আপনারা এখনই পাবেন ।’

ব্যাপারটা এত দ্রুত ঘটে গেল যে লালমোহনবাবু আপত্তি করার কোনও সুযোগই পেলেন না । ফেলুদাও দেখলাম নির্বিকার । আসলে লালমোহনবাবুকে নিয়ে কেউ রগড় করলে ও সেটা বেশ উপভোগ করে ।

নস্কর উঠে গিয়ে লালমোহনবাবুর কাঁধ ধরে তাঁকে একরকম টেনে এনেই ঘরের মাঝখানে দাঁড় করালেন । তারপর নিজেই গিয়ে ঘরের বাতিগুলো নিভিয়ে দিয়ে পকেট থেকে একটা ছোট্ট লাল টর্চ বার করে সেটা জ্বালিয়ে জটায়ুর চোখের উপর ফেলে আলোটাকে ঘোরাতে শুরু করলেন । সেই সঙ্গে তার কথাও শুরু হল ।

‘আপনি সম্পূর্ণ আমার উপর নির্ভর করুন, আমার উপর নির্ভর করুন । আপনার নিজের সস্তা লোপ পেতে বসেছে, সেই জায়গায় আসছে একটি অলৌকিক শক্তিসম্পন্ন বিজ্ঞ মানুষ । ...ইয়েস...ইয়েস...ইয়েস...ইয়েস...’

স্পষ্ট দেখতে পাচ্ছি লালমোহনবাবুর দৃষ্টি ঘোলাটে হয়ে আসছে, তাঁর মুখ হাঁ হয়ে আসছে । তিনি সটান চেয়ে আছেন নস্করের দিকে ।

এবার টর্চ ঘোরানো থামল, কিন্তু নস্কর সেটা লালমোহনবাবুর মুখের উপর ফেলে রাখলেন । তারপর এল প্রথম প্রশ্ন ।

‘আপনার নাম কী ?’

‘শ্রী সর্বজ্ঞ গঙ্গোপাধ্যায়, ওরফে লালমোহন, ওরফে জটায়ু ।’

লালমোহনবাবুর এ নাম আমি কখনও শুনিনি ।

‘এ ঘরে কজন উপস্থিত আছে ?’

‘ছয় জন ।’

‘তাদের সবাই কি বাঙালি ?’

‘দুজন সাহেব ।’

‘তাদের নাম কী ?’

‘পিটার রবার্টসন আর টম ম্যাক্সওয়েল ।’

‘তাঁরা কোথেকে আসছেন ?’

‘ল্যাক্সেশিয়ার, ইংল্যান্ড ।’

‘এঁদের বয়স কত ?’

‘পিটার চৌত্রিশ বছর তিন মাস, টম তেত্রিশ বছর নয় মাস ।’

‘এঁদের ভারতবর্ষে আসার উদ্দেশ্য কী ?’

‘পিটারের উদ্দেশ্য রবার্টসনের রুবি ফেরত দেওয়া ।’



‘সে রুবি কার কাছে আছে ?’
‘টম ম্যাক্সওয়েল ।’
‘এই রুবির ভবিষ্যৎ কী ?’
‘ওটা বিক্রি হবে ।’
‘সেটা কি গণেশ চানচানিয়া কিনবে ?’
‘না ।’
‘কিন্তু উনি তো দর দিয়েছেন ?’
‘এবার দশ লাখ নেমে হবে সাড়ে সাত ।’
‘তার মানে পিটার বিক্রি করবে না ?’
‘না ।’
‘তা হলে ?’
‘ওটা অন্য একজন কিনবেন ?’
‘কে ?’
‘অর্ধেন্দু নস্কর ।’
‘কত দাম ?’
‘বারো লাখ ।’
‘থ্যাক্স ইউ, স্যার ।’

এবার নস্কর লালমোহনবাবুর কাঁধ ধরে ঝাঁকানি দিতেই তিনি ধড়মড়িয়ে স্বাভাবিক অবস্থায় ফিরে এলেন ।

‘ওয়েল মিস্টার রবার্টসন ?’
নস্কর পিটারের দিকে চেয়ে প্রশ্নটা করলেন ।
‘দ্যাট ওয়াজ মোস্ট ইমপ্রেসিভ ।’
‘এখন বিশ্বাস হল ?’
‘আই ডোন্ট নো হোয়াট টু থিন্ক ।’

‘তোমাকে ভাবতে হবে না । তাড়া নেই । তুমি চানচানিয়ার সঙ্গে কাল দেখা করো । সাড়ে সাত লাখে তোমার রুবি বিক্রি করতে চাও তো পার । তা না হলে আমার বারো লাখের অফার তো রয়েইছে ।’

চাকর এসে খবর দিল ডিনার রেডি ।

আমরা সকলে উঠে ডাইনিং রুমের উদ্দেশে রওনা দিলাম ।

৭

ষোড়শোপচারে ডিনার সেরে আমরা সোয়া দশটা নাগাত ফুলবেড়িয়া গ্রামে হাজির হলাম । পূর্ণিমা রাত, তা ছাড়া এখানে ওখানে মশাল জ্বলছে, তাই দেখার কোনও অসুবিধা নেই । গ্রামের একপাশে একটা মাঠ, সেখানেই লোকের ভিড় । এরা সাঁওতাল নয়—বেশির ভাগই শহরের লোক, নাচ দেখতে এসেছে । তাদের মধ্যে মেয়ে-পুরুষ দুইই রয়েছে ।

ভিড়ের মধ্যে থেকে দেখি ইন্সপেক্টর চৌবে বেরিয়ে এলেন ।

‘শুধু আমি নয়,’ বললেন চৌবে, ‘আপনাদের অনেক পরিচিত ব্যক্তিই এখানে উপস্থিত ।’
‘কী রকম ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘কিশোরীলাল আর চাঁদু মল্লিককেও দেখলাম। সেই বীরভূম বিশেষজ্ঞ ব্যক্তিও রয়েছে।’

‘সে তো ভাল কথা। নাচটা আরম্ভ হবে কখন?’

‘সব লাইন করে দাঁড়িয়ে পড়েছে তো। যে কোনও মুহূর্তেই শুরু হবে।’

পিটারকে দেখে ফেলুদা এগিয়ে গিয়ে বলল, ‘কাছাকাছির মধ্যে থেকো, না হলে ফেরার সময় খুঁজে বার করা মুশকিল হবে।’

টম ম্যাক্সওয়েল ক্যামেরা বার করে তাতে ফ্ল্যাশ লাগাচ্ছে। নস্করকে দেখলাম তিনিও একটা ছোটখাটো ফ্ল্যাশ ক্যামেরা নিয়ে রেডি। তিনি টমের দিকে এগিয়ে গিয়ে ফোটোগ্রাফি সম্বন্ধে আলোচনা শুরু করলেন। আমি কাছেই ছিলাম, তাই কথাগুলো শুনতে পাচ্ছিলাম। নস্কর জিজ্ঞাস করলেন, ‘তোমার কি স্টুডিয়ো আছে?’

‘না’, বলল টম ম্যাক্সওয়েল। ‘আমি স্টুডিয়ো ফোটোগ্রাফার নই। আমি দেশ-বিদেশে ঘুরে ঘুরে ছবি তুলি। ফ্রি ল্যান্স। আমার ছবি বহু পত্র-পত্রিকায় বেরিয়েছে। ভারতবর্ষে যা ছবি তুলব তা ন্যাশনাল জিওগ্রাফিক ম্যাগাজিন নেবে বলেছে। তারাই আমার খরচ বহন করছে।’

মাদলে চাঁটি পড়ল। টমের সঙ্গে আমরাও নাচের দলের দিকে এগিয়ে গেলাম।

নাচ শুরু হয়ে গেছে। জনা তিরিশেক সাজগোজ করা মেয়ে পরস্পরের হাত ধরে দুলতে শুরু করেছে। তিনটে মাদলের সঙ্গে তিনজন বংশীবাদক রয়েছে। মাদল যারা বাজাচ্ছে তাদের পায়ে ঘুঘুর।

লালমোহনবাবু আমার পাশে এসে ঘেঁষে দাঁড়িয়ে বললেন, ‘এখন আবার বাঁ চোখটা নাচছে। কপালে কী আছে কে জানে।’

‘হিপনোটাইজড হয়ে শরীর খারাপ হয়নি তো?’

‘নাঃ। অদ্ভুত অভিজ্ঞতা, জানো ভাই তপেশ। কী যে করেছি আর কী যে বলেছি তার কিছু মনে নেই।’

এবার মশালের আলোয় হঠাৎ চাঁদু মল্লিককে দেখতে পেলাম বিড়ি ফুকছে। এক পা এক পা করে সে নাচের দলের দিকে এগোচ্ছে।

না, নাচের দিকে নয়, টমের দিকে।

আমি লালমোহনবাবুকে ফিসফিসিয়ে বললাম, ‘ওকে চোখে চোখে রাখা দরকার।’

‘যা বলেছ।’

টম কিন্তু এক জায়গায় দাঁড়িয়ে নেই। সে এবার পিছন দিকে চলে গেল, বোধহয় নতুন দৃষ্টিকোণ খোঁজবার জন্য। সব ফোটোগ্রাফারই কি এই রকম ছটফটে হয়?

চাঁদু মল্লিক একটা জায়গায় এসে দাঁড়িয়েছে, তার দু হাত সরু প্যান্টের পকেটে গোঁজা।

ক্রমে আমাদের দলের লোকেরা ছড়িয়ে ছিটিয়ে পড়ল। লালমোহনবাবু অবশ্য আমার পাশ ছাড়েননি। আমি বাকি সকলের উপর দৃষ্টি রাখতে চেষ্টা করছিলাম, কারণ ফেরার সময় সকলকে এক জায়গায় জড়ো হতে হবে। ওই যে ফেলুদা, চৌবেকে একটু আগে ওর পাশে দেখেছিলাম, এখন আর নেই। ওই যে নস্কর—ওঁর ফ্ল্যাশ জ্বলে উঠল। অলস ছন্দে নাচ হয়ে চলেছে।

ওই কিশোরীলাল। সে পিটারের দিকে এগোচ্ছে। ওদের মধ্যে কিছু কথা হয় কি না জানবার জন্য আমি জটায়ুকে ছেড়ে ওদের দিকে এগিয়ে গেলাম।

কিশোরীলাল পিটারকে সামনে পেয়ে বলল, ‘গুড ইভনিং।’

পিটার বলল, ‘কালকে আমাদের অ্যাপয়েন্টমেন্টটা ঠিক আছে তো?’



‘ইয়েস স্যার ।’

‘আশা করি তোমার বাবা মত বদলাবেন না ।’

‘নো স্যার । হি হ্যাজ মেড আপ হিজ মাইন্ড ।’

‘ভেরি গুড ।’

কিশোরীলাল চলে গেল ।

এবার জগন্নাথবাবুকে দেখলাম তাঁর জায়গা নিতে । পিটার ‘হ্যালো’ বলে বলল, ‘আমাকে এই নাচের ব্যাপারটা একটু বুঝিয়ে দেবে ?’

‘সার্টেনলি ।’

জগন্নাথবাবু পিটারের পাশে ঘন হয়ে দাঁড়িয়ে কানের কাছে মুখ এনে নাচের ব্যাপারটা-বোঝাতে আরম্ভ করল । আমি আর শুনতে না পেয়ে লালমোহনবাবুর দিকে এগিয়ে গেলাম ।

এবার ফেলুদাকে দেখলাম একটা মশালের আলোয় । সে একটা চারমিনার ধরাল ।

প্রথম নাচ শেষ হয়ে দ্বিতীয় নাচ শুরু হল । এর তাল একেবারে অন্য, আগেরটার চেয়ে অনেক দ্রুত । মেয়েরা একবার নিচু হচ্ছে পরস্পরের হাত ধরে, তার পরেই সোজা হয়ে উঠছে, তালে তালে, মাদল আর বাঁশির সঙ্গে । সেই সঙ্গে একটানা সুরে গান । ‘ভেরি এক্সাইটিং’ মন্তব্য করলেন জটায়ু ।

আমাদের সামনে দিয়ে মিঃ নস্কর ক্যামেরা নিয়ে বেরিয়ে গেলেন আমাদের দিকে একটা প্রশ্ন ছুঁড়ে দিয়ে— ‘কেমন লাগছে ?’

‘কী ব্যাপার ? এমন জোর নাচ চলেছে আর আপনার কপালে খাঁজ ?’

প্রশ্নটা জটায়ু করলেন আমাদের দিকে এগিয়ে আসা ফেলুদাকে ।

‘ভুকুটির কারণ আছে । পরিবেশটা ভাল নয়, ভাল নয় । —ম্যাক্সওয়েলকে দেখেছিস, তোপসে ?’

‘কিছুক্ষণ আগেও দেখেছি, কিন্তু এখন আর দেখছি না ।’

‘ছোকরা গেল কোথায় ?’ বলে আমাদের ছেড়ে ফেলুদা বাঁ দিকে এগিয়ে গেল ।

লালমোহনবাবু বললেন, ‘তোমার দাদাকে হেল্প করবে ? চলো আমরাও গিয়ে দেখি ম্যাক্সওয়েল গেল কোথায় ।’

‘চলুন ।’

লালমোহনবাবুর হাত ধরে এগিয়ে গেলাম নাচের দলের পিছন দিকটায় । চাঁদু মল্লিক । কিশোরীলাল । এক ঝলক এক ঝলক দেখছি একেকটা চেনা মুখ । কিন্তু টম কই ?

ওই যে পিটার । সেও এক জায়গায় দাঁড়িয়ে ভুকুটি করে এদিক ওদিক দেখছে ।

‘হ্যাভ ইউ সিন টম ?’

‘আমরাও ওকেই খুঁজছি ।’

‘আই ভোল্ট লাইক দিস অ্যাট অল ।’

পিটার টমকে খুঁজতে ডাইনে চলে গেল । আমরা বাঁয়ে এগিয়ে গেলাম । নাচ এখন আরও দ্রুত, মাদল বেজে চলেছে । নাচের দল গাইছে, দুলছে আর ঘুরছে ।

হঠাৎ ভিড়ের মধ্যে থেকে ফেলুদা বেরিয়ে এল ।

‘টোবেকে দেখেছিস ?’

সে গভীরভাবে উদ্বিগ্ন ।

উত্তরের অপেক্ষা না করেই সে এগিয়ে গেল । দুবার তাকে গলা তুলতে শুনলাম ।

‘ইম্পেক্টর টোবে ! ইম্পেক্টর টোবে !’

এক মিনিটের মধ্যে ফেলুদাকে আবার দেখলাম, সঙ্গে চৌবে । তারা দ্রুত এগিয়ে গেল ডান দিকে ।

‘কী ব্যাপার ?’ লালমোহনবাবু প্রশ্ন করলেন ।

সংক্ষেপে ‘ম্যাক্সওয়েল’ বলে ফেলুদা আর চৌবে এগিয়ে গেল ।

এবার আমরা ফেলুদা আর চৌবেকে অনুসরণ করে দৌড় শুরু করলাম ।

একটা গাছের ধারে গিয়ে ফেলুদা থামল । হাত দশেক দূরে একটা মশাল জ্বলছে । তার আলোয় দেখলাম ম্যাক্সওয়েল মাটিতে উপুড় হয়ে পড়ে আছে । তার পাশে ঘাসের উপর লুটোচ্ছে তার ব্যাগ আর ফ্ল্যাশসমেত ক্যামেরা ।

‘ইজ হি ডেড ?’ চৌবের প্রশ্ন ।

‘না । অজ্ঞান । পাল্‌স আছে ।’

চৌবের কাছে দেখলাম একটা ছোট্ট টর্চ রয়েছে । সেটা জ্বালিয়ে টমের মুখের উপর ফেলতে টমের চোখের পাতাটা যেন নড়ে উঠল । ফেলুদা এবার টমের কাঁধ ধরে ঝাঁকুনি দিল ।

‘ম্যাক্সওয়েল ! টম !’

ঠিক সেই মুহূর্তে অন্ধকার থেকে মশালের আলোয় ছুটে বেরিয়ে এল পিটার ।

‘হোয়াট্‌স দ্য ম্যাটার উইথ হিম ? ইজ হি ডেড ?’

‘না । অজ্ঞান,’ বললেন চৌবে । ‘তবে জ্ঞান ফিরছে ।’

ইতিমধ্যে টম চোখ খুলেছে । তার মুখ যন্ত্রণায় বিকৃত ।

‘কোথায় লেগেছে তোমার ?’ ফেলুদা জিজ্ঞেস করল ।

টম কোনওরকমে হাত দিয়ে মাথার পিছনটা দেখিয়ে দিল ।

এবার পিটার মাটি থেকে ব্যাগটা কুড়িয়ে নিয়ে সেটা খুলে ভিতরে হাত ঢোকাতে তার মুখটা ফ্যাকাশে হয়ে গেল ।

‘দ্য রুবি ইজ গন’, ভারী গলায় বলল পিটার ।

টমকে গাড়িতে তুলে নিয়ে আমরা আবার নস্করের বাড়িতে ফিরে এলাম । রুবি উধাও শুনে নস্করের অবস্থা দেখবার মতো হয়েছিল । সে শ্লেষ মেশানো গলায় বলল, ‘তোমরা যা চেয়েছিলে তাই হল । ভারতবর্ষের রুবি ভারতবর্ষেই ফিরে এল, তবে তোমাদের পৃথিবী ভ্রমণ আর হল না ।’

পূর্বপল্লীর ডাক্তার সিংহ টমকে পরীক্ষা করে বললেন, ‘মাথার পিছনের একটা অংশ ফুলেছে । কোনও ভারী জিনিস দিয়ে আঘাত করার ফলে টম সংজ্ঞা হারায় ।’

‘এই আঘাত থেকে মৃত্যু হতে পারত কি ?’ পিটার জিজ্ঞেস করল ।

‘আরেকটু জোরে হলে হতে পারত বইকী ?’ বললেন ডাঃ সিংহ । ‘আপাতত ওখানটায় বরফ ঘষে দেওয়া ছাড়া আর কোনও চিকিৎসা নেই । ব্যথা বেশি হলে একটা পেন কিলার খেয়ে নিলে কাজ দেবে ।’

ডাঃ সিংহ চলে যাবার পর চৌবে মুখ খুললেন ।

‘মিঃ ম্যাক্সওয়েল, আপনাকে যে আঘাত করেছে তাকে তো আপনি দেখতে পাননি বলে বললেন ।’

‘না । সে লোক আমার পিছন দিক দিয়ে আসে ।’

‘যতদূর বুঝতে পারছি’, বললেন চৌবে, ‘মাথার পিছনে বাড়ি মারার কারণ ওই পাথর চুরি করা । টম ম্যাক্সওয়েলের ব্যাগে এরকম একটা পাথর ছিল সেটা অনেকেই জানত না, যদিও রবার্টসনস রুবির কথা অনেকেই এর মধ্যে জেনে গেছে । যাঁরা টমের ব্যাগে পাথর আছে

জানতেন তাঁরা হলেন আমি, মিস্টার মিস্ত্রি, তাঁর ভাই, তাঁর বন্ধু লালমোহনবাবু, জগন্নাথ চাটুজ্যে, কিশোরীলাল এবং মিঃ নস্কর ।’

মিঃ নস্কর হাঁ হাঁ করে উঠলেন । —‘পাথরটা তো আমার হাতে চলেই আসত ; সেখানে আমি এ রাস্তা নেব কেন—যেখানে আমার বাড়ি খেয়ে টম খুনও হয়ে যেতে পারত ?’

‘ও সব বলে লাভ নেই, মিঃ নস্কর । আপনি প্রাইম সাসপেক্ট । হিপ্পনোটাইজড অবস্থায় মিঃ গান্ধুলী যা বলেছেন সেগুলো যে ফলবেই এমন কোনও গ্যারান্টি নেই । এ রুবি যেমন তেমন রুবি নয়, আর আপনিও যেমন তেমন কালেক্টর নন । সে রুবি বেহাত হয়ে যেতে পারে জেনে আপনি সেটা বিনা পয়সায় হাত করার চেষ্টা করবেন না ? কী বলছেন আপনি ?’

‘ননসেন্স ! ননসেন্স !’ বলে নস্কর চুপ করে গেলেন ।

চৌবে বলে চললেন, ‘এ ছাড়া আছে কিশোরীলাল । তার বাপ পয়সা দিয়ে জিনিসটা কিনতে চেয়েছিলেন । তাতে ছেলের কোনও লাভ হত না । অথচ ছেলে রুবির মূল্য জানে, সেটা কোথায় থাকে তা জানে । এই অবস্থায় সেটাকে হাতাবার চেষ্টা করাটা কি খুব অস্বাভাবিক ?...টমের উপর আক্রোশ ছিল এমন এক ব্যক্তি ওখানে উপস্থিত ছিলেন । সে হল চাঁদু মল্লিক । মাথায় বাড়ি মারাটা চাঁদুর পক্ষে অত্যন্ত স্বাভাবিক, কারণ সে বদলা নেবে বলে শাসিয়েই রেখেছিল । প্রশ্ন হচ্ছে, সে কি রুবির ব্যাপারটা জানত ? মনে তো হয় না । এখানে টমকে মাথায় আঘাত মেরে অজ্ঞান করে শ্রেফ টাকাকড়ির লোভে ব্যাগে হাত ঢুকিয়ে যদি ঘটনাচক্রে রুবির কৌটোটা পেয়ে যায়—এই সম্ভাবনাকে আমরা উড়িয়ে দিতে পারি না, পারি কি ?... আরেকজন সাসপেক্ট হচ্ছে জগন্নাথ চাটুজ্যে । ইনি রুবি সম্বন্ধে জানতেন, কোথায় সেটা থাকে তাও জানতেন । ওঁর এ হেন আচরণের কারণ একমাত্র লোভ ।’

ফেলুদা বলল, ‘একজন সাসপেক্টকে আপনি বাদ দিয়ে যাচ্ছেন, মিঃ চৌবে ।’

‘কে ?’

‘পিটার রবার্টসন ।’

‘হোয়াট !’ বলে লাফিয়ে উঠল পিটার ।

‘ইয়েস মিঃ রবার্টসন !’ বলল ফেলুদা । ‘তুমি চেয়েছিলে রুবিটাকে কলকাতার মিউজিয়ামের হাতে তুলে দিতে । তোমার বন্ধু তাতে বাদ সাধছিল । পাছে বিদেশে এসে বন্ধু-বিচ্ছেদ হয় তাই তুমি পাথরটা বিক্রি করতে রাজি হয়েছিলে । কিন্তু শেষে তোমার মত পালটানো আশ্চর্য নয় । এমনিতোও টমের সঙ্গে তোমার আর সৌহার্দ্যের সম্পর্ক ছিল না । আমি যদি বলি যে তুমি তোমার মূল সিদ্ধান্তে ফিরে গিয়েছিলে, এবং তাই পাথরটা নিজের কাছে নিয়ে আস ।’

কথাগুলো শুনে রবার্টসন কিছুক্ষণ চুপ করে দাঁড়িয়ে রইল । তারপর সটান উঠে দাঁড়িয়ে হাত দুটো মাথায় তুলে বলল, ‘আমি নিয়েছি কি না জানার খুব সহজ রাস্তা আছে । সার্চ মি, ইন্সপেক্টর চৌবে । রুবি নিয়ে থাকলে এর মধ্যে সেটা সরাবার কোনও সুযোগ আমি পাইনি । কাম অন, ইন্সপেক্টর—সার্চ মি ।’

‘ভেরি ওয়েল’, বলে ইন্সপেক্টর চৌবে উঠে গিয়ে পিটারকে সার্চ করলেন । কিছুই পাওয়া গেল না ।

এবার ফেলুদা বলল, ‘ওঁকে যখন সার্চ করা হল তখন আমরা তিনজন বাদ যাই কেন ? আসুন মিঃ চৌবে ।’

চৌবে ইতস্তত ভাব করছেন দেখে ফেলুদা আবার বলল, ‘আসুন আসুন, মনের মধ্যে সন্দেহ রাখা ভাল না ।’

চৌবে আমাদের তিন জনকেই সার্চ করলেন । তারপর বললেন, ‘মিঃ রবার্টসন, এ



ব্যাপারে আমি তদন্ত করি এটা আপনি চান কি ?’

‘নিশ্চয়ই’, জোরের সঙ্গে বলল রবার্টসন । ‘আই ওয়ান্ট দ্যাট রুবি ব্যাক অ্যাট এনি কস্ট ।’

৮

পরদিন সকালে টমকে দেখলাম সে অনেকটা সামলে নিয়েছে । বলল ব্যাথাটা এখনও সম্পূর্ণ যায়নি । কিন্তু আর দুদিনের মধ্যেই চলে যাবে ।

পাথর চুরির ব্যাপারটায় দুই বন্ধুই দেখলাম সমান কাতর । এই ভাবে পাথরটাকে ভারতবর্ষে রেখে যাবার কথাটা পিটার মোটেই ভাবেনি, আর টম আপশোস করছে প্রথম দিনই কেন সেটাকে বিক্রি করে দেওয়া হয়নি, যখন ঢানঢানিয়াও এত ভাল অফার দিল ।

মিস্টার চৌবে সকালে আমাদের ঘরে এলেন এগারোটা নাগাত । বললেন এসে প্রথমে একবার টমকে দেখেছেন, তারপর আমাদের কাছে এসেছেন রিপোর্ট নিতে ।

‘কিছু এগোল ?’ জিজ্ঞেস করল ফেলুদা ।

‘একজন সাসপেক্টকে বাদ দিতে হয়েছে ।’

‘কে ?’

‘কিশোরীলাল ।’

‘কেন ? বাদ কেন ?’

‘প্রথমত, আমি যতদূর জানি কিশোরীলালকে, সে অত বেপরোয়া নয় । তা ছাড়া—এটা আমি জানতাম না—মাস খানেক হল ঢানঢানিয়া বেশ কয়েক লাখ টাকা খরচ করে তার ছেলেকে একটা প্লাস্টিকের ফ্যাক্টরি বানিয়ে দিয়েছে । কিশোরী রেগুলার কাজে যাতায়াত করছে । তার বাবা কড়া নজর রেখেছেন তার উপর । এই সময় একটা পাথর চুরি করে বিক্রি করে হাতে কাঁচা টাকা পেলে সেটা বাবার দৃষ্টি এড়াত না । সো—কিশোরীলাল ইজ আউট ।’

‘চাঁদু মল্লিক ?’

‘আমাদের যা হিসেব, তাতে টম মাথায় আঘাত পায় পৌনে এগারোটা নাগাত । তখন চাঁদু বোলপুরে নবীন ঘোষের মদের দোকানে । একাধিক সাক্ষী আছে । তাদের সবাইকে জেরা করে দেখেছি । চাঁদু ইজ আউট টু ।’

‘বাকি দুজন ?’

‘আজ সকালে নস্করের বাড়ি সার্চ করেছিলাম । পাথরটা পাওয়া যায়নি । অবিশ্যি তাতে কিছু প্রমাণ হয় না । এতটুকু পাথর লুকিয়ে রাখা তেমন কিছু কঠিন ব্যাপার নয় । তবে সবচেয়ে বেশি সন্দেহ পড়ছে কিন্তু বীরভূম এক্সপার্ট জগন্নাথ চ্যাটার্জির ওপর ।’

‘এটা কেন বলছেন ?’

‘ও বীরভূম এসেছে মাত্র তিন বছর হল । ওর বাড়িতে একটা ট্যুরিস্ট গাইড আছে, সেটার নাম হল ভ্রমণসঙ্গী । তা থেকেই ও তথ্য সংগ্রহ করে । বোলপুরের আগে বর্ধমানে ছিল । সেখানে তার পুলিশ রেকর্ড রয়েছে—জালিয়াতির কেস ।’

‘তাই বুঝি ?’

‘ইয়েস স্যার । আমার মতে হি ইজ আওয়ার ম্যান । সাহেবদের কাছ থেকেও ও পারিশ্রমিক আদায় করছিল । ওয়ান হান্ড্রেড রুপিজ পার ডে । সমস্ত ব্যাপারটা খুবই সন্দেহজনক ।’

‘ওর বাড়ি সার্চ করেছেন ?’

‘করব আজ দুপুরে । শুধু সার্চ না—কারণ সার্চ করে কিছু পাওয়া যাবে বলে মনে হয় না—কড়া কথা বলে ওর মনে চরম ভয় ঢুকিয়ে দিতে হবে । ভাল কথা—আপনি নিজে কোনও তদন্ত করবেন না ?’

‘বর্তমান ক্ষেত্রে আপনি অনেক বেশি কার্যকরী হবেন বলে মনে হয় । তবে মাথা খেলবে ঠিকই, আর কিছু মনে এলে আপনাকে জানাব । ইয়ে—আমি যে সাসপেক্টটর কথা বলেছিলাম তার কী হল ?’

‘পিটার রবার্টসন ?’

‘হ্যাঁ, কারণ আমার ধারণা ওর এখন যে মনের অবস্থা তাতে ও বন্ধুবিচ্ছেদটা মেনে নিতে প্রস্তুত । প্যাট্রিক রবার্টসনের মনোবাক্স পূর্ণ করাটাও ওর এখন প্রধান লক্ষ্য ।’

‘আপনার কথা মনে রেখেই আমি একটু আগেই ওর ঘরটা ভাল করে সার্চ করেছি । কিছু পাইনি ।’

টোবে চা আর বিস্কুট খেয়ে উঠে পড়লেন ; বললেন ওবেলা আবার আসবেন ।

ফেলুদা একটা দীর্ঘশ্বাস ফেলে বলল, ‘বড় গোলমেলে ব্যাপার । পাঁচটা সাসপেক্ট পাঁচ জায়গায় ছড়িয়ে আছে । এখানে শখের গোয়েন্দাকে পুলিশ টেকা দেবে তাতে আর আশ্চর্যের কী ?’

‘আপনার কি কারুর উপর সন্দেহ পড়ল ?’ জটায়ু প্রশ্ন করলেন ।

‘এই পাঁচজনের মধ্যে ?’

‘হ্যাঁ ।’

‘কিশোরীলালের ব্যবসার ব্যাপারটা যদিও জানতাম না, কিন্তু তাও আমার মন ওকে বাতিল করে দিচ্ছিল । তার কারণ ছেলেটার মধ্যে হিম্মতের অভাব । কাউকে মাথায় বাড়ি মেরে অজ্ঞান করার সামর্থ্য ওর আছে বলে মনে হয় না, আর তার উপর ওই ভিড়ের মধ্যে ব্যাগ খুলে তার থেকে পাথর বার করে নিয়ে পালানো...’

‘চাঁদু মল্লিক ?’

‘ওর সামর্থ্য আছে সন্দেহ নেই, তবে রুবি সম্বন্ধে—বিশেষ করে টমের ব্যাগে রুবি আছে সেটা ওর পক্ষে জানা খুবই অস্বাভাবিক বলে মনে হয় । নস্কর লোকটাকেও সন্দেহ করতে আমার মন চায় না । বিশেষ করে মাথায় বাড়িটাড়ি মারার ব্যাপারে ও মোটেই নিজেকে জড়াবে না । তা ছাড়া এটা মনে রাখতে হবে লোকটার টাকার অভাব একেবারেই নেই ।’

‘একটা জিনিস আমি কিছুতেই বুঝতে পারছি না ।’

‘কী ?’

‘হিপনোটাইজ হয়ে মানুষ সত্যি কথা বলে ?’

‘কোন সত্যিটা বলছেন আপনি ?’

‘বাঃ, তপেশ যে বললে ওদের বয়স বলে দিলুম । ওরা ল্যাক্সেশিয়ার থেকে এসেছে বলে দিলুম ।’

‘দুটো তথ্যই স্টেটসম্যানের লেখার গোড়ার দিকেই ছিল ।’

‘তাই বুঝি ?’

‘ইয়েস স্যার । আর বাকি যা বলেছেন সেটা যে মিথ্যে সে তো প্রমাণই হয়ে গেল ।’

‘তা বটে । ... তা হলে জগন্নাথ চ্যাটার্জিই কালপ্রিট ?’

‘টোবে যা বলল, তাতে তো সেরকমই মনে হচ্ছে । মামলাটার পরিসমাপ্তি খুব জমাটি হল না সেটা—’

ফেলুদার কথা শেষ হল না । কারণ দরজায় টোকা পড়েছে ।

খুলে দেখি টম ম্যাক্সওয়েল—তার মুখ গভীর। ফেলুদা উঠে দাঁড়িয়ে একটা চেয়ার এগিয়ে দিল টমের দিকে। টম মাথা নাড়ল।

‘আমি বসতে আসিনি।’

‘আই সি।’

‘আমি এসেছি তুমি এবং তোমার দুই বন্ধুর ঘর সার্চ করতে।’

‘সার্চ তো কাল একবার করা হয়ে গেছে। তাতে তোমার বিশ্বাস হল না!’

‘নো। সে সার্চ করেছে ইন্ডিয়ান পুলিশ। আমার তাদের ওপর কোনও বিশ্বাস নেই।’

‘সার্চ করতে ওয়ারেন্ট লাগে তা জানো? যে কেউ সার্চ করতে চাইলেই সার্চ করতে পারে না।’

‘তা হলে তুমি আমাকে সার্চ করতে দেবে না?’

‘নো, মিঃ ম্যাক্সওয়েল। ও ব্যাপারটা কালই হয়ে গেছে। আজ আর হবে না।’

ম্যাক্সওয়েল আর দ্বিধা না করে অ্যাবাউট টার্ন করে চলে গেল।

‘বোঝো’, বললেন লালমোহনবাবু। ‘আপনার সঙ্গে অনেক তদন্তেই অংশগ্রহণ করলুম, কিন্তু ক্রিমিন্যাল বলে সাসপিশন এই প্রথম পড়ল আমাদের উপর।’

‘সব রকম অভিজ্ঞতাই হয়ে থাকা ভাল, তাই নয় কি?’

‘তা বটে। তা আপনি কি স্রেফ ঘরে বসে তদন্ত করবেন! বেরোবেন না কোথাও?’

‘দরকার হলে নিশ্চয়ই বেরোব। তবে এখনকার স্টেজটা হল চিন্তা করার স্টেজ, আর সেটা ঘরে বসেই সবচেয়ে ভাল হয়। অবিশ্যি তাই বলে আপনাদের ধরে রাখতে চাই না। আপনারা স্বচ্ছন্দে বেরোতে পারেন। শান্তিনিকেতন এবং তার আশেপাশে এখনও অনেক কিছুই দেখতে বাকি আছে।’

‘ভেরি ওয়েল। আমরা তা হলে একবার শতদলকে গিয়ে ধরি। ও বলছিল ওর আজ কোনও ক্লাস নেই। দেখি ও কী সাজেস্ট করে। আপনাকে বরং একটা জিনিস দিয়ে যাচ্ছি—শতদলের দেওয়া সেই বই। সেই পাদ্রি প্রিচার্ডের লেখা। দারুণ বই মশাই। কাল রাত্তিরে শেষ করেচি। এই ম্যাক্সওয়েলের পূর্বপুরুষ সম্বন্ধে অনেক তথ্য পাবেন। আর নীল চাষ সম্বন্ধে পরিষ্কার ধারণা হয়ে যাবে।’

ফেলুদাকে বইটা দিয়ে আমি আর লালমোহনবাবু বেরিয়ে পড়লাম।

শতদলবাবু বললেন, ‘চলো তোমাদের একটা খাঁটি গ্রাম দেখিয়ে নিয়ে আসি। গোয়ালপাড়া। আর তার পিছনেই আছে গুরুদেবের প্রিয় নদী কোপাই। এ দুটো না দেখলে শান্তিনিকেতন দর্শন অসম্পূর্ণ থেকে যাবে।’

গ্রাম এর আগে যে দেখিনি তা নয়, তবে গোয়ালপাড়ার মতো খাঁটি গ্রামের চেহারা এর আগে দেখেছি বলে মনে পড়ে না। লালমোহনবাবুকে কবিতায় পেয়েছে। তাঁর প্রিয় কবি বৈকুণ্ঠ মল্লিকের একটা কবিতার খানিকটা অংশ আবৃত্তি করে ফেললেন—

‘বাংলার গ্রামে স্পন্দিছে মোর প্রাণ

সেই কবে দেখা—আজও স্মৃতি অম্লান

যেদিকে ফেরাও দৃষ্টি

মানুষ ও প্রকৃতি দুইয়ে মিলে দেখ কী অপরূপ সৃষ্টি!’

কোপাই দেখেও সেই একই ব্যাপার। এটাতে বোঝা যায় যে বৈকুণ্ঠ মল্লিক শান্তিনিকেতনে এসেছিলেন—

‘জীর্ণ কোপাই সর্পিণ গতি

মন বলে দেখে—মনোরম অতি

দুই পাশে ধান
প্রকৃতির দান
দুলে ওঠে সমীরণে,
বলে দেবে কবি
আঁকা রবে ছবি
চিরতরে মোর মনে ।’

৯

বিকালে এক আশ্চর্য ঘটনা । ইনস্পেক্টর চৌবে পাঁচটা নাগাত এসে বললেন, ‘কেস খতম । যা ভেবেছিলাম তাই । জগন্নাথ চাটুজ্যে নিয়েছিল পাথরটা । সার্চ করে কিছু পাওয়া যায়নি অবশ্য, কিন্তু তারপর একটু পুলিশি চাপ দেওয়াতে সত্যিটা বেরিয়ে পড়ে—আর সেই সঙ্গে পাথরটাও । একটা ফুলের টবে পুঁতে রেখেছিল ।’

‘আপনি নিয়ে এসেছেন পাথরটা ?’

‘ন্যাচারেলি ।’

চৌবে পকেট থেকে পাথরটা বার করলেন । আবার নতুন করে সেটার ঝলমলে রং দেখে মনটা কেমন জানি হয়ে গেল ।

‘আশ্চর্য !’ বলল ফেলুদা ।

‘কেন ?’

‘লোকটাকে দেখে চোর বলে বিশ্বাস করা যায়, কিন্তু জখমকারী বলে যায় না । একেবারে ভেতো বাঙালি ।’

‘মানুষের চেহারা দেখে সব সময় তার ভেতরটা জাজ করা যায় না মিঃ মিস্ত্রি ।’

‘সেটা অবশ্য আমার অভিজ্ঞতাই বলে ।’

‘তা হলে পাথরটাকে এবার স্বস্থানে চালান দিই ?’

‘চলুন ।’

আমরা চারজনে দশ নম্বর ঘরের দিকে রওনা দিলাম ।

পিটার দরজা খুলল ।

‘ওয়েল, মিঃ রবার্টসন’, বললেন চৌবে, ‘আই হ্যাভ এ লিটল গিফট ফর ইউ ।’

‘হোয়াট ?’

চৌবে পকেট থেকে কৌটোটা বার করে পিটারের হাতে দিলেন ।

পিটার ও টমের মুখ হাঁ ।

‘বাট, হোয়্যার—হোয়্যার... ?’

‘সেটা না হয় আর নাই বললাম । ঘরের ছেলে ঘরে ফিরে এসেছে সেটাই হল আসল কথা । মিঃ ম্যাক্সওয়েল নিশ্চয়ই স্বীকার করবেন যে ভারতীয় পুলিশ বেশ করিৎকর্মা । এবার অবিশ্যি, তোমরা এটা নিয়ে কী করবে দ্যাট ইজ আপ টু ইউ । বিক্রি করতে পার, ক্যালকাটা মিউজিয়ামেও দিয়ে দিতে পার ।’

পিটার ও টম দুজনেই উঠে দাঁড়িয়েছিল, দুজনেই এবার ধপ্ করে খাটে বসে পড়ল । পিটার মৃদুস্বরে বলল, ‘গুড শো ! কনগ্র্যাচুলেশন্স ।’

‘এবার তা হলে চলি ?’ বললেন চৌবে ।

‘আই ডোন্ট নো হাউ টু থ্যাঙ্ক ইউ ।’ বলল টম ম্যাক্সওয়েল ।

‘ডোনট । তোমার মনে যে ধন্যবাদ দেবার প্রশ্নটা জেগেছে সেটাই বড় কথা । আমরা তাতেই খুশি ।’

‘কী মনে হচ্ছে মশাই ?’ পরদিন ব্রেকফাস্ট টেবিলে ফেলুদাকে জিজ্ঞেস করলেন জটায়ু ।

‘কোথায় যেন গণ্ডগোল’, বিড়বিড় করে বলল ফেলুদা ।

‘আমি বলব কোথায় গণ্ডগোল ? এই ফর দ্য ফার্স্ট টাইম দারোগার কাছে হেরে গেলেন ফেলু মিণ্ডির । সেইখানেই গণ্ডগোল ।’

‘উহ্ । তা নয় । মুশকিল হচ্ছে কী আমি বিশ্বাস করছি না আমি হেরে গেছি ।’

ফেলুদা চুপ করে গেল । তারপর বলল, ‘তোপ্সে—তুই এখন কিছুক্ষণ লালমোহনবাবুর ঘরে যা । আমি একটু একা থাকতে চাই ।’

লালমোহনবাবুর ঘরে গিয়ে বসতে ভদ্রলোক বললেন, ‘আমার ভাল লাগছে না ভাই তপেশ । একটা সুযোগ এসেও কেমন যেন ফস্কে গেল । তাই বোধহয় কাল বাঁ চোখটা নাচছিল ।’

তারপর একটুক্ষণ চুপ করে থেকে বললেন, ‘তোমার দাদার শরীর-টরীর খারাপ হয়নি তো ? দেখে কেন জানি মনে হচ্ছিল রাতে ভাল ঘুম হয়নি ।’

‘ঘুম হয়েছে, তবে অনেক রাত অবধি আপনার দেওয়া বইটা পড়েছে এটা আমি জানি । অবিশ্যি তাও সেই সকাল সাড়ে পাঁচটায় উঠে যোগব্যায়াম করেছে ।’

‘তোপ্সে !’

ফেলুদার গলা, সেই সঙ্গে দরজায় ধাক্কা । দরজা খুললাম ।

ফেলুদা ঝড়ের বেগে ঘরে ঢুকে বলল, ‘চলুন—বেরোতে হবে । চৌবের ওখানে । দেরি নয়—ইমিডিয়েটলি ।’

আমরা তৈরিই ছিলাম, তিনজন বেরিয়ে পড়লাম ।

দুবরাজপুর থানায় গিয়ে গাড়িটা থামল । আমরা তিনজন নামলাম । একজন কনস্টেবল জিজ্ঞাসু দৃষ্টি নিয়ে এগিয়ে এল ।

‘একটু ইনস্পেক্টর চৌবের সঙ্গে দেখা করব ।’

‘আসুন ।’

আমরা চৌবের ঘরে গিয়ে হাজির হলাম । ভদ্রলোক কাগজপত্র দেখছিলেন, আমাদের দেখে অবাক আর খুশি মেশানো দৃষ্টি দিয়ে আমাদের দিকে চাইলেন ।

‘কী ব্যাপার ?’

‘একটু কথা ছিল ।’

‘বসুন, বসুন ।’

আমরা তিনজন চৌবের টেবিলের উলটোদিকে তিনটে চেয়ারে বসলাম ।

‘চা খাবেন তো ?’

‘নো থ্যাঙ্কস্ । একটু আগেই ব্রেকফাস্ট খেয়েছি ।’

‘তা বলুন কী ব্যাপার ।’

‘মাত্র একটা প্রশ্ন ।’

‘বলুন, বলুন ।’

‘আপনি কি ক্রিস্চান ?’

চৌবের চোখ কপালে উঠে গেল । তারপর একটা সরল হাসি হেসে বললেন, ‘হঠাৎ এ প্রশ্ন ?’



‘আমি জানতে চাই । প্লিজ বলুন ।’

‘ইয়েস, আই অ্যাম এ ক্রিস্চান—কিন্তু আপনি জানলেন কী করে ?’

‘আপনাকে আমি চারবার খেতে দেখেছি । প্রথমবার টানটানিয়ার বাড়িতে লাড্ডু আর সরবত । লাড্ডু আপনি বাঁ হাতে খান । ব্যাপারটা দেখেছিলাম বটে, কিন্তু যাকে লক্ষ্য করা বলে তা করিনি । অর্থাৎ ওটার তাৎপর্য বুঝিনি । দ্বিতীয়বার, চায়ের দোকানে চায়ের সঙ্গে নানখাটাই খেলেন, তাও বাঁ হাতে । এটা আমার মনের কোণে নোট করে রেখেছিলাম । কাল চা বিস্কুট খেলেন আমাদের ঘরে, বিস্কুট বাঁ হাতে । তখনই বুঝতে পারি আপনি ক্রিস্চান । কিন্তু এবারও তাৎপর্য বুঝিনি । এখন বুঝেছি ।’

‘বহুৎ আচ্ছা । কিন্তু তাৎপর্যটা কী সেটা জানতে পারি ? এই কথাটা বলতে আপনি একেবারে দুবরাজপুর চলে এলেন ?’

‘তা হলে আরেকটা প্রশ্ন করি ?’

‘করুন ।’

‘আপনার ফ্যামিলিতে প্রথম কে ক্রিস্চান হয় ?’

‘আমার ঠাকুরদা ।’

‘তাঁর নাম ?’

‘অনন্ত নারায়ণ ।’

‘তাঁর ছেলের নাম ?’

‘চার্লস প্রেমচাঁদ ।’

‘অ্যান্ড হিজ সন ?’

‘রিচার্ড শঙ্কর প্রসাদ ।’

‘তিনি কি আপনি ?’

‘ইয়েস স্যার ।’

‘আপনার ঠাকুরদাদার বাবার নাম কি হীরালাল ?’

‘হ্যাঁ—বাট হাউ ডিড ইউ— ?’

চৌবের মুখ থেকে খুশি ভাবটা চলে গিয়ে এখন খালি অবাক অবিশ্বাস ।

‘এই হীরালালই কি রেজিন্যান্ড ম্যান্ড্রুয়েলের পাংখা টানত ?’

‘এ খবর আপনি পেলেন কী করে ?’

‘একটা বই থেকে । পাদ্রি প্রিচার্ডের লেখা । যিনি আপনার ঠাকুরদাদাকে অনাথ অবস্থা থেকে উদ্ধার করে তাকে ক্রিস্চান করে তার ভবিষ্যতের পথ তৈরি করে দিয়েছিলেন ।’

‘এরকম একটা বই আছে বুঝি ?’

‘আছে । দুস্প্রাপ্য বই, কিন্তু আছে ।’

‘তা হলে তো আপনি—’

‘কী ?’

‘আপনি তো জানেন...’

‘কী জানি ?’

‘সেটা আপনিই বলুন মিঃ মিশ্র । আমার বলতে সংকোচ হচ্ছে ।’

‘বলছি, বলল ফেলুদা । আপনার প্রপিতামহর সাহেবের বুটের লাথি খেয়ে প্রাণত্যাগ করার ঘটনা আপনি এখনও ভুলতে পারেননি । ছেলেবেলা থেকেই হয়তো শুনে এসেছেন রেজিন্যান্ড খ্যাঁকশেয়াল কী জাতীয় লোক ছিলেন । যখন আপনি জানলেন যে সেই রেজিন্যান্ডের নাতি এখানে এসেছে এবং যখন দেখলেন সেই নাতির মধ্যে রেজিন্যান্ডের

ঔদ্ধত্য আর ভারতবিদ্বেষ পুরোপুরি বর্তমান, তখন—’

‘ঠিক আছে, মিঃ মিত্তির, আর বলতে হবে না ।’

‘তা হলে আমি যা ভাবছি সেটাই ঠিক তো ?’

‘কী ?’

‘আপনি প্রতিহিংসাবশত টমকে মাথায় বাড়ি মেরে অজ্ঞান করেন । পাথরটা নেন যাতে সন্দেহটা ওই চারজনের উপর গিয়ে পড়ে ।’

‘ঠিক । এখন এর জন্য আমার কী শাস্তি হওয়া উচিত বলুন ।’

‘সেটাই আমি আপনাকে বলতে এসেছি ।’

‘কী ?’

‘আপনার কোনও শাস্তি হবে না । আপনার অবস্থায় পড়লে আমিও ঠিক এই জিনিসই করতাম । আপনি গুরু পাপে লঘু দণ্ড দিয়েছেন । আপনি নির্দোষ ।’

‘থ্যাক্স ইউ, মিঃ মিত্তির—থ্যাক্স ইউ ।’

‘এখন আপনার কোন চোখ নাচছে, মিঃ সর্বজ্ঞ গঙ্গোপাধ্যায় ?’

‘দুচোখই । একসঙ্গে । আনন্দের নাচনি । আমি কেবল ভাবছি একটা কথা ।’

‘আমি জানি ।’

‘কী বলুন তো ?’

‘আপনার বন্ধু শতদল সেনকে ধন্যবাদ দিতে হবে, এই তো ?’

‘মোক্ষম ধরেছেন । তিনি বইটা না দিলে—’

‘—এই মামলার নিষ্পত্তি হত না—’

‘আর জগন্নাথ চাটুজ্যে রয়ে যেতেন ক্রিমিন্যাল ।’

‘অন্তত আমাদের মনে ।’

‘ঠিক বলেছেন ।’

‘হরিপদবাবু—চলুন তো দেখি পিয়ার্সন পল্লী । শতদল সেনের বাড়ি ।’

*

রবার্টসনের রুবিটা শেষ পর্যন্ত মিউজিয়মেই গেল । কৃতিত্বটা যে ফেলুদার, সেটা বলাই বাহুল্য । ন্যাশনাল জিওগ্রাফিক-এর মতো বিশ্ববিখ্যাত পত্রিকা যখন ম্যাক্সওয়েলের ভারতবর্ষে আসার ব্যয়ভার গ্রহণ করেছে, তা থেকে সহজেই বোঝা যায় যে ও যথেষ্ট নাম-করা ফোটোগ্রাফার, এবং এই জাতীয় লোকের টাকার অভাব থাকার কথা নয় । আরও টাকার লোভে ও রুবিটা বিক্রি করতে চাইছিল । পিটার ম্যাক্সওয়েলের ব্যবহারে অসন্তুষ্ট হলেও ছোটবেলাকার বন্ধুত্বের কথা ভেবে ওর কথায় সরল বিশ্বাসে রুবিটা বিক্রি করতে রাজি হয়েছিলেন । ফেলুদার কথায় তিনি পূর্বপুরুষের আত্মার শাস্তির জন্য যা করতে এসেছিলেন তাই করলেন । ম্যাক্সওয়েলের রাগ ও আশ্ফালন কোনও কিছুই তাঁকে টলাতে পারল না ।

অ স মা প্ত ফে লু দা



তোতা রহস্য

(প্রথম খসড়া)

‘তোমার নাম ফেলুদা?’

একটা ছোট্ট ছেলে ফেলুদার পিছনে দাঁড়িয়ে প্রশ্নটা করেছে। ঘটনাটা ঘটছে পার্ক আর রাসেল স্ট্রিটের খেলনার দোকান হবি সেন্টারে। শুধু খেলনার দোকান বললে ভুল হবে, কারণ এখানে খেলনা ছাড়াও আরেকটা জিনিস পাওয়া যায় সেটা হল অ্যাকুরিয়ামের মাছ। ব্রেজিলের রাস্কুসে মাছ পিরানহার দুটো বাচ্চা ওখানে এসেছে খবর পেয়েই দুজনে এসে হাজির হয়েছি।

ওই খুদে মাছের ধারালো দাঁত দেখে আমাদের চোখ চড়কগাছ, এমন সময় পিছন থেকে প্রশ্নটা এল।

ছেলেটি ঘাড় উঁচু করে ফেলুদার দিকে দেখছে একদৃষ্টে। একটি ভদ্রলোক হাসি হাসি মুখ করে আমাদের দিকে এগিয়ে এসে বললেন, ‘আমার ছেলে আপনার পরম ভক্ত। বলতে পারেন আপনি ওর একজন হিরো।’

ফেলুদা কিছু বলার আগেই ছেলেটি এক নিশ্বাসে বলে গেল—‘আমাদের বাড়িতে একটি টিয়া উড়ে এসেছিল কাল বিকেলে, সেটাকে পঞ্চ ধরে ফেলেছে, আর আমরা একটা খাঁচা কিনেছি, আর সেই খাঁচাতে টিয়াটাকে রেখে দিয়েছি, আর সেটা খুব মজার কথা বলে।’

‘তাই বুঝি?’ ফেলুদা ছেলেটির দিকে ঝুঁকে পড়ে জিজ্ঞেস করল। ‘কী বলে বলো তো?’

‘খালি খালি ব্রিনয়ন বলে একজনকে ডাকে।’

‘বাঃ—এতো খুব মজার ব্যাপার!’ ফেলুদা বলল, ‘ব্রিনয়ন নিশ্চয়ই ওকে খেতে দিত।’

‘তুমি দেখবে টিয়াটা?’

বেশ বুঝতে পারছিলাম যে ফেলুদা যদি একবার হ্যাঁ বলে তো ছেলেটি একেবারে হাতে স্বর্গ পাবে।

ছেলের বাবা আরও এগিয়ে এসে বললেন, ‘ফেলুদা ব্যস্ত মানুষ কত কাজ থাকে ওঁর, ওঁর পক্ষে কি যেখানে সেখানে যাওয়া সম্ভব?’

ফেলুদা বলল, ‘বেশ তো, একদিন যাব এখন। তোমার টিয়া তো আর পালিয়ে যাচ্ছে না। অবিশ্যি কার টিয়া দেখতে যাচ্ছি সেটা আমার জানা দরকার।’

ভদ্রলোক এবার পকেট থেকে একটা কার্ড বার করে ফেলুদাকে দিয়ে বললেন, ‘আমার নাম জয়ন্ত বোস। ইনি হচ্ছেন শ্রীমান রজত। আপনি একদিন এলে আমরা খুবই খুশি হব। রজত ছাড়াও আমাদের বাড়িতে আপনার আরও দুটি ভক্ত আছেন—রজতের মা এবং বাবা।’

ফেলুদা কথা দিল যে একটা রবিবার সকালে রজতদের বাড়িতে গিয়ে তার টিয়া পাখি দেখে আসবে।

পরদিন সকালে ফেলুদার ডাকে ঘুম ভাঙল। বৈঠকখানা থেকে ডাকছে ফেলুদা। ও সঙ্কলের

আগে উঠে যোগব্যায়াম সেরে, সন্ধ্যার আগে খবরের কাগজ পড়ে।

আমি তড়াক্ করে উঠে ওর কাছে গিয়ে দেখি ও খবরের কাগজ হাতে নিয়ে বসে আছে। পাশে ইংরিজিটা ভাঁজ করে রাখা, হাতে বাংলা কাগজ। আমায় দেখেই ‘এইটে পড়ে দেখ তোপসে’ বলে কাগজটা আমার হাতে দিয়ে একটা জায়গায় আঙুল দেখিয়ে দিল। দেখি দ্বিতীয় পাতায় কর্মখালি-টালির মধ্যে ব্যক্তিগত বলে যে বিজ্ঞাপনগুলো থাকে, এটা তারই একটা। তাতে লেখা রয়েছে—

‘গত ১৯শে অক্টোবর আমার একটি পোষা চন্দনা খাঁচা থেকে পালিয়ে যায়। আমার অতি প্রিয় এ পাখিটা সন্ধান দিতে পারলে উপযুক্ত পুরস্কার দেব। ধূর্জটিপ্রসাদ মল্লিক, ২২ নং হরিশ মুখার্জি রোড কলকাতা ৭০০ ০২০।

ফেলুদা বলল, ‘যদুর মনে পড়ছে, এই ধূর্জটি মল্লিক হলেন একজন বিরাট ধনী ব্যবসায়ী। কালীচরণ মল্লিক অ্যান্ড সানস-এর কাপড়ের দোকান ছিল বড়বাজারে। ধূর্জটি সম্ভবত ওই অ্যান্ড সানস-এর একজন। তা ইনি হঠাৎ একটা পাখির শোকে এতটা মরিয়া উঠেছেন কেন সেইটেই হচ্ছে কথা।’

আমি বললাম, ‘তা হলে তো জয়ন্তবাবুদের পাখিটা ফেরত দিয়ে দিতে হবে।’

‘সেই রকমই তো মনে হচ্ছে। শ্রীমান রজত খবরটা শুনে খুব খুশি হবে বলে মনে হয় না। দেখি...’

ফেলুদা উঠে গিয়ে ফোন তুলে জয়ন্তবাবুর নম্বর ডায়াল করল। টেলিফোনে যা কথা হল মোটামুটি এই—



তোতা রহস্য (দ্বিতীয় খসড়া)

‘বাবা বলছে তুমি ফেলুদা।’

কথাটা শুনে পাশ ফিরে দেখি একটা আট দশ বছরের ছেলে ফেলুদার পাশে দাঁড়িয়ে ঘাড় উঁচিয়ে তার মুখের দিকে দেখছে। তার পিছনে দূরে গরম বুশ শার্ট পরা একজন ভদ্রলোক হাসিমুখে আমাদের দিকে দেখছেন। বোধহয় তিনিই ‘বাবা’। ভদ্রলোক এগিয়ে এসে ফেলুদাকে বললেন, ‘আমি আপনি বোধহয় একই সেলুনে চুল ছাঁটাই। সেখানেই আপনাকে দেখেছি। আসলে আমার ছেলে আপনার খুব ভক্ত, তাই আপনাকে চিনিয়ে দেবার লোভ সামলাতে পারলাম না।’

আমাদের কথা হচ্ছিল পার্ক স্ট্রিটের হবি সেন্টার বলে যে খেলনার দোকান আছে তার ভিতর দাঁড়িয়ে। আজ বড়দিন, তাই আমরা পার্ক স্ট্রিটের ঝলমলে চেহারাটা দেখতে বেরিয়েছি। মিনিট দশেক ঘোরাঘুরির পর ফেলুদা বলল যে ওর কিছু চাইনিজ তারের ধাঁধা কেনা দরকার। নানারকম জ্যামিতিক নকশায় ব্যাকানো তার, সঙ্গে আরেকটা কায়দা করে প্যাঁচানো থাকে। মাথা খাটিয়ে সেই প্যাঁচ খুলে দুটোকে আলাগা করতে হয়। এই হল Chinese Wire Puzzle! এর খোঁজেই হবি সেন্টারে আসা, আর সেখানেই ফেলুদার এই খুদে ভক্তের সঙ্গে দেখা।

ফেলুদা ছেলের বাপের কথা শুনে হেসে ছেলেটির দিকে তাকিয়ে বলল, ‘আমি না হয় ফেলুদা, তোমার নামটি কী সেটা তো জানতে পারলাম না।’

ছেলেটি ফেলুদার কথার জবাব না দিয়ে বলল, ‘আমার টিয়া কোথায় গেছে বের করে দিতে পারবে?’

ভদ্রলোক হেসে উঠলেও মনে হল সেটা খানিকটা তার অপ্রস্তুত ভাবটা ঢাকার জন্য।

ফেলুদা বলল, ‘কী হল তোমার টিয়া?’

ছেলেটি কিন্তু বলার আগে ভদ্রলোকই উত্তর দিলেন। ‘ওর জন্য এই সেদিন একটা টিয়া এনে দিয়েছিলাম। আজ সকালে সেটা খাঁচা থেকে উধাও। পালিয়ে টালিয়ে গেছে বোধহয়।’

‘পারবে বার করে দিতে?’—ছেলেটি এখনও এক দৃষ্টে ফেলুদার দিকে চেয়ে আছে।

ফেলুদা বলল, ‘আগে সমস্ত ঘটনা না জানলে কি ডিটেকটিভ কাজ শুরু করতে পারে?’

‘তা হলে চলো আমাদের বাড়ি।’

‘ও কী হীরক!’ ভদ্রলোক মোলায়েম ধমকের সুরে বললেন, ‘ফেলুদাবুর বুঝি অন্য কাজ নেই? উনি কত ব্যস্ত লোক জানো?’ তারপর ফেলুদার দিকে ফিরে বললেন, ‘অবিশ্যি আপনি আসতে পারলে আমরা খুব খুশিই হব। টিয়া রহস্য সমাধানের জন্য বলছি না—হে হে—এমনি এসে চা খেয়ে যাবেন আর কী।’

ফেলুদার হাত এখন খালি, তার উপরে বড়দিনের ছুটি, তার উপরে তার খুদে ভক্তর অনুরোধ—একসঙ্গে এতগুলো কারণের জন্যই বোধহয় ও পরদিন বিকেলে নীহার দাশগুপ্তের বাড়ি যেতে রাজি হয়ে গেল।

খাবার পরে ফেলুদাকে বললাম, ‘তুমি যে নীহারবাবুর বাড়িতে যেতে রাজি হলে, ওর ছেলে কিন্তু টিয়ার ব্যাপারটা ঠিক তোমার ঘাড়ে চাপাবে।’

ফেলুদা খুব মন দিয়ে একটা নতুন কেনা চিনে তারের প্যাঁচ খোলার চেষ্টা করতে করতে বলল, ‘হঁ।’

আমি বললাম, ‘হঁ কী? শেষটায় যদি টিয়া উদ্ধার না হয়?’

‘তা হলে একটি ভক্ত কমে যাবে!’—ফেলুদা বিড় বিড় করে মস্তব্য করল। আমার কিন্তু ব্যাপারটা ভাল লাগছিল না। যে সে লোকের যা কিছু হারালেই যদি ফেলুদাকে গিয়ে খুঁজে বের করে দিতে হয় তা হলে তো মুশকিল। একটা জবরদস্ত ক্রাইম-টাইম হয়—খুন, জালিয়াতি, একটা বড় রকমের চুরি বা ডাকাতি—তাতে ফেলুদার ডাক পড়লে ওর বুদ্ধিটা শানিয়ে নেবার সত্যি করে সুযোগ হয়। এই বড়দিনের ছুটিতে মনে মনে সেই রকমই একটা কিছুর আশা করছিলাম, কিন্তু তার জায়গায় কিনা...


আরও মিনিট পাঁচেক চেষ্টা করে তারের প্যাঁচ খুলে ফেলুদা একটা হাই তুলে বলল, ‘আসল ব্যাপারটা কী জানিস? ওই নীহার দাশগুপ্ত লোকটা সম্বন্ধে আমার একটা কিউরিয়সিটি আছে।’

‘কেন? লোকটা একজন কেউকেটা বুঝি?’

‘দাশগুপ্ত বলছে, আর হেশাম রোড বলছে। যদি শরৎ দাশগুপ্তর বাড়ির ছেলে হয়, তা হলে...’

‘তা হলে কী?’

‘তা হলে আমাদের যাওয়াটা একেবারে মাঠে মারা যাবে না।’



ফেলুদার আন্দাজ ভুল হয়নি। নীহার দাশগুপ্ত হলেন শরৎ দাশগুপ্তের নাতি। দু বছর আগে সাতাশ বছর বয়সে শরৎ দাশগুপ্ত মারা যান। জীবনে তার একটিমাত্র শখ ছিল সেটা হল ঘড়ি সংগ্রহ করা। বাইশ নম্বর হেশাম রোডের বাড়ির দোতলার উত্তর পূর্ব কোণের বৈঠকখানায় ছিয়ানক্বুই রকম ছোট বড় ঘড়ি রয়েছে। এ ছাড়া বাড়ির অন্য ঘরে, বারান্দায় ও সিঁড়ির ল্যান্ডিংও আরও বেশ কয়েকরকম ঘড়ি দেখলাম। এর চেয়ে বড় ঘরের সংগ্রহ যদি কলকাতায় কোথাও থেকে থাকে তো সে আমার জানা নেই। ঘড়িগুলো যখন বাজতে আরম্ভ করে তখন কথা বন্ধ করে চুপ করে শুনতে হয়।

নীহারবাবু বোধহয় তার ছেলেকে বুঝিয়ে সুঝিয়ে রেখেছিলেন যে সে যেন ফেলুদা এলেই তাকে তার পাখির কথা বলে বিরক্ত না করে, কারণ আমরা যতক্ষণ বসে চা খেলাম, হীরক দরজার বাইরে ঘুর ঘুর করল কিন্তু ঘরে ঢুকল না।

নীহারবাবুর স্ত্রীও দেখলাম ফেলুদার ভক্ত। নিজে হাতে বিনুনি পাকানো মাংসের শিঙাড়া করেছিলেন আমাদের জন্য। তা ছাড়া কড়াইশুঁটির সঙ্গে চিড়ে ভাজা, বাড়ির তৈরি পাটিসাপটা আর চা।

চা খাওয়া শেষ হলে পর নীহারবাবু তার ঘড়ির কথা তুললেন। আমরা বারান্দায় বসেছিলাম—পার্শেই বৈঠকখানা, আর সেখানেই ঘড়ি। ফেলুদা বলল, ‘ঘড়ি দেখার আগে আপনার ছেলের সঙ্গে একবার কথা বলতে চাই। তার টিয়া অন্তর্ধান রহস্যটাকে একেবারে এড়িয়ে যাওয়া অনায়াস হবে।’

হীরককে ডাক দিতেই সে দৌড়ে এল আমাদের কাছে।

ফেলুদা বলল, ‘তোমার খাঁচাটা একবার দেখতে পারি কি? নাকি, পাখি নেই বলে সেটা ফেলে দিয়েছে?’

খাঁচাটা যেখানে ছিল সেখানেই আছে। হীরকদের শোবার ঘরের বাইরের বারান্দায়। তারের খাঁচা, মাথাটা গোল—যেমন সাধারণত হয়। খাঁচার ভিতরে একটা এনামেল করা বাটিতে এখনও ছোলা রয়েছে। দরজায় একটা ছিটকিনি রয়েছে, কিন্তু সেটা এখন খোলা।

‘কবে এসেছিল, পাখিটা?’ ফেলুদা জিজ্ঞেস করল।

‘এই তো—গত শনিবার’, নীহারবাবু বললেন। ‘হীরক ওর এক বন্ধুর বাড়িতে টিয়া দেখেছে—সেই থেকে ওর শখ। তাই শনিবার নিউ মার্কেট থেকে এটা এনে ওকে দিই। রবিবার রাত্রেই ওটা কেউ সরিয়েছে। কারণ সোমবার, অর্থাৎ কাল সকালে হীরকই ঘুম থেকে উঠে দেখে খাঁচা খালি। অথচ দরজাটা রাত্রে ওর মা নিজে হাতে বন্ধ করেছে।’

‘সেই রাত্রে কোনও শব্দ পেয়েছিলে কি, হীরকবাবু?’ ফেলুদা প্রশ্ন করল।

হীরক মাথা নাড়ল। হীরকের মা বললেন, ‘আমি যেন একবার ডাকতে শুনেছিলাম টিয়াকে, কিন্তু সেটা মনে হল—পাখিটা নতুন জায়গায় এসেছে, অভ্যেস হয়নি, তাই ডাকছে।’

ফেলুদা ভীষণ কাছ থেকে খাঁচাটাকে দেখেছে, তার চোখে জুকুটি।

হীরক এতক্ষণ চুপ করে ছিল। এবার বোধহয় আর ধৈর্য রাখতে না পেরে বলল, ‘কে নিয়েছে পাখিটা?’

গম্ভীর গলায় প্রশ্নটা শুনে হাসিই পেয়ে গিয়েছিল। হীরকের মা’ও দেখলাম মুখে কাপড় চাপা দিয়ে মাথাটা ঘুরিয়ে নিলেন। নীহারবাবু একটু অপ্রস্তুত হয়ে গলা খাকরালেন। ফেলুদা কিন্তু বেশ গম্ভীর ভাবেই বলল, ‘কে নিয়েছে’র চেয়েও আগে জানতে হবে কেন নিয়েছে। ব্যাপারটা খুব সহজ নয় হীরকবাবু—আমাকে একটু ভাবতে সময় দিতে হবে।’

‘ঠিক আছে।’ গম্ভীর গলায় হীরকের কথা এল। ফেলুদা যে তার জন্যে ভাবছে এটাতেই তার মন ভাল হয়ে গেছে, টিয়া ফিরে আসুক কি না আসুক সেটা বোধহয় খুব বড় কথা নয়।

এবার আমরা নীহারবাবুর বৈঠকখানায় গিয়ে হাজির হলাম। এটাই হল ঘড়ির ঘর। এমন ঘর সত্যিই আমি কখনও দেখিনি। ফেলুদা বলল, ‘এত ঘড়িতে রোজ রোজ দম দেওয়া তো এক পেছায় ব্যাপার। আলাদা লোক রাখতে হয়েছে বোধহয়?’

‘আমাদের বহুদিনের পুরোনো বেয়ারা ঘনশ্যামই কাজটা করে।’

‘ভাল কথা—আর চাকর বাকর কী আছে আপনাদের বলুন তো। টিয়ার ব্যাপারে আমার মনটা খচ খচ করছে। বাড়ির চাকর ছাড়া আর কেউ ওটা নিতে পারে বলে মনে তো হয় না।’

‘রান্নার লোক একটি আছে, সেও অনেকদিনের। একটি ছোকরা চাকর আছে—যতীন—সে লোকটা এসেছে বছর দুয়েক হল। এ ছাড়া মালী, জমাদার—এরা কেউই রাত্রে থাকে না।’

ফেলুদা ঘড়ির দিক থেকে চোখ না ফিরিয়েই প্রশ্ন করে চলেছে।

‘যতীনই কি আমাদের চা এনে দিল?’

‘হ্যাঁ।’

‘ওকে জিজ্ঞেস করেছিলেন টিয়ার কথা?’

‘হ্যাঁ। স্বভাবতই ও বলেছে কিছুই জানে না।’

‘নিউ মার্কেটের যে দোকান থেকে পাখিটা কিনেছিলেন তার নাম জানেন?’

‘লোকটার নাম লতিফ। লতিফের দোকান বলেই বলে।’

এর পরে আর ফেলুদা পাখি নিয়ে কোনও প্রশ্ন করেনি।

নীহারবাবু তার প্রত্যেকটি ঘড়ির ইতিহাস আমাদের বললেন। তিনশো বছরের পুরনো ঘড়িও রয়েছে। একটা বেশ বড় দাঁড় করানো ঘড়িতে দেখলাম খোলস বলে কিছু নেই, কলকজা সব বাইরে থেকেই দেখা যাচ্ছে। কলকাতার টাইমের সঙ্গে সঙ্গে লন্ডন, প্যারিস, নিউ ইয়র্কের টাইম জানা যাচ্ছে। বাইরে যা দেখাবার মতো আছে সব দেখিয়ে নীহারবাবু একটা দেৱাজ খুলে বললেন, ‘আমার ঠাকুরদাদার সংগ্রহের সবচেয়ে মূল্যবান জিনিসটা আপনাকে দেখাই।’

একটা ছোট্ট বাস্ক থেকে একটা সোনার ট্যাক ঘড়ি বার করে নীহারবাবু ফেলুদার সামনে ধরে বললেন, ‘আড়াইশো বছর আগে লন্ডনের লুই রিকর্ডনের তৈরি—পৃথিবীর প্রথম সেলফ-ওয়াইন্ডিং ঘড়িগুলোর মধ্যে একটা হল এটা।’

আমি অবাক হয়ে এই দম না দেওয়া ঘড়ি দেখতে লাগলাম। ফেলুদার হাতঘড়িটাতেও (যেটা দীননাথ পাকাড়াশি ওকে দিয়েছিলেন বাস্ক-রহস্য সমাধানের পর) দম দিতে হয় না; কিন্তু দম-না-দেওয়ার কায়দাটা যে আড়াইশো বছর আগেই আবিষ্কার হয়ে গেছে সেটা ভাবিনি।


নীহারবাবু আমাদের পাঁচটা পর্যন্ত থেকে যেতে বলেছিলেন, কারণ সেই সময় বাজা-ঘড়িগুলো সব একসঙ্গে বাজবে, আর সেটা নাকি একটা শোনার মতো ব্যাপার। পাঁচটা বাজতে আর পাঁচ মিনিট বাকি দেখে আমরা আবার সোফায় বসলাম। ফেলুদা বলল, ‘মোমবাতির দাগ দেখছি টেবিলের উপর। আপনাদের এদিকেও বুঝি পাওয়ার-কাট থেকে অব্যাহতি নেই।’

‘আর বলবেন না। কারই বা অব্যাহতি আছে বলুন। হুগুয় তিনদিন সন্ধ্যাটা যে কী করে কাটাৱ সেটা ভেবে পাই না।’

‘সেই জন্যেই বুঝি প্ল্যানচেস্ট ধরেছেন?’

ভদ্রলোক প্রশ্নটা শুনে হো হো করে হেসে উঠলেন। ‘বাবা—আপনার দৃষ্টিও খুবই তীক্ষ্ণ। কাল হবি সেন্টার থেকে উইজা বোর্ড কিনেছিলাম সেটা লক্ষ করেছেন বুঝি?’

ফেলুদা হাসল। আমি জানতাম উইজা বোর্ড হল একটা চাকাওয়ালা কাঠের তক্তা, তাতে পেনসিল গোঁজার জন্য একটা ফুটো। একটা তেপায়া টেবিলের উপর একটা সাদা কাগজ রেখে তার উপর বোর্ডটাকে রাখতে হয়। তারপর ঘরের বাতি নিভিয়ে সকলে টেবিলটাকে ঘিরে বসে



কোনও মৃত লোকের কথা ভাবলে নাকি কিছুক্ষণেই সেই লোকের আত্মা এসে হাজির।

আর তখন সেই আত্মাকে কিছু জিজ্ঞেস করলে সকলের হাতসুদ্ধ বোর্ডটা নাকি ঐক্যে বেঁকে চলতে থাকে, আর তার ফলে সাদা কাগজের উপর পেনসিল দিয়ে সেই প্রশ্নের উত্তর লেখা হয়ে যায়।

‘আসলে কী জানেন’, ভদ্রলোক বললেন, ‘বোর্ড ছাড়া শুধু টেবিলের উপর হাত রেখে বসে থেকে দেখেছি—কোনও ফল হয়নি। তাই ভাবলাম এবার বোর্ড দিয়ে করে দেখব।’

‘বোর্ড দিয়ে ফল পেয়েছেন?’

‘এখনও বসিনি। আমরা বুধবার বুধবার বসি। আমার এক বন্ধু আছে—শখটা আসলে তারই। আর আমার এক প্রতিবেশী আছেন—সুধাংশু বাবু—এই তিনজন। আপনারও এ ব্যাপারে ইন্টারেস্ট আছে না কি?’

ফেলুদা হাসল। ‘নাঃ। তবে যারা এ সবার চর্চা করে তাদের সম্পর্কে একটা কৌতূহল হয় বই কী।’

‘আসলে কী জানেন, অন্ধকারে বসে থাকতে থাকতে একদিন ভূত প্রেত আত্মা পরলোক এই সব নিয়ে আলোচনা হচ্ছিল। তাই থেকেই আমার বন্ধুর মাথায় এল প্ল্যানচেট ট্রাই করার ব্যাপারটা। ছেলেমানুষী বটেই—তবে এতরকম লোকে ফল পেয়েছে বলে শুনেছি যে পরখ করে দেখতে হচ্ছে হল।’

রাত্রে ফেলুদাকে একটু গভীর দেখে জিজ্ঞেস করলাম, ‘ঘড়ির কথা ভাবছ, না প্রেতাত্মার কথা ভাবছ, না টিয়ার কথা ভাবছ?’

ফেলুদা বলল, ‘যতীন চাকরটা যখন চা দিচ্ছিল তখন ওর ডান হাতের বুড়ো আঙুল আর তর্জনীটা লক্ষ করেছিলি?’

‘কই, না তো।’

‘দুটো ক্ষত চিহ্ন রয়েছে। দেখে ভাল লাগল না। খাঁচার দরজার পাশে তারেও লাল দাগ দেখলাম। শুকনো রক্ত বলেই তো মনে হল।’

‘কিন্তু যতীন খাঁচা থেকে পাখি বার করবে কেন? পাখিটা তো আর ধন দৌলত নয়। আর এমন একটা সাংঘাতিক কোনও পাখিও নয় যে বিক্রি করলে বেশি দাম পাওয়া যাবে।’

‘জানি রে তোপসে, জানি...কোনও কারণে খুঁজে পাওয়া যাচ্ছে বলেই তো মেজাজটা খিচড়ে আছে। ব্যাপারটায় লজিকের এত অভাব বলেই তো আমাকে এত পীড়া দিচ্ছে। এখন যেটা দরকার সেটা হল পাখিটার সম্বন্ধে কিছু তথ্য সংগ্রহ করা। লতিফের দোকান—নিউ মার্কেট...’

ফেলুদা বলে নিউ মার্কেটের মতো এমন একটা ব্যাপার শুধু কলকাতায় বা ভারতবর্ষে কেন—সারা পৃথিবীতেই খুব বেশি আছে বলে মনে হয় না। একটি সেফটি পিন থেকে রয়েল বেঙ্গল টাইগার পর্যন্ত যা কিছু চাও তাই কিনতে পাওয়া যায় নিউ মার্কেটে। আমার তো প্রতিবার গেলেই গোলকধাঁধার মতো সব গুলিয়ে যায়, কিন্তু ফেলুদা একেবারে সটান যে দোকানে যাওয়া দরকার সেখানে গিয়ে হাজির হয়। ওর নাকি পুরো মার্কেটের প্ল্যানটা মাথার মধ্যে পরিষ্কার আছে। একবার পাখির বাজারে পৌঁছে লতিফের দোকান বার করতে লাগল ঠিক দু মিনিট। সমস্ত পাখির বাজারটায় যে দিকে চোখ যায় সেদিকেই খাঁচা, আর খাঁচার মধ্যে হাজারে হাজারে কতরকম পাখি রয়েছে তার ঠিক নেই। কয়েকটা পাশাপাশি খাঁচায় তো পেলিক্যান পর্যন্ত রয়েছে মনে হল। আর সব পাখিই কি একসঙ্গে ডাকছে? তা না হলে এরকম কান ফাটা শব্দ হবে কেন?

ফেলুদা লতিফকে সোজাসুজি প্রশ্ন করল তার দোকান থেকে গত শনিবার একজন বাঙালি ভদ্রলোক এসে একটা টিয়া কিনে নিয়ে গেছে কি না।

‘টিয়া তো নেয়নি বাবু’, লতিফ বলল।

‘টিয়া নেয়নি?’

‘না বাবু। তবে চন্দনা একখানা বিক্রি হয়েছে। খুব ভাল পাখি। একজন ফরসা মতো বাবু এসে কিনে নিয়ে গেলেন।’

‘টিয়া আর চন্দনা তো খুবই কাছাকাছি, তাই না?’ ফেলুদা প্রশ্ন করল।

‘হ্যাঁ বাবু। তবে চন্দনার গলায় একটা দাগ থাকে। আর চন্দনার মতো অমন পরিষ্কার কথা টিয়া পাখি বলতে পারে না।’

‘এই চন্দনাটা কথা বলত?’

‘হ্যাঁ বাবু। ‘মা’ ‘মা’ করে ডাকত। ‘ঠাকুর ভাত দাও,’ ‘মধুসূদন,’ ‘হরি হরি’—অনেক কথা বলত বাবু। ভবানীপুরের এক বাড়ি থেকে এসছিল পাখিটা। আপনাদের চাই কথা বলা পাখি?’ ময়না আছে, চন্দনা আছে—’

হীরকের পাখিটা টিয়া না—চন্দনা, এইটাই খালি জানা গেল লতিফের কাছে এসে। ফেলুদা বলল তাতে নাকি অনেকটা লাভ হয়েছে—রহস্যের একটা নতুন দিক নাকি খুলে গেছে।

একটা প্রশ্ন আমার মনে আসছিল—মার্কেট থেকে ফেরার পথে সেটা ফেলুদাকে জিজ্ঞেস না করে পারলাম না।

‘আচ্ছা ফেলুদা, পাখিটাই যদি নেবার ছিল, তা হলে খাঁচাসুদ্ধ নিয়ে গেলেই তো হত। খাঁচার দরজা খুলে জখম হওয়ার রিস্কটা নিল কেন?’

‘তোরা প্রশ্নটা ভালই হয়েছে রে তোপসে। এটা আমারও মাথায় এসেছিল। আসলে যে নিয়েছে সে বোধহয় এইটেই বোঝাতে চেয়েছিল যে পাখির দরজা বন্ধ করা হয়নি, তাই পাখি উড়ে পালিয়েছে। পাখিটাকে যে কোনও একটা বিশেষ প্রয়োজনে ফন্দি করে সরানো হয়েছে সেটা সে বোঝাতে দিতে চায়নি। আর খাঁচা থেকে যখন বার করে নেওয়া হয়েছে, তার মানে হয় সে পাখিকে মেরে ফেলা হয়েছে, না হয় তাকে ছেড়ে দেওয়া হয়েছে।’

পরদিন সকালে ফেলুদা নীহারবাবুকে ফোন করে পাখির কোনও সন্ধান পাওয়া গেছে কি না জিজ্ঞেস করল। পাখিটাকে যদি ছেড়ে দেওয়া হয়ে থাকে তা হলে সেটা আশেপাশেই কোনও গাছে হয়তো থাকতে পারে। কাছাকাছির মধ্যে যদি কোনও পার্ক থাকে তা হলে হীরক যেন সেখানে মাঝে মাঝে গিয়ে গাছপালাগুলো দেখে আসে, এ কথাও ফেলুদা বলল। ভদ্রলোক বললেন পাখির খবর পেলেই উনি জানাবেন।

বিষ্যদবার সকালে সাতটার সময় নীহারবাবু ফোন করলেন। চন্দনার খবরের জন্য নয়। তার আড়াইশো বছরের পুরনো সেলফ-ওয়াইন্ডিং ট্যাক ঘড়িটা কাল রাত্রে তার দেরাজ থেকে চুরি হয়ে গেছে।

ফেলুদা টেলিফোনটা রেখে ধরা গলায় বলল, ‘চট করে তৈরি হয়ে নে। আমার মন বলছিল একটা গণ্ডগোল হবে—’

১৩/২/৭৩



বাক্স রহস্য

(প্রথম খসড়া)

খুব মন দিয়ে কাগজের কাটিংগুলো সাঁটছিলাম বলেই বোধহয় হঠাৎ গ্যাঁক করে কলিং বেলটা বাজতে আঁতকে উঠলাম। কাটিং সাঁটার কাজটা অবিশ্যি আমার নিজের নয়—ওটা ফেলুদা আমাকে করবার ভার দিয়েছে। খবরের কাগজ থেকে যত রাজ্যের উদ্ভট খবর বার করে কেটে একটা বিরাট মোটা খাতায় সঁটে রাখা। হায়ার সেকেন্ডারি পরীক্ষার পর লম্বা ছুটি, তাই এমনিতেই আমার সময়ের অভাব নেই, আর সবচেয়ে বড় কথা, ফেলুদার ফরমাশ খাটতে আমার কখনওই কোনও আপত্তি নেই।

ঢাউস খাতটা বন্ধ করে কাটিংগুলো সেটা দিয়ে চাপা দিয়ে দরজা খুলতে বেরিয়ে গেলাম। ফেলুদা চুল ছাঁটতে গেছে—এত তাড়াতাড়ি ফেরার কথা নয়, আর বাবা আপিসে গেছেন। কে এল তা হলে?

দরজা খুলে যাকে দেখলাম তাকে এর আগে কখনও দেখিনি। বয়স চল্লিশ থেকে পঞ্চাশের মধ্যে, ফরসা রং, চোখ দুটোয় একটা চিনেম্যানের ভাব আছে, আর চুল রীতিমতো পাতলা হয়ে প্রায় টাক পড়ার ভাব হলেও, পাকা নয়। বললাম, ‘কাকে চাই?’

ভদ্রলোক দরজার বাইরে বাঁ দিকে বাড়ির নম্বরটার দিকে আরেকবার দেখে নিয়ে বললেন, ‘প্রদোষ মিস্ত্রির এখানে থাকেন কি?’

প্রদোষ ফেলুদার ভাল নাম। বললাম, ‘হ্যাঁ—কিন্তু তিনি তো একটু বেরিয়েছেন। মিনিট পনেরোর মধ্যেই হয়তো ফিরবেন। আপনি একটু বসবেন কি?’

ভদ্রলোক সাদা ধূতি পাঞ্জাবি পরেছেন; সেই ধূতির খুঁট দিয়ে ঘাম মুছে একটু যেন কিন্তু কিন্তু

ভাবে শেষ ধাপ সিঁড়িটা উঠে ঘরের ভিতর পা দিয়ে বললেন, ‘একটু—মানে, ইয়ে ছিল আর কী—’

‘তা হলে বসুন না।’

বাইরের ঘরের দরজা দিয়ে ঢুকেই আমাদের বৈঠকখানা। আমি পাখাটা খুলে দিলাম। ভদ্রলোক একটা সোফায় বসে বললেন, ‘এক গelas জল যদি—’

আমি জল এনে দিলাম। ভদ্রলোক ঢক ঢক করে খেয়ে গelas তার বাঁ পাশের কাচের টেবিলে রেখে দিয়ে হাঁফ ছাড়লেন। এবার আরও লক্ষ করলাম—ভদ্রলোকের বা হাতের দুটো আঙুলে দুটো আংটি, পায়ে সাদা রঙের নাগরা জুতো, আর পাঞ্জাবিতে সোনার বোতাম। প্রদোষ মিস্তিরের খোঁজ করা মানেই ডিটেকটিভের খোঁজ করা। আর ডিটেকটিভের খোঁজ করা মানেই কোনও রহস্য বা খুন খারাপির সঙ্গে ভদ্রলোকের সম্পর্ক আছে। তা না হয়ে ভদ্রলোক যদি ফেলুদার কোনও পুরনো বন্ধু হন তা হলে খুব খারাপ হবে। কিন্তু সেটার সম্ভাবনা কম—কারণ ফেলুদার বয়স সবেমাত্র আঠাশ হয়েছে।

আমি ঘরের উলটোদিকে তক্তাপোশটার উপর বসেছিলাম। ভদ্রলোককে একা বসিয়ে রাখা অন্যায় হবে বলে মনে হচ্ছিল; যদি উনি ফেলুদার খদ্দেরই হন, তা হলে তার সঙ্গে অভদ্রতা করাটা ভুল হবে।

কট কট শব্দ পেয়ে ভদ্রলোকের দিকে ফিরে দেখি উনি অন্যমনস্ক হয়ে আঙুল মটকাচ্ছেন। প্রথমে একে একে ডান হাতের সব আঙুল, তারপর একে একে বাঁ হাতের সব আঙুল (যদিও কড়োয় আওয়াজ হল না) মটকে ভদ্রলোক পাশের সোফার উপর থেকে আনন্দবাজারটা তুলে নিয়ে মিনিট খানেক পাতা উলটিয়ে সেটা আবার রেখে দিলেন। ফেলুদা হলে এতক্ষণে ভদ্রলোকের সম্বন্ধে অনেক তথ্য বার করে নিতে পারত—শুধু তার চেহারা বা হাবভাব দেখেই। আমি শুধু এইটুকুই বুঝলাম যে উনি বেশ নার্ভাস। জুলাই মাসে গরম খুব বেশি নেই—কারণ সারা রাত বৃষ্টি পড়েছে। অথচ ভদ্রলোকের কপাল বার বার ধুতি দিয়ে মুছেও দেখতে দেখতে বিন্দু বিন্দু ঘামে ভরে যাচ্ছে। নাকের ডগা, গোঁফের জায়গা আর কাঁধের কাছটাতেও খুব ঘাম হচ্ছে। অবিশ্যি কিছু লোক আছে যারা এমনিতেই একটু বেশি ঘামে। কম ঘামা লোকের মধ্যে ফেলুদা নিজেই একজন।

বৈঠকখানার ঝোলানো ঘড়িটায় ৫৭ ৫৭ নটা বাজা শেষ না হতেই ফেলুদা এসে হাজির। তার মানে পনেরো মিনিটও হয়নি। চুল যে কেটেছে সেটা প্রায় দেখলে বোঝাই যায় না—অবিশ্যি এটাই হচ্ছে ফেলুদার কায়দা। ও বলে পুরুষ মানুষের চেহারার আট আনা নির্ভর করে নাপিতের উপর। কাজেই চুল কাটতে বসে সবচেয়ে বেশি সজাগ থাকা উচিত; নাপিতের হাতে ছেড়েছ কি তিন মিনিটে কাঁচির দুটো বেমক্কা চালে তোমার পোর্টেট চেঞ্জ করে দেবে।

যাই হোক, ফেলুদা ঘরে ঢুকতেই ভদ্রলোক সোফা ছেড়ে উঠে দাঁড়িয়ে নমস্কার করে বললেন, ‘আপনি কি প্রদোষ মিস্তির?’

ফেলুদা বলল, ‘আজ্ঞে হ্যাঁ। বসুন...’

ভদ্রলোক বসতে বসতে বললেন, ‘আমার নাম হরিনাথ চক্রবর্তী। আমি আসছি কৰ্মওয়ালিস স্ট্রিট থেকে।’

‘টাক্সিতে এলেন না কি?’

‘আজ্ঞে হ্যাঁ। মানে, আমার গাড়িটা একটু গোলমাল করছে—তা ছাড়া ভবানীপুরের দিকটা ভাল জানা নেই। রোড সেন্সটাও কম— তাই ভাবলুম টাক্সিতে গেলে বাড়ি খুঁজে পাওয়াটা আরেকটু সিওর হবে।’

‘ও।—তা, কী ব্যাপার বলুন।’

‘আজ্ঞে হ্যাঁ।’ ভদ্রলোক একটু থামলেন। বুঝলাম বেশ নার্ভাস বোধ করছেন। ‘আমি—মানে, আপনার নাম শুনেছি। আমার এক দূরসম্পর্কের আত্মীয়ের কৈলাস চৌধুরীর সঙ্গে খুব জানা শোনা আছে। তিনিই, আর কী...

ফেলুদা বলল, ‘একটু চা বা কফি—?’

‘আজ্ঞে, তা এক কাপ...’

‘কোনটা?’

‘যেটা হয়।’

ফেলুদা আমাকে ইশারা করাতে আমি টক করে উঠে গিয়ে আমাদের নিতাই চাকরকে দু পেয়ালা কফি করতে বলেই আবার বসবার ঘরে ফিরে এলাম। আমার বুক টিপটিপ শুরু হয়ে গিয়েছে। ফেলুদারও যে নামডাক আগের চেয়ে বেশি হয়েছে সেটাও বেশ বুঝতে পারছি। আগে আগে লোকে ফেলুদাকে ডেকে পাঠাত, এখন নিজেরা ধাওয়া করে বাড়ি খুঁজে তার সঙ্গে দেখা করতে আসছে।

ভদ্রলোক আরেকবার ঘাম মুছে নিয়ে বললেন, ‘ব্যাপারটা—মানে, একটু—যাকে বলে কমিক্যাল। আপনি হয়তো শুনে হাসবেন। মানে, সচরাচর যেসব কারণে মানুষে গোয়েন্দার কাছে আসে তা ঠিক না—তবে—’

ফেলুদা চুপ করে বসে আছে। তার দৃষ্টি এতক্ষণ সটান ভদ্রলোকের দিকে ছিল, এবার দেখলাম ফেলুদা গলা খাকরানি দিয়ে চোখ নামিয়ে পকেট থেকে তার দেশলাই আর সিগারেটটা বার করল। ভদ্রলোকের দিকে প্যাকেটটা এগিয়ে দিয়ে বলল, ‘আসুন।’ বুঝলাম ভদ্রলোকের নার্ভাসনেসটা কাটানোর জন্যই ফেলুদা একটা হালকা স্বাভাবিক ভাব আনার চেষ্টা করছে।

ভদ্রলোক অল্প হেসে মাথা নেড়ে বললেন, ‘আজ্ঞে না, আমি খাই না।’

ফেলুদা সিগারেট ধরিয়ে বলল, ‘আপনি কি আমার এই ভাইটির সামনে আপনার কথা বলতে দ্বিধা করছেন?’

ভদ্রলোক অপ্রস্তুত ভাবে হেসে বললেন, ‘না না মোটেই না। আসলে—ওই যা বললাম—ব্যাপারটা একটু পিকিউলিয়ার।’

তারপর পাঞ্জাবির পকেটে হাত ঢুকিয়ে হরিনাথবাবু একটা কাগজের মোড়ক বার করলেন। সেটা খুলতে তার থেকে বেরোল একটা কাগজের বাস্ক, আর বাস্কের ঢাকনাটা খুলতে যেটা বেরোল সেটা আমি যেখান থেকে বসে আছি সেখান থেকে দেখে কী জিনিস বোঝা যায় না। খুব বেশি আগ্রহ বা ব্যস্ততার ভাব না দেখিয়ে তক্তপোশ ছেড়ে ফেলুদার দিকে উঠে এগিয়ে এলাম। দেখলাম—ফেলুদা এখন যেটা হাতে নিয়ে নেড়ে চেড়ে দেখছে—সেটা হল একটা ধাতুর তৈরি ছোট (দু ইঞ্চির বেশি লম্বা নয়) মূর্তি। কোনও দেবতার মূর্তিই হবে—তবে চেনা দেবতা নয়। জিনিসটা সোনা বা পিতলের তৈরি, আর তাতে আবার ছোট ছোট উজ্জল রংচঙে পাথর বসানো। বাদশাহি আংটির ব্যাপারের সময় ফেলুদা পাথর চিনিয়ে দিয়েছিল—তাই বুঝলাম যে এর মধ্যে চুনি পাল্লা নীলা ইত্যাদি সব কিছুই আছে। আরও কিছু আছে কি না সেটা নিজে হাতে নিয়ে ভাল করে পরীক্ষা না করলে জানা যাবে না।

‘বাঃ—চমৎকার!’

ফেলুদা আমার নিজের মনের ভাবটাই প্রকাশ করল। সত্যি—জিনিসটা দেখতে অদ্ভুত সুন্দর।

‘কোথায় পেলেন এটা?’

ফেলুদার এ প্রশ্নের উত্তরে ভদ্রলোক একটু হেসে ফেলুদার হাত থেকে জিনিসটা ফেরত



নিয়ে বললেন, ‘সেটাই তো রহস্য! কী করে যে এটা আমার কাছে এল, তা বুঝতেই পারছি না। একজন লোকের কোনও মূল্যবান জিনিস হারালে সে লোকের পক্ষে গোয়েন্দার কাছে যাওয়া স্বাভাবিক—কিন্তু একজনের হাতে যদি এমন একটা জিনিস তার অজান্তে এসে পড়ে...ব্যাপারটা একটু কমিক্যাল নয় কি?’

ফেলুদা দেখলাম বেশ গম্ভীর। বলল, ‘কমিক্যাল কি না সেটা অবিশ্যি ঝট করে এই অবস্থায় বলা সম্ভব নয়। হতেও পারে, নাও হতে পারে। আপনি বরং আরেকটা ইনফরমেশন দিন। এটা কোথা থেকে বেরোল?’

এ প্রশ্ন শুনে ভদ্রলোকের মুখ দেখে মনে হল তিনি আবার হাসতে যাচ্ছেন। কিন্তু পরক্ষণেই যেন হাসিটাকে চেপে নিয়ে একটু জোর করে বেশি গম্ভীর হয়ে বললেন, ‘আমার সুপুরির কৌটো থেকে।’

ব্যাপারটা একদিক দিয়ে দেখতে গেলে কমিক্যাল বটেই, কিন্তু আমারই হাসি পাচ্ছিল না। ফেলুদা বলল, ‘কবে পেয়েছেন?’

হরিনাথবাবু বললেন, ‘কালকে। একেবারে তলায় পড়ে ছিল।’

‘সুপুরি আপনি নিয়মিত খান?’

‘আজ্ঞে হ্যাঁ। ওটা আমার একটা বাতিক।’

‘কাল পেয়েছেন মানে কালকেই যে ওটা রাখা হয়েছে কৌটোতে তার কোনও মানে নেই?’

‘মোটাই না! হয়তো যখন ভর্তি ছিল সেই সময় রাখা হয়েছে। কৌটো খালি হয়ে এলে পর ওটা আমার চোখে পড়েছে। সত্যি বলতে কী, চোখেও পড়েনি। অভ্যাস মতো আঙুল ঢুকিয়ে

সুপুরি বার করতে গিয়ে প্রথমে হাতে ঠেকেছে। অস্বাভাবিক ঠাণ্ডা লাগতে কৌটো হাতে নিম্নে ভিতরে চেয়ে দেখি মূর্তিটা দিব্যি চিত হয়ে পড়ে আছে। অথচ আমার সুপুরি আর কেউ শেয়ার করে না। আমার শোবার ঘরে চাকর এবং আমার স্ত্রী ছাড়া আর কেউ আসেও না। চাকর বহুদিনের পুরনো—চুরি চামারিও বাড়িতে কস্মিনকালে হয়েছে বলে মনে পড়ে না। এখন আপনিই বলুন—এর থেকে কী বুঝব।’

ফেলুদা ভুরু কুঁচকে পায়ের উপর পা তুলে দিয়ে সোফায় আরও ভাল করে হেলান দিয়ে বলল, ‘আপনার এক কৌটো সুপুরি শেষ হতে কতদিন লাগে?’

‘তা ধরুন—হিসেব তো করিনি—দিন পনেরো লাগে বোধহয়।’

‘আপনার স্ত্রীই কৌটো ভরে দেন?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘শেষ কবে ভরেছিলেন মনে আছে?’

ভদ্রলোক চোখ বন্ধ করে একটু ভাবলেন। তারপর যখন চোখ খুললেন তখন তার চাহনিতে একটা নতুন ভাব লক্ষ্য করলাম।

‘দিল্লি যাবার আগের দিন।’

‘আপনি দিল্লি গিয়েছিলেন?’

‘হ্যাঁ। আমার আপিসের কাজে। তিন দিনের জন্য।’

‘প্লেনে না ট্রেনে?’

‘গেছি প্লেনে, এসেছি ট্রেনে।’

‘কবে?’

‘কলকাতা থেকে গেছি ২২শে জুন। ওখান থেকে রওনা হয়েছি ২৫শে সকালে, ফিরেছি ২৬শে ভোরে।’

‘সুপুরির কৌটোটা কী ভাবে নেন?’

‘আমার একটা হাত ব্যাগ—মানে, ছোট অ্যাটাচি কেস আছে, তাতে।’

‘ট্রেনে খাওয়া অভ্যাস আছে?’

‘তা আছে। দিনে ৫-৬বার সুপুরি না খেয়ে পারি না। বিশেষ করে দুপুরের খাওয়া আর রাত্তিরের খাওয়ার পর তো খাই-ই।’

‘অন্য লোককে অফার করেন?’

‘এমনিতে করি না—তবে লোকে চাইলে দিই নিশ্চয়ই।’

‘ট্রেনে কেউ চেয়েছিল খেতে?’

‘তা—হ্যাঁ—দু একজন যেন চেয়ে খেয়েছিল বলে মনে হচ্ছে।’

‘সুপুরি খাবার পর কৌটো কি বাক্সে পুরে রেখেছিলেন?’

ভদ্রলোক আবার ভুরু কুঁচকে একটু ভাবলেন, তারপর বললেন, ‘যদুর মনে পড়ে—সিটের পাশে একটা টেবিলের মতো জিনিস থাকে— তার উপরেই বোধহয় রেখেছিলাম। বাক্সে পরের দিন সকালে রাখি।’

এবার ফেলুদার ভাববার পালা। বেশ কিছুক্ষণ চূপচাপ থেকে বলল, ‘আপনি কি এয়ার কন্ডিশনড ফার্স্ট ক্লাসে আসছিলেন?’

‘আজ্ঞে হ্যাঁ।’

‘চারটে বার্থ তো?’

‘হ্যাঁ। চারটেতেই লোক ছিল।’

‘সারা রাত্তা সেই একই চারজন এসেছেন?’

‘বোধহয় একজন মাঝপথে কোথাও নেমে গিয়েছিলেন। এলাহাবাদে বোধহয়। কে কোথায় যাচ্ছে এ নিয়ে একবার কথা হয়েছিল। একজন অবাঙালি—বলেছিলেন যে তিনি বেনারসের।’
‘দিল্লিতে কোথায় ছিলেন?’

‘হোটেল। ভাল হোটেল। বেয়ারাগুলো বিশ্বস্ত বলেই জানি।’

‘হুঁ।’ ফেলুদা সোফা ছেড়ে উঠে দুবার পায়চারি করে বলল, ‘মনে হয় ট্রেনে রাতের মধ্যেই আপনাদের কামরার বাকি তিনজনের কেউ আপনার সুপূরির কৌটোতে মূর্তিটা চালান দিয়েছে। কিন্তু কথা হচ্ছে—কেন?’

হরিনাথবাবু একটু হেসে মিহি গলায় বললেন, ‘সেইটে জানার জন্যই তো আপনার এখানে আসা। মূর্তিটা পাবার পর থেকেই একটা ভয় মনে ঢুকছে—’

ভদ্রলোক থামলেন—আমরা তার দিকে চাইলাম।

‘যদি সাময়িক কোনও বিপদ থাকায় কেউ চোরাই মাল পাচার করে থাকে—তা হলে তো সে মাল আবার উদ্ধার করতে আসতে পারে। তখন যদি আমার উপর...’

ভদ্রলোকের গলা যেন হঠাৎ শুকিয়ে গেল। কথাটা শেষ করার দরকার ছিল না—কারণ বুঝতে পারছিলাম উনি কী বলতে চাইছিলেন।

ফেলুদা আবার সোফায় বসে পড়ে বলল, ‘সবচেয়ে আগে দরকার দুটো জিনিস জানা—এক হচ্ছে আপনার সহযাত্রীদের নাম ধাম, আরেক হচ্ছে এই মূর্তিটা মূল্যবান কি না। দ্বিতীয়টি বোধহয় আপনি জানেন না। কিন্তু প্রথমটার ব্যাপারে কি আপনি কোনও সাহায্য করতে পারেন? অবিশ্যি রেল কোম্পানি তাদের বুকিং লিস্ট দেখে এ ব্যাপারে ইনফরমেশন দিতে পারে—কিন্তু তার আগে এই তিনজন সম্পর্কে আপনার কিছু মনে পড়ে কি না সেটাও জানা দরকার।’

হরিনাথবাবু টাক চুলকে বললেন, ‘ঘটনাটা তো খুব বেশিদিন আগের নয়, তাই তিনজনেরই চেহারা মোটামুটি মনে আছে। একজন বাঙালি ছিলেন—তার সঙ্গে অনেক কথা বলেছি আমি। বললেন বালিগঞ্জ থেকে—কীসের জানি ব্যবসা আছে। চল্লিশের কাছাকাছি বয়স—বেশ জোয়ান লোক। হাসলে দেখা যায় একটা দাঁত সোনা দিয়ে বাঁধানো। নাম জানিনি—তবে তার সুটকেসটা সামনে বেঞ্চির তলায় দেখা যাচ্ছিল—যদুদর মনে পড়ে তাতে K.D. লেখা ছিল। আমি আর ইনি মিলেই দুটো লোয়ার বার্থ নিয়েছিলাম। ওপরে যে দুজন ছিলেন, তাদের একজন সারা রাস্তা কথাই বলেননি। ইন ফ্যাক্ট—লোকটিকে দেখে একটু গোলমেলে মনে হচ্ছিল। চশমা পরেন—তবে তার কাচের রং ঘোলাটে। গৌফ আর জুলফিটার কথা মনে পড়ছে। ওপর থেকে দু-তিন বারের বেশি নেমেছেন বলে মনে পড়ে না। আর অন্যটি ইংরেজিতে কথা বলছিলেন। কোন দেশি লোক বলা শক্ত। বেশ সুপুরুষ চেহারা—বয়সও ত্রিশের বেশি না দেখে পশ্চিমা বলে মনে হল।’

‘মাঝপথে কে নেমেছিলেন?’

‘সেই পশ্চিমা ভদ্রলোকটি।’

‘আর কালো চশমা?’

‘তিনি নামলেন হাওড়ায়। গাড়ি থামবার অনেক আগেই মাল টাল বাইরের বারান্দায় নিয়ে গিয়ে অপেক্ষা করছিলেন।’

এর পরে আর বেশি কথা হয়নি। হরিনাথবাবু যাবার সময় বেশ কিছু কিছু ভাব করে ক্ষমা চাইলেন—‘হয়তো বুথাই আপনার সময় নষ্ট করলাম। আপনি নিশ্চয়ই ব্যস্ত মানুষ—আপনার আরও অনেক অ্যাপয়েন্টমেন্ট থাকে...’

আসলে ফেলুদা যে গোয়েন্দাগিরির কাজে সব সময় খুব ব্যস্ত তা মোটেই না। এমনিতে ও

বলে যে খুব ইন্টারেস্টিং কেস না হলে ওর নিতে ইচ্ছেই করে না—আর কেসও যে খুব একটা বেশি আসে তা নয়—তাই ও একটা আপিসে পার্ট টাইম চাকরিও করে। তবে ওর বন্ধুর আপিস বলে লক্ষ লক্ষ ছুটি চাওয়াও ওর পক্ষে খুব অসুবিধে নয়।

ফেলুদা বলল, ‘আপনার ঘটনাটা যে ভারী অদ্ভুত তাতে কোনও সন্দেহ নেই—তবে ব্যাপারটা, যাকে এখনও বলে, খুব ধোঁয়াটে অবস্থায় রয়েছে। আমি এখনও এটাকে টেক-আপ করছি বলে বলব না—দু-একটা ইনফরমেশন নিয়ে তারপর আপনার সঙ্গে আবার যোগাযোগ করব।’

হরিনাথবাবু সোফা ছেড়ে উঠে পড়েছিলেন। তিনি এবার পকেট থেকে তার মানিব্যাগটা বার করে তার ভিতর হাতড়াতে লাগলেন। আমি ভাবলাম ফেলুদাকে বুঝি তিনি কিছু আগাম টাকা দেবেন, কিন্তু তার কথায় বুঝলাম তিনি অন্য জিনিস খুঁজছেন।—‘কী আশ্চর্য—ভিজিটিং কার্ডগুলো গেল কোথায়?’

ফেলুদা একটু হেসে বলল—‘প্রয়োজন হবে না। আপনি যখন ট্যাক্সির ভাড়া দিচ্ছিলেন, তখন আপনার পকেট থেকে একটা কার্ড বেরিয়ে রাস্তায় পড়ে যায়। এই যে—’

ফেলুদা নিজের শার্টের পকেট থেকে একটা কার্ড বার করে দেখাল।

‘বাকিগুলো বোধহয় আপনার পাঞ্জাবির পকেটে আছে—কারণ আপনার মানিব্যাগের পাশটা ছিড়ে এসেছে। এই বেলা ওটাকে চেঞ্জ করুন।’

সত্যিই ভদ্রলোকের পার্সের অবস্থা শোচনীয়। হরিনাথবাবু জিভ কেটে বললেন, ‘যা বলেছেন। যাই হোক—ঠিকানা তো জানেন—টেলিফোনও ওতেই পাবেন। কোনও কিছু জানানোর থাকলে আমাকে ফোন করবেন। সকাল দশটার মধ্যে অথবা সন্ধ্যা সাতটার পরে ফোন করলেই পাবেন।’

‘কিন্তু আরেকটা কথা’—ভদ্রলোক দরজার দিকে এগোচ্ছিলেন, ফেলুদা তাকে বাধা দিল। ‘আপনার ওই মূর্তিটা ছাড়া তো চলবে না। ওটার মূল্যটা জানা দরকার। স্পেশালিস্টের কাছে যেতে হবে।’

ভদ্রলোক তৎক্ষণাৎ মূর্তির প্যাকেটটা ফেলুদাকে দিয়ে বললেন—‘সত্যিই—ভারী ভুল হয়ে গেছে আমার। সত্যি বলতে কী—এটাকে সরাতে পারলে আমার হয়তো কিছুটা নিশ্চিন্তই লাগবে।’

ফেলুদা বলল, ‘সরানো মানে অবিশ্যি একদিনের জন্য। কালই আবার আপনি এটা ফেরত পাবেন।’

ভুবন সরকারের নাম ফেলুদার মুখে আগে কখনও শুনিনি, কাজেই তার বাড়িতে যাচ্ছি শুনে ফেলুদাকে জিজ্ঞেস করতে বাধ্য হলাম লোকটি কে।

‘আর্টের একজন মস্ত সমঝদার আর সমালোচক। বিলেতেও নামডাক আছে। বৌদ্ধযুগের আর্ট সম্বন্ধে স্পেশালিস্ট। আমার মেজোমামার সহপাঠী। আর কিছু জানতে চাস?’

মাথা নেড়ে মিনমিনিয়ে বললাম, ‘না—এই যথেষ্ট।’

আমাদের ট্যাক্সিটা লোয়ার সার্কুলার রোড দিয়ে গিয়ে লর্ড সিনহা রোডে মোড় নিল।

‘ওটা বুঝি বুদ্ধের মূর্তি?’

‘তোর মুণ্ড। বৌদ্ধ শিল্প মানেই কি বুদ্ধের মূর্তি? বৌদ্ধ ধর্মের সঙ্গে কানেকটেড কোনও দেবতার মূর্তি হতে পারে না?’

এর পরে একেবারেই চুপ মেরে যেতে হল। মূর্তিটা জানি ফেলুদার প্যাক্টের পকেটে রয়েছে। মনে মনে আরেকবার দেখতে ইচ্ছে করছিল—কিন্তু সাহস পেলাম না।



ভুবন সরকারকে দেখেই মনে হল তিনি একজন ভীষণ জ্ঞানী লোক—তা না হলে কপাল অত চওড়া হয় না, চশমার অত পাওয়ার হয় না, আর চুল ওরকম উসকোখুসকো হয় না। ভদ্রলোক তামাক খান, তার জন্যেই বোধহয় দাঁতগুলোতে ব্রাউন রং ধরে গেছে। ফেলুদাকে দেখেই বললেন, ‘এসেছ। কই, কী মূর্তি দেখি—আজ আবার ইনস্টিটিউটে একটা লেকচার আছে।’

ফেলুদা বাস্র থেকে মূর্তিটা বার করে ভদ্রলোকের হাতে দিল।

ভুবনবাবু দাঁড়িয়ে ছিলেন; মূর্তিটা হাতে পেয়ে একেবারে চোখের সামনে ধরেই ব্যস্তভাবে একটা টেবিলের সামনে গিয়ে দিনের আলোর উপরেই ল্যাম্প জ্বেলে চেয়ারে বসে মূর্তিটা ল্যাম্পের আলোয় ধরে সেটার উপর একেবারে হুমড়ি খেয়ে পড়লেন। এমনি দেখায় হল না বলে দেরাজ থেকে একটা ম্যাগনিফাইং গ্লাস বের করে দেখলেন। দেখার সময় বিড়বিড় করে কী সব বললেন সেটা শুনতে পেলাম না—কিন্তু দেখা শেষ করেই যেটা বললেন সেটা বোধহয় দোতলার লোকেরাও শুনতে পেল—‘ম্যাগনিফিসেন্ট! কোথায় পেলে এ জিনিস?’

ফেলুদা বলল, ‘সেটা সিক্রেট। আগে জিনিসটা মূল্যবান কি না সেটা বলুন।’

ভদ্রলোক দাঁত খিচিয়ে চেয়ার ছেড়ে উঠে পড়লেন, ‘তুমি বলছ কী হে? তিব্বতি আর্টের এ একটা আউটস্ট্যান্ডিং অ্যান্ড রেয়ার স্পেসিমেন। কীসের মূর্তি জানো তো এটা? যমস্কন্ধ। চৌত্রিশটা হাত, চারটে মাথা—কোনও সন্দেহ নেই। এত ছোট অথচ এত নিখুঁত তিব্বতি মূর্তি আগে কোনওদিন দেখেছি বলে মনে পড়ে না।’

ফেলুদা বলল, ‘কোথাও যদি বিক্রি হয়—কীরকম দাম হবে এটার?’

‘এ তো প্রাইসলেস!—শুধু পাথর বসানো সোনার জিনিস বলে নয়—এর ইউনিকনেস-এর জন্য। আমি বলছি এ জিনিস আর দেখিনি—তিব্বতি আর্ট আমি যত দেখেছি তত আর খুব বেশি বাঙালি দেখেছে বলে মনে হয় না। আমি নিজে লাদাখ গিয়েছি—পোটালা প্যালেসে

লামার সঙ্গে দেখা করেছি—আর লামাদের সঙ্গে একসঙ্গে মড়ার খুলিতে চা খেয়েছি। ওয়াং চো-র পথে খচ্চরের পিঠ থেকে পড়ে গিয়ে আমার থাই-বোন ভেঙে যায়—তিব্বতি টোটকা ওষুধে হাড় আবার ম্যাজিকের মতো জোড়া লেগে যায়। তারপর—’

ভদ্রলোক প্রায় তিন মিনিট ধরে তিব্বতে আরও কী কী দেখেছিলেন আর করেছিলেন তাই বলে চললেন। সব শেষে বললেন যে এতদিন তিব্বতে থেকে তিব্বতের জিনিসপত্র দেখেও তিনি বলতে পারেন যে যমস্তকের এই খুঁদে মূর্তিটার মতো এমন অসাধারণ সুন্দর জিনিস তিনি আর দেখেননি।

১৯৬৯-এক খসড়া খাতা থেকে উপরের এই অসমাপ্ত লেখাটি উদ্ধার করা গেছে। কয়েক পাতা আগে উনি লিখে শেষ করেছিলেন ‘শেয়াল দেবতা রহস্য’ (যার প্রথম নাম ছিল ‘ফেলুদা ও আনুবিস রহস্য’ বা শুধু ‘আনুবিস রহস্য’)। সুতরাং, এ লেখা শেষ করলে সেটা আইন অনুযায়ী ফেলুদার পঞ্চম অ্যাডভেঞ্চার হবার কথা—যদিও গল্প না উপন্যাস তা এই অবস্থায় বলা মুশকিল। ১৯৭০-এ লেখা হল ‘গ্যাংটকে গণ্ডগোল’, ১৯৭১-এ ‘সোনার কেল্লা’—কিন্তু ১৯৭২, অর্থাৎ এই খসড়ার তিন বছর বাদে, ফেলুদার যে চতুর্থ উপন্যাসটি প্রকাশিত হল, তার সঙ্গে এই অসমাপ্ত লেখার এক আশ্চর্য মিল পাওয়া যাচ্ছে। ঠিকই ধরেছ—‘বাক্স রহস্য’-র সেই সুপুরির কৌটো কেউ কোনওদিন ভুলতে পারে কি?



আদিত্য বর্ধনের আবিষ্কার

‘কোনও মানে হয়?’ বললেন লালমোহনবাবু। ‘হংকং পর্যন্ত দেখে এলুম, অথচ তাজমহল দেখলুম না এখনও।’

কথাটা সত্যি। দিল্লি গেছি সিমলা যাবার পথে, রাজস্থান যাবার পথে। কিন্তু আগ্রা যাওয়া হয়নি। আসলে আজকাল আমাদের কোথাও যাওয়া মানে একটা রহস্য ধাওয়া করে যাওয়া। আগ্রায় ফেলুদার কোনও কেস পড়েনি, তাই যাওয়া হয়নি।

ফেলুদা বলল, ‘আপনার রেলওয়ে বুকিং আপিসে তো কে চেনা আছে বলেছিলেন—দেখুন না দিন দশেকের মধ্যে একটা ফোর-বার্থ কম্পার্টমেন্ট পাওয়া যায় কি না।’

‘ফার্স্ট ক্লাস তো?’

‘আমার তো অন্যতেও আপত্তি নেই, কিন্তু আপনি ফার্স্ট ছাড়া ট্র্যাভেল করলে তো প্রেস্টিজ থাকবে না। বাংলার বেস্ট সেলিং রহস্য রোমাঞ্চ উপন্যাসিক—সে কি আর থ্রি টিয়ারে যেতে পারে?’

‘হ্যাঃ হ্যাঃ হ্যাঃ—আপনি কথাও বলতে পারেন। না, সিরিয়াসলি বলছি—যাবেন আগ্রা?’

‘হামিন অস্ত হামিন অস্ত হামিন অস্ত—’

‘সেটা আবার কী?’

‘বিশ্বে যদি কোথাও স্বর্গ থেকে থাকে, তো সে এখানেই, এখানেই, এখানেই। তাজমহলের গায়ে ফারসি ভাষায় লেখায় আছে।’

লালমোহনবাবুর প্রতিবেশী রেলওয়ে বুকিং আপিসের কর্মচারী পরিতোষ হোড়ের দৌলতে সাতদিনের মধ্যেই আমরা রেলে রিজার্ভেশন পেয়ে গেলাম। রাত আটটার ট্রেন। আধঘণ্টা আগে গিয়ে বইয়ের দোকান থেকে পথে পড়ার দু-একটা পত্রিকা কিনে কম্পার্টমেন্টে ঢুকে দেখি ঘর ভর্তি লোক। বুঝলাম যে যাচ্ছে একজনই, বাকি সব সি অফ করতে এসেছে। আমাদের দেখে অবিশ্যি একটা লোয়ার বার্থ খালি করে দেওয়া হল, আমরা হাতের জিনিসপত্র রেখে তাতেই পাশাপাশি বসলাম।

এর মধ্যে কোনজন যে যাত্রী সেটা কথাবার্তা থেকেই বোঝা গেল। বছর পঞ্চাশ বয়সের ভদ্রলোক, চোখে চশমা, চওড়া কপালের পিছন দিকে কাঁচা পাকা মেশানো ডেউ খেলানো ব্যাকব্রাশ করা চুল। চেহারা য়েটার ছাপ আছে—প্রোফেসর বা বৈজ্ঞানিক বা দার্শনিক হলে আশ্চর্য হব না। কথাবার্তায় বুঝলাম ভদ্রলোক দিল্লি যাচ্ছেন একটা বক্তৃতা দিতে—কী বক্তৃতা তা অবিশ্যি বোঝা গেল না।

ফেলুদা আড়চোখে ভদ্রলোককে দেখছে, একবার ফিসফিস করে বলল, ‘ব্যস্ত মানুষ। আপন ভোলা।’

‘কী করে বুঝলে?’

ফিস ফিস করে উত্তর হল, ‘ডান হাতের তিনটে নোখ কেটেছে—বাকিগুলো ভুলে গেছে। তার মানে অন্যমনস্ক। যে দুটো কাটেনি সে দুটো এত বড়—তা থেকে বোঝা যায় সময় পায়নি, অর্থাৎ ব্যস্ত।’

আমার কৌতূহল বেড়ে গেছে।

‘আর কী বুঝলে?’

‘আরগুলো তোরও বুঝতে পারা উচিত। যেমন ভদ্রলোকের পদবি বোস, বল, বর্মন, বর্ধন, ব্যানার্জি, ভট্টাচার্য, ভৌমিক, বসাক, বটব্যাল বা ব্রহ্মচারী।’

ভদ্রলোকের সিটের তলায় একটা ভি.আই.পি-র হ্যান্ডেলের দুপারে ‘এ. বি.’ অক্ষরগুলো রয়েছে সেটা এবার চোখে পড়ল।

ট্রেন ছাড়ার পাঁচ মিনিট আগে কম্পার্টমেন্ট খালি হয়ে গেল।

লালমোহনবাবু উঠে বললেন, ‘আমি কিন্তু আপার বার্থ নিচ্ছি।’

ফেলুদা বলল, ‘আপনি শ্রৌড় বয়সে কেন আর কষ্ট করে উঠবেন—’

‘শ্রৌড়!—আই অ্যাম ওনলি ফর্টি থ্রি! আর উপরে আমার ঘুমটা আরও ভাল হয়।’

‘তথাস্তু।’

‘দিল্লি যাচ্ছেন?’ সহযাত্রী লালমোহনবাবুর দিকে ফিরে প্রশ্ন করলেন। বোধহয় বয়স ওঁর বেশি দেখে ওঁকেই আমাদের দলপতি ঠাউরেছেন।

‘আগ্রা’—হেসে বললেন লালমোহনবাবু, ‘আপনিও কি—’

‘আমি আগে যাব দিল্লি—একটা বক্তৃতা আছে। তারপর আগ্রাই যাবার কথা আছে। এখনও তাজমহলটা দেখা হয়নি।’

‘আরে, আমাদেরও তো ঠিক সেই ব্যাপার!’

‘তাই বুঝি?’

ভদ্রলোক একটা ছোট ব্যাগ খুলে, তার থেকে একটা নোটবুক বার করলেন।

‘এক্সকিউজ মি,’ ফেলুদা বলল, ‘ওই ব্যাগের ভিতরের পত্রিকা থেকে আপনাকে বৈজ্ঞানিক মনে হয়?’

‘হ্যাঁ। আই অ্যাম এ কেমিস্ট।’

ফেলুদার ভুরু কুঁচকে গেল। জিজ্ঞেস করল, ‘সম্প্রতি কি খবরের কাগজে নাম উঠেছে?’

‘ঠিক ধরেছেন।’

‘আদিত্য শেখর বর্ধন?’

ভদ্রলোক হেসে মাথা নেড়ে হ্যাঁ বললেন।

‘আপনি তো নমস্য ব্যক্তি মশাই। আপনি পেট্রোলের একটা বিকল্প পদার্থ আবিষ্কার করেছেন না?’

‘পদার্থ ঠিক নয়। সোলার পাওয়ার ব্যবহার করে পেট্রোলের কাজ চালানো যায়, এমন একটা ব্যাপার।’

লালমোহনবাবু হাঁ করে দুজনের কথা শুনছেন।

ফেলুদা বলল, ‘আমার তো মনে হয় এটা একটা যুগান্তকারী ব্যাপার। কারণ পেট্রোলিয়ামও চিরটাকাল থাকবে না। পৃথিবীতে তেলের স্টক তো অফুরন্ত নয়। এমনকী মিডল ইস্টেও নয়।’

‘ঠিকই বলেছেন। এটা একটা আন্তর্জাতিক হেড-এক। তেল ফুরোলে কী হবে?’

‘তা আপনি এই আবিষ্কারের পেটেন্ট নেননি? একটা ফরমুলা তো আছে নিশ্চয়ই।’

‘তা আছে বইকী। তবে এ তো আমাদের মাসখানেকের ব্যাপার। আমি রিসার্চ করছি আজ তিন বছর ধরে।’

‘কিন্তু আমার তো মনে হচ্ছে এটা একটা গোল্ড মাইন! ফরমুলাটা সাবধানে রেখেছেন তো? ওটা কিন্তু—’

ফেলুদার কথা শেষ হল না। একজন ভদ্রলোক আমাদের ঘরে এসে ঢুকেছেন। প্রায় ছ’ফুট লম্বা, আর মানানসই রকম চওড়া, পাকানো গোঁফ, ফ্রেঞ্চ কাট দাড়ি।

‘দুজন এমিনেন্ট লোক এক কম্পার্টমেন্টে ট্রাভেল করছেন শুনে দেখতে এলাম।’

একী! লোকটা ফেলুদাকে চেনে নাকি? নাকি লালমোহনবাবুকে?

‘মে আই সিট ডাউন?’

‘নিশ্চয়ই।’

মিস্টার বর্ধন তাঁর বাস্তাটা সরিয়ে জায়গা করে দিলেন। নতুন ভদ্রলোকটি ইংরিজি মিশিয়ে হিন্দি টানে বাংলা বলেন।

‘আমি আপনাদের চিনি না, পাশের বোগিতে এক ভদ্রলোক বললেন আপনাদের কথা। দি কোয়েন্সন ইজ—কে সাহিত্যিক আর কে ডিটেকটিভ?’

মিঃ বর্ধনও অবাক। ‘আপনি কি ডিটেকটিভ নাকি?’ ফেলুদার দিকে চেয়ে প্রশ্ন করলেন।

‘আজ্ঞে হ্যাঁ। ওটাই আমার পেশা। আমার নাম প্রদোষ মিত্র। ইনিও ঐর লাইনে কম বিখ্যাত নন। মিঃ গাঙ্গুলী—রহস্য রোমাঞ্চ উপন্যাস লেখেন।’

‘হেঁ হেঁ।’


‘হাউ ইন্টারেস্টিং,’ বললেন মিঃ বর্ধন। ‘বুঝেছি—তাই জনোই সাবধানতার কথা বলছিলেন। আপনার বোধহয় ওই সব ফরমুলা চুরির ব্যাপারে অভিজ্ঞতা আছে?’

‘তা অল্পবিস্তর আছে, মিঃ বর্ধন।’

আগন্তুক ভদ্রলোক বোধহয় মনে করলেন এবার তাঁর পরিচয়টাও দেওয়া উচিত। হয়তো তাঁর লাইনে তিনিও কিছু কম বিখ্যাত নন।

‘মাই নেম ইজ যোগীন্দ্র রায়চার্য। আমার কারবার আছে দিল্লিতে—জুয়েলারি। আপনার বিষয় আমি পেপারে পড়ছিলাম। ভেরি ইন্টারেস্টিং। আই থিংক ইউ উইল বি এ রিচ ম্যান সুন!’

‘জানি না,’ হেসে বললেন মিঃ বর্ধন। ‘এমনও হতে পারে যে এ জিনিস আগেই আবিষ্কার হয়ে গেছে। সেক্ষেত্রে আমার ফরমুলার আর কোনও মূল্যই থাকবে না। এই টেকনোলজির যুগে বৈজ্ঞানিকরা তো আর বসে নেই।’



‘এনিওয়ে,’—মিঃ রাঠোর উঠে পড়লেন, ‘যদি আপনার ফরমুলা বিক্রি করার কথা ভাবেন, দেন থিংক অফ মি ফার্স্ট! হে হে—আমার অফার রইল!’

মিঃ রাঠোর চলে যাওয়াতে কামরাতে হঠাৎ যেন জানাজানি বেড়ে গেল।

‘আপনি তো খদ্দের পেয়ে গেলেন মশাই,’ বললেন লালমোহনবাবু।

মিঃ বর্দন হেসে বললেন, ‘খদ্দের এখানে কেন? বাইরে থেকেও এনকোয়ারি এসেছে। দুটো অ্যামেরিকান কেমিক্যাল ফার্ম। আমি সামনের মাসেই স্টেটসে যাচ্ছি। তারপর দেখা যাক কী হয়।...আপনারা কোথায় উঠছেন আগ্রায়?’

‘আগ্রা হোটেল’, বলল ফেলুদা।

‘প্রোফেশনালি হয়তো আপনার সঙ্গে দেখা করার কোনও প্রয়োজন হবে না—আশা করি না—তবে আমি আগ্রা যাব শনিবার। থাকব ক্লারকে। যদি ফাঁক পান একবার চলে আসবেন। ওখানে আমার কোনও কাজ নেই—তাজমহল, ফতেপুর সিক্রি—এইসব দেখার জায়গাগুলো একটু দেখব আর কী। সঙ্গী পেলে ভালই লাগবে। আর আপনি চিন্তা করবেন না মিঃ মিত্র। আপনি গোয়েন্দা, তাই বোধহয় চতুর্দিকে ক্রিমিন্যাল দেখতে পান। আমার ফরমুলা নিরাপদেই থাকবে।’

১৯৮৩

১৯৮৩ সালের এক খাতা থেকে ফেলুদার এই অসমাপ্ত খসড়াটা পাওয়া গেছে। খাতা শুরু হয়েছে তারিণীখুড়ার এক কাহিনী দিয়ে (তারিণীখুড়ো ও এক বেতাল)। অন্যান্য লেখার মধ্যে আছে—‘সাধনবাবুর সন্দেহ’ (গল্প), ‘আশ্চর্যজন্তু’ (শব্দ), ‘মানপত্র’ (গল্প), ‘গগন চৌধুরীর স্টুডিও’ (গল্প), ‘জাহাঙ্গীরের স্বর্ণমুদ্রা’ (ফেলুদা), ‘অপুর সঙ্গে আড়াই বছর’ (প্রবন্ধ) ও ‘এবার কাণ্ড কেন্দারনাথে’ (ফেলুদা)।

গ্রন্থ-পরিচয়

হত্যাপুরী

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৮৬।

গ্রন্থাকারে প্রকাশ: ১ বৈশাখ ১৩৮৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়

‘ফেলুদার সপ্তকাণ্ড’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: নভেম্বর ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

গোলকধাম রহস্য

প্রথম প্রকাশ: সন্দেশ, বৈশাখ-শ্রাবণ ১৩৮৭।

গ্রন্থাকারে ‘আরো বারো’-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: সেপ্টেম্বর ১৯৮১। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

‘কলকাতায় ফেলুদা’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

যত কাণ্ড কাঠমাণ্ডুতে

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৮৭।

গ্রন্থাকারে প্রকাশ: আগস্ট ১৯৮২। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়

‘পাহাড়ে ফেলুদা’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

নেপোলিয়নের চিঠি

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৮৮।

গ্রন্থাকারে ‘ফেলুদা ওয়ান ফেলুদা টু’ গ্রন্থের অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৮৫। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

‘ফেলুদা একাদশ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: ডিসেম্বর ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

টিনটোরোটোর যীশু

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৮৮।

গ্রন্থাকারে প্রকাশ: সেপ্টেম্বর ১৯৮৩। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

‘ফেলুদার পান্চ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: আগস্ট ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

অম্বর সেন অন্তর্ধান রহস্য

প্রথম প্রকাশ: আনন্দমেলা, ৪, ১৮ মে; ১, ১৫ জুন ১৯৮৩।

গ্রন্থাকারে 'এবারো বারো'-এর অন্তর্ভুক্ত। প্রথম প্রকাশ: ২ মে ১৯৮৪। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

'কলকাতায় ফেলুদা' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

জাহাঙ্গীরের স্বর্ণমুদ্রা

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৯০।

গ্রন্থাকারে 'এবারো বারো'-এর অন্তর্ভুক্ত। প্রথম প্রকাশ: ২ মে ১৯৮৪। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

'ফেলুদা একাদশ' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: ডিসেম্বর ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

এবার কাণ্ড কেদারনাথে

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৯১।

গ্রন্থাকারে 'ফেলুদা ওয়ান ফেলুদা টু' গ্রন্থে অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৮৫। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

'পাহাড়ে ফেলুদা' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

বোসপুকুরে খুনখারাপি

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৯২।

গ্রন্থাকারে 'একের পিঠে দুই' গ্রন্থে অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৮৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

'কলকাতায় ফেলুদা' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

দার্জিলিং জমজমাট

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৯৩।

গ্রন্থাকারে প্রকাশ: সেপ্টেম্বর ১৯৮৭। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সত্যজিৎ রায়।

'পাহাড়ে ফেলুদা' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

ভূস্বর্ণ ভয়ংকর

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৯৪।

গ্রন্থাকারে 'ডবল ফেলুদা'-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: সেপ্টেম্বর ১৯৮৯। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

'পাহাড়ে ফেলুদা' গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

ইন্দ্রজাল রহস্য

রচনাকাল: ২২.৪.৮৭-২৬.৪.৮৭

প্রথম প্রকাশ: সন্দেশ, অগ্রহায়ণ-মাঘ ১৪০২।

গ্রন্থাকারে ‘কলকাতায় ফেলুদা’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

অলংকরণ: সুব্রত গঙ্গোপাধ্যায়

অপ্সরা থিয়েটারের মামলা

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৯৪।

গ্রন্থাকারে ‘ডবল ফেলুদা’-এর অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: সেপ্টেম্বর ১৯৮৯। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

‘কলকাতায় ফেলুদা’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

শকুন্তলার কণ্ঠহার

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৯৫।

গ্রন্থাকারে ‘জ্বর বারো’ গ্রন্থের অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: মে ১৯৯৬। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

এই কাহিনীর অলংকরণ: সমীর সরকার

‘ফেলুদার সপ্তকাণ্ড’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: নভেম্বর ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

ডাঃ মুনসীর ডায়রি

রচনাকাল: ১৯.৬.৮৯-২৩.৬.৮৯

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৩৯৭।

গ্রন্থাকারে ‘বা! বারো’-র অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৪। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

‘কলকাতায় ফেলুদা’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: জানুয়ারি ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

লন্ডনে ফেলুদা

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৯৬।

গ্রন্থাকারে ‘ফেলুদা প্লাস ফেলুদা’ গ্রন্থের অন্তর্ভুক্ত। প্রথম সংস্করণ: ২ মে ১৯৯২। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

‘ফেলুদা একাদশ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: ডিসেম্বর ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

নয়ন রহস্য

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৯৭।

গ্রন্থাকারে প্রকাশ: জানুয়ারি ১৯৯১। আনন্দ পাবলিশার্স প্রা. লি.

‘ফেলুদার পান্চ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: আগস্ট ২০০৩। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

রবার্টসনের রুবি

প্রথম প্রকাশ: দেশ, শারদীয়া ১৩৯৯।

গ্রন্থাকারে প্রকাশ: ২ মে ১৯৯৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

প্রচ্ছদ ও অলংকরণ: সুব্রত গঙ্গোপাধ্যায়

‘ফেলুদা একাদশ’ গ্রন্থে সংকলিত। প্রথম সংস্করণ: ডিসেম্বর ২০০০। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

অসমাপ্ত ফেলুদা

তোতা রহস্য (প্রথম খসড়া ও দ্বিতীয় খসড়া)

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৪০৩।

বান্ধুরহস্য (প্রথম খসড়া)


প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৪০২।

আদিত্য বর্ধনের আবিষ্কার

প্রথম প্রকাশ: সন্দেশ, শারদীয়া ১৪০৮।

উপরোক্ত অসমাপ্ত কাহিনীগুলি সংকলিত হয় ‘ফেলুদা একাদশ’ গ্রন্থে। প্রথম সংস্করণ: ডিসেম্বর ২০০৮। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড।

অলংকরণ: অভিজিৎ চট্টোপাধ্যায়



9 788177 564808